সমুচ্চয় (বংশ ৫২৬৪) সমবেত। ২ (চৈভা আদি ২।৬১) শেষ, অস্ত।	সম্বাদলু (ক্ষণ ২৫।২৫) সংবাদ দিলাম। সম্বাদি (পদা ৪০৩)	সরমিত (গোত) লজ্জিত।
সমুঝা (দ ৪) বুঝা। সমূহ (ভক্ত ৭۱১) অনেক, সমূহ বালকসনে পঢ়াইতে বসাইলা'।	সংবাদ লইয়া। সন্থিত (পদক ১৫১৮) যুক্ত [সং— সংবীত]। ২ (পদক ১৬০৫)	
সম্পাটন (বংশ ৪১৪৫) সমাপ্তি। সম্পায়ন (পদক ১৫১৮) সম্পাদন। সম্পাট (পদক ৩১০) কোটা।	চৈতন্ত, জ্ঞান। ৩ (পদক ৮৬২) স্থস্থ [সং—সংবিৎ]। সম্বিধান (চৈম মধ্য ১৫।৪৬) পারিপাট্য	সবুজ হওয়া, ২ সরস হওয়া।
সম্প্রীত (বংশ ১৭৩৩) সম্ভাব। সম্বল (চৈচ মধ্য ৪।১৫১) উপায়,	'অন্তরে গুমরে প্রাণ, দেহে নাহি	মান, ২ স্রস। সরসাত (অ° ক ১) স্রস্করে। সরসানা (বুমাণ)
সন্তাওব (বিতা ৮০২) আলিমন দিবে। সন্তার (বংশ ৬৪২০) দ্রব্যসামগ্রী,	[সং—সংবিৎ]। সম্মেদন (চৈম মধ্য ১৪।২৯) চেতনা,	সরাণ (চৈচ অন্ত্য ৬।১৮৫) প্রশন্ত পথ।
সন্তারলি (বিগা ১৫৭) দাম্লাইতে। সন্তারী (স্ব ১৭) রাথিল। সন্তাল (দ ১০৯) চিত্তবৃত্তি-সম্বরণ। ২ (পদা ২৭৯) সংযত। ৩ (চৈচ	'দেবী সম্বেদন পায় ক্ষণে'। সম্বেশ (ক্বম) নিজা, 'শাদ্লি অশন সম্বেশ গেছিল'। ২ (বিজা) সন্নিবেশ, 'বামর ঝামর কুটিল হি কেশ। শনি- মণ্ডল শিখণ্ড সম্বেশ'॥ সয়নাঁ (বিজা ৪৯) সেয়ানা, চালাক।	সরাপ (হি° অ° পদ ১) শাপ। ২ (ভক্ত ১১।২) মগু [আ°—শরাব্]। সরাহনা (বিগা ১০৭) প্রশংসা করা। সরি (পদক ২৭৪০) মাল্য। ২

১০৫৮ সরিখ	্ত্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (২) সাঙাড়ি
তরু যেন বরিষ পাইলে, সে যেন মঞ্জরী সরি'। ৩ (স্থর ৩) সমান। ৪ (চৈচ মধ্য ৪।১২০) শেষ হইয়া। সরিখ (পদক ৭০৯), সরিসে (বিভা	মাত্র। ২ (পদক ৩৯২) সহিবে। সসন (বিজা ৭০) শ্বসন, বায়ু; 'সসন পরশ থম্ম অম্বর রে'। সসরল (বিজা ৫৭০) সরসর করিয়া	পথ। সাঁকরী (স্র ৬৬) অপ্রশস্ত, সক।
হ৯) সদৃশ [সং— সদৃক্ষ]। সরিষপ (চৈতা মধ্য ২৩/১৮৬) সর্বপ। সরু, সরুয়া (জ্ঞান ৩২) ক্ষীণ। সরূপ (কৃকী ১১) স্বরূপ, যথার্থ। সরোজ (পদক ২৬৮), সরোক্তহ (পদক ২২) পদ্ম।	গেল। সসরি (বিহ্না ৫৪৭) স্রস্ত হইয়া। সহই (ক্ষণ ৭।৩) সহ্ন করিতে। সহচরী (বিজয় ১)২৯) পত্নী। ২ (পদক ৮৬) সঙ্গিনী। সহজ (রস ৬৮৬) আফুবঙ্গিক, ২ অনিবার্য। ৩ (বৈচ মধ্য ২)৭৫)	সাঁচ (বিজ্ঞা ১৬০) সঞ্জয়। ২ (বিজ্ঞা ৬৯) সত্যা সাঁচা (হৈচ আদি ১৭৷১৪৮) সত্যা, খাঁটি। সাঁচি (বিজ্ঞা ৬৫) সঞ্জ্ঞা করিয়া। ২ (পদক ৮৮) সত্যা।
সর্থি (রস ২৬৪) মৃত। সর্বজ্ঞান (চৈভা আদি ১২।১৫৪), সর্বজ্ঞ (আদি ৮।১৬) সর্বজ্ঞ, দৈবজ্ঞ। সর্বতন্ত্র (বিজয় ৩।২৮) একচ্ছত্র, অসমোর্দ্ধ। ২ সর্বশাস্ত্রসার। সর্বত্তর (ভক্ত ৭।১) সর্বত্ত। সঙ্গুসল (দ ৬৩) আনচান্, ২	প্রক্বত, ৪ (পদক ১৫০) স্বভাবতঃ, ৫ (পদক ১২০) সাধারণ। সহসহ (বিছা ৫১৬) সহস্র। ২ * (বিছা ৪৪৪) সরীম্প। সহিয় (বিছা ১৯৫) সহ্ করিও। সহী * (বিছা ৪০১) সহি। ২	৬৫০) সন্ধাকাল [সং—সন্ধ্যা, প্র° —সঞ্ঝা]। সাঁতি (পদা ৪৪৩) মন্ত্রবিশেষ [সাঞিত্যাখ্যাতমন্ত্রবিশেষঃ—মোহন]। সাঁভারি (জ্ঞান ১৩৪) সামলাইয়া,
অতিশিথিল। সলাপ (ভক্ত ১৯।১) গুঁড়িমারা।	সন্থঁ (পদক ১৬৬৫) সহে। সন্থ (গৌত) সহিতে। সহে (তর ১০৮৮) সঙ্গে। ২ (কৃকী ২১) সহ্ করে।	সাকোট (কম ২৬।৯) শাখোট, ভাওড়া গাছ। 'কল্লতক ফল মাগে সাকোটের স্থানে' [সং—শাখোট]। সাকো (স্বর ৩) কীন্তি। সাখ (অ° দোহা ৫১) শাখা। সাখি (ক্ম ৫৬।৪) সাক্ষী, ২ (পদক
সন্ধ্রত (গোত পরি ১।২০) স্থলত। 'জয় গোপবল্লভ, ভক্তসন্লভ, দেবদ্বর্লভ বন্দন।	কান্হা কান্হা তোরি দোহাই। অতি অপরপ দেখলি সাই'॥ ২ (পদা ১৩৯) সহিত, সঙ্গে। ৩	২৩৮) সাক্ষ্য। সাখী (রতি ৪। পদ ৩) সাক্ষী, প্রমাণ। সাঙ্জন (ক্ষণ ৭।৪) শ্রাবণমাস।
	(পদক ২৫৯) সাধিয়া [সং—√সাধ, প্রা°—√সাহ]। সাএ (বিভা ৩৬) সথি। ২ * (বিভা ১৭২) সময়, ৩ * (বিভা ৩১৫) শত। সাঁকড়ি (বিভা ৪৫) সঞ্চীর্ণ। সাঁকরিখার (রত্বা ৫।৮৯৩-৮৯৪)	সাঙরি (এ ২০) সংস্কার বা শৃষ্থলাবদ্ধ করিয়া। সাঙলি (জ্ঞান ৪৫) গ্রামলী গৌ। ২ গ্রামবর্ণা। সাঙাড়ি (পদক ২৬৫০) সংস্কার

সাঞ্	শ্ৰীশ্ৰীগোঁড়ীয়-বৈষ্ণব–অভিধান (২)	সামিল ১০৫৯
সান্ধ (তর ১০।৭৪।২৩) সম্পূর্ণ [সং —সহ + অঙ্গ]। সান্ধাইত (গোত ৫।১।৩০), সান্ধাত (গোবিন্দ ১৪), সান্ধাতি (দ ৫০), সাঞ্জাতি (পদক ২০৩৮) স্থা, বন্ধ। সাজ্জি (পদক ১৯৮৩) সন্তা। 'মাজ্জি হোই পুন সাজ্জি হোরব রে'। সাচনা (পদক ২১১৯) দধি জমাইবার সাজা [দম্মল]। সাচলা (জ্ঞান ১২৯) সচল, 'সাচল	ভরলি ডরে'। সাটি (ক্ষণ ১০১১) দৃঢ় করিয়া। ২ (বিত্থা ১৪৯) শাস্তি। সাটোপ (পদক ২৭৯৫) দর্প, 'সাটোপ করিয়া পাটি ফেলিল নাগর'। সাঠ (বিত্থা ১১১) ক্ষাঘাত, শাস্তি। ২ দৃঢ়ভাবে চাপিয়া ধরা। সাঠীহার (ক্বকী ৩৮) ষ্ঠীজাগর বাসর।	সাধন (চৈচ অস্ত্য ২০।৪৫) অন্নর। ২ (চৈচ অস্ত্য ৯।৩১) আদার করা। ৩ (চৈচ আদি ৪।৪৫) পূর্ণ করা, দিন্ধ করা। ৪ (পদক ৯২) অন্ধূষ্ঠান। সাধন (ক্ষণ ১।৭) ভর [সং—সাধবদ]। সাধা (বপ ৯।৫) সাধ, বাসনা— 'সাধব মনের সাধা'। সাধু (ক্ষকী ২৯৮) বণিক্। সান (রসিক পশ্চিম ১২।১০) ছোট। ২ (ক্ষণ ১০।৭) ধ্বনি। ৩ (দ
নবনীক প্তলী'। সাচা (তর ১১।১৯।৩৪) সত্য [হি° —সচ্চা]। সাচার (ভক্ত ১১।৭) সদাচারী। সাচি (পদা ১৬) ঈষৎ। সাচিব্য (পদক ১৯০১) সাহায্য। সাচে (বিল্লা ৪৮৯), সাচচা (চৈভা আদি ১৬।৯৭) সত্য। সাজ (পদক ১১২) সজ্জা।	সাজ়ি (চৈভা মধ্য ৮/২৬৮) অশ্লীল গান। সাক্ত (পদা ৭০৫) স্থখ, আরাম। [সং—শাত]। ২ (পদক ১৩৪)	৮৫) গান। ৪ (পদক ২৬) ইঞ্চিত [হি°—কৈন]। সানন্দুয়া (পদক ৩৪১) আনন্দিত। সানা (চৈচ অস্তা ৬।৫৬) চটকাইয়া মাথা। সানাই, -ঞি (চৈভা আদি ৩।৩৩, ১৫।৮০) বংশীভেদ [ফা°—শাহ্নাফী]। সানাবান (চৈম আদি ১।২৩৭) নির্মল জলমুক্ত।
সাজনা (পদক ২৯০), সাজনি (চৈচ মধ্য ১৩০১৯) সজ্জা, শোভা । সাজনি (ফণ ৪০১০) সজ্জিত হইয়াছে। সাজা (পদা ১৪৫) শোভা । ২ (পদক ২৭১) সজ্জিত । ৩ (ভত্ত ২০০১১) শান্তি। সাজাই (বিজয় ২৫০১৫) শান্তি [ফা°—সজা]। সাজি (বিজ্ঞা ১২৪) সাজাইয়া নির্মাণ করিয়া । ২ (চৈভা আদি ৬০৬৪) ফুলের ডালা। সাঞ্জেলি (কুম ৯০০৬) শ্রামলী। সাট (কুম ২২০১৫) ছড়ি, লাঠি । ২	প্রদীপ। সাতলি (পদক ১১৯৫) ক্রীড়কগণের সর্ত্ত, বালক-ক্রীড়াবিশেষ। 'সাতলি ভাঙ্গলুঁবলি, ডাকে মহামত্ত বলী, চৌদিগে পড়ে ধাওয়াধাই।' সাতায়লি (পদক ২৫০২) সান্তনা করিল। সাতি (পদক ২৬৯৮) আরাম। ২ (দ৯৭) কষ্ট, ছঃখ। ৩ (পদা ৩৩) শাস্তি। সাতেশরী (ক্রকী ২৮) সপ্তক্তী। সাথ (চৈচ আদি ২।২১) সহিত। সাথি (ক্ষণ ১৮৮) শাস্তি। সাদি (বিভা ৭৭৬) ধ্বনি। ২ (ক্রকী	সানে (পদা ২৭৫) বাজে,—'পীপী বেণ্ সানে'। সান্ধান (পদক ৩২) প্রবেশ করা। সান্ধি (পদক ২৮৯৩) যোড়া, [সং —সন্ধি]। ২ (পদক ৬৫৪) ফাঁক। সাফলি (পদক ২৮৯৫) সাফল্য। সামর (বিজ্ঞা ৬৭) ক্লঞ্চবর্ণ [সং— গ্রামর] * (বিজ্ঞা ১৮) স্থন্দরী, গ্রামা। সামাইল (গৌত ২।২।৯), সাস্তাইল

\$0%0	সান্তায়	শ্রীশ্রীগোড়ীয়-বৈফ্ব-অভিধান (২)	সিরতাজ
	র সামিলে পথে আসিয়ে। সদৃশ [আ°—শামিল্]।	পান্থ হরি'। সাল য় (বিভা ৭০২) বিদ্ধ করে।	সিঞ্চড়া (পদক ২৬৯৯) রোমাঞ্চ। সিঞ্চনা (ধা ২১) দাঁচ।
	চা মধ্য ১০1১৯০) প্রবেশ	সালি (বিভা ৭৪৯) বিদীর্ণ করিয়া। সালিয়া উখড়া (রসিক পশ্চিম ১।	সাঞ্চা (পদক ২৫৬৬) রোমাঞ্চ। সিত্তকার (পদক ৩০১) সম্ভোগ-
সাম্ভাল (চৈ সাবধান।	চ অস্তা ৭।৭৪) সামলান, ২ ধৈৰ্য।	•	স্থপজনিত ধ্বনি [সং— শীংকার]। সিথা (পদক ২০২) সীমন্ত।
	১২৩৬) শেষ [সং]। ত ৩৷১৷২৬) বাণ [সং]।	সাবল (ভক্ত ২৩।১) খননাম্ত্র-ভেদ। সাস (অ°ক ৬) খাস।	সিদ্ধান্ত (রস ৫১২) চিদ্দেহ, চিনায়রূপ। সিধা * (বিভা ৩০৬) সিদ্ধি। ২ (ভক্ত
সায়র (পদ	ক ৮৭২) সমুদ্র, সরোবর	সাস্ত্র (কৃকী ৯২) শ্বশ্র।	১৬।১) স্থলভিক্ষা।
•	৩) উৎকৃষ্ট। ২ (ক্বকী	সাহড় (ক্বকী ২০৭) সেওড়া গাছ [সং—শাখোট]।	সিধারল (বিগ্রা ৬১২) প্রস্থান করিল।
৩০৩) স্বর সারঙ্গ (বি	। ভা১৯) মূগ, কোকিল	সাহনি (পদক ১২৫৬) স্বাধীন। সাহর (বিভা ২২৮), সাহার (কৃকী	'নলয়ানিল হিম শিখরে সিধারল'। সিধি (পদক ৫৫০) সিদ্ধি।
	ভ্রমর [ক্রমিক উদাহরণ নয়ন বচন পুন সারঙ্গ	৩৪২) সহকার, আদ্রবৃক্ষ। সাহি (বিভা ৪৮) সাধিয়া।	সিধু (পদক ২৬৩৯) সীধু, মন্ত । ি সিন * (বিভা ৩৫৬) সেনা ।
	সমধানে। সারঙ্গ উপর, দারঙ্গ কেলি কর্থি মধু	সাহিত (মা মা ৩৬) সম্বন্ধ। সাহিনি (কুম ১১০।২৪) গানাই, ২	সিনান (ক্ষণ ৩৩) স্নান। সিনাহ (দ৮১) স্নান কর।
11.5 1 5 1	পদক ১৪৪২) সারঞ,	রাগিণীবিশেষ। ৩ (ক্ষণ ২৯।৫)	সিনেহ * (বিছা ৩৩১) স্নেহ, প্রণয়। সিন্ধি (চণ্ডী ৪৮৪) সাধ, কামনা।
রাগিণীবিশে	ांच ।	স্বাধীনা। 'বুঝি আওলি সাহিনী'।	'যে ছিল মনের সিদ্ধি'।
	ে ৬২) পীতবর্ণ হরিদ্রাময়। থয়া কেবা সারদ্র বনাইল'।	সাহিয় (বিছা ২৮১) সাধনা করি। সাহেবান (চৈভা মধ্য ৭।৬৬)	সিন্ধুর (পদক ২৮৪) হন্তী। সিন্ধুবার (ক্বকী ২০৬) নিসিন্ধা।
	ীরচন্দ্র) সমাপন করিয়া।) পাশার ছক, 🤏 শ্রেণী।	বিছানাদি শ্যাদ্রব্য। 'দোলা সাহেবান'—স্থসজ্জিত চতুর্দোলা।	সিকাই (ভক্ত ১৩।১২) অস্ত্রধারী প্রহরী [ফা°—সিপাহ্]।
৪ (চৈভ গান-বিশেষ		সিআর * (বিভা ৩০) শৃগাল। সিকর * (বিভা ২৫২) শৃঙাল।	
সারিম (জ্ঞা	ন ৩৬) শ্রেণীর ; 'বিভ্রম	সিঙ্গাপাত, সিঞাপাত (ক্য ১৫০)	(হি° গৌ ১০) লজ্জিত হইয়া।
সারী (বিছা	। ৭৪ ০) সমুদ্র, 'হরি	২) সমগ্র পত্রখণ্ড। 'চারি অংশ করি তাথে উভারিল সিঞাপাতে,	সিয়া (পদক ২০৭১) আদিয়া।
সারী'। ২	🛊 (বিল্ঞা ৩২০) সাড়ী।	গোবিন্দেরে করে নিবেদন।' সি ঙ্গার (গৌ থথ ১) শৃঙ্গার, বেশ-	[সং—সজ্ঞান, হি°, মৈ°—দিআন]।
	র ১০) সমগ্র। ভা ৫১১) সার, ২ শেল।	্রচনা। সিচনিয়া (পদক ২১৪৫) সিঞ্চনকারী।	় সিয়ানী (পদা ২২২) চতুরা— 'স্থীগণ গণইতে তুহুঁ সে সিয়ানী'।
৩ (ভক্ত ২	।৪) পশ্মীশীতবস্ত্র।	সি চলি * (বিছা ৫৩৪] সিঞ্চন। সি জ (চৈচ অস্ত্য ১৩৮১) মনসা-	সিরজএ (বিগ্তা ২৮৬) স্বজন করে।
		নামক কণ্টকাকীৰ্ণ বৃক্ষ।	

সির মৌর	শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (২)	স্থনাহ ১০৬১
সিরমৌর (हि° গৌ ১৫২) শিরোমণি।	তিক্ত পাটশাক [সং—শুক্ত]।	করিয়াছিল।
২ (মা ম! ৩৯) রাজমুকুট।	স্থগড় (চণ্ডী ৩৯) স্থগঠিত—'যো	স্থ্ <mark>ডন (</mark> পদক ২৬৯২) পোষাক-বিশেষ।
সিরাত (অ°পদ ৬) শীতল হয়।	পঁছ নাগর অংগড় মুরতি বসতি	স্থতরি * (বিল্লা ৩৯৯) দড়ি।
সিরিজু (বিগা ২২৪) স্থজন করিলেন :	গোকুলমাঝ'। ২ (৮ ১২) স্থচতুর,	স্থ-তাকু য়া (পদক ১২৭৭) স্থন্দর তান।
সিরিফল * (বিহ্যা২৬০) বিল্বফল,	৩ স্থন্তর। [সং—স্থগঠিত]।	স্থধ (স্র ৬২) খবর। ২ 🕸 (বিছা
'কনকলতা জনি সিরিফল তোরা'।	স্থ্রগতি (রস ২২) লহরী। ২ (রস	৩৫১) শুধু, খাঁটি।
সিলসিলা (হর १०) পংক্তিক্রমে।	১১৯) महमा ।	अश्र (भना ১२) (करना २
	সু ঘড় (দ ৭৩) চতুর। ২ স্থনর। .	(গোবিন্দ ৬) আলাপ করে। 'স্থংই
जिम (क्रकी ७८) जिंथा, मीर्च।	স্থ্যর (কণ ২০।২) স্থনিপুণ, ২ সরল,	स्र्रामम भूतली विलाम'।
সিহাই (হি° গৌ ৪) শ্লাঘা করিয়া।		স্থ্রপ (গোত ২।১।২২) মধুর-
সিহাত (অ° ক ১) অভিলাষ করে।		'গায়ত কিন্নর স্থান্ধ, বায় মুত্তর
সিহাল (রুকী ১৯৫) শৈবাল।	স্থ <mark>্রটাদ</mark> (বপ) স্থন্দর।	মূদক'। ২ (গৌ থথ্য) প্রচন্দ
সীঁগ (বিছা ২৪১) শৃঙ্গ।	স্থাটিভ (বিজা ২৭৪) সহাদয়।	স্থন্দরাকৃতি।
সীঁচি (চা অ° ৩১) সেচন করিয়া।	স্থছক (গৌত) মনোহর।	স্থধরী (হর ১৯) গুরুত্বপ্রাপ্তি করিল।
সীকা (কুকী ১৭৭) শিক্য।	স্মৃছন্দ (চৈভা মধ্য ১৮) স্থন্দর।	স্থা (ক্বম ৭০।১৫) শুধু, কেবলমাত্র।
भीं (हजी ८२२) जगात स्वा,	স্থ্ৰ ছাদ (গৌত ২৷২৷৪২) স্থগঠন,	'স্থা তমু আইল ঘরে, নাহি আইল
'মোদক আনিয়া ভিয়ান করিয়া, এবে	স্থনিৰ্মাণ। 'স্কুছাদ বদনে হাসি, মা	@t 1 1
रम नानिन भी हैं।	বলিয়া ভাকে গো'।	স্থান (চণ্ডী) ডাকিয়া জিজ্ঞাসা
	স্থুজ (পদক ২৬৯৮) দেখা, ধ্যান করা,	করা। 'রাধা বলি কেহ স্থধাইতে
সীত (অ° দো ১৩) শীতল।	২ (ভক্ত ২।৩) বুঝা।	নাই, দাঁড়াৰ কাহার কাছে'।
সীতিম (গোত ৩।১।১১৩) শুরুতা,	স্থুজান (পদক ২৮৩) সজ্জন [সং=	স্থধারয়ে (পদক ২৫৪৭) সংশোধন
'পীন উর উপনীত ক্বত উপবীত	,	कट्त ।
সীতিম র ঙ্গ ়।	জ্ঞানবান্ [সং—ত্মজ্ঞান]।	স্থারি (কণ ১১।৫) হৃতীক্ষ।
সীথ,-থি (পদক ৪৮৩) সীমন্ত।	স্থবাম্প (বিখা ৭৭৯) শব্দিত ও	স্থাধ (পদক ৯৮) জ্ঞান, শুদ্ধবৃদ্ধি।
-পাত (পদক ২৯২০) দীমস্তের	আন্দোলিত।	২ (গোবিন্দ ৪২) শুদ্ধ, ৩ চৈতন্ত।
	স্থবা (পদক ২৬৯৮) দেখা।	'মঝুমন যশ গুণ, স্থধি মতি সাধস,
_	ञ्चवाल (कको ১৮०) धातरमाध।	
	স্মঠান (পদক ২) স্মঠাম, স্থলর	
সীমর * (বিভা ৪৬১) শিমূল।	· ·	ञ्च + शौ]।
	স্থঠি (रागे) । १२) स्मत, २ मण्यूर्व।	স্থা (চণ্ডী ৩০) জ্ঞান—'অগেয়ান
	স্থঠোন। (বাণী ৬১) পরম স্থন্দর।	
	স্থতার (বাণী ২৮) শোভনাকৃতি,	
•	স্থগঠন। [হি°]।	
	স্থৃত (পদা ১১৪) স্থ্ৰ, তম্ভ। ২	· ·
স্থান (দঙ) শুদ।	(পদক ১৫৮৯) পুত্র।	স্থলাহ (গোবিন্দ ১১৬) স্থলাগর. ২
	স্কৃত্তথু * (বিন্তা ৩৮৬) শয়ন	
<u> </u>	1 4 - 3	• • • • • • • • • • • • • • • • • • • •

১০৬২ স্থনীত	শীশ্রীগোড়ীয়-বৈঞ্ব-অভিধান (২)	चृत
স্থনীত (পদা ৩২৪) গ্রীতি, 'নাগরি!	স্থরত (উ মা ৮৩) শ্বরণ। ২ (পদক	ত্মগঠিত। 'হুই কর্ণ স্থশঞ্চ শোভিত
নিরুপম তুহারি স্থনীত'।	১ ৫ ২৩) রতিক্রীড়া। ৩ * (বিচ্চা	যথাস্থানে'।
স্থুকু * (বিছা ৯১৩) শুন।	৩৮৯) অমুরক্ত ।	স্থ্যম (বপ) স্থন্দ র।
স্থানহ (চৈম মধ্য ২ ৮) [স্থ + নেছ]	স্থর ান (বিছা ৩৭) সম্রাট্।	স্থ্যক (চৈম শেষ ২।৩৯৯) স্থসংলগ্ন,
স্থপেই।	স্থরতি (বাণী ৩।১) স্মরণ।২ (উমা	স্থবিস্তস্ত। 'চৌদিকে পাত্রমিত্র সবে
प्रक्षि (कृकी ১৪০) कूमून।	৮৩) क्लीषांवित्नाम।	কৈল মঞ্চ। অবিকল মল্লযুদ্ধ দেখিতে
স্থ্পটে (দ ৬৭) স্থবিধামত, ২	স্থরপতি (পদক ৭৩৫) ইন্দ্র।	ञ्जक'॥
অভিমতদানে।	স্থরভি (পদক ৬৭২) স্থগদ্ধি। ২	স্থসর (কৃকী ১৬৮) স্থবিগ্যস্ত ।
ত্মপত্তন (পদক ২৮৮৩) অব্দর স্ত্র-	(পদক ১৭৬০) কামধেমু।	স্থসার (চণ্ডী ৮৯) অবদর করা,
পাত বা আরম্ভ।	স্থরশাখী (ক্ষণ ১।১) কল্লভক্ষ।	স্থশৃঙ্খল করা—'স্থসারিতে নিশি গেল
স্থু পীন (কণ ৪۱১) স্থবিশাল, স্থপ্রশস্ত।	স্থরসরি (বিতা ২৬) গলা—'মণিময়	আধা'। ২ (বংশ ৫৩৩) স্থন্দররূপে।
স্থপুট (ক্বকী ৬) স্থগঠিত।	হার ধার বাহু স্থরসরি'।	৩ (ক্বকী ৯০) স্থবিধা।
স্থপুরুখ (চৈচ মধ্য ৮।১৯৩) স্থপুরুষ,	স্থ্ <mark>রস্থভা</mark> (পদক ১৬৩) গঙ্গা।	স্থহাগ (অ° পদ ১০) দৌভাগ্য। ২
প্রেমিক লোক, উত্তম নায়ক।	স্থারা (বপ) মহা।	(পদক ২৮০৪) আদর [হি°]।
স্থভগ (পদক ২৮৮৪) স্থ ন্ র,	স্থরাত (পদক ১৪৮৪) স্থরক্ত।	' স্থ হায়ত (গৌত ২৷৩৷২১) শোভা
২ সৌভাগ্য।	স্থরীত (রস ৬০) হুন্দর।	পাইতেছে। ২ (বংশ ৩৫৩৬) স্থধ-
স্থ ভাতি (চৈভা আদি ১০।১৩),স্থ ভান	স্থরেখলি (বিছ্যা ৮২) স্থরেখা-বিশিষ্ট ।	দান করে।
(রস ৯৯১) স্থন্দর।	স্থারেহ (পদক ১১১) উত্তম প্রেম।	সূচ (ভক্ত ৪৷১) বিচার কর, 'ইহা শুনি
স্থভায় (অ° দো° ৩৪) স্বভাব।	২ (গৌত) <mark>স্থন্</mark> দর রেখা।	স্থচ মনে কিবা যুক্তি কর'।
স্থভাব * (বিহ্যা ৭৫৯) স্বভাব।	্ স্থলগণ (চৈভা আদি ১০।৬৯) শুভ-	স্থুচনা (চণ্ডী ২০০) শোচনা, 'মিছাই
স্থম (বিভা ১৪৯), স্থমন * (বিভা	न्धं।	বচন, লোকের স্থচনা, আমি ভাল
२৯२) शूष्प ।	ু স্থলছন (পদক ১৯৭৫) স্থলকণ।	জানি ইহা'।
স্থমর (বিভা ১০৬) শ্বরণ ক র।	স্থলহ (পদা২৭৩) স্থমধুর, 'স্থলহ	, সূঝনা (কে মা ৪) দেখা, বুঝা।
স্থ্ <mark>মার (</mark> ব মা ৮৩) স্মরণ।	বোলনা'। ২ (বিগ্যা ৬৯৬) স্থলত।	স্থ্তরি (বিছা ৪৪৯) দড়ী [সং
স্থুম্বাথ (ক্ববি ৮২) স্বস্তি, আরাম।	স্থলাবণি (পদক ২৯৭) লাবণ্যযুক্ত।	্ স্ত্ৰ]।
ত্মুর (অ°পদ৬) ত্মর। ২ * [বিফা	স্থলুজ (রুম ১১৭।২৮) স্থড়ুঙ্গ, গহর ।	সূতল (ক্ষণ ৭।৫) শয়ন করিল।
>१२) সূর্য ।	স্থলেহ (পদক ১১৫) উত্তম প্রেম।	স্থত্ত (দ ৯০) হতী চাদর।
স্থরগিরি (রতি ৫।৫০) স্থমেরু পর্বত।	স্থবন (হি° গৌ ২৮) পুত্র।	স্ত্র (চৈচ অস্তা ৬।২৯) ব্যপদেশ,
ভ্ররগুঠি (কৃকী ১৪০) যোড় মু খ বন্ধ	স্থবলনি (পদক ২১) প্রগঠন।	ष्ट्रण ।
করিবার পলিতা।	স্থবলিত (পদক ২০৬১) অগঠিত।	স্থত্তমন্ত (চৈভা আদি ১৪।১০৭)
স্থুর জ (পদক ৮০) স্থন্দর রক্তবর্ণ।		मःरक्ष्भ ।
২ (পদক ২৬৬৯) শ্রীক্বঞ্চপ্রিয় হরিণ।	রাজত্ব-কালের প্রদেশ বা জিলা [আ°]।	স্থ্ধ (পদক ৭৩১) সামাগ্ত জ্ঞান।
৩ (গোত) হিঙ্গুল।	স্থবিতত (বিশ্বা ৩০৩) স্থবিদিত।	[ফা°—ঋদু]। ২∗ (বিজা ৩৮৪)
তুরুজ (পদক ৭৭০) স্থা।	স্থবিলাস (রস ১৪৭) প্রমোদ-	বিশুদ্ধ ৷
স্থুরঝত (হি গৌ ৬৭) মৃক্ত।	বৈচিত্ৰ্য।	সূন (হি° গৌ ১৫০) শৃহ্য। ২ (পদক
ভুরঝাই (স্ব ১০) সংস্কৃত করিয়া।	স্থাঞ্চ (রসিক পূর্ব ৪।৫৮, ৫।২৯)	সূল (হি° গৌ ১৫০) শৃহা। ২ (পদক ১১২৯) হুত, পূল্ল [সং—হন্ন, হি°—

স্প	শ্রীশ্রীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (২)	সোসর ১০৬৩
স্প (পদক ১২৪৯) ব্যঞ্জন। ২ (চৈচ মধ্য ১৫।২১৪) দাল। ৩ * (বিহ্যা ২৪৯) কুলা, স্প । মূর (পদক ৩৫৭) স্থা । ২ (পদক ১২৭১) কবি [দং—স্বি] । সূরত (হি° গৌ ১৫২) মৃজি। সূরৌ (অ° দো ৪৩) শূল। সূহৌ (সর ১৫) রক্তবর্ণ। সেঁ, সে (পদক ১৬৫) দ্বারা, ২ (পদক ৯৬৮) সহিত, কামুসে প্রেম বাচাই'। ৩ (পদক) পঞ্চমী বিভক্তির চিহ্ন। সে (পদা ৩১৮) তজ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্জ্	সেবাতি (পদক ১৫৪২) সেবায়েত। সেবোঁ (প্রা ৪৮।১) যেন সেবা করিতে পারি। সেসি (রুকী ৩) সেই। সেহ (পদক ৪২) সে, তিনি, ২ (পদক ১২৬) তাহাও। সেহনে (চণ্ডী ৩২৬) তাঁহাকে, ২ সেই ক্ষণে। 'কিবা সে কুদিন, দেখিল সেহনে'। সেহরা (বাণী ৫৩) বরের মন্তকে পরিহিত পুস্পমাল্য। সেহাকুল (পদক ১৬৫১) একপ্রকার কাঁটাযুক্ত লতানে বৃন্ধ। সিং—শৃগাল-কোলিকা]। সেহি (পদক) সেই। সৈন (স্বর ২৬) সঙ্কেত। ২ (ব মা ১২৮) কটাক্ষ। ৩ (পদক ১০৭৯) সৈন্ম। সৈমাহল (রুকী ২০৬) সোণাল্। সৈয়দ (তৈচ মধ্য ২০।১৮০) ম্ললমান- ধর্মপ্রবর্ত্তক হজরৎ মহন্মদের দোহিত্র হসেনের বংশধরদিগের উপাধি। 'হঁসেন খাঁ সৈয়দ করে তাহার চাকুরী'। সো (পদক ১,১৬৯৫) সেই, তাহা। ২ (পদক ১৯৪) সহিত। সোআথ (রুকী ৫৯) সন্তি। সোতাথ (রুকী ৫৯) বন্তি। সোতা (পদক ১৯৪) হিতে। সাত্র (বিল্লা ৭২) তাহাকে। ২ (রতি ১।প ১) সেই, তিনিই। সোঁ (পদক ১১৪) হিতে। ২ * (বিল্লা ৬০১) প্রতি। সোঁ অরণ (রুকী,১৫৯), সোরণ	সোঁটা (ভক্ত ২০।১০) লাঠি, দণ্ড। সোঁধে (হর ২৪) হুগলিহুক্ত। সোচ (হি° গৌ ৮০) চিন্তা, ধ্যান। সোঝহি (বিল্লা ৫৮৫) সমুখ। সোণার (পদক ২০১৭) স্বর্ণবর্ণ। সোণার (পদক) স্থাকার। সোড (হর ৬২) কুম্রনদী। ২ (চণ্ডী ২৫৪) প্রোত। সোতী (বিল্লা ৪৯৪) সপদ্ম। সোদর (ককী ৫০) সাক্ষাৎ, 'সোদর ভাগিনা হঞা হেন তোর কাজ।' সোধনা (বাণী ৩৫) নির্দেশ করা, ২ জির্জাসা করা। সোধান (ক্রম ১৪০)১১) জিজ্ঞাসা। সোধা (মাম ২৯) অমুসদ্মান, জিজ্ঞাসা। সোপ্ত (অ° দো° ৬৭) প্রোত। সোপান (দি ৮৭) উপায়। সোপান (দি ৮৭) উপায়। সোয়া (বন ৭৭৫) সমর্পণ করিল। সোমাথ (দ ৮২) স্বন্তি, হলান্তি। সোয়াথ (দ ৮২) স্বন্তি, ২ শান্তি। সোয়ার্বিনী (বিল্লা ৩৫২) সাধীনা। সোয়ার্বি (তৈচ মধ্য ৩০২২) সান্থনা, শান্তি, আরাম। সোয়ান্ত্রি (তৈচ মধ্য ৩০২২) সান্থনা, শান্তি, আরাম। সোয়ান্ত্রি (গেণিত ১০০৪) কোলাহল, স্বর। 'এ তিন ভ্বন আনন্দে ভরল, উঠিল নঙ্গল সোর'। [ফা°
সেয়তী (রুকী ২২১) দেঁউতী, দেশী গোলাপ ভেদ [সং—সেবন্থী]। সেয়নী (ক্ষণ ১)৬), সেয়ানী (পদক	সোঁ অরণ (রুকী ১৫৯), সোরণ (রস ৪১৫), সোঙরণ (পদক ১৬) স্থরণ। সোঁগা (চৈচ অস্ত্য ১৭।১৭) আহ্রাণ	ভরল, উঠিল মঙ্গল সোর'। [ফা° —শোর]। সোসনী (বমা২৭) রক্তাভনীল।

\$ o 6 8	<u>সোহঙ্গম</u>	শ্রীশ্রীগৌড়ীয়-বৈফব-অভিধান (২)) হনে
ন্দৃশ ? সো সোহন্দ (বি সোহন (বি সোহন (বি সোহন (বি সোহার (বি সোহার (বি করিল, বিদ্রু । সোহারে (বি বোধ হয় । সোহেঁ (হয় সোঁ (বিলা ও সোজ (বমা :	দর]। বিচ্চা ৮০) স্থব্দর । বিচ্চা ৮০) স্থব্দর । বেগা ১৫) মনোহর । ২ -শোভন]। (বিচ্চা ১) শোভমানা! বিচ্চা ৩৭) শোভন । বিক্চা ৭০৭) আদর [সং]। (কণ ১১৷১৩) শোভত নে সোহাগল শ্রমজল- মা (বিচ্চা ৭৫) শোভন । চ্চা ৭৯) শোভন বলিয়া ১৬৪) প্রয়োজনীয় দ্রব্য । ১৬৪) প্রয়োজনীয় দ্রব্য ।	সৈতিন বংশ ৮৫৪১), সোতিনী (গোবিশ ৯২) সপত্নী। সোভাগিনী (রস ৮৬৪) সোভাগ্য- বতী। সোরব (রু মা ২৫) উৎকট লালসা, ২ প্রীতি। সোরহীন (গোত ৬।১।২২) সংজ্ঞা- হীন। সোহঁ (উমা ৪৮) সমূখে। স্তিরি (তর ৭।৪।২৯) স্ত্রী।	শ্বাউরি (গোত পরি ১।১১৫) স্থনার করিয়া, গণনা করিয়া। 'ভাণ্ডার শ্বউরি রূপ মোহর করিলা।' স্থান (বংশ ৪২১) সেয়ানা, চতুর। শ্বতন্তরী (চণ্ডী ৩১৬) স্বাধীনা। স্বরূপ (দ ২৬) ঠিক, স্তা। ২
		2	
পদক ১৭৩৬ ৯৫৪) হও। হঁহঁ (ভক্ত ২। হইহই (১ হউগোল। হউ (চৈভা অং হকারই (বিল হউবই বিদ্যা	8) [বা] সম্মতিস্চক। ৪) [বা] সম্মতিস্চক। চভা মধ্য ৮।২৬৯) গ্য ৯।১৩) হউক। 1 ২৩৭) আহ্বান। ৩২০) হাঁকিয়া। ৪৪৪), হটবএ (বিদ্যা	হটিল (দ ৭০) হঠা। হটী (পদক ১৩৯১) হঠকারিণী ধৃষ্ঠা। হঠ (পদা ৭১) বলপূর্বক, জেদ। ২ (বিদ্যা ৪১) বলবান্। হঠন (বিদ্যা ৬৮৩) হঠতা। হঠহি	গর্জন। হড়বড়ে (ভক্ত ১২।৪) ব্যস্তসমন্ত, শব্দ শুনি বেশ্বাগণ ডরে হড়বড়ে'। হতে (বংশ ১০৫৩), হতে (বংশ ২৫৯২) হইতে। হন (বিজ্ঞা ২৯২) বিহ্যুৎ। হনু (ক্কী ১৬০) হইলাম। হনে (প্রেচ ১।১) হইতে [মৈমন- সিংহ, মালদহ ও রাজসাহী জেলায়

হন্তিয়া (পদক ১৭৩৫) আঘাত করে। | **হরিতালী চন্দ্র** (রুকী ২৮৫) ভাদ্র | হম (পদক ১৯৭৫) আমি [অহম্-মাসের চতুর্থীর চক্র। ঐ তিথিতে শব্জাত ী। হমার, চন্দ্র গুরুপত্নীকে হরণ করেন বলিয়া -রা.-রি (পদক ৪৫) আমার, হমে (পদক के निन ठक्क नर्गत्न व्यथा कने इ तरहै। ২৫৯) আমাকে। **হরিমণি** (পদা ৩) ইন্দ্রনীলমণি। হয় (চৈচ মধ্য ২০৷২৪) আছে, হরিমন্দির (গৌত ৩১৮১) তিলক। [হিন্দী—'হায়']। ২ (চৈভা আদি হরিয়ারী (বমা ৩) সবুজ, শ্রামল। ৪।১২৩) হাঁ, ও (বংশ ২৬১০) অখ। হরিবল্লভ (চৈচ মধ্য ১৪।৩০) [হয়ে (রদ २৩) হয়]। মিষ্টান্ন-ভেদ। হর (বিছা ২২৫) লাঙ্গল। ২ (পদক হরিষ (চৈভা আদি ১৭।১৩৮) হর্ষ। 8b>) হরণকারী, **৩** মহাদেব। হরীরা (সুর ৬০) সন্তুষ্ট, ২ সবুজ। ৪ (পদক ১৪৩৪) হরণ কর। হলবি (বিছা ১৪৭) যাইবি। হলিয় হর্থ (পদক ৭১৯) আনন্দ [সং— হলিয়া (বিছা ১৭, ৪৫০) চল, হর্ষ]। হরখনি (পদক ১৫৫৭) যাইবে। হর্ষণ। হরখাউ (বিছা ৭৯৬) হর্ষিত হল্লা (ভক্ত ৯০১) চেঁচামেচি [হি°]। করে। হরখি (কণ ২।১০) হর্ষযুক্ত হল্লীশক (ক্ষণ ২৯ ১০) যুবতীগণের হইয়া। মণ্ডলীৰন্ধনে রাসনুত্য [সং]। হর্ডাবহ (বিছা ১৭) ব্যস্ত হইও। হল্য (রতি ৫। ৭৪) ছইল। হরদ (স্থর ৬৭) হরিদ্রা। হসইতে (ক্ষণ ৮।৪) হাসিতে হাসিতে। হরন্তা (বিজা ২২৮) হরণ করিয়াছে। হসনি (কণ ধা৮) হাস্ত। হসলউ হরবা (বিছা ৮১১) হার। (বিভা ৭১১) হাসিয়াছিলাম। হরাস (বিছা ৩১৩) হ্রাস। হাওয়া (ভক্ত ২।৪) বায়ু [আ—হরা] হরি (বিছা ৭২৫) মেঘ—'গগন হাওর (বংশ ২০৮৩) বৃহৎ জলাশয় গরজ ঘন শুনি মন শক্ষিত বারিষ হরি [সং--সাগর]। করু রাবে'। হাঁক (দ ৩৫) উচ্চশব্দ [সং - হন্ধার]। হরিকএ (বিহা ৩৭৬), হরিকন্ত হাঁকরনা (হর ৬৬) সম্মত হওয়া। (বিতা ৪৫৫) হরণ করিয়া, ২ গোপন হাঁকার (দ ৩৫) হুদ্ধারপূর্বক বেগে চালান। **হঁাকারিল** (রস ১৪৮) করিয়া। হরিখ (কণ ১৯/১৪) হর্ষ। উচ্চৈঃস্বরে ডাকিল। হরিচন্দন (পদক ১০১) দেবতক। হাঁতী (হর ১৬) পৃথক। ২ অত্যুত্তম-সৌরভযুক্ত শ্বেতচন্দন। হাকল-বিকল (কৃকী ৪৯) অধীর। হরিণবহ (বিস্থা ২৯৩) কল্প্কৰিশিষ্ট্ৰ, ' হাকান্দ (পদক ২২২৫) ক্রন্দন-ধ্বনি। হাকান্দ কান্দ্ৰা (চৈম মধ্য ৭।৭৩) 5<u>%</u> | হরিত-হরিত (ক্ষণ ৪١১০) দিগ্-হাহাকার করিয়া ক্রন্দন। "উন্মতী বিদিক্। 'প্রিমলে হরিত-হরিত করি পাগলী শচী কান্দে উভরায়। হাকান্দ বাগিত'। কান্দনা কান্দে—ভূমিতে লোটায়॥"

হাকার (চৈচ মধ্য ১০।৪০) উচ্চ ২ হুঙ্কার। ডাক। হাকাল (গোত) আকাল, ছভিক্ষ। (ভক্ত ২০।১১) বিচারক হাকিম i আ°-- হকীম]। হাকুলাইতে (বংশ ৭৪৫৫) আকুলবৎ আচরণ করিতে। হাটক (বিছা ৪৪৪) স্থবর্ণ। ২ (রুকী ৩৭) হাটে। হাড়ি (১চচ আদি ২৭।৪০) নীচজাতি-বিশেষ। [সং- হডিডপ]। হাড়িঞা (ক্বম ৩৬।৭) [উৎকলে হাণ্ডিয়া] কাল হাঁড়ীর মত, 'অতি স্থমধুর আছমে প্রচুর হাড়িঞা হাডিঞা তাল'। হাণ্ডী (চৈচ আদি ১৪١৬৯) হাঁড়ি [দং—হণ্ডী] ৷ হাতগণিতা (চৈচ মধ্য ২০1১৮) হাত দেখিয়া গুহুবিষয়ে বক্তা। হাতসানি (দ ৮৬) হস্তদক্ষেত। হাতান (চৈচ মধ্য ১৫।৬৩) দ্বারা— 'ঈশান হাতাইয়া পুনঃ স্থান লেপাইল'। হাতে খড়ি (চৈভা আদি ৫١১) বিন্তার্ভা হাতে লোতে (বপ) অপরাধের প্রমাণ সহ। হাত্যাস (ক্ববি ৪৫) হা-হুতাশ। হাথড়ান (ভক্ত ২৩) হাত বুলাইয়া বুলাইয়া অনুসন্ধান করা। হাথিনা (তর ১০৮৭।৪৫) হাপর, ভন্তা ৷ হানা (ক্ষণ ৩)৫) বিদ্ধ করা, ব্যথা দেওয়া, আক্রমণ করা। ২ (চণ্ডী ८৮c) स्वःम। 'ठछीमाम वरन चामि জ্ঞানি ভালে, যে দেহ পুকুলে হানা'।

ও (ভক্ত ১৩।১) আঘাত করা।

১০৬৬	হাপুতি	শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (২)	ত্ল†স
পুত্রিকা। 'হাপুর্ নিমাই'। ২ পু	তির পুত মোর সোণার (হুহীনা।	'হাসিল লইতে, রাজকর ভিতে	(नाना, नड़ा। २ (পना e05) ठिंग
হাফান (পদ শ্বাসরোধ।	কে ২৩৪৩) হাঁপ,	্ বাটে রহে যাহ্মণি' [আ°]। হিজা * (বিজা ২৮০) হদয়।	ত্রিভঙ্গ'। হিলমিল (হি° গৌ ১০) প্রেমভরে।
হাম (প্রা ১ । ৪) হি°, মৈ°—হম্	•	হিকুটি (দ ৩৬) ফোঁপান, ক্রন্সনে হিকার ভাব।	হিলল (পদা ২৮), হিলোর (কণ ৭৮), হিলোরা (বিজা °৮৯)
	>০াণা৪৪) হাম্বারব বেন হামলায় বাছুর	হিছোল (ক্বকী ১৩১) হেঁচকা টান। হিজিপিজি (গৌত পরি ১৮৬৪) বিফল প্রতিকল্প-'কভু কবিরাজসাজ	हिरल्लान, पानन, ७३ ४। हिरला ति (५ >>8) हिरल्लान, २ गक्षनन करत।
হামি (কুম	ম ১৭।২৩) হামাগুড়ি। ১৫।১৯) হাই, 'হামি	হিজিপিজি'।	(পদক ১৫২) আন্দোলন।
ভঠাহলেন প্রভু —হাফিকা]। হামু(গৌত)	•	हिर्द्धात (तथा ११२००२) हिरमान, ानाना। हिर्द्धात (भनक २१२२) हिरमानिका।	हिराज्य (পদক २৮৫৯) हिल । हिराज्या (পদক २०৮) जूबात, हिराज्या ।
शभी (कृकी र	০৮) হাই, জ্ভণ।	हिड (वानी २८) (सह।	शैस (পদক ১৯০১) श्रुमग्र ।
	া৮) হার, কণ্ঠভূষা। শেষ ২া২৬১) হৃত বস্তু।	হিতু (চঙী ৭৽৩) হিতৈৰী। 'কে ুঁ এত আছয়ে হিতু'।	হার (গৌত ৩।১।६২) হার। ২ ('পদক ১৩২৭) হীরা।
হারাম (চৈচ ত	মস্ত্য এ৫২) শ্কর [আ°]	হিন (পদক ১০) হীন।	ত্তুম (ভক্ত ২৪।৯) আদেশ। [আ°
	ন্দ ২৬৫) ছরিদ্রা। .৷১) অবস্থা [আ৽]।	হিনক * (বিছা ৬০০) ইহার। হিন্তাল (তর এ৫া২৭) হেঁ তাল বৃ ক্ষ।	—হক্ম্]। হুডু (ধা ৩) ভিড়, জনতা।
হালি (ভক্ত ২		हिन्द्रानि (देवव व्यक्ति २१। २२७)	
		हिन्धर्भत जाठात ।	প্রতিযোগিতা, ঠেলাঠেলি।
इय । ২ (देव	5 ৬।২।১৯) উৎপীড়িত 55 মধ্য ২।৬) নড়ে। : মধ্য ১০।৪৪) সংজ্ঞা,	হিফি লেক (ক্ববী ২৬৬) বিভাড়িত	হুড়ি (পদক ৩০২৭) হুঁচট খাইয়া। হুড়ুম (রিসিক পশ্চিম ১০৪৪) মুড়ি অথবা চিড়ার মুড়কী। ২ শশু-
বৈষ্ণৰ সনে কী	বিলাম। পুরনারী-	হিমকর (পদক'২>৭), হিমধামা (পদক ৫৯) চন্দ্র।	হুণ্ডি (ভক্ত ২২।১) ঋণ-পরিশোধের
গণ হোর ফেল ফেলায়—সংজ্ঞ	ায় হাবাদ'॥ [হাবাদ ল হারায়]।	হিয় (পদক ১), হিয়রা (বিছা ১৭) হুদয়, 'হিয় অপেয়ান'।	প্রতিশ্রত-পত্ত ফি । হুতি (সুর ৪২) ছিলাম।
		হিয় হারি (বিছা ১৯০) [হিয়= জনম, হারি=হারিয়া] ভয় পাইয়া।	
-		হিরণ (ठछी ८৯) পীতবর্ণ, 'গ্রামল-	
•		বরণ হিরণ পিঁধন'।	
পেলে, যে অ বিকাইছু তোগ		্ হিরানা (মা মা ৬) অন্তর্ধান করা। হিলগ (মামা ২৯) সম্বন্ধ, ২ পরিচয়।	হলসা (হি°গো ৭৬) আনন্দোরত। হলাস (রু মা ৬) প্রফুলতা,

সজীবতা। ৩ (জপ ২১) উল্লাস। সেই সময়ে। হোড় (চৈচ আদি ৪।১৪২) প্রতি-ह्नामी (हिं(गी >8) जानिकल, (হমজড় (চৈচ আদি ১৩)১৩) যোগিতা, জেদাজেদি। উল্পিত। হোড়াহোড়ী (হুর ৩০) স্পর্ধ।। স্থবর্ণ-জড়িত। হোত (গোত ২:২।১৩) হয়। হুলাহুলি (চৈভা মধ্য ২৩।১৮৮) (হমস্ত (বংশ ২১৩২) হিমালয়। [হোডা (ভক্ত ২।৪) সেইস্থানে। **छन्**छन्। হেমাত (ভক্ত ১৮।১) হিম্মত, বল। হের (চণ্ডী ৪৭৪) এখানে, 'হের হোতি (পদক ৫৫৮) হয়। হোতিত তত্ত্বার (কণ ৩২) প্রেমের আবেশে (क्रकी १२२) इहेट]। এস धनि कूरला इत्राभी'। २ अहै। গর্জনধ্বনি। হোথা এস্থানে, ওখানে। হুক্ (হর ৮৯) ব্যথা। ৩ পশ্চিম রাঢ়ে কথার মাত্রাক্সপে হুতী (সুর ২৫) ছিল। ব্যবহৃত। ৪ (বংশ ৪৮০৭) দেখ। হোয়েবহ (বিছা १৫৪) হইবে। হোর (পদক ২৬০৫) অদুরে, ঐথানে। হাদয় (চৈচ অন্ত্য ১৷১০১) অভিপ্রায়, (হরলা * (বিছা ২৩৯) দেখিল। २ (राम १ भर 8) (मय। হেরু (পদক ২৫৬) দেখিলাম। ভাব ৷ হোরে (চণ্ডী ৬০৮) দূরে, 'হোরে হেইগো (ধা ৫) সম্বোধন-বাচক (হলা (পদা ১৮) শুলার-সূচক ভাব-বিশেষ। ২ (পদক ১৪৯) অবহেলা, গিয়ে যেন পড়য়ে হুতাশে, বাণেতে অবায় শব্দ। হইয়াজর'। ২ (বপ) হয়। হেট (বংশ ১৬৭৬) অবনত। ७ (ठँम । হোলনা (চৈচ অস্ত্য ৬।৬৬) মালগা। (इस्टें (उत्र २२।८।১८), द्रार्थ (হলী (হি° গো >২) স্থী। ্**হোসি** (বিছা ৩২৭) **হই**ব, **হোস।** হেলে (বংশ ৭২২০) অবহেলায়। (তর ৪।৫।৬৩) নিমুদেশ, তলদেশ। হৈমন (পদক ১৭১৮) হেমন্ত কাল। হোহ (বিজা ১৫৪) হও। হৈত (অ° দো ১৪) হেতু। হৈতে হৈতে (চৈচ আদি ১৩।৮৪)় হো হো (পদক ১৪৫১) আনন্দোচ্ছাস-হেথা (চৈচ মধ্য তা২৯) এম্বানে। সূচক অব্যয়। অপেকা করিতে করিতে। হেদে (চণ্ডী ৩৪), হেদেগো (দ হৌ (হর ১০) আমি। হৈরত (মামা৬) বিশয়। প্রাদেশিক >>) সংখাধন-সূচক হৈলা হয় (বংশ ৩৬১৬) হয়ত হইত। আদে (গৌত ।।।।৪১) ব্য অব্যয় শব্দ i হেনত্রিও (তর ১।৪।৯) এই প্রকার। । হোই (দ ৩) হয়, ২ হইয়া। ওগো [সম্বোধন-স্চক]।

(ट्रेंबिक (देव्ह क्षांनि २११२४२) (ट्राइम्म (क्रकी ४७) (इंट्रका होन । देस्त (क्ष अन १) इहेग्रा।

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (২ক)

পরিশিষ্ট ক (পদাবলী বিষয়ক)

পদাবলী-সাহিত্য এক বিরাট সামাজ্য-রসরত্নাকর। ইহার বিস্তারিত আলোচনা বা আস্বাদন দেওয়া ফুঃসাধ্য ব্যাপারই বটে। ইহাতে একাধারে রসভাবের স্রোতস্বতী কুলুকুলুনাদে নিরন্তর প্রবাহিত হইয়া মরুভূমিতৃল্য বহু পাষাণহৃদয়েও আনন্দোনাদনা-সহকারে প্রেমধারার প্রপাত করাইয়াছে, করাইতেছে এবং ভবিষ্যুতেও যুগ-যুগান্তর ধরিয়া করাইবে। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষা ও সাহিত্যে' পদাবলী-সাহিত্য-সম্বন্ধে লিখিয়াছেন—''বঙ্গদেশে প্রেমের অবতার হইয়াছিল, বাঙ্গালী কবি প্রেম-বর্ণনায় অদ্বিতীয়। বৈষ্ণব কবিগণ প্রেমের যে নিন্ধাম মাধুর্য্য বর্ণনা করিয়াছেন, তাহা প্রাচীন বঙ্গসাহিত্যে পবিত্রতার স্থধাধারা প্রবাহিত করিয়াছে। পদাবলী-সাহিত্য প্রেমের রাজ্য, নয়নজলের রাজ্য; পূর্বরাগ, সম্ভোগ, অভিসার, মান, প্রবাস, প্রেমবৈচিত্ত্য, নৌক'-বিলাস, বাসন্তী লীলা, বিরহ, পুনর্মিলন—প্রেমের এই বহু বিভাগের পর্যায়ে পর্যায়ে কেবল কোমল অঞার উৎস; ইহাতে স্বার্থের আহুতি, অধিকারের বিলোপ ; বাঞ্চিতের দেহ স্পর্শ করিতে, দেখিয়া চক্ষু জুড়াইতে, তজ্জাত অপূর্ব পরিমল আম্রাণ করিতে—মধুগন্ধে অন্ধ অলির ভায় কতকগুলি অপ্রাকৃত-ভাবাপন পাগল কাঁদিয়া কাঁদিয়া বেড়াইয়াছিলেন—পদাবলী-সাহিত্য ভাঁহাদের অঞ্র ইতিহাস।'' বৈষ্ণব পদাবলীর কেন্দ্রীভূত এক অপার্থিব উপাদান আছে, উহা মানবীয় প্রেমগীতি গাহিতে গাহিতে যেন সহসা সুর চড়াইয়া কি এক অজ্ঞাত-সুন্দর রাগিণী ধরিয়াছে, তাহা ভক্ত ও সাধকের কর্ণে পৌছিতে সক্ষম হইয়াছে। 'পাঠকগণ পদাবলী-বর্ণিত শ্রীরাধার ভাবগুলির সহিত শ্রীচৈত্যালীলার অতিনিকট সাদৃষ্য দেখিতে পাইবেন এবং তদ্ধারা পদাবলী যে ধর্ম-সাহিত্যের অন্তর্গত করা যায়, তাহা স্বীকার করিতে বাধ্য হইবেন। চণ্ডীদাসের বর্ণিত পূর্বরাগ, খ্রীরাধার ব্যাকুল বিরহ, মধুর প্রেম ও দিব্যোমাদ—শ্রীগৌরহরি স্বজীবনে দেখাইয়াছেন। তিনি শ্রীমদ্ভাগবত ও বৈষ্ণবগীতিসমূহের সত্যতা প্রমাণিত করিয়াছেন—দেখাইয়াছেন এই বিরাট শাস্ত্র ভক্তির ভিত্তিতে, নয়নের অশ্রুতে, চিত্তের প্রীতিতে দণ্ডায়মান।.... চরিত পদাবলী দারা, পদাবলী চরিতদারা এবং উভয়ই শ্রীগৌরহরির লীলারস দারা বুঝিতে হয়। পদাবলীর সঙ্গে শ্রীগৌরচরিত্রের যথেষ্ট সম্বন্ধ আছে।

"পদকর্ত্বগণ—প্রেমিক ভক্ত। তাঁহারা কেবল কর্ণবিনোদি-কাব্য রচনা করেন নাই, প্রাকৃত নায়ক-নায়িকার প্রীতিরস-বর্ণনও এই সকল পদকাব্যের কবিগণের উদ্দেশ্য নহে। প্রীতিরসে শ্রীভগবানের সাধন-প্রণালী-প্রদর্শন ও রসাস্বাদ—এই ছুই উদ্দেশ্য অতিস্পষ্টভাবেই পদাবলী-সাহিত্যে অভিব্যক্ত হইয়াছে। সাধারণ প্রীতিরসের কাব্য হইতে পদকাব্যের এক মহাবিশিষ্টতা এই যে ইহা মানুষের চিত্তে অতিমধুরভাবে ভজনপদ্ধতির-শিক্ষা সঞ্চার করে। শ্রীকৃষ্ণনাম-রূপ-গুণ-লীলাদির মহাপ্রভাব পদকাব্যে মধুরভাবে বর্ণিত থাকায় ইহার শ্রবণে ও স্মরণে যে আনন্দ-চমৎকারিতা

জন্মে, তাহা অক্সপ্রকারে বাস্তবিকই অসম্ভব।" "শ্রীলচণ্ডীদাসের পদাবলীতে যে ভাবকল্পক্রমের বীজের সন্ধান পাওয়া গিয়াছে—শ্রীপাদ রামরায়ের গীতিকাব্যে যে বীজের অঙ্কুরোদ্গম ইইয়াছিল,—শ্রীল লোচনদাসের বঙ্গান্থবাদে যাহা সরল স্থন্দর সজীব সবুজ পত্রাবলীতে লোচনবিনোদিনী শ্রীমূর্তিতে পাঠকগণের লোচনগোচর ইইয়াছিল, ভাবগম্ভীর প্রেমিক ভক্ত শ্রীপাদ কৃষ্ণদাস কবিরাজের বিশ্লেষণপূর্ণ বিচার-ব্যাখ্যায় তাহা ফলেফুলে সমাবৃত ইইয়া স্থবিলাস ভাবকল্পজ্মরূপে ভক্ত-পাঠকগণের মানসনেত্রের আনন্দ বর্দ্ধন করিতেছে। এই শ্রেণীরই কবিগণের মধ্যে একটি সরস স্থানর একতানতা ও একপ্রাণতা পরিলক্ষিত হয়়। শ্রীল চণ্ডীদাসের পদাবলীর অন্তর্গালে কাব্যের যে যমুনাজাহ্রবী প্রবাহ দেখিয়া সাহিত্যিকগণ বিমুগ্ধ হন, বৈষ্ণব পাঠকগণের নিকট তাহা বহিরঙ্গ ব্যাপার। ই হারা উহার অন্তর্গালে প্রেমভক্তির সাগরতরঙ্গের রঙ্গভঙ্গী-সন্দর্শনে মধুময়ী ভক্তিময়ী উপাসনার সন্ধান প্রাপ্ত হন এবং উহা আস্বাদন করিতে করিতে ভাবরসে নিমজ্জিত ইইয়া পড়েন।" (চণ্ডীদাস-বিভাপতিতে শ্রীযুক্ত রসিকমোহন বিভাভূষণ)।

স্থতরাং সর্বদা স্মরণ রাখিতে হইবে যে বৈষ্ণব পদকর্তারা প্রধানতঃ কাব্য-রচনার জন্ম পদাবলী রচনা করেন নাই, প্রীগোরগোবিন্দলীলার স্মরণ, মনন ও আস্থাদন করিবার জন্মই তাঁহাদের এই প্রচেষ্টা। এই জন্মই সাহিত্যিকগণ তাঁহাদের পদাবলীতে অতুলনীয় আন্তরিকতা, গভীরতা ও মর্ম্মস্পর্শিতা প্রভৃতি লক্ষ্য করিয়া মুগ্ধ ও বিশ্বিত হন। এই ভাবগাস্তীর্য, আনন্দোন্মাদনা ও রসতন্ময়তা আছে বলিয়াই পদাবলী-সাহিত্যের এত স্থ্বহুল প্রচার, প্রসার ও প্রতিপত্তি সংলক্ষিত হইতেছে।

'পদাবলী' শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন—গ্রীজয়দেব; 'মধুরকোমলকান্ত-পদাবলী'। গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায় এই শব্দটি প্রহণ করিয়াছেন। পশ্চিম ভারতে ইহাকে 'বাণী' বলে, যেমন 'মাধুরীবাণী', 'মোহিনী বাণী' ইত্যাদি। প্রাক্চৈত্ত্যযুগের কবি বিভাপতি ও চণ্ডীদাসের এবং গ্রীচৈত্ত্যযুগ ও তৎপরবর্ত্তী যুগে রচিত সঙ্গীতসমূহই 'পদাবলী' আখ্যায় অভিহিত।

বৈষ্ণব-পদাবলীতে— মৈথিলী, মিশ্র মৈথিলী (ব্রজবৃলি) ও বাংলা—এই ত্রিবিধ ভাষাই দেখা যায়। প্রায় ৫০০ বৎসর পর্যন্ত এই পদাবলী রচনা চলিয়া আসিতেছে। এই সুদীর্ঘ কালের মধ্যে একই বাংলা ভাষারও কত রূপান্তর হইয়াছে, তাহার ইয়তা হয় না। একই দেশে নদী বা পাহাড়ের ব্যবধানে, ব্যক্তিবিশেষের কণ্ঠন্থরের বৈশিষ্ট্যে এবং অন্তান্ত অনেক কারণে একই কালে এবং একই দেশে কথ্যভাষায় বিভিন্নতা শব্দবিজ্ঞান (Philology) শাস্ত্রে উক্ত আছে। ব্রজবৃলি কিন্তু প্রসিদ্ধ ব্রজমণ্ডলের ভাষা আদৌ নহে, ইহা মৈথিল ও বঙ্গ-ভাষার মিশ্রণে উৎপন্ন বলিয়া কাহারও কাহারও মত। তাঁহারা বলেন—বাঙ্গালী পদকর্তাগণ বিত্যাপতির অনুসরণে পদ রচনা করিতে যাইয়া এই মিশ্রভাষাটি তৈয়ার করিয়াছেন। বাংলা কিন্তু প্রচলদ্ভাষা বলিয়া দেশ-কাল-পাত্রান্থুসারে বাংলা পদাবলীর ভাষায় অল্লাধিক বৈশিষ্ট্য স্বীকার করিতে হইবে; যেমন চণ্ডীদাস-পদাবলীর বাংলাভাষার সহিত জ্ঞানদাস কি গোবিন্দ কবিরাজের ভাষার তুলনা করিলে উভয়ের পার্থক্য অনুভূত হইবে, তদ্ধেপ অপেক্ষাকৃত প্রাচীন জ্ঞানদাস বা গোবিন্দ দাসের বাংলা রচনার সহিত আধুনিক কমলাকান্ত বা নিমানন্দের বাংলার তুলনা করিলেও যথেষ্ঠ

পার্থক্য দেখা যাইবে। [মৈথিলী রচনার মৈথিলী ভাষার ব্যাকরণ, ছন্দঃ ও সাহিত্য-সম্বন্ধে বিশেষ জিজ্ঞাসা থাকিলে Grierson কৃত 'Maithil Chrestomathy' নামক পুস্তক জন্তব্য]।

বিশ্বভারতী পত্রিকায় (১২।২) ডাঃ এীযুক্ত স্থুকুমার সেন 'ব্রজবুলির কাহিনী' প্রবন্ধে এ সম্বন্ধে অনেক তথ্য লিখিয়াছেন। বাংলা বৈষ্ণব পদাবলীর রচনা পঞ্চদশ খৃঃ শতাব্দীর শেষ হইতে উনবিংশ খঃ শতাব্দীর শেষ পর্যন্ত অক্ষ্ণভাবে পাওয়া যাইতেছে। ত্রিহুত বা মিথিলায় কিন্তু বাংলা পদাবলীর পূর্ব ইতিহাসের চিহ্ন আছে—আধুনিক ভারতীয় ভাষায় লিখিত সর্বপ্রাচীনতম বৈষ্ণব গীতিকবিতা মিথিলার শেষ হিন্দুরাজা হরিহরসিংহের মন্ত্রী উমাপতি ওঝা-কত্ত্বি চতুর্দশ খঃ শতাক্ষীর প্রথম পাদে এবং তাহারও প্রায় ১২৫ বর্ষ পরে মিথিলারই প্রাসদ্ধ কবি বিজাপতি-কৃত রচনা পাওয়া গিয়াছে। শ্রীমন্ মহাপ্রভু-কর্তৃক নিত্য আস্বাছ্য পদাবলী ছিল—চণ্ডীদাস ও বিক্যাপতির। চণ্ডীদাসের ভাষা--বাংলা এবং বিক্যাপতির ভাষা ছিল 'ব্রজবুলি'। ব্রজবুলি বাংলা না হইলেও প্রায় হিন্দীর মত, ব্যাকরণে ও ছন্দে বাংলা হইতে অনেক পৃথক্। শঙ্করদেবের শিষ্ট কবি মাধবদেব যোড়শ খুঃ শতাব্দীর মধ্যভাগে বৈষ্ণব পদাবলীর এই বিশিষ্ট ভাষা বা বাকরীতিকে 'ব্রজারলী' বলিয়াছেন। প্রাচীন অসমীয়া শব্দ 'সোণারলী', 'রূপারলী' পূর্বে বাংলায় প্রচলিত ছিল, পরে এই তুইটি শব্দ 'সোণালী' ও 'রূপালী' হইয়াছে; এই অমুসারে 'ব্রজারলী' শব্দটিও পরে 'ব্রজালী' হওয়া উচিত ছিল; কিন্তু 'বুলি' শব্দের সান্নিধ্যে বা সমাক্ষর-লোপের কারণে 'ব্ৰজাৱলী বোলি' শব্দটি ক্ৰমে 'ব্ৰজবুলিতে' প্ৰিণত হইয়াছে। ব্ৰজবুলিতে বচনভঞ্চী আঁটগাঁট ছন্দ খ্ৰ-তাল, আর বাংলায় বচন-ভঙ্গী শিথিল ছন্দ চিমাতাল। ব্রজবুলিতে ঝন্ধার আছে, বাংলায় আছে মীড় (স্বরের আরোহণ ও অবরোহণ)। গাঢ় কথাবন্ধ ও ছন্দবাঙ্কারের জন্মই কীর্ত্তনে ব্রজবুলি পদ অনায়াসে আসর জমাইত !

ডাঃ স্থকুমার সেন ব্রজবুলির উৎপত্তি-সম্বন্ধে পূর্বে বলিয়াছিলেন যে বিভাপতির মৈথিলী পদাবলীর অনুকরণে বাঙ্গালী পদক্রভারা ব্রজবুলি ভাষার স্ষ্টি করিয়াছেন, কিন্তু অনেক গবেষণার ফলে তিনি এখন সে মত সমর্থন করেন না। প্রথমতঃ বিভাপতির সময়ের মৈথিলী ভাষার সঙ্গে ব্রজবুলির সাদৃশ্য ও অসাদৃশ্য ছইই আছে; বিভাপতির পূর্বতন কবি উমাপতি ওঝার পদাবলী আলোচনা করিলেও সমসাময়িক মৈথিলী গভভাষার সঙ্গে পদাবলীর পার্থক্য উপলব্ধি হয়। দ্বিতীয়তঃ মৈথিলী পদাবলীর অনুকরণে ব্রজবুলি রচিত হইয়াছে,—ইহা অনুমানমাত্র। যদি তাহা হইত, তবে প্রথম দিকের রচনায় মৈথিলীর সঙ্গে পদাবলীর মিল ঘনিষ্ঠতর হইত এবং ক্রেমশঃ সে মিল কমিয়া যাইত; বাস্তবিক পক্ষে কিন্তু তাহার বিপরীতই হইয়াছে। বাঙ্গালীর সর্বপ্রাচীন পদাবলীতে কিন্তু মৈথিলীর সঙ্গে ততটা ঘনিষ্ঠ মিল নাই, যতটা পরবর্ত্তী কালের পদাবলীতে দেখা যাইতেছে। গোবিন্দ কবিরাজের পূর্বগামিগণের ব্রজবুলি-রচনায় বাংলা ও অ-বাংলা অংশ প্রায় সমান সমান; স্থতরাং মৈথিলীরই অনুকরণে ব্রজবুলির উৎপত্তি—এ অনুমান ঠিক নহে। গোবিন্দ দাস বিভাপতির অনুসরণে ও অনুকরণে প্রজুরতর পদ লিথিয়াছিলেন সত্য, কিন্তু তাঁহার আগে যোড়শ খুঃ শতাকীর বাঙ্গালী কবিরা যে বিভাপতির অনুকরণ করিয়াছিলেন, তাহার প্রমাণ নাই।

সংস্কৃত ও প্রাকৃতে এক্রিফলীলা-বিষয়ক কবিতা সপ্তম খৃঃ শতাব্দী হইতে ত্রয়োদশ খৃঃ শতাব্দী পর্যন্ত আর্যাবর্ত্তে, বিশেষতঃ ভারতের পূর্বাঞ্চলে প্রচারিত ছিল এবং এই চারি পাঁচশত বর্ষ যাবৎ আর্যা-বর্ত্তে আর্যভাষাভাষী ভারতের সর্বত্র সমসাময়িক কথ্যভাষার সার্বভৌম সাধুরূপ অবলম্বন করত যে সাহিত্যিক ভাষা প্রচলিত হইয়াছিল, তাহাকে প্রাক্তন ও আধুনিক পণ্ডিতগণ ভিন্ন ভিন্ন নামে অভিহিত করিয়াছেন—প্রাকৃত, অপভ্রংশ, অপভ্রষ্ট, অবহট্ঠ, দেশী, ভাষা, অর্বাচীন অপভ্রংশ ইত্যাদি। এতন্মধ্যে অবহট্ঠ নামটি সর্বাপেক্ষা উপযোগী এবং সমসাময়িক রচনায়ও এই নামটি পাওয়া গিয়াছে। বৈষ্ণব পদাবলীর অব্যবহিত পূর্বতন রূপ বিজ্ঞমান ছিল—অবহট্ঠে। অবহট্ঠ কবিতায় বৈষ্ণব পদাবলীর বিষয়-ঘটিত পূর্বসূত্র পাওয়া যাইতেছে। প্রাকৃত পৈঙ্গলে নৌবিলাসের একটি কবিতা— "অরেরে বাহহি কাহ্ননাব। ছোড়ি ডগমগ কুগতি ন দেহি। তই ইখি নঈহি সন্তার দেই। জো চাহসি সো লেহি"। আবার প্রাচীন ছন্দোগ্রন্থের বাঙ্গালী লেথক অপভ্রংশ ছন্দের উদাহরণ-স্বরূপে উদ্ধার করিয়াছেন—"রাই দোহড়ী পঢ়় স্থুনি হস্ট কাক্ত গোআল। বুন্দাবন ঘন কুঞ্জ্ঘর চলিউ কমন রসাল।।" এই উদাহরণ-তুইটিতে বৈষ্ণৰ পদাবলীর বিষয়-বস্তুর পূর্ব ইতিহাসই আছে, পরস্তু গীতিকবিতার পরিপূর্ণ রূপ নাই; কিন্তু সে রূপ যে অবহট্ঠ সাহিত্যেও দেখা দিয়াছিল— তাহার প্রমাণ শ্রীঙ্গয়দেবের পদাবলী। শ্রীগীতগোবিন্দের রচনা সংস্কৃত ভাষায় হইলেও কিন্তু ঠাটটি অবহট্ঠের ও প্রাচীন বাংলার। প্রাচীন বাংলা চর্যা গীতিতে আর জয়দেবের পদাবলীতে একই রূপ পাওয়া যায়। অবহট্ঠে ও তান্ত্রিক বৌদ্ধ সাধকের 'বজ্বগীতি'-নামক সাধন-সঙ্গীতে সেই রূপ মিলে। এই অবহট্ঠ হইতেই ব্রজবুলির উৎপত্তি হইয়াছে। বাংলা, মৈথিলী, হিন্দী, রাজস্থানী, গুজরাটী প্রভৃতি ভাষাসমূহ অল্পবিস্তর পূর্ণ-পরিণত রূপ ধারণের পরেও অবহট্ঠের আদর ছিল—দর্বারী সাহিত্যে এবং বিশেষতঃ শ্রীরাধাকৃষ্ণ-পদাবলীতে। এই পরবর্ত্তী অবহট্ঠ — মৈথিলী প্রভৃতি স্থানীয় ভাষার প্রভাবাঘিত হইয়া পঞ্চদশ যোড়শ শতাব্দীতে ব্রজবুলির রূপ ধারণ করিয়াছে। সূরদাস প্রভৃতি প্রাচীন ব্রজভাষা-কবিগণের রচনায় যে অল্লস্বল্ল অ–হিন্দী শব্দ ও পদ আছে, তাহাও এই পরবর্ত্তী অবহট্ঠ বা প্রাচীন ব্রজবুলির সম্পত্তি; স্কুতরাং ব্রজবুলি কোনও প্রদেশ-বিশেষের সম্পত্তি নহে, তাহা আর্যভাষার সাধারণ সম্পত্তি এবং এক হিসাবে কনিষ্ঠতম সর্বভারতীয় সাধু আর্যভাষা। বিক্তাপতির 'কীর্ত্তিলতা' পুস্তিকাটি অর্বাচীন অবহট্ঠে গল্পছে লিখিত। তাহাতে এমন অনেক অংশ আছে, যাহা সম্ভন্দে ব্ৰজবুলি-আখ্যায়ও অভিহিত করা চলে। ইহা হইতে অবহট্ঠ ও ব্রজবুলির মধ্যবর্ত্তী অন্তরঙ্গ যোগাযোগের অভ্রান্ত প্রমাণও পাওয়া যায়। যেমন—''পাএঁ চলু ছুঅও কুমর, হরি হরি সব স্থমর। বহুল ছাড়ল পাটি পাঁতরেঁ, বসল পাএল আঁতরে আঁতরে ইত্যাদি...।

ব্রজবুলির উদ্ভব ও বিকাশ নেপাল, তীরহুত ও মোরঙ্গের রাজসভায় ঘটিয়াছিল। তুর্কি আক্রমণের ফলে দক্ষিণ বিহার ও বাংলা বহুদিনের জন্ম রাজসভা-পুষ্ট সাহিত্যের অধিকার হইতে বঞ্চিত হইয়াছিল। কবি পণ্ডিতেরা তখন নেপালে, তীরহুতে ও মোরঙ্গে আশ্রয় লাভ করিয়াছিলেন। এইজন্ম ত্রয়োদশ ও চতুর্দশ খৃঃ শতাব্দীতে সাহিত্যচর্চার খোঁজ ঐসব দেশের রাজসভার কাহিনীতে গুপ্ত ও লুপ্ত হইয়া আছে। নেপালের রাজসভায় বাংলা, বিহার, কাশী ও অন্থান্ম দেশ হইতে কবিরা আসিলে সাদরে গৃহীত হইতেন। তাঁহারাই বিবিধ দেবলীলাগীতি পরিপুষ্ট করিতেন। বাংলাদেশে

সাহিত্যের ও শিল্পের ইতিহাসে ধারাবাহিকতার স্ত্রপাত পালরাজগণের সময় হইতে। তথনকার শিল্পে কৃষ্ণলীলার প্রাধান্তের পরিচয় পাহাড়পুরের মন্দিরে ভিত্তি-চিত্রাবলিতে আবিষ্কৃত হইয়াছে। সাহিত্যে ও বহু প্রকীর্ণ শ্লোকে 'রাধা', 'সত্যভামা', 'উৎকণ্ঠিত মাধব' প্রভৃতি অধুনা শৃপ্ত নাট্য-রচনার নামাবলিতে কৃষ্ণলীলার সাক্ষ্য আছে। সেনরাজগণের কালে, বিশেষতঃ লক্ষ্ণসেনের রাজ্য-কালে কৃষ্ণলীলা-বিষয়ক রচনা সবিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিল। স্বয়ং লক্ষ্ণসেন, তাঁহার পুত্র ও আত্মীয়গণ কবিতা রচনা করিতেন, তাঁহার সভাকবিগণ কৃষ্ণলীলা কবিতা লিখিতে উৎসাহিত হইতেন। একজন সমসাময়িক কবি উমাপতি ধর লক্ষ্ণসেনের পিতামহ, পিতা ও স্বয়ং—এই তিন পুরুষ যাবৎ দীর্ঘকালের মহামন্ত্রী ছিলেন। প্রভাবলিতে (৩৭১) 'রত্নচ্ছায়াচ্ছুরিতজ্বলধৌ' ইত্যাদি পত্নটি ইহারই রচনা এবং মথুরা ও দারকালীলা হইতেও বৃন্দাবন—লীলার মাহান্ম্যাতিশয়-স্টক। বৈষ্ণব-পদাবলীর ভিত্তিও সম্ভবতঃ লক্ষ্ণসেনের সভায় স্থাপিত হইয়াছিল। গীতগোবিন্দ-পদাবলী যে তাঁহার আসর জমাইত, এ প্রবাদ অতি অমূলক নহে। লক্ষ্ণসেনের পুত্র বিশ্বরূপের অনুশাসনে পিতার প্রাতৃহিক কার্যাবলির প্রসঙ্গে তিনি বলিয়াছেন—

"প্রত্যুষে নিগড়স্বনৈর্নিয়মিত-প্রত্যুথিপৃথ্বীভূজাং, মধ্যাকে জলপান-মুক্তকরটি-প্রোদ্গালঘণীরবৈঃ। সায়ং বেশবিলাসিনীজন-রণন্মজীর-মজ্স্বনৈ,-র্যেনাকারি বিভিন্নশব্দ-ঘটনাবন্ধ্যং ত্রিসম্ব্যুং নভঃ॥"

লক্ষ্মণসেনের রাজ্য নষ্ট হইলে বৈষ্ণব গীতিকাব্যের এই সভাসিদ্ধ প্রথা নেপালে, তীরহুতে ও অক্যাক্য প্রান্থীয় রাজ ও সামন্ত-সভায় স্থানান্থরিত হইয়াছে। নেপালে ব্রজবৃলি পদাবলী-চর্চা অষ্টাদশ খঃ শতাক্দীর মধ্যভাগ পর্যন্ত বর্তমান ছিল। তত্রত্য রাজারাও ব্রজবৃলিতে পদ লিখিতেন—
শ্রীনিবাস মল্লের রচনা যথা—

উপমিতা আনন নীরজ-পদ্ধজ শশধর দিবস-মলিনে। ভৌহু অনুপম অধর সোহাঞন নব-পল্লবরুচি জিনে। শুন পেয়সি কী মোর পরল গরুঅ অপরাধে। দহ মল্য়ানিল জার কলেবর ন কর মনোরথ বাধে॥

নেপালের রাজসভায় যে ব্রজবুলির চর্চা হইত, তাহা বাংলার প্রভাব-মুক্ত ছিল না। যোড়শ শতাকীতে লিখিত একটি পদে এই অনুমানের সমর্থন আছে —

'দঘন বরিষে মেহা, স্থমরি স্থবন্ধু নেহা, জীব ছুটুপুটু নীদ না আএ বরহ-দগধ দেহা।

মনপংখি হয়। যাইব, যাহা গিয়া লাগ পাইব, হাতে ধরিয়া পাএ পড়িয়া গলায় তুলিয়া লইব॥'

মিথিলায় ব্রজবুলি চতুর্দশ শতাব্দীর প্রথম ভাগে উমাপতি ওঝার রচনায় পাওয়া যায়। রাজা হরিহরসিংহের রণজয়ে-উপলক্ষে তাঁহার রচিত 'পারিজাতমঙ্গল' নামক সংস্কৃত গীতিনাটো তিনি যেসব গান রচনা করিয়াছিলেন, সেই সবগুলি ব্রজবুলি ভাষায়। সথী স্থমুখী প্রীকৃষ্ণ-সবিধে মানিনী সত্যভামার বিরহদশা বর্ণনা করিতেছেন এই পদে—'কি কহব মাধব তনিক বিশেষে, অপনহ ভকুধনি পাব কলেশে। অপানুক আনন আরসি হেরি, চাঁদক ভরম কাঁপ কত বেরি॥' ইত্যাদি। উমাপতির পরে পঞ্চদশ শতাব্দীতে প্রসিদ্ধ কবি বিভাপতির ব্রজবুলি রচনা পাওয়া যায়।

পঞ্চদশ খৃ: শতাবদী হইতে বাংলায়, আসামে ও উড়িস্থায় ব্ৰহ্মবুলি পদাবলীর রীতি পাওয়া

যাইতেছে। বাংলায় কিন্তু এরীতি যতটা স্থায়ী ও ফলবান্ হইয়াছিল, অন্তত্ত ততটা নহে। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে বা যোড়শ শতাব্দীর প্রথম দশকে উড়িয়ায় রায় রামানন্দের পিছিলহি রাগ নয়নভঙ্গ ভেল' ইত্যাদি পদটি ব্রজবুলিতে রচিত হইয়াছে। বাংলায় প্রাচীনতম ব্রজবুলিপদ যশোরাজখানের রচিত—'এক পয়োধর চন্দন—লেপিত, আর সহজই গৌর' ইত্যাদি। হুসেন শাহা ও তৎপুত্র নসরৎ শাহার দরবারেও কবিশেখর এবং বিছাপতি-ভণিতায় উৎকৃষ্ট ব্রজবুলি পদ পাওয়া যায়। যোড়শ ও সপ্তদশ শতাব্দীর সন্ধিক্ষণে ব্রজবুলি ও বৈষ্ণব-পদাবলীতে শ্রীগোবিন্দ কবিরাজ নূতন জীবন সঞ্চার করিয়াছেন। তাঁহার রচনায় মুখ্যতঃ শব্দবক্ষার ও ছন্দ-চপলতা এবং তৎসহ ভাব-সংহতি ও ভাষার গাঢ়তাই লক্ষ্যীতব্য।

আসামে শংকরদেব ও তৎশিষ্য মাধবদেব যোড়শ খৃঃ শতাব্দীতে ব্রজবুলি পদ রচনা করত কামতা-কামরূপকে মাতাইয়াছিলেন। আসামের প্রথম বৈষ্ণবপদকর্ত্তা শঙ্করদেবের রচনায় ভক্তিপ্রকাশই মুখ্য। তাঁহার পদাবলিতে ভাষার বিশুদ্ধির সহিত ভাবের গাঢ়তা ও ছন্দোদ্ঢ়তা পরিফুট। রচনার আদর্শ—

"সোই সোই, ঠাকুর মোই, জো হরিপরকাশা; নাম স্মরত, রূপ ধরত, তাকেরি হামু দাসা। পণ্ডিতে পঢ়ে, শাস্ত্রমাত্র, সার ভকতি লিজে; অন্তর জল, ফুট্য় কমল, মধু মধুকর পিজে। জাহে ভকতি, তাহে মুকতি, ভকতে তত্ত্ব জানা; জৈছে বণিক, চিন্তামণিক, জানি গুণ বখানা। কৃষ্ণকিষ্কর, কহ শঙ্কর, ভজ গোবিন্দ কি পায়ি; সোহি পণ্ডিত, সোহি মণ্ডিত, যো হরিগুণ গায়ি"॥

মাধবদেবের ব্রজবুলি পদে হিন্দীর ছাপ আছে ; একটি প্রার্থনা-পদ—

'গোবিন্দ দীনদয়াল স্বামী, তুঁত মেরি সাহেব চাকর হামি।
কাকু করিয়ে তুয়া চরণে লাগোঁ, অরুণ চরণে চাকরি মাগোঁ।
তেরি চরণে মেরি পরণাম, চাকরি মাগোঁ নাহি আন কাম।
আপুন করমে জনম যাহাঁ হোই, তাঁহে তুয়া চরণে চাকর রহুঁ মোই।
মাধবদাস কহয় মতিহীনা, গতি মেরি নাহি তুয়া পদবিনা।'

এই পদটি মীরাবাঈর রচনার স্মরণ করায়।

সপ্তদশ শতাবদীর শেষভাগ হইতে বাংলায় ব্রজবৃলি সাহিত্যে ন্তন পন্থা দেখা গেল—পদাবলির ধারাবাহিক একবেয়েমির মধ্যে ভাষা ও ছন্দের তরলতা নবীনত্ব সৃষ্টি করিল। ইহার সাহিত্যিক মূল্য ততটা না হইলেও কিন্তু কীর্ত্তনগানে নৃতন রস সঞ্চার হইয়াছে। যথা—শশিশেখরের পদ—'অতিশীতল, মল্য়ানিল, মন্দ-মধুর-বহনা; হরিবৈমুখী, হামারি অঙ্ক, মদনানলে দহনা'ইত্যাদি।

এইভাবে সপ্তদশ শতাব্দীর রচনার অনুবৃত্তি উনবিংশ শতাব্দীতেও আসিয়াছে। ব্রজবৃলি সাহিত্যের সমাপ্তি করিয়াছেন—রবীন্দ্রনাথ তাঁহার 'ভানুসিংহের পদাবলীতে'; এই পদাবলী যথাযথ বৈষ্ণব-পদাবলীর ছাঁদে লিখিত হইয়াছে। রবীন্দ্রনাথ বালককালে বৈষ্ণব-পদাবলী পাঠ করত মুগ্ধ হইয়াছিলেন এবং তাহারই অনুকরণে ব্রজবৃলিতে কয়েকটি গান ও কবিতা লিখিয়াছেন। এইসব গান ও কবিতা শ্রেষ্ঠ বৈষ্ণব পদাবলীর ক্যায় সুরের অভিষেকে জীবস্ত হইয়া উঠে॥

পদাবলীत ছन्हः

পদাবলীর ছন্দঃসম্বন্ধে বলিতে গিয়া শ্রীময়রহরিকৃত অপ্রকাশিত ও ছ্প্প্রাপ্য 'ছন্দঃসমুদ্রের' * কথাই সর্বাত্মে মনে পড়ে। তদ্যচিত শ্রীগৌরচরিতচিন্তামণিতে ব্যবহৃত প্রায় ৬০।৬৫টি ছন্দের সন্ধান পাওয়া যায়। বাংলা ভাষায় এত প্রকার ছন্দঃ ইতঃপূবে কেহ কল্পনাও করিতে পারেন নাই বলিয়াই আমার ধারণা। গীতচন্দ্রোদয়ের মঙ্গলাচরণে (এবং ভক্তিরত্নাকরে ৫।০০১৪—৩০১৭) তিনি সম, অর্দ্ধসম ও বিষম-ভেদে গীতের ত্রিবিধ বিভাগ করিয়া উদাহরণ দিয়াছেন। গুরুলযুর নির্ণয়াদিও সংস্কৃতবৎ, স্থলবিশেষে প্রাকৃতবৎ বলিয়া তিনি নির্দেশ করিয়াছেন।

সে যাহা হউক—বৈষ্ণব পদাবলীতে সাধারণতঃ তিন প্রকার ছন্দঃ ব্যবহাত হইতে দেখা যায়। (১) মাত্রাবৃত্ত ছন্দঃ, (২) অক্ষরবৃত্ত ছন্দঃ ও (৩) মাত্রা এবং অক্ষরবৃত্ত মিপ্রিত ছন্দঃ। মাত্রাবৃত্ত অক্ষর-সংখ্যা না ধরিয়া অক্ষরের লঘুগুরু মাত্রা ও যতির নিয়ম ধর্ত্ব্য। (২) অক্ষরবৃত্ত কবিতার চরণগুলি অক্ষর-সংখ্যার উপর প্রতিষ্ঠিত এবং (৩) উভয়-মিপ্রেছনেদ কোনস্থলে বর্ণের লঘুগুরু মাত্রা, কোথাও বা অক্ষর-সংখ্যার প্রণালী অনুসরণ করিতে হয়়। বর্ণের লঘুগুরু বিচারে সংস্কৃতের স্থায় লঘুস্থর একমাত্রাও গুরুস্বর ছই মাত্রা ধরিতে হয়, কিন্তু সঙ্গীতে অনেক সময় লঘুগুরুব্যতায় করিতেও দেখা যায়। পদাবলীতে সাধারণতঃ অক্ষরবৃত্ত ছন্দে ১৪ অক্ষরে পয়ার, ৮ অক্ষরে বা ১১ অক্ষরে একাবলী, ২৬ অক্ষরে দীর্ঘ ত্রিপদী, ২০ অক্ষরে লঘুত্রিপদী, মাত্রাবৃত্ত ১৬ মাত্রায় মাত্রাচতুষ্পদী (চৌপাই), অয়ুয়াচরণে ১২ মাত্রাও মুয়াচরণে ১৬ মাত্রা ইলৈ বিষম চতুষ্পদী, ২৮ মাত্রায় ত্রিপদী এবং (৩+৪+৩+৪+৩+৪+৪) করিয়া) ২৫ মাত্রায় মিপ্র ত্রিপদী এবং ধামালীতে যোলমাত্রায় ত্রিপদী প্রভৃতি দেখা যায়, বস্তুতঃ বৈষ্ণব করিয়া বিচিত্র ও স্থললিত এত বিভিন্ন ছন্দের প্রবর্তন করিয়াছেন যে নৃতন ও বিচিত্র ছন্দের প্রবর্তক বলিয়া আধুনিক বাঙ্গালী কবিদের গর্ব করিবার কিছুই নাই। (সতীশ বাবু)

শ্রীযুক্ত কালিদাস রায় কবিশেখর-প্রণীত 'প্রাচীন বঙ্গসাহিত্য' হইতে এ সম্বন্ধে বিশেষ আলোচনা করিতেছি। বৈষ্ণব পদাবলীর প্রধান ছন্দ :—পজ্মটিকা †। প্রধানতঃ এই ছন্দে প্রাকৃত ভাষায় কবিতা রচিত হইত। এই ছন্দে চরণে চরণে মিল থাকে। দীর্ঘহুস্ব স্বরের ধ্রুবসন্ধিবেশ মানিতে হয় না।

পিংগ জ- | টা বলি | ঠারিঅ | গঙ্গা॥ ধারিঅ | নাঅরি | জেণ অ- । ধংগা॥ চন্দ-ক- | লা জত্ম | সীসহি | ণোক্থা॥ সো তৃহ | সংকর | দিজ্জউ | মোক্থা॥

^{*} মৎসংগৃহীত খণ্ডিত ছন্দঃসমুদ্রে দশাক্ষরত্ত পর্যস্ত আছে। তাহাতে বাণীভূষণ, বৃত্তরত্বাকর, ছন্দোমঞ্জরী, ছন্দোদীপক, বৃত্তরত্বমালা, প্রাক্কত পিঙ্গল, বৃত্তচন্দ্রিকা, সঙ্গীতপারিজাত, সঙ্গীতকৌমুদী ও ছন্দঃকৌস্তভ প্রভৃতি ছইতে লক্ষণ ও সংজ্ঞাদির সমাবেশ করা হইরাছে।

[†] প্রাক্তপিঙ্গলে পজ্ঝটিকার বিবিধ রূপকে ভিন্ন ভিন্ন ছন্দের নামে অভিহিত করা হইয়াছে। প্রত্যেক পর্ব-দীর্ঘস্বর দিয়া আরক্ষ হইলে পজ্ঞাটিকাকে বলা হইয়াছে—**দেশ্ধিক**।

প্রত্যেক দীর্ঘ স্বরকে তুই মাত্রা এবং প্রত্যেক লঘু স্বরকে এক মাত্রা ধরিয়া প্রত্যেক চরণে ধোলটি মাত্রা রাখিলেই চলে। ঐ বোলমাত্রা চারিটি পর্বে ভাগ করা যায়। দীর্ঘস্বর বেশী থাকিলে অক্ষরসংখ্যা কম থাকে, লঘুস্বর বেশী থাকিলে অক্ষরসংখ্যা বেশী থাকে। 'কা তব কান্তা কন্তে পুত্রঃ' (৯ অক্ষর)' নিলিনীদলগতজ্ঞলমতিতরলম্' (১৫ অক্ষর)—তুইই পজ্ঝটিকার চরণ। স্বরের গ্রুব-সন্নিবেশের নিয়ম না থাকায় এই ছন্দোরচনায় যথেষ্ঠ স্বাধীনতা আছে। বৈষ্ণব কবিরা স্বাধীনতার পরিসর আরো বাড়াইয়া লইয়াছিলেন। ক্রেমে উদাহরণ দিতেছি—

[সংস্কৃত]

তালফ | লাদপি | গুরুমতি | সরসম্॥

কিমু বিফ | লীকুরু | যে কুচ | কলসন্॥

সীদতি | সথি মম | হৃদয়ম | ধীরম্॥

যদভজ | মিহ ন হি | গোকুল | বীরম্॥

আঁচর | লেই বদন | পর | ঝাঁপে॥

থির নহি | হোয়ত | থরথর | কাঁপে॥

হঠ পরি | রস্তুণে | নহি নহি । বোল॥

হরিডরে | হরিণী | হরিহিয় | ডোল॥

শিরপর | চাঁদ অ | ধর পর | মুরলী॥

চলইতে | পত্তে ক | রয়ে কত | খুরলী॥

লঘুস্বরাস্ত শেষ পবে ছইটি দীর্ঘস্বরের স্থলে ছইটি লঘুস্বর এবং একটি দীর্ঘ স্বর থাকিলে এই দোধকের নাম হয়—মোদক।

গজ্জউ মেহকি অম্বর সাম্বর। ফুল্লউ নীব কি বুল্লউ ভাশ্বর॥
এক্কউ জীউ পরাহিণ অশ্বহ। কীলউ পাউস কীলউ যশহ॥

পক্ষাটিকার দোধকর্মপে প্রত্যেক চরণে ছই মাত্রা অতিপর্ব থাকিলে নাম হয়— তারক।

ণব—মঞ্জরি লিজ্জিঅ | চূঅহ গাচ্ছে॥ পরি—ফুল্লিঅ কেম্ব ণ । আবণ কাচ্ছে॥

জই—এখি দিগংতর | জাই ণহি কংতা॥ কিঅ—বন্মহ ণখি কি । ণখি বসংতা॥

কেবল প্রথম, তৃতীয় ও চতুর্থ পর্বের প্রারম্ভে দীর্ঘম্বর থাকিলে এবং বাকি সমস্ত হ্রম্ব স্বর হইলে পঞ্চাটিকার নাম হয়—একাবলী।

সোজণ | জণমউ | সোগুণ- | মন্থউ।। জেকর | পর উঅ- | আর হ- | সন্থউ।। জোপুণ | পর উঅ- | আর বি- | রুজ্জউ।। তাক জ- | ণণি কিণ | থক্কউ | বংঝউ।।

পদ্মটিকার শেষাক্ষর ছাড়া যদি সব স্বরগুলি হ্রস্ব হয়, তবে তাহাকে বলে—সরভ।

তরল কমল দল সরিজুঅণঅণা।। সরঅ সমঅ সৃগি স্থারিস ব্রুণ।।

মঅগল করিবর সঅলস গমণী।। কমণ স্থাকিঅ ফল বিহিম্চ রমণী।।

বিভাপতির—'কাজেরে রঞ্জিত বনি ধবল নয়নবর। ভ্রমর ভূলল জন্ম বিমল কমল রূপ॥' অনেকটা এইরূপ।

বৈষ্ণব কবিদের পজ্ঝটিকার ছন্দে রচিত পদে এই সকল বিশিষ্ট রূপের চরণের অবাধ মিশ্রণ দৃষ্ট হয়। চর্যাপদের পজ্ঝটিকার দৃষ্টাস্ত—

काषा जक्रवत शक्ष वि छाल। ठक्षन ही व शहरी कान॥

সোধনি | মানি মু | রত অধি | দেবী॥
তাকর | চরণ ক | মলপর | সেবি॥
তুঁহু বর | নারী চ | তুরবর | কান॥
মরকতে | মিলল ক | নক দশ | বাণ॥

সংস্কৃত চরণের সহিত ব্রজবুলির চরণগুলি মিলাইলে দেখা যাইবে—বৈশুব কবিরা শেষ পর্বে অধিকাংশস্থলে ৪ মাত্রার বদলে ৩ মাত্রা প্রয়োগ করিয়াছেন। অনেকস্থলে দীর্ঘস্বরকে হ্রস্ব উচ্চারণ করিয়া একমাত্রা ধরিয়াছেন। অনেক চরণকে ৮-৮৮ মাত্রায় না পড়িয়া ৭-৮৮ মাত্রায় পড়িলে স্থরের বৈচিত্র্য ঘটে বলিয়া ৭-৮৮ মাত্রার বিভাগে পড়িবার স্থযোগ দিয়াছেন।

ক্রমে ১৫ মাত্রার পজ্ঝটিকার চরণের শেষ পর্বে আরও একটি মাত্রা লুপ্ত হওয়ায় পয়ারের স্ষ্টি হইয়াছে। নিম্নলিখিত চরণগুলি পজ্ঝটিকার পদে দেখা যায়। এইগুলিও পরারের চরণ।

বদনে দশন দিয়া দগধে পরাণ।
রিতিরস না জানয়ে কালু সে গোডার।
কতয়ে মিনতি করি তবু নাহি মান।
না কর না কর সখি মোহে অলুরোধে।
নব কুচে নখ দেখি জিউ মোর কাঁপে।,
জন্ম নব কমলে ভ্রমর করু ঝাঁপে।
রসবতি আলিঙ্গিতে লহরী তরঙ্গ।
দশদিশ দামিনী দহই বিথার।

পজ্ঝটিকার ১৬ মাত্রার স্থলে ১৪ মাত্রা ধরিলে এবং প্রত্যেক দীর্ঘ স্বরকে একমাত্রা ধরিলেই পরার হইল। দীর্ঘস্বরের উচ্চারণ অপেক্ষা করায় এবং শব্দের মাঝে যতিদানের প্রথা উঠাইয়া দেওয়ায় পয়ারে পজ্ঝটিকার ছন্দঃস্পন্দ একেবারে লোপ পাইল। 'মন্দির বাহির কঠিন কপাট'। চলইতে শঙ্কিল পঞ্চিল বাট'—ইহাতে যে ছন্দঃস্পন্দ আছে, পয়ারে তাহা নাই।

আরো একমাত্রা কমানোতে ইহা নূতন ছন্দের রূপলাভ করিল। যেমন—

শুন সুন্দর কানু | ব্রজ্বহোরী। ফদি-মন্দিরে রাখি | ভোমারে হেরি॥
আহিরিণী কুরূপিণী | গোপনারী। তুমি জগরঞ্জন | বংশীধারী॥

ইহারই অনুরূপ রবীন্দ্রনাথের—

গগনে গরজে মেঘ ঘন বরষা। কুলে একা বসে আছি নাহি ভরসা॥

প্রাকৃত পিঙ্গলে এই ছন্দকে বলা হইয়াছে—হাকলি
উচউ ছাঅণ | বিমল ধরা | তরুণী ধরিণী | বিনয় পরা ॥
বিত্তক পূরল | মুদ্দহরা | বরিসা সমআ | সুকৃখকরা ॥

ব্রজবুলিতে রচিত পদের আর একটি প্রধান ছন্দ- প্রাক্তত দীর্ঘত্রিপদী। এই ছন্দ প্রাকৃতের মরহটা, চউপইয়া ও নরেন্দ্রতের মিশ্রণ। * এই ছন্দে প্রত্যেক চরণের প্রথমাংশ পজ্ঞটিকা।

এই ছন্দগুলির দৃষ্টাস্ত প্রাক্ত পিঙ্গল ২ইতে দেওরা হইল। বৈফব কবিগণ অধিকাংশ স্থলে গোড়ার অভিপর্ব ত্ই মাত্রা বাদ দিয়া থাকেন। এথমে মরহট্টার কথা বলি। ছুই মাত্রা অভিপর্বের (Hypermetrical) প্র ৮+৮+৮+৩ মাত্রায় মরহট্টার চংগ গঠিত।

জই—মিও ধণেসা | সম্প্র গিরীসা | তহ বিহু পিংধন | দীস।
জই—অমিঅহকন্দা | ণি অলহি চন্দা | তহ বিহু ভোঅণ | বীস।
জই—কণঅ স্থান্ত সাবি অধংগা | তহ বিহু ডাকিণি | শৃঙ্গ।
জ্যো—জস্ম হি দিআা | দেব সহাবা | কবহু ণহো তম্ম | ভঙ্গ॥

চউপইআ--৮+৮+৮+8

কির—ণা বলি কন্দা | বন্দিঅ | চন্দা—ণঅণহি অণন ফু | রস্তা। সো—সংপঅ দিজ্জউ | বহু স্কুহ বিজ্জউ | তুহ্ম ভবাণী | কস্তা॥

বৈষ্ণব কৰিবা পৰ্বে পৰ্বে কোথাও মিল দিয়াছেন— কোথাও দেন নাই। চউপইআ ও মরহট্টার বিশেষ প্রান্তেদ কিছু নাই। মরহট্টার শেষ পর্বে ৩ মাত্রার বদলে ৪ মাত্রা। বৈষ্ণব কবিগণও কোথাও মরহট্টার মত ৩ মাত্রা- কোথাও চউপইআর মত ৪ মাত্রা ধরিয়াছেন। পিজল এই ছই ছন্দে দীর্ঘ হুন্থ স্থরের স্থনির্দিষ্ট সমাবেশ পর্বে পর্বে একইক্লপ রাখিতে চেষ্টা করিয়াছেন-কিন্তু ইহা বাধ্যতামূলক নহে। বৈষ্ণব কবিকুঞ্জরগণ এবিষয়ে সম্পূর্ণ নিরন্ধা।

মরহট্টা বা চউপইআর সঙ্গে নরেন্দ্রবৃত্তের মিশ্রণে বৈঞ্চব কবিদের বহু পদ রচিত হইয়াছে। নরেন্দ্রবৃত্তের চরণকে १ + ৯ + ৮ + ৪ বা ৩ মাত্রায় ভাগ করা হয়। প্রাকৃত কবি এই ছন্দে এম্ব ও দীর্ঘ মরের নিয়মিত বিফ্রাস করিয়াছেন। বৈঞ্চব কবিগণ হ্রম্বদীর্ঘ স্বরের নিয়মিত বিফ্রাস না করিয়া স্থেচ্ছামূলক বিফ্রাস করিয়াছেন, এবং মোটের উপর মাত্রাবিভাগ ঠিক রাখিয়াছেন। তাহা ছাড়া নরেন্দ্রবৃত্তে তাঁহারা পৃথক্ পদ রচনা না করিয়া আধিকাংশস্থলে মরহট্টা বা চউপইআর সঙ্গে নরেন্দ্রবৃত্তের চরণ মিশাইয়াছেন। প্রাকৃত পিঙ্গলে নরেন্দ্রবৃত্তের দুষ্ঠান্ত ৭ + ৯ + ৮ + ৪ —

ফুল্লিঅ কেন্ত । চন্দ তহ পঅলিঅ । মঞ্জরি তেজ্জ্ড । চূআ।
দক্খিণ বাউ । -সীঅ ভউ পবহুই । কম্প বিরোহণি । হীআ।
কেন্ত্রই ধূলি । সব্ব নিস পদরই । পীঅর দক্ষ্ট । ভাসে।
আউ বদস্ত । কাই সহি করিঅই । কন্তু ণ থক্কই । পাশে।

ইহার স্বচ্ছন্দ অমুবাদ ঐ ছন্দে-

কিংশুক ফুল | চক্র এবে প্রকটিত | মঞ্জরী ত্যক্তে সহ | কারে।
দক্ষিণ পরন | শীতল হয়ে প্রবাহিত | বিরহিণী কাঁপে বারে | বারে।
কেতকীর পরাগে | ভরিয়া গেল দশ্দিশ | পীতবাদে তারা যেন | হাসে।
বসন্ত আইল | কি করি বল স্থি আজ | কান্ড যে নেই মোর | পাশে॥

গগনান্ধ ছন্দেও এইরূপ ৭-৯ মাত্রায় প্রবাধ গঠিত। পূর্ববিভাগ—(১) ভংজি আমল আ । চোল বই ১৩৬

ইন্দ্রবজ্ঞা ও উপেন্দ্রবজ্ঞার মিশ্রণে যেমন উপজাতি, নরেন্দ্রবৃত্ত ও মরংট্রার (বা চউপইয়ার) মিশ্রণে তেমনি এই দীর্ঘ ত্রিপদী। ঠিক পজ্ঝটিকার নিংমেই ব্রজবুলিতে এই ছন্দ রচিত, প্রত্যেক চরণের প্রথমার্ধ মরহট্টা বা চউপইআর মত ৮+৮ মাত্রা কিম্বা নরেন্দ্রবৃত্তের মত ৭+৯ মাত্রায় গঠিত। বৈষ্ণব কবিগণ ছন্দোহিল্লোল ও স্থরবৈচিত্র্য স্থাপ্তির জন্মই উভয়বিধ চরণের মিশ্রণ ঘটাইয়াছেন। দৃষ্টাস্ত-৮। ৮ +৮+৪ অথবা ৩ (মাত্রায়)—

রাধা বদন বি- । লোকন বিকসিত । বিবিধ বিকার বি- । ভঙ্গন্।
জলনিধিমিব বিধু । মণ্ডলদর্শন- । তরলিত তুঞ্গ-ত- । রঙ্গন্। [জয়দেব]
ভজ্জদবনস্থিতি- । মথিলপদে সখি । সপদি বিড়ম্বিত । তুলম্ ।
কলিত-সনাতন- । কোতুকমপি তব । হুদয়ং ক্ষুরতি স- । শূলম্ ॥ [ক্রীরপ]
গিরিবর গুরুয়া । পয়োধর পরশিত । গীম গজ মোতিম । হারা ।
কাম কম্বু ভরি । কনয়া শল্পুপরি । চারত স্থরধুনী । ধারা ॥ [বিতাপতি]
রজনি কাজর সম । ভীম ভুজ্জম । কুলিশ পড়য়ে হুর । বার ।
গরজ তরজ মন । রোমে বরিষ ঘন । সংশয় পড়ু অভি- । সার ॥ [য়োবিন্দ দাস।
আহিরিণী কুরূপিণী । গুণহিনী অভাগিনী । কাহে লাগি তাহে বিষ । পিয়বি ।
চন্দ্রাবলী মুখ- । চন্দ্র স্থধারস । পিবি পিবি যুগে যুগে । জিয়বি ॥ [চন্দ্রশেখর]

ণিবলিঅ। (২) মালব রাঅ । মলঅ গিরি লুকিঅ—এইরাপ। ইহাতে নরেন্দ্রবৃত্তের মত দীর্ঘ হ্রস্ব স্থারের গ্রুব বিফাস নাই। বৈষ্ণব কবিরা এই এথাই অনুসরণ করিয়াছেন।

ভাত্মিংহ ঠাকুরের পদাবলীতে - রবীন্দ্রনাথ প্রায়ত দীর্ঘ ত্রিপ্রদীর প্রয়োগ করিয়াছেন— নীল আকাশে | তারক ভাসে | যমুনা গাওত | গান।

পাদপ মরমর | নিঝার ঝারঝার | কুস্কুমিত বল্লী বি | তান ॥

এইরপে কবি পর্বে পর্বে মিল্ও দিরাছেন, কিন্তু বিন: মিলের চরণেই অধিকাংশ বৈষ্ণব পদ রচিত।
রবীন্দ্রনাথ প্রত্যেক দীর্ঘ স্বরকে ছুই মাতা ধরিয়া অক্ষরে অক্ষরে নিয়ম পালন করিয়াছেন। এই ছন্দে তিনি খাঁটি
বাংলায় গানও লিথিয়াছেন। তাঁহার এব টি বিখ্যাত গানের ছুই চরণ—

পতন অভ্যুদয়—বন্ধুর পছা | যুগ যুগ ধাবিত | যাত্রী।

হে চির-সারথি | তব র্থচ্জে | মুখরিত পথ দিন | রাত্রি॥

ভামুসিংহ ঠাকুরের পদাবলীতে তিনি এই ছদ্যে তবক-বন্ধনও করিয়াছেন—

মরণরে – তুঁত মন গুাম-সমান।

মেঘবরণ তুঝ । মেঘ জটাজূট । রক্তকমল কর । রক্ত অধর পুট ।
তাপ-বিমোচন । বরণা কোর তব । মৃত্যু অমৃত করে । দান ॥
ভূজপাশে তব । লহ সমোধয়ি । আঁখিপাত মম । আসব মোদয়ি ।
কোর উপর তুঝ । রোদয়ি রোদয়ি । রাধা হৃদয় তু । কবহুঁন তোড়বি ।
হিয় হিয় রাখবি । অহুদিন অমুখণ । অতুলন তোঁহার । লেহ ॥

এই পত্মটিকায় অন্তরার সঙ্গে প্রাকৃত দীর্ঘ ত্রিপদীর স্তবক-বন্ধন।

৭+৯+৮+৪ অথবাত মাত্রায় নরেন্দ্রন্তের চরণ —

করিবর রাজ- | হংস জিনি গামিনী | চলিলছ সক্ষেত্ত | গেহা।
আমলা তড়িত্ত | দণ্ড হেমমঞ্জরা | জিনি অতিস্কুন্দর | দেহা॥ (বিতাপতি)
অভিমত কাম | নাম পুন শুনইতে | রোখই গুণ দর- | শাই। (কবিশেখর)
লহু লহু মুচকি | হাসি হাসি আয়িন | পুনপুন হেরসি | ফেরি। (জ্ঞানদাস)
আঘণ মাস | নাহ হিয় দাহই | শুনইতে হিমকর- | নাম।
অঙ্গন গহন | দহন ভেল মন্দির | স্কুনরি তুহুঁ ভেলি | বাম॥ (বলরাম)

এই দৃষ্টান্তগুলি লইয়া আলোচনা করিলে দেখা যাইবে—বৈজ্ঞব কৰিরা স্থাবিধামত কখনও দীর্ঘস্বকে ছই মাত্রা ধরিয়াছেন, কখনও বা একমাত্রা ধরিয়াছেন। প্রয়োজন হইলে ছুস্বস্বরকেও কোথাও কোথাও দীর্ঘ উচ্চারণ করিয়াছেন। মাঝে মাঝে পর্বে পর্বে মিলও আছে—এমিল ভারতা বাধ্যতামূলক নহে। শেষ পর্বে তিনটী লঘুমাত্রারও সমাবেশ করিয়াছেন। যে চরণে দীর্ঘস্বর বেশী, সেই চরণে ছন্দোহিল্লোলের স্থি ইইয়াছে। যে চরণে ছুস্বমাত্রার সংখ্যা বেশী, সে চরণে অক্ষর-বাহুল্য ঘটিয়াছে—ছন্দোহিল্লোলের অভাব ঘটিয়াছে। এই ছন্দের চরণে অক্ষর-বাহুল্য ঘটিলে এবং দীর্ঘস্বরের উচ্চারণকে অপেক্ষা করিলে ইহা প্রচলিত দীর্ঘ ত্রিপদীতে পরিণত হয়। নিম্নলিখিত অংশে ছন্দোহিল্লোলহীন প্রচলিত দীর্ঘত্রিপদী ও ছন্দ্য-স্পান্দম প্রাকৃত দীর্ঘ ত্রিপদীর চরণ একসঙ্গে গুন্দিত ইইয়াছে। এক মাত্রায় ব্যবহৃত যুক্তাক্ষর না থাকায় এ গুন্ফন সম্ভব ইইয়াছে।

না দেখিলে প্রাণ কাঁদে। দেখিলে না হিয়া বাঁধে। অনুখন মদন-ত-। রঙ্গ। হেরইতে চাঁদ মুখ। উপজে চরম স্থখ। স্থানর আমার। অন্ধ।
চরণে নৃপূর্ধবিন। স্থাধুর গুনি গুনি। রমণীক ধৈর্য। অন্ত।
ওর্পে-সায়রে মন। হিলোলে নয়ন মন। আটকিল রায় ব-। সন্ত॥

এই ছন্দের চরণের শেষার্দ্ধকে এক-একটি চরণ ধরিয়া নব ছন্দের রূপ দেওয়া হইয়াছে। যেমন— গণইতে মোতিমা | হারা॥ ছলে পরশিবি কুচ- | ভারা। (বিত্যাপতি)

হাম করলু পরি । হাস । তাকর বিরহ-ত্ত- । তাস । (যত্ত্র-দেন) ।

এই ছন্দকে প্রাকৃত পিঙ্গলে **আ' ভীর** ছন্দ বলা হইয়াছে। দৃষ্টান্ত—
স্থানরি গুঞ্জরি । নারী ॥ লোঅন দীশ বি- | সারি ॥
পীন পওহর | ভার ॥ লোলই মোতিম | হার ॥

এইরূপ চরণের সঙ্গে পজ্ঝটিকার পূরা চরণের মিল দেওয়াও হয়।

মানয়ে তব পরি- | রস্ত । প্রেমভরে | স্থবদনি | তকু জকু স্তস্ত ॥ তোড়ল যব নীবি- | বন্ধ । হরিস্থা | তবহিঁম- | নোভব মন্দ ॥

এই আভীর ছন্দের চরণট হুর্দ্বনীর্ঘ উচ্চারণ-বৈষম্য হারাইয়া দশাক্ষরী **লঘু পয়ারে** পরিণত হইয়াছে। আজু কেগো মুরলী বা- | জায়।। এতো কভু নহে শ্রাম । রায়।। চণ্ডীদাস মনে মনে | হাসে।। এরপ হইবে কোন | দেশে।।

প্রাকৃত দীর্ঘ ত্রিপদীর শেষ পর্বে ৩ বা ৪ মাত্রার স্থলে ৬, ৭ বা ৮ মাত্রা থাকিলে তাহাকে প্রাকৃত দীর্ঘ চৌপদী বলা যায়। * মাত্রানির্ণয়, মাত্রা-বিভাগ প্রভৃতি প্রায় দীর্ঘ ত্রিপদীর মতই ৮+৮+৮+৬, ৭+৯+৮+৬, ৭+৯+৮+৭, ৮+৮+৭, ৮+৮৮৮।

* এই দীর্ঘ চৌপদীর বিবিধ রূপ প্রাকৃত পিঙ্গলে বিভিন্ন নামে অভিহিত। সব মাত্রাগুলিকে লঘুষরে পরিণত করিলে এবং ছই মাত্রা অতিপর্ব যোগ করিলে হয়—জলহরণা।

চলু — দমকি দমকি বলু । চলই পইক বলু । ধুলকি ধুলকি করি । করি চলিআ।।

বর-মলু সমল কমল | বিপথ হিঅঅ সল | হমীর বীর জব | রণ চলি মা॥

প্ৰত্যেক পৰ্বাৰ্দ্ধ দীৰ্ঘস্বরের দ্বারা আরব্ধ হইলে— **চউবোলা।**

রে ধনি মন্ত ম । তংগজ-গামিনি । খংজন লোঅণি । চন্দমূহী।

চংচল জুধ্বণ | জাত ণ জাণহি | ছইল সমগ্রহি | কাই ণহী ॥

ত্বইটি অভিপর্ব মাত্রার সঙ্গে নিয়মিত দীর্ঘমাত্রার ঘনঘন প্রয়োগের ফলে হয়—প্রায়াবতী।

ভ অ—তংজিঅ বংগা | ভংগু কলিঙ্গা | তেলঙ্গা রণ | মুক্কি চলে। মর—হট্টা ধিট্টা | লগ্গিঅ কট্টা | সোরট্টা ভঅ | পাতা পলে॥

এই ছন্দগুলিকে সাধারণভাবে 'প্রাকৃত চৌপদী' নাম দেওয়া হইয়াছে। প্রাকৃত চৌপদীতে রচিত পদে ঐ সকল বিশিষ্ট রূপের চরণের অবাধ মিশ্রণ থাকে। সেজ্জু এই শ্রেণীর বিভঙ্গী ছন্দের সহিত বৈষ্ণব কবিদের অবলম্বিত ছন্দের মিল বেশী।

শির--কিজ্জিঅ গঙ্গং । গৌরি অধঙ্গং । হণিতা অণঙ্গং । পুরদহণম।

কিঅ – ফণি বই হারং | তিহুঅণ সারং | বন্দিঅ ছারং | রিউমহণম্ ॥

স্থর—সেবিঅ চরণং মুণিগণ সরণং । ভবভয়হরণং । মূলধরম্ ।

সা- নন্দিঅ বঅণং । অন্দ্র ণঅণং । গিরিবর সয়ণং । গমহ হরম্ ॥ [ত্রিভঙ্গী]।

'প্রাচীন বঙ্গসাহিত্যে' ঐতিচতগুস্তবের ছকটি ইহারই বাংলারূপ। এই ছক্ষই অক্ষরমাত্রিক হইরা অথবা দীর্ঘ উচ্চারণ হারাইয়া 'দীর্ঘ চৌপদীতে' পরিণত হইয়াছে। যেমন রবীক্রনাথের—

কেদারার পরে চাপি। ভাবি ঋধু ফিল্মাফি। নিতান্তই চুপিচাপি। মাটির মামুষ।

লেখাত লিখেছি চের। এখন পেয়েছি টের। সে কেবল কাগজের। রঙিন ফাছুষ।

এই ছন্দের স্তবক-বন্ধনের নিদর্শনও বৈশুব কাব্যে পাওয়া যায়। দৃষ্টাস্ত-স্বন্ধপ শ্রীল নরছরি চক্রবন্তীর একটি পদ হইতে নিদর্শন উদ্ধত করি—

নৃত্যত গৌর5ন্দ্র জনরঞ্জন | নিত্যানন্দ বিপদভয়ভঞ্জন,

কঞ্জনয়ন জ্বতি খঞ্জন গঞ্জন | চাহনি মনমথ গরব হরে। খালকত ছাহুঁ তমু কনক ধ্রাধ্র | নটন ঘটন পাগ ধ্রত ধ্রণীপার,

হাণ মিলিত মুখ লয়ত স্মধাকর | উচার বচন জমু অমিয় ঝরে॥

শ্রীগোবিন্দদাস ছুই একটি পদে এই দীর্ঘ চৌপদীকে একটি অভিনব রূপ দিয়াছেন। একই মিলের বারবার আবির্ভাবে এই বৈচিত্র্যের স্থাষ্ট হইয়াছে।

কুঞ্চিত কেশিনী । নিরুপ্ম-বেশিনি: । রস আবেশিনী । ভঙ্গিনী রে।

অধর স্থরঙ্গিণী । অঙ্গ তরঙ্গিণী । সাজলি নব নব । রঙ্গিণী রে॥

অধর সুধা ঝরু | মুরলী তরঙ্গিণী | বিগলিত রঙ্গিণী | হৃদয়-ভুকুল। মাতল নয়ন | ভ্রমর জনি ভ্রমি ভ্রমি | উড়ত পড়ত প্রাত্ত | উতপ্লফুল ॥ গোরোচন তিলক | চূড়ে বনি চন্দ্রক | বেঢ়ল রমণী মন | মধুকরমাল। গোবিন্দদাস চিতে | নিতি নিতি বিহরই | ইহ নাগরবর | তরুণ তুমাল। নীল স্থলাবণি | অবনী ভরল রূপ | নথমণি দরপণি | তিমির বিনাশে। রায় বসন্ত মন । সেবই অনুখন । ঐছন চরণ ক-। মল-মধুআশে॥ এই ছন্দের চরণের সহিত আভীর, পজ্ঞটিকা ও প্রাকৃত দীর্ঘ ত্রিপদীর মিল দেখা যায়।

(১) গোবিন্দ্রদাস মতি। মন্দে।

এত সুখ সম্পদে। রহইতে আনমন। থৈছন বামন। ধরলহি চন্দে॥

(২) সে সুখ সম্পদে । শঙ্কর ধনিয়া।

সো স্থুখ সার । সরবস রসিকই । কণ্ঠ হি কণ্ঠ প- । রায়ল বনিয়া॥

(৩) বলয় বিশাল কনক কটিকিঙ্কিণী নূপুর রুনু বারু বাজে।

গোবিন্দদাস প্রভূঁ নিতি নিতি ঐছন বিহর্ই ন্বঘন বিপিন-স্মাজে॥

পঞ্চমাত্রার ছন্দ *--পূর্ব লোচিত ছন্দগুলিতে যে ভাবে মাত্রাবিচার ইইয়াছে, সেইভাবের শাত্রায় ৪টি পবে এই ছন্দের প্রত্যেক চরণ গঠিত হয়। ৫+৫+৫+৫—

হরিচরণ । শরণ জয় । দেব কবি- । ভারতী।

বসতু দ্বদি । যুবাতরিব । কোমলক-। লাবতী (জয়দেব)।

ইহার স্তবকিত রূপ—জয়দেবের ৫+৫+৫+৫; ৫+৫+৪

বদিস যদি । কিঞ্চিদিপ । দন্তক্রচি- । কৌমুদী ॥ হরতি দর । তিমিরমতি । ঘোরম্। ক্ষুরদধর | সীধবে | তব বদন- | চন্দ্রমা | রোচয়তি | লোচন-চ | কোরম্॥

* প্রাক্বত পিঙ্গলে এই পঞ্চ মাত্রার স্তব্ধিত ছন্দকে 'ঝু**ল্লন**।' বলা হইয়াছে। বৈষ্ণুৰ ক্বিগণ এই ছন্দের ২য় ও ৪র্থ চরণে তুইটি করিয়া পর্ব ছাড়িয়া দিয়াছেন।

বুল্লনা—সহজ মঅ । মত গঅ । লাখ লখ । পক্ষরিঅ ॥ সাহি দহ । সাজি থে । লস্ত গিং । ছ ।

কোপ্লি পিঅ | জাহি তহি | যাপ্লি জম্ব | বিমল মহি ॥ জিণই ণহি | কোই তুঅ | তুলক হিং । দ্ব ॥

শিখা—এই ছন্দও পাঁচ মাত্রায় গঠিত। ইহার সহিত বৈষ্ণব কৰিদের ছন্দের মিল আরও ঘনিষ্ঠ।

ফুলিঅ মহ । ভমর বহু । বঅণি পহু । কিরণ লহু । অব অরু ব । সন্ত।

মলয়গিরি । কুসুম ধরি । প্রন বহ । সূহব কত্ত । স্থুমুহি স্থি । ণিঅল ণ হি । কন্ত ॥

ভামুসিংহ প্রত্যেক ২য় পর্বে একটি করিয়া মাত্রা ছাড়িয়া দিয়াছেন। যেমন—

আজু স্থি মূত মূত । গাহে পিক কুত কুত । কুঞ্জবনে তুতুঁ ছুতুঁ । দোঁহার পানে চায় । যুবনপদ বিলসিত। পুলকে হিয়া উলসিত। অবশ তন্তু অলসিত। মুরছি জন্তু যায়॥

রবীক্সনাথ (১) পঞ্চশরে ভত্ম করে করেছ একি সন্ন্যাসী, (২) একদা তুমি অঙ্গ ধরি ফিরিতে নব ভূবনে, মরি মরি অনঙ্গ দেবতা, (৩) শ্রাবণ ঘন গহন মোহে গোপন তব চরণ ফেলে, (৪) আবার মোরে পাগল করে দিবে কে. (৫) মর্মে যবে মত্ত আশা সর্প-সম ফোঁসে—ইত্যাদি কবিতায় এই পাঁচ মাত্রার ছন্দকে নানা বিচিত্র-

রূপে উপস্থাপিত করিয়াছেন।

বৈষ্ণৰ কৰিগণ এই স্তৰ্থকিত রূপেরই অনুসরণ করিয়াছেন। এই ছন্দের প্রধান কৰি— শশিশেখর। বৈচিত্রের জন্ম ৫+৪+৫+৪; ৫+৫+৪ মাত্রাতেও স্তবক গঠিত হইয়াছে। অন্তরায় স্থলে স্থলে মিলও দেওয়া হইয়াছে।

- গ্রাম্যকুল | বালিকা | সহজে পশু- | পালিকা। হাম কিয়ে। গ্রাম্য উপ- | ভোগ্যা।
 রাজকুল | সন্তবা | সরসিরুহ- | গৌরবা। যোগ্যজনে | ফিলয়ে জয়ু | যোগ্যা।
- ২। প্রাণাধিকা রে স্থি কাহে তোরা রোয়সি মরিলে হাম করবি ইহ কাজে।
- নীরে নাহি ডারবি অনলে নাহি দাহবি রাখবি দেহ এই বরজ মাঝে॥
- কান্ত সঞ্জে কলহ করি কঠিন কুল কামিনী, বৈঠি রহু আসি নিজ ধামে।
 তবহি পিক পাপিয়া শুক সারী উডি আওত, বদনভরি রউত শুগম নামে॥

সাত্মাত্রার ছন্দ *—একইরূপ মাত্রাবিচারে সাত মাত্রায় গঠিত তিন পর্ব এবং ৩, ৪ বা ৫ মাত্রায় গঠিত শেষ পর্বের দারা এই ছন্দ রচিত। পর্বের ৭ মাত্রায় উপবিভাগ করা চলে। জয়দেবের—৭+৭+৩:—

কিং করিয়্যতি | কিং বদিয়্যতি | সা চিরং বির- | হেণ । কিং জনেন ধ- | নেন কিং মম | জীবিতেন গ্র- | হেণ ।

9+9+9+8--শ্রীসনাতন | চিত্তমানস | কেলিনীপ ম- | রালে ।

মাদৃশাং রতি । রত্র তিষ্ঠত । সর্বদা তব । বালে॥

প্রাক্ত পিন্সলে এই ছন্দ (১) চর্চরী, (২) মনোহংস, (৩) গীতা, (৪) হরিগীতা।

চর্চরী— পাতার নেউর । ঝংঝণক্রই। ২ংস সদ্দ স্থ। মোংগা।

খুর থোর খ-। ণগংগ ণচ্চই। মোতিদাম ম-। পোহরা।

গীতা — জহ—ফুল্লকে মই | চাক চম্পম | চূতমঞ্জরি | বঞ্জা।
সব—দীস দীসহ | কেন্দ্র কাণণ | পাণ বাউল | ভন্মরা।

কেবল তুইমাত্রা অতিপর্ব ছাড়া তুই ছন্দে কোন ভেদ নাই।

হরি গীতা— গঅ—গহহি চুকিঅ | তরণি লুকিঅ | তুবর তুব অহি | হৃষ্ বিষা।

রহ—রহসি মীলিঅ | ধরণি পীলিঅ | অন্নপর ণহি | বুঝিয়া॥

পর্বের প্রথমে দীর্ঘম্বরের বদলে ইহাতে হ্রম্বস্তর আছে—ইহাই প্রভেদ।

মনোহংস — জহি—ফুল্ল কেস্তু অ | সোভা চম্পতা | মংজুলা।

সহ—আর কেসর! গন্ধ লুক্তি **| ভন্ম**রা॥

ইহাতে একটি পর্বই কম। রবীন্দ্রনাথ ৭ এর সহিত ৫ মাত্রার পর্ব ব্যবহারের পক্ষপাতী ছিলেন। (১) বেলা যে পড়ে এল জলকে চল, (২) পরাণে ভালবাদা কেন গো দিলে রূপ না দিলে যদি বিধি হে, (৩) এমন দিনে তারে বলা যায়, (৪) গাছিছে কাশীনাৰ নবীন যুবা ধ্বনিতে সভাগৃহ ঢাকি—ইত্যাদি কবিতায় ৭ এর সঙ্গে ৫ মাত্রার স্মাবেশ দৃষ্ট হয়।

চলি—চূঅ কোইল | সাব ॥ মহ্ন মাস পঞ্ম | গাব ॥ মণ—মন্ধ্য বস্বাহি | তাব ॥ গ্হ—কন্ত অজ্ঞাবি | আব ॥

```
নব—মঞ্জু মঞ্জুল | পুঞ্জরঞ্জিত | চূতকানন | শোহই।
রসা— লাপ কোকিল | কোকিলাকুল | কাকলী মন | মোহই॥
৭+৭+৭-৮৩—নবীন নীরদ | নীল নীরজ | নীলমণি জিনি | অঙ্গ।
যুবতিচেতন | চোর চূড়হি | মোর পিঞ্জ-বি- | ভঙ্গ।
```

বিদ্যাপতির 'গেলি কামিনী গজহু গামিনী বিহসি পালটি নেহারি।'—গোবিন্দাসের 'নন্দনন্দন চন্দ্রনন্দন গল্পনিন্দিত অঙ্গ।' রায়শেখরের 'গগনে অবঘন মেহ দারুণ সঘনে দামিনী ঝলকই।' কবিশেখরের (বিদ্যাপতির?) 'ঈ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর। সিংহভূপতির 'মোর বন বন শোর শূনত বাঢ়ত মনমথপীড়।'—ইত্যাদি পদ এই ছন্দে রচিত।

এই ছন্দের ভবকিত রূপ- ৭+ ৭, ৭+ ৭, ৭+ ৭, ৭+ ২ (কিম্বা ৭+ ৫)

যবহুঁ পিয়া মঝু | আঙনে আওব | দূরে রহি মুঝে | কহি পাঠাওব |

সকল দূখন । তেজি ভূখন ! সমক সাজব । রে।

লাজনতিভয়ে | নিকটে আওব | রসিক ব্রজপতি | হিয়ে সম্ভায়ব |

কামকৌশল। কোপকাজর। তবহুঁ রাজব। রে॥ [সিংহভূপতি]

শ্রীমন্ নরহরি চক্রবর্তা (ঘনশ্যাম) এইরূপ স্তবক-গঠনের প্রধান শিল্পী। দৃষ্টান্ত —

গৌর বিধুবর | বরজ স্থন্দর | জননী পদধূলি | ধরত শিরপর |

করত বিজয় বি- । বাহে ভূসুর । বৃন্দ-বলিত স্থ । শোহয়ে।

চড়ত চৌদল | নাহি ঝলকত | অরুণ কিরণ স- | মুদ্র উছলত |

মদন মদভর | হরণ সরস শি- | ঙার জনমন | মোহয়ে॥

লঘু ত্রিপদী ও টোপদী * – একই নিয়মে ৬টি মাত্রায় এক এক পর্ব গঠন করিয়া ৩ পর্ব

প্রাক্ত পিঙ্গলে তোমর ছন্দের এইরপ দৃষ্টাস্ত দেওয়া আছে। ২—৭+০ শচীনন্দন দাস ও ঘনগ্রাম দাস ব্যারমাখ্যা-প্রদে এই তোমর ছন্দকে সাত মাত্রার সহিত মিশাইয়া স্তবক গঠন করিয়াছেন।

> দেশ—পাপি আঘন | মাস ॥ জন্ম – বিরহতাপ-ত্য | তাশ ॥ দর – পাই স্থুখ বিহি | পেল ॥ হিয়ে— কৈছে সহইব | শেল ॥

হিষে — কৈছে সহইহ। শেল ভেল মঝু। প্রাণ পিয়া পর। দেশিয়া।

জন্ম – ছুটল ফুলশর । ফুটল অস্তর । রহিল তহি পর-। বেশিয়া।।

তোমর ছন্দ হইতে গীতা-ছন্দে ৪টি শব্দের পুনরাবৃত্তির দার। অভিসরণ সঙ্গীতমাধুর্য বাড়াইয়াছে। শচীনন্দন দাসও ঠিক এইভাবে ছন্দের বৈচিত্র্য সম্পাদন করিয়াছেন।

ইহার অমুরূপ ছন্দ প্রাকৃত পিঙ্গলে ফীর ও ধবলাঙ্গ।

হীর ছন্দে শেষ পর্বে পাঁচ মাত্রা এবং ধবলাঞ্চে ছুই মাত্রা। অতএব হীর লঘু চৌপদীর এবং ধবলাঞ্চ লঘু ত্রিপদীর অন্ধ্রূপ। এই ছুই ছন্দে দীর্ঘ স্থারের নিয়মিত বিভাগ আছে। বৈক্ষব কবিদের পদে মোটের উপর পর্বে পর্বে মাত্রাসাম্য রাখা হইয়াছে।

হার—৬+৬+৬+৫-- খূলি ধবল । হক্ক সবল । পক্থি পবল । পতিও।
কণ্ণ চলই । কুম্ম ললই । ভূমি ভরই । কীতিএ।

ও একটি ২ বা ৩ মাত্রার উপপর্বে প্রাকৃত লঘু ত্রিপদীর চরণ এবং এরপ ৩ পর্ব ও ৪ বা ৫ মাত্রায় গঠিত এক এক উপপর্বে প্রাকৃত লঘু চৌপদীর চরণ গঠন করা হইয়া থাকে। দৃষ্টাস্ক—

৬+ ৫-|-৬+৩—বুসতি বিপিন- | বিতানেimes | ত্যজ্জতি ললিত | ধাম।

৬+৬+৬+৩—লুঠতি ধরণি- । শয়নে বহু । বিলপতি তব । নাম ॥ [জয়দেব]।

৬+৬+৬+8—কুর্বতি কিল | কোকিলকুল | উজ্জল কল- | নাদম।

জৈমিনিরিতি | জৈমিনিরিতি | জল্লতি সবি- | যাদম্॥ [সনাতন]।

- (১) আওত পর | বঞ্চক শঠ | নাগর শত | ঘরিয়া | রুমণীপদ- | যাবক পরি- | সর বক্ষসি | ধরিয়া।
- (২) ফ্রাট চম্পক | দলনিন্দিত | উজ্জ্বল তরু | শোভা । পদপঙ্কজে | নূপুর বাজে | শেখর মনো- | লোভা ॥ [শেখর]

রবীক্ষনাথ ঘনঘন যুক্তাক্ষর-প্রয়োগে হীরছন্দের ছন্দোহিল্লোল রক্ষা করিয়া গিয়াছেন—
ক্ষু—কাষ্ঠ-লোই ইইক দৃঢ় ঘনপিনদ্ধকারা। কড়—ভূতল জল অস্তরীক্ষ লজ্মনে লঘু মায়া॥
তব—খনি খনিত্র নখবিদীর্ণ ক্ষিতি বিকীর্ণ অস্ত্র। তব— পঞ্চভূত বন্ধন কর পঞ্চভূত তন্ত্র॥
ধ্বলাঞ্চ—৬+৬+৬+২—তক্ষণ তর্নি । তবহ ধরণি । প্রণ বহ খ- । রা।

লগণ হি জল | বড় মুক্ত থল | জণ জিঅণ হ | রা ॥

এই ছয় মাত্রার ছন্দ তিনভাবে বাংলায় রূপলাভ করিয়াছে।

- (>) একটি রূপে তুই মাত্রা প্রত্যেক দীর্ঘ স্বরের জন্ম ধরা হইয়াছে। যেমন—
 দেশ দেশ নন্দিত করি মন্ত্রিল তব ভেরী। আসিল যত বীরবুল আসন তব ঘেরি॥
- (২) কেবল যুক্তাক্ষরের পূর্বস্থর এবং ঐকার, ঔকারকে তৃই মাত্রা ধরিয়া। যেমন—
 পৌষ প্রথর শীত জর্জর কিল্লীমুখর রাতি | নির্জন গৃহ নিদ্রিত পুরী নির্বাণ দীপবাতি ॥
- প্রকলপ্রকার দীর্ঘন্থরকেই উপেক্ষা করিয়া অক্ষর-মাত্রিকভাবে। বেমন

 বঙ্গে স্থবিখ্যাত দামোদর নদ ক্ষীরসম স্বাহ্ নীর।
 রবীন্ত্রনাথ অন্তরার পূর্বে হুই মাত্রা বাড়াইয়া লিখিয়াছেন—
 - (১) শুনহ শুনহ বালিকা। রাথ কুস্থম-মালিকা।
 কুঞ্জ কুঞ্জ ফেরন্থ সথি খ্যামচন্দ্র নাহিরে।
 তুলই কুস্থম মঞ্জরী ভ্রমর ফিরই গুঞ্জরি।
 অলস যমুনা বহয়ি যার ললিত গীত গাহিরে॥
 - (২) তৃ.মি— চক্রমুখর-মন্ত্রিত। তৃমি বজ্বহিং-বন্দিত।

 তব— বস্তু বিশ্ব বক্ষদংশ ধ্বংসবিকট দস্ত।

 তব—দীপ্ত অগ্নি শত শতদ্বী বিদ্ববিজয় পদ্ব॥

ইহা অনেকটা বিজ্ঞাপতির—

যদ—গোধূলি সময় বেলি। ধনি—মন্দির বাহির ভেলি।
নব জলধরে বিজুরিরেহা দক্ষ পাসরিয়া গেলি॥ ইত্যাদির অফুরূপ।

৬+৬+৬+৫ (৩) চন্দ্রকোটি | কমল ছোট | ঐছে বদন | ইন্দুরা |

মুকুতাপাঁতি | দশন কাঁতি | বচন অমিয়া | সিম্ধুরা ॥ [মাধব]।

৬+৬+৬+৩ (৪) নব রঞ্জিম | পদ ভক্তিম | অঙ্গুলে নখ | চাঁদ | মাধব ভণ | রমণী মন- | চকোর নিকর | ফাঁদ ॥

স্তবক— আজু বিপিনে আওত কান। মূরতি মূরত কুস্থমবাণ।

জমু জলধর রুচির অঙ্গ ভাঙ নটবরশোহনী।

विश्व अथरत युत्रली थूत्रली विञ्च वन-मनरमाहिनी ॥

বৈশ্বব কবিগণ কোথাও অক্ষরে অক্ষরে প্রত্যেক দীর্ঘস্বরকে ছুই মাত্রায় ধরিয়াছেন—কোথাও কোন কোন দীর্ঘস্বরের হুস্ব উচ্চারণ করিয়াছেন। কোথাও তাঁহারা পর্বের প্রথমাংশে দীর্ঘমাত্রা, কোথাও দিতীয়াংশে দীর্ঘমাত্রার ব্যবহার করিয়াছেন। উপরের দৃষ্টাক্তগুলিতে দেখা যায়—
যুক্তাক্ষরের পূর্ব স্বরকে সর্বত্রই ছুই মাত্রা ধরিয়াছেন। ক্রমে এই ছন্দে যুক্তাক্ষরের পূর্ব স্বর, একার ওকার ছাড়া কোন দীর্ঘস্বরের দীর্ঘন্ব স্থীকার করা হয় নাই। পরে কোন দীর্ঘ স্বরের দীর্ঘন্ব স্থীকার করা হয় নাই। পরে কোন দীর্ঘ স্বরের দীর্ঘন্ব স্থীকার করা হয় নাই অর্থাৎ ছন্দ অকরমাত্রিক হইয়া পড়িয়া একেবারে ছন্দোহিল্লোল হারাইয়াছিল।

প্রার—গল্পটিকা শেষ পর্বের ছইমাত্র। ও হ্রম্ব দীর্ঘ মাত্রার বৈষম্য হারাইয়া চতুর্দণ অক্ষর মাত্রায় পয়ারে পরিণত হইয়াছে। পূর্বেই কতকগুলি চরণ তুলিয়া দেখাইয়াছি—দেগুলি পল্পটিকার পদে যেমন স্থসমঞ্জস, পয়ারের পদেও তেমনি। চণ্ডীদাস, কবিশেখর, যহুনন্দন ইত্যাদি কবিগণ এবং চৈতন্মচরিতকারগণ পয়ারে কাব্য রচনা করিয়াছেন। চণ্ডীদাসের পয়ারে যুক্তাক্ষরের আতিশয়্য নাই—দেজন্ম ইহা পল্পটিকারই কাছাকাছি।

- ১। কালার লাগিয়া হাম হব বনবাসী | কালা নিল জাতি কুল প্রাণ নিল বাঁশী।
- ২। এ কবিশেখর কয় না করিহ ভর । গোপনে ভুঞ্জিবে স্থুখ না জানিবে পর॥

ক্রমে এক-এক মাত্রার স্থলে দলে দলে যুক্তাক্ষর পয়ারের মধ্যে প্রবেশ করিয়া পয়ারকে পদ্মটিকা হইতে বহুদূরে লইয়া গেল। যেমন——

ভাবাদি অঙ্গজা তিন বৈমুশ্ধ্য চকিত। দ্বাবিংশতি অলঙ্কারে রাধাঙ্গ ভূষিত। [যছ্নন্দন]।

তারপর পয়ারের মধ্যে আর এক শ্রেণীর চরণ প্রবেশ করিল। এই শ্রেণীর চরণে পাদক মাত্রা (Syllablic) এক এক মাত্রার স্থান অধিকার করিল। পূর্ববর্তী ব্যঞ্জন বর্ণের সহিত হলস্থ বর্ণের মিলনে অথবা স্বরযুক্ত ব্যঞ্জনবর্ণে একএকটি পাদকমাত্রা গঠিত। পয়ারের মধ্যেই পাই—

> পিঠে দোলে সোণার ঝাঁপা তাঁহে পাটের থোপা। গলে দোলে বকুলমালা গন্ধরাজ চাঁপা॥ [রামানন্দ]

ইহা যে পয়ার, তাহা নিম রূপ হইতেই বুঝা যাইবে—৮+৬, ৮+৬
পিঠে দোলে সোণাঝাঁপা তাহে পাটের্থোপা।

গলে দোলে বকুলালা গন্ধরাজ চাঁপা।

এই শ্রেণীর চরণের আতিশয্য কোন পদে ঘটিলেই তাহাকে 'ধামালী' বলা হয়। পয়ারের এই ধামালীরূপের সূত্রপাত বড়ুচণ্ডীদাস হইতেই হইয়াছে।

> কেনা বাঁশী | বা এ বড়ায়ি | কালিনী নই | কুলে। কেনা বাঁশী | বাএ বড়ায়ি | এ গোঠ গো | কুলে॥

বৈষ্ণব সাহিত্যে শ্রীল লোচনদাস এই ধামালী ছন্দের প্রধান প্রবর্ত্তক।*

তার পর ক্রমে এই ছন্দই রামপ্রসাদের রচনার মধ্য দিয়া বর্ত্তমান বাংলা কবিতার প্রধান ছন্দ হইয়া উঠিয়াছে। দৃষ্টাস্ত—

8+8+8+২—রপের নাগর | রসের সাগর | উদয় হলো | এসে।
নাগরী লো- | চনের মন যে | তাইতে গেল | ভেসে॥

দীর্ঘ ত্রিপদী—পজ্ঝটিকা যেভাবে পয়ারে পরিণত হইয়াছে, প্রাকৃত দীর্ঘ ত্রিপদীও সেই ভাবে সাধারণ দীর্ঘ ত্রিপদীতে পরিণত হইয়াছে। দীর্ঘস্তরের মাত্রা-গৌরব হারাইয়াও ইহা কেবল অযুক্তাক্ষরের ভূরি প্রয়োগে প্রাকৃত ছন্দের কাছাকাছি ছিল। যেমন—

> গোকুলনগর-মাঝে | আরো কত নারী আছে | তাহে কোন না পড়িল | বাধা। নিরমল কুলখানি | যতনে রেখেছি আমি | বাঁশী কেন বলে রাধা | রাধা॥

ক্রমে এক একটি মাত্রার স্থলে যুক্তাক্ষরের অবাধ প্রবেশে ইহা প্রাকৃত হইতে দূরবর্ত্তী হইল। যেমন—

মোর নেত্র ভৃঙ্গ পদ্ম | কি কান্তি আনন্দ সদ্ম | কিবা ক্ষুর্ত্তি কহত নিশ্চয়। কহিতে গদগদ বাণী | পুলকিত অঙ্গখানি | এ যত্নন্দন দাস কয়॥

শুধু যুক্তাক্ষর নয়, ক্রমে পাদকমাত্রা (স্বরযুক্ত ব্যঞ্জন + হলন্ত ব্যঞ্জনে গঠিত মাত্রা) প্রবেশ করিয়া ইহার রূপ আরও বদলাইয়া দিল। যেমন—

অক্রুর করে তোর দোষ | আমায় কেনে কর রোষ | ইহা যদি কহ ছরা- | চার। তুই অক্রুর মৃত্তি ধরি | কৃষ্ণ নিলি চুরি করি | অন্তের নয় এছে ব্যব- | হার॥

চাইলে নয়ন বাঁধা রবে মনচোরা তার রূপ। হাস্তবয়ান রাঙা নয়ান এই না রসের কূপ।
চাইলে মেনে মরবি ক্ষেপি কুল সে রবে নাই। কুল শীল তোর রাথবি যদি থাক না বিরল ঠাই।
কুল খোওয়াবি বাউরি হবি লাগলে রসের চেউ। লোচন বলে রসিক হ'লে বুঝতে পারে কেউ।
পাদকমাতার সংখ্যা বাড়িয়া এই ছল্ফ ধামালীর দীর্ঘ ত্রিপদীর রূপ ধরিল।

এমন কেউ ব্যথিত থাকে | কথার ছলে থানিক রাথে | নয়ন ভরে দেখি | ক্লপথানি। লোচন দাস বলে কেনে | নয়ান দিলি উহার পানে। কুল মজালি আপনা আ- | প্রি॥ ইহারই বর্ত্তমান রূপ (রবীন্দ্রনাথ)—

> থোকা মাকে শুধার ডেকে এলাম আমি কোথার থেকে কোন্ খানে তুই কুড়িয়ে পেলি আমারে। মা তারে কয় হেসে কেঁদে, খোকারে তার বুকে বেঁধে ইচ্ছা হ'য়ে ছিলি মনের মাঝারে॥

ব্রজবুলির ব্যাকরণ*

শব্দরপে—ইহাতে দ্বিচনের কোনও বিভক্তি নাই। দ্বিচন প্রকাশ করিতে শব্দের পূর্বে বা পরে তুহুঁ বা দোন শব্দ ব্যবহার করা হয়। 'তুহুঁ লোচন ভরি যো হরি হেরই' (পদক ২৩3)। বহুবচনেরও বিভক্তি নাই। 'সব', 'গণ', 'আদি' শব্দযোগে প্রথমার বহুবচন ব্যক্ত করিতে হয়।

- (১) প্রথমার একবচনে প্রায়ই কোনও বিভক্তি-চিহ্ন থাকে না। কচিৎ 'এ' বিভক্তি প্রযুক্ত হয়।
 - (২) কর্মকারকে দ্বিতীয়ার কোন বিভক্তির ব্যবহার নাই।
- (৩) তৃতীয়ায় 'এ', 'হি', 'হিঁ' বিভক্তির প্রয়োগ হয়। 'করে কর বারিতে উপজল প্রেম' (পদক ৫২)। 'ঝরঝর **লোরহি** লোলিত কাজর' (পদক ৪০)। 'যো **অভিলামহি** প্রকট নবদ্বীপে' (পদক ৬৮) এস্থলে হেত্বর্থে তৃতীয়া।
- (৪) পঞ্চমীতে 'দেঁ' ও 'দঞে' প্রযুক্ত হয়। 'ঘর দঞে করষয়ে নয়ল সুলেহ' (পদক ১১৫)।
- (৫) ষষ্ঠীতে 'ক', 'কা', 'কি' ও 'কে' প্রযুক্ত হয়; কিন্তু হিন্দীতে যেমন 'রাজাকা বেটা', 'রাজাকী বেটী—এইরাপ বেটা ও বেটা শব্দের যথাক্রমে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অনুসারে সম্বন্ধে ষষ্ঠা বিভক্তির 'কা' ও 'কী' হয়, মৈথিলী ও ব্রজবুলিতে সেরাপ নিয়ম নাই। মৈথিলীতে উভয়ত্রই 'ক' বিভক্তি হয়। বাংলা ব্রজবুলিতে ব্রজভাষার প্রভাব হেতু যদিও ষষ্ঠা বিভক্তিতে কদাচিৎ 'কি' বিভক্তির প্রয়োগ হয়, কিন্তু ব্রজভাষার আয় লিঙ্গের প্রতি লক্ষ্য করা হয় না। যথা—(ক) 'পেথলুঁ জন্ম থির বিজ্রিক মালা' (পদক ৫৬), ব্রজভাষায় মালা স্ত্রীলিঙ্গ বলিয়া 'বিজ্রিকী' হওয়া উচিত ছিল। (খ) 'রাপগুণবতিকা ইহ বড় কাজ (পদক ৬৩), (গ) 'আরতি যুগল কিশোরকি কীজৈ' (পদক ২৮৫); এই সব স্থলেও স্ত্রীলিঙ্গ ব্যবহৃত হয় নাই। (ঘ) 'যাঁকে মন্ত্রী অভিন্ন কলেবর' (পদক ১১); এস্থলে 'যাঁকে, স্থলে 'যাঁক' পাঠে ছন্দঃপাত হয়।
- (৬) সপ্তমী বিভক্তিতে 'এ', 'হি' ও 'হিঁ' প্রযুক্ত হয়। কখনও বা কোন বিভক্তি-চিহ্নই থাকে না। আবার কখনও 'মধ্যে' শব্দের অপভ্রংশ 'মাহা', 'মাহ' বা 'মাঝে' শব্দ-প্রয়োগ হইয়া সপ্তমীর অর্থ প্রকাশ করে।
- কে) 'ইহ সব ভূবনে, প্রেমরস-সিঞ্চনে, প্রল জগজন আশ' (পদক ৮); এস্থলে ভূবনে শব্দ সপ্তমী-বিভক্ত্যন্ত এবং 'সিঞ্চনে' শব্দ ভৃতীয়ান্ত পদ।
 - (খ) 'মরমহি পামর পরিজন পামর' (পদক ৪০), মরমহি—মর্মে
 - (গ) 'কবিগণ চমকয়ে চীত' (পদক ১৮), চীত=চিত্তে
 - (ঘ) 'নূপ-আসন খেতরি মাহা বৈঠত' (পদক ১১), খেতরি মাহা=খেতরিতে !
 - (ঙ) 'সো রসজলধি মাঝে মণিগেহ' (পদক ২৭) জলধি মাঝে—জলধিতে।

শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় মহাশয়ে পদকল্পতক্ষর ভূমিকার ছায়াবলম্বনে।

স্ব'নামের বিশেষত্ব—(১) অস্মৃদ্ শব্দের প্রথমার একবচনে 'হম্বা 'হাম্', বহুবচনে 'হম্সব', দ্বিভীয়ার একবচনে 'মুঝে', 'হমে' বা 'হামে'। তৃতীয়া একবচনে 'হম্সেঁ, চতুর্থীর একবচনে 'মুঝে', 'হমে' বা 'হামে'। পঞ্চমীর একবচনে 'হমা সঞ্জে', ষষ্ঠীর একবচনে 'মোর', 'মঝু' বা 'হামক'। সঞ্জীর একবচনে 'হমে বা 'হামে'।

- (২) যু**মদ্** শন্দের :।১ ভুহুঁ, ১ বহু 'তুহুঁ সব'। ২।১ তোহে, ৩।১ 'তোসোঁ', ৪।১ 'তোহে'। ৫।১ 'তো সঞে' বা 'তুহুঁ সঞে', ৬।১ 'তুয়া', 'তোর', বা 'তোহর'। ৭।১ 'তোহে'।
- (৩) তদ্ শব্দের ১।১ 'সো', (মৈথিলী 'সে', ব্রন্ধভাষা 'সো') 'সেহ'; ২।১ 'তাহে', ৩।১ 'তা সঞে', ৪।১ 'তাহে', ৫।১ তা সঞে, ৬।১ 'তছু', 'তাক', 'তাকর'; ৭।১ 'তাহে'।
- (৪) **যদ্ শ**ন্দের : 15 'যো', 'যেহ', ২15 'যাহে', ৩15 'যা সঞ্জে; ৪15 'যাহে'; ৫15 'যা সঞে', ৬15 'যছু', 'যাক', 'যাকে', 'যাকর'; ৭15 'যাহে'।
- (৫) ইদম্ শব্দের ১।১ 'ইহ', 'এ' 'এহ, ; ২।১ 'ইহকো', ৩।১ 'ইহ সঞে', ৪।১ 'ইহকে', ৫।১ 'ইহ সঞে', ৬।১ 'অছ্', 'ইহক', 'ইহকর'; ৭।১ 'ইহপর'।
- (৬ অদস্ শব্দের ১/১ 'উহ' 'ও'; ২/১ 'উহকে', ৩/১ 'উহসঞে', ৪/১ 'উহকে', ৫/১ 'উহ সঞে', ৬/১ 'উহক', 'উহকর'; ৭/১ 'উহপর'।

ধাতুরপে ব্রজবৃলির ধাতুরপে প্রায় সর্বএই মৈথিল ও বাংলা ভাষার প্রভাব দেখা যায়, তবে 'গেও' ইত্যাদি কোন কোন ধাতুরপে ব্রজভাষার প্রভাব স্থুস্পষ্ট। ব্রজভাষার 'গএ' ব্রজ-বৃলিতে 'গেও' হইয়াছে; দৃষ্টান্ত যথা—ছুরে গেও মুরলি আলাপন গীত (পদক ৫৫)

- (১) ধাতুর উত্তর প্রথমপুরুষ বর্তুমান কালে 'অ', 'অই', 'অয়ে', 'উ' বিভক্তি হয়। 'কহ' ধাতুর পদ—'কহ, কহই, কহয়ে, কহ'। এক বা বহুবচনে রূপের প্রভেদ নাই। মধ্যম পুরুষে 'অ'ও 'অসি' বিভক্তির যোগে 'কহ', 'কহসি' পদ হয়। উত্তম পুরুষে 'অ', 'হ', 'উ', ওঁ-বিভক্তিযোগে 'কহ, কহি, কহুঁ, কহোঁ' পদ হয়।
- (২) অতীতকালে 'অল'-প্রত্যেয় মৈথিল ও বাংলার নিজস্ব। 'কহই, কহে' ইত্যাদি রূপ বজভাষায় কচিৎ দৃষ্ট হইলেও 'কহল, কহলুঁ' উহাতে আদৌ হয় না। মধ্যমপুরুষে কতৃবিচ্যে 'অলি' প্রত্যেয় হয়, যেমন 'হামারি গরব তুহুঁ আগে বাঢ়াআলি (বপ)। 'মাধব কাঁহে আশোয়াসলি রামা' (গোবিন্দ)। উত্তমপুরুষে কিন্তু 'অনু' বিভক্তির যোগ হয়, যথা—'ভালে বুঝারু, অলপে চিহ্নু' (বিছা) আর উত্মপুরুষে 'অলু' বা 'অলুঁ' হয়, যথা—'মধু সিন্ধুহি বিন্দুন দেখলু' (বিছা)।
- (৩) ব্রজভাষার অপর বৈশিষ্ট্য—কতুপিদ স্ত্রীলিঙ্গ হইলে ভিডন্তপদও 'ী'যুক্ত হয়। 'রাজা জাতে হৈঁ', কিন্তু 'রাণী জাতী হৈঁ'। 'রাজা গয়া' কিন্তু 'রাণী গঈ'। হিন্দীভাষায় ও উত্বতি ভিডন্তপদে লিঙ্গভেদ দেখা যায়; কিন্তু মৈথিল ও বাংলা ভাষায় ইহা নাই। বিভাপতির কোনও কোনও পদে ব্রজভাষার এই বিশেষত্বও লক্ষিত হয়—যেমন—'গেলি কামিনি গজ্জ গামিনী' (বিভা ৫:). 'ততহি ধাওল ত্তু লোচন রে জতহি গেলি বর নারী (বিভা ৫:২)। বাংলাতেও 'ই' প্রত্যয় হয়। 'খোজতি কির্তি জননী যশোমতি'।
 - (৬) মৈথিল ও ব্রজবুলিতে 'অব'যোগে ভবিষ্যুৎ কালের ক্রিয়াপদ সিদ্ধ হয়—কহব, চলব

ইত্যাদি। ইহা বাংলার কহিব চলিব ইত্যাদির অনুরূপ। ব্রজভাষায় ও উহু তৈ পুংলিঙ্গে 'এগা' ও স্ত্রীলিঙ্গে 'এগা' এবং সন্মানার্থে 'এঙ্গে' ও 'এঙ্গা' যোগ হয়। লড়্কা কহেগা, লড়্কী কহেগী। রাজা কহেঙ্গে, রাণী কহেঙ্গী; ব্রজবুলিতে দৃষ্টাস্ত—'নগরে বাজব জয়তূর (বিছা), 'দরপণ ধরব, বেদী বনাব হাম, কদলী রোপব' ইত্যাদি। ভবিষ্যুৎ কালে প্রথম পুরুষে 'অবে' প্রত্যয়ও কচিৎ হয়। 'আবেশে সাঁচর পিয়া ধরবে। যাওব হাম, যতন তনু করবে' ইত্যাদি। শ্রীকৃষ্ণকীর্ত্তনে কতৃ বিচ্যে ভবিষ্যুৎকালে উত্তম পুরুষে 'অবোঁ' হয়—'জৈসানে রতি জানবোঁ। তেসাণে কার্ছ আনিবোঁ। তাক পাঅবোঁ কমণ পরকারে' ইত্যাদি।

- (৫) অনুজ্ঞায় 'অউ' যোগে 'কহউ, চলউ' ইত্যাদি পদ নিষ্পন্ন হয়। কর্তৃবাচ্যে ভবিষ্যুৎ কালে অনুজ্ঞাসূচক মধ্যমপুরুষে 'অবি' বিভক্তির প্রয়োগ হয়—যথা 'বৈঠবি, দেওবি, ঠেলবি (বিছা); 'নাপবি, দরশায়বি, রাখবি' (গোবিন্দ) 'উপেখবি, সহবি, ধরবি (শেখর) ইত্যাদি।
- (৬) মৈথিল ও ব্রজবুলিতে প্রথম ও উত্তম পু্রুষের ক্রিয়াপদ একই রূপ; 'সো কহব, হম কহব' ইত্যাদি।
- (৭) প্রাচীন বাংলার স্থায় ব্রজব্লিতেও ভাববাচ্যে 'ইয়ে' প্রত্যয় যোগ হয়—'যো তুয়া ছুখে ছুখায়ত শতগুণ, তাহারে কি বেদন না কহিয়ে' (বিছ্যা ৭১); কহিয়ে— কহা যায়।

ক্তংপ্রতায় ও তদিত প্রতায়—(১) হিন্দী, মৈথিল, বাংলা প্রভৃতির অপভ্রংশ ভাষার আয় ব্রজবৃলির নিজস্ব কৃৎপ্রতায়ের সংখ্যা খ্ব কম। তৎসম কৃদন্ত শব্দ হইতেই অপভ্রংশের নিয়মানুসারে ব্রজবৃলির কৃদন্ত পদও উভূত হয়। সংস্কৃত যপ্-প্রতায়ান্ত 'প্রণম্য' পদের অপভ্রংশ 'প্রণমিঅ' হইতে ব্রজবৃলী ও বাংলার 'প্রণমি' হইয়াছে। তক্রপ কথয়িত্বা—কহইঅ, চলিত্বা—'চলিঅ' ইত্যাদি হইতে ব্রজবৃলির 'কহই', 'চলই' বা ঠিক বাংলার মত 'কহি', 'চলি' ইত্যাদি। বাংলা ধাতুর উত্তর ক্রিয়াবাচক বিশেষ্যে 'অনি' প্রতায় হয়। যথা 'বঙ্ক নেহারনি' (বিছা), 'বাছর বলনি, অঙ্গের হেলনি, মন্থর চলনি ছাঁদে' [গোবিন্দ]। প্রাচীন বাংলা ও ব্রজবৃলির একটা নিজস্ব ক্থেতায়়—সংস্কৃতে অতীতের 'ক্ত' প্রতায়ার্থে 'ইল' প্রতায়। ইল—সংস্কৃতে যোগ্যার্থক 'অনীয়' প্রতায়ার্থে কদাচিৎ ব্যবহৃত হয়। 'যে চিতে দড়াঞাছি সেই সে হয়। ক্ষেপিল বাণ যেন রাখিল না হয় (বিছা ৮৯৭); এক্সলে খেপিল—নিক্ষিপ্ত, রাখিল—রক্ষণীয়। বিছাপতির পদেও 'ভিতল বসন' (পদক ২০৭), 'নাহলি গোরি' (পদক ২০৮) ইত্যাদি পদ 'সিক্ত বসন' ও 'স্লাতা গোরী' ইত্যাদি অর্থে ব্যবহৃত হইয়াছে।

- (২) তদ্ধিত-প্রতায়-সম্বন্ধে বাংলা ও ব্রজবুলিতে নিজস্ব তদ্ধিত প্রতায় খুবই কম।
- (क) 'তৎপ্রিয়' অর্থে 'ইয়া' প্রত্যয়, যেমন 'সুরধুনী তীরে নাচে রঙ্গিয়া সঙ্গিয়া' [নপ]।
- (খ) 'তদ্যুক্ত' অর্থে 'উআ' প্রত্যয়, যথা—'ভ রু সা দেখিয়া যেহু রুচক আম্বল' [কুকী]।

সমাস—ব্রজবুলিতে কর্মধারয় ও তৎপুরুষ সমাসই খুব বেশী দৃষ্ট হয়। বহুব্রীহি সমাস অতিশয় কম। সংস্কৃত ব্যাকরণে যোগ্যতানুসারে পদগুলি সাজাইয়া সমাস করিতে হয়—ব্রজবুলিতে এরপ নিয়ম নাই।

- (ক) 'চঞ্চল-নয়নে, চাহ চপলমতি, জিতগতি-মত্ত-গজরাজ' (পদক ৩৮) জিতগতি ইত্যাদি পংক্রিটি নায়িকার বিশেষণ—সংস্কৃত নিয়মে হওয়া উচিত ছিল—'গতিজিত-মত্ত-গজরাজ'।
- (খ) 'চূড়ক চূড়ে, ময়ূর-শিখণ্ডক, মণ্ডিত-মালতি-মাল (পদক ৭৪) এস্থলে 'মালতিমালমণ্ডিত' হওয়া উচিত।

সমাস-সম্বন্ধে আর একটি বিশেষ কথা এই যে হিন্দী, মৈথিল, বাংলা প্রভৃতি প্রচরৎ ভাষা-শুলিতে দীর্ঘ সমাসের প্রয়োগ নাই, কিন্তু ব্রজবুলিতে প্রায় সর্বত্র, বিশেষতঃ শ্রীগোবিন্দ দাসের পদে জয়দেবের গীতগোবিন্দের ন্যায় সমাসের মালা গাঁথা হইয়াছে। বিছাপতি যাহা করিতে পারেন নাই, গোবিন্দদাস তাহা সম্যক্তাবে করিয়াছেন; যথা—'অজন-গজন, জগজন-রজন, জলদ-পূঞ্জ জিনি বরণা। তরুণারুণ-থল, কমলদলারুণ, মজীর-রঞ্জিত-চরণা'॥ ইহার রচনা-পরিপাট্য সর্বসন্থদয়-বেছ; 'তৎসম' শব্দ ও সমাসের প্রাচুর্যই উহার মুখ্য কারণ। বাঙ্গালার ব্রজবুলির ইহাই অনন্যসাধারণ বিশেষত্ব।

পদাবলীর রুস ও অলম্বার

'উজ্জলনীলমণি' প্রন্থের অন্ধুসরণে জানা যায় যে বিভাব, অনুভাব, সান্ত্বিক ও ব্যক্তিচারী ভাব-কদম্ব মিলিত হইয়া স্থায়ী ভাব হইলে 'রস' হয়। রসের সার—চমৎকারিছ। ধ্বনি বা ব্যঞ্জনাই কাব্যে চমৎকারিছ সমর্পণ করে। ব্যঞ্জনারহিত কাব্য অলক্ষার-পূর্ণ হইলেও শোভা পায় না। রস ব্যঞ্জনাগম্যই বলিয়া আলক্ষারিকেরা রসকে কাব্যের প্রাণ বলিয়াও অভিহিত করিয়াছেন। এই রসতত্ত্ব স্থায় দার্শনিক বিচারের উপর প্রভিষ্ঠিত। বৈষ্ণবকবিগণ অপ্রাকৃত নায়ক নায়িকা প্রীরাধাগোবিন্দের মধুর রসাস্বাদন-বৈচিত্রী বিশেষভাবে পরিবেষণ করিয়াছেন, কিন্তু তাই বলিয়া বাৎসল্য বা স্থ্যরম্ও উপেক্ষিত হয় নাই। শক্ষালক্ষার এবং অর্থালঙ্কার প্রভৃতিও বৈষ্ণবকবিগণ যথেষ্ট ব্যবহার করিয়াছেন। গোবিন্দ্দাসের 'কাননে কামিনী কোই না যায়' (পদক ১৭০০), 'মুখরিত মুরলী মিলিত মোদনে' ইত্যাদি পদটি অনুপ্রশাস ও যমকের দৃষ্টান্ত। তদ্ধপ তদ্রুচিত 'দেখত বেকত গৌরচন্দ্র' (পদক ১০৫৬) পদটিতেও অনেকস্থলে রূপক এবং তত্ত্রত্য 'উদিত দিনহুঁ রাতিয়া' বাক্যে উপমান প্রাকৃত্যন্ত ইত্তে উপমেয় গৌরচন্দ্রের দিবারাত্রিতে উদয়–নিবন্ধন 'ব্যাতিরেক' অলঙ্কার স্টেতি হইতেছে। এইরূপে বহু উদাহরণ দেখান যায়।

মীলিত অলঙ্কার—'রাধার কাজল লেগেছে হৃদয়ে, লখিতে নারিল কেহ। চণ্ডীদাসে কয়, লুকাতে না হয়, বলিহারি কাল দেহ'॥

আক্রেপ—'বন্ধুসঙ্গে তব যদি ইচ্ছা থাকে মনে।

তবে এ মূরতি সখি! দেখোনা নয়নে'॥ (ঘনশ্যাম দাস)।

প্রতীরমানোৎপ্রেক্ষা—অপরূপ পেখলুঁ রামা।

কনকলতা অবলম্বনে উয়ল হরিণী-হীন হিমধামা (বিভাপতি-পদক ৫৯।

1097 সেকেহ — 'ইনি কি হে কনকলতিকা সঞ্চারিণী? কিন্তা লাবণ্যের উর্মি নয়ন-রঞ্জিনী?' (যতুনন্দন দাস)। 'ভুজপাশে বাঁধি জঘনপর তাড়ি। অ্নুকুল---পয়োধর-পাথর হিয়ে দেহ ভারি' (পদক ৬৮৭)। অহুরূপ-(গীগো ।। ৪) 'ঘটয় ভুজবন্ধনং জনয় রদথগুনম্'। েসৌরভে আগরি রাই স্থনাগরি কনকলতাসম সাজ। হরিচন্দন বলি কোরে আগোরল কুঞ্জে ভুজঞ্জমরাজ ॥ পরিণাম— যাঁহা যাঁহা অরুণ চরণে চলি যাত। তাঁহা তাঁহা ধরণী হউ মঝু গাত॥ যো দরপণে পহুঁ নিজ মুখ চাহ। মঝু অঙ্গ জ্যোতি হউ তছু মাহ। ইত্যাদি। অর্থান্তরক্সাস—(বংশ ৪২১৫—১৮) 'এত পোড়ায় পুড়িব যারে তার কিবা স্থুখ। বান্ধা নারী কি জানে প্রসূতা নারীর হুখ।। এন্থলে বৈধর্ম্য-মূলক অর্থান্তরক্যাস হইয়াছে, যেহেতু বন্ধ্যা নারী প্রস্থতার হুঃখ বোঝে না— এই বিরুদ্ধ ধর্মসূচক বাক্যের দ্বারা একুফকেও এরাধার ছু:খে অনভিজ্ঞ বলা হইয়াছে। নিদর্শনা—(বংশ ১১২১–২২) 'নিশির সপন জান এই রঙ্গ-রস। ফুটিলে কমল-পুষ্প দিন অষ্ট দশ॥' এস্থলে রঙ্গরসের সহিত অল্পদিনস্থায়ী কমলপুষ্পের বিম্বান্থবিম্বত্ব-(সাদৃশ্য)-প্রকটনে নিদর্শনার স্থান করিয়াছে। ব্যাজস্তুতি— 'ভাল ভাল মাধব তুহুঁ রহু দূর। অযতনে ধনিক মনোরথ পূর'॥ বিনোজি-'তমু মন জোরি গোরি তোহে সোঁপল কনয়া–জড়িত মণিরাজ। গোবিন্দদাস ভণে কনয়া বিহনে মণি কবহুঁ হাদয়ে নাহি সাজ'॥ অসঙ্গতি--'পদন্থ হৃদুয়ে তোহারি। অন্তর জ্বলত হামারি। অধরহি কাজর তোর। বদন মলিন ভেল মোর॥' অতিশয়োজি— 'কোমল চরণ চলত অতি মন্থর উতপত বালুক বেল। হেরইতে হামারি সজল দিঠি পঞ্চজ তুহুঁ পাতুক করি নেল'॥ 'যো কর-বিরচিত হার উপেথলুঁ হার ভুজঙ্গম ভেল'। বিষম— একাবলী-'কুলবতী কোই নয়নে জনি হেরই হেরত পুন জনি কান। কাফু হেরি জনি প্রেম বাঢ়ায়ই প্রেম করই জনি মান॥' ভ্ৰান্তিমান— 'শুন্দরি জানলি তুয়া গুরভান। হরিউর-মুকুরে হেরি নিজ ছাহরি তাহে সৌতিনি করি মান'॥

কালভুজগকোরে ছোড়ি মুগধি সথি গমন যুগতি না যুয়ায়॥

'অব কিয়ে করব উপায়।

সংসৃষ্টি--

চন্দ্রক চারু ফণাগণ-মণ্ডিত বিষ বিষমারুণ দীঠ। রাইক অধর লুবধ অনুমানিয়ে দশনক দংশন মীঠ'॥ ইহাতে বিশেষোক্তি, বিভাবনা, অপক্তুতি, যমকাদির মিশ্রণ।

কীর্ত্তন-প্রসঙ্গ

সঙ্গীতের আকরস্থান সর্বোচ্চ ধাম—শ্রীবৃন্দাবনের রাসস্থলী ও অভিন্নব্রজ শ্রীমন্নবদ্বীপ। নিত্যরাসস্থলীতে ইহা শ্রীরাধাকৃষ্ণের প্রচুরতর আনন্দসিমুর উত্তাল তরঙ্গরঙ্গাবলীর উদ্ভাবক এবং শ্রীনবদ্বীপে মহাসংকীর্ত্তন–রাসবিলাসের নিত্যসহায়ক। ব্ৰহ্ণগোপীগণ চতুষষ্ঠিকলাবিৎ. অতএব সঙ্গীতজ্ঞও, এই বিত্যা অনাদি হইলেও ব্রহ্মা হইতেই ইহা সঙ্গীতরূপে সর্বসাধারণ্যে প্রকাশিত হইয়াছে। "পুরা চতুর্ণাং বেদানাং সারমাকৃষ্য পদ্মভূঃ। ইদন্ত পঞ্চমং বেদং সঙ্গীতাখ্যমকল্লয়ৎ॥" প্রাচীনতম ঋগ্বেদের ছন্দঃ ও মাত্রাদি হইতে বুঝা যায় যে বৈদিকযুগে এই সঙ্গীতবিভার যথেষ্ট প্রচার-প্রসার ছিল। গীতনিবদ্ধ সামবেদে বহু প্রকার গীতের উপায়াবলি নির্দিষ্ট হইয়াছে। বৈদিকগানেও সপ্তস্থর – কুষ্ট, প্রথম হইতে ষষ্ঠ – এই সাত (সামসংহিতাভায়া)। সামবিধানবান্ধণে উক্ত হইয়াছে – দেবতারা কুষ্ট, মহুষ্যুগণ প্রথম, গন্ধর্ব ও অপ্সরাগণ দ্বিতীয়, পশুগণ তৃতীয়, পিতৃলোক চতুর্থ, অসুর ও রাক্ষসগণ পঞ্চম এবং ঔষধি প্রভৃতি অন্ত জগৎ ষষ্ঠ স্বরে তৃপ্ত। ভক্তিরত্নাকরে উদ্ধৃত প্রমাণ-(৫।২৪৯৩)-বলে জানা যায় যে ব্রহ্মা, শিব, নন্দী, ভরত, তুর্গা, নারদ কোহলাদি সঙ্গীত-প্রচারক। এই দেব-ঋষি-প্রচারিত সঙ্গীতচর্চা ভারত হইতে গ্রীস্ পর্য্যন্ত প্রচারিত হইয়াছিল— আরবে, পারস্তে, স্পেইনে, ইটালীতেও প্রসারলাভ করিয়াছিল। অধুনা তত্তদেশে কণ্ঠ-সঙ্গীত ্হইতেও যন্ত্র-সঙ্গীতের সমাদর দেখা যাইতেছে। ভারতীয় ষড়্জ ঋষভাদির আদিবর্ণ সরিগাদির অক্রকরণে প্রতীচ্য দেশেও ডো, রি, মি প্রভৃতি আকারে সপ্তস্বরের প্রচলন হইয়াছে। ১৭২৫ শকাকে শ্রীনরহরি-ঘনশ্রাম-রচিত দঙ্গীতসারসংগ্রহে গীত, বাছা, নৃত্য ও ভাষাবিষয়ক ছন্দাদি দ্রষ্টব্য।

ঋগ্বেদের প্রায় মন্ত্রগুলিই সুরতানলয়-সহযোগে উচ্চারিত হইয়া সামগান হয়। বেদের আরণ্যকগুলিও ক্রমে ক্রমে গীত হইতে থাকে। পৌরাণিকযুগে দেবর্ষি নারদ কচ্ছপী বা তুমুরু-নামক বীণাসহযোগে হরিগুণ গান করেন। স্বামী প্রজ্ঞানানন্দজী-রচিত 'সঙ্গীত ও সংস্কৃতি' গ্রন্থে ভারতীয় সঙ্গীতের ধারাবাহিক ইতিহাস পাওয়া যায়। এই পুস্তকের পূর্বভাগে ইনি খৃষ্ঠপূর্ব ৪০০০—০৫০০ ইতে খুঃ প্রথম শতাব্দী এবং প্রাগৈতিহাসিক সিন্ধুসভ্যতা হইতে নারদীয় শিক্ষা পর্যন্ত সঙ্গীতের বিচিত্র রূপ ও বিবর্ত্তনের সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত করিয়াছেন। উত্তরভাগে খুঃ পূর্ব ৬০০ ইইতে খুষ্ঠীয় সপ্তম শতাব্দী পর্যন্ত এবং লৌকিক বা ক্র্যাসিক্যাল যুগের স্কৃচনা হইতে গুপ্তযুগপর্যন্ত সঙ্গীতের ক্রমবিবর্ত্তনের বিস্তৃত পরিচয় দিয়াছেন। তিনি এই গ্রন্থে দেখাইয়াছেন যে বৈদিক সঙ্গীতের উপাদানদ্বারা ব্রহ্মা-ভরত-নামা জনৈক সঙ্গীতশাস্ত্রী গান্ধর্গের কাঠামো প্রস্তুত করিয়াছেন। আদি নাট্যশাস্ত্রের রচয়িতা এবং সম্ভবতঃ নাট্য ও অভিনয়ে তিনি কৃশলী ছিলেন বলিয়া তাঁহাকে 'ভরত' বা 'ব্রক্ষভরত' বলা হয়। শাস্ত্রকার ও পুরাণকারগণ তাঁহাকে বিশ্বস্রষ্ঠা বলাতে পরবর্ত্তী সঙ্গীতজ্ঞগণও তাঁহাকে পদ্মভূ, কমলজ,

ক্রহিণব্রন্ধা ইত্যাদি আখ্যা দিয়াছেন। সঙ্গীত ও নাট্যশাস্ত্রী-হিসাবে এই ব্রন্ধা কিন্তু জনৈক ঐতিহাসিক ব্যক্তি ছিলেন; খুঠীয় দিতীয় শতাব্দীর নাট্যশাস্ত্র—প্রণেতা ভরতমূনি সেই প্রাচীন ব্রন্ধাভরত—রচিত্ত নাট্যশাস্ত্র হইতে উপাদান সংগ্রহ করিয়া তাঁহার নাট্যশাস্ত্র সংকলন করিয়াছেন, 'নাট্যশাস্ত্রং প্রবক্ষ্যামি ব্রন্ধণা যহুদাহাত্তম্', 'ক্রায়ভাং নাট্যবেদস্ত সন্তবো ব্রন্ধনির্মিতঃ', 'নাট্যবেদং ততশ্চক্রে চতুর্বে দাঙ্গসন্তবম্' —ইত্যাদি উক্তিই ব্রন্ধাভরত রচিত্ত আদি নাট্যশাস্ত্রের স্কৃচনা করিতেছে। 'ব্রন্ধাভরতম্'-নামক অভিনয়ের গ্রন্থে নাট্যোপযোগী নৃত্য, গীত, বাদ্য ও সঙ্গীতের আলোচনা নিবদ্ধ ছিল। এই গ্রন্থটিকে বৈদিক সাম গানের পরবর্ত্তী গান্ধবর্ণানের গ্রন্থ বলিতে পারা যায়। বৈদিক সামগানের মালমশলাই গান্ধবের কলেবরকে পরিপুষ্ট করিয়াছে; কেননা ভরত বলিয়াছেন—'জ্গ্রাহ পাঠ্যমুগ্নেদাৎ সামভ্যোগীতমেব চ। যজুবে দািভিনয়ান্ রসানাথবর্ণাদিপি'। ব্রন্ধাভরতের পর নাট্যশাস্ত্রী সদাশিব ব্রন্ধাভরতের অনুরূপ 'সদাশিব-ভরতম্' গ্রন্থ করিলেন—শাস্ত্রী সদাশিবেরও উপাধি 'ভরত' ছিল, সেইজন্য তাঁহাকে 'সদাশিব-ভরত' আখ্যা দেওয়া হইয়াছিল—মুনি ভরত তাঁহাকে 'মহেশ্বর' বলিয়াছেন 'প্রণম্য শির্মা দেবৌ পিতামহ-মহেশ্বরে'। স্কুতরাং ব্রন্ধাভরত ও সদাশিব ভরত—ইহারা ঐতিহাসিক ব্যক্তি ভিলেন—বিশ্বর সৃষ্টি ও প্রলয়কণ্ডা নহেন।

সামগানোত্তর যুগে পাণিনির ব্যাকরণে (৪।০১১০-১১১) স্ত্রছয়ের ইঙ্গিতে বুঝা যায় ষে খৃষ্টপূব পঞ্চম শতকের পূবে কুশাশ্ব ও শিলালি নটস্ত্র (নাট্যশাস্ত্র) প্রণয়ন করিয়াছিলেন। তদ্রেপ উহাতে (৪।৪।৫৫, ৫৬) মৃদঙ্গ, মড্ছুক, ঝঝর প্রভৃতি বাদ্যযন্ত্রেরও উল্লেখ আছে। পতঞ্জালি মহাভায়েও রঙ্গ, আরম্ভক, নট, গ্রন্থিক, শোভনিক প্রভৃতি শব্দে নাটকাভিনয়েরই ইঙ্গিত করিয়াছেন। কংস্বধ'ও 'বালিবধ'-নামে তুইটি নাটকীয় ঘটনারও তিনি উল্লেখ করিয়াছেন।

রামায়ণ, মহাভারত, হরিবংশ প্রভৃতিতে (৪০০—২০০ খৃষ্টপূর্বাক্দ) যে মার্গসঙ্গীতের যথেষ্ট অমুশীলন ছিল, তাহা বলাই বাছলা। বালিকী, ব্যাস প্রভৃতি অন্তর্ধান করিলেও তাঁহাদের লেখনী—প্রস্ত অমরকাহিনী এখনও ভারতের গৃহে গৃহে বিরাজমান। জাভার মন্দিরসমূহে বরোবৃত্বের প্রস্তর-প্রাচীরগাতে রামায়ণের জীবস্ত কাহিনী যেন ক্ষোদিত হইয়াই আছে।

ভরতোত্তর অভিজাত দেশী সঙ্গীতকে সুধীগণ Classical শ্রেণীভুক্ত করেন। নাট্যশাস্ত্রকার ভরতের পরবর্তী কোহল, শাণ্ডিল্য, যাষ্টিক, শার্দূল, দত্তিল, বিশ্বাবস্থা, বিশ্বাবিদ্ধা, ভুসুরু প্রভৃতি নাট্যশাস্ত্রী ও সঙ্গীতাচার্য ছিলেন। পার্শ্বদেব, অভিনব গুপ্ত, নাহ্যদেব, আঞ্জনেয়, সঙ্গীতমকরন্দকার নারদ, ভোজরাজ, সোমেশ্বর, সারদাতনয় প্রভৃতি গুণিগণও খৃঃ ৭ম—১৩শ শতাব্দীর নাট্যশাস্ত্রী বলিয়া প্রতিষ্ঠিত ছিলেন।

সঙ্গীত বিশ্ব-সংস্কৃতির অস্ততম উপাদান। ভারতীয় সঙ্গীত ভানতীয় সভ্যতা ও সংস্কৃতিরই অবদান বা অবিচ্ছেদ্য অংশ। মহেঞ্জোদড়ো ও হরপ্পা প্রভৃতির ধ্বংসন্ত্পুপ হইতে যে সব সঙ্গীতের উপাদান পাওয়া গিয়াছে, তাহারারা অমুমিত হয় যে সুপ্রাচীন সভ্য সমাজবাসিগণের মধ্যে চাক্রকলা সঙ্গীতের চেতনাও জাব্রাত ছিল; নৃত্য, গীত ও বাদ্যের তাঁহারা যথেষ্ঠ অমুরাগী ছিলেন। ঐসব ধ্বংসন্ত্পুপ হইতে আবিষ্কৃত সপ্রচ্ছিত্র বংশীটি ত নি:সন্দেহে প্রমাণ করে যে সেই প্রাগৈতিহাসিক যুগেও গানে সাতটি স্বরেরই ব্যবহার ছিল। তত্ত্বীযুক্ত বীণা, মুনস্কাদি বাদ্যযন্ত্র, করতাল, ব্রোঞ্জের

ন্তাপরা নারীমূর্ত্তি ও নৃত্যরত নর্ত্তকাদি যাহা যাহা পাওয়া গিয়াছে, তাহাতে প্রাচ্য ও পাশ্চাত্য মনীযীগণ একবাক্যেই স্বীকার করিয়াছেন যে স্থান্থ প্রাগৈতিহাসিক ভারতেও সঙ্গীতকলার যথেষ্ট অমুশীলন ছিল। [Vide Prehistoric India 1950, p 270; Prehistoric Civilization of Indus Valley (Madras 1939) p. 30; The Rigveda and Mohenjodaro published in Indian Culture vol. IV. no. 2. p. 153; Hindu Civilization (2nd ed. 1950) p. 19 and I. H. Q. vol. VIII. March 1932 p. 143 7.

পূর্বেই বলা হইয়াছে যে পৃথিবীতে ভরতমুনিকেই সঙ্গীত শাক্রের প্রবর্ত্তক বলা হয়। তৎপরে নর, গন্ধর্ব ও কিন্নরাদি সঙ্গীতশিক্ষা করেন। 'সঙ্গীতপারিজাত, সঙ্গীতদর্পণ' প্রভৃতি গ্রন্থে সঙ্গীত শব্দে নৃত্যগীতবাছের সমবায়কে বুঝায়। 'সংকীর্তনৈকপিতা' স্বয়ং মহাপ্রভু সঙ্গীতের সমাদর পূর্বক শ্রীচন্দ্রশেখর ভবনে রুক্মিণী-আবেশে নৃত্য করিয়া নাট্যকলাকে ভগবৎসেবোপায়রূপে প্রচার করিয়াছেন। উপাস্থ-সন্তর্পণই গানের উদ্দেশ্য। 'নাম-গুণ-লীলাদীনামুচ্চৈৰ্ভাষা তু কীৰ্ত্তনং' (রসামৃত) অথবা ভক্তিসন্দৰ্ভোক্ত— 'কলৌ যছপ্যস্থা ভক্তিঃ ক্রিয়তে সা কীর্ত্তনাথ্যভক্তিসংযোগেনৈব' ইত্যাদি বচনে ভগবন্নামগুণাদি-প্রচারকেই লক্ষ্য করে। 'ওষ্ঠম্পুন্দনমাত্রেণ ক্রীর্ত্তনং' বলিয়া জ্রীজীবপাদ ক্রীর্ত্তনে তালমানের নিরপেক্ষতাই সূচিত করিয়াছেন। তবেই কীর্ত্তন-শব্দ এ।গোরগোবিন্দের নাম, রূপ, গুণ এবং লীলাবিষয়েই প্রযোজ্য। মহাজনী পদাবলীও এতদ্বিষয়কই। শ্রীজীবপাদ ভক্তিসন্দর্ভে শ্রবণ-কীর্তন-স্মরণাদির যে 'ক্রম নিরূপণ করিয়াছেন-তাহা প্রণিধানযোগ্য। প্রথমে নামেরই প্রবণ-কীর্তন-স্মরণাদি অন্তঃকরণগুদ্ধি পর্যন্ত বিধেয়, তৎপরে রূপশ্রবণাদি, রূপ সম্যক্ প্রকারে উদিত হইলে গুণাবলির ফুরণ এবং তৎপরে নামরূপগুণরাজি ও তৎপরিকরাদি সম্যক্ ক্ষুরিত হইলেই লীলাবলির কুরণ স্থুনররূপে হইতে পারে। এই ক্রেম লঙ্ঘন করিলে অনর্থপাত অবশ্যস্তাবী।

বঙ্গে শ্রীমন্মহাপ্রভু হইতে সঞ্চীর্ত্তন-প্রথা প্রচারিত হইলেও—শ্রীস্থর্রপদামোদরের কঠে এইরাপ গানের বীজপত্তন হইলেও—কিন্তু শ্রীনিবাসাচার্যাদি হইতে ইহার পারিপাট্য দেখা ঘাইতেছে। আচার্যপ্রভু মনোহরসাহী, ঠাকুর মহাশয় গরাণহাটী (গড়েরহাটী) এবং শ্রামানদপ্রভু রাণীহাটী (রেণেটা) গানের প্রবর্তক। কেহ কেহ বলেন মনোহরসাহী প্রগণায় থেয়ালের ছাঁচে কীর্তনের প্রবর্তক হলেন—বিপ্রদাস ঘোষ, বর্দ্ধমান জেলায় রাণীহাটি পরগণায় ট্প্পার ছাঁচে কীর্তনের প্রবর্তক হলেন—বংশীবদন। রাচ্চের প্রাত্তীন ধারার সংস্কার করিয়া কবীন্দ্র গোরুল ঝাড়খণ্ডের নামে ঝাড়খণ্ডী পদ্ধতি প্রবর্ত্তন করেন। মনোহরসাহী, গরাণহাটী ও রেণেটা—এই তিন্টিই গৌড়ীয় বৈক্ষবসমাজে প্রচলিত আছে। টেয়া বৈজপুরবাসী গোকুলানন্দ সেন (বৈক্ষবদাস—'পদকল্পতরুক' নামক পদসংগ্রহকর্তা) আর এক সুর প্রবর্তন করিয়াছেন—ভাহাকে 'টে য়ার ছপ' বলে। ঝাড়খণ্ডী লুপ্ত হইয়াছে। মনোহরসাহী কীর্তনে বিলম্বিত তালের আতিশয্য নাই, ইহাতে ৫৪টি তাল ব্যবহৃত হয়। ইহাতে দশকুশী, ধামার, চৌতাল, রুম্বতাল, রুম্মতালাদি কঠিন কঠিন তালের এবং মেঘ, মালকোশ, শ্রী, মালবন্সী, ধাননী প্রভৃতি রাগরাগিণীর গান আছে। গড়েরহাটী কীর্তনে কীর্তনীয়াগণ স্কর ও তালের উপর বিশেষ মনোযোগ

দেন, ইহাতে ১০৮ তাল ব্যবহৃত হয়। রেণেটার গতি এবং মাত্রা দ্রুত ও অপেক্ষাকৃত সরল ইহাতে ২৬ তাল ব্যবহৃত হয়। এই পদ্ধতিও প্রায় লুপ্ত বলিলেই হয়। মন্দারিণী পদ্ধতি সরকার মান্দারণে বা তৎসন্নিহিত স্থানে উদ্ভূত হয়। ইহাতে ৯টি তাল ব্যবহৃত হয়। এখন বিশুদ্ধ মন্দারিণীর কেহই অনুসরণ করেন না। প্রতি পদ্ধতিতেই 'তছ্চিত গৌরচন্দ্র' গীত হয়। এই কীর্তনে সঙ্গীত-মাধুর্য, মহাজনগণের পদলালিত্য, ছন্দঃঝহ্বার ও ভাবগান্তীর্যাদির বিভ্যমানতায় ইহাকে পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ করিয়া তুলিয়াছে। মহাজনী পদাবলীতে যে রসভাবচাতুরী খেলিয়া বেড়াইতেছে—তাহা পৃথিবীর অন্ত কোনও গীতে আছে বলিয়া আমাদের জানা নাই। শ্রীমহাপ্রভূর পার্যদেগ অধিকাংশই স্কুক্ত গায়ক ছিলেন—তমধ্যে স্বর্গদামোদর, মুকুন্দ, বাস্থ্যোষ প্রভৃতির নামই সবিশেষ উল্লেখযোগ্য।

তৃংখের বিষয় ভজনের সর্বশ্রেষ্ঠ অভিধেয় এই কীর্ত্তনে অধুনা বহু প্রকার আবর্জনা প্রবেশ করিয়াছে। পদাবলী সাহিত্যের প্রচার-প্রসারে মাৎসর্যশীল অথচ অনধিকারী ব্যক্তির হস্তক্ষেপে এই সাহিত্য যে বহুশঃ বিকৃত হইয়াছে—তাহার ভূরিভূরি প্রমাণ পাওয়া যাইতেছে। এমন অবস্থা দাঁড়াইয়াছে যে ইহাদের মধ্য হইতে খাঁটি, জাল (প্রক্ষেপাদি) বাছিয়া লওয়া স্কুকঠিন ব্যাপারই বটে। সংকীর্ত্তনৈকপিতার কৃতি ভক্তগণ যদি আবার আসিয়া সংশোধন-কার্যটি করেন, তবেই মঙ্গল।

সংকীর্তনের মহামাহাত্ম্য যে সর্বশাস্ত্রে বিঘোষিত, এ সম্বন্ধে বলিবার কিছুই নাই। শ্রীমন্মহাপ্রভু যে ইহার প্রবর্তক, তাহাও শ্রীচৈত্যুচরিতাম্তে বিভ্যমান। নগরসঙ্কীর্তনের স্ত্রপাতও যে
তিনিই করিয়াছেন—তাহাও শ্রীচৈত্যুভাগবত (মধ্য ১৪০৫—৪১১) সাক্ষ্য দিতেছেন। কাজীদলনলীলায় বিরাট নগর-সঙ্কীর্তনও বিস্তৃতভাবে দেদীপ্যমান। 'চেতোদর্পণমার্জন'-শ্লোকে শ্রীমন্মহাপ্রভু
সমুখেই কীর্তনের মহামহিমা পরিব্যক্ত করিয়া প্রেমপ্রাপ্তির উপায়ও নিধ্বিণ করিয়াছেন—

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিস্থুনা। অমানিনা মানদেন কীর্তনীয়ঃ সদা হরিঃ॥

কীৰ্ত্তনে উপাঙ্গ-ভেদ *

লীলাকীর্ত্তনের ছয়টি অঙ্গ—কথা, দোঁহা, আথর, তুক, ছুট এবং বুমর।

- (১) কথা—একটি পদ গাহিয়া, অন্ত পদ গাহিবার পূর্বে গায়ক এই উভয় পদের সংযোগ-সূত্র-স্বরূপ যাহা বলিয়া থাকেন; অথবা নায়ক, নায়িকা কিম্বা দূতী বা স্থাস্থী প্রভৃতির উক্তিরূপে যাহা বর্ণনা করেন।
- (২) **টোহা** কোন হিন্দী কবির রচিত দোঁহা বা চৌপাই, কোন সংস্কৃত শ্লোক, কোন বৈশ্বষ প্রান্থের পরার, ত্রিপদী ব: চৌপদী— গায়ক যাহা আবৃত্তি করেন। শ্রিমুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্ন মহাশয় তদীয় 'পদাবলী-পরিচয়ে' ৬৭ পৃষ্ঠায় বলেন—মূল গায়কের গাহিবার পর গান ছুই হারো— (ছুইবার) গাহে বলিয়া ইহাদের নাম—দোহার। দোঁহা শব্দে উভয় বুঝায়, ছুই পার্শ্বের

^{*} কীর্ত্তন-পদাবলীর ভূমিকা (৩১/০—৩।/০)

গাহিবার সঙ্গী; হয়তো এইজন্ম বলে দোহার। ইহাদের গান-দোহারী। সঙ্গীতে গানের সূত্র ধরাইয়া দেওয়া, গানে মূল গায়কের অনুসরণ ও সহায়তা করা এবং আসরে স্থরের রেশ জমাইয়া রাখা দোহারের কাজ।

- (৩) আখর—ব্রজবৃলি, প্রাচীন বাঙ্গালা, সংস্কৃত-বহুল বাঙ্গালা কিম্বা সংস্কৃত ভাষায় রচিত পদাবলী সাধারণের স্থ্বোধ্য নহে। পদের মর্ম আরও হুর্বোধ্য। আথর—এই পদের কবিত্তময় ব্যাখ্যা, পদের মর্মের রসভাবপূর্ণ বিশ্লেষণ। আথর—শ্রীশ্রীরাধাকৃষ্ণের লীলারহস্ত-ভাগুরের কুঞ্চিকা। আথর—কোন একজনের রচনা নহে। কোন ভক্ত কবি বা ভাবৃক গায়ক কোন এক শুভ মুহূর্ত্তে কোন একটি পদের অমুধ্যানে হয়তো হুই চারিটা আখরের স্বষ্টি করিলেন। এমনি আর একজন, তার পরে আর একজন, এইরূপে কবি এবং গায়কগণ পুরুষামূক্রমে আখরের সৃষ্টি ও পুষ্টি করিয়া আসিতেছেন। আথর—কীর্তনের এক অনহ্যসাধারণ বৈশিষ্ট্য। আর কোন দেশের কোন গানে আথরের প্রচলন আছে কিনা জানি না। আখরের অহ্য নাম—অলম্বার।
- (৪) তুক—সম্পূর্ণ পদ নহে, পদের অংশও নহে। ইহাও কবি এবং গায়কগণের এক অভিনব সৃষ্টি। তুককে মিলাত্মক আখর বলিতে পারি। কোন কোন বিশেষ বিশেষ পদের মাঝে তুক গাহিবার পদ্ধতি পাছে। পদাবলী এবং বিবিধ বৈষ্ণব-কাব্য হইতেই তুকের উৎপত্তি। কার্ত্তনীয়াগণ একটি পদের অংশবিশেষের সহিত অহ্য পদাংশ মিলাইয়া কিন্তা বৈষ্ণব-কাব্যের পয়ার বা ত্রিপদীর অংশ-বিশেষ লইয়া তুক গান রচনা করিয়া গিয়াছেন। [শ্রীষ্কুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় বলেন—অমুপ্রাস-বহুল ছন্দোময়, মিলাত্মক-গাথা তুক আখ্যায় অভিহিত। কোন কোন তুকে গানের মত কয়েকটি 'কলি' থাকে।]
- (৫) ছুট—সম্পূর্ণ পদ না গাহিয়া, তরল তালে পদের অংশবিশেষ গানকে 'ছুট' গান বলে। বড় তালের গানের মাঝে তাল ফেরতায় ছোট তালের গানও ছুট গান নামে অভিহিত।
- (৬) ব্দর— সুরবিশেষের নাম ঝুমর বা ঝুমরী, কিন্তু কীর্ত্তনে ঝুমর অন্ত অর্থে ব্যবহৃত হয়। চারি পাঁচজন কীর্ত্তনীয়া পর পর গান করিতে গিয়া, প্রত্যেকেই মিলন গাহিয়া পালা শেষ করিতে পারেন না। সে ক্ষেত্রে ঝুমর গাহিয়া পালা রাখিবার রীতি আছে। একটি পালা ছুই তিন দিন ধরিয়া গাহিতে হইলেও অভিসার এবং মিলন না গাহিয়া ঝুমর গাহিতে হয়। সাধারণতঃ ছুই বা চারি ছত্তের প্রার, ভঙ্গ প্রার বা ত্রিপদীতে রচিত পদাংশ ঝুমর-নামে পরিচিত। কীর্ত্তনীয়াগণ গৌরচন্দ্রিকা বা পালা শেষ করিয়া সংক্ষেপে তাহার মর্ম ব্ঝাইবার জক্মও ঝুমর গাহিয়া থাকেন।

চৌষ ট্টি ৱসেৱ কীৰ্ত্তন

লীলাকীর্ত্তন বা রসকীর্ত্তন চৌষট্টি রসের গান বলিয়া খ্যাত। ইহা কতকগুলি পালা-গানের সমষ্টিমাত্র। উজ্জ্বলনীলমণি প্রভৃতি বৈষ্ণব অলঙ্কার—শাস্ত্রে উক্ত আছে যে উজ্জ্বল রস প্রধানতঃ ছুই ভাগে বিভক্ত – সম্ভোগ ও বিপ্রলম্ভ। নায়ক ও নায়িকার দর্শন, আলিক্সন, সম্ভাষণ ও স্পর্শাদির

যে স্থতাৎপর্যমূলক নিষেবণ, তাহা দারা উল্লাসপ্রাপ্ত ভাবই—সংস্তাপ [উ° ১৫,১৮৮-৮৯]। ইহা আবার—সংক্ষিপ্ত, সঙ্কীর্ণ, সম্পন্ধ ও সমৃদ্ধিমান-ভেদে চতুর্বিধ। নায়ক ও নায়িকার সংযুক্ত বা বিযুক্ত অবস্থায় পরস্পরের অভীষ্ট আলিঙ্গনাদির অপ্রাপ্তিতে যে ভাব প্রকৃষ্টরূপে প্রকৃতি হয়, তাহাই বিপ্রাপন্ত [উ ১৫,১-৪]। ইহাও পূর্বরাগ, মান, প্রবাস ও প্রেমবৈচিত্ত্য-ভেদে চতুর্বিধ। এই আটটি রসের প্রত্যেকের আবার আটটি করিয়া বিভাগ আছে। প্রথমতঃ বিপ্রালম্ভের কথাই বলিতেছি—

- (১) পূর্বরাগ নায়িকা ও নায়কের মিলনের পূর্বে দর্শন ও প্রবণাদি হইতে জাত রতি। নায়িকার পূর্বরাগে ১ সাক্ষাৎ দর্শন, ২ চিত্রপটে দর্শন, ৩ স্বপ্নে দর্শন, ৪ বন্দিমুখে প্রবণ, ৫ দূতীমুখে প্রবণ, ৬ সখীমুখে প্রবণ, ৭ সঙ্গীতে প্রবণ এবং ৮ বংশীধ্বনি প্রবণ।
- (২) মান—একস্থানে থাকিলেও, অমুরক্ত হইলেও, নায়ক—নায়িকার স্বস্থাভীষ্ট আলিঙ্গন ও দর্শনাদির প্রতিবন্ধক ভাব^২। নায়িকার মানে ১ সখীমুখে শ্রবণ, ২ শুকমুখে শ্রবণ, ৩ মুরলীধ্বনি-শ্রবণ, ৪ নায়কের দেহে রতিচিহ্নদর্শন, ৫ প্রতিপক্ষ নায়িকাতে ভোগাঙ্কদর্শন, ৬ গোত্রস্থালন, ৭ স্বপ্নে দর্শন এবং ৮ অক্তনায়িকার সঙ্গে দর্শনাদি হেতু।
- (৩) **প্রেমবৈচিত্ত্য**—প্রেমোৎকর্ষ-স্বভাবে প্রিয়তমের সন্নিকটস্থ থাকিয়াও বিরহভয়োখ আর্ত্তি^২। রসকীর্ত্তনে নায়িকার আক্ষেপান্থরাগকেই প্রেমবৈচিত্ত্য বলা হয়। এই আক্ষেপ ১ শ্রীকৃষ্ণের প্রতি, ২ মূরলীর প্রতি, ৩ নিজের প্রতি, ৪ সখীর প্রতি, ৫ দূতীর প্রতি, ৫ বিধাতার প্রতি, ৭ কন্দর্পের প্রতি এবং ৮ গুরুজনের প্রতি হইতে পারে।
- (৪) প্রবিশ্ব—পূর্বে মিলিত নায়ক ও নায়িকার দেশান্তরে (গ্রামান্তরে বা বনান্তরে) গমনাদি-বশতঃ ব্যবধান । নিকট ও দূর-ভেদে ইহা ছিবিধ। নিকট প্রবাস—১ কালীয়দমন, ২ গোচারণ, ৩ নন্দ-মোক্ষণ, ৪ কার্যামুরোধে, ৫ রাসে অন্তর্ধানে বিরহ। দূরপ্রবাস—৬ ভাবি, ৭ মথুরাগমন ও ৮ দারকাগমন [ভবন্–বর্ত্তমান বিরহ এবং ভূত—অতীতস্মরণজনিত বিরহ]।

এক্ষণে সম্ভোগের ভেদ বলা হইতেছে।

- (১) সংক্রিপ্ত যেন্দ্রলে নায়ক ও নায়িকা সম্ভ্রম ও লজ্জাদিহেতু সংক্রিপ্ত আলিঙ্গনচুম্বনাদি উপচারের সেবা করেন⁸। ১ বাল্যাবস্থায় মিলন, ২ গোষ্ঠে গমন, ৩ গোদোহন, ৪ অকস্মাৎ চুম্বন, ৫ হস্তাকর্থন, ৬ বস্তাকর্থন ৭ বস্থারোধ এবং ৮ রভিভোগ।
- (২) সঙ্কীর্ণ—যে সম্ভোগে নায়ক-কৃত বঞ্চনার স্মরণে, কখনও বা রতিচিহ্নাদির দর্শনে এবং শ্রবণে সৌরতচেষ্টা-বিষয়ক উপচারসমূহ মিশ্রিত হইয়া তপ্ত ইক্ষুর যুগপৎ উষ্ণতা ও মাধুর্য-অমুভবের আয় আস্থাদ দান ক্রে, তাহাই সঙ্কীর্ণ সম্ভোগ^৫। ১ মহারাস, ২ জলকেলি, ৩ কুজলীলা, ৪ দানলীলা, ৫ বংশীচুরি, ৬ নৌ—খেলা, ৭ মধুপান এবং ৮ সূর্যপূজা।
 - (৩) সম্পন্ন—কিঞ্চিদ্দের প্রবাস হইতে সমাগত নায়কের সহিত নায়িকার মিলন^৬।

১। উ° ১৫198—১৪৬; ২। উ° ১৫1১৪৮—১৫১; ৩। উ° ১৫1১৫২—১৮৪; ৪। উ° ১৫1১৯২;

७। डें २०१२ इ. १। डें २०११ मा

১ স্থুলুর দর্শন, ২ ঝুলন, ৩ হোলি, ও প্রহেলিকা, ৫ পাশাখেলা, ৬ নর্ত্তকরাস, ৭ রসালস ও কপট নিদ্রা।

(৪) সমূদ্ধিমান্- পরাধীনতা-প্রযুক্ত বিরহ-বিধুর নায়ক ও নায়িকার মধ্যে প্রস্পারের দর্শনও স্মহর্লত হইলে হঠাৎ মিলনে তাঁহাদের যে আনন্দাতিরেক হয়. তাহাই রস্পাস্ত্র-মতে সমৃদ্ধিমান সন্তোগ । ১ স্বপ্নে বিলাস, ২ কুরুক্ষেত্র-মিলন, ৩ ভাবোল্লাস, ৪ ব্রজাগমন, ৫ বিপরীত সন্তোগ, ৬ ভোজন-কৌতৃক, ৭ একত্র নিজা এবং ৮ স্বাধীনভর্ত্তকা।

প্রীকুষ্ণের পূর্বরালে সাক্ষাৎ দর্শনাদি সাতটি হেতুই গ্রাহ্ম। প্রীরাধার বংশী নাই। মান দ্বিবিধ —সহেতু ও নির্হেত, একুফের সহেতু মান কদাচিৎ সম্বট্যমান, (উ° ১৫1১০৯) তাহাও 'কারণাভাসজ' বলিয়া উক্ত হইয়াছে। এই জন্ম রসকীর্তনে এীকুঞ্চের নির্হেতুমানেরই উল্লেখ হয়। শ্রীকুষ্ণে আক্ষেপানুরাগ বিরল-প্রচার। শ্রীরাধার অদর্শনে শ্রীকুষ্ণের বিরহ আছে ; কিন্তু শ্রীরাধার স্থানান্তরে গমন নাই। সম্ভোগ প্রধানতঃ দ্বিবিধ—মুখ্য (জাগ্রহকালীন) ও গৌণ (স্বাপ্ন)। সম্পন্ন সম্ভোগও দ্বিবিধ—আগতি ও প্রাত্মভাব। প্রকট লীলানুসারে আগমনকে বলে 'আগতি' এবং প্রেমবেণে বিবশা প্রেয়সীগণের সম্মুখে অতর্কিতভাবে শ্রীহরির আগমনকে 'প্রাত্নভাব' বলে (ぎ ひとりるる・一そのり) 1

পক্ষান্তরে বৈষ্ণব রসশাস্ত্রকারগণ নায়িকার অবস্থাভেদে আটটি মূল রসেরও কল্পনা করিয়াছেন। কীর্ত্তনীয়াগণ বিপ্রালম্ভ ও সম্ভোগের চোষট্টি বিভাগের কীর্ত্তনকেই চৌষট্টি রসের গান বলেন। নিম্নে নায়িকার অষ্টবিধ অবস্থা ও তাহাদের প্রত্যেকের আটটি করিয়া ভেদও দেখান হইতেছে।

- (১) **অভিসারিকা**—যে নায়িকা কান্তকে অভিসার করান বা স্বয়ং অভিসার করেন^২। ১ জ্যোৎস্নাভিসারিকা, ২ তামসাভিসারিকা, ৩ বর্ষাভিসারিকা, ৪ দিবাভিসারিকা, ৫ কুজ্ঝটিকা-ভিসারিকা, ও তীর্থযাত্রাভিসারিকা, ও উন্মত্তাভিসারিকা (বংশীধ্বনি-শ্রবণে) ও ৮ অসমঞ্জসাতি-সারিকা (ব্যতান্তবস্ত্রাভরণা)।
- (২) বাসকসজ্জিকা-'নিজাবসরক্রমে প্রিয়তম আসিবেন'-এই ভাবিয়া যিনি নিজদেহ ও বাসগৃহ স্থুসজ্জিত করেন^ও। ১ মোহিনী, ২ জাগ্রতিকা (প্রতীক্ষায় জাগ্রতা ⁾, ও রোদিতা (বিলম্বহেতু রোদনপরা), ৪ মধ্যোক্তিকা (কান্ত আসিয়া প্রিয়বাক্য বলিবেন-এই চিন্তামগ্লা ও আলাপ-পরা), ৫ স্থপ্তিকা (কপট-নিজায় সুপ্তা), ৬ চকিতা (নিজাঙ্গচ্ছায়ায় নায়কভ্রমে ত্রস্তা), 🧣 স্থুরসা (সঙ্গীতপরা) এবং ৮ উদ্দেশা (দূতী-প্রেরিকা)।
- (৩) উৎক ঠিতা-নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সঙ্কেতে না আসিলে যে নায়িকা উৎস্থকা হন⁸। ১ হর্মতি (কেন খলের বাক্যে বিশ্বাস করিলাম—এ চিন্তায় ব্যথিতা), ২ বিকলা (পরিতাপযুক্তা), ও স্তর্রা (চিস্তিতা), ৪ উচ্চকিতা (পত্র-সঞ্চালনে বা পক্ষির পক্ষ-কম্পনেও কান্তের আগমন ভাবিয়া চকিতা), ৫ অচেতনা (তুঃখহতা), ও সুখোৎকন্থিতা (নায়কধ্যান-মুগ্ধা ও

>। ७° २४।२०७; २। ७° ४।१५—१४;

^{01 6° 6196-96; 81 6° 6192-651}

গুণকথন-পরা), १ মুখরা (দূতীর সঙ্গে বৃথা কলহকারিণী) এবং ৮ নিব্দ্ধা (মদীয় কর্মদোষে প্রিয়তম আসিলেন না, হায় আমি ত বাঁচিব না—ইত্যাদি খেদযুক্তা)।

- (৪) বিপ্রালকা—সঙ্কেত করিয়াও যদি দৈবাৎ প্রাণেশ্বর না আসেন, সেই ব্যথিতাত্রা নামিকাই বিপ্রলকা । ১ বিফলা (কান্ত না আসায় সমস্ত বিফল হইল ভাবিয়া খেদায়িতা), ২ প্রেমমত্তা (অন্ত নায়কার সহিত কান্তের মিলনাশঙ্কাযুক্তা), ৩ ব্লেম্ম। (যাঁহার নিকট যাবতীয় বস্তই বিষবৎ প্রতীয়মান হইতেছে), ৪ বিনীতা (বিলাপযুক্তা), ৫ নির্দয়। (কান্তের প্রতি নির্দয়ভারোপে খেদিতা), ৬ প্রথরা (অয়িতে বা যমুনায় বেশভ্যাদির নিক্ষেপোছতা), ৭ দূত্যাদরা (দূতীর প্রতি আদরকারিণী ও সম্ভাষিণী) এবং ৮ ভীতা (প্রভাত দেখিয়া ভয়য়ুক্তা)।
- (৫) খণ্ডিতা—পূব সঙ্কেতিত কাল অতিক্রম করত যে নায়িকার প্রিয়তম হন্য নায়িকার সহিত সন্তোগের চিহ্নান্ধিত হইয়া প্রাভঃকালে আগমন করেন । ১ নিন্দা (কান্তের প্রতি নিন্দাকারিণী); ২ ক্রোধা (অনুনয়রত কান্তকে তিরস্কারকারিণী), ও ভয়ানকা (দিন্দুর-কজ্জলভ্ষতি কান্তের দর্শনে ভীতা), ৪ প্রগল্ভা (কান্তের সহিত কলহরতা), ৫ মধ্যা (অন্য নায়িকার সন্তোগ-চিহ্নে লজ্জান্বিতা), ও মুগ্ধা (রোষবাষ্প্রমৌনা ও কাতরা), ৭ কম্পিতা (অমর্ষবশে রোদনপরা) ও ৮ সন্তথা (ভোগান্ধিত নায়কের দর্শনে ভাপযুক্তা)।
- (৬) কলহান্তরিতা—যে নায়িকা সখীজন-সমক্ষে পাদপতিত প্রিয়তমকে নিরসন করত পশ্চান্তাপ করেন । ১ আগ্রহা (আগ্রহযুক্ত নায়ককে কেন ত্যাগ করিলাম!) ২ ক্ষুকা (পাদপতিত কান্তকে কেন ত্বাক্য বলিলাম!), ৩ ধীরা (পাদপতিত বল্লভকে কেন দেখি নাই ?), ৪ অধীরা (সখী-তিরস্কৃতা), ৫ কুপিতা (কান্তের মিথ্যাভাষণ-স্মরণে কোপযুক্তা), ৬ সমা (একমাত্র কান্তেরই যে দোষ, তাহা নহে, দূতীর, আমার এবং সময়ের দোষেই আমি ব্লেশ পাইলাম!), ৭ মৃত্রলা (পরিতাপে রোদনপরা) এবং ৮ বিধুরা (সখীকত্র্ক আশ্বন্তা)।
- (৭) প্রোষিত-ভর্ত্কা—নায়ক দূরদেশে গেলে তদীয় নায়িকাকে 'প্রোষিতভন্ত্কা' বলা হয়⁸। ১ ভাবি (কান্ত প্রবাসে যাইবেন সংবাদে কাতরা), ২ ভবন্ (বর্তমান বিরহ), ৩ ভূত (কান্ত মথুরায়), ৪ দশ দশা (চিন্তা, জাগরণ, উদ্বেগ, কুশতা, জড়তা, প্রলাপ, ব্যাধি, উন্মাদ,মোহ ও মৃত্যু), ৫ দূত-সংবাদ (উদ্ধবাদি-মুখে), ৬ বিলাপা (বিলাপ-পরা), ৭ মখু।ক্তিকা (যাঁহার সখী কান্তের নিকট গিয়া বিরহ-বেদনা জ্ঞাপন করেন) এবং ৮ ভাবোল্লাগা (ভাবসন্মিলনে উল্লসিতা)।
- (৮) স্বাধীন-ভর্ত্কা-কান্ত যে নায়িকার অধীন হইয়া সতত সমীপে অবস্থান করেন । ১ কোপনা (বিলাসে বাছরোষযুক্তা), ২ মানিনী (নায়কাঙ্গে নিজকৃত বিলাসিচ্ছ-দর্শনে), ৩ মুঝা (নায়ক যাঁহার বেশবিন্তাসাদি করেন), ৪ মধ্যা (নায়ক যাঁহার নিকট কৃতজ্ঞ), ৫ সমুক্তিকা (সমীচীন উক্তিযুক্তা), ৬ সোলাসা (কান্তের ব্যবহারে উল্লসিভা), ৭ অহুক্তা (নায়ক যাঁহার অনুকৃত্ল) এবং ৮ অভিষিক্তা (অভিষেক করত নায়ক যাঁহাকে চামরব্যজনাদি সেবা করেন)।

১। ७° वाण—४८; २। ७° वामव—४७; ७। ७° ४१—४४।

^{8 |} हे बार्ट के के बार्ट के के कार्ट के हैं।

মিথিলার কবি ভারুদত্ত 'রসমঞ্জরী' গ্রান্থে 'অমুশয়ানা' নায়িকার বর্ণনা করিয়াছেন। সঙ্কেত স্থানের বিনাশে অনুতপ্তা নায়িকাই—অনুশয়ানা। বর্তমান স্থান নাশে ছঃখিতা, ভাবিস্থান-নাশে ছঃখিতা এবং সঙ্কেতস্থানে যাইতে না পারিয়া ছঃখিতা—এ তিন প্রকার অনুশয়ানা।

বাঙ্গালায় **চপ** কার্ত্তন নামে কীর্ত্তনের একটি ধারার সৃষ্টি হইয়াছিল। যশোহরের মধুস্দন কান এই ধারার প্রবর্ত্তক। ইনি কীর্ত্তনে স্বর্রেচত পদও গান করিতেন। এই গান কম-বেশী প্রায় শতখানেক বৎসর চলিত হইয়াছে। প্রধানতঃ পণ্যা রমণীগণই এই গান শিথিয়া কীর্ত্তনের ব্যবসায় করিত। ইহারা 'কীর্ত্তনগুলা' নামে পরিচিতা ছিল। আজকাল চপ গানের চলন কমিয়াছে'।

कोर्ड(व वाह्य

সঙ্গীতপারিজাত ^২ ও সঙ্গীত শিরোমণির ^৩ মতে গীত, বাদিত্র ও মৃত্যকে সঙ্গীত বলে। কীর্ত্তনের প্রধান বাত্য—খোল করতাল। মৃত্তিকানির্মিত মৃদঙ্গ বা খোল বঙ্গদেশে প্রচলিত আছে। ব্রজমগুলে পাখোয়াজ ব্যবহৃত হয়। ঐজাতীয় মাদল কাষ্ঠনির্মিতও হইতে পারে, মৃণায়ও হয়। কাংস্থানির্মিত করতাল সর্বত্র প্রসিদ্ধ।

ভক্তিরত্নাকরে পঞ্চম তরঙ্গে (৩১০৯—৩১৭৭) রাসপ্রসঙ্গে বাছের বিবিধ ভেদাদি সুবিল্যস্ত আছে। তত, আনদ্ধ, শুষির ও ঘন-ভেদে চতুর্বিধ বাছা। বাছা ব্যতীত গীত ও তাল শোভা পায় না, এজন্ম বাছা মঙ্গলবিধায়ক। বীণাদি তারের যন্ত্র 'তত', মুহঙ্গ প্রভৃতি 'আনদ্ধ', বংশী প্রভৃতি 'শুষির' এবং করতালাদি 'ঘন'। সঙ্গীতদামোদরে তত বাছের বিভেদ বর্ণিত আছে । আনদ্ধ-বিভেদ-মধ্যেও মর্দল, মুরজ, ঢকা, পটহ, ভেরী, ঘণ্টাবাছা, ঝঝর্র; ডমরু প্রভৃতির উল্লেখ আছে। মর্দল-সম্বন্ধে তত্রতা বিশেষ বর্ণনা—

'মর্দল আনদ্ধ-শ্রেষ্ঠ, মৃদঙ্গাখ্যা তার। কার্চ-মৃত্তিকা-নির্মিত—এ ছুই প্রকার॥ সর্ববাছোত্তম এ মর্দল-সংযোগেতে। সর্ববাছ শোভা পায়—বিদিত শাস্ত্রেতে॥ মৃদঙ্গে ব্রহ্মাদিদেব-স্থিতি নিরস্তর। প্রম মঙ্গল ধ্বনি সর্বমনোহর'॥

সঙ্গীতপারিজ্ঞাতে—মুদঙ্গের মধ্যাংশে ব্রহ্মা সর্বদা বাস করেন এবং তাঁহাকে বেষ্টন করত সকল দেবতাও বিরাজ করেন।

- ১। পদাবলী-পরিচয় १৪—१৫ পৃষ্ঠা।
- ২। 'গীত-বাদিত্র-নৃত্যানাং অসং সঙ্গীতমূচ্যতে। গীতস্থাত্র প্রধানদাত্তৎ সঙ্গীতমিতীরিতম্'॥
- ৩। 'গীতং বাল্লঞ্চ নৃত্যঞ্চ ত্রয়ং সঙ্গীতমূচ্যতে। গীতবাল্ল উত্তে এব সঙ্গীতমিতি কেচন'।
- ৪। 'অলাবনী ব্রশ্ববিণা কিন্নরী লঘুকিন্নরী। বিপঞ্চী বল্লকী জ্যোষ্ঠা চিত্রা ঘোষবতী জয়া॥
 ছস্তিকা কুজিকা কুমী শারঙ্গী পরিবাদিনী। ত্রিশরী শতচন্দ্রী চ নকুলোষ্ঠা চ কংসরী॥
 উড়ম্বরী পিণাকী চ নিবন্ধঃ পুছলস্তথা। গদাবারণহস্তশচ রুদ্রোহ্থ শরমগুলঃ॥
 কপিলালো মধুস্থান্দ্রী ঘোশেত্যাদি ততং ভবেং'॥

মধ্যদেশে মৃদঙ্গস্থ ব্ৰহ্মা বসতি সৰ্বদা। যথা তিষ্ঠস্তি তল্লোকে দেবা অত্ৰাপি সংস্থিতাঃ॥
সৰ্বদেবময়ো বস্মান্মৃদঙ্গঃ সৰ্বমঙ্গলঃ॥

কীর্ত্তন যাহাতে সকলের পক্ষে স্থলভ ও সহজসাধ্য হয়, এইজগুই হয়ত শ্রীমন্মহাপ্রভূ এবং তাঁহার অনুযায়িগণ খোলকরতালের প্রচলন করিয়াছিলেন। সংকীর্ত্তনারস্তে, শুভ অধিবাসে খোল ও করতালে মাল্যচন্দনাদি সর্বপ্রথমেই অর্পিত হয়—ইহাকে গৌড়ীয়গণ 'খোলমঞ্চল' বলেন।

খোলের বাঁধা সূর, যে কোনও যন্তের সঙ্গেই ইহার বাছ চলিবে, নূতন করিয়া সূর বাঁধিতে হইবে না। থোলে সর্ব স্থারের সমন্বয় হইয়াছে বলিলে অত্যুক্তি হয় না। কীর্ত্তন-গানে যেমন চারিটা স্থার-পদ্ধতির প্রবর্তন হইয়াছে, খোলেও তেমনি এই চারি ধারার অন্থর্নপ পৃথক্ পৃথক্ বাছের স্ঠি ইইয়াছে। বিভিন্ন পদ্ধতির বাছে ভিন্ন তাল; আবার প্রত্যেক তালে সঙ্গম, লয়, লহর, মাতান, তেহাই, ফাঁক এবং তাহার পৃথক্ পৃথক্ বোল আছে। কীর্ত্তনে যেমন আখর আছে, খোলেও তেমনি কাটান আছে। এই কাটানে বাদক আপনার কৃতিছ দেখাইয়া এবং গায়ক গানের বিভিন্ন চেউ উঠাইয়া প্রোত্সণের চিত্তে এক অপূর্ব আনন্দ প্রবাহের স্ঠি করেন ।

ভক্তিরত্নাকরে (৫।৩১৩৫—৩১৪৬) শুষির বাত্মের প্রভেদ দেখান হইয়াছে। বংশী, পারী, মধুরী, তিত্তিরী, শঙ্খ, কাহল, মুরলী, শৃঙ্গিকা ইত্যাদি বহু যন্ত্র বর্ণিত। বংশীর অঙ্গুলি-পরিমাণে নামভেদাদি ভক্তিরসামৃতে (২।১।৩৬৬—৩৭২) দ্রপ্তব্য।

ঘনবাতো করতাল, কাংস্থবল, জয়ঘন্টা, শুক্তিকা, কম্পিকা, ঘর্ঘর, ঝজ্মাতাল, মঞ্জীর প্রভৃতি দ্বাদশ ভেদই মুনি-সমত।

শ্রীরাসমণ্ডলে প্রেয়সী-বেষ্টিত শ্রীব্রজেন্দ্রতনয়কে সেবা করিবার জন্ম এইসব বাছ্যযন্ত্র বাদিত হইয়াছিল। ভক্তিরত্বাকরের বর্ণনা (৫।৩১৫২–৩১৭৫)—

'এসব বাতের মহাসোভাগ্য উদয়। শ্রীরাসমগুলে হৈল শোভা অতিশয়॥
ওহে শ্রীনিবাস! রাসে কি ঋতুত রীত। বায় নানা বাত্য যাতে ব্রহ্মাদি মোহিত॥
সর্ববাত্ত-বিশারদ ব্রজেন্দ্র-তনয়। প্রেয়সী-বেষ্টিত কোটি কন্দর্প মোহয়॥
বাজায়েন বংশী কিবা অপূর্ব ভঙ্গীতে। ত্রিজগতে শোভার উপমা নাই দিতে॥
মন্দ্র, মধ্য, তারে স্বরালাপ মনোহর। বংশীধ্বনি-শ্রবণে বিহ্বল মহেশ্বর॥
গোবিন্দ-মোহিনী রাধা রসের মূরতি। বাজায়েন অলাবনী যন্ত্র শুদ্ধরীতি॥
য়ভ্জে আর মধ্যম, গান্ধার—প্রামত্রয়। যৈছে গানে ব্যক্ত তৈছে বাত্য প্রকাশয়॥
ললিতা কৌতুকে বাজায়েন ব্রহ্মবীণা। শ্রুতি-আদি বাত্যে প্রকাশিতে যে প্রবীণা॥
বিশাখা সুন্দরী মহামধুর ভঙ্গীতে। বাজায় কচ্ছপী বাণা নানা ভেদ মতে॥
রুদ্ধবীণা বাজায়েন স্কৃচিত্রা সুন্দরী। স্বর জাতি প্রভেদ প্রকাশে ভঙ্গি করি॥
বিপঞ্চী বাজান রঙ্গে চম্পকলতিকা। মূর্ছনা তালাদি প্রকাশেন স্বর্গধিকা॥
রঙ্গদেবী বাজায়েন যন্ত্র কবিলাস। তথি কি অন্তুত গমকের পরকাশ॥

>। কীর্ত্তন-পদাবলীর ভূমিকা ৩।/০—৩।/০ ১৩৯

সুদেবী সুন্দরী রঙ্গে সারঙ্গী বাজায়। নানা রাগ-প্রভেদ, প্রবন্ধ ব্যক্ত ভায়।
বাজান কিন্নরী তুপবিভা কুতৃহলে। করয়ে অমৃতবৃষ্টি শ্রীরাসমণ্ডলে ॥
ইন্দুলেখা রঙ্গে স্বরমণ্ডল বাজায়। স্বরের প্রভেদ ব্যক্তকরয়ে হেলায়॥
শ্রীরাধিকা সখীসমূহের গণ যত। সবে সর্বপ্রকারে সকল বাজরত॥
কেহ বায় মর্দল, মৃদঙ্গ সর্বমতে। প্রকাশে অদ্ভূত তাল অশুত জগতে॥
কেহ কেহ মুরজ, উপাঙ্গ বাভ বায়। যাহার শ্রবণে ধর্য না রহে হিয়ায়॥
কেহ বায় ডমরু পরম চাতুর্যেতে। শিবপ্রিয় ডমরু—এ বিদিত জগতে॥
কেহ কেহ করতালাদিক বাভ বায়। শ্রীরাসমণ্ডল ব্যাপ্ত বাভের ঘটায়॥
সর্ববাভধ্বনি কি অদ্ভূত এক মেলে। স্থা বৃষ্টি করে যেন শ্রীরাসমণ্ডলে॥'

উপরে ভক্তিরত্নাকর হইতে রাসমগুলের বাছাবিষয়ক একটিমাত্র চিত্র দেওয়া হইল। অনুস্বিশ্বর্গণ শ্রীগোবিন্দলীলামতে (২২৮৮—২৩২৩), শ্রীকৃষ্ণভাবনামতে (১৯৬১—৮২) শ্রীজানন্দবৃন্দাবন-১ম্পূতে (২০৫২—১২০) শ্রীগোপালচম্পু (পূর্ব ২৮২৮—৬৩) প্রভৃতিতে এবিষয়ে আরও বহু জ্ঞাত্রতা বিষয় পাইবেন।

কীৰ্ত্তৰে নৃত্য

গান, স্বর, গ্রাম, শ্রুভি, তান, মূছনা, রাগ, রাগিণী প্রভৃতির সহিত এই নাট্যবিতা মূর্ত্ত মহাশৃঙ্গার রসরাজ রাসবিহারী শ্রীগোবিন্দ চৌষট্ট-কলাবিতা-পারদর্শিনী স্বাভিন্ন আভীরিকা-গণের সহিত যামুন-পুলিনে সর্ব-প্রথমতঃ ব্রহ্মরাত্রি ব্যাপিয়া প্রকট করিয়াছেন—এবার্ত্তা স্থণীগণ নিশ্চয়ই জানেন। লাস্ত, হল্লীশক, ছালিক্যাদি নৃত্যবিত্তাও সেই স্থলেই সর্বথা সম্পূর্তিপ্রাপ্ত হইয়াছিল—আঙ্গিক, বাচিক, আহার্য ও সাত্ত্বিক-ভেদবিশিষ্ট অভিনয়ও তথায় সর্ববৈশিষ্ট্য-মন্তিত ছিল। ভরতাদিক্ত নাট্যশাস্তে মহেল্ড-প্রমুখ দেবগণের প্রার্থনায় ব্রহ্মা চতুর্বেদের সার সঙ্কলন করত নাট্যবেদ নির্মাণ করিয়াছেন বলিয়া যে শুনা যায় , তাহা কিন্তু যমুনাতটবর্ত্তী রাসলাস্তের বছপরেই সংঘটিত হইয়াছিল বলিয়া মন্তব্য।

অভিন্ন-ব্রজেজনন্দন শ্রীগোরাঙ্গও সংকীর্ত্তনে নৃত্যবিনোদী ছিলেন। এপ্রসঙ্গে শ্রীটেডন্ড-ভাগবতোক্ত শ্রীবাসাঙ্গনে নৃত্য, কাজীদলন-অভিযানে নৃত্য, শ্রীঅবৈভাচার্যগৃহে সন্ন্যাসিবেশে নৃত্য, রথাগ্রে নৃত্য, শ্রীজগন্নাথ-মন্দিরে বেড়ানৃত্য প্রভৃতি স্মরণীয়। তদীয় পার্যদগণও নৃত্যবিভায় পারদর্শী ছিলেন। বক্রেশ্বর পণ্ডিতের একভাবে চবিবশপ্রহের নৃত্য, শ্রীঅবৈভ নিত্যানন্দাদি সকলেরই নৃত্য কীর্তনের আবেশ বহুশঃ বহুত্র বর্ণিত হইয়াছে।

অধুনা লীলাকীর্ত্তনে মৃত্যের কোন স্থান নাই। [ব্রজে রাসধারী সম্প্রদায় এখনও কিছু মৃত্যকলার চিহ্ন রাখিয়াছে। তত্ত্বতা ব্রজবালকের ময়ূর মৃত্য এবং মণ্ডলীবন্ধনে বহু ছন্দে মৃত্যু স্ইচক্ষে দেখিয়াছি। চরণে নৃপুর বাজিতে বাজিতে ধীরে ধীরে হুঞ্চতপ্রায় হুইয়াছে, অথচ চরণ চলিতেছে আবার নৃত্যের তালে তালে ক্রমশঃ স্ফুটতর হুইয়া নৃপুর বাজিতেছে—এ দৃশ্যও দেখিয়াছি ' শ্রীরাধানকুতে ঝুলন-দিবদে ব্রজবালাগণের নৃত্য, হোলিক লৌলায় দাউজিতে দেবর-ভাতৃবধূর বিচিত্র বন্ধানে নৃত্যভঙ্গী দেখিয়াছি। হস্তকনৃত্য, গ্রীবান্তা, কটিনৃত্য প্রভৃতিও যৎকিঞ্চিৎ দেখিবার সৌভাগ্য হুইয়াছে। এক্ষণে অতি হুংখের কথা—এই নৃত্যকলাটি বঙ্গদেশ হুইতে, শুধু বঙ্গদেশ কেন ভারতের বুক হুইতে লুপ্ত হুইতে চলিয়াছে। উত্তর-পশ্চিমাঞ্চলে যৎসামান্ত থাকিলেও কিন্তু যথোপযুক্ত আলোচনা ও কৃষ্টির অভাবে নৃষ্ট হুইতেছে।

নর্ত্তন ত্রিবিধ নাট্য, নৃত্য ও নৃত্ত। ধনঞ্জয় দশরপকে বলেন যে নাট্য—সাত্তিকবহুল, রসাশ্রেয় ও বাক্যার্থাভিনয়াত্মক; নৃত্য—আঙ্গিকবহুল, ভাবাশ্রেয় ও পদার্থাভিনয়াত্মক এবং নৃত্ত— তাল-লয়ের অপেকাযুক্ত অথচ অভিনয়শৃত্য অঞ্চবিক্ষেপ। ভক্তিরত্নাকরে—(৫।৩১৮০,৮৪,৮৭)।

যে লোক-স্বভাবাবস্থা-ভেদ সুপ্রকার । সে নাট্য অঙ্গাভিনয়যুক্ত এ প্রকার ॥
দেশ-রীত-প্রতীত যে তালাদি-মিশ্রিত। সে নৃত্য সবিলাসাঙ্গ-বিক্ষেপ বিদিত ॥
নৃত্যাখ্য লক্ষণ — সর্বাভিনয়-বর্জিত । অঙ্গের বিক্ষেপ-মাত্রাদিক এ বিদিত ॥

এই ত্রিবিধ নর্ত্তনভ মার্গ এবং দেশীভেদে দ্বিবিধ'। ব্রহ্মাদি শন্তু হইতে (মার্গণ) প্রার্থনা করত এই গান্ধর্ব বিভালাভ করেন এবং ভরতাদি-কর্তৃক ইহা জগতে প্রযুক্ত করেন। মার্গণলব্ধ বস্তু (এই বিভা), তজ্জ্যু 'মার্গ' নামে খ্যাত'। দেশে দেশে নুগগণের আহলাদকর যে গান, বাহা, নৃত্য—তাহাই 'দেশী' নামে প্রসিদ্ধ'। কোহল মার্গনাট্য বিশ প্রকার বলেন, মতান্তরে তাহা দশ প্রকার; দেশী নাট্য যোড়শবিধ বলিয়া দন্তিলাদির মত। নৃত্য ও নৃত্ত আবার তাওব ও লাস্থা—ভেদে প্রত্যেকে দ্বিবিধ হয়। পুংনৃত্য তাওব এবং স্ত্রীনৃত্যই লাস্থা । তাওব দ্বিবিধ—প্রেরণী ও বহুরূপ এবং লাস্থাও দ্বিবিধ—ক্ষুরিত ও যৌবত'। বিষম, বিকট ও লঘুভেদে আবার নৃত্য ত্রিবিধ। রজ্জুভ্রমণাদি সহিত নৃত্য—বিষম, বেশভূষা ও অঙ্গ-ব্যাপারে সাধ্য নৃত্ত—বিকট এবং অঞ্চিত (বক্তনভঙ্গি) প্রভৃতি অল্পকরণযুক্ত নৃত্তই লঘুও।

অঙ্গাভিনয়—অঙ্গ, উপাঙ্গ ও প্রত্যঙ্গ-ভেদে আঙ্গিকাভিনয় তিবিধ। অঙ্গ-শির, অংস (ক্ষা), উরঃ, পার্থ, হস্ত, কটি ও পাদ—এই সাতটি। প্রত্যঙ্গল তীবা, বাহু, মণিবন্ধ, পৃষ্ঠ, উদর, উরু, জারু, জন্থা ও ভূষণ। উপাঞ্গ—মূর্দ্ধা, চক্ষু, তারা, ক্রকুটী, নাসা, নিঃখাস, চিবুক, জিহ্বা, গগু, দহু, অধর ও মুখরাগ—এই দ্বাদশটি। ইহাদের বিবরণ (রত্না ৫০২১৮—০৩০০) দুইবা।

গীতে যথা—রাগ কেদার। (রত্না ৫।৩৩৩৩—৩৬) নৃত্যত ব্রজনাগর রসসাগর সুখধামা।

ঝমকত মঞ্জীর চরণ, নানা গতি তালধরণ, ধৈরজ-ভরহরণ, ভূরি ভঙ্গিম নিরুপামা॥

১। রক্লা ৫।৩১৯০, ২। ঐ ৫।৩১৯১, ৩। ঐ ৩১৯২, ৪। ঐ ৩২০১, ৫। ঐ ৩২০৭, ড়া'

ললনাকুল কোতুকধৃত, বিবিধ ভাঁতি হস্তক নত, মস্তক অভিনয় নব শিখিপিঞ্বলিতবামা।
মঞ্জুবদন রদনচ্ছদ, নিরসই চন্দ্র অরুণ মদ, কুন্দরদন দমকত, মধুরস্মিতজ্ঞিত-কামা॥
চারু পাঠ উঘটত কত, ধাধা ধিকি ধিকি তক তত, থৈ থৈ থৈ থো দি দৃমিকি, দৃমিকট দিদিজামা।
তাত্তা তক থোক্স থোক্স, থবি কুকু কুকুধা ধিলক্ষ, ধিকট ধিধিকট ধিধিকট,

थिथि थिल्लि निन निनामा।

কটিভূষণ ধানি রসাল, লম্বিত উর পুহপ মাল, দোলত অলকালি ভাল, ভালয় জভিরামা। ঝলকত শ্রুতি কুগুলমণি, চঞ্চল নব খঞ্জন জিনি, কঞ্জনয়ন চাহনি, নির্মঞ্জন ঘনশ্যামা॥

২। মায়ুর (রত্না ১২।২৫৬৮-- ৭১)

আজু শুভ আরম্ভ কীর্তনে, গৌরমুন্দর মুদিত নর্তনে, স্থঘর পরিকর মধ্য মধুর,

শ্রীবাসঅঙ্গনে শোহয়ে।

কনককেশর গরব গজন, মজুভুকুরুচি অভুকুরজ্ঞন, কজলোচন চপল চলু দিশ,

চাহি জন-মন মোহয়ে॥

নটন গতি অতি অরণ পদতল, তাল ধরইতে ধরণী টলমল, করই হস্তক ত্রস্তকলিত—
স্থল্লিত কর্কিস্লয়ছটা।

দশনমোতিম-পাঁতি নিরসত, হাস লহল্ছ অমিয় বর্ষত, সর্স লস্ত সুবদনমাধুরী, জিতই শার্দশশিঘটা॥

চিকণ চাঁচর চিকুরবন্ধন, চারু রচিত স্থৃতিলক চন্দন, ভূরি ভূষণ ঝলকে অঙ্গ,

বিভঙ্গী ভণত না আয়এ।

বামে পহুঁ পণ্ডিত গদাধর দক্ষিণেতে, নিতাই স্থুন্দর সম্মুখে শ্রীঅদৈত,

উনমত পেখি স্থরগণ ধায়ত॥

বাহুদেব শ্রীবাস নন্দন বিজয়, বক্তেশ্বর নারায়ণ গোপীনাথ, মুকুন্দ মাধব,

গায়ত এ অদ্ভুত গুণী।

রাম বামে গরুড় গোবিন্দ আদি বায়ে, মর্দল ধিকি ধিকি তা তা ধিক ধিক্,

ধিনি নিনি নিনি নি ভণত নরহরি ভুবন ভরু জয়জয় ধানি॥

গৌরচক্স বা তদুচিত গৌরচক্স

পূবে হ বলা হইয়াছে থে পদাবলীর সহিত রসরাজ—মহাভাব প্রেমময় জ্রীগোরচন্দ্রের অতিনিকট সম্বন্ধ আছে। পদকাব্য বিশাল এক স্বপ্রধান রসরত্ব-ভাণ্ডার—ইহাতে রসভাবের মন্দাকিনী নিরম্ভর প্রবহমান হইয়া মরুভূমিতুল্য শুষ্ক নীরস হৃদয়েও আনন্দোন্মাদনা-সহকৃত প্রেমাঞ্চর প্রপাত করাইয়াছে, করাইতেছে ও ভবিষ্যুতে যুগযুগান্তর ধরিয়া করাইবে। বৈষ্ক্ব পদকাব্যের প্রতি স্বংক্ষ

রসভাব-প্রবাহ খেলিয়া বেড়াইভেছে—ইহাতে পূর্বরাগ মান, প্রবাস ও প্রেমবৈচিত্তো, দান, নৌবিহার, বনবিহার, হোলিকা ও মধুপানাদি বিবিধ বিচিত্র লীলাকদম্বের সমবায়ে যে চম্ৎকারিতা সহৃদয় সামাজিকগণ অনুভব করেন—তাহা অক্তত্ত স্মূহ্র্লভ বলিলেও অত্যুক্তি হয় না। শ্রীরূপসনাতনাদি গুরুগোস্বামিগণ বিবিধগ্রস্থ-সম্পুটে সংস্কৃত ভাষায় যাহা নিহিত করিয়াছেন, তাহা তাহাই প্রাকৃত ব্রজবুলি ও বাঙ্গালা ভাষায় রচিত পদকাব্যে ভূরিশঃ দৃষ্ট হইতেছে। প্রাক্টৈতগ্রযুগেও কীর্ত্তন প্রথা ছিল, কিন্তু এটিচতম্প্রাপ্রভাব হইতেই এই কীর্ত্তনটি সন্থাদয়বেছ রূপোৎসব লাভ করিয়াছে। জয়দেব. চণ্ডীদাস, বিচ্ঠাপতি প্রভৃতির রচিত গীতাবলি তৎকালেও কীর্ত্তিত হইত, কিন্তু শ্রীগোরচন্দ্রই তাহাতে প্রাণ সমর্পণ করত সজীব করিয়াছেনে। শুতির 'রস ব্রহ্ম, আনন্দ ব্রহ্ম, মধু ব্রহ্ম ও ভূমা ব্রহ্ম'-সহস্কে তৎকালে মৃষ্টিমেয় ভাগ্যবান্ জনেরই পরিচয় ছিল। শ্রুত্যক্ত 'রসো বৈ সঃ' শ্রীবৃন্দাবনে রসরাজ े হইয়াছেন, আনন্দ ব্ৰহ্ম 'আনন্দময়' ^২ হইয়াছেন, 'মধু ব্ৰহ্ম' মধুময় মধুস্দন^৩ হইয়াছেন এবং তিনিই মহাকাল-পুরবাসী ভূমাপুরুষেরও অধিনায়ক ⁸ হইয়াছেন। ঐীবৃন্দাবন-লীলায় রসঘন, আনন্দংন ঐীগোপী জনবল্লভ ব্রজস্থন্দরীগণের নিষ্ঠৈতব নির্বদ্য প্রেমের প্রতিদান দিতে না পারিয়া ঋণী হইয়াছেন ^৫। রসিকশেখর কুফের রসাস্বাদনটি মুখ্য কুত্য; অশেষ বিশেষে রসাস্বাদন করিলেও রাসাদিলীলায় কৈশোর বয়স, কাম ও জগৎসকলকে সফল করিলেও ৬ তথাপি তিন বাঞ্ছার পূর্ত্তি হয় নাই। 'কৈছন রাধা-প্রেমা কৈছন মধুরিমা, কৈছন স্থােখ তিহোঁ ভার'— এই তিন্টী বাঞ্চা পৃত্তি করিতে না পারিয়া এবং আশ্রয়জাতীয় ভাবের অঙ্গীকার ব্যতিরেকে বিষয়জাতীয় বস্তু তাহা আসাদন করিতে পারেননা বলিয়াই রসরাজ কৃষ্ণ রাধাভাবত্যুতি-স্কুবলিত তনু হইয়া শ্রীনবদ্বীপে উদয় হইয়া – ছেন। 'কৃষ্ণাদন্য: কো বা লতাস্বপি প্রেমদো ভবতি'— এই উক্তিটী ব্রজম্ধ্যেই ধর্ছব্য, ব্রজম্ভলের ৰহিৰ্দেশে তাহা আদৌ প্ৰযোজ্য নহে, ব্ৰজ্বগোপীর ভাব লইয়া ভজন-পরিপাকে তবে সেই প্ৰেমার প্রাপ্তি হয়—বহির্জগতের সাধকের: ঋণী কৃষ্ণ নবদ্বীপে আসিবার মুখ্য কারণ হইল- স্থাধুরী, জীরাধার প্রেম ও সুখের আস্বাদন এবং গৌণ কারণ— উদারবর্য হইয়া জগৎকেও প্রেমময়, আনন্দময় করা।

'প্রেমরস-নির্যাস করিতে আস্বাদন। রাগমার্গভক্তি লোকে করিতে প্রচারণ। রসিকশেখর কৃষ্ণ পরম করুণ। এই ভুই হেতু হৈতে ইচ্ছার উদ্গম। [চৈচ আদি ৪।১৫-১৬] এবং—'রস আস্বাদিতে আমি কৈল অবতার। প্রেমরস আস্বাদিব বিবিধ প্রকার।

রাগমার্গে ভক্ত ভক্তি করে যে প্রকারে। তাহা শিখাইব লীলা-আচরণ দারে॥' (ঐ ২৬৪-১৫) ব্রজের কৃষ্ণ বিলাসী, ধীরললিত, 'সর্বদাই কামক্রীড়া যাঁহার চরিত', কিন্তু নদীয়ার গৌর বিলাসীও বটে বিরাগীও বটে, প্রস্তুরে রসভাব-আস্বাদক হইয়াও বাহিরে হইলেন—সন্ন্যাসী, স্বয়ং

১। 'শৃকারঃ স্থি! মৃতিমান্'ি গী পো ১।৪৮)। 'শৃকার রসরাজময় মৃতিধর' [চৈচ মধ্য ৮ ।১৪২]।

২। 'আনন্দময়োহভ্যাসাৎ' [ভ্রন্ধস্ত্র ১৷১৷১২]। আনন্দচিন্ময়-রস-প্রতিভাবিতাভিঃ [ব্র ৫।৫৩]।

৩। 'পন্মাপ্রোধর-ভটী-পরির**ক্তলগ্ধ-কাশ্মীরমূদ্রিত**মূরো মধুস্থদনশু'[গীগো ১া২৬]।

⁸¹ वा े २०१४३/६४—४० १

৫। ভা° ১০,৩২।२२। ७। टेठठ चामि ८।১১৫—১२०। १। टेठ ज्ञ ठटकामग्र २।२८।

ভগবান হইয়াও ভক্তভাবে আচার্যবর্ঘ, 'আপনি আচরি ধর্ম জীবেরে শিখায়'—স্বয়ং হরি হইয়াও 'হরিবোল' বলিয়া অধীর— স্বয়ং রসরাজ-মহাভাব-মিলিত-তকু হইয়াও রসলোলুপ এবং ভাব–তনুয়— স্বয়ং কৃষ্ণ হইয়াও ভাবিনীর ভাবে বিভাবিত হইয়া 'কৃষ্ণাভূত বলাহক, মোর নেত্র-চাতক, না দেখি পিয়াদে মরি যায়' বিলয়া স্বরূপ-রামানন্দের কণ্ঠ জড়াইয়া আর্থনাদ করেন। 'চ্ছীদাস, বিদ্যাপ্তি, রায়ের নাটকগীতি, কৈণামৃত ও গীতগোবিন্দ' নিরস্তর আফাদন করেন, ভাবভরে মৃত্য করেন, অষ্ট্র-সাত্ত্বিভাবে মণ্ডিত হন-কুমাকৃতি, রক্তোদ্গদ এবং অন্থিচর্ম-শৈথিল্যাদি প্রকট করেন। রস-সাহিত্যের মতে ন রসহীনোহস্তি ভাবো ন ভাবো রসবর্জিতঃ', 'রস ব্যতীত ভাব এবং ভাব ব্যতীত রসের উপলব্ধিই হয় না'। রস ও ভাবের লীলাখেলা অনাদিকাল হইতে চলিতে থাকিলেও – অপর কথায় এক্রিফ ও এরিাধার লীলাবিনোদাদি অনাদি নিত্য হইলেও কিন্তু প্রেমবৈচিত্ত্যাদি বিরহ-কালে তাঁহাদের যে নিমিষাসহিষ্কৃতা ও ক্ষণকল্পতাদির উদ্গম হয়, তাহাতে তাঁহাদের উভয়েরই 'ঐকাক্ম্য'-প্রাপ্তির ইচ্ছাও অসঙ্গত নহে ২। তবেই বলিতে হয় যে রস ও ভাবের পৃথক লীলাও যেমন নিত্য, একাত্মক লীলাও তেমনই নিত্য। রস আস্বাদনের বৈশিষ্ট্যে—ব্ৰজলীলা এবং ভাবাস্বাদনের বৈশিষ্ট্যে হয়- নবদীপলীলা। ব্রজলীলায় রসপ্রাচুর্য এবং নদীয়ালীলায় ভাবের প্রাচুর্য। বস্তুতঃ উভয় লীলাই নিত্য ও সমাস্বাদনীয়-তত্ততঃ কৃষ্ণ ও গৌর অভিন্ন^৩ হইলেও লীলায় হইলেন ভিন্ন⁸। ব্রজলীলায় প্রবেশে প্রকৃতি-দেহপ্রাপ্তির আবশ্যকতা আছে, গৌরলীলায় কিন্তু পুরুষ বা প্রকৃতির ভাবদেহে গৌরভজন করিতে বাধা নাই। ভাবাঢ্য গৌরকে সময়োচিত ভাবে ভক্তবুন্দ সেবা করিতেন। শ্রীগৌরাঙ্গ গোপীভাবে, দাসভাবে ও ঈশ-(কৃষ্ণ)-ভাবে থাকিতেন^৫; কখনও বিবিধ ভঙ্গীপূব ক কৃষ্ণাবেশে নৃত্য, কখনও রাধাভাবে আবিষ্ট হইয়া 'হরি হরি' ধ্বনিপূর্ব ক আর্ত্তনাদ, কখনও বালবৎ জানুচংক্রমণের, কখনও বা গোপালন চরিতের অনুকরণ করিতেন^৬। **এইভাবে সব**িঅবতারের সব^{ভা}ব-প্রকাশে, বিশেষতঃ লবণসাগরবে<mark>লায়</mark> পূর্বলীলামালার সার স্ফারিত করত জীরাধা ও জীকৃষ্ণের প্রেমসাগরে জগৎকে প্রবেশ করাইয়াছেন⁹। অশ্রুত্বর প্রেম–নামক অন্তত প্রমার্থ, অজ্ঞাত্বর নাম–মহিমা, তুর্লভত্র শ্রীবৃন্দাবনমাধুরী-প্রবেশ এবং অনুরুত্তচর প্রমাশ্র্রমাধুর্যসীমা শ্রীরাধাপ্রভৃতিকে শ্রীচৈত্যচন্দ্রই করুণা করিয়া আবিষ্কার করিয়াছেন^৮। মালী হইয়া বৃক্ষধর্মপ্রাপ্তি করত আবার স্বপরিবারকে আজ্ঞা দিলেন—'পাত্রাপাত্র-

১। टेव्ह जन्म ३०।७०।

২। কাপিলতন্ত্রে—কচিৎ সাপি রুক্ষমাহ শূণু মন্বচনং প্রিয়! ভবতা চ সহৈকাল্যামিছামি ভবিতৃং প্রভো!!

মম ভাবান্বিতং রূপং ক্রন্ধাহলাদ-কারণম্। পরস্পরাঙ্গ-মধ্যস্থ ক্রীড়াকৌতুকমঙ্গলম্॥

পরস্পর-স্বভাবাচ্যং রূপমেকং প্রদর্শয়। শ্রুছা তু প্রেয়সী-বাক্যং পরমপ্রীতি-ফুচকম্॥

স্বেচ্ছয়াসীদ্ যথাপুর্বমুৎসাহেন জ্বগদ্গুরুঃ॥ প্রেমালিঙ্গন্যোগেন হুচিন্ত্য-শক্তিযোগতঃ।

রাধাভাবকান্তিযুতাং মৃতিষেকাং প্রকাশয়ন্। স্বপ্নে তু দর্শয়ামাস রাধিকারে স্বয়ং প্রভুঃ॥

७। टेव्ह जानि २१,२०; 8। टेव्ह मशा २०१२७८।

 ⁽त्रां भी ভारिवर्षां प्रचारिवती मं ভारिवः कि ि कि ि कि ि हि विकास विका

৬-- >। চ্ন্রামৃত ১২৮-- ১৩०।

বিচার-রহিত হইয়া প্রেমফল যথাতথা দান কর' ; ফলতঃ পূর্ব পূর্ব অবতারের যাবতীয় পরিকরগণও 'পূর্বাধিকতর মহাপ্রেমপীয়্মলক্ষী' প্রাপ্তি করিবার উদ্দেশ্যে তাঁহার পাদপদ্মসবিধে অবতীর্ণ হইয়াছেন । একাধারে রসভোক্তা ও রসদাতা, স্বয়ং ভাবমত্ত ও ভাবোয়াদনাপ্রদ— শ্রীগৌরচক্র ব্যতিরেকে অহ্য কোন অবতারই নহেন। শ্রীগৌরাঙ্গের অলোকসামান্ত সৌন্দর্য, স্থতীক্ষ্ণ প্রতিভা, অনহ্যস্থলভ পাণ্ডিত্য-প্রকর্ষ, স্বভাবস্থলভ মধুর বাক্যালাপ, বিনয়গর্ভ অমায়িক ব্যবহার প্রভৃতি সদ্গুণ-কদস্বই সর্বজাতীয় লোকের চিত্তাকর্ষক ছিল –এইজহ্য শ্রীগৌর-প্রবর্ত্তিত ধর্মে তাৎকালীন সমাজের সকল শ্রেণীর লোকই সমভাবে আকৃষ্ট হইয়াছেন। ইহাতে সার্বভৌকে মর্ম ভূবন-বিজয়ী পণ্ডিত, প্রকাশানন্দের হ্যায় কাশীবাসী মায়াবাদী সয়্যাসিকুলগুরু, মুসলমানধর্মানন্ত নিরক্ষর তুর্বিনীত পাঠান সৈহ্য বিজলী থাঁ, অতিনিকিঞ্চন খোলাবেচা শ্রীধর, বিপক্ষ-রপতিকুল-কালাগ্নি রাজা প্রতাপরুদ্ধ, নবদ্ধীপের শাসনকর্তা চাঁদকাজি এবং গৌড়ের বাদসাহ হোসেন শাহ, নবদ্ধীপের মহাছুর্বত্ত জগাই মাধাই—এই বিপরীত-ভাবাপন্ন লোকগণই শ্রীমৌরচরণের আনুগত্য স্বীকার করিয়াছেন। তীক্ষবুদ্ধি নিয়ায়িক রত্মনাথ, সরলবুদ্ধি বিষ্ণুভক্ত শ্রীবাস, রাজনীতিবিৎ মহাপণ্ডিত শ্রীরূপসনাতন, সংসারজ্ঞান লেশশৃক্ত গোপালভট্ট ও রত্মনাথ ভট্ট, বারলক্ষ টাকার জমিদারীর অধিপতি যুবক রত্মনাথ দাস এবং বিপুলবৈভবের অধিকারী রায় রামানন্দ — শ্রীগৌরগুণাকৃষ্ট হইয়া চিরতরে আত্মসমর্পণ করিয়াছেন।

সংকীর্ত্তনৈকপিতা শ্রীগোরাঙ্গের লীলাই নামসংকীর্ত্তনের এক বিপুল ইতিহাস। নামরূপ-গুণ-লীলা সমস্ত্রে গ্রথিত হইলেও নামকীর্ত্তনে সকলেরই অধিকার আছে, কিন্তু রূপ, গুণ ও লীলার ফুরণ-বিষয়ে অধিকারির যোগ্যতা অবশ্য অপেক্ষিত। সৎসাহিত্যের আত্মাই হইল রস; রস অনির্ব্চনীয়, ব্রহ্মবৎ অবাঙ্মনসগোচর হইলেও অন্তুভব-সংবেত্ত, সৎসামাজ্ঞিকের আস্বাদনীয়; ভাগ্যবান্ জ্বন্তা ও শ্রোতা রসাম্বাদন করিতে পারেন। রস-দাক্ষাৎকার-বিষয়ে শ্রীচক্রবর্ত্তিপাদ ক্রম দেখাইয়াছেন—(১) প্রথমে প্রবণকীর্ত্তনাদি ভজনের পুনঃপুনঃ অভ্যাসবশতঃ আনন্দরূপা রতির আবির্ভাব হয়, (২) তৎপরে বিভাবাদির সহিত চিত্তসংযোগ হইয়া রতি-সাক্ষাৎকার হয়, (৩) তার পরে সেই রতিই রসরূপে পরিণত হয়, (৪) তদনন্তর সেই বিভাবাদির সাহচর্যে রসসাক্ষাৎকার হয়। ভাব-রাজ্যের যে স্তরে রস-স্পর্শ অন্তুভূত হয়, আস্বাদনের সৌভাগ্য ঘটে, তাহাকে কেহ কেহ রসের অধিষ্ঠান-ভূমি বলায়াছেন, এই অধিষ্ঠানভূমির প্রয়োজনীয়তা সাধারণ সাহিত্যেও পদকাব্যে সমভাবেই স্বীকার্য। সাধারণ সাহিত্যে যাহা রসাম্বাদনের ভূমিকা, পদকাব্যে তাহাই 'তছ্চিত গৌরহন্দ্র' বা 'গৌরচন্দ্রিকা।'

লীলাকথারস-নিষেবণই সংসারসিন্ধু উত্তরণের একমাত্র প্লবন্ধপে নির্দিষ্ঠ হইয়াছে । শ্রবণ ও কীর্ত্তনদ্বারাই লীলারস-নিষেবণ স্থানিম্পন্ন হয়; মহদাবির্ভাবিত ও মহন্মুখোচারিত শ্রবণ কীর্ত্তনাদির সমধিক ফল ভক্তিসন্দর্ভে ^৫ বর্ণিত হইয়াছে। এই মহাজনগণ-কর্তৃক বর্ণিত শ্রীরাধার পূর্বরাগ, ব্যাকুল

১। চৈচ আদি ৯/০১--৫২; চন্দ্রামৃত ৭৭। ২। চন্দ্রামৃত ১১৮--১১৯।

৩। কীর্ত্তনপদাবলী ভূমিকা আ/০।

^{8 | 51° &}gt;> |8|80 |

[।] ২৫৭—-২৫৮ অমুভেছেদ।

বিরহ, মধুর প্রেম ও দিব্যোমাদ প্রভৃতি শ্রীগৌরচন্দ্র স্বজীবনে প্রকট দেখাইয়াছেন। 'তিনি শ্রীমদ্ভাগবত ও বৈষ্ণবগীতিমালার সত্যতা প্রমাণিত করিয়াছেন—দেখাইয়াছেন এই বিরাট শাস্ত্র ভক্তির ভিত্তিতে, নয়নের অশ্রুতে, চিত্তের প্রীতিতে দণ্ডায়মান।..চরিত পদাবলীদারা, পদাবলি চরিতদারা এবং উভয়ই শ্রীগৌরহরির লীলারসদারা বৃঝিতে হয়'। স্থুতরাং পদকাব্যের শ্রেবণ ও কীর্তনে গৌরচন্দ্রের প্রয়োজন মনিবার্য। গৌরচন্দ্রের শুল বিমল জ্যোৎস্নায় স্বতশ্চঞ্চল মনও নিশ্চল হয়, ফ্রন্ম নির্মল ও উজ্জল হয় এবং যুগলবিলাস-মাম্বাদনের যোগ্যতা হয়। নাটকের প্রস্তাবনার স্থায়, হিন্দুস্তানী সঙ্গীতের আলাপের স্থায় এবং ইউবোপীয় সঙ্গীতের overture এর স্থায় গৌরচন্দ্রারা যে রসের বা যে পর্যায়ের লীলা কীর্ত্তিত হইবে, তাহার পূর্বাভাসও পাওয়া যায়—ইহাতে সামাজিক তত্ত্বলীলার অনুধাবনে যথেষ্ট সাহায্য পান। শ্রেবণ, কীর্ত্তন ও স্মরণে মহান্ ম্যোগ্যকেও অন্তর্শিচন্তিত স্বসেবোপযোগী দেহ-সমর্পণ্টি অনর্পিত্তর উন্নত—উজ্জ্বল-রসগর্ভ স্বভক্তি সম্পত্তি-সমর্পণের একতম ব্যাপার।

শ্রীশ্রীগোড়ীয়-বৈফব-অভিধান (২খ)

পরিশিষ্ট খ (সঙ্গীত পরিভাষ।)

আংশস্বর (সদা ১।১০০-১০২) যে সর
গানে রাগ-প্রকাশক, অন্তার স্বরদকল
যাহার অন্থগামী, তাসাদির প্রয়োগে
যাহা স্বয়ং গ্রহস্বরত্ব প্রাপ্ত (গ্রহস্বরের
কারণ), সর্বত্র যাহার বাহুল্য, সেই
রাজতুল্য বাদী স্বরই 'অংশ'-নামে
কথিত হয়।

অংসাভিনয় (সসা ৪।৩৩) স্কন্ধ দেশের অভিনয় পাঁচ প্রকার— একোচ্চ, কর্ণলগ্গ, উচ্চ্যি,ত, স্রস্থ এবং লোলিত।

ত্যালভা ।

ত্যালভা ৷

আঞ্চিত (সনা ৪।২৫) গ্রীবা পার্শ্ব-দেশে কিঞ্চিত অবনত করত শির-শ্চালন। ইহা রোগ, চিস্তা, মোহ ও মৃছ্রাদিতে তত্তৎকার্যের অমুধাবন-বিষয়ে অভিনেয়।

ও সঙ্গীতদাযোদর ৪র্থ স্তবকে)।

জ্ঞাল (স্পা ৪/৮৪,৮৬) সংযুত

হস্তকভেদ। পতাক করতলম্বরের সহিত্যশ্মিলিত হইলে 'অঞ্জলি হস্তক রচিত হয়। দেবতা-নমস্কারে ইহা শিরঃস্থ, গুরুগণের নমস্কারে মুখস্থান-গত এবং বিপ্রা-নমস্কারে হৃদয়স্থিত করিয়া অভিনেয়।

অডডতালী (সর ৫।২০৬) এক ক্রতের পরে ছুইটি লঘুমাত্রার তাল। নামাস্তর—'ত্রিপুট'।

অভুতা দৃষ্টি (সমা ৪।১৩৭) যে দৃষ্টিতে উভয় গোলক স্তব্ধ হয় এবং চক্ষ্-রোমাবলির অগ্রভাগ ঈষৎ কুঞ্চিত হয়, তাহাই 'অভুতা'।

অধোমুখ (সুসা ৪।৪৪) নৃত্যুহস্ত-ভেদ। ২ (সুসা ৪।২৯) অধোদিকে মুখ করিয়া শিরশ্চালন। ইহা লজ্জা, দুঃখ ও প্রধামে অভিনেতব্য।

অনঙ্গ (দর ৫।২৮৮) ক্রমে এক লঘু, এক প্লুত ও একটি স-গণযুক্ত মাত্রার তাল।

অনভ্যাস—অংশব্যতীত অক্সান্ত স্বরের বর্জন।

ভানিযুক্ত প্রবন্ধ (সর ৪।২১)
প্রবন্ধের ভেদ যাহাতে ছন্দঃ ও
তালাদির নিয়ম-ব্যতায় হয়।

অনিবন্ধ গীত (স**শা ১**৷১৫১) রাগের আলাপমাত্র। 'আলাপ'-শব্দে রাগের প্রাকট্যই বাচ্য।

অনুগত (নাট্যশাস্ত্র, কাশী ৪।১৯৪— ৩০১) মধ্য লয়। অনুবাদী (সসা ১৮৮) বাদী,
সম্বাদী ও বিবাদী স্বর ব্যতীত স্বরই
অম্বাদী। ইহা রাজা ও পাত্রের
অম্বাদী। ইহা রাজা ও পাত্রের
অম্বার । সঙ্গীতপারিজাতে (১৮২)
ইহাকে রাগের সরসতা ও জাতীয়তানাশক বলা হইয়াছে।

অন্তরক্রীড়া (সর ৫।০০১) বিরামান্ত ক্রতব্যোত্মক তাল। অন্তরা (রত্বা ৫।২৮৬২) গ্রুব ও

আভাগের মধ্যবর্তী ধাতু। 'ঞ্বা-ভোগান্তরে জাতো ধাতুরভোহন্তরা-ভিধং'। (সঙ্গীতশিরোমণি ও সঙ্গীত

অভঙ্গ (সর ৫।২৯২) একটি লঘুও একটি প্লুত মাত্রার তাল।

সার)।

অভিনন্দ (সর ৫।২৮৭) ক্রমে ছুই লঘু, ছুই ক্রত ও একটি গুরুমাত্রার ভাল।

অভিনয়-তেদ (সর ৭।২১) আঙ্গিক, বাচিক, আহার্য ও সাত্ত্বিক-ভেদে চতুবিধ। (১) আঙ্গিক-বৃদ্ধিবলে জ্ঞাত পদ-পদার্থের দ্বারা অন্তর্কর্ভাগণ করচরণাদি অন্তর্করান। (২) বাচিক—বাক্য-ঘটিত কাব্যনাটকাদি। (৩) আংহার্য অন্তর্গ-সদৃশ অন্তর্কর্ভা-কর্ভ্ক ধ্রত

হারাদিভূষণ। (8) সাত্ত্বিক ত'বৃক

নট ও প্রেক্ষক-কর্তৃক স্বস্তাদি অষ্ট-

সাত্তিক ভাবদারা বিভাবিত। অভি-

নয়ের প্রকার-নিয়মও দ্বিবিধ—লোক-ধর্মী ও নাট্যধর্মী। অভিক্লদগভা (সপ ১০৭) বড় জগ্রামে ঋষভাদি স্বর হইতে জাতা সপ্তমী মূর্ছনা। নারদ-মতে--রজনী। অর্থ নৈর্মল্য (স্বা ১০৩৭) বাক্যের উচ্চারণমাত্রই যদি সম্যক প্রকারে ত্ম্থকর, অদোষ ও রসমুক্ত অর্থজ্ঞান হয়, তাহাকেই অর্থ নৈর্মল্য'-নামক

গীতগুণ বলে। অর্দ্ধিক (সুসা ৪।৪৮,৭৯-৮৩) অসংযুত হস্তক-ভেদ, যাহাতে অপুষ্ঠের সহিত অঙ্গুলিসকল চাপবৎ বিনত হইয়া অর্দ্ধচন্দ্রাকৃতিবৎ দৃষ্ট হয়। প্রয়োগাদি আকরে দ্রপ্রতা।

অলঙ্কার (রত্না ৫।২৬৬৭) রচনার বৈশিষ্ট্যবশতঃ বর্ণসকল অলঙ্কার-নামে কথিত হয়। স্থায়ী বর্ণে ২৬, আরোহী অবরোহী ও সঞ্চারী বর্ণে প্রত্যেকে ১২ টি করিয়া ৩৬টি অলঙ্কার হয়। অবধৃত (সৃশা ৪।২০) একবার মাত্র অধোদেশে শিরশ্চালনকে 'অবধৃত' কছে। ইহা কোনও বস্তব অবস্থা-পনের জন্ম দেশ-নির্দেশে, আলাপে, আদানে (গ্রহণে), উপবিষ্ঠভাবে অল্পনিদ্রায় ও শংজ্ঞায় (চৈত্তে) প্রযোজা।

क्यवद्वाशी वर्ग (त्रष्ट्वा क्षारक्षक) ক্রমশ: নীচ হইতে নীচতর কক্ষায় অবরোহণকারী স্বর। দ্বাদশটি আরোহীর অলঙ্কার-স্বরের আরোহণ-ক্রমে ইহার অলম্বার নির্ণীত হয়। **অবান্তরবিদারী** যাহা পদ ও বর্ণের দারা শেষ হয় তাহা। গীতের খণ্ড-বিশেষ।

অশ্বকোন্তা (সপ ১০৭) ষড়জগ্রামে

গানারাদি-স্বর হইতে জাতা ষষ্ঠী মুছ না। নারদ-মতে—উত্তরায়তা। অসংযুক্ত (সঙ্গা ৪।৪২) হস্তাভিনয়-ভেদ যাহাতে একটিমাত্র হস্তের কার্যাবলি প্রদর্শিত হয়। ইহা ২৪, ২৮ কিংবা ৩০ প্রকার হইতে পারে। আকম্পিড (সুসা ৪।২২) মন্দগতিতে ত্বইবার প্রযুক্ত কম্পিত (উধর্বাধো-শির্শ্চালন) অভিনয়ই 'আকম্পিত'। ইহা সমুখবর্তী বস্তুর নির্দেশে ও চিত্তম্ব বস্তার প্রকাশনে অভিনেত্ৰা।

আক্ষেপ (রত্না ৫।২৬৯১) সঞ্চারী বর্ণের অলঙ্কার-বিশেষ। যাহাতে প্রথম হইতে তিন্টী স্বরের ক্রমান্বরে উল্লেখ হয়, তাহাই 'আক্লেপ' অলম্ভার; যথা-সরিগ, রিগম, গমপ, মপধ, পধনি, ধনিস। আখর--লীলা কীর্ত্তনের উপান্ধ-ভেদ, [১০৯৬ পৃষ্ঠা দ্রষ্টব্য] গেয় পদের অভি-প্রেত ব্যাখ্যান-বিশেষ। আঞ্চিক অভিনয় (স্বা ৪০)

আতানারি (রত্না ধা২৮২০) সঙ্গীত-শান্ত্রের আলাপ-বিশেষ। [আ = হরি, তা=গোরী, না=হর এবং রি=ব্রহ্মা, ত্মতরাং আতানারি শব্দগারা এই চারি দেবতাই উদ্দিষ্ট]। আদিতাল (সর ৫।২৬১) 'লঘ্ৰ-

অঙ্গাভিনয় ত্রিবিধ—অঙ্গ, উপাঙ্গ ও

প্রতাক ৷

দিতালঃ'। একটি লঘু মাত্রার তাল। আধূত (সদা ৪.১৯) একটিবার মাত্র বক্রভাবে উদ্ধনীত শিরশ্চালন হইলে 'আধৃত' ইহা হয় | গর্বভরে নিজাঙ্গদর্শনে, পার্শ্বন্থ বস্তুর প্রতি উর্দ্ধ নিরীক্ষণে, সামর্থাস্থচক অভিযানে

এবং অঙ্গীকারে অভিনেতব্য। আৰদ্ধ (সুসা ২।১৯--২০) চৰ্ম-निर्मिত महनापि वाष्ट्र। मर्पन, मूत्रक, ঢকা, পটহ, পণৰ, কুণ্ডলী, ভেরী, ঘণ্টা, বাঝর, ডমরু, মন্থ, হুড্কা, মড্ডু, ডিভিনী, উপাঙ্গ, দত্ব প্রভৃতি। ইহাদের মধ্যে মর্চলই শ্রেষ্ঠ। व्यानिमनी (गत 81२०) व्यवत्यत

জাতিভেদ যাহাতে পাঁচটি অঙ্গ বিছ্য-মান থাকে। (সুসা ১।১৭৪) ইহাকে 'নন্দিনী' বলা হইয়াছে ৷ আন্দোলিড (স্পা ১।৩২৯) লঘ্-মাত্রার বেগে স্বরকম্পন হইলে 'আন্দোলিত' গমক হয়। আভীরিকা-—'ধ-কোমলা নি-তীব্রাছা যড্জপূর্বক-মূছ না। ধগয়োঃ কম্প-**সংযুক্তা** সপাংশাভীরিকা যতা। আবোহণেহবরোহেহপি কচিন্-মধ্যম-

সঙ্গীতদর্পণে (২।১৪) 'কল্যাণরাগ-বজ্জেয়া বুধৈরাভীরিকা সদা'॥ আভুগ্ন (সমা ৪।৩৭) বক্ষের অভিনয়-যাহাতে বক্ষোদেশটি নিয়. শিথিল ও কিঞ্চিৎ বক্র হয়। হর্ষে. नब्डाय, भी९कारत, भनारवर्य, (भारक, মৃছায়, ভয়ে, সম্রমে, ব্যাধিতে এবং

বজিতা'। দিবা তৃতীয় প্রহরের

পরে গেয়া। [পারিজাত ৩৯৯]।

আভোগ (সদা ১৷১৬১) গীতের শেষ ভাগ। ইহাতে কবির ও নায়কের নাম থাকে।

বিষাদে অভিনেতবা।

আরভটা (সক ২৷৩৬) বুল্তি-বিশেষ, যাহা প্রোচ অর্থ-রাশির অভিব্যক্তি করে।

আরোহী বর্ণ (রজা ৫।২৬৬৪) ক্রমশঃ উচ্চ হইতে উচ্চতর কক্ষায়

আরোহণকারী স্বর। ইহার বারটি वनकात वाहा विश्वीर्ग, প্রচ্ছাদন, উদ্বাহিত ইত্যাদি [তত্তৎ শব্দ দ্ৰপ্তব্য]। আলপ্তিকা (স্বা ২ ৩৩) কনিষ্ঠাঙ্গুলি-

সংযোগে সকল অঙ্গুলির ভ্রমণক্রমে প্রদর্শিত বাদনমার্গ।

আলাপ-অনিবদ্ধ পদ। ২ (সুসা ১।১৫১) वर्गानकात-(मतिश्रमानि)-যুক্ত, গমকের বিচিত্রতা-মণ্ডিত ও ভলিদারা মনোহর রাগ-প্রকাশ। হরিনায়ক কিন্তু অক্ষর-বজিত গমকের আলাপ বলেন।

আলাপা (সপ ২০৩ টী) গান্ধার গ্রামে সপ্রমী মৃছ না।

আবর্ত্তিতা (সর ৭।০৬৫) বিদৃষকের পরিক্রমের অভিনয়ে বাম চরণের দক্ষিণে ও দক্ষিণ চরণের বামে মুহু-মুহ আবর্তনকে 'আবর্তিতা জজা' বলে।

আবাপ (নাট্যশাস্ত্র কাশী ৩১/৩৩) নিঃশব্দ তাল-বিশেষ যাহাতে উথিত হস্তের অঙ্গুলি-সমাক্ষেপ (কুঞ্চন) হয়। আশাবরী-নালবরাগের ভার্যা। ধ্যান—জবাপ্রস্থনত্ব্যতিবিম্ব-বজ্ঞা, সক্ঞ-পদ্মং করয়োর্দধানা। কোমাংতকাচ্ছাদিত-গাত্রযষ্টিরাশাব্রী রঞ্চকলা-বিদগ্ধা॥

আতোতাদি বাতে রঞ্জনার জন্ম শুষ বা নিগীত বাছবিশেষ। গীত বা নুত্যের বিরামস্থলে প্রযোজ্য বাছই বিস্তার-নামক ধাতুর 'শুঙ্কবাছা'। ভেদ চৌদ্ধবার হইলে আশ্রাবণাবিধি হয় ৷

আশ্রোবণা-বিধি (নাট্য, কাশী ৫।১৮)

আসাৰরী---'গোরীমেল-সমুৎপরা-

রোহণে গনি-বজিতা। মধ্যমোদগ্রাহ-ধাংশাভাসাবরী ভাস-পঞ্ম।' সিপ 88২] (সদ ২।৭৫) লক্ষণ—'আসাবরী গনি-ত্যক্তা ধ-গ্ৰহাংশা চ ওডবা। ভাসস্ত ধৈবতো জেয়; করুণারস-নির্ভরা॥ অথবা—'ককুভায়াঃ সমুৎ-পরা ধান্তা মাংশগ্রহা মতা। পঞ্চমেনৈব রহিতা বাডবা চ নিগলতে॥'

ধ্যান---'শ্রীখণ্ডনৈল-শিখরে পিচ্ছ-বস্তা, মাতজমোক্তিক-মনোহর-হারবল্লী। আরুষ্য চন্দনতরোরুরগং বহস্তী, আসাবরী বলয়মুজ্জল-নীলকান্তি:'॥

আসারিভ (নাট্যশাস্ত্র, কাশী ৪।২৬৮) অভিনয়ের অঙ্গ-হিসাবে নৃত্যক্রিয়া-ইহাতে বিধি। নীলকণ্ঠ-মতে প্রথমতঃ নর্ত্তকী-প্রবেশ, তারপরে অভিনয়-প্রদর্শন, পরে তাল ও ছন্দের আমুগত্যে অঙ্গহার-প্রয়োগ, সর্বশেষে দেবভা-চিহ্নরূপে নৃত্য-প্রদর্শন। কুতপ-বিধানের পরে আসারিত নৃত্য করিতেন। এ প্রসঙ্গে আসারিত গীতির কথাও উল্লেখ-যোগ্য। নাটকের জন্ম অভিপ্রেত গানই—আসারিত। ইহাতে মুখ, প্রতিমুখ, দেহ ও সংহার—এই চারিটি অঙ্গ। এতদ্ব্যতীত যাডবাদি সমাবেশও

আবার গান, বাছ ও নুভ্যের সঙ্গে আগারিত তালরকা করাকেও (কলাপাত) বলে। আহত (সুসা ১৩৩১) পূর্বস্বরকে আঘাত করিয়া নিবৃত্ত গমকই 'আহত'।

থাকে। আসারিত গান—ত্রিবিধ,

(নাট্যশাস্ত্র কাশী, ৩১।২০৮—২২৫)।

গ্রামরাগের

উচ্ছিত (রদ্বা ৫।৩২৪১) হর্ষ ও গর্বাদিতে অমুষ্টেয় অংশাভিনয়। উৎক্ষিপ্ত (সম। ৪।২৮) যে প্রির-कालान मुथि छेश्व मिटक शेटिक, তাহাই 'উৎক্ষিপ্ত'। ইহা চন্দ্রাদি আকাশ-চারী উচ্চ বস্তুসমূহের দর্শনে অভিনেতবা।

উদ্বাহিত

উত্তম বৃন্দ (সর ৩।২০৫--২০৬) যে বুন্দে ৪ জন মূল গায়ক, ৮ জন সম-গায়ক, ৪ জন বাংশিক, ৪ জন মুদগ্ৰ-বাদক থাকে।

উত্তরমন্ত্রা (সপ ১০৪) বড্জগ্রামের ষড্জপূৰ্বক জাত প্ৰথম মূছ না। নার্দমতে—উত্তরবর্ণ।

উত্তরায়ভা (সপ ১০৫) বড়জ্ঞামে ধৈবতাদি শ্বর হইতে উৎপন্না তৃতীয়া মুছ না। নারদমতে—অপক্রাস্তা। 'উত্তান (সুসা ৪।৪৪) নৃত্যুহস্ত-ভেদ । উৎসব (সর ৫।৩০২) এক লঘুর পরে একটি প্লুত মাত্রার তাল।

উদীক্ষণ (শ্সর ৫।২৮৫) ক্রমে ছই লঘু ও একটি গুরু মাত্রার তাল। উদ্গ্রাহক (স্থা ১১৬১) গীতের প্রথম ভাগ।

উদ্ঘট্ট (সদা ১া২৫৯) তিনটী গুরু-মাত্রার তাল।

উদ্বাহিত (রত্না ৫।২৬৮২) আরোহি-বর্ণের অলম্বার-ভেদ। আদিম্বর চারি বার, দ্বিতীয় স্বর ছুই বার, ভূতীয় ও চতুর্থ একবার মাত্র আলাপ করিলে 'উদাহিত' অলম্বার হয়। যথা-স স স স রি রি গম, রি রি রি রি গগ মপ ইত্যাদি। ২ (সৃসা ৪।৩৫) বক্ষের

অভিনয়-ভেদ, যাহাতে বক্ষঃ কম্প-রহিত ও সরলভাবে উৎ**ক্ষিপ্ত হয়।** ইহা দীর্ঘোচ্ছানে, জ্ঞার ও উচ্চবন্তর

তুই জন বাংশিক ও তুইজন মার্দিক

দুর্শনে অভিনেয়। ৩ (স্বা ৪।২৩) একবার মাত্র উধের্ব নীত শির-শ্চালন। 'আমি এই কার্যে সমর্থ'— ্ইত্যাকার অভিযান-গ্রোতনে ইহা অভিনেয়।

উদ্বু ত্ত

উদ্ব্র (সর ৭।২২০-- ২২২) সম হংস-পক্ষদরের অধোদেশে একটি হস্ত উত্তান-ভাবে এবং অপর হস্তটি অধো-মুখ হইয়া অন্তটির পৃষ্ঠদেশ স্পর্শ করিলে 'উদৃত' হস্তক হয়। ['হংদপক্ষ' क्टेंवा]।

উন্নত (সুসা ৪।৩৮) পার্শ্বান্ধাভিনয়। উন্নামিত (স্থা ১০৩১) যে গ্ৰুক উত্তরোত্তর স্বরসমূহে ক্রমে সঞ্চরণ করে, তাহাই 'উন্নামিত'।

উপান্ধ (সৃসা ৪।৪—৫) মূর্ধা, চকু, তারা, জাকুটি, মুখ, নাসিকা, নিঃখাস, চিবুক, জিহ্বা, গণ্ড, দস্ত, অধর। এই বারটি অভিনয়োপযোগী উপাঙ্গ। মুখরাগকেও শাঙ্গ দেব উপাঙ্গ-মধ্যে গ্রহণ করিয়াছেন। মতান্তরও

উপাড়ড (সুসা ১২৫৬) একটিমাত্র ক্রতমাত্রার তাল।

আছে।

উরোইভিনয় (সৃসা ৪।৩৫) সম্ আভুগ্ন, নিভুগ্ন, প্রকম্পিত উষাহিত-এই পাঁচটি বক্ষের অভিনয়।

উদ্ধিস্থ (সর ৭।৩৪০) মস্তকের উপরে বাহুর গতিকে 'উর্দ্ধু বাহু' বলে। ইহা উচ্চবস্তুর দর্শনে অভিনেতব্য।

ধাষভ স্বর (রত্না ৫।২৫৮৭) যখন বায়ু নাভিমূল হইতে উত্থিত হইয়া বুষের ন্তায় ধ্বনি উৎপাদন করে এবং অনায়াদে মুখনিৰ্গত হয়, তখন ্তাহাকে 'ঝৰভ ত্বর' বলা হয়।

চাতক ঋষভ-প্রকাশক। মতে বুষভই ইহার বক্তা। একতালী (সর ৫।২৯০) একটি ক্রত মাত্রার তাল। একোচ্চ (স্বা ৪।৩৪) একটি স্কল্পের উচ্চতা-করণে এই অভিনয় করিতে হয়। ইহা মুষ্টি ও কুন্ত-প্রহারে প্রযোজ।

ওঘ (নাট্যশান্ত, কাশী ৪।২৯৪-৩০১) দ্ৰুত লয়। ওড়ব রাগ (রজা এ২৭৮১) পঞ্

चटत উৎপन्न, यथा-मशुमामि, मलात, (ममलान, भागव, शिल्मान, टेज्रब, নাগধ্বনি, গুণকিরী, ললিতা, ছায়া, ভোড়ী, বেলাবলী ও প্রভাপসিন্ধ প্রভৃতি। সঙ্গীতসারে—তুরস্ক, গৌড়, গান্ধার, পুলিন্দ, মেঘরঞ্জক ইত্যাদি। কঙ্কাল (সর ৫।২৮৯--১০) এই তাল **Б**र्जूरिश,--- शूर्व, अख, अग ७ विषम। (১) চারি জ্রুতের পরে এক গুরু ও এক লঘু মাত্রার তাল-পূর্ণ। (२) ছই জতের পরে ছই গুরু মাত্রা— খণ্ড। (৩) গুরুদ্বয়ের পরে একটি লঘু মাত্রা--সম এবং (৪) এক লঘুর পরে হুইটি গুরু মাত্রায়—বিষম কন্ধাল তাল হয়।

পুর্বে আলাপ থাকে, তাহাই কঞ্ক; ইহা করুণরসে গেয়। [সর ১। ৩৫৬) ইহাকে 'কম্ব্ৰু' বলে। কথা-লীলাকীর্ত্তনের উপাঙ্গ-ভেদ [১০৯৫ পৃষ্ঠা]ইহা কীর্ত্তনে উক্তি-প্রত্যুক্তি,গানের যোগস্ত্র, অর্থবিশদী করণ প্রভৃতিতে লক্ষ্যীতব্য। কনিষ্ঠ বৃন্দ (সর ৩।২০৭) যে বৃন্দে

একজন মূলগায়ক, তিন জন সমগায়ক,

কঞ্চুক (সদা ১)২৩০) যে ধ্রুব পদের

থাকে, ভাহাই অধম বা কনিষ্ঠ বৃন্দ। কন্দর্প (সর ৫।২৬৪) ছুইটি ক্রত্যাতার পরে একটি য-গণ থাকিলে কন্দর্প তাল হয়। নামান্তর—'পরিক্রম'। ২ (সমা ১া২৬১) ক্রমে ছই ক্রত, ছই লঘু ও একটি গুরু মাত্রার তাল। কন্দুক (সর ৫।২৯০) ছুই লঘুর পরে স-গণাত্মক মাত্রার তাল। কপোত (সৃসা ৪।৮৪,৮৮) সংযুত হস্তকভেদ যাহাতে করতলম্ম বিশ্লিষ্ট হইলেও মূল, অগ্র ও পার্মদেশটি মিলিত হয়। ইহা প্রণামে, গুরু-সম্ভাষণে এবং বিনয়পুর্বক অঙ্গীকারে অভিনেয়। কম্পিত (সুসা ৪।২১) বহুবার শীঘ-গতিতে উদ্ধ'ও অধোদেশে শির-শ্চালনকে কম্পিত' কহে। ইহা জ্ঞানে, স্বীকারে, রোষে,বিতর্কে এবং তর্জনে অভিনেতব্য। ২ (সর ৭।৩৬০) অংম ব্যক্তিগণের গমনের অভিনয়ে পার্শ্বের

মুহুমুহি নতোন্নতি। ও ক্রত মাত্রার অর্দ্ধ-পরিমাণে স্বরকম্পন 'কম্পিত' গমক হয়। কম্পিতা (সর ৭।৩০৯) কটীনর্ত্তন-বিশেষ, যাহাতে দুই পার্ম ক্রতগতিতে চলাফেরা করে। কুজ ও বামনাদির গতিপ্রদর্শনে অভিনেতব্য। করঞ্জী নৃত্য (সুসা ৩/৪১) স্বভাষায় গানরত গুঞ্জামালাধারী স্ত্রীযুগলের শবরী-বেশে নুত্য।

করণ (নাট্যশাস্ত্র, কাশী ৪৷৩১—

সমাথোগো নৃতস্ত করণং ভবেৎ'

অর্থাৎ হস্ত ও পদের সহযোগ বা

প্রয়োগই নৃত্তের করণ। ইহা ১০৮

'হস্তপাদ-

১৬৮) নৃত্যবিশেষ।

প্রকার—তলপুপপুট, বর্ত্তিত, বলি-তোরু, অপবিদ্ধ, সমনখ, লীন, উন্মত, অলাত, কটীসম, গঙ্গাবতরণ প্রভৃতি। ২ (সসা ২।২৪) ছয় মাসের উদ্ধবিষক্ত মৃতবংসের চর্ম, যাহা মর্দলে ব্যবহৃত হয়।

করণযাতি (সর ৫।২৯৭) চারিটি ক্রতমাত্রার তাল।

করতাল (সমা ২।৬৭—৬৮) শুদ্ধকাংশু-নিমিত, ত্রেরোদশাঙ্গলি-প্রমাণ
ব্যাসবিশিষ্ট, মধ্যে স্তনাকার মুখ,
তাহার মধ্যে রজ্জু-গ্রন্থি এবং প্রমপত্রের তুল্যাকৃতি হইবে। ছুই হাতে
রজ্জুনয় জড়াইয়া বাজাইতে হয়।
করুণ (সর ধা০০৩) একটি গুরুমাত্রার

করণা দৃষ্টি (সসা ৪।১৩৪) বে দৃষ্টিতে চকুর উদ্ধু পূট পতিত (নিমুগামী) হয়, যাহা অশ্রুক্ত হয়, যাহার তারকা শোকহেত্ মন্থরা হয় এবং যাহা নাদাত্রে নিবদ্ধ থাকে, দেই দৃষ্টিই 'করুণা'।

কর্ণলগ্ন (লগ্নকর্ণ) [রত্না ৫।৩২৪১]
আলিঙ্গনে ও শীতের অভিনয়ে অমুষ্ঠেয় অংসাভিনয়।

কর্ণাট — নারদপঞ্চম-সংহিতার মতে

ষষ্ঠ রাগ। ধ্যান — রূপাণপাণিস্তরগাধিরাঢ়ো, ময়ুরকণ্ঠাতি স্থকণ্ঠকান্তিঃ।

শুরুরৎসিত-স্লিগ্ধরসঃ প্রশান্তঃ, কর্ণাটরাগো হরিতালবর্ণঃ।

কর্ত্তরীমুখ (সসা ৪।৪৮) অসংযুত
হস্তকভেদ যাহাতে ত্রিপতাক হস্তের
মধ্যমাকে স্পর্শ না করিয়া তর্জনী
তাহার পশ্চাদ্দিকে সংস্থিত হয়। ইহা
অলক্তকাদি দ্বারা পাদরঞ্জন প্রভৃতিতে
স্বভিনেতব্য।

কলধবনি (সর ৫।৩০৮) ক্রমশঃ ছই
লঘু, এক গুরু, এক লঘুর পরে একটি
প্লুত মাত্রার তাল।
কলা—নিঃশন্দ তাল; 'নিঃশন্দক্রিয়া তু
কলাসংজ্ঞারৈবোচ্যতে'—কলিনাথ।
ইহার চারিভেদ—আবাপ, নিজ্ঞান,
বিক্ষেপ ও প্রবেশক। ২ মন্দল্য
(নাট্যশাস্ত্র ৩১।৫)। ও মাত্রা।

(নাট্যশাস্ত্র ৩১/৫)। ৩ মারা।
চিত্রা, বাতিক ও দক্ষিণাভেদে ইহা
ত্রিবিধা, মতান্তরে গ্রুবা-কলাও স্বীকৃত
হইরাছে। (নাট্য, কাশী ৩১/৩)
৭) পাঁচ নিমিষে এক 'মারা' হয়,
মারোর যোগে 'কলা' হয়, স্কুতরাং
পাঁচ নিমিষে গীতকাবলর কলান্তর
হয়। চিত্রায় তুইটি, বাতিকে চারিটি
ও দক্ষিণায় আটটি মারা থাকে।

(>) চিত্রা= > কনা= > তাল= ২ মাত্রা=মাগধী, (২) বার্ত্তিক=২ কলা= ২ তাল= ৪ মাত্রা=সম্ভাবিতা, (৩) দক্ষিণা= ৪ কলা = ৪ তাল=৮ মাত্রা=পৃথুলা।

কলোপনতা (সপ ২০০ টী) মধ্যম গ্রামের ধ্বভপূর্বিকা তৃতীয়া মূর্ছনা। ধ্বিমূর্ছনা—চন্দ্রা।

কল্যাণ—'মস্ক তীব্রতরো যশ্মিন্ গ-নী তীব্রাবিতীরিতো। গান্ধারোদ্গ্রাহ-কল্যাণে নারোহে তিষ্ঠতো ম-নী'॥ দিবা তৃতীয় প্রহরের পরে গেয় [পারিজাত ৪০০]।

কল্যাণনাট--(সন্ধীতপারিজাত ৪৩৯)
লক্ষণ— কল্যাণমেল-সন্তুতোহ্বরোহে
গধ-বজিতঃ। বড়জাদিম্ছ নোপেতো
রাগঃ কল্যাণনাটকঃ'॥ সন্ধীতদর্পণে
(২।৮২) ভিন্ন লক্ষণ। ধ্যান—
'ক্রপাণপাণিস্তিলকং ললাটে, স্থবণবেশঃ সমরে প্রবিষ্টঃ। প্রচণ্ডমুর্ভিঃ

কিল রক্তবর্ণঃ, কল্যাণনাটঃ কথিতো মুনীলৈঃ'॥
কল্যাণী—কর্ণাট রাগের ষষ্ঠা ভার্যা।
ধ্যান—ব্যাধূতা নটনূত্য-পরিশ্রমেণ বালা লীলাভিঃ স্থদতী কৃতাদরা।
নটীনাং কল্যাণী কলগ্গতি মত-হন্তী এণপ্রস্থানং মুখরিতা কিঞ্চিণী-

কলাপম (१)॥

কন্ত রাগ (পদা ৭২) 'পীতং বদানা বদনং স্থকেশী, বনে ক্দন্তী পিকনাদ-দ্না। বিলোকয়ন্তী ককুভোহতি ভীত,-মৃতিঃ প্রদিষ্টা কহরাগিনী সা'॥ কাকু—মনের ভিন্ন ভিন্ন ভাব-প্রকাশের জন্ম কণ্ঠের ধ্বনির বিচিত্রতা বা বিভিন্নতা। সাহিত্যদর্পদমতে কণ্ঠ ও উচ্চারণ-ভেদে ধ্বনির বিভিন্নতা। ভামুজী দীক্ষিত অমরকোষের টীকার বলেন—শোকে ও ভয়ে জনিত ক্রীগণের ধ্বনিভেদ।

কানজা—মলার রাগের তৃতীয়া—বর্ণা।
ধ্যান—অশোকর্কস্থ তলে নিষ্ধা,
বিয়োগিনী বাষ্পকণাঞ্চিতাঙ্গী।
বিভূষিতাঙ্গী জটিলেব বালা, সা
কানড়া হেমলতেব তম্বী॥
কানড়ী—'তীব্রগান্ধার-সম্পন্না মধ্যমোদ্গ্রাহ-ধান্তিমা।
সাংশ্বরেণ

সংযুক্তা কান্ড়ী সা বিরাজতে'। দিবা

তৃতীয় প্রহরের পরে গেয়া [সঙ্গীত-পারিজাত ৩৮৪]। সঙ্গীতদর্পণে (২।৬৬) ইহা দীপকের রাগিণা। লগণ—'ত্রিনিবাদাথ সংপূর্ণা নিবাদো বিক্ততো ভবেৎ। মার্গাঁচ মূর্ছনা জ্বেয়া কানড়েয়ং হ্রখপ্রদা'॥ ধ্যান—'কপাণপাণি-র্গজ্বস্তখণ্ড,-মেকং বহন্তী নিজ-হস্তকেন। সংস্ক্রমানা স্থর-চারণোধ্যে, সা কানড়েয়ং কিল

দিব্যমূর্তিঃ'॥ কানড়া, কানড়ী ও কানর রাগ একই, যদিও পরি-ভাষাদি ভিন্ন।

কানর রাগ

ভাষাদি ভিন্ন।

কানর রাগ (পদা ২২) 'মন্দারপুপাগ্রাথিত-বনমালা-বিভূষিতঃ। তপ্তচামীকরাভাগঃ কানরঃ পরিকীর্ত্তিতঃ'॥

কান্তা দৃষ্টি (সদা ৪।১৩২) মন্মথবর্দ্ধিনী যে দৃষ্টি দৃশুবিষয়কে যেন পান
করে, যাহা হয় নির্মলা, ক্রক্ষেপ ও
কটাক্ষেশোভিতা সেই দৃষ্টিই 'কান্তা'।

কামোদা—কর্ণাট রাগের পঞ্চমী
ভাষা। ধ্যান—ভর্জুঃ সমং পাথদি
সন্তরন্তী, পয়োবিহারেণ সরোক্রহাণি।
বিচিন্নতী সৌরভমোদমানা, কামোদরাগিণ্যুদিভা গুণ্টজঃঃ॥

কামোদী—সঞ্চীতদর্পণে (২।৬৬)
দীপকের- রাগিণী। লক্ষণ—'ধাংশভাসগ্রহা পূর্ণা পৌরবী মূর্ছনা মতা।
মল্লার-নিকটে গেয়া কামোদী
স্বাই—কা। শিবভূষণ-কেদারযুক্তা
সর্বস্থপ্রদা'॥ ধ্যান—'পীতং বসানা
বসনং প্রকেশী, বনে রুদন্তী পিকনাদদ্না। বিলোকয়ন্তী বিদিশো২তিভীতা, কামোদিকা কান্তমহুশ্বরন্তী'॥ লক্ষণাদি ভিন্ন হইলেও
কামোদা-ও কামোদী একই রাগ।

কাষোধী—'কাষোধী তীত্রগান্ধার।
গান্ধারাদিক-মূর্ছনা। আবোহে মনি-হীনা স্থান্ধাংশ-স্বরভূষিতা। যদা গান্ধারহীনা স্থান্মূর্ছনা চোত্রায়তা'॥
[পারিজাত ৪১০]।

কাঠা নৃত্য (সদা ৩০৬) আটটি
গোপীর সহিত আটটি কৃষ্ণমৃত্তির
নৃত্যবিশেষ যাহাতে স্বন্ধিকাদি
মাঙ্গলিক উপচারের প্রয়োগ হয়।
কীর্ত্তি (সর ধ্রধ্য) ক্রমশং এক লঘু,

এক প্লুত,এক গুরু ও এক লঘুর পরে একটি প্লুত মাত্রার তাল।

কুকুভা—মালবকৌশিকের রাগিণী।
লক্ষণ—'ধৈবতাংশগ্রহক্তাসা সম্পূর্ণা
কুকুভা মতা। তৃতীয়মূছ'নোৎপন্ন!
শৃসার-রসমণ্ডিতা'॥ সঙ্গীতদর্পণে

(২।৫৭) ধ্যান — 'স্থপোষিতাঙ্গী রতিমণ্ডিতাঙ্গী, চন্দ্রাননা চম্পক-দামযুক্তা। কটাক্ষিণী স্থাৎ পরমা বিচিত্রা, দানেন যুক্তা ককুতা

মনোজ্ঞা'॥

কুড়াই—'কুড়াই তীব্রগোপেতা

চারোহে মনি-বর্জিতা। গান্ধারোদ-

গ্রাহ-সংযুক্তা-পঞ্চমাংশেন শোভিতা।
ধর্ষোরস্থতরেণৈর যত্তাবরোহণং মতম্।
গান্ধারেণ বিহীনা সাপ্যবরোহে
কচিন্মতা'॥ সিঙ্গীতপারিজাত ৪৫৪

—

8৫৫]। সঙ্গীতদর্পণে (২।৯৩)

লক্ষণ—'দেশাখ্য-সদৃশী জ্বেয়া কুড়াই

সর্বসম্মতা'॥

কুজুক্ক (সর ৫।২৭৪) ক্রমশঃ ছই ক্রত ও ছই লঘু মাজার তাল। কুতপ (নাট্যশাস্ত্র কাশী, ৪।২৬৮)

বিশেষ। বিবিধ বাচ্চযন্ত্রাদির সমাবেশ করত নাট্যোপযোগী অভিনয়-মঞ্চে আসর প্রস্তুত করাই কুতপ। তিনটি

আসর বিছান, ২ চারিপ্রকার বাছযন্ত্র-

কুতপের একত্র সমাবেশের নাম— 'বৃন্দ'। [অভিনব গুপ্ত-মতে—'কুতং পাতি, কুতঃ শক্বিশেষঃ। কুং

তপতীতি কুতপোন শব্দবিশেষঃ]। কুতপারন্দ—তিনটি কুতপের একত্র

পু সমাবেশকে 'বৃন্ধ' বলে। তত, অবনদ্ধ ও নাট্য-ভেদে ত্রিবিধ কুতপ-

বৃন্দ ভরত ও শাঙ্গদৈব স্বীকার করিয়াছেন। কুবল (সৃসা ১।৩৩০) বলিগমক কোমলকণ্ঠে গ্রন্থিযুক্ত হইলে হয় 'কুবল'গমক।

কুমুদ (সর ধা২৯১) ক্রমে এক লঘু, ছই দ্রুত, ছই লঘুর পরে একটি শুরু মাত্রার ভাল। (২) একটি লঘুর পরে

মাথার তাল। (২) একট পদুর পরে
চারিটী ক্রত ও একটি গুরু মাথার
তালই মতান্তরে কুমুদ।
কুবিন্দক (সর এতে ৭) ক্রমশঃ এক

লঘু, ছই ফ্ৰভ, এক শুৰু ও পরে একটি প্লুত মাত্রার তাল।

কুশীল্ব (নাট্যশাস্ত্র, কাব্যমালা ৩৫।৩৭) নাটকের উপযোগী গীত-বালাদির শিল্পী।

কূটভান—যে সকল তানে স্বরসমূহের

কোনও নির্দিষ্ট নিয়ম নাই অর্থাৎ
বড়ুজের আগে থবত অথবা গান্ধারের
আগে মধ্যম স্বর প্রয়োগ হইবে কিনা
এ বিষয়ে সবিশেষ উল্লেখ নাই,
তাহারাই 'কুটতান'। (সদ ১১১২)
এ প্রসঙ্গে বলা হইয়াছে—অসম্পূর্ণ
(উড়ব কি বাড়ব) এবং সম্পূর্ণ

উচ্চারিত হইলে ক্টতান (যেমন— স গ ম রে প গ রে ইত্যাদি) উৎপন্ন হয়।

(গপ্তস্বরযুক্ত) মৃছ নার স্বর ব্যুৎক্রমে

কেদার রাগ (পদা ২) ধ্যান— 'প্রিয়াবিরহ-সন্তাপ-ছঃখিতো ধুসরা-

কৃতিঃ। কেদাররাগঃ ভামোহ্যং যুবা সর্বাঙ্গত্বনরঃ॥

কেদারিকা—মন্লার রাগের ষষ্ঠা ভার্যা। ধ্যান—স্নাত্বা সমুতীর্ণবতী

স্থদেহা কেশ-প্রণিষ্যন্দিত-বারি-বিন্দুঃ। নিষ্পীড়য়ন্তী তিমিরাংশুকান্তিং

কেদারিকা রক্তপয়োধরশ্রী: ॥
কেদারী—'গনী তীরো তু কেদার্ধাং

স্থাৎ

প-হীনা

কে।শক।

রিধো নস্তোহ্থ গাদিমা'। ভরত-মতে
ইহা দীপক রাগের ভার্যা। দিনের
চতুর্ব প্রাহর হইতে গেরা [সঙ্গীতপারিজাত ৪০৯]। সঙ্গীতদর্পণে
লক্ষণ—'কেদারী রিধ-হীনা খ্যানেড্রা
পরিকীন্তিতা। নি-ত্রয় মূর্ছনা মার্গী
কাকলী-স্বর-মণ্ডিতা॥' ধ্যান—জটাং
দধানা সিতচক্র-মোলিঃ, নাগোন্তরীয়া
ধ্রতযোগপট্টা। গঙ্গাধর ধ্যাননিমর্গচিন্তা, কেদারিকা দীপক-রাগিণীয়ম্॥'

দধানা সিতচন্দ্র-মোলিঃ, নাগোন্তরীয়া
ধৃতযোগপট্টা। গলাধর ধ্যাননিমগ্নচিন্তা, কেদারিকা দীপক-রাগিণীয়ম্॥'
কেদার, কেদারিকা ও কেদারী একই
রাগ, যদিও লক্ষণাদি ভিন্ন।
কৈশিকী (সক ২০৬) বৃত্তি-ভেদ,
যাহা স্থকুমার অর্থ-সন্দর্ভের প্রকাশ
করে।
কোকিল (রত্বা লাহ৬৭৩) সঞ্চারী
বর্ণের অলক্ষারভেদ। সরিগ, সরি-

গম—এইরূপ স্বরবিহাদে 'কোকিল' অলম্ভার ঘটিত হয়।
কোকিলাপ্রিয় (সর ৫।২৭৮) ক্রমে
এক গুরু, এক লঘু ও একটি প্লুতমাত্রার তাল।
কোড়া—মন্নার রাগের পঞ্চমী ভার্যা।
ধ্যান—স্থকছপীং বাদয়তি স্বভর্ত্ত্র-

র্গানার্থমভ্যস্থতি সম্মুখেন। সদৈব ভালাবিহিতা (?) চ বালা, কোড়া কলা-তানবতী মতা সা॥ (পঞ্চম সার-সংহিতায় তৃতীয় নারদ)। কোলাহল বৃন্দ (সর ৩।২০৯) যে বৃন্দে উত্তম বৃন্দ হইতেও অধিক গায়ক ও বাদকের স্মাবেশ হয়, তাহাই 'কোলাহলবন্দ'।

তাহাই 'কোলাহলবৃন্দ'।

কৌমারিকা—শ্রীরাগের চতুর্থী ভার্যা।

গ্যান—অট্টালিকায়াং কুটকৌমুদীভিঃ, প্রকাশিতায়াং রজনীবিহারম্। অহ্নায় কান্তেন সমং

বদন্তী কৌমারিকা কামকলা বহন্তী॥ কৌমারী— 'গৌরী--মেল সমুদ্ধতা

থৈবতোদ্গ্রাহ-শোভিতা। ধ্যা-সাংশাপি কৌমারী প্রায়শঃ কম্পিত-স্থরা॥' [পারিজাত ৪।১৭]। কৌমারিকা এতৎসদৃশ।

ক্রীড়া (সর ৫।২৮১) ছটি বিরামান্ত
ক্রত মাত্রার তাল। ইছার অন্ত
নাম—'চণ্ডনিঃসারুক'।
ক্রেক্কা দৃষ্টি (সসা ৪।১২৫) যে দৃষ্টিতে
চক্ষর হত্তপুট স্থির হয়, যাছা রক্ষ
এবং যাছার তারকা কিঞ্ছিৎ চঞ্চল

হয়, সেই ক্রকুটী-কুটিল দৃষ্টিই ক্রুদ্ধা।
ক্ষাম (সর ৭।০৫৭) জ্ঞান, হাস্ত,
নিঃশ্বাস ও রোদনের অভিনয়ে উদরের
নমনই 'ক্ষাম'।

ক্ষুদ্রগীত (সুসা ১৷২৯৫) তাল ও

ধাতুযুক্ত বাক্যমাত্র। ইহা প্রায় শুদ্ধ
সালগের ক্যায়। ইহার চারিভেদ—
চিত্রপদা, চিত্রকলা, গুবপদা ও
পঞ্চালী। [লক্ষণাদি তত্তৎশক্ষে
দ্রেইব্য]।
খেটকামুখ (সর ৭।১৩৬--১৩৯)

কুটিলীকৃত ও বিরল থাকিলে 'কপিঅই' খটকামুখ হস্তক হয়। উত্তান হইয়া ইহা বন্ধা ও চামরাদি-ধারণে, কুম্ম-চয়নে, মৃক্তাহারাদি-

13

ধারণে অভিনেতবা।

অনামিকা

কনিষ্ঠা উৎক্ষিপ্ত,

করণের একত্র করা। (সর ৭।৯০৮)
তিন করণে নিষ্পাত্ত চারী। -ধারা—
প্রবন্ধগীতি-বিশেষ। ইহা দিপদিকার
রূপভেদ। খণ্ডধারা দিপদিকার
চৌদটি কলা ও চারিটি চরণ থাকে।

খন্থাবতী (মঞ্জীতপারিজাতে ৩৯৮)

খণ্ড (নাট্য, কাশী ১১া৪) সমস্ত

কোমলীকৃত-ধৈবতা। গান্ধার-মূর্ছ নাযুক্তা রিণা তাক্তাবরোহিকা॥' দিবা
তৃতীয় প্রহরের পরে গেয়া। সঙ্গীত
দর্পণে (২।৫৪) ইহা মালবকৌশিকের
ভার্যা। লক্ষণ—'বৈবতাংশ-গ্রহন্তাসা
বাড়বা ত্যক্ত-পঞ্চমা। খংবাবতী চ

গজলীল

লক্ষণ—'খম্বাবতী

বাড়বা ত্যক্ত-পঞ্চম। খংবাবতা চ
বিজেয়া মূর্ছনা পৌরবী মতা'।
ধ্যান—'থম্বাবতী স্থাৎ স্থখনা রসজ্ঞা,
সৌন্দর্যলাবণ্যবিভূবিভাগী। গানপ্রিয়া কোকিলনাদভূল্যা, প্রিয়ংবদা
কোশিকরাগিনীয়ম্॥ (২) [পদা ১৫]
বাসো বসানা শরদ্রভুজ্ঞং, বিরিঞ্জনবদী-পরিকর্মদক্ষা। মন্দারদানী
চতুরাননস্থ খ্ডাবতী লক্ত্র-সমূদ্ধবেশা'।
খরলি (সসা ২।২৬) মর্দলে ব্যবহার্য

ক্লিষ্টের অভিনয়ে নীচ উদরকে 'খল্ল' কহে।

গলাবতরণ (নাট্যশাস্ত্র, কাশী ৪।৫৫)
করণ বা নৃত্ত। ইহা অভিনয়াঙ্গ নৃত্য বলিয়া হরিবংশে ইহার উল্লেখ নাই;
ভরতের মতে এই করণে পদতল ও পদাঙ্গুলি উপ্রেদিকে প্রসারিত থাকিবে, হস্তে ত্রিপতাক প্রদর্শিত হইবে কিন্তু অঙ্গুলিসমূহ নিম্দিকে

নমিত এবং মস্তক সমাক উন্নত

থাকিবে। স্ত্রী ও পুরুষ এই নৃত্য

খল (সর ৭০৫৮) আতুর ও শ্রম-

. লেপ-বিশেষ।

করিতে পারে।

গজ (সর ৫।৩০২) চারিটি লঘু
মাত্রাত্মক তাল।

গজকাম্প (সর ৫।২৯৪) একটি গুরুর

পরে বিরামান্ত ক্রুতত্ররাত্মক মাত্রার

তাল।

গজলীল (সর ৫।২৬৭) বিরামান্ত

গমক চারিটি লঘু মাত্রার তাল; 'গজলীলো। বিরামান্তমুক্তং লঘুচতুইয়ম'। গমক (সমা ১।৩২৫—৩২৬) শ্রোতৃ-বর্গের আনন্দপ্রদ স্থর-কম্পন। তাহা স্ফুরিত, প্রকার– তিরিপ, কম্পিত, নীল, আন্দোলিত, ত্রিভিন্ন, কুবল, আহত, উন্নামিত, প্লাবিত, হত্তত, মুদ্রিত, নামিত ও মিশ্রিত। পৌষ ও মাঘ মাসের রাত্রির শেষ প্রহরে জলমধ্যে থাকিয়া সাধক গমক অভ্যাস করিবেন। গাথা (সর হা২৩২-২৩০) আর্যার লক্ষণাৰিত প্ৰাকৃতপদ। ইহা ত্ৰিপদী ও ষট্পদী-ভেদে দিবিধ, ইহাতে পাঁচটি চরণও থাকে। গানক্রিয়া (সর ১١৬١১) সঙ্গীতে বর্ণের নাম গানক্রিয়া। স্বরের পদকে বা স্বরকে বিস্তার করাই বর্ণ। মাহদেব 'বর্ণ' শবে গীতিকেই লক্ষ্য করিয়াছেন। গান্ধার স্বর (রত্না ৫।২৫৮৮) নাভি হইতে উথিত বায়ু নাসিকা ও কর্ণকে সঞ্চালিত করত সশব্দে নির্গত হইলে 'গান্ধার স্থর' হয়। ছাগ গান্ধার-প্রকাশক। গান্ধর্ব (নাট্যশান্ত ২৮।৮) বীণাদি বাত্তযন্ত্রের সহযোগে স্বর, তাল ও পদযুক্ত সঙ্গীত। গান্ধারী-শ্রীরাগের প্রথমা ভার্যা। ধ্যান—সন্ধ্যাস্থকালে গৃহমধ্যদেশে, প্রবাদয়ন্তী হ পিনাক্যন্ত্রম্। ধারা-ধরা-ধাতুবিচিত্রিতাঙ্গী, গান্ধারিকা গন্ধপ্ৰজং নিধতে॥ গায়ক (স্পা ১।৩৪৯—৩৫৬) যিনি

সঙ্গীত করেন। উত্তম, মধ্যম ও

অধ্ম-ভেদে ত্রিবিধ গায়ক। যিনি

গায়নীবুন্দে ছই মূল গায়ক, মাজিত্ত্বর, ভুগঠিতদেহ, বিবিধ সমগায়ক, ছই বাংশিক রাগরাগিণী-ভেদজ্ঞাতা. গ্ৰহমান-ও ছুই লয়াদিতে অধিকারী, তালজ, ক্লান্তি-মার্চন্সিক থাকে। মধ্যমে এক মূল হীন, ত্রিভিন্নাদি গমকে সহজ ও গায়ক, চারি সমগায়ক, এক বাংশিক সাবলীল-গতিবিশিষ্ট, প্রবন্ধগানে ও এক মৃদঙ্গী থাকে এবং অধম বা নিপুণ, গানজিয়ায় সাবধান, আয়ত-किर्म प्रशास के ज्ञान मार्था। কণ্ঠ, স্থায়িজ্ঞ, দোষরহিত ও মেধাবী গারুণি (সর ৫।২৯৭) বিরামান্ত —তিনিই 'উত্তম' গায়ক। চারিটী ক্রতমাত্রার তাল। গুণগণের কতিপয় গুণ থাকিলে হয় গীত (সুসা ১।৩৪—৩৭) নার্দ-সংহিতামতে গীত 'ধাতু-মাতু'-বিশিষ্ট। 'মধ্যম' এবং গুণযুক্ত হইয়াও যদি বহুদোষসম্পন্ন হয়, তবে তাহাকে নাদাত্মক গীত ধাতু এবং রাগাদি মাতৃ। (সৃসা ১/১৫০) ইহা বলে 'অধম' গায়ক। আবার (১) (সহস্র শিক্ষাদানে অনিবন্ধ ও নিবন্ধভেদে দ্বিবিধ। দক্ষ), (২) অনুকার (পরের ভঙ্গির আবার দিব্য, মামুষ ও দিব্যমামুষ অমুকরণকারী), ভেদে ইহা তিন প্রকার। (সমা (v) ১।৩০৯) সম, অর্দ্ধসম ও বিষমভেদে (রসাবিষ্ট), (৪) রঞ্জক (শ্রোতৃ-রঞ্জনকারী) এবং (৫) ভাবক (গীতের ত্রিবিধ। সমানমাত্রাযুক্ত চারিচরণে গীতের সংজ্ঞা হয়—'সম'। প্রথম অতিধ্যানকারী)---গায়ক পঞ্চবিধ। আবার 'একল' (একাকী), 'যমল' ও তৃতীয় এবং দ্বিতীয় ও চতুর্ব চরণে স্মান্মাত্রা হইলে হয়—'অর্দ্ধস্ম'। (অক্য একজনের সহিত গায়ক) যাহার চারি চরণই মাত্রাসংখ্যায় 'রন্দ'-(বছর সঙ্গে গায়ক)-ভিন্ন ভিন্ন হয়, তাহাকে 'বিষম' গীত ভেদেও ত্রিবিধ। গায়নদোষ (সুসা ১০৫৭—৩৫৮) বলে ৷ ভীত, অম্পষ্টবাক্য, বিচলিত-শিরস্ক, গী**তগুণ** (সুসা ১০১২) গ্রহ, সুর, মানের বৈচিত্র্য, ফুৎকারী, স্থালিত-স্বর, मृष्टेम छ, যতি, ধাতুর নিমীলিত-নেত্র, সমারন্ধ গ্রামে অস্থির, পুনক্ষক্তি, <u> শাতুর</u> নবনবতা. অনেকার্থতা, রাগ-স্থরম্যতা, গমক, বক্রগেল. স্থলে স্থানের অল্লভা ও বাহুলাযুক্ত, এক রাগের সহিত অৰ্থ নৈৰ্মল্য এবং 'তেনক', স্বর ও পাটের বিবিধাকারে সংযোজন। অন্ত রাগের মিশ্রণকারী, কম্পিতাঙ্গ, অন্তমনাঃ, বিরস্কারী, কর্মশ-স্থর ও গীতদোষ (সমা ১৩৪২) কথার ক্রতগায়ক—এবিঘণ গায়কই ছুষ্ট। খালন, তালাদির অভাবে রচনা, অধিকন্ত্—তালভঙ্গ, ধাতুমাতু প্রভৃতির হানি, কট উল্পি. গীতাঙ্গের দীর্ঘতাপাদন, ভীষণাকৃতি, ছাগবং-রসাদি-হানি, শ্রুতিকঠোরতা প্রভৃতি। ধ্বনি. অব্যবস্থিততা, গণ্ডক্ষীতি, গীতবিধি (সর) দেবতাগণের গুণ ও নাকিত্বর ইত্যাদিও গায়ন-দোষ। মহিমাকীর্ত্তন করত গান করা। গায়নীবৃন্দ (সর ৩।২০৭—৮) উত্তম গুণকরী গুণক্রিয়া—'রিধ-বা

গ্লানা দৃষ্টি

কোমলসংযুক্তা গ-নি-বর্জা গুণক্রিয়া। ধৈৰতোদগ্ৰাহ-সংযুক্তা কচিদগান্ধার-সংযুতা॥' পারিজাত 808 7 मङ्गी जनर्भाग (२।৫७) ইহা मानव-কৌশিকের ভার্যা। লক্ষণ—'রিধ-হীনা গুণকিরী ঔডবা পরিকীত্তিতা। নি-গ্রহাংশা তু নিত্যা সা কৈশ্চিৎ বড্জাশ্রা মতা। রজনী মূছ না চাত্র মালবাশ্রয়িণী তু সা'॥ খ্যান-'শোকাভিভূত-নয়নারুণদীনদৃষ্টি -র্মা-ননা ধরণি-ধুসরগাত্রখষ্টিঃ। আযুক্ত-চারুকবরী প্রিয়দূরবৃত্তা, সংকীতিতা গুণকিরী করুণোৎকুশাঙ্গী'॥ গুর্জরী—'গুর্জরী মালবোৎপন্নাহ-বরোহে মনি-বর্জিতা। গ-শিষ্টমধ্য-মোপেতা থৈবত-শ্লিষ্ট-সম্বরা। গান্ধার-মুছ নোপেতা দাকিণাত্যা প্রকী-ত্তিতা॥' [সঞ্চীত-পারিজাত ৪১৫]। সঙ্গীত-দর্পণে (২৮০) ইহা মেঘ-রাগের ভার্যা এবং ধ্যান—'খ্যামা স্থাকেশী মলয়জ্যাণাং, মৃদুল্লসংপল্লব-তল্পতা। শ্রুতঃ স্বরাণাং দধতী বিভাগং. তন্ত্রীমুখা দক্ষিণগুর্জরীয়ম'॥ মতাস্তরে – বসন্তরাগের পঞ্চমী ভার্যা। ধ্যান - কর্ণোৎপলালম্বিমধু-ব্রতালী, মঞ্জুল-কৃঞ্জিতানি। শূণোতি সা কান্তান্তিকং গন্তমনাঃ প্রদোষে. সা গুর্জারী বেশকলোচিতাঙ্গী।। গোণ্ডকিরী রাগ (পদা ১৫২) 'রতোৎস্থকা কান্তবর-প্রতীক্ষা, সম্পানয়ন্তী মৃত্পুপাতল্পম। ইতন্তত: প্রেরিতদৃষ্টিরার্ত্তা, খ্যামাতমুর্গোওকিরী श्रिष्टि।'॥ **্বোপী-কাম্বোধী** — 'ধৈৰতোদ্গ্ৰাহ-সংখ্ঞা গোপী-কাম্বোধিকা পুনঃ। যত্রাহে নি-বর্জত্বং মপাংশাভ্যাং

তিন্টী—অনাগত, সম ও অতীত। স্থশোভিতা'॥ গোপুছা যতি-গীতের পূর্বভাগে গীতারভের পূর্বে তুইটি অক্ষর উচ্চারণ মধ্যভাগে মধ্য ও শেষভাগে করত তাল্থাস হইলে তাহাকে বিলম্বিত লয়ের সমাবেশে গোপুচ্ছা 'অনাগতগ্রহ' বলে। গীতোচ্চারণের সঙ্গে সঙ্গেই তালের সঙ্গতি হইলে যতি হয়। ২ গীতের প্রথমে ক্রত. তাহাকে 'সমগ্রহ' বলে। তালের মধ্যে ও অক্তে বিলম্বিত লয়ের সমাবেশকে গোপুছা বলে। অংশ পরে পড়িবে, যদি গোমুখী (সুসা ২০০২) অগ্র হন্তের তাহা পূর্বে স্থাপন করত তাল গৃহীত চালনাদারা প্রদর্শিত বাদনমার্গ। হয়, তখন 'তালগ্ৰহ' হয় গোও (গোড়)—'তীব্ৰ-গান্ধার-অতীত গ্রহের ভেদ-বিশেষ। সংযুক্ত আরোহে বজিতো গনী। গ্রহম্বর (সুসা ১৯৯) গীতের প্রারম্ভে ষড় জোদগ্ৰাহেণ সম্পন্নে গৌগু প্রযুক্ত স্বর। আমেড়িত-স্বরৈ:॥' [পারিজাত গ্রাম (সমা ১١৭১—৭৬) প্রাচীন ঠাট-বিশেষ (Scale)। ষড়জাদি 866 11 গৌরী—শ্রীরাগের ভৃতীয়া ভার্যা। স্বরের অতিস্ক্লভাবে সংযোজন। ধ্যান--পুশোছানে সার্দ্ধমালীকলাপৈঃ, মতান্তরে— স্থব্যবস্থিত স্বর-সমূহ। ক্রীড়স্ত্যেবং কোকিলা-কাকলীযু। . তিনটী গ্ৰাম—বড্জ, মধ্যম ও রামা ভামা সদগুণানাঞ্চ সীমা, গৌরী গান্ধার। ইহারা মুছনার আধার-ভূত। বড্জ গ্রামই উত্তম। বড্জ গৌরবালোকদিষ্টা॥ ও মধ্যম গ্রাম পৃথিবীতে এবং গান্ধার 'রি-স্বরাদিস্বরারজা রি-কোমল ধ-মুছ না-প্রচলিত। কোমলা। গ-তীবা মা-নি তীবা চ দেবলোকে গৌরী ভংশবরা মতা।। আরোহে প্রকার--গ-ধ-হীনা সা নি-কম্পন-মনোহরা। ১) ষড় জগ্রামে - স রি গ ম প ধ নি। ২) মধ্যমে— ম প ধ নি স রি গ। আরোহে যদি গান্ধারো মধ্যমাবধি-৩) গাল্পারে — গমপধনিস্রি। মছ না॥' [পারিজাত ৩৬৬—৩৬৭]। কোহল বলেন—জাতি ও শ্রুতি-ধাান—'গামা মদোন্মত-কলেবরা গণ সহিত স্বরই গ্রামরূপে ব্যক্ত বিভাতি তন্ত্ৰী সুগায়কা। নিতাস্তযতানবিভূষিতা-তাৎপর্য-বিচারে - পঞ্চমকে স্বর নানিলে হয় ষড় জ্ঞান, ষড় জ্বেক গতি,-গীতন্ত গোরী রগিকা দিনান্তরে'॥ সঙ্গীতদর্পণে (২।৫৫) স্থর মানিলে মধ্যম এবং মধ্যমকে স্বরু মানিলে গান্ধার (নিষাদ)গ্রাম লক্ষণ ও ধ্যানাদি পৃথক্। ৩ (সর ৫।৩০৮) পাঁচটি লঘু মাত্রার তাল। হয় | গৌরীবিক্রম (সঙ্গা ১/২৬৪) ছুই গ্লানা দৃষ্টি (নৃসা ৪।১৪৬) যে দৃষ্টিতে লঘু ও ছই দ্রুত মাত্রার তাল (?)। জ্র- দয় ও পদ্মপুট বিশ্লথ হয়, যাহা গ্রহ (স্পা ১০১৪—৩১৮) গীত-মলিনা ও মন্দগতিশীলা এবং যাহাতে তারকাদ্য অন্তর্নিবিষ্ট থাকে, তাহাই গতির সামাকারী তাল ৷ গ্ৰহ

শুদ্ধ প্রবন্ধের যৎকিঞ্চিৎ লক্ষণান্বিত হইয়া উৎপন্ন হয়, তাহাই 'ছায়ালগ'। তালবান্ত প্রভৃতির যোগে শৃ্ড় রচিত হইয়া চিত্তরঞ্জক হয়। ইহার নামান্তর—'গালগ'।

ছालिका (इव शाम्बाध्य) নৃত্য-বিশেষ, স্ত্রীগণ-পরিবৃত হইয়া মৃত্যের সহিত এই ক্ৰীড়া সমারক হইত। হরিবংশ-মতে ছালিক্যগান যাদ্ব-গণের অতিপ্রিয়। ইহা গান্ধর্বগানের শ্রেণীভুক্ত, নিবদ্ধ গান। ছালিক্য গানে ছয়টি গ্রাম রাগের ও বিভিন্ন তালের সমাবেশ থাকিত। বিভিন্ন ধাতু ও মাতুর ইহাতে অন্তর্নিবেশ হইত। হরিবংশে বিষ্ণু পর্বে ৯৩-তম অধ্যায়ে বর্ণনা আছে যে ভৈমন্ত্রীগণ বিষয়বস্ত্র-বর্ণনাচ্চলে গান্ধার গ্রাম-পর্যস্ত লীলায়িত করিয়া ছালিকাগান করিয়াছিলেন। কালি-দাসের মালবিকাগ্নিমিত্রের দ্বিতীয়াক্ষে শ্মিষ্ঠায়াঃ কুতি**ল্**য়ম্খা চতুপদান্তি। তস্তান্ত ছলিক-প্রয়োগ-মেকমনাঃ শ্রোতুর্মহতি'। এই বাক্যের ছলিক-শব্দটি নাটকে চতুষ্পদা

ছুট লীলা-কীর্ন্তনের উপান্ধভেদ [১০৯৬ পৃষ্ঠা দ্রষ্টব্য]। পদের অংশ-বিশেষ। সম্পূর্ণ পদ গান না করিয়া ছোট তালে পদের অংশ-বিশেষ গান করাই 'ছুট'।

ছালিক্য গানেরই বাচক।

জনক (দর ৫।০০০) ন-য-স এই তিন গণের পরে একটি গুরু মাত্রার তাল।

জয় (সর ৫।২৭২) ক্রমশঃ জগণ, এক লঘু, ছই ক্রত ও একটি প্লুত মাত্রার তাল। ২ (সসা ২।৫৫) চতুর্দশাঙ্গুল- প্রয়াণ বংশ।

জয়মঞ্জ (সর ৫।২৮০) ছ্ইটি সগণের মাত্রাত্মক তাল। ২ (সসা

১।২৭১) ছুই লঘুর পরে একটি ভগণাত্মক তাল।

জায় (সর ৫।২৮২) র-গণের পরে
এক লঘুও এক ওফ মাত্রার তাল।
২ (সা ১।২৭০) জ-গণের পরে
জেমে এক লঘু, ছুই গুরুও এক লঘু
মাত্রার তাল।

জাকড়ী নৃত্য (সসা ৩।৩৯) পানমত ত্রদ্বর এক গুচ্ছ ময়ূরপিছ করে লইয়া স্বভাষায় গান করত যে নৃত্য করে, তাহাই 'জাকড়ী'। জাতি (সসা ১।১০৪—১১১) সঙ্গীত-শাস্ত্রমতে যাহা হইতে রাগের জন্ম

হয় ৷ ইহা ত্রিবিধ—শুদ্ধা, বিকৃতা ও

সঙ্কীৰ্ণা। শুদ্ধা জাতি সাতটি—

বড্জাদি স্বরেই তাহাদের সংজ্ঞা।
এই বড্জাদির বিকারে হয় 'বিরুতা'
এবং শুদ্ধা ও বিরুতার মিশ্রণে হয়
'সঙ্কীণাঁ'। হরিনায়ক বলেন—শুদ্ধা
ও বিরুতার মিলনে অষ্টাদশবিধা
জাতি হয়। এই মতই সমীচীন

করিয়াছেন। নিবন্ধান্তরে—বাড্জা, আর্মভী, গান্ধারী, নাধ্যমী, পাঞ্চমী, ধৈবতী ও নৈবাদী—এই সাতটি শুদ্ধা।

প্রাচীনাচার্যগণ

বলিয়া

বড়্জ-কৈশিকী, বড়্জ মধ্যমা, গান্ধার-পঞ্মী, বড়্জা, ধৈবতী, কার্মাবরী, নন্দরন্তী, গান্ধাবেগদীচ্চরা, মধ্যমোদী-

চ্চরা, রক্তগান্ধারী এবং কৈশিকী— এই ১১টি বিক্বতা। ২ (সৃসা ১।১৭৩)

দঙ্গীতশাস্ত্রোক্ত প্রবন্ধের প্রকার-ভেদ। জাতি পাঁচটি—মেদিনী,

त्सिनी, कीलनी, পारनी ও जातावनी।

বড়ঙ্গ প্রবন্ধই মেদিনী, পঞ্চাঙ্গ নন্দিনী, চতুরঙ্গ দীপনী, ত্রাঙ্গ পাবনী এবং দ্বাঙ্গ হইলে তারাবলী নাম হয়। জীবনী (সসা ২২৬) হরীতকী।

জুগুপ্সিতা দৃষ্টি (সসা ৪) ২২৮)
যে দৃষ্টিতে অস্পষ্ট আলোক (দর্শন)
হয়, তারকা নিমীলিত ও গোলক
সন্ধৃতিত থাকে এবং যাহা দৃশ্য বস্তুর

দর্শনে সমূদিগ হয়। বাম্প (সসা ১।২৫২) বিরামান্ত ক্রতদম-যুক্ত তালকে কেহ কেহ 'ঝম্প' বলে।

'রূপক' দুইব্য।

বাংশা (দর ৫।২৯৪) বিরামান্ত জ্রতবয়ের পরে একটি লঘুমাত্রার তাল।
বাংমর—লীলা-কীর্ত্তনের উপাঙ্গ-ভেদ
[১০৯৬ পৃষ্ঠা দুইব্য]।

हेक्का—गक्षी जनर्पर (२।५>) स्वर्धत त्री शिषी । नक्ष्म — 'हेका छा छू जिसा- च क्षा गःशूर्म हामि मूर्ह ना'॥ धान — 'मया छ छश निनी ने ने क्षा हिस्स हि छम्। छ्वर्भ ने शिमी वीक्षा विषक्ष हिखम्। छ्वर्भवर्भ गृह्मा गृह्मा गृह्मा गृह्मा गृह्मा ग्रा ।

ডোমুলী (সর ৫।২৯২) বিরামান্ত ছইট লঘু মাত্রার তাল। ডক্ক--'রিধো তু কোমলো জ্ঞেয়াবাভীরী-মূর্ছ নাযুতে। আরোহে চ ধ-বর্জন্বং রাগে ঢক্কা-বিধানকে॥' পারিজ্ঞাত

ঢেক্কিকা (সর থা২৮৬) রগণে মাত্রা ঘটিত হইলে এই তাল। নামান্তর— 'যোজন'।

802 11

ভভ (সদা ২০৩—৬) তন্ত্রী-গত বাজ
—অলাবনী, ত্রন্ধবীণা, কিন্নরী, লঘুকিন্নরী, বিপঞ্চী, বল্লকী, জ্যেষ্ঠা, চিত্রা,
খোষবতী, জয়া, হস্তিকা, কুজিকা,

কুর্মা, সারজী, পরিবাদিনী, তিশরী, শততন্ত্রী, নকুলোষ্ঠা, কংসরী (চংসরী), উত্থরী, পিনাকী, নিবন্ধ, পৃষ্কল, গদা, বারণ-(রাবণ -হস্ত, রুদ্রবীণা, স্বর-মগুল, কপিলাস, মধুস্তন্দী, ঘোণাদি তত বাত্মের ভেদ।

বিলিম্বিত লান।

তেৎ সেমা (সুসা ধাং) সংস্কৃত শব্দের

তার শব্দাবলী; যেমন—তরল, তরঙ্গ,

মন্দার, হর, হীর, হার, কীর প্রভৃতি।

তত্বে (সুসা ধাং) প্রকৃতি সংস্কৃত
ভাষা হইতে জাত, রূপাস্তরপ্রাপ্ত
ভাষা বা শব্দ। যথা—গৃহ হুইতে ঘর,

শৃপার হইতে সিম্বারো, চন্দ্র হইতে

চন্দো ইত্যাদি। তাণ্ডব (সুসা গ্ৰহত—২৫) নৃত্য ও নৃত্তের ভেদ। তত্ত্বামক শিবাকুচর-কর্তৃক প্রযুক্ত উদ্ধত-প্রায় নৃত্যকে 'তাণ্ডব' বলা হয়। নারদৃসংহিতা-মতে পুংনুত্যই তাণ্ডব। ইহা দিবিধ —প্রেরণী ও বছরূপ। বর্দ্ধমান-বাছ-বিশেষ ও আসারিকা-নামক যবনিকা-বিশেষের সহযোগে, ধ্রুবাগীতিযুক্ত, করণ ও অঙ্গহারাদির প্রাধারে প্রবৃত্তিত প্রয়োগকেই তাওব বলে। (নাট্যশান্তে ৪।২৬৬) তাণ্ডবকে শৃঙ্গার রস হইতে হুপ্ট এবং প্রয়োগও স্থকুমার (লীলায়িত-গতি-বিশিষ্ট) বলেন।

ভান (সসা ১ । ৮৭ — ৯১) স্বরের
আরোহণমুথে মৃছ নাসকলই শুদ্ধ'তান' হয়। দামোদর-মতে কিন্তু
যাহাদারা মূছ নাসকলের সমাশ্রয়ে
স্বরপ্রয়োগ বিস্তারিত হয়, সেই
সপ্তস্বর-সমৃদ্ধুত ৪৯টিকে 'তান' কহে।

এই তান হইতে অসংখ্যাত কৃট তানের উৎপত্তি হয়। তারাবলী (সমা ১۱১৭৫) প্রবন্ধের জাতিতেদ যাহাতে তুইটি মাত্র অঙ্গ বর্ত্তমান থাকে। তাল—সঙ্গীতরত্বাকরে (৫।৩—৬)

উক্ত আছে 'কালো লঘ্বাদি-মিতর। ক্রিররা সংমিতো মিতিম্। গীতাদেবিদংভালঃ স চ দেধা বুংৈঃ স্থতঃ'॥ অর্থাৎ লঘু, গুরু, প্লুত ও ক্রতাদি দ্বারা পরিচ্ছিন্ন যে সশন্দ,

নিঃশব্দ বা স্বেচ্ছাক্বত ক্রিয়া, তাহা-

দারা গীত, বাছ ও দুতের সাম্য-

বিধায়ক কালই তাল-নামে কথিত

হয়। ইহা দ্বিধ-মার্গ ও দেশী।

মার্গ তালের ক্রিয়া ছই প্রকার—
নিঃশব্দ ও সশব্দ। নিঃশব্দ ক্রিয়াকে
'কলা' বলে, ইহা চতুর্বিং—আবাপ,
নিক্রাম, বিক্ষেপ ও প্রবেশক।
সশব্দ ক্রিয়াও চারিপ্রকার—গ্রুব,
শম্যা, তাল ও সংনিপাত। আবার
সশব্দ ক্রিয়ার ছইটী সংজ্ঞা—পাত ও
কাল। তালাহিকারে ৫০৩০ টি
তাল উক্ত হইয়াছে। এপ্রসঙ্গে

শ্রীমন্নরহরি-ঘনখাম-ক্বত গীতচন্দ্রো-

দয়ের অন্তর্গত 'তালার্ণব' এবং সঙ্গীত-

রত্নাকর (৫ম অধ্যায়) আলোচ্য।

ভক্তিরত্বাকরে

দেওয়া হয়।

ভালাজ (সমা

(소리 그 등 8 - 9)

কেবল দেশী তালেরই নামকরণ করিয়াছে। আদিতাল, চঞ্চৎপুট ইত্যাদি ১২০টি তাল আছে। লক্ষণাদি তত্তৎশব্দে দ্রপ্টব্য। ২ (নাট্য, কাশী ৩১:৩৮) স্শব্দ তাল-ভেদ, যাহাতে বাম হস্তে তালি

া ৩১।৩৮) স্শব্দ তাল। (সসা ১।২৬৬) অন্থবিধ।
ত বাম হস্তে তালি তৃতীয়ক (সর এ।২৬১) ছুইটি ক্রত

মাত্রার পরে একটি বিরামান্ত ক্রত

১।২৩৮—২৪২) মাত্রা, 'ক্রতাদ্ক্রতে বিরামান্তে

অনুদ্ৰে, দাতে, লেঘু, গুরু ও প্লুত-ভেদে তালের অঙ্গ পাঁচটি। জ্রুতাদির সঙ্কেত দ, ল, গ, প। লঘু এক মাতা, গুরু হুই মাতা। প্লুত তিন মাতা, ক্রত অর্দ্ধারা এবং অমুক্রত ক্রতেরও অর্দ্ধমাত্রা। অন্তক্তকে 'বিরাম'ও নিঃশক-ভেদে र्जा र*क હ তালের দ্বিবিধ 'ধরণ' আছে। উচ্চ আঘাতকে 'সশন্ধ' এবং লঘু তালাঙ্গে একটি মাত্র 'নিঃশব্দ'। গুরু ভালাঙ্গের তুইটি আঘাত, একটি সশক ও অহটি নিঃশব্দ। লঘুর সেই নিঃশব্দটিও অর্ধ্ব হইলে তাহাকে 'জত' কছে। প্লুত ভালাজে একটি আঘাত সশব্দ এবং ছুইটি আঘাত নিঃশব্দ। তন্মধ্যে

হুর।

তিরিপ (সদা ১।৩২৭) ডমরুধ্বনির

লখুতম কম্পনের অফুকরণে স্থান্দর ও

ক্রুতমাত্রার চতুর্থাংশবেগে 'তিরিপ'

গমক হয়।

তুক—লীলা-কার্ত্তনের উপাঙ্গভেদ

[১০৯৬ পৃষ্ঠা দ্রেইবা]। অফুগ্রাদ-

একটি উর্দ্ধে ও অপরটি নিমে পতিত

বহুল ছন্দোবদ্ধ গাথাবিশেষ—ইহা গায়ক-স্প্রদায়েই স্ট।
ভূড়ী—বসন্তরাগের প্রথমা ভার্যা।
ইহার ধ্যান-স্থন্ত্যমানাতিস্থশীলযুক্তা,
মৃক্তালতাকল্লিত-হার্যটিঃ। চূতাঙ্কুরং
পাণিযুগে বহন্তী, জ্বারুণাঙ্গী
ভূড়কেরিতেয়ম্॥
ভূরঙ্গলীল (সর ধাং৭৪) বিরামান্ত

ছ্ই জতের পরে ছুইটি জত মাতার

2252

তৃতীয়ঃ স্থাৎ'। (তনক (সর ৪।১৭) সঙ্গীত-শাম্রোক্ত প্রবন্ধের অঙ্গভেদ। ইহা মঙ্গলার্থক। **ভোড়া—'**ষড্জপূর্বা তু তোড়ী স্থান্ यखादको दकामत्नी ति-त्थी। जानः **ভা**ক্ষৈবতস্তপ্রাং গান্ধারাংশেন শোভিতা। মেনারোহে তুপ-ফাসা পঞ্চমেনোভয়োরপি॥ দিবা দিতীয় প্রহরে গেয়া। ইহার ছই ভেদ— ছায়া ও মার্গ[পারিজাত ৩৮৬—৮৮]। সঙ্গীতদর্পণ-মতে (২।৫০) মালব-কৌণিক রাগের ভার্যা। লক্ত্য-'মধ্যমাংশ-গ্রহন্তাসা সৌবিরী মূছ্না মতা। সংপূর্ণা কথিতা তজ জৈজোড়ী শ্ৰীকৌশিকে মতা। গ্ৰহাংশ-ভাগৰড় -জাঞ্চ কেচিদেনাং প্রচক্ষতে'॥ খ্যান —'তুষারকুন্দোজ্জলদেহ্যষ্টিঃ, কাশ্মীর-কপূর-বিলিপ্তদেহা। বি-োদয়ন্তী হরিণং বনান্তে, বীণাধরা রাজতি ভোড়িকেয়ন্'॥ কিন্তু (পদা ১৪) 'উরিজ-পঙ্কেরুহচারুনেত্রা, কুরঙ্গদারং কলমস্তরে। সম্ভাবয়স্ত্রী বিপিনোপ-कर्छ. তোড़ीश्रमिसीनतनाग-तमा।'॥

তুড়ী ও তোড়ী অভিন। ত্তিগত [সঙ্গীতশাস্ত্রোক্ত] তত্ত্ব, ঘন ও ওঘ ৷

ত্রিপতাক (স্বা ৪।৪৮, ৬৬) অসংযুত হস্তক-ভেদ, যাহাতে অঙ্গুষ্ঠ বক্ত হইয়া তর্জনীর মূলস্পর্শ করে, অনামিকা বক্তিত হয় এবং অগ্রান্ত অঙ্গুলি সোজা থাকে। দথ্যাদি মঙ্গলদ্রব্য-স্পর্শে ও অক্তান্ত বহুবিধ ক্ষেত্রে অভিনেতব্য। [নাট্যশাস্ত্র ৯I২৮ –৩১] I ত্রিপাণি [সঙ্গীতশান্ত্রে] সম, অবর ও

ত্রিপুট (সুসা ১।২৫০) বিরামান্ত

উপরি।

ক্রতত্রয়ের মাত্রাত্মক তাল।

ত্রিপ্রচার [সঙ্গীতশান্ত্রে] সম, বিষ্ম ও সম-বিষম।

ত্রিপ্রহার [সঙ্গীতশাস্ত্রে] নিগৃহীত, অধ নিগৃহীত ও মুক্ত।

ত্রিভঙ্গি (সর ৫।২৭৬) স-গণের পরে একটি গুরুনাত্রার তাল।

ত্রিভিন্ন (সর (১৬৮) একটি করিয়া লঘু, গুরু ও প্লুত মাত্রার তাল। ২ (স্পা ১/২৬৪) ন-গণ, একটি প্লুত ও একটি ক্রত মাত্রার তাল।

দ্বিতীয়া মূছ না। বিষম (সর ৫।২৮৬) বিরামান্ত ছইটি

ক্রতচতুষ মাত্রার তাল।

বিষম নৃত্ত (সৃসা ৩৩৫) রজ্জু-ভ্রমণাদি-

সহিত নুত।

विश्वीर्ग (त्रक्ना धार७१৮) चारताहि-বর্ণের অলঙ্কারভেদ। যাহাতে মুছনার আদিস্বর হইতে দীর্ঘস্বর

করিয়া করিয়া অবস্থান ক্রম শং আরোহণ হয়, তাহাকে 'বিস্তীর্ণ

वरन। यथा-ना ती, ना, मा, ना, श, नी, मा। বিশ্মিতা দৃষ্টি (দুদা ৪।১২৯) যে

দৃষ্টিতে গোলকদ্ম দুরবিক্ষারিত হইয়া বিকাশ প্রাপ্ত হয়, যাহা নিশ্চল ও উদ্ধ কিপ্ত হয়, তাহাই বিশিতা'।

বিহাগড়া—'বিহাগড়ে গনী তীবা-বারোহে তু বিবর্জিতে। গান্ধারোদ-গ্রাহ-সম্পন্নে তাসাংখ্যো রি-স্বরো যভ স্মিন মত: ॥ পঞ্মোদগ্রাহ: গ-বর্জনম্। মছ না **স্থা**দারোহে

চাপি প-রাহিত্যং সদা ভবেং॥' পারিজাত ৪৪৭]।

বীভৎসা দৃষ্টি (স্পা ৪।১৩৯) যে: দৃষ্টিতে পক্ষ মিলিত ও চঞ্চল থাকে, চতুষলযুক্ত তাল, বিলম্বিত मग्न.

তারকাও চঞ্চল হয় এবং দৃশ্য বস্তার উদ্বেগেই যেন অপাঞ্চয় বক্র পুটম্বয়ের আশ্রিত হয়, তাহাকে

'বীভৎসা' বলে।

वीत्रविक्रम (मत । १५७৫) এकि

লঘু, তুইটি ক্রত ও একটি গুরু মাতার তাল।

বীরা দৃষ্টি (সদা ৪০১৩৬) যে দৃষ্টি

অচঞ্চলা, বিক্সিতা, গন্তীরা, স্মান-তারকা-বিশিষ্টা িতেজঃশোভাদিব

বৈশিষ্ট্যে বিবিধ ভেদ-প্রকাশিকা], দীপ্তা ও সঙ্কৃচিত-প্রান্তা হয়, তাহাই

'रीवा'। वृद्धि [मत १। ४) २२ । वाका, मन

ও কায়জাতা পুরুষার্থোপ্যোগিনী চেষ্টা। ইহা চারি প্রকার—ভারতী, সাত্ত্তী, আরভটী ও কৈশিকী।

সরস্বতীকণ্ঠাভরণে কিন্তু মধ্যমারভটী ও

মধ্যমকৈশিকীনামক আরো ছুই বুতির উল্লেখ আছে। মন বা চিত্তের বিকাশ, বিক্ষেপ, সম্বোচ ও বিস্তার गांधन करत-- এই বুজি। ইহাদের

অমুকৃতি বা ছায়াবুতিও (সক ২। ৩৯) ছয়টি স্বীকার করা হইয়াছে। লোক, ছেক, অর্ভক, উন্মন্ত, পোটা. এবং মত্ত [লোকোক্তিছায়া ইত্যাদি]।

२ (नांछा, कावायांना २৮। २०४- २०२)

ভরত-মতে মার্গবৃত্তি অ:বার তিন-প্রকার—চিত্রা, আবৃত্তি ও দক্ষিণা। চিত্রা বৃত্তিতে—সংক্ষিপ্ত বাস্ত, ক্রত লয়, -সমা যতি ও অনাগত গ্রহের প্রাধান্ত:

আবৃত্তিতে—মাগধী প্রভৃতি গীতি.

বাছ্যন্ত্ৰ, দ্বিকলবিশিষ্ট ভাল, মধ্য লয়, স্রোতোগতা যতি ও শুমগ্রহের প্রাধান্ত এবং দক্ষিণা বৃতিতে গীতি,

গোপুছা যতি ও অতীত গ্রহের প্রাধান্তা।

বৃন্দ (সুর ৩।২১২) তিনটি কুতপের একত্র সমাবেশ। বিবিধ বৃদ্দ-কুতপ-বাংশিক-বুন্দ, গায়নী-বুক,

কোলাহলাখ্য বুন্দ প্রভৃতি। গায়ক ও বাদকগণের সমবায়ই বৃন্দ। উত্তম, মধাম ও কনিষ্ঠ-ভেদে তাহা ত্রিবিধ

(সর ৩।২০৪ – ২০৯)। (त्नावनी—'(त्नावनाः ग-नी जीखी মূছ না চাভিরুদ্গতা। আরোহে মনি-

হীনায়ামংশঃ ষ্ড্জো বুধৈঃ স্বৃতঃ। অবরোহে গ-বর্জায়াং কচিদ্গান্ধার-মুছ ন।। ইহা সঙ্গীত-পারিজাতের

(४०४) ज्ञाना मझी जनर्रा (२। ১৯) ইহা হিন্দোল রাগের ভার্যা, লক্ষণ—'ধৈবতাংশগ্ৰহন্তাসা

(यनावनी मछा। (भीतवी मूह्री জ্ঞোরসে বীরে প্রযুক্তাতে'॥ধ্যান— 'সঙ্গেতদীক্ষাং দয়িতে চ দত্তা বিতৰতী ভূষণমঙ্গকেষু। মূহুঃ স্মরন্তী স্মরমিষ্ট-

(पर: (वनावनी नीनम्दाखकाखिः॥' কিন্ত নাবদপঞ্চম-সংহিতার ইচা মলার রাগের প্রথমা ভার্যা। ধান- সঙ্গেতিতোৎফুল-লতানিকুঞ্জে,

কুতস্থিতিঃ কাস্ত-সমাগমায়। বেলা-

वली ठम्लकरमोलिमी गा. वाला विष्ठिखा-

ভরণা নিক্জা ॥ বেলাবলী ও বেলো-ষারী অভিন্ন রাগ। বেলোয়ারী - শ্রীরাগের পঞ্চমী ভার্যা। ধ্যান- গোরী-পাদাভোজমভার্চয়ন্তী.

গ্ৰোদ্ধ তং গ্ৰুমাল্যং मधाना । নানারত্বোপায়নৈভজিভাবৈ,- র্বেলো-য়ারী কথাতে বালিকেয়ম। বৈরাগী—শ্রীরাগের ষষ্ঠী ভাৰ্যা ৷

ধ্যান—উল্লাস্যতি ধর্মিলে রহঃস্থান

ঞীরাগ

মালতীকুস্থমস্থাভি-প্রাণবন্ধনা। বৈঁরাগী রাগিণী স্মৃতা॥ ব্যভিচারিণী দৃষ্টি (স্বা ৪1>৪০) স্থায়িদৃষ্টিই শৃঙ্গারাদি ব্যভিচারিণীরূপে পরিণমিত হয়।

2202

মলিনা, শঙ্কিতা, গ্লানা, জিন্ধা, শৃত্যা, रियां मिनी, लिब्बिटा, मूकूना, आसी, অভিতন্তা, কুঞ্চিতা, আকেকরা,

বিকাশার্দ্ধা,..... বিভকিকা, বিব্রাস্থা, বিপ্লুতা, ত্রস্তা, ললিতা ও মদিরা—

এই २०টि राजिठातिनी पृष्टि। শঙ্করাভরণ—'শঙ্করাভরণে প্রোক্তো

প-নী তীব্রো তু সাদিমে। প-স্থাসে মধ্যমাংশে চ ঢালূকম্প-স্থােভিতে॥ [সঙ্গীতপারিজাত ৪০৬]৷ সঙ্গীত

দর্পণে (২৮৯) 'বেলাবল্যাঃ স্বরাঃ প্রোক্তাঃ শঙ্করাভরণে বুধৈঃ'॥

শস্কিতা দৃষ্টি (সুসা ৪।১৪৫) যাহা मृह्यू हः ठक्षना, शार्षद्य पृष्टिकातिगी, বহিদিকে উন্মুখী, গুঢ়রূপে দর্শনশীলা অথচ দৰ্শন হইতে শীঘ্ৰই নিবুক্তা, সেই দৃষ্টিই 'শঞ্চিতা'। শঙ্কার অভিনয়ে প্রয়োজা।

শস্কু (সৃসা :।২৪৮) অভ্যতালের ভেদ। একটি লঘুর পরে ক্রতদ্বয় থাকিলে 'শক্ক' হয়, ইহা শৃঙ্গার ও বীররদে

প্রযোজা । শ্ব্যা (নাট্য, কাশী ৩১/৩৮) স্থক তাল-ভেদ যাহাতে দক্ষিণ হস্তে তালি দেওয়া হয়। (সর ।।৬) লঘু ও গুরু-ভেদে দ্বিবিধ।

শরভলীল (সর ৫।২৭৫) ক্রমশঃ ছুই লঘু, চারি জ্রত ও পরে ছুইটি লঘু মাত্রার তাল।

শাঙ্গ দৈব (সর ৫।৩১১) ছই জ্রুত, এক ওক, এক প্লুত, ছুই ওক্র পরে । শুদ্ধ মধ্যা (সপ ২০০ টী) মধ্যম

একটি লঘু মাত্রার তাল।

শাবর নৃত্য (স্থা ৩.৪০) নিজ-ভাষায় গান বরিয়া শবরগণ-কর্ত্ত্বক অমুষ্ঠিত নৃত্য।

শির অভিনয় (সুসা ৪):৩-->৪) ইহা ১৪ প্রকার— ধৃত, বিধৃত, াাধৃত, 🕆 অবধৃত, কম্পিত, আকম্পিত,

উদ্বাহিত, পরিবাহিত, হ ঞ্চিত, নিকৃঞ্চিত, পরাবৃত্ত, উৎক্ষিপ্ত, অধো-মুখ ও লোলিত।

শীল (সুসা ১৷২৪৯) বিরামান্ত জ্রুত-হয়ের পরে একটি লঘুমাত্রার তাল। ইহা শাস্ত রসে প্রযোজ্য। অডড-

শুর (স্পা ১১৫৪) সার্থক পদ- : বিশিষ্ঠ আলাপ, ধাতুও অঙ্গসমূহের সহিত সংযুক্ত গীতকে শুদ্ধ নিবদ্ধ গীত

তালের ভেদ-বিশেষ।

শুদ্ধ ভৈরব—[পারিজাত ৩৭৮] 'ভৈরবে তুরি-পৌন স্তোধাদিমে ন্থাস-মধ্যমে। তত্তোক্তো তু গনী

বলে। মতাস্তরে—ইহাই 'প্রবন্ধ'।

তীব্ৰো কোমলো ধৈৰত: শ্বত: ॥ রত্বাকরে বসস্ততৈরব ও শুদ্ধ ভৈরবের ন্তায় তৈরব ও শুদ্ধতৈরব—দ্বিবিধ রাগ বিবৃত হইয়াছে। সঙ্গীত-পারিজাতে

১২ প্রকার ভৈরব দেখা যায়। ধ্যান--'রুদ্রবেধো জটাযুক্তো মুগুমালা-বিভূষিতঃ। রক্তনেত্রো কপদী চ ভৈরবো ভৈরবাহহসনঃ'॥ সিঙ্গীত

রাগবিবোধের मञ्जूती । কিন্তু—'ডমক্তিশূলধারী পরগহারী সিতোলসভৃষিত:। ধৃতশশিগঙ্গে। ২তি-

জটোহজিনবিকটো ভৈরবোহসমদৃক্ ॥'

প্রাত:কালীয়। সঙ্গীতদর্পণের (২) ৪৬) মতে অন্ত খ্যানও দ্ৰষ্টব্য।

গ্রামের ষড়্জপূর্বক চতুর্থী মূছ না।

ঋষি-মতে—হেমা। শুল্বত্জা (সপ ১০৬) বড্জগ্রামে পঞ্চমাদি শ্বর হইতে উৎপন্না চতুর্থী মূর্ছ না। নারদ-মতে – সৌবীরী।

শুষির (সুসা ২।৪০-৪১) বাগুভেদ। বংশ, পারী, মধুরী, তিত্তিরী, শঙ্খ, কাহল, ডোহড়ী, মুরলী, বুকা, শৃঙ্গিকা, স্বরনাভি, শৃঙ্গ, কাপালিক, চর্মবংশাদি

শুদ্ধবাত্ত (সর ৬১১৮৩) নিগীত বাল্ল; গীত বা নৃত্যের বিরামস্থলে বিহিত। ভরত কিন্তু যন্ত্র-সঙ্গীতকে নিগীত বলেন।

—শুষির-ভেদ।

শুড় (রত্না ৫।২৯৪২) বহু তালের একত্র গুম্ফন ! একীর্ত্তি (সর ধা২৮২) ক্রমে ছই গুরু ও ছুই নঘু মাত্রার তাল।

শ্রীনন্দন (সর ৫।২৯৯) ভ-গণের

পরে একটি প্লুত মাত্রার তাল। ঞ্জিরজ (সর ৫।২৬৫) ক্রেমশঃ স্-গণ, একটি লঘু ও একটি প্লুত মাত্রার

🖺 রাগ (দপ ৪৪৫) 'রি-ত্রয়োদ্গ্রাহ-সংযুক্তঃ বড়জোদ্গ্রাথোহধবা মতঃ। শ্রীরাগস্তীত্রগান্ধার আরোহে গধ-বজিতঃ'॥ (সদ ২।৭০)লক্ষণ—'শ্রীরাগঃ স চ বিখ্যাতঃ স-ত্রেগে বিভূষিতঃ। পূৰ্ণ: স্বভাগেপেতো মূছ্না প্ৰথমা মতা। কেচিত্ত কথয়স্তোনমূষভ:-ত্র-সংযুত্ম্'া ধ্যান- অপ্তাদশাকঃ স্মরচারুমৃতিঃ, शীরো লদৎপল্লব-কর্ণ-शृहः। यष् कामित्रत्वाश्वनवज्वधाती,

(পদা২০) জ্লুধ্যান জ্রন্তব্য। নারদ পঞ্চম-সংহিতার মতে তৃতীয় রাগ।

শ্ৰীরাগ এষ ক্ষিতিপালমূর্তিঃ'॥

ছায়া

যাহাতে রঙ্গ-দেবতার পূজা হয়।

যাড়ব রাগ (রত্না ৫।২৭৭৫) ছয় স্বরে

উৎপন্ন, যথা—গৌড়, কর্ণাট গৌড়,

(मनी, धाननी, (कानाइना, उल्लानी,

দেশ, আশাবরী, খমাবতী, হর্ষপুরী,

মলারী ও হঞ্জিকা। সঙ্গীতসারে— ত্রীকণ্ঠ, ভৌলী, তারা, ষালগ, গৌড়,

বোড়শাক্ষর [নাট্যশান্ত ৩৩।৪০]

বাত্তের অক্ষর-(বোল)-রূপে ব্যবস্থত

—কখগঘটঠডচতথদধ্যর

ল হ। ইহা সাঙ্গীতিক উপাদান-ভেদ। সংযুত (সুসা ৪।৪২) হস্তাভিনয়-ভেদ

হয় |

ছই হস্তেই কার্যাবলি

প্রোজন-বশতঃ

শুদ্ধাভীরী, মধুকরী,

नौरना९भना।

প্রদশিত

ধ্যান—'লীলাবতারেণ বনাস্তরাণি, विवन् थ्राप्त्रनानि वश्रुवश्यः। विनात-বেশো হৃতিদিব্যমৃতিঃ, প্রীরাগ এষ প্রথিতঃ পৃথিব্যাম্' ॥ শ্রেড (স্বা ১৪০-৪৬) কর্ণেক্রিয়-গ্রাহ্ম বলিয়া ধ্বনিই শ্রুতি-নামে কথিত বিশাবস্থ বলেন—'শ্রবণেক্রিয় গ্রাহ্যাদ্ধ্বনিরেব শ্রুতির্ভবেং'। মতঙ্গও এই মতেরই পোষক— 'শ্রবণার্থস্থ ধাতোঃ ক্তি-প্রভায়ে চ ত্মগশ্রৈতে। শ্রুতি-শব্দঃ প্রসাধ্যোহয়ং শक्र देख: कर्म-नाधरेन:'॥ नान वासू-সঞ্চালিত হইয়া দাবিংশ শ্রুতিতে পরিণত হয়। ২২টি নাড়ী বক্ত ও উধ্ব ভাবে হৃদয়কে আশ্রয় করিয়া আছে। শ্রুতিসমূহ উচ্চ হইতে উচ্চতর কন্দায় আর্ঢ় হইয়া বীণাদি যন্ত্ৰেই লক্ষিত হয়, যেহেতু কফাদি-দূষিত কণ্ঠে তাহাদের অভি-ব্যক্তি হয় না। পঞ্ম, বড্জ ও মধামের প্রত্যেকটিতে চারিটি করিয়া. ঋষভ এবং ধৈবতে তিনটি করিয়া— গান্ধারে ও নিযাদে ছুইটি করিয়া শ্রুতি আছে। দেশভেদে শ্রুতি-নামও বিভিন্ন হয়। সঙ্গীতসারসংগ্রহে (১।৪৩---৪৬)--(১) বড্জস্বে--नामी, विभाना, अपूरी ७ विष्ठिता। (२) शक्षम यदत--ताना, कना, कन-রবা ও শাঙ্গ রবী। (৩) মধ্যমস্বরে-মাধবী, শিবা, মাতঙ্গিকা ও মৈত্রেয়ী। (৪) ঋষভন্মরে—চিত্রা, ঘনা (e) ধৈবত স্বরে— চালনিকা। জায়া,রসা ও অমৃতা। (৬) গান্ধারে— गत्रभा ७ माला। (१) निवारम-মাত্রা ও মধুকরী। কোহলীয়ে আছে ্যে প্রজাপতির মুখ হইতে বিনির্গত

সিদ্ধি, প্রভাবতী, কাস্তা ও স্থভদ্রা— এই শ্রুতি-চতুষ্ট্র ষড়জম্বর উৎপাদন করে। নারদীয় মতে কিন্তু (১) ষড়জে-তীবা, কুমুগতী, মন্দা ও ছন্দোৰতী। (২) ধ্বভে – দ্যাৰতী, दक्षनी ७ दिल्का। (०) गाकादत-রেট্রী ও ক্রোধা। (৪) মধ্যমে— প্রসারিণী, প্রীতি ও মার্জনী। (৫) পঞ্চে-ক্ষতি, রক্তা, সন্দীপিনী ও আলাপিনী। (৬) বৈবতে—মদন্তী, রোহিণী ও রম্ভা। (१) নিষাদে— উগ্রাও ক্ষোভিণী। এইরূপে দত্তিলও অন্তপ্রকারে শ্রুতিসমূহের নামকরণ করিয়াছেন। ষট্করণ [সঙ্গীতশাস্ত্রে] রূপ, কৃত (প্রতিক্বত), প্রতিভেদ, রূপশেষ, ওঘ ও প্রতিশুকু। ষট তাল (সর ৫।৩০১) ছয়টি দ্রুত মাতার তাল। ষট্পিতাপুত্রক (সদা ১২৫৮) একটি করিয়া প্লুড, লঘু ও গুরুর পরে গুরু, লঘু ও পুতু মাত্রার তাল। যভলক্ষার (নাট্যশাস্ত্র, কাশী ১৯।৪৬) উচ্চ, দীপ্ত, মন্ত্র, নীচ, দ্রুত ও বিলম্বিত। নাটকের কাব্যে বা পাঠে। ইহারা ব্যবহৃত হয়। ষড্জ স্বর (রড়া ৫/২৫৮৩-৮৫) বকঃ, নাসা, কণ্ঠ, তালু, জিহ্বা ও দন্তকে

মতাস্তরে—রঙ্গশীর্ষ,

যাহা

হন্তক্ সংযুক্ত হইয়া . অসংযুত থাকে। ইহা ১৩ প্রকার (স্সা 8168-66)1 সংস্কৃত (সদা ৫।২) দেবভাষা, ইহাই প্রকৃতি অর্থাৎ প্রাকৃতাদি ভাষার প্রসবিত্রী। সংস্কৃত শবাই শাধু, তদ্ভিন্ন শব্দ প্রাকৃত, অপত্রংশ, পৈশাচিক প্রভৃতি। সংহত (সর ৭।৩৭৫) লজ্জা, রোষ ও ঈর্ব্যার অভিনয়ে এক জামু অন্ত জামুর সহিত মিলিত হইলে 'সংহত জামু' হয় ; সংস্পর্শ করিয়া জাত স্বর। দামোদর-मकीर्ग तार्ग (दङ्गा बार १४) मण्पूर्व, নলে কিন্তু নাভি, হৃদয়, পার্শ্বর, ষাড়ব ও ওড়ব—এই তিন রাগের নাড়া এবং মস্তক-এই ছয় স্থানের পরস্পর মিশ্রণে জাত রাগ। পৌরবী নায়ু সংমৃতিত হইয়া ষড়্জ স্বর উৎ-(দেশ + মলারী), মধুর কল্যাণী পাদন করে। ময়ুর ষড়জ-্প্রকাশক। (বারাটী+নাট কর্ণাট), গৌরী (ত্রী+গৌড়), নটমলারিকা (নাট ষড় দারুক-নেপথ্য গ্রের দার। + মলার) কর্ণাটিকা (কণাট + ভভে নিমিত হর এবং ভৈরব)। স্থাবরী (रेगकरी+

১১৪০ সঙ্গীত	শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (২ খ) সাধারণ
তৌড়ী), আশাবরী (মলার + শৈক্ষবী + তৌড়ী), রামকেলি (গুর্জরী +দেশী)। সঙ্গীত (সুসা ১৯) গীত, বাছ ও নৃত্য। সঙ্গীত-পারিজাতে—'গীত- বাদিত্র-নৃত্যানাং ত্রয়ং সঙ্গীতমূচ্যতে। গীতভাত্র প্রধানস্বাত্তং সঙ্গীতমিতী- রিতম্'॥ সঙ্গীত-প্রচারক (সুসা ১৪) ব্রহ্মা, শিব, নন্দী, ভরত, ছুর্গা, নারদ, কোহল, দশান্ত, বায়ু, রন্তা—ইহারা সঙ্গীত-শোস্ত-প্রচারক। সঙ্গীত-শোস্ত-প্রচারক। সঙ্গীত-ভেদে (সুসা ১২০—২১) মার্গ ও দেশী-ভেদে সঙ্গীত দিবিধ। স্বর্গে মার্গান্ত্রিত এবং ভূতলে দেশী সঙ্গীতবেদ (সুসা ১২—৩) প্রাচীন কালে ব্রন্মা চারি বেদের সার সংগ্রহ করিয়া 'সঙ্গীতবেদ'-নামক পঞ্চম বেদ রচনা করেন। ওক্সমূহ হইতে পাঠ্য, সাম হইতে গীত, যজু: হইতে অভিনয় এবং অথর্ব হইতে রস উৎপর হয়। সঙ্গীত-সম্পর্কিত ক্রীড়া—প্রাচীন- ভারতের বিবিধ থেলা, যাহাতে সঙ্গীতাদির সমাবেশ থাকিত। জল- ক্রীড়া, (হব হা৮৮।২৫—২৭, ব্রন্ধ- বৈবস্ত ৪।২৮।২৩—১৪২), রাসক্রীড়া (ভা ১০।২৯—৩০), ছালিক্যক্রীড়া (হব হা৮৯।৬৬—৬৭), নৃত্যক্রীড়া	১৫—১৯), হোলিকোৎসব (ভবিষ্য পু), বসন্তোৎসব (সঙ্গীতদামোদর)। সঞ্চারী বর্ণ (রত্মা ৫।২৬৮৫) স্থায়ী, আরোহী ও অবরোহী স্বরসমূহের সংমিশ্রণে 'সঞ্চারী' বর্ণ ঘটত হয়। ইহারও ১২টি অসম্ভার আছে— প্রসাদ, আক্ষেপ, কোকিল ইত্যাদি। সন্ধি-প্রচ্ছাদন (রত্মা ৫।২৬৮০) আরোহিবর্ণের অলম্ভার-বিশেষ। পূর্ব ত্বই স্বরকে হ্রস্থ ও তৃতীয় স্বরকে দীর্ঘ করিলে 'সন্ধিপ্রচ্ছাদন'-নামক অলম্ভার হয়। যথা—সরিগা, রিগমা, গমপা, মপধা, পধনী, ধনিসা। সন্ধিপাত (নাট্য, কাশী ৩১।০৯) সশক তাল-ভেদ, যাহাতে উভয় হস্তে তালি দেওয়া হয়। সম (সসা ৪।৩২) নির্বিকার ও স্বভাবস্থ শিরকে 'সম' বলে। ইহা পূজা, জপ, ধ্যান এবং স্বামিসেবাদিতে অভিনেতব্য। ২ (সসা ৪।৩৬) বক্ষের অভিনয়-ভেদ। সৌঠবযুক্ত, পূর্ণাবয়ববিশিষ্ট ও প্রকৃতিস্থ বক্ষের চালনকে 'সম' বলে। ইহা স্বাভাবিক ভাবের অভিনয়ে প্রযোক্তব্য। ৩ (সর ৭।০১৬) স্বভাববশতঃ ভূমিতে স্থিত চরণকে সমপাদ'বলে। সমতাল (সর ৫।২৮৪) ছইটি লঘুর	তাহা। সম্পূর্ণ রাগ (রত্না ৫০২৭৬০) সাত ব্বরে উৎপন্ন, যথা—এ, নট, কণাট, গুপ্তবসন্ত, শুদ্ধভৈরব, বঙ্গালী, সোম, আত্রপঞ্চম, কামোদ, মেব ল্রাবিড় গৌড়, বরাটা, গুর্জরী, তোড়ী মালবপ্রী, সৈন্ধবী, দেবকিরী, রামকিরী, প্রথমমঞ্জরী, নাট, বেলাবলী এবং গৌরী। সঙ্গীতসারে—নাট, ঘণ্টা, নট্টনারায়ণ, ভূপালী, শঙ্করাভরণ —পূর্বরাগ। এই প্রসঙ্গে প্রীনরহরি ঘনগ্রাম-প্রণীত 'রাগার্ণব' আলোচ্য। সম্পেষ্টক (সুসা ১০২০৯) ক্রমশঃ একটি প্লুত, ম-গণ ও একটি প্লুত মাত্রার তাল। সম্বাদী (রত্না ৫০২৬০৭—৮) স্বরভেদ। সম্ক্রতিই সম্বাদী। পঞ্চম স্বরের সম্বাদী কেহ নাই। ইহাকে পাত্রে বলে। (সঙ্গীতপারিজ্ঞাত ১৮১) 'মিথং স্বাদিনো তৌ স্তঃ সপৌ স্থাতাং পসৌ তথা। ন বাদী ন চ সম্বাদী ন বিবাছপি যঃ স্বরঃ'॥ সরস্বতীকণ্ঠাভরণ (সুর ৫০০৯) ত্বই গুরু ও তুই লঘুর পরে তুই প্লুত মাত্রার তাল। সমান্ধ তাল—মার্ণতালের ভেদ। ইহারে চারি ভেদ—গ্রুব, শ্র্ম্যা, তাল ও সন্ধিপাত। সাত্রতী (সক ২০০৭) বৃত্তি-ভেদ, যাহা কোমল-প্রোচ্ সম্বর্ভ ও প্রেচ্চ
(ভা ১০৷২৯—৩৩), ছা <u>লিক্যক্র</u> ীড়া	পরে ছুইটি বিরামাস্ত ক্রত মাত্রার তাল।	সাত্বতী (সক ২৷৩৭) বুস্তি-ভেদ, যাহা কোমল-প্রোচ় সন্মর্ভ ও প্রোচ়
(ভা ১০ ১৮ ৯—১১), নাট্যক্রীড়া (গর্নসং থা২৫ ২২—২৩), বংশনৃত্য শুক্লযজুঃ সং ৩০ ২১), ইক্রধ্বজোৎস্ব		অর্থের প্রকাশ করে। সাধারণ (নাট্যশাস্ত্র কাশী ২৮।৩৩) ছইটি স্বরের মধ্যবর্তী স্বর। 'সাধারণং নামাস্তরস্বরতা। কন্মাৎ ? দ্বয়োরস্তরস্থং
(বিঞ্ধর্মোত্তর, সঙ্গীতদামোদর ৩), । দে <u>বযাক্রামহোৎসব</u> (গর্ম সং ৪।১২।	সমা যতি—যে যতির আদি, মধ্য ও ় অত্তে একটি লয়ের সমাবেশ থাকে,	

সুমুখী

স্বিঙ্গ ব্যবধান বা অস্তরকে 'সাধারণ' বঙ্গে। ভরতের সময়ে স্বর-সাধারণ ছুইটি---কাকলি (নিবাদ) ও অন্তর (গার্রার)। ইহাদিগকে বিক্বত স্বরও বলাহয়। ছই ছইটি শ্রুতির অন্তর ও প্রকর্ষণের (বৃদ্ধির) জন্ম শুদ্ধ পাদ্ধার ও শুদ্ধ নিষাদের বিকৃতিভাব ক্ষ্ ছইটি শ্রুতি-সম্পন্ন नियान यथन চারিশ্রতি-যুক্ত বড়্জের তীবা ও কুমুন্বতী শ্রুতিম্বাকে গ্ৰহণ চারিশ্রতি-বিশিষ্ট হয়, তথনই তাহাকে কাকলিম্বর বলে এবং এইজয় তার অন্তর স্বর হইল নিবাদ ও বড়্জ। তদ্রপ শুদ্ধ-গান্ধার যথন শুদ্ধ-মধ্যমের বজিকা ও প্রসারিণী শ্রুতিধয়কে লইয়া চারিশ্রতি-বিশিষ্ট হয়, তখন তাহাকে অন্তর-গান্ধার বলে। আবার এক গ্রামের জাতির মধ্যে সক্ত জাতির বর্ণসামা হইলে গ্রামের যে সাধারণভাব দৃষ্ট হয়, গানের ভাহাকে 'জাতি-সাধারণ' বলে। ষ্ড্জ ও মধ্যম গ্রামদ্রের অন্সারে 'ষড্জ-সাধারণ' স্থর-সাধারণ 'মধ্যম-সাধারণ'-নামে কথিত হয়। এস্থলে স্বরবিশেষ্ট 'সাধারণ' বলিয়া তৃতীর বাচ্য। ভরত আবার উল্লেখ করিয়া কালসাধারণেরও ৰলিয়াছেন—'ন চ নাগতো বসস্তো নিঃশেষঃ শিশিরকালঃ—ইতি কালসাধারণঃ'। সার্জ—'অতিতীব্রতমো গঃ স্থানস্ত তীব্রতরো মত:। ধস্ত তীব্রতরো ষড়্জাদিমূছ নে। স্থাতীব্র: म-छारम यशुगारत्म ह तार्श मात्रम-সংজ্ঞকে'॥ [সঙ্গীতপারিজাত ৪•২]। লারজন্ট-সঙ্গীতদর্পণে (2140)

লক্ষণ--'সারজনটা সংপূর্ণা সক্ষয়োত্তর-চারিটি অশব্দ লঘু মাতার ভাল। यक्षणा । शान-'दीनाः नशना पृष्-সিংহনাদ (সর ৫।২৭৩) ক্রমে ব-গণ, वक्र दिवी, गथा। गभः वश्च ल तृक्क- मृत्ल। এক লঘু ও গুরু মাতার তাল। জাম্নদাভা চ নিষ্ধদেহা, সারঙ্গনটা সিংহলীল (সর ৫।২৬৪) ক্রমশঃ একটি লঘু, তিনটি দ্ৰুত ও একটি লঘু কথিতা হুবেশা।। বা—'করধৃতবীণা মাত্রার তাল, ইহা প্রধাকরের মতে; স্থ্যা সংহাপবিষ্ঠা চ কল্পতক্রমূলে। দৃঢ়তর-নিবন্ধকবরী সারলী সা স্থরঙ্গিণী मूरन किन्द 'नघुरन्ड मज्ञाः निःश्नीनः' বলাতে মনে হয় যে ক্রুতত্ত্রের আগে প্ৰোক্তা'॥ সারস (সর ৫। ১০৩) ক্রমে এক লঘু, একটি লঘু মাত্রা থাকিলে 'সিংহলীল' তিন জতের পরে হুইটি লঘু মাত্রার श्य । **সিংহবিক্রম** (সর ৫।২৬০) তিন তাল ৷ नानर्भ (नमा)।२>>) उन्न व्यवस्त्रत গুরুর পরে ক্রমে একটি করিয়া লখু, ষৎকিঞ্চিৎ লক্ষণান্তিত হইয়া উৎপন্ন গুৰু, পুত, লঘু, গুৰু ও পুত মাতাৰ তালবান্তাদির যোগে স্কৃরচিত হইয়া তাল। চিত্তরঞ্জক হয়। ইহাকে কেহ কেহ সিংহবিক্রীড়িড (সর ৫৫৭২) একটি করিয়া ক্রমশ: লঘু, প্লুড; গুরু, 'ছায়ালগ' বলেন। সালগ ভূড় (শুসা ১/২১২—২২৪) পুত; পত, অফ; লঘু, অফ; পুত, শঙ্গীতদামোদর હ পঞ্চমসারমতে লঘুও জত মাতার তাল! মঠক, প্রতিমর্থ, নিশারু, जिक् ए। (शना > o) शान—'উ९क्त-বাসক, প্রতিতাল, একতালী, যতি ও পঞ্চজ-গলনাকরন্দ-পানমন্তালি-ঝক্সতি-ঝুমরি। নয়তালে স্ত্গঠিত হয়— ভবৈরপি দুয়মানা। কান্তং পদান্ত-আদি, যতি, নিসারু, অড্ড, ত্রিপুট, মিলিতং কটু ভাষয়ন্তী, মানোরতা বসতি সিন্ধৃতটে সিন্ধুড়া' ৷ মতা**স্ত**রে রূপক, ঝম্প, মণ্ঠ ও একতালী। এই ইহা মালব রাগের চতুর্থী ভার্যা। ইহার প্রকার হড়-গানে, বাজে ও নৃত্যে यान— 'गरश्क-नीलक्षा जित्रयुका की, চিত্রঞ্ক হয়। প্রবাদয়ন্তী কপিলাশযন্ত্রম্। বিচিত্র-সালক্ষ নাট (সপ ৪৩৫) 'শহরা-গান্ধার-স্বরবর্জিতে। রক্লাভরণা স্থকেশী, সা সিন্ধুড়া কাৰ-ভরণোৎপরে অথ- সালন্ধনাটে ংমিন্ স-স্থাসাংশ-সমীপসংস্থা'।। সম্বিতে। বড়্জোদ্গ্রাহেণ সম্পরে স্থা (সপ ২০০টী) গান্ধারগ্রামে মধাবামেড়িতো স্বতো'॥ ষ্ঠী মূছ না। স্থভগা—শ্রীরাগের দিতীয়া ভা**র্বা**। সিংহ (সর ১০০০) এক লখু, এক ত্মবিচার-কৌতুকং, ক্রতের পরে তিনটা লঘু মাত্রার ভাল। ধ্যান--রসনয়া কবিকোবিদ-কৌতুকম্। जि:इनम्बन (मत elz 9 ¢) क्रम्भः বিদ্ধতী ত্মকবিতামৃত-ভাবন-তৎপরা, ভগৰতী ত-গণ, এক প্লুত, এক লঘু, এক স্থভগা সমুদাহত।।। গুরু, ক্রতবয়, গুরুবয়, লখু, প্লুত, লখু, প্লত, अङ्क, इंहिंग्यू माजात পरत স্থুমুখী (সপ ২০০টী) গানারগ্রামে

তৃতীয়া মূছ न।।

স্থৃহ্ট (পদা ২১) 'সিন্দুরবিন্দুং মম ভালদেশে. পত্রাবলিঞ্চাপি কপোল-ৃতিত্তো। অলক্তসিক্তং কুরু পাদমেকং, कारुः वम्सी अहरे अमिष्टा'।।

স্থুড (সর ৪।২৩) এলা, করণ, ঢেকী, বর্তনী, ঝোম্বড়, লন্ত, রাসক ও এক-তালী। 'হুড়' বলিতে গীতবিশেষ-मगृहत्क वृकाय, हेश जिमी नक (কল্লিনাথ), শুদ্ধ ও ছায়ালগ-ভেদে সুড দিবিধ। এলাদি শুদ্ধ সূচ এবং ঞ্চব, মন্ঠ, প্রতিমন্ঠ, নিসাক্ল, অড্ডতাল, রাস ও একতালী—ছায়ালগ I

সৈন্ধবরাগ—শুদ্ধ স্বরে উৎপন্ন ধৈবত স্বরের আদি-মূর্ছ নাযুক্ত হয় সৈন্ধব-রাগ। ইহার আরোহে গান্ধার अ निवान थाकित्व नाः আম্রেডিত **স্বর্গমূহে** (সপপ, সধধ)- যুক্ত ও ক্ষুরিত-গমক হইবে।

সর্বকালে গেয় [সপ ৩৫৭]। সৈন্ধবী—'বড়্জগ্রহাংশকভাসা পূর্ণা দৈদ্ধবিকা মতা। মূছ নোতর-মন্ত্রাচ্যা কৈশ্চিৎ যাড়বিকা মতা। রি-হীনা তু ভবেন্নিত্যং রসে বীরে প্রযুজ্যতে॥ ধ্যান – 'ত্রিশূলপাণিঃ শিবভক্তিযুকা, রক্তাম্বরা ধারিত-বন্ধুজীবা। প্রচণ্ড-কোপা तमनीत्रयुक्ता, मा रेमक्रनी

সোরঠী সঙ্গীতপরিজাতে (৪৭২-৭৩) লক্ষণ—'শ্রীরাগমেল-সম্ভূতা সোরসী পঞ্চমাদ্ধ স্ফিতো-রি-স্বরোদ্গ্রহা। পেতা রি-পর্যস্তং পুনস্তথা।। সহস্ফিতা মপর্যন্তমগ্রস্থান-বড় জকা। তথিব পঞ্নোপেতা রি-স্বর-চাবিতোদিতা'॥

ভৈরব-রাগিণীয়ম'।৷ সৈন্ধবরাগ ও

দৈন্ধবী অভিন্ন-রাগ।

লক্ষণ—'সোরটা যাডবা জেয়া পঞ্চৰ-ত্রয়সঙ্গতা। রি-হীনা চ সমাখ্যাতা কৈশ্চিৎ ষড়জত্রয়া মতা॥' খ্যান---'পীনোন্নত-স্তন-স্পোভন - হারবল্লী, কর্ণোৎপল - ভ্রমর্নাদ - বিলগ্নচিতা।

প্রিয়ান্তিকমতিলপ-বাছবলী, যাতি সৌরাষ্ট্রকা স্মরস্থথে মিলিতাঙ্গষষ্টি:'॥ স্থরট, সোরঠা, সোরটা ও সোরাই একই রাগ।

সৌবীরী (সপ ২০৩ টী) সংগ্রম মধ্যমস্বর-পূর্বিকা প্রথমা মুছ্না। মধ্যস্থানস্থ বড্জ হইতে আরন্ত হয়। श्रवि-মূর্ছ না — আপ্যারনী। ক্ষন্দ (সর ৫।৩০৫) র-গণ, ছই দ্রুত

এবং পরে ছুইটা গুক্ত মাত্রার তাব। **স্থান**—মদ্র, মধ্য ও তার। ইহা বর্ণ বা স্থরের উচ্চারণ-ভেদ নির্ণয় করে।

(সর ৭/১**০২৭**)

জ্ঞানক

আদিতে ও অস্তে নিয়ত অবস্থান। এই লক্ষণে ধুমাগ্রির ভার ব্যাপ্তি-নিয়ম স্বীকার্য। সামান্ত লক্ষণে-শরীরে চলন-রহিত বৃদ্ধিপুর্বক কৃত সলিবেশই বোধ্য। বৈঞ্ব, সমপাদ, বৈশাখ, মণ্ডল, আলীচ় ও প্রত্যালীচ়-ভেদে স্থানক ছয় প্রকার। অকার আছে। দেশী স্থানক---স্বস্তিক, বর্ধ মান, নন্দ্যাবর্ত্ত, সংহত প্রভৃতি ২৩টি।

স্থায়িদৃষ্টি (সমা ৪।১২০) আঙ্গিকা-ভিনয়ে উপাঙ্গভেদে উল্লিখিত স্থারি-: ভাरका पृष्टिच्छीत (उम्। सिश्वा, ষষ্টা, দীনা, ক্ৰুদ্ধা, দীপ্তা, ভয়াৰিতা,

জুগুপ্রিতা এবং বিশ্বিতা-এই व्याविष्टि विस्त्रम ।

(मोत्रामी-मन्नीकनर्भरण (२.४४) **ग्या**ग्नीवर्ग (तृष्ट्रा ४।२७७०-७४) এक

একটি স্বরে থাকিয়া পাকিয়া পুনঃ প্রয়োগ হইলে সেই বর্ণই 'স্থারি'-কথিত। রচনা-বৈশিষ্টো ইহার ভদ্র প্রভৃতি ২৬টি 'অলম্বার' হয় | **ন্নিন্ধা দৃষ্টি** (দুসা ৪।১২১) যে দৃষ্টিভে

একটি জা কিঞ্চিৎ উন্নমিত হয়, যাহাতে অভিলাষ-ব্যঞ্জনা থাকে, সেই কটাক্ষ্কা, বিলাসিনী ও রতি-ভাৰজা দৃষ্টিকে 'শ্লিগ্ধা' বলে। স্ফুরিড (স্পা ১৷৩২৮) ক্রতমাত্রার একতৃতীয়াংশ বেগে স্বরকম্পন হইলে 'ক্রিত' গমক। ২ (সদা ৩৩২) লাত্ত-ভেদ। যে শুক্লার-রস-প্রধান অভিনয়ে নায়ক ও নায়িকা রসজনক वानिजनहबनापि-त्रश्चि ८० छोनि করিয়া নৃত্য করে, তাহাই ক্রুরিড माञ्च ।

শ্ৰুম্ব (র্দ্ধা হাত্য৪১) ছঃখে, শ্রুমে, মদে ও মৃছবির অহুঠের অংসাভিনর। **স্রোত্যেগতা যতি**—গীতের আদিতে বিশ্বিত, মধ্যে মধ্য ও অন্তে ক্রন্ত লয়ের সমাবেশে স্রোতোগতা যতি। স্বর-(স্মা ১া৫১-৬৯) শ্রুতিস্থানে হৃদয়রঞ্জক বা শ্রোতৃমনোহর ধ্বনি-বিশেষ। স্বর সাতটি – বড্জ, ঋষভ, গানার, মধাম, পঞ্ম, ধৈবত ও নিবাদ। সংক্ষেপে—স রিগমপ ধনি। ইহারা মন্ত্র, মধ্যও তার-ভেদে ভাৰত্ৰয়ে অবস্থিত। হৃদয়ে

পূর্বাপেকা বিগুণ উচ্চ। [বড্জাদি উৎপত্তি প্রস্কৃতির সম্বন্ধে ভভংশক দ্রষ্টব্য]। ইহাদের আবার ठाति (ভদ—वानी, भश्रानी, विवानी

'মক্র'. কর্প্তে 'মধ্য' এবং মস্তকে 'তার'

উৎপন্ন হয়। তন্মধ্যে প্রপ্রটি পূর্ব-

(সপ ২০৩ টী) মধাম

গান্ধার-পুর্বিকা দ্বিভীয়া

]।। গণাত্মক মাত্রার ভাল।

হরিণাশ্বা

গ্রামের

ও অতুবাদী। [তত্তৎশব্দ দ্রষ্টব্য]। (রপ্লা ৫।২৮৭৮) প্রবন্ধের অংশ-বিশেষ।

স্বরমণ্ডল—সাত স্বর, তিন গ্রাম, একুশ মূর্ছনাও উনপঞ্চাশ তানদারা রচিত।

হংস (সর ৫।৩০১) বিরামান্ত শন্দ্রাত্মাত্মত তাল।

হংসনাদ (সর ৫।২৭০) ক্রমে এক
লম্, এক প্লুত, হুই দ্রুত ও এক প্লুত
মাত্রার তাল। ২ (সদা ১।২৬৭)
ক্রমশঃ একটি করিয়া লঘু, প্লুত,
ক্রুত ও প্লুত মাত্রার তাল।
হংসপক্ষ (সর ৭।১৬৫—১৬৮)

পতাক হন্তের যদি তর্জনী প্রভৃতি তিনটী অঙ্গুলী কিঞ্চিৎ নত ও সম হয়, অথচ কনিষ্ঠা উর্দ্ধভাবে থাকে, ভবে তাহা হংসপক্ষ হস্তক হয়। আচমনে এবং চন্দনাদির অম্বলেপনে

হংসলীল (সর ৫।২৬৭) বিরামান্ত ।

শবুহয়াত্মক মাত্রার তাল ; 'হংসলীলে

বিরামান্তং লঘুহয়মুদাহতম'। ১

(সৃসা ১।২৬৪) ছইটি বিরামাস্ত ন-

অভিনেতব্য।

াাম, মুছ না। ক্ষি-মূছ না—বিশ্বস্তা। াারা **হল্লীসক** (হব ২।২০।২৫—২৬)

অভিনৰ গুপ্তের মতে মণ্ডলীকৃত নৃত্যই হল্পীসক। নীলকণ্ঠ-মতে 'বহুভিঃ স্ত্ৰীভিঃ সহ নৃত্যং'। রাস-

ক্রীড়ায় ও হল্লীসকে পার্থক্য এই যে রাসে এক পুরুষের পরে এক এক নারী থাকে, কিন্তু হল্লীসকে পুরুষকে

মধ্যবর্ত্তী করিয়া নারীগণ নৃত্য, গীত ও

বাম্ম করেন। **হস্তাভিনয়** (সসা ৪।৪০) ত্রিবিধ—

অসংযুত, সংযুত এবং নৃত্যহস্ত।

হান্তা দৃষ্টি (দুদা ৪।১৫০) ক্রমশঃ

মন্দ, মধ্য ও তীব্রভাবে চক্ষুঃপুট

আকুঞ্চিত হইদে এবং তারকাদয়ও

ভিতরদিকে কিঞ্চিৎ প্রবিষ্ট হইরা বিচিত্রভাবে ভ্রমণ করিতে থাকিলে হাস্তা দৃষ্টি হয়। ইহা বিশ্বয়

হাস্তা দৃত্ত হয়। হয়। । উৎপাদন করাইতে অভিনেতব্য।

हित्मान—'हित्मात्वश्थ बिद्रशी

ইহা সঙ্গীত-পারিজাতের (৪৩০)
লক্ষণ, সঙ্গীতদর্পণে (২।৫৮) কিন্তু
'হিন্দোলকো রিধ-ত্যক্তঃ সত্রয়ো
গদিতো বুবৈঃ। মূর্ছনা শুদ্ধমংগ্রা
শ্রানেড্বঃ কাকলীযুতঃ'॥ এবং
ধ্যান—'নিত্রিনী মন্দতরঙ্গিতান্ত্র,

ত্যজ্যৌ কোমলো ধৈবতো ভবেৎ'।

হাব্যকা

দোলান্থ খেলান্থ্যমাদধানঃ। খর্বঃ
কপোতত্মতিকামযুক্তো, হিন্দোলরাগঃ কথিতো মুনীলৈঃ'॥ নারদ-

পঞ্চসংহিতার ইছা পঞ্চম রাগ এবং নামাত্তর—হিল্লোল; ইছার ধ্যান—

'হাসাভিলাবেণ

মুখাপিতস্তৎক্ষণমালিবৃদ্ধৈ:। উল্লোল-সঙ্গীতরদৈবিদশ্ধো, হিল্লোলরাগঃ ক্থিতো রসজ্ঞে:'॥

পতন্ পৃথিব্যা,-

কাষ্ট (সুসা ৪০১২৩) যে দৃষ্টিতে গগুৰু প্ৰকুল্ল হয়, ভারাদ্ম অন্তঃ-প্রবিষ্ঠ দেখায়, যাহা কিঞ্চিৎ আকৃঞ্চিত হয়—চঞ্চলা, নিমেষযুক্ত ও হাস্ত্য-

শোভিতা সেই দৃষ্টিই—'হুটা'।

হব্যকা (সপ ২০০ টী) মধ্যম গ্রামে
পঞ্চমপূর্বক সপ্তমী মূর্ছনা। ঋষিমতে—চন্দ্রাবতী।

শ্রীশ্রীগোরগদাধরো বিজয়েতাম্

सीसी(गिषु) य-रियम्ब- विधियान

তুতীয় খণ্ড

চরিতাবলী

অ

অকিঞ্চন ক্লফদাস—শ্রীচৈতত্তশাখা। 'অকিঞ্চন প্রভুর ভূত্য কৃষ্ণদাস নাম'। (১৮° চ° আদি ১০।৬৬) রথযাত্রাকালে ইনি অভাভ ভক্তসঙ্গে পুরী গিয়া-ছिলেন। (है ° ठ° व्यस्त २०१२)। **অকিঞ্চন দাস**—শ্রীগোরভক্ত। 'অকিঞ্ন দাস! রুপা কর্ছ অশেষ। দেখি যেন শ্রীগোরচন্দ্রের ভাষাবেশ'॥ [নামা ১৫৯]। ২ খুষ্ঠীয় ষোড়শ। শতাকীর শেষ ভাগে শ্রীজগন্নাথবল্লভ নাটকের প্রাম্বাদক। কিলিকাতা বিশ্ববিভালয় পুঁথি ১৫১২]। অক্র-শ্রীগদাধর পণ্ডিতের উপ-भाशा। 'जूरनानन्तरः रत्म श्रीमक्कृत-ঠকুরম। গদাধরপ্রেমকন্দং প্রেমবিলাসকম্॥ [শা° নি' ৫১] ২ শ্রীশ্রামানন্দপ্রভুর শিষ্য। শ্রীপাট— গোপীবল্লভপুর। "উদ্ধব, অকুর, মধুস্থদন, গে!বিন্দ॥"—[প্রেম ২০, ভক্তি ১৫।৬৪ । ৩-৭ শ্রীরসিকানন্দ-প্রভুর শিষ্য পাঁচ জান। [র° ম°

পশ্চিম, ১৪/১১১, ১৩১, ১৫১, ১৫২, ১৫৮]।

অগ্রাদাস—অ্প্রসিদ্ধ কিহলদাস পদ্ধআহারী ব্রজভাষায় বহু কফলীলা
পদ রচনা করেন। তাঁহার অগ্রতম
প্রধান শিশ্য এই অগ্রদাস। ইহারই
শিশ্য 'নাভাজী' হিন্দী ভক্তমাসের
রচয়িতা।

অচুয়ত—গ্রীরসিকানন্দ প্রভুর শিশ্য,
ত্বই জন [র° ম° পশ্চিম ১৪/১০৮,
১২৩]।

অচুয়ত পট্টনায়ক (রসিক পূর্ব ৩)
৫৪) শ্রীরসিকানন্দ প্রভুর পিতা।

অচুয়ত পট্টিত—শ্রীঅভিরামদাসের

আখ্যান'॥

আচ্যুতানন্দ—গ্রীচৈতন্ত্রশাখা। প্রীশ্রী

অবৈত-প্রেছর জ্যেষ্ঠ পুত্র। গ্রীপাট—

শান্তিপুর। শ্রীপীতাদেবীর গর্ভে ১৪২৫

'পাটপর্যটন'-মতে ইনি শ্রীঅভিরাম

গোস্বামির শিষ্য। শ্রীপাট—কোটরা:

'কোটরাতে বাস—অচ্যত পণ্ডিত

হইতেই মহাপ্রভুর ঈখরত্বে বিখাস পুরীধামে করিতেন। **মহাপ্রতুর** নিকট বহুদিন যাপন করিয়াছিলেন। বৈষ্ণবজগতে অচ্যতের মতই গ্রাহ্য। 'অচ্যুতের যেই মত সেই মত সারে'॥ চ° व्यापि >२।२०]। ষহারসামৃতানক্ষমচ্যতানক্ষ-নামকম্। গদাধর-প্রিয়তমং শ্রীমদবৈত-নন্দনম্'॥ িশা° নি° ১৪]। ত্রীগোরগণোদ্দেশ-মতে (৮৭—৮৮) ইনি শ্রীমৎ পণ্ডিত গোসামির মন্ত্র-শিষ্য। পূৰ্বলীলায় কাত্তিকেয়ও অচ্যতা গোপী। ইনি খেতরি-মহোৎসবে যোগদান করিয়া-ছিলেন। ইঁহার রচনা—শ্রীশ্রীগৌর-গদাধরাষ্টক। মহাপ্রভুর বার্ত্তা-শ্রবণে অচ্যতের আনন্দ-ক্রন্দন-প্রসঙ্গ (চৈভা মধ্য ৬।৪০)। মহাপ্রভুর ক্লপাদত্তে পিতার ভক্তি-সম্পত্তি-দর্শনে ইহার প্রেমক্রন্সন (চৈভা মধ্য ১৯।১৬৬)। ফুলিয়া হইতে শাস্তি-

কি ১৪২৬ শকে জন। ইনি শৈশব

পুরে মহাপ্রভুর আগমনে 'ধুলাময় সর্ব অঙ্গ—হাসিতে হাসিতে' প্রভুর চরণ দেখিতে আদিয়াগৌর-পদতলে লুঠন করিতে থাকিলে প্রভূ

তাঁহাকে ক্রোড়ে করেন (চৈভা অস্ত্য ১া২১৩—২১৬)। মহাপ্রভু অদৈতকে পিতা বলিলে 'অচ্যত বলেন—তুমি দৈবে জীব-স্থা। স্বাকার বাপ তুমি এই বেদে লেখা'॥ বালক অচ্যুতের সিশ্ধান্ত শুনিয়া সকলের আনন্দ (চৈভা অন্ত্য ১৷২১৭—২২০)৷ শান্তিপুরে জনৈক সন্ন্যাসী আসিয়া অধৈত প্রভুর নিকটে প্রীকেশব ভার-তীর সহিত মহাপ্রভুর সম্বন্ধ জিজ্ঞাসা করিলে অহৈত ব্যবহার-পক্ষ ধরিয়া ভারতীকে মহাপ্রভুর গুরু বলিলে অচ্যুত ক্রোধাবেশে শ্রীচৈতন্ত্র-তত্ত উদ্ঘাটন-পূৰ্বক পিতাকে অমুৰোগ দেন (চৈভা অস্ত্য ৪।১৩৮—২০৫)। নীলাচলে মহাপ্রভুর নিকটে অবস্থান (किं चामि >०।>৫०)। तथात्व নৰ্ত্তন (চৈচ মধ্য ১৩।৪৫), স্থাণ্ডিচায়

অস্তা ১০া৬০) ইত্যাদি ववर्ड) व्यादनाहर । রাজা – গ্রীশ্রামানন অচ্যতানন্দ প্রভুর শিঘা। প্রসিদ্ধ রসিকমুরারির পিতাঠাকুর [ভক্তি ১৫।২৬ - ২৭]। স্থবৰ্ণৱেখা নদীর তীরে রম্বণীতে ই হার শ্রীপাট। ইনি উক্ত অঞ্চলের অধি-ছিলেন। শিষ্ঠ করণকুলে আবির্ভাব হয়। 'স্থবর্ণরেখা নদীর তীরে হয় সেই

গ্রাম। তথি আছয়ে রাজা জচ্যতানন্দ

নাম'॥ (প্রেম ২৪)।

নর্ত্তন (চৈচ মধ্য ১৪।৭১), সাত

সম্প্রদায়ের

বেডা-সন্ধীর্ত্তনে নর্ত্তন

অতুলক্তঞ্চ গোস্বামী--- শ্রীনিত্যানন্দ-ৰংখ; ত্ৰীচৈতন্তভাগৰত-প্ৰকাশক, শ্রীলঘুভাগবতামৃতের অমুবাদক ও

'ভক্তের জয়' ইত্যাদির প্রণেতা। 🗐 শ্রীঅবৈত (আচার্য-প্রভু)— পঞ্চত্তের একতম। শ্রীমাধবেক্তপুরীর

পূৰ্বলীলায় দেবাদিদেব শিয়া। সহাদেব। শ্রীহট্ট লাউড্প্রামে ১৩৫৫ মাঘ মাসের শুক্লা সপ্তমীতে ৰাহেয়ৰ আক্ষণ-বংশে অবতীৰ্ণ হন। ('বঙ্গভাষা ও সাহিত্য'-মতে ১৪৩৪ थु: चरम श्रीचरेषठ-श्रमूत

১৪৫৮ খু: অফে বিস্থাপতির সহিত সাক্ষাৎ)। পিতার নাম—গ্রীকুবের পণ্ডিত। মাতার নাম—শ্রীমতী নাভা দেবী। ই হার পূর্বনাম-কমলাক (কমলাকান্ত) বেদপঞ্চানন। অহৈত-প্রভুর ছুই পদ্মী-শ্রীসীতা দেবী ও প্রীদেবী। সীতাদেবীর গর্ডে

অচ্যতানন্দ (১৪২৫ শকে) এবং

ক্রমশ: কুফদাস, গোপাল, বলরাম,

শ্বরূপ ও জগদীশ মিশ্রের জন্ম হয়

এবং স্ত্রীদেবীর গর্ভে—(ছোট) শ্রামদাস জন্মগ্রহণ করেন (প্রেম ২৪)। অবৈত-প্রভু লাউড় হইতে নবহট্ট গ্রামে, তথা হইতে শান্তি-

পুরে আগমন করেন, নবদীপেও

শকে

অর্থাৎ 🗆

বৎসূর

ইঁহার গৃহ ছিল। ১৪৮০

মহাপ্রভুর

১২৫ বৎসর বয়:ক্রমকালে

পরে ইনি অপ্রকট হন। 'সওয়া শত বর্ষ প্রভু রহি ধরাধানে। ष्पनश्च वर्त्र नीना देवना यथाक्रत्य॥

[অ বি]: প্রেমবিলাস-মতে (২৪)

অপ্রকটের ২৫

্শান্তিপুরে ইঁহার জন্ম। শান্তিপুরের নিকট 'ফুলবাটী' গ্রামে শ্রীল শাস্তাচার্য- নামক জানৈক পণ্ডিতের নিকট ইনি বেদাদি শাস্ত্র অধায়ন করেন আচার্য উপাধি প্রাপ্ত হন। আরও-'হরিসহ অভেদ-হেতু নাম হৈল

দ্বৈত ॥'—(ঐ) ; প্রেমবিলাসে (২৪) শ্রীআচার্য-প্রত্নর বংশাবলী লিখিত বালালীলাম্ত্র (সংশ্বত পাছে। ভাষায়) এবং অবৈতমঙ্গল, অবৈত বিলাস, সীতা-চরিত্র প্রভৃতি বছ

বাঙ্গালা গ্রন্থে ই হার বিবরণ দৃষ্ট হয়। অধৈত-প্রভু তীর্থ-ভ্রমণ করিতে করিতে মিথিলার উপস্থিত হন। পথি-মধ্যে বটবৃক্ষমূলে একজন বৃদ্ধ ব্ৰাহ্মণকে কিল্লৱ-কণ্ঠে ক্লফগুণ গান করিতে শুনিয়া তিনি মোহিত হইয়া পড়েন। এমন স্থানর কবিছা, স্থানর ভাব এবং ভক্তি-প্রবণতা তিনি কখনও দর্শন ৰা প্ৰবণ করেন নাই। সঙ্গীত প্ৰবণে

অবৈত-প্রভু বাণবিদ্ধ হরিণের ভার স্তম্ভিত হইলেন; জিজাসা করিলেন, 'হে মহাভাগ; আপনি কে ?' ব্রাহ্মণ দৈল করিয়া উত্তর দিলেন-

বিভাপতি। রাজার-ভোজনে মোর বিবয়েতে মতি ৷ বাতুলতা মুঞি রচিমু এ গীত। সারগ্রাহী সাধু ভুহুঁ, ভেঁই ইপে প্ৰীত॥ তোমা আক্ষিতে শক্তি ধরে কোনু জনে।

'বিপ্র কছে—মোর নাম

নিজ গুণে ছইল মোর উদ্ধার-সাধনে'॥ ভিন বি বিভেত-প্রভ কহিলেন—'অন্তত তোমার রচিত এই গীতামৃত। জীব কোন্ ছার, রুঞ্চ

হয় আক্ষিত॥ ভাগ্যে মোর প্রতি ক্লফ দয়া প্রকাশিল। তেঁই পদকর্তা বিভাপতির সদ হইল'॥ [অ বি]

১৩৩০ শকে বিম্নাপতি শিবসিংহ

রাজার নিকট হইতে বিস্ফী গ্রাম প্রাপ্ত হন। বিয়াপতি আমুমানিক ১৩০৭ শকে জন্মগ্রহণ করেন। চণ্ডীদাস বিল্লাপতির স্ম-সাম্মিক। চণ্ডীদাস ১৩২৫ শকে গীত রচনা করেন। তাঁহার পদেই আছে-'বিধুর নিকটে বিদ নেত্র-পক্ষ-বাণ।

নবছ নবছ রস গীত-প্রমাণ'॥ বিভাপতির স্বহস্ত-লিখিত এক-থানি ভাগবত আছে; তাহাতে প্রতিলিপির তারিখ ১৩৭৯ শক লেখা আছে। বিন্তাপতির ১৪০১

শকান্দ পর্যন্ত বিজ্ঞানতার প্রমাণ পাওয়া যায়। অদৈত-প্রভু ১৪০৭ শকে ৫২ বৎসর বয়সে শ্রীগোরাক-দেবের জন্মলীলা দেখিতে স্তিকাগৃহে আসিয়াছিলেন। ইহার বহু পূর্বে

তিনি তীর্পভ্রমণে গ্রমন করিয়া-

ছিলেন। এজন্ত বিভাপতির সহিত তাঁহার সাক্ষাৎকার সত্য ঘটনা। অবৈত-প্রকাশ-মতে—(১) কুবের তর্কপঞ্চাননের ঔরসে ও নাভাদেবীর গর্ভে মহাবিষ্ণুর সহিত শিবের ছুঁছ

ত মু এক হইয়া আবিৰ্ভাব। (২) নাভাবেবীর আগ্ৰহে মধকুষ্ণা ত্রয়োদশীতে তীর্থগণকে আহ্বান করত পণাতীর্থে স্থাপন কালীর कंगनारकत : (न्वी-व्यनारम

মন্দিরে রাজপুত্রের মূছ পিনোদন ও বিদীর্ণ হইয়া কালীর অন্তর্ধান। কমলাক্ষের অন্তথ্যনে **(**৩) পরে কুবেরের শোক,শান্তিপুরে আগমন ও মিলনাদি। (৪) পিতামাতার অপ্রকটে গরায় প্রাদ্ধ, তীর্থন্তমণ, শ্রীমন भाषत्वस्रुतीगर गिनन, श्रीतृन्गावतन শ্রীমদনগোপালপ্রাপ্তি। (৫) অদ্বৈতের

मीका, (७) भारिश्रात **पिश**्विक्यीत আগমন, তুলসী ও গঙ্গার মহিমা-वर्गनाट्य भाजविहात ७ मीकामि।

(>०) नवदीर्थ (हाल्ङाभना, मही-জগরাথের চতুরক্ষর গৌরগোপালমন্তে मौका, शृ<u>ष्</u>शाञ्जलित উজানদিকে গমন ও নদীয়ায় শচীর গর্ভে স্থিতি. গোরাঙ্গের জন্মাদি-প্রসঙ্গ। (১১)

মহাপ্রভুর অন্তর্ধানে অবৈত ও বিষ্ণুপ্রিয়ার অবস্থা--ক্রফমিশ্রে সেবা-ও জগদীশের সমর্পণ-বলরাম শ্রীক্লফমতি-স্থাপনাদি। লাউড়িয়া ক্লঞ্চ-দাসের বাল্যলীলাস্ত্রেও অন্বরূপ

শ্রীঅদৈতপ্রভু ভক্তি-কল্লবৃক্ষের স্বন্ধ-স্বরূপ (চৈচ আদি ১।২১); ইনি সর্বশাস্ত্রের কৃষ্ণ-ভক্তিমূলক শ্যাখ্যা করিতেন, গঙ্গাঞ্চল-তুল্গী--দারা কুঞ্চের অবতারণার্থ হৃদ্ধার করিতেন (চৈভা আদি ২।৭৯—

ঘটনা দেখা যায়।

শাস্ত্রালোচনার্থ নিত্য গমন, নিমাইর অধৈত-সভায় ভ্রাত্ত-আহ্বানার্থ গ্যনাদি (চৈভা আদি গা২৯—৬৭); বিশ্বরূপের সন্ন্যাসে অদৈতের বিরহ-

১০৫): বিশ্বরূপের অদ্বৈত-সকাশে

শ্রীঈশ্বপুরীর অদৈত-মন্দিরে আগমন, পরিচয়াদি (ঐ ১১।৭২—৮৩).: ঠাকুর হরিদাস-সহ মিলনাদি (এ वाि >७।२०--२>, ७>>; यशु >।

क्रमनापि (धे १। ३६- ३०৮)।

মহাপ্রভুর সহিত মিলনাদি (ঐ মধ্য ২।৪-১৫৪); প্রস্থুর পরীক্ষা-জন্ম অধৈতের শান্তিপুরে

গমন ও রামাইদ্বারা পুনরায় নবদীপে আনয়নাদি (ঐ মধ্য ২।১৫৫, ৬।৮-

১৭৫): গোরামুগত্যে অবৈত-সেবা

(क मधा २०१२८१, १८५-१८८)। মহাপ্রভু-সমীপে গীতাশিকা (ঐ মধ্য

১০1১৬৬), পতিতের জন্ম রূপা-প্রার্থনা (ঐ ১০1১৬৯)। মন্দিরে জগাই-মাধাই-উদ্ধার-প্রসঙ্গে (के मध्य २०१२०४, २८१,०००-৩০৫, ৩৩৫); নিত্যানন্দ-সহ প্রেম-

কন্দল (ঐ মধ্য ১৩।৩৪১—৩৬०)। মহাপ্রভুর ভাবাবেশ-কালে অধৈত-কৰ্ত্তক ভদীয় সেবাপূজাদি (ঐ মধ্য

১৬।৪৫-৫১); প্রভুর মৃছায় তৎপদধৃ**লি-গ্রহণে** অধৈত-কৰ্ত্তক মহাপ্রত্বর ক্রোধাদি (ঐ মধ্য ১৬। ১২

—৯৩) : মহাপ্রভুক্ত স্ববিষয়ক **ভক্তি-**দর্শনে অধৈতের দুঃথ ও শান্তিপুরে গিয়া যোগবাশিষ্ঠ-ব্যাখ্যাদি (ঐ মধ্য ১৯।১৩—১৬০)। অবৈতের চরণ-

খণ্ডনাদি (ঐ মধ্য ২২।৩৫-১২৫); অস্ত্রৈতের বিশ্বরূপ-দর্শন (ঐ মধ্য ২৪।৪০-৭৬); মহাপ্রভুর সন্নাদে অধৈতের তুঃখাদি (ঐ অস্তা ১।৩৬

--- ৪৬): মাধবেল-আরাধনা-তি**থি-**

ধূলি-গ্রহণে শচী-মাতার অপরাধ-

প্রসঙ্গ (ঐ অন্ত্য ৪।৪৪১—৫১৫): ভক্তগোষ্ঠানহ অদৈতের নীলাচলে গ্ৰম্বাদি (ঐ অন্ত্যু ৮।৩-৮৬)। মহাপ্রভুর ভিক্ষার্থ স্বহস্তে রন্ধনাদি (ঐ অস্তা ৯ ১২-৮৮); অবৈত-

21268-248)1 শ্রীঅহৈত-দারা শ্রীরূপস্নাতনের প্রেম-প্রদান (ঐ ৯।২৫৬-২৮৪)। অদৈত-তত্ত্বিষয়ে শ্রীবাসের প্রতি মহাপ্রভুর ক্রোধাদি (ঐ অন্তা ৯।২৯০-৩০৫)। স্বপুত্র

সিংহের চৈতন্ত্র-সংকীর্ত্তন (এ অস্ত্র্য

গোপালের মৃছায় নৃসিংহমন্ত্রপাঠাদি (চৈচ আদি ১২।২৩)। কমলা- কান্তের প্রতি মহাপ্রভুর রূপাদণ্ডে অবৈত-কর্ত্তক সাম্বনাদি (देघ व्यक्ति ३२।०४--८०) গুণ্ডিচা-মার্জনের পরে জলকেলি (চৈচ মধা ১৪।৮৮-- ৯২)। ছরিদাস ঠাকুরকে

শ্রাদ্ধপাতদান (চৈচ অন্তা এ২১৩— ২২০)। জগদানশের দারা তরজা-প্রেরণ (চৈচ অস্ত্য ১৯।১৬—২১)।

অবৈতের দ্বিতীয়বার প্রচারে মহাপ্রভুর ছঃখ ও তৎকারণ-নির্দেশ (প্রে বি ১)। অবৈতের

বিজয়পুরীসহ মিলন ও কুঞ্জ হইতে मननत्मारून-প্राश्चि ७ त्यवानि, रुदि-দাসের শ্রাদ্ধপাত্রভোজনে শান্তিপুরে সামাজিক দলাদলি, বান্ধণ সমাজে অবৈতের বর্জন, হরিদাসের প্রভাব-

প্রদর্শনাদি (প্রে বি২৪)। ১২৫ বংসরকালে অপ্রকট; শেষ উপদেশ —'শ্রীচৈত্য মহাপ্রভুর গুণ আর ধর্ম। যথাসাধ্য প্রচারিবা—এই মোর মৰ্ম'॥ (অৱৈতপ্ৰকাশ ২২)

ধাদশ-নামস্ভোত্র, (২) শ্রীঅধৈতাষ্টকম্, (৩) খ্রীঅবৈতাষ্টোত্তর-শতনামস্তোত্রম্। শ্রীঅবৈত-কৃত---মহাপ্রভুর প্রত্যক্ত-বর্ণনা-স্থোত্রই প্রেসিদ্ধ। শ্রীঅধৈতের ধ্যান, মন্ত্ৰ ও গায়ত্ৰী প্ৰভৃতি শ্রীধ্যানচক্র গোস্বামির পদ্ধতিতে (৫১,

শ্রীগার্বভৌম-ক্বত--(১) শ্রীঅবৈত-

৫৮-- ५०, १२) ऋष्टे रा। অনঙ্গভীমদেব (বিতীয়) গঙ্গ-বংশীয় অন্তব্যন চোড়গঙ্গ রাজার চতুর্থ অবস্তন (১১৯০-৯৮ খঃ)। কথিত हरा (य श्रीश्रीकशद्माथरमरतत श्रीमनित. ঘাহা ইক্রতাম নির্মাণ করাইয়াছিলেন, ভাহা কালক্রনে জীর্ণ হইলে চোড়-

গঙ্গদেব (১০৭৮ খু:) পুরাতন

ভগ্নপীঠে নৃতন মন্দির-মন্দিরের সংকল্প লইয়া কিয়দংশ নির্মাণের

নির্মাণ করান। পরে রাজা অনল-ভীমদেব তাহা সম্পন্ন করেন; विभनारमवीत अवः नक्ती দেবীর মন্দিরও তিনি নির্মাণ করেন। বছবেদীর পশ্চাতে উৎকীর্ণ শিলালিপি হইতে (রন্ধা্রভনাংগুরূপনক্ষ্রনায়কে)

১১১৯ শক নির্মাণকার্য-শেষের তারিথ জানা যায়। 'গঙ্গৰংশামুচরিতম্' গ্রন্থেও ইহা নিরূপিত হইয়াছে— 'অঙ্ক-ক্ষোণী-শশাঙ্কেন্দু-সন্মিতে শকবৎ-সরে । সিংহ্বারের উত্তর-পূর্বদিকে

বড়নাণ্ডের পার্শস্থিত নারায়ণছাতা মঠের শ্রীনারায়ণ (শুভলক্ষীনারায়ণ) (एवटक हैनि मिनित-निर्मार्गत पूर्व বিদ্ববিনাশনজ্ঞ প্রতিষ্ঠা করেন। ইনি শ্রীজগন্নাথের ভোগরাগ ও ঘাত্রা-

মহোৎস্বাদির জন্ম বহু চাকলা ও প্রগণার ভূমি দান করিরাছিলেন। অনন্ত - পদকর্তা, পরিচয় ঠিক হর নাই। অনন্ত আচার্য, অনন্তদাস

আচার্য-শ্রীঅবৈত-শাখা। 'চক্রপাণি আচার্য, আর অনস্ত

আচার্য॥' (চৈ° চ° আদি ১২।৫৮)

२ शिशनाधत-भाषा। 'अनस आठार्य.

বা অনন্ত পণ্ডিত গ

কবিদন্ত, মিশ্র নয়ন'॥ (চৈ° চ° আদি इनि শ্রীবৃন্দাবনের १८ ०वाइट শ্রীশ্রীগোবিন্দ দেবের সেবাধিকারী

ছিলেন। (ভক্তি ১৩)। 'গদাধর পণ্ডিত গোসাঞির শিয়াবর্ষ। গোবিনের অধিকারী শ্রীঅনম্ভাচার্য' ॥

हेनि वृक्तावनवानी। हे हारम इ खन-প্রণালী এইরূপ—শ্রীপুত্রীক বিষ্ণা-নিধি, প্রীগদাধর পণ্ডিত, অনস্ত

আচার্য, হরিদাস পণ্ডিত, রাধাকৃষ্ণ দাস। শ্রীল বীরভদ্রপ্রভূ শ্রীরন্দাবনে গমন - করিলে !ভক্তর্নের সহিত ই হাকেও তাঁহার অভ্যর্থনার জয় গমন করিতে দেখা যায়। (ভক্তি 1 (8:0-0:0)

অনন্তপুরী

শ্রীযত্বনাথ দাস-ক্বত শ্রীমৎপণ্ডিত গোশ্বামি-শাথানির্গামূতে তিন জন অনস্ত আচার্যের নাম আছে। 'ব্যুম্থনস্তাভূতর্গমনস্তাচার্য-সংজ্ঞক্ষ। নানানন্তাছুতময়ং গৌরপ্রেমণো ছি

ভাজনম্[শা° নি° ৮] ॥ প্রীলপ্রীগোবিল-দেবস্ত সেবাস্থ্যবিলাসিনম। দ্য়ালুং প্রেমদং স্বচ্ছং নিত্যমানন্দবিগ্রহম॥ বলেহনভাচার্বর্ণ মহাভাব-কদম্বন। वाशानमञ्जर यञ शून(करनाव्यनी-কৃত্ন [ঐ ৩৯] ॥ বিভানন্তাচাৰ্য্বৰ্ধং গঙ্গাতীর-নিধাসিন্ম। বন্দে যেনা-

কারি পূজা গৌরস্ত ফলমূলকৈ:' [🖨

৪৭] ৷ ২ বৈফাবপদকর্ত্তা (ব-সা-সে) ৷ অমন্তদাস-শ্ৰীঅহৈত শাখা। 'অনন্তদাস কামুপণ্ডিত, দাস नातायण॥' (टेह ° ठ ° जानि >२।७>)। ২ বৈষ্ণব-পদকর্তা [ব-সা-সে]। অনন্ত পণ্ডিত——আঁটিসারা গ্রাম-বাসী-শ্রীমন্মহাপ্রভু তথায় গমন

অনন্তপুরী—শ্রীঅভিরাম 'পাটপর্যটনে' ই'হার নাম আছে; ত্রীপাট—ব্ডবেলুন(বর্দ্ধমান)। 'বেলুনে অনন্তপুরী মহিমা প্রচুর' ॥ শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের পূর্বেই

করিলে ইনি ভাঁহার আতিথাবিধান

করিয়াছিলেন। (১১° ভা° অস্তা

2160-66]1

ইনি এই প্রীশ্রীগোপীনাথ জীউর ্সেবা প্রচলিত করেন। অগ্রহায়ণী

রঘুনাথকে

প্রাণ অস্থির হইল।

ই হার তিরোভাব। শুক্রাষ্ট্রমীতে অপ্রকটের পরেও তৎ-ই হার প্রবর্ত্তিত দেবদেবা, অতিথিসেবা ও মহোৎস্বাদি কিছুদিন চলে, পরে बाका मानिशरहब ऋशाबिरन पिलीब বাদশাহ ৪০৯ বিঘা জমির সনন্দ বর্দ্ধমানের পাঞ্জা প্রদান করেন। কুফারাম রায়ও ছই শত বিঘা নাথেরাজ জমি দান করেন এবং তত্রত্য রাজা তেজশুল বার্ষিক ১৬৩ বৃত্তি দিতেন। বড় বেলুনের অগ্নিকোণস্থ বাকুড়া প্রামের রাধাবলভ রায়কৈ শ্রীঅনন্তপুরী স্বশ্বাদেশ দিয়া গ্রীগোপীনাথের বামে গ্রীরাধামৃতি বর্দ্ধমান **প্রতিষ্ঠাপিত** করেন। জেলার ভাটাকুলের ভাকাতের স্পার রাজা রামচন্দ্র রায় এই শ্রীপাটের অলঙ্কারাদি চুরি করিতে আসিয়া শ্রীবিগ্রহের মায়ায় তৎপরিবর্ত্তে ভাটাকুল ও বড় বেলুনের মধাস্থানে একশত বিঘা নাথেরাজ জমি দানপত্র করিয়া শ্রীমন্দির হইতে পলায়ন करतन वंगिया श्रीम । हैनि श्रीमा-সিদ্ধি (গৌ° গ° ৯৬—৯৭)। আনন্তবৰ্মন চোড্**গঙ্গদেব**—গঙ্গ-বংশীয় রাজা, খৃঃ একাদশ শতাব্দীর শেষভাগে (১০৭৮ খৃ:) শ্রীশ্রীজগরাথ-**८** एटर वर्ष्ट्यान मनिए तब श्री छे। करतन। श्रीमनिएतत উত্তরস্বারের স্মুখস্থিত তির্মলমন্দিরে রাজা চতুর্থ देशह মুসিংহদেবের তাম্রলিপি করে। 'অয়ং চক্রে১্থ **স**প্রয়াণ গঙ্গেশ্ব:' পদের গঙ্গেশ্বর বলিতে অনন্তবৰ্মন চোডগঙ্গই লক্ষা | তৎপরবন্তী চতুর্থ অধস্তন রাজা দিতীয় খনঙ্গভীম প্রাকার ও গার্মস্থিত মন্দির

নির্মাণ করত মন্দিরের যথেষ্ঠ শ্রীবৃদ্ধি
করিয়াছেন। সেবাপৃচ্চাপদ্ধতিও
তাঁহারই আমলে যথারীতি প্রণালীবদ্ধ হইয়াছিল।
অনন্ত রায়—শ্রীশ্রামানন্দী দামোদরের শিশ্য।
অনিরুদ্ধ—শর্ভার পুত্র, শ্রীরূপ-

দরের শিষ্য।

অনিরুদ্ধ--- সর্বজ্ঞের পুত্র, শ্রীরূপসনাতনের বৃদ্ধ-প্রপিতামহ।

অনুকূল চক্রবর্তী--শ্রীরুসিকানক্রের

অধ্যাপক। (র° ম° পূর্ব ১৯।৬)।

অনুপ্রম (ব্রত)--শ্রীমহাপ্রভুর

শাখা। শ্রীরূপদনাতন গোস্বামির

কনিষ্ঠ ভ্রাতা। পিতার নাম-কুমার

দেব। শ্রীরন্দাবনের শ্রীজীব গোস্বামী হঁহার পুত্র। অহপম গোড়েশ্বর হুসেন সাহের অধীনে টাঁকশালের অধ্যক্ষ ছিলেন। শ্রীরূপের অক্ষুত্র বক্ষুত্র বিশুবর।

'অমুপম' নাম থুইল, শ্রীগোরত্বনর । রঘুনাথ বিনে, থেঁহো অক্ত নাহি মানে। সদা মত্ত রঘুনাথ-বিগ্রহ-সেবনে॥ সাক্ষাৎ শ্রীরঘুনাথ চৈতক্ত

গোঁদাঞি।

ঐছে প্রভু পাই।

প্রাণমন সমর্পণ

করিতেন। এক

আপনা মানয়ে ধন্ত.

(ভক্তি-১।

ভক্তৰা

দিবস সনাতন

৬৬৫—৬৬৭)।

শ্রীনাতন গোস্বামী পুরীধামে
মহাপ্রভুর নিকট ই হার ইষ্ট-নিষ্ঠার
কাহিনী বলিয়াছিলেন। অমুপম
বাল্যকাল হইতে শ্রীশ্রীর্ঘুনাথকে

করিয়া

বলিলেন—"অম্পম! রখুনাথ-ভজন ছাড়িয়া দাও, তিন ভাই মিলিয়া প্রীক্ষয়-ভজন করিব।" অগ্রজের আজ্ঞার অমূপম প্রথমতঃ স্বীকৃত হইলেন, কিন্ধ রাত্রিকালে ভাঁহার

ভূলিতে চেষ্টা করিলেই তাঁহার প্রাণের মধ্যে অক্সন্তুদ ব্যথা হইতে পাকে। এদিকে জ্যেষ্ঠের আজ্ঞা অবহেলা হইয়া যায়!! নিক্রপায়

শবহেলা হইরা বার !! নিরুপার হইরা সারারাত্রি ক্রন্সন করিতে লাগিলেন। অমুপমের মনোভাব বুঝিয়া শ্রীগোস্বামী তথন— শাধু, দৃঢ় ভক্তি তোমার কহি'

প্রশংসিল ॥" [ৈচ° চ° অস্ত্য ৪।৪৩]।
শ্রীরূপ এবং অমুপম ছুই জনে গোড়ে
গমন করিবার সময় গঙ্গাতীরে
অমুপম লীলা সংবরণ করেন।
'শ্রীরূপ বল্লভে লৈয়া আইলা গোড়দেশ। শ্রীবল্লভ অপ্রকট হৈলা
গঙ্গাতীরে ॥ নীলাচলে গেলা রূপ
কিছুদিন পরে ॥" (ভক্তি ১।৬৬৮—
৬৬৯)।

অমুভবানন্দ—শ্রীগোরপার্যন সন্যাদী
[বৈঞ্ব-বন্দনা]।

ত্বিক্ব-বন্দন।।।

'অহতবানন্দ! কপা করহ আপুনি।

গাই যেন গৌর অবতার-শিরোমণি'॥

[নামা ১৬৩]।

অনুপ্নারায়ণ—— আমোদকাব্যপ্রণেতা। আমোদকাব্যে পঞ্চদশ

দর্গ—শ্রীক্ষণীলা-বিষয়ক। ব্রন্ধ-স্থারের 'দমঞ্জদা' ব্রন্থিও ই হারই রচনা। বৃত্তির উপসংহারে শ্রীচৈতন্ত, শ্রীক্ষপ এবং স্বরূপাদির নামও উল্লিখিত আছে। কলিকাতা সংস্কৃত সাহিত্য পরিবং সুঁথি—স ৮৫৫। এতদ্ব্যতীত ইনি শ্রীভাগৰতের বিশ্ববিনোদিনী-স্টেকা ও শ্রীদীতাশতক কাব্য রচনা করেন (Sanskrit Collections, Benares 1897—1901, p. 9)। ইনি আমোদকাব্যের প্রথম-

সর্গের শেবে আত্মপরিচয়-প্রসঙ্গে

উল্লেখ করিয়াছেন যে তিনি দল্লী-

নারায়ণের পুত্র এবং শ্রীচম্পকলতা

তাঁহাকে

শ্ৰীকৃষ্ণকথা-স্থধা

করাইয়াছেন। সীতাশতকের উপ-সংহার-শ্লোক হইতে জানা যায় যে ইনি তর্কালভার ও বিফাবাহাত্বর উপাধি-ময়ে ভূবিত কাশীনাথের সভাসদ্ হইয়াছিলেন। এ যুক্ত গোপীনাথ কবিরাজ মহোদমের মতে ঐ লোকের 'বর্ষাস্তর-নামক' পদটি সাহেবকে লক্ষ্য Duncan করিতেছে। Duncan সাহেব Lord Cornwalli -- त गुम्य (১৭৮৬ — ১৭৯৩ খুঃ) Political Resident ছিলেন এবং তাঁহারই উন্থোগে কাশীতে সংস্কৃত কলেজ স্থাপনা হয়। কাশীনাথ ১৭৯১—১৮০১ খৃঃ পর্যন্ত সংস্কৃত কলেজের সর্বপ্রথম Principal, Director of Rector ছিলেন। ত্বতরাং অনুপনারায়ণকে সমসাময়িক বলিতে কাশীনাথের হয়। সিদ্ধান্ত-বিষয়ে ইনি প্রীচৈতক্ত-মতাবলম্বী নহেন। ঐচৈতক্সদেৰ ও প্রতি তৎপার্যদগণের সাধারণ अक्षामीन ছिल्न वरहे. রামানন্দী সাধুগণের প্রতিও তাঁহার বিশ্বাস ছিল। সীতাশতক কাব্য শ্ৰীসীতা-রামের প্রতি তাঁহার আন্তর নিষ্ঠার জ্যোতক। সমঞ্জনা বুস্তিটীও দৈতপর, অচিস্তা-ভেদাভেদস্চক নহে। অভয়াদেবী 'শ্রীচৈতগ্রমঙ্গল -রচম্বিতা শ্রীলোচনদাস ঠাকুরের মাতামহী ('लाठनमान' (मर्थ)। অভিমন্যু সামন্ত সিঙ্গার মহাপাত্র -- ১৬৭৯ শকে কটকে বালিয়াপ্রামে 386

विषयिक्षियां भी '-नायक एक আছেন জানিবার জন্ম পৃথিবী পর্যটন छन्। উৎক্লপ্ত করিতেছি: কিছু ছে মাতঃ গঙ্গে! ভাবার কাধ্য-প্রণেন্ডা। ইহাতে ৯৬টি ছান্দে শ্রীক্লের বিৰিধ ভোমাকে ছাদ্ধ বার প্রণাম করিয়াও লীলা বণিত হইয়াছে। যখন দেখিলাম যে তুমি অকতদেছে **অভিরাম গোস্বামী—**শ্রীমহাপ্রভুর হাক্ত করিতেছ, তথনই ভোষার শাখা; দাদশ গোপালের অক্সতম— অসাধারণ ঐশ্বর্য অবগত হইরাছি' শ্রীনিত্যানন্দ-পারিষদ। শ্ৰীদাম। ইত্যাদি। 'জয়সহ'ল'-নামে একগাছি 'রামদাস', 'রাম', 'অভিরাম ঠাকুর' 🖟 চাবুক ই'হার নিকট থাকিত। বে ইত্যাদি নামে খ্যাত। শ্ৰীকৃষ্ণ-ভাগ্যবানে ইহা স্পৃষ্ট হইত, তিনিই नौनाय हेनि जीनाम-नथा ও রাম-প্রেমধন লাভ করিতেন। শ্রীনিবার লীলায় इनि ছিলেন। আচার্যকেও ইনি এই 'জরমঙ্গল' ভরত হগলী জেলার অন্তর্গত চাবুক মারিয়াছিলেন। বহু পাবওকে খানাকুল ক্ষনগরে ই হার প্রীপাট। পদ্ধীর ইনি উদ্ধার করিয়'ছিলেন। नाम-गानिनीत्तरी। 'অভিরাম গোস্বামির প্রভাপ প্রচণ্ড। বোল জন লোকের [ভক্তি (৪।১২৩)-মতে যারে দেখি কাঁপে দদা ছর্জ্জয় পাৰও॥ অভিরাম পূর্ব্বে শ্রীদাম,খানাকুলে স্থিতি। একশত জনের] বাহ্য একথানি বৃহৎ কাৰ্চকে ইনি প্ৰেমোন্মন্ত অবস্থায় ·খানাকুল রুঞ্জনগর গ্রাম নাম স্থিতি'॥ উত্তোলন করিয়া বংশীর স্থায় ধারণ (পা[°] 위) করিয়াছিলেন। প্রবাদ আছে--শ্রীকৃঞ্জীলার পর শুনা যায়, ইনি এমনই তেজন্বী हैनि धात खनाशह करतन नाहे, ছিলেন যে—গ্রীবিগ্রহ ও শালগ্রামকে একেবারে শ্রীদাম-স্থারূপে ভ্রমণ করিতেছিলেন। পরে নিত্যানন্দ করিলে. তাহা শ্রীনিত্যানন্প্রভুর সাত্রী প্রভুর সহিত এীবুন্দাবনে সাক্ষাৎ হয়। এরিকাবন দাস ঠাকুর-কর্তৃক করিয়া ইনি পুত্ৰকে প্ৰণাম রচিত অপ্রকাশিত 'ঐশ্বর্যামৃত-কাব্যে' করেন। পরে শ্রীবীরতদ্র গোস্বামী জন্মগ্রহণ করিলে, ই হার প্রণাম সহ (১০৯-১১১) বৰ্ণত হইয়াছে যে শ্রীনিত্যানন্দপ্রভু দাপর্যুগে বজলীলা-করেন। তথন অভিরাম সানন্দে **শ্রীগৌরাঙ্গে**র দ্বিতীয পর্বত-গুগ্ায় <u>তাঁহাকে</u> নিলীন-তমু শ্রীদামকে বাহির করিয়া শ্রীগোর-বলিয়া স্বীকার করেন। একথা অভিরামগোপাল স্ব-রচিত नीनात বাৰ্কা বলিয়া नवद्यीर्थ গ্রীবীরভদ্রাষ্টকে স্বীকার করিয়াছেন चार्यन कर्तन। किन्न-'সোয়ং প্রসীদৃত হরিঃ কিল বীরভদ্রঃ' ॥ "জীব উদ্ধারিতে অবতীর্ণ বিপ্রঘরে। সর্বাশান্তে পণ্ডিত পরম মনোরম। শ্ৰীগঙ্গামাতা-সম্বন্ধেও এই কথা ৷ নৃত্যগীতবাছে বিশারদ অমুপম . স্বকৃত গলাস্তোতে (৬) ইনি বলিয়া-প্রভূ নিত্যানন্দ-বলরামের ইচ্ছাতে। ছেন যে 'প্রভুর অমুচর শ্রীদাম সংগ করিল বিবাহ বিজ্ঞ বিপ্রের গ্রহেতে। আমি সেই বন্ধ কোথায় কোথায়

3360

শ্রীঅভিরামের পত্নী নাম শ্রীমালিনী। তাঁহারপ্রভাব কত কহিতে না জানি॥"

(ভক্তি ৪|১০৫—১০৮) বৈষ্ণবগ্ৰম্থে প্ৰায় সৰ্ব্ব স্থানেই অভিরাম ও রামদাসকে অভিন্ন বলিয়া

উক্ত আছে; কিন্তু স্বৰ্গীয় জগবন্ধু ভদ্র মহাশয় বলেন—"১জগদীশ্বর গুপ্ত রামদাসকে অভিরামের নামান্তর উল্লেখ করিয়াছেন: ফলত: তাহা 'অভিরামলীলামৃত' গ্রন্থ नदर । मुष्टे इत्र ८४. और जोता अराप अर्ह

অভিরাম গোপালকে শ্রীবৃন্দাবন হইতে নবদ্বীপে আনয়নের অমুরোধ করিলেন, তিনি তথন মহা-প্রভুর সঙ্গে স্বয়ং আগমন না করিয়া, শক্তিসঞ্চার দারা রামদাস-মৃতি প্রকাশ-পূর্বক নবদীপে প্রভুর সঙ্গে গমন করিয়া নৃত্যকীর্ত্তনে জগৎ

মোহিত ও পাবওদলন করিয়া-ছিলেন। অভিরামের স্বরূপ রামদাস —শ্রীনিত্যানন্দ-শাখা এবং

অভিরাম—শ্রীচৈত্যশাখা" (গৌর-পদতরঙ্গিণী—২১ পৃঃ)।

ভদ্রাষ্টক ও শ্রীগঙ্গান্তোত্র—ই হার

রচনা। ভক্তিরত্মাকরে জানা যায়, অভিরাম

ধানাকুল কৃষ্ণনগরে স্বপ্নাদেশে প্রীশ্রীপোপীনাথ বিগ্রহকে মৃত্তিকামধ্য উত্তোলনপূৰ্বক প্রতিষ্ঠা **इ**ब्रेट ज যেস্থান হইতে করিয়াছিলেন। উঁহাকে উত্তোলন করেন, আহা 'রামকুণ্ড' নামে খ্যাত (ভক্তি ৪।

১১৮)। পুরীর বালিমঠটি ই হারই প্রতিষ্ঠিত বলিয়া শুনা যায়। গৌণ বৈশাখী রুষ্ণা সপ্তমীতে তিরোভাব।

অভিরাম দাস-ইনি 'পাটপর্টন'

ও 'অভিরাম ঠাকুরের শাখানির্ণয়' -নামক কুদ্র গ্রন্থ রচনা করেন।

গ্রন্থ নিজের পরিচয় কিছই নাই, কেবল এই আছে-—

'শ্রীরভেশ্বর-পাদপদ্ম করি ধ্যান। সংক্ষেপে রচনা কৈল দাস অভিরাম'॥

ইনি 'পাট-নির্ণয়' নামক গ্রন্থ হইতে চুম্বক সংগ্রহ করিয়া 'পাটপর্যটন'

লিখিয়াছেন :---'পাটনির্ণয় গ্রন্থে আছমে বিস্তার।

তা দেখি এই চুম্বক হইল নির্দ্ধার॥ পাটপ্ৰ্টন এই সমাপ্ত হইল। অভিরাম দাস ইহা গ্রথিত করিল'॥

'পাটনির্ণয়' গ্রন্থ এখনও অপ্রকাশিত। উহার প্রচার হইলে বহু শ্রীপাটের ও ভক্তের বিবরণ জানিতে পারা

যাইবে: প্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্ম-চারী মহাশয় - 'সাহিত্য-পরিষৎ-পত্রিকায়' 'পাটপ্র্টন' গ্রন্থানি

প্রকাশ করেন। ২ গোবিন্দবিজয় ও কৃষ্ণমঙ্গলের রচয়িতা [ব-দা-দে]। অমূল্যধন রায় ভট্ট-পাণিহাটি-বাসী

'রুহদ্বৈষ্ণবচরিত 'হাদশগোপাল', অভিধান' প্রভৃতি গ্রন্থের নির্মাতা। ইনি ১৩•৪ সালের >ना गारघ

ঐতিহাসিক।

বৈষ্ণব

'শ্রীগোরাঙ্গ গ্রন্থমন্দির' প্রথমতঃ পাণি-হাটীতে প্রতিষ্ঠা করেন, ১৩৪১ সালে

পাটবাডীতে বরাহনগর স্থানান্তরিত হয়। ১৩৩২ সালে ১ই কার্ত্তিক ইনি সর্বপ্রথম পাণিহাটীতে

বৈষ্ণৰ প্ৰদৰ্শনী উদ্বোধন করিয়াছেন। পরে এই প্রদর্শনী বঙ্গদেশে ও বিহারে হইয়াছিল। এই বহুবার খোলা व्यक्राञ्चकचा महामनश्री नीतर धन-

হইয়াও

কালের

জন-বল-বজিত

উদ্ধার করত স্বনাম সার্থক করিয়াছেন। অমোঘ পণ্ডিত—শ্রীশ্রীগদাধর পণ্ডিত গোস্বামির শাখা।

বিধ্বংসী হস্ত হইতে বহু ভক্তিগ্ৰন্থ

'অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল, চৈতন্ত্ৰৰভ ॥' [হৈ° চ° আদি দার্বভৌম ভট্টাচার্যের >२/४४]

জামাতা। ইনি মহাপ্রভুর অত্যধিক ভোজন-বিষয়ক गिनत করিয়া বিস্টিকা রোগে মৃত্যুমুথে পতিত

হইলে প্রভু পুনরুজীবিত করেন ि ए ए स्था १९१२ १९ -- ०००]। 'অমোঘ-পণ্ডিতং বন্দে এলোরণাত্ম-সাৎকৃতম। প্রেমগদ্-গদ্সান্দ্রাসং পুলকাকুল-বিগ্রাহম'॥

্শা॰ নি° ৩১]। অর্জ: ন বিখাস-- এনরোত্তম ঠাকুরের শিয়া। প্রীগুরুসেবায় ইনি বিশেষ দক্ষ ছিলেন—'মনোহর ঘোষ, অর্জুন বিশাস অতি শুদ্ধাচার ॥' (প্রেম ২০)। অপিচ,—'জয় জয় অর্জুন বিশ্বাস বলবান্। প্রভু-পরিচর্যাতে প্রম সাবধান'॥ (নরো ১২)

অর্জুনী (র ম° দক্ষিণ ১২।৩) নৈহাটী-<u> প্রিখ্যামানন্দ</u> গ্রামবাসী। শিঘা। ই হার গৃহে প্রীশ্রামানন প্রাভূ শ্রিরিসকানন্দ সহ তিনটি মহোৎস্ব করিয়াছেন।

অষ্ট কবিরাজ—(১) <u>শ্রীরামচন্দ্র</u> (२) **শ্রীপোবিন্দ** কবিরাজ। কবিরা**জ। (**৩) শ্রীকর্ণপুর কবিরাজ। শ্রীনৃদিংহ কবিরাজ। (৫)

শ্রীভগবান কবিরাজ। (৬) শ্রীবল্পবী শ্রীগোপীরমণ কবিরাজ। (9) (b) শ্রীগোকুল কবিরাজ હ কবিরাজ।

আঠ গোস্বামী— এরপ, প্রীসনাতন, প্রীরঘুনাথ ভট্ট, প্রীজীব, প্রীগোপাল ভট্ট, প্রীরঘুনাথ দাস, প্রীলোকনাথ ও

শ্রীকৃষ্ণনাগ কবিরাল গোস্বামী। অষ্ট প্রধান মোহান্ত—শ্রীস্বরূপ নামোনর, শ্রীরায়-রামানন্দ,

গ্রীগোবিন্দানন্দ, গ্রীবস্থ রামানন্দ, গ্রীসেন শিবানন্দ, গ্রীগোবিন্দ, গ্রীমাধব ও গ্রীবাস্থদেব ধোষ।

আ

আই--গ্রীশচীমাতা, আর্যাশব্দের অপ-লংশ [ৈচ° ভা° আদি ৪।২২]। আউল মনোহর দাস-এই মহাত্ম **ঐাচৈতগ্যদেবের** বহু পরবর্তী। इनि नीर्घकीयी ছिल्न। 3009 পৌষ ১৭ই বদনগঞ্জ শকে ছইতে শ্রীবৃন্ধাবনে গমন করিয়া-ছিলেন বলিয়া জানা যায় 1 ই হার তিরোভাবোপলকে বদনগঞ্জে মকর-সংক্রান্তিতে মহোৎসব হইয়। থাকে। ইনি অলোকিক শক্তিসম্পন্ন ছিলেন। হুগলী জেলার আরামবাগ সাবডিভিসনের গোঘাট অন্তর্গত বদনগঞ্জে, বাঁকুড়া জেলায় বিঞুপুরের তিন ক্রোশ দূরে জয়পুর গ্রামের সংলগ্ন গোকুলনগর গ্রামে এবং ঐ জেলার গোনামুখী গ্রামে—এই তিন স্থানেই বাবা মনোহর দাদের সমাধি আছে। ই হার বহু শিয় ছিল। ইনি দেশের পাঠশালাসমূহে নিতা গমন করিয়া বালকগণকে ধর্ম-**मिट्टिम। इमि** কাঁদরার জ্ঞানদাসের আবাল্য বন্ধ ছিলেন এবং জীবিতকাল পর্যন্ত জ্ঞানদাসের কাঁদরাতেই ছিলেন। ইনি জাহ্নবার মন্ত্রশিষ্য বলিয়া জানা যায়। 'পদ-সমুদ্র' ইহার সঙ্কলিত গ্রন্থ किना ७ विषय ठिंक वना यात्र ना। বিপ্র পরশুরামকে ইনি বেশাশ্রয়

করান। আউলিয়া ঠাকুর-—গোপীবল্লভপুরে শ্রীগ্রামানন্দপ্রভু-কর্ত্তক অনুষ্ঠিত রাস-মহোৎদবে ইনি অমুচরগণসহ যোগ দিয়াছিলেন (রসিক পশ্চিম ২।৫)। **আকবরশাহ**—মুসলমান বৈঞ্চব কবি। িগৌরপদতরঞ্চিণী ৪।২। ২৯ ।। আগট—(१) শ্রীরসিকানন্দ-শিষ্য। 'আগট মোহনাদি ভূত্য-প্র্যাণ' [র° ম° পশ্চিম ১৪।১৪৮]। আগর ওয়ালি—উত্তর পশ্চিমাঞ্চলের জনৈক মুসলমান (१) বৈফব কবি। ব্ৰজভাষায় পদাবলি-রচয়িতা। পদকল্লতরু ২৮৩৪ সংখ্যক পদটি ই হার রচনা—'দেখ দেখ প্রীতম-প্যারিক দোহাগে' ইত্যাদি। আগল পাগল-ইনি পুর্বো শ্রীঅদৈত প্রস্থুর শিয়া ছিলেন। শ্রীগুরুর আজা-লঙ্গনের জন্ম বৈষ্ণব-সমাজ হইতে বিভাড়িত হন (প্রেম ২৪)। (কামদেব নাগর দেখ)। আচার্যচন্দ্র—-গ্রীনিত্যানন্দ-পার্ষদ। 'মহাস্ত আচাৰ্যচন্দ্ৰ নিত্যানন্দ-গতি॥' (চৈ° ভা° অন্ত্য ৫।৭৪৯)। আচার্যপ্রভু — শ্রীশ্রীঅধৈতপ্রভুর সংজ্ঞা। (অদৈত আচার্য দেখ)। ২ উত্তরকালে শ্রীনিবাস আচার্যকেও এই আখ্যায় অভিহিত করা হইয়াছে। আচার্যরত্ন – শ্রীমন্মহাপ্রভুর মাতৃ-

স্বসার স্বামী চন্দ্রশেখর। (চন্দ্রশেখর षाठार्ग (पथ)। 'আচার্যারত্বের নাম শ্রীচন্দ্রশেখর। যাঁর ঘরে দেবীভাবে নাচিলা ঈশ্বর'। ইঁহার গৃহে মহাপ্রভু দেবীভাবে নৃত্য করেন [চৈ° চ° আ° ১০।১৩]। (গৌ° গ° ১০২) পূর্বের শঙ্খনিধি। আচার্যশেখর—'চন্দ্রশেখর' দেখা [देठ° य° ३६४ शः]। আয়ারাম দাস—গ্রীশীনিত্যানন প্রভুর ভক্ত। মহাপ্রভুর সমদাময়িক। खीत नाम-लोपामिनी। জাতি বৈছা। বর্দ্ধমানের অন্তর্গত শ্রীখণ্ড গ্রামে শ্রীপাট। প্রেমবিলাস-রচয়িতা শ্রীবলরাম দাস বা নিত্যানন্দ দাস ই হারই পুতা। (বলরাম দাস দেখ)। (গৌরপদতরঙ্গিণী ৫১ পঃ)। ইনি একজন পদকর্ত্তা ও প্রসিদ্ধ ২ ঐনিবাস আচার্য-কীর্ত্তনীয়া। প্রভুর শিষা। আচার্যপ্রভুর অপর ভক্ত শ্রীশ্রামদাস চট্টের স্বগ্রামবাসী। 'তথায় শ্রীআত্মারাম প্রভুর প্রিয় দাস। সদা হরি নাম জ্বপে সংসারে উদাস'॥ (কর্ণা-->); ৩--শ্রীনিবাস শিষ্য | উপরোক্ত আচার্যের আলারাম দাস হইতে ইনি ভির ভক্ত। আলারাম দাস, শ্রামস্থনর দাস ও মথুরাদাস এই তিন জনে

মথুরা ধামে বাস করিয়া ভজন-সাধন

তি**নজ**নেই আচাৰ্য-করিতেন। প্রালর শিষ্য। 'শ্রীআত্মারাম প্রতি প্রভূ হয়া

বৈশ। একত্র নিবাসী তিনে মহা-। প্ৰীতি পাইশ'। (কৰ্ণা—১ম)। আনন্দ - নীলাচলবাসী কারিগর (র° ম° পশ্চিম ১০19৬) 1 আনন্দচন্দ্র বিস্তাবাগীশ—শ্রীমন্তাগ-

বতের বঙ্গান্ধবাদক [ব. সা. সে]। আনন্দটাদ-পদকর্তা। পদকলতরুর ২৪৫ বংখ্যক পদটি ইহার রচনা। ২৮৭২ সংখ্যক পদটি আনন্দ দাসের উভয়ে একই ব্যক্তি ভণিতায়।

কিনা অনিশ্চিত

আনন্দ দাস-শ্রীজগদীশ পণ্ডিতের পঞ্চম অধস্তন। ইনি ঐ পণ্ডিতের অমুশিয়্য শ্রীভাগবতানন্দের স্বপ্নাদেশে ১৬৪০--৫০ শকে শ্রীজগদীশচরিত্র গ্রন্থ বচনা করেন। ২ প্রীশ্রামাননী

[गতীশ বাবু]।

দামোদরের শিখা। 'প্রীদামোদরের শিষ্য আনন্দ দাস খ্যাতা। সদাবর্জ নাম বলি জগত-বিখ্যাতা'॥ (র° ম° পশ্চিম ১৫।১৮)।

আনন্দ পুরী--গ্রিগার-ভক্ত। 'ত্ৰীআনন্দ পুৱী! প্ৰাণনাথ ছৌক (म। निज्ञस्त वृन्मावरम विन्मरः

ষে'॥ [নামা ১৯৮] **আনন্দরাম লালা**—ব্রস্তব্লি ভাষায় রাধাকুফ-বিষয়ক সঙ্গীত-রচয়িতা। নিৰাস— শ্ৰীষ্ট্ট বি-সা-সে]। আনন্দানন্দ-শ্রীগ্রামাদলপ্রভুর শিষ্য

—বালেখর জেলায় ভোগরাই গ্রামে বাদ।

কর্ত্তক বিরচিত ঐচৈতগুচন্দ্রামূতের দীকাকার (১৬৪৫ শক, বাণবিধাতৃ-বজ্ত-রশ-কু)। ইহার 'ব্যাখ্যান-।

কৌশল অতি প্রশংসনীয়। ১৬৪০ इनि '**শীদ্রবোধ'**-নামে ব্যাকরণ রচনা করেন এবং এই গ্রন্থ

'नीगार्खा' 'वहेगागदा' स्थव इत। ত্মতরাং প্রমাণিত হয় বে সপ্রদশ-শকশতাব্দীতেও শ্রীসরস্বতী পাদের গ্রন্থের পঠন ও পাঠন যথেষ্টই ছিল।

শীঘ্রবোধ ব্যাকরণের উদাহরণগুলি প্রায়শ:ই শ্রীগোর-পক্ষে দেওয়ায় বুঝা যায় যে ইনি নৈষ্ঠিক গৌরভক্ত ! ছিলেন। এচিন্দায়ত-টীকাতে (৩১)

শ্রীগৌরমন্ত্রের সমাবেশাদি এবং প্রতি-শ্লোকের চীকায় ভদ্তাবাহুগ শ্লোক

आफजन आलि—गूगनमान देवस्व নিবাস—চট্টগ্রাম (१) পদকর্তা। [ব-গা-লে]।

রচনা দেখা যায়।

व्यामान-गूर्यान देवकव कवि [ব-সা-সে]।

আবতুর রহিম খান্-মুসলমান दिकार कवि ['हिसीटक मूननमान क्वि' क्ष्ट्रेवा]।

'অনি অনি কান মুরলিয়া রাগন ভেদ। গৈল ন ছোড়ত গৌরিয়। গনকি ন খেদ ৷৷ মোহি বরজোগ

কাহৈয়া লাগউ পায়। তুহু কুলপুজ দেবতবা হোহ সহায়' ॥ **आनमी**— श्रीभाष्ट्रदाशनम ग्रथन। **आनम**— यूगनमान दिस्थ्य **ক**বি

> [হিন্দীকে মুসলমান কবি']। 'জম্বদাকে অজীর বিরা**ভে** মনমোহনজ। অঙ্গ রঞ্জ লাগে ছবি ছাচে হুরপালকি। ছোটে ছোটে

আছে পগ ঘুঁবরু ঘুমত ঘনে। জাগো চিত হিত্ৰাগৈ শোভা বলি জালকী॥ আছি ৰতিয়াঁ স্থনাবৈ ছিম্ন ছাড়িবো ন ভাবৈ। ছাতি সো ছপাবৈ লাগি ছোহ বা দয়ালকী। হেরি বজনারী হারী বারী ফেরি ডারি সব। আলম

वरेनश नीएक खेरा नमनानकी'॥ আলাওল সাহেব, সৈয়দ–খু: সপ্তদশ শতাব্দীর দ্বিতীয় পাদে ইনি कृष्ण्मीमा-विषयक श्रमावनी ब्रह्मा

করেন [ব-সা-সে]। আলি মহন্মদ—বৈষ্ণব পদকন্তা. চট্টগ্রামবাদী [ব-সা-সে]। আলিরাজা—বৈষ্ণব পদকর্ত্তা, খ্যাম-সঙ্গীত রচয়িতা। নিবাস—চট্টগ্রামের

গ্রামে [ব-সা-সে]। আশ্রমী উপেন্দ-শ্রীগৌরভক্ত (देवक्षववस्ता)।

বংশথালী থানার অধীন ওশথাইন

আহম্মদ বেগ—উৎকলদেশীয় তুবা-দার, বাণপুরে বাস, মহাত্ত যবন। মতহন্তীর দলন দেখিয়া শ্রীরসিকা-নন্দের শরণ গ্রহণ করিয়াছিল। [র° ম° পশ্চিম ৭৷২৭—৮।৫]

冠,翠

ইচ্ছাময়ী দেবী—(ইচ্ছা) শ্রীশ্রামান নন্দপ্রভূর শাখা। শ্রীশ্রামানন্দের বিখ্যাত ভক্ত রসিকমুরারির পত্নী। 'মুরারির ভার্যা ইচ্ছাদেই গুণবতী'। (ভক্তি ১৫।৩০)

ইন্দুমুখী দেবী—শ্রীনিবাস আচার্যের
নিষ্যা। বিষ্ণুপ্রের রাজসভাপণ্ডিত
শ্রীনিবাস-শিষ্য শ্রীল ব্যাসাচার্যের
পত্নী। পুত্রের নাম শ্রামদাস আচার্য।
'তারপর শ্রীব্যাস আচার্য ঘরণী।
তাঁহারে করিলা দয়া প্রভু গুণমণি॥
নাম তাঁর হয় ইন্দুমুখী ঠাকুরাণী।
তাঁহার পরমার্থ রীত কি বলিতে
জানি'॥ (কর্ণা ১ম)

ইন্দ্রিয়ানন্দ কবিচন্দ্র—ভক্ত, কিন্ত কাহার শাখা, তাহা জানা যায় না, প্রীচৈতগুমন্দলকার জয়ানন্দের আত্মীয় ছিলেন।

ঈশান—গ্রীমহাপ্রভুর শাখা এবং গৃহভৃত্য।

'শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, ঈশান'॥ (১চ° চ° আদি ১০।১১০); ঈশানের মহিমা বৈফাব-গ্রন্থমাত্রেই দৃষ্ট হয়।

'বন্দিব ঈশানদাস কর জোড় করি।
শচীঠাকুরানী যাঁরে সেহ কৈল বড়ি'॥
(বৈষ্ণব-বন্দনা)। 'সর্বতস্তুজাতা
তিহোঁ সর্বত্র বিদিত। শ্রীশচী দেবীরে
সেবিলা যে যথোচিত'॥ (ভক্তি
১২।৯১) 'সেবিলেন সর্বকাল আইরে
ঈশান। চতুর্দশ-লোকমধ্যে মহাভাগ্যবান্'॥ (১৮° ভা° মধ্য° ৮।৭৪)।
এই মহাভাগ্যবান মহাপ্রভুকে

বাল্যকালে সর্বদা ক্রোড়ে করিয়া বেড়াইতেন এবং নিমাইচাঁদ যত কিছু আব্দার করিতেন, তৎসমুদ্র পূর্ণ করিতেন। প্রভূও ঈশানকে ছাড়া হইয়া একদণ্ড থাকিতে পারিতেন না।

'নিমাইচাঁদের অতি প্রিয় যে केमारनत ल्यान महीनसन নিমাই। ঈশান বিহনে না যায়েন কুন ঠাই। বাল্যকালে নিমাই চঞ্চল অতিশয়। যে আর্থটি করে তা ঈশান সমাধয়'॥ (ভক্তি ১২।১৫— ৯৭) ঈশান অতীব দীর্ঘজীবী ছিলেন। শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী এবং প্রভুর যাবতীয় ভক্তের অদর্শন হইলে ইনি দেহ ত্যাগ করেন। শ্রীনিবাস আচার্য প্রভূ শ্রীনরোত্তম ঠাকুরকে ইনি অতীব জরাজীর্ণ অবস্থায় নবদীপধামে প্রভুর লীলাস্থানগুলি দর্শন করাইয়াছিলেন। 'প্রায় নবদ্বীপে গুপ্ত হইল সকলে। প্রভুর ঈশান মাত্র আছেন সকলে'॥ (ভক্তি ১১।৭২১)। ২—গ্রীসনাতন গোস্বামির ভূত্য। গ্রীগোস্বামী যথন কারাগার হইতে হোসেনসার করত শ্রীবৃন্ধাবনে করিতেছিলেন, তখন ইনি সঙ্গে ছিলেন। ঈশানের নিকটে আটটি মোহর ছিল জানিয়া শ্রীসনাতন প্রভু তাহা লইয়া ভূঞার আদ্রাপ্যায়নে সম্ভই হইয়া সাতটি ভূঞাকে দেন। অবশিষ্ট মোহরটি সহ ঈশান শ্রীপাদ-কর্ত্তক আদিষ্ট হইয়া স্বদেশে গেলেন।


পাতড়া পর্বত পার হইলে শ্রীপাদ ইহাকে পরিত্যাপ করিয়াছিলেন। (ठेठ° ठ° मधा २०१४-- ३७)। ৩—গ্রীবৃন্দাবনবাসী। সম্ভবতঃ গ্রোড়-দেশীয়। বিশেষ পরিচয় পাওয়া না। তবে বুন্দাবনে বিট্-ঠলেশরের গৃহে যখন শ্রীশ্রীগোপাল-ভীউকে শ্লেচ্ছের উপদ্রবের লুকাইয়া একমাসকাল হইয়াছিল, তখন এক্সপ গোস্বামী বহু ভক্ত সঙ্গে ঐ স্থানে আগমন করত পাঁচমাসকাল শ্রীমৃত্তি দর্শন করিয়াছিলেন। তত্রোক্ত ভক্তবুন্দের সহিত ই হারও নাম পাওয়া যায়। যথা,-- 'পুগুরীকাক্ষ, ঈশান আর লঘু হরিদান' (চৈ° চ° মধ্য ১৮।৫২)। শ্রীনিবাস, নরোত্তম ও শ্রামানন্দ-প্রভূ যখন বুন্দাবন হইতে গ্রন্থের লইয়া গোড়ে আগমন করিতেছিলেন, তখন অস্তান্ত ভজ-বুন্দের সহিত ইনিও উ হাদিগকে আশীর্বাদ করিতে আগমন করিয়া-'পুণ্ডরীকাক গোঁসাঞি, ছিলেন। গোবিন্দ, ঈশান'॥ (ভক্তি ৬।৫১৩)। ক্লশাৰ আচাৰ্য—(গে)° গ° ১৯৫) इनि बरकत सोनगकती। ঈশান নাগর—শ্রীঅধ্বৈতপ্রভুর শাখা, ব্রাহ্মণবংশে ১৪১৪ শকে জনা! আদি নিবাস- শ্রীহট্ট জেলার লাউড় পরগণান্তর্গত নবগ্রাম। পাঁচ বৎসর বয়ংক্রমকালে ইঁহার বিধবা মাতা ঈশানকে লইয়া শ্রীঅদ্বৈত-প্রত্নর গ্রহে

ঈশানের শিক্ষার

আভায়

नन ।

ঈশান নাগর



ব্যবস্থা শ্ৰীলঅদ্বৈত প্ৰভূই করেন। অদ্বৈত-পত্নী সীতাদেবীর আজায় ৭০ বংসর বয়:জ্রুমকালে ইনি সংসারী হইয়া বিবাহ করিয়াছিলেন।

ঈশান অতীব তেজস্বী ছিলেন। এক দিবস্ মহাপ্রভুর পদধোত করিবার জন্ম অগ্রসর হইলে— মহাপ্রভু ঈশানের উপবীত দেখিয়া ব্রাহ্মণ জানিয়া নিষেধ তাঁহাকে করিলে ঈশান তদ্ধগুই উপবীত ছি ডিয়া ফেলিলেন। কেহ কেহ বলেন—ইনি পন্নাতীরস্থ তেওতাগ্রামে

বিবা**হ করিয়াছিলেন। পুরুষোত্ত**ম নাগর, হরিবল্লভ নাগর ও ক্লফবল্লভ নাগর নামে ঈশানের তিন পুত্র গোয়ালন্দ, বংশধরগণ নিকট ঝাঁকপাল তেওতাগ্রামের গ্রামে বাদ করেন। তেওতার রাজ-পরিবারগণ ও বাগচি মহাশয়গণ এই নাগরবংশীয়গণের শিষ্য। ঈশান নাগর ১৪৯০ শকে শ্রীলাউড়ধামে 'অদৈতপ্রকাশ' গ্রন্থ রচনা করেন। 'চৌদ্দশত নবতি শকাক পরিমাণে। লীলাগ্রন্থ সাঙ্গ কৈরু শ্রীলাউড় ধামে'॥ **ঈথরদাস**—ওচ্ব ভাষায় প্রীচৈতন্ত-ভাগবত-প্রণেতা।

এএীঈশ্বরপুরী — -- শ্রীমন্মহাপ্রভুর দীক্ষাগুরু। কুমারহট্ট (বর্ত মান হালি-সহর-নামক) গ্রামে রাটীয় ব্রাহ্মণ-বংশে জন্মগ্রহণ করেন। পিতার নাম—শ্রীল **ভা**মস্থন্দর আচার্য। ঈশ্বরপ্রীর সংসারাশ্রমের নাম জানা যায় না। ইনি নিত্যানন্দকে গৃহ-ত্যাগ করান (প্রেম ৭)।

'ঈশ্বরপুরী নাম হৈল সন্ন্যাস-আশ্রমে॥' ইনি শ্রীশ্রীমাধবেরূপুরীর প্রিয় শিষ্য ছিলেন।

'রাটীয় ব্রাহ্মণ শ্রামত্মনর আচার্য।
কুমারহট্টবাসী বিপ্র সর্বগুণে বর্ষ ॥
তাঁর পুত্র ঈশ্বরপুরী বুদ্ধ্যে বৃহস্পতি।
বেদ-বেদাস্তাদি শাস্ত্রেতাঁর মতি গতি॥
পরম পণ্ডিত ঈশ্বর ছাড়ি গৃহবাস।
মাধবেন্দ্র-শিম্ম হৈক্রা করিলা সন্ন্যাস॥
ঈশ্বরপুরী নাম হৈল সন্ন্যাস আশ্রমে।
মাধবের করে সদা চরণ-সেবনে'॥
(প্রেম ২৩)

পশ্চিমাঞ্চলে শ্রীনিত্যানন্দপ্রভুর সহিত শ্রীমৎ মাধবেন্দ্রপুরীর অপরূপ-মিলন-দর্শনে ইহার প্রেমান্তি (চৈভা আদি ৯০১৬১—১৭০), অবৈত-গৃহে অলক্ষিত-বেশে আগমন, মুকুন্দের মুখে কৃষ্ণলীলা-শ্রবণে আবিষ্টতা, নবহাপে গোপীনাথ আচার্যের গৃহে অবস্থান ও শ্রীকৃষ্ণলীলামূত'-

রচনা, গদাধর পণ্ডিতকে ঐ গ্রন্থ অধ্যাপনা, গ্রন্থের শোধনজন্ত বারংবার মহাপ্রভুকে অমুরোধ, গ্রন্থ-বিচারাদি-প্রাসঙ্গ (চৈভা আদি ১১।৭০— গ্যাধানে আবার মহা-३२७)। প্রভুর সহিত মিল্ন ও মহাপ্ৰভুৱ ৰাশায় পুৱীপাদের ভিক্ষা, পুরীর জন্মস্থান কুমারহট্টের প্রতি প্রভুর मचान-मानामि, भूतीश्राटन विमाय লইয়া প্রভুর নবদীপে আগমন প্রভৃতি (হৈভা আদি ১৭ ৪৬—১৬২)। সিদ্ধিপ্রাপ্তিকালে ইনি গোবিন্দকে ও কাশীশ্বকে মহাপ্রভুর সেবা করিবার জন্ম আজ্ঞা করেন (চৈচ মধ্য ১০৷ ১৩:--১৫০)। শ্রীপাদ ঈশ্বরপুরীর

ঐকান্তিকী গুর ভক্তি-প্রসঙ্গ; 'প্রেমের

দাগর' পুরী মহদহগ্রহের দাক্ষী

হইলেন (চৈচ মধ্য ৮।২৬—৩০)।

পভাবলীতে (১৬, ৬২ ও ৭৫) ই হার
তিনটী শ্লোক উদ্ধৃত হইরাছে (ভজ্জি
১২।২২০৬—৯)।

ঈশ্বরী দেবী—শ্রীনিবাস-প্রভুর প্রথমা
পত্নী এবং শিদ্যা। ইনি বর্দ্ধমান
জেলার যাজিগ্রাম-নিবাসী ভৌমিক
(জমিদার) শ্রীল গোপাল চক্রবর্তীর
কন্তা। ঈশ্বরীদেবীর ছই ল্রাভা—
ভামদাস ও রামচরণ চক্রবর্তী।
ঈশ্বরী দেবীর পূর্বে নাম জৌপদীদেবী ছিল। শ্রীনিবাস প্রভু দীক্ষা
প্রদানান্তর নামান্তর করেন।
'পূর্বে কন্তা-নাম সবে জৌপদী
কহয়। ই হার ঈশ্বরী নাম বিভার

সময়'॥ (ভক্তি ৮।৪৯৫)
কর্ণানন্দ, প্রেমবিলাস, ভক্তিরত্নাকর
প্রভৃতি গ্রন্থে ই^{*}হার বিবরণ
ভাচে।

₹, ₹

উড়িয়া রমণী—'উড়িয়া এক স্ত্রী ভিড়েদর্শন নাপাঞা। গরুড়েচড়ি দেখে প্রভুর কান্ত্রেপদ দিয়া'॥ [১৮° চ° অস্ত্য ১৪।২৪]।

মহাপ্রভু পুরীংশমে নিত্য গরুড়-স্তম্ভের নিকট দণ্ডায়মান হইয়া শ্রীঞ্জগরাথ-দেবের দর্শন করিতেন, এক দিবস এরপভাবে প্রভু দর্শন করিতেছেন, এমন সময়ে উপরোক্ত স্ত্রীলোকটা জগন্নাথের দর্শন জন্ত আগমন করেন, কিন্তু লোকের ভিড় বশতঃ দর্শন করিতে না পাইয়া, গরুড়-স্তজ্যেপরি আরোহণ করেন, অধিকন্ত এমত বাছজ্ঞান-রহিত হয়েন যে, তলদেশে মহাপ্রভুর স্কন্ধের উপরে পদভর দিয়া বিভোরভাবে ভগবানের দর্শন করিতে থাকেন। প্রভুর ভূত্য গোবিন্দ ঘটনা দেখিবানাত্র স্ত্রীলোকটিকে নিবারণ করিতে উল্লভ হইলে, মহাপ্রভু সহাস্তে গোবিন্দকে কহিলেন—

'আদিবশু। এই স্ত্রীকে না কর বর্জন। করুক যথেষ্ট জগন্নাথ-দরশন॥ (চৈ° চ° অস্তুয় ১৪।২৬)। (তামিল ভাষায় অত্যন্ত প্রিয় ব্যক্তিকে আদিবখা কছে)।

অধিকন্ত স্ত্রীলোকটির প্রীভগবদ্-দর্শনের আর্ত্তি দেখিয়া দৈক্যাবতার প্রভূ বলিতে লাগিলেন ;—

'তার আতি দেখি প্রস্থ কছিতে লাগিলা। এত আতি জগরাণ মোরে নাছি দিলা॥ জগরাথে আবিষ্ট ইহার তম্ব-মন-প্রাণে। মোর স্বন্ধে পদ দিঞাছে, তাহা নাছি জানে॥ আহো! ভাগ্যবভী এই—বিদ ইহার পাত। ইহার প্রসাদে ওছে আতি

গোস্বামি-প্রণীত 'শ্রীকৃষণ্ডক্তিরত্ন-

প্রকাশ' গ্রন্থের পয়ারে অমুবাদক !

্প্রসিদ্ধ বনবিষ্ণুপুরের রাজা গোপাল-

সিংছের সময়ে ১৬৬১ শকে ইনি

এই অমুবাদ শেষ করেন বলিয়া

উদাসীন-শ্রীরসিকানল প্রভুর শিষ্য

উদ্দণ্ড রায়—নূসিংহপুরের ভূঞা,

শ্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য (র° ম°

मिकिन ১७।८७—७७)। दे हात गृह

১৫৫২ শকের আঘাঢ়ী রুষ্ণা প্রতিপদে

উদ্ধব—গ্রীগ্রামানন প্রভুর শিষ্য।

'উদ্ধব, অক্র, মধুস্থদন, গোবিন্দ'।।

(প্রেম-২০)। ২—গ্রীরসিকানন্দ-

শিষ্যদ্য (র° ম° পশ্চিম ১৪।১৩৭,১৪২)।

গোস্বামির শাখা। এীরুকাবনে বাস

করিতেন। [গো°গ° ১১২] চক্তের

'শ্রীনাথ চক্রবর্তী আর উদ্ধবদাস।'

শ্রীনিবাস আচার্য ও শ্রীরাদ্ব

গোস্বামী প্রভৃতি বুন্দাবন পরিক্রমার

সময়ে ই হার আশ্রমে উপনীত হইলে

ইনি পরমাদরে তাঁহাদের সৎকারাদি

'শ্ৰীউদ্ধবদাস মাধবাদি যে যে

ছিলা। পরস্পর মিলি সবে মহাহর্ষ

পণ্ডিত

প্রীশ্রামানন্দ প্রভু অপ্রকট হন।

গ্রীপাট-কাশিয়াড়ী।

উত্তব দাস-শ্রীগদাধর

. আবেশ।

করিয়াছিলেন।

(র° ম° পশ্চিম ১৪।১২৮)।


অন্তিমবাক্যে প্রকাশ।

শ্ৰী শ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩)

উদ্ধারণ দত্ত

हिना'॥ (७ कि ८। २७७०) ঠাকুর জন্মগ্রহণ করেন। পিতার প্রীবৃন্দাবনে] বিট্ঠলনাথের গৃহে নাম--- শ্রীকর দত্ত, মাতার নাম---বখন শ্রীশ্রীগোপালদেবকৈ যবনভয়ে ভদ্রাবতী। পুরুর নাম—শ্রীনিবাস। লুকাইয়া রাখা হয়, তখন শীরূপ উদ্ধারণ—প্রস্থু নিত্যানন্দের পারিষদ গোস্বামী যে যে ভক্ত-সঙ্গে মাসাবধি ছিলেন। বিপুল ঐশ্বর্য এবং পুত্র-এম্বানে থাকিয়া প্রীমৃতির मर्भन করিয়াছিলেন—তন্মধ্যে এই উদ্ধব-দাসকেও দেখা যায়। 'ঐীউদ্ধবদাস আর মাধৰ হুই कन'॥ (ठेठ° ठ° मश्र ३४। ६३)। 'অতিদীনজনে পূৰ্ণপ্ৰেমবিত্ত-প্রদায়কম। শ্রীমছদ্ধবদাসাখ্যং বন্দে-२इ: खनमानिनम्'॥ (मा° नि° २०)। (ভক্তি ১১৩৩৩) সরোবরের তীর্ম্বিত কুটীরে বাসকারী, শ্রীপাদ স্নাতনগোস্বামির অমুগত বৈষ্ণব। ৩—মুশিদাবাদ জেলায় ১৮শ শতাব্দীর টে য়াগ্রামে খঃ প্রারম্ভে জন্ম হয়। ইঁহার প্রকৃত নাম – কৃষ্ণকান্ত মজুমদার। ইনি মালীহাটীর আচার্য-বংশীয় প্রসিদ্ধ পদকর্ত্তা শ্রীরাধামোহন ঠাকুরের মন্ত্ৰশিষা ও পদকল্পতরু-সম্বলয়িতা গোকুলানন্দ সেনের বন্ধু ছিলেন। বাঙ্গালা ও ব্রহ্মপুলির পদকর্তা। (পদকে) ৯৯টি পদ পাওয়া যায়। **উদ্ধবানন্দ---**-শ্রীরাধিকামসল-রচয়িতা (ব-সা-সে)। উদ্ধারণ দত্ত-(দত্ত ঠাকুর)— শ্রীনিত্যানন্দশাথা। দ্বাদশগোপালের অগতম—স্থবাহু গোপান। মহাভাগৰত শ্ৰেষ্ঠ দত্ত উদ্ধারণ। সর্বভাবে সেবে নিত্যানন্দের চরণ'॥ (চৈ° চ° আদি ১১/৪১)। ১৪০৩ শকাব্দে সমৃদ্ধিশালী সপ্তগ্রাম নগরীতে ধনী স্বব্বিপিকৃক্লে উদ্ধারণ

কলত্র পরিত্যাগ করত শ্রীনিত্যা-নন্দের কিন্ধর হইয়া ইনি প্রভুর সঙ্গে সঙ্গে ভ্রমণ করিয়া বেডাইতেন। **এীনিত্যানন্দপ্রভূ**র এত প্রিয়পাত্র ছিলেন যে, একদা স্র্যদাস-পণ্ডিতগ্যহে ব্রাহ্মণ ভট্টাচার্যগণ ঞীনিত্যানন্দপ্রভূকে যখন জিজ্ঞাসা করেন,— 'শ্রীপাদ! আপনার সেবার জন্ম রন্ধন কে করেন !" উত্তরে তখন প্ৰভু বলিয়াছিলেন,—"কখন আমি করি; না পারিলে, উদ্ধারণ রন্ধন করে।" ৯৭৫ শকে উদ্ধারণ দত্তের আদি-পুরুষ ভবেশ দত্ত অযোধ্যা হইতে স্থব গ্রামে বাণিজ্যার্থ আগমন করেন এবং তত্ত্রস্থ কাঞ্জিলাল ধরের ভগিনী শ্রীমতী ভাগ্যবতীকে বিবাহ করেন। কাঞ্জিলাল ধরের পুত্রের নাম-'উমাপতি ধর'। ইনি মহারাজ লক্ষণসেনের সভায় কবি জয়দেবও পণ্ডিত গোবৰ্দ্ধনাচাৰ্যের সহিত থাকিতেন। ভবেশ দন্তের পুত্র ক্বঞ্চদন্তও তৎকালে পণ্ডিত ছিলেন। তৎপুত্র শ্রীকর দত্ত। উদ্ধারণ দত্ত কাটোয়ার দেড ক্রোশ উত্তরে নবহট্ট বা নৈহাটীর 'নৈরাজা' নামক জনৈক রাজার দেওয়ান ছিলেন। তৎকালে দত্তঠাকুর উক্ত স্থানের উত্তরে উদ্ধারণপুর গ্রামে বাস করিতেন। কথিত আছে—তাঁহার নামাহসারেই উদ্ধারণপুর গ্রামের



একটা প্রাচীন মাংবীলতার বৃক্ষ দৃষ্ট

উহা স্বহস্তে রোপণ করিয়াছিলেন। বর্ত্তমানে স্ম্বর্ণবিণিক্গণ উক্ত শ্রীপাট-

বাটী সংশ্বত করিয়াছেন। এইস্থান

রেলের

প্রবাদ— শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু

ত্রিশবিঘা-নামক

সম্বরণ করেন।

আবাস পরিত্যাগ করত এই স্থানেই তিনি বাস করিয়াছিলেন। উদ্ধারণ-অভ্যাপি তাঁহার প্রতিষ্ঠিত প্রীশ্রীনিতাই-গৌরাঙ্গের শ্রীমৃত্তি বিরাজ করিতেছেন। মন্দিরের পশ্চিমে দত্তঠাকুরের সমাধি। 'উদ্ধারণ দত্তের বাস কৃষ্ণপুরে কয়। হুগলীর নিকট ক্বফপুর গ্রাম । উদ্ধারণ স্থবাহু জানিবা পূর্বনাম॥ [M' 90] উদ্ধারণপুরে গঙ্গাতীরে যে পাকাঘাট আছে, তাহা দত্তঠাকুরের নিমিত বলিয়া প্রবাদ আছে। পূর্বোক্ত নৈহাটীর নৈরাজার অট্টা-লিকাদির চিহ্ন বর্ত্তমানে পাতাইহাট

নাম হয়। শেষ বয়সেও সপ্তগ্রামের

প্রেশন হইতে অর্দ্ধমাইল পশ্চিমে প্রাণ্ড ট্রাঙ্ক রোডের উত্তর পার্শ্বে। হুগলী বালীনিবাসী জগমোহন দত্তর দেবমন্দিরে প্রাচীনকালের থোদিত শ্রীদন্ত মহাশয়ের একটী প্রতিমৃত্তি দৃষ্ঠ হয়। প্রতিদিন উহার পূজা হয়। উন্ধারণ-দন্তঠাকুরের সেবিত শ্রীশাল-গ্রাম শিলা উক্ত স্থানের শ্রীনাথ দত্তের গৃহে সেবিত হইতেছেন। ৬০ বৎসর বয়ঃক্রমকালে (১৪৬৩ শকাব্দে) অগ্রহায়নী কৃষ্ণা ত্রেয়াদশীতে

দত্তঠাকুর লীলা

হঁহার বংশধরগণ হুগলী, কলিকাতা প্রভৃতি বহুস্থানে ব্যাপ্ত হুইয়া পড়িয়াছেন।

উপেক্তা ভঞ্জ কবি—ওড়িয়া ভাষায় বহু গ্রন্থরচনা করিয়াছেন—ই হার রচনা সাধারণতঃ গীতিকা, পৌরাণিক কাব্য, কালনিক কাব্য, আলঙ্কারিক কাব্য ও বিবিধ রচনা-হিসাবে শ্রেণীবদ্ধ হুইতে পারে। পৌরাণিক

অবণা রসতরঙ্গ, (৩) ব্রজ্ঞলীলা, (৪) রামলীলামৃত, (৫) কুঞ্জবিহার, (৬) রামলীলা, (৭) কলাকোতৃক এবং বৈদেহীশবিলাস। এতদ্ব্যতীত ইনি কোলাহল-চোতিশা, প্রেম-

রচয়িতা

কাব্য—(১) স্থভদ্রাপরিণয়,

[১৭শ-শক শতাব্দী]। **উপেত্রু মিশ্র-**শ্রীমহাপ্র**ভু**র পিতামহ,

প্র**ভৃ**তিরও

স্থানিধি

দতঠাকুরের জন্মভূমি সপ্তগ্রামে


গ্রামে দৃষ্ট হয়।

ছিলেন। ঐ সময়ে তিনি পদ্মা-তীর

উপেন্দ্র মিশ্র

দিয়া ফরিদপুর, বিক্রমপুর, বদরপুর,
এগারসিন্দ্র, বৈতালগ্রাম, ভিটাদিয়াপ্রভৃতি স্থানগুলিতে শ্রীচরণধূলি দিয়া
বড়গঙ্গায় উপস্থিত হইয়াছিলেন।
প্রেম-বিলাসে জানা যায় যে প্রভুর
পিতামহ—উপেক্র মিশ্র তালপত্র
সংগ্রহ করত ৮চগুলিপ্থি লিখিতে
উল্যোগ করিতেছিলেন, এমন সময়
প্রভু তথায় উপস্থিত হইলে মিশ্রবর

মহানদে স্থীয় পত্নীকে নিমাইয়ের আগমনবার্ত্তা প্রদান করিতে গমন করেন। পরে গৃহাভ্যন্তর হইতে বহির্ব্বাটীতে আগমন করিয়া— 'এত বলি উপেন্দ্র মিশ্র বহির্ব্বাটীতে গেল। সম্পূর্ণ লিখিত চণ্ডী দেখিতে পাইল॥ জগল্লাথস্থত গৌর সাক্ষাৎ ঈশ্বর। নৈলে ক্ষণকালে চণ্ডী লেখে সাধ্য কার'॥ (প্রেম ২৪)



একচক্রাবাসী বৃদ্ধ প্রাহ্মণ—
প্রীপ্রীনিত্যানন্দ-পত্নী প্রীক্ষাহ্নবাদেবী
যখন ভক্ত-সঙ্গে প্রভুর জন্মভূমি
একচক্রা-নগরী দর্শন করিতে গমন
করেন, তখন পথিমধ্যে এই ব্রাহ্মণের
সহিত সাক্ষাৎ হয়।

'একচক্রণপথে দেখে বিপ্র একজন। অতি বৃদ্ধ, করেতে লগুড়, মন্দগতি॥ দেখি বৃদ্ধ বিপ্রে প্রণমি বিজ্ঞজন। স্থমধুর বাক্যে জিজ্ঞাদেন বিপ্রপ্রতি॥ (ভক্তি ১১/৪০৮); বিপ্র বলিতে লাগিলেন;—

বিজ্ঞজন। স্বমধুর বাক্যোজ্জাসেন বিপ্রপ্রতি॥ (ভক্তি ১১/৪০৮); বিপ্র বলিতে লাগিলেন;— 'বহু প্রাচীনকাল হইতে এই একচক্রাধামের বিবরণ পাওয়া যায়। পাণ্ডবর্গণ বনবাসকালে এই স্থানে আগমন করত বক-নামক হুর্তিকে বিনাশ করিয়াছিলেন। পূর্ব্বে এই প্রাম বড়ই সমৃদ্ধিশালী ছিল। কিছু দিন পূর্ব্বে আমি যাহা দেখিয়াছি, বর্ত্তমানে তাহার সামাক্তমাত্রও নাই। নদী কতই বিস্তৃত ছিল, ছুই পার্শ্বে বছ দেবমন্দির এবং অসংখ্য লোকের বাস। বৃক্ষলতা ও নানাজাতি বিহল্পকরে গ্রামটী অপূর্ব্ব প্রীধারণ করিয়া থাকিত। এখানে 'একচক্রেশ্বর'-নামক শিব পার্ব্বতীসহ ছিলেন।

নামক শিব পাৰ্বতাসহ ছিলেন।
ইহার পরে জ্রীনিত্যানন্দপ্রভূর
পিতৃ-পরিচয়, নিত্যানন্দ-জন্মকথা,
বাল্যলীলা-প্রভৃতি বলিয়া প্রভূর
সংসারত্যাগের কাহিনী বলিতে

বলিতে আর বলিতে পারিলেন মা। জাহ্বাদেবীর সহিত ভক্তবুন্দ ক্রন্দন করিতে লাগিলেন। পরে বলিলেন. —'প্রভুর সংসার ত্যাগের হইতেই গ্রাম শ্রীহীন হইয়া গেল।' निन श्रे भारत करिनक धनी यवन ছিলেন। একচক্রার প্রীহীন অবস্থা দেখিয়া তিনি স্বীয় নামে ঐ স্থানে গিয়া বাস করিতে লাগিলেন: ক্রমে ক্রমে একচক্রাবাসিগণ ঐ স্থানে গিয়া বাস করিতে লাগিলেন; জ্রুমে একচকা মমুয়াশুভা ছইতে চলিল। যাঁহারা শ্রীনিত্যানন্দের বাল্যসঙ্গী ছিলেন, তাঁহারাও উদাসীন হইয়া চলিয়া গেলেন। আমি

নিতাইয়ের গুণ ভুলিতে পারি নাই,
তাই এখনও এস্থানে আছি;—

'মনে ছিল যদি বিধি রাখিল
আমারে। অবশু দিবেন স্থথ কিছুদিন
পরে॥ জন্মভূমি সোঙ্করিয়া নিতাই

পুনর্বার'॥ (ভক্তি ১১।৬০৭-৮)
এই বলিয়া উক্ত ব্রাহ্মণ 'হা নিতাই'
বলিয়া উচ্চৈঃম্বরে ক্রন্সন করিতে
লাগিলেন।

আমার। একচক্রা আসিবে দেখিব


একান্তী গোবিন্দ দাস [রত্ন টী ১।১]
শ্রীবলদের বিচ্চাভ্ষণকে বুন্দাবনের
বৈষ্ণবল্গ এই নাম দেন।
এবাদোলা— বৈষ্ণব-পদক্তা (ব-সা-

=

কংসারি যোষ— শ্রীমহাপ্রভুর ভক্ত।
ইনি উত্তর রাদীয় কায়স্থ। বাস্থদেব
ঘোষের জ্যেষ্ঠ ভ্রাতা। ইনি গৃহী
ছিলেন। ই হার বংশধরগণ দিনাজপুরের রাজবংশ—(বাস্থদেব ঘোষ

দেখ)। ২ কুলাই-গ্রামবাসী, ইনি শ্রীমন্ নরহরি সরকারের শাখা। শ্রীমহাপ্রভুর তিনটি শ্রীবিগ্রহ প্রস্তুত করাইয়া ইনি

শ্রীসরকার ঠাকুরকে সমর্পণ করিয়া-ছেন। ছোট ঠাকুর শ্রীপণ্ডে, মধ্যমটি গঙ্গানগর (ভাগ**্-**কোলায়) এবং
বড় ঠাকুরটি কাটোয়ায় বিরাজমান (শ্রীনরহরির শাখানির্ণয় দেখ)। কং**সারি মিশ্রু** —শালিগ্রাম-নিবাসী। প্রসিদ্ধ গৌরীদাস পণ্ডিতাদির পিতা-



ঠাকুর। পত্নীর নাম—কমলাদেবী।
দামোদর, জগরাথ, স্থ্যদাস সরথেল,
গোরীদাস পণ্ডিত, রুফ্ডদাস ও
নৃসিংহচৈতক্স—ছয় পুত্র।
কংসার মিশ্রেই—উপেন্দ্র মিশ্রের পুত্র
ও শ্রীগোরাক্সের জ্যেষ্ঠতাত। শ্রীহট্টে
ঢাকাদক্ষিণ—শ্রীপাট।
কংসারি সেন—শ্রীনিত্যানক্ষ-শাখা।
জাতি—বৈহা। ইনি ব্রজনীলায়
রত্মাবলী (গোগ ১৯৪, ২০০)।

কংসারি সেন, রাম সেন, রামচন্দ্র
কবিরাজ॥ [চৈ চ জাদি ১১।৫১]
ইনি প্রসিদ্ধ সদাশিব কবিরাজের
পিতা। কুলপঞ্জিমতে ই হার
নামান্তর—শহরারি। ['সদাশিব
কবিরাজ' দ্রষ্টব্য]
কণ্ঠাভরণ—শ্রীগদাধর-শাখা।
গঙ্গা-মন্ত্রী, মামুঠাকুর, শ্রীকণ্ঠাভরণ॥
[চৈ চ জাদি ১২।৮০]
'শ্রীকণ্ঠাভরণোগাধিরনস্তশ্ট্রবংশজঃ।

লীলাকলাপ-সংগ্রুজং রাধারুক্ষরসাত্মকম্। শ্রীকণ্ঠাভরণং বন্দে তয়ো:
কণ্ঠাবতারকম্'॥ [শা° নি° ১৩]
[গৌ° গ° ১৯৬, ২০৬] ইঁহার
নাম—অনস্ক চট্টরাজ, পূর্বলীলায়—
গোপালী।
কনকপ্রিয়া দেবী—বিষ্ণুপ্রের
শ্রীনাসাচার্টের কলা এবং শ্রীকৃষ্ণবন্ধভ

আচার্যের ভগিনী। ইনি এনিবাস

আচার্যের

পুত্র শ্রীগভিগোবিন্দের

শিখা।

'শ্রীব্যাসকন্তার নাম শ্রীকনকপ্রিয়া।

তাঁহারে করিল। দয়া সদয় হইয়া'॥

(কণা২)

২ রাজা চাঁদরায়ের স্ত্রী। স্বামী-স্ত্রী হুই জনেই শ্রীল নরোত্ত্যচাকুরের

निय ছिटलन। (ठाँगद्रांश (पथ)।

'চাঁদরায়ের ঘরণী কনকপ্রিয়া নাম ॥' (প্রেয় ২০)

কনকলভিকা দেবী—গ্রীনরোত্তম-ঠাকুরের শাখা। গ্রীরামক্বঞ্চ জাচার্যের

বা চক্রবর্তীর ভার্যা ও তদীয় শিখা।

ই হার গর্ভে আচার্যের হুই পুত্র জন্ম;
রাধাক্ষয় এবং ক্ষয়াম চক্রবর্তী।

'আচার্যের ভার্যা নাম কনকলতিকা।

ভক্তি মৃতিমতী পতিব্রতা গুণাধিকা'॥ (নরো ১২)

কল্প রায়—শ্রীল গতিগোবিন্দ প্রভূর

শিষ্য।

'শ্রীকন্দর্পরায় চট্ট গতিপ্রভুর দাস।

তার কীত্তি-গুণগান জগতে প্রকাশ'॥

(কণা ২) **কপিলেঞ্ডদেব**—উড়িয়্যার গজপতি-

রাজবংশের প্রতিষ্ঠাতা হর্যংশু বলিয়া কথিত হয়। ইনি ১৪৩৫— ১৪৭০ খু: পর্যন্ত রাজত্ব করিয়াছেন।

১৪৭০ খৃ: পর্যস্ত রাজত্ব করিয়াছেন। তথন রাজধানী ছিল—কটকে।

শ্রীজপদাধমন্দিরে, ভূবনেশ্বরে ও গল্পামে কুর্মদেবের মন্দিরে ই'হার

অনেক অনুশাসনলিপি পাওয়া

গিয়াছে। গ্রীজগন্নাথমন্দিরের নিপি-শ্বলিতে গ্রীকপিলেজদেৰ-ক্বত গ্রীজগ-

দ্বাথসেবার জন্ত তৈজসপত্র, অলঙ্কার-সমর্পণ, সন্ধ্যাধুপের পর হইতে বড়

শৃঙ্গার পর্যস্ত তেলিঙ্গনার নর্ত্তকগণের দুত্য, শ্রীজ্মদেবের গীতগোবিন্দগান করিবার আদেশ আছে।

কপিলেশ্বর (র° ম°পূর্ব ১):৩০) শ্রীশ্রামানন্দ-প্রভুর শিষ্য।

কমর আলি পণ্ডিত - বৈষ্ণব-পদকর্তা

[ব-সা-সে] ।

কনলন্মন—মহাপ্রভুর শাখা, ব্রজের গন্ধোনাদা (গৌ° গ° ২০৫, ১৯৬)।

'হ্বুদ্ধি নিশ্র, হানরাননা, কমল-নয়ন'। (১চ°চ° আদি ১০।১১১)।

কমল সেন—গ্রীনরোত্ম ঠাকুরের শিষ্য।

'আর শাথা কমল সেন, যাদব কবিরাজ। মনোহর বিশ্বাস শাথা,

কমলাকর (কান্ত)—প্রীচৈতন্ত্র-শাখা; প্রীপরমানন্দপুরী নবদীপে

কমলাকর (কান্ত) বা দ্বিজ

কৃষ্ণ কবিরাজ।।'(প্রেম ২০)

আগমন করিয়া যখন শ্রবণ করিলেন

সহাপ্রস্থা দক্ষিণদেশ ভ্রমণ করিয়া

পুরীধামে প্রত্যাবর্ত্তন করিয়াছেন, তথন তিনি এই কমলাকরকে সঙ্গে লইয়া সত্তর পুরীতে প্রভুর দর্শনে

গমন করেন।

'প্রভুর এক ভজ্ঞ, বিজ কমলাকর

(কাস্তা) নাম। তাঁরে লঞা নীলাচলে

করিলা প্রয়াণ ॥ [চৈ ° চ ° মধা ১০।

করিলা প্রয়াণ ॥ [চৈ ° চ ° মধ্য ১০।
৯৪]

কমলাকর দাস— হৈছা। প্রসিদ্ধ

শ্রীবৈতক্তমঙ্গল-প্রণেতা শ্রীলোচনদাসের পিতাঠাকুর (লোচনদাস
দেখ)। ২ 'ঠাকুর' উপাধি। সম্ভবতঃ
ব্রাহ্মণ, 'বৈক্ষব-বন্দনা'র কমলাকর
পিশ্লায়ের পরেই ই'হার নাম

পাওয়া যায়।

'তবে বন্দ ঠাকুর কমলাকর দাস।
ফুক্ড-সংকীর্তনে যাঁর পরম উল্লাস'॥

(বৈষ্ণব-বন্ধনা) 'গোরাদ্ধপুরেতে স্থিতি কমলাব্র দাস আখ্যান॥' (পা° প°) এই গ্রন্থয়তে ইনি

পো প) এহ এইমতে হান শ্রীঅভিরাম গোম্বামির শিশ্ব। কমলাকর পিপ্লাই—গ্রীচৈতন্ত-

ভাগৰতে ইনি কমলাকান্ত পিপ্লাই নামে অভিহিত, শ্ৰীনিত্যানন্দশাখা

ও পার্ষদ। শাদশ গোপালের অন্ততম —- শ্রীমহাবল গোপাল।

'কমলাকর পিপলাই অলৌকিক রীত। অলৌকিক প্রেম তার ভ্বন-বিদিত॥ [চৈ° চ° আদি ১১।২৪] আক্না মাহেশে জন্ম জ্ঞাগেশ্বরে

স্থিত। কমলাকর পিপ্লাই এই সে

লিখিত ॥ কমলাকর মহাবল পূর্বনাম হয় ॥ [পা°প°] শ্রীপাট—মাহেশ। হুগলী জেলার

প্রীরামপুর হইতে একজোশ দকিণে,

গঙ্গাতীরে। বৈষ্ণবাচারদর্গণে—

'মহাবল গোপাল যে ছিল
বৃন্দাবনে। কমলাকর পিপ্লাই সেই

সে এখানে॥ দিবারাত্র করে
রাধারুষ্ণ-গুণগান। নিত্যানন্দ প্রস্কু-

শাখা বৈষ্ণবের প্রাণ॥ গঙ্গার পশ্চিম তীরে মাহেশে রহিল। জগরাথ-প্রতিমূর্ত্তি করি' সেবা কৈল॥' ১৪৩৯ শকাব্দে পাণিহাটীর দণ্ড-মহোৎসবে এবং ১৫০৪ শকাব্দে

খেতুরির বিখ্যাত উৎসবে ইনি

উপস্থিত ছিলেন। কাটোয়ার দাস


গদাধরের ভিরোভাব উৎসবেও ইনি

ছিলেন। জয়ানন্দের চৈতক্তমঙ্গলে
জানা যায়;—

'কমলাকর পিপ্লাই বড় ভাবের
উদ্দাম। নিত্যানন্দ দিলা যাঁবে পাণি-

উদ্ধাম। নিত্যানন্দ দিলা যাবে পাণি-হাটী গ্রাম'॥ (বিজয়খণ্ড); আবার

কমলাকর পিপ্লাইর বংশতালিকা



শ্রীচৈতক্সভাগবতে (অস্ত্যু ধাণ্২৯) জানা যায়:-'পণ্ডিত ক্মলাকান্ত **ऐकाम। याँशा**द्ध क्रिलन প্রম নিত্যানন্দ সপ্তগ্রাম' ॥

পিপ্লাই মহাশয় শেষে বিবাহাদি করিয়া সংসারী হয়েন। হঁহার এক ছিলেন—তাঁহার ক্সার্ত্ত নাম বিহ্যুমালা দেবী। 'শ্ৰীনিত্যানন্দ-বংশ-বিস্তার' গ্রন্থে জানা যায়. পিপ্লাই মহাশয়ের ক্যার সহিত মাহেশনিবাসী প্রধাময় न्द्रिंग-বিবাহ হয়। পাধ্যায়ের ক্লা ও পুরীধামে জামাতা গম্ন তাঁহারাও এক কন্সা প্রাপ্ত হয়েন, नाग-न'ताश्गी (नबी। তাঁহার ই হার সহিত প্রভু বীরভদ্রের বিধাহ হয় |

'মাহেশনিবাসী এক বিপ্র শুদ্ধ-বিষ্ণু-বৈষ্ণব-পূজা চিত্ত। নিত্যকৃত্য ॥ স্থাময় নাম পিপ্লায়ের জামাতা। বিহ্যুনালা নাম হয় তাহার বনিতা ॥' (নিত্যানন্দবংশ-বিস্তার

৩য় স্তবক, ১৬ পু:)।

কিন্তু এ বিষয়ে বহু মততেদ আছে। বৈঞ্চবাচারদর্পণের জাযাতা--যত্নন্দন। পিপলায়ের যথা—'শ্ৰীযত্নন্দন, শুদ্ধচিত্ত নানাবিধ গুণালয়। ভার্যা বিহ্যুমালা, नीना, লক্ষীসম পিতা যাঁর পিপ্লাই। মাহেশে নিবাস, জগরাথে আশ, অনু আশ কিছুই নাই। খ্রীকমলাকর, যাহার খণ্ডর, জামাতা যত্নন্দন'।--(ঐ ১০ পৃঃ)

ক্মলাক্র-মাহেশের বংশীয় অধিকারী মহাশয়গণ বলেন-কমলাকরের কহার নাম—রাধারাণী এবং তাঁহার আতৃকভার নাম-রমা দেবী। ছই ভ্রাতার ছই ক্সাকে খড়দহের প্রসিদ্ধ কামদেব পণ্ডিত ও যোগেশ্বর পণ্ডিত বিবাহ করিয়া-পিপ্লাই ক্মলাক্র ছিলেন। পুরুষ, অধ্স্তন ১৪শ মহাশয়ের শ্রীশ্রীজগন্নাথ-দেবের মাহেশনিবাসী সেবক শ্রীযুক্ত প্রসাদদাস অধিকারী মহাশয় তাঁহাদের বংশপরম্পরায় শ্রুত রক্ষিত কাহিনী এবং দেবালয়ে পুরাতন কাগজপত্র হইতে নিয়-লিখিত বিষয়গুলি জানাইয়াছেন;— क्रमत्त्रतात्र निक्षे 'थानिष्क्रिन'-নামক গ্রামে ১৪১৪ শকাবে বাঙ্গাল! ৮৯৯ সালে কমলাকরের জন্ম হয়! ইনি শুদ্ধ শ্রোতিয় রাচীশ্রেণীর বান্ধণ, বাৎশুগোত্র। ইহার পিতা ধনী ছিলেন। কমলাকরের জমিদার কনিষ্ঠ ভ্রাতার নাম—নিধিপতি।

'বৈষ্ণবাচারদর্পণে' ক্মলাক্র পিপ্লাই মাহেশের শ্রীশ্রীজগরাথ-দেবের প্রতিষ্ঠাতা বলিয়া কিন্তু ই হারা আছে; ঞ্বানন্দ ব্ৰন্ধচারী-নামক জনৈক ভক্ত করিয়া শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা কমলাকরকে সেবাভার দিয়া **যান।** মাহেশে ক্মলাক্র श्रशादिक আসিয়া শ্রীশ্রীজগরাথদেবের সেবাভার গ্রহণ করেন এবং স্বীয় জন্মভূমি খালিজুলী হইতে স্ত্রী-পুত্র-পরিজন-

কমলাকরের

বর্গকে এবং স্বীয় কুলপুরোহিত
চণ্ডীবর ঠাকুরকে মাণ্ডেশে লইয়া
আসিয়া বসবাস করিতে থাকেন।
মাহেশ পূর্বে বন-জন্ধলে পরিবৃত
ছিল। তাঁহার আগমনে স্কল্য গ্রামে
পরিণ্ড হয়।

চতুতু জ। কন্সার নাম-রাধারাণী।

পুত্রের নাম—

পূর্বেই বলা হইয়াছে—(ইঁহাদের
মতে) ২ড়দহের কামদেব পণ্ডিতের
সহিত কল্লার বিবাহ প্রদান করেন।
বৈফবাচারদর্পণমতে ইনি কল্লার
বিবাহ দিয়া শ্রীবৃন্দাবনে গমন করেন
এবং তথায় দেহরক্ষা করেন। অধিকারিদের মতে ১৪৮৫শকে বা ৯৭০
সালে ৭১ বৎসর বয়ঃক্রমকালে
চৈত্রী শুরুা ত্রয়োদশীতে ইনি দেহরক্ষা
করিয়াছিলেন; কোথায় এবং
কিরূপে, তাহা কিছু লেখা নাই।

পিপলাই মহাশয়ের মাহেশে কোন

मगाथि नारे। एक छ धीतुन्नावरनरे

দেহরকা হইতে পারে। অধিকারী

মহাশয়দিগের স্কল কথা গ্রন্থের

সহিত মিলে না। অধিকল্প তাঁহাদের বিবরণে পিপ্লাই মহাশয়ের সহিত শ্রীনিত্যানন্দের মিলনের বা তৎ-সংক্রান্ত কোন কথাই দেখা যায় না। কমলাকরের পুত্র চতুতু জের হুই পুত্র— নারায়ণ 13 জগনাথ। নারায়ণের পুত্র জগদানন। দানন্দের পুত্র রাজীবলোচন। রাজী-বলোচনের সময় দেবসেবার বড়ই তুরবস্থা হয়, কিন্তু ঐসময়ে কোন নবাৰ বাহাতুর কারণে ঢাকার জগরাথদেবকে (১০৬০ সনে) ১১৮৫ বিঘা জমি দান করেন। জগন্নাথ- দেবের নামাত্মগারে উক্ত মে`জার। নাম জগলাথপুর হয়। উহা

শাহেশের দেড় কোশ দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। কিছুকাল পরে উক্ত মৌজার কর লইয়া গোলমাল হইলে নবাবসাহেবের দেওয়ান পাণিহাটি-

নিবাসী ৺গৌরীচরণ রায়চৌধুরী মহাশয় চুনাখালি প্রগণার উপর

জগন্নাথপুরের করভার চাপাইয়া দিয়া উহাকে দেবোতর করিয়া দেন।

বর্ত্তমানে যেখানে প্রন্দর দেবমন্দিরাদি আছে, পূর্ব্বে তথায় ছিল
না, গঙ্গার উপর ছিল। এজন্ত
গঙ্গার ভাঙ্গনে পুরাতন মন্দির নষ্ট
হইয়া গেলে কলিকাতা পাথুরিয়াঘাটানিবাসী স্বর্গীয় নয়ানচাঁদমলিক

নির্মাণ করিয়া দেন।
বর্ত্তমানে জগন্নাথদেবের একখানি
অতীব স্থন্দর লোহনির্মিত রথ
আছে। ১২৯২ সালে পুরাতন কার্চরথ ভত্মীভূত হইলে ক্বঞ্চন্দ্র বাবু

মহাশয় ১১৬২ সালে নব মন্দিরাদি

নিম্মাণ করিয়া দেন। সর্ব্বপ্রথমে দেওয়ান ক্বফরাম বস্থ (কলিকাতার শ্রামবাজার-নিবাসী) রথ প্রস্তুত করিয়া দেন, পরে উহাজীর্ণ হইলে তৎপুত্র দেওয়ান গুরুচরণ বস্থ

নির্মাণ করিয়া দেন। ১২৬০ সালে

মহাশয় বিশ হাজার মুদ্রাব্যয়ে উহা

উহা ভন্মীভূত হয়। এজন্ত ওকচরণ বস্তুর পুত্র কালাচাঁদ বস্তু রায়বাহাত্বর পুনরায় নির্মাণ করেন। ভাহার পর প্রথমোক্ত লৌহনিন্মিত রথ

প্রীজগরাথদেবের গুঞ্জা-বাটী ১২৬৪ গালে মল্লিক-বংশীয়া রঙ্গময়ী দাগী-

অগ্যাবধি চলিয়া আসিতেছে।

কর্তৃ নিশ্বিত হয়।

্পুণালার হয়। পিপ্লাই মহাশয়ের কংশধরগণ বর্তুমানে অধিকারি-নামে থ্যাত।

উহাদের বিস্তৃত বংশতালিক। ১১৬১ পৃষ্ঠার প্রদত্ত হইয়াছে।

কমলাকান্ত— শ্ৰীচৈত**ন্ত-শা**খায় কেব**ল**

নাম আছে। 'মাধবাচার্য, কমলাকান্ত, শ্রীষত্ব-

নন্দন'॥ চৈ° চ° আদি ১০।১১৯)। ২—কেহ কেহ বলেন, ইনি মহ'-

প্রভুর সহপাঠী ছিলেন। প্রভু বিভাবিলাসের কালে কমলাকান্ত,

মুরারি গুপ্ত, কুঞানন্দ আগমবাগীণ, রঘুনাথ শিরোমণি ও রঘুনন্দন-প্রভৃতি

ভাষের ফাঁকি জিজ্ঞাসা করিয়া পরাজিত করিতেন।

(ভবিষ্যতের মহামহাপণ্ডিতগণকে)

প্রীম্রারিগুপ্ত, প্রীকমলাকাস্ত নাম।
কৃষ্ণানন্দ-আদি যত গোষ্ঠীর প্রধান॥
(ৈ চ° চ° আদি ৮।৩৮)
কৃষ্ণানন্দ, শ্রীকমলাকাস্ত, মুরারিগুপ্তে।

এথা ফাঁকি জিজাসয়ে প্ৰভু হৰ্ষচিত্তে॥
(ভক্তি ১২।২১৮৭)
কমলাকাস্ত আচাৰ্য—শ্ৰীগদাধর

পণ্ডিতের শাখা।
'আচার্যং কমলাকাস্তং মহাগ্রভগবিগ্রহম্। প্রমানন্দ-সন্দোহং বন্দে ক্রপ-নিষেবিণম্'॥ (শা° নি° ৫৪)

কর—শ্রীনরোত্তম

ঠাকুরের শিষ্য। বিষ্ণু চক্রবর্তী আর কমলাকাস্ত কর। (প্রেম ২০)

কমলাকা ন্ত

কমলাকান্ত দত্ত—রাসরস্ব-কণিকার হচয়িতা [ব-সা-সে]।

ক**মলাকান্ত দাস**—১২১৩ বজান্তে 'পদরত্নাক্র'-নামক গ্রন্থ সঙ্কলন করিয়াছেন। ইনি ব্রজবুলি-পদ-রচনায় উত্তম কবি। পদরত্বাকরে ৪০ তরঙ্গে ১৩৫৮ পদ সমাজ্ত

৪০ তরঙ্গে ১৩৫৮ পদ সমাস্ত্ত হইয়াছে। **২** (জচ ১২।৪) ছ্র্গাপুর-নিবাসী-শ্রীজ্ঞগদীশ পণ্ডিতের শিষ্য ।

কমলাকান্ত বিজ – ইনি নবন্বীপ হইতে শ্রীপরমানন্দপুরীগহ নীলাচলে গিয়া মহাপ্রভুর সহিত মিলিত হন। (চৈচ মধ্য ১০৷৯৪)

কমলাকান্ত পণ্ডিত—শ্রীনিত্যানন্দপার্ষদ। (কমলাকান্ত দেখুন)
[চৈ ° ভা ° অন্ত্য ৫।৭২৯]
কমলাকান্ত বিখাস—শ্রীঅবৈত-

শাখা।

'কমলাকান্ত বিশ্বাস নাম অবৈতকিন্তুর'॥ [ৈচ ° চ ° আদি ১২।২৮]

ইনি অবৈত প্রভুর গৃহে হিদাবপত্র লিখিতেন। একদা পুরীর রাজা প্রভাপরুদ্রদেবকে ইনি একথানি পত্র লিখেন। পত্রের বিষয়— অবৈত-প্রভু স্বয়ং ভগবান্, ইহা নানাবিধ প্রমাণবারা লিপিবদ্ধ করেন এবং পরিশেষে তাঁহার তিনশত টাকা ঋণ হইয়াছে, এজন্ত অর্থের প্রার্থনা করেন। দৈবক্রমে মহাপ্রভুর হস্তে এই পত্রিকাখানি আসে। ইহাতে মহাপ্রভু কমলাকান্তের

নিবেদন করিলে প্রাভু কমলাকাতকে বলিলেন—

'প্রতিগ্রহ কভু না করিবে রাজ-ধন। বিষয়ীর অন্ন খাইলে তুই হয়

यन॥ यन प्रष्ठे देश्य नटश क्रस्थत

ব্যবহারে অতিশয় ব্যথিত হইয়া

তাঁহাকে নিকটে আসিতে বারণ

করিয়া দেন। অদৈত-প্রভু বুভান্ত

অবগত হইয়া মহাপ্রভুর চরণে

শরণ। कृष्णभृতি বিনা হয় নিজ্ল ।
জীবন ॥ লোকলজা হয়, ধর্মকীতি ।
হয় হানি। ঐছে কর্ম না করিহ কতু
ইহা জানি'॥ (১৫১ চ আদি ১২।

৫০-৫২)।
 কমলাক্ষ—শ্রী গবৈত প্রভুর পূর্বনাম
 [১৮৫ চ° আদি ৬।৩০]। -বন্দ্রের
 জেচহাহ০) শ্রীজগদীশ পণ্ডিতের।

পিতা।

কমলাদেবী—গ্রীকংগারি মিশ্রের
বনিতা। শ্রীহর্ষদাস ও গৌরীদাস
পণ্ডিত প্রভৃতির মাতাঠাকুরাণী।

মহী। ২ প্রীঠাকুর মহাশয়ের শিষ্য রূপনারায়ণের মাতা। কমলানন্দ—শ্রীচৈতগুশাখা। পূর্বে গৌড়ে ই হার শ্রীপাট ছিল। তথা

শ্রীবস্থধা ও শ্রীজাহ্নবাদেবীর পিতা-

করিয়াছিলেন।
'গৌড়ে পূর্বভূত্য প্রভূর প্রিয় কমলানন্দ'॥ [১৮° চ° আদি ১০۱১৪৯] কমলাবতী (গৌগ ৩৬) শ্রীগৌরান্দের

পিতামহা, বজলীলায় শ্রীকৃষ্ণ-পিতা-

বাস

হইতে পুরীধামে প্রভুর নিকট

মহী—'বরীয়সী'।

করুণাদাস মজুমদার—করণকুলোডব, আচার্যপ্রভুর শিয়

জানকীরাম দাসের পিতা, আচার্যের

পাইয়াছেন (প্রেম ২০)।
কণ দেব – দিগ্বিজয়ী ভূমিপাল
চেদীপতি, পালরাজগণের সময়ে

পত্র লিখিয়া ই হারা 'বিশ্বান' উপাধি

রাঢ়দেশের অধিপতি ছিলেন।
নীরভূমের পাইকোড় গ্রামে আবিষ্কৃত
শিলালিপি হইতে জানা যায় যে
তিনি পরমবৈষ্ণব ছিলেন। যুবরাজ

रेनि

স্বক্তা

বিগ্ৰহপালকে

যৌবনপ্রীকে সম্প্রদান করত পালসম্রাট্ নয়পালের সহিত বৈবাহিকসম্বন্ধে আবদ্ধ হইয়াছিলেন। মালবরাজ উদ্যাদিত্য ও তৎপুত্র
লক্ষদেবের শিলালিপি হইতে জানা
যায় যে কর্ণাটকগণ চেদীবংশু গাঙ্গেম্ব-

দেব ও তৎপুত্র কর্ণদেবের দক্ষিণহস্ত-

স্বরূপ ছিলেন। ক**র্ণ পূর**—প্যাবলিতে ই^{*}হার রচিত (৩০৫) একটি শ্লোক উদ্ধৃত হইয়াছে।

(৩০৫) একাট শ্লোক ভদ্ধত হহরাছে।
কণ পূর কবিরাজ—শ্রীনিবাস আচার্য
প্রভূর শিষ্য, শ্রীপাট – বাহাত্ত্রপূর
(প্রেম ২০)।
কেপপূর কবিরাজে প্রভূদ্যা কৈল।

অপার ভজন ধাঁর না পারি কহিতে। সদামগ্ন রহে যিঁহো মানস-দেবাতে'॥ (কুর্ণা ১)

প্ৰভূশাখা-বৰ্ণনাতে যিঁহো ধ্যা হইল॥

ছিলেন এবং রঘুনাথ আচার্যাদির বাসাগৃহের তত্ত্বাবধান করিয়াছিলেন। 'রঘুনাথ আচার্যাদির বাসা ঘরে। করিলা নিযুক্ত কবিরাজ কর্ণপূরে'॥ (নরো ৬)।

ইনি 'গুণলেশস্চক' বা 'শ্রীনিবাস-গুণলেশস্চক' নামে গ্রন্থ প্রণয়ন করেন [নরো ২]! দ্বাবিংশতি অমুষ্টুপ্ শ্লোকে রচিত ইঁছার শাখাবর্ণন-স্তোত্তিও শ্রীনিবাসা-চার্যেরই মহিম স্চক।

কলানিধি আচার্য--শ্রীনিবাস

আচার্যের শিষ্য। 'বঙ্গদেশে স্থিতি হয়, নাম কলা-নিধি। বিপ্রকুলে জন্ম তাঁর, আচার্য উপাধি॥ তাঁরে রূপা কৈল প্রভু হঞা কুপাবান'॥ [কর্ণা১] কলানিধি চট্ট-শ্রীনিবাস আচার্যের শিষা। প্রীপাট-কাঞ্চনগডিয়া। 'তবে সেই কলানিধি চট্টরাজ নাম। সদা হরি নাম জপে—এই তার কাম॥ প্রভু কছে—তুমি চৈতন্তের প্রিয়তম। লক নাম জপ তুমি করিয়া নিয়ম'। [কর্ণা ১] কেহ কেহ কুমুদ চট্টকেই 'কলা-নিধি' বলিয়া থাকেন। কলানিধি নরস্থার—মহাপ্রভুর সন্নাদের সময় ইনি কেবিকর্ম করিয়াছিলেন। গোবিন্দদানের কডচায় ভিন্ন নাম দেখা যায়;— 'দেবা নামে নাপিতেরে ডাকিয়া আনিল। বিশ্ববৃক্ষতলে আসি নাপিত বসিল'॥ (গোবিন্দ-কড়চা ২৪ পঃ)। আবার মতান্তরে এই নাপিতের নাম মধুশীল বলিয়াউক্ত আছে। কলানিধি রায়—শ্রীচৈতগুশাখা। রায়ের ভাতা। প্রসিদ্ধ রামানন্দ পিতার নাম-ভবানন্দ রায় ৷ রামানন্দ রায়, পট্টনায়ক গোপী-নাথ। কলানিধি, ছধানিধি, নায়ক বাণীনাথ॥ [চৈ॰ চ° আদি ১০।১৩৩]। কলাবতী—উপেন্দ্র মিশ্রের পত্নী। শ্রীগোরাঙ্গের পিতামহী কমলাবতী। কবি কর্ণপূর—শ্রীচৈতন্ত্রশাখা। ই হার প্রকৃত নাম—পর্মানন্দ সেন। মহা-প্রভুদত্ত নাম-কর্ণপূর। পিতার নাম--- শ্রীশিবানন্দ সেন।

'হৈতভাদাস, রামদাস আর কর্ণপুর।

শিবানন্দের তিন পুত্র প্রভুর ভক্তশূর'॥ (रेठ° ठ° आमि २०।७२) জনকাল-১৫২৪ খুঃ। কাঞ্চন-পল্লী বা কাঁচভাপাভায়—শ্রীপাট। ১৪৯৪ শকে ইনি 'গ্রীচৈত সচক্রোদয়' নাটক শংস্কৃত-ভাষায় রচনা করেন। তাহার চারি বৎসর পরে 'প্রীগৌর गर्गारक्रमंनी शिका' तहना करतन। ব্যতীত আনন্দবুন্দাবনচম্পু, প্রীচৈতন্তচরিত-মহাকাব্য, আর্যাশতক, কৃষ্ণাহ্নিককৌমুদী, অলম্বার-কৌপ্তভ, দশমস্বনটীকা, চৈত্ৰসহস্ৰনামস্তোত্ৰ প্রভৃতি বহু গ্রন্থ রচনা করিয়াছিলেন। কর্ণপুর বা প্রমানন্দ সেনের যখন বয়ঃক্রম ৭ বৎস্র তখন স্ফ্রীক শিবানন্দ সেন তাঁহাকে গ্ৰহয়া নীলা-চলে গমন করেন। তথন তিনি মহাপ্রভুর পদাঙ্গুষ্ঠ লেহন করত একটি অপূর্ব শ্লোক রচনা করিলেন— 'শ্রবসোঃ কুবলয়মক্ষোরঞ্জনমুরসো মহেক্রমণিদাম। বুন্দাবনরমণীনাং মণ্ডনমখিলং হরিজয়তি'॥ আর দিন প্রভু কহেন 'পড় পুরীদাস'। এক শ্লোক করি' তিঁহে। করিলা প্রকাশ। সাত বৎসরের শিশু, নাহি অধ্যয়ন। ঐছে শ্লোক করে লোকে চমৎক্বত হন॥ (চৈ° চ° অন্ত্য ১৬।৭৩, ৭৫]। বৈষ্ণবাচারদর্পণে আছে.— 'গুণচুড়া স্থী হন কবি কর্ণপুর। কাঁচড়াপাড়ায় বাস, চৈত্তভাবিশ্র॥ বৃদ্ধ-পদাসুষ্ঠ প্রেভু যাঁর মুখে দিলা। 'পুরীদাস' নাম বলি শক্তি সঞ্চারিলা'॥ কবিচক্রবর্ত্তী চূড়ামণি—'শ্রীধরস্বামি-কৃত ভাবার্থদীপিকা শ্রুভিস্তুতির উপর

ইনি শঙ্করমতে ব্যাখ্যা করিয়াছেন।

টিপ্লনীর নাম—'অরয়বোধিনী'। ইনি শ্রীবৃন্দাবনবাসী ব্রাহ্মণ বলিয়া অন্তিমে পরিচয় দিয়াছেন। রচনার তারিখ নাই। কবিচন্দ্র—গ্রীচৈতন্ত শাখা। কৰিচন্দ্ৰ, আর কীর্ত্তনীয়া ষ্ঠীবর॥ (है ठ° ठ° पानि ३०। ३०) 'কবিচন্দ্র' ই হার উপাধি; এই উপাধি বহু ভক্তের দৃষ্ট হয় যথা— कदिष्ठल यष्ट्रनाथ, यूकुन, दनमानी, ইন্দ্রিয়ানন্দ। ভগীরথ বন্ধু-প্রণীত ১৩১৮ সালে ৩৩৭ নং গরাণহাটা হঁইতে সীতানাথ রায় দ্বারা প্রকাশিত-'চৈতন্ত্ৰ-সঙ্গীতা'-গ্ৰন্থে (১৬ পঃ) এই কবিচন্দ্ৰকে ভট্ট বা ভাটবান্ধণ বলিয়া লিখিত আছে। ৬৪ মহাস্ত উল্লেখে লিখিত আছে;— 'গুণচূড়া প্রবোধানন্দ সরস্বতী (?)। বরাঙ্গনা কবিচন্দ্র ভাটু মহামতি'॥ কবিচন্দ্র-ক্বত চার্ফি প্র (১৬২, ১৬৬, ১৮৮ ও ১৮৯) প্ৰাৰ্শীতে হইয়াছে। কোন কবিচন্ত্র জানিবার উপায় নাই। ২ এরিসিকা-নন্দের বাল্যশিক্ষক। [র°ম° পূর্ব ৯।২৬]। ৩ শ্রীগীতগোবিন্দের পয়ারে অমুবাদক; ইনি খণ্ডঘোষবাসী কবি-কর্ণপূরের পুত্র। কবিদত্ত-গ্রীগদাধর-শাখা। নাম ভির আর কোনও পরিচয় নাই। [গৌ° গ° ১৯৭, ২০৭] ইনি ব্রজের কলক্ষী। 'কুলিয়া, পাহাড়পুর ছুইত নির্দ্ধার। বংশীবদন, কবিদত্ত, সারঙ্গ ঠাকুর॥ এই হুই গ্রামে তিনে সতত আদর।

কুলিয়া পাহাড়পুর নাম খ্যাতি হয়'॥

(পা° প°]। 'অনস্ত আচার্য, কবিদত্ত,

মিশ্র নয়ন'। । চৈ° চ° আদি ১২।৮০]। 'মহাভাব-চমৎকার্রপান্বিত-সভাব-জন। রাধাককে) যশু হদি বন্দে তং কবিদন্তকম'॥ [শা° নি° ৯]

কবিরঞ্জন-শ্রীখণ্ডবাদী ও শ্রীল রঘু-নন্দন ঠাকুরের শাখা। প্রসিদ্ধ পদকর্কো।

কবিরত্ন মিশ্র—এড়্রাগ্রামী, শ্রীদর-কার ঠাকুরের শাখা। 'কবিরাজ মিশ্র। কবি বণিবেক।

याहा। भूनः भूनः खना लिया छनि যেন তাহা'॥ [নামা ২২০] কবিবল্লভ—শ্রীনিবাসাচার্য

িশিষা। ইঁহার হস্তাক্ষর অতীব স্থার ছিল, এজন্ত ইনি 'আঁথরিয়া'

নামেও পরিচিত ছিলেন। শ্রীনিবাস আচার্য প্রভুকে অনেক গ্রন্থ লিখিয়া দিয়াছিলেন।

'গ্রীকবিবল্লভ হয় প্রভুর নিজ দাস। প্রেমে রাধাকফনাম গান মহোলাগ। অনেক পুস্তক প্রভূকে দিয়াছে লিথিয়া। যেন মুক্তাপাতি লেখা মহা

আঁখরিয়া'॥ (কণা২) কবিবল্লভ দাস-পিতা রাজবল্লভ, गाठा-देवकवी। खक-छेक्रव मान। গুরু শ্রীসরকার ঠাকুরের শিষ্য;

মুক্টরায়-নামক ব্রাহ্মণের অন্থরোধে ১৫২০ শকে 'রসকদম্ব' গ্রন্থ রচনা করেন। বাসস্থান বগুড়াজেলায় করতোয়াতীরে মহাস্থানের সমীপ্রতী

অরোড়া গ্রামে। (রসকদম্ব ৯৯৭) পদকলতকতে (১০১) একটিমাত পদ ই হার রচিত পাওয়া যায়।

আক্ষেপাতুরাগ—(৯৩৯) 'সখি হে ৷ কি পুছদি অহভব মোয়। সোই পিরীতি অমুরাগ বাখানিতে তিলে তিলে নৃতন হোয়॥ জনম অবধি হাম রূপ নেহারত্ব নয়ন না তিরপিত ভেন। লাখ লাখ যুগ হিয়ে হিয়ে

রাখয় তবু হিয়ে জুড়ন না গেল॥ বচন-অমিয়ারস অমুখণ শুনলু শ্রুতি-পথে পরশ না ভেলি। কত মধু যামিনী রভদে গোঙাইলুঁ না বুঝর

কৈছন কেলি॥ কত বিদগধ জন রদ অহুমোদই অহুভব কাঁছ না পেথি। কহ কবিবল্লভ হানয় জুড়াইতে মিলয়ে কোটিমে একি'॥ কবিশেখর (রায় শেখর) ত্রীগোবিন

কবিরাজের পরে খাঁছারা ব্রজবুলি-

কবিতায় প্রসিদ্ধি লাভ করিয়াছেন,

তাঁহাদের মধ্যে রায়শেখরের আসন্ই সর্বোচ্চে। ইনি খণ্ডবাসী এরিখুনন্দন ঠাকুরের শিষা এবং তাঁহার নামে তুইটি পদও রচনা করিয়াছেন (পদক ২০৭০—৭৪)। রায়শেখর, কবি-

শেখর, শেখর, নৃপক্বিশেখর প্রভৃতি

ভণিতায় পদকলতক্তে প্রায় ৯১৷৯০টি

বজবুলি কবিতা আছে। শ্রীগোবিন্দ কবিরাজের পূর্ববতী কি পরবর্তী—এই লইয়া সাহিত্যিকদের মধ্যে মতবৈধ দেখা যায়। ভাকার অকুমার সেনের সহিত একমত হইয়া আমি ইঁহাকে পরবর্তী মহাজনই বলিলাম। ইহার স্বপক্ষে

'ব্ৰজবুলি দাহিত্যের ইতিহাস' নামক

পুস্তকের ১৪৭ পঃ-১৪৯ পঃ এবং

বিপক্ষে যুক্তি গৌরপদতর ক্লিণীর

ভূমিকা ২৫১—২৫০পুঃ দ্রষ্টব্যু, রচনার আদর্শ-(২৭০৮) ব্রজবুলিতে-'কাজর-কৃচিহর রয়নী বিশালা। তছু পর অভিসার করু ব্রজবালা॥ ঘর ग८७ निकगरत्र रेयप्टन क्षात्र । निभवन

চিত অতি আরতি বিধার। গুরুষা निज्य नव (योदन ভाর॥ क्यणिनी মাঝা খিনী উচ কুচজোর। ধাধসে চলু কত ভাষে বিভোর॥ রঙ্গিণী गक्रिनी ন্ব ন্ব জোরা। নব

পথ গতি চললিছঁ খোর॥ উন্থত

অহুরাগিণী নব রুসে ভোরা ॥ অঙ্গকি আভরণ বাসয়ে ভার। নৃপুর কিঞ্চিণী তেজন হার।। नীলাকমন উপেথলি রানা। মছরগতি চলুধরি খ্যামা॥ যতন্তি নিঃসরু চুরস্থা। শেখর আভরণ ভেল বছস্তা'॥ পদক ২৫৫৮ ছইতে ২৫৮৬ পর্যন্ত

পদ গুলি প্রায়শ:ই আখ্যায়িকা-জাতীয়। २१२8--२१७० खर् २१३४--२४०० পর্যন্ত ধামালীরীতিতে রচিত। কবি-্শেখরের **দণ্ডাত্মিকা** লীলাগ্রন্থ গৌড়ীয় বৈষ্ণব-জগতে প্রশিদ্ধ। ডাঃ স্কুমার

দেন 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে'

(২১৪ পঃ) বলেন—কবিশেখর ৪

খানা গ্রন্থ রচনা করিয়াছেন। (১) গোপাল-চরিত-মহাকাব্য. গোপাল-কীৰ্ত্তনামৃত, (৩) গোপীনাথ-বিজয় নাটক ও (৪) গোপালবিজয়। তনাধ্যে প্রথম ও তৃতীয়টি সংস্কৃত।

কাজি-মৌলানা দিরাজুদ্দিন, নামান্তর – চাঁদকাজি। লদীয়ায প্রথমতঃ কীর্ত্তন-যিরোধ করেন, পরে মহাপ্রস্থর কুপালাভে ধন্ত হন (হৈ চ° আদি 391328-328). কার্ত্তনকারী নগরিয়াগণকে অভ্যাচার করেন

৩:৮,৩৩২) কাভিন্যনগীলা (চৈভা यश २०।०६२-- ६२०)। २ छीहतिमाग ঠাকুরের ফুলিয়ায় অবস্থানকালে কাজি-কভুকি মূলুকপতির স্মীপে

(তৈভা মধ্য ২০১১০১—১১১, ২৩২,

3366

রচনা বলিয়া কেহ কেহ বলেন।

কানাই গোপ-জ্ঞীগ্রানল-প্রভুর

'নিমু গোপ, কানাই গোপ, হরি

গোপ আর। ধারেনা গ্রামেতে বাস

নামেও খ্যাত। ত্রীরঘুনন্দনের পুত্র।

'রঘুনন্দনের পুত্র, নাম ঐকানাই।

অল্ল বয়সে সে সৌন্দর্যের সীমা নাই॥

শ্রীগৌরচন্ত্রের গুণে সদাই বিহবল।

ধরিতে নারয়ে অঙ্গ করে টলমল'॥

গ্রীকাহবা দেবা ও ভক্তবুন্দ শ্রীখণ্ডে

সরকার ঠাকুরের গৃহে পদার্পণ করিলে

[ভক্তি ১১|৭৩১—৭৩৪]

শিষ্য। শ্রীপাউ-ধারেন্য।

হয় এ সবার'॥ (প্রেম ২০)।

কানাই ঠাকুর—'কায়

শ্রীখণ্ডে-শ্রীপাট, বৈছ।

ষ্বনকুলোডুত হরিদাসের বিক্জে হিন্দুধর্মযাজনের জন্ম অভিযোগ, হরিদাস ঠাকুরের শাস্তি, ২২ বাজারে

প্রহার, শ্রীনামানন্দে বিভোর ঠাকুর

হরিদাস, কাজির পরিবর্ত্তনাদি-প্রসঙ্গ (চৈভা আদি ১৬।৩৬—১২৮)।

কাজি সাহেব--এঁ জ্য়াদহ-নিবাদী, ই হাদারা দাসগদাধর হরিনাম

উচ্চারণ করাইয়াছিলেন [চৈ° ভা° অন্ত্য বাত্তৰ-৪১৫] | কাঞ্চনলভিকা **দেবী**—শ্ৰীনিবাস

আচার্য-প্রভুর কনিষ্ঠা কন্সা ও নিয়া।

কাঞ্ন ঠাকুরঝি এবং যমুনাঠাকুরঝি নামেও খ্যাত।

'ঐকাঞ্চন ঠাকুরঝি, ঠাকুরঝি যমুনা অভিধান' (অফু ৭)। আর

ক্তা কাঞ্ন-লতিক। যাঁর নাম। उँरत निজ-পদাশ্র দিলা দ্য়াবান্'॥

(কণা ১) ইঁহার স্বামীর নাম বা বিবাহের সংবাদ পাওয়া যায় না। কানাই খুঁটিয়া—গ্রীমহাপ্রভুর ভক্ত।

উড়িষ্যাদেশগদী--শ্রীশ্রীজগরাথদেবের

সেবক। জনাষ্ট্রমী দিনে মহাপ্রভু নন্দোৎপব করিলে ইনি জীননা মহা-বেশ ধারণ করত নৃত্য

করিয়াছিলেন। কানাই খুঁটিয়া আছেন নন্দবেশ ধরি'। জগরাথ মাহাতি হইয়াছেন

ব্রস্থেরী॥ [১৮° চ° মধ্য ১৫।২৯] ইনি ৬০ ভাষায় 'মহাভাব-প্রকাশ'

রচনা করেন। অপ্রকাশিত পদর্জা-বলীতে ৪৩৪ সংখ্যক পদটি ইহার :

নরনারায়ণ স্রকার ঠাকুর মাধ্ব নরহরি ঠাকুর মুকুন্দ রঘুনক্র

কানাই ঠাকুর

ই হার পিতা রঘুনন্দন সর্বভক্তের সহিত পরিচয় করাইয়া দিয়াছিলেন।

কানাই ভক্তিভরে— প্রণমিতে সবে তুলি' লইলেন কোলে। এ দিখনী করিলেন বাং-

সল্যাতিশয় ॥ ইনি কাটোয়ার দাস গদাধরের বিখ্যাত উৎসবে উপস্থিত ছিলেন। পিতা রঘুনন্দনের তিরোভাব-উপলক্ষে

তৎকালের সমস্ত মহাস্তগণকে নিমন্ত্রণ করিয়াছিলেন। **মহে**†ৎসব ক্রত

শ্রীনিবাস আচার্য উক্ত উৎসবে অধ্যক্ষতা করিয়াছিলেন।

'শ্রীরঘুনন্দন-পুত্র ঠাকুর কানাই। কৈল মহোৎসব আয়োজন অস্ত নাই॥ देश्न मरहादमव देगरङ ना यात्र वर्गन।

সকল মহান্ত খণ্ডে করিলা গমন'॥ (ভক্তি ২৩/১৮৫,১৮৭)

মৃত্তি প্রতিষ্ঠা করেন, অভাপি তাহা সেবিত হইতেছেন। শ্রীপাট বোর!-

ঠাকুর কানাই শ্রীখণ্ডে শ্রীবিকুপ্রিয়ার

কুলিতে শ্রীগোবিন্দ চক্রবর্তীর গুছে

নাদিকালে ভাঁহার এক অঙ্গে পুলক ও এক চক্ষে অঞ্হইত। ২ [চৈচ

আদি ১১।৩৯) শ্রীকান্তুঠাকুর বা ঠাকুর

কানাই 'শিশু কৃষ্ণদাস' নামেও খ্যাত।

সদাশিব কবিরাজের পুত্র-পুরুষোত্তম, পুরুষোত্তমের পুত্রই কান্ন ঠাকুর।

শ্রীরাধাবিনোদ-প্রতিষ্ঠাকালে শ্রীনিবাস

আচার্যের ইঙ্গিতে ইনি অধিবাসের

মালাচন্দন দিয়াছেন। ই হার পুত্র—

मनन भूरी दर्जादा सनगम अती, की र्छ-

এই বংশীয়গণ পুরুষোত্তম ঠাকুরকে

শীলাবতীর অপর তীঃস্থ ধাদ্কিয়া

'নাগর পুরুষোত্তম' হইতে পৃথক্ ব্যক্তি ' বলেন। তাঁহাদের মতে দাস পুৰুষোত্তম বলিয়া যিনি গৌর-গণোদেশে উক্ত হইয়াছেন এবং যিনি ব্ৰজনীলায় স্তোকরুঞ্চ, তিনিই কাছু ঠাকুরের পিতা। গঙ্গাতীরে স্থ্থ-পুরুষোত্তম ঠাকুর বাস করিতেন—ই হার পত্নী জাহ্নবা ১৪৫৩ শকে রথদিতীয়ায় ঠাকুর কানাইর আবির্ভাবের বার দিন পরেই অপ্রকট হন। প্রীনিত্যানন্দ এই ঘটনা জানিয়া দ্বাদশ দিনের শিশু কাছু ঠাকুরকে স্বগৃহে লইয়া মা জাহ্বার জোড়ে সমর্পণ করেন। মাজাহ্নবা ই হাকে অপত্য-নিবিশেষে ল্শল্ন পালন করেন। শ্রীবম্বধার গর্ভে বীরভদ্র-প্রভুর আবির্ভাবের পরেও ইনি খড়দহেই ছিলেন। শিশু কৃষ্ণদাস মা জাহ্নবার সহিত শ্রীবৃন্দাবনে গিয়া-ছিলেন (প্রেম ১৬)। খ্রীজীবগোস্বামী প্রভৃতি তাঁহার অপূর্ব ভাবাবেশ ও বেণুবাদনাদি দর্শন করত তাঁছাকে 'ঠাকুর কানাই' নাম দেন। প্রবাদ-শ্রীমননমোহন-প্রাঙ্গণে ইনি কীর্ত্তনানন্দে বিভোর হইয়া নৃত্য ক্রিতেছিলেন, তখন তাঁহার দক্ষিণ চরণ হইতে নূপুর চ্যুত হইয়া যশো-হরের অন্তর্গত বোধখানায় পতিত হয়। ঠাকুর কানাই তৎপরে খড়দহে আসিয়া তথা হইতে বোধখানায় চলিয়া যান। পুরুষোত্তম ঠাকুরের পূর্বপুরুষ-সেবিত 'গ্রীপ্রাণবল্লভ-বিগ্রহ' ত্থসাগর গঙ্গাগত হইলে চান্দুড়ে নীত হন। মহামহোপাধ্যায় ভরত ম্লিকি তৎকৃত চন্দ্ৰপ্ৰায় (৭৪ পু:) সদাশিব কবিরাজ হইতে ইঁহাদের

নাম সগোরবে উল্লেখ করিয়াছেন। 'সদাশিব কবিরাজ' দ্রপ্টবা। প্রেম-বিলাস-মতে কামু ঠাকুর খেতরির উৎসবে মা জাহ্নবা ও বীরভদ্র প্রভুর সহিত উপস্থিত ছিলেন। ইনি ব্ৰজ-লীলায় 'উজ্জল গোপাল।' পদাবলি-সাহিত্যে ই হার যথেপ্ট দান আছে। ঠাকুর কানাই শেষ জীবনে বোধ-খানা হইতে (মেদিনীপুরে) গড়বেতায় ৬াণটি শালগ্রাম সহিত উপস্থিত হইয়া একটি ভজন-কুটীরে অবস্থানপূর্বক বৈষ্ণবংশ প্রচার করিতেন। তত্ততা শীলাবতী নদীতে স্নান করিবার সময় তাঁহার পদতলে একটি ব্রাহ্মণকুমারের লাগিয়াছিল -- ভাহাকে উঠাইয়া মন্ত্রদান করিতেই তিনি জীবিত হইয়া আগ্নপরি১% শ্রিনঙ্গে বলিলেন—'আমি কাশুপগোত্ৰীয় সিমলাগাঁই কৌথুমী শাখার ব্রাহ্মণ— দার-পরিগ্রহ শ্রীরাম।' শ্রীরাম করিয়াছিলেন এবং তাহারবংশধারা অভাপি ঐ দেশে বিরাজমান আছে। এই গ্রামে কয়েক বংসর অবস্থানের পর ঠাকুর কানাই একটি দ্ধিচিঁড়ার মহোৎসব করেন। ব্র:হ্মণগণ অকালে আম ও পন্দ পাইতে ইচ্ছা করিলে ইনি এরিমকে সঙ্গে নিয়া শীলাবতীর অপর তীরে আম্রকাননে গেলেন এবং ত্মপক আমু ও পনদের ভারে অত্রত্য বুক্ষসমূহ দর্শন করিয়া প্রচর ফল লইয়া আসিয়া ব্রাহ্মণগণকে পরিতোষ-পূৰ্বক খাওয়াইয়াছিলেন। মহোৎ-সবের পরে তিনি সমাধিতে উপবিষ্ট হইলেন-প্র দিবসও তাঁহাকে তদবস্থই দেখা গেল; কিন্তু দেহে স্পদন নাই। সেইদিন অতি-প্রত্যুবে

গ্রামে বটবুক্ষতলে জনৈক গোপ তাহাকে উপবিষ্ট দেখেন এবং তিনি তাঁহার নিকট হইতে দ্ধি লইয়া ভোজন করত বলিলেন—'তুমি আমার ভজন কুটীরে গিয়া শিষ্যদের নিকট যে আমি সমাধি লাভ করিয়া শ্রীবৃন্দাবনে চলিতেছি। আমাকে যেন সেই স্থানেই **সমা**হিত করা হয়।' দেই গোপ গড়বেতায় আসিয়া ঘটনাটি বলিলে সকলে আদেশানুসারে বিস্ময়সহকারে স্মাহিত করিলেন। তাঁহাকে [কামুভত্ত-নির্বাণ ৫-৭৬ গৃষ্ঠা] ঠাকুর কানাইর চতুর্থ অধস্তন শ্রীবংশীবদন গে: স্বামি-পাদের বংশধর-গণ যশোহর জেলার বোধখানা ও বোলোড় গ্রাম হইতে ভাজনঘাটে আসিয়া (বজে বগীর হাজামার দশ বার বৎসর পরে) বস্তি ভাপন করেন। এইস্থানে শ্রীনন্দরাম গোস্বামি-কর্ত্তক উঞ্জিলাংশন্মভ, উংগোপাল বল্লভ-কর্ত্তক প্রীপ্রীরাধামোহন এবং শ্রীরাধারমণ গোস্থামি-কর্ত্তক উ.প্রীরাধা বৃন্দাবনচন্দ্র স্থাপিত হন। কানাই দাস-শ্রীঅহৈতপ্রভুর শাখা শ্রীশ্রামাদাদাচার্য্যের ওম্বুযায়ী শ্রীহরি প্রসাদ গোস্বামিপাদের শিষা ৷ গ্রীবৃন্দাবনবাসী উদাসীন বৈষ্ণব। 'শ্রিছরিভক্তিবিলাগলেশ' ও 'বুছদ-ভাগৰতামৃতক্ণা' নামক (অনুবাদ) গ্রন্থরের প্রণেতা। রচনা সরল, পাণ্ডিত্য-প্রকাশের চেষ্টাশূন্ত। বৈষ্ণবপদকর্ত্তা বি সা-সে]

কানাইয়া বা কানাইয়া বিপ্র-

226p

ব্ৰজবানী। 'কানাইয়া নামেতে এক বিপ্ৰ

ব্রজবাগী। ক্রে আরাধ্য়ে সেই কা**ন্দাস**— রি° ম° পূর্ব ১।৮০]; বুক্তলে বৃদি'॥ (ভক্তি ৩।৩৭৩)

ছিলেন, শ্রীসনাতন প্রিয়পাত্র गर्सनाई গোশ্বামির নিকটে

থাকিতেন। 'কানাইয়ে কেহ না ছাড়য়ে তিল-যাত্র। স্নাত্দরপের পর্ম প্রেয়-পাত্র' ৷ (ঐ ৩৮৬ ৷

কান।ইয়ার মাতা শ্রীরূপস্নাত্ন গোস্বামিকে অতীৰ বাৎস্ল্যভাৱে স্বেহ করিতেন। মধ্যে মধ্যে তাহ:-দিগকে স্বগৃহে আনয়ন করত ভিকা করাইতেন এবং ভোগের জন্ম ফুল-**ठम्मनानि** शासायित कृष्टित श्रीना করিতেন। প্রবাদ আছে-এক দিবস স্নাতনপ্রভু কানাইয়ার মাতার নিকট ভিকা করিতে আগমন করিলে ঐ সময়ে কেইই গৃহে ছিলেন না। প্রভগবান কানাই--মৃত্তিতে আগমন করত সনাত্রের ভিকা

কানাই শোকে দেহত্যাগ করিতে প্রস্তুত হইয়াছিলেন। 'সনাতন রূপগোরামির অনুর্শনে। ছাড়িব জানন এই দঢ়াইলা মনে'॥

নির্বাহ করিয়াছিলেন। শ্রীরূপ ও

শ্রীসনাতন প্রভুর তিরোভাব হইলে

(ঐ ৩৮৭) শ্রীনিব স আচার্য প্রভু গ্রন্থ জইয়া গোড়ে অ:গমন-কালে ইনি আচার্য-প্রভূকে কোড়ে লইয়া ক্ৰন্দ

করিয়াছিলেন। কাকু—(রু মৃ দক্ষিণ ১১/১৮) श्रीरतन्त्रां श्रायां ही । अ श्रीश्रामानस्मन

। শিষা। ২-- ৩ শ্রীংসিকানন্দ-শিষ্যন্বয়। ्ति न° शिन्त्य ১৪।১৪৮, ১৫৯]।

খামনেক-শিষা। ২ অন্তজন, প্রীভামা-

ইনি ব্রঙ্গধামের বৈষ্ণবর্গণের অতীব 🕟 নন্দ প্রভুর প্রশিষ্য অর্থাৎ রসিকের শিষ্য। মেদিনীপুর জেলায় ধারেন। বাসী ছিলেন। পদাবলী রচনা

> করিয়াছেন। কামু পণ্ডিত - - প্রীঅধৈত-শাখা!

বৈশ্ব : শ্রীপাট—শান্তিপুর। 'অনন্দাস, কামু পণ্ডিত, দাং

नात्राय्रग'। [टेठ° ठ° व्यानि ১२।७১] কাটোয়ার **গদাধ্যে**র দাস তিরোভার-উৎসবে ও থেতুরির

উৎসবে ইনি গমন করিয়াছিলেন। কারুপ্রিয় গোস্বামী—ভাজনঘাটের তুপ্রসিদ্ধ সর্বজন-প্রিয় চিরকুমার

বৈফবাচার্য। 'শ্রিভাগবতামৃতকণা',

'জীবের স্বরূপ ও স্বধর্ম', 'শ্রীনাম-চিন্তামণি' প্রভৃতি-প্রণেতা। কানুরাম চক্রবর্তী-শ্রীনিবাস আচার্যের কলা শ্রীমতী ছেমলতা

'কামুরাম চক্রবর্তী দেবক তাঁহার'।। कामूबाम पान-देवश्रवाश मनाभिव কবিরাজের পুত্র পুরুষোত্তম দাসের

দেবীর শিষ্য। (কর্ণা২)

ওরদে জাহুবা দেবীর গর্ভে ইঁহার জনা হয়৷ কথিত আছে, দ্বাদশ: দিনের শিশুসন্তান রাখিয়া জাহুবা

নিতা লীলায় প্রবেশ করিলে শ্রীনিত্যানন্দ-পত্নী মা জাহ্নবা দেবী ই হাকে লালন করেন। পুরুষোত্তমের

সহিত শ্রীনিত্যানন্দ-ভার্যা জাহ্বার স্থীভাব ছিলেন। 'সুখ-দাগর' নামক স্থানে ই হাদের আদি বাস্থান ছিল, পরে যশেহের

নদীয়ার ভাজনগাট বেধিখানা. প্রভৃতি স্থানে ই হার বংশধরগণ বসতি স্থাপন করেন। পদাবলী-রচনাতে

ই হার কৃতিত্ব আছে, কিন্তু তাহা কোন কামুদাস-রচিত সঠিক বলা याय ना। [ठाकूत कानाई (२)

দ্রপ্তব্য]। পদকল্পতক্তে ৭টি পদ পাওয়া যায়।

কান্ত--বৈষ্ণব-পদকর্তা ব-সাংসে !! কামদেব নাগর—পূর্বে খ্রীঅদ্বৈত প্রভুর শিষ্য ছিলেন। শ্রীঅধৈতপ্রভু

পূর্বে যখন বিশেষ কারণে জ্ঞান-যোগ শিক্ষা দিতেন, তখন তাঁহার শিষামধ্যে কয়েকজন উক্ত বাকাকেই শিরোধার্য করিয়া লইয়াছিলেন। পরে তিনি ভক্তিযোগই সর্বশ্রেষ্ঠ

লাগিলেন, তখন উঁহারা সে বাক্য গ্রহণ করিলেন না; জ্ঞানমার্গকেই ধরিয়া রাখিলেন। শ্রীঅবৈতপ্রভুর পুন: পুন: নিষেধদত্ত্বেও ইহারা পূর্ব-মত ত্যাগ না করাতে গৌড়ীয়

হয়েন। বিভাড়িত গণের মধ্যে

কামদেব নাগর, আগল পাগল ও

সমাজ হইতে বিতাড়িত

যখন প্রচার

করিতে

শঙ্করের নাম শুনা যায়। 'সর্বশিষ্যে অদৈত ভক্তিবাদ প্রচারিল। জ্ঞানবাদ ছাডি সবে ভক্তি আচরিল। কামদেব নাগ্র

জ্ঞানবাদ আর শঙ্কর॥ শঙ্কর বেলে — (याता इटे छानवानी। छानवान বিনে কেহ না পাইবে দিদ্ধি॥ অদ্বৈত বোলে—তোমরা জ্ঞানবাদ ছাড়।

আর আগল পাগল। না ছাডিল

শন্ধর বোলে-বিচারে কর॥ অবৈত **বোলে—শঙ**র তুমি সিঙ্গাভট্ট, কামাভট্ট, দম্ভর শিবানন্দ ॥

ভিন্ন কোনও পরিচয় নাই।

কৃষ্ণনাস্নাম শুদ্ধ কুলীন ব্ৰাহ্মণ।

যারে সঙ্গে লৈয়া কৈল দক্ষিণ ভ্রমণ॥

হইলে বাউল। তোর মতে লোক। সব হইবে আউল॥ ক্রোধ করি অবৈত তাদের ত্যাগ কৈল। ত্যাগী হইয়া তারা দেশাস্তরে গেল ॥ নিতাই চৈত্তাহৈত আর ভক্তগণ। যাদেরে ত্যজিল তারা ত্যাগীতে গণন' (প্রেম—২৪)॥ অহৈত-প্রকাশেও (২০৷৯০ পৃষ্ঠায়) এই প্রদঙ্গ আছে। কামদেব পণ্ডিত-শ্ৰীমহৈতশিযা। ভক্তিরত্বাকরে (১০।৪০৩) ভানা যায়, কাটোয়ায় প্রীলগদাধর দাসের তিরোভাব-উৎসবে, শান্তিপুর হইতে **শ্রীঅদৈ**তপুত্র শ্রী মচাতের কামদেব-নামক জনৈক ভক্ত গমন করিয়াছিলেন। পণ্ডিত কামদেব রাঢ়ীশ্রেণীর নিষ্ঠাবান্ ব্রাহ্মণ – খড়দহ মেলের শ্রেষ্ঠ কুলীন ও খড়দহবাসী। ই হার প্রপোত্র চাঁদশর্মা খড়দহে শ্রীশ্রীরাধাকান্ত বিগ্রহ স্থাপন করেন। কামদেবের স্ত্রীর नाम-- রাধারাণী এবং ইঁহার পিতা কমলাকর পিপলাইর বিশেষ চেষ্টায় শ্রীনিত্যানন্দ প্রভু খড়দহে বাস করেন। কামদেব মণ্ডল-জ্রীনিবাস আচার্য-প্রভুর শিষ্য। 'তবে প্রভুকামদেব মণ্ডলে কুপা কৈল। নিগৃত তাঁহার ভাব কে কহিতে পারে। রাধারুঞ্-লীল। ষ্ণুরে যাহার অন্তরে'॥ (কর্ণা ১) ইঁহার হুই পুর-রাধাবল্লভনাস ও রম্পদাস, ছুই জনই ভক্ত। 'শ্রীরাধাবলভদাস, রম্পদাস মহাশয়। কামদেব মওলের যুগল তনয়॥'(অফুণ) কামাভট্ট--এটেচভগ্ত-শাথা। নাম-

ই হারা যে প্রভুর গৌড়দেশীয় ভক্ত নহেন, তাহা নাম দেখিয়া বুঝা যায়। कालमी-धीविकानमः भिष्य वि° मः পশ্চিম ১৪।১১৩ ।। কালন্দী দাস-গ্রীরসিকানন্দ প্রভুর শিখা। এই নামে ছই জন আছে। 'আগু শিশ্য ব্ৰাহ্মণ কাল্ন্দী ভক্ত-দাস। রসিকের চরণ যাঁহার নিজ বাস'॥ রি° ম° পশ্চিম ১৪।৬৬ ।। 'রাধাবিনোদ দাস, কালন্দী ভগবান'। [2 38.309 ~ কালন্দী (মিজ)—শ্রীরসিকান্স প্রভুর শিঘা। রসিকের শিষ্য কালন্দী দ্বিজ্বর। রসিকের চরণ যাঁহার নিজ ঘর॥ ্র° ম° পশ্চিম ১৪/১১০ ব কালাকৃষ্ণ দাস—ছাদশ গোপালের শ্ৰীনিত্যানন্দ-শাখা। (মহাপ্রভুর শাখা বলিয়াও উক্ত)। 'রাচ্দেশে জন্ম কৃষ্ণদাস দ্বিভবর। শ্রীনিত্যান ন্দের তেঁহো পরম কিঙ্কর॥ কালা ক্লঞ্চদাস বড় বৈষ্ণবপ্রধান। নিত্যানন্দচন্দ্র বিনা নাহি জানে আন'॥ [চৈ° চ° আদি ১১।৩৬-৩৭] 'প্রসিদ্ধ কালিয়া ক্লফদাস ত্রিভূবনে। গৌরচন্দ্র লভ্য হয় যাহার স্মরণে।॥ [চৈ° ভা° অন্ত্য ং।৭৪০] কাটোয়ার নিকটে আকাইহাট গ্রামে ইনি শুদ্ধ কুলীন ব্রাহ্মণ-বংশে জন্প্রাহণ করেন। * * এটুকুজ অমূল্যধন রায়ত ট্র-প্রণীত 'হাদ্শ-

গোপাল' দ্ৰষ্টব্য।

[চৈ° 5° আদি ১০1১৪৯] [देड° ह° जामि ३०।८६] মহাপ্রভু যথন দক্ষিণ দেশে ভ্রমণ করিতে যান, তখন সার্বভৌম ও শ্রীনিত্যানন্দ প্রভু মহাপ্রভুর সঙ্গে কালা কৃষ্ণদাসকে দিয়াছিলেন। 'কুঞ্চাস নাম এই সরল বাহ্মণ। ইহা সঙ্গে করি লহ, ধর নিবেদন'॥ (চৈ° চ° মুধ্য ৭।৩৯) কালা রুফ্ডদাস প্রকৃত্ই অতীব সরল ছিলেন। একদা দক্ষিণে মলার দেশে বেভাপনি-নামক স্থানে মহাপ্রস্থ ভ্রমণ করিতে করিতে উপনীত হইয়া শ্রীরঘুনাথজীকে দর্শন করত রাত্রি যাপন করিতেছিলেন। ঐ স্থানে 'ভট্টথারি' নামক বামাচারী সন্ন্যাসি-সম্প্রদায় (স্ত্রী মত্য প্রভৃতি লইয়া ইহারা তান্ত্রিকমতে সাধন-শীল) থাকিত। তাহারা কৃষ্ণদাসকে স্রল বুঝিয়া প্রলোভনদারা মোহিত করত নিজেদের আশ্রমে লইয়া যায়। 'স্ত্রীধন দেখাঞা তার লোভ জনাইল। আর্য সরল বিপ্রের বুদ্ধি-নাশ কৈল'॥ (চৈ° চ° মধ্য ৯।২২৭) নিদ্রাভঙ্গে মহাপ্রস্থ কৃষ্ণদাসকে দেখিতে না পাইয়া ঘটনা বুঝিতে পারিলেন। এজন্ম ভট্টথারিগণের গ্রহে গমন করত ক্লফ্ডদাসকে প্রার্থনা করিলে তাহারা 'মার' মার' শব্দে প্রভুকে মারিবার জন্ম উন্মত হইলে— 'খণ্ড খণ্ড হৈল ভট্টথারি পলায় চারি ভিতে। ভট্টথারি-গৃহে উঠিল মহা **ক্রন্ন**নের রোল॥' প্রস্থ কালা কৃষ্ণদাসকে কেশে

ধরিয়া গৃহ হইতে আনিয়া তথা

>>90

হইতে প্রস্থিনীতীরে আদিকেশন ।
মন্দিরে গমন করিলেন। পরে প্রভূ
যথন পুরীধামে প্রত্যাগমন করেন,
তথন সার্বভৌমকে ডাকিয়া ক্লঃ-

যথন প্রীধানে প্রত্যাগনন করেন,
তথন সার্বভৌনকে ডাকিয়া রুঞ্চদানের আচরণের কথা বলিলেন—
'তবে প্রভু কালা রুঞ্চনারে
বোলাইল ॥ প্রভু কহে—ভট্টাচার্য
শুন ইহার চরিত। দক্ষিণ গিয়াছিল
ই'হ আমার সহিত॥ ভট্টথারি কাছে
গেলা আমারে ছাড়িয়া। ভট্টথারি
হৈতে ই'হারে আনিলু ধরিয়া॥ এবে
আমি ইই৷ আনি করিলাঙ বিদায়।
বাঁহা ইচ্ছা যাহ, আমা-সনে নাহি
আর দায়'॥ [১৮° ৮° মধ্য ১০।
৬২-৬৫]।
কালা রুঞ্বান প্রভুর পদতিলে

পরে নবরীপধামে শচীমাতাকে ও
ভক্তবৃদ্ধকে প্রভুর দান্দিণাত্য হইতে
প্রত্যাগমন-সংবাদ প্রদান করিবার
জন্ম কালা ক্রঞ্চদাসকে পাঠাইয়।
দেওয়া হয়।
কালা কৃঞ্চদাসের তিরোভাব—

পড়িয়া ক্রন্সন করিতে লাগিলেন।

হৈত্রী রক্ষা হাদশীতে; আকাইহাটে ইঁহার সমাধি আছে। এখনও তথায় প্রীপ্রীরাধাবল্লভারি সেবা হয় ও তিরোভাব-উৎসব হইয়া থাকে। সমাধির পশ্চিমে একটী পুক্রিণা আছে। তাহার নাম—'নৃপ্রকুণ্ড'। একনা প্রীল রঘুনন্দন ঠাকুর (বড় ডাঙ্গাতে) নৃত্য করিতে থাকিলে তাঁহার পদের নূপ্র ঋণিত হইয়া প্রস্থানে পতিত হয়। জনা যায়, উক্ত নূপ্র কুডুই-গ্রানের মহাস্ত বাটীতে অ্যাপি বর্জ্যান আছে।

শ্রীগদাধর দাসের তিরোভাব-

উৎসবে ইনি কাটোয়ায় উপস্থিত : ছিলেন।

'আকাইহাটের ক্লফ্লাসাদি সহিত।

কণ্টকনগরে সবে হইলা উপনীত'॥ (ভক্তি ১০।৪০৯)। আকাইহাটে কালা

(৩) জ ২০।৪০৯)। আকাংহাতে কালা কুফালাসের বসতি। পূর্বেতে লবঙ্গ স্থা যার নাম খ্যাতি॥ [পা°প°] কালা কুফালাস আকাইহাট হইতে

ছরিনাম প্রচার করিতে করিতে প্রাবনা জেলায় সোণাতলা গ্রামে গ্রিয়া আশ্রম করিয়াছিলেন। ইনি

কালিদাস ঠাকুরের পুত্র এবং বারেন্দ্র-

শ্রেণীর ভর্মাজ-গোত্রীয় ভাদত্রামী

বাহ্মণ। ভাহটি মথুরাপুর—দোণা-

তলার প্রাচীন নাম। তিনি এই দেশে বিবাহ করিলে মোহনদাস-নামে এক পুত্র জন্মে। উাহাকে

দোণাতলায় রাখিয়া এবং বিষয়াদি

দিয়া দন্ত্রীক শ্রীবৃন্দাবনে গমন করেন।
শ্রীবৃন্দাবনে শ্রীগোরাঙ্গ দাস নামে
দিতীয় প্ত হয়, শ্রীবৃন্দাবন দাস।
তাঁহার দিতীয় নাম। এই পুত্রক

তিনি কালক্রমে মোহন দাসের নিকট
পাঠাইরা ছয় আনি সম্পত্তি লইতে
আদেশ করিলেন। শ্রীকালাক্রফ দাস
শ্রীগোবিন্দজীউর অফুরূপ এক মূর্তি
শ্রীকালাচাদ বিগ্রহ শ্রীগোরাঙ্গাসের

সহিত সোণাতলায় পাঠাইয়াছিলেন।
গৌরাঙ্গদাস মথুরাপুরে (সোণাতলায়)
নাসিয়া জ্যেষ্ঠ-ভ্রাতার সহিত সেবা
করিতে থাকেন। সোণাতলার

णास्मनागित िको, मनित्तत हैहे छ

পুষ্করিণীর ঘাট এখনও দেখা যায়।

পূর্বে শ্রীশ্রীকানাচাদ-জীউ পালাক্রমে বংশধরদের বাড়ীতে তুই মাদ করিয়া অবস্থিতি করিতেন, একণে সোণা-

তলাতেই থাকেন। এখানেও
কালারক্ষ দাসের তিরোভাবোৎসব
হয়, তাহা কিন্তু অগ্রহায়ণী রুক্ষাদাদশীতে।

কালিদাস—মহাপ্রভুর ভক্ত, কায়স্থ।
গ্রীলরঘুনাথ দাস গোস্বামির জ্ঞাতিথুড়া। (গৌগ ১৯০) পূর্বয়ুগের—
পুলিন্দ-কন্তা মলী।

পুলিদ-কন্থা মলী।

'রঘুনাথদাদের তিহোঁ হয়
জাতিখুড়া। বৈঞ্বোচ্ছিট থাইতে
তিহোঁ হৈলা বুড়া'॥ [চৈ ° চ ° অস্তা
১৬।৮]
কালিদাদের মুখে অহরহঃ

কালিদাসের মুখে অহরহঃ
'হরেরফা' নাম বিরাজ করিত।
কণ-মাত্রও তিনি শ্রীনাম ছাড়া
থাকিতেন না। এমন কি, কৌতুকবশৃতঃ কখন পাশাক্রীড়া করিলে
তখনও হরেরফা বলিয়া পাশা
চালনা করিতেন। জাতি-ংম্ব-

নিবিশেষে তিনি বৈশ্ববমাতে ই প্রসাদ ভোজন করিতেন।
'গৌড়দেশে যত হল বৈশ্ববের গণ।
সভার উচ্ছিষ্ট তিঁহে! করিয়াছেন ভহ্মণ॥'
কালিদাস ভক্তগ্যহে নানাবিধ সামগ্রী

উপহার লইয়া গমন করিতেন এবং

শ্রীভগবানে নিবেদন করিয়া ভক্তগণ
প্রমাদ পাইলে পর তিনি ভক্তগণের

নিকট হইতে অবদেব গ্রহণ
করিতেন। একদিবস ঝড়ুনানক
প্রনিক ভক্তগৃহে কালিদাস কতকপ্রনিজ আমুলইয়া উপস্থিত হইলেন।

বজু জাতিতে ভূইমালী ছিলেন।

'আয়ুফল ভেট দিয়া তাঁর চর্ন

আপ্রণণ তেওঁ ।পরা তার তর্ম বব্দিল। তাঁহার পত্নীকে তবে নমস্কার কৈল'॥ ঝড়ুও আন্তেবাতে ভূমি লুঠন পূর্বক প্রণামাদি করিয়া আসন প্রদানানস্তর কহিলেন—'আমি নীচ জাতি'। কালিদাস গৃহ হইতে বাহির হইয়া এক স্থানে লুকাইয়া রহিলেন। ঝড়ুঠাকুর কালিদাস-প্রদত্ত আত্র-ফলগুলি মানসে ভগবানে অর্পণ করত সন্ত্রীক প্রসাদ পাইলেন এবং উচ্ছিইগুলি বাহিরের গর্ত্তে নিক্ষেপ করিলেন। তথন কালিদাস সম্ভর্গণ

বাহির হইয়া অলক্ষিতে—

'সেই খোলা আঁটি চোকলা চূষে
কালিবাস। চূষিতে চূষিতে হয়

হয় প্রেমের উল্লাস॥'

এইরূপ বৈঞ্বোচ্ছিটে মহাভ্জির

জগুই ইনি একদিন ভদ্ধার ছ্ল' গ্রীথানহাপ্রভুর শ্রীচরণামূত ও অধরাম্যত প্রাপ্ত হইয়াছিলেন। প্রীথানে সিংহলারের উত্তরে, কপাটের আড়ে বাইশপাহাচের তলাতে যে গর্ত আছে, তাহাতে মহাপ্রভু নিত্য পাদ্ধালন করিয়া শ্রীজগন্নাথ-দর্শন করিতে গমন করিতেন। কিন্তু প্রভুর আজ্ঞা ছিল —'মোর পাদজ্ঞল যেন না

লয় কোন জন। প্রাণিমাত্র নিতে না পায় সেই পদজল॥' কিন্তু 'কালিদাস আসি তলে পাতিলেন হাত। এক অঞ্চলি, হুই অঞ্চলি, তিন অঞ্চলি পিল॥' তিন অঞ্চলি পান করিবার পরে—

'তবে মহাপ্রভু তারে নিষেধ করিল। অতঃপর খার না করিহ বারবার। এতাবতা বাঞ্ছা পূর্ণ করিলুঁ তোমার'॥ কেননা,—'সর্বজ্ঞ-শিবোমণি চৈত্ত

ঈশ্বর। বৈঞ্চবে তাঁহার বিশ্বাস জানেন অন্তর॥ সেই গুণ লঞা প্রভু তারে ভূষ্ট হৈলা। অন্তের হলত প্রসাদ তাঁহারে করিলা'॥ ইহার পরে মহাপ্রভূ কালিদাসকে

স্বীয় অধরামৃত প্রদান করিয়াছিলেন। 'বৈঞ্চবের শেষ-ভক্ষণের এতেক

ব্যক্তবের দেব ভদ্দেশের এতে প মহিমা। কালিদাদে পাওয়াইল প্রভুর রূপাদীমা'॥

কালিদাস চট্ট-শ্রীনরোভগঠাকুরের শিষ্য, পূর্বে চাঁদ রায়ের দলে দম্বার্তি

করিতেন।
'কালিদাস চট্ট দক্ষ্য অতি ত্রাচার।
পূর্বে তারা চাঁদরায়ের দৈত্ত যে আছিল। চাঁদরায়ের সনে বহু দক্ষ্য-

পতিতপাবন শ্রীলনরোত্তম ঠাকুরের ফুপায় তিনি মহাবৈঞ্চব হন । 'ঠাকুর মংশেধ্যের প্রভাব জ্ঞানি তাঁর মুর্ম। সবে হইলেন শিশু, ছাড়ি'

वृद्धि देवल'॥ (धाम ১৯)

পূর্ব কর্ম'॥ ঐ **কালিদাস মিগ্রা**—পিতার নাম— ভুর্গায়ো**স** মিশ্র এবং পত্নীর নাম—

ছুর্গালাস মিশ্র এবং পত্নীর নাম— বিধুমুখী দেবী। ই হাদের পুত্রের

নাম—মাধব আচার্য। ক্ষণমঙ্গল-রচয়িতা। কালিদাস প্রীত্রীবিষ্ণু-প্রিয়া দেবীর খুল্লতাত ছিলেন।

তুর্গাদাস মিশ্র

(প্রেন্—১৯)

কালীনাথ—গ্রীগ্রামানন্দ-গ্রভুর শিষ্য। শ্রীপাট – গোপীবল্লভপুর।

'হরিরায়, কালীনাথ, শ্রীকৃষ্ণ-কিশোর। শ্রামানন্দ-শাথা, বাস ন্যোপীবল্লভপুর'॥ (প্রেম ২০)
কালীনাথ আচার্য—মহাপ্রভুর
সন্ম্যাসগুরু শ্রীশ্রীকেশবভারতীর পূর্বাশ্রমের নাম (কেশবভারতী দেখ)।

কাশীলাথ (র°ম° পূর্ব ১/১২৯)
শীখামানল প্রভর শিষা।

শ্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য।
কাশীনাথ তর্কভূষণ—মতান্তরে
কলৌনাথ তর্কভূষণ, শ্রীনরোত্তম

মহাশ্যের ও বৈশুবগণের বড়ই নিন্দা করিতেন। পরিশেষে শ্রীনরোত্তম-চরণে আত্মবিক্রেয় করেন। (ক্লপনারায়ণ দেখ)

ঠাকুরের শিশ্ব। ইনি পূর্বে ঠাকুর

'ষত্নাথ বিভাতুষণ কাশীনাথ আর। তর্কভূষণ উপাধি তাঁর সর্বত্র প্রচার'॥ (প্রেম ১৯)

'ছিলেন (প্রেম ২০)। কাশীনাথ দাস—শ্রীরসিকানন্দ প্রভুর জ্যেত প্রতা। [র° ম° দক্ষিণ ৩।৪৯]। কাশীনাথ নন্দন—শ্রীরসিকানন্দ

ইনি পূর্বে নরসিংহ রায়ের সভাপণ্ডিত

প্ৰভুৱ শিষ্য।

'কাশীনাথ নন্দন সে জগতবিখ্যাতা। বড় ৰাগ্মী, বুদ্ধিমান্—
যে কহে উচিতা'॥ [র° ম° পশ্চিম

কাশীনাথ পণ্ডিত-নবদীপবাসী। শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবীর সহিত মহা-প্রস্থুর শুভ বিবাহের ঘটকতা

করিয়াছিলেন [চৈ° ভা° আদি ১৫। ৫১—৬৬]। কাশীন্যথ পণ্ডিত শ্রীশচীর আজ্ঞাতে।

>8166]

বিবাহ-ঘটনা যত্ত্বে কৈল তাঁর সাথে॥
[ভক্তি ১২।১৬৮১]। দ্বারকালীলায়

ইনি সত্রাজিত-কর্ত্বক প্রেরিত ব্রাহ্মণ (গৌগ ৫০)। অগুত্র আছে—ইনি 339Z

मनक ছिলেন [গो° গ° ২০৭]। ২ কাশীশ্বর নামও স্থানে স্থানে দেখা <u> ঐীচৈতগ্যদেবের</u> উপশাখা অর্থাৎ শঙ্করারণ্য পণ্ডিত আচার্যের শাখা!

'শ্বরারণ্য আচার্য বুক্ষের এক শাখা। মুকুন্দ, कानीनाथ, ऋफ छेन-[टेठ° ठ° जानि শাখা লেখা'॥ >01>06]1

ই হার স্বরূপ-নির্ণয়ে ছইটি মত

দেখা যায়। প্রথমত: বৈষ্ণবাচার-দর্পণে—'রসবতী স্থী যে কাশীশ্বর ঠাকুর। তৈতক্তের শাখা, বল্লভপুর' ॥ দ্বিতীয় চৈতক্তসঙ্গীতায়— 'কিন্ধিণী মহাশয় চাতরায় উপনীত। কাশীখর ঠাকুর বলি জগতে বিদিত'। কাশীনাথ চৈত্ত্যগণমধ্যে উপ-মহান্ত বলিয়া গণ্য]। ই হার প্রীপাট —বল্লভপুর নহে, বল্লভপুর হইতে ২া৩ মাইল উত্তরে চাতরা-নামক গ্রামে। হুগলী জেলায় শ্রীরামপুর टिश्नात (हे, आहे, आत,) य९-শামার উত্তর-পূর্ব কোণে চাতরা গ্রাম। কাশীনাথ পণ্ডিতের ভাতৃ-বংশ এখনও বাস করিতেছেন।

हें शास्त्र डेशाधि-छोधुरी। যশোহর জেলার ব্রাহ্মণডাঙ্গা-নামক গ্রামে ১৪২০ শকাবে ইনি জন্ম-গ্রহণ করেন। পিতার নাম-বাল্পদেব ভট্টাচার্য। ইনি কাঞ্জিলাল বাংশ্রগোত্র। কাম্বর ২ংশোদ্ভব বাস্থদেব ধনী এবং অতীব হরিপরায়ণ নাম—ছাহ্নৰী মাতার ছিলেন। **(मरी। वाञ्चरमरवंत पृष्टे शूज ७** এক কন্তা। জ্যেষ্ঠ পুত্রের নাম---মহাদেব ভট্টাচার্য। ভগিনীর গর্ভে তিন পুত্র জন্মে—রমাকাস্ত, রুদ্র ও লক্ষণা এই রুদ্রপণ্ডিতের নাম শ্রীচৈতন্ত-উপশাখামধ্যে দেখা যায়।

অধিকন্ত ক্রদ্রপণ্ডিত ও লক্ষণ পণ্ডিত বল্লভপুরে ও সাঁইবোনার প্রীশীনন্দ-ছ্লাল প্রতিষ্ঠা করিয়াছিলেন। (রুদ্র পণ্ডিত দেখ)।

কাশীখর वानाकान इहेर्ट्ह এীগোরাঙ্গের অমুরক্ত হয়েন, বিছা-শিক্ষার সহিত ধর্মশিক্ষাও প্রাপ্ত হন।

हेनि विवाह करतन नाहै। ३६७१

শকান্দে অন্তের অজ্ঞাতসারে পুরীধামে গ্রন করত মহাপ্রছুর শ্রীচরণ আশ্রয় করেন। কয়েক বৎসর পরে মাতা জাহুৰী দেবী পুত্ৰকে বহুকটে দেশে

श्हेरलन न। (>868 भकारक) চাতরাগ্রামে আদিয়া শ্রীগোরাঙ্গ-নিতাই বিগ্রহ প্রতিষ্ঠা করত সেবা

করিতে লাগিলেন। ক্রমে মাতা.

আনয়ন করিলেও তিনি আর সংগারী

আত্মীয় স্বজন ভাতা ও অহাস চাতরাতে আদিয়া বাস করিতে থাকেন। কাশীনাথের ছোর্চ ভ্রাতাও

পরম ধার্মিক ছিলেন, মুরারি নামে

তাঁহার এক পুত্র জন্মে (১৪৬৮ শকে)। কাশীনাথ ইহাকে দীক্ষা-প্রদানাস্তর শ্রীমহাপ্রভুর সেবাভার

প্রদান করেন। ১৪৬৬ শকে ই হার মাতৃদেবী পরলোক গমন করেন।

ইনি শ্রীবুন্দাবনে গমন করত তথায় ১৪৮৬ শকে চৈত্রী-বারুণী দিবসে দেহ রক্ষা করেন। প্রতিবংসর চাতরায় के िनदरम छे९मव হইয়া থাকে। কাশীনাথের সঙ্গগুণেই ভাগিনেয় রুদ্র পরম ধার্মিক হইয়াছিলেন। কাশী-নাথকে তাৎকালীন যবন অধিকারী ১০৮ টাকা কর ধার্যে বহু জমিজমা প্রদান করিয়াছিলেন। মৌজার মধ্যে যে স্থানে শ্রীগৌরাঙ্গ-বিগ্রহ স্থাপন হয়, তাহাকে 'গৌরাঙ্গপুর' এবং অভাংশ ই হার পিতৃনামামুসারে 'বাস্থদেবপুর' নামকরণ করেন। মহাপ্রভুর মন্দিরটি যেন বৌদ্ধমঠের অমুকরণে নির্মিত। মন্দিরের সন্মুখ-বর্ত্তী দরজার উপরেই নাসিকাহীন একটি গণেশমূত্তি দৃষ্ট হয়—প্ৰবাদ আছে যে মুসলমানেরা উহা ভালিয়া **मिया** ছिन । পূর্বে ছুইটি দোলমঞ্চ একটি আছে। এক্দুণ্

মন্দিরটি প্রস্তর-নিমিত, এজন্ম বহু । দিনের হইলেও নৃতনের ভায় দেখায়। মন্দিরের মধ্যে একটি কুগু আছে এবং একটি স্বড়ঙ্গ প্র আছে। স্পাদির

করে না। প্রবাদ—পূর্বে ম**ন্দি**রের নিকট দিয়া গঞ্গদেবী প্রবাহিত श्हेरजन, किन्नु दर्जभारन गमारमची

বহু পূর্বদিকে সরিয়া গিয়াছেন।

ভয়ে কেছ ভাহাতে নামিতে সাহস

বাহ্নদেৰ (ক্তা)

কাশীনাথ মহাদেব মুরারি রমাকান্ত কাশীনাথ কাটোয়ার দাস গদাধরের তিরোভাব-উৎসবে গমন করিয়া-ছিলেন (ভক্তি ১০। ৪১৬)। 'চাতরা বল্লভপুরে সেবা অফুপাম।

.ভক্তগণ যে যে ছিলা কহি তাঁর নাম।। কাশীশ্বর, শ্বরারণ্য, শ্রীনাথ -আর।

জীহন্ত পণ্ডিত আদি বাদ স্বাকার'॥ প্রাণ পণ

কাশীনাথ ভাত্তভী—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।

'কাশীনাথ ভাহ্ডী, রামজয় নিত্র আর। যহ্নাথ, রমানাথ ভক্তি-রক্সাকর'॥ (প্রেম ২০)।

কাশীনাথ মাহিতী—নীলাচলবাগী গোরভক্ত।

'কাশীনাথ মাহিতী, জুড়াই মোর আঁথি। বাঁহা - বাঁহা দৃষ্টি যায়, গৌরময় দেখি'॥ (নামা ১৭২)

গৌরময় দেখি'॥ (নামা ১৭২) কাশীমিশ্র—শ্রীতৈত্ত শাখা, উড়িকা-বাসী।

'কাশীমিশ্র, প্রহায় মিশ্র, রায় ভবাননা।'(১চ° চ° আদি ১০।১৩১)। ইনি শ্রীশ্রীজগলাপদেবের প্রধান সেবক এবং উডিয়ার স্বাধীন রাজা

সেবক এবং ডাড়ব্যার স্বাধীন রাজা প্রতাপরুদ্রের গুরু ছিলেন। ই হারই গ্রুহে গন্তীরামধ্যে মহাপ্রভুর আবাস ছিল। ইনি পূর্ব লালায় গৈরিক্মী

ছিলেন (গৌ° গ° ১৯৩)। ইনি গ্রুপদে আত্মসমর্পন করিলে মহা-প্রস্কু তাঁহাকে চভুত্ব জমুন্তি দেখাইয়া।

প্রস্থাহাকে চতুস্থ স্থাত দেখাহয়।
আত্মসাৎ করেন (চৈচ মধ্য ১০ ৩২ ।

তত)। গুণ্ডিচামন্দির-মার্জনের

পরে ইনি ও তুলদী পড়িছা ৫০০
মৃত্তির প্রদাদ আন্য়ন্করেন (ঐ
১২।১৫৪) সগণ প্রভু দেই প্রদাদ

অঙ্গীকার করেন। রপাগ্রে নর্ত্তনকালে

ইনি মহাপ্রভুর 'সাত ঠাঞি' বিলাস লীলাদি দর্শন করেন (ঐ ১৩)৫৭— ৬২), হেরাপঞ্চমী দিনে ইনি প্রভুকে

উত্তম স্থানে বসাইয়া লক্ষীর মান-লীলাদি শ্রবণে ও দর্শনে সাহায্য

करतन (के >8|>०७—>>०)।
नत्का९मरन (के >०।२०), व्यमापमश्चारन (के >७।८०), ग्रांभीनारवत्र
कारक कड़ान-नीनात्र (के चन्छा २।

চাঙ্গে চড়ান-লীলায় (ঐ অন্ত্য ৯। ৫৯—১০৪) এবং হরিদাস ঠাকুরের নির্যাণোৎসবে (ঐ ১১।৮০—৮৬)

ইনি জীমন্ মহাপ্রভুর সেবা-সাহায্যাদি

করিয়াছেন। প্রীর শ্রীরাধাকান্তমঠ ইঁহারই প্রতিষ্ঠিত। কাশীবাদী ভাক্ষণ—নাম পাওয়া

যায় না। ই হারই গৃহে ভারতবর্ষের সর্বপ্রধান বৈদান্তিক পণ্ডিত কাশীবাসী প্রকাশানক সরস্বতীর উদ্ধার হয়।

মহাপ্রভু বৃন্দাবন হইতে কাশীধামে
যথন প্নরায় আগমন করেন, তথন
ভাগ্যবান্ ব্রাহ্মণ কাশীর সকল
সন্ন্যাসীকে স্বীয় গৃহে নিমন্ত্রণ করেন।
এদক্ষে বহু মিন্তি করিয়া মহা-

প্রভুকেও আহ্বান করিয়াছিলেন!
মহাপ্রভুই হার গৃহে উপস্থিত হইলে
মহাপ্রভুর দৈন্ত-দর্শনেই সন্ন্যাসিগণের
মনঃপরিবর্তন হইয়া যায়। (১৮°
চ॰ আদি ৭)। (প্রকাশানক

সরস্বতী (দ্ধ)। কাৃশীবাসী বৈঞ্চব – চক্রশেখর

বৈত্তের শিব্য। চন্দ্রশেধর প্রভৃতি
কাশীবাদী ভক্তগণ স্বধাম গ্রম

করিলে ইনি স্বীয় গুরুর আজ্ঞায় সেই জোনের রক্ষক হইয়া গেবাকার্থে নিযুক্ত ছিলেন। ইংগার প্রসক্ষে

কাশীধানের চক্রশেথর বৈভের গৃহ

অর্থাৎ মহাপ্রভু যথায় পদ্ধূলি
দিয়াছিলেন এমং সনাতন গোস্বামির
সঙ্গে তত্ত্বকথা কহিয়াছিলেন—সেই
স্থানগুলির নির্দেশ বুঝিতে পারি।

শ্রীনিবাস আচার্যপ্রভু ও শ্রীনরোত্তম
ঠাকুর বুন্দাবন গমন করিবার সময়
কাশীধামে উপনীত হইলে উক্ত
বৈষ্ণবপ্রবর প্রভুর পদচিহ্নিত খানগুলি
দর্শন করাইয়াছিলেন। নরোত্তম—

'পার হইয়া গেলা আগে বাঁহা রাজঘাট। বিশ্বেশ্বর যে ঘাটে ধরিলেন বাট॥ ঘাটের বামে আছে বাড়ী

অতি মনোহর। নয়নে দেখিয় মনে
আনন্দ অপার॥ পূর্বমূখে দার বাড়ী
ভূলসী বেদী বামে। স্নাতনের স্থান
দেখি করমে প্রণামে'॥ (প্রেম ১০)

ু এই স্থান মণিকর্ণিকা ঘাটের বামদিকে, একটা বাড়ী পূর্বদারী, দারের বামদিকে তুলসীবেদী। মহাপ্রভুর নিকট শ্রীসনাতন গোস্থামী

আসিয়া যেস্থানে বসিয়া কথাবার্তা কহিয়াছেন, ঠিক সেই স্থানেই চক্রদেশধর উক্ত তুলসীবেদী নির্মাণ

করত শ্বতিরক্ষা করিয়াছিলেন।
কাশীশ্বর পণ্ডিত- মহাপ্রভুর ভক্ত।
প্রভুর আজায় শ্রীবৃন্ধাবনে শ্রীগৌর-

গোবিন্দ বিগ্রহ প্রতিষ্ঠা করত বাস

করিতেন। ইনি ব্রজের কেলিমঞ্জরী।
'কাশীশ্বর-মহিমা কহিতে কেবা
জানে। শ্রীগোরগোবিন্দ যে আনিল

বুন্দাবনে। প্রভুপ্রিয় কাশীশ্বর বিদিত ভুবনে। শ্রীব্লপ সনাতন মগ্ন যাঁর গুণে'॥ [ভক্তি ৬।৪৪৪, ৪৭৯]। তথাহি সাধনদীপিকায়াম—(২।৪১পঃ)

'শ্রীমৎকাশীশ্বরং বন্দে যৎপ্রীতি-শশতঃ স্বরং। চৈতন্তাদেবঃ ক্বপন্না পশ্চিমং দেশযাগতঃ'॥

3398

পুরীধামে মহাপ্রভু কাশীশ্বকে শ্রীবৃন্দাবনে গমন করিতে আজ্ঞা করিলে কাশীশ্বর বলিলেন,—"প্রভু আপনাকে ছাড়িয়া আমি থাকিতে

পারিব না।" তখন অন্তর্যামী প্রভূ—
'কাশীখর-অন্তর বুঝিয়া গৌরছরি।
দিল নিজ-শ্বরূপ-বিগ্রহ যত্ন করি॥
প্রভূ সে বিগ্রহসহ অরাদি ভূঞ্জিল।
দেখি' কাশীখরের প্রমানন্দ হইল॥
'শ্রীগোরগোবিন্দ'-নাম প্রভূ জানাইলা। তারে লইয়া কাশীখর বৃন্দাবনে
আইলা॥ শ্রীগোবিন্দ-দন্দিণে প্রভূকে
বসাইয়া। করয়ে অভূত সেবা

প্রেমাবিষ্ট হইয়া' ॥ [ভক্তি ২।৪৪০

— 888]
কাশীশ্বর বেশাচারী (গোস্বামী)
শ্রীচৈতগুশাখা। শ্রীশ্রীঈশ্বরপুরীর শিশু।
'ঈশ্বরপুরীর শিশ্য ব্রহ্মচারী কাশীশ্বর'। [চৈ° চ° আদি ১০।১৩৮]।
ইনি এবং গোবিন্দ ছইজনই ঈশ্বরপুরীর সেবা করিতেন। শ্রীপুরীপাদ
তাহার সিদ্ধিকালে ছইজনকেই পুরীধামে মহাপ্রভুর সেবা করিতে আজ্ঞা
করেন। প্রথমতঃ গোবিন্দ মহাপ্রভুর
নিকট আগমন করত পুরীগোস্বামির
কথা বিবৃত করিয়া বলিলেন—

'কাশীখর আসিবেন তীর্থ দেখিয়া। প্রভূ-আজার তোমার পদে আইছ ধাইয়া'॥ পরে—'কাশীখর গোসাঞি আইলা আর দিনে। সম্মান করিয়া প্রভূ রাখিলা আপনে'॥

প্রথমত: মহাপ্রস্থ ইহাদের সেবা গ্রহণ করিতে স্বীকৃত হয়েন নাই— কারণ উহারা হুই জনই গুকুর ভূত্য; কিন্তু সার্বভৌম ভটাচার্য যথম বলি- লেন—'আজা গুরুণাং হুবিচারণীরা', তখন প্রস্থাই হাদিগকে অদ্ধীকার করিলেন। গোবিন্দ মহাপ্রস্থার শ্রীঅঙ্গ-সেবা করিতেন। কাশীখর— 'প্রস্থার করান লঞা ঈশ্বর-দর্গন।

আগে লোক-ভিড় সব করে নিবারণ'॥ ইনি পূর্ব লীলায় ভূঙ্গার ও শশিরেধা ছিলেন [গেগি° গ° ১৩৭, ১৬৬]

অন্তান্ত বিষয় (ওক্ত ২০।১২) ক্রষ্টব্য। কিশোর – শ্রীখ্যামানন্দ প্রভূর শিব্য—

মেদিনীপুর জেলায় কাশিয়াড়ীতে বাস। ২ শ্রীরসিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪। ১৬১]।

কিশোরপ্রসাদ—শ্রীরাসপঞ্চাধ্যায়ীর উপর বিশুদ্ধরদাদীপিকা-নামে টীকা-কার। ইনি উচ্জলনীলমণি, বৈষ্ণব-তেবিণী, আনন্দর্বদাবন, বৃদ্ধাবনশতক প্রভৃতি গ্রন্থের আলোকে এই ব্যাখ্যা করিয়াছেন বলিয়া অন্থমিত হয় বে ইনি শ্রীরূপসনাতনাদির পরবর্তী অথচ শ্রীবিখনাথ-বলদেবের পূর্ববর্তী গৌড়ীয়

কিশোরানন্দদেব গোস্বামী—
গ্রীরসিকানন্দপ্রভুর শিব্য। ইনি
উৎকলীয় ভাষায় রেমুণা-বিবরণ
ক্রৈতিসার রচনা করেন।

মহাজন।

কেতিসার' রচনা করেন।
কিশোরী চক্রবর্ত্তী—শ্রীনিবাস
আচার্য প্রস্থুর জ্যেষ্ঠ প্রবধু সত্যভামা
দেবীর আত্মীয় ও শিষা।

'রাধাবিনোদ চক্রবর্তী, কিশোরী চক্রবর্তী আর'॥ (কর্ণা২)

কিশোরী দাস—শ্রীশ্রামানন্দ প্রত্বর
শিষ্য। মতাস্তরে শ্রীশ্রামানন্দ প্রভ্রর
প্রশিষ্য (রসিকানন্দের শিষ্য)। পিতার
নাম—রসময়। খ্লতাতের নাম—
বংশীমধুরা দাস। 'রসিকমঙ্গল'প্রণেতা গোপীজনবল্লভ দাস কি শোরী
দাসের জ্যেষ্ঠ দ্রাতা। (গোপীজন-বল্লভদাস দেখ)

'কিশোরী দাস শাখা ভক্তিরসময়। তাঁরে রূপা কৈল খ্যামানন মহাশয়'। (প্রেম ২০]

(প্রেম ২০)
কীর্ত্তিচন্দ্র—জীমহৈত-প্রভুর প্রাতা।
কুবের পণ্ডিতের ষষ্ঠ পুত্র। (প্রেম
২৪, কুবের পণ্ডিত দেখ)।
কুতুরুদ্দিন (যবন দম্য)—জীজাহবা•


দেবীর ক্বপাপাতা। শ্রীনিভ্যানশ্বগৃহিণী জাহ্নবা দেবী যথন শ্রীকুশাবনে
গমন করিতেছিলেন, তথন পথিমধ্যে
এই দক্ষ্যদলপতি স্বদল-বলে দেবীর
ক্রব্যাদি লুঠন করিতে আসিয়াছিল;
কিন্তু দেবীর মহিমার দক্ষ্যপশ
সারারাত্রি খুরিয়া ঘুরিয়া বেড়ায়,

হয় এবং দেবীর মহিমা উপলব্ধি করিতে পারে। তখন সকলেই অস্ত্র ফেলিয়া দেবীর পদতলে পড়িয়া

কোন ক্রমে দেবীর নিকট পৌছিতে

পারে না। প্রাতে তাহাদের চৈত্র

কিশোরী দাসের বংশতালিক।



ক্রন্সন করিতে থাকে। দেবীর ক্লপায় কুতুবৃদ্দিন স্বগণসহ বৈঞ্ব হইয়া যান।

'ঙলি ঠাকুরাণী মহ। হরিব অস্তরে।

অমুগ্রহ করিলেন সব যবনেরে॥
হেনকালে হরিধ্বনি উঠিল তথায়।
সকল যবন নাচে ক্লঞ্জণ গায়'॥
(প্রেম্ম ১)

কুমারদেব— শ্রীরূপ ও শ্রীদনাতনের পিতাঠাকুর। ভরদাজ-গোত্রীর যজ্কেদী ব্রাহ্মণ। (শ্রীরূপ-সনাতন দেখ)।



পালন করিতে লাগিলেন। এস্থানেই

মুকুন্দের একমাত্র পুত্র ছিলেন-এই কুমারদেব। তিনি অতিভদ্মাচারী নিষ্ঠাবান্ ছিলেন। পদ্মনাভের পুত্র-পৌত্রগণের পরিবার বহু বুদ্ধি হইয়া-ছিল, তক্ষ্মপ্ত জ্ঞাতি-বিরোধ ঘটিলে ধর্মভীরু কুমারদেব পিতার আজ্ঞা লইয়া নৈহাটি ছাড়িয়া বাক্লাচন্ত্ৰ-্ঘীপে বসতি স্থাপন করেন। [ভক্তি ১।৫৬১-৫৬৪]। এই সময়ে পিরালীর অত্যাচারে পশ্চিমবঙ্গ, বিশেষতঃ নবদ্বীপ অঞ্চল উৎসন্ন হইতেছিল (প্রেবি ২৩) ২২২ পু)। বাকুলায় তথন मञ्चनर्गत्तत दःश হিন্দুরা**জ**গণের প্রবল প্রতাপ, দেখানে একাতীয় অত্যাচার ছিল না। বিশেষতঃ রাজা দমুজমর্দন তাঁহার পিতামহ প্র-নাভের পৃষ্ঠপোষক ছিলেন, সেই পরিচয়ে কুমারদেব চন্দ্রদীপে আশ্রয় পাইলেন। এ স্থানেই তাঁহার স্থ-প্রসিদ্ধ তিন পুত্র—শ্রীসনাতন, শ্রীরূপ ও শ্রীবল্পভের আবির্ভাব হয়। বল্পভের জন্মের অল্পদিন পরেই ইনি ভবলীলা সাল করেন। তখনও তাঁহার পিতা মুকুন্দ গৌড়রাজ্বরকারে উচ্চ পদে নিযুক্ত ছিলেন। যুক্স তাঁহার পৌত্র-গণকে রামকেলিতে আনাইয়া প্রতি-

শ্রীকীবপাদের প্রাকট্য হয়।
কুমুদ কবিরাজ—শ্রীনিত্যানন্দশাধার নাম পাওয়া যায়। [মতান্তরে
—মুকুন্দ কবিরাজ]।
'গোবিন্দ, শ্রীরঞ্জ, কুমুদ—তিন
কবিরাজ'॥ [১৮° ৮° আ ১১/৫১]
কুমুদ চট্টরাজ—শ্রীআচার্য প্রভুর
শিষ্য। ই হার প্রাতার নাম—
রামক্কঞ্চ চট্টরাজ।
'বিক্তপ্রেষ্ঠ রামক্কঞ্চ, কুমুদ এ হয়।

কুমুদ চট্টরাজের পুত্রের নাম— চৈতন্ত । শ্রীনিবাস আচার্যের মধ্যমা কন্তা শ্রীমতী ক্ষণপ্রিয়া দেবীর সহিত চৈতন্তের বিবাহ হইয়াছিল। 'শ্রীকুমুদ চট্টরাজ প্রভুর প্রিয় ভূত্য।

এ ছুই ভাতার গুণ কছনে না যায়'॥

[ভক্তি ১০।১৪০]

তাঁর পুত্র চৈতন্ত-নাম চট্টরাজ। প্রভুর কুপাপাত্র যিঁহো মহাভক্ত-রাজ॥ [কর্ণা >]

প্রভূপদ বিনে যাঁর নাহি আর কৃত্য॥

কুমুদানক চক্রবর্তী *— প্রীরুদ্ধাবন-বাদী ভক্ত। প্রীকৃষ্ণদাদ কবিরাজ

🍍 পৌড়ীয়-সংস্করণে 'মুকুন্দানন্দ' পাঠ আছে।

গোস্বামিকে ইনিও শ্রীচৈতন্তচরিতামৃত রচনা করিতে আজ্ঞা
করিয়াছিলেন।
'কুমুদানন্দ চক্রবর্তী,প্রেমী ক্লফদাস॥

আর যত বৃশাবনবাসী ভক্তগণ।
শেষ লীলা শুনিতে সবার হৈল মন'।
[চৈ চ ° আদি ৮।৬৯]

আচার্যপ্রভুর শিষ্য হইতে ইনি ভিন্ন ভক্ত। কুমুদানন্দ ঠাকুর——শ্রীনিবাস

আচার্যের শিষ্য।
 'কুমুদানন্দ ঠাকুরে প্রভু দয়া কৈল।
 প্রভু কুপা পাইয়া যিঁহো কুতার্থ
 হৈল'॥ (কণা ১)

কুমুদানন্দ পণ্ডিত—(গো° গ° ১৩৬) পূর্বলীলার গন্ধর্ব গোপ।

কুলদা প্রক্ষাতারী—— শ্রীবিজয়ক্ষ গোস্বামিপ্রাভূর শিষ্য ও 'সদ্গুরুস্ক'-নামক গ্রন্থের লেখক।

কুলশেখর — শ্রীবৈঞ্বগণ-মধ্যেও রাজন্তবর্গ-মুক্টমণি কেরলরাজ সম্রাট্ কুলশেখর ৫০টি পগাত্মক যে শ্রীমুকুন্দমালাস্তোত্র'রচনা করিয়া-ছেন—তাহা ভক্তিরদোদ্দীপক। এই

স্তোত্তের উপর বেঙ্কটেশও আনন্দ-রাঘব টীকা করিয়াছেন। প্রীচৈতন্ত-

(৬) গন্ধর্বমিলন, (१) কালীয়-

চরিতামতে মধ্য ১৩।৭৮ এবং ভক্তি-রসামৃতে ২া৫:২৯ ইহার উদ্ধৃত হইয়াছে।

কুবের- এত্রীনিত্যানন্দ প্রভুর পূর্ব নাম!

কুবের পণ্ডিত—শ্রীশ্রীঅদ্বৈত প্রভুর পিতা। ইনি 'দত্তকচক্রিকা'-নামক গ্রন্থ রচনা করেন এবং রাজা দিব্য-সিংহের মন্ত্রী ছিলেন। শ্রীহট্ট লাউড় দেশে বাস করিতেন। (অবৈত দেখ) ভরদাজ-বংশজ, অগ্নিহোত্র যাজ্ঞিক ব্রাদ্মণ। ইনি নবগ্রামের নাড়িয়াল বংশজ মহানন্দ বিপ্রের ক্যা শ্রীমতী নাভাকে বিবাহ করিয়াছিলেন।

'নাভাদেবীর ছয় পুত্র, এক কন্তা হইল। একান্ত, লক্ষীকান্ত, হরি-হরানন। সদাশিব, কুশলদাস আর কীতিচন্দ্ৰ'॥

বয়:প্রাপ্ত হইয়া সকল পুত্রই তীর্থ-পর্যটনে যাত্রা করেন। তুন্মধ্যে তীর্থকেত্রে চারিজনের দেহরক্ষা হয়। . ছইজন স্বদেশে আগমন পিতৃ-আজ্ঞায় সংসারী হন। পুত্র-কুবের-দম্পতি গণের লোকান্তরে , বড়ই শোকপ্রাপ্ত হয়েন। পরে লাউড় হইতে শাস্তিপুর ধামে আসিয়া ় বাস করেন (প্রেম—২৪)। তৎপরে শ্রীঅদ্বৈতপ্রভুর আবির্ভাব হয়।

কুশলদাস—শ্রীঅদৈতপ্রভুর ভ্রাতা। কুবের পণ্ডিতের পঞ্চম পুত্র। (কুবের পণ্ডিত দেখ, প্রেম ২৪)। কুর্মবিপ্র—বৈদিক ব্রাহ্মণ। দাক্ষিণাত্যে

শ্রীপাট ছিল।

'কুর্মনামে সেই বিপ্র বৈদিক ব্রাহ্মণ। বছশ্রমাভজ্যে কৈল প্রভুরে নিমন্ত্রণ ॥

ঘরে আনি প্রভুর কৈল পদ-প্রক্ষালন। সেই জল বংশ-সহিত করিল ভক্ষণ'॥ পরে মহাপ্রভু কূর্মবিপ্রে শক্তি সঞ্চার করত আজ্ঞা দিলেন— 'যারে দেখ, তারে কর 'রুষ্ণ'-

উপদেশ। আমার আজ্ঞায় গুরু হঞা তার' এই দেশ'॥ [চৈ° চ° মধ্য नाऽ२४]।

ক্লথ্য – এরিসিকানন্দ-শিষ্য ্র° ম° পশ্চিম ১৪।১৫২]। কৃষ্ণ আচার্য—বারেন্ত ব্ৰাহ্মণ।

শ্রীপাট—গোপালপুর; শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।

'কৃষ্ণ আচার্য শাখা পরম উদার। বারেন্দ্র ব্রাহ্মণ, গোপালপুরে বাস বার'। [প্রেম ২০]

'জয় এীআচার্য জয় কৃষ্ণ বিজ্ঞবর। প্রেভু-পাদপলে থেঁহ মত মধুকর ্রী (নরে)° ১২)

২—গ্রীল রামচন্দ্র কবিরাজের শিষ্য (কণা২)

গোস্বামী—শ্রীমন্মহা-কুষ্ণকমল প্রভুর পার্ষদ-চতুষ্টয় কংসারি সেন, সদাশিব কবিরাজ, পুরুষোত্তম ও কাহঠাকুর প্রভৃতিদারা উচ্জলীকৃত বংশে শ্রীকৃষ্ণকমল নদীয়া জেলায় ভাজনঘাটে ১৭৩৩ শকাকায় আবি-ভূতি হইয়াছেন। শাহিত্যকৈত্তে **ঠ**াহার मान-- সর্বজন-প্রশংসনীয়। তিনি যাত্রার পালা-হিসাবে আট্থানি করিয়াছেন। গ্রন্থ রচনা (২) স্বপ্নবিলাস, নন্দহরণ, **১१**७8 রচনাকাল শাক দিব্যোন্মাদ (রাইউন্মাদিনী), (8) বিচিত্রবিলাস, (৫) ভরতমিলন,

দমন ও নিমাই-সন্ন্যাস। ইহাদের স্বতন্ত্রভাবে আলোচনা করা বর্ত্তমান '**উদ্দেশ্য** না হইলেও প্রবর্ষের ইহাদের প্রত্যেকটিতে যে অপূর্বন, অভিনবত্ব আছে, যাহার শ্রবণে শতস্হস্র নরনারী অশ্রুপাত করিয়া দিবারাত্র এক অভিনব ভাববিহবলতা ও রসভনায়তা লাভ করত ধ্যা ধ্র হইয়াছেন—তাহা অস্বীকার করিবার উপায় নাই। শ্রীকৃষ্ণকমলে একা-ধারে পাণ্ডিতা, কবিত্ব, সঙ্গীতবিষ্ঠার পারদশিত্ব প্রভৃতির সহিত তাঁহার সুধীরতা ও সর্বজনপ্রিয় ব্যবহার-কুশলতা প্রভৃতি মিশিয়া তাঁহাকে চির অমর করিয়া রাখিয়াছে। তাঁহার অমুপ্রাস-প্রিরতা সময় সময় শ্রুতিকটুতা আনয়ন করিলেও সময়-বিশেষে যে তাহাই আবার সরস্তা আনয়ন করিয়া থাকে-এ কথাও বলিতে হইবে। যেমন—'ভাল ভাল বঁধু ভালত আছিলে, ভাল সময় এসে (प्रथा पिट्न'। 'ভাল' শব্দের প্রত্যেকটীর সার্থকতা আছে; রাইউনাদিনী, বিচিত্র-বিলাস প্রভৃতির গৌরচন্দ্রই বা কত মধুর, কত রসাল! শ্রীরাধার মেখ-দর্শনে নিপ্সকভাবে অবস্থান দেখিয়া বিশাখার উক্তি---

'দেখ দেখি শ্রীরাধার, কিবা প্রেমা অসাধার, কত ধার বহে তি**লে** তিলে। দেখে নবজলধর, ভেবে**ছে** আসি দেখা অতঃপ্র **पिलि॥ रेक्स्य पिट्य धनी, जार**न শিখিপুছ্লেণী, শোভে কিবা চূড়ার উপর। বকশেণী যায় চলে, ভাবে মুক্তাহার দোলে, বিদ্যুৎ দেখে ভাবে পীতাম্বন হেম তমু রোমাঞ্চিত, প্রফুল কদম্বজিত, যথোচিত শোভিত হইল। ক্ষুদ্ধ দেহ লুক্ধ মনে, অনিমেব হুনয়নে, মেঘ পানে চাহিয়ারহিল ॥ (দিব্যোয়াদ ১০০ পঃ)

শ্রীকৃষ্ণকমল সংস্কৃত ভাষায়ও উৎকৃষ্ট পদ লিখিতে পারিতেন, ভাষারও নিদর্শন আছে—

'অয়ি রাধে! মুঞ্চ তদয় চিন্তন মন্থদিনন্। অলমতীতয়া চিন্তরা তয়া
কুরুবে তয় ক্ষীণম্ ॥ চিন্তা গরীয়সী
চিতাচিন্তয়োঃ, ন গুণং কলয়ি কিং
তয়োঃ, চিন্তা দহতি সন্ধীবনমপি
চিতা জীবনহীনং। স বহুবয়ভঃ
সহজত্বভঃ, ন কেবলং স্থি তবৈব
বয়ভঃ, ন যোগী সংযোগী, ন গৃহায়রাগী ন গোপীবয়ভঃ স গোপীবয়ভঃ
যদা তব ভাগ্যে বলবতি স্তি,
পোহপি য়য়ময়্যতি স্তি! রোদনমুপসংহর পরিহর বিষাদমহীনম্'॥
(য়প্লবিলাস ২৬৭ পঃঃ)

ক্রাঞ্চ কবিরাজ—শ্রীনরোতন ঠাকুরের শিশু। 'আর শাখা কমলসেন, যাদব কবিরাজ। মনোহর বিশ্বাস শাখা কৃষ্ণ কবিরাজ'॥ [প্রেম ২০]

কৃষ্ণকান্ত—উদ্ধবদাস পদক্ষ্ণার
প্রকৃত নাম। টে জাবৈগুপুরবাসী
ও পদকল্পতক্ষকার বৈষ্ণবদাসের বন্ধু।
ইনি স্থললিত ব্রজবুলি-পদরচনায়
স্থপটু ছিলেন। পদকলতক্ষতে
২৯টি পদ সমাস্থত হইয়াছে।

ক্রম্ণকিস্করদাস (বৈষ্ণব) — রূপপুর-বাসী। শ্রীসরকার ঠাকুরের শাখা। ইনি শ্রীগোবিন্দরায়ের সেবা প্রকাশ করেন।

ক্ষকিশোর— শ্রীশ্রামানন্দ প্রভুর
শিষ্য। শ্রীপাট— গোপীবল্লভপুর।
'হরিরায়, কালীনাথ, শ্রীকৃষ্ণকিশোর।
শ্রামানন্দ-শাখা, বাস—গোপীবল্লভ-পুর'॥ [প্রেম ২০]

ক্ষাতি— এরিসিকানন্দপ্রভুর দিতীয় পুত্র ও শিষ্য। রুষ্ণগতি-মতিকথা অতি অমুপান। [র° ম° পশ্চিম ১৪।২৭]

ইনি খামস্বনরপুরে গিয়া তত্রত্য শ্রীরাধাবন্দাবনচন্দ্রের সেব! করিতেন। তিনি খ্রীশ্রামানন প্রভুর প্রধান হাদশ শাখার অন্তত্ম মহান্ত **একিশোরদেবের** শিষ্য ছিলেন। স্থপণ্ডিত ও স্থগায়ক ছিলেন। ইনি অগ্ৰহায়ণী কৃষ্ণা পঞ্চনীতে অন্তৰ্ধান করিয়াছেন। ই হার বংশধ্রগণ খামস্করপুরে করিতেছেন। ২ শ্রীনিবাসাচার্য প্রভুর কনিষ্ঠা পত্নীর গর্ভজ পুল। কুষ্ণগোবিন্দ দেব—শ্রীর্সিকানন্দ

কৃষ্ণগৌবিদ্দ দেব—শ্রীরসিকানদ প্রভুর মধ্যম প্রা। [কৃষ্ণগতি দ্রুইব্য] কৃষ্ণচরণ—শ্রীরসিকানদ প্রভুর শিষ্য। 'কৃষ্ণচরণ," দিজ অচ্যুত শ্রীচরণ'। (র° ম° পশ্চিম ১৪।১০৮)

কৃষ্ণ চরণ চক্র বর্তী— শীনরোত্তমশাখা। শীরামক্ষক আচার্যের কনিষ্ঠ
পুত্র। মাতার নাম—কন্কলতিকা
দেবী। রামক্ষক আচার্যের সহিত
গলানারায়ণ চক্রবর্তীর মহাপ্রীতি
ছিল, গলানারায়ণ অপুত্রক ছিলেন
বলিয়া বন্ধু রামক্ষের এই পুত্র রুষ্ণচরণকে পোষ্যপুত্ররূপে গ্রহণ করিয়া
দীক্ষা প্রদান করেন।

'শ্রীকৃষ্ণচরণ চক্রবর্তী দয়ামম।

রামকৃষ্ণ আচার্যের কনিষ্ঠ তনর॥
প্রীঠাকুর চক্রবর্তী (গঙ্গানারারণ)
সন্তান-রহিত। কে বুকিতে পারে
তাঁর অকথা-চরিত॥ আচার্য (রাম-কৃষ্ণ) জানিয়া মনোগৃত্তি হর্ষমনে।
অল্লকালে দিলা পুত্র গঙ্গানারায়ণে॥
শ্রীকৃষ্ণচরণ ভক্তিরস-আস্থাদনে।
তার্কিকাদি পাষ্পুগণেরে নাহি গণেওঁ॥
(নরো ১২)

শিবাই চক্রবর্তী

হরিরাম রামক্ষ

রামক্ষ

গোপীনাথ রাধাক্ষ
ক্ষেচরণ চক্রবর্তী

কৃষ্ণচরণ দাস—গ্রীরসিকানন্দ প্রভুর
প্রপৌত্র ও শ্রীশ্রামানন্দ প্রভুর

প্রশিষ্টের প্রশিষ্ট। ইনি 'শ্রীশ্রামানন্দ-প্রকাশ'ও 'শ্রীশ্রামানন্দ-রসার্ণব' রচনা করিয়াছেন। গ্রন্থকার শ্রীল রাধামোহন দাসের শিষ্য ও শ্রীল বলদেব বিচ্ছাভূষণের গুরুলাতা। শ্রীনয়নানন্দ দেব গোস্থামিপাদই

রাধানোহন ও রাধাদানোদর দাপের

मीका छक्र ।।

কৃষ্ণচন্দ্র দাস—১৭৯৩ খৃঃ 'বিলাপবিবৃতি-মালা'নামে শ্রীমদ্রঘুনাথদাস
গোস্বামির বিলাপকুস্থমাঞ্জলির পতাথুবাদ করেন। ইনি শ্রীমন্নরহরি
সরকার ঠাকুরের বংশীয়—শ্রীলালবিহারীর শিষ্য [ব-সা-সে]।

শ্রীকৃষ্ণ চৈতন্ত শ্রীশন্ নহাপ্রভু শ্রীগোরস্থলরের নিজ নাম (চৈতা মধ্য ২৮।১৭৯, ১৮১)—যত জগতেরে তুমি 'রুষ্ণ' বোলাইয়া। করাইলা চৈতন্ত শ্রীর্ত্তন প্রকাশিয়া॥ এতেকে

নাম—শ্রীকৃষ্ণচৈতগ্য। তোমার স্বলোক তোমা' হইতে যাতে হৈল শ্রীমদভাগবতের 'ক্লফ্ডবর্ণ' শব্দে তন্ত্রমতে কৃষ্ণচৈত্ত্রই সঙ্কে-'कुक्षवर्ण'-भक्तवार्थाम् ভিত।' শ্রীপাদ রামভাদ বৈক্ষবাচার্য গোসামি-পাদও বলিয়াছেন—'কৃষ্ণ ইতি বর্ণমুখ যস্ত নামাভাবয়বে সঃ কৃষ্ণতৈভাঃ'। ষেমন সভাা বলিতে সভাভামাই বাচ্য, ভীম বলিতে ভীমসেনই লক্ষ্য, তদ্ৰপ 'কুফবৰ্ণ' শব্দেও কুফ্টেডভাই ধ্বনিত। ভা ৩৩৩ 'শ্রিয়: স্বর্ণেন' শ্লোকের চীকা এপ্রসঙ্গে আলোচ্য ।। কাহারও ধারণা—এই নামটি সন্ন্যাস-কালে প্রীকেশবভারতীর মুখারবিন্দ रुटेट উচ্চারিত বলিয়া নবদীপ-विदाती औरगीत-नामहे मूथा, किन्ह তম্ববিচারে এই মত যুক্তিসহ হইতে না। ঐচৈতন্ত্ৰ-ভাগৰত, শ্রীচৈতক্তরিতামূত ও শ্রীচৈতক্তমঙ্গল প্রভৃতি চরিতগ্রন্থযালার নামকরণ-তাৎপর্য বিচার করিলে স্পষ্টত:ই প্রতীত হইবে যে 'গ্রীক্ষটেতন্ত' নামই মুখ্য। এগোর-পারতমাবাদী শ্রীলোচন ঠাকুর স্বকীয় ধামালীতে গোর-নাম-গুণ-লীলাদি করিলেও কিন্তু চরিতগ্রন্থের নাম-করণ করিলেন 'প্রীচৈত্ত্যমঙ্গল'। শ্রীচৈতগ্রচন্দ্রামূতে (১৩২) শ্রীপ্রবোধা-নন্দ সরস্বতী লবণোদ্ধিতটে 'গৌর নাগরবরের থান লিখিয়াছেন। বস্ততঃ একট অখ্ नीमाम् শ্রীগোরাল, শ্রীচৈত্যাদি অসংখ্য নাম সংহতিত হইলেও শ্রীচৈতগুনামের ভূয়োভূয়: প্রয়োগ দেখিয়া তাহাই যে মুখ্যতর-ইছা নিংসন্দেহে বদা

চলে | **बिकुक्टिडमु-उद---**- डीनमनमन, শীরাধা, আদাবাহ বাহ্নদেব ইত্যাদি (গৌগ ২৬-৩০)। গৌরাবতার-রহস্ত (टेंচ আদি ৩।১৩-২৯); গোরাবতারের মুখ্য কারণ (চৈচ व्यापि 819-७७, ७। २०१-२०१): শীকৃষ্ণ ও শ্রীচৈতন্ত তত্ত্ত: একাস্ত थित (bb थानि २। à.२। >२०.६। ১৫৬.६। ५२ हेजानि) हहेग्रा जीनाग्र जिन्न (रेठठ जानि ४।১৮-७२, मधा २८। <u>জীরাধারুফতত্ত্ব</u> २७8)। **শ্রীগোরতত্তে** একাস্ত অভেদত্বেও শ্রীচৈতফাচন্দ্রামূতে নামবৈশিষ্ট্য (৫৩), नीनारेविनिष्टेर (११-१४), পরিকর-देविनिष्ठी (১১৯), खद्भप-देविनिष्ठी

(১৩) এবং ধাম-বৈশিষ্ট্য (১)

প্রথমাঙ্কেও স্বরূপত:, নামত:, গুণত:

ও লীলাতঃ বৈশিষ্ট্য অমুসন্ধের।

ভাগবত,

শ্ৰীকৃষ্ণতৈতন্ত্ৰ-লীলা [প্ৰীচৈতন্ত-

শ্রীচৈতভামপল, শ্রীচৈতভাচরিতমহা-

ওপ্ত-কড়চা, শ্রীগোরকুফোদম প্রভৃতি

প্রী চৈতভাচন্দ্রো দয়

শ্রীচৈতহচরিতামৃত,

শ্রীচৈতক্তচন্দ্রোদয়, শ্রীমুরারি

চরিত-গ্রন্থে বিস্তারিত জীবনী আলোচ্য ও অমুসন্ধের হইলেও এন্থলে যৎসামান্ত স্চিত হইল । অবভারের পূর্বাভাস—জৈমিনী-ভারতের নারদ-উদ্ধব-সংবাদ অবলম্বনে শ্রীক্ষের গৌরক্রণে অবভারের কারণ-নির্পণাদি; নারদের মারকায় গমন ও গৌরক্রপ-দর্শন, কৈলাসে গমন ও পার্বতীর পূর্বপ্রতিক্তা (অবাধ মহাপ্রসাদ-বিতরণ)-মারণ, ব্রহ্মার

নিকটে ভাবী শ্রীগোরাবতার-কীর্ত্তন,

পুরুষোত্তমে গমন, তথা হইতে গোলোকে গমনাদি, খেতদীপে পরি-করগণের অবতারাদি সক্ষেত (ৈচম সুত্র খণ্ড ১-৬৬০) অবৈতপ্রকাশের (>০) মতে শ্রীলঅদ্বৈত-প্রস্থ-দত্ত পুপাঞ্চলি উজ্ঞানদিকে যাইতে যাইতে নদীয়ায় শচীর গর্ভ স্পর্ণ করিল—শচীমাতাকে দণ্ডবৎ প্রণাম করিলে সেই গর্ভপাত হইল-এই-ঘটিল। এদিকে ভাবে আটবাব খুলিয়া অৱৈত নৰগ্ৰীপে টোল অধাপনা করিতেন এবং দীক্ষাও দিতে লাগিলেন। মিশ্র পুরসার ও শচীর কর্ণে তিনি 'চতুরক্ষর গৌর-গোপাল' মহামন্ত্র দিলেন; তৎপরে যে পুত্র হইল তিনিই বিশ্বরূপ এবং দিতীয় পুত্র হইলেন-বিশ্বস্তর। বিশ্বন্তর আবিভাবমাত্র নয়ন মুদিয়া থাকেন, ছগ্নপান করেন না দেখিয়া অবৈত শচীগৃহে আগমন করিলে বালক বলিলেন যে 'হরেরুফ্ড' আদি বোলনাম না দিয়া অশুদ্ধ কর্ণে মন্ত্র শ্রবণ হইয়াছে বলিয়া তিনি মাতার ত্তথ্ব পান করিতেছেন না। শচীর কর্ণে আবার শ্রীঅবৈতপ্রভু যোল নাম দিয়া পূর্ব মন্ত্র শর্ণ করাইলে মহাপ্রেড় মাতৃত্ব পান করিতে লাগিলেন।

আদিলীলা

শ্রীধাম নবদ্বীপে শচী-জগরাপ-গৃছে
১৪০৭শকে ২৩শে ফাল্পন ফাল্পনী
পূর্ণিমার চন্দ্রগ্রহণ-কালে আবির্ভাবপ্রসঙ্গ (চৈভা আদি ২০১২-২৩৪,
চৈচ আদি ১৩৮৯—১২২), নামকরণ (চৈভা আদি ৩০১৫-২৮),

निक्कमन-नीन। (थे ८। २४-२२) अन-প্রাশন (ঐ ৪।৫৩-৫৮), জামুচং-ক্রমণ, শেষশয্যায় শহন (ঐ ৪i৬৫-৭৩), কীৰ্ত্তন-প্ৰিয়তা (ঐ ৪০৮৮-৯৮); গৌর চৌর (ঐ ৪।১০৮-১৩২), শৃত্য চরণে নৃপুর-ধ্বনি (ঐ ৫।১-১৫); তৈর্থিক-বিপ্র-প্রসঙ্গ (এ ৫1১৬-১৫৪), বিভারত, কর্ণ-বেশ, চুড়াকরণ (ঐ ৬١১—৮), ছরিবাসরে হিরণ্য-জগদীশের নৈবেছ-ভোজন (ঐ ৬।১৬-৪০), চাঞ্চল্যাদি জনাহন-লীলা (ঐ ৬।৪২-১৩৪); বিশ্বরূপের আহ্বানে বালক নিমাই (ঐ ৭।৪—৫৬), বিশ্বরূপ-সন্মাশে (के १।१६); পार्ट मरनानित्वन (🕹 १।>>०-->२०) : अशुय्रन-वर्षा ঔদ্ধত্য-বৃদ্ধি (91227-262); দতাত্তেয়-ভাবে শচীকে তত্তোপদেশ (ঐ ৭١১৯১); উপনয়ন (ঐ ৮।৭— २०) : विचाविनाम (के मार १-- २०४)। অত্তৈত-প্রকাশের (১২) মতে শ্রীঅবৈত বেদপঞ্চাননের নিকটে গদা-ধর-সঙ্গে বেদ পড়িতে গৌরের গমন: গৌরের প্রিয় টাপকেলা ক্ষুমিশ্রের 'শ্বপ্রণব গৌরায় নমঃ' মল্লে নিবেদন করিয়া ভক্ষণ-সীতা মা তাঁহাকে: ছাড়ম করিলে শ্রীঅধ্বৈতস্মীপে রুষ্ণ-মিশ্রের গৌরমন্তে মহাবৈশিষ্টা-প্রতি-नामन : रगीरतत छेनगारत छाना-কলার গন্ধ পাইয়া সকলের বিশায়: গৌরের 'বিভাগাগর' উপাধি-লাভ ও নবদীপে গমন। মিশ্র-পুরন্দরের পর-লোক (চৈভা আদি ৮١>০৯-->২১), ক্রোধলীলা ও শচীর মহাবাৎসদ্যভাব (ঐ ৮/১২৩--১৭১), সর্বসিদ্ধীশ্বর গৌর (ঐ ৮।১৭৫—১৮৩); অধ্যা-

পনাদি (ঐ ১০/৫—৪৬); প্রথম বিবাহ (ঐ ১০।৪৭—১৩১); ফাঁকি-জিজাগা (ঐ ১১/১৮—৫১); ঈশ্বর-পুরী-মিলন (ঐ ১১।৮৫-->২৬); গদাধর-সহ শাস্তবিচার (ঐ ১২।২•— ২৮), শ্রীবাসাদি-ক্লত আশীর্বাদ (ঐ ১২।২৮--৫২) ; বায়ুরোগছলে প্রেম-বিকাশ (ঐ ১২।৬৩-৯৮); নগর-ख्यन (क्षे >२।>०६-->११) खी धत्र-সঙ্গে কোন্দল (ঐ ১২।১৭৮—২১৩); গৌরগোবিনের বংশীবাদন (ঐ ১২। २১৪—२०२); দिগ्विक्रमी-পরাক্র (ঐ ১৩)১৭—২০৮); আতিথেয়তা ১৪I>>---৩৭), वङ्गरहरून বিজয় (ঐ ১৪।৪৯ -৯৭)। প্রেমবিলাসের (২৪) মতে মহাপ্রভু বিস্থাবিলাস পন্মাতীরে শ্রীনরোত্তমকে আকর্ষণ পূর্বক শ্রীহট্টে যান; পথে ফরিদপুর হইয়া বিক্রম-পুরস্থ হুরপুরে গমন, তৎপরে ক্রমশঃ ত্মবর্ণগ্রাম হইয়া এগারসিন্দুরে, বেডাস हरेशा जिंगितशा देवस्थव-व्यवत निकी-নাথ লাহিডীর ভবনে কয়েকদিন অবস্থান করত শ্রীহট্টে উপেক্সমিশ্রের গুহে গমন করেন ৷ পিতামহ ও পিতামহীর সহিত পরিচয়, ঐস্থানে পিতামহের অসমাপ্ত চণ্ডীর লিখা পূর্ণ করেন এবং উভয়কে রূপা করিয়া আবার পথাতীরে আদেন। লক্ষী-(চৈভা আদি প্রিয়ার অন্তর্ধান ১১।১৯-১০৬) : তপন্যিশ্র-মিলনাদি (ঐ ১৪।১১৬--১৫৫); শচীর ছ:খা-প্रतातन (७ >81>७४-->৮৯); পুনরায় অধ্যাপনা (ঐ ১৫।৩—৩২); বিষ্ণুপ্রিয়া-পরিশয় (ঐ ১৫/০৮—২২৪) **श**त्रा-भरथ मम्बादत विद्यभारतात्रक-

পানে স্বীয় জ্ব-চিকিৎসা (ঐ ১৭।১১ ---২৮)। গ্রায় প্রবেশ, শ্রাদ্ধাদি, দীক্ষা-প্রসঙ্গ (১৭।২৯--১৪১)। নবদীপে আগমন (১৭।১৬২--১৮৩)।

মধ্যলীলা

তীর্থযাত্রা-বর্ণন, কৃষ্ণবিরছে ক্রন্দ-নাদি (তৈভা মধ্য \$ (96-0616 পুনরায় অধ্যাপনারস্ত (ঐ ১/১২৩-২৯৪); শ্রীমদ্ ভাগবত-ব্যাখ্যার প্রবণে মৃছা (ঐ ১০০৩,৩১০); প্রতিশব্দের ক্বফ-পর ব্যাখ্যা (ঐ ১।০২২-৩৪৬), অধ্যাপন-বিরতি ও রুফকীর্ত্তন-শিক্ষা-मान (क्षे ३१०४०-८२०)। व्यदिष्ठ-मिनन (के २।१६,२७०,२८७-२४१), শ্ৰীবাদ-গ্ৰহে (ঐ २६२-७०२). বিভিন্নভাবে (ঐ ৩/১৫,২২); নিত্যানন্দ-মিলন (ঐ এ৫৮—৪।৪৪) : নিত্যানন্দের ব্যাসপৃত্থা-প্রসঙ্গে (ঐ মধ্য ৫।৭-১৬৫)। রামাইভারা অবৈতানয়ন ও তৎকর্ত্তক চরণপূজাদি (ঐ ৬।১-১৪১)। পুগুরীকমিলন (ঐ ৭)১২-১৫৫); শ্রীবাসের নিত্যা-নন্দ-সম্বন্ধে পরীক্ষা (ঐ ৮।১০); শঙ্করাবেশ (ঐ ৮/৯৮-১০৩): নুত্য-कीर्खनामि-विनाग (धे ४।>>c-२४६) সাত প্রহরিয়া মহা-ঐর্ধ্য-প্রকাশ (ঐ ৯।৮-১৩৩): শ্রীধরকে বরদান (এ alace-२४४); मुतादिक नदमान (ঐ ১০৮-৩৩); হরিদাসকে বরদান (ঐ ১০/৫৭-১১২); অবৈত-সকাশে গীতার গুঢ়ব্যাখ্যা (ঐ ১০৷১৩০, ১৬৬); মুকুন্দকে বরদান (ঐ ১০। ২০৩-২৪৪) ; প্রভুর আজায় নারা**য়ণীর** कुकात्थाम जन्मन (जे >०।२৯७-

২৯৭); নিত্যানন্দ-চাঞ্চল্যে গৌর

(ঐ১১।১১-২৮); নিত্যানন্দ-পাদোদকবিতরণে (ঐ ১২।২-৪৯), হরিদাসনিত্যানন্দের প্রতি নাম-প্রচারে
আ্রভা (ঐ ১৩।২৫-৩৫); জগাইমাধাই উদ্ধারলীলা (ঐ ১৩।৬৮—১৫।
৯৮); নিশা-কীর্ত্তন (ঐ ১৬।২);
অবৈত-কর্ত্তক পদপুলি-গ্রহণে ক্রোধব্যাজ (ঐ ১৬।২৭-৯৩)। শুক্লাম্বরকে

অবৈত-কর্তৃক পদধূলি-গ্রহণে ক্রোধ-ব্যাজ (ঐ ১৬।২৭-৯৩)। শুক্লাম্বরকে অন্ত্রহ (ঐ ১৬।১০৯—১৫০)। প্রোণবিসর্জন-চেষ্টায় (ঐ ১৭।১৭-১১১); অভিনয়ে (ঐ ১৮।২৫-২১০)। অবৈতের প্রতি ক্রপাদও

্র্তি ১৯।৮—২৬৬), মন্থপ সন্ন্যাসির ।
গ্রেহ (ঐ ১৯।৯৩)। মুরারিকে
নিতাই-তত্ত্বজাপন (ঐ ২০)১৬-৭৬)
গ্রাহার স্কলে আরোহণ (ঐ ২০।
১১৪-১২৭); দেবানন্দের প্রতি ক্রপা

শ্রুচীমাতার বৈষ্ণবাপরাধ-খণ্ডন (ঐ ২২!৭—১২৬)। লুকায়িত ব্রহ্মচারির প্রতি দণ্ড ও ক্নপা (ঐ ২০০০:— ৫০)। নগরকীর্ত্তন, কাজী-দলনাদি

্বাক্যদণ্ড (ঐ ২১/৫৩, ৬৬-৮০);

(ঐ ২০।৬৪-৫১৩)। বিশ্বরূপ-প্রদর্শন (ঐ ২৪।৪০-৭৫); শ্রীবাস-পুত্তের প্রলোকে (ঐ ২৫।৪৩-৮২)। বিফুর ্অর্চনে অসামর্থ্য (ঐ ২৫।৮৫-৯১)।

শুক্লাম্বরের অন্নভোজন (ঐ ২৬।৩-৩৫); বিজয়ের প্রতি কুপা (ঐ ২৬।৩৬-৪৩); বলরাম-ভাব (ঐ

হু ৬ ৷ ৬২ — ৭৫); গোপীভাবাবেশ (ঐ (২৬ ৷ ৭৯ ৯৭); পড়ুয়ার চৈতভানিন্দা

ও গৃহস্থা এম-ত্যাগে সংকল (ঐ ২৬/৮৬-১৫৬)। মুকুন্দ, গদাধর ও মুচার নিকট সম্যাস-বাজ্ঞাপনাদি

্রি ২৬।১৫৭—২৮।১৭); শ্রীধরের লাউ-ভেট (ঐ ২৮।৩৪-৪২)। সন্ন্যাস- बर्ग (जे २५१८१-५५५)।

অস্ত্যুলীলা

সন্ত্যাসের পরে রাচ্চেশে এমণ, চন্দ্রশেখরকে নবনীপে প্রেরণ (১৮৩)

অন্ত্য গ্ৰহ-৯৫); গঙ্গামজ্জন (ঐ ১৷ ১০০-১২২), ফুলিয়ায় ও শান্তিপুরে

ভক্তসন্মিলনী (ঐ ১/১২৭-২৮৫); নীলাচলযাত্রা (ঐ ২/৪-২৮) পথে আটিগারা (ঐ ২/৫১-৫৬), ছত্রভোগ

(ঐ ২া৫৭-৮৫), রামচন্দ্র খানের প্রতি কৃপা (ঐ ২া৮২-১৪৪); কীর্ত্তন, নৃত্যাদিসহ নৌকাপথে গমন (ঐ ২া১১৯-১৪৬); দানীর প্রতি

কুপাদি (ঐ ২1১৬৪-১৮৭); দণ্ড-ভঙ্গলীলা (ঐ ২1২০৮-২৩৫); জলেশ্বরে শিবদর্শন (ঐ ২1২৩৮-২৬৩); বাঁশদহে শাক্ত সন্ন্যাসির

প্রতি কুপা (ঐ ২া২৬৪-২৭২);
রেমুণায় গোপীনাথ-দর্শনাদি (ঐ
২া২৭৬-২৭৯), ক্ষীরচোরার কাহিনী

গমন (চৈভা অস্ক্য হা২৮০-৩০৩) সাক্ষীগোপাল-দর্শন (ঐ ২।৩০৪-৩০৫); ভুবনেশ্বরে গমন (চৈভা

हिंह मध्य ४। २०-२ २) यां ज शूरत

্অন্ত্য ২০০৭-১০৩) ঐ কাহিনী (নৈচ মধ্য ১/১-১০৪) আঠারনালায়

প্রবেশ (ঐ ২।৪১৯-২০); জগরাথ দর্শনে আনন্দমূর্হাদি (ঐ ২।৪৩০

৪৭৪); সার্বভৌম-গৃহে ভক্তবৃন্দ-মিলনাদি (ঐ ২।৪৭৫-৫০১), সার্ব-ভৌমের প্রতি কুপাদি (ঐ ৩৯-

১৫২, চৈচ মধ্য ৬।৩-২৮৭) ১৪৩২শকে বৈশাথে দক্ষিণদেশে

गमत्नान्त्यां (रेव्ह मथा ११७—६५)

কৃষ্ণদাসকে সঙ্গে লইয়া আলালনাথে গমন (ঐ ৭।৫৯—১০), প্রভুর মূথে নামসংকীর্ত্তন-শ্রবণে লোকের প্রেমো-

ন্মান (ঐ ৭।৯৫—১১২)ক্রমে ক্র্মস্থানে ক্র্মবিপ্রের আতিথ্যগ্রহণ (ঐ ৭।
১২১—১৩২) গলংকুপ্তী বাস্ত্রদেবের
উদ্ধার (ঐ ৭।১৩৬—১৪৯), গোদা-

বরীতে রামানন্দ-মিলন ও রুফকথাদি (এ ৮।১০—৩০৮), দান্দিণাত্য-ভ্রম্প

७ निष्कत्र देव वागरमवक देव क्षविद खा क्ष क्ष नाग-कृत शामि (के २१२१ - ०৮),

বৌদ্ধ-পরাজয় (ঐ ৯/৪৭—৬৩), রপক্ষেত্রে ব্যেষ্কট-ভবনে চাতুর্মান্তবাস

রপ্তক্ষেত্রে ব্যৈষ্কট-ভবনে চাতুমান্তবাস (ঐ ৯/৮২—১৬৬); ধ্বত-পর্বতে প্রমানন্দপুরীর মিলন (ঐ ১৬৭— ১২৫); মাহুরায় রামভক্ত-মিলন

ও তাহার নিকট সীতানেবীর রাবণ-কর্ত্ব অস্পৃষ্টাবস্থাতেই অন্তর্ধানাদি-

বর্ণনা (ঐ ৯।১৭৯—২১৭), ভট্টথারি-বৃত্তান্ত (ঐ ৯।২২৬—২৩৩), ব্রহ্ম-

সংহিতা-প্রাপ্তি (ঐ ১/২৩৭ – ২৪০), উড়ুপীতে নর্ত্তকগোপালদর্শন ও মাধ্বী-সংপ্রদায়ের সহিত শাস্ত্রালাপ (ঐ ১)

২৪৫-২৭৮); পাতারপুরে শ্রীরক্ষপুরীর সহিত সাক্ষাংকার (ঐ ১)

২৮২—৩০৩) ক্লফবেগাতীরে 'ক্ল**ফ-**কণামৃত'-প্রাপ্তি (ঐ ৯৷৩০৪—৩৩৯)। পুনবায় বিভানগর হইয়া নীলাচ**লে**

৩৯-৬২); কালা রুঞ্চনাসকে নবদীপে প্রেরণাদি (ঐ ১০া৬৫—৭৯), সংবাদ

वागमन ७ देवक्षविमनामि (के ५०।

পাইয়া গোড়ীয় বৈক্তবগণের নীলাচলে যাত্রার আয়োজন এবং প্রমানন্দ-পুরীর সর্বাতে পুরী-গমনাদি (ঐ ১০)

৮০—১১) ; স্বরূপদামোদরের স**হিত** মিল্ম (ঐ ১০৷১০২--১২৯),গোবিলের

चागमनामि (रेहह मध्य २०१५७५-५७०), ব্রহ্মানন্দ ভারতীর আগ্যন (ঐ ১০ ১৫১-১৮৩)। কাশীশ্বর মিলন (ঐ ১০।১৮৫-১৮৬)। রাজা প্রতাপ-রুদ্রের গৌরমিলনে উৎকণ্ঠা (ঐ ১১। ৩ - ৫৯), গোড়ীয়গণের পুরীতে মহাপ্রভুর দর্শনে আগমন (ঐ ১১/৬৭ -- २ >) यन्द्रिताक्रात्न गहाकीर्खन (थे >>|2>|6 (88 - 86) | প্রতাপক্ষরের জন্ম ভক্তগণের প্রার্থনা (ঐ ১২।৪ –৩২); নিত্যানন্দ-পরামর্শে প্রভুর বহির্বাসদান (ঐ ১২।৩৩-৩৮), রাজপুত্রের প্রভুদর্শন (ঐ ১২/৫৫--७৯)। গুণ্ডিচামার্জনাদি (ঐ ১২। ৭৩-২২১)। রথাগ্রে নর্ত্রনাদি (ঐ ১০০ - ২০৩)। প্রস্থুর বিশ্রাম-কালে ু প্রতাপরুদ্রের বৈষ্ণব-বেশে প্রভূপাশে গমন ও কুপালাভ (ঐ ১৪।৪— ১৯) বলগণ্ডির প্রসাদ-সেবন (ঐ ১৪। ২৫-৪৩) আইটোটায় বিশ্রামাদি. हेखब्रास कनरकनि (थे >81५৫-৯১)। হেরা পঞ্মীর সাজসজ্জাও গোপীমানাস্থাদনাদি (ঐ ১৪।১০৬-২৪৩); পুনর্যাত্রাদি (ঐ ১৪।২৪৪— ২৪৫) কুলীনগ্রামীর প্রতি পট্ট-। ডোরীর জন্ম আদেশ (ঐ ১৪।২৪৬--२৫७)। नत्मारमयमित्न त्राप-বেশে অভিনয় (ঐ ১৫/১৭-৩১): মাতৃভক্তি-প্রখ্যাপনানি (ঐ ১৫। ৪৭-৬৬), রাঘব পণ্ডিতের কৃষ্ণ-(मवाचानन (७ ১৫।৬৮—৯२)। মাহাত্ম্য-কথনপূর্বক ভক্ত-বিদায় (ঐ ১৫।৯৩--১৮২)। দাৰ্বভৌম-গৃহে जिक्नामि (धे २६।२४५--२२४). অমোধের বিস্তিকা ও তরিয়াকরণ (ঐ ১৫।২৪৫--২৯২)। গৌড়দেশে

ক্ষেত্রসর্যাসভাগে ও আতান্তিক গৌর-নিষ্ঠার প্রদক্ষ (ঐ ১৬।১৩০--১३२)। পাণিহাটি, কুমারহট ও কাঁচরাপাড়াদি र्रेया (टेव्ह मधा ३७।२०२—२०७) প্নরায় বিভাবাচস্পতির গৃহে গমনাদি (চৈভা অস্ত্য ৩।২৭৩–৩৩২). (প্র ৩।৩৪৩-৪৪১) : কুলিয়ায় দেবানন্দের প্রতি কুপা ও ভাগবত-তাৎপর্য-বর্ণনাদি (1) 01888-৫৪০)। প্রেমবিলাসের (৮) মতে মহাপ্রভূ এই সময়ে তত্তিবপুরের ঘাটে পদানদী পার হইয়া চতুরপুরে রাম-কেলিতে এীরূপস্নাতনের মিলিত হন। রামকেলিতে প্রমনাদি (চৈভা অন্ত্য ৪।৫—১৩০) পুনরায় অবৈত-মন্দিরে মাধবেন্দ্র-তিথি-আরা-ধনায় (চৈভা অস্ত্যু ৪।১৩১— ৫১৯)। কুমারহট্টে শ্রীবাস-ভবনে (ঐ ৫।৫-৭৪), পাণিহাটিতে রাঘব-यमित्र (के ८।१६->०४), वर्त्राष्ट्-नगरत (थ ८।>>-->२०), श्रनतात्र भीनाहरन (७ ८। २० - २०৮)। ঝারিখণ্ড-পথে শ্রীধাম বৃন্দাবন-যাত্রা (চৈচ মধ্য ১৭৩-৮১) কাশীতে তপনমিশ্র ও চন্ত্রশেখরাদির সহ মিলন (ঐ ১৭৮২-১৪৪); প্রয়াগে विन्त्र्याधव-पर्ननामि (७ ১१।১৪৯) মথুরায় প্রবেশ ও তীর্থদর্শনাদি (ঐ >৭।১৫৫---২২৯)। শ্রীরাধাকুণ্ডা-विश्वात (व >४।०--> 8), (शावर्य न-पर्यन (धै >b|>9-cs); न्यूक नीनाञ्चनी-पर्मन (के अल्डब्ट-->8२) : নীলাচলপথে হঠাৎ বংশীধ্বনির শ্রবণে প্রেমাবেশ ও পাঠানের প্রতি ক্রপাদি মহাপ্রস্তুর

5363 (के २४।२८०--२२०)। যাত্রা (ঐ ১৬।৯০—১২৯), তিলার্ধ প্রবাগে বিরহাসহিষ্ণু শ্রীল পণ্ডিত গোস্বামির শ্রীরূপ-মিলন ও তত্ত্বকথাদি (ঐ ১৯1 ৩ -- ২ ৫৪)। কাশীতে শ্রীসনাতনের সহ মিলন এবং সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-বিষয়ে বিস্তর উপদেশ (ঐ মধ্য ২০--২৩ অধ্যায়) : 'আত্মারাম' শ্লোকের ৬১ প্রকার ব্যাখ্যা (ঐ মধ্য ২৪ অধ্যায়); বৈক্ষব স্থৃতির সূত্র-কথন (ঐ মধ্য ২৪।৩২৩— ৩৪০)। প্রবোধানন্দ-উদ্ধার মধ্য ২৫1৪—১৫৯)। স্থবুদ্ধি মিশ্রের সহিত মিলনাদি (ঐ ২৫1১৮০--১৯৯) ৷ পুনরায় নীলাচলে বিজয় (এ २९।२১६--२००)। हिन्सी ভক্তমালের (৫৯৬ পু:) বর্ণনামুদারে মহাপ্রস্থ কুরুক্টেত্রে থানেখনে জগন্নাথকে রূপা করেন এবং জগন্নাথের গৃহে তিন দিন বিরাজ করত তাহাকে শিখ্য করিয়া 'কুঞ্চলাস' नांग (प्रना চৈত্ৰসঙ্গলে বিশেষ—নীলাচল-পং**থ** জনৈক গোপের নিকট তক্র-পান (চৈম অস্ত্যু ৩।৪—২১); ক্রমে ক্রমে রাট দেশ দিয়া নদীয়ায় প্রত্যা-বর্ত্তন (ঐ ৩)২২—৫৬); শান্তিপুর, তমলুক হইয়া (ঐ ৩/৫৭—৬৪) পুরুষোত্তমে আগমন! স্বরূপ-কর্তৃক প্রেরিত (প্রভুর আগমন-)ধার্ত্তা পাইয়া গোড়ীয় ভক্তগণের নীলাচল-যাত্রা, শিবানন্দের ঘাটী-সমাধান (চৈচ অন্ত্যু ১৷১৩-১৬) ভক্ত কুকুরের নীলাচলে প্রভূমিলনাদি (ঐ ১।১৭—৩২): শ্রীর্রপের বুন্দাবন হইতে গৌড়দেশ হইয়া নীলাচলে প্রভু-মিলন ওনাটক-পরীক্ষাদি (ঐ ১108 ২২০)। আধুয়া মুলুকের নকুল ব্রহ্মচারির হৃদয়ে আবেশ, শিবাননেব

প্রভুর সহাধ্যায়ী ব্রাহ্মণ-কর্ত্তক শীলাচলে আসিয়া নিত্যানন্দের জাশ্রম-বিরোধী আচারে স্বীয় সন্দেহ-

b2->0>) |

জ্ঞাপন এবং প্রভুর ভন্নিরসনাদি (চৈভা অন্ত্য ৬,৮—১২৩); চৈতগ্ৰ-নিত্যানন্দের নিভূতে মিলন (ঐ १। ১৮--->০২), টোটা গোপীনাথে নিত্যাননদ্রব্যাস্থাদনে প্রভুর গমনাদি (ঐ ৭1>০২—১৬৪)। ভক্তগণ-সহ নরেন্দ্রে জলকেলি (ঐ ৮।১০১— ১৪৮)। जुनगी-दमवानि (थे । ১৫৪—১৬১)। অবৈতাচার্যের রন্ধন ও প্রভুর একেশ্বর ভোজনাদি (ঐ ১1>৪--- ৭৭)। দামোদর-মুখে শ্চীমাতার ভক্তি-মহিমাশ্রবণ (ঐ 1 (30 <--- < 6 | 6 6 ভক্তগণকে 'লক্ষেশ্বর' হওয়ার নির্দেশ (ঐ ৯।১২:--১২৮)। ভারতী-সমীপে জ্ঞান ও ভক্তির তারতম্য-প্রশ্নাদি (ঐ ١ (٥٥٤ -- ١٥٥) ١ অধৈত সিংহ= কর্ত্তক গৌর-নাম-প্রচার-প্রবর্ত্তনাদি (ঐ ৯।১৫৯—২৩৩)। অবৈতের বৈফবতা-সম্বন্ধে ত্রীবাসকে জিজাসা.

> — ৬৪)। প্রেমনিধি-মিলনাদি (ঐ >0199-->60)1 শ্রীহরিদাস-ঠাকুরের নির্বাণে ভক্তবাৎসল্যসীমা-প্রকটন (চৈচ অন্ত্য ১১/১৬—১০৭) গোড়ীয় ভক্তগণের নীলাচল যাত্রা. নিত্যানন্দপ্রভূ-কর্তৃক বাগার অনিশ্চয়ে শিবাননকে পাদপ্রহার-কুপাদি এবং

তহুত্তরে শ্রীবাসকে প্রহারাদি (ঐ ১

২৮০-২৯৮)। প্রীগদাধর-মুখে প্রী-

ভাগবতাস্থাদন, স্বর্গ-কণ্ঠে সঙ্গীত-

শ্রবণাদি (ঐ ১০।৩২--৫৭), প্রেমা-

বেশে কুপে পতনাদি (ঐ ১০।৫৮

ক্ষোভে শ্ৰীকান্ত সেনের নীলাচল-গমনাদি (ঐ অস্ত্য ২২।৭—৪৪); পরমানন্দ (পুরী) দাসের সহিত মিলন (ঐ ১২।৪৫—৫৩), প্রমেশ্বর মোদকের সহিত মিলন (ঐ ১২।৫৪ —৬০)। গৌড় হইতে জগদাননের চন্দ্ৰাদি ভৈল লইয়া নীলাচলে গমন ও প্রভুর তৈল-গ্রহণে আপন্তিতে জগদানন্দের ক্রোধাদি (ঐ ১২।১০২— ১৫৫)। প্রস্থ-কর্ত্তক জগদানন্দ-নির্মিত তুলিবালিশ-প্রত্যাখ্যান অথচ স্বন্ধপ-কৃত কলার পেটো-নিমিত শ্যায় শয়নাদি (ঐ ১৩।৫---২০) জগদানদের বুন্ধাবন-গমন, সনাতন-সহ মিলন-মুকুন্দ-সরস্বতীর বস্তু শ্রীসনাতনের মস্তকে দেখিয়া জগদানশের ক্রোধাদি (ঐ ১৩/২১—৬৫)। গুর্জরীরাগিণীতে গীতগোহিন্দ-গান শুনিয়া প্রস্থার 'সিজের-বাড়ি' লজ্মনক্রমে ধাবন ও গোবিন্দ-ক্বত নিবারণাদি (ঐ ১৩। ৭৮—৮৮)। রঘুনাথ ভট্টের মিলন ও রুপাদি (ঐ ১৩৮৯—১৩৪)। দিব্যোমাদ, চিত্রজন্প, সিংহছারে পতন, চটক পর্বতে গোর্ব্ধন-শ্রমে অভিসারাদি (ঐ ১৪।৫->>>)। যুগপৎ আকৰ্ষণ, পঞ্চেন্দ্রের বিলাপোক্তি, স্বরূপ-কণ্ঠে গান, রামা-নন্দের শ্লোকপাঠাদি (ঐ ১৫।৪— ৯৮)। कालिमारमत देवस्थवाधतामुख নিষ্ঠা জানিয়া প্রভুর মহারূপা (ঐ ১৬।৫--৬৪), ফেলালব-বুতাস্ত (ঐ ১৬/৮৮-- ১৪৯)। কমঠাকুভিভাব (ঐ ১৭াড--৭১); শরজ্যোৎসাম সমুদ্রদর্শনে যমুনাভাগে মঞ্চরীভাবে জলকেলি-দর্শন ও সমুদ্রে প্রন-नीनामि (के ১৮१०-- ১১৯)। माज-সভোষণার্থ নবছীপে জগদানন্দকে প্রসাদী ব্রব্যাদিসহ প্রেরণ (ঐ ১৯। ε—>৫); অবৈত প্র**ভুর** তরজা-

শ্রবণে প্রভুর বিরহ্দণার দিওণ বুদ্ধি,

রাধাভাবাবেশে অমুক্ষণ উদ্ভূর্ণা 'ও প্রলাপাদি, ভিত্তে মুখবর্ষণ, কুষ্ণগন্ধে मिवानुजामि (के > २।२०-->०8)। **জাবিভীয় ব্রাহ্মণের দারিজ্য-নিরা-**করণে নীলাচলে আগমন, সপ্তাহ উপবাস, বিভীষণসূহ সাক্ষাৎকার ও পরে প্রভুর কুপাপ্রাপ্তি (চৈম শেষ ৩।৪।৪-- ৯২)। দৈত্যোগেগাদিসহ-কত শিক্ষাষ্টকের শ্লোকাম্বাদনে স্বরূপ-রায়ের সহিত নিশাযাপনাদি বিবিধ नीना (हे व्यक्त २०१०—१२)। গৌর-মন্ত—(>) উদ্ধায়তন্তে (91>8->6) Madras Oriental Mss. Libraryর পুঁথি। (২) ঈশান-সংহিতায় পাঁচটি. (৩) শ্রীধ্যান-চন্দ্ৰ গোস্বামি-কৃত পদ্ধতিতে (৫৪— ৫৫) বিরাজমান। প্রীচৈতভাচন্দোদযে (৯). অদৈতপ্ৰকাশে (১০) মিশ্ৰ-দম্পতির দীক্ষা-প্রসঙ্গে ও জ্রীচৈত্যা-চরিতামতে (অস্ত্য ২৩১) 'গৌর-গোপাল-মন্ত্র চারিঅকর' অবৈত-প্রকাশে (১২) 'দপ্রণব গৌরায় নমঃ'; ত্রীগৌরক্ষোদয়-মহাকাব্যের (১৬৮০ শকে) ১৮।২২-৩৪ শ্লোকে খ্রী-গৌরমন্ত্র, গায়ত্রী ও ধ্যানাদি বিভয়ান িগোড়ীমবৈষ্ণব অভিধান প্রথম খণ্ডে ২৫০ পৃষ্ঠায় দ্রষ্টনা \rbrack। এতদ্ব্যতীত চৈতক্তবল্লে, চৈতভামহাভাগবতে (১। ১০, ১২।১০/১৯—৬০), এইচতম্ব-চন্দ্রামতের আনন্দি-ক্বত চীকার (৩১) এবং বছত্র দেখা যায়। ধ্যান, গায়ত্রী প্রভৃতি খ্যানচন্দ্র-পদ্ধতিতে (৪৯. ৫৬.

<u>অষ্টক</u>—শ্রীসার্বভৌষ ভট্টাচার্য্য-ক্বত, (২) শ্রীনরহরি সরকার-ক্বত শ্রীশচী-স্মভাষ্টক; শ্রীরূপপ্রভূক্ত শ্রীচৈতগ্রাষ্টক,

१२) अष्टिंग ।

শ্রীপ্রবোধানন্দ-ক্বত 'গৌরস্থধকর-চিত্রাষ্টক' এবং শ্রীমন্দাসগোস্বামিক্বত —শ্রীশচীস্থষ্টক প্রভৃতি প্রসিদ্ধ। অষ্ট্রোভরশতনাম——শ্রীসার্বভৌম-

নামদাদশক ও নাম-বিংশতি-স্তোত্ত—শ্রীসার্বভৌম-ক্ষত।

সহস্রক—শ্রীনরহরি সরকার, শ্রীকবি-কর্ণপূর ও শ্রীরূপপ্রস্থু-কৃত

স্তব—গ্রীরঘুনন্দনঠাকুর-ক্বত 'নবদ্বীপ চক্রস্তবরাজ'। (২) শ্রীঅদৈতপ্রভূ-

কত 'প্রতাক্বর্ণনাখান্তবরাজ।' (৩)

তিন্নী।

গৌরাঙ্গশুববল্পতক (দাসগোস্বামী)।

<u>শতক—শ্রী</u>সার্বভৌম-ক্বত শ্রীচৈতন্তশতক, (২) শ্রীরতিকাস্তর্ঠাকুরকুত

অষ্টকালীয় হত্ত—(১) শ্রীরূপ-

প্রভুক্কত—ভাবাঢ্যলীলা, (২) প্রীধ্যানচন্দ্র গোস্থামি-কৃত (পদ্ধতি ৭২-৭৭)
এবং (৩) প্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত—
স্বর্ণমঙ্গল। বঙ্গভাষানিবদ্ধ গৌর-

'শ্রীগোর-শতক।'

চরিতচিস্তামণিতে শ্রীমন্নরহরি চক্র-বর্ত্তী বিস্তারিতভাবে ক্ষষ্টকাল আলোচনা করিয়াছেন।

শ্রীমহাপ্রভূ-বিষয়ক গ্রন্থাদি(১) বঙ্গভাষায়—শ্রীগৌরত্বন্দর

(প্রীগ্রামলাল গোস্বামী), অমিয়-

নিমাই চরিত (শ্রীশিশির কুমার ঘোষ), শ্রীচৈতক্সদেব (শ্রীপ্মশ্বরানন্দ বিষ্ঠা-বিনোদ) প্রভৃতি। (২) ওড়িয়া

ভাষায়— চৈতন্ত্র-ভাগবত (ঈশ্বর দাস), চৈতন্ত্র-বিলাস (মাধব)।

(৩) ব্রঞ্জভাষার— চৈতক্তচরিতামৃত (স্থবদশ্যাম)। (৪) হিন্দী ভাষার— অমিয়-নিমাই-চরিত, চৈতক্তপ্রেম- সাগর (পণ্ডিত রামানন্দ), চৈতন্ত্র-চরিতাবলী (প্রভুদন্ত ব্রন্দচারী); (৫) গুরুমুখী ভাষায়—চৈতন্ত্র-

চরিত। (৬) উর্ছ ভাষায়— প্রীনিমাইটাদ (ক্লক্ষপ্রসাদ হুগ্গুল), (৭) তেলেগু ভাষায়— প্রীচৈতন্ত-

লীলামৃতসারম, ঐচৈতন্ত-শিক্ষামৃতম্; 'Lord Gouranga in Telegu'. (৮) তামিল ভাষায়—Life and

Teachings of Gouranga (P. V. Pillai, Madras). (৯) ইংরেজী ভাষায়--Lord Gouranga (Sisir Kumar Ghose), Sri

Krisna Chaitanya (N. K. Sanyal), Lord Chaitanya, Sri Chaitanya Mahaprabhu (B. P. Tirtha), Chaitanya (G. Tucci), Life of Sri-

Chaitanya (C. S. Triloke

kar), Chaitanya and His Companions (D. C. Sen), Gouranga and His Gospel (M. Dhar), The Universal

Religion of Sri Chaitanya (N.N. Chatterjee). Chaitanya's Pilgrimage and

Teachings (J. Sarkar).

শ্রীমন্ মহাপ্রভু-রচিত 'শিক্ষাষ্টকই'
সমধিক প্রসিদ্ধ । ইহাতে বেদ-বেদাস্তাদি নিথিলশাস্ত্র-প্রতিপাদ্য পুরুষার্থ
নিরূপিত হইরাছে । শ্রীকৃষ্ণপ্রেমামৃত
স্তোটি শ্রীকৃষ্ণচৈতন্ত-মুখচন্দ্র-নির্গলিত
বলিয়া টীকাকার বিট্ঠলেশ্বরের
মত । এতদ্ব্যতীত শ্রীমন্মহাপ্রভুর

নামে যে সব ক্ষুদ্র ক্ষুদ্র অপ্টক ও প্রবন্ধাদি আরোপিত হয়, তাহাদের প্রামাণ্য সন্দেহ-মুক্ত নহে ৷ প্রীপ্রায়ক সম্মুদ্ধ সিহাক-প্রতিপাকে

শ্রীগোরাঙ্গ স্বরং সির্বান্ত-প্রতিপাদক বিশেষ কোনও গ্রন্থ রচনা না করিলেও তাঁহো-কর্ত্ত্বক সঞ্চারিত-শক্তি শ্রীচৈতন্ত্য-মনেণ্ডভীইপুরক শ্রীরূপ-

প্রতিতন্ত-মনোইভাওপুরক প্রান্ধণসনাতনাদি তদমুগ মনীমীগণ যে
সকল গ্রন্থরাজি প্রচার করিয়াছেন,
তাহাতেই শ্রীগোরের অন্তর্নিহিত
ভাবরাজি দেদীপ্যমান ছইয়াছে।

শ্রীপার্বভৌম ভট্টাচার্য ও শ্রী প্রকাশানন্দ সরস্বতীর নিকট ব্রহ্মস্থরের শাঙ্কর ভাষ্যসম্বন্ধে তিনি যে বিচার ও দিদ্ধান্ত প্রকট করিয়াছেন, তাহাতেই ভাহার বেদান্তমত-সম্বন্ধে হার্দ

বিনিশ্চিত হয়। পাঠকগণ শ্রীচৈতন্ত-

চরিতামৃতের (মধ্য ৬।১০০ —১৭৫ এবং ২৫।৮৯ —১৪৬) প্রারগুলি অমুধাবন করিলে বুঝিতে পারিবেন যে শ্রীগোরাঙ্গ কিভাবে অতিসহজ্ব স্থবাধ্য ভাষায় বেদান্তের কঠিন কঠিন সমস্রাগুলির স্মন্ত্র্যু মীমাংসা করিয়াছেন। এই বিচার-ধারাই গোড়ীয় গুরুগোস্বামিগণের যাবতীয় গ্রন্থে অমুস্থাত হইয়াছে। ইহারই

ফলে শ্রীষ্ঠীবপাদের ষ্ট্রন্দর্ভ, ক্রম-

সৰ্বসম্বাদিনী

গ্রন্থরপ্রমালার

প্রভৃতি

উদ্ভব

मक्ख ও

দার্শনিক

হইরাছে।

এন্থলে অভিসংক্ষেপে মহাপ্রভুর
বেদাস্ত-মত লিপিবন্ধ হইতেছে।

অমপ্রমাদাদি দোষ-চতুইরমুক্ত
শ্রীনারায়ণই বেদব্যাদর্রপে ব্রহ্মস্থরের
কর্তা। শ্রুতিগণই ব্রহ্মস্থরের উপজীব্য। ব্রহ্মস্থরের প্রকৃত তাৎপর্য
অভিধা বৃত্তির আশ্রমে স্থনিপার
হইলেও শ্রীভগবদাজ্ঞাবহ শ্রীশন্ধরাচার্য

লক্ষণা-বৃতিদারা ভাষ্য রচনা করায় বেনাস্ত স্থত্রের মুখ্যার্থ আফ্রাদিত হইবাছে।

(১) প্রথমতঃ ব্রহ্মশন্দের তাৎপর্য-বিচারে (বংহতি, বংহয়তি চ)
মুখ্যার্থ হইতেত্তে অসমোদ্ধ বৃহত্তম)
বাভাবিকী- জ্ঞানবলক্রিয়া-শক্তি- সম
বিত তত্ত্ব (বেতাশ্ব ৬৮); স্ক্তরাং
বংহণ অর্থাৎ অক্তরেও বৃহৎ

ব্ৰহ্ম ৷

করিবার শক্তিযুক্ত বস্তুই

আচার্য শঙ্করও (ভাষ্যে ১/১)
'অন্তি তাবনিত্যশুদ্ধবৃদ্ধমৃক্তস্বভাবং
সর্বজঃ সর্ব-শক্তি-সমন্থিতঃ ব্রহ্ম')
স্বীকার করিয়াছেন যে বৃংহ-ধাতুনিপান ব্রহ্মন্দের বৃংপন্তিতে নিত্যশুদ্ধবৃদ্ধ-মৃক্ত-স্বভাব, সর্বজ্ঞ ও সর্বশক্তিযুক্ত বস্তুকে বৃঝায়। স্থতরাং

ব্ৰহ্ম স্বিশেষ তত্ত্ব; স্ব্ৰন্থ (মুণ্ডক

হাহাণ), রস (তৈত্তিরীয় হাণ),

আনন্দ (বুহদা থা৯৷২৮৷৭), সত্য

ও জ্ঞান-স্বরূপ এবং অনস্থ (তৈত্তিরীয় ২।১।০)—এই সকল শ্রুতিবাক্য স্পষ্টতঃই সবিশেষপর, কেননা সর্বজ্ঞাদি শব্দ বিশেষত্ব-স্কৃতক। ব্রন্ধের লীলার হৈবিধ্য—(১) মায়িকা

স্ষ্টিস্থিত্যাদি এবং (২) স্বরূপ-

শক্তিময়া শ্রীবিগ্রহচেষ্টা হাস্থবিলাসাদি

(প্রীতি ১৫০) ব্রহ্মস্তরের ২।১।৩৩ স্থবে সঙ্কেতিত হইয়াছে। 'স ঐক্ষত, সোহকাময়ত' প্রভৃতি বহ

শ্রুতিতে ব্রহ্মের শক্তির পরিচয়
আছে। স্কুতরাং ব্রহ্মশব্দের মুখ্যার্থ—
'চিলৈশ্বর্য-পরিপূর্ণ, অন্ধ্র্ব সমান' (চৈচ
আদি ৭০১১)। যদি প্রশ্ন হয় যে
শ্রুতিতে ত নির্বিশেষপর বাক্যও
আছে: তাহার কি গতি হইবে?

তহন্তরে শ্রীগোরাঙ্গ বলিলেন—'শ্রুতি যে যে স্থলে ব্রহ্মকে নিপ্তর্প, নিরাকার ইত্যাদি বলিয়াছেন, তন্তৎ-স্থলে প্রাক্তন্ত গুণাদি নিষেধ করিয়া অপ্রাক্তন্ত গুণাদিতেই তাৎপর্য বুঝিতে হইবে (চৈচ মধ্য ৬। ১৪১)। তাহার কারণও এই যে শ্রীভগবানের সবিশেষত্ব-নির্ণায়ক

তৈত্তিরীয় শ্রুতি (৩।১) বলিতেছেন 'জীবজগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ে ব্রহ্মই অপাদান, করণ ও অধিকরণ কারকর্মপে অধিক্রিত আছেন' (১৮৮ মধ্য ৬।১৪৪)। স্থতরাং (১৮না ৬।৬৭ উদ্ধৃত) হয়-শীর্ষ পঞ্চরাত্তের অমুসরণে বলিতে পারি যে নির্বিশেষপরা শ্রুতি হইতেও সবিশেষপরা শ্রুতিরই বলবতা

সম্পিত হইয়াছে।

(৬।৮), গীতা (१।৫), বিষ্ণুপুরাণ (৬।৭।৬১,১।১২। ৬৯) পরবন্ধের স্বতঃসিদ্ধ শক্তি-বৈচিত্রীর কথা স্বীকার করিয়াছেন। ব্রন্ধের অনস্ত শক্তির মধ্যে তিনটী প্রধান— স্বরূপশক্তি (হ্লাদিনী, সদ্দিনী ও সম্বিধরূপ-তিনবৃত্তিবৃক্তা), তটক্ষা

গরুড়াদি পরিকর (২) সাধনসিদ্ধ

ভক্ত, (৩) নিত্যবন্ধ অনাদি-

বহিমুখ হইলেও স্বন্ধপতঃ কুঞ্চনাস]

এবং বহিরদা নায়াশক্তি

নিত্যসিদ্ধ

(বিশ্ব-

জীবশক্তি—[(>)

(২) মুণ্ডক (২া২া৭), শ্বেতাশ্ব°

শৃষ্টিস্থিতি প্রভৃতি কার্ধে নিযুক্তা)।
শঙ্করাচার্য 'কারণস্তাত্মভূতা শক্তিঃ'
(ভাষ্য ২।১।১৮) স্বীকার করিয়াও
শক্তিবৈচিত্র্য মানেন নাই। মহাপ্রস্থ শক্তি এবং ভাষার বৈচিত্র স্বীকার করিয়াছেন (চৈচ মধ্য ৬।১৫৩-১৬১)।

(৩) শ্রীরামান্থজাদি আচার্যগণ শ্রীভগবানের শ্রীবিগ্রহের নিত্যত্ব স্বীকার করিলেও শঙ্করাচার্য (ভাষ্য ১৷১৷২০,৩.২৷১৪) নিবিশেষ ব্রহ্মের মুখ্যত্ব ও জ্ঞেয়ত্ব এবং সবিশেষ বা মায়াশবলিত ব্রহ্মের গৌণত্ব ও উপাস্তত্ব স্থাপন করিয়াছেন।

শ্রীগোরাঙ্গ কিন্তু শ্রুতিপ্রমাণমূলে

পরতত্ত্বকে সচিদানন্দত্ত এবং
তাঁহার শ্রীবিগ্রহ, ধাম, লীলা ও
পরিকরাদিকে তাঁহারই স্বরূপ-শক্তির
বিলাস বলিয়া স্থাপন করিয়াছেন
(চৈভা মধ্য ৩৩৮-৪০,২০৩৫-৪০)।

(৪) শঙ্কর মায়াবণ জীবকে

বিষয় শব্দ নায়াবন জাবকে
মায়াধীশ ব্রন্ধের সহিত অভেদ
করিয়াছেন, মহাপ্রভু তাহা নিরসন
করিয়াছেন (চৈচ মধ্য ৬।১৬২)।
(৫) ব্যাস ব্রক্ষস্থতে পরিণাম-

(৫) ব্যাস ব্রহ্মস্থতে পরিণামকাদ স্থাপন করিলেও শঙ্কর
স্বকপোলকল্পনায় বিবর্ত্তবাদ স্থাপন
করত ব্যাসকেও প্রান্ত বলিয়াছেন
(ভাষ্য ২।১।১৪); মহাপ্রেভু এই
মতকেও খণ্ডন করিয়াছেন (১৮৮
স্মাদি ৭।১২১-১২৭), মধ্য ৬।১৭০-

1 (59 C

(৬) শঙ্কর 'ভত্তমসি'বাক্যকে
মহাবাক্য বলিয়াছেন। মহাপ্রভু
বলিয়াছেন-ভহা বেদের একদেশমাত্র,
বস্ততঃ প্রণবই মহাবাক্য, বেদের
নিদান, ঈশ্বর-স্বরূপ, প্রণবপূর্বকই
বিশ্বস্থাই হয় ইত্যাদি। (১চচ
আদি ৭।১২৮-১৩০)

বস্তুত: এই বেদাশ্রয়-নান্তিক্য-বাদকে মহাপ্রভু বৌদ্ধমতবাদ হুইতেও অধিক নিন্দনীয় বলিয়া

ধিকৃকার দিয়াছেন (চৈচ মধ্য ৬। **ঔপাধিকভেদাভেদবাদী** 1646 আচার্য ভাস্কর শ্রীরামামুজাচার্যের বহুপূর্বে স্বভাষ্যে (১।৪।২৫, ২।২।২৯) এই মায়াবাদকে 'মাহাযানিকবৌদ্ধ-গাথিত' বলিয়া গুক্কার করিয়াছেন। বস্তুতঃ শঙ্করাচার্য বিবেকচূড়ামণিতে (১১১) বৌদ্ধমত-সিদ্ধ লঙ্কাবতার-হত্তের সিদ্ধান্ত (মায়াচ মহামতে! বৈচিত্র্যাৎ ন অভা ন অনভা') মানিয়া বলিয়াছেন —স্বস্দনির্বাচ্যা এই মায়া। শঙ্করও বৌদ্ধ ধন্মপদের (২৭৯) সিদ্ধান্তসম্মত জগন্মিথ্যাত্বাদ ও প্রাতিভাসিক সত্যতা স্বীকার করিয়াছেন। শঙ্করের পরম গুরু গৌড়পাদ মাগু,ক্য-কারিকার অলাত-

শান্তি-প্রকরণে অজাতিবাদ, উচ্ছেদবাদ বা সর্বশৃত্যন্থ বাদ প্রভৃতি বৌদ্ধমতই
প্রপঞ্চিত করিয়াছেন এবং বৃদ্ধকেই
বহুবচন প্রয়োগদারা (বৃদ্ধৈঃ
প্রকীন্তিতম্—৪।৮৮, বৃদ্ধরজাতিঃ
পরিদীপিতা—৪।১৯) সম্মানিত
করিয়াছেন। সকল সম্প্রদায়ের

আচাৰ্যগণই একবাক্যে মায়াবাদ খণ্ডন

করিয়াছেন।

এক্ষণে ব্রহ্মহতের তাৎপর্যনির্ণয়ে পছা কি, তাহাই বিবেচ্য। সকল সম্প্রদায়ের আচার্যগণই স্বস্থপক্ষে সিদ্ধান্ত করিয়া স্বস্থ-মতই স্থাপন করিয়াছেন। কিন্তু মূর্ত্ত শব্দব্রহ্ম শ্রীমন্মহাপ্রাভূ তারস্বরে ঘোষণা করিলেন যে (চৈচ মধ্য ২৫।৯৫—৯৮) ব্রহ্মহতের ভাষ্যস্বর্গপ—শ্রীমদ্ভাগবতই।

'চারিবেদ উপনিষদে যত কিছু হয়। তার অর্থলঞা ব্যাস করিলা

সঞ্জ ॥ যেই স্থত্তে যেই ঋকৃ—বিষয়-বচন। ভাগবতে সেই ঋকুশ্লোকে নিবন্ধন ॥ অতএব ব্রহ্মসূত্রের ভাষ্য— শ্রীভাগবত। ভাগবত-শ্লোক, উপ-নিষৎ কছে এক মত॥' স্বতরাং ব্ৰহ্মস্থ ও শ্ৰীভাগৰত একাৰ্থ-প্ৰতি-পাদক বলিয়া ব্রহ্মস্তবের অভিমত যাৰতীয় তত্তভথাই শ্ৰীভাগৰতক্রপ ভাষ্যে অন্তনিহিত। এতদ্বারা ইহাও প্রতিপন্ন হইল যে শ্রীমদ্ভাগবতামু-গত পছাই আদরণীয়। শ্রীমদ্ভাগবতই প্রমাণ-চ্ডামণি। মহাপ্রভু দেবানন্দ পণ্ডিতের লক্ষ্যে সকলকে শ্রীমদ্ভাগ-বত অধ্যাপনার উপদেশও দিয়াছেন (চৈভা অস্ত্য ৩।৫০৫—৫৩৯)। মহাপ্রভুর দ্বিতীয় দেহ স্বরূপ ও ভাগবতাধ্যয়নরীতি বর্ণনা করিয়া বলিয়াছেন (চৈচ অস্ত্য ৫।১৩১— ভাগৰত 502)1 'যাহ. একান্ত আশ্রয় বৈষ্ণবের স্থানে। কর চৈত্ত্য-চরণে॥ চৈত্ত্তের ভক্ত-গণের নিতা কর সঙ্গ। তবে সে সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ'॥ তাৎপর্য এই যে গৌড়ীয় গোস্বামিগণের আমুগতোই শাস্তের নিগঢ় বাচ্যধ্বনি স্ফৃতি হয়।

নগ্ট বাচ্যবাদ খুনত হব।
ক্রম্ণদ্মাল চন্দ্র—মুশিদাবাদ জেলার
পাঁচথুপীর স্থবৰ্গ বিণিককুলে সপ্তদশ
শকশতান্দীর প্রারম্ভে জন্ম হয়। ইনি
পরম বৈষ্ণব ও মনোহরসাহী কীর্তনগায়ক ছিলেন। স্থানীয় ক্রম্ণহরি
হাক্ষরার নিকট ইনি ফ্লীত শিক্ষা
করিয়াছেন। ইনি বাল্যকালে মুনিয়াডিহির আলঙ্কারিক ও ভাগবতশাস্ত্রবিশারদ রামকুষ্ণ বিপ্তাভূষণ মহাশয়ের

নিকট ব্যাকরণ হইতে শ্রীমদ্ভাগবত-

কুঞ্চদাস

ক্লমান-এনিত্যানন্দ-শাখা। ই হারা চারি ভাতা। 'নারায়ণ, কৃঞ্দাস আর মনোহর। দেবানন্দ—চারি ভাই নিতাই-কিন্ধর'॥ (চৈ° চ° আদি ১১।৪৬] ২ গ্রীগদাধর পণ্ডিতের উপশাখা। বন্দে একুঞ্চদাসাখ্যং প্রেম-মত্ত-কলেবরম । সদা প্রেমাশ্রুরোমাঞ্চ-পুলকাঞ্চিত-বিগ্রহম [শা°নি° ৪০]॥ শ্রীআচার্য-প্রভুর পঞ্চম অধন্তন, নামান্তর – লালদাস। নাভাজী-রত হিন্দী ভক্তমাল-গ্রন্থের বঙ্গভাষায় অমুবাদক। ৪—ও এরিসিকানন-শিষ্যবয় বি° ন° পশ্চিম ১৪|১৫৯— ১৬০] এবং শ্রীরসিকানন্দ প্রভুর প্রপৌত্র, শ্রীনয়নানন্দপ্রভুর প্রশিষ্য। শেষোক্ত মহাজন 'শ্রীশ্রামানন্দ-প্রকাশ' ও 'শ্রীশ্রামানন্দ-রুসার্ণব' পুঁ থিদ্বয় গ্রন্থ প্রবৈতা। শ্রীপাট গোপীবন্ধভপুরে রক্ষিত আছে। ৭ পূজারী ঠাকুরের শিষ্য। গৌড় হইতে বৃন্দাবনে গিয়া বাস করেন। 'পূজারী ঠাকুরের শিষ্য ক্লফদাস নাম। অত্যন্ত বিরক্ত সেই মহাগুণবান'॥ (প্রেম ১০)

এই কৃষ্ণদাস এবং ভূগর্ভ ঠাকুরের শিষ্য রামদাস, ছই জনে শ্রীবৃন্দাবন হইতে প্রী-দর্শনে যাইবার সময় শ্রীজীব গোস্বামী এবং শ্রীল লোকনাথ প্রভৃতি শ্রীনরোত্তম ঠাকুর,
শ্রীনিবাস আচার্য ও শ্রীগ্রামানন্দ প্রভুর
সংবাদ পাইবার জন্ত থেতৃরি, যাজিগ্রাম ও গোপীবল্লভপুর হইয়া গমন
করিতে ই হাদিগকে আজ্ঞা করিয়াছিলেন। আর উহাদের বৈষ্ণবের
প্রতি কিল্প শ্রন্ধা—তাহাও জানিবার
জন্ত বলিয়া দিয়াছিলেনঃ—
'যাইয়া চাহিবা শীর ভোজন

করিছ চিতে'॥ (প্রেম > १)
৮ শ্রীরন্দাবনের শ্রীছরিবংশ
গোস্বামির প্রথম প্রে। শ্রীছরিবংশ
শ্রীলগোপাল ভটের শিষ্য ছিলেন,
পরে গুরুর আজ্ঞা লজ্মন করার জন্ত বিতাড়িত হন। ক্লফ্লাস শ্রীরন্দাবনে
শ্রীশ্রীরাধাবল্লভন্ধীর সেবা করিতেন।
ইঁহার শ্রাতার নাম ছিল—স্র্যালাম।

করিতে। অপরাধ বলি ভয় না

'পূর্বে হরিবংশের ছই পুত হয়। কৃষ্ণাস, স্থানাস থার নাম রাখয়'॥ (৫প্রম ১৮)

(হরিবংশ দেখ)।

৯ উড়িষ্যাদেশবাসী। শ্রীজগন্নাথদেবের বেত্রধারী সেবক। ইনি
শ্রীশ্রজগন্নাথ দেবের অগ্রে অগ্রে
অর্ণবেত্র ধারণ করত গমন করিতেন।
মহাপ্রভু যখন দক্ষিণ দেশ হইতে
পুরীতে প্রভ্যাগমন করেন, ভখন
সার্বভৌম ভট্টাচার্য ইইার পরিচয়
প্রদান করিয়াছিলেন।

কৃষ্ণদাস নাম এই স্বৰ্ণবৈত্ৰধারী।
[চৈ° চ° মধ্য >০।৪২]
১০ শ্রীগোবিন্দ-মঙ্গল-নামক বাঙ্গালা
কাব্যের রচয়িতা (পাটবাড়ী পুঁথি
বাং কা ১৪)।
কৃষ্ণদাস অধিকারী—শ্রীজীব-

গোস্বামির ছাত্র। শ্রীরাধারুঞার্চন-দীপিকার 'প্রভা'-নামক বৃত্তিকার।

'শ্রীজীবের শিষ্য ক্লফ্ষদাস অধি-কারী। তিঁহে! নিজ গ্রন্থে ইহা কহিল বিস্তারি'॥ [ভক্তি ১৮০৫]

কেছ কেছ ই হাকে মন্ত্রশিষ্য
বলিলেও সাধন-দীপিকায় কিছ
ইহাকে শ্রীজীবের অধ্যয়নের শিষ্য
বলিয়াছেন; যথা (৯ শেষ)
'শ্রীকৃষ্ণদাসনামা ব্রাহ্মণো গৌড়ীয়ঃ শ্রীকৃষ্ণদাসনামা বাহ্মণো গৌড়ীয়ঃ শ্রীকৃষ্ণদাসনামা বাহ্মণো গৌড়ীয়ঃ

কৃষ্ণদাস বা রামকৃষ্ণ দাস—ত্বর্ণ বণিক। পূর্ববাস—অম্বিকানগর, হাসপুক্রের উত্তর। পিতামহ— মদন-মোহন, পিতা—তারাচাঁদ। জ্যেষ্ঠ লাতা—রামনারায়ণ। ইনি ভেক লয়েন। মধ্যম লাতা রঘুনাথ স্বর্গীয় হন। ইনি সন ১০৯৯ সালে নারদ পুরাণ রচনা করেন (বঙ্গভাষা ও সাহিত্য ৬ পৃঃ)।

কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী-পূর্বলীলায় ইনি রত্বরেখা। পিতার নাম-ভগীরথ; মাতার নাম--স্থননা। ত্রভার নাম—ভামদাস। (১৪১৮ ?) > १२४ भकारक कारहाशात निकटि ঝামটপুর গ্রামে বৈছকুলে জন্মগ্রহণ করেন। পিতা চিকিৎসা বাবসায় করিতেন। রুফ্ডদাসের ছয় বৎসর বয়ঃক্রমকালে তিনি দেহ রক্ষা করেন। এজন্ত তুই ভ্রাতা পিতৃষ্পার গৃহে প্রতিপালিত হন। বাল্যকাল হইতেই ইঁহার প্রবল বৈরাগ্যের উদয় হয়৷ এজন্ত বয়:প্রাপ্ত হইয়া ভাতার হন্তে সমুদয় বিষয় অর্পণ করত হরিনামে উন্মত্ত হরেন। পরে একদিবস শ্রীনিত্যানন্দের স্বপ্নাদেশে শ্রীকৃন্দাবনে গমন করেন এবং তথায় শেষ পর্যস্ত শ্রুতিবাহিত করেন। প্রেমবিলাসে (১৮) জানা যায়—শ্রীল ব্যুনাথ দাস গোস্বামী ই চার গুরু

রঘুনাথ দাস গোস্বামী ইঁহার গুরু ছিলেন। সংস্কৃত শাস্ত্রে কবিরাজ গোস্বামির যে প্রগাঢ় ব্যুৎপত্তি ছিল, তাহা শ্রীচৈতক্সচরিতামৃত, গোবিন্দ লীলামৃত ও কৃষ্ণকর্ণামৃতের টীকা

ষারাই প্রমাণিত হয়। ঐচরিতায়ত

বৈঞ্চবের জীবনসর্বস্থ ।

'শ্ৰীগোবিন্দলীলামত'. শ্রীকৃষ্ণ-কর্ণামতের টীকা 'সারঙ্গরঙ্গদা' এবং 'গ্রীচৈতম্বচরিতামত —এই তিন অমৃত পরিবেষণ করিয়া তিনি কলি-কল্মবহত জীবকে অমর্থ দান করিয়াছেন। ই হাতে আরোগিত 'স্বব্লপ-বর্ণন' নিত্যানন্দদায়িনী পত্রি-কায় মুদ্রিত হইয়াছে। ইহার অন্ত (পাটবাড়ীর নাম---'শ্বরূপ-নির্ণয়' পুঁথি বি ১৯৪); বিষয়—গৌর-গণোদ্দেশবং। প্রেমবিলাসকার (১৩। ৯৪ পৃঃ) বলেন যে গ্রন্থচুরির সংবাদ পাইয়াই শ্রীকবিরাজ গোস্বামী শ্রীরাধা কুণ্ডে ঝাঁপ দেন, ভক্তগণ তাঁহাকে উঠাইলেন-দাস গোস্বামী তাঁহাকে কাদিতে नाशितन। কবিরাজ একবার তাঁহার মুখের দিকে তাকাইয়া চরণযুগল ধরিয়া—'মুদ্রিত

নয়নে প্রাণ কৈল নিজ্ঞামণ'। কিন্তু

কর্ণানন্দ (৭ম) বলেন যে, কবিরাজ কাঁপ দিলেন বটে, কিন্তু তখন প্রাণ-

ত্যাগ ঘটে নাই। শ্রীরূপ দলাতনের আদেশ পাইয়া তিনি গ্রন্থপ্রাপ্তির

আশায় আরো কতক্দিন প্রাকট

ছিলেন

এবং শ্রীদাস গোস্বামির

অপ্রকটের পরে ইনি চান্ত্র আধিনী শুক্লা দ্বাদশীতে নিত্যলীলায় প্রবেশ করেন। শ্রীরাধাকুণ্ডে সমাধি আছে। বর্তমানে ঝামটপুরে মহাপ্রাভুর

শ্রীমৃতি এবং কবিরাজ গোস্বামির পাছকাও ভজনস্থান আছে। ইনি ব্রজের কন্ত্_নরী-মঞ্জরী (মতান্তরে)। কৃষ্ণদাস গুঞ্জামালী (ভক্ত ২১।৭) লাহোরে জন্ম, সপ্তবর্ষে শ্রীগোরাঙ্গ-

ন্দুর্ত্তি হইরা ইনি জন্মভূমি ত্যাগ করত প্রীবৃন্দাবনে গোবর্দ্ধনে শ্রীগোপাল দর্শন করিলেন। শ্রীমাধবেক্ত পুরীর সেবক তাঁহাকে

সেবা দিয়া নিকটে রাখেন। মহাপ্রভূ

বুন্দাবনে আসিলে তাঁহার

পাইয়। ইনি শ্রীগোরাঙ্গ-চরণে আত্মসমর্পণ করেন। শ্রীমহাপ্রভুর
আদেশে ইনি মূলতানে সেবা প্রকাশ
করিয়া নিজ লাভুষ্পুত্র বনয়ারিচক্রকে
শিশু করত সেই গাদির মহান্ত করিয়া
গুজরাটেও সেবা স্থাপন করেন।

গৌড়ীয় বৈষ্ণবধর্মের আশ্রিত হয়।
মহাপ্রভু স্বকণ্ঠস্থিত গুঞ্জামালা ইহাকে
দেন বলিয়া নাম হয়—'গুঞ্জামালী';
ইনি বড় গৌড়ীয় গাদীর সংস্থাপক।
পরে আবার পাঞ্জাবের ওলমা গ্রামে

তত্ততা জনাদন

ইহার সান্নিধ্যে তত্ততা বহুলোক

বিপ্রকে গাদির মোহস্ত করিয়া বসান এবং সিন্ধুদেশে গিয়া বহু মুসলমানকে বৈষ্ণব করেন। এইভাবে অস্তান্ত দেশেও নাম প্রেম প্রচার করত ইনি

বুন্দাবনে আজীবন বাস করেন।

সেবা বসাইয়া

কৃষ্ণদাস চট্ট—শ্রীনিবাস আচার্যপ্রভূর শিষ্য। নদীয়া ভেলার ফরিদপুর গ্রামে শ্রীপাট়। 'প্রভুর ক্লপাপাত্র এক চট্ট ক্ষণাস।
লক্ষ হরি নাম জপে নামেই বিশ্বাস।
তাঁহার সেবক যত নাহি তার অন্তঃ।
সবে হরিনামে রত, সবে গুণবস্তা।
(কর্ণা ১)

ক্ষাদাস ঠাকুর—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। 'ফ্ফাদাস ঠাকুর আর মদন বিশ্বাস। মদন রায় আর বড়ু চৈতক্স দাস'॥

(প্রেম ২০) 'জয় মহাবিজ্ঞ শ্রীঠাকুর রুক্ষদাস। বৈষ্ণবের প্রতি ধার পরম বিশ্বাস'॥ (নরো ১২) ২ অভিরাম দাসের 'পাট-পর্যটন-মতে ইনি শ্রীঅভিরাম গোস্বামির শাখা; শ্রীপাট খানাকুল—হুগলী জ্ঞোর।

অভিরামচন্দ্র স্থানে শিষ্য হইল

যত। তা সবার বাস-গ্রাম লিথিয়ে
নিশ্চিত॥ খানাকুলে কৃষ্ণদাস ঠাকুরের
বাস। (পা°প°)

কৃষ্ণদাস দাস—শ্রীবিধনাপ চক্রবর্তির

ক্ষণাস দাস—শ্রাবখনাপ চক্রবাতর
শিষ্য বলিয়া পরিচিত বৈষ্ণব কবি।
ইনি চমৎকার-চন্দ্রিকা, মাধুর্যকাদখিনী, রাগবল্প চিক্রকা, ভাগবতামৃতকণা, ভক্তিরসামৃত-সিন্ধুবিন্দু ও
উচ্চলেনীলমুণির পয়ারায়্রবাদ করিয়াচেন। 'শ্রীপোরাঙ্গলীলামৃত'-নামক
'শ্রনমঙ্গলের' অন্ধ্রাদটিও ইঁহারই
রচনা বলিয়া মনে হয়।

শ্রীচমৎকারচন্তিকার পদ্মান্থবাদে তিনি আত্মপরিচয় দিয়াছেন— 'রাধাকুণ্ডে দিল বাস, তাহে নাছি বিশোয়াস, মন সদা ছুষ্ট পথে ধায়। নিজ্ঞণে ক্লপা কর, উদ্ধারহ এ'পামর

নহে আর না দেখি উপায়॥ বিশ্বনাথ চক্রবর্ত্তী, তাঁর ক্লপাবলে ১১৮৮ কৃষ্ণদাস

শ্রীচক্রবর্ত্তিপাদের শ্রীগৌরাঙ্গ-শ্বরণমঙ্গল স্থোত্রটিরও অমুবাদ ই হারই
রচনা বলিয়া ধারণা হয় । পয়ারাদিছেন্দে রচিত অমুবাদটির নাম—
শ্রীগৌরাঙ্গলীলামৃত। বহরমপুর
হইতে ৪০২ শ্রীচৈত্যান্দে প্রথম
প্রকাশিত। ২—মহাভারতের অমুবাদক কাশীরামদাদের জ্যেষ্ঠ প্রাতা,
বৈষণ্ডব। শ্রীগোপাল দাস-নামক

বৈষ্ণবের শিষ্য হইয়া শ্রীরুষ্ণ-কিম্বর-

নামে ভণিতা দিয়া 'শ্ৰীকৃষ্ণবিলাস'

রচনা করিয়াছেন।

কৃষ্ণদাস পণ্ডিত—গ্রীনিত্যানন্দপার্ষদ। প্রীমহাপ্রভুর আদেশে
প্রীনিত্যানন্দের গৌড্দেশে নামপ্রেমপ্রচারার্থ যাত্রাকালে ইনি সঙ্গী
ছিলেন এবং পথিমধ্যে ই হার
পোপালভাব প্রকাশ পায়।

[চৈ° ভা° অস্তা ৫।২৩২, ২৪০]
কৃষ্ণদাস (রামদাস) পাঞ্জাবী—
(কপুর) মূলতান-নিবাসী; পরে
শ্রীকুদাবনে বাস করেন। ই হার
বহু শিষ্য। তন্মধ্যে এই পাঁচজন
বিখ্যাত—গোপাল ক্ষত্রিয়, বিষ্ণুদাস,
রাধারুষ্ণ চক্রবর্তী, গোবিন্দ অধিকারী
ও মুকুন্দ গোস্বামী।

গ্রীসনাতন গোস্বামী শ্রীশ্রীমদন-

মোহন প্রাপ্ত হয়েন। তাঁহাকে শুক

রুটী ও শাক ভোগ দিতে মনে মনে
কুটিত হইতেন। এজন্ত প্রীমদনমোহন ঠাকুর—

'সনাতন-মন জানি মদনগোপাল।

নিজ সেবা বৃদ্ধি-ইচ্ছা হইল তৎকাল॥ হেনকালে মূলতান-দেশীয় একজন। অতিশয় ধনাচ্য, সর্বাংশে বিচক্ষণ॥

ছর্জয় ক্ষত্রিয় শ্রেষ্ঠ নাম ক্সঞ্চাস।
নৌকা হইতে নামি আইলা
গোস্বামির পাশ॥ গোস্বামির চরণে
পড়িল লোটাইয়া। কৈল কত দৈয়

তারে বহু অমুগ্রহ কৈল। শ্রীমদন-মোহন-চরণে সমর্পিল। (ভক্তি° ২।৪৬৪—৭১)

নেত্ৰ-জলে সিক্ত হইয়া॥ সনাতন

রত্বালঙ্কারে শ্রীবিগ্রহকে স্থশোভিত করত রাজভোগের আয়োজন করিয়াছিলেন।

কৃষ্ণদাস পুরোহিত-গৌড়দেশ-

বাসী, শ্রীআচার্য প্রভুর শাখা।

করিলেন এবং

कृष्णमान यमनत्याष्ट्रतत श्रीयन्तित-

(প্রেম ২০) কুফদাস (প্রেমী)— শ্রীভূগর্ড গোস্বামির শিষ্য, শ্রীকুদাবনবাসী—

একিফদাস কবিরাজ গোস্বামিকে

শ্রীচৈতক্সচরিতামৃত রচনা করিতে ইনিও আজ্ঞা দিয়াছিলেন।

কুমুদানন্দ চক্রবর্তী, প্রেমী রুফ্**দাস।** [চৈ° চ° আদি ৮।৬৯]

সাধনদীপিকা (১) মতে শ্রীরূপ প্রভ

প্রথমতঃ ই^{*}হাকে শ্রীগোবিন্দসেবা দেন। ইনি তদমুগ—শ্রীছরিদাস পণ্ডিতকে দেবা সমর্পণ করেন। ক্লফদোস ব্রক্ষচারী—শ্রীপদাধর- শাখা। এীবৃন্দাবন-বাসী।

কৃষ্ণদাস ব্ৰহ্মচারী, পুষ্প-গোপাল। [চৈ° চ° আদি ১২।৮৪]

শ্রীনিবাস আচার্য শ্রীবৃন্ধাবন-পরিক্রমার সময়ে ইছার সহিত সাক্ষাৎ
করিয়াছিলেন।
ক্রম্যান্য বন্ধাবী আদি যত জন।

কৃষ্ণদাস ব্ৰন্ধচারী আদি যত জন। সবে প্রেমাবেশে দিল দৃঢ় আলিঙ্গন॥ (ভক্তি ৪।৫৬৮)

শ্রীমদনগোপালের সেবা-অধিকারী।
গদাধর-শিশ্য ক্ষফানাস ব্রহ্মচারী॥
(ভক্তি ১৩৩১৭)
ইনি ব্রঞ্জের ইন্দুলেখা ছিলেন

(গৌ° গ° ১৬৪)।
কড়ুইগ্রামে, পঞ্কোটের পরে অন্তর্গত সেরগডে। পঞ্চকোটে—সেরগড়বাসী গ্রীগোকুল। পূর্ববাস কড়ই, কবীক্স ভক্তাতৃস। (ভক্তি ১০।১৩৯) আর এক দেবক প্রীগোকুলানন্দ দাস। সদাহরিনাম জপে নামেতে বিশ্বাস॥ (কণা ১) গোকুলানন্দ দাস চক্রবর্তী— শ্রীনিবাস আচার্যের শিষ্য I গোকুলানন্দ দাস চক্রবর্তী মহাশয়। প্রভু রূপা কৈলা তাঁরে সদয়-হৃদয়॥ (কর্ণা ১) গোকুলানন্দ সেন-প্রসিদ্ধ পদকর-তরুকার এীবৈষ্ণব দাসের পূর্ব নাম। ['বৈষ্ণবচরণ দাস' দ্রপ্টব্য]। গোপাল--- শ্রীনিত্যানন্দ-শাখা। বসস্ত, নবনী হোড়, গোপাল, স্নাতন ॥ [চৈ° চ° আদি ১১।৫০] ২ প্রীগ্রামানন প্রভুর শিষ্য। শিথিধ্বজ. গোপাল শাখা ভজন-প্রবল। দল্পতিনে নাচে, কহে হরি ছরি বোল। [প্রেম ২০] ৩-৪ গ্রীর্নিকানন্দ-শিষ্যদ্ম [র° ম° পশ্চিম, ৪।১১১--১১৪]। গোপাল আচার্য-শ্রীচৈত্ত-শাখা। গোপাল আচার্য আর বিপ্র বাণী-िं देठ° ठ° जानि २०१३ १८] প্রিগোপালাচার্য! এই গাই কাজির দমন আর অনিবার। কীর্ত্তন-বিহার॥ 306 [নামা ২ ত्रीनरतालय-विनारम नाम পाওয়ा যায়। 'শুভানন্দ, শ্রীগোপাল আচার্য উদার' [নরো]। ৩ শ্রীরসিকানশ-প্রভুর শিষ্য (র° ম° পশ্চিম 1 [006186 363

গোপালকৃষ্ণ পট্টনায়ক-ওচ্ৰ-দেশীয় কবি, গৌরভক্ত—ইনি স্বরচিত 'গোপালকুফ-প্যাবলীর' প্রীগোরের অন্তৰ্নিহিত শিকায় শ্রীরাধাক্ষের উল্লেখ করিয়াছেন। এই গ্রন্থে ৯৪ পৃষ্ঠায় সংস্কৃত-ভাষায় যে শ্রীগোরবন্দনা লিখিয়াছেন, ভাহাও অতিপুদার। গোপাল (ক্ষত্রিয়)—মুলতানবাসী, গৌরভক্ত। পাঞ্জাবী ক্ষদাদের শিখা। (কুফদাস গাঞ্জাবী দেখ)। গোপাল গুর-খ্রীল বক্তেশ্ব পণ্ডিতের শিষ্য। পূর্বনাম শ্রীমকরংবজ পণ্ডিত, ইনি মুরারি পণ্ডিতের পুত্র। চন্দ্রশেখর, শঙ্করারণ্য আচার্য এই क्ट बन। लाविसानस, एवानस, কথন || গোপালগুৰু গোস্বামির গুণের নাহি লেখা। ্বক্রেশ্বর পণ্ডিতের এই পঞ্চশাখা। [বক্তেশ্ব-চরিত, মধ্য, ১১৬ পুঃ] ৮পুরীধামে কাশীমিশ্রের আলয়ে মহাপ্রস্থর অপ্রকটের পরে প্রস্থ যে গুহে (গন্ডীরায়) অবস্থান করিতেন **—**(万) গন্ধীরার সেবাধিকার শ্রীবক্রেশ্বর পণ্ডিত প্রাপ্ত হয়েন। তৎপরে তাঁহার শিষ্য গোপালগুরু গন্ধীরার সেবা করিতে থাকেন। ঐ স্থানে প্রীশ্রীরাধাকান্তের সেবা আছে। তাঁর পাট নীলাচলে রাধাকান্তের শেবা। অতি মনোহর তাহা বণিবেক কেবা ॥ श्रीनरतालम ठाकृत नीनाहरन गमन দৰ্শন করিয়া গোপাল গুরুকে করিয়াছিলেন-গ্রীগোপাল গুরু অতি অধৈর্য

হিয়ায়। নরোত্তমে কোলে করি কান্দে উভরায়॥ (ভক্তি ৮।৩৮১) ইনি আবাল্য গ্রীমন্মহাপ্রভুর **সেবা করিতেন**; ক্ষিত আছে ষে একদিন মহাপ্রভু বহির্দেশে গমনা-বসরে স্বীয় নামবিলোদী জিহ্বাকে দন্তদারা চাপিয়া রাথিয়াছিলেন— গোপাল তাহা দেখিয়া কৌতুকভরে স্বসেবাবসরে মহাপ্রভুকে বলিলেন— 'প্রভা ় তোমার কথা না হয় স্বতম্ব, প্রাক্ত জীবের যদি বাহুকুত্য ক্ত্রিতে প্রাণ যায়, তবে ত আর নাম গ্রহণ করিতে করিতে জীবন গেল না! তখন কি উপায় ?' বালকের মুখে অমৃতভাষণ-শ্ৰবণে বলিলেন—'ঠিকই বলিয়াছ, গোপাল! আজ হইতে তুমি 'গুরু' আখা লাভ করিলে !!' এই বার্ডাটি তখন দিগ্বিদিকে প্রচারিত হইলে খ্রীঅভি-রামগোস্বামী গোপালকে করিয়া পরীক্ষা করিতে নীলাচলে যাত্রা করিলেন। বলা বা**হুল্য বে** অভিরাম দণ্ডবং করিয়া বহু শা**লগ্রাম** বিদীর্ণ করিয়াছেন, স্বয়ং নিত্যানন্দ-বীরভদ্র ও গঙ্গা ব্যতীত অন্তান্ত সন্ততিকেও বিনষ্ট করিয়াছেন। পাইয়া গোপাল সম্রস্তচিত্তে শ্রীমহাপ্রভুর ক্রোড়ে গিয়া বদিলেন ; মহাপ্রভু তাঁহার ननाटि श्रीय চরণারবিন্দ অর্পণ করিয়া পদাক্ষতি তিলক করিয়া দিলেন। অভিরামের প্রাামে গোপালগুরুর কোনই ক্ষতি হইল না। তদৰ্ধ চৌষ্টি মহান্ত. ছয় চক্ৰবৰ্ত্তী প্ৰভৃতি সকলেই তাঁহাকে গোপালগুরু বলিয়া মানিয়া লইলেন। শ্রীগোপালগুরুর সময়ে (১৪৬০--

শকাৰু) শ্ৰীরাধাকান্তের >890 পুনঃ সংস্কৃত ও **্বর্ত্তমান** মন্দির ্শুতিষ্ঠাপিত হয়। শ্রীরাধাকান্তের 'ছই পার্শ্বে তিনি শ্রীরাধা ও শ্রীললিতা শৃখীকে এবং শ্রীরাধাকান্তের দক্ষিণে ঙ বামে নৃত্যপরায়ণ শ্রীনিত্যানন্দ ও এীগোরাঙ্গপ্রভুকে স্থাপন করেন। শ্রীঅদৈতপ্রভুর তৈলচিত্র পূর্ব হইতেই সেবিত হইতেন। মাঘীগুক্লাদাদীতে শ্রীগোপালগুরুকে গাদীসমর্পণ করা হয় বলিয়া অভাপি সেই তিথির শ্বেরণে উৎস্ব হয় এবং গভীরায় ্শ্রীমহাপ্রভুর আসনের একপার্শ্বে শ্রীগোপালগুরু ক্ষণকতিপয়ের জন্ম বিরাজমান হন। গভীরায় শ্রীমন-মহাপ্রভুর ঐকভার কিয়দংশ, রজের কমণ্ডলু ও পাতুকা অভাপি বিরাজ-মান। গোপালগুরু বার্কক্যে খ্যান-**চন্দ্রকে** সেবাদি সমর্পণ দেহত্যাগ করিলেন। কথিত আছে যে তত্রত্য রাজপুরুষগণের বিনামু-মৃতিতে এই গাদীসমূপণ হয় বলিয়া শ্রীগোপালগুরুর দেহ সংকারের জন্ম **প্রর্গদা**রে নীত হইলে রাজপুরুষগণ

প্রগদারে নাত হহলে রাজপুরুষণণ রাধাকান্তমঠ অবরোধ করিয়াছিল। ধ্যানচক্র সেই সংবাদ পাইয়া আর্তিভরে রোদন করিতে করিতে শ্রীগুরুপাদের শ্রীচরণ ধরিয়া নিবেদন করিলে শ্রীগোপালগুরু প্রিয়ভত্তের কাতরোক্তি শুনিয়া এবং রাজ-পুরুষের দৌরাম্ম বুঝিয়া পুনরায় শ্রশান হইতে উথিত হইয়া সংকার্তন সহকারে রাজনগরে উপস্থিত হইলেন; বলা বাহুল্য রাজকর্মচারিগণ ইতঃপূর্বেই বার্তা শুনিয়া রাধাকান্তের মন্দির খুলিয়া দেন; শ্রীগোপালগুরু

সেই রাজার তিনপুরুষযাবৎ গাদীতে থাকিয়া ধ্যানচন্ত্রকে স্থদ্চরূপে প্রতিষ্ঠাপিত করত আবার কার্ত্তিকী শুক্লানবমীতে তিরোহিত হন। পরবর্ষে রথযাত্রার পরে ব্রজবাদী বৈষ্ণবগণ আবার ব্রজে প্রত্যাবর্ত্তন করিয়া বংশীবটনিকটে পাঁকুড়তলায় **শ্রিগোপালগু**রুকে ভজন করিতে দেখিয়া খবর পাঠাইয়া ধ্যানচক্রকে ব্রজে আনয়ন করিলেন। ধ্যানচন্ত্র তাঁহাকে তদবস্থ দেখিয়া নীলাচলে গমনের জ্ঞা সকাকু নিবেদন করিলেন। গোপালগুরু বলিলেন— 'ব্যাকুল হইও না, যদি আমার বিরহ নিতান্তই অসহ হয়, তবে শ্রীরাধা-সমুখস্থিত নিম্ববৃক্ষ্বারা আমার মৃত্তি প্রস্তুত করিয়া গর্ভ-মন্দিরের সম্মুখে রাথিবে নৈবেতার্পণের কালে প্রীরাধাকান্তের সশ্বথে লইয়! বসাইবে, ভাহাতে তোমার সেবাপরাধাদি হইবে না, তুমি সেই মৃত্তিতেই আমাকে দেখিবে।' তদবধি শ্রীগোপালগুরুর মৃত্তি শ্রীমন্দিরের জগমোহনে অবস্থিত আছেন। কাত্তিকী 'হৈছ নব্যীতে— শ্রীগোপালগুরুর তিরোধান হয়। ই হার রচনা—শ্রীগোরগোবিন্দার্চন-পদ্ধতি। গোপাল চক্রবর্তী—— শ্রীনিবাস আচার্যের শিষ্য এবং শুশুর। প্রীপাট

পদ্ধতি।

বোপাল চক্রবর্ত্তী——শ্রীনিবাস

আচার্যের শিষ্য এবং খণ্ডর। শ্রীপাট

—যাজিগ্রাম। গোপাল চক্রবর্তির

লাতার নাম—বুন্দাবন চক্রবর্তী।
গোপালের তুই পুত্র—স্থামদাস
(খ্যামানন্দ) ও রামচরণ (রামচন্দ্র)

এবং এক কম্পা—শ্রীমতী দ্রোপদী।

প্রভুর শশুর ছই অতি বিচক্ষণ।
দোহার চরিত্র কিছু না যায় বর্ণন ॥
শীগোপাল চক্রবর্তী প্রভুর প্রিয়
ছত্য। অবিশ্রাম করে আঁখি,
কীর্দ্ধনে করে নৃত্য॥ [কর্ণা >]
অক্সত্র—ঘাজিগ্রামে বৈদে
শীগোপাল চক্রবর্তী। আচার্বেরে কন্থা
দিতে তার মহা আর্তি॥ বৈশাখের
শুভ কৃষণ তৃতীয়া দিবসে। কন্থাদান
করয়ে আচার্য শ্রীনিবাসে॥
[ভক্তি ৮।৪৯০-৯৪]

শ্রীনিবাস প্রভুর বিবাহ হইরাছিল।
শ্রীপণ্ডের শ্রীরঘুনন্দন ঠাকুর এ
বিবাহের ঘটক ছিলেন।
২ শ্রীনরোত্তম ঠাকুরের প্রশিষ্য
অর্থাৎ রামক্রফ আচার্যের শিষ্য।
কোমরপুরে শ্রীপাট।
কোমরপুরেতে শ্রীগোপাল চক্রবর্তী।
সকল লোকেতে গাঁর গায় গুণকীভি॥
[নরো ১২]

সপ্রতামের প্রসিদ্ধ হিরণ্যদাস

উক্ত শ্রীমতী দ্রোপদী দেবীর সহিত

ও গোবর্দ্ধন দাস মজুমদারের গৃছে
(শ্রীলরত্বনাথ দাস গোষামির গৃছে)
কর্মচারী ছিলেন।
গোপাল চক্রবর্ত্তী নাম এক ব্রাহ্মণ।
মজুমদারের ঘরে সেই আরিন্দা ব্রাহ্মণ॥ গৌড়ে রহে, পাতসাহ আগে আরিন্দাগিরি করে। বার লক্ষ মুদ্রা সেই পাতসাহেরে ভরে॥ পরম স্থন্দর পণ্ডিত, নবীন যৌবন। নামাভাসে 'মুক্তি' শুনি না হৈল

'ফারিন্দা' পাঠ আছে—আরিন্দা অর্থে রস্থইয়া বাহ্মণ আর কারিন্দা

সহম ॥ (চৈ° চ° অস্তা ৩০১৮৮-৯০)

অনেক

আরিন্দান্তলে

অর্জুন বিশ্বাস, অতিশুদ্ধাচার॥

(যাবনিক ভাষা) অর্থে কর্মচারী অর্থাৎ গোল্প্রন দাসাদির রাজকর ইনি বাদশাহের আগে বুঝাইয়া দিতেন। এক দিবস সপ্তগ্রামে হিরণা দাস ও গোরর্দ্ধন দাসের সভাতে ইঁহাদের পুরোহিত বলরাম শ্রীহরিদাস ঠাকুরকে লইয়া উপস্থিত হইলেন, ঠাকুর কীৰ্ত্তন শ্রীভগবানের নামমাহাত্ম করিলে গোপলে চক্রবর্তির সহ হইল না, তিনি ঠাকুরের উপর বিষম জুদ্ধ হইয়া ঠাকুরকে অপমান করিলে হরিদাস ঠাকুর হাস্ত করত সভা ত্যাগ করিয়া চলিয়া গেলেন। বলরাম পুরোহিত গোপালকে বলিয়া গেলেন---

ছরিদাস ঠাকুরের তুই কৈলি
অপমান। সর্বনাশ হবে তোর না
হবে কল্যাণ॥ ঐ
গোবর্জনদাস গোপালকে দূর করিয়া
দিলেন। অক্রোধ পরমানক হরিদাস
ঠাকুর গোপালের কোন অপরাধ
গ্রহণ না করিলেও পরে—

তিন দিন রহি' সেই বিপ্রের কুষ্ঠ
হৈল। অতি উচ্চ নাসা তার গলিয়া
পড়িল॥ চম্পক-কলিকা সম হস্তপদাঙ্গুলী। কোঁকড হইল সব কুষ্ঠে
গেল গলি॥ (ঐ)
কেহ কেহ বলেন, ইনিই চাপাল
গোপাল।

ব্যোপাল ঠাকুর— উপগোপাল।

শ্রীপাট—গৌরাঙ্গপুর (হুগলী জেলার
খানাকুল ক্ষণ্ণগরের নিকট)। ইনি
ব্রজের কোকিল গোপাল।

ব্যোপাল দত্ত—শ্রীনরোত্তম ঠাকুরের
শিষ্য। গোপাল দত্ত, রামদেব দত্ত,

গঙ্গাদাস দত আর। মনোহর ঘোষ,

(প্রেম ২০) **গোপাল দাস**——শ্রীচৈতন্ত-শাখার
নাম প্রাথয় যায়।

নাম পাওয়া যায়। নাম পাওয়া যায়। রামদাস কবিচক্ত শ্রীগোপাল দাস।

[ৈ চ° চ° আদি ১০৷১১৩] শ্রীবৃন্দাবনে বিট্ঠলেশ্বরের গৃহে শ্রীগোপালদেবকে যবনভয়ে লুক্কায়িত

রাখিলে শ্রীরূপ গোস্বামিপাদ ভক্তবৃন্দ-সঙ্গে তাঁহাকে দর্শন করিতে গমন করিয়াছিলেন। উক্ত ভক্তবৃন্দ মধ্যে এই গোপালদাদের নাম আছে। ব্রজলীলার পালী [গো°গ°১৫৮]

শ্রীগোপালদাস আর দাস নারায়ণ॥
[চৈ° চ° মধ্য ১৮।৫১]
২ (ভক্তি ৫।১৩০৭) পাবনসরোবর

শ্রীগনাতন-

অভিরামদাদের 'পাটপ্যটন'

মতে ইনি শ্রীঅভিরাম গোস্বামি
পাদের শিশ্ব। শ্রীপাট--মহেশ।

'মহেশ গ্রামেতে বাদ গোপালদাদ

গোস্বামিপ্রভুর অমুগত বৈঞ্ব।

তীরস্থিত-কুটীরবাসী

নাম॥' (পা° প°)।

8—এীঞ্জীবগোস্বামিপাদের প্রিয়
শিষ্য, বৈশুজাতি; ইহাঁরই প্রার্থনাবশত: শ্রীজীবপ্রভু স্বকীয়ামতে ব্যাখ্যা

করিয়াছেন। সাধনদীপিকায় (२.

শেষ)—'গোপালদাসনামা কোহপি

বৈশ্য: শ্রীজীবগোস্থামিপাদানাং প্রিয়-শিষ্যঃ। তৎপ্রার্থনাপরবশেন তেন স্বকীয়াত্বং সিদ্ধান্তিতম্॥' ইত্যাদি

৫—শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য ও পদকর্জা। শ্রীপাট—বুধুইপাড়া। গোপালদাস প্রভুর এক শাখা। প্রভুর পরম প্রিয় গুণের নাই লেখা॥ বুধুইপাড়াতে বাড়ী, কৃষ্ণকীর্ত্তনীয়া। যাহার কীর্ন্তনে যায় পাষাণ গলিয়া॥
(কর্ণা >)

ইনি ১৫১১ শাকে শীক্ষাবনে

ইনি ১৫১২ শাকে শ্রীবৃন্দাবনে
শ্রীমুকুদ্দাস গোস্থামির উপদেশে
শ্রীরাধাকৃষ্ণরসকল্পলত।' প্রণয়ন
করেন।
অন্তর্জ-শ্রীআচার্য প্রভুর শিষ্য-

বৃন্দাবনবাসী (ঐ)

৬—গ্রীনিবাস প্রভুর শিষ্য।
শ্রীবৃন্দাবনে বাস করিয়া ভজন করিতেন। গোপালদাস, গোবিন্দরাম,
বৃন্দাবন দাস, তিন জনই আচার্যের
শিষ্য। তিন জনই একত্র শ্রীরাধাকুণ্ডে বাস করিয়াছিলেন।
তারপর কুপা হৈল শ্রীগোপালদাসে।

এক স্থানে স্থিতি তিনে মহানন্দে

ভাগে ॥ একুণ্ডনিবাসী তিন মহাভক্ত

ধীর। প্রভু রূপা কৈল তিনে হইয়া
ছান্থির ॥ (কর্ণা ১)
৭—শ্রীনিবাস আচার্য প্রভুর
শিষ্য। শ্রীপাট—কাঞ্চনগড়িয়া।
কাঞ্চনগড়িয়াবাসী শ্রীগোপাল দাস ॥

(ভক্তি ১০|১৪২)

তথা বর্ণবিপ্র প্রতি অতি শুদ্ধ দয়া।
তাঁহারে করিলা দয়া সদয় হইয়া॥
নাম খ্রীগোপালদাস, তাঁরে কুপা
কৈল। নীচ জাতি উদ্ধারিতে তাঁরে

আজা निज्य। (कर्ना ১)

এই গোপালদাসের প্রভাবে,
তাঁহার গ্রামস্থ ভক্তগণ হরিনাম-গ্রহণে
এরূপ তৎপর ছিলেন যে রাত্রিকালে
নাম-জ্পের সময় নিদ্রা তাড়াইবার
জন্ম শিখায় দড়ি দিয়া চালে
বার্ন্ধিতেন। নিত্য লক্ষ হরিনামের

৮ শ্রীনিবাস আচার্বের **শিষ্য।**

কম কেছ গ্রহণ করিতেন না।

ই হার পুত্রের নাম—বনমালী দাস।
উভয়ই আচার্য প্রভুর শিষ্য ছিলেন।
বনমালী দাসের পিতা শ্রীগোপাল
দাস। প্রভুর সেবক হয় অতি
ভদ্ধা ভাষ (?)॥ [কর্ণা >]

৯ শ্রীনিবাসপ্রভুর শিষ্য। বন-বিষ্ণুপ্রের বল্পবী কবিপতি বাবল্পব কবিরাজের মধ্যম ল্রাতা। কনিষ্ঠ সহোদরের নাম—রামদাস।

১০ জীরসিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪।১৫২]

১১ ইনি (১৫৯০ খৃ: অব্দে)
'ভক্তিরত্নাকর' নামক গ্রন্থ রচনা করেন। (ঘনভাম বা নরহরিক্বত ভক্তিরত্নাকর হইতে ইহা ভিন্ন গ্রন্থ)। ১২ প্রীকৃষ্ণ-বিলাদ-রচমিতা বান্ধণ,

প্তরুদত নাম—গ্রীক্বফকিন্বর।
১৩ রামগোপাল রায় চৌধুরী

স্কৃত্ব্য।

১৪ 'জগন্নাথবল্লভ' নাটকের

অমুবাদক (কলিকাতা বিশ্ববিভালয়

অমুবাদক (কলিকাতা বিশ্ববিভালয়
পুঁথি ২৫৮২; লিপিকাল১২৩৫ সাল)।

েগাপালদাস অধিকারী—

(গোপাল গোসাঞি)—শ্রীবুন্ধাবন-

বাসী। শ্রীগদাধর পণ্ডিতের শিষ্য। বন্দে গোপালদাসাখ্যং প্রেম-

ভক্তিরসাশ্রয়ম্। গ্রীমন্মদন-গোপালাজ্যি কঞ্জদদ্ব-সেবিনম্॥

[শা° নি° ৩৩]
গদাধর পণ্ডিত গোঁসাঞির শিষ্য
আর ৷ গোঁসাঞি গোপাল দাসাধিক
অধিকার ৷ (ভক্তি ১৩৩১৮)

শ্রীল বীরভদ্র গোম্বামিকে শ্রীবৃন্ধা-বনে ভক্তগণ যথন আগুরাড়াইয়া লইয়া যান, তৎসক্ষে ইনিও ছিলেন।

রোপালদাস ঠাকুর—ঐল আচার্য-

প্রভুর শিষ্য। 'বুধুইপাড়াতে বাড়ী গোপালদাস ঠাকুর। আচার্যের শিষ্য ক্লফ-কীর্তনেতে শুর'॥ (প্রেম ২০)

তবে শ্রীগোপালদাস ঠাকুরে ক্রপা কৈল। প্রভু-ক্রপা পাইয়া যেঁহো অতিংস্ত হৈল॥ (কর্ণা ১)

নে ব্যাল্ড বিশ্ব বিষ্পুরের বাজা বীরহালীবের প্র । পূর্বনাম—
ধীরহালীবা । ''ধাডীহালিব' বলিয়াও

খ্যাত ছিলেন। শ্রীনিবাস আচার্যের শিষ্য। পিতামাতা প্রভৃতি সকলেই আচার্যের শিষ্য। শ্রীজীব গোদ্বামী

ধীর হাম্বীরের নাম 'গোপাল দাস' রাখেন। তিনি এই রাজকুমাংকে বড়ই মেহ কারতেন। শ্রীবৃক্ষা-

বন হইতে গোড়ে পত্রাদি প্রেরণ করিলে ই হার কুশল জিজ্ঞানা করিয়া পাঠাইতেন।

বীর হামীরের পুত্র শ্রীগোপাল
দাস। শ্রীজীব গোস্বামি দন্ত এ নামপ্রকাশ। শ্রীধাড়ী হামীর নাম সর্বত্র
প্রচার। শ্রীজীব গোস্থামী ঋত

চিন্তে এ সভার॥ (ভক্তি
১৪।২৫—২৬)
গোপাল বাহাছর পিতার স্তায়

পরম ধার্মিক হইয়াছিলেন। এমন কি, তাঁহার রাজত্বকালে ঘোষণা করিয়া দেন—'যে ব্যক্তি হরিনাম গ্রহণ না করত জল গ্রহণ করিবে.

প্রাচীন পদে আছে— গোপালের কালে, রাজার মহলে,

তাহার গুরু দণ্ড হইবে'। এই জন্মই

কুকুটেও হরিনাম করে।
আমাদের দেশে 'গোপালের
ব্যাগার' বলিয়া যে প্রবাদবাক্য
আছে, তাহা ঐ সময় হইভেই

চলিত হয়। (বীর হাষীর দেখ)।
হঁহার অধস্তন বংশধর রাজা
চৈতন্তাসিংহকত্ ক ২৭৭ বংসর পূর্বে প্রদন্ত ব্রহ্মান্তর জমির ছাড়পত্র একখানি বাঁকুড়া জেলায় বিষ্ণুপুরের লেভ কোশ উত্তরে দামোদরবাটী গ্রামে পাওয়া গিয়াছে। তাহাতে

লিখিত আছে— শ্রীশ্রীহরি শরণং

(সংস্কৃতে নাম-স।হ—গ্রীচৈতন্ত সিংহ)

স্বস্তি মল্লাবনীনাথ মহারাজাধিরাক্ত
প্রীশ্রীচৈত্ত সিংহ দেবমহো * *
শ্রীরতনরায় স্থচরিতেরু ভট্টোত্তরপট্টকমিদং কার্যজাগে তোমার
ভট্টোত্তরের নির্বন্ধ জমি ৪৫ গরন্ধ—

মঞ্জুর ইহার শোদ (উ:) সিংহভারী মো: পৃঞা বাগানগড়া ভ্রনা
— ৪৫ এবং পয়তাল্লিস ওন তোমাকে
ভট্টোত্তর দেওয়া গেল ও আশীর্কাদ
করিয়া পুত্রপোত্রাদিক্রমে প্রমন্থথে

ভোগ করহ পঞ্চান্ন নিগর বেক্তকে ইতি সন ১০৮৬ সাল ২১ অগ্রহায়ণ। (দলিলের প*চাৎদিকে শ্রীতিলকরাম রায় সহি আছে।)

শিশ্য [র° ম° পশ্চিম ১৪।১৬১]। **গোপাল ভট্ট**—ছয় গোস্বামির
অঞ্জতম । শ্রীরঞ্জমের নিকটে কাবেরীর

গোপালভঞ্জ রায়—গ্রীরসিকানন্দ-

তীরে বেলগুণ্ডি গ্রামে বাস।
'ব্যেশ্বট ভট্টের পুত্র শ্রীগোপাল ভট্ট'। জন্ম ১৪২২ শক (১৫০০খৃঃ)। শ্রীমন্ মহাপ্রভু শ্রীল গোপাল ভটকে

খীয় ডোর, কোপীন ও একথানি খাসন দিয়া পাঠান। ঐ আসনখানি কুকুবর্ণের কাঠের পিঁডা। উহা শ্রীরন্দাবনে শ্রীরাধারমণ-মন্দিরে পৃঞ্জিত হইতেছেন।

প্রীগোপাল ভট্ট উত্তরদেশে তীর্থপ্রমণ-সময়ে গওকী নদীতীরে একটি
শালগ্রাম শিলা প্রাপ্ত হয়েন। ভক্তবাসনার উহাই পরে প্রীরাধারমণ
প্রীবিগ্রহরূপে পরিণত হয়েন (ভক্ত২াণ)। মতান্তরে 'অমুরাগবল্লী' গ্রম্থে
(১৪ পঃ) প্রীরূপগোস্থামি-কর্তুক

আছে। 'শ্রীরাধারমণ' শব্দে দ্রপ্টব্য]।

নিৰ্মাণ-প্ৰসঙ্গ

শ্রীরাধারমণ-বিগ্রহের

বৈশাখী পূর্ণিমাতে প্রীরাধারমণের অভিষেক হয়। এই বিগ্রহ শ্রীবৃন্দা-বন ধামে পূর্ব হইতেই বিরাজিত আছেন। আবঙ্গজেবের স্থানাস্তরিত করা হয় নাই। প্রীরুমা-বনেই লুকায়িত রাথা হইয়াছিল। প্রীবিগ্রহের বামে প্রীমতী নাই। তৎপরিবর্ত্তে সিংহাসনের বাম ভাগে একটি রৌপ্য মুকুট রাখা হয়। উহাকে শ্রীমতীর প্রতিভূ বলা হয়। প্রাচীন মন্দির নাই। বর্ত্তমানের मिनत लाला-निवानी नाह कन्मन-নামক জনৈক বণিক ও তাঁহার ল্রাতা-দ্বারা নির্মিত। ১৫০৭ শকের আষাটী শুক্রা পঞ্চমীতে শ্রীল গোপাল ভটের তিরোভাব-তিথি। প্রীরাধা-রমণের শ্রীমন্দিরের পশ্চাতে উঁহার সমাধি আছে। প্রীহরিভক্তিবিলাস-

কৰিতে বৈঞ্চবস্থতি কৈল ভট্ট মনে। স্নাতন গোস্থামী জানিল

বলিয়া কেহ কেহ বলেন, কিন্ত

ভক্তিরত্বাকরে (১۱১৯-৯৮) প্রকাশ

যে প্রীপাদ স্নাত্ন গোস্বামী ভট্টের

নামক বৈষ্ণব স্মৃতি ইহার

নামেই উহা প্রচার করেন।

গেইক্ষণে। গোপালের নামে শ্রীগোস্বামী সনাতন। করিল শ্রীহরি-ভক্তিবিলাস-বর্ণন।

পদাবলি-সাহিত্যেও ইহার দান
আছে। পদকল্পতকর ১০১৯, ২৮৩৪
ও ২৯৬৭ সংখ্যক পদগুলি ইহার
রচিত। এতদ্যতীত ইনি প্রীকৃষ্ণকর্ণামৃতের উপর 'শ্রীকৃষ্ণবল্পতা' নামী
টীকা করিয়াছেন। ভক্তিরত্বাকর

সাধনদীপিকা নবম কক্ষায় (২৫৭পৃ: \
এই টীকাটি ইহারই রচিত বলিয়া
উল্লিখিত হইয়াছে। পজাবলীতে
ই হার একটি শ্লোক (৩৮) উদ্ধৃত
হইয়াছে।

১/২২৮. অমুরাগবল্লী. বিশেষতঃ

গোপাল ভট্টাচার্য—শতানন্দথানের পুত্র। থঞ্জ ভগবান আচার্যের লাতা। গোপাল ভট্টাচার্য নাম তাঁর ছোট ভাই। কাশীতে বেদাস্ত পড়ি গেলা তাঁর ঠাই। [চৈ° চ° অস্ত্য ২।৮৯] গোপাল কাশীতে অনেকদিন বেদাস্ত পড়িয়া নীলাচলে লাতার

নিকট গমন করেন—ভগবানু আচার্য

শাগ্রহে তাহাকে মহাপ্রস্থর নিকট

লইয়া গেলেন। গোপালের অন্তরে

বিছার গর্ব্ব ছিল। এজন্ম অন্তর্গামী

প্রভূ আচার্যের সম্বন্ধে বাহৃতঃ
গোপালকে প্রীতি দেখাইলেন।

একদিবস ভগবান আচার্য শ্রীম্বরূপ
দামোদরকে বলিলেন—'গোপাল
কাশী হইতে কিরূপ বেদাস্ত পড়িয়া
আসিয়াছে, একদিন সকলে শ্রবণ
করুন'। স্বরূপ গোস্বামী কুছ
হইয়া বলিলেন—

বৃদ্ধিশ্রষ্ট হইল তোমার গোপালের সংক্রে। মায়াবাদ শুনিবারে উপজ্ঞিল রঙ্গে। বৈষ্ণব হইয়া যেবা শারীরক ভাষ্য শুনে। সেব্য-সেবক ভাব ছাডি আপনাকে ঈশ্বর মানে॥ [ঐ ৯৪-৯৫] ভগবান্ আচার্য পরদিন গোপালকে দেশে পাঠাইয়া দিলেন। গোপাল ভ্ঞা—গ্রীরসিকানন্দ প্রভুর

শৈষ্য। [র° ম° পশ্চিম ১৪।১৪৪] **গোপাল মণ্ডল**— শ্রীনিবাস আচার্যের

শিষ্য।

তবে প্রভু রপা কৈল গোপাল

মণ্ডলে। প্রভূপদে নিষ্ঠা যার অতি-নিরমলে। (কর্ণা ১) গোপাল মিশ্রে— গ্রীঅহৈনত-শাখা। শ্রীঅহৈনতপ্রভুর তৃতীয় পুত্র।

স্থত। [চৈ° চ° আদি ১২।১৯]
আইবতপ্রকাশের (১১) মতে
১৪২২ (?) শকে কার্ত্তিকী শুক্রা
ঘাদশীতে জিলা। মন্তিতনয়ন বালক

শ্রীগোপাল নামে আর আচার্যের

দেখিয়। অবৈতপ্রভু 'গেরহরি' নাম
সহস্কারে উচ্চারণ করা মাত্র
বালকের নয়ন উন্মীলন হয়। ইনি
গণেশ। নামকীর্তন-শ্রবণ করিলে
ইনি শিশুকালে ছগ্ধপান ছাড়িয়া
নাম শুনিতেন এবং সাত্ত্বিক ভাবে
ভৃষিত হইতেন। নামের বিরামে

আবার উচ্চৈঃস্বরে কাঁদিয়া মাতৃত্ব

পান করিতেন।
 একদা পুরীংশমে গুণ্ডিচামার্জনের
সময় গোপাল হঠাৎ মুর্ছিত হইয়া
পড়েন। অধৈতপ্রভু বহু তস্ত্রমস্ত্র
উক্তারণ করিয়াও সংজ্ঞা আনাইতে
পারিলেন না। শেষে মহাপ্রভু
আচার্যের বিষাদ দেখিয়া আর ভির
ধাাকতে পারিলেন না—গোপালেয়

বন্দে হস্ত ধারণকরত 'উঠহ গোপাল'

2570

বলিবামাত্র গোপাল উঠিয়া বদিলেন।

২ ইনি শ্রীল সনাতন গোস্বামির
পুরোহিতের পুত্র এবং শ্রীসনাতনের
শিষ্য ছিলেন। শ্রীব্রজমগুলে নন্দীখরে
পাবন সরোবরের নিকটে ভজন
করিতেন।

তথা বিপ্র শ্রীগোপাল মিশ্র স্কচবিত্র

তথা বিপ্র শ্রীগোপাল মিশ্র স্কুচরিত্র সনাতন গোস্থামির পুরোহিত-পুত্র॥ শ্রীসনাতনের শিষ্য সর্বাংশে স্থব্দর। ভিক্তি (১২৩১-৩২)

অত্যাপি মাড়গ্রামে তাঁহার সন্তান। প্রভূ সনাতন বিনে না জানয়ে আন॥ (ভক্তি ১۱৬৮২)

শ্রীনিবাস আচার্য রাঘব গোস্বামির
সঙ্গে শ্রীকুলাবন পরিক্রমণ করিতে
করিতে ই হার নিকট উপস্থিত
হইলে ইনি, উদ্ধবদাস এবং মাধব
প্রভৃতি ভক্তগণ শ্রীনিবাসকে মহাসমাদর করিয়াছিলেন।
গোপালবল্পত (জচ ১২।১৬)

চার্যের পুত্র। ইনি জগদীশ পণ্ডিতের ক্যা রসমঞ্জরীকে বিবাহ করেন। ক্যোপালসিংহ—বনবিষ্ণুপুরের রাজা

শ্রীনিত্যানন্দপ্রভুর জামাতা শ্রীমাধবা-

वीत हाशीरतत वर्ष व्यवस्त । हे हात ताकाकान > 1 > 2 — > 186 थुः। होनि श्रीताशाकुकनीनाष्ट्रक এक ताला

কাব্য লিখেন। ভণিতায় আছে— শ্রীগুরু-চৈতক্ত-পদ ভজন-চতুর।

নরেক্ত গোপালসিংহ গাইলা মধুর॥ **গোপাল হোড়—**শ্রীগৌরভক্ত।

প্রীহোড় গোপাল মোর প্রভূ হউক্ গে। শঙ্খচূড়-অরিষ্ট-কেশিরে বধে' বে॥ [নামা ১৯২]

ব্যাপীকান্ত-নহাপ্রভূর শাথায় ইহার নামমাত্র পাওয়া যায়- শ্রীনিধি, শ্রীগোপীকান্ত, মিশ্র ভগবান্। (১০° চ° ১০।১১০)

গোপীকান্ত আচার্য-পিতার নাম
—ছরিরাম আচার্য, পিতার নিকটেই
দীক্ষা লন। শ্রীহরিরামাচার্য শ্রীরামচন্দ্র
কবিরাজের শিষ্য ছিলেন। এজন্ত
হ'হারা শ্রীনিবাস আচার্য-শাখা।
ইনি পদকর্ত্তা ছিলেন। পদকল্পতক্রর
২৩৮২ সংখ্যক পদ দ্রন্থব্য।

বোপীকাত দাস—পদকর্তা; প্রার্থনা ও নগর-সংকীর্ত্তন-রচরিতা [ব-সা-সে]। নগর-সংকীর্ত্তনে—মহাপ্রভূর ভক্তগণসহ কীর্ত্তন ও কাজির উদ্ধার-প্রসঙ্গ বর্ণিত হইয়াছে। গোপীকাত্ত মিশ্রা—শ্রীগৌরভক্ত। ওহে গোপীকাত্ত মিশ্রা! বলিয়ে

তোমার। এজে রাধারুঞ্লীলা কুরাহ আমায়॥ (নামা ৮৭) **বোপীচরণ দাস**—উদাসীন বৈঞ্ব।

শীহরিনামামূতের টীকা বালতোবণীর সংশোধক।

রোপীকৃষ্ণ দাস—'হরিনাম-কবচ'-রচয়িতা। ২ শ্রীশ্রামানন্দী দামো-দরের শিষ্য।

ব্যোপীজনবন্ধত— শ্রীবীরচন্দ্রপ্রভ্র জ্যেষ্ঠ পুত্র। (প্রেম ২৪) ২ শ্রীনিবাস আচার্যের শিষ্য এবং জামাতা। পিতার নাম—রামরুষ্ণ চট্টরাজ। শ্রীপাট— বুধুইপাড়া। আচার্যের জ্যেষ্ঠা কন্সা শ্রীমতী হেম-লতাদেবীর সহিত হঁছার বিবাহ হয়। তাঁরে রুপা করি, প্রভ্রু করি

ও 'কর্ণানন্দে' এই নামে আর

একজন শ্রীনিবাস প্রভুর শিষ্যের নাম

হেমলতা॥

(本们 5)

পাওয়া যায়।

গোপীজনবন্ধত প্রতি প্রভু দয়া

কৈল। মহাভাগবত তিঁহো জগৎ
ব্যাপিল॥ যাঁহার ভজন-কথা কহনে
ন যায়। মহামগ্ন রহে যিঁহো মানস
সেবায়॥ (কর্ণা ১)
গোপীজনবল্পত দাস—গোপজাতি,
শ্রীপ্রীপ্রামানন্দ প্রভুর শাখা অর্থাৎ

রসিকানন্দের শিষ্য। পিতার নাম

—রসময়। খ্লতাতের নাম—বংশী ও মথুরা দাস। রসময়ের পাঁচ পুত্র — গোপীবল্লভ, হরিচরণদাস, মাধব, রসিকানন্দ ও কিশোরদাস। ই'হারা সকলেই গ্রামানন্দ-পরিবার, রসিকের শিষ্য। গোপীজনবল্লভ 'রসিকমঞ্চল'-গ্রন্থে স্বীয় গুরুদেবের জীবনী লিখিয়াছিলেন। ইনি মেদিনীপুর জেলার ধারেন্দাগ্রামবাসী ছিলেন। শ্রীপাট গোপীবল্লভপুরে

(গাপীজীবন—শ্রীপাট গোপীবল্লভপুরে রাদোৎসবে গোপীবেশে সজ্জিত
অপ্ত শিশুর অন্ততম। [র° ম°
পশ্চিম ২।৪৬)
(গাপীদাস (র° ম° উত্তর ৪।৫৫)

প্রীশ্রামানন্দ-পত্নী প্রীগোরাক দাসীর

রাসোৎসবে গোপীবেশে গজ্জিত অষ্ট

শিশুর একজন [র° ম' পশ্চিম ২।৪৫]

বিশ্বস্ত দেবক।

বোপীনাথ—ইনি শ্রীচৈতগুভাগবতকার শ্রীল ঠাকুর বৃন্দাবন দাসের

সথা ছিলেন। শ্রীপাদ কেশব

ভারতীর ভ্রাতা বলভদ্রের কনিষ্ঠ পুত্র গোপালের কুলোজ্জলকারী গোপী-নাথই দেমুড় গ্রামের বিখ্যাত ব্রহ্মচারি বংশের আদিপুরুষ। ২ (র° ম° পুর্ব ১।৩২) শ্রীশ্রামানন্দপ্রভুর শিষ্য।

 (র° ম॰ দক্ষিণ ৪।১৯) শ্রীরসিকা-নন্দের শিষা। গোপীনাথ আচার্য--শ্রীচৈত্ত শাখা, বাস্থদেব সার্বভৌমের ভগ্নীপতি। ষভ শাখা সাৰ্বভৌম— এক ভগ্নীপতি— ভট্টাচার্য ৷ তাঁর শ্রীগোপীনাথ আচার্য॥

[हेठ° ठ° जामि २०१२००] বাল্যকালে মহাপ্রভুর निषाय ছिल्न। नियत्रभूती नविशिष ইহার গৃহে কয়েক মাস অবস্থান করেন (চৈভা আদি ১১।৯৬)। ইনি মহাগ্রভুর কীর্ত্তনসঙ্গী (ঐ মধ্য ৮।১১৫) মহাপ্রভুসহ জলক্রীড়া (ঐ ১৩।৩৩৭); চন্দ্রশেখরের গুছে অভিনয়কালে পাত্রকাচ (ঐ মধ্য ১৮।২২)। পরে পুরীধামে সার্ব-ভৌমের নিকটে বাস করেন। গোপীনাথ শ্রীগোরাঙ্গের পরম ভক্ত ছিলেন। পুরীধানে সর্বপ্রথমে ইনিই মহাপ্রভুকে শ্রীভগবানের অবতার বলিয়া প্রচার করেন এবং সার্ব-ভৌমের নিকট উপহাসপ্রাপ্ত হয়েন। পুরীধামে মহাপ্রভুর সংবাদ পাইবা-

হেনকালে আইলা তাহাঁ গোপী-নদীয়া-নিবাসী নাথ আচাৰ্য। বিশারদের জামাতা ॥ [देह° ह° मशु ७।১৮]

মাত্র-

ইনি গোড়ীয় বৈষ্ণবগণের বাসা-সমাধান করিতেন (চৈ চ ১১।১৭৩— ২০৪); রথাগ্রে নর্ত্তন করিতেন (ঐ ১৩।৪০, ১৪।৮৩) ইত্যাদি। এই মহেশ্বর বিশারদের আলয়। বাস্থদেব সার্বভৌম তাঁহার তনয়॥ প্রভুর ইচ্ছায় তাঁর নীলাচলে স্থিতি।

গোপীনাথ আচার্য যার হন ভগ্নীপতি॥ গোপীনাথ প্রভু-नীলা দেখে নদীয়ায়। নীলাচলে গেলা অগ্রে প্রভুর ইচ্ছায়॥

(ভক্তি ১২।২৯৮১—৮৩) শ্রীনরোত্মঠাকুর পুরীধামে গমন করিয়া বলিতেছেন---

গোপীনাথ আচার্য আদি প্রম-দেখিলাম অতিজীৰ্ণ হইয়াছেন স্ব॥ (নরো ৪) रगीतगरनारम्बर्भ (१६) নবব্যুহমধ্যে গণিত ব্ৰহ্মা ও (১৭৮) রত্নাবলী বলিয়া উক্ত হইয়াছেন। গোপীনাথ ঠাকুর - প্রীপ্রভুর স্ততি-পাঠক।

গ্রীগোপীনাথ ঠাকুর বন্দো জগৎ-বিখ্যাত। প্রভুর ন্ততিপাঠে যেই ব্ৰহ্মা সাক্ষাত ॥ (বৈঞ্ববন্দনা) গোপীনাথ দাস পট্নায়ক---

শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য। রসিকের ভূত্য মঙ্গরাজ হরিচন্দন। গোপীনাথ দাস পট্টনায়ক মহাজন॥ (র° ম° পশ্চিম ১৪।:০৬)

প্রসিদ্ধ রামানন্দ রায়ের জ্রাতা। রামানন্দ রায়, পট্টনায়ক গোপী-नाथ। केनानिधि, श्रुधानिधि, नाग्रक

বাণীনাথ ॥ [চৈ° চ° আদি ১০।১৩৩]

ব্যোপীনাথ পট্টনায়ক-জ্রীচৈত্ত্ত-

শাখা। পিতার নাম—ভবানন্দরায়।

ইনি রাজা প্রতাপরুদ্রের উচ্চ কর্ম-চারী ছিলেন। 'মালজ্যাঠা দগুপাটে তার

(চৈচ অস্ত্য ৯।১৮) অধিকার'। রাজার নিকট ছই লক্ষ কাহণ বাকী পড়ার দরুণ বড় জানরি আদেশে চাঙে চাপাইয়া ই হাকে বহু कन्र्यना कता इया। यहात्रकृत निक्षे তিনবার লোক পাঠাইয়া নিবেদন করা হয়—ইনি রাজদণ্ড হইতে নিস্কৃতি পাইয়া পুনঃ সন্মান লাভ করেন।

গোপীনাথ বস্থ

হৈ° চ° অন্ত্য ৯।১৩—১৫২] গোপীনাথ পূজারী - খ্রীগোপান ভটের শিষা। প্রেমবিলাস-মতে (১৮) গ্রীবৃন্দাবনে জ্রীগোপালভট্ট-স্থাপিত শ্রীশ্রীরাধারমণ বিগ্রহের সেবা-ভার ইনি প্রাপ্ত হয়েন। বর্ত্তমানে ই হারই বংশধরগণের হস্তে সেবা আছে। গ্রীগোপালভট্ট যখন উত্তরা-খণ্ডে ভীর্থভ্রমণে গিয়াছিলেন, তথন হরিদ্বারের নিকটবর্তী দেববন হইতে এই গোড়ীয় ব্রাহ্মণ গোপীনাথকে শিষা করিয়া সঙ্গে আনেন। পরে বহুকাল পর্যন্ত ইঁহার অনাবিল ভক্তি ও প্রগাঢ় প্রেম দেখিয়া ভট্রগোস্বামী অন্তিম কালে ই হারই হস্তে শ্রীরাধা-রমণের দেবাভার সমর্পণ করেন। গোপীনাথ ছিলেন চিরকুমার, ভিনি অপ্রকট ক্ৰিষ্ঠ কালে ভাতা দামোদরের করে সমর্পণ সেবা করেন। তদবধি তহংশীয়েরা সেবা-পূজাদি স্বহস্তে সম্পাদন করিয়া আসিতেছেন! এই বংশে বহুপণ্ডিত গৌরনিষ্ঠ আবিৰ্ভাৰ মহাজনের হইয়াছে-তনাধ্যে গল্পী মহারাজ. গোপীলাল, মধুস্দল স্থালাল. गार्वरकोम, पारमापत लाल, जनमाली লাল প্রভৃতি সম্ধিক প্রসিঝ। 'শ্রীরাধারমণ দাৰ্বভৌমমহাশয়-কৃত **শ্রীগোপালভট্টের** প্রাকট্য' গ্রম্ভ

জীবনের বছঘটনার নিথুত ছবি

গোপীনাথ বস্থ—গোড়েশ্বর হুসেন

পাওয়া যায়।

১২১২ গো

শাহার মন্ত্রী (১৪৯৪—১৫২৫ খঃ),
পুরন্দর থা বা যশোরাজ্ঞথা উপাধিতে
ভূষিত। মালাধর বস্ত্রর জ্ঞাতি প্রাতা।
কেহ কেহ বলেন—ইনি 'রুক্ষমঙ্গল'
নামে এক পুস্তক রচনা করেন।
গোপীনাথ সিংহ—গ্রীচৈতক্তশাধা।

Gগাপীনাথ সিংহ—গ্রীচৈতগুশাখা।

মহাপ্রত্ন ইঁহাকে 'অজুর' বলিয়া

সম্বোধন করিয়াছিলেন।

সম্বোধন করিয়াছিলেন।
গোপীনাথ সিংহ এক চৈতন্তের
দাস। অজুর বলি' প্রভু যারে কৈলা

পরিহাস॥ [১চ° চ° আদি ১০।৭৬]

কোপীমণ্ডল (র° ম° পূর্ব ৩,৩৬)

রোহিণী-গ্রামবাসী।

রোপীমোহন—রিসকানন্দ প্রভুর

শিষ্য॥ [র°ম° পশ্চিম ১৪।১৫৮]

নেব্য । [র ন পান্টন স্বাস্টেল্য নেগাপীমোহন দাস—গ্রীনিবাস আচার্যের পরিবার গোপালদাস ঠাকুরের শিষ্য। শ্রীপাট—মির্জ্জাপুর।

গোপালদাস ঠাকুরের শিষ্য মহাশয় ৷ গোপীমোহন দাস মির্জা-

পুরালয়॥ তিহোঁ মহাভাগবত কি
তার কথন। ধাঁর শিষ্য খামদাস
খডগ্রাম-ভবন॥ (কণা ১)

খড়গ্রাম-ভবন॥ (কর্ণা ১) **গোপীরমণ**—পদকর্ত্তা, পদক্**গত**ক্ত

১৮ সংখ্যক পদ দ্রেষ্ট্রর।

নোপীরমণ কবিরাজ—শ্রীনিবাসা
চার্য প্রভুর পরিবার (অমুণ)।

চার্য প্রভুর পারবার (অমু ৭)। **গোপীরমণ চক্রবর্ত্তী—**শ্রীলনরোত্তম

ঠাকুরের শিষ্য। আর শাখা গোপীরমণ চক্রবর্তী।

নামদংকার্ন্তনে থার অতিশয় প্রীতি॥ (প্রেম ২০)

জয় জয় চক্রবর্তী শ্রীগোপীরমণ। গণসহ গৌরচক্ত ধার প্রাণধন॥ (নরো ১২)

খেতুরীর বিখ্যাত উৎসবে ইনি

তত্ত্বাবধান করিয়াছিলেন। আর যে যে বৈষ্ণুৰগণের বাসা

উপস্থিত থাকিয়া বৈষ্ণবগণের বাসার

यात त्य त्य त्यस्यनगत्मत्र नामा यथा। नमर्निना त्गानीत्रमन चानि ज्था॥ (नत्ता ७)

শ্রীলনরোত্তম ঠাকুরের তিরোভাব-উৎসবে ইনিও উপস্থিত ছিলেন।

২ গ্রীপাট বুধুরী। রসিক্মঙ্গলমতে ইনি গোর্গ্ধন দাস দামোদরের শিষ্য।

শ্রীয়দয়ানন্দে শিষ্য। বোরাকৃলি
থামে গোবিন্দ ব ভাবকচক্রবর্তির
গ্রহে শ্রীয়াধাবিনোদের প্রতিষ্ঠা-

উপলক্ষে ইনি গিয়াছিলেন।
শ্রীহৃদয়ানন্দের শিষ্য শ্রীগোপীরমণ। অন্বিকা হইতে তিঁহো
করিলা গমন॥ (ভক্তি ১৪।৯৭)

আচার্যের শিষ্ম। শ্রীপাট—গোয়াস। পদক্তা। গোপীরমণ দাস বৈশ্ব মহাশয়।

গোপীরমণ দাস বৈত্য-গ্রীনিবাস

তাঁহারে প্রভুর রূপা হৈল অতিশয়॥
গোয়ানে তাঁহার বাড়ী; বড়ই রসিক।
সদা রুফরসকথা যাতে প্রেমাধিক॥
(কর্ণা ১৪ প্রঃ)

গোপীবন্নভ— বৈঞ্চৰ পদকর্তা (ব-সা-সে)। গোপেন্দ্র আশ্রম—শ্রীগৌরপার্ষদ

সন্ন্যাসী। মহাযোগীন [গে° গ°

৯৮, ১০১] নোয়ীদেবী—শ্রীখণ্ডের শ্রীল নরছরি

সরকার ঠাকুরের মাতাঠাকুরাণী। স্বামীর নাম—শ্রীনারায়ণ সরকার। ইহার তিন পুত্ত—মুকুন্দ, মাধব ও

গোরাই কাজি— চাঁদ কাজীর জনৈক কর্মচারী, ইনি হিন্দুদিগের প্রতি

নরহরি। (মরহরি দেখ)।

অত্যাচার করিয়া প্রসিদ্ধ (१) হন।
গোবর্দ্ধন দাস—রসিক্মঙ্গলগ্রন্থে
ই'হাকে শ্রীশ্রামানন্দ প্রস্থার পরিবার

হ হাকে শ্রেখামানন্দ প্রভুর পারবার বলা হইয়াছে; ইনি দামোদরের শিষ্য। মেদিনীপুর জিলায় কেশী-য়াড়ীতে জন্মস্থান (ভারতবর্ধ ১৩২৩

বৈশাথ ৭৫২ পৃঃ)। পদাবলী-দাহিত্যে ইঁহার দান আছে। (মেদিনীপুরের ইতিহাস ৬০৪ পৃঃ)

২ গৌড়ীয় বৈষ্ণব। জয়পুরের শ্রীশ্রীগোকুলচন্দ্রের প্রধান কীর্ত্তনীয়া। পদকন্তা, ১৭০০ শকে তিরোভাব। গুমজুমদার-খ্যাতি কায়স্ক, সপ্রগ্রামের জমিদার। প্রসিদ্ধ শ্রীরঘুনাথ দাস গোস্থামির পিতা। ভাতার নাম—

্হিরণ্য, গোবর্দ্ধন দাস—ছুই
সহোদর। সপ্তথ্রামে বার লক্ষ মুন্তার
ঈশ্বর॥ মহৈশ্বর্ত্ত দোহে, বদান্ত
ব্রহ্মণ্য। সদাচার, সংকুলীন, ধার্মিকঅগ্রগণ্য॥ নদীয়ানিবাসী ব্রাহ্মণের
উপজীব্যপ্রায়। অর্থ, ভূমি, গ্রাম দিয়া

হিরণ্যদাস।

১৬।২১৭—২১৯)
শ্রীমন্মহাপ্রভুর মাতামহ শ্রীনীলাম্বর
চক্রবর্তির সহিত ছই ভাইর দৌহার্ত্ত ছিল।

করেন সহায়॥ (চৈ° চ° মধ্য

সেই গোবর্দ্ধনের প্ত্র—রঘুনাথ
দান। বাল্যকাল হৈতে তিঁছো
বিষয়ে উদাস॥ (১০° চ° মধ্য ১৬।২২২)
গোবর্দ্ধন দাসের দানশীলতা সম্বন্ধে
কিম্বন্তী—

পাতালে বাস্থকী বক্তা স্বর্গে বক্তা মুহস্পতিঃ। গোড়ে গোবর্দ্ধনো দাতা থণ্ডে দামোদরঃ কবিঃ। [সঙ্গীত-মাধব-নাটকে]

শিশ্য ছিলেন এবং তাঁহার্ই সেবা-

ইনি ঠাকুর হরিদাসের সহিত মিলন করেন (চৈচ অন্ত্য ৩)১৬৫, ১৭৩)। শিবানন্দ হইতে রঘুনাথের সংবাদ পাইয়া ইনি পুরীতে অর্থদহ-লোক পাঠান (ঐ ৬।২৪৮—২৬৭)। **ব্যোবর্দ্ধন ভট্ট—**শ্রীগদাধর ভট্টের অন্ববায়ী গৌড়ীয় বৈষ্ণব। ইনি আহুমানিক সপ্তদশ শক-শতাকীতে ২২৩ শ্লোকে 'মধুকেলিবল্লী' রচনা করেন। ইহাতে হোরিকালীলাই প্রধানতঃ বণিত হইয়াছে। ইনি শাদুলবিক্রীড়িত ছন্দে 'শ্রীরূপ-সনাতন-স্তোত্ৰ' নামে ৪৯ শ্লোকে যে জোত্র রচনা করিয়াছেন, তাহাতে শ্রীরূপসনাতনের জীবনীই আলোচ্য-বিষয়—অতি উপাদেয় কাব্যই বটে। ইঁহার শ্রীরাধাকুণ্ডস্তবও ১০৪টি শ্লোকে রচিত হইয়াছে। গোবৰ্দ্ধন ভাণ্ডারী—খ্রীনরোত্তম ঠাকুরের শিঘা। গোবৰ্দ্ধন ভাণ্ডারী শাখা সৰ্বত্ৰ বিদিত। মহাশয় তাঁরে করে অতিশয় প্রীত॥ [প্রেম ২০] জয় শ্রীভাণ্ডারী গোবর্দ্ধন ভাগ্য-যান। থেঁহ সর্বমতে কার্য করে [নরো ১২] সমাধান ॥ ইনি কবি ছিলেন। পদসাহিত্যে ই হার দান আছে। পদকল্লতক্ষ ১৪৫৪, ১৪৭৯, ১৫৭০ পদগুলি আস্বান্তা। **গোবিন্দ**—শ্রীগোরপার্ষন। বৈকৃষ্ঠ-পার্ষদ পুগুরীকাক্ষ [গো° গ° ১১৬] ২ (কায়স্থ) প্রীচৈতন্ত্র-শাখা। মহা-প্রভুর প্রিয় হৃত্য ও দারপাল (চৈভা আদি ১০।২)। ইনি এবং কাশীশ্র

কার্যে অবিরত নিযুক্ত থাকিতেন। পরে ঈশ্বর পুরী স্বধাম-গমনসময়ে এই ছই জনকে মহাপ্রভুর সেবা করিতে আজ্ঞা দিয়া যান। গোবিন্দ অগ্রে নীলাচলে মহাপ্রভুর নিকট আগমন করত ঈশ্বরপুরীর আজ্ঞা প্রভকে করিলে—প্রথমতঃ প্রীগুরুর ভূত্যকে স্বীয় সেবাকার্যে নিযুক্ত করিতে রাজী হয়েন নাই, পরে দার্বভৌম প্রভুকে বলেন, 'গুরুর আজাই বলবান্'। এই বাক্যে প্রভু তাঁহাদিগকে স্বীয় সেবাধিকার প্রদান করেন। তদবধি গোবিন্দ মহাপ্রভুর নিকট অবস্থান করত করিতেন। মহাপ্রভু দক্ষিণদেশ হইতে প্রত্যাগমন করিলে গোবিন্দের আগমন হয়। মহাপ্রভুর ভোজনের পর নিত্য গোবিন্দ প্রমেবাদারা প্রভুকে নিদ্রিত করণান্তর তবে নিজে ভোজন করিতে যাইতেন। এক দিবস নিত্য কার্য করিতে আসিয়া দেখেন-সব দার যুড়ি প্রভু করিয়াছেন গুহমধ্যে গোবিন্দ প্রবেশ করিতে না পাইয়া বলিলেন—"প্ৰভো! একট পার্শ্ব পরিবর্তন করুন, আমি ভিতরে যাইব।" চতুরচ্ডামণি— প্রভু কহে—শক্তি নাই অঙ্গ চালাইতে। গোবিন্দ বলিলেন,—'আমি আপ-নার পদদেব। করিব।' প্রাভূ বলিলেন — 'কর বা না কর, আমি সরিতে

পারিতেছি না।' বারংবার বলাতেও

প্রভু যথন সরিলেন না, তখন

গোবিন্দ নিজের বহিবাসখানি মহা-প্রভুর গাত্রের উপর ফেলিয়া তাহার উপর দিয়া প্রভুকে ল্ভ্যন করত ভিতরে গম্ন করিলেন ও প্রভুর পদদেবা করিতে লাগিলেন। প্রতু নিদ্রা গেলেন। ছই দণ্ড পরে প্রভুর নিদ্রাভঙ্গে গোবিন্দ দাসকে বসিয়া থাকিতে দেখিয়া প্রভু বলিলেন— 'গোবিনা! আহার করিতে এখনও যাও নাই কেন' ? গোবিন্দ বলিলেন — 'কি করিয়া যাইব। আপনি যে গারের উপর শুইয়া আছেন। প্রভু— 'যেমন করিয়া লজ্যন করিয়া আদিয়া-ছিলে, তেমনি করিয়া গমন করিলে না কেন ?' তখন—'গোবিন্দ কহয়ে আমার সেবা সে নিয়ম। অপরাধ হউক কিছা নরকে গমন॥ সেবা লাগি কোটি অপরাধ নাহি গণি। স্থনিমিত্ত অপরাধাভাসে ভয় মানি'॥ [চৈ° চ° অন্ত্য ১০|৯৪—৯৫] ইনি ভক্ত-সমাধান করিতেন I ঝালি मारशास दक्क করিতেন (চৈচ অন্ত্য ২০।৫৫—৫৬), প্রভু-পাদ সম্বাহনাদি করিতেন (ঐ ১৫/৮২-১০০) গম্ভীরালীলার সঙ্গী (ঐ ১৯।৫৬, ২০।১১৮) ইত্যাদি। মহাপ্রভুর অপ্রকটের পর শ্রীনিবাস আচার্য পুরীধামে গমন করিয়া গোবিন্দ দাসকে দেখিতেছেন— 'গৌরাঙ্গ-বিরহে শুক্ষ বাভাসে হ⁺লয়ে। দোঁহে শ্রীনিবাসে তুলি করিলেন কোলে'॥ [ভক্তি ৩।১৮৯— ৯০ ব এইলাবনবাসী—গৌড়ীয় देवस्व । श्रीराशिक, वांगीकृष्णां म অত্যুদার'। [ভক্তি ৬।৫১৩]

ব্রন্ধারী তুই জনে প্রীঞ্জীধরপুরীর

শ্রীনিবাস আচার্য গ্রন্থ লইরা গোড়ে আগমন-কালে ইনিও ভক্তবুন্দের সহিত তাঁহাকে আশীর্বাদ করিয়া-ছিলেন। ৪ শ্রীগ্রামানন্দ-প্রভূর শিষ্য। শ্রীপাট—গোপীবল্লভপুর।

উদ্ধব, অক্র, মধুস্বন, গোবিন্দ।
(প্রেম ২০) ৫ প্রীনিবাস আচার্যের
শিষ্য। তবে প্রভু কুপা কৈল
প্রীগোবিন্দ-নামে। প্রীগোরাঙ্গ
বলিতেই হয় প্রেমোদ্দামে॥ (কর্ণা ১)

৬ শ্রীরসিকানন্দপ্রভুর শিষ্যদ্বয় [র° ম°

পশ্চিম ১৪।১০৮, ১৫০]

Cগাবিদ্দ অধিকারী—মূলতানবাসী
প্রাসিদ্ধ কৃষ্ণলাস পাঞ্জাবীর শিব্য।
(কৃষ্ণলাস পাঞ্জাবী দেখ)। ২

যাত্রার পালা-রচয়িতা, হুগলিজেলার
খানাকুল কৃষ্ণনগরের নিকট জ্ঞীপাড়ায় ১২০৫ সালে জন্ম। তাঁহার

ষাত্রার দলের নাম—কালীয়দমন।

ইংার গানে অনুপ্রাস-প্রাচ্র্য
লক্ষ্যীতব্য। 'বুন্দাবন-বিলাসিনী রাই

আমাদের'—এই প্রসিদ্ধ গানটি

ইংগর রচনা।

ব্যোবিন্দ আচার্য জীগদাধর পণ্ডিতের উপশাখা। মল্লদেশবাসী। বন্দে গোবিন্দমাচার্যং ক্লফপ্রেম-স্থাময়ম। গোবিন্দোলাদ-রসিকং

মলদেশ-নিবাসিনম্॥ [শা° নি° ৫০]
২ বৈঞ্চৰ-বন্দনায় ও গৌরসণোদ্দেশে উক্ত সঙ্গীত-পণ্ডিত। গোবিন্দদাস্ব্যের পদাংলীর স্হিত ইহার
রচনা মিশিয়া গিয়াছে বলিয়া কোন্টি
কাহার বলিবার উপায় নাই।
গোবিন্দ আচার্য বন্দো স্ব্

विठित शामानी ॥ [देवछव-वस्त्रना]

যে করিল রাধারুষ্ণের

গুণশালী।

🗢 গোবিন্দভাগবত-রচয়িতা।

রেগাবিন্দ ক**বিরাজ**—গ্রীনিত্যানন্দশাখা। 'গোবিন্দ, গ্রীরঙ্গ, কুমুদ তিন
কবিরাজ'। [চৈ° চ° আদি ১১।৫১]
২ —ইনি প্রধানতঃ 'গোবিন্দ

দাস' বা 'দাগ গোবিৰূ' নামে খ্যাত। শ্রীনিবাস আচার্যের শিষ্ম।

শ্রীরামচন্দ্র কবিরাজের কনিষ্ঠ সহোদর। পিতার নাম—চিরঞ্জীব সেন। মাতার নাম—ত্মনন্দা দেবী।

শ্ৰীপাট--তিলিয়া-

বুধুরী। পত্নীর নাম—মহামায়া দেবী
এবং পুত্রের নাম—দিব্যসিংহ।
গোবিদের মাতামহের নাম—

জাতি—বৈগ্য।

দামোদর কবি।

শ্রীলচিরঞ্জীব

দামোদর কবিরাজের কন্তা স্থনন্দাকে বিবাহ করিয়া তদবধি শ্রীখণ্ডে বসতি করেন। তথায় তাঁহার রামচন্দ্র ও গোবিন্দ নামে প্রেষয় জন্মগ্রহণ করেন। ই হারা বয়ঃপ্রাপ্ত হইয়া

(সন

খণ্ডবাসী

স্বকীয় পিত্রালয় কুমারনগরে চলিয়া আদেন, পরে তেলিয়াবুধরীতে আদিয়া বহুদিন বাস্তব্য করেন। বরবেশে সজ্জিত স্থপুরুষ রামচন্দ্রকে দেখিয়া শ্রীআচার্যপ্রস্থা বিবাহের

লোকিক মঙ্গলাচারের মধ্যে পার-

লোকিক অমঙ্গল নিহিত আছে বলিয়া বিবাহে তীত্র দোষোদ্ঘাটন করেন, তাহা শুনিয়া রামচন্দ্র তৎ-পরদিনই আসিয়া শ্রীআচার্যপ্রভুর চরণে চিরদিনের জন্ত শরণ লইলেন। উত্তর কালে ইনিই শ্রীল ঠাকুর মহাশয়ের প্রিয়তম শ্বহদ

মহাশরের প্রিম্বতম স্থবণ হইয়াছিলেন। আবার প্রসববালে মাতার নিদারুণ পীড়া হইলে দামোদর-দেবিত শক্তিযন্ত্রের প্রকা-লিত বারি-পানান্তর স্থাথে প্রসব

লত বারি-পানামস্তর স্থয়ে ত্রেশব হইরা শাক্ত মাতামহের আশ্রয়ে লালিত পালিত হওয়ার জন্ম গোবিন্দ শাক্তই হইয়া পড়িলেন। বারংবার মাতৃক্বপা-বিজ্ঞতি শ্রীকৃষ্ণভ্রমনের

শ্রেষ্ঠতা উপলব্ধি করিয়াও যখন
গোবিন্দ শক্তির উপাসনা ছাড়িলেন
না, তখন দৈবক্রমে কঠিন ব্যাধিগ্রন্থ
হইয়া আসয় মৃত্যু মনে করিয়া অধীর
হইলেন এবং জ্যেষ্ঠ রামচন্দ্রের নিকট
ব্যাধির বিষয় নিবেদনপূর্বক শেষ-

কালে শ্রীআচার্যপ্রভুর চরণদর্শন জস্তু উৎকট লালসা জানাইলেন। রামচন্দ্র আচার্যপ্রভুর সঙ্গে বুধুরী

একেবারে

গোবিন্দের

আসিয়া

শয়নকক্ষে প্রবেশ করিলেন, শ্রীআচার্যপ্রভু গোবিন্দের মন্তকে চরণ দিলে গোবিন্দ আনন্দে আত্ম-বিশ্বত হইলেন। প্রদিব্দ গোবিন্দের

দীক্ষা হইল—মৃত্যুশঘ্যাশায়ী গোবিন্দ পুনকজ্জীবিত হইয়া নৃতন ভাগবত-জীবন লাভ করিলেন। তাঁহার তাৎকালীন প্রথম পদটি কত মধুর,

কত রসাল !! গোবিন্দ যে স্বভাবকবি ছিলেন—তাহা এই পদ দেখিলে

সহজেই বুঝা যায়—

ৈ ভজাহঁরে মন শ্রীনন্দনন্দন অভয় চরণারবিক্সরে। তুলহ মাচুষ-জন্ম সংসঙ্গে তরহ এ ভবসিমুরে॥ শীত আতপ বাত বরিখণ, এ দিন যামিনী জাগিরে। বিফলে সেবিম রূপণ ছুরজন চপল স্থলব লাগিরে। এ ধন যৌবন পুত্র পরিজন ইথে কি আছে পরতীতরে। নলিনীদল-জল জীবন টলমল, ভজতু হরিপদ নিতরে॥ শ্রবণ কীর্ত্তন স্মরণ বন্দন. পদ-সেবন দাসীরে। পুজন স্থীজন, षाश्वनिद्यमन. (গাবिन्ममाम অভি-मधौरत ॥

গোবিশত তখনই দেহব্যাধি-মুক্ত र्हेरनन्हे, পরস্ক স্বরং ভবব্যাধি মুক্ত হইয়া শ্রীআচার্যপ্রভুর রূপায় শ্রীগৌর-রুষ্ণলীলা-বিষয়ক পদাবলী-রচনায় মনোনিবেশ করিলেন। ক্রমে ক্রমে ইহার কবিত্বশক্তি বঙ্গদেশের ইভস্তত: বিস্তারিত হইতে লাগিল। ভক্তি-রত্বাকরে প্রকাশ যে ইনি নারায়ণ রাজার আদেশে জীরাম-চরিত্রগীত' বর্ণনা করিয়াছেন-খেতরির রাজা সভোষ অমুরোধে 'সঙ্গীতমাধব নাটক' বর্ণন করিয়া অতুলনীয় কাব্যশক্তির প্রকাশ করিয়াছেন। অষ্টকালীয় একাল্লপদও ই হার রচিত। ই হার কবিত্ব শুধু বঙ্গদেশেই দীমাবদ্ধ রহিল না-ক্রমশঃ শ্রীবৃন্দাবন-বাস্তব্য শ্ৰীজীবপাদ-প্ৰমুখ বৈফব-মণ্ডলীও ই হার অসাধারণ কাব্য-প্রতিভায় মুগ্ধ ও চমৎকৃত হইয়া পত্র প্রেরণ করিতেন, এমন কি বুন্দাবনবাসী গোস্বামিগণ একত হইয়া তাহাকে 'কবিরাজ' বা 'কবীন্দ্র' উপাধিতে গোরবান্বিত করেন এবং শোকটি লিখিয়া পাঠাইয়াছিলেন—

শ্রীগোবিন্দ - কবীন্দ্র - চন্দ্রনগিরে *চঞ্চৰসন্তানিলেনানীতঃ কবিতাবলী-পরিমলঃ কুঞ্েন্দু-সম্বন্ধভাক্। শ্রীমজীব-সুরাজ্যি পাশ্রয়জুষো ভূগান্ সমুন্মাদয়ন্ _স্বস্তাপি চমৎক্লভিং ব্রজবনে চক্রে কিমন্তৎ পর্ম ॥ শ্রীল বীরভদ্র গোস্বামী একবার—

'এীগোবিন্দ কবিরাজের হুটী করে ধরি। বলে তুয়া কাবোর বালাই नका महि॥' তিলিয়াবুধুরীর পশ্চিম পাড়ায় ইহার বাস ছিল। 'বুধুরীপশ্চিমে পশ্চিমপাড়া নাম' (ভক্তি ১।১৭৬)।

গ্রামকে লোকে 'বুৰোড়' বলে। ইনি শ্রীবৃন্দাবন হইতে প্রত্যাগমন সময়ে দিনিলার অন্তর্গত বিস্কী গ্রামে কবিশ্রেষ্ঠ বিচ্ছাপতির শ্রীপাট দর্শন করেন ও বহুপদ উদ্ধার করিয়া

বর্ত্তমান পদ্মানদীর তীরে উক্ত

ইনি বুধুরীতে অবস্থান-সময়ে প্রুপল্লীর রাজা নরসিংহের এবং প্রেসিদ্ধ মহারাজা যশোহরের প্রতাপাদিত্যের রাজ-সভায় গমন করিতেন। প্রতাপাদিত্যের খুল্লতাত বসস্ত রায়ের সহিত ইহার বিশেষ (मोहार्फ हिन।

আনেন।

১৫৩৪ শকে আখিনী ক্লফা প্রতি-পৎ তিথিতে ইনি দেহ রক্ষা করেন। গোবিন্দ দাসের স্থাপিত শ্রীগোপাল বিগ্ৰহ এবং ইহার বংশধরগণ বৰ্ত্তমান অগ্রাপি আছেন। গৌড়ীয় বৈষ্ণবদের নিত্য স্মরণীয়, বন্দনীয় ও অর্চ্চনীয় অষ্ট কবিরাজের

মধ্যে গোবিন্দও একতম। যথা— ত্রীরামচন্দ্র - গোবিন্দ্র - কর্ণপুর-नृशिःहकाः। ভগবাन दल्लगीपारमा গোপীরমণ-গোকুলৌ ॥ ক্বিরাজা ইমে খ্যাতা জয়স্তাষ্টো নহীতলে। উত্তমাভক্তি-সম্রত্নমালাদান-বিচক্ষণাঃ॥ পদকলতেকতে গোবিন্দাস-ভণিতায় প্রায় ৪৩০টি ব্রজবুলি পদ আছে। পদাস্তসমুদ্রেও আরো আছে। গৌরপদ-কতক**গু**লি তরঞ্জিণীতে ৭৫টি পদ দেখা যায়। ২০৷২১টি পদে বিভাপতি, রায়নসন্ত, সস্তোষ, ভূপতি রূপনারায়ণ প্রভৃতির সহিত মিশ্র-ভণিতা দেওয়া হইয়াছে. যেমন কল্পতক্র ২৬১, ১০৫২, ২৪১৫. ২৪১৬, ২৪২০ ইত্যাদি। আবার কতকগুলি পদে ভণিতা নাই, যেমন ৪২৮, ১২৯৮, ১৩৮৪ প্রভৃতি। ক্ষণদায় ৭৯টি গীত আছে। গোবিন্দ-'গীতাবলী' করিয়াছেন, তাহা পদামৃতসমুদ্রের টীকায় (১৭ পুঃ) 'ভৎকৃতে গ্রন্থে'. এই অংশ হইতে জানা যায়। ব্ৰজবলি-কবিদের মধ্যে গোবিন্দই ষে সর্বশ্রেষ্ঠ, এ বিষয়ে সন্দেহ নাই। ইনি যে সংস্কৃতভাষায় ব্যুৎপন্ন ছিলেন, তাহা তাঁহার পদাবলী হইতেই বেশ বুঝা যায়, যেহেতু শব্দালক্ষার অর্থা-লম্বার প্রভৃতিতে ই হার পদাবলী প্রায়শঃই সমুজ্জল হইয়াছে। ছন্দো-মাধুর্যের সহিত যতি, তাল ও তান-

মাধুরী মিলিয়া তাঁহার পদাবলীকে

সর্বশ্রেষ্ঠ বলিয়া প্রতিপন্ন করিয়াছে।

যদিও তিনি প্রায়শঃই অনুপ্রাস

ব্যবহার করিয়াছেন, তাহাতে

অন্তান্ত কবির ভায় তাঁহার রচনাকে

করিতে ইনিও গিয়াছিলেন।

ভক্তিরত্বাকরে

বিসদৃশ না করিয়া বরং অতিস্থলরই
করিয়া তুলিয়াছে। নায়ক-নায়িকার
বিলাস-বর্ণনায় তাঁহার অতুলনীয়
বর্ণনাভঞ্চা প্রশংশনীয়ই বটে।
পদাবলীর শ্রুতিমধুরতা ও তালে
তালে শক্ষ-বিশ্রাস প্রভৃতি ব্রজবুলির
কৃত্রিমতাকে ঢাকিয়া মহামধুরতাই
সমর্পণ করিয়াছে। মৈথিল কবি

ক্রজিমতাকে ঢাকিয়া মহামধুরতাই
সমর্পণ করিয়াছে। মৈথিল কবি
বিস্থাপতির অসমাপ্ত কয়েকটি পদকে
তিনি পূর্ণ করিয়াছেন, তাঁহারই
আদর্শে অন্প্রাণিত হইয়াছেন।
অস্থাপি রস্কীর্ত্তন-বিবয়ে তাঁহারই
প্রাধান্ত ও জন-প্রিয়তা পরিলক্ষিত
হইতেছে। উজ্জ্বলনীলমণিতে বণিত
শৃঞ্জার-রস-বিবয়ক বিবিধ প্রবন্ধ
অবলম্বনে যাবতীয় মানস-ব্যাপারের
বিশ্লেষণ ও অনুশীলনপূর্বক গীতামুত

রচনা করায় তিনি জনমণ্ডলীর এত

স্মাদর লাভ করিয়াছেন বলিয়াই

সাহিত্যিকদের ধারণা। বিশ্বদর্শন

১৩১৭ অগ্রহায়ণ ৩০৯—৪০৬ পুঃ, শ্রীজিতেজুলাল বস্থার প্রবন্ধ দ্রষ্টব্য] গ্রীজয়দেবের স্থায় গোবিদদাদের পদ-কাব্যেও পদমাধুর্য ও অন্ধ্রাদ-প্রিয়তাদি দেখা যায় (পদকল্পতক্র শাখার ৫৮/১২/১৩/১৫— २९ भम्छनि । अभिष्म चालाहा। 'অঞ্জন গজন, জগজনরজন, জলদ-পুঞ্জ জিনি বর্ণা' (১৬৮৯ পু) মুকুলিত মল্লী, মধুর মধু-মাধুরী, মালতী মঞ্জুলমাল (১১৯৯ পু) প্রভৃতিতে গোবিন্দদাস যে স্থমধুর রূপ বর্ণনা করিয়াছেন, তাহার তুলনাস্থল (करन गीजरगाविक है। अरन अरन আবার গোবিন্দলাস জয়দেবকেও পরাস্ত করিয়াছেন—বেমন 'কুবলয়-

কন্দল কুস্থমকলেবর, কালিম-কাস্তি-কলোল' ইত্যাদি পদে আরম্ভ হইতে শেষ পর্যন্ত একই বর্ণের অমুপ্রাস চলিতেছে! গীতগোবিন্দের 'দশনপদং' (গী

২৭।৫), গোবিন্দদাসের 'নখপদ স্থদয়ে ভোহারি। অন্তর জ্ঞ্গত হামারি' পদটিতে অসম্পতি-অল্কার প্রদর্শন দারা গোবিন্দদাসের ভাব-

বৈচিত্ৰ্যই সমধিক প্রশংসনীয়।

গোবিন্দগতি বা গতিগোবিন্দ
ঠাকুর— শ্রীনিবাস আচার্যের কনিষ্ঠ
পুত্র এবং শিক্ষ। যাজিগ্রামে নিবাস।
গোবিন্দগতি নাম কনিষ্ঠ তন্য।
ভাঁরে রুপা কৈল প্রভু সদ্য় স্থ্যা।

(কণা ১)

ঠাকুর। ইনি—'বীররত্বাবলী' ও 'জাহ্নবাতত্ত্বমর্মার্থ' গ্রন্থবয় রচনা করিয়াছিলেন। আচার্যের তিন পুড়ে, কন্সা তিন-জনে। মন্ত্র প্রদান করিলেন আনন্দিত

ই হার পুত্রের নাম-রক্ষপ্রসাদ।

কৃষ্ণপ্রসাদের পৌত্র রাধামোহন

মনে ॥ জ্যেষ্ঠ বৃন্দাবন, মধ্যম রাধাক্ষণাচার্য। কনিষ্ঠ গতিগোবিন্দ
সর্বগুণে বর্ষ॥ [প্রেম ২০]

েগোবিন্দ গোঁশাঞি— ঐ ঐবুন্দাবনধামে কাশীশ্বর গোস্বামির শিষ্য
ছিলেন এবং ঐ বৃন্দাবনে অবস্থিতি
করিয়া ঐ ঐ গোবিন্দদেবের সেবা

করিতেন।
কাশীশ্বর গোঁদাঞির শিষ্য গোবিন্দ
গোঁদাঞি। গোবিন্দের প্রিয় দেবক তাঁর সম নাই॥[চৈ° চ° আদি ৮।৬৬] শ্রীরূপ গোসামির সঙ্গে বিট্ঠল-

নাথের গৃহে শ্রীশ্রীগোপালজীকে দর্শন

जापिण द्याव

'শ্রীষাদবাচার্য আর গোবিন্দ গোঁসাঞি'॥ [চৈ° চ° মধ্য ১৮। ৫২]। গ্রন্থ লইয়া শ্রীনিবাস আচার্যের গোড়ে আগ্মন-সময়েও ইনি উপস্থিত ছিলেন [ভক্তি ৬। ৫১৩]।

জানা

যায়---

শ্রীরভন্ত গোস্বামী শ্রীরন্দাবনে গমন করিলে বৃন্দাবনের ভক্তবৃন্দ যখন তাঁহাকে অভ্যর্থনা করিতে গমন করেন, তখন ইনিও তৎসঙ্গে ছিলেন। 'গোবিন্দ যাদবাচার্য আদি যত জন। পরম আনন্দে হৈল সবার গমন॥ প্রভু বীরচন্দ্রে লৈয়া আইলা সর্বজনে। ব্রজবাসিগণ হর্ষ প্রভুর দর্শনে'॥ [ভক্তি ২০)০২৪—২৫]
গোবিন্দ ঘোষ—উত্তর রাটীয় কার্যয়। শ্রীপাট—অগ্রন্থীপ। ইনি

প্রতিষ্ঠা করেন। প্রীচৈতন্ত-শাখা।
গোহিন্দা, মাধব, বাস্থদেব তিন
ভাই। যা সবার কীর্ত্তনে নাচে
চৈতন্ত গোসাঞি॥

िटेठ° ठ॰ जामि २०१२४६]

প্রসিদ্ধ শ্রীবাম্মদেব গোষের প্রাতা।

'ঘোষ ঠাকুর' নামেও খ্যাত। ইনি

অগ্রদ্বীপের প্রীশ্রীগোপীনাথ বিগ্রহ

শুনিত্যানন্দ প্রভূ যখন গৌড়ে প্রেম প্রচার করিতে আসেন, তখন তাঁহার সঙ্গে বাস্তুদেব ঘোষ ও মাধব ঘোষ আগমন করেন। গোবিন্দ ঘোষ নীলাচলে প্রভুর নিকট থাকেন। 'প্রভূ সঙ্গে গোবিন্দ রহে পাইয়া সস্তোষ'॥ (ঐ ১১৮) বৈঞ্চবাচার-দর্পণে—

শ্রীগোবিন্দ ঘোষ বলি যাঁহার

হওয়াতে অতান্ত

গোবিন্দ মহাপ্রভুকর্ত্তক পরিত্যক্ত

কিন্তু প্রভু তাঁহাকে আশ্বাস দিলেন।

কিছদিন পরে ঘোষ ঠাকুর গঙ্গান্ধান

করিতেছেন, এমন সময়ে একটি

জিনিষ আদিয়া তাঁহার পৃষ্ঠে ঠেকিল।

তিনি তুলিয়া দেখিলেন, কাঠের

মত; কিন্তু থুব ভারী। পরে রাত্রে

কাঠখানি যত্নে রাখিও, প্রভু আগমন

কবিলে উচ্চাকে দিও।" গোবিন

সেই রাত্রে কাঠখানি গ্রহে আনিতে

গিয়া দেখিলেন, উহা কৃষ্ণশিলা।

পর্দিন প্রাতে প্রস্থ তাঁহার গৃহে

আগমন করিয়া বলিলেন, 'গোবিন্ধ!

আসিয়া

নিৰ্মাণ

বিগ্ৰহ

গোবিন্দ পরে প্রভুর আজ্ঞায়

বিবাহ করিয়া সঙ্কীক গোপীনাথের

সেবা করিতে লাগিলেন। তাঁহার

একটি পুত্রও জনো; কিন্তু প্রথমে

পত্নী ও পরে পুত্র স্বধামে গমন

করিলে গোবিন্দ অতিশয় কাতর

গোবিন্দ স্বপ্নে দেখিলেন যে একিষ্ণ

সেবা বন্ধ করিয়া দিলেন।

এমন কি গোপীনাথের

বলিতেছেন—"গোবিনা!

এক পুত্র মরে, সে কি

ঐ শিলা

করিবে.

এইরাপে

স্থাপিত

তোমার আর চিন্তা নাই.

তুমি প্রতিষ্ঠা করিবে'।

এক ভাস্কর

গ্রীগোপীনাথ

হইলেন।

হইতে বিগ্ৰহ

গুনিলেন—"গোধিন্দ,

বিষয় হইলেন

খেয়াতি॥ গৌরাঙ্গের শাখা অগ্র-

শ্রীগোপীনাথ দ্বীপেতে নিবাস। ঠাকুর ঘাঁহার প্রকাশ।

গোবিন্দ ঘোষ

শ্রীচৈতক্স গাগবতে (অস্ত্য ৮।১৬) যে গোবিন্দানল নাম আছে, তাহা ই হারই হইবে। বাস্থদেব তমলুকে, মাধব ঘোষ দাঁইহাটে এবং গোবিন্দ অগ্রহীপে শ্রীপাট করেন। **বিশ্বকোষকা**র বলেন—অগ্রন্থীপের অনতিদূরবতী কাশীপুর বিষ্ণু তলায় ঘোষ ঠাকুরের বাস ছিল। কাহারও মতে বৈঞ্বতলায় ই হার জন্মস্থান। এখনও ঐস্থানে ঘোষ-উপাধিধারী

কমেক ঘর কায়স্থের বাদ আছে। মহাপ্রেছ যখন নীলাচল হইতে ভক্ত-শ্রীবুন্দাবনে যাত্রা করেন, তথন গোবিন্দ তাঁহার সঙ্গে যাইতে-ছিলেন। এখানে <u>শ্রীঅচ্যুতচরণ</u> চৌধুরী মহাশয় লিখিয়াছেন-একদিন

আহারাস্তে হ্রীতকীর জন্ম প্রভু হাত

বাড়াইলেন, গোবিন্দ ঘোষ দেডিয়া

গিয়া গ্রাম হইতে হরীতকী আনিয়া

প্রভুকে দেন। পরদিনও প্রভু হাত

ৰাড়াইলে গোৰিন্দ পূৰ্বদিৰসে আনীত যে হরীতকী ক্ষেক্টি রাখিয়া-ছিলেন, তাহা হইতে একটি প্রভুকে मि**टन**। इती छकी छ क्रमा थाश হইয়া প্রভু গোবিদের প্রতি দষ্টিপাত

করিলেন এবং যখন জানিলেন যে

গোবিন্দ হরীতকী সঞ্চয়

থাকিয়া যান।

রাধিয়াছিলেন, তখন বলিলেন— 'গোবিন্দ! তোমার সঞ্চয়-বুদ্ধি যায় নাই, তুমি এই স্থানেই থাক এবং

গোপীনাথের সেবা প্রকাশ কর।' গোবিন্দ সেই আদেশেই অগ্রগীপে

করিয়া

অনাহারে অপর পুত্রকেও মারে ?" গোবিন্দ উত্তর করিলেন 'আমার পুত্রহারা আমার ও আমার পিতৃপুরুষের জল-পিণ্ডের আশা

গোবিন্দ চক্রবর্ত্তী ছিল। তোমার সেবা করিয়া আমার

কি লাভ হইবে ?' তখন শ্ৰীক্লফ বলিলেন—"আমি প্রতিজ্ঞা করিলাম, চিরদিন আমি

তোমার মৃত্যুতিথিতে শ্রাদ্ধ করিব। এখন আমাকে খাইতে দাও।" তখন গোবিন্দ আনন্দে গোপীনাথের

সেবা করিতে লাগিলেন।

গোবিন্দের দেহান্ত হইলে গোপী-নাথজীউ হত্তে কুশ বাঁধিয়া অন্তাৰধি আসিতেছেন। ক বিয়া গোবিন্দ শেষ সময়ে বলিয়াছিলেন—

'আমার দেহ দাহ করিও না। দোলপ্রাঙ্গনের পার্শ্বে সমাধি দিও। গোবিন্দ চক্রবর্ত্তী—ইনি 'ভাবক চক্রবর্ত্তী' নামে খ্যাত। খ্রীনিবাস

প্রভুর শিয়। খ্রীপাট—বোরাকুলি পূর্ব বাস—বহরমপুরের নিকটবর্তী মহুলাগ্রামে ছিল। ইহার ধামিকা ছিলেন। পর্ম

সকলই প্রম বৈঞ্ব।

দেবীর নিকট তিনি দীক্ষা লয়েন। পুত্ৰ---রাজবল্লভ, ই হাদের তিন ও কিশোরী দাস। রাধাবিনোদ

শ্রীনিবাস প্রভুর পত্নী শ্রীমতী ঈশ্বরী

চক্রবর্তী পদকর্ত্তাও ছিলেন। প্রভু রুপা হৈল গোবিশ চক্রবর্তী নাম। বাল্যকালেতে যিঁহো ভজন অমুরাগ ॥ প্রেমমৃত্তি কলেবর বিখ্যাত থার নাম। 'ভাবক চক্রবর্তী' থাতি বোরাকুলি গ্রাম॥ তাহার ঘরণী স্কুদরিতা বুদ্ধিমন্তা। শ্রীঈশ্বরী-কুপা-

যিঁহে। করেন গ্রহণ। ক্ষণে ক্ষণে মহাপ্রভুর চরিত্র-কথন॥ (কর্ণা ১) সঙ্গীত-শাঙ্গে গোবিন্দ চক্রবর্ত্তী

পাত্রী অতি স্কুচরিতা॥ লক্ষ হরিনাম

১২১৮ গো বিশেষ দক্ষ ছিলেন

শ্রীশ্রীরাধা-বিশেষ দক্ষ ছিলেন। বিনোদ-নামে বিগ্রহ প্রতিষ্ঠা করেন। ঐ উপলক্ষে মহামহোৎসব হইয়াছিল। यशः श्रीनिवाम आंधार्य मित्या वृधूवी হইতে বোরাকুলি গ্রামে আগমন করত উৎসব কার্য সমাধান করিয়াছিলেন। গোবিন্দের প্রেনের বাছল্যে 'ভাবক চক্রবন্তী' খ্যাতি হয়। চক্ৰবৰ্ত্তী গোবিদের দেখি ভাবাবেশ। খ্রীভাবক চক্রবর্তী হৈল

তাঁর খ্যাতি॥ [ভক্তি ১৪।১৪১—৪৫]

নোবিন্দ দত্ত—শ্রীচৈতন্ত-শাখা।

মহাপ্রভুর কীর্ত্তনীয়া। ইনিও পদকর্ত্তা ছিলেন।

প্রভূর কীর্ত্তনীয়া আদি শ্রীগোবিন্দ
দত্ত॥ [১৮°৮° আদি ১০।৬৪]

ইনি রধাত্রে কীর্ত্তন করিয়াছেন (চৈচ মধ্য ১৩৩৭, ৭৩)। বৈষ্ণবাচারদর্গণে জানা যায়— ই হার শ্রীপাট স্থাচর গ্রামে ছিল। (জিলা ২৪ পরগণার অন্তর্গত প্রসিদ্ধ খডদহ এবং পাণিহাটীর মধ্যসানে

খড়দহ এবং পাণিহাটীর মধ্যস্থানে গঙ্গাতীরে স্থখচর গ্রাম)। স্থখচর গ্রাম)। স্থখচর গ্রামে শ্রীলিনিতাই - গৌরাঙ্গমূত্তি শ্রীগোবিন্দ দত্তের স্থাপিত। বর্ত্তমানে উত্ত শ্রীবিগ্রাহ ও মন্দিরাদি স্থখচর-নিবাসী মহেক্সনাথ চট্টোপাধ্যায়ের দেবালয়ের সীমার মধ্যে পড়িয়াছে। মহেক্সবাবু দেবসেবার ও মন্দিরাদির জন্ম বিস্তার স্থর্বায় করিয়াছেন। গোবিক্সদত্ত-কৃত একটি পদে 'গিরীশ্বর' দত্ত বলিয়া দৃষ্ট হ্য়।

'বঙ্গভাষা ও সাহিত্য'-কার বলেন—

উহা গোবিন্দ দত্তের পিতার নাম।

গোবিন্দ শেষ জীবনে প্রীবৃন্দাবনে বাস

করিয়াছিলেন।

্রোবিন্দ দাস—শ্রীরসিকানন্দ গ্রন্থুর। শিষ্য। ঘাটশিলাবাসী।

শিব্য । বাচাশলাবাশ্য ।

শিহাধীর প্রেমমৃত্তি শ্রীগোবিন্দ দাস ।
রসিকের শিষ্য—ঘণ্টশিলাতে নিবাস ॥
বহু শিষ্য করিলেন ভঞ্জুই দেশে ।
রুষ্ণপ্রেমে ঢলাঢলি করিল বিশেষে॥

কৃষ্ণপ্রেমে ঢলাঢলি করিল বিশেষে॥
[র° ম° পশ্চিম ১৪।১১৬—১১৭]

গোবিন্দ দাসী—শ্রীরসিকানক প্রভূর
শিষ্যা ও কাশীনাথ নক্রের মাতা।

র° ম° পশ্চিম ১৪।৬৯]

েপাবিন্দ দেব কবি—উৎকল-দেশীয়

বৈঞ্চব, গ্রীবজেশ্বর পণ্ডিত প্রাভূর

পরিবারভূক্ত। ইনি ১৬৮০ শকে

অপ্তাদশ্যর্পত 'শ্রীপৌরকুফোদয়'

হইয়াছেন।

নোবিন্দ পুরী-শ্রীগোরপার্যদ সন্ন্যাসী,
প্রাপ্তি সিদ্ধি [গৌ গ ৯৬-৯৭]

গোবিন্দ বারুড়ী বা ভাত্নড়ী—

মহাকাব্য রচনা করিয়া চির্যশস্বী

শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। ইনি
পূর্বে রাজা চাঁদরায়ের দলে দস্মারুত্তি
করিতেন। চাঁদরায় শ্রীল ঠাকুরের
শিষ্য হইলে তাঁহার দলবল সকলেই
ঠাকুর মহাশয়ের পদে আশ্রয় গ্রহণ
করেন। ঐ সঙ্গে গোবিন্দ বাড়ু্য্যে
মহাশয়ও ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ
করত মহাবৈষ্ণব হুইলেন।

ত্বরাচার॥ ঠাকুর মহাশয়-প্রভাব জানি তার মর্ম। সবে হইলেন শিষ্য ছাড়ি পূর্ব কর্ম॥ (প্রেম ১৯)

গোবিন্দ বাড়ুয্যে আর ললিত

ঘোষাল। কালিদাস চট্ট দম্যু অতি-

ে গোবিন্দ ভকত—গ্রীরন্দাবনবাদী, মহাপ্রভুর ভক্ত। গ্রীরূপ গোস্বামী ভক্তগণসহ যথন বিট্ঠলেশ্বরের গৃহে

প্রীশ্রীগোপাল-দর্শন করিতে গিয়া-

ছিলেন, তখন ইনিও তাঁহার সঙ্গী

ছিলেন।

গোবিন্দ ভকত আর বাণী কৃষ্ণদাস॥

[হৈ চ° মধ্য ১৮/৫২]

গোবিন্দ ভঞ্জ—শ্রীরসিকানন্দ-শিধ্য। [র°ম° পশ্চিম ১৪/১৬০]

নোবিন্দরাম — শ্রীরন্দাবন বাসী। শ্রীনিবাস আচার্যের শিষা।
তবেত করিল দয়া গোবিন্দরাম
প্রতি। আত্মসাৎ কৈলা প্রভু দেখি
মহাআর্তি॥ (কর্ণা ১)
গোবিন্দরাম রাজা—শ্রীনরোডম

ঠাকুরের শিষ্য।
রাজা গোবিন্দরাম আর বসস্ত রায়।
(প্রেম ২০)
জয় মহাবিজ্ঞ রাজা শ্রীগোবিন্দ-

রাম। নিরস্তর থার জিহবা জপে হরিনাম। (নরো ২২) যখন শ্রীল নরোত্তম ঠাকুর রামচন্দ্র

কবিরাজের অপ্রকট সংবাদ জানিয়া

তাঁহার জন্ম অধীর হয়েন, সেই সময়

রাজা গোবিন্দরাম ঠাকুর মহাশয়ের শুশ্রুষা করিয়াছিলেন। তথা রাজা নরসিংহ, রূপনারায়ণ। রুষ্ণসিংহ, নন্দরায়, গ্রীগোপীরমণ॥ গ্রীগোবিন্দ রাজা, সস্তোষাদি

প্রিয়গণ। সবে শীঘ্র কৈলা মছোৎসব

আয়োজন ॥

(নরো ১)

(गरता >२)

পরিবার (অহু ৭)।
২ প্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।
'চক্ত্রশেখর, গণেশ চৌধুরী, শ্রীগোবিন্দ রায়'। (প্রেম ২০)

গোবিন্দ রায়—শ্রীআচার্য প্রস্থুর

জয় শ্রীগোবিন্দুরায় গুণের নিধান। কৃষ্ণনাম লয় যে তাহারে দেয় প্রাণ ॥ **গোবিন্দানন্দ**—নৰদীপৰাসী ও মহা-প্রভার দীলাসঙ্গী। (চৈ°ভা° মধ্য ४।>>८, २०।००४, २०।२६२)

গৌরগণোদ্দেশ-(>>)-মতে ইনি ত্বগ্ৰীৰ। বৈষ্ণব-**ত্রেতাযুগে**র বন্দনায়---বন্দিব **স্থ**গ্ৰীব মিশ্র প্রীগোবিন্দানন। প্রভু লাগি মানসিক যাঁর সেতৃবন্ধ॥

গোবিন্দানন্দ চক্রবর্ত্তী – শ্রীচৈত্ত্ত-শাখা। কীর্ত্তনীয়া, ইনি রথাত্রে কীর্ত্তন করিয়াছেন।

প্রভুপ্রিয় গোবিন্দানন্দ মহা-ভাগৰত। [ৈচ° চ° আদি ১০।৬৪, মধ্য ১৩।৩৭, ৭৩]

গোবিন্দানন্দ ঠাকুর – পূর্বলীলায় ইন্দুরেখা; পাটপর্যটনে ই হার নাম ও ধাম আছে।

কোঙরহট্টে গোবিন্দানন্দ ঠাকুরের वाग। हेम्पूरत्था मधी शृद्ध जानिवा

(제° 위°) নির্যাস ॥

র্বোসাই দাস—গ্রীনরোত্তম ঠাকুরের

গোঁদাঞিদাস, মুরারিদাস, শ্রীবসন্ত দত। ভাষদাস, ঠাকুরশাখা সংকীর্তনে মন্ত। (প্রেম ২০) জয় শ্রীগোঁসাইদাস অম্ভত-আশয়।

যারে প্রশংসয়ে প্রীঠাকুর মহাশয়॥

গোঁসাইদাস পূজারী— এীবৃন্দাবনে শ্রীপ্রীমদনগোহনের স্বেক। শ্রীকৃষ্ণ-দাস কবিরাজ গোস্বামী চৈত্ত চরিতামৃত রচনা করিবার পূর্বে শ্রীশ্রম্পনমোহনের আজা মাগিতে গেলে এবিগ্রহের গলদেশ হইতে

গোস্বামির

গোঁসাঞিদাস

ক্ষিরাজ

খিসিয়া গেল। তখন এই পূজারী ঐ মালা গলদেশে

পরাইয়া দিয়াছিলেন। ইহাতে বহু ভক্ত আনন্দে হরিধ্বনি করিয়া উঠিয়া-ছিলেন।

মদনগোপালে গেলুঁ আজ্ঞা মাগি-বারে॥ দরশন করি কৈলুঁ চরণ-বন্দন। গোঁসাইদাস পূজারী করেন প্রভুর চরণে যদি চরণ সেবন ॥ আজ্ঞা মাগিল। প্রভুকণ্ঠ হইতে মালা পডিলি॥ স্ব্বৈষ্ণব্গণ

निवा । গোসাঞিদাস আনি মালা মোর গলে দিল॥ [ठेठ° ठ° व्यानि । ११८—१४]

বোড়পূর্ণানন্দ চক্রবর্ত্তী (খৃঃ ১৮শ শতাকী) বঙ্গদেশীয় নৈয়ায়িক পণ্ডিত, পরে নারায়ণ ভট্টের শিষ্য হন। 'তত্ত্বমুক্তাবলী' বা 'মায়াবাদ-শতদূষণী'—ইহার রচনা।

'ভত্তমসি' বাক্য এবং তিনি তদীয়ত্ব-বাচক বলিয়া প্রতিপাদন করিয়াছেন। Cat. Cat.-মতে ই হার অন্ত ছই গ্রন্থ-

গ্রহে 'অহং ব্রহ্মান্মি' বাক্য ভূত-

'যোগবাশিষ্টসারটীকা' ও শতদূষণী-যামুন'।

গোরগণদাস-- শ্রীমনাতন গোস্বামি-

শিষ্য ৷ পাদের ব্ৰজভাষায় 'গ্রীজ্রীগোরাঙ্গভূষণমঞ্জাবলী' নামে এক অপূর্ব গ্রন্থ রচনা করিয়াছেন। প্রকরণে—শ্রীগুরুদেব-স্বরূপ বর্ণন, দিতীয়ে – মহাপ্রভুর শৃঙ্গার-তৃতীয়ে—প্রার্থনা, চতুৰ্থে দিবিধ শৃঙ্গার-মঞ্জাবলি এবং পঞ্চমে

সামাজ্য চক্রবতিত্ব-বর্ণনা। গোরগুণানন্দ ঠাকুর—শ্রীখণ্ডের সরকারঠাকুর-বংগ্র। 'শ্রীখণ্ডের

দিদ্ধান্ত-সম্পুটিত সপার্বদ মহাপ্রভুর

প্রাচীন বৈষ্ণৰ' প্রভৃতি গ্রন্থের প্রণেতা ও স্থগায়ক।

গৌরগোপাল—গ্রীরসিকানন প্রভুর শিষ্য। গোপীবল্লভপুরে রাসোৎসবে স্থীবেশে সজ্জিত অষ্ট শিশুর এক

ৰিজকুলে জনমিলা গৌউর গোপাল। রসিকেল বিনা কিছু না জানয়ে আর ॥

[র° ম° পশ্চিম ১৪,৮৫] গোরদাস, গোরমোহন—পদকর্তা, কর্ণানন্দ প্রণেতা যত্নন্দন দাসের (পদকল্পতক্র ৩৭৭ পদের ভণিতা)। ইনি ব্রজবুলিপদ রচনা করিয়াছেন। গোরস্থন্দর দাস - পদকর্ত্তা। রচনা---

'কীর্ত্তনানন্দ', ইহাতে প্রায় ৬০ জন কবির ৬৫০টি পদ সমাহত। ইহার অনেক পদই পদকল্লতক্তে উদ্ধৃত হইয়াছে, স্থতরাং এই কবি

বৈষ্ণবদাদের পূর্ববর্তী না হইলেও

সম্পাম্য়িক হইবেন্ই। শ্রীশ্রীগোরাঙ্গ— প্রীপ্রীরুষ্ণতৈতগ্র. শ্রীচৈতগ্রদেব, বিশ্বস্তর, নিমাই. গোরা, গোর, শচীনন্দন ইত্যাদি নামে অভিহিত। কলিপাবনাবতার। ইঁহার বিস্তৃত ইতিবৃত শ্রীমুরারি-কড়চা, শ্রীগোরক্বফোদয়,

প্রীচৈতন্ত চন্দ্রামৃত, প্রীচৈতন্ত চন্দ্রোদয়, শ্রীচৈতত্তচরিত-মহাকাব্য, শ্রীগোরাঙ্গ-চম্পূ প্রভৃতি দেবভাষার এবং শ্রীতৈতমঙ্গল প্রভৃতি বাঙ্গালা ভাষার · গ্রন্থে দ্রম্ভব্য । সর্বাবতারাবতারী স্বয়**ং** ভগবান শ্ৰীকৃষ্ণ হইয়াও ভক্তভাবে লীলাবিনোদী এবং প্রেমপুরুষোত্ম। ি শ্রীক্ষাচৈততা দ্রপ্রবা ব

ই হার জন্মকালে গ্রহ-সমাবেশ* नक्ष्मिन, ७क, कूज, त्रवि ७ রাহুর পূর্ণদৃষ্টি ও গুক্রের অর্দ্ধৃষ্টি; দিতীয়ে তদধিপতি বুধের পূর্ণদৃষ্টি; তৃতীয়ে তদধিপতি শুক্র ও রাহুর পুর্ণদৃষ্টি; ষষ্ঠে তদ্ধিপতি শনির পূর্ণ-দৃষ্টি; সপ্তমে চক্রের পূর্ণদৃষ্টি ও তদ্ধিপতি শনির ত্রিপাদ দৃষ্টি; অষ্ট্রমে তদধিপতি বুহস্পতির ত্রিপাদ দৃষ্টি; নবমে তদধিপতি মঙ্গল ও পঞ্চমাধিপতি বৃহস্পতির পূর্ণদৃষ্টি। দশমে—শনির পূর্ণদৃষ্টি, একাদশে বুহস্পতির পূর্ণদৃষ্টি এবং দাদশে মঙ্গলের পূর্ণদৃষ্টি। এই কোষ্ঠিতে মঙ্গল উচ্চন্ত, বৃহস্পতি স্বংক্ষেত্র, বুধ নীচস্থ, রাহু ও কেতু মূলত্রিকোণস্থ; রবি, চন্দ্র, শনি ও কেতু সমগৃহে। মঙ্গল, বুধ ও শুক্র মিত্রক্ষেত্রে এবং অধিমিত্র ক্ষেত্রে বিগুমান। চন্দ্ৰ, কেতু, শনি, রবি ও রাহু কেন্দ্রস্থ এবং বৃহস্পতি

শ্রীগোরাঙ্গের আবির্ভাব-কালঃ— সম্বৎ ১৫৪২, শকাবল ১৪০৭, वकास ४३२, २०८न काञ्चन ; कमनी

ত্রিকোণস্থ।

৮৯৩, বগড়ী ৮৯৩, মগী ৮৪৮, ত্রিপুরাক্ব ৮৯৫, হিজরী ৮৯১, ১৩ই সফর; খৃষ্টাব্দ ১৪৮৬, জুলিয়ান্ কেলেণ্ডার মতে ১৮ই ফেব্রুয়ারী শনিবার এবং গ্রেগ্রিয়ান কেলেণ্ডার

* শ্রীমবদ্বীপবাসী শ্রীযুক্ত ফণীভূষণ দত্ত-কর্তৃক গণিত (এটিচতম্য-লণ্ডক)।

মতে ২৭শে ফেব্রেয়ারী পূর্ণিমা চক্র-

গ্ৰহণ সন্ধ্যাকাল।

শ্রীগোরাঙ্গদেবের-প্রাকট্য-সময়ে ভারতের রাজন্যবর্গ +

আবিভাব ১৪০৭ শক, ১৪৮৫ খৃঃ এবং তিরোধান ১৪৫৫ শক (৪৮

वरमत वयःकारम) देशतबी २०७८ थृ:। ইং ১৪৮৬ হইতে ১৫৩৪ খৃষ্টাব্দ-মধ্যে—

(ক) দিল্লীর সিংহাসনে (>) বাহ্লোল লোদী->৪৫>

-> १४ ७ थृ। (२) जिक्सत लोही ->866->659 왕 1 ইব্রাহিম লোদী—১৫১৮—১৫২৬ খু। (৪) জহরউদ্দিন বাবর (আকবরের

ঠাকুরদাদা)—১৫২৬—১৫৩০ খুঃ। (৫) নাসিক্দিন হুমায়ুন (আক্বরের পিতা) ১৫৩০—১৫৩৯ খু।

(খ) বঙ্গের সিংহাসনে (১) স্থলতান শাহজাদা বারবাক —১**६৮**৬ খৃ। (२) रेगक्डे फिन

ফিরোজশাহ—১৪৮৬—১৪৮৯ (৩) নাসিরউদ্দিন মহমুৎ শাহ— ১৪৮৯--১৪৯০ খু। (৪) সামস্ট্দিন

মজঃফর শাহ-->৪৯০ ->৪৯৩ খু।

(৫) আলাউদ্দিন হোসেন শাহ—

১৪৯৩--১৫১৯ খু। (৬) নাসির-

উদ্দিন নসরৎ শাহ—১৫১৯—১৫৩২ খু। (৭) আলাউদ্দিন ফিরোজ শাহ ১৫৩২ – খু। (৮) গিয়াসউদ্দিন

মহমুদ শাহ—১৫৩২—১৫৩৮ খা।

(গ) উড়িষ্যার সিংহাসনে (১) পুরুষোত্তম দেব-১৪৬৯-

১৪৯৭ খৃ ৷ (২) প্রতাপরুদ্র দেব >821->680 対1

— ২০১) শ্রীধুক্ত অমূল্যধন রায়ভট্ট-লিখিত। (ঘ) ত্রিপুরার সিংহাসনে

(১) প্রতাপ মাণিক্য - ১৪৯০ -

খু। (২) ধন মাণিক্য ১৪৯০ – ১৫২২ খু। (৩) ধ্বজ মাণিক্য— ১৫২২--খ। (৪) দেব মাণিক্য--

(ঙ) নেপাল-সিংহাসনে

>622->606 31

(३) রায়মল—>৪৯৫—১৪৯৬ খু।

১৫২৫—১৫৩৩ খু। (৪) প্রাণমল্ল। (চ) কোচবিহার-সিংহাসনে

(১) বিশ্বসিংছ—১৫১৫—১৫৪০ থু। (ছ) আসামের সিংহাসনে (১) স্থফেন ফা—১৩৩৯—১৪৮৮

থ। (२) হুহেন ফা-->৪৮৮--১৪৯৩ খু। (৩) স্থপিম ফা—১৪৯৩ —>৪৯৭ খু। (৪) শ্বসঞ্চ মুদ্দ—

১৪৯৭ — ১৫৯৯ (१) খু।

(জ) কাছাড়ের সিংহাসনে (১) থুন করা—১৫২৯—রাজস্ব

থ। (२) দেশাঙ্গ—১৫৩৬ মৃত্যু থু।

(ঝ) জয়ন্তিয়ার সিংহাসনে

(১) মহারাজ পর্বত রায়—১৫০০ >৫১৬ খু। (২) মহারাজ মাঝ (गाँमारे-->৫১৬-১৫৩२ थु। (७) মহারাজ বুড়া পার্বতী রায়—১৫৩২

(ঞ) কাশ্মীরে (১) সামসীর বা সমস্থদীনের বংশ ১৫৫৯ খৃ পর্যন্ত রাজত্ব করেন। (টঃ গুজরাটে

--> c 8 b 2 1

(১) স্থলতানগণমধ্যে প্রভুর

প্রকট-কালে বাহাত্ব শাহ ১৫২৬---১৫৩৬ খু ৷

(ঠ) পাণ্ড্যদেশে নামক-বংশীয় রাজা

(১) नत्र नायक--> ४३३--> ४०० ধ। (২) বের নায়ক-->৫০০--১৫১৫ थु। (७) नतम भिटेन-

১৫১৫—১৫১৯ थु। (४) कूक़कूक़ তিশ্বপ নায়ক্ত্বণ-->৫১৯ -- ১৫২৪ খৃ।

(৫) কীত্তিময় কামেয় নায়ক্লণ-১৫२৪--১৫२७ थु। (७) विज्ञक

নায়ক্রণ-১৫২৬-১৫৩০ খু। (৭) व्याद्याकादेत देवर्यक नाम्रकग->৫००

—১৫৩8 খু।

১৫৩৪ খু ।

(ড) বিজাপুরে (আদিলশাহ রাজগণ)

(১) য়ুসফ নাদিল শাহ-১৪৮৯-১৫১০ খু। (২) ইস্মাইল শাহ--১৫১০-১৫৩৪ খু। (৩) মনু শাহ

(চ) কোচিনে

প্রভুর সময়ে---চেরুমল পেরুমল বংশীয় রাজগণ রাজত্ব করিতেন। সময়েই—পর্ত্তুগীজগণ-প্রভুর कानीकरहेत कारमातिरात সহিত বনোবস্ত করেন—১৫০০ খু ২৪শে ডিদেম্বর। ভাত্বডিগামার আগমন প্রভুর

(ণ) গোলকুণ্ডায়

मगरत ১৫०२ थ व्यक्त।

(১) বাহমনীরাজ ২য় মহম্মদ---১৪৭৮ খু। (২) স্থলতান কুতুবশাহ্।

(ড) ইংলওের সিংহাসনে (ইয়র্ক বংশীয়)

(১) পঞ্চম এড ওয়ার্ড ১৪৮৩ খু।

(২) তৃতীয় রিচার্ড ১৪৮৩—১৪৮৫ খু! (ঐ টিউড রাজবংশ)৷ (৩)

मश्रम (इन्ती ১৪৮৫-- ১৫০৯ थु। (8) षष्टेम (इन्दी >৫०৯->৫৪१ थु।

শ্রীগোরাবের অবতারের পূর্ব ও পশ্চাদ্বত্রীকালে নবদ্বীপে বিবিধ শান্ত্রের গবেষণা *

১। বাস্তদেব সার্বভৌম--

মহেশ্বর বিশারদের পুত্র, ইনি অসাধারণ ধীশক্তিসম্পন্ন **ছিলে**ন বলিয়া মিথিলার পক্ষধর মিশ্রের চতুপাঠীতে গঙ্গেশোপাধ্যায়-ক্বত

চারিখণ্ড 'চিস্তামণি' মুখস্থ করা হইলে কুষ্মাঞ্জলিও মুখস্থ করিতে সহপাঠীগণ থাকিলেন। **ধ**রিয়া ফেলিলেন যে ইনি স্তায়শাস্ত্র কণ্ঠস্থ

করিয়া স্বদেশের গৌরব বৃদ্ধি করিতে উত্যক্ত হইয়াছেন। পক্ষধর মিশ্র শলাকা পরীক্ষা করিয়া ইঁহাকে 'সার্বভৌম' উপাধি দিয়াছিলেন।

স্বদেশ-প্রত্যাবর্ত্তনচ্ছলে তিনি কাশীতে

গিয়া বেদান্ত অধ্যয়ন করেন এবং তৎপরে নবদ্বীপে আসিয়া সর্বাগ্রে সমগ্র স্থায়শাস্ত্র লিপিবদ্ধ করিলেন।

ইনি বিভানগরে টোল খুলিয়া অধ্যাপনা করিতে লাগিলেন; পরে প্রতাপরুদ্রের সাদরাহ্বান পাইয়া সপরিবারে পুরীবাসী হন।

২। বিষ্ণুদাস বিভাবাচম্পতি —বাস্থদেবের অমুজ; ইনিও পণ্ডিত ছিলেন।

৩। রঘুনাথ শিরোমণি—

[পরে ঐ শব্দ দ্রন্থব্য]

বাহ্মদেবের ছাত্র। (ঐ শব্দ ক্রষ্টব্য)। 8। হরিদাস স্থায়ালন্ধার—

কুস্থমাঞ্জলি-বাস্থদেবের ছাত্র। * শ্রীকান্তিচন্দ্র রাঢ়ী-কর্তৃক **শঙ্ক**লিত 'নবদীপ-মহিমা' গ্রন্থের ছায়া।

কারিকা-ব্যাখ্যা, চিন্তামণির আলোক-নামক পুস্তকের টীকা প্রভৃতি গ্রন্থ।

৫৷ জানকীনাথ তর্কচ্ছামণি —রঘুনাথ শিরোমণির ছাত্র। ক্যায়-সিদ্ধান্ত-মঞ্জী-নামক গ্রন্থ-রচয়িতা।

৬। মথুরানাথ তর্কবাগীশ— প্রীরাম তর্কালন্ধারের পুত্র এবং রামভদ্রের ছাত্র। ইনি গঙ্গেশো-পাধ্যায়ের প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ এই চারিখণ্ড চিস্তামণির টীক। এবং পক্ষধর মিশ্রের মণ্যালোক,

গ্ৰায়লীলাবতী-বল্লভাচার্যের প্রকাশের ভাষ্য করেন। এতদ্বাতীত লীলাবতীর টীকা, দীধিতির টীকা, वोकाधिकादतत हीका, खवातरख, खन-রহস্ত ও বিধি-মীমাংসার টীকা রচনা

বর্দ্ধমান উপাধ্যায়ের গুণকিরণাবলী

নামে প্রসিদ্ধ এবং ইহাদের নাম-'রহস্ত'। ৭। রামভদ্র সার্বভৌম— রঘুনাথের ছাত্র (পুত্র)। সমগ্র

করিয়াছেন। এই সব টীকা 'মাথুরী'-

কুমুমাঞ্জলির টীকা, পদার্থগুনের 'পদার্থতত্ত্ব-বিবেচন-প্রকাশ'. कित्रगावनीत 'खनकित्रगावनीत्रहण'. তৰ্কদীপিকাপ্ৰকাশ, চিন্তামণির 'ভাষ্য' এবং 'সমাসবাদ' প্রভৃতি

ইঁহার রচিত গ্রন্থ। ৮। ভবানন সিদ্ধান্তবাগীশ —রামভদ্রের ছাত্র। মণ্যালোকের 'নারমঞ্জরী', 'কারকচক্র', লটার্থবাদ, কারণভার্থবাদবিচার, সারমঞ্জরি, দীধিতির ভাষ্য মণি-দীধিতিগুঢ়ার্থপ্রকাশিকা প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন।

৯। মধুস্দন বাচস্পতি -ভবানন্দের পৌত্র। ইনি মিথিলায় ্যায়শাস<u>্ত্</u> অধায়ন করত অসাধারণ পাণ্ডিত্য-লাভে নবদীপে আসিলে—

মিথিলাতঃ সমায়াতে বাক্পতৌ মধুষ্ট্দনে। চকম্পে ভাষবাগী**শঃ** কাতরোহভূদ্ গদাধরঃ॥

অকালে কাল-ক্বলিত হইয়াছিলেন বলিয়া কোনও গ্রন্থ রচনা করেন নাই।

১০। রুম্রাম তর্কবাগীশ — ভবানন্দের পোত্র। ভবানন্দ-ক্বত কারকচক্রের টিপ্পনী, পদার্থ-নিরূপণ, অধিকরণচন্দ্রিকা, কারক-ব্যুহ, বাদ-পরিচ্ছেদ এবং চিত্ররূপ-পদার্থ প্রভৃতি রচনা করেন।

১১। দ্বিতীয় বাস্থদেব সাব ভৌম —>৫৫১ শকে লন্মীধর-বিরচিত-'অদৈতমকরন্দ'-নামক বেদান্তগ্রন্থের টীকা রচনা করেন।

১২। তুর্গাদাস বিভাবাগীশ— দ্বিতীয় বাস্থদেবের পুত্র। মুগ্ধবোধ ব্যাকরণ ও কবিকরজেমের টীকাকার।

১৩। হরিরাম তর্কবাগীশ— রঘুনাথের বংশধর। অমুমিতি-বিচার. সপ্তপদার্থ-নিরূপণের ব্যাখ্যা, রত্নকোষ-ব্যাখ্যা, আচার্য-মত্রহস্থ,নব্যমত-রহস্থ, মঙ্গলবাদ, বিষয়তাবাদ, নবীনমত-বিচার, অনুমিতি-পরামর্শ-বাদপুদ্ধি, প্রতিবন্ধকতা-বিচার, বিশিষ্টবৈশিষ্ট্য-বোধ-বিচার, নব্যধ্মিতাবচ্ছেদকতা, প্রত্যাসন্তি-বিচার প্রভৃতি বহু স্থায় গ্রন্থ রচনা করিয়াছেন !

১৪। কাশীনাথ বিভানিবাস— ইনি বিষ্ণুদাস বি্যাবাচস্পতির পুত্র; তত্ত্ব-চিস্তামণি-বিবেক, মীমাংদা,শ্রাদ্ধমীমাংদা প্রভৃতি রচনা।

কুত্যুকলতকর 'দানকাণ্ড' পুস্তুকের শেষে লিখিত আছে—

मर्दिवाः योनित्रवानाः ভটাচার্য-মহাত্মনাম। এতদিভানিবাদানাং দানকাণ্ডাখ্য-পুস্তকম।। ব্যোমেন্দু-শরশীতাংশুমিত-শাকে বিশেষতঃ। শুদ্রেণ কবিচন্দ্রেগ বিলিখ্য পরি-শোধিতম॥

১৫। রুদ্রনাথ স্থায়বাচম্পতি

—বিগানিবাসের পুত্র। গুণপ্রকাশ-

দীধিতির 'ভাবপ্রকাশিকা'. দীধিতির 'ভাষ্য', কুমুমাঞ্জলির ব্যাখ্যা সিদ্ধান্ত-মুক্তাবলীর ভাষ্য এবং ভ্রমরদৃত-নামে খণ্ডকাব্য করিয়াছেন। প্রত্যক্ষ-মণিদীধিতির ব্যাখ্যায় তিনি পরিচয় দিয়াছেন— বিজ্ঞানিবাস-পুত্রস্থ

ন্তায়-

ধিয়ামাম-ক্ষয়তু মানসম্॥ ১৬। বিশ্বনাথ ভাষ্পঞানন —কাশীনাথ বিভা-নিবাসের (J. A. S. B, Vol. VI, New

বাচস্পতেরিয়ম্। নিমিতিনিশ্বল-

Series No 7, 1910) | হিনি 'ভাষাপরিচ্ছেদ' ও তাহার 'সিদ্ধান্তমুক্তাবলী' রচনা করিয়া স্থায়-শাস্ত্রে সারগ্রাহিতা ও বিলক্ষণ বুদ্ধিমন্তার পরিচয় দেখাইয়াছেন।

আখ্যাতবাদটীকা, স্থায়তন্ত্রবোধিনী, অলঙ্কার-পরিষ্কার, পদার্থতত্ত্বের

'অবলোক' ভাষ্য ও ভেদসিদ্ধি,

গোত্ম-হুত্রের 'বুত্তি', স্থায়ালোক,

প্রাকৃত পিঙ্গল-প্রকাশিকা নঞ্বাদটীকা নির্মাণ করিয়াছেন।

১৭। জগদীশ তর্কালস্কার--শ্রীসনাতন মিশ্রের চতুর্থ অধন্তন নৈয়ায়িক পণ্ডিত যাদবচন্দ্ৰ বিছা-বাগীশের ইনি তৃতীয় পুত্র। ইংগার রচনা---কাব্যপ্রকাশরহস্ত-প্রকাশ, রঘুনাথ শিরোমণি-কৃত বহু**গ্রন্থে**র টিপ্লনী, গঙ্গেশোপাধ্যায়-কৃত অমুমান-ময়ুখের ভাষ্য, প্রশস্তপাদ-ক্বত দ্ব্য-

ভাষ্যের টিপ্পনী, লীলাবতীদীধিতির শঙ্করাচার্য-ক্রত আনন্দ-লহরীস্তোত্তের টীকা এবং শবদ-শক্তিপ্রকাশিকা[>] ও তর্কামত। এতহাতীত 'মুক্তিবিচার' নামে এক-

খানি পুঁথিও তদীয় বংশধর যতীন্দ্রনাথ

তর্কতীর্থের নিকটে আছে। তদীয় গ্রন্থসকল 'জাগদীশী' নামে প্রসিদ্ধ। জগদীশের ছুই পুত্র—রঘুনাথ ও রুদ্রেশ্বর ; রঘুনাথ 'সাংখ্যতত্ত্ব-

১৮। রামভন্ত সিদ্ধান্তবাগীশ— রামরাম ভায়-পঞ্চাননের পুত্র ও জগদীশের ছাত্র। ইনি শক্ষপক্তি-প্রকাশিকার 'হ্মবোধিনী' টীকা করেন।

বিলাপ' ও অমুমানচিন্তামণির উপর

'পরামর্শ' টীকা লিখেন।

ভট্টাচার্য---১৯। গদাধর বারেন্দ্রশেণীর ব্রাহ্মণ, জীবদেবাচার্যের পুত্র। আদি নিবাস-বগুড়া জেলার লক্ষীচাপড গ্রামে। বাল্যকালে নর্বীপে স্থায়শাস্ত্র পড়িতে আসিয়া নবধীপেই বসবাস করেন। ইনিও

১। 'জগদীশস্ত **দ**ৰ্ক্ **স্বং** শব্দ প্তিল-खकानिका।'

জগদীশের স্থায় বহু টীকা প্রণয়ন করিয়াছেন—তাঁহার **টীকাগু**লি 'গাদাধরী' সাধারণতঃ বলিয়া কথিত হয়। বাদার্থ-বিষয়ে তিনি ৬৪ খানা পুস্তক রচনা করিয়াছেন। এতদ্বাতীত চণ্ডীর টীকাও রচনা করিয়াছেন।

২০। গোবিন্দ স্থায়বাগীশ— প্রসিদ্ধ বাস্থদের সার্বভৌম-বংগ্য। ইনি পদার্থ-খণ্ডনের টীকা, স্থায়রহস্থ ও তাহার ব্যাখ্যা রচনা করেন। মহারাজ রাঘব রায় ১০৬৭ সালে ১১ই ফাল্গুন তারিখে গোবিন্দকে আড়বান্দী গ্রামে ৭০০ বিঘা ত্রশোত্তর জমি দান করিয়াছেন।

২১। রঘুদেব স্থায়ালন্ধার---গদাধরের পোতা। ইনি শিরোমণি-কৃত নঞ্বাদের উপর 'নঞ্বাদ-বিবেচন' নামে এক টীকা করেন। এতঘাতীত চিস্তামণির গুঢ়ার্থ-তত্ত্ব-দীপিকা. বৈশেষিক-স্ত্রব্যাখ্যা, পদার্থতত্ত্ব-ব্যাখ্যা প্রভৃতি বহু টীকা-গ্রন্থ রচনা করেন।

২২। একিফ তায়ালম্বার-গোবিন্দের পুত্র। ইনি জানকীনাথ তর্কচূড়ামণি-প্রণীত স্থায়সিদ্ধান্তমঞ্জরীর 'ভাবদীপিকা'-নামে উৎকৃষ্ট টীকা করেন।

২৩। জয়রাম স্থায়পঞ্চানন—

প্রসিদ্ধ অধ্যাপক। অমুমান-দীধিতির 'ব্যাখ্যাত্মধা', নানার্থবাদের 'বিবৃতি', **সামাগুলক্ষণাদীধিতি**র টিপ্পনী', পদার্থতত্ত্বের 'পদার্থমণি-মাল্যভাষ্য'. গুণপ্ৰকাশদীধিতি ও হেত্বাভাগ-

'আলোক-বিবেক' এবং কারক ও সমাসবাদ, অগ্রথাখ্যাতিবাদ, শব্দা-'গ্ৰায়সিদ্ধান্তমালা' লোক-রহস্ত. ও কাব্যপ্রকাশটীকা তাঁহার রচনা।

২৪। জয়রাম তর্কালঙ্কার---গদাধরের ছাত্র এবং তৎপ্রণীত শক্তিবাদের টীকা করিয়া যশস্বী হন। ২৫। শিবরাম বাচম্পতি-

ষড়্দর্শনবেতা বিখ্যাত পণ্ডিত। গদাধর-প্রণীত মুক্তিবাদের রচনা (১৬৬৪ শকে) করেন। ২৬। রঘুনন্দন স্মার্ভভট্টাচার্য-

'অষ্টাবিংশতিতত্ত্ব'-নামক স্মৃতিগ্রন্থের সঙ্গলয়িতা। এতহাতীত 'রাস্যাত্রা-পদ্ধতি', 'সম্বল্পচন্দ্রিকা', 'ত্রিপুষ্করা-শান্তিতত্ত্ব', 'হাদশ্যাত্রা-প্রমাণ্তত্ত্ব' ও 'হরিস্থতি-ভ্রধাকর'-নামে স্বৃতিশাস্ত্র রচনা করেন। অষ্টাবিংশতিতত্তের কালীরাম বাচস্পতি শান্তিপুরবাসী রাধামোহন গোস্বামী টীকা করিয়াছেন।

২৭। রামভদ্র স্থায়ালঙ্কার—

শ্রীনাথ আচার্যচূড়ামণির পুত্ৰ ৷ 'দায়ভাগটীকা' ও 'সিদ্ধান্তকুমুদচন্দ্রিকা' রচনা করেন। এতদ্বাতীত রঘুবংশের 'বিদ্বন্মোদিনী' ও শকুন্তলার 'শকুন্তলা-বিব্বতি'-নামে টীকা নির্মাণ করিয়াছেন। ইঁহার দ্বিতীয় রামেশ্বর তান্ত্রিক দীক্ষা-হোমাদি-বিষয়ে 'তন্ত্রপ্রমোদন' এবং ষষ্ঠ পুত্র র্ঘুমণি 'আগম্পার' ও 'দন্তক-চন্দ্রিকা' প্রাণয়ন করত স্ববংশ-গৌরব রক্ষা করেন।

২৮। এীকৃষ্ণ সার্বভৌম— শান্তিপুরবাসী। ১৬৩৩ শাকে 'কৃষ্ণ-

প্ৰামৃত' এবং ১৬৪৫ শাকে 'প্ৰদান্ধ-দৃত' রচনা করিয়া কাব্যে অসাধারণ ব্যুৎপত্তি প্রদর্শন করেন।

২৯। চন্দ্রশেখর বাচস্পতি— 'শ্বতিপ্রদীপ', 'শ্বতি-সার-সংগ্রহ', 'সঙ্কল্ল-ছুৰ্নভঞ্জন'ও 'ধৰ্মবিবেক' নামে চারিখানি গ্রন্থ প্রণয়ন করেন।

ঐক্ত তর্কালন্ধার— দায়ভাগের 'টীকা' ও 'দায়ক্রমসংগ্রহ'-নামক স্মৃতিগ্রন্থ এবং সাহিত্যের লক্ষণ ও অর্থানি-বিষয়ে 'সাহিত্য-বিচার'-নামে এক ভায়গ্রন্থ প্রণয়ন করেন।

৩১। পূর্ণানন্দগিরি পরমহংস— বেদ, বেদাস্ত, আগম ও তন্ত্রশাস্ত্রে বিখ্যাত পণ্ডিত। তম্ব্ৰোক্ত-সাধনে সিদ্ধপুরুষ। তৎপ্রণীত 'ষ্ট্চক্রভেদ' 'বামকেশ্বর তন্ত্র,' 'খামারহস্ত তন্ত্র', 'শাক্তক্রমতন্ত্র ও 'শাক্তানন্দ-তরঙ্গিণী' প্রভৃতি তন্ত্রশাস্ত্র, 'তত্ত্বচিন্তামণি'-নামক বৈদান্তিক গ্রন্থ।

৩২। কুফানন্দ আগমবাগীশ গৌড়াচার্যের পুত্র-—্মহেশ্বর শ্রীচৈতভাদেবের সমসাময়িক। স্থপ্রসিদ্ধ গ্রন্থ ই হার রচনা। 'তন্ত্রসার' নবদীপে খামাপুজার পদ্ধতি ইঁহারই আবিষ্কৃত।

৩০। গোপাল ভট্টাচার্য— আগমবাগীশের পৌত্র; ইনি ভন্ত-मीिशका'-नाय >>१>६ स्नाटक अक বিরাট 'তন্তগ্রন্থ' সঙ্কলন করেন। ৩৪ ৷ মাধবানন্দ সহস্রাক্ষ—

ক্ষানন্দের ভাতা। ইনি শ্রীগোপালের উপাসক হিলেন; 'শ্রীরাধাবল্লভ'-বিগ্রহ স্থাপন করায় ইঁহার বংশ-

ধরেরা 'রাধাবল্লভ ভট্টাচার্য' নামে প্রসিদ্ধ। মহামহোপাধ্যায় অজিত-নাথ স্থায়রত্ব এই বংশেরই পণ্ডিত ছিলেন।

াছলেন।

বেগারাঙ্গদাস— শ্রীনিত্যানন্দ-শাখা।

'নর্ত্তক গোপাল, রামচন্দ্র, গৌরাঙ্গদাস'। [১৮° ৮° আদি ১১৫৩]

২ শ্রীমন্নরহরি সরকার ঠাকুরের

শিষ্য শ্রীমধুস্থদন দাসের পুত্র। ইনি
রসকল্পবল্লী-প্রণেতা রামগোপাল
দাসের মাতামহ।

শ্রীনিবাস আচার্যপ্রভুর শিষ্য।
 তার পর কপা কৈল গৌরাসল

 দাসেরে। তাঁহার অনন্ত গুণ কে

 বর্ণিতে পারে॥ গোবিন্দ বলিতে

 বিঁহো ভাবাবিষ্ট মনে। নিজপ্রভু
 পাদপন্ন সদা চিত্তে মনে॥ (কর্ণা ১)

 ৪ শ্রীনরোভন ঠাকুরের শিষ্য।

ইনি মৃদঙ্গবাতে বিশেষ পারদর্শী ছিলেন। নারায়ণ, মুখ্যশাখা গৌরাঙ্গ দাস।

(প্রেম ২০) জন্ম গৌরাঙ্গদাস বায়ন ঠাকুর।

যাহার মৃদজ-বাভে তাপ যায় দ্র॥ (নরো ১২)

খেতুরির বিখ্যাত শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠা-উৎসবে ইনি করতাল-বাল্লদারা ভক্তগণকে আনন্দ প্রদান করেন।

শ্রীগোরাঙ্গ দাসাদিক মনের উল্লাসে। বায় কাংগ্র-তালাদি প্রভেদ

পরকাশে ॥ (ভক্তি ১০/৫০০)

বেগারাঙ্গদাস ঘোষাল— শীখণ্ডনাদী ও শ্রীসরকার ঠাকুরের শাখা। স্থ্রুসিদ্ধ মধুপুদ্ধরিণীর অগ্নিকোণে ইঁহার বসত বাটী ছিল। বেগারাঙ্গদাস বৈরাগী—শ্রীনরোত্তম ঠাকুরের শিশ্ব।
বালকদাস বৈরাগী, বৈরাগী গৌরাঙ্গদাস।

জয় শ্রীগোরাঙ্গদাস বৈরাগী প্রবীণ।

জয় শ্রীগোরাঙ্গদাস বৈরাগী প্রবীণ।
সদা আপনাকে খেঁছো মানে অতি
দীন॥ (নরো ১২)

গোরাঙ্গদাসী --- প্রীশ্রামানন্দপ্রভূর দ্বিতীয়া পদ্ধী (র° ম° দক্ষিণ ১২।১২)।

গৌরান্ধপ্রিয়া—শ্রীনিবাস আচার্য-প্রস্থুর দ্বিতীয়া পত্নী এবং শিষ্যা। ইনি পশ্চিম গোপালপুর-নিবাসী রঘুনাথ চক্রবর্ত্তির কস্তা। (শ্রীনিবাস দেখ)।

পরিবার। (অহ १)
গৌরীদাস—শ্রীশ্রামানন্দ-শিষ্য।
গৌরীদাস নাম শাখা সর্বগুণাকর।

গৌরাঙ্গবল্লভ — প্রীআচার্যপ্রভুর

গৌরীদাস কীর্ত্তনীয়া--শ্রীনিত্যানন্দ-অমুগত। পদকর্ত্তা ছিলেন। বৈঞ্চব-বন্দনায় লিখিত আছে—

(প্রেম ২০)

গৌরীনাস কীর্জনীয়ার কেশেতে ধরিয়া। নিত্যানন্দ শুব করাইলা শক্তি দিয়া॥

গৌরীদাস পণ্ডিত-- দ্বাদশ গোপালের অন্তত্য। শ্রীনিত্যানন্দ-শাখা। পূর্ব-লীলায় স্থবলসখা, (গৌরগণোদ্দেশ — ২২৮)। বর্দ্ধমান জ্বেলায় কালনার সংলগ্ন অম্বিকানগরে শ্রীপাট। পূর্ব-

সংলগ্ন অম্বিকানগরে শ্রীপাট। পূর্বনিবাস—শালিগ্রামে ছিল।
 দেবাদিদেব গৌরচন্দ্র গ্রেছ

মন্দিরে। গৌরীদাস-মন্দিরে প্রভু

অম্বিকাতে বিহরে। (প্রাচীন-পদ)

সরখেল স্থাদাস পণ্ডিত উদার।

তাঁর ভ্রাতা গৌরীদাস পণ্ডিত প্রচার॥
শালিগ্রাম হইতে জ্যেষ্ঠ ভ্রাতায়
কহিয়া। গঙ্গাতীরে কৈল বাস


অম্বিকা আসিয়া॥ (ভক্তি ৭।০০০-০১)
ইহাদের পিতার নাম—কংসারি
মিশ্র। মাতার নাম—কমলা দেবী।
ইহারা ছয় লাতা। গৌরীদাসের
অগ্রন্ধ লাতার কলা শ্রীমতী বস্থধা ও
জাহ্নবা দেবীর সহিতই শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর বিবাহ হইয়াছিল ; গৌরীদাসের পত্নীর নাম—বিমলা দেবী।
ইহাদের তুই পুত্র; প্রথম—বলরাম,
দিতীয়—রঘুনাথ।

একদা খ্রীনিত্যানন্দপ্রভু ও খ্রীমন্ মহাপ্রত্ন হরিনদী গ্রাম হইতে নিজেরাই নৌকার বৈঠ। বাহিয়া বাহিয়া গৌরীদাস পণ্ডিতের ভবনে উপনীত হইয়া বাহিরের একটা তেঁতুল বৃক্ষতলে উপবেশন করেন। বহুদিনে প্রভুকে পাইয়া গৌরীদাস আর ছাডিলেন না। চিরদিনের তরে স্বীয় আলয়ে রাখিবার জন্ম বহু কাকৃতি মিনতি করিতে লাগিলেন। মহাপ্রভু তত্ত্য নিম্বুক হইতে শ্রীনিত্যানন্দ ও তাঁহার প্রতিমৃতি নির্মাণ করিয়া গৌরীদাসকে প্রদান করিলেন। গোরীদাসের অচলা ভক্তিতে শ্রীবিগ্রহযুগল ভোগের দ্রব্যাদি ভোজন করিলেন।

কালনায় অভাপি উক্ত তেঁতুলবৃক্ষ
দৃষ্ট হয় এবং মহাপ্রভু যে বৈঠা
বাহিয়া আদিয়াছিলেন, তাহাও
অভাপি দেবমন্দিরে আছে। মহাপ্রভু
গৌরীদাসকে উক্ত বৈঠা দিয়া
বিলয়াছিলেন—

এই লেহ বৈঠা. এবে দিলাম তোমারে। ভবনদী হৈতে পার করহ জীবেরে॥ (ভক্তি ৭।১৩৬) মহাপ্রভু-দত্ত একখানি গীতাও ঐ

2556



সঙ্কলয়িতা।

স্থানে আছে-প্রভুদত্ত গীতা, বৈঠা বিগারীমোহন দাস--পদাবলী-প্রভু-সরিধানে। অতাপিহ অম্বিকায় দেখে ভাগ্যবানে॥ [ভক্তি ৭।৩১১]

নবাব সরকারে বাজেয়াপ্ত হয়।

পরে ঘনশ্রাম বয়ঃপ্রাপ্ত হইলে নবাব

১৮৪৯ থ্রঃ

'পদকল্পলভিকা' প্রকাশিত

ইংহার

হয়:

পরবর্তী।

কৃষ্ণপুর-গ্রামবাসী গোরীকান্ত চক্রবতির পুত্র। ১৬৩৩ শাকে ইনি 'ধর্মজল' কাব্য রচনা শেষ করেন। ইনি পদকর্ত্তাও ছিলেন। বাৎসল্যরস ও গোঠलीलाय मधातरमत वर्गनाय ইনি ক্বতিত্ব দেখাইয়াছেন। ঘনশ্যাম—জাতি বৈছ। প্রীনিবাস আচার্যের পুত্র গতিগোবিন্দ ঠাকুরের শিষা। পিতার নাম-দিবাসিংছ. পিতামহ--বিখ্যাত শ্রীগোবিন্দ দাস কবিরাজ। ঘনখামের জন্মভূমি---শ্রীথণ্ডে। ঘনগ্রাম যখন গর্ভে, তখন **मिरागिः** शक्की मह तुर्की इंटरज শ্রীখণ্ডে খণ্ডরালয়ে আগমন করেন। ইংগার বুধুরী ত্যাগ করিয়া গেলে, গোবিন্দ কবিরাজের বা দিব্যসিংহের

বে ভূমিবিত্তাদি ছিল—তৎসমুদয়

ঘনরাম চক্রবন্তী—বর্দ্ধমান জেলায়

বাহাত্র তাঁহার মধুর পদাবলি শ্রবণ করত হাষ্টচিত্তে ভাঁহাকে ৬০ বিঘা ভূমি দান করত বুধুরীতে বাস করিতে আজ্ঞা করেন। ঘনগামের পুত্রের নাম—স্বরূপনাথ। তৎপুত্র— হরিদাস। এই হরিদাসের স্থাপিত শ্রীশ্রীনিতাইগোরাঙ্গ বিগ্রহ অন্তাপি

দৃষ্ট হয়। কবিরাজ গোবিন্দ শ্রীনিবাস আচার্য প্রভুকে দিয়া যে ছইটি পুষরিণী প্রতিষ্ঠা করাইয়া-

ছিলেন—অন্তাপি সেই রাধাকুও ও স্থামকুও দৃষ্ট হয়, কিন্তু জন্দলাকীণ। বুধুরী ভগবান্গোল' ঔেশন হইতে এক गार्टन पृरत । हैं हात तहना—

'শ্রীগোবিন্দরতিমঞ্জরী' সর্বজন-সমাদৃত গ্ৰন্থ।

২—'ভক্তিসিদ্ধান্তরত্ন'-নামক গ্রন্থ প্রণেতা। [গোড়ীয়-বৈষ্ণবসাহিত্য ১০৫ পৃঃ দ্রন্থব্য]। ৩—গ্রীরসিকানন্দ-শিষ্য [র° ম°

এমন কি শশিশেখর-চন্দ্রশেখরেরও

পশ্চিম ১৪।১৫৮] ঘনশ্যাম চক্রবন্ত্রী—(নরংরি দাস) জগন্নাথের পুত্র ও শ্রীনৃসিংহ চক্রবন্তির শিষ্য (নরো-১৩)। ইনি মুর্ণি-

দাবাদ জেলার অন্তর্গত জঙ্গিপুরের শ্লিহিত রেঞাপুরে বাস করিতেন! নিজ পরিচয় দিতে লজ্জা হয় মনে। পূর্বাস গঙ্গাতীরে জানে

সর্বজনে॥ বিশ্বনাথ চক্রবর্তী সর্বত বিখ্যাত। তাঁর শিষ্য মোর পিতা— িবিপ্ৰজগন্নাথ। না জানি কি হেতু देश भार प्रदेशाय। नत्रहति मात्र.

আর দাস ঘনভাম॥ গুহাশ্রম হইতে इरेब्र উनाभीन। মহাপাপ विषदः চক্রপাণি

মজিমুরাত্রি দিন॥

ইনি 'ভক্তিরত্মাকর' ও 'নরোত্তথ-বিলাস' নামক গ্রন্থ রচনা করিয়াণ ছিলেন। উক্ত গ্রন্থয় এক্ষণে প্রচারিত আছে। ইহা ব্যতিরেকে 'শ্রীনিবাস-চরিত্র'-নামক আর একখানি গ্রন্থও রচনা করিয়াছিলেন। ভক্তিরত্মাকরে বলিতেছেন—

শিষ্যগণ-নাম হেথা বর্ণিতে নারিছ।
শীনিবাসচরিত্র গ্রন্থেতে বিস্তারিত্ন। ঐ
ই হার ক্বত পদাবলী মধুর। এতদ্ব্যতীত ছন্দঃসমুদ্র, গীতচন্দ্রোদয়,
গোরচরিত-চিস্তামণি, পদ্ধতি, সঙ্গীতসার-সংগ্রহ প্রভূতি বছগ্রন্থ ই হার
রচিত এক্ষণে পাওয়া যাইতেছে।
ঘনশ্যাম দাস —শ্রীনিবাস আচার্যের
পুত্র প্রীগতিগোবিন্দের শিষ্য। পিতার
নাম—তুলসীরাম দাস।
তুলসীরাম দাসের পুত্র শ্রীঘনগ্রাম।
তাহারে করিলা দয়া হইয়া ক্রপাবান্॥
(কণা ২)

২—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য রি° ন° পশ্চিম ১৪।২৫]।
 দাস জয়গোপালের শিষ্য—
'শ্রীরুণবিলাস'-প্রণেতা।
চক্রপাণি আচার্য—শ্রীঅবৈত-শাথা
চক্রপাণি আচার্য, আর অনস্ত
আচার্য॥ [১৮°৮° আ ১২।৫৮]
ইনি শ্রীঅবৈত প্রভুর প্রেরণার
গুজরাট প্রভৃতি দেশে গিয়া রুফ্ডনাস
গুজামালীর সহিত মিলিত হইয়া
সেবাপ্রকাশ করেন। ছোট গৌড়ীয়া
গাদির সংস্থাপক (ভক্ত ২১।৭)।
চক্রপাণি আচার্য! সে পদে দেহ

রতি। থেঁছো সে পূতনা বধি' দিল

মাতৃগতি॥ [নামা ১৭৫]

শিষ্য। ভ্রাতার নাম—মহানন্দ। নীলাচলে প্রভুর নিকটে ছুই ভ্রাতা রঘনন্দনের সেবক বলিয়া পরিচয়

চৌধুরী—শ্রীনরহরির

রঘুনন্দনের সেবক বলিয়া পরিচয় দিয়াছিলেন (রসকল্পবল্লী)। নীলাচলে মহাপ্রভুর সহিত মিলিত

হইলে প্রস্থ বলিলেন—'তুমি সংগারী বৈষ্ণব। প্রপ্রেলোলি তোমার অনেক বৈভব'॥ শ্রীমন্বরহরির আজ্ঞায় দুই ভাই শ্রীবৃন্দাবনচক্রের সেবা করিতেন (শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব ২৩৫-২৩৭ পৃঃ)।

চণ্ডীদাস³—বীরভূম জেলায় নামুর থামে ব্রাহ্মণবংশে ১৩০৯ শকে চণ্ডীদাস জন্মগ্রহণ করেন। ইনি অল্পবংসেই পিতৃমাতৃহারা হইয়া নিরাশ্য হন এবং প্রামের বাশুলী

(বিশালাক্ষা) দেবীর পৃজকরণে
নিযুক্ত হন। প্রবাদ আছে যে চণ্ডীদাস প্রথমে উঁহার উপাসনা করিতেন,
পরে ঐ বাগুলীরই আদেশে কৃষ্ণপরায়ণ হন এবং কৃষ্ণলীলাবিষ্যক

পদাৰলা-রচনায় মনোনিবেশ করেন।

প্রসিদ্ধ 'কি মোহিনী স্থান বঁধু কি মোহিনী জ্ঞান (পদক ৮০৭) পদের ভণিতাতে 'বাশুলী-আদেশে দ্বিজ চণ্ডীদাসে কয়' এবং এইরূপে ২০৬, ২১৩, ৮৫৩

ইত্যাদির তণিতায় বাশুলীর ইন্ধিত-কথা বর্ণিত আছে। নারুরের মাঠে, গ্রামের হাটে, বাশুলী আছয়ে যথা। তাঁহার আদেশে, কহে চণ্ডীদাসে, ত্থা যে পাইবা কোথা (৮৭৯)॥ চণ্ডীদাস ও বিল্লাপতি যে সমসাময়িক

লোক, তদ্বিষয়ে (পদক ২৩৮৯)

'চণ্ডীদাস শুনি, বিগ্রাপতি-গুণ, দরশনে

ভেল অমুরাগ' এবং 'ভণে বিছাপতি, চণ্ডীদাস তথি. রূপনারায়ণ সঙ্গে। ছহুঁ আলিঙ্গন, করল তথন, ভাসল প্রেমতরঙ্গে॥' (ঐ ২০৯১)—এই পদন্বয়ই প্রমাণ।

কথিত আছে যে চণ্ডীদাস যে সময়ে নিরাশ্রয় হইয়া বাগুলীর মন্দিরে পূজক হইয়াছিলেন, ঠিক সেই সময়েই আর একটি বালবিধবা ঐ মন্দিরে আশ্রিতা হইয়াছিলেন; তিনি পরমান্ত্রনরা, পূর্ণযোবনা কিশোরী, নাম তাঁর রামী (রামমণি); বিভাপতির যেরূপ লছিমা-প্রসক্তির কথা শুনা যায়, তদ্রপ চণ্ডীদাস-রজকিণীরও (রামীর) অকুত্রিম ভালবাসার কথা জানা যায়। স্বয়ং চণ্ডীদাসও তাহা স্বীকার করিয়াছেন। 'রজ্কী-সঙ্গতি, চণ্ডীদাসগতি' (৬৪১ পদ) ইত্যাদি। এইম্বলে মন্তব্য এই যে চণ্ডীদাস রজকিণীকে পবিত্র প্রেমের আশ্রয় স্থীরূপে ভক্তিনম্রনেত্রে দর্শন করিতেন, ইহাতে কামের গন্ধও নাই। 'রজকিণীরূপ, কিশোরী স্বরূপ, কামগন্ধ নাহি তায়'। এই প্রস্তিক-প্রবাদ কিন্তু ভিত্তিছীন বলিয়াই

চণ্ডীদাস^২— শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। ধরু চৌধুরী আর শাখা চণ্ডীদাস। [প্রেম ২০] জয় চণ্ডীদাস যে

অনেকের মত।

পণ্ডিত সর্বগুণে। পাষণ্ডী-খণ্ডনে
দক্ষ, দয়া অতিদীনে॥ [নরো২১]
চণ্ডী সিংহ—শ্রীল আচার্যপ্রভুর কন্তা
শ্রীহেমলতা ঠাকুরাণীর শিষ্য।

দর্পনারায়ণ, চণ্ডীসিংহ—হুই ভৃত্য তাঁর॥ (কর্ণা ২) চতুত্ব—ব্রাহ্মণ, প্রসিদ্ধ কমলাকর পিপ্লায়ের পুত্র। গ্রীপাট—মাহেশ। চতুভুজের ছই পুত্র—নারায়ণ ও ই হাদের বংশধরগণই জগন্নাথ। অধিকারী বৰ্ত্তমানে মাহেশের (কমলাকর পিপলাই দেখ)। চতুভুজ পণ্ডিত---- শ্রীনিত্যানন্দ-

নবদ্বীপ-বাদী ভক্ত।

পাৰ্ষন। [চৈ° ভা° অন্ত্য ৫।৭৪৫]।

ইঁহার তিন পুত্র-নন্দন, গঙ্গাদাস ও বিষ্ণুদাশ—হঁহার গৃহ খ্রীনিত্যা-नम-विवागशान।

চন্দনেশ্বর——মহাপ্রভুর পরিবার। শার্কভৌমের পুত্র; মহাপ্রভু ও ভক্ত-বৃন্দকে শ্রীশ্রীজগরাথদর্শন করাইতে

শার্বভৌম নিজপুত্র চন্দনেশ্বরকে সঙ্গৈ দিয়া পাঠাইয়াছিলেন।

শাৰ্কভৌম পাঠাইলা সবা দৰ্শন

করিতে। চন্দনেশ্বর নিজপুত্র দিয়া সবার সাথে॥ [চৈ° চ° মধ্য ৬।৩৩] দক্ষিণ দেশ হইতে মহাপ্রভু পুরীতে প্রত্যাবর্ত্তন করিলে, উড়িষ্যাবাদী ভক্তগণের সহিত সার্বভৌম ইঁহারও পরিচয় দিয়াছিলেন। সিংহেশ্বর, মুরারি চন্দ্রেশ্বর.

ব্রাহ্মণ। বিষ্ণুদাস, ই হো তোমার চরণ॥ [১চ°চ° মধ্য ১০।৪৫]

নরহরি বা মহেশ্বর বিশারদ বাহুদেব সাৰ্বভৌম (কন্তা) স্বামী গোপীনাথাচার্ঘ বিভাবাচস্পতি (ক্ত্যা) চন্দ্রেশ্বর (ষাটী বা ষষ্ঠী ঠাকুরাণী, স্বামী অমোঘ পণ্ডিত)

চম্রকলা দেবী—উড়িষ্যার মহারাজা পত্নী। প্রতাপরুদ্রের মহাপ্রতুর অমুগতা ৷ চন্দ্রকান্ত প্রায়পঞ্চানন—গ্রীনরোভ্য

ঠাকুরের শিষ্য। পূর্বে ঠাকুরের নিন্দাবাদ করিয়া বেডাইতেন। পরে তাঁহার কুপায় মহাভক্ত হয়েন। হরিদাস শিরোমণি, চন্দ্রকান্ত আর। স্থায়পঞ্চানন উপাধিতে সর্বত্র প্রচার॥

(রূপনারায়ণ দেখ; প্রেম ১৯) চল্রভান -- শ্রীরসিকানন্দ-শিষা। চল্র ও ভামু মুই কি এক বুঝিবার উপায় নাই। [র°ম°পশ্চিম ১৪।১২৬] চন্দ্রমুখী দেবী-এীনিবাস আচার্যের মধ্যম পুত্র শ্রীরাধাকৃষ্ণ আচার্যের পত্নী। এীমতী ঈশ্বরী দেবীর নিকট

পুত্রবধূ চন্দ্রমুখী নানা (क्लं >)

প্তলম্পি॥ চন্দ্র শেখর ^১—শ্রীমন্নরহরি সরকার

हैनि मौका প্রাপ্ত হয়েন।

জাতি-বৈছ। ত্মপ্রসিদ্ধ পদকর্তা। বাটীতে এীরসিকরায়-নামে একমৃত্তি স্থবর্ণসমোজ্জল শ্রীবিগ্রহ ছিল, কোনও সময়ে মুঘলগণ সেই বিগ্রহ হরণ করিতে আসিলে তিনি সেই মৃতিকে হৃদয়ে ধারণ করিয়া রাথেন। মুঘলরা তাঁহার মন্তক কাটিয়া ফেলিলে সেই কাটামুগু বারংবার 'নরহরির প্রাণ গৌর' নাম উচ্চারণ করিতে করিতে অবসর হইয়া পড়েন। শ্রীখণ্ডের খণ্ডেশ্বরী তলার নিকট ইঁহার বসতবাটী ছিল।

শ্রীনরহরির অক্ততম শিষ্য শ্রীগোপাল-দাস ঠাকুর সেবা করেন। শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব ১১৪—১১৫ পুঃ] **চন্দ্র শেখর** ২—গ্রীনরোত্তম

ইহার সেবিত শ্রীরসিকরায় পরে

শিব্য । চক্রশেখর, গ্রেপ চৌধুরী,

ঠাকুরের শাখা। নিবাস—শ্রীখণ্ডে, শ্রীগোবিন্দ রায়। [প্রেম ২০] জয় ভক্তিরত্ব-দাতা প্রীচন্দ্রশেখর। প্রভূ-পাদপরে যেহোঁ মত মধুকর॥ (নরো ১২)

> ২-- শ্রীরদিকানন্দ শিষ্য [র° ম° পশ্চিম ১৪|১৪৯] তক্রশেখর আচার্য—গ্রীচৈতন্ত্র-শাখা। 'আচার্য-রক্ন' নামে খ্যাত। (গৌগ

১১২) চন্দ্রের আবেশ। আচার্যরভের নাম প্রীচক্রশেথর। ষার ঘরে দেবীভাবে নাচেন ঈশ্বর॥ । टेठ° ठ° व्यानि २०१२७] -

নহাপ্রভুর

ঘর্থাৎ শচীদেবীর ভগিনী শ্রীমতী দৰ্বজয়। দেবীকে বিবাহ করিয়া-ছিলেন।

মেগোমহাশয়

শেখরম। অপার করুণাপুর-পৌর্ণ-মাসীতিসংজ্ঞকম্॥ [শা° নি° ৩৫]

আবির্ভাব--- শ্রীহট্টে (চৈতা আদি

পোর্ণমাসী-পৃথুপ্রেমপাত্রং ত্রীচন্দ্র-

হাত৪)। আচার্যগৃহে প্রভুর কীর্ত্তনবিলাপ (ঐ মধ্য ৮।১১১), এই গৃহে
প্রীংগারাঞ্চের লক্ষীবেশে অভিনয় (ঐ
মধ্য ১৮।২৮—১৯৮) কাজীদলনের
নগরসংকীর্ত্তনে আচার্য (ঐ মধ্য ২৬।
১৫১), সন্মাদ-প্রসঙ্গে (ঐ মধ্য ২৮।
১২), কাটোয়ায় প্রভু-সঙ্গে (ঐ
মধ্য ২৮।১০৪—১৩৪), শান্তিপুরে ও
নবদীপে প্রভুর সন্মাদবার্তাদি জ্ঞাপন
(চৈচ মধ্য ৩।২০,১১৭), কালাক্ষঞ্জনাস-সহ মিলন (চৈচ মধ্য ১০।
৮২) পুরীতে বিলাপ (ঐ মধ্য ১১।
১৫৯,১২।১৫৭,১৬।১৬,৫৮)। নরেজ্ঞসরোবরে জলকেলি-প্রসঙ্গ (চৈভা

অস্ত, ৮।>২৫)।

চন্ত শেখর কবি— সুপ্রসিদ্ধ পদকর্ত্তা,

শশিশেখরের জ্যেষ্ঠ জ্রাতা। পিতার

নাম-জ্রীগোবিন্দানন্দ ঠাকুর, জন্মস্থান

কাদরা। মঙ্গল ঠাকুরের বংশে
জন্ম। [বিশেষ কণা 'শশিশেখরে'

দুইব্য]। 'নায়িকারত্নমালা'—
গ্রন্থ ই হাদের কীত্তি।

চন্দ্রশেখর দাস— বৈছ, প্রীচৈতত্তশাথা। (চন্দ্রশেথর দাস, চন্দ্রশেথর
বৈছ ও চন্দ্রশেখর শৃদ্র একই
ব্যক্তি)।
শ্রীচন্দ্রশেথর বৈছা, দ্বিজ ছরিদাস।

(চৈ° চ° আদি ১০।১১২) ইনি কাশীবাসী ছিলেন। তপন মিশ্রের সহিত ইঁহার বড়ই সথ্য ছিল। বারাণসীমধ্যে প্রভুর ভক্ত তিন

জন। চক্রশেখর বৈগ্ন আর মিশ্র

जनमा (के २०१२६२)

মহাপ্রভূ ইংহার ভবনে অবস্থিতি ক্রিয়াছিলেন ৷

কাশীতে লেথক শূদ্র চন্দ্রশেখর।

তাঁর ঘরে রহিলা প্রাভূ স্বতন্ত্র ঈশ্বর॥
তপন মিশ্রের ঘরে ভিক্ষা-নির্বাহন।
সন্মাসীর সঙ্গে নাহি মানে নিমন্ত্রণ॥
(ঐ ৭/৪৫—৪৬)

কাশীতে মায়াবাদী সয়্যাসিগণ
এবং তাঁহাদের গুরু প্রকাশানন্দ
সরস্বতী মহাপ্রভুকে উপহাস
করিতেন। ভক্তগণের ইহা সহ
হইত না। মহাপ্রভু শ্রীবৃন্দাবন হইতে
প্রত্যাগমন করিলে চন্দ্রশেখর, তপন
মিশ্র প্রভৃতি ভক্তগণ প্রভুকে
বলিলেন—'যদি ঐ সক্ল পাষ্ণ্
পতিতকে উদ্ধার করা না হয়—তবে
আমরা আত্মহত্যা করিব।'

নিন্দন। না পারি সহিতে এবে ছাড়িব জীবন॥ (ঐ ৭)৫০) প্রস্তু হাগু করিলেন। সেইদিন

কতেক শুনিৰ প্ৰভু তোমার

একজন বিপ্র আসিয়া প্রভুর চরণ ধরিয়া দৈন্ত-প্রকাশে বলিলেন,— 'প্রভা! কাশীবাদী সমুদয় সন্ন্যাদীকে নিমন্ত্রণ করিয়াছি। আপনাকেও রূপা করিয়া নিমন্ত্রণ গ্রহণ করিতে হইবে।' প্রভু অম্বীকার করিলেন না ; ঐ বিপ্রগৃহে প্রকাশানন্দ সরস্বতী প্রভৃতি মায়াবাদিগণকে উদ্ধার করেন। এই চন্দ্রশেখর-গৃহে প্রভুর অবস্থান-কালে শ্রীসনাতন গোস্বামী দরবেশ-বেশে আগমন করিয়াছিলেন। (চক্রশেখরের গৃহপরিচয়-কাশীবাসী-বৈষ্ণব-শব্দে কাশীতে (দেখ) | শ্রীরূপসহ মিলন (চৈচ মধ্য ২৫।২১০

অস্তা ১৩।৪৩, ১০২)।

-- २ > २), জগদানন্দ সহ মিলন (टे**ठ**ठ

গোরা**ঙ্গ**দাদের কন্তা।

চম্পতিরায়——দান্দিণাত্য-নিবাসী, রাজা প্রতাপক্তের মহাপাত্র। পদা-বলী-সাহিত্যে ইহার দান আছে। ই হার রচনা প্রায়ই ব্রজবুলিতে। শ্রীরাধামোহন ঠাকুর পদামৃতসমুজের সংস্কৃত টীকায় ইহার নামোল্লেখ

শ্রীরাধানোহন ঠাকুর পদামৃতসমুদ্রের সংস্কৃত টীকায় ইহার নামোল্লেথ করিয়াছেন। 'চম্পতিরায়-নামা দাক্ষিণাত্যঃ শ্রীকৃষ্ণতৈতন্ত্য-ভক্তরাজ্ঞঃ কশ্চিদাসীং, স এব গীতকর্তা'। 'রায় চম্পতি রস্গায়ক গোবিন্দ দাস গান'—এই ভণিতা দেখিয়া কেছ

কেহ অমুমান করেন যে গোবিন্দদাস

বিভাপতির পদ-পূরণের ভায় চম্পতি

ঠাকুরেরও অসম্পূর্ণ পদের পূর্ত্তি করিয়াছেন। চাঁদ কাজি—হোসেন শাহের গুরু। নবদ্বীপের শাসনকর্তা। ইনিই নবদ্বীপে কীর্ত্তন নিষেধ করেন ও থোল ভাজেন। ইহার মুখ্য কর্মচারী গোরাই হিন্দুদের প্রতি অভ্যাচার

করিয়া প্রসিদ্ধ (?) হয়।

চাঁদ হালদার-- শ্রীখেতরীর মহোৎসবে

সমাগত ভক্ত। শ্রীচাঁদ হালদার, মিতৃ

হালদার সকলে। (নরো°৮)

চাটুয়া রামদাস— শ্রীঠাকুর মহাশ্রের

জয় শ্রীচাটুয়া রামদাস ভক্তিপাত্র। বৈষ্ণবের পত্র-অবশেষ ছুঞ্জে মাত্র॥ (নরো ২২)

চান্দরায় বা রাজা চান্দরায়—
প্রীনরোত্তম ঠাকুরের শিয়া। পিতার
নাম—রাঘবেন্দ্র রায়, ভাতার নাম—
সস্টোব রায়। ইনি পূর্বে বড়ই তুর্ম্বর্ষ
জমিদার ছিলেন। ৮৪ হাজার টাকা
আয়ের জমিদারী ছিল। হাজার

অশারোহী ও বিস্তর পদাতিক সৈথ ছিল। রাজমহল পর্যস্ত ইহার অধিকারে ছিল। বাদশাহকে এক পয়সাও কর না দিয়া লুটতরাজ করিয়া উপার্জন করিতেন। ইহার মত অত্যাচারী জমিদার তখন আর কেহই ছিল না।

তাহার পাপের কথা লেখা নাহি

যায়। কাণে হাত দিয়া লোক

ছাড়িয়া পালায়॥ (প্রেম ১৮)

ছই প্রাতা প্রতি বৎসর খুব ধুমধামে

ছর্গাপুজা করিতেন, তাহাতে এত
জীব বলি দিতেন যে রক্তে নদী
বহিয়া যাইত।

যত জন্ত বধ করে নাহি তার দীমা॥ জন্ম চাঁদ রায় চাক্র-চরিত্র বিদিত। বৈষ্ণব সেবায় যার পরম দীরিত॥ (নরো ১২)

অত্যাচারী চাঁদরায়কে এক সময়
এক ব্রহ্মদৈত্য পাইরা বসে। কত তন্ত্র
মন্ত্র বৈহ্য হইল, কিছুতেই দৈত্য
বিদ্বিত হইল না। পিতা এবং
লাতা কাঁদিয়া আকুল। শেষে স্বপ্লাদেশ
পাইলেন—'শ্রীনরোত্তম ঠাকুরের
কুপা হইলে দৈত্য পলাইয়া যাইবে।'
পরে শ্রীল ঠাকুরের আগমনে চাঁদেরায়ের ভববাধি পর্যন্ত দ্ব হইয়া

তিনি সপরিজনে ঠাকুরের নিকট
দীক্ষা লইয়া পরম বৈঞ্ব ছইলেন।
ভক্ত ছইলেই তাহার উপর পরীক্ষা
আসে। চাঁদ রায়ের পরীক্ষা আরম্ভ
ছইল। একদা চাঁদ রায় চারি শত
আশোয়ার সঙ্গে লইয়া গঙ্গামানে
ঘাইতেছেন, এমন সময়ে কুদ্ধ নবাব
বহু সহস্র সিপাই দ্বারা তাহাকে
বন্দী করিয়া ফেলিলেন। চাঁদরায়কে

ধরিবার জন্ম নবাব পূর্বে কত চেষ্টা করিয়াছিলেন, কিন্তু পারেন নাই। বৈষ্ণব হওয়া অবধি তিনি অন্য প্রকৃতির হইয়াছিলেন। এজন্ম স্বেক্ষায় নবাবের হস্তে বন্দী হইলেন।

নবাব চাঁদরায়কে ভয়ানক যন্ত্রণা দিবার জন্ত তলঘরে বন্দী করিয়া রাখিলেন। চাঁদরায়ের পিতা পুত্রের উদ্ধারের জন্ত অনেক চেষ্টা করিলেন কিন্তু কিছুতেই ক্বতকার্য হুইলেন না।

শেষে একজন তান্ত্রিক আসিয়া বলিল
— আমি উদ্ধার করিয়া দিব। কিন্তু
তোমার পুত্রকে শক্তিমন্ত্র লইতে
হইবে। তান্ত্রিক ঠাকুর কৌশলে
বন্দীশালে প্রবেশ করত চাঁদরায়কে
বলিলেন—

মা কালীর মন্ত্র এক আছে মোর স্থানে। আড়াই অক্ষর মন্ত্র কহিব তোমার কাণে॥ সেই বলে যাবে তুমি ভয় নাহি আর। তৎকাল চলহ আর না কর বিচার॥

কিন্তু চাঁদরায় স্বীকৃত হইলেন না।

তিনি বলিলেন—'আমি বন্দীশালে খুব আনন্দেই আছি। পূর্বে যেমন পাপ করিয়াছি, তাহার ফলভোগ ত করিতেই হইবে। অধিকস্ক যে কর্পে পবিত্র গোরনাম প্রবেশ করিয়াছে, সে কর্ণে আর কিছু প্রবেশ করিতেই পারে না। আমি গৃহে যাইব না, গৌর নাম করিতে করিতে এইখানেই দেহ ক্ষয় করিব।'

পরে নধাব বাহাছর চাঁদরায়কৈ নির্বাতন করিবার জন্ম মন্ত হস্তির পদতলে নিক্ষেপ করিলেন। হস্তিবর

তান্ত্রিক ঠাকুর বিরক্ত হইয়া চলিয়া

গেলেন |

প্রথম্তঃ চাঁদরায়কে শুণ্ডে তুলিয়া দূরে নিক্ষেপ করিয়া পুনরায় তাঁহাকে মারিতে উগ্রত হইলে চাঁদরায় শ্রীনরোত্তম ঠাকুরকে স্মরণ করত হস্তির শুগু ধরিয়া এমন টা**নিলেন** যে তাহাতেই হস্তী পঞ্চ প্ৰাপ্ত হইল। নবাব চাঁদরায়ের বিক্রম দেখিয়া অবাক হইয়া গেলেন। তাঁহার ক্রোধ দুর হইল। শেবে চাঁদকে আলিঙ্গন করত শিরোপা দিয়া ও নির্বিবাদে তাঁহার হত অধিকার ভোগ করিবার জন্ম স্বীয় পাঞ্জাযুক্ত पिनन थाना कतिरान । हाँ पताय তদ্বধি স্বরাজ্যে আসিয়া হরিনামে উন্মন্ত হইয়া রহিলেন (প্রেম ১৮)। উদ্ধার-বৃত্তান্ত (ভক্ত ১৭।২) দ্রষ্টব্য । ২ বৈষ্ণব পদকর্ত্তা (ব-দা-দে)। **গোপাল**—নবন্ধীপবাসী

চিন্<u>তা</u>মণি

ছবুঁত ব্রাহ্মণ।

চাপাল গোপাল নামে পাইও
ব্রাহ্মণ। শ্রীবাসের ছঃখ যাতে এই
কর্ম তান ॥ মভাভাও সিন্দুরাদি রাখি
এই ছারে। মনের আনন্দে তেঁহো
গোলা নিজ ঘরে॥ প্রভাতে শ্রীবাস
তা' দেখায় শিষ্টগণে। সেস্থান সংস্কার

করাইলা সেইন্দণে। শ্রীবাদের
স্থানে তিঁহো অপরাধ কৈল। দিন
ছই তিন মধ্যে কুঠ ব্যাধি হৈল।
চাপাল গোপাল কুঠে মহাছ্ঃখ পায়।
কথোদিনে ভাল হৈল শ্রীবাস-কুপায়।
(ভক্তি ১২।৩৪০৫—৯)
চিত্রসেন—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।

ি র° ম° পশ্চিম ১৪**৷>>>] চিত্রেশ্ব**—জীরসিকানন্দ-শিষ্য [**ঐ** ১৪৷১৩৬]

পদতলে নিক্ষেপ করিলেন। হস্তিবর **চিন্তামণি—**শ্রীগ্রামানন্দ প্রাভুর শিষ্য।

জিজ্ঞাদা

করিলেন—শিবানন।

3500

বড়গ্রামে নিবাস। (র° ম° পূর্ব Sisos 7

চিন্তামণি দাস—গ্রীরসিকানন্দ-শিষ্য ও সঙ্গীত-বিশারদ। রি° ম' পশ্চিম 381368]

চিন্তামণি বিহারী—শ্রীর্সিকানন্দ প্রভুর শিষা।

िष्ठायि विश्रोती वर्ष्ट जागावान्। রিশিকেন্দ্র চূড়ামণি জাতি ধন প্রাণ। [র° ग° পশ্চিম ১৪।১২২]

চিদানন্দ-শ্রীগোর-পার্যদ সর্গাসী [देवस्थव-वन्त्रना]। নবযোগীন্দ্রের একতন [গেণি গ° ৯৮--->০০ ।। চিরজীব-ইনি মহাপ্রভুর শাখার শ্রীখণ্ডবাসী চিব্লঞ্জীব সেন হইতে ভিন্ন

ভক্ত। চরিতামতে গৌরভক্তগণনায় ই হার নাম আছে।

ভাগবতাচার্য, চিরঞ্জীব, শ্রীরখুনন্দন॥ (टेठ° ठ° जानि २०।२३३)

চিরঞ্জীব সেন—শ্রীচৈত্ত্য-শাখা: পূর্বলীলায় চক্রিকা (রূপকন্তী) স্থী। মহাপ্রভুর ভক্ত, জাতি—বৈগ্য। আদি নিবাস—ভাগীরথীতীরে কুমারনগর। পরে শ্রীথণ্ডের প্রসিদ্ধ দামোদর পণ্ডিতের কন্তা স্থনন্দাদেবীকে বিবাহ করিয়া শ্রীথণ্ডেই বসবাস করেন। ইনি ত্রীনরহরি সরকার ঠাকুরের শিষা। প্রীগুরু-দেবাতেই সর্বদারত থাকিতেন।

ইহার প্রসিদ্ধ ছই পুত্রের নাম রামচন্দ্র কবিরাজ ও পদকর্ত্তা গোবিন্দ দাস।

थखरामी मूक्नमाम, बीतचूनसन। নরহরি দাস, চিরঞ্জীব, স্থলোচন॥ [देठ° ठ° व्यक्ति २०११४] সেইগ্রামে চিরঞ্জীব সেনের বদতি। বিবাছ করিয়া খণ্ডে করিলেন স্থিতি ॥ শ্রীচৈতক্ত প্রভর পার্ষদ বিজ্ঞবর। নিরস্তর শৃদ্ধীর্ত্তনে উন্মত্ত অন্তর॥ [७कि २०१२ (०, २४२]

পত্যাবলিতে একটি শ্লোক (১৫৭) চিরঞ্জীব-ক্বত দৃষ্ট হয়।

চ্ডামণি দাস—পদকর্ত্তা, পদকল্লতক্র ১১৪२ मःथाक शन सहेवा।

২ শ্রীধনঞ্জয় পণ্ডিতের শিষ্য। ইনি 'ভুবনমঙ্গল'-নামে চৈত্সচরিতপ্রসঙ্গে

বাঙ্গালা কাবা নির্মাণ করিয়াছেন। **চৈত্ত চটুরাজ**—শ্রীনিবাস প্রভর

মধ্যম জামাতা এবং শিব্য। কৃষ্ণ-প্রিয়া দেবীর স্বামী, ইঁহার পিতার নাম-কুমুদ চট্টরাজ।

তাঁহারে করিলা দয়া সদয় হইয়া। যারে সমর্পিল কক্সা শ্রীল ক্ষুপ্রিয়া॥ (কণা ১)

চৈতগুদাস—ইনি 'আউলিয়া চৈত্ত দাস' নামে পরিচিত ছিলেন। শ্রীমতী জাহ্বা দেবীর শিষা। শ্রীনিত্যানল দাস বলেন---মোর ঠাকুরাণীর শিষ্য শ্রীচৈতন্ত

দাস। 'আউলিয়া' বলি তাঁকে সূৰ্বত্ৰ (প্রেম ১৬) বাঁকুড়া জেলার বনবিষ্ণুপুর নগর হইতে ১২ কোশ দূরে কোন এক গ্রামে ইঁহার নিবাস ছিল।

গ্রীশিবানন্দ সেনের পুত্ৰ | শ্রীচৈতন্য-শাখা।

চৈতভাদাস রামদাস আর কর্ণপুর। তিম পুত্র শিবানন্দের প্রস্থুর ভক্তশূর॥ (रेठ° ठ° जािन २०१७२)

একদা রথযাত্রা-কালে শিবানন দেন শ্রীচৈতন্ত দাসকে সঙ্গে লইয়া প্রীধানে গমন করিলে, মহাপ্রভু

তোমার এ পুত্রের কি নাম রাখিয়াছ ? শিবানন্দ কহিলেন—'শ্রীচৈতগুদাস'। ইহাতে মহাপ্রভু হাক্ত করিয়া কহিলেন—'ছি!ছি! ও কি নাম রাখিয়াছ ?' ঐ সময়ে শিবানন্দ মহা-

প্রভূকে নিমন্ত্রণ করিয়া নানাবিধ প্রসাদ দারা সেবা করিলেন: কিন্তু

চৈত্য দাস ইহার পরে এক দিবস

দধি, নেবু, আদা, ফুলবড়ি ও নানাবিধ ব্যঞ্জন সংগ্রহ করিয়া মহাপ্রভুকে নিমন্ত্রণ করাইয়া ভোজন করাইলেন।

मल्छे रहेशा विनातन-'अरे বালক চৈত্ত দাস আমার মনের ক্রা জানে'।

আর দিন চৈত্য দাস কৈল নিমন্ত্রণ। প্রভুর 'অভীষ্ট' বুঝি আনিলা ব্যঞ্জন॥ पिथ, त्नवू, আদ। আর ফুলবড়ী, লবণ। সামগ্রী দেখিয়া প্রভুর প্রসন্ন হৈল মন॥ প্রভু কহে —এ বালক মোর মন জানে। সক্ত হইলাম আমি ইহার নিমন্ত্রে॥ এত বলি দধি ভাত করেন ভোজন। চৈতগুদাসেরে দিল উচ্ছিষ্ট ভাজন। (হৈ° চ° অস্তা ১০।১৪৮—১৫১)

৩ শ্রীঅদৈতপ্রভুর শাখা। নন্দিনী আর কামদেব, চৈত্রগ্ (চৈ চ° আ' ১২/৫৯) ৪ (নামান্তর--পূজারী গোঁদাই)

ইনি শ্রীল গদাধর পণ্ডিতের প্রশিষ্য ও ভূগর্ভ গোস্বামীর শিষ্য ছিলেন। গ্রীবৃন্দাবনে গ্রীগোবিন্দ-দেবের পূজা-কার্যে নিযুক্ত থাকিতেন, এজগ্র 'পূজারী গোঁসাই' আখ্যা হয়।

পণ্ডিত গোঁসাইয়ের শিষ্য ভূগর্ভ গোঁসাই। গৌরকথা বিনা

মুখে অন্ত নাই॥ তাঁর শিষ্য গোবিশ-। পুজক চৈতন্ত দাস॥

[চৈ° চ° আদি ৮।৬৯]

ইনি শ্রীগীতগোবিন্দের 'বাল-বোধিনী' টীকা করিয়াছিলেন। শ্রীকৃষ্ণকর্ণায়তের 'সুবোধিনী'

টীকাটিও বোধ হয় ই হারই রচিত।

৫ শ্রীনিবাস আচার্য ঠাকুরের
পিতা গঙ্গাধর ভটাচার্যের নামাহর।

পিতা গঙ্গাধর ভট্টাচার্যের (গঙ্গাধর ভট্টাচার্য দেখ)

বৰ্দ্ধমান জেলার অন্তর্গত কাটোয়া নগরের ৩া৪ ক্রোশ পূর্বদিকে চাখুন্দী গ্রামে চৈত্রদাসের বা গঙ্গাধর ভট্টাচার্যের নিবাস ছিল। ইনি রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণ। ২৫ বৎসর বয়:ক্রমকালে শ্রীমনুমহাপ্রভু যথন কাটোয়াতে কেশব ভারতীর নিকট সন্ন্যাস গ্রহণ করেন ও মধুশীল নাপিত প্রভুর মন্তক মুগুন করেন, তখন গঙ্গাধরের ব্য়:ক্রম ৪৬/৪৭ বৎস্র হইবে। তিনি প্রভুর সন্ন্যাস দেখিতে গিয়া একেবারে শোকে অধীর হইয়া 'হা চৈতন্ত, হা চৈতন্ত' বলিতে বলিতে উন্মন্তের ক্রায় ভ্রমণ করিতে থাকেন। পরে মহাপ্রভুর

সমাজের মুখোজ্জলকারী—শ্রীনিবাস আচার্য প্রভূ। ৬ শ্রীবংশীবদন ঠাকুরের পুত্র।

তাঁহার পুত্র হয়। ঐ পুত্রই বৈষ্ণব-

'শ্রীবংশীবদন-পুত্র শ্রীচৈতত্যদাস' (নরো)

ভক্তিরত্নাকরেও ইংহার নাম আছে—

সর্বত্ত বিদিত সর্বমতে যোগ্য যেঁহো। গৌরপ্রিয় শ্রীবংশীদাসের পুত্র তেঁহো॥ (ভক্তি ১০।৩৮৬) খেতুরীর বিখ্যাত উৎসবে ইনি উপস্থিত ছিলেন। ৭ শ্রীনিবাস প্রস্থুর জনৈক শিষ্যের

নাম। 'তবে প্রভু ক্লপা কৈলা শ্রীচৈতন্ত দাসে। শ্রীকৃষ্ণচৈতন্ত বলিতেই প্রেমে ভাসে'। (কর্ণা ১)

৮ বিষ্ণুপ্রের রাজা বীরহাণীরের বৈক্ষব নাম। শ্রীলজীবগোস্বামিপ্রভু রাজার ভক্তিতে আরুষ্ট হইয়া ঐ নাম প্রদান করিয়াছিলেন। শ্রীনিবাস আচার্য-ঠাকুর রাজাকে বলিতেছেন—

প্রীন্ধীবগোম্বামী হৈলা প্রদন্ন তোমারে। শ্রীচৈতক্তদাস নাম থুইলা তোমার॥ (ভক্তি ১।২৬৫— ২৬৬, বীরহামীর দেখ)

ৈচতন্তদাস চট্টরাজ—গ্রীনিবাসাচার্য-পরিবার (অন্থ ৭)। **চৈতন্তদাস পণ্ডিত**——গ্রীনিত্যানন্দ-পার্ষদ। ইনি প্রেমান্মত অবস্থায়

৯ 'ভক্তিতত্ত্ব-প্রকাশিকার' প্রণেতা।

ব্যাঘ্রকেও ভয় করিতেন না; তাহার উপর আরোহণ করিতেন— বাহ্য নাহি শ্রীচৈতক্তদাদের শরীরে। ব্যাগ্র তাড়াইয়া যায় বনের ভিতরে॥

কথন চড়েন সেই ব্যাঘ্রের উপরে। ক্বফের প্রসাদে ব্যাঘ্র লঙ্গিতে না পারে॥ (চৈ°ভা° অস্ত্য ধা৪২৬ –

চৈতন্তদাস বাবাজী (সিদ্ধ)— প্রীধামনবদীপ-বাসী এই মহাপুরুষ

829)

আধামনবংগি-বাসা এই মহাপুরুষ বংসবের অধিকাংশ সময় ঠাকুর নরহরির ভাবাম্বগত্যে শ্রীথণ্ডে

থাকিতেন। তিনি বলিতেন— 'শ্রীথণ্ড আমার বাপেরবাড়ী এবং

নবদীপ—খণ্ডরবাড়ী। শ্রীথণ্ডের

এরঘুনন্দন-বংশ্ব **এ**গোবিন্দানন্দ

ঠাকুরের সহিত তাঁহার স্থ্যভাব ছিল। ঠাকুর নরহরি-লোচনের আহুগত্যে তিনি আপনাকে গৌর-কাস্তা-স্বন্ধপেই চিন্তা করিতেন

এবং অন্তিম সময়ে সেই ভাবেই পিদ্ধ হইয়া নিত্যলীলায় প্ৰবিষ্ট হন।

শ্রীখণ্ডে ডাঁহার স্বহস্ত-লিখিত

একটি পুঁথিতে লক্ষাধিক গোরা নাম বিরাজমান। তুলট কাগজের

প্রতি পাতায় নামাবলী মৃক্তামালার ভায় অসজ্জিত রহিয়াছে। তাঁহার

রচনা—শ্রীমন্ মহাপ্রভুর 'প্রত্যঙ্গ-বর্ণনাত্মক পত্ত', অতিসরল সংস্কৃত

ভাষায় 'গ্রীগোরাঙ্গের সপ্তবিংশতি

নামামৃত-স্তোত্র' এবং গ্রীব্দিত প্রস্থার 'ভাববিচার'-নামক প্রয়।

এই সবগুলি শ্রীগোরাঞ্গ-মাধুরী

পত্রিকায় প্রথম বর্ধে মুদ্রিত হইয়াছে। ইনি প্রীঅদ্বৈত-পরিবার-স্কুক্ত ছিলেন।

চৈতন্ত্রবল্পভ গ্রীগদাধর পণ্ডিতেরশা**খা।** অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল,

চৈতন্তবন্ধত। (চৈ° চ° আ° ১২।৮৬) চৈতন্তবন্ধতং নাম বন্দে প্রেমরসা-লয়ম। গদাধরন্ত গৌরন্ত গুণগানাতি-

চৈত্তগালন্দ - শ্রীলম্বরূপ দামোদরের

(শা° নি° ৫৮)

গুরু, বেদবেদাস্তাদির অধ্যাপক— কাশীবাদী (চৈচ মধ্য ১০।১০৫)।

চৌষটি মোহাত্ত:—

লিখিত হইয়াছে।

লাষিণম্ ॥

* অষ্ট প্রধান মোহাস্ত— শ্রীম্বরূপ দামোদর (ললিতা), রায়

শুলুকোণাল গুরু গোহামিণাদের
 পদ্ধতি-মত। মতাগুরে—মাধব ঘোষ
 (তুলবিছা)। বন্ধনীমধ্যে পুর্বলীলার নাম

রামানন্দ (বিশাখা), গোবিন্দানন্দ ঠাকুর (স্থচিত্রা), বস্থ রামানন্দ (ইন্দুরেখা), সেন শিবাননা (চম্পকলতা), গোবিন্দ ঘোষ (রঙ্গদেবী), বজেশ্বর (তুঙ্গবিছা), বাস্থদেব ঘোষ (স্থদেবী)। বজলীলায় অষ্ট সখীর প্রত্যেকের

অমুগতা আট জন করিয়া চৌষ্টি ष्मन मथी আছেন। नवकी न नीनाय ७ অষ্ট প্রধান মহান্তের প্রত্যেকের অমুগত আট জন করিয়া সুর্বসমেত মোহান্ত হইতেছেন। চৌষটি [বুহদ্ভক্তিতত্ত্বসার ৬৬৪—১৬৬ পু:]

১। শ্রীস্বরূপদামোদরের অনুগত —আচার্যরত্ব (রত্মপ্রভা), রত্নগর্ভ (রতিকলা), ঠাকুর চক্রদেখর আচার্য (হুভন্রা), ভূগর্ভ ঠাকুর (ভদ্রবেথিকা), রাঘব গোস্বামী (স্থমুখী), দামোদর পণ্ডিত (ধনিষ্ঠা) কুঞ্চদাস ঠাকুর (কলছংসী) ও কৃষ্ণানন্দ ঠাকুর (কলাপিনী)।

২। শ্রীরামানন্দ রায়ের অনুগত — মাধবসঞ্জয় (মাধবী), নীলাম্বর ঠাকুর (মালতী), রামচন্দ্র দত্ত (চন্দ্রেখিকা). বাস্থদেব দত্ত (কুঞ্জরী), নন্দন আচার্য (হরিনী), **চট্টোপাধ্যায়—**পট্টুলি-ছকডি

শঙ্কর ঠাকুর (চপলা), স্থদর্শন ঠাকুর (স্থরভী) এবং স্থবৃদ্ধি মিশ্র (শুভাননা)।

৩। শ্রীগোবিন্দানন্দ ঠাকুরের অনুগত—শ্রীমান্ পণ্ডিত (রদালিকা), ঠাকুর জগন্নাথ দাস (তিলকিনী), ঠাকুর (শোরদেনী), জগদীশ ঠাকুর (স্থগদ্দিকা), সদাশিব রায় মুকুল (রমিলা), মুকুলানল (কামনাগরী), পুরন্দর আচাৰ্য (নাগরী) এবং নারায়ণ বাচম্পতি (নাগবেলিকা)।

—প্রমানন্দ ঠাকুর (তুঙ্গভদ্রা), বল্লভ ঠাকুর (রগতুলা), জগদীশ ঠাকুর (রঙ্গবাটী), বনমালী দাস (অ্যঙ্গলা), শ্রীকর পণ্ডিত (চিত্রলেখা), শ্রীনাপ যিশ্র (বিচিত্রাঙ্গী), লক্ষণ আচার্য (মেদিনী) ও পুরুষোত্তম পঞ্চিত (মদনাল্যা)।

৪। ঐীবস্থ রামানন্দের অনুগত

(কুরঙ্গাফী), ---ম ক রধ্বজ দন্ত রঘুনাথ দত্ত (স্চরিতা), মধু পণ্ডিত (মণ্ডলী, (বিফুদাস আচার্য (মণিকু ওলা), পুরন্দর মিশ্র (চক্রিকা), গোবিন্দ ঠাকুর (চন্দ্রলতিকা),

৫। প্রীদেন শিবানন্দের অনুগত

পরমানন্দ গুপ্ত (কন্দুকাক্ষী) এবং

বলরাম দাস (স্থমন্দিরা)। ৬। শ্রীগোবিন্দ হোষের অনুগত —কাশী মিশ্র (কলকন্তী), শিথি

মাহাতি (শশিকলা), শ্রীরাম পণ্ডিত (কমলা), বড় হরিদাদ (মধুরা), কবিচন্দ্ৰ (ইন্দিরা), হির্ণ্যগর্ভ .

(कलर्भक्षमत्री), জগন্ধ (কামলতিকা) এবং দিজ পিতাম্বর ((व्यगमञ्जूषी)।

৭। শ্রীমাধব ঘোষের অমুগত —মকরধ্বজ সেন (মঞ্মেধা), বিছা-বাচম্পতি (স্থমধুরা), ঠাকুর গোনিল (অমধ্যা), মহেশ ঠাকুর (মধ্রেকণা), শ্রীকান্ত (তমুমধ্যা), মাধৰ পণ্ডিত (মধুস্তন্দা), প্ৰবোধানন্দ সরস্বতী (গুণচুড়া) এবং

ভট্টাচার্য (বরান্সদা)।

৮। শ্রীবাম্বদেব ঘোষের অমুগত পণ্ডিত (কাবেরী), ---রাঘৰ মুরারি চৈত্তলাস (চারুকবরা), মকরধ্বজ পণ্ডিত (স্থকেশী), কংসারি দেন (মঞ্জুকেশিকা), শ্ৰীজীব পণ্ডিত (হারহীরা), মুকুন্দ কবিরাজ (মহাহীরা), ছোট হরিদাস (হারকন্তী)

এবং কবিচন্দ্রগুপ্ত (মনোহরা)।

5, **6**

ছয় গোস্বামী—গ্রীরপ, গ্রীসনাতন,

নিবাসী; মহাপ্রভুর আদেশে নব-প্রীরঘুনাথ ভট্ট, প্রীঞ্চীব, প্রীগোপালভট্ট দীপের অন্তর্গত কুলিয়াপাহাড়পুরে বাস করেন। হঁহারই পুত্র-প্রসিদ্ধ বংশীবদন ঠাকুর।

ও জীরঘুনাথ দাস। ছয় চক্রবর্ত্তী—(১) গ্রীদাস চক্রবর্ত্তী,

(২) প্রীগোকুলানন্দ চক্রবন্ধী, (৩) ছোট রায়—প্রীরসিকানন্দ

প্রীগ্রামদাস চক্রবর্তী। (৪) প্রীব্যাস চক্রবর্তী, (৫) শ্রীগোবিন্দ চক্রবর্তী, (৬) প্রীরামচরণ চক্রবর্তী। সকলেই শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য।

শিষ্য। রাজগড়বাসী।

ছোট রায়, রাউত্রা সে বড় শুদ্ধমতি। রসিকেন্দ্র বিনা যার আন নাহি গতি॥ বড়ই প্রতাপী দোঁহে প্রেমময় মৃতি। যাহার করণী দেখি' সবে পাইলা ভক্তি॥ [র° ম° পশ্চিম ১৪।৯৬—৯৭]

ছোট হরিদাস—এটিচত লুশাখা।

বড় হরিদাস, আর ছোট হরিদাস। ছই কীর্ত্তনীয়া রহে মহাপ্রভুর পাশ। (टे5° ठ° व्यापि २०१३८१) ইনি মহাপ্রস্থকে কীর্ত্তন প্রবণ করাইতেন। অতীব স্থকণ্ঠ ছিলেন। ছোট হরিদাস লাম कीर्रुनीश। (देठ° ठ° षञ्ज २। २०२) পুরী-প্রবাদী একদিবস ভগবান আচাৰ্য-নামক মহাপ্রেভুর এক ভক্ত মহাপ্রভুকে স্বগৃহে নিমন্ত্রণ করেন, কিন্তু তাঁহার গৃহে কুল্ম চাউল না থাকায় শিখি মাহিতির ভগিনী পরমা বৈষ্ণবী ও বৃদ্ধা শ্রীমতী মাধবী **মহাপ্র**ভুর দাসী---যিনি সাড়ে তিনজন মন্মী ভজের অর্দ্ধজন—তাঁচার নিকট হইতে উত্তম সরু চাউল > মানু (প্রায় চারি সের) আনিবার জন্ম এই ছোট হরিদাসকে প্রেরণ করেন এবং উক্ত চাউলের অর প্রস্তুত করিয়া মহাপ্রভুকে ভোগ প্রদান করেন। মহাপ্রভু ভোজনে বসিয়া অতীব উত্তম শালার-দর্শনে বড্ই সন্তোষ লাভ করিয়া কহিলেন-'আচার্য ! এরূপ স্থন্দর চাউল কোথায় পাইলে ?' ভগবান আচার্য আনন্দ-ভরে কহিলেন—'মাধবী দাসীর গৃহ হইতে ইহা প্রাপ্ত হইয়াছি।' প্রভু কহিলেন—'কে উহা আনয়ন করিয়া-

ছিল ?' ভগবান্ কছিলেন—'ছোট হ**িদা**স।'

ভৎপরে মহাপ্রস্থ অন্নের বছতর
প্রশংসা করিয়া ভোজন সমাপনপূর্বক স্বীয় বাসাতে চলিয়া গিয়া
ভূত্য গোবিন্দকে আজ্ঞা করিলেন—
'আজি হইতে ছোট হরিদাসের
এখানে দারক্রদ্ধ হইল।'

ছোট হরিদাস একথা শ্রবণ করিয়া পতিত হইলেন ও ত্বঃখনাগরে অনাহারে পডিয়া রহিলেন। ভক্তগণের মধ্যে এই সংবাদ প্রচারিত হইয়া গেল। তখন স্বরূপ দামোদর কহিলেন—'প্রভো। মহাপ্রভুকে ছোট হরিদাসের দার মানা কেন ? তাহার কি অপরাধ ?' ইহাতে-প্রভু কহে—বৈরাগী করে প্রকৃতি-সম্ভাষণ। দেখিতে না পারি আমি তাহার বদন॥ তুর্বার ইন্দ্রিয় করে বিষয়-গ্রহণ। দার-প্রকৃতি মুনেরপি মন॥ কুদ্র জীবসব মর্কট-বৈরাগ্য করিয়া। ইন্দ্রিয় চরাঞা বুলে 'প্রকৃতি' সম্ভাষিয়া॥ (ৈচ° ь° অস্ত্য ২।১১৭—১২০)

এই বলিয়া মহাপ্রভু গৃহাভান্তরে প্রনেশ করিলেন। হরিদাসের ছংখে ভক্তগণ ছংখিত ছইয়া অপর একদিন প্রভুসকাশে আগমন করিয়া তাঁহাকে মিনতি করিয়া কহিতে লাগিলেন—'প্রভো! হরিদাসের দোব অল্প, এবার উহাকে কমা করুন, ইহাতেই শিক্ষা হইবে'। ভক্তগণের বাক্যে—

প্রভূকহে—'মোর বশ নহে মোর মন। প্রকৃতি-সম্ভাবী বৈরাগী না করি দর্শন॥ নিজ-কার্যে যাহ সবে, ছাড় বৃথা কথা। কহ যদি পুনঃ আমা না দেখিবে এথা ॥' (ঐ ১২৪—১২৫)
ভক্তগণ বিফল-মনোরথ হইয়া চলিয়া
গেলেন।

মহাপ্রভুর চরিত্র একদিকে **কুত্মমের** মত কোমল, অন্ত দিকে **আ**বার বজ্রের মত কঠিন !!

পরে হরিদাসের অনাহার ও ত্ব:থ দেখিয়া মহাপ্রভুর গুরুত্বানীয় প্রিল প্রমানন্দ পুরী মহাপ্রভুর নিকট গমন করিয়া হরিদাসের প্রতি প্রসন্ন হইবার জন্ম অমুরোধ করিলে গাতোখান মহাপ্ৰভু একেবারে কহিলেন,—'আমি করিয়া লইয়া আলালনাথে গোবিন্দকে চলিলাম, আপনারা এখানে পাকুন।' এই বলিয়া মহাপ্রভু গমনোম্বত হইলে প্রমানন্দপুরী বছকটে প্রভুকে ফিরাইয়া আনিলেন। তখন স্বরূপ গোস্বামী ছোট হরি-দাসের নিকট পিয়া কহিলেন-'হরিদাস। তুমি অনাহারে থাকিও স্নান-ভোজন কর ৷ করিয়া কিছুই প্রভূকে অমুনয় হইবে না। তিনি দয়ায়য়, সময়ে অবশুই তোমার প্রতি দয়া হইবেই।' স্বরূপ গোস্বামির বাক্যে হরিদাস স্নান ভোজন করিলেন এবং দুর হইতে মহাপ্রভুকে দর্শন করিতে লাগিলেন।

প্রভূ যদি যান জগন্নাথ-দরশনে।
দূর হৈতে হরিনাস করে নিরীক্ষণে॥
(ঐ ১৪২)

এইরাপে এক বংসর অতিবাহিত হইল, কিন্তু তথাপি প্রভুর মন প্রসন্ত হইল না। বংসরান্তে একদিন শেষরাত্রে হরিদাস কাহাকেও কিছু না বলিয়া মহাপ্রভুর উদ্দেশ্যে বার বার দণ্ডবং প্রণাম করিয়া প্রয়াগ ধামে চলিয়া গোলেন এবং ত্রিবেণী-সঙ্গমে স্বীয় প্রাণ বিসর্জন দিলেন। প্রভুপাদ-প্রাপ্তি লাগি' সঙ্কল করিল। ত্রিবেণী প্রবেশ করি প্রাণ ছাড়িল॥ (ঐ ১৪৭)

দয়াময় গ্রীগোরাঙ্গহরি ভৃত্যকে
ত্যাগ করিয়া কতদিন ভুলিয়া
থাকিতে পারিবেন ? তাই একদিন
ভক্তগণকে কহিলেন—

'হরিদাস কাঁহা, তারে আনহ এখানে॥' (ঐ ১৫০) হরিদাসের প্রয়াগণস্মন ও।

দেহত্যাগের বিষয় কেহই জানিতেন না। এজন্ম তাঁহারা কহিলেন— 'প্রভা! হরিদাস এক বৎসর পরে কাহাকেও না বলিয়া এখান হইতে কোধায় চলিয়া গিয়াছেন।'

ভক্তগণের বাক্যে মহাপ্রভু ঈষৎ হাস্ত করিলেন। এ হাস্তের মর্ম কেহই বুঝিতে পারিলেন তৎপরে একদিন জগদানন্দ পণ্ডিত, স্বরূপ দামোদর, গোবিন্দ, কাশীশ্বর, नाटमान्त्र, মুকুন্দ প্রভৃতি শঙ্কর, ভক্তগণ সমুদ্রে স্নান করিতে গিয়া সমুদ্র-মধ্য হইতে ছোট হরিদাসের কণ্ঠস্বরে অপূর্ব মধুর সঙ্গীত শ্রবণ করিলেন। ইহাতে গোবিন্দ অমুমান করিলেন—ছোট হরিদাস বোধ হয় মনের ছঃথে বিষাদি পান করিয়া আত্মহত্যা করিয়াছেন এবং বন্ধরাক্ষ্পরূপে জন্ম লইয়া ঐরূপ গান করিতেছেন। ধীমান স্বরূপ দাযোদর কিন্তু কহিলেন-

'প্রাঞ্জন্ম কৃষ্ণ-কীর্ত্তন, প্রভুর সেবন।

প্রভুক্তপাপাত, আর ক্ষেত্রের মরণ॥
ত্বাতি না হয় তার, স্কাতি সে হয়।
মহাপ্রভুর ভঙ্গী পাছে জানিবে

নিশ্চয়॥' (ঐ ১৫৮—১৫৯) ইহার পরে প্রয়াগ হইতে জনৈক বৈঞ্চব নবন্বীপে আগমন করিয়া

বৈষ্ণব নবন্ধাপে আগমন কার্য়া শ্রীবাস পণ্ডিত প্রভৃতিকে ছোট হরিনাসের ত্রিবেণী-মধ্যে দেহত্যাগের বিবরণ জানাইলেন। বর্ধান্তরে

রথবাত্তার সময়ে গোড় হইতে শ্রীবাসাদি ভক্তগণ পুরীধামে গমন করিয়া ছোট ছরিদাসের কথা প্রস্তুকে জিপ্তাসা করিলে—

দিল।' (ঐ ১৬৩)
পরে শ্রীবাদ পণ্ডিত—হরিদাদের
প্রয়াগধামে দেহত্যাগের কথা জ্ঞাপন
করিলে প্রাভূ কহিলেন,—
'প্রকৃতি দর্শন কৈলে এই

'স্বকর্মললভুক্ পুমান্—প্রভু উত্তর

প্রায়শ্চিত।' (ঐ ১৬৫) জীব-শিক্ষার জন্ম মহাপ্রভূ হরিদাসকে বর্জন করিলেও স্বীয় ভক্তকে তিনি ত্যাগ করেন নাই,

ত্যাগ করিতে পারেন না। হরিদাস

ত্রিবেণীতে দেহত্যাগমাত্রই—
সেইক্ষণে প্রভুস্থানে দিব্য দেহে
আইলা। প্রভু ক্বপা পাইয়া অস্তধানেতে রহিলা॥ গদ্ধর্ব-দেহে গান
করেন অন্তর্ধানে। রাত্রে প্রভুরে

(ঐ ১৪৮—৪৯)
মহাপ্রভু ধর্মগংখ্যাপক—তাঁহার
প্রাণের প্রাণ পারিষদের উপর দণ্ডবিধান করত জগৎকে শিক্ষাদান

করিয়াছিলেন। নতুবা কে তার

শাসন সহ্য করিবে ?

গীত শুনায়, অন্তে নাহি জানে॥

'নহাপ্রভু রুপাসিন্ধু, কে পারে বুঝিতে? নিজ ভক্তে দণ্ড করে, ধর্ম বুঝাইতে? (ঐ ১৪০) এই হরিদাসের নির্যাতনদারা— দেখি ত্রাস উপজ্জিল সব ভক্তগণে। স্বপ্লেহ ছাড়িল সবে স্ত্রী-সম্ভাবণে॥ (ঐ ১৪৪)

গৌরপ্রিয় দণ্ড-অধিকারী হরিদাস। নোরে দণ্ড করি অপরাধ কর নাশ॥ (নামা ৬০)

জগচ্চ ব্রু হোষ—মুর্শিনাবাদ পাঁচথুপীর উত্তর-রাটীর কারস্থ। ১১৮২

গালে অগ্রহারণ মাসে জন্ম—বাঙ্গালা
ও পারসীক ভাষা উত্তমরূপে আয়ত্ত
করেন। তিনি নিত্য আছিক পৃদ্ধা,
জপ, তপ, শ্রীচরিতামৃতপাঠ ও
বৈষ্ণব গ্রন্থাবলির পৃদ্ধা করিতেন।

গাংগারিক অসচ্ছলতার বাধ্য হইয়া

তিনি প্রাত্যহিক অমুষ্ঠান হইতে
বিরত হন নাই। প্রসাদে তাঁহার
অদৃঢ় বিখাস ছিল—প্রসাদের কোন
অংশই ত্যাগ করিতেন না।
আনড়ার আঁটি ও লঙ্কাদি পর্যন্ত
চিবাইয়া খাইতেন। খ্রীনামে তাঁহার
এতাদুশ অমুরাগ ছিল যে একদিন

সংশয়াপন্ন পীড়িত পুত্রের নিকট গমন

দিনকতক নায়েব মুস্গীর কার্য করিলেও

করিতে পথে হরিনাম শুনিয়া তিনি
কীর্ত্তনদলে যোগ দিলেন এবং
মুমুর্ পুত্রের কথা শুলিয়া গেলেন।
তাঁহার কন্তার বিবাহের রাত্রে তিনি
কীহরিবাসর করিবার জন্ত শুগৃহত্যাগ করিয়া গ্রামান্তরে ব্রত উদ্-

যাপনান্তে পরদিন গৃহে প্রত্যাবর্ত্তন করেন !! ১২৬০ সালে ইনি প্রীরুন্দাবন যাইয়া প্রীকৃষ্ণদাস বাবাজি মহাশ্রের নিকট ভেকাশ্রিত হন এবং নাম হয়—জয়কৃষ্ণ দাস। বিংশতি বংসর তিনি মাধুকরী করিয়া শ্রীবৃন্ধাবনে বাস করেন। ২২৭৪ সালে ইনি মাধুকরী করিতে অশক্ত হইয়া মধুমঙ্গল কুঞ্জে প্রসাদ পাইতেন—তিনি সেখানে 'বুড়া বাবা' নামে অভিহিত ছইতেন। ২২৭৮ সালে শ্রীরজ্ঞাভাত করেন।

জগজ্জীবন মিশ্র—শ্রীহট্টের ঢাকা
দক্ষিণ গ্রামে শ্রীপাট। ইনি মহাপ্রভুর
পিতৃদেব শ্রীক্ষণন্নাথ মিশ্রের জ্যেষ্ঠ
ভ্রাতা প্রমানন্দ মিশ্র হইতে ৮ম
পর্যার। ইনি শ্রীপ্রত্যার মিশ্র-বিরচিত
'শ্রীক্ষণতৈতভোদয়াবলী'র 'মনঃসস্তোষণী' নামে অফুবাদ করিয়াছেন। রচনাটি—স্বল, পাণ্ডিত্যপ্রকাশের চেষ্টা নাই।

আর শাখা জগৎরায়, হরিদাস ঠাকুর। জয় জগৎরায় পরম পণ্ডিত। পাষ্ঠী অস্থ্রে দণ্ড দেন যে উচিত॥ (নরো ১২)

ঠাকুরের

জগৎ রায়—গ্রীনরোত্তম

শিষ্য ৷

জগৎসিংহ—গীতগোবিদের অমু-বাদক (কোচবিহার দরবার পুঁথি ২৬)।

জগতেশ্বর—শ্রীগ্রামানন্দ প্রভূর শিষ্য —মেদিনীপুর জেলায় হরিহরপুরে শাস।

জগদানন্দ ঘোষ— বৈষ্ণব পদকর্তা।
জগদানন্দ ঠাকুর— বৈহ্য, পদকর্তা;
মহাপ্রভুর অন্তরঙ্গ শ্রীথণ্ডবাদী শ্রীমুকুন্দ
সরকারের বংশে ১৬২০ হইতে ১৬৩০
শকের মধ্যে জন্মগ্রহণ করিয়াছিলেন। পিতার নাম—নিত্যানন্দ,

পিতামহের নাম-প্রমাননা জগদানদেরা চারি সহোদর---স্বানন্দ, জগদানন্দ, ক্লফানন্দ ও সচ্চিদানন। জগদাননের পৈত্রিক বাস-শ্রীখণ্ডে। ইনি তথা হইতে আগরভিহি দক্ষিণখণ্ডে বাস করেন। জগদানন্দ পরে বীরভূমের অন্তর্গত থানার এলাকাধীন তুবরা**জপু**র জোফলাই গ্রামে বাস করিয়াছিলেন। ১৭০২ শকের ৫ই আখিন বামন-দাদশীতে ইঁহার তিরোভাব হয়। ঐস্তানে এখনও ইহার স্মরণে প্রতি বংসর দিবসত্রয়ব্যাপী উৎসব হইয়া থাকে। (গৌ° প° ত° ৮৮ পৃষ্ঠা) স্বানন্দ ঠাকুর শ্রীভাগবতের দীকা ও পদ রচনা করিয়াছিলেন। ছই ভাতারই কিশোরীমোহন বাস গোস্বামির মতে বর্দ্ধমান জেলার অন্তর্গত চৌকি রাণীগঞ্জের পূর্বাংশে দক্ষিণথণ্ড-নামক গ্রামে ছিল, কিন্তু গৌরীদাস পণ্ডিতের মতে বীরভূম নদীর তীরবর্তী জেলার অজয় ত্বরাজপুরের সন্নিকটে জোফগাই গ্রামে। জগদানন্দ জোফলাই গ্রামে

প্রীলপ্রীজগদানন্দো জগদানন্দদায়কঃ। গীতপত্তকরঃ খ্যাতো
ভক্তিশাস্ত্রবিশারদঃ॥

শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। প্রাচীন

শ্লোকে আছে---

প্রবাদ আছে—জগদানন্দের গৃহে
নিত্য অতিথি-সেবা ছিল। একদিন
কয়েকটি সাধু আসিয়া অতিথি হন।
ইংগরা পশ্চিমদেশীয়, কুপোদক ভিন্ন
অন্ত জল পান করিতেন না; কিন্ত জোফলাই গ্রামে কুপ ছিল না।
জগদানন্দ মহাপ্রভুর নাম শ্বরণ করিয়া ভূমিতে একটি লৌহখণ্ড দারা
আঘাত করিলে তৎক্ষণাং তথা
হইতে জল উখিত হইল। পরে ঐ
খানে একটি প্দরিণী হয়, জোফলাই
গ্রামে উহা এখনও বর্তমান আছে।
লোকে উহাকে 'গৌরাঙ্গ-সায়ের'
বলিয়া থাকে।

পঞ্চকোট রাজ্যের জগদানন্দ অধীন আমলালা প্রমূরী গ্রামে উপস্থিত হয়েন ও তথায় একটি সরোবরের মধাবর্তী দ্বীপের ভায় স্থানে পাছকা পায়ে দিয়া জলরাশি অতিক্রম পূর্বক গমন করিয়া হরিনাম করিতেন। পঞ্কোটের রাজা পাত্র-মিত্রপহ জগদানন্দের এই অলোকিক ক্ষমতা দেখিয়া ভক্তিসহকারে তাঁহাকে আমলালা অমুরী গ্রাম অর্পণ করেন। জগদানন ঐস্থানে শ্রীগোরাঞ্চদেবের প্রতিমৃত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন। সেবাইতগণ এখনও ভোগ করিতেছেন। পূর্বোক্ত সরোবর 'ঠাকুরবাঁধ' নামে স্প্রেসিদ। জগদাননের বহু বাক্ষণ শিষ্য ছিলেন। (গো° প° ত°—১০) শ্রীযুক্ত কালিদাস নাথ এবং শ্রীযুক্ত

ধীরানন্দ ঠাকুর মহাশয় 'জগদানন্দের পদাবলী' মুদ্রিত করিয়াছেন। ইনি গীতগোবিন্দেরও অমুবাদক, (বর্দ্ধমান সাহিত্যসভার পুঁথি ১৮৫)। ইহার রচিত পদাবলি শুভি-রসায়ন। ছন্দোবিস্তাসে ও শুভি-মারুর পদকদম্ব-লিখনে ইনি অম্বিতীয়। ভাষাশকার্ণবৈ ইনি ককারাদিক্রমে অমুপ্রাস্মৃক্ত কাব্য রচনা করিয়া-ছেন। ইহার চিত্রপদর্চনাও অভি ২ কুলিয়ার বংশীবদনের শিষ্য। ইনি 'বংশীলীলামৃত' রচনা করেন। 'শ্রীজগদানন্দ বন্দো মধুরচরিত। যিঁহো বরণিলা গ্রন্থ বংশীলীলামৃত'॥

ত—বীরভূম জেলায় মঙ্গলভিহি গ্রামের পাহয়া গোপালের চতুর্থ অধন্তন। ইনি বন্ধভাষায় ত্রিপনী ছন্দে শ্রীশ্রামচন্দ্রোদয় ও বহু কীর্দ্ধন পদ রচনা করিয়া মঙ্গলভিহির ঠাকুর বংশকে উচ্ছল করিয়াছেন।

8—শ্রীনিবাস আচার্য প্রভুর বংশে জন্মগ্রহণ করেন। ইঁহার ছয় পুত্র—
যাদবেন্দ্, রাধামোহন, ভুবনগোহন,
গৌরমোহন, শ্রামস্কর ও মদনমোহন॥

জগদানন্দ পণ্ডিত -গ্রীচেতন্য-শাখা।
মহাপ্রভুর অস্তরঙ্গ ভক্ত ও কীর্তনসঙ্গী। প্রভু ভিন্ন ইনি আর কিছুই
জানিতেন না। পূর্বলীলায় ইনি
সত্যভাগা ছিলেন। পূরীধানে প্রভুর
সেবা করিতেন।

পণ্ডিত জগদানন্দ প্রভুর প্রাণরূপ। লোকে খ্যাত যিহোঁ সত্যভাষার স্বরূপ॥ [১৮°৮° আ ১০।২১]

একবার পণ্ডিতজী গৌড়ে গিয়া

শিবানন্দ সেনের নিকট হইতে স্থান্ধি

চন্দনাদি তৈল এক কলস প্রস্তুত
করাইয়া প্রীধামে লইয়া গেলেন এবং
মহাপ্রভুর ভূত্য গোবিন্দের হস্তে

দিলেন। কারণ্—

তাঁর ইচ্ছা প্রভু অল মস্তকে লাগায়। পিত-বায়ু-ব্যাধি-প্রক্রোপ শাস্ত হঞা যায়॥ [চৈ° চ° অস্ত্য ১২।১০৬]

কিন্তু প্রজু তৈল দেখিয়া কহিলেন সন্ম্যাসীর তৈল-মর্দনে অধিকার নাই। গোবিন্দের নিকট সংবাদ শুনিয়া জগদানন্দ অভিমানভরে চুপ করিয়া রহিলেন, কিন্তু ভুলিলেন না। কয়েকদিন পরে প্নরায় গোবিন্দ-দারা বলাইলেন 'প্রভু যেন তৈল মর্দন করেন।' এবারে প্রভু শুনিয়া ক্রোধান্বিত হইয়া বলিলেন—'কেবল তৈল কেন প একজন মর্দনিয়া রাখ। সে আমাকে নিত্য তৈল মাখাইবে। এই সব প্রথের জন্মই আমি সন্ন্যাসী হইয়াছি। তোমাদের কি পু আমার সর্বনাশ হয়। আর তোমরা পরিহাস করিবে।'

পথে যাইতে তৈলগন্ধ মোর যে পাইবে। দারী সন্ন্যাসী করি আমাবে কহিবে॥

পরদিন জগদানন্দ প্রভুর নিকট ু আসিলে—

প্রত্ব বহে পণ্ডিত! তৈল

থানিলা গৌড় ছইতে। আমিত

সন্মানী তৈল নারিব লইতে॥

জগন্নাথে দেহ লঞা দীপ যেন জনে।

তোমার সকল শ্রম হইবে সফলে॥

(চৈ° চ° অস্তা ২২।১১৬—১১৭)

জগদানন্দ কর্মদিন অভিমানভরে

চুপ করিয়াছিলেন—আজ তাঁহার বাঁধ
ভাঙ্গিয়া গেল। তিনি বলিলেন—

.....েক তোমারে কহে
মিথাবাণী। আমি গৌড় হইতে

তৈল কন্ধু নাহি আনি॥ ঐ ১১৮

এই বলিয়া ক্রতবেগে গৃহমধ্য

হইতে তৈল-কলস আনিয়া প্রভুর
সন্মুখে—

'তৈল ভাঙ্গি সেই পথে নিজ ঘর গিয়া। শুইয়া রহিল ঘরে কপাটমারিয়া॥' ঐ ১২০ জগদানন্দ উপবাস করত ঘরে
কপাট দিয়া তিন দিন পড়িয়া
রহিলেন। প্রেমবশ্য প্রভু কি আর
ফির থাকিতে পারেন? কিস্ক
জগদানন্দকে অন্ত ভাবে সান্ধনা
দিলে তিনি বুঝিবেন না, তাই
চতুর প্রভু জগদানন্দের দারে গিয়া
বলিলেন—'জগদানন্দ ! আমি দর্শন
করিতে যাইতেছি, তোমার গৃহে
আজ ভোজন করিব। শীঘ্র শীদ্র রক্ষন কর, আমি আসিতেছি॥' এই
বলিয়া তিনি চলিয়া গেলেন।

প্রভূ ভোজন করিবেন বলিয়াছেন, অভিমান ছাড়িয়া রয়ন না করিলে প্রভুর ভোজন ছইবে না, তাই পতিব্রতা দ্রীর ভাষ জগদানন্দ উঠিয়া রয়নের আয়োজন করিতে লাগিলেন। পরে প্রভূর আগমন হইলে ভোগ বাড়িয়া প্রভূর অরে ধরিলে প্রভূ কহিলেন,—'ডোমার ভোজ্যও প্রস্তুত কর। আজ ছই জনে একসঙ্গে ভোজন করিব।'

এই বলিয়া প্রভু ভোজনপাত্র হইতে হাত তুলিয়া বসিলেন।
প্রভুর সেবা হইতেছে না দেখিয়া
জগদানল কথা না কহিয়া থাকিতে
পারিলেন না। তাই বলিলেন—
'প্রভো! আপনি অগ্রে সেবা করুন;
পশ্চাৎ আমি থাইব।' প্রভু বলিলেন
'দেখিও যেন মিথ্যা না হয়।' পণ্ডিত
কহিলেন—'না, তাহা হইবে না।
তোমার কথা আমি কি ঠেলিতে
পারি?' জগদানন্দের আজ মহানল
হইল। রামাই ও রখুকে দিয়া তিনি
প্রভুর জন্ত নানাবিধ ব্যঞ্জন রক্ষন
করাইয়াছেন। প্রভু অল্প ভোজন

মারিতে উত্তত হইলেন। বলিলেন—

তুমি মহাপ্রভুর হও পার্ষদ-

করেন, কিন্তু আজ জগদানন্দর।
ভয়ে জগদানন্দ যাহা যাহা পাতে
দিতেছেন, ভাহাই বাধ্য হইয়া
খাইতেছেন—কিছু বলিবার যো
নাই। প্রভু ভোজন করিয়া চলিয়া
গোলেন, কিন্তু ভূত্য গোবিন্দকে
বলিয়া গেলেন—'জগদানন্দের প্রসাদ
পাওয়া হইলে তুমি আমাকে সংবাদ
দিবে।'

মহাপ্রভু সন্ন্যাস লইয়া কঠোরতা করেন, জগদানন্দ তাহা সহ্ করিতে পারেন না। তাঁহার প্রাণ ফাটিয়া যায়। তাই প্রভুকে কিসে স্থথ রাথিবেন, তাহারই চেষ্টা অবিরত করিতে থাকেন। প্রভু কঠিন শ্যায় শ্রন করেন, জগদানন্দ তাহা দেখিতে পারেন না। তাই এক দিবস শিমুল ভূলার একটি শ্যা করিয়া দিলেন। ইহা দেখিয়া প্রভূ বলিলেন 'কে এ কার্য করিয়াছে !' গোবিশ বলিল—'পণ্ডিত জগদানন্দ'। জগদানন্দের নাম শুনিয়া প্রভু ভয়ে আর কিছু বলিলেন না। শয্যাটাকে বাহিরে ফেলিয়া দিলেন। ভারপর স্থরূপ গোস্বামী জগদানন্দের পক্ষ লইয়া প্রভুকে কিছু বলিলে প্রভু কহিলেন—'খাট এক পাড়িতে। জগদানন্দের ইচ্ছা আমায় বিষয় ভূঞাইতে ৷ সন্মাসী মাহুষ আমার ভূমিতে শয়ন। আমারে

[ৈ চ° চ° অস্ত্য ১৩।১৪—১৫]

এবারে জগদানন্দ প্রভুর সহিত
আর ঝগড়া করিলেন না। মুখ
নত করিয়া বলিলেন, 'আমি বৃন্দাবনে যাইতেছি।'' প্রভুও বুঝিলেন—

খাট তুলি বালিণ মস্তক-মুগুন'!!

জগদানন্দের অভিমান। তাই তিনি বলিলেন— প্রস্থ বোলে—মথুরা যাবে আমায় ক্রোধ করি। আমায় দোষ লাগাইয়া হইবে ভিখারী॥ [ঐ ২৩] পরে স্বরূপ কলার বাসনা

চিরিয়া পুরাতন বহির্বাসের মধ্যে পুরিয়া প্রভুকে তত্বপরি শ্রন করাইয়াছিলেন। ইহার পরে প্রভুষ্থন বুঝিলেন জগদানন্দের আর অভিমান নাই, তথন তাঁছাকে প্রীবৃন্দাবন-গমনের অগ্রমতি দিয়া-

বৃন্দাবনে জগদানন এক দিবস

জ্ঞ

রস্কল

গোস্বামী

সরস্বতীর

শ্রীল সনাতন গোস্বামিকে নিমন্ত্রণ

তাঁহার

ছিলেন।

করিতেছেন, এমন সময়ে সনাতন একথানি লালবস্ত্র মস্তকে জড়াইয়া জগদানন্দের বাসাতে উপস্থিত হইলেন। বৃন্দাবনবাসী ভিন্ন-সম্প্রদায়ী মুকুন্দ সরস্বতী-নামক জনৈক সন্নাসী সনাতনকে উক্ত লালবস্ত্র উপহার প্রদান করিয়াছিলেন। সনাতন গোস্বামির মস্তকে রক্তবস্ত্র দেখিয়া

জগদানন মনে করিলেন—ইহা বোধ

হয় মহাপ্রভুর প্রসাদিবস্ত্র। তাই

সাগ্রহে জিজাসা করিলেন 'এ বস্ত

কোথায় পাইলে? প্রস্থ পাঠাইয়া

দিয়াছেন?' স্নাত্ন

বলিলেন – 'না, মুকুন্দ

নিকট উপহার পাইয়াছি।'
ভিন্ন সম্প্রদায়ীর বস্ত্র সনাতন
গোস্বামী শিরোভূষণ করিয়াছেন
দেখিয়া ক্রোধে তাহার সর্বাঙ্গ জলিয়া
উঠিল। তিনি বাহজ্ঞান হারাইয়া
তপ্ত ভাতের হাঁড়ি লইয়া সনাতনকে

প্রধান। তোমা সম মহাপ্রভুর প্রিয় নাহি আন॥ অন্ত সন্ন্যাসীর বস্ত তুমি ধর শিরে। কোন্ ঐছে হয় ইহা পারে সহিবারে॥ [ঐ ৫৬-৫৭] স্নাত্ন গোস্বামী এইবার প্রকৃত বুঝিলেন। খ্রীচৈতগুদেবের প্রতি জগদানন্দের কত্রুর নিষ্ঠা তাহা জানিবার জন্তই আজ তিনি ঐরপ করিয়াছিলেন। কবিরা**জ** গোস্বামী বলিতেছেন-জগদানন্দের সৌভাগ্যের সীমা। কহিবে জগদানন্দের সোভাগ্যের তিঁহই উপমা। [ৈচ° **ह**° वसा ३२।३६७] জগদানন্দে প্রভুর প্রেম চলে এই মতে। সত্যভাষা-কৃষ্ণ যেন শুনি ভাগবতে। [চৈ° চ° অস্ত্য ১২।১৫২]। সনাতন গোস্বামির গাত্তে কণ্ণুরুষা ব্যাধি হইয়াছিল, কিন্তু পুরীধামে প্রভুর সহিত দর্শন করিতে যথন

দৃঢ় আলিঙ্গন না করিয়া ছাড়িতেন
না। এজন্ম প্রভুর গাত্রে রক্তর্কা
প্রভৃতি লাগিত। সদাতন ইহাতে
বড়ই মর্মাহত হইয়া প্রস্তুকে নিষেধ
করিলেও প্রস্তু তাহা শুনিতেন না।
সনাতন বড়ই ছংখিত হইয়া একদিবস জগদানন্দ পণ্ডিতকে মনের
কথা জানাইয়া বলিলেন, 'আমার
এখন কি কর্ত্তরা পু' ইহাতে—
গণ্ডিত কহে—'তোমার বাসযোগ্য বুন্দাবন। রশ্যাত্রা দেখি তাঁহা

করহ গমন ॥' [চৈ° চ° অস্তা ৪।১৪১]

পরে মহাপ্রভু যখন শুনিলেন

তিনি যাইতেন প্রভু সনাতনকে

সনাতনকে জগদানক বৃক্ষাবনে যাইবার পরামর্শ দিয়াছেন, তথন তিনি বলিলেন—

এত শুনি মহাপ্রস্থ সরোষ অন্তরে।
জ্ঞাদানন্দে কুদ্ধ হইয়া করে
তিরস্কারে ॥ কালিকার পড়ুয়া জগা
ঐছে গর্মী হইল। তোমাকেও
উপদেশ করিতে লাগিল ॥ [ৈচ° চ°
পস্কা ৪।১৫৭—১৫৮]

'সনাতন! তুমি তাহার গুরুত্ল্য, এমন কি তুমি আমারও উপদেষ্টা, তোমাকে জগদানন্দ উপদেশ দেয়!' ইহা শুনিয়া সনাতন প্রভুকে বলিলেন, 'প্রভো! আজ বুঝিলাম, জগদানন্দ ভোমার কত প্রিয়।'

জগদানন্দ পিয়াও আত্মীয়তা-স্থধারদ। মোরে পিয়াও গৌরব-স্তুতি নিম্ব নিসিন্দারস॥ [টেচ° চ° অস্ত্যা ৪।১৬৩]। তথন প্রস্থু কহিলেন—

মর্যাদা-লজ্জ্বন আমি না পারি শহিতে। [ঐ ১৬৬] আরও বলিলেন—'বৈফ্চবের দেহ

কখন প্রাকৃত নর'। আমাকে পরীক্ষার জন্মই শ্রীকৃষ্ণ তোমার অঙ্গে কণ্ডরুরা দিয়াছেন।'

আমি খুণা করি আলিঙ্গন না করিতাম যবে। ক্বফঠাঞি অপরাধী হইতাম তবে॥ পারিষদ-দেহ এই নাহয় ছুর্গন্ধ। প্রথম দিনে পাইলাম চতুঃসমগন্ধ॥ [ঐ১৯৬—১৯৭]

জগদীশ আচার্য—গ্রীনিবাস আচার্য ঠাকুরের পত্নী শ্রীমতী ঈশ্বরীদেবীর শিষ্য।

> জ্বরুষণাচার্য আর জগদীশাচার্য। জ্বার শিয় ঈশ্বরীর অতি গুণবান্॥ (কর্ণা২)

জগদীশ কবিরাজ—শ্রীনিবাস আচার্বের কম্মা শ্রীমতী হেমলতা দেবীর শিশু, রাধাবল্লভ কবিরাজের লাতা।

জগদীশ কবিরাজ আর শিশ্ব তাঁর। রাধাবল্লভ কবিরাজ জ্রাতা ভক্তসার॥ (কর্ণা২)

জগদীশ পণ্ডিত-খ্রীচৈতন্ত-শাখা, শীধাম নবদ্বীপবাসী। ইহার প্রতার নাম---ছির্ণা পণ্ডিত। মহাপ্র<u>ভু</u> একদিবস একাদশীতে শিশুকালে ত্বই ভাতার গৃহ-দেবতার উদ্দেশে সঞ্জিত নৈবেগ্য খাইবার জ্ঞ্য রোদন করিলে সৌভাগ্যক্রমে বিষ্ণুর নৈবেগ্য মহাপ্রাভুর निक्छे नहेशा वानिशा वानरभान-জ্ঞানে তাঁহাকে ভোজন করাইয়া-ছিলেন। পরে মহাপ্রভুর সঙ্কীর্তন-সময় ইহারা নিকটে বিহারের থাকিতেন, পুরীধামে গমন করিলে তথায় ইঁহারা দৰ্শন করিতে

যাইতেন।
জগদীশ পণ্ডিত আর হিরণ্য
মহাশয়। যারে রূপা কৈল বাল্যে
প্রস্তুদ্ধাময়॥ ছই আতার ঘরে প্রস্তু
একাদশীর দিনে। বিষ্ণুর নৈবেগ্য
মাগি খাইলা আপনে॥ [চৈ° চ°
আদি ১০।৭০—৭১]

গৌরগণোদেশ (১৯২)-মতে ইনি
পূর্বলীলায় 'যজপত্নী'। ২—
প্রিনিত্যানন্দ-শাখা, রাটায় ব্রাহ্মণ।
জগনীশ পণ্ডিত হয় পতিত-পাবন।
কৃষ্ণপ্রেমামৃত বর্ষে যেন ব্র্যাসম॥
[ঠি° চ° আদি ১১৷৩০]
ইংগর শ্রীপাট—চাকদহের নিকট
যশোভা গ্রামে।

জগদীশ 'যশোডাতে নৃত্য-বিনোদী ॥' (পা° প°) ভাতার নাম—মহেশ পণ্ডিত, শ্রীপাট—মসিপুর। যশোড়া গ্রামে জগদীশ পণ্ডিতের স্থাপিত শ্রীগোরাঙ্গ-মৃতি এবং শ্রীজগরাপ মৃতি অস্থাপি বর্দ্তমান। ঐ স্থানে প্রাচীনকালের একটা শুষ্ক বকুল বুক্ষ ছিল। 'জগদী"। চরিত্র'-গ্রন্থে * অনেক বিবরণ পাওয়া যায়। উক্ত গ্রন্থ ১৭৩৭ শকে পুঁথির প্রকাশিত হইয়াছিল। আকারে এখানে পূর্বনিয়মে শ্রীবিগ্রহকে সিদ্ধ-তপুলের অন্ন ভোগ দেওয়া হয়। পূর্বলীলায় ইনি চন্দ্রহাস (গৌ°গ° ১৫৩) ছিলেন। ইঁহার বংশধরগণ ঢাকা জেলায় জাফরগঞ্জের নিকট ধুবরিয়া গ্রামে বাস করেন। জগদীশ ত্রাক্ষণ-কাঞ্চন-গড়িয়ায়

শ্রীপাট। শ্রীনিবাস প্রভুর শিষ্য। পিতার নাম—শ্রীদাস ঠাকুর। জগদীশ ভট্ট রায়—৬৪ মহান্তের

একতম !

বঙ্গবাটী শ্রীজগদীশব ভট্টরায়।
সমঙ্গলা বনমালী দাস নাম পায়।
(ভগীরথ বন্ধুর চৈতক্তসঙ্গীতা ১৬পৃঃ)
জগদীশ মিশ্রা—শ্রীল অবৈতপ্রস্থর ষষ্ঠ
পুত্র, শ্রীঅবৈত-শাখা।

* জগদীশচরিত্র-মতে 'হিরণা' অগদীশের
ভাতা নহেন, তাঁহার সহিত নবদীপে
জগদীশের মিলন হয় (৭ম অধ্যায়), তিনি
অনক ভাগবত। জগলাথের আক্ষায়
বৈকুঠছল হইতে জগদীশ জগলাথকলেবরসহ
যশোড়ায় আগমন ও সেবাপ্রকাশ ইত্যাদি
(৮ম অধ্যায়) করিয়াছেন। এই মতে
আঠিতভা ও জীনিত্যানন্দ শাবায় পঠিত ছই
জগদীশ-নাম একই ব্যক্তির। গোঁবী শুরা
ভৃতীয়ায় ইমি অত্যধান করেন।

আচার্থের আর পুত্ত শ্রীবলরাম। আর পুত্ত হরূপ, শাখা জগদীশ নাম।। [চৈ° চ° আদি ১২।২৭]

অহৈতপ্ৰকাশে (১৫) ও প্ৰেম-विनारम (२8) अज्ञाश ७ कशमी भरक সীতা-গর্ভজ বলা হইয়াছে। অবৈত-প্রকাশ-মতে কিন্তু ইহারা ঘনজ ভাতা এবং ১৪৩০ শকে জাষ্ঠ মানে জন্ম হয়। 'তবে চৌদ্দশত ত্রিশ শকে জৈষ্ঠ মালে। শীতার যমজ পুত্র তাহে পরকাশে।' [জনাশক-সম্বন্ধ মতবৈধ আছে, কেননা মহাপ্রভুর সন্মাসের পরে শ্রীঅদৈত-ভবনে জনৈক সন্নাসী আসিয়া প্রশ্ন করেন ষে কেশব ভারতী প্রীগৌরাঙ্গের কে হন ? তছুত্বে ব্যবহারপক্ষ ধরিয়া প্রীঅধৈতপ্রভু ভারতীকে গুরু বলিলে —'পঞ্চবর্ষবয়স্ক' (চৈভা অস্ত্য ৪। অচ্যুতানন্দের কোথে শ্রী চৈতগ্রতত্ত্ব-প্রকাশ—এই বৰ্ণনা মিলেনা; কেননা ১৪৩১ কি ১৪৩২ শকে অচ্যুতের পাঁচ বৎসর বয়স धतित्व ३८२६ कि ३८२५ भरक অচ্যতেরই জন্ম ধরিতে অচ্যতের পরে আরো তিন পুত্রের জন্ম হইলে তবে স্বরূপ ও জগদীশের জন্ম হয়: স্থতরাং চৈতন্তভাগবতের প্রামাণ্য-স্বীকারে অদ্বৈত-প্রকাশের ভারিখণ্ডলিকে অপ্রামাণিক মনে না ্করিয়া উপায় নাই।]

জগদীশ রায়—গ্রীনরোত্ম ঠাকুরের শিষ্য।

মধুরদাস, ভাগবত দাস, শ্রীজগদীশ রায়। [প্রেম ২০]

জয় জগদীশ রায় জগতে প্রচার। প্রভু-দেবাযুক্ত সদা অতিওদ্ধাচার॥ (নরো ১২) জগদীশ্ব — গ্রীলগ্রামানক প্রভুর শিষ্য; প্রীপাট—বলরামপুর। যত্নাথ, রামচক্র, প্রীজগদীশ্বর। গ্রামানক-শিষ্য, বাস বলরামপুর॥ (প্রেম ২০)

জগবন্ধ, ভন্ত—১২৪৮ সালে ঢাকার পানকুণ্ডা গ্রামে জন্ম হয়। ১৩১০ >e>910 र्शन मारल পদযুক্ত 'শ্রীগোরপদ-তর্ঞ্জিণী' প্রকাশ करतन। इंजःशृर्व शोत-श्राननी কেছ সংকলন করেন নাই। ইনি ব্যক্ষ্য কবিতা লিখিতেও অভান্ত ছিলেন। মেঘনাদ-বধের অমুকরণে 'ছুছুন্দরী বধ' কাব্য লিখিয়া ইনি মাইকেল यधुरुपनत्क७ हामाहियाहित्वन। জগদ্ধ স্থানর-মূর্শিদাবাদ জেলায় ডাহাপাড়ায় দীননাথ ভাষরত্বের পত্নী বামাস্থব্দরীর গর্ভে ১৭৯৩ শকের সীতানবমীতে আবির্ভাব। অসামাগ্র রূপলাবণ্যে, সর্ববিধ স্থলক্ষণে এবং সর্বচিত্ত-স্থরঞ্জনে ইনি অদ্বিতীয় ছিলেন। পিতৃমাত্ত-বিয়োগে ফরিদপুর यान। এই मच्छ्रानास्त्रत মতে ইনি শ্বয়ং ভগবান---Lila-Combination The all things. ইহাকে ধাঁহারা দেখিয়াছেন, তাঁহারা ইহাকে ভগবান্

শ্রীজগদমুপ্রভু-রুত শ্রীমতীসঙ্কীর্ত্তন'-নামক গ্রন্থে ৮৭টি পদ
আছে—ইহাদের শ্রেণীবিভাগ যথা—
(১) আরাত্রিক, (২) প্রভাতি, (৩)
জয়স্ট্রচক, (৪) ভদ্ধনগান ও (৫)
বিবিধ। প্রত্যেকটি পদে রাগরাগিণী
স্টিত হইয়াছে। এই সকল পদ
সঙ্গীত হইলে শ্রুতিরসায়ন হইলেও

বলিতে কুণ্ঠাবোধ করেন না।

কিন্তু মধ্যে মধ্যে 'ব্যাসকৃটবৎ' হর্বোধ্য শব্দবিভাদে অর্থবোধ স্থগিত করিয়া রাখে। ইঁহার 'হরিকথায়'ও তালরাগাদির স্চনা-পূৰ্বক নিয়-লিখিত ভাবের পদাবলী দৃষ্ট হয়। (১) খণ্ডিতা, (২) বিপ্রলব্ধা, (৫) (8) तोकारिनाम, (e) কৃষ্ণরূপ, (৬) মান, (৭) পূর্বরাগ, (b) वश्मीविनय, (a) देमछ, (>o) গোররূপ, (১১) বিরহ, (১২) স্থবল-মিলন, (১৩) অভিসার, (১৪) দশম-দশা, (১৫) চৈতন্ত প্রচারণ, (১৬) প্রার্থনা, (১৭) নিতাই প্রচারণ, (১৮) ফিরা গোষ্ঠ, (১৯) রাস, (২০) অলস, (২১) রসোদগার, (২২) গোষ্ঠ, (২৩) বটুক্রীড়া, (২৪) কল্যাণকুণ্ড, (২৫) यिनन, (२७) উद्धातन, (२१) ताथानि, (২৮) প্রকটরছস্ত, (২৯) যমুনা ও (৩০) নিভৃতনিকুঞ্জ। এই গ্রন্থও ছর্বোধ্য। তৎকৃত পূদাবলীকীর্ত্তন, বিবিধসঙ্গীতাদি কিন্তু অতি সরল। ত্রীগোরগোষ্ঠ, প্রার্থনা, রস্পিস প্রভৃতি অভিমনোরম ও আস্বায়। জগন্ধাথ—বান্ধণ; শ্রীনিত্যানন্দ-শাখা। কংসারি মিশ্রের মধ্যম পুত শ্রীশীনিত্যানন্দ-পত্নী জাহুবা মাতার মধ্যম খুলতাত।

রামানক বস্তু, জগল্লাথ, মহীধর। [চৈ° চ° আদি ১১।৪৮]

২ দামোদর পণ্ডিতের ব্রাতা।
বন্দো মহানিরীহ পণ্ডিত
দামোদর। পীতাম্বর বন্দো তাঁর
জ্যেষ্ঠ সহোদর। বন্দো শ্রীজগরাথ,
শঙ্কর, নারায়ণ। বড় উদাসীন এই
ভাই পঞ্জন। [বৈফববন্দনা]

ও প্রীশ্রামানন্দপ্রভুর শিষ্য।

শ্রীপাট—গোপীবল্লভপূরে। জগন্নাথ, গদাধর আর স্থন্দরানন।

[প্রেম ২০]

8 শ্রীরসিকানদ-শিষ্য রি° ম°
পশ্চিম ১৪/১৬০]

৫ পূর্বলীলায় তারকা (গৌগ

>৫৮)। **জগন্নাথ আচার্য—**শ্রীচৈতন্ত্র-শাখা,

গঙ্গাতীরবাসী।
জগন্নাথ আচার্য প্রভুর প্রিয় দাস।
প্রভুর আজ্ঞাতে তেঁহ কৈল গঙ্গাবাস।

[চৈ° চ° আদি ১০।১০৮] (গোগ ১১১) পূর্বলীলায় গোপী-প্রিয় দুর্বাসা।

২ বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ। গ্রীলনরোত্তম ঠাকুরের শিষ্য। গ্রীপাট—
তেলিয়াবুধুরি গ্রামে। ইনি প্রথমে
ঠাকুরের বড়ই বিদ্বেষ করিতেন।
ঠাকুর মহাশয় জ্ঞাতিতে শুদ্র হইয়া
ব্রাহ্মণাদি উচ্চবর্ণকে শিষ্য করিতেন
বলিয়া ইহার বড়ই ক্রোধ ছিল।
বিপ্র-দীক্ষা দেখি দেই জ্ঞারাথ

বিপ্র-দীক্ষা দেখি সেই জগন্নাথ বিপ্র। নরোতমের প্রতি মনে হইলেন ক্ষিপ্ত॥

পরে ঐঠাকুরের মহিমা বুঝিতে পারিয়া—

নরোত্তম-পদে আসি শরণ লইলা। কুপা করি নরোত্তম দীক্ষামন্ত দিলা।

[প্রেম ১৯]

জগন্নাথ আচার্য শাখা পরম
বিদ্বান্। বৈদিক ব্রাহ্মণ, বাস—
তেলিয়াব্ধুরী গ্রাম॥ (ঐ ২০)
ভগবতী দেবীর স্বপ্নাদেশ পাইয়া
তিনি শ্রীনরোত্ম ঠাকুরের পাদপদ্ম
আশ্রম করেন।
জগন্নাথ আচার্য নামেতে বিপ্রবর।

ভগবতী-পূজাতে সে পরম তৎপর॥ তাঁরে দেবী আজ্ঞা দিল প্রসন্ন হইয়া। নরোত্তম-পাদপদ্মাশ্রয় কর গিয়া॥ (নরো ১০)

জগন্ধাথ কর—শ্রীঅবৈতশাখা, জাতি কায়স্থ।

জগন্নাথ কর আর কর ভবনাথ।

(ৈচ° চ° আবি ১২।৬০)

এই কর জগন্নাথ কর! প্রেমরাশি। কৃষ্য-জন্ম-উৎসব গাহিয়া

প্রেথ ভাসি॥ [নামা ১৭৪]

জগন্ধাথ ঘোষ—প্রশিদ্ধ বাস্থদেব ঘোষের তৃতীয় সহোদর। ইঁহার বংশ নাই, মহাপ্রভুর ভক্ত।

জগগ্গথ চক্রবর্ত্তী—শ্রীনিশ্বনাথ চক্রবর্তির শিশ্ব ও শ্রীনরহরি চক্রবর্তির পিতা। শ্রীপাট—রেঙাপুর।

জগন্ধাথ তীর্থ-শ্রীচৈতন্ত শাখা।
জগন্নাথ তীর্থ, বিপ্রে শ্রীজানকীনাথ।
(চৈ° চ° আদি ১০।১১৪)

ইনি নবযোগীন্দ্রের একতম (গে)° গ° ৯৮—১০০)।

ওহে জগন্নাথ তীর্থ ! তার গুণ গাই॥ যে পড়ে গঙ্গায় ক্রোথে, ধরিলা নিতাই॥ [নামা ১৫৩] জগন্নাথ থানেশ্বরী—শ্রীনন্ মহাপ্রজন্মর সংস্কারবশতঃ মহাভাগ্যবলে তিন দিন পর্যন্ত প্রোণনাথ শ্রীভগবানের প্রকাশমান রূপ দেখিয়া মহানন্দ প্রাপ্ত ছইয়াছিলেন। তৎপরে আদিয়া মহাপ্রভুর শিষ্য হন—মহাপ্রভু ইহাকে 'কৃষ্ণদাস' বলিয়া

ডাকিতেন। হিন্দী ভক্তমালে (৫৯৬ পৃঃ) বর্ণনা আছে— এ স্থান-

কার প্রবাদ যে মহাপ্রভু কুরুক্ষেত্রে

গিয়া ইহার গৃহে তিন দিন ছিলেন, অভাপি কুরুক্ষেত্রে থানেখনে মহা-প্রভুর গাদি আছে।

মহাপ্রস্থ পারষদ থানেশ্বরী জগন্নাথ,
নাথকো প্রকাশ ঘর দিনা তিন দেখ্যো
হৈ। ভয়ে শিষ্য জান, আপ কৃষ্ণদাস
ধর্যো, কৃষ্ণজ্ব কহত সবৈ আদর
বিশেখ্যো হৈ॥ সেবা 'মনমোহনজ্ব'
কৃপমে জনাই দঈ, বাহর নিকাশ,
করী লাড়, উর লেখ্যো হৈ। স্থত
রঘুনাথজ্কো, ত্রপমে শ্লোকদান,
দয়াকৈ নিদান, প্ত দিয়ো, প্রেম
পেখ্যো হৈ॥

জগন্ধাথ দাস—ওচু, ব্রা**ন্ধণ, শ্রীচৈতন্ত** দেবের শাখা।

পুক্ষোতম শ্রীগালিম **জগন্নাথ দাস।** [চৈ° চ° আদি ১০।১১২]

শ্রীনরোত্ম ঠাকুর নীলাচলে গেলে ইনি তাঁহাকে লীলাম্বানসমূহ দর্শন করাইয়াছিলেন।

ঐছে নহাবিজ্ঞ বিপ্র জগনাথ দাস। দেখাইলা মথা তথা প্রস্থুর বিলাস॥ ভিক্তি ৮।৪০৩]

২ (কাষ্ঠকাটা জগন্নাথ)—
বান্ধণ, ইনি পূর্বলীলার শ্রীমতী স্থচিত্রা
সথীর যুথের তিলকিনী স্থী
ছিলেন। শ্রীগদাধর পণ্ডিতের শাখা।
'জিতামিত্র, কাষ্ঠকাটা জগন্নাথ
দাস'। [চৈ° চ° আদি ১২।৮৩]

লক্ষণ সেনের বিক্রমপুর রাজধানীর সন্নিকটে কাষ্ঠকাটা
গ্রামে (বর্ত্তমান কাঠাদিয়া) রাজমন্ত্রী
হলায়ুধ ভট্টাচার্যের বংশে রত্নাকর
মিশ্রের জন্ম হয়। রত্নাকরের ছুই
পুত্র—সর্বানন্দ ও প্রকাশানন্দ।
সর্বানন্দের পুত্রই জগন্নাথ। শৈশব

कारन रेनि পिতृशैन श्रेरन পिতृया-কড় ক বহু আদরে পালিত হন. একারণে লেখাপড়া শিখেন নাই, কিন্ত ভবিষাতে প্রীচৈতগ্রদেবের কুপায় ইনি একজন অসাধারণ ধর্ম-হইয়াছিলেন। প্রচারক গ্ৰ থাকিতে ইনি স্বপ্ন দেখেন মহাপ্রস্থ যেন তাঁহাকে অদ্বৈত-গৃহে যাইবার জন্ম আদেশ করিতেছেন। দেখিয়া তিনি পাগলের হ্যায় দিবানিশি পথ অতিক্রম করিয়া শাস্তিপুরে উপনীত হন এবং মহা-শ্রীগদাধরের আদেশে প্রভুর চরণাশ্রয় করেন; কিন্তু পরে স্লেছ-শীল পিতৃব্য বিস্তর অনুসন্ধান করিয়া শান্তিপুরে আগমন পূর্বক মহাপ্রভুর অনুমতি লইয়া জগনাথকে দেশে লইয়া যান এবং বিবাহ দিয়া সংসারী করেন। অধিকত্ব তদানীস্তন নবাব-সরকারে একটি চাকরীও করিয়া জগন্নাথের গুণে নবাব দেন। সাহেব ইঁহাকে আডিয়াল গ্রাম জায়গীর-স্বরূপ প্রদান করিলে ইনি কাৰ্মকাটা গ্ৰাম ত্যাগ করিয়া ঐস্থানে কাঠাদিয়া বাস করেন। জগন্নাথের এখনও প্রীপাট বর্ত্তমান। ইহার বংশ আছে। বংশধ্রগণ কাঠাদিয়া, আড়িয়াল, কামারখাড়া, পাইকপাড়া প্রভৃতি গ্রামে করিতেছেন। ঠাকুর জগনাথের ঘাসীপুকুরে স্বপ্নাদেশে প্রাপ্ত শ্ৰীশ্ৰীয়শোমাধৰ বিগ্ৰহ বর্ত্তমানে আডিয়ালের গোস্বামিগণ করেন। স্র্যাস সর্থেল-কৃত ভোগ নির্ণয়-পদ্ধতিতে ইঁহার নাম আছে। ইনি ত্রিপুরায় নামপ্রেম-প্রচারক।

শাথানির্থামূতে (৪৮) আছে-'বন্দে জগন্নাথদাসং কাষ্ঠকাটেতি বিশ্রুতম্। দত্তং যেন ত্রৈপুরে চ দেশে শ্রীনাম-মঙ্গলম্॥' আংশিক বংশধারা:--দক (কাশ্বপগোত্র, যজুর্বেদী), कों धत, गांधन, यानन, निकु, श्रूक़ त्या-ত্তম, পশুপতি, মহাদেব, হলায়ুধ, চন্দ্রশেখর বাচম্পতি, রত্নাকর মিশ্র, সর্বানন্দ 3 প্রকাশানন্দ, শ্রীজ্ঞীজগন্নাথ, রামনরসিংহ, রাম-গোপাল, রামচন্দ্র, সনাতন, মুক্তারাম, গোপীনাথ, গোলোকচন্দ্ৰ, হরিমোহন শিরোমণি গোস্বামী। ৩—শ্রীনিত্যানন্দ-শাখা, প্রকৃত নাম—'পাথর হাজঙ্গ'। শ্রীনিত্যা-নন্দ প্রভূ ইঁহার নাম রাখেন-জগন্নাথ। পার্বত্যঅধিবাসী। ['পাথর হাজঙ্গ' দ্ৰষ্টব্য]

8—পদকর্তা, পদকরতক্রতে নয়টি
ও 'অপ্রকাশিত পদরত্বাবলীতে' আরও
এগারটি পদ পাওয়া গিয়াছে।
ইহাদের মধ্যে নৌকাবিলাস, স্থবলমিলন ইত্যাদি বিষয়ক পদই দৃষ্ট হয়।
জগরাথ দাস বন্দো সঙ্গীত-পণ্ডিত।
বাঁর গানরসে জগরাথ বিমোহিত॥
[বৈষ্ণব-বন্দা]।

ে—বাহ্মণ, (অতিবড়ী জগদাথ
দাস)। পুরী জেলার কপিলেশ্বরপুরে ভগবান্ পাণ্ডার ঔরসে ও
পার্বতী দেবীর গর্ভে ভাদ্রমাসের শুরু।
অষ্ট্রমীতে ইনি জন্মগ্রহণ করেন।
ইনি নবাক্ষর ছন্দে শ্রীমদ্ভাগবতের
অন্থবাদ করেন, অ্যাপি উৎকলে
ভোহার সপ্তাহ পারায়ণাদি হইয়া
থাকে। ভাহাতে ভক্তিতত্ত্ব-বিরোধি

অনেক কথা থাকায় মহাপ্রস্থ অসম্ভষ্ট হইয়। জগলাথকে বলেন—'তুমি মুনিঋষি অপেক্ষাও বড়, কারণ— ভাঁহাদের উপর কলম ধরিয়াছ।'
সেই অবধি সকলেই জগলাথকৈ

সেই অবাধ সকলেই জগনাথকৈ 'অতিবড়ী'-আথাতে অভিহিত করি-তেন; অধিকস্ত জগনাথের শিশুগণও 'অতিবড়ী সম্প্রদায়' নামে পরিচিত হইমা পড়েন। ৬০ বৎসর বয়ঃক্রম-কালে ইনি দেহরক্ষা করেন।

ইনি ব্হ্মাণ্ডভূগোল, প্রেমসাধন,
দৃতীবোধ প্রভৃতি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন বলিয়া জানা যায়।
৬—উড়িয়া জগলাধ দাস—গ্রীপ্রী

জগন্নাথদেবের কীর্ত্তনীয়া ছিলেন। বন্দ উড়িয়া জগন্নাথ দাস মহাশয়।

জগনাথ বলরাম যাঁর বশ হয়॥ [বৈফাব-বন্দনা]

ইংগর 'রসোজ্জ্ল' নামে একথানি গ্রন্থ আছে। দৈবকীনন্দনের বৈঞ্চব-বন্দনায়—জগন্নাথদাস দাস বন্দো মধুর-চরিত।

৭—মালদহ জিলার গিলাবাড়ী-গ্রামবাসী কবি; নাভাজী-কৃত হিন্দী ভক্তমালের অবলম্বনে ইনি চারি খণ্ডে 'ভক্ত-চরিতামৃত' নামক গ্রন্থ প্রণয়ন করেন।

জগন্ধাথ পট্টনায়ক—শ্রীরদিকানন্দের জ্যেষ্ঠ ভ্রাতা।

[র° ন° দক্ষিণ ৬।১৯]।
জানাথ পড়িছা—শ্রীগৌরভক্ত।
জানাথ পড়িছা। এ মিনতি
আমার। ভাগি যেন গৌরলীলাশন্ত-মাঝার॥
জানাথ—(মানু ঠাকুর) বজের

কলভাষিণী [গোগ ১৯৬, ২০৫;

মামু ঠাকুর দ্রষ্টব্য]।

জগন্ধাথ মাহাতি—ওচু, শ্রীগোরভক্ত । ব্রজেশ্বরীজ্ঞানে মহাপ্রভূ নন্দোৎ
সবের দিন ইহাকে নমস্কার করিতেন।
জগন্ধাথ মাহাতি! সে স্থানে রছ
আশ। যথা যথা গোরভক্তগণের
বিলাস॥ [নামা ১৭১]
জগন্ধাথ মিশ্র—শ্রীমাধ্ব মিশ্রের পুল্র
বাণীনাথের অক্ত নাম (প্রেম্ ২৪)।
২ শ্রীরসিকানন্দের অধ্যাপক।

অধ্যাপক জগন্নাথ মিশ্র ভাগ্যবান্। গীতছলো বাঁধিলেন ভাগবত-পুরাণ॥ [র° ম° পূর্ব ৯।৪৯]

শ্রীজগন্ধাথ মিশ্র পুরন্দর—মহাপ্রভুর পিতৃদেব। প্রেমবিলাস (২৪)-মতে বংশ-তালিকা—

মধু মিশ্রের চারি পুত্র—১ম উপেন্দ্র,
পত্নী কলাবতী, ২য় রঙ্গদ, ৩য় কীর্তিদ,
৪র্ম কীর্তিবাস। উপেন্দ্রের সাত পুত্র—
১ম কংসারি, ২য় পরমানন্দ, ৩য়
পদ্মনাভ, ৪র্ম সর্বেখর, ৫ম জ্বগন্নাথ
মিশ্রা, ৬৯ জনার্দন, ৭ম
তৈলোক্যনাধ।

পরমানকের পুত্র—অংস্তন ৮ম পর্যায়ে মনঃসস্থোষিণী-প্রণেতা— জগজ্জীবন মিশ্র।

জগনাথ মিশ্রের অষ্ট কল্পাও ছুই
পুরে। ছুই পুরের নাম—১ম বিশ্বরূপ
বা শঙ্করারণ্য পুরী, ২য় নিমাই বা
শ্রীচেতক্তদেব। (গোগ ৩৭) বজলীলায়
শ্রীনন্দ। কশুপ, দশর্থ, স্কৃতপা
এবং বস্থানেও ইহাতে অস্কঃপ্রবিষ্ট।
প্রকৃত প্রস্তাবে মিশ্র পুরন্দরে
সর্ববাস্থাদেব-তর্ত্তের পিতৃবর্গের মিলন
(চৈভা আদি ২০১৬—১৬৮), গৃহে
পৌরজন্মবহোৎসব (চৈভা আদি ঐ ৩৬

—8२, ठेठठ चािष >७।৮०—>>৮, ১৪।৯---৯৪),গৌরের অন্নপ্রাশন-লীলা (চৈভা আদি ৪।৫৪—৫৯), বিশ্ব-ন্তরের গ্রন্থানয়নকালে গৃহে নূপুরধ্বনি-শ্রবণাদি (ঐ আদি ৫।৩-১৫) তৈথিক বিপ্তা-প্রসঙ্গ (ঐ আদি ৫) ১৬-১২১), নিমাইর বিভারতাদি সংস্থার (ঐ ৬।২—৩)। ওলাহন-লীলা (ঐ আদি ৬।৫৬-১৩৫), বিশ্বরূপকে তিরস্কার (ঐ মধ্য ২২।৬৫-৭২), বিশ্বরূপের সন্ন্যাদে ভক্তপুত্র-বিচ্ছেদে বিহ্বলতা (ঐ আদি ৭।৭৪।৮৮)। বিশ্বন্তরের পাঠবাদ (ঐ আদি ৭।১২০ —১৯৬)। গৌরের উপনয়নাদি (ঐ আদি ৮৮-২৩), গঙ্গাদাস-পণ্ডিতের নিকট অধ্যয়নার্থ পুত্রার্পণ (ঐ আদি ৮।২৮—৩০)। স্বপ্নদর্শনে পুত্রের ভাবি সন্নাস-ক্ষরণে মিশ্রের ৰিষাদাদি (ঐ আদি ৮। ৯২-১০৮)। অন্তর্গান-দীলা (ঐ আদি ৮।১০৯, टिक जानि ३८१२७)।

জগন্ধাথ সেন——শ্রীগোর-পার্বদ। পূর্বলীলায়—কমলা।

[গে)° গ° ১৯৪, ২০০]

জগমোহিনী—- প্রীপ্রতাপক্ষদ্রদেবের
ক্যা, অপর নাম—তুকা। কথিত
আছে যে বিজয়নগর-রাজ প্রীক্ষণ্টদেব
রায় তিনচারি বার প্রতাপক্ষদ্রের
রাজ্য আক্রমণ করিয়া উহার কতেক
অংশ দখল করিলে প্রতাপক্ষদ্র সন্ধি
করত ক্ষণ্টদেবের সহিত স্বক্যা
জগন্মোহিনীকে বিবাহ দেন এবং
যৌতুক-স্বরূপে তাঁহার অধিকৃত
ক্ষণ্টানীর দক্ষিণস্থ সমস্ত দেশ প্রদান
করেন। ক্ষণ্টদেব জগন্মোহিনীকে
অনাদর করায় তিনি 'ক্ষম্' নামক

স্থানে গিয়া নিভূতে বাস করিতেন। 'তৃকা-পঞ্কং' নামক সংষ্কৃত পছগুলি তাঁহারই রচনা বলিয়া প্রাসিদ। জগ্মোহন-পদক্তা (পদক্রতক্তে ছইটি পদ আছে)। জগাই-প্রকৃত নাম জগরাপ, পূর্ব-লীলার 'জয়' বৈকুপ্তপার্ষদ (গৌ° গ° ১৪৫)। ঐটেডন্ত-শাথা, ব্রাহ্মণ। পিতার নাম-র্ঘুনাথ রায়, খুলতাতের নাম-জনার্দন রায় এবং পিতামহের নাম—গুভানন রায়। খুন্নতাত-ভাতার নাম--মাধাই। শ্রীধাম नववीर वेंशानित वाफी छिल। इह ভাই নবন্বীপের কোটাল ছিলেন। ইহারা বড়ই পাপী ছিলেন; মগ্ত-মাংস-আহার, প্রদার, চুরি ভাকাতি প্রভৃতি নিরস্তর করিতেন। মহাপ্রভুর नवही प्रधारम मः की खननी नात ममरत শ্রীশ্রীনিত্যানন্দ প্রভূ হরিনাম-প্রচারার্থ इंशाप्तत निक्रे शमन कतिरल माधारे প্রভুকে কল্মীর কাণাদারা প্রহার করেন। দয়ার সাগর নিত্যানন্দ মহাঅপরাধীকে দণ্ড না দিয়া প্রেম-সাগরে ভাসাইয়া দেন, তদবধি জগাই ও মাধাই মহাভক্ত হইয়া যান।

মহারুপাপাত্ত প্রভুর জগাই,
মাধাই। পতিতপাবন নামের সাক্ষী
ছই তাই॥ [ৈ চ ° চ ° আদি ১০।১২০]
শুভানন্দ রায় নবদীপের জমিদার
ছিলেন। 'নবদীপবাসী শুভানন্দ
রায়। ব্রাহ্মণকুলেতে জন্ম কুলীন যে
হয়॥ নবদীপের জমিদার রাজা
তাঁর খ্যাতি। দেশে বিদেশে যার
ঘোষয়ে স্কীর্ভি॥ পাৎসাহের সঙ্গে
অতিশয় প্রীত হয়। পরম স্কার তাঁর
ছইত কুমার॥ জ্যেষ্ঠ রঘুনাধ, কনিষ্ঠ

অনবসর-

জনার্দন দাস। পরম পণ্ডিত সর্বগুণের নিবাদ॥ রখুনাথের পুত্রের নাম জগরাথ হয়। জনার্দনের পুত্রকে মাধ্ব বলি কয়॥ জ্যেষ্ঠ জগরাথ তারে জগাই বলি কয়। কনিষ্ঠ মাধ্ব তারে মাধাই ডাক্য ॥ নদীয়ার রাজা এই ছুই মহাশয়। যৌবনেতে ছিল তারা দত্ম অতিশয়॥

(প্রেম ২১ ী

শ্ৰীচৈতন্ত্ৰ-প্রীচৈতমতাগবত. অমিয়নিমাই চরিত চরিতামত. প্রভৃতি গ্রন্থে জগাই মাধাইয়ের বিস্তৃত বিবরণ আছে।

জ্ঞ-শ্রীরসিকানন-শিষ্য।

্র° ন° পশ্চিম ১৪।১২৩] জন্মলীপ্রিয়া দাসী—শ্রীঅদ্বৈত প্রভুর পত্নী শ্রীমতী দীতা দেবীর দেবিকা ও শিষা ৷

नी जादितीत घर नानी-अननी, निमनी। कृष्ण्यत्व मीका সীতা [প্রেম ২৪] দিলেন আপনি॥

জন্দনী দাদী অলোকিক ক্ষমতাপন্ন হইয়াছিলেন। একদা তিনি ব্যাঘ-ভদ্নক-সমাকীর্ণ গভীর অরণ্যে শ্রীক্লফের व्याताथना कतिराजिल्लन. रमरे मगराय গৌড়েশ্বর (বাদশাহ) শিকার করিতে গিয়া হঠাৎ জঙ্গলী দাসীর অপরূপ **মোহিত** রূপলাবণ্য-দর্শনে তাঁহার ধর্ম-বিনাশে উন্নত হইলে বাদশাহ দেখিতে পান যে জঙ্গলী অতীব পুরুষ ! নহেন. **जाम्हर्शाविक इहेगा जिनि जन्नि** জিজ্ঞাদা করিলেন—'তুমি নারী না भूक्ष १' जन्नी वनितन,-

नातीकान नाती (मर्थ, श्रुकर्य পুরুষ। কিন্তু কোন কালে আমি না হই পুরুষ॥

শ্রীশ্রীগোড়ীয়-বৈঞ্ব-অভিধান (৩)

ইহাতে বাদশাহের ভ্রম গেল না। তিনি একজন স্ত্রীলোকদারা জঙ্গলী দাসীকে পরীক্ষা করিয়া জানিলেন रि देनि नाती, किंख প्रक्रां अक्षम পুরুষদারা পরীক্ষা করাইয়া শুনিলেন পুরুষ ! তখন বাদশাহের চৈতন্ত্ৰ হইল। তিনি অতীব ভীত চিত্তে জন্মলী দানীর চরণ ধারণ প্রার্থনা করিতে ক্ষমা लाशिएन। छन्ननी मानी वाप-শাহকে ক্ষমা করিয়া আশীর্বাদ করিলেন। গোড়েশ্বর ভদ্দণ্ডেই लारे जनगर्धा अकृषि वाजी निर्माण করিবার হকুম প্রদান করিলেন। ঐ বাড়ী 'জঙ্গলী টোটা'-নামে সাধারণের নিকট পরিচিত।

জন্মলী রাজাকে রূপা করিলেন বডি। রাজা তথা করিয়া দিলেন এক পুরী॥ সে স্থানের নাম 'জঙ্গলী-টোটা' সবে কন। জন্মলীর ঐশ্বর্য আমি কৈল প্রকটন॥ (প্রেম ২৪)

কিন্তু লোকনাথের সীতাচরিত্র-গ্রন্থে জানা যায় যে জঙ্গলী নারী ছিলেন না। শান্তিপুরের নিকট হরিপুর গ্রামের যজেশ্বর চক্রবর্তী বা রাজকুমার সীতাদেবীর নিকট হইতে দীক্ষা গ্রহণ করেন। তাহার নাম जननी विशा হয়। जननी-শিষা নন্দরাম, তিনিও 'হরিপ্রিয়া' নামে পরিচিত। এই নন্দরাম 'শ্রীকৃষ্ণমিশ্র-চরিত্র'-রচনা করেন। গৌরগণোদ্দেশ-(৮৯)-মতে हेनि পूर्वनीनाश 'विकश्न'।

জনমেজয় মিত্র—রাজা রাজেব্রলাল মিত্রের পিতা: ইনি সংকৰ্ষণ-

ভণিতায় বহু পদ রচনা করিয়াছেন। ১৮৬০ খৃ: ইনি 'সঙ্গীতরসার্ণব'-শ্বরচিত পদাবলী প্রকাশ করেন ৷ তাহাতে তৎপিতামহ পীতাম্বর মিত্রের পদাবলীও সমান্তত হইয়াছে।

জनानम (ठोधुत्री-- औथखवात्री, প্রীরঘুনন্দন ঠাকুরের শাখা। हे नि চক্রপাণির পুত্র।

'জনানন্দের কথা সবে **(%)** FI সাবধানে। রহে বিশ শত জন যাহার ক্লাণে'॥ जनार्मन-छिष्यावागी।

কালে শ্রীশ্রীজগন্নাথদেবের সেবক। মহাপ্রভুর ভক্ত, প্রভু দক্ষিণ দেশ হইতে পুরীধামে প্রত্যাবর্ত্তন করিলে সার্বভৌম ভট্টাচার্য ইহার পরিচয়

দিয়াছিলেন।

জগদাপ-সেবক এই. নাম-'জনার্দন'। অনবসরে করে প্রভুর শ্রীঅঙ্গ-সেবন॥ (চৈ°চ° মধ্য ১০। 8>)1

জনাৰ্দ্দন দাস-প্ৰীঅধৈত প্রভুর শাখা।

यानव नाम, विकय नाम, खनार्कन॥ (ठि° ठ° चामि >२।७०)

জনার্দন দাস রায়-কুলীন বাহ্মণ, পিতার নাম—শুভানন্দ রায়। প্রীধাম নবদ্বীপ-বাসী। ইনি প্রসিদ্ধ ভক্ত জগাইয়ের পুলতাত এবং মাধাইর পিতা। ভ্রাতার নাম রঘুনাথ (জগাই মাধাই ড্ৰন্থব্য)।

कनार्मन मिख-श्रीशाय खीडी-क्रशनाथरमरवत रमवक। (ठेठठ २४) ২০।৪২)। ২ উপেজ মিশ্রের ষষ্ঠ পুত্র (किं जामि २०१८)।

জনার্দন বিপ্র--পাঞ্জাবের ওল্ফা-।
নামক গ্রামে বাস। গুঞ্জামালী কৃষ্ণদাসের শিষ্ম হইয়া ইনি তত্তত্য
গাদির মোহস্ত হন। পরে নিজ
কনিষ্ঠ ভাই শুমজীকে শিষ্ম করিয়া
ঐ গাদিতে বসাইয়া ইনি সিদ্ধু প্রভৃতি
দেশে নামপ্রেম প্রচার করেন।

[ভক্ত ২১।৬]

জয়কুকাচার্য—শ্রীনিবাস পরী প্রীমতী ঈশ্রীদেবীর শিশু, শ্রীপাট—কাঞ্চন-গড়িয়া। শ্রীদাস ঠাকুরের জ্যেষ্ঠ পুত্র।
(অফু ৭)

জয়ক্ফাচার্য আর জগদীশাচার্য। শ্রামবল্লভাচার্য, এই তিন মহাআর্য॥ আর শিঘ্য ঈশ্বরীর অভিগুণবান্॥ (কর্ণা ২)

জয়গোপাল—কায়স্থ, কাঁদড়া গ্রামে
নিবাস। প্রীপ্তরুদেবের প্রশাদ লঙ্গন
করায় প্রীবীরভদ্র গোস্থামি-কর্তৃক
বৈষ্ণব-সমাজ হইতে বিতাড়িত হন।
রাচ্দেশে কাঁদরা নামেতে গ্রাম
হয়। তথা প্রীমঙ্গল, জ্ঞানদাসের
আলয়॥ তথাই কায়স্থ ভ্রগোপালের
স্থিতি। বিত্যা-অহংকারে তার জনিল
তুর্মতি॥ গুরু বিত্যাহীন—ইথে হেয়
অতিশয়। জিজ্ঞাসিলে পরমগুরুকে
গুরু কয়॥ প্রভু বীরভদ্র প্রকারেতে
ব্যক্ত কৈল। লজ্মিল প্রসাদ তেঞি
—তারে ত্যাগ দিল॥ ভিক্ত ১৪।

শ্রীশ্রীনিত্যানন্দ-তনর জয়গোপালকে
বর্জনের জন্ম শ্রীল শ্রীনিবাদকে যে
পত্র দিয়াছিলেন, তাহার নকল—
পত্রিকা ৫
শ্রীশ্রীগোরনিত্যানন্দৌ জয়তঃ।

ভবদীয়াবশাস্মরণীয়শ্রীবীরচন্দ্রদেবঃ

360-360]

প্রেমালিঙ্গনপূর্বকং নিবেদয়তি—
প্রীলপ্রীনিবাদচার্য। দ্বং প্রীপ্রীমহাপ্রভাগ্ন
শক্তিঃ। অতএব একয়া শক্তাা
প্রভুশক্তিরূপাদি-প্রীমক্রপ - গোস্বামিদারা গ্রন্থ: প্রকাশিতঃ। অপরয়া
শক্তাা গৌড়মগুলে মহাজনগংসদি
গ্রন্থবিস্তারং করোতি—ইতি ভবতোহস্তিকে মদীয়বার্ডাং প্রেময়ামি।

জয়গোপালদাদেন মৎপ্রেসাদোল্লজ্বনং কুতং, তচ্চ জগতি বিদিতমিতীহ তেন সার্দ্ধং মদীয়জনেন কেনাপ্যালা-পাদিকং ন ক্রিয়তে, ময়াপি নিষিদ্ধং; ভবতাপি তথালাপাদিকং ন কর্ত্তবামিতি।

প্রভু বীরভদ্র-গুণে কেবা নাহি
ঝুরে। করিলেন ত্যাগ পাপী জ্বরগোপালেরে॥ এসকল কথা হৈল
সর্বত্র বিদিত। আলাপাদি কেহো
না করয়ে কদাচিত॥ [ভক্তি ১৪৷
১৯০—১৯১]। প্রেমবিলাসের ১৯শ
বিলাসেও জয়গোপালের বিবরণ
আছে।
জয়গোপাল দত্ত—শ্রীনরোত্তম
ঠাকুরের শিশ্য।

জয় জয় শ্রীজয়গোপাল দত্ত বাঁরে। তিলার্দ্ধ বৈঞ্চবগণ ছাড়িতে না পারে॥ (নরো ১২)

জয়গোপাল দাস > — কাঁদরার মঙ্গলঠাকুর-বংশু বলরামের পিতা। ইনি
'শ্রীকৃষ্ণবিলাস' ও 'জ্ঞানপ্রদীপাদি'
গ্রন্থের রচয়িতা। [জয়গোপাল ক্রইব্য]
জয়গোপাল দাস > — শ্রীকৃষ্ণবিলাসপ্রণেতা ঘনশ্রাম দাসের গুরু।
সম্ভবতঃ ইনি শ্রীজীবগোস্বামি-প্রমুখ
বৈষ্ণবর্গণ-কর্ত্বক বর্জিত হইয়াছিলেন।
শ্রীকৃষ্ণবিলাসের প্রায়ই 'জয়-

গোপালের' নাম উট্টঞ্চন পূর্বক ভণিতা দেওয়া হইয়াছে। ইঁহার রচনা সংস্কৃত-'ভক্তিভাবপ্রদীপ' ও 'ভক্তি-বদ্বাকর' (১৫৫১ শকাবে রচিত)। জয়গোবিন্দ বস্তু চৌধুরী—বর্দ্ধমান জেলায় বেনাপুর গ্রামে (কুলীন গ্রাম হইতে এক মাইল দূরে) ১৭৬৪ শকে ইনি 'বৃহদ্ভাগৰতামৃত' গ্রন্থের বিবিধ ছন্দে অমুবাদ পয়ারাদি এই গ্রন্থের 'কানাই-করিয়াছেন। দাস'-কুত পয়ারাদি অহুবাদও প্ৰকাশিত হইয়াছে।

জয় তুর্গা দেবী-- শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর
কন্সা শ্রীমতী গঙ্গাদেবীর স্বামী
মাধবাচার্যের পালকমাতা ছিলেন।
ইংহার স্বামীর নাম—তগীরথ আচার্য।
জয়ত্বর্গাদেবীর পুত্রের নাম—শ্রীনাথ
ও শ্রীপতি। বিশ্বেষর আচার্যের
পত্নী মহালক্ষ্মী দেবীর সহিত জয়ত্বর্গাদেবীর 'সহ' পাতান ছিল।
(প্রেম ২১)।

জয়দেব—খৃষ্টীয় একাদশ শতাব্দে বীরভূম জেলার কেল্প্বিদ্বগ্রামে ভোজদেবের ঔরসে ও বামাদেবীর গর্ভে আবির্ভাব হয়। ইনি লক্ষণ-সেনের সভাপণ্ডিত ছিলেন। 'শ্রীগীতগোবিন্দ'-রচনা ইহার অভূলনীয় কীর্তি।
জয়দেব দাস—শ্রীরসিকানন্দ প্রভূর

২ বৈক্তব পদকর্তা [ব° সা° সে]।
জয়রাম চক্রেবর্তী—গ্রীশাম নবদ্বীপবাসী। ইনি প্রেসিদ্ধ শ্রীম্বন্ধপ
দামোদরের মাতামহ। ইহার

শিষ্য [র°ম° পশ্চিম ১৪|১৫৯]।

কন্তাকেই পদ্মগর্ভাচার্য বিবাহ করিয়'ন ছিলেন। বাণীনাথ মিশ্র, মহানন্দ বিভাভূষণ,

সে সময় নবন্বীপবাসী এক বিপ্র। জয়রাম চক্রবর্তী অতি স্থচরিত্র॥

কন্তা দিলা তারে কুলীন

জানিয়া। নিজ গৃহে রাখিলেন আগ্রহ করিয়া॥ (প্রেম ২৪)

২ (প্রেমী জয়রাম) এীনিবাস

প্রভুর শিশা। 'অমুরাগবল্লী'-(৭ম) মতে গৌড়ের 'কানসোণা' গ্রামে

ইহার প্রীপাট। একত্র নিবাসী শ্রীজয়রাম চক্রবর্তী। 'প্রেমী জয়রাম' বলি যাঁর হৈল খ্যাতি॥ (কর্ণা১)

শ্রামভট্ট, কৃষ্ণ পুরোহিত ও জয়রাম চক্রবর্ত্তী তিন জনে একগ্রামে বাস

করিতেন। **८ हो धुत्री**— छे १ कनवा शी, জয়রাম শ্রীআচার্য প্রস্থুর শাখা। (প্রেম ২০) জয়রাম দাস-শ্রীনিবাস আচার্যের

পুত্র গতিগোবিন্দের শিষ্য। এপাট —সোণাকৃদি গ্রামে। আর শিষ্য প্রভুর জয়রাম দাস

मारम। मधुत-ठित्रेज देवरम रमानाकृषि (कर्गा२) গ্ৰামে। জয়ানন্দ—ব্ৰাহ্মণ। ডাক নাম--

'গুইয়া'। শ্রীপাট—বর্দ্ধমানের নিকট

আমাইপুরা গ্রামে। हेनि 'প্রীচৈতন্তমঙ্গল'-নামে (প্রীলোচন-দাদের চৈত্তামঙ্গল হইতে ভিন্ন)

মহাপ্রভুর লীলাগ্রন্থ রচনা করেন।

পিতার নাম প্রবৃদ্ধি মিশ্র, মাতার নাম দেবী ৷ २८३२ इहेर्ड রোদনা

১৫১৩ খুষ্টাব্দের মধ্যে জন্মকাল।

ইংহার পিতা ঠাকুর শ্রীচৈতগ্রদেবের শাখা ছিলেন। জয়ানন্দের যে সকল আত্মীয় বৈঞ্ব বা ভক্ত ছিলেন, তাঁহাদের নাম তদ্গ্রন্থেই দুষ্ট হয়।

ইন্দ্রিয়ানন কবীন্দ্র বৈষ্ণব মিশ্র। রামানন্দ মিশ্র—জয়ানন্দের ক নিষ্ঠ ভাতা ছিলেন। এই গ্রন্থ বৈষ্ণব-গণের অনাদ্রণীয়। ইনি শ্রীযতুনাথদাসের শাখানির্ণয়ে শ্রীগদাধর পণ্ডিতের শাখা বলিয়া

কথিত হইয়াছেন। চৈতক্তদাসাখ্যং জয়ানন্দ-

মহাশয়ন। প্রকাশিতো যেন যত্নাৎ প্রীচৈতগুবিদাদক:॥ [শা° নি° ৫৩] জলধর পণ্ডিত— বৈদিক ব্রাহ্মণ. প্রসিদ্ধ শ্রীবাস পণ্ডিতের

ঠাকুর। পূর্বে শ্রীহট্টে নিবাস ছিল। তথা হইতে শ্রীধাম নবদ্বীপে আসিয়া সম্ভীক বাস করেন। ইহার পাঁচ পুত্র—নলিন পণ্ডিত, শ্রীবাস পণ্ডিত,

ক্যা-নারায়ণী দেবী, ইহারই পুত্র — শ্রীবৃন্ধাবন দাস ঠাকুর, শ্রীচৈতন্ত্র-ভাগবত-রচয়িতা। (প্রেম ২৪) **জলেশ্বর**—বাস্থদেব সার্বভৌমের পুত্র।

শ্রীরাম পণ্ডিত, শ্রীপতি পণ্ডিত ও

শ্রীকান্ত পণ্ডিত। নলিন পণ্ডিতের

জলেশ্বর বাহিনীপতি খড়দহ মেলের বিখ্যাত কুলীন কামদেব পণ্ডিতের পুত্র স্থাকরের ক্তাকে বিবাহ

(কাশী সরস্বতীভবন পুঁথি-সংখ্যা ৩৫৮) রচনা করেন। ইহার উপাধি ছিল—'মহাপাত্র'। পক্ষধর মিশ্রের

করেন। ইনি শব্দালোকোন্দ্যোত

'वालाक्तत' नामानी निकाकात्रगरणत মধা জলেশ্বরই প্রাচীনতম হওয়া অসম্ভব নহে।

(বঙ্গে নব্যস্থায়চর্চা ৪৩ পৃঃ) **জানকী**---ধারেন্দা-বাসী ভীমশ্রীকরের আম্রিত পণ্ডিত (র° ম° দক্ষিণ ধা২৭) জানকীনাথ-- খ্রীচৈতন্ত শাখা, বাহ্মণ।

জগন্নাথ তীর্থ, বিপ্র শ্রীজানকীনাথ। [हेठ° ठ° व्यापि २०।>>8] ওহে এজানকীনাথ বিপ্র! দেহ

বর। ঘুচুক কুতর্ক, শঠ কপট অহুরে॥ [নামা ২৩৫]

জানকীবল্লভ চৌধুরী--গ্রনরোত্ম-ঠাকুরের শিয়া। জানকীবল্লভ চৌধুরী শাখা শ্রীমন্ত দত্ত। সঙ্কীর্তনে নাচে তাঁরা হৈয়া (প্রেম ২০) উনাত্ত ॥ জয় জয় জানকীবন্নত চৌযুরী

আনন্দ প্রচুর॥ (नद्दा ১२) জানকী বিশ্বাস—শ্রীল গতিগোবিন্দ প্রভুর শিষ্য। জানকী বিখাস, পুত্র হাড়গোবিন ।

ঠাকুর। যাঁর চেষ্টা দেখি' বাড়ে

কায়মনে সেবে ছাঁহে প্রভু-পদঘন্দ।। (কর্ণা২) **জানকীরাম দাস**—উপাধি—বিখাস। পিতার নাম—করণাকর মজুমদার। করুণাদাদের ছই পুত্র-

জানকীরাম ও প্রসাদদাস। জাতি

করণ, নিবাস বনবিষ্ণপুর। প্রীনিবাস আচার্যের শিশ্ব। ত্বই ভাতার হস্তাক্ষর অতিস্থলর ছিল। শ্রীনিবাগ যাৰতীয় আচার্যের লিখনকার্য ইহারাই সম্পাদন করিতেন।

করণ-কুলেতে জন্ম অতিশুদ্ধাচার। করুণাকর দাসের পুত্র—স্থই সহোদর ॥ প্রভু-গৃহে পত্র দোঁহে সদাই লেখয়। সেই হেতু 'বিখাস' নাম দিলা . মহাশয়॥ জােষ্ঠ জানকীরাম দাস

দরাময়॥ (কর্ণা ১) জানুরায়—শ্রীঅধৈতপদ্বীসীতাদেবীর

মহাশয়। তাঁরে কুপা করিলেন প্রতু

শ্ৰীজাহ্নবা দেবী

1588 িশিষ্য। লোকনাথ দাসের সীতা-

চরিত্রে ইংগর বিষয় আছে (বঙ্গভাষা ও সাহিত্য 🛚 📗

জালিয়া-ধীবর বা কৈবর্তভাতি; "পুরীর নিকটে সমুদ্রে- মৎশু ধরিতেন। এক দিবস মহাপ্রভু আইটোটা

হইতে জ্যোৎমা-প্লাবিত সমুদ্রের অপরপ শোভা দেখিয়া যমুনা-এমে তাহাতে কম্প দিয়া পড়িলেন এবং ভাসিতে ভাসিতে কোণার্কের দিকে চলিয়া গেলেন।

ি কোণার্কের দিকে প্রভুকে তরঙ্গে প্রহিয়া যায়। কছু ডুবাইয়া রাখে, 'কভু বা ভাসায়॥ [ৈচ° চ° অন্তা 156 00

ভক্তগণ প্রভুকে না দেখিতে পাইয়া 'হায় হায়' করিয়া চতুদিকে ঁঅম্বেষণ করিতে ছুটিলেন, কিন্ত 'কোথাও প্রভুকে পাওয়া গেল না— তখন ভক্তগণের মস্তকে যেন বজ্ঞ

পড়িল। তাঁহারা ভাবিলেন— ত অন্তর্ধান কৈল গ্রন্থ নিশ্চয় করিল। 2 7 3 1 1 1 1 1 1 1 1 1 1 (জ্রি ৩৮) কিছুক্ষণ পরে ভক্তগণ—

দেখে এক জালিয়া আইসে কান্ধে **छान** कंत्रि। ^द शास्त्र, कारम, नारह, গার, খলে হরি হরি॥ (এ ৪৪) স্বরূপ গোস্বাদী ধীবরের এরূপ

ভাব-দৰ্শনে কহিলেন— কহ জালিয়া এদিকে দেখিলে একজন তিমার এ দশী কেন কহত

বারণা তি ৪৬ া জালিয়া ভীত হইয়া বলিল—মামুষ দৈখি নাই, আমাকৈ ভূত কিয়া ব্ৰহ্মদৈত্য পাইয়াছে। আমি জাল ফেলিতে ছিলাম, খুব ভারি ঠেকাতে

মনে করিলাম—বড় মাছ পড়িয়াছে। তারপর জাল উঠাইয়া দেখি— অপরপ একজন ২ডা মামুষ।

'জাল খদাইতে তার অঙ্গ স্পর্শ হৈল। স্পর্শমাত্র সেই ভূত হৃদয়ে পশিল্য ভয়ে কম্প হইল, মোর নেত্রে বছে জল। গদ গদ বাণী, রোম উঠিল সকল॥ কিবা এক্স-

দৈত);কিবা ভূত কহনে না যায়। দর্শন-মাত্র মন্তব্যের পৈশে সেই কায়'॥ তারপর বলিতেছেন—

সাত। এক এক হস্ত পদ তার তিন তিন হাত॥ অস্থি সন্ধি ছাড়ি চর্ম করে নড়বড়ে। তাহা দেখি প্রাণ কার নাহি রহে ধড়ে॥ মড়ারূপ ধরি রহে উত্তান নয়ান। কভু গোঁ। গোঁ করে, কভু হয় অচেতন॥

মহাশয়! আমি চিরকাল রাত্রে

(@ e2-e8)

'শরীর দীঘল তার হাত পাঁচ

মাছ ধরি, কথন এমন হয় না। যদি কখনও কিছু ভয় পাই, তবে 'নৃসিংহ নৃসিংহ' নাম করিবা-মাত্র স্ব দূর হইয়া যায়; কিন্ত এ ভূত কি রক্ম, কত নাম করিলাম, কিন্ত ছাড়িতেছে না। আপনারা ওদিকে যাইবেন না। চতুর শ্রীস্বব্ধপ গোস্বামী জালিয়ার কথাতে ব্যাপার বুঝিয়া বলিলেন—'তোমার ভয় নাই, আমি খুব বড় বৈহা, এখনই ভূত

তথ্ন গোস্বামী বলিতেছেন— ্ত্রন্থর করে্তুমি যারে কর ভূতজান। ভূত নহে, উিহে। রহিলেন[ভক্ত ৩]। ঠাকুর

ছাড়াইয়া দিতেছি'—এই বলিয়া

ভাছার গাতে তিন চাপ্ড মারিলেন। তখন জালিয়ার ভয় দূর হইল। শ্ৰীকৃষ্ণ চৈতন্ত ভগবান্। ঐ ৬৪ कानिया विनन-'ना ঠাকুর,

আমিত মহাপ্রভুকে অনেক্বার দেখিয়াছি। এ যে সে মৃতি নয়'।

স্বরূপ কহিলেন—প্রেমের বিকারে তাঁহার ঐক্প মৃত্তি হইয়াছে। েশ্বরূপ কহে—তাঁর হয় প্রেমের বিকার। অস্থি-সন্ধি ছাড়ি হয় অতি-

দীর্ঘাকার॥ ঐ ৬৯

তখন জালিয়ার সঙ্গে ভক্তগণ প্রভূকে আনিবার জন্ম ছুটিলেন— .

ভূমিতে পড়িয়া আছেন দীর্ঘ মহাকায়। জলে খেত-তমু, বালু লাগ্যাছে গায় ⊮ অভিদীর্ঘ শিথিল ভমু-চর্ম নট্কায়। দুর পথ উঠাইয়া , ঘরে আনা না যায়। 🖄 ৭১।৭২ 🐪

পরে প্রভুকে শুষ্ক কৌপীন

পরাইয়া সেই স্থানে প্রস্থুর কর্ণে উচ্চৈঃস্বরে সকলে ক্লফনাম বলিতে থাকিলে এভু ভৃষ্ণার করিয়া, উঠিয়া কাদিতে কাদিতে স্বরূপের গলা ধরিয়া যে কথা বলিলেন ফুপাময় পাঠক। শ্রীচৈতগুচরিতামতের অস্ত্য

১৮শ পরিচ্ছেদের সেই কাহিনীটি একবার পাঠ করুন। এজাক্তবা দেবী—সর্বেল প্রস্থাদাস পণ্ডিতের কম্মা ও শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পত্নী। পূর্বলীলায় রেবতী ও व्यनक्रमञ्जती (त्रो ग° ७८, ७७)। ইনি প্রকটকালে স্ব-প্রতিমা করাইয়া গোপীনাথের-বামে বশাইলে প্যারীজীর মান হয় এবং তাহার

আসিয়া মীমাংসা করেন, এদিকে আপোস ইইয়া জাহ্নবাজী বামেই

প্রশমনের জন্ম জয়পুরের রাজা

নবহট (নৈহাটী) গ্রামে নৃতন বাস

নরোত্তমের সংকীর্ত্তন-মছোৎসবে শ্রীজাহ্নবাজীর গমন, খেতরী হইতে বুন্দাবনযাত্রা (ভক্তি ১০।৩৬৯— ১১।১৯৮)। পুনরায় খেতরী হইয়া বুধুরিগ্রামে আগমন ও বড়গঙ্গাদাদের স্হিত হেমলতার বিবাহ দান (ভক্তি ১১।৩৬২-৩৯৬), একচক্রোর গমনাদি (ঐ ১১৩৯৭—১৫৯), খড়দহে আগমন (ঐ ৬৬০-৭৮৬); মা জাহ্বার আজায় বীরচন্দ্রপ্রভুর বিবাহ (🗗 ১৩।২৪৯—২৫৭)। বিতীয়বার वुन्मावरन शगनामि (के ১०१२७४--২৮০)। অভিরামের বংশীর আঘাতে বীরভদ্রের নৌকাভঙ্গ, জাহ্নবা মাডার চতভূজি দর্শনে বীরভদ্রের মনঃ-্পরিবর্ত্তন ও দীকা (প্রেবি২৪)। রশাবনে যাইতে কুতুবুদ্দিন দস্তার উদ্ধার-প্রসঙ্গ (প্রেবি ১৯)।

২ সদাশিব কবিরাজের পুত্র পুরুষোত্তম দাসের পত্নী ও প্রীকান্ত্র-ঠাকুরের মাতা। [কান্তরাম দাস দেখুন]।
জাহ্ববী দেবী—চাতরার কাশীনাথ

পণ্ডিতের মাতা। প্রীপ্রীধামে মহাপ্রভূর নিকটে গমন করত বাশীনাথকে লইয়া আদেন। ('কাশীনাথ') দেখন।

জিতামিত্র—শ্রীগদাধর পণ্ডিতের
শাথা। ইনি ছয় রিপু জয় করিয়াছিলেন বলিয়া মহাপ্রভু এই নাম
দিয়াছেন (চৈচ আদি ১২।৮৩)।
পূর্বলীলায় ভামমপ্ররী (গৌ গ
১৯৫,২০০)।

যন্ত্ৰ শ্ৰীপৃস্তকং কৃষ্ণমাধুৰ্য-প্ৰেম-পোষকম্। জিতামিত্ৰমহং বন্দে স্বাভীষ্ট-প্ৰদায়কম্ শা° নি° ৩৬]। জীব—রত্বগর্ভ আচার্যের পুত্র।
ত্রীনিত্যানন্দ-পার্যন । বজের ইন্দিরা।
[জীব পণ্ডিত দেখুন]। (চৈতা
মধ্য ১৷২৯৫)
ত্রীজীবগোস্বামী ——- শ্রীক্ষণতৈত্ত্যশাখা। প্রাথিদ্ধ ভক্তিগ্রন্থপ্রণেতা,
চিরকুমার। বংশ-প্রিচয়—লঘু

তোষণীর উপসংহারে আত্মবংশের

পরিচয়-প্রসঙ্গে শ্রীজীব বলিয়াছেন যে ইঁহার উপ্রতিন স্প্রম কর্ণাটদেশীয়, সর্বজ্ঞ ব্রাহ্মণগণ-পর্মপূজ্য মধ্যে ছিলেন বলিয়া 'জগদ্ওক' নামেও অভিহিত হইতেন। তিনি তত্তা ছিলেন—সর্বশাস্ত্রবিশারদ ভরদ্বাজ-গোত্ৰীয় যজুৰ্বেদী ব্ৰাহ্মণ হইলেও তাঁহার অসাধারণ পাণ্ডিত্য-প্রতিভায় ও অলোকসামান্ত গুণরাজিতে বহুদেশ হইতে বিভাগী আসিয়া তাঁহার শিষাত্ব গ্রহণ করিতেন। সর্বজ্ঞের পুত্র—অনিরুদ্ধ যজুর্বেদের স্থপণ্ডিত. মহাযশাঃ ও জগৎপূজাই ছিলেন। ইঁহার ছই মহিষী ও ছই পুত্র-রূপেশ্বর ও হরিহর। প্রথম জন শাস্ত্রে ও অপর জন শস্ত্রে বিশেষ ব্যংপন্ন হইয়াছিলেন। পিতা ছই পুত্রকে রাজ্য বিভাগ করিয়া নিত্য-**৫**বেণ করিলে হরিহর

রাজা শিখরেখরের সহিত মিত্রতা।
করিয়া বসতি করিলেন। ইঁহার
পূত্র—পদ্মনাভ রূপে, গুণে, বিভায়,
বৃদ্ধিতে, ধনে ও মানে প্রাসিদ্ধ
হইলেন। পদ্মনাভ ভাগীরথী-প্রাস্তে

হইয়া সন্তীক

রাজ। দখল করেন।

রূপেখবের

নিরুপায়

পৌরস্তাদেশে আগমন করত তত্ত্তা


স্থাপন করেন। পদ্মনাভের আঠার ক্সা ও পাঁচ পুত্র। কনিষ্ঠ পুত্রের নাম—মুকুন্দ, তাঁহার পুত্র কুমারদেব প্রম আচারনিষ্ঠ ছিলেন; নৈহাটীতে ধর্মবিপ্লব উপস্থিত হইলে ইনি বাকলা চত্ৰদ্বীপে যাইয়া বাস করেন। নৈহাটী ও বাকলার মধ্যে (যশোহরে) ফতেয়াবাদেও এক বাসস্থান করিয়া-ছিলেন বলিয়া জানা যায়। কুমার-দেবের অনেক পুত্রের মধ্যে তিন-জনই প্রসিদ্ধ-সনাতন, রূপ ও অনুপ্র। ইহাদের পিতার পরলোক গোড়-রাজধানীর ইঁহারা সন্নিকটে সাকুৰ্মা-নামক ক্ষুদ্ৰ পল্লীতে মাতৃলাশ্ৰয়ে থাকিয়া বিভাশিকা করিতেন। চহ্মিণ পঁটিশ বৎসর প্রীপাদস্নাত্ন বয়ঃক্রমকালে শ্রীরূপ গৌড়রাজ হ'দেন সাহের মন্ত্রীত্ব বরণ করত শাকর মলিক ও দবীর খাস সাজিয়া রাজকার্য পরিচালনা করিতেন। অন্নপ্রের পুত্রই-শ্রীজীব।

প্রীজীবের সংক্রিপ্ত জীব্ন—
শৈশবেই ইনি পিতৃহীন হন।
বাল্যকাল হইতেই প্রীভগবানে
অমুরাগী ছিলেন। বাল্যক্রীড়া না
করিয়া ফুলচন্দনাদি দারা প্রীকৃষ্ণপূজাই করিতেন।

প্রীজীব বালক-কালে বালকের
সনে। প্রীকৃষ্ণ-সম্বন্ধ বিনা থেলা
নাছি জানে॥ কৃষ্ণবলরাম-মৃতি
নির্মাণ করিয়া। করিতেন পূজা পূজাচন্দনাদি দিয়া॥ [ভক্তি ১।৭১৯]
প্রীক্রপ ও প্রীসনাতন গোখামী

গ্রীজীবগোস্বামী

শ্রীজীবগোস্বামির বংশলভা



সর্বত্যাগী হইয়া শ্রীরন্দাবনে গমন করিবার পর হইতেই শ্রীজীবের বৈরাগ্য প্রবল হয়। শ্রীরূপ সনাতন তাঁহাদের বিষয়-বৈভব বিতরণ করিয়া দিলেও যাহা অবশিষ্ট ছিল, তাহাও শ্রীজীবের বিষময় বোধ হইল—

নানারত্ব ভূষা পরিধের স্ক্র বাস।
অপূর্ব শয়ন শয়া ভোজন-বিলাস॥
এ সব ছাড়িল, কিছু নাহি ভায়
চিতে। রাজ্যাদি বিষয় বার্ত্তা না
পারে শুনিতে॥ [ভক্তি ১।৬৮৭
—৮৮]

ক্রমে তিনি গোস্থামিগণের
আকর্ষণে আর গৃহবাসী হইতে
পারিলেন না। এক দিবস মহাপ্রভুকে স্বপ্নে দর্শন করিয়া তিনি
অন্থির হইলেন। পরিজনদিগকে
বলিলেন—'আমি নবদ্বীপে অধ্যয়ন
করিতে যাইব।' এইরূপ ছল করিয়া

তিনি বাক্লাচন্দ্রপীপ হইতে নবদ্বীপে গমন করিলেন। সঙ্গের লোকজ্বনকে পথিমধ্যে ফতেয়াবাদ নামক
স্থানে বিদায় দিয়া একমাত্র ভৃত্য
সঙ্গে রাথিয়া কিছু দিন পরে শ্রীধাম
নবদ্বীপে শ্রীবাস-অঙ্গনে উপস্থিত
হইয়া শ্রীনিত্যানন্দ প্রভুর কপা লাভ
করিলেন।
নিত্যানন্দ প্রভু মহাবাৎসল্য-

চরণযুগল॥ (ভক্তি ১৯৭৫)
শ্রীনত্যানন্দ প্রভু কহিলেন—
'শ্রীজীব! তোমার জন্তই আমি
শ্রীপাট খড়দহ হইতে শ্রীধাম নবদ্বীপে আসিয়াছি। নবদীপে কিছুদিন অবস্থান করিয়া শ্রীকৃন্দাবনে
যাও।' কোন গ্রন্থে শ্রীজীব গোস্থামির
সহিত মহাপ্রভুর সাক্ষাতের কথা
জানা যায় না। তবে 'ভক্তিরভাকরে'

জানা যায়—মহাপ্রভু যথন রামকেলি

ধরিলা

শ্ৰীক্ষীব-মাথে

বিহ্বল।

গ্রামে গমন করেন, তখন শিশু শ্ৰীজীব প্ৰভূকে দৰ্শন করিয়াছিলেন। শ্ৰীজীব নবদ্বীপ হইতে কাশীধামে গমন করেন। তথায় মধুস্দন বাচ-নিকট কিছুদিন বেদান্ত পড়িয়া তথা হইতে জ্রীবৃন্ধাবনে যান ও গোস্বানিগণের চরণাশ্রয় করেন। ঐজীব গোস্বামির ক্রায় পণ্ডিত তৎকালে ভারতবর্ষে কেই ছিলেন না। বাল্যকাল হইতেই ভিনি দেবী সরস্বতীর কূপাপাত্র হয়েন। তিনি দিখিজয়ী পণ্ডিতকে পরাজিত করিয়াছিলেন। একদা যমুনাতীয়ে শ্রীরূপগোস্বামী গ্রন্থ লিখিতেছেন, নিকটে শ্ৰীদ্বীৰ তাঁহাকে ব্যদ্ধন করিতেছিলেন, এমন সমরে প্রসিদ্ধ বল্লভ ভট্ট (বাঁহা হইতে বল্লভী সম্প্রদায়ের প্রবর্ত্তন হয়) করিয়া জিজ্ঞাসা করিলেন—'কোন রচনা হইতেছে?' শ্রীরূপ গ্ৰন্থ

কহিলেন - ভক্তিরসামৃতসিন্ধু,'; বল্লভ ভট্ট বলিলেন—'বেশ! এ গ্ৰন্থ আমি সংশোধন করিয়া দিব।' এই কথা ৰিলয়া ভট্টজী যমুনাতে স্নান করিতে कविरमन। शिकीव ভটের অহঙ্কার দেখিয়া করিতে স্হা পারিলেন না, কিন্তু জ্যেষ্ঠতাত দৈত্যা-শ্রীরূপের নিকট কহিবার সাধ্য নাই, তাই চুপে চুপে তিনিও যমুনাতে জল আনিবার ছলে বল্লভ ভট্টের নিকটপ্ত হইয়া কহিলেন—'গ্রন্থমধ্যে কোন ख्य (पिथ्रिलन (य मः स्थाधन कतिया **मिर्दिन.** विनिद्यन ।'

ক্রমে উভয়ের মধ্যে শাস্ত্রযুদ্ধ হইল। ভট্টজী বালক শ্রীজীবের পাণ্ডিত্য দেখিয়া একেবারে মুগ্ধ হইয়া গেলেন।

'শ্রীজীবের বাক্য ভট্ট নারে খণ্ডিবারে'। [ভক্তি ৫1১৬০৫] স্নানান্তে ভট্টজী শ্রীরূপের নিকট আগমন করিয়া কহিলেন—'তোমার নিকট যে বালককে বসিয়া থাকিতে দেখিয়াছিলাম, সেটি কে ?' ইহাতে— শ্রীরূপ কহেন – কিবা দিব পরিচয়। জীব নাম, শিব্য মোর— শ্রাতার তনয়॥ [ভক্তি ৫1১৬০৮]

শীরূপ গোস্বামী শ্রীজীবের স্বভাব জানিতেন। তথাপি শোধন-জন্ত শ্রীজীব জল লইয়া যমুনা হইতে নিকটে আদিতেই বলিলেন—

বল্লভ ভট্ট বালকের অসাধারণ

মহাবৃদ্ধিমান

পাণ্ডিত্যের প্রশংসা করিয়া স্বস্থানে

করিলেন।

গমন

মোরে রুপা করি ভট্ট আইল। মোর পাশে। মোর হিড় লাগি গ্রন্থ শোধিব বলিলা। এ অতি অন্ন বাক্য সহিতে নারিলা॥ তাহে পূর্ব-দেশে শীঘ্র করহ গমন।

(ভক্তি ৫।১৬৪১—৪৩)
গোস্থানিগণের আজ্ঞা লজ্ঞান
করিবার উপায় নাই। কাজেই
শ্রীজীব কুপ্পমনে তৎক্ষণাৎ তথা

হইতে পূর্বমুখে চলিয়া গেলেন এবং
নন্দঘাটে পড়িয়া রহিলেন। কোনদিন উপবাস, কোনদিন ব্রন্ধাসিগণের অত্যধিক পীড়াপীড়িতে সামান্ত
ফলমূল ভোজন করিয়া দিন-যাপন
করিতে লাগিলেন, কিন্তু ক্রমেই

তিনি জীর্ণ-শীর্ণ হইয়া পড়িলেন।

পরে এক দিবস শ্রীসনাতন গোস্বামী
বন শ্রমণ করিতে করিতে ঐস্থানে
আগমন করিয়া শ্রীজীবের সংবাদ
পান। দয়ার সাগর জ্যেষ্ঠতাত
শ্রীসনাতন গোস্বামী জীবের অবস্থা
দেখিয়া বড়ই কাতর হন এবং

জ্ঞ

অমুমতিক্রমে শ্রীকীবকে

বৃন্দাবনে লইয়া যান। অগ্রজের আজ্ঞায় শ্রীরূপ শ্রীজীবকে ক্ষমা করিয়া তাহার শুশ্রুষা করিতে লাগিলেন—অচিরেই শ্রীজীব আরোগ্য

ক্ষার

অপরাধের

শ্রীরূপের

লাভ করিলেন।

শ্রীজীবের আরোগ্যে সবার হর্ষ
মন। দিলেন সকল ভার রূপ
সনাতন॥ শ্রীরূপ-সনাতন-অমুগ্রহ
হইতে। শ্রীজীবের বিভাবল ব্যাপিল
জগতে॥ [ভক্তি ৫।১৬৬৪]

গ্রন্থাবলী—ষট্সন্মর্ভ, সর্বসম্বাদিনী, হরিনামামৃত ব্যাকরণ, স্ত্রেমালিকা, ধাতুসংগ্রহ, ভক্তিরসামৃতশেষ,শ্রীমাধব-মহোৎসব, শ্রীগোপালচম্পূ (পূর্ব ও উত্তর), সংকল্পকল্পবৃক্ষ, প্রীগোপাল বিরুদাবলী, গোপালতাপনীটীকা, ব্রহ্মসংহিতাটীকা, রসামৃতটীকা, উজ্জ্বলটীকা, গায়ত্রীভাষ্য, ক্রমসন্দর্ভ, প্রীরাধাক্ষঞার্চনদীপিকা, প্রীরাধাক্ষয়-করপদভিহ্সমাহাতি ইত্যাদি। জীব দাস—প্রীরসিকানন্দ প্রভুর

জীব দাস—গ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য। জীবন—গ্রীরসিকানন্দ-শিষ্য রি° ম° পশ্চিম ১৪।২৫২ ী

জীবন চক্রবর্তী—(ভক্ত

অর্থাকাজ্জী দরিক্ত ব্রাহ্মণ, বর্দ্ধমান জেলায় মানকর-নিবাসী। ইনি বছ-দিনযাবং কাশীধামে শিবের আরাধনা করত শিবের আদেশে বৃন্দাবনে শ্রীসনাতন গোস্বামির সহিত সাক্ষাৎ করত স্পর্শমণি পাইয়াও সঙ্গগুণে তাহা ত্যাগ করিয়া শিষ্য হন। ইহার বংশ্ধরগণ মাডগাঁয় বাস করেন।

ইন্দিরা (গো° গ° ১৬৯)। ইনি রত্বগর্ভ আচার্যের পুত্র [চৈ° ভা° মধ্য ১।২৯৬] মহাভাগ্যবান্ জীব পণ্ডিত উদার। যাঁর ঘরে নিত্যানন্দচন্দের বিহার॥

জীব পণ্ডিত—উপমহাস্ত, পূর্বলীলায়

[ঐ অস্ত্য «।৭৫১] জ্ঞা**নদাস**—প্রসিদ্ধ পদকর্তা, প্রীশ্রী নিত্যানন্দ প্রভূর শাখা। শ্রীজাহ্না-

দেবীর শিষা ৷

শহর, মুকুন্দ, জ্ঞানদাস, মনোহর।
[চৈ° চ° আদি ১১/৫২]
অন্তুমান ১৪৫৩ শকে জ্ঞানদাস

বর্দ্ধমান জেলার কাটোরার নিকট-বর্তী কাঁদড়া গ্রামে রাটীশ্রেণীর ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। জ্ঞান-দাস কৈশোরে বৈরাগ্য গ্রহণ করেন। জানা যায়—বাবা আউল
মনোহর দাস ইঁহার চির স্হচর
ছিলেন। কাঁদড়া গ্রামে জ্ঞানদাসের
মঠ আছে। প্রতি বৎসর পৌষপূর্ণিমায় ইঁহার উৎসব হইয়া থাকে।

বাঁকুড়া জেলার কুতুলপুর গ্রামে কয়েক ঘর গোস্বামী আছেন। তাঁহার। জ্ঞানদাসের বংশধর বলিয়া পরিচয় প্রদান করেন। জ্ঞানদাস বাঙ্গলা ও ব্রজবুলি ত'্যায় পদাবলি রচনা করিয়াছেন। পূর্বরাগ, স্থাশিক্ষা, মিলন, নৌকাখণ্ড, মুরলী-শিক্ষা,
গোষ্ঠবিহার, মান, মাথুর, প্রশ্নুতিকা
ইত্যাদি পদাবলী সাহিতে)র অলম্বার।
স্কোনবল্লভ দাস—বৈঞ্ব পদকর্তা।

न, हे, ७, ७, ७

ঝড়ু ঠাকুর—জাতি ভ্ইমানী। ভক্ত বৈষ্ণব।

ভূমিমালী জাতি বৈঞ্ব — ঝড়ু ঠাকুর নাম॥

[চৈ° চ° অস্তা ১৬।১৪]

শ্রীরঘুনাথ দাস গোস্বামির জ্ঞাতিথ্লতাত কালিদাস একদিন ইহার গৃহে
আদ্রুক্ত উপহার লইয়া গমন করিয়া
ইহার উচ্ছিট্ট থাইয়া প্রেমান্মত
ইইয়াছিলেন। ইনি ও ইহার স্ত্রী
উভয়েই মহাপ্রভুর ভক্ত। (কালিদাস
দেথ) হগলী জ্বেলার অন্তর্গত ত্রিশবিঘার সন্নিকটস্থ 'ভূত আক্না' নামক
গ্রামে শ্রীল ঝড়ু ঠাকুরের জন্ম বলিয়া
কথিত আছে।

ঠাকুর দাস—শ্রীনিবাস আচার্য প্রভুর। চঙ্গ শিষ্য, বান্ধণ।

তবে রূপা কৈলে প্রস্থ ঠাকুরদাস ঠাকুরে। তাঁহার ভজন-রীতি বড়ই গম্ভীরে॥ (কর্ণা ১) ঠাকুর দাস বৈষণ্ডব—উজ্জ্বনীল-মণির প্যাহ্নবাদক [ব-সা-সে]।

ঠাকুর প্রসাদ দাস—শ্রীখামানদ প্রভুৱ ভাতা।

কিশোর, বালক, খ্যামদাদ শুদ্ধ-মতি। এই তিন শিব্য সঙ্গে, ভাই একজন। ঠাকুর প্রসাদ দাস খাতি সর্বস্থান॥

্র° ম° পুর্ব ১৫।৩৪—৩৫] **ভঙ্ক-**-সাপুড়িয়া, নাম অজ্ঞাত। नागताकाविष्टे श्रेश हिन जीकृष्णनीना গান করিতে থাকেন, তাহাতে শ্রীহরিদাস ঠাকুরের অদ্ভুত প্রেমোদয় ও বিবিধ ভাববিকার হয়; তাহা দেখিয়া এক বিপ্রের মাৎসর্যবশতঃ তদমুকরণের ম্পৃহা হইলে তাহার্কে দারুণ প্রহার করিয়া দুর করিয়াছিলেন। এই ডঙ্কের মুথে শ্রীহরিদাস ঠাকুরের মহিমা কীত্তিত হইয়াছিল। [চৈ° ভা° আদি ১৬। 1.485---

চঙ্গ বিপ্র-—শ্রীহরিদাস ঠাকুরের প্রেমচেষ্টার অমুকরণ করিতে গিয়া ইনি সর্পক্ষত ডঙ্ক-কর্তৃ ক তীত্র প্রহার প্রাপ্ত হইয়া পলায়ন করিয়াছেন।

[চৈ° ভা° আদি ১৬।২১৩—২২৯] তপন মিশ্র—শ্রীচৈতত্ত-শাথা।

বারাণসী মধ্যে প্রভুর ভক্ত তিন-। জন ॥ চক্রশেখর বৈদ্য আর মিশ্র। তপন। রঘুনাথ ভট্টাচার্য মিশ্রের নন্দন॥

[दें 5° क° वाि २०|२६२—२६७]

ইনি পূর্বে প্রা-তীরবর্তী রামপ্র-বাদী ছিলেন (সপ্ত গোস্বামী)।

সেই দেশে বিপ্র, নাম মিশ্র তপন।
নিশ্চয় করিতে নারে সাধ্য সাধন॥
বহু শাস্ত্রে বহু বাক্যে চিতে ভ্রম হয়।
সাধ্য সাধন শ্রেষ্ঠ না হয় নিশ্চয়॥

্ বৈচ° চ° আদি ১৬।১০—১১]
তপন মিশ্র স্বপ্নে দেখিতে পান
যে মহাপ্রভু তাঁহাকে তাঁহার নিকট
আসিবার জন্ম আজ্ঞা করিতেছেন।
পরে তিনি প্রভুর সহিত সাক্ষাৎ
করিলে মহাপ্রভু শ্রীহরিনাম-বিষয়ে
নানাবিণউপদেশ-দান করত তাঁহাকে
বারাণসী ধামে বাস করিবার জন্ম
আজ্ঞা প্রদান করেন। [চৈ ত ভা ত আদি ১৪।১১৬—১৫৫]

যখন বারাণসী ধামে মহাপ্রভূ শ্রীল প্রকাশানন্দ সরস্বতীকে উদ্ধার করেন, তথন এই তপন মিশ্রই সেই লীলার অনেক পৃষ্টি করিয়াছিলেন। সন্ন্যাসের পরে মহাপ্রভূ বারাণসীতে আসিয়া মণিকর্ণিকায় স্নান করিতে করিতে তপন মিশ্রকে দেখিতে পাইলেন,তপন মিশ্রও প্রভুকে দেখিয়া প্রথমত: আশ্চর্যান্বিত হইলেন, কারণ তিনি মহাপ্রভুকে স্বদেশে নটেক্স- ু বেশে দেখিয়াছিলেন, আজ সন্নাসি-্বেণ! মিশ্র সাগ্রহে প্রভুর চরণ -ধারণ করিয়া ক্রন্দন করিতে লাগি-বেন!! প্রভু তপন মিশ্রকে কুপা-লিঙ্গন করিলেন। · - [১৮° চ° মধ্য ১৭৮৩—১০০] - এই তপুন মিশ্রের পুত্রেরই নাম— শ্রীল রখুনাথ ভট্ট। ইনি ষড়-পোস্বামির মধ্যে একজন। [রঘু-নাথ ভট় দেখ দাস - শ্রীঅভিরাম ভিলকরাম ংগোস্বামির শিষা, তাঁহারই কুপাদেশে ইনি 'শ্রীঅভিরামলীলামূত' নামে `বিংশতি-পরিচেদাত্মক <u>এছ</u> রচনা করেন। ইহাতে শ্রীভভিরামের লীলামালাই গুম্ফিত হইয়াছে। তুকা- রাজা প্রতাপরদ্রের ক্যা; 'জগনোহিনী' দ্রষ্টব্য। **जुलमो माम**--- इमिक्म मन- ९८१७। ্ শ্রীগোপীজনবল্লভ দাসের সঙ্গীর্ত্তন-গুরু। রসময়ের পুত্র [র°ম° দক্ষিণ

তেলাই (१)—শ্রীরসিকানন্দপ্রভুর দাস। আজনা রসিক-সঙ্গে করিল শিষ্য [র°ম° পশ্চিম ১৪।১৬০] নিবাস।। সঙ্কীর্ত্তন-মহোৎসবে প্রথম ভৈথিক ব্ৰাক্ষণ—'সত্যভান্থ বন্দন। বস্ত্র আভরণ দিয়া রসিক পুজেন॥ তুলসীতে জল দিতে না উপাধ্যায়' দেখ। পেয়ে রসিকে। তুলসী চরণে দিয়া এই কর গৌর-প্রিয় তৈথিক খার মনস্থথে॥ ব্রাহ্মণ। নবদীপে গণসহ দেখি [র° ম° পূর্ব ১|৬৪—৬৬] वृक्तादन॥ [नागा २>8] **ত্রিমল্লভট্ট** – শ্রীরঙ্গক্ষেত্রবাদী মহাপ্রভূ তুলসী দাসী—গ্রীর্গিকানন্দ প্রভুর দাক্ষিণাত্যে ভ্রমণকালে ইংগকে কুপা শিষ্যা [র° ম° পশ্চিম ১৪|১১১] করিয়া ভট্টণের গৃহে চাতুর্মাস্ত কাল-তুলসী পড়িছা—ওচ্,দেশীয় গৌর-যাপন করিলেন। ইহারই ভাতা-পার্ষন। নন্দোৎসবে ইনি মহাপ্রভুর ব্যেষ্কট এবং প্রবোধানন্দ; ভাতুম্পুক্ত लीलांगकी ছिल्लन। (देवह मधा २०। —গোপাল ভট্ট। ২৽)। ত্তিবিক্রমানন্দ দেব—শ্রীরদিক-তুলদী পড়িছা! মগ্ন কর সে মুরারির ষষ্ঠ অধস্তন। ইনি উৎকল-লীলায়। ব্ৰহ্মা শিব শেষ যার অন্ত শ্রীবৃন্দাবনপদকল্পতরু-নাহি পায়॥ [নামা ১৬৭] নামক গীতিকাব্য গ্রামানন্দশতকের তুলসী মিশ্র—ওচ্ দেশীয়, গৌরভক্ত (दिख्द-दन्तना, नामा ६०) প্রাছ্বাদ এবং ১৪টি পদ রচনা তুলসীরাম দাস—শ্রীনিবাস আচার্যের করেন। শিষা। জাতিতে তন্ত্রায়। ত্রৈলোক্যনাথ মিশ্র—উপেদ্র মিশ্রের কনিষ্ঠ পুত্র এবং শ্রীগোরাঙ্গ তন্ত্বায়-কুলোদ্ভৰ তুলসীরাম দাসে। সদা প্রভুপদ চিন্তে পরম মহাপ্রভুর খুলতাত। (চৈচ আদি লালদে॥ (কণা ১) >016F)

1007

বন্দো শ্রীসঙ্কীর্তন-গুরু শ্রীতুলসী-

8100-08]

স্বীয় অনাত্য নরসিংহ নাড়িয়ালের মন্ত্রণা-বলে তদানীস্তন স্থলতান শামস্ উদ্দীনকে নিহত করিয়া গোড়ের সিংহাসনে আন্নোহণ করিয়াছিলেন। গণেশের রাজত্বকালে পদ্মনাত, নর-সিংহ নাড়িয়াল, কবি ক্তিবাস

ভাতুড়িয়া পরগণার জমিদার গণেশ

প্রভৃতি রাজসভা মণ্ডন করিতেন।
গণেশের মৃত্যুর পরে তৎপুত্র যত্
ম্সলমানধর্ম গ্রহণ করত জালাল
উদ্দীন-নামে সিংহাসন দথল করিয়া
পিতার হিন্দুরাজ্য-প্রতিষ্ঠার মৃলে
কুঠারাঘাত করেন। তথন দমুজমর্দন দেব-মামক জনৈক কায়য় উচ্চ-

রাজকর্মচারী স্বাধীনতা ঘোষণা করিয়া পাণ্ডুনগর বা পাণ্ডুয়ায় রাজা হন। হিন্দু অমাত্যগণ সকলেই তীহার আশ্রয়ে থাকেন। কয়েক বংসর রাজ্য লইয়া ঘোরতর সংঘর্ষ চলিতে থাকে। তখন পদ্মনাভ স্বীয় পরিবারবর্গকে নিরাপদ স্থানে রাখিয়া গঙ্গাতীরে শেষ জীবন যাপন করিতে ইচ্ছুক হইয়া দমুজ্ঞার্দনের সাহায্যে তাঁহারই রাজ্যমধ্যে গঙ্গা-তীরে নবহট্ট বা নৈহাটীতে (১৪১৭ শকে) বাস করেন। তাহার তিন্বৎসর পরে দছজমর্দন পাঠান-দিগের সহিত যুদ্ধে পরাজিত হইয়া পাণ্ডুয়া হইতে বিতাড়িত হন এবং সলৈত্যে পূর্বদিকে চক্রদ্বীপে গিয়া রাজ্য স্থাপন করেন। বাক্লা চল্র-দ্বীপ বা বর্ত্তমান বরিশালের প্রাচীন কায়ত্ব রাজবংশীয়েরা এই দমুজ-মর্কনেরই বংশধর। >00a-80 শকের দমুজনর্দন-নামান্ধিত মুদ্রাসমূহ বঙ্গীয়সাহিত্য পরিষদে হইয়াছে। দরুজারি ঘোষ—উত্তররাঢ়ী কায়স্থ। প্রসিদ্ধ বাস্তদেব ঘোষের ভ্রাতা। বর্তমানে ইহার বংশ লুপ্ত

হইয়াছে।

प्रमयखी

দেবী---গ্রীচৈতন্ত-শাখা।

প্রসিদ্ধ রাঘ্য পণ্ডিতের ভগ্নী। পূর্ব-नीनात धनमाना (तर्भे° न° २७१)। রাঘাৰ পণ্ডিত প্রভুর আগু অমুচর। তাঁর শাখা মুখ্য এক মকর্ধেজ কর॥ তাঁহার ভগ্নী দময়ন্তী প্রভুর প্রিয় ! দাসী। প্রভুর ভোগ-সামগ্রী करत वात्रमानी ॥ [रेठ° ठ° व्यानि ১०। ₹8-20]

শ্রীপাট পাণিহাটীতে ইঁহার নিবাস। ইঁহারা ভ্রাতা ভগ্নী সারা বংসর ধরিয়া প্রভুর ভোগের জন্ম নানাবিধ খাত্ম-দ্রব্য প্রস্তুত করিয়া ঝালি সাজাইয়া (চৈচ অস্তা ১০৷১৩—৩৯) পুরীধামে পাঠাইয়া দিতেন। দয়ারাম চৌধুরী—আহ্মণ। প্রীনিবাস প্রভুর শিষ্য। দয়ারাম চৌধুরী এবং উডিয়া বিপ্র বলরাম উভয়ে এক

গ্রামবাসী ছিলেন।

বান্ধাকুলে জনা ঘুঁহে রহে এক গ্রামে॥ হুই ছনে মহাপ্রীত কহনে না যায়॥ সর্বস্ব সঁপিলা যিঁহো প্রভুর রাঙ্গা পায়। (क्91) দ্য়ারাম দাস ঠাকুর—ব্রাহ্মণ। খ্রীলনরোত্তম ঠাকুরের শিষ্য। দয়ারাম দাস ঠাকুর উদার চরিত। ঠাকুরমহাশয়-গুণে সর্বদা মোহিত॥ (প্রেম ২০) ভয় জয় ঠাকুর শ্রীদয়ারাম দাস। তলসী-সেবায় যার পরম উল্লাস॥

তবে প্রভু রূপ। কৈল দয়ারামে।

দয়াল-শ্রীরসিকানন-শিষ্য রি° ম°. পশ্চিম ১৪-১৫৫]। দয়াল দাসী ঠাকুরাণী—গ্রীরসিকা-নন্দের পিতা অচ্যতের আশ্রিতা, শ্রীচৈতক্তামুরাগিণী। রসিকের রূপে মৃছিত হন এবং ভাবি-মহিমা বর্ণন

(नरता ३२)

করেন (র° ম° পূর্ব ৭।২২--৫৩)। দরিয়া দামোদর—শ্রীখামানক প্রভুর শিষা-ধারেন্দাবাসী।

पर्कि—गुगनगान। শ্ৰীৰাস-অঙ্গনে মহাপ্রভুর ঐশ্বর্য দেখিয়া প্রেমোন্মত

হইয়া যান।

শ্রীবাসের বস্তু সীয়ে দরজী একজন।

প্রভূ তারে করাইল নিজরপ-দর্শন। 'দেখিছু, দেখিছু' করি হইল পাগল। (श्राय मृতा करत, इर्रेन दिक्कत-আগল॥ (১চ° চ° আদি ১৭।২৩১ -202]

শ্রীবাস-অঙ্গন-পাশে দজি একজন। শ্রীবাসের বস্তু গীয়ে জাতি সে যবন H এথা চতুভুজ প্রভু দেখাইলা তারে। 'দেখিতু দেখিতু' বলিয়া সে নৃত্য করে। প্রেমাবেশে উন্মন্ত হইলা সে যবন। ঐছে লীলা প্রকাশয়ে শচীর নন্দন॥ (ভক্তি ১২।৩৪৬৪ <u>-- 66)</u>

দর্পনারায়ণ-জীনিবাস আচার্যের কলা শ্রীমতী হেমলতা দেবীর শিষ্য। দর্পনারায়ণ, চণ্ডীসিংহ, ছুই ভূত্য তাঁর॥ (কণা ২)। শ্রীকৃষ্ণচৌতিশার প্রণেতা (ব-সা-সে)।

বাদশাহ-প্রদত্ত পূর্ব নাম। মহাপ্রভুর সাক্ষাৎ এবং রূপা-লাভাদি (চৈভা আদি ১।১৭১-১৭২); শ্রীগৌর ও শ্রীঅদৈত কুপায় প্রেম-লাভাদি (ঐ वाि ५०। ५३> - ५३२, वशु गर७४) क्टिवा।

দবির খাস-জ্রীরূপগোস্বামিপাদের

—মেদিনীপুর জিলায় কাশিয়াড়ীতে বাস। **मादमामत दगाश्वामी**—हाकूनिया-গ্রামবাসী, শ্রীভামানন্দ-শিষ্য (র° ম°

দামোদর-শ্রীভামানক প্রভুর শিষ্য

দামোদর ঘোষ—উত্তররাঢ়ী কায়স্থ। বাস্থদেব ঘোষের চতুর্থ প্রাতা, ইহার (বাস্থদেব ঘোষ দেখ) বংশ নাই।

निक्ग ११६०)।

८ हो दय- बुन्मा वन वा भी **माट्याम्**त

পত্নীর নাম—শ্ৰীমতী ব্ৰাহ্মণ। वज्ञानाता श्राया नाम---भनन-त्मारुन कीटन। শ্ৰীল সনাতন গোৰামী এই ভক্ত-দম্পতির গ্রহ হইতেই শ্রীশ্রীমদনমোহন বিগ্রহ প্রাপ্ত टहोदव হইয়াছিলেন। দামোদর বাৎসন্সভাবে **একুফে**র সেবা করিতেন। ইঁহার পুত্র মদনমোহনও এমত ভক্তছিলেন যে প্রীকৃষ্ণ জাঁহার সহিত ক্রীড়া করিতেন। দামোদর চৌবে,তাঁর পদ্ধী শ্রীবল্লভা। ভক্তিভাবে করে মদনমোছনের মদনগোপালে ডাকে সেবা ৷ মদনমোহন। পুত্র-বাৎসল্যেতে করে नानन পালন ॥ চৌবে-পুত্রগহ ঠাকুরের মহাস্থ্য হয়। কভু যারামারি করি' নালিশ করর॥ একত খাওয়া দাওয়া একত শয়ন। ছুঁছে মিলি একতা করয়ে ভ্রমণ॥ রূপ সনাতন যবে বুনাবনে গেলা। মদনমোহন আসি স্বপনে কহিলা॥ ওছে সনাতন। চৌবের বাডী আছি আমি। আমারে আনিয়া যতে সেবা কর তুমি॥ [প্রেম ২৩] **দামোদর দাস**—শ্রীনিত্যানন্দ-শাখা। পীতাম্বর. মাধবাচার্য. দাস

দামোদর ॥ [চৈ° চ° আদি ১১।৫২] দামোদর দাস ! সে চর্ণে রাখ যোরে। যে বরাহ-রূপে তত্ত কছে [নামা ১৩৬] মুরারিরে ॥ **দামোদর পণ্ডিত—**মহাপ্রভুর পরম ভক্ত। পূর্বলীলার শৈব্যা ও সরস্বতী। (গৌ° গ° ১৪৯) দামোদর পণ্ডিত শাখা প্রেমেতে

প্রচণ্ড। প্রভুর উপরে থেছে। কৈল

বাক্যদণ্ড ॥ (হৈ° চ° আদি ১০।৩১)

পুরীধামে মহাপ্রভুর নিকট একটী পরম ত্বন্দর শান্ত ত্বশিষ্ট উড়িয়া ব্রাহ্মণ-বালক নিত্য আসিত, প্রভুও বালককে অতিশয় ভালবাসিতেন। বালক পিতৃহীন, গৃহে কেবল অল্ল-**মাতা** বিধবা ছিলেন। দামোদর পণ্ডিত ক্র বালকের পছন্দ করিতেন যাতায়তে এজন্ম তাহাকে প্রভুর নিকট আসিতে নিষেধ করিতেন, কিন্তু বালক প্রভুকে না দেখিয়া থাকিতে পারিত না; এজ্ঞ দামোদরের নিষেধবাক্য না মানিয়া নিত্য আসা যাওয়া করিত।

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈঞ্চব-অভিধান (৩)

দামোদর বারবার নিষেধ করে ব্রাহ্মণ-কুমারে। প্রভু না দেখিলে সেই রহিতে না পারে॥ (চৈ° চ° অস্ত্য া৫)। কারণ, বালক প্রভুর ভালবাসা পাইয়া ছাড়িতে পারে না। একদিন আসিয়াছে এবং প্রভূত তাহাকে স্বেহ করিতেছেন, এদিনে দামোদরের আর সহা হইল না। তিনি একেবারে মুখর হইয়া বলিয়া উঠিলেন—

অক্সোপদেশে পণ্ডিত ক্র গোঁসাঞির ঠাঞি। গোঁসাঞি গোঁসাঞি এবে জানিব গোঁসাঞি॥ এবে গোঁদাঞির যণ সব লোকে এবে গোঁসাঞির খ্যাতি পুরুষোত্তমে হবে॥

বলিলেন—ব্যাপার দামোদর ? তখন নিরপেক্ষ দামোদর পণ্ডিত বলিতেছেন—

"পণ্ডিত হঞা মনে কেনে বিচার না কর। রাজী ব্রাহ্মণীর বালকে প্রীতি কেনে কর ? যগুপি ব্রাহ্মণী

সেই তপস্বিনী সতী। তথাপি তাহার দোষ—ত্বনরী যুবতী॥ তুমিও পরম যুবা পরম তুব্দর। লোক-কাণাকাণি বাতে দেহ অবসর॥" এত বলি দামোদর মৌন হইলা। অস্তরে শস্তোষ প্রভু হাসি বিচারিলা।। দামোদরের বাক্যে মহাপ্রভু পরম আনন্দিত হইয়া বলিলেন--দামোদর সম মোর নাছি অভরঙ্গ। (চৈচ অস্তা ৩৷১৯)

পরে মহাপ্রস্থ উপযুক্ত বুঝিয়া শচী মাতা ও এীমতী বিষ্ণুপ্রিয়া দেবীর জন্ম দামোদরকে রক্ষণাবেক্ষণের শ্রীনবন্ধীপধামে পাঠাইয়া দিয়াছিলেম। মাতার স্মীপে তুমি রহ তাহা যাঞা। তোমাবিনা তাঁহার রক্ষক নাহি আন। আমাকেই যাতে তুমি সাবধান॥ তোমা নিরপেক্ষ নাহি মোর গণে। নিরপেক্ষ না হৈলে ধর্ম না যায় রক্ষণে॥ মাডার গ্রহে বৃহ যাই মাতার চরণে। তোমার আগে নাহি কারও স্বচ্ছনা-চরবে ॥

দামোদর মহাপ্রভুর আজ্ঞায় সেই হইতে নবন্বীপে শচীমাতার নিকট র্হিলেন।

ইনি একবার শচীমাতাকে দর্শন করিয়া নীলাচলে প্রত্যাবর্ত্তন করিলে শচীমাতার মহাপ্রতু তাঁহাকে বিষ্ণুভক্তি-সম্বন্ধে প্রশ্ন করিলে ইনি নিরপেক্ষভাবে ও ক্রোধে উত্তর দিলেন — 'আইর প্রসাদে সে তোমার বিষ্ণুভক্তি। যত কিছু তোমার, সকল তাঁর শক্তি'। ইত্যাদি (চৈভা অন্ত্য ৯।৯৫—১৬৮)। দামোদর পুরী-এগোর-পার্বদ

मन्नामी, विश्व मिकि। (গে)° গ° ৯৬--৯৭)

দামোদর পূজারী

দামোদর পুরী রূপা করহ বিদিত। প্রভু-সম প্রভুর শ্রীধামে হৌক প্রীত॥ [নামা ২১১]

पाटमापत शृकाती—इतिहादतत নিকটবর্ত্তী সাহারাণপুর জেলার গৌডব্রাহ্মণ। विन দেববন-বাসী <u> প্রীরাধারমণের</u> দেবায়েত-স্বরূপে **শ্রীগোপালভট্টপ্রত্নক্**ক অঙ্গীকৃত ব্রীগোপীনাথ পূজারীর কনিষ্ঠ ভাতা। **শ্রীগোপীনাথে**র অপ্রকটে তাঁহার স্থলাভিষিক্ত এবং অ্তাব্ধি তাঁহার বংশধ্রগণ সেবা চালাইতেছেন।

দামোদর যোগী—বালা। প্রীগ্রামা-নক্ষ প্রভুর শিষ্য। মেদিনীপুর জেলায় কেশিয়াডীতে জন। ইঁহার শিঘা— শ্রীগোবর্দ্ধন দাস। इनि প্রথমে বৈদান্তিক ছিলেন। শুষ্ক তর্ক করিয়া পবিভয়ণ করিতেন। দৈবযোগে শ্রীশ্রামানন্দ প্রভুর সৃহিত সাক্ষাৎ হইলে বহু বাদ্বিত্রক হয় এবং পরিশেষে দামোদর পরাজিত হইয়া শ্রীখ্যামানন্দ প্রভুর শিঘ্যত্ব গ্রহণ করেন। ইনি শ্রীগ্রামানন্দ প্রভর অঙ্গে উপবীত দর্শন জ্যোতির্গর করিয়াছিলেন।

আর *121 দামোদর যোগী মহাজানী। ভাষানক সহ বিচার করিলেন তিনি॥ চিরিয়া হাদয় শ্রামানন্দ পৈতা দেখাইলা। দেখি যোগিবর তবে দীক্ষা-মন্ত্র নিলা। (প্রেম ২০)

দামোদর **সরখেল**—ব্রাহ্মণ। মধ্যম পুত্র। **ত্রীকং**সারি মিশ্রের

শ্রীমতী জাহ্নবা ও বস্থগা মাতার খুলতাত। (স্র্যদাস পণ্ডিত দেখ) দামোদর সেজ-বৈগ্ । গ্রীপাট-

প্রীখণ প্রামে।

নিবাস मार्गामत সেমের শ্রীখণ্ডেতে। যিঁহো মহাকবি নাম (ভক্তি ১/২৩৯) বিদিত জগতে॥ ইহার কবিত্ব-বিষয়ে 'সঙ্গীতমাধব'

নাটকে লিখিত আছে— পাতালে বাস্কৃকিবক্তা স্বৰ্গে বক্তা বৃহস্পতি:। গৌড়ে গোবর্দ্ধনো দাতা খণ্ডে দামোদর: কবি:॥ ইঁহারই কন্তা শ্রীমতী স্থনশার

সহিত চিরঞ্জীব সেনের বিবাহ হইয়াছিল। এই চিরঞ্জীবেরই পুত্র —গ্রীগোবিন্দ কবিরাজ ও শ্রীরামচন্দ্র

কবিবাজ। দামোদর কবিরাজ সর্বত্র প্রচার। তাঁর কন্তা স্থননা, গোবিন্দ পুত্র থার॥

(ভক্তি ৯।১৪৪) দিগ্রিজয়ী দামোদর একজন পণ্ডিতকে পরাজিত করিলে তিনি বলিয়া ₹%, ক্রোধে 'অপুত্রক অভিশাপ দিয়াছিলেন। পরে দামোদর তাঁহার ক্রোধের শাস্তি

করিলে পণ্ডিত বলেন—তোমার একটি কলা হইবে এবং ঐ কন্তার গর্ভে কীতিমান ছুই পুত্র জনিবে।

[ভক্তি ১|২৪২—২৪৪] দামোদর স্বরূপ- 'স্বরূপ দামোদর' (मथुम ।

দাস—ওড়িম্বাবাসী, মহাপ্রভুর ভক্ত। শ্রীপ্রীজগরাথ দেবের 'মহাশোয়ার' বা পাচক ছিলেন। মহাপ্রস্থু দক্ষিণ দেশ হইতে নীলাচলে প্রত্যাবর্তন করিলে সার্বভৌম ভট্টাচার্য ইহাকে

প্রভুর নিকট পরিচিত করিয়া দিয়াছিলেন।

জগন্নাথের মহাশোয়ার 'দাস'-নাম। (ৈচ° চ° মধ্য ১০।৪৩)

ভ্ৰ**জবাসী—শ্ৰী**বুন্দাবনবাসী দাস বান্ধণ, শ্রীলরঘুনাথ দাস গোস্বামির যে স্থানে ভজন-কুটীর ছিল, তাঁহার নিকটেই ইহার বাস ছিল। ইংহাকে গ্রীদাস গোস্বামী বড়ই বাসিতেন ৷

দাস নামে এক ব্ৰন্থবাসী তথা বয়। দাস গোস্বামির তাঁরে অভিমেহ (७ कि बाब्ध्य) হয় 🍴 প্রীরঘুনাথ দাস গোস্বামী জীবনে অন্নাদি ত্যাগ করিয়া কেবল মাত্র এক দোনা তক্ত পান করিয়া জীবন ধারণ করিতেন। এক দিবস দাস ব্ৰজবাসী বুন্দাবনের 'मशीखनी' নামক স্থানের একটি বুহৎ পত্ৰ লইয়া পলাশ বুক্ষের রক্ষা করত দাস <u>্তি</u> তন্মধ্যে গোস্বামিকে উপহার দিতে গমন কবিলেন।

অন্নাদিক ত্যাগ কৈলা দারুণ তক্ত পিয়ে বিরছে॥ একদোনা নিয়ম তাঁহার। ইথে কিছু অতিরিক্ত হইবে আহার॥ ঐছে মনে করি' ঘরে আসি দোনা কৈলা। তাহে তক্র রাখি রঘুনাথ আগে আইলা॥ (उक्ति वादधन-वधम)

জ্রীদাস গোস্বামির দিবারাত্রমধ্যে গ্রীলীলা-চিস্তার বিরাম নাই। তিনি সমুথে দাস ব্ৰজবাসীকে দে থিয়া কহিলেন—'এরপ বুহৎ পলাশপত্র কোথায় পাইলে।' তিনি কহিলেন.

—'मशीयनी एठ।' मशीयनी **চक्षांत्रनी**

(প্রেম ২০)

দেবীর অধিক্কত। প্রীরঘ্নাথ দাসব্রহ্মবাসীর বাক্য শুনিয়া বলিলেন
'চক্রাবলীর প্রামের রুক্ষের পত্রে তক্র
আমি প্রহণ করিব না।' এই বলিয়া ক্রোধভরে তক্রসমেত পত্র-দোনা ফেলিয়া দিলেন এবং ব্রন্থবাসীকে বলিলেন—
সে চক্রাবলীর প্রাম—না যাইবে

সে চক্রাবলীর গ্রাম—না যাইবে
তথি॥ (ভক্তি ৫।৫৭২)
গ্রীনিবাস আচার্য ও প্রীরাঘব
গোস্বামী যথন ব্রজ্ঞধাম পরিক্রমণ
করিতে আসেন, তথন প্রীদাস
গোস্বামির আলয়ে তাঁহারা উপনীত
হইলে এই ব্রজ্বাসী পরমাদরে
তাঁহাদের সেবা করিয়াছিলেন।
দিগ্বিজয়ী—'কেশব কাশ্মীরী' দেখ।
দিবাকর দত্ত—উদ্ধারণ দত্ত ঠাকুরের
পূর্ব নাম।
দিবাসিংহ — বৈছা। শ্রীআচার্য প্রভুর

দিব্যসিংছ — বৈশ্ব। শ্রীআচার্য প্রভুর
শিষ্য ও প্রসিদ্ধ কবি গোবিন্দ
কবিরাজের পুত্র। মাতার নাম—
মহামায়া দেবী। দিব্যসিংহ শ্রীখণ্ডের
ঠাকুর-বংশে বিবাহ করিয়াছিলেন।
ইঁহার পুত্রের নাম——ঘনশ্রাম।
পদাবলী-সাহিত্যে ইঁহার দান আছে।
(শ্রীনিবাস আচার্য ও ঘনগ্রাম দেখ)

(প্রীনিবাস আচার্য ও ঘনশ্রাম দেখ)

দিব্যসিংহ রাজা—গ্রীল অবৈত প্রভুর

শিয়। বৈষ্ণব নাম—প্রীক্ষদান।
শ্রীহট্ট জেলার লাউড় গ্রাম বা নবগ্রামে
ইহার রাজধানী ছিল। শেষ জীবনে
ইনি বৈরাগ্য ধর্ম গ্রহণ করত
শ্রীবৃন্দাবনে বাস করিয়াছিলেন।
শ্রীঅবৈত প্রভুর পিতাঠাকুর রাজা
দিব্যসিংহের রাজসভায় থাকিতেন।
রাজা দিব্যসিংহের এক পুত্রকে
বাল্যকালে শ্রীঅবৈত প্রভু প্রাণদান

করেন। দিব্যসিংহ মহাশাক্ত ছিলেন। শ্রীঅদৈত প্রভু দেবীমৃতিকে দণ্ডবং করিলে বিগ্রহ চুর্গ হইয়া

যাইত। এই সব কারণে দিব্য সিংহের মন প্রীঅদ্বৈত প্রভুর উপর ক্রমে ক্রমে আক্কুষ্ট হইতে থাকে ও শেষে তিনি প্রীঅদ্বৈত প্রভুর নিক্ট দীক্ষা লইয়া প্রম বৈষ্ণব হন। ইনি

দীক্ষা লইয়া পরম বৈষ্ণব হন। ইনি শ্রীবৃন্দাবনে 'লাউড়িয়া কৃষ্ণদাস' বা 'কৃষ্ণদাস ব্রহ্মচারী'-নামে বিখ্যাত ছিলেন। ইংহার সহিত শ্রীল শ্রীরূপ গোস্বামী ও শ্রীল কাশীশ্বর গোস্বামির বড়াই সোহার্জ ছিল। অবৈত আদেশে সেই দিব্যসিংহ

রাজা। শান্তিপুরে রাজা যাই উপস্থিত

হয়। শক্তিমন্ত্র ছাড়ে, গোপাল-মন্ত্রে দীক্ষা নিল। কৃষ্ণদাস নাম তার অহৈত রাখিল। অহৈত-চরিত কিছু তিঁহো প্রকাশিল। অহৈতের স্থানে ভাগবত পড়িল॥ বুক্ষাবনে চলিলেন হইয়া ভিথারী॥ কৃষ্ণদাস ব্রহ্মচারী বৃক্ষাবনে খ্যাতি। রূপ স্নাতন সহ বাঁহার পিরীতি॥ (প্রেম ২৪)

ইনি 'বিষ্ণুভক্তি-পীযূষবাহিনী'-

নামে শ্রীবিষ্ণুপুরীর বিষ্ণুভক্তিরত্নাবলীর

পরারে অমুবাদ করিরাছেন।

দীন কৃষ্ণদাস—ব্রহ্মণ। শালিগ্রামবাসী কংসারি মিশ্রের পঞ্চম পুত্র;

শ্রীগৌরীদাস পণ্ডিতের ও শ্রীস্র্যদাস
পণ্ডিতের ভাতা। ইনি দীন কৃষ্ণদাস

ভণিতা দিয়া জ্যেষ্ঠ প্রাতা গৌরীদাস পণ্ডিতের মহিমা-স্কৃচক অনেক পদ রচনা করিয়াছেন। গৌরীদাস পণ্ডিতের অমুক্ত

ক্ষণদাস। (বৈষ্ণব-বন্দনা) ২ ওচু কৰি। ইনি 'রসকল্লোল'- গ্রন্থে উৎকলীয় ভাষায় ৩৪টি ছাব্দে বিবিধ রাগরাগিণী-সমবেত প্রীক্বঞ্চ-লীলা বর্ণনা করিয়াছেন।

দীন চৈতন্য (হিজ চৈতন্য)—ওচ্ দেশীয় কবি, ইনি ৪০টি অধ্যায়ে উৎকলীয় ভাষায় 'সাক্ষিগোপাল

মাহাত্ম্য' বর্ণনা করিয়াছেন। ইহাতে শ্রীনিত্যানন্দপ্রভূ-বর্ণিত ঘটনাই বিবৃত হইলেও নৃতনত্ব আছে। রচনাটি প্রাঞ্জল, নবাক্ষরে গ্রথিত।

দীনবন্ধ — শ্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য।
শ্রীপাট—ধারেন্দা।
আর শাখা নাম দীনবন্ধ মহামতি। ধারেন্দা গ্রামেতে তাঁর হয়

অবস্থিতি ৷

দীনবন্ধ দাস—পদ-সঙ্কলয়িতা। ইনি

'সঙ্কীর্ত্তনামৃত'-নামে এক গ্রন্থ প্রচার

করেন, তাহাতে ৪০ জন পদকর্ত্তার

পদাবলির সহিত স্বর্কৃত ২০৭ টি পদ

সঙ্কলিত হইয়াছে।

দীন শ্রামদাস— শ্রীরসিকানন্দ প্রস্থর শিষ্য, রামদাসের পুত্র ও ই হার মাতা—ক্রোপদী। শ্রীজংহ-গ্রামে নিবাস।

রামদাস বলিয়া আছিল। ভাগ্যবান্। দ্রোপদী বলিয়া তার পত্নী
পতিব্রতা। শিষ্ট করণকুলে যার
জন্ম বিখ্যাতা॥ তাহার উদরে জাত
দীনশ্রাম দাস। বাল্য ছইতে তার
হাদে রসিক-প্রকাশ॥ অতিপ্রেমময়
মৃর্ভি, রসিকের শিষ্য। রসিক যে
আজ্ঞা করে, করেন অবশ্রা॥ নিশিদিশি
সদা তার রসিকেন্দ্র-ধ্যান। রসিকচরণে সম্পিলা জাতি-প্রাণ। বৈফ্বের
অতিপ্রিয় দীন শ্রামদাস। সদাই

করেন কৃষ্ণপ্রেমের বিলাস ॥ ইত্যাদি

ति° म° शिक्तम ३८।१०—१৮ मीनशैन **দাস**—গৌরগণোদ্দেশের 'কিরণ-দীপিকা' নামে আধারে প্রামুবাদক ।

ত্বঃখিনী-- শ্রীজগদীশ পণ্ডিতের স্ত্রী। ভিচ ১।৪৩

ছ:খী-শ্রীবাসপণ্ডিতের গৃহের পরি-চারিকা 'স্থী'। ই হার সেবায় মহা-প্রভুর সম্ভোষ হইয়াছিল। (চৈভা मधा २०।>>-२२)

ছখিনী কৃষ্ণদাস-গ্রীশ্রামানন্দপ্রভুর অপর নাম ! (খ্রামানন্দ দেখ)

कृ: शो शामनाज-इनि (गाविनन-মঙ্গল' নামক গ্রন্থ এবং শ্রীমদ-ভাগবতের প্রাছবাদ ক্রিয়াছেন। গোৰিক্ষমঞ্জ শ্রীমদভাগবতের প্রধানতঃ দশম স্কারের এবং অংশতঃ প্রথম, দ্বিতীয়, একাদশ ও দাদশ স্বন্ধের অবলম্বনে রচিত। ইনি প্রায় ২৭৫ বর্ষ পূর্বে মেদিনীপুর অঞ্চলে এই গ্রন্থ গান করিয়া বেড়াইতেন। त्रहमा ভाবপূর্ণ ও বিবিধ ছন্দোবদ্ধ। এতদ্ব্যতীত শ্রীধরস্বামিপাদের টীকার অবলম্বনে মুল শ্রীমদভাগবতেরও পতাত্বাদ রচনা করিয়াছেন বলিয়া বন্ধীয়গাহিত্যদেবক ২৮৭ পৃষ্ঠায় প্ৰকাশ ।

তুরিকা দাসী--গ্রীল খামানন প্রভুর মাতাঠাকুরাণী। (খামানন্দ দেখ) ত্বৰ্গাদাস-- শ্ৰীনিবাস আচাৰ্য প্ৰভুৱ শিষা।

প্রীত্বর্গাদাস নাম প্রভুর নিজ দাস। সদা হরিনাম জপে অন্তরে উল্লাস।। (本刊 >)

তুর্গাদাস মিশ্র—শ্রীবিফুপ্রিয়া দেবীর পিতামহ। পত্নী-বিজয়া। ইহার

ত্বই পুত্র—শ্রীসনাতন মিশ্র ও শ্রীকালিদাস মিশ্র। শ্রীসনাতন সিশ্রের কন্তার নামই—শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবী, শ্রীমহাপ্রভুর দিতীয়া পত্নী।

(বিষ্ণুপ্রিয়া দেখ) ত্বৰ্গাদাস রায়-গ্রীনিবাস আচার্যের জন্মভূমি চাথুন্দি গ্রামের জ্যিদার। পূর্ব্বে শাক্ত ছিলেন। খ্রীনিবাস আচার্যের পিতা গ্রীচৈতগুদাস বা গঙ্গাধর ভটাচার্যের রূপায় শেষে পরম বৈষ্ণৰ হয়েন। শ্রীনিবাস যথন গর্ভে, তখন হইতেই চাখুন্দি গ্রামে হরিনামের স্রোত প্রবাহিত হইতে থাকে। শাক্তধন্মী কোন ইহাতে বিশেষ ক্রোধান্বিত হইয়া জমিদার দুর্গাদাসকে তাহার প্রতি-কারের জন্ম নালিশ করিলে, তুর্গা-দাস টেড়া দিয়া ঘোষণা করিয়া

শিব হুর্গা বিনা আর কেহ যদি राल। घत भात नृष्टि निव तारथ কোন বলে॥ (প্রেম ১)

ঘোষণা দিতে দিতে তুর্গাদাস রায় গঙ্গাধর ভটাচার্যের গ্রহে গমন করেন। গঙ্গাধর তাঁহাকে যত্নে অবস্থানের জন্ম বলিলে তিনি সে রাত্রি তথায় থাকেন, কিন্তু নিদ্রা-কালে তাঁহার হৃদয়মধ্যে ত্রীগোর-নিতাই প্রবেশ করিয়া তাঁহাকে প্রেম প্রদান করিলে তিনি আনন্দে নতা করিতে খাকেল। তদবধি দ্বর্গাদাস শাক্তধর্ম পরিত্যাগ করিয়া বৈষ্ণব হইয়া যান। এীনিবাস প্রভুর জন-पित्न हेनि বাগ্যভাও বাজাইয়া উৎসব করিয়াছেন। (প্রেম >) তুর্গাদাস বিহারত্ব-শ্রীনরোভ্য ঠাকুরের শিষ্য। শ্রীছর্গাদাস প্রথমে ঠাকুরের শ্রীনরো ত্তম নিন্দুক ছিলেন। যথায় তথায় 'কুন্ত ধর্ম-প্রচারক হইরাছে' বলিয়া গালি দিয়া বেডাইতেন। পরে প্রভুর রূপায় তিনি শ্রীনরোভ্যের শিশ্ব হইরা পরম বৈঞ্চব হইলেন।

निवादन, पूर्तानाम- এই पृष्टेकन। বিভাবাগীশ, বিভারত উপাধি হন॥ (রপনারায়ণ দেখ; প্রেম ১৯)

দুর্গাদাস বিভাবাগীশ——প্রসিদ্ধ নৈরারিক, মহাপ্রভুর ভক্ত এবং দিতীয় বাস্তদেবের পুত্র। ইনি 'মুগ্ধবোধ বাকিরণের' ও কবিকল্লভ্রমের টীকা

করিয়।ছিলেন। पूर्गामा विश्व-बाक्रण। নরোত্তম ঠাকুরের শিষ্য। ইহার নিবাস খেতুরিতে ছিল।

বিপ্র কছে – খেতুরি গ্রামেডে মোর বাস। মুঞি বিপ্রাধম, মোর নাম-ত্র্গাদাস। ঐঠাকুর নরোভ্য দেখি এ পতিতে। তুলিলেন বিষয়-বিষ্ঠার গর্ত্ত-ছইতে ॥ (ভক্তি ১০)১৮৪—১৮৫)

শ্রীনিবাস আচার্য যখন তেলিয়া-

বুধুরী গ্রামে এগোবিন্দ ক্রিরাজের গ্রহে অবস্থান করিতেছিলেন, তথন ইনি প্রীনরোত্তম ঠাকুরের ৺পুরীধাম হইতে প্রত্যাবর্ত্তন-সংবাদ দিবার জন্ম করিয়াছিলেন। ঐস্থানে গমন অধিকন্ত শ্রীনরোত্তম ঠাকুর মহাশয় বিপ্রদাস-নামক জনৈক ভক্তের ধান্তোর গোলা হইতে শ্রীগৌরাঙ্গ-বিগ্ৰহ প্ৰাপ্ত হইয়াছেন, এ সংবাদ প্রদান করিলে সকলে আনন্দিত

মুর্লাভ বিশাস--শ্রীঅবৈত প্রভুর

হইয়াছিলেন।

[रें 5° क' व्यापि >२।৫৯] **তুবে**—শ্রীরসিকানক প্রভূর শিয়া, ব্ৰাহ্মণ। ছবে রসিকের শিষ্য

শাখা।

তুবে

ভাগ্যবান ৷ রসিকেন্দ্র-চন্দ্র বিনা না জানয়ে আন্ 🛭 ্র° ম° পশ্চিম ২৪।১০১]

দেবকী—প্রীরসিকানদের কন্তা ও প্রীশ্রামানন্দ প্রভুর শিয়া।

[র°ম°দকিণ ১।৭] **দেবদাসী—ইঁ**হারা দেব-মন্দিরে নৃত্য-

বাত্<mark>যসহ স্থমধুর সঙ্গীত</mark> করিয়া থাকেন।

[প্রথম খণ্ডে ৩৩৭-৩৬৮ পু:] একদিন প্রভু যমেশ্বর টোটায়

যাইতে। সেইকালে দেবদাসী লাগিলা গাইতে॥ গুর্জরীরাগিণী লঞা স্থমধুর স্বরে। 'গীতগোবিন্দা

পদ গায় জগ-মন হরে॥ [চৈ° চ° অস্ত্য ১৩|৭৮-৭৯]

ছটিলেন।

দূর হইতে মহাপ্রভু গীতগোবিন্দের মধুর সঙ্গীত শ্রবণ করিয়া ভাবাবিষ্ট হইয়া সঙ্গীত লক্য করিয়া

পথেতে 'সিজের বাড়ী' ফুটিয়া **ठिमिना। अदम** काँठा नाशिना किछूहे নাজানিলা। [ঐ৮১—৮২] ভূত্য প্রীগোবিদ প্রভুর অবস্থা দেখিয়া ক্রতগতি গিয়া তাঁহাকে ধরিয়া বলিলেন—'প্রভো! কোথায়

করিতেছে!' তখন-প্রভু কছে-গোবিন্দ আজি त्रांथित्न कीवन। जी-श्रद्रभ इट्टेन সামার হইত মরণ॥ এ ঋণ শোধিতে

যাইতেছেন ? ও ষে স্ত্রীলোক গান

মঞ্জরী' দ্রষ্টব্য ী **দেবনাথ দাস**—'গ্রীগোরগণাখ্যান'-

গ্রন্থের রচ্যিতা। ইনি শ্রীথণ্ড-সম্প্রদায়ী। **দেবানন্দ**—বৈষ্ণ। শ্রীনিত্যানন্দ প্রভুর

শাহা । নারায়ণ, কুফ্লাস আর মনোহর। দেবানন্দ চারি ভাই—নিতাই-কিঞ্বর॥

(চৈচ আদি ১১।৪৬) **দেবানন্দ পণ্ডিত**—কুলিয়া-গ্রামবাসী শ্রীমদভাগবতের অধ্যাপক। একদিন

ই হার অধ্যাপনাকালে শ্রীবাস পণ্ডিত ক্রন্দন করিতে থাকিলে ইহার ছাত্র-গণ তাঁহাকে তাড়াইয়া দেন [চৈ°

ভা° মধ্য ৯ ও ২১ । বহুদিন পরে মহাপ্রস্থ ঐ পথে আসিতে উহার প্রতি তীব্র ক্রোধ ও ভর্ৎসনা

কুবুদ্ধি বিনষ্ট হইয়া মহাপ্রভুতে বিশাস হইয়াছিল এবং প্রভু তাঁহাকে ভাগবতের প্রকৃত তাৎপর্য ব্যাখ্যা করিয়া শুনাইলেন। (ে গৈ ১০৬)

বক্তেশ্বর-

ঠাকুরের

[देठ° ठ° व्यापि २०११]

করেন। শ্রীর্বক্রেশ্বর-ক্নপাতে ইঁহার

ভাগবতী দেবানন্দ রূপাতে। ভাগবতের ভক্তি-অর্থ পাইল প্রভু হইতে ॥

দেবীদাস—শ্রীনরোত্তম

ব্রজলীলায় ভাগুরি মুনি।

শিষা। প্রসিদ্ধ কীর্ত্তনীয়াও মৃদক্ষ-বাদক। কীর্ত্তনীয়া দেবীদাস নানা শাস্ত্র জানে। মহাশয় দীক্ষামন্ত্র দিলা তার

জয় এঠাকুর দেবীদাস কীর্ত্তনীয়া। বৈষ্ণব উন্মন্ত গার কীর্ত্তন শুনিয়া॥

3269

(নরো ১২) খেতুরির বিখ্যাত উৎসবে— প্রথমেই দেবীদাস মূর্দ্দ বামেতে।

করে হস্তাঘাত, প্রেমময় শব্দ তা'তে॥ অমৃত অক্রপ্রায় বাত সঞ্চারয়ে। শ্রীবল্লব দাসাদি সহিত বিস্তারয়ে॥

(ভক্তি ১০/৫২৮-৫২৯) দৈত্যারি – রসিকানন্দ প্রভুর শিষ্য ও আতুষ্পুত্র।

(রু মৃ° পশ্চিম ১৪।১১৯) দৈত্যারি ঘোষ—শ্রীনরহরি সরকার ঠাকুরের শিষ্য। কুলাইগ্রামবাদী (কংসারি দেখ)। দৈবকী দাস--- শ্রীখ্যামানন্দ-পরিবার।

গোপীবল্লভপুরে রাসোৎসবে গোপী-বেশে স্জ্তিত অষ্ট শিশুর অক্তম। (র^০ ম^০ পশ্চিম ২।৪৫)

रेप्तरकी नन्मन पाम-बाद्यागा। अकृत নাম-- এপুরুবোতম দাস। দৈবকী-নন্দনের নিবাস-কুমারহট বা হালি-সহরে ছিল। ইঁহার কৃত 'বৈঞ্ব-বন্দনা' ও শংশ্বত 'বৈষ্ণবাভিধান'

ভক্তগণের নিকট প্রসিদ্ধ। এতদ্-

বাতীত পাঁচটি গৌরপদ গৌরপদ

তরঙ্গিণীতে উদ্ধত হইয়াছে। শ্রীনিত্যানন্দের প্রিয় পুরুষোত্তম মহাশয়। দৈৰকীনন্দন ঠাকুর তাঁর শিষ্য হয় ॥ তেঁহো যে করিলা বড় বৈষ্ণব-বন্দনা॥ (অমু৮)

পণ্ডিতের নিকট ইনি কোন সময়ে অপরাধী হইয়া কঠিন ব্যাধিগ্ৰস্ত হন। পরে মহাপ্রভুর নিকট আশ্রয় প্রার্থনা করিলে প্রভু

3266 শ্রীবাদের শরণাপন্ন হইতে আজ্ঞা করেন। শ্রীবাস পণ্ডিত দৈবকী-नन्दान देव प्राप्तिश्चा वर्णन 'देव छव-গণের তুমি বন্দনা কর, তাহা হইলে তোমার অপরাধের শাস্তি হইবে ও ব্যাধিমুক্ত হইবে।' আজা পাইয়া দৈবকীনন্দন দেশে দেশে ভ্ৰমণপূৰ্বক বৈষ্ণৰগণের পরিচয় সংগ্রহ করিয়া 'বৈষ্ণব-বন্দনা' রচনা করেন। ভক্তগণ ইহার বন্দনা নিত্য পাঠ করিয়া থাকেন। কেহ কেহ বলেন—চাপাল গোপাল গোপাল ঠাকুরের (যিনি শ্রীবাসের গৃহে তান্ত্রিকপূজার দ্রব্য নিক্ষেপ করিয়াছিলেন) কুষ্ঠব্যাধি হয়। শ্রীবাদের পরে কুপায় আরোগ্য লাভ क्द्रन । এই মতে ঐ ব্যক্তিই দৈবকীনন্দন। ২ 'ভাইয়া দৈবকীনন্দন' দ্রপ্টব্য। **জেপদী** – শ্রীরসিকানন্দ গ্রন্থর শিষ্যা, রামদাসের বনিতা ও দীন ভাম-দাসের মাতা। পতিব্ৰতা। শিষ্ট করণকুলে

রামদাস বলিয়া আছিলা ভাগ্য-বান্। দ্রৌপদী বলিয়া তার পত্নী যার বিখ্যাতা॥ তাহার উদরে জাত দীন খ্রামদাস। বাল্য হৈতে তার হৃদে রসিক প্রকাশ॥ [র° ম° পশ্চিম ১৪।৭০-৭২] **(जो अमी (मर्वी—** श्रीनिवान चाठाई-প্রভুর প্রথমা পত্নী। শ্রীমতী ঈশ্বরী-८मवीत शूर्व नाम (क्रेश्वतीटमवी ८मथ)।

দর্পণ-মতে (৩৩৪ পু:)। ক্রমশঃ

পূर्वनीना **७ औ**रगोत्रनीनात्र नाम এবং ¹

শ্ৰীপাট দিখিত হইতেছে।

১। স্থবল স্থা হলায়ুধঠাকুর, রামচক্তপুর (নবদ্বীপ) রূদ্রপত্তিত বল্লভপুর বর্রথপ নবদ্বীপ গন্ধর্ব মুকুন্দানন্দ কাশীশ্বর কিন্ধিণি বল্লভপুর ওঝাবনমালী, অংশুমান কুল্যাপাড়া ভদ্রবেন শ্রীমন্ত ঠাকুর রুকুণপুর বসস্ত মুরারি মাইতি বংশীটোটা গঙ্গাদাস নৈহাটি উজ্জ্বল ৯। কোকিল গোপালঠাকুর গৌরাঙ্গপুর

১০। বিলাসী শিবাই

কলবিঙ্ক বিষ্ণাই

পুণ্ডরীক

घान्म (भाभान * [भोत्रगरनारमम-মতে পূৰ্বলীলায়] **অ**ভিরাম ঠাকুর (রামদাস অভিরাম)... শ্রীদাম উদ্ধারণ দত্ত ঠাকুর...স্থবাহু ক্মলাক্র পিপ্লাই • মহাবল কালাকুষ্ণ দাস ... গৌরীদাস পণ্ডিত ... স্থবল

পণ্ডিত

পরমেশ্বরী দাস ... অর্জুন

দাস,

ধলঞ্জয়

পুরুষোত্তম

নন্দাই

বেলুন শালিগ্রাম

ঝামটপুর ৷

... বস্থদাম

নাগর

পুরুষোত্তম...দাম পুরুষোত্তম দাস · · ভোকরফ পণ্ডিত ... মহাবাহু মহেশ 106 শ্রীধর (খোলাবেচা) · মধুমঙ্গল

অনন্ত-সংহিতা, গৌরগণোদ্দেশ, চৈত্তসঙ্গীতা, পাটপর্যটন ও বৈফ্বাচার-দৰ্পণাদি গ্ৰন্থে এ সম্বন্ধে সভানৈক্য আছে। কাহারও প্রাঞ্জন হইলে শ্রীঅমূল্যধন রায় ভট্ট-কৃত 'ৰাদশগোপাল' [৩—১০ পৃঃ] (मधून्।

১২। অন্দরানন্দ ঠাকুর ... **অ্দাম** [১২ ক। হলায়ুধ ঠাকুর ... প্রবল পুরুষোত্তম নাগরের পরিবর্ত্তে মতান্তরে হলায়ুধ]।

শিষ্য [র° ম° পশ্চিম ১৩)১৩৫] বারকানাথ ঠাকুর—মঙ্গলভিহি গ্রামে (বীরভূম জেলায়) পামুয়া গোপালের যুদ্ধ অধন্তন। 'শ্রীগোবিন্দবল্লভনাটক' (সংস্কৃত ভাষায়) রচনা করেন।

কবিচন্দ্র—'গোবিন্দমঙ্গল-রচয়িতা [পাটবাড়ীপুঁথি কা ১৫] **দ্বিজ ক্বশুদাস** – শ্রীনিত্যানন্দ-শাখা। রাচদেশবাসী। রাচে যার জন্ম রুফাদাস দিজবর। শ্রীনিত্যানন্দের তিঁহো পর্ম কিছর॥

দ্বিজ গোপাল—শ্রীর্দিক-শিষ্য। [র° ম° ১৪।১৫৫]

(চৈ° চ° আদি ১৪।৪৬]

বিজ গোপালদাস ঠাকুর—এীখণ্ড-বাসী, শ্রীনরহরি ঠাকুরের শিষা— জাতি—বান্ধ। ইনি শ্রীখণ্ড হইতে তকিপুরে গিয়া বসতি স্থাপন করেন। আকুমার ব্ৰহ্মচারী ছিলেন। তকিপুর গ্রামের একটি বাটির বন্ধ-দৈত্যকে তিনি প্রসাদ দিয়া মুক্ত করেন। শ্রীনরহরি ঠাকুরের অক্তম শিষ্য চন্দ্রশেখরের সেবিত শ্রীরদিক রায় বিগ্রহের সেবাভার ইনিই গ্রহণ

প্রান্ধুর শিষ্য। দ্বিজ গোপীনাথ উদাসীন মহাশয়। নিরবধি রসিকেন্দ্র খাঁহার হৃদয়॥ ৰিনা নাহি জানে কৃষ্ণপ্রেমভক্তি

করেন। ইঁহার বহু শিষ্যশাখা আছে।

গোপীনাথ-শ্ৰীরসিকানন

'আর। রসিকের সঙ্গে তাঁর গেল স্বিকাল॥ ক্লঞ্র ভোজন বড়্রস উপহার। রন্ধন করেন গোপীনাথ সদাচার ॥

্র° ম° পশ্চিম ১৪/৮৬—৮৮] **দিজ গোপীমোহন**—শ্রীরসিকানন্দ-শিব্যদ্বর [র° ম° পশ্চিম ১৪।১২৭, >66][

দাস — প্রীর্গিকানন্য দ্বিজ্ঞগোবিন্দ প্রভুর শিব্য।

দ্বিজ্ঞ সে গোবিন্দ দাস রসিক কিষর। কৃষ্ণপ্রেমে নিশি দিশি অঙ্গ-**ভারভা**র ।

্র° ম° পশ্চিম ১৪।১০৯, ১১২] বিজ গোবিন্দ ভট্টাচার্য—শ্রীরসিকা-নন্দ প্রভুর শিষ্য।

দিজ গোবিন ভটাচার্য মহাশয়। সদা রসিকেন্দ্রচন্দ্র যাহার হৃদয়॥ বঙ্গেতে করিল হরিভক্তি-পরচার। শত শত দ্বিজ শিষা হইল তাহার॥ রি° ম° পশ্চিম ১৪।৯৯—১০০]

ষিজ হৈত্ত্য- 'দীন হৈত্ত্ত' দ্ৰপ্তব্য। **হিজ জীবদাস**—শ্রীরসিকানন্দ-শিষ্য।

[র°ম° পশ্চিম ১৪।১৩৩] ছিজ দাস--এ [এ ১৪।১৫৫]

দ্বিজ প্রাণক্রম্য-তেলিয়া-(মুক-श्रमावाम)-वामी. গীতগোবিন্দের অমুবাদক। অমুবাদের নাম---জয়দেব-প্রসাদাবলী [A. S. B. 5402] [

ত্তিজ বলরামদাস ঠাকুর— শ্ৰীনিভ্যানন্দ-শাখা। শ্ৰীপাট-কৃষ্ণ-নগরের অন্তর্গত দোগাছিয়া গ্রামে। इनि शृर्व लीलाय खमिनता मधी ছিলেন। সঙ্গীতশাস্ত্রে তাঁহার বিশেষ পারদর্শিতা ছিল।

সঙ্গীতপ্রবীণ দোগাছিয়া থার বাস॥ ক্ষপ্রেম-রসাস্বাদী। বলরামদাস নিত্যানন্দ-নামে হয় পরম উন্মাদী॥ (हें हें व्यापि ३३।०8) শ্রীবলরাম ঠাকুর ভরদ্বাজ-গোত্রীয়

পাশ্চাত্য বৈদিক শ্রেণীর ইংহার পিতার নাম— সত্যভাহ উপাধাায়। আদিনিবাস—শ্রীহট্টের পঞ্চখণ্ড গ্রামে। ইনি শ্রীনিত্যানশ-প্রভুর নিকট দীক্ষা গ্রহণের পর দোগাছিয়াতে আসিয়া বাস করেন। একদা শ্রীনিত্যানন্দ প্রতু কীর্ত্তন করিতে করিতে আগমন করিয়া বলরামের এীগ্রীগোপাল মৃতির সেবা প্রভৃতি দর্শনে অতীব প্রীত হইয়া খীয় শিরোভূষণ (পাগড়ি) বলরামকে উপহার প্রদান করেন। ঐ পাগড়ি এখনও শ্রীপাটে পরম্যতে রক্ষিত আছে। বলরাম শ্রীগুরুর আক্রায় দার পরিগ্রহ করিয়াছিলেন। নব-

দ্বীপের প্রভুপাদ শ্রীছরিদাস গোস্বামী ঠাঁহার বংশধর। অগ্রহায়ণ মাসে ক্ষাচত্থীতে বলরামের তিরোভাব-

উপলক্ষে দোগাছিয়ায় বৈষ্ণব-সমাগম

হয়। তখনকার 'মূলা মহোৎসব'

অতিপ্রসিদ্ধ। **বিজ মুরলীদাস**—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য রি° ম° পশ্চিম ১৪।১৫৫]। দ্বিজ যতুনাথ-এ [এ ১৪/১৫৭] দিজ রঘুনাথ-শ্রীগোরভক্ত [বৈঞ্চব-

रमना]। (लोग ১৯৪, २००) ব্রজের বরাঙ্গদা।

দিজ রাধাবল্লভ—শ্রীরসিকানন্দ-শিষ্য ও পুরুষোত্ম-হত। [র° ম° পশ্চিম ١ [هود الاد

জয় প্রভূ-প্রিয় শ্রীবলরাম দাস। । विজ রাধামোহন—শ্রীরসিকানন্দ-भिषा [১৪।১৪२]

দ্বিজ্ঞ স্থব্দর রায়

দ্বিজ রামকুষ্ণ দাস-- শ্রীরসিকানন প্রভুর শিষ্য।

বিজ রামকৃষ্ণ দাশ অতিশুদ্ধমতি। রসিকেন্দ্র বিনা যাঁর আন নাহি গতি॥ ব্যাঘ্র কুন্ডীরের : ক্ষমে বৈনে কুতৃহলে। রসিক-রূপায় কারে ভয় নাহি করে॥ কুন্তীর-উপরে চড়ি নদী পার হয়। পতিত-তারণ রামকুষ্ণ মহাশয়॥

্রি° ন° পশ্চিম ১৪।৭৯—৮২] বাণীনাথ-----------------------। (গৌগ ১৯৫, ২০৪) ব্রজের ইনি চম্পহটবাসী কাম-লেখা। किलन।

ওহে বিজ বাণীনাথ পুর মোর আশা গাঙ শিশুক্রপ-বিশ্বস্তবের প্ৰকাশ। নিমা ১৮]

দ্বিজ শঙ্কর—কবি, পরিচয় অজ্ঞাত। ইনি আদি, মধ্য, সন্নাস ও শেষ-খণ্ডে ২৯ অধ্যায়ে 'শ্রীগোরলীলামুত' নামক সংস্কৃত ভাষার গ্রন্থ রচনা करतन। देशत निशिकान >१>> শকান্দ, স্মতরাং কবি তৎপূর্ববর্তী। ভাষা সরল, সাধারণতঃ অমুষ্টুপ্

দ্বিজ শ্রামস্থল্যর-শ্রেরিকানন্দ-শিষ্য, ত্রাহ্মণ।

ছন্দই ব্যবহৃত হইয়াছে।

বিজ ভামপ্রনর বড়ই মহাজন। রসিকের কৃষ্ণভোগ করেন রন্ধন॥ রি° ম° পশ্চিম ১৪।১৫১]

দ্বিজ স্থন্দর রায়—শ্রীরসিকানন প্রভুর ি শিষ্য।

রসিকের শিষ্য দিজ স্থন্দর সে রায়। কৃষ্ণ-প্রেমভক্তি মৃতিমন্ত মহাশয়॥ [র° ম° পশ্চিম ১৪।১০৩] শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈঞ্চব-অভিধান (৩)

ধীর হাম্বীর

দ্বিজ হ্রিদাস - শ্রীমন্নরছরি সরকার ঠাকুরের রুপাপাত্র। নীলাচলযাত্রা-

কালে ইনি পথমধ্যে ঠাকুর নরহরির মুখে শ্রীকৃষ্ণচৈতত্ত-নামাত্মক মন্ত্র প্রাপ্ত হন। (ঠাকুর নরহরি-মুখোদ্গীর্ণ প্রীকৃষ্ণটৈতগু-সহস্রনাম ৪৪ – ৪৬)।

2

ধনজয় পণ্ডিত—ত্রজের বস্থান সংগ (গৌ° গ° ১২৭), ছাদ্ৰ গোপালের শ্রীপাট—শীতল অন্তেম। গ্ৰাম (বর্দ্ধানে)। প্রবেশপথের বামে তুলগী বেদীকেই 'ধনঞ্জয় পণ্ডিতের সমাধি' বলে। বিগ্রহ—শ্রীগৌর-শ্রীগোপীনাথ নিতাই, শ্রীদামোদর। ইঁহার পূব নিবাস ছিল চট্টগ্রামের জাডগ্রামে। পিতার নাম—শ্রীপতি বন্দোপাধায় ও মাতা-কালিনী দেবী। 'খ্রীগোরাঙ্গ মাধুরী'-মতে বীরভূম জেলায় বোল-পুরের নিকটবর্তী সিয়ানমূলুক গ্রামে আদিদেব বাচস্পতির ঔর্সে এবং দয়াময়ী দেবীর গর্ভে ইংহার জন্ম হয়। ধাল্যকালে ইনি তুলসীকে ত্রিকালীন সাষ্টাঙ্গে প্রণাম করিতেন। হরিপ্রয়ার পাণিগ্ৰহণ ক্রিলেও তিনি অত্যন্ন দিনেই সংসার ত্যাগ করত তীর্থপর্যটনচ্চলে বাহির হন। ধনাচ্য পিতা পাথেয় বাবৎ ষ্চ অর্থ দিয়াছিলেন—ইনি প্রীমহা-প্রভুর দর্শন পাইয়া সেই সমস্ত অর্থ প্রভুকে দিয়া ভাত হাতে লইলেন। [देवश्वर-वसनाय---]

বিলাসী বৈরাগী বন্দো পণ্ডিত। ধনঞ্জয়। সর্বস্থ প্রভুরে দিয়া ভাও। হাতে লয়॥ শীতল গ্রামের বহু দক্ষ্য ও পাবও
ইহার রুপায় ভক্ত হইয়া ছিলেন।
নবন্ধীপে মহাপ্রভুর দর্শনানন্তর প্নরায়
ইনি শীতল গ্রামে গিয়া শ্রীবৃন্দাবনে
যাত্রা করেন। পথে সাঁচড়া পাঁচড়া
গ্রামেও কয়েকদিন ছিলেন বলিয়া
ঐ স্থানকেও 'ধনস্কয়ের পাট' বলা
হয়। বৃন্দাবন হইতে ফিরিয়া জলন্দি
গ্রামে সেবা প্রকাশ করত আবার
শীতল গ্রামে আসিয়াছিলেন, এই
গ্রামেই তাঁহার সমাধি আছে। ইহার
কনিষ্ঠ ল্রাতা 'সঞ্জয়' পণ্ডিত জলন্দিতে
বাস করেন; তাঁহার বংশধরগণ
এখনও ঐস্থানে শ্রীরাধাগোবিন্দের
সেবা করেন।

ধনজ্ঞ বিষ্ঠানিধি— মতান্তরে 'বিহ্যানিবাস' ও 'বিহ্যাবাচস্পতি'। ইনি
শ্রীনিবাস আচার্যের বিষ্ঠানিক্ষক।
কাহারও মতে শ্রীনিবাসের বিষ্ঠান্তরুর
নাম—শ্রীরাম বাচস্পতি।
'এইকালে বিহ্যানিধি পণ্ডিত

উপস্থিত'। পাঠাস্তরে—'শ্রীরাম বাচম্পতি উপস্থিত'॥ 'ধনঞ্জয় বিভা-নিবাস কছে অপ্রূপ॥' [প্রেম ৩] ধনঞ্জয় বিভাবাচম্পতি ভাগাবান্।

নিজসাধামতে করিলেন বিস্তাদান॥

[ভক্তি ২।১৮৬] শুন্তবতঃ হুই জনেই তাঁহার শিক্ষক ছিলেন্বা উভয় নাম একই ব্যক্তির।
ধরণী—পদকর্ত্তা, পদকল্পতক্ষতে ৬৭৬,
৮৫৮, ২৩৮১ ও : ৪৫৪ সংখ্যক পদচত্ট্য ইহার রচনা। শ্রীআচার্য
প্রভুর পরবর্ত্তী; ইনি বাংলা ও
রজবৃলিতে পদ রচনা করিয়াছেন।
ধরু চৌধুরী—শ্রীনরোভ্য ঠাকুরের
শিষ্য।
ধরু চৌধুরী শাখা আর চণ্ডীদাস।

কান্দে পশুপাখীগণ ধাঁর গুণ শুনি ॥
[নরো ১২]
ধর্মদাস চৌধুরী—শ্রীল নরোভ্য
ঠাকুরের শিষ্য।

क्य शक (ठोधूती (य विभिष्ठ ध्रती।

[প্রেম ২০]

ধর্মদাস চৌধুরী আর নিত্যানক দাস। ধরু-চৌধুরী-শাখা আর চণ্ডীদাস॥ [প্রেম ২০] অতিজ্ঞিতেন্দ্রির শ্রীধর্মদাস। অতি অলৌকিক বার বৈঞ্চব বিশ্বাস॥ [নরো ১২]

ধীর হান্দীর [ধাড়ী হান্দীর]—
ইনি বিষ্ণুপ্রের রাজা প্রীবীর
হান্দীরের পুত্র। শ্রীনিবাদ আচার্যের
শাখা। ইঁহার বৈষ্ণব নাম—গোপাল
দাদ। মতাস্তরে শ্রীটেতভা দাদ'।
ইঁহার নাম রাখেন 'শ্রীচৈতভা দাদ'।

শ্রীধাড়ী হামীর নাম হয় যুবরাজ।

প্রভু-রূপাপাত্র থিঁহো মহাভাগবত ।
[গোপাল বাহাত্বর দেখ; কর্ণা ১]
ধীরু চৌধুরী—শ্রীনরোত্তম ঠাকুর
মহাশব্রের শিষ্য।

জয় ধীরু চৌধুরী যে বিদিত ধরণী। কান্দে পশুপক্ষীগণ যাঁর গুণ শুনি॥

[নরো° ২২; ধরু চৌধুরী দেখ]

ধ্যানচন্দ্র বোস্বামী—গ্রীগোপাল
গুরু গোস্বামি-পাদের শিব্য ও শ্রীপ্রীগর্জীরার সেবক ছিলেন। তদীয় গুরুর
পদ্ধতি-অবলম্বনে ইনিও একথানি
'শ্রীগোরগোবিন্দার্চন-পদ্ধতি' রচনা
করিয়াভেন। ইহা কিন্তু অধিকতর

মন্ত্রধ্যানাদি সম্বলিত। **শুব গোস্বামী**—কাম্যবনবাসী জনৈক
সন্ন্যাসী; শ্রীশ্রীশ্রামচাঁদ ও শ্রীশ্রীবলরাম
বিগ্রহম্বয় মস্তকে করিয়া মঙ্গলভিহিতে

স্ফুট ও গ্রীগোরাঙ্গ-নিত্যানন্দাদির

বিগ্রহ্বয় মস্তকে করিয়া মঙ্গলভিহিতে
উপস্থিত হন। * মুসলমানঅত্যাচারে পলায়ন করত এই গ্রুব
গোস্বামী ঘাদশ গোপাল সমভিব্যাহারে বঙ্গদেশে আসিয়া ভাণ্ডীরবন
গ্রামে কিছুদিনের জন্ত আশ্রম গ্রহণ
করেন। তত্রত্য দোলমঞ্চে অবস্থানকালে এক নিদারুণ ঘটনায় তিনি
সেই স্থানও ত্যাগ করেন। ভাণ্ডীর
বনের নিকটবর্তী খটঙ্গা গ্রামের
অধীশ্বরের পরিবারস্থ কোন বিধ্বা
মুবতীর সহিত তাঁহার পাচক ব্রাহ্মণের
অবৈধ প্রণয় হইলে রাজা ক্রোধে

* ভাণ্ডীরবনকাহিনী (বীরভূম বিবরণ ১১৪৬ –১৪৭ পৃষ্ঠা)

পলায়ন করেন

এবং

ব্রাহ্মণের মন্তক দ্বিথণ্ডিত করিতে

আজা করেন। ব্রাহ্মণ নিরুপায়

হইয়া ভাণ্ডীরবনের ধ্রুব গোস্বামিজির

গোস্বামিজি তাঁহাকে অভয়দান করেন। কিছুক্ষণ পরে রাজপুরুষগণ সেই ব্রাহ্মণকে ধরিয়া অতি নিষ্ঠুর-ভাবে নিহত করে। এই ঘটনার পরে গোস্বামিজি স্থানাস্তরিত হইতে ইচ্ছা করিয়া দ্বাদশ গোপাল সঙ্গে করিয়া ময়ুরাক্ষীতটে উপস্থিত হন। তৈত্র মাস হইলেও প্রচুর বর্ষায় ময়ুরাকী তথন ছুই কুল প্লাবিত করিয়া চলিয়াছে—গোস্বামিজি একে একে একাদশ বিগ্রহ পর্যস্ত নৌকায় স্থাপন করিলেন, কিন্তু দাদশ মৃতি অন্তত্র যাইতে অনিচ্ছুক হইয়া বিশ্বস্তুর হইলে জনৈক ভিক্ষুক ব্রাহ্মণের হস্তে ঐ গোস্বামিজি গোপালটি দিয়া প্রস্থান করেন। দরিদ্র ব্রাহ্মণটি ঐ গোপাল মৃত্তি বক্ষে ধরিয়া নোয়াডিহি গ্রামের শ্রীনন্দত্বলাল ঘোষাল মহা-শয়ের বাটীতে রাখিয়া প্রস্থান করেন। বহুদিন পরে রমানাথ ভাতুড়ী নামক জনৈক বদান্ত ব্রাহ্মণ ভাণ্ডীরবনে মন্দির নির্মাণ করাইয়া শ্রীগোপাল-সহিত জীউকে ঘোষাল বংশের ভাগ্ডীরবনে আনিয়া প্রতিষ্ঠা করিয়াছেন। পূর্বোক্ত ধ্রুবগোস্বামী মঙ্গলভিহিতে শুভ বিজয় করত তত্রত্য জনৈক পণ্ডিতের গৃহে প্রবেশ করেন। কথা-প্রসঙ্গে গোস্বামিজি জানিলেন যে মঙ্গলডিহি-নিবাসী মন্ত্রখের পুত্র গোপাল নিষ্ঠাবান ও দেবপরায়ণ বৈষ্ণব। গোপালের নিকট সংবাদ প্রেরিত হইলে গোপাল আসিয়া

সন্যাসির মুখে শ্রীশ্রীগ্রামচাঁদের অপূর্ব

কাহিনী ও তাঁহার পূর্ববংশের পরি-

সহিত

চয়াদি পাইয়া সন্ন্যাসির

মিত্রতাপাশে বদ্ধ হন। সন্মাসী গোপালের গুণে মুগ্ধ ইইয়া এ শীখাম-চাঁদ ও শ্রীবলরামকে তাঁহার গ্রহে রাখিয়া শ্রীশ্রীজগন্নাথ দর্শন করিতে গমন ক্রিয়া চারি বৎসর প্রত্যাগত হন। গোপাল স্বীয় পত্নী লক্ষীপ্রিয়া ও ভগিনী মাধবীলতার <u> প্রিক্তামটাদের</u> সহিত প্রমানন্দে দিনাতিপাত করিতে-ছিলেন-কিছ সন্মাসী আসিয়া বিগ্ৰহ লইয়া গেলে বিরহে, ছঃখে ও শোকে তাঁহারা মিয়মাণ হইলেন। এদিকে সন্ন্যাসী গ্রাম হইতে অনতিদুর যাইতে না যাইতেই শ্রীবিগ্রহ পাছঙার প্রেমরজ্ঞুতে আরুষ্ট হইয়া বিশ্বস্তর মৃত্তি ধারণ করিলেন এবং পুনরায় স্বপ্নাদেশ দিয়া মঙ্গলভিহিতে আগমন 'করেন। এই প্রসঙ্গ শ্রীজগদানন্দের 'শ্রীখামচন্দ্রোদয়' গ্রন্থে ত্রিপদীছন্দে বৰ্ণিত হইয়াছে।

গ্রুবানন্দ—গ্রীল গ্রামানন প্রভুর শিখা।

ধ্রুবানন্দ, পুরুষোত্তম, রুঞ্চ হরিদাস। শ্র্যামানন্দের প্রিয়, নৃসিংহ-পুরে বাস॥ (প্রেম ২০) ২—ধ্রুবানন্দ কমলাকর পিপ -

লায়ের শ্রীপাট মাহেশ প্রামের
শ্রীশ্রীজগরাথ বিগ্রহের স্থাপনকর্তা।
গ্রুবানন্দ কমলাকরকে শ্রীজগরাথদেবের সেবাধিকার প্রদান করিয়া
শ্রীক্রনাবনে গমন করেন। কমলাকর
পিপলায়ের বংশধরগণের নিকট
রক্ষিত প্রাচীন বিবরণ হইতে জানা
যায়—শ্রীপুরীধামে গমন করিয়া
স্বহস্তে রন্ধন করিয়া শ্রীজগরাধদেবকে

ভোগ দিতে ধ্রুবানন্দের বড়ই বাসনা

আশ্ৰয়ে

হয়, কিন্তু প্রীর দেবক বা পাণ্ডাগণ তাঁহাকে নিষেধ করিলেন। ইহাতে তিনি অতীব ছঃখিত হইলেন। শেষে নিজাকালে স্বপ্লাদেশ প্রাপ্ত হয়েন—'গ্রুদানন্দ! তুমি গঙ্গাতীরে মাহেশ গ্রামে গমন কর, তথার আমাকে দেখিতে পাইবে ও তোমার মনোমত সেবা করিবে'। গ্রুদানন্দ আদেশ পাইয়া আক্না মাহেশে আগমন করেন (হুগলী জেলার মহকুমা শ্রীরামপুরের এক জোশ দক্ষিণে উক্ত মাহেশ গ্রাম) এবং গঙ্গাজলে শ্রীজগরাথদেবের দারুম্ভি ভাসমান

অতীব দেখিয়া আনন্দ-সহকারে তাঁহাকে উত্তোলন করিয়া প্রতিষ্ঠা করেন। তৎকালে ঐ স্থান জঙ্গলারত অর্ণা পরিষ্কার ছিল। ধ্রুবানন্দ করিয়া প্রভুর সেবা প্রকাশ করেন এবং পুরীধামে যেরূপ শ্রীজগন্নাথ-দেবের লীলা পর্বাদি হইয়া থাকে, এখানেও তদমুরূপ ব্যবস্থা করেন। ইনিই বঙ্গদেশে শ্রীজগন্নাথ বিগ্রহের স্থাপনকারী, অন্ত পিপলাই-কৰ্ম্বক --ক্মলাকর প্রতিষ্ঠিত শ্রীজগন্ধাথদেব इन । (কমলাকর পিপলাই দেখ)

ধ্রুবানন্দ ব্রহ্মচারী—বাহ্মণ, শ্রীল গদাধর পণ্ডিতের শাখা। পূর্বলীলায় ললিতার প্রকাশ (গো গ ১৫২)। শাখা-শ্রেষ্ঠ ফ্রবানন্দ, শ্রীধর ব্রহ্মচারী॥ (रेठ° ठ° षामि >२।१२) गरमाञ्चल-ধ্রুবানন্দমহং ব*ন্দো* বিলাসিনম্। স্ব-স্বভাবং দদে যদৈ কুপয়া শ্রীগদাধর:॥ (শা° নি° ৪) বর্থ মান ঞ্বানন্দের বংশধরগণ জিলায় শ্রীপাট মাহাতা, চাণক, মানকর প্রভৃতি স্থানে বাস করিতে-ছেন। প্রীগোবিন্দ-বিগ্রহ সকলম্বানে সমারোহে পালাক্রমে সেবিত হন।

নকড়ি – প্রীশ্রীনিত্যানন্দ প্রভুর শাখা।
নকড়ি, মুকুন্দ, স্থর্গ, মাধব, প্রীধর॥
[ৈ চি ° চ ° আদি ১>।৪৮]
নকড়ি দাস—শ্রীনিবাস আচার্বের
শিষা।

শ্রীনকড়ি দাস প্রতি অতিক্রপা
কৈলা। প্রভুর চরণ তিহোঁ সর্বস্থ
করিলা॥ (কর্ণা ১)

নকুল প্রক্ষাচারী—আত্মামূলুকনিবাসী। ইহাতে শ্রীশ্রীমহাপ্রভুর
আবেশ স্বীকৃত হয়।

আধ্যামূলুকে হয় নকুল ব্রহ্মচারী।
গরম বৈষ্ণব তিঁহো বড় অধিকারী॥
গোড়দেশে লোক নিস্তারিতে মন
হইল। নকুল-হাদয়ে প্রস্তু আবেশ
করিল॥ গ্রহগ্রস্ত প্রায় নকুল
প্রোমষ্ঠি হঞা। হাদে, কাল্দে,

নাচে, গায় উন্মন্ত হইয়া॥ (চৈ° চ° অন্ত্য ২।১৬—১৮)

শ্রীনকুল ব্রহ্মচারী দেখিতে বড়ই
স্থপুরুষ ছিলেন। ততুপরি প্রেমধনে
ধনী হইরা তিনি জীব উদ্ধার করিতে
লাগিলেন। অধিকল্প তাঁহার মধ্যে
মহাপ্রভুর আবেশের প্রচার হইলে
শ্রীশিবানন্দ সেন পরীক্ষা করিবার জন্ম
সেধানে গেলেন।

চৈতন্ত-আবেশ হয় নকুলের দেহে।
ত্তনি' শিবানন্দ আইলা করিয়া
সন্দেহে॥ পরীক্ষা করিতে তাঁরে
যবে ইচ্ছা হইলা। বাহিরে রহিয়া
তবে বিচার করিলা॥ ঐ

শ্রীশিবানক ভাবিলেন—আমার ইষ্টমন্ত্র যাহা, তাহা আমি ভিন্ন আর কেছ জানেন না। শ্রীনকুল যদি তাহা আমাকে বলিয়া দিতে পারেন,
তবেই জানিব—নকুলের শরীরে
মহাপ্রাত্মর সত্যই আবেশ। নকুলের
দর্শন ও রূপালাভের জন্ত দেশ বিদেশ
হইতে লোক সমাগম হইতেছে।
খুবই জনতা। শ্রীশিবানন্দ কাহাকেও
কিছু না জানাইয়া জনতার মধ্যে
লুকাইয়া রহিলেন, কিন্তু ঠিক সেই
সময়েই শ্রীনকুল—

ব্রহ্মচারী কছে—শিবানন্দ আছে দুরে। জন ছই চারি যাহ, বোলাও তাহারে॥ ঐ

শ্রীশিবানন্দ গোপনে আসিয়াছেন,
শ্রীনকুলের লোকজন তাঁহাকে ডাকাডাকি করাতেই তিনি আশ্চর্যায়িত
হইলেন। নিকটে আগমন করিলে
শ্রীনকুল বলিলেন, 'তুমি আমাকে

পরীকা করিবার জন্ম গোপনে আদিয়াছ ও মনে মনে সন্দেহ করিয়াছ; বেশ, তুমি যাহা ভাবিয়াছ তাহা এই—

গৌরগোপাল-মন্ত্র তোমার চারি অক্ষর। অবিশ্বাস ছাড়, যেই করেছ অস্তর॥ ঐ

শ্রীশিবানন্দ সেন তথন শ্রীনকুলে সত্যসত্যই মহাপ্রভুর আবেশ দেখিয়া তাঁহাকে সন্মান ও ভক্তি করিতে লাগিলেন।

নটবর—পদক্তা। পদকল্পতরু ১৩৬৬ (দানলীলা) ও ২২৫০ (শ্রীগোরাঙ্গ-বিষয়ক) ছুইটি পদ উদ্ধার করিয়াছে। নন্দকিশোর-চন্দ্র দাস—শ্রীবৃন্দাবনে ১৮৭০ সম্বতে সারস্বত-বংশে জন্ম। শুকদৃত মহাকাব্য, প্রেমোল্লাসকাব্য, গোবিন্দগুণার্গব নাটক, রাধাবিহার-চন্দ্র্প, ভাগবতদর্পণকাব্য এবং রাস্পঞ্চাধ্যায়ীর উপর বালবোধিনী টীকার রচয়িতা।

নন্দকিশোর দাস— শ্রী অভিরাম দাসের পাটপর্যটনমতে ইনি শ্রী অভিরাম গোস্বামির শিষ্য। শ্রীপাট চুনাথালি।

'চুনাখালিবাসী দাস নন্দকিশোর॥ (পা°প°)

২ শ্রীনিত্যানন্দ-বংশু শ্রীপাট
পুরুণিয়া গাদির অধ্যক্ষ। ইনি
বাদশাহী সনদ পাইয়া শ্রীবৃন্দাবনে
শৃঙ্গারবটে শ্রীশ্রীনিতাইগোর বিগ্রহ
লইয়া যান। তত্রত্য গাদির ইনিই
প্রতিষ্ঠাতা; ইনি শ্রীকৃষ্ণবলরামের
সাক্ষাৎ আদেশে শ্রীবৃন্দাবনলীলামৃত'ও শ্রীরসকলিকা'নামক
প্রন্থয় রচনা করিয়াছেন।

नमञ्जान अधिकात्री (गरास)-শ্রীনিবাস আচার্যপ্রভুর শিষা গ্রামাদাস ঠাকুরের নবম অধস্তন ১৭৭১ শাকে পাঁচপুপী গ্রামে প্রকট হন। আবাল্য বৈষ্ণবসঙ্গ, বৈরাগ্য, অমুরাগ ও ধর্মপ্রাণতার জন্ম তাঁহাকে বৈঞ্চবরাণ 'মহাস্ত' আখ্যা দিয়াছিলেন। পাঁচ-থুপীর বৈষ্ণবচূড়ামণি বনওয়ারীলাল সিংহ মহাশয়ের সহিত ইঁহার প্রণয় ছিল এবং তাঁহার গৃহে স্মাগত বৈষ্ণবগণের স্হিত সর্বদা ধর্মা-লোচনায় নিমগ্ন থাকিতেন। ১৮৩৭ শকে মাধী ক্লফাপঞ্মীতে ইনি স্বস্থদেহে সিংহমহাশয়ের গ্ৰ আসিয়া পূজাপাদ ত্রিভঙ্গদাস বাবাজি-প্রমুখ বৈক্ষবগণে বেষ্টিত হইয়া হরিনামায়ত পান করিতে করিতে দেহতাগি করেন।

নন্দন—পদকর্তা। পরিচয় অজ্ঞাত।

২ শ্রীনিত্যানন্দ প্রেতুর শাখা।

তিন স্রাতা। ইংহাদের গৃহে

শ্রীনিত্যানন্দ প্রতু অবস্থান করিয়াছিলেন।

বিষ্ণুদাস, নন্দন, গঙ্গাদাস—তিন ভাই। পূর্বে যাঁর ঘরে ছিলা নিত্যানন্দ গোঁসাই॥ (চৈ° চ° আদি ১১।৪৩) ৩ শ্রীরসিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪।১৫১]

নন্দন আচার্য—গ্রহবিপ্র। পিতার
নাম—লক্ষী-নারায়ণ সর্বজ্ঞ।
তারকেশ্বরের নিকট বহিরখণ্ড গ্রামে
ইনি কিছুদিন বাস করত নবদীপে
শ্রীহটিয়া বা দক্ষিণ পাড়ায় বাস
করেন। [নন্দন আচার্যের পূর্বপুরুষগণ শাকদ্বীপী প্রাশরাত্মজ্ঞ
শাস্তিমুনিবংশোদ্ভব, বাৎস্থগোত্র

রাদীয় ভরত শাথার বংশ। ইঁহারা
ঢাকার ভাতথণ্ড সমাজভুক্ত—
রোবেড়াবাসী মধ্যম কি দিতীয়
গোত্রীয় বংশাবলী]। লক্ষ্মীনারায়ণের
ছই পুত্র - নন্দন ও ভগবান্ অধিকারী
সার্বভৌম। লক্ষ্মীনারায়ণ সর্বজ্ঞ ও
জ্যোতিব-শাস্ত্রে অবিতীয় পণ্ডিত
ছিলেন এবং প্রীচৈতগুভাগবতোক্ত
শ্রীমহাপ্রভুর জন্মলীলা-দর্শক ও
কোঠী-গণক [প্রীবিফুপ্রিয়া গৌরাঙ্গ
তা১০]। শ্রীবৈতগু-শাথা। ইনি
খঞ্জ ছিলেন।

নবদীপে ঘর নন্দন আচার্য।
নিত্যানন্দ-প্রিয় তাঁর, জানে সর্বকার্য॥
শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু নবদীপে
ইহার গৃহে ছিলেন। শ্রীমন্ মহাপ্রভুও
একরাত্রি এই গৃহে আত্মগোপন
করিয়াছিলেন।

নন্দন আচার্য শাখা জগতে বিদিত। লুকাইয়া তুই প্রভুর বাঁর ঘরে স্থিত॥ (চৈ° চ° আদি ১০৩৯)

মহাপ্রভু বেদিন মহাপ্রকাশ লীলা করেন, সেই দিবস প্রীক্ষরৈত আচার্য ইহার গৃহে লুকায়িত ছিলেন। প্রভু সন্মাস লইয়া পুরীধামে গমন করিলে ইনিও পরে তথায় গমন করেন। মহাপ্রভু দক্ষিণদেশে প্রমণান্তে পুরীতে প্রত্যাগমন করিলে নন্দনাচার্য থঞ্জ হইলেও আনন্দে উৎফুল্ল হইয়া সকলের অগ্রে অগ্রে প্রভুর অভ্যর্থনা করিতে ছুটিয়াছিলেন।

নফন আচার্য আসে গাঢ় অন্থরাগে। থ্যোড়া বটে তবু আইসে সকলের আগে॥

শ্রীনবাস আচার্য যখন শ্রীনবদ্বীপ-ধাম দর্শন করিতে আসেন, তথন ইঁহার গৃহ দর্শন করিয়া ধন্ত হইয়া-ছিলেন—

শ্রীনন্দন আচার্য পর্ম ভাগ্যবান। দেখ শ্রীনিবাস এই ভবন তাহার॥ ভক্তগোষ্ঠী দহ প্রভু গিয়া এ ভবনে। দেখে নিত্যানন্দ বসি আছয়ে ধেয়ানে॥

ভিজি ১২।২৪২২—২৩] नन्मन यादेखि— উष्धिराप्तभवाती। মহাপ্রভুর ভক্ত। ইনি পুরীধামে প্রীপ্রীজগন্নাথদেবের সেবা করিতেন। নন্দ মিশ্র—শ্রীবলদেব বিত্তাভূষণের

শিষ্য। সিদ্ধান্তদর্পণের টীকাকার। নন্দরাম—শ্রীদীতাদেবীর সেবিকাও শিষ্যা জঙ্গলীপ্রিয়ার শিষ্য—ইনি 'শ্রীকৃষ্ণমিশ্র-চরিত্র'-রচম্বিতা। নন্দাই--- শ্রীচৈতন্ত্র-শাথা। গোবিশা ও রামাই তিনজনে মহা-প্রভুর গৃহে সেবাকার্য করিতেন। রামাই, নন্দাই—দোঁহে কিন্ধর। গোবিন্দের সঙ্গে সেবা করে নিরস্তর ॥ বাইশ ঘড়া পানি দিনে ভরেন রামাই। গোবিন্দ-

আজায় সেবা করেন নন্দাই॥ [হৈত° চ° আদি ১০1১৪৩—১৪৪] ২ শ্রীনিত্যানন্দ প্রভুর শাখা। শিবাই, নন্দাই, অবধৃত প্রমানন্দ।

নন্দিনী দাসী--গ্রীমধ্বত প্রভুর শাখা (মতান্তরে প্রী মধৈতত্বহিতা)। নিদিনী আর কামদেব, চৈত্ত দাস। প্রীঅধৈত-গৃহিণী শ্রীদীতাদেবীর

(रेठ° ठ° चानि ३३।८२)

मी जारमवीत घ्रष्टे मामी-जननी, নিদনী। কৃষ্ণমন্ত্ৰ-দীক্ষা সীতা দিলেন আপনি ৷ নন্দিনী সেবয়ে শ্রীসীতার

পরিচারিকা ছিলেন।

চরণে। (প্রেম ২৪) পূর্বলীলায় ইনি জয়া ছিলেন (গৌ° গ° ৮৯)। ভক্তমালে (৩) উল্লিখিত আছে যে ইনি ও জঙ্গলী সীতাদেবীর সহচরী ছিলেন। কথিত আছে যে ইনি শান্তিপুরের নিকটস্থ হরিপুরের ক্ষত্রিয়-কুমার ছিলেন—সীতাদেবীর শিষা হইয়া ইনি স্ত্রীবেশ ধারণ করেন-নাম হয় নকিনী। ইহার গাদির মোহান্তগণও স্তীবেশ ধারণ করেন। লোকনাথ দাসের 'সীতা-চরিত্রে' ইহার পূর্বনাম-নন্দরাম। নন্দিনী গ্রীগোপীনাথের সেবা করি-তেন—বণ্ডডা কালেক্ট্রী হইতে প্রতি বৎসর ৭২৮/০ দেওয়া হয়। ইনি শেষ বয়সে প্রীক্ষেত্রবাসিনী হয়েন। পুরীতে এখনও নন্দিনী মঠ আছে। ভাস্কর-হালিসহর-নিবাসী ভাস্কর। 'নয়ন ভাস্কর হালিসহর গ্রামে ছিলা। প্রমানন্দে তিহোঁ শীঘ্ৰ যাত্ৰা কৈলা'। (ভক্তি ১০।৩৮১) খেতুরির বিখ্যাত উৎসবে ইনি গিয়াছিলেন। খ্রীমতী জাহ্নবাদেবী

জন্ম শ্রীরাধিকার মৃতি নির্মাণ করিতে ইহাকে আজ্ঞা দিয়াছিলেন। অমুগ্রহ করি কহে নয়ন ভাস্করে। নিরম্বর গোপীনাথে করিবে ধিয়ান। করিতে হইবে এক প্রেয়সী-নির্মাণ॥ (ভক্তি ১১)২৪৪-৪৫) নয়ন ভাস্করে শ্রীকাহনা আজ্ঞা কৈলা। তেহোঁ শ্রীরাধিকা-মৃতি

শ্রীবন্দাবনের শ্রীশ্রীগোপীনাথ বিগ্রহের

নির্মাণ করিলা॥ (ভক্তি ১১।৭৮৮) ২ শ্রীশ্রামানন্দ প্রভুর শিষ্য। আর শাখা রামানন, নয়ন ভাস্কর॥

(প্রেম ২০)

নয়নানন্দ কবিরাজ—শ্রীখণ্ডবাসী ৰৈছ, প্ৰসিদ্ধ পদকৰ্তা। ইনি প্ৰীরঘু-নন্দন ঠাকুরের শিষ্য। রচিত 'অকিঞ্চন-সর্বস্ব' গ্রন্থে শ্রীল সরকার ঠাকুর-সম্বন্ধে বহু বিষয় বৰ্ণিত আছে। গ্ৰন্থটি অপ্ৰকাশিত। মতান্তরে—এই গ্রন্থ শ্রীবৃন্দাবন দাসের রচিত। (প্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব ২২৯ পৃষ্ঠা) নয়নানন্দ ঠাকুর-বীরভূম জেলায়

মঙ্গলভিহি গ্রামে পাত্রয়া গোপালের শিষ্যবংশের তৃতীয় অধস্তন। ইনি শ্রীশ্রীরূপগোস্বামি-রচিত শ্রীভক্তি-র্মামৃত্সিল্পর আধারে ১৬৫২ শকে 'শ্রীকৃষ্ণভক্তিরসকদম্ব' ও শকে 'প্রেয়োভক্তিরসার্ণব' রচনা করিয়া মঙ্গলডিছি গ্রামকে চির-

গৌরবান্বিত করিয়াছেন।

নয়নানন্দ দেব—শ্রীরসিকানন্দ প্রভুর পোত্র ও বিতীয় স্থলাভিষিক্ত। ১৬০৭ শকান্দে বৈশাখী শুক্লাপঞ্চমীতে শ্রীশ্রীরাধানন্দ প্রভুর তিরোভাবের পর তদীয় জ্যেষ্ঠ পুত্র শ্রীনয়নানন্দ প্রভু খ্রামাননী গানীখর হওয়ায় কনিষ্ঠ প্রীপ্রীরাসানন্দ প্রভু পুরীতে গমন করিয়া প্রীপ্রীগোকুলানন্দজীউর সেবা করিতে থাকেন। প্রীপ্রীগ্রামা-নন্দপ্রকাশে খ্রীলক্ষণাস খ্রীশ্রীনয়না-নন্দ প্রভুর পূর্বাবির্ভাবের অত্যাশ্চর্য কাহিনী লিপিবদ্ধ করিয়াছেন।

শ্রীসম্প্রদায়ী বৈষ্ণবগণের 'গলতা' নামে এক গাদী ছিল। পূর্বে 'শ্রীস্থানন্দ' নামে এক পরম তেজস্বী ও প্রেমিক ভক্ত উক্ত গলতা গাদীর

রাজপুতনার অন্তর্গত জয়পুরে

অধীশ্বর ছিলেন। একদা তিনি

প্রীশ্রীশ্রামানন প্রভু প্রীশ্রীরদিকানন

'রঘুনাস'-নামক প্রধান চেলার হস্তে কার্যভার সমর্পণ করিয়া তীর্থ-পরি-ভ্রমণে বহির্গত হইবার ইচ্ছা প্রকাশ করিলে রঘুদাস তাহাতে অসামর্থ্য প্রকাশদারা গুরুর আজ্ঞা লক্ষ্ন করায় তাঁহাকে কুষ্ঠরোগগ্রস্ত হইবার অভিশাপ প্রদান করেন। রঘুদাস স্বকীয় অপরাধক্ষালনোদ্দেশ্রে তাঁহার চরণে বারংবার লুঞ্জিত হওয়ায় মহান্ত স্থানন তাঁহাকে আশ্বন্ত করিয়া বলিলেন যে অচিরে তিনি পুনর্বার পরিগ্রহ করিবেন: শ্রীপুরুষোত্তম যাইবার পথে তাঁহার দর্শন ও চরণামূত পান করিয়াই অপরাধমুক্ত হইতে পারিবেন। তাঁহার পৃষ্ঠে যে তরবারি-চিহ্ন ছিল, তাঁহার পুনরাবির্ভাবেও তাহা স্মারক চিহ্নরপে বিরাজিত থাকিবে। এইরপে তাঁহাকে আশ্বন্ত করিয়া তীর্থপর্যটন-মানসে পূর্বদিকে চলিতে চলিতে চৌদ্দ সংস্থা নাগা সন্ন্যাসিসহ শ্রীপাট গোপীবল্লভপুরে উপনীত হইলেন। তাঁহার আগমন-সংবাদ প্রীশ্রীশ্রামানন্দ ও শ্রবণ করিয়া শ্রীশ্রীরসিকানন্দপ্রভু প্রভ্যুদ্গমন করিয়া তাঁহাকে সমাদরে লইয়া আসিলেন। মহান্ত সুৰ্যানন্দ শ্ৰীপাটে কিছুদিন অবস্থান করিলে পর এরিসিকানন্দ-প্রভুর স্নেহাকর্ষণে তাঁহার পুত্রত্ব-প্রাপ্তির ইচ্ছা তদীয় হৃদয়ে বলবতী হইল। একদিন শ্রীশামানন্দ ও শ্রীরুদ্রিকানন্দ প্রভু নিভূতে ক্লফকথা-আলাপনে ব্যাপত ছিলেন, এমন সময়ে সূর্যানন্দ সেখানে উপস্থিত হইয়া আপন অভিপ্রায় শ্রীশ্রীশ্রামা-নন্দ প্রভুর নিকট জ্ঞাপন করিলেন।

প্রভুর অভিপ্রায়-অমুযায়ী তাঁহাকে তদীয় শিষা শ্রীশ্রীরাধানন্দদেবের আত্মজরূপে আবিভূত হইতে আদেশ করিলেন। মহাস্ত সূর্যানন্দ ভক্তি-গদগদস্বরে পুনশ্চ প্রার্থনা করিলেন य श्रेष्ट्रविद्यात जीएर्स मन्नामिनार्गत যুদ্ধসংঘর্ষনকালে পলাইয়া আসিবার সময় তাঁহার পৃষ্ঠদেশে যে তর্বারির আঘাত লাগিয়াছিল, তাহার চিহ্ন এখনও বৰ্জমান রহিয়াছে। উক্ত চিহ্ন যেন তাহার ভাবী দেহেও বর্তমান থাকে। শ্রীশ্রীশ্রামানন্দ প্রত্ন 'তথাস্ত্র' বলিয়া তাঁহার সে প্রার্থনাও পুরণ করিলেন। তৎপৃঞ্চিত প্রীপ্রী লক্ষ্মী-भानंशायभिना खीलारहे নৱসিংহ রাখিয়া মহান্ত স্থানন্দ শ্রীপ্রীজগরাথ-দর্শনে গমন করিলেন এবং সেই পুণ্য ক্ষেত্রে লীলা সাম্স করিয়া পুনশ্চ শ্রীশ্রীরাধানন্দ প্রভুর জ্যেষ্ঠ পুত্র শ্রীশ্রীনয়নানন্দ-ক্লপে আবিভূতি इटेलन। এই फिट्क त्रपूर्वाम अकृत আজ্ঞা শিরোধার্য করিয়া তীর্থপর্যটনে বহির্গত হইলেন এবং শুরুর অমু-সন্ধান করিতে করিতে শ্রীপাট উপনীত হইয়া গোপীবল্লভপুরে শ্রীশ্রীনয়নানন্দ প্রভুর পৃষ্ঠদেশে তর-বারীর চিহ্ন অবলোকন করিয়া তাঁহাকে চিনিতে পারিলেন। তাঁহার চরণামৃত পান করিতেই তাঁহার পূর্বাপরাধ দূর হইল এবং গুরুর আশীর্বাদ ও আদেশ লাভ গলতায় প্রত্যাবর্ত্তন করিয়া মহান্ত-পদে সমাসীন হইলেন। श्रीनश्री-ন্রসিংহ শালগ্রামশিলা অ্লাপি

শ্রীপাটে শ্রীরাধাগোবিন্দজীউর মন্দিরে পৃঞ্জিত হইতেছেন। খ্রীনয়নানন্দ-প্রভুর রচিত বল, উৎকল ও মৈথিলী ভাষায় : ৫টি সংকীর্ত্তনের পদ এযাবৎ হইয়াছে। গোড়ীয়-সংগৃহীত বেদাস্তাচার্য শ্রীমদলদেব বিভাভূষণ প্রীশ্রীশ্রামানন্দ-প্রকাশ শ্রীগ্রামানন্দ-রুসার্ণব-প্রণেতা ক্রফদাস শ্রীনয়নানন প্রভুর অমুশিষ্য ছিলেন। শ্রীনয়নানন্দ প্রভু শ্রীরসিকানন্দ প্রভুর শিষা ছিলেন। শ্রীনয়নানন্দ প্রভু বৈশাখী শুকা সপ্রমী তিথিতে নিতালীলায় প্রবেশ করেন। তাঁহার সমাধি মন্দির শ্রীপাটে ও ময়নাগডে অবিরাজিত আছেন। (রসিক্মঙ্গলের ভূমিকা) ন্যুনানন্দ মিশ্র-ভার্মণ। এসিদ্ধ শ্রীলগদাধর পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা বাণীনাথের শ্রীগদাধর পুত্ৰ છ পণ্ডিতের শাখা। মহাপ্রভু ইঁহাকে বড় স্বেহ করিতেন। প্রাণিদ্ধ পদ-কর্তা। (গৌগ ১৯৬,২০৭) ব্রজের নিত্যমঞ্জরী।

'অনন্ত আচার্য, কবিদন্ত, মিশ্র নয়ন ॥' (চৈ° চ° আদি ১২।৮০)

মুর্শিদাবাদ জেলায় কাঁদির নিকট ভরতপুর গ্রামে শ্রীপ্রীগদাধর পণ্ডিতের স্থাপিত শ্রীপ্রাগাপীনাথ বিগ্রহের সেবাভার শ্রীগদাধর পণ্ডিত ইংকাকে দিয়াছিলেন। প্রভুর আজ্ঞায় ইনি সংসারী হয়েন। নয়নানন্দের বংশ-ধরগণ অভ্যাপি উক্ত গ্রামে বাস করিতেছেন। থেতুরীর উৎসবে ইনি উপস্থিত ছিলেন। ইংগর রচিত গৌরপদাবলী হল্প ও আস্বাভ্য। (গদাধর পণ্ডিত দেখ)।

বন্দে শ্রীনয়নানন্দং মিশ্রং প্রেম

স্থধার্ণবম। গৌরস্থ গদাধরস্থ প্রেমরবৈকভাজনম ॥ (শা° নি° ১০) নয়ান সেন—শ্রীখণ্ডবাসী শ্রীনিবাস আচার্য যে সময়ে শ্রীথণ্ডে শ্রীন শরকার ঠাকুরের সহিত দাক্ষাৎ করিতে যান, সে সময়ে ইনি তাঁহার নিকটে ছিলেন। (প্রেম ৪) কবিরাজ---শ্রীনিবাস নরসিংহ আচার্যের শিষা। প্রীপাট – কাঞ্চন-গডিয়া।

তথায় নরসিংহ কবিরাজ প্রতি। দয়া করি মন্ত্র দিল, অপিয়া শকতি॥ পরম পণ্ডিত তিহেঁ। প্রভুরে ধেয়ায়। তাঁর প্রেম-চেষ্টা-গুণ বুঝন না যায়। (কণ্)

নরসিংহ তীর্থ—'নুসিংহ তীর্থ' দেখ। **নরসিংহ দাস**—হংসদূতের প্রে অমুবাদক [ব-সা-সে]।

নরসিংহ দেব (প্রথম)—চোড গঙ্গবংশীয় অষ্টম রাজা (১২৩৮–৬৪ খঃ) কোণার্ক হুর্যমন্দির-নির্মাতা।

নরসিংহ নাড়িয়াল—গ্রহট্টবাসী, শ্রীঅবৈতের পিতামহ। ইনি শ্রীহট্র হইতে আসিয়া গৌডের নিকটবর্ত্তী রামকেলিগ্রামে থাকিয়া সংস্কৃত ও পারসিক ভাষায় ব্যুৎপন্ন হন এবং উত্তরকালে রাজা গণেশের অমাত্য হন। ইঁহারই মন্ত্রণায় রাজা গণেশ (১৪০৭ খঃ) শামস উদ্দীনকে নিহত করিয়া গোড়ের সিংহাসনে আরোহণ [অহৈত-প্রকাশ ১] **নরসিংহ রায় রাজা**—পরুপল্লী বা পাইকপাড়াতে ইংগ্র রাজধানী

সস্ত্ৰীক 🤅

ঠাকুরের নিকট হইতে দীক্ষা গ্রহণ

করেন। (রূপচন্দ্র সরস্বতী দেখ)

শ্রীনবোদ্ধয

ছিল। ইনি

নরোত্তম স্বগণ রাজা নরসিংহ রায়। অতি দুরদেশ পরুপল্লী রাজধানী হয়॥ গঙ্গাতীরে নগরী সে অতিমনোরম। পুত্রসম স্নেছে প্রজা করম্বে পালন ৷ ব্রাহ্মণ পণ্ডিত বহু থাকে তার পাশে। আর দিনে নরসিংহ নিজ ঘরণী আনিলা। নরোত্তম গোঁদাই তাঁরে মন্ত-প্রদান কৈলা॥ (প্রেম ১৯) নু সিংহ নামেও इनि খাত ছিলেন --

রাজা নুসিংহ প্রম তেজোময়। থার প্রেমাধীন জীঠাকুর মহাশয়॥ (নরো ১২)

রাজা নরসিংহ রায় সর্বাংশে উত্তম। তাহারে করিলা দয়াঠাকুর নরোত্তম। (প্রেম ২০)

ইহার স্তীর নাম স্নপ্মালা ছিল। নরসিংহ-ঘরণী॥ রূপমালা ভায় (নরো ১২)

নরহরি চক্রবর্ত্তী—(ঘনখাম দাস) —মুর্নিদাবাদ জেলায় রেঙাপুর বা রেঙাগ্রামে খুষীয় সপ্তদশ শতাব্দীর প্রারত্তে জন্ম হয়। ইঁহার পিতা প্রসিদ্ধ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের ইনি শ্রীনৃসিংহ শিয়া—জগরাথ। চক্রবভির শিষ্য ছিলেন—

মোর ইষ্টদেব শ্রীনৃদিংহ চক্রবর্তী। জন্ম জন্ম সে চরণ সেবি—এই আতি॥ (নরো ১৩)

ইনি ঐগোবিন্দজীর व्यारमर# যাইয়া তাঁহার পাচকের ব্রজে কার্যে নিযুক্ত হন। এজন্ত তিনি পূজারী' **'**র**ত্ব**ইয়া नारम খ্যাত রচিত তাঁহার গ্রন্থ---(১) ভক্তিরত্নাকর, (২) নরোত্তম-(৩) শ্রীনিবাস-চরিত্র,

(৪) গীতচক্রোদয়, (৫) ছন্দঃ-সমুদ্র, (৬) গৌরচরিত-চিন্তামণি, (৭) নামামূভসমুদ্র, (৮) পদ্ধতি-(৯) সঙ্গীতসারসংগ্রহ প্রদীপ, প্রভৃতি। ইনি একাধারে স্থপাচক, ত্মগায়ক, স্থবাদক, সঙ্গীতজ্ঞ এবং পর্ম ভক্ত ছিলেন।

শ্রীচৈতগ্রভাগবত. শ্রীচৈতন্ত্র-চরিতামৃত বা শ্রীচৈতন্তমঞ্চলে স্কল ভজের জীবনী লিপিবদ্ধ হয় নাই। <u>শ্রীপ্রবোধানন্দ</u> শ্ৰীলোকনাথ. শ্রীগোপালভট্ট প্রভৃতির কথা এবং পরবর্ত্তী মহাজনত্র—শ্রীনিবাস. নরোত্তম ও শ্রামানন্য প্রভুর কথা কত্রাপি নাই। প্রীমন মহাপ্রভুর প্রবর্তী যুগে গৌড়ীয় অপ্রকটের আচার্যদের এবং তৎকালীয় ভক্ত-বুনের অপ্রকাশিতপূর্ব জীবনবৃতান্ত ইনি ভক্তিরতাকর, নরোত্মবিলাস প্রভৃতিতে লিপিবদ্ধ করিয়াছেন। ভক্তিরতাকরে ৫ম তরঙ্গে শ্রীব্রজ-মণ্ডলের এবং দ্বাদশ-তরক্ষে শ্রীনবদ্বীপ পরিক্রমার যে ত্ববৃহৎ ও পরিষার মান্চিত্র তিনি অন্ধিত করিয়াছেন. তাহাতে স্থান বিলুপ্ত হইলেও সহদয় ভক্তচিত্তে ও কালের পৃষ্ঠায় এই ছুই স্থানের ভৌগোলিক তত্ত্ব চিরদিন অন্ধিত হইয়া থাকিবে। ঐতিহাসিক হিসাবে এই গ্রন্থের মূল্য অত্যৱ হইলেও কিন্তু স্থানসূচক বিবরণে ইহাকে অমুল্যাই বলিতে হয়।


নরহরি দাস — 'অবৈতবিলাস-নামক গ্রন্থ-প্রণেতা। এই গ্রন্থানি নাতি প্রামাণিক।

নরহরি বিশারদ-বাস্থদেব সার্ব-ভোমের পিতা। (বঙ্গের জাতীয়

ইতিহাস ২৯৫ পৃ:)
ভট্টাচার্য-বিশারদো নরহরিঃ খ্যাতো
নবদ্বীপকে, জ্যায়ান্ সর্বগুণারিভা
বিজয়তে লোকাস্করস্থো হুসৌ।
জাতৌ শ্রীলবিশারদম্ম তনয়ে

শ্রীবাস্থদেবাহ্বয় - শ্রীরত্মাকর- নামকো গুণনিধী শ্রীসার্বভোমো মহান্॥ চৈতক্ত ভাগবতে (মধ্য ২১)৬) ইহার নাম—মহেশ্বর। সার্বভোম-রচিত অবৈতমকরন্দের টীকায়

আছে—নরহরি। ইহার পিতার
নাম—রত্নাকর। বঙ্গের জাতীয়
ইতিহাস-মতে বিশারদের দ্বিতীয়
পুত্রের নামই—রত্নাকর। বঙ্গে নব্য
ভার-চর্চামতে ইহাদের বংশ-তালিকা—



জয়ানসের চৈত্ত্যক্ষল-মতে ইনি

হরিদাস-রচিত প্রাদ্ধবিবেকের টীকায় বিশারদের কাল-স্চনা ও তাঁহার পৃষ্ঠপোষকের নির্দেশ আছে— 'তথা গোড়প্রোচ-পরিবৃচ্ছে বার্বকে রাজ্যং শাসতি সপ্তনবত্যধিকত্রয়োদশ-শতীমিত-শকাব্দে... বিশারদে-নোক্তম (৩৪—৩৫ পত্র)। স্থতরাং বারবক্ সাহার রাজত্বলালে ১৩৯৭ খৃঃ কিছু পরেই গ্রন্থ রচনা হইয়াছে। ইহালারা অমুমিত হয় যে বিশারদ একটি স্বৃতিগ্রন্থও করিয়াছিলেন। নৰদ্বীপ-মহিমায় (১ম সং, ৩৪ পুঃ) লিখিত আছে যে বাস্থদেবের পিতা স্থৃতিশাস্ত্রে পণ্ডিত ছিলেন। তিনি তন্তচিন্তামণির 🕻 টীকা করিয়াছেন জানা যায়। তৎকালে বিশারদ গোডদেশের শ্রেষ্ঠ মনীযী ছিলেন এবং ঐসময়ে তাঁহার সমকক মিথিলার পণ্ডিত ছিলেন—বাচম্পতি মিশ্র ও শঙ্কর মিশ্র।

মহাপ্রভুর আবির্ভাবের পূর্বেই কাশী-वागी इराम 'विभावन निवाम कविना বারাণদী'। ইনি নীলাম্বর চক্রবর্তীর সহাধ্যায়ী (চৈচ মধ্য ৬।৫৩)। [বঙ্গে নব্যক্তায়চ্চা] নরহরি সরকার ঠাকুর—বৈছ। শ্রীখণ্ডগ্রামে শ্রীপাট। প্রীচৈতগ্র-শাখা ৷ পূর্বলীলার প্রাণদখী-শ্রীমধুমতী ! थखवागी मूक्न नाम, धीत्रपूनन्तन । নরহরি দাস, চিরঞ্জীব, হুলোচন॥ (रें 5° ठ° व्यानि २०११) ১৪০১ কিম্বা ১৪০২ শকাবেদ ইনি জন্ম গ্রহণ করেন। পিতার নাম-শ্রীনারায়ণ দেব। মাতার নাম-শ্রীগোয়ী (মুরারি সেনের ক্তা) জ্যেষ্ঠ ভাতার নাম--প্রীমুকুন্দ ঠাকুর। এই মুকুন্দেরই পুত্র -প্রাসিদ্ধ শীরঘুনন্দন ঠাকুর।

ভাগ্যবস্ত নারায়ণ দাসের নন্দন। মুকুন্দ, মাধব, নরহরি—তিনজন॥ (ভক্তি ১১।৭৩০)

পিতার অপ্রকটে মুকুন্দ নবদ্বীপে **ন্রহ্**রির অধ্যয়ন-ব্যবস্থা করিয়া গৌড়ের বাদশাহের গৃহচিকিৎসক-রূপে গমন করেন। অতাল্লকাল মধ্যেই নরহরি স্থপণ্ডিত ও ভক্তি-রশজ্ঞ হইয়াছিলেন। শ্রীগোরাল-সঙ্গলাভের পূর্বে তিনি সংস্কৃত ও প্রীরাধাগোবিন্দ-লীলা-বিষয়ক পদাবলী রচনা করিতেন। ভৎপরে নরহরি ঠাকুর এবং শ্রীগদাধর পণ্ডিত মহাপ্রভুর मुक থাকিয়া নিরস্তর তাঁহার সেবা ক্রিতেন। নরহরির প্রেম-কাহিনী অতীব মনোহর। চামর-ব্যজনই নরহরির সেবা ছিল। 'নরহরি চামর তুলায়।'

(১) ভক্তিচন্দ্রিকা পটল, (২)

শ্রীকৃষ্ণভঙ্গনামৃত, (৩) শ্রীচৈতন্য-সহস্রনাম (৪) শ্রীশচীনন্দনান্তক (৫) শ্রীরাধাষ্ট্রক প্রস্কৃতি ইনি রচনা করিয়াছিলেন। ইহার ক্বত পদাবলী অমৃত-সমান। আহুমানিক ১৫৪০ খু: অব্দে অগ্রহায়ণী একাদশীতে ইনি অদর্শন হয়েন। শ্রীনরহরির তিরোভাব-উৎসবে তৎ-বৈষ্ণবরুদের যাবতীয় কালের আগমন হইয়াছিল। শ্রীনিবাস আচার্য প্রভু এই উৎসবে কর্মকর্তা শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর ছিলেন। পুত্র শ্রীশ্রীরভদ্র গোস্বামী উৎস্ব-হইয়াছিলেন। ক্ষেত্রে উপস্থিত তাঁহার রূপায় উৎসব-দিনে জনৈক অন্ধের দৃষ্টিলাভ হয়।

শ্রীখণ্ড গ্রামে নরহরি-স্থাপিত শ্রীগোরবিগ্রহ অ্যাপি পরম যত্নে সেবিত হইতেছেন। শ্রীনরহরির অগ্রজ শ্রীমুকুন্দ ঠাকুরের পুত্র শ্রীরঘুনন্দন হইতেই শ্রীখণ্ডের ঠাকুর-বংশের বিস্তৃতি।

অগ্রহায়ণ কৃষ্ণা একাদশী সর্বোপরি। যাতে অদর্শন শ্রীঠাকুর নরহরি। (ভক্তি ৯৫১৩)

একবার শ্রীগোরাঙ্গ ও শ্রীনিত্যানন্দ শ্রীখণ্ডে গিয়া সরকার ঠাকুরের মধুপান করিবার ইচ্ছা নিকট প্রকাশ করিলেন, তিনিও তথন পুষ্করিণীর জলকে নিকটবর্ত্তী পরিণত মধুরূপে শ্বপ্রভাবে করিয়া উ'হাদের পিপাসা নিবুত্তি করিয়াছেন, সেই পুষ্করিণীকে এখন 'মধুপুষ্করিণী' বলে। নরহরি মহা-প্রভুর স্বপ্নাদেশে যে তিনটি শ্রীগৌর-বিগ্রহ নির্মিত করাইয়াছিলেন, তাহাই একণে শ্রীখণ্ডে, কাটোয়া ও গঙ্গানগরে (সংপ্রতি শ্রীখণ্ডে) গেবিত হইতেছেন।

নরোত্তম ঠাকুর--কায়স্থ। ধনী <u>শ্রীকৃষ্ণানন্দ</u> দত্তের পুত্র। রাজসাহী জেলার গোপালপুর পরগণার ইনি অধিপতি ছিলেন। রামপুর বোয়ালিয়ার উত্তর পশ্চিম ছয় ক্রোশ বাবধানে প্রানদীর তীরে প্রেমতলি হইতে উত্তর-পূর্বাংশে অর্দ্ধক্রোশ-ব্যবধানে থেতুরী নামক রাজধানী ছিল। <u>তাঁ</u>হার শ্রীনরোত্তমের মাতাব নাগ— শ্রীনারায়ণী দেবী। পঞ্চদশ শক-শতাব্দের মধ্যভাগে শ্রীনরোত্তম ঠাকুর জন্ম গ্রহণ করেন। কাহারো মতে শ্রীক্ষণানন্দ দত্তের কনিষ্ঠ প্রাতার নাম — শ্রীপুরুবোত্তম দত্ত। ভক্তিরত্বাকরে (১।৪৬৬-৬৮) জানা

জ্যেষ্ঠ পুরুষোত্তম, কনিষ্ঠ কৃষ্ণানন্দ। শ্রীকৃষ্ণানন্দের পুত্র শ্রীলনরোত্তম। শ্রীপুরুষোত্তমের তনয় সম্ভোষাখ্য। गांची পূर्निगांग जिल्लान नरतां जग। অতি স্কচরিতা মাতা নাম নারায়ণী॥ কার্ত্তিক পূর্ণিমা দিনে ছাড়িলেন ঘর॥ শ্রাবণ মাসের পৌর্ণমাসী শুভক্ষণে। করিলেন শিষ্য লোকনাথ নরোজ্যে॥ শ্রীনরোত্তম ঠাকুর বাল্য হইতেই গ্রীগোরাঙ্গদেবে অমুরক্ত হন। কেহ কেহ বলেন—পিতার মৃত্যুর পর জ্যেষ্ঠ-শ্রীসস্তোষ দত্তের উপর তাতপুত্র রাজ্যাদির ভার অর্পণ করিয়া তিনি শ্রীবৃন্দাবনে গমন করেন। প্রেমবিলাসে (৮) বর্ণিত আছে যে

মহাপ্রভু কানাইর নাটশালা গ্রামে

একদিন কীর্ত্তনে নৃত্য করিতে করিতে হঠাৎ 'নৱোত্তম' নাম করিয়া ডাকিতে লাগিলেন। ভাবাবেশে প্রভুর মন অস্থির হইল। নিত্যানন্দ-সঙ্গে পরামর্শ করত পদাতীরে গডের হাটে আসিতে ইচ্ছা প্ৰকাশ করিলেন। তখন—'প্ৰভু কহে শ্ৰীপাদ! বুঝি করহ ভাবনা। আপনার গুণ তুমি না জান আপনা॥ নীলাচল যাইতে যত কান্দিয়াছ তুমি। সেই প্রেমা দিনে বান্ধিয়াছি আমি॥ সেপ্রেম রাথিব আমি পদ্মাবতী-তীরে। নরোত্তম-নামে পাত্র দিব আমি তাঁরে॥ প্রেমে জন্ম হবে তাঁর আমা বিভ্যমানে। এখনে রাখিয়া যাব পদাবতী-ভানে। তারপরে কুতুবপুরে আসিয়া পদ্মাবতীতে—'শ্লান করি তটে প্রস্থ কীর্ত্তন আরম্ভ। ভুভন্ধার প্রেমভরে হৈল মহাকম্প॥' তারপরে—'প্রতু কহে পদাবতী। ধর প্রেম লহ। নরোত্তমনামে পাত্র, প্রেম তাঁরে দিহ। নিত্যানন্দ্র**ে প্রেম** রাখিল তোমা স্থানে। যত্ন করি ইহা তুমি রাখিবা গোপনে ॥' তখন—'পনাবতী বলে প্রভু করেঁ। নিবেদন। কেমনে জানিব কার নাম নরোত্তম ॥ 'বাঁহার পরশে তুমি অধিক উছলিবা। সেই নরোত্তম, প্রেম তাঁরে তুমি দিবা॥' যেস্থানে প্রভু নরোত্তমের জন্ত প্রেম তাহাই উত্তরকালে রাখিলেন, 'প্ৰেম্ভলী' নামে কথিত হইয়াছে। দ্বাদশবর্ষ বয়সে নরোত্য স্বপ্নে শ্রীনিত্যানন্দপ্রভুর দর্শন পাইলেন এবং পদ্মাবভীর স্থানে গঞ্জিত প্রেম লইবার জন্ম আদেশ লাভ করিলেন।

পেলেন. যথন—'স্নান করিবারে আসি

প্ৰাত:কালে একাকী

জলে

উত্তরিলা।

পদ্মাতীরে

চরণ-পরশে

পদ্মাৰতী উপनिना ॥' তখন এটিচতত্তের বাক্য স্মরণ করিয়া পদ্ম নরোত্তমকে প্রেম সমর্পণ করিলেন। প্রেম পাইয়া নরোত্তমের বর্ণ পরিবর্ত্তন হইল; পিতামাতা অনেক সম্ভর্পণে নরোত্তমকে প্রকৃতিস্থ করিতে চেষ্টা করিলেন বটে. কিন্তু প্রীচৈতন্ত্র-নিত্যানন্দ-প্রেমমদিরা-পানে অতিমত্ত নরোত্তম গেহশুঝল ছেদন করত শ্রীবৃন্দাবন-পথে ছটিলেন। অহো। তাৎকালীন অবস্থা—'আহারের চেষ্ঠা নাই সকল দিবসে। ভক্ষণ করেন ছই তিন উপবাসে॥ পথেতে চলিতে পায়ে হৈল বড় ব্রণ। বৃক্ষতলে পড়ি রহে হৈয়া অচেতন॥' দৈন্তাতি-নবোত্তমের দিবানিশি রোদনে কাটিতে লাগিল। একদিন—'দুগ্ধ-ভাগু লৈয়া এক বিপ্র গৌরবর্ণ। নরোত্তম এই চুগ্ধ করহ ভক্ষণ॥ অহে বাপু নরোত্য। এই ছগ্ন খাও। ব্রণ স্বাস্থ্য হবে, স্থাখে পথে চলি যাও॥' হগ্ধ রাখিয়া ব্রাহ্মণ অন্তর্হিত এদিকে প্রান্ত ক্লান্ত হইয়া তিনি নিদ্রিত হইলে শ্রীরূপ-সনাতন আসিয়া বক্ষে হস্ত দিয়া তাঁহার সব ক্লেশ দূর করত বলিলেন, 'ঐচৈতন্তপ্রভূ-আনীত হ্বগ্ধ ভোজন কর।' তুই ভাই সাক্ষাৎ দ**র্শন** দিয়া আশ্বন্ত করিলেন। নরোত্তম নির্বিঘ্নে গ্রীবৃন্দাবনে গিয়া কি প্রকারে শ্রীলোকনাথ গোস্বামির রূপালাভ করেন, তাহাও (প্রেবি ১১) বর্ণিত আছে। নরোত্তম শ্রীলোকনাথের 100

শয্যোখানের বহুপূর্বে শ্য্যাত্যাগ করত লোকনাথের বাহুক্ত্যের স্থানটি করিতেন, হস্তশোচের পরিষ্কার জন্ম উত্তম মাটি ও জল আনিতেন— ঝাড়ুখানি বুকে ধরিয়া অশ্রধারায় মুখবুক ভাসাইতেন। লোকনাথ এই সেবা দেখিয়া মুগ্ধ হইলেন এবং স্বপ্রতিজ্ঞা ভঙ্গ করিয়া নরোত্মকে আত্মসাৎ করিলেন। গোসাঞিজীউ যান 'যেস্থানে বহির্দেশ। সেই স্থানে যাই করেন

লাগি মাটি ছানি আনে। নিতা

নিত্য এইমত করেন সেবনে। ঝাঁটা

গাছি পুঁতি রাখে মাটির ভিতরে।

বাহির করি' সেবা করে আনন্দ

অন্তরে॥ আপনাকে ধন্য মানে.

মন্তিকাশোচের

সংস্কার-বিশেষ॥

ণরীর স্ফল। প্রভুর চরণ-প্রাপ্ত্যে এই মোর বল। কহিতে কহিতে কাঁদে ঝাঁটা বুকে দিয়া। পাঁচ সাত ধারা বহে হৃদয় ভাসিয়া॥' (প্রেবি ১১/৬৫ পঃ) লোকনাথ পরে নরোত্তমকে যাবতীয় উপাসনা-রীতি বুঝাইয়া দিলেন। নরোত্তমের সিদ্ধ-নাম হইল-চম্পকমঞ্জরী। মানস-দেবায় ছগ্ধ আবর্ত্তন-কালে উচ্ছলিত হুগ্ধ নাবাইতে হস্ত দগ্ধ বাহাবেশেও হস্ত দগ্ধ করেন: দেখিয়া লোকনাথ তাঁহাকে বহু রূপা করিলেন। শ্রীকীবপ্রভু তত্রতা বৈষ্ণবগণের সম্মতিক্রমে গৌড়ীয় গোস্বামিগুরু-বর্গের গ্রন্থরাজি গৌড়দেশে পাঠাই-বার জন্ম উপযুক্ত যানবাহন ও রক্ষী

প্রভৃতি লইয়া খ্রীনবাস, খ্রীনরোত্তম

পাঠাইলেন ৷ 8 <u>শ্রীখ্রামানন্দকে</u> বনবিষ্ণুপুরের নিকটে গ্রন্থরত্ন চুরি আচার্যপ্রভু হইলে নরোত্তমকে খেতুরীতে এবং শ্রামানন্দকে উৎকলে পাঠাইয়া দিলেন। শ্রীঠাকুর মহাশয় শ্রীমন নিত্যানন

প্রভুরই শক্তি বলিয়া খ্যাত। রাজধানী খেতুরীর এক ক্রোশ দূরে ইনি আশ্রম করিয়াছিলেন। তাহার নাম--'ভজনট্রলি'। শ্রীবৃন্দাবন হইতে স্বদেশে আগমন করিয়া কিছুদিন পরে শ্রীল ঠাকুর মহাশয় শ্রীগোরাঙ্গ. শীবল্লবীকান্ত, শীক্ষণ, শীব্ৰদ্যোহন, শ্রীরাধামোহন ও শ্রীরাধাকান্ত—এই ছয় বিগ্রহ প্রতিষ্ঠা করেন। বিগ্রহ-প্রতিষ্ঠা উপলক্ষে ইনি মহামহোৎসব ়করিয়াছিলেন। বৈষ্ণব সমাজে ঐ উৎসব বিশেষ প্রেসিদ্ধ।

ঠাকুর মহাশয় 'গ্রাণহাটী' নামক প্রবর্ত্তন করিয়া এয়ন-ভাবে সঙ্গীতবিত্তা প্রকাশ করিয়া-ছিলেন যে তাহাতে শ্রীগৌরাঙ্গের প্রকট ও অপ্রকট লীলার সকল পার্ষদগণই একতা সমবেত হইয়া সকল দর্শক এবং শ্রোতৃবুন্দের সমধিক আনন্দরস বিভাব করিয়াছিলেন। শ্রীল রামচন্দ্র কবিরাজ ইংহার চিরসঙ্গী অন্তরক বন্ধু ছিলেন। ইংহার জীবনী. কার্যকলাপ প্রভৃতি ভক্তিরত্নাকর. নরোত্তমবিলাস প্রভৃতিতে দ্রপ্রবা। শ্রীঠাকুর মহাশয়ের রচনামধ্যে প্রার্থনা ও প্রেমভক্তিচন্দ্রিকাই

প্রসিদ্ধ।

'হাটপত্তন' নামক ক্ষুদ্রপ্রবন্ধটি

তাঁহার নামে আরোপিত হইয়াছে

বটে, কিন্তু রূপকের মধ্যে নিহিত

এভদ্ব্যতীত

. সমধিক

ঠাকুরমহাশয় সঙ্গীতদারা বন্ধদেশে অভিনব প্রকারে শ্রীমন্মহাপ্রভুর অভীপিত প্রেমধর্ম প্রচার করিয়া চিরজীবী হইয়াছেন।

কালের আখ্যান ইত্যাদি।'

সংকীর্ত্তনানন্দজ-মন্দহাস্থা— দস্তপ্ল্যুতি-ভোতিত--দিঙ্মুখায়। স্বেদাশ্রুখারা-স্প্রপিতায় তস্মৈ নমো নমঃ শ্রীলনরোত্তমায়॥ নরোত্তম মজুমদার—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। আর শাখা নরোত্তম মজুমদার। (প্রেম ২০) জন্ম অতিবিজ্ঞ নরোত্তম মজুমদার। (নরো ১২)

নন্দ-শাখা।

নৰ্ত্তক

বিপ্রবর্ষ। (নরো?)
নিলন পণ্ডিত—শ্রীজলধর পণ্ডিতের
প্ত্র এবং প্রাসিদ্ধ শ্রীবাস পণ্ডিতের
জ্যেষ্ঠ স্রাতা। এই নলিন পণ্ডিতের
কন্তা শ্রীনারায়ণী দেবীর গর্ডে
শ্রীচৈতন্তভাগবত-রচ্মিতা মহাভাগবত শ্রীবৃন্ধাবন দাসের জন্ম হয়।

গোপাল, জিতামিশ্র

(বৃন্দাবন দাস ঠাকুর দেখ)

শ্রীহট্টনিবাসী বৈদিক জলধর
পণ্ডিত। তাঁর পাঁচ পুত্র হইল পরম
বিদ্বান্। সর্ব জ্যেষ্ঠ নলিন পণ্ডিত
মহাশয়॥ (প্রেম ২৩)
নলিনী দেবী—রাজা চাঁদ রায়ের
ভ্রাতা সস্তোষ রায়ের বদিতা।
শ্রীনরোভম ঠাকুরের শিষ্যা।
সস্তোষ রায়ের ঘরণী নলিনীঅভিধান। (প্রেম ২০)
নবকান্ত—পদকর্তা। পদকল্পতকর
১৪৫০ সংখ্যক পদটি ব্রজবুলিতে
হোরি-লীলাবিষয়ক।

নবগোরাঞ্চ দাস——শ্রীনরোত্তম
ঠাকুরের শিষ্য।
রাধাবল্লভ চৌধুরী শাখা নব
গোরাঙ্গ দাস। (প্রেম ২০)
জয় নব গৌরাঙ্গ দাস গুণরাশি।
বেঁহ গৌরচক্র নামে মন্ত দিবানিশি॥
(নরো ১২)

নবচন্দ্র—পদকর্তা; গোটোচিত স্থাবিষয়ক তিনটি পদ পদকল্পতক্তে স্মাহত হইয়াছে।

নবদ্বীপ চন্দ্র গোস্বামি-বিভারত্ন— শ্ৰীশ্ৰীমন্ নিত্যানন্দ-বংশ্য পণ্ডিত। ' বৈঞ্চবাচার-দর্পণ,' 'বৈঞ্চবত্রতদিন নির্ণয়' এবং 'অরুণোদয়-বেধে জন্মাইমী পরিত্যাগবিধি' প্রভৃতি গ্রন্থের নির্মাতা। ১৮৬৭ খঃ ইনি 'শঙ্করাচার্য-বিজয়' গ্রন্থের শোধন জন্ম বজীয় এসিয়াটিক সোসাইটি কর্ত্তক অমুরুদ্ধ হইয়া ৩৩ প্রকরণ পর্যন্ত শোধন করিয়া অনবসরবশতঃ ন্যায়ায়াপক জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয়ের উপর অবশিষ্ট গ্রন্থের শোধনভার সমর্পণ করেন [শঙ্করবিজয়ের ভূমিকা Bibliotheca Indica, New Series 49,137,138 published in 1868 A.D.] ৷ বিভারত্ব মহাশয় বছ পরিশ্রম ও অধ্যবসায়-সহকারে শ্রীমদ্ভাগবতাদি যাবতীয় শাস্ত্রসমুদ্র আলোডন করত, বিশেষতঃ সিদ্ধ ম**হামুভ**ব বৈষ্ণবগ্ৰ উপদেশ পাইয়া বৈষ্ণবাচারদর্শ ছই খণ্ড প্রকাশ করিয়াছেন। সংশ্বত ভাষায় অনভিজ্ঞ অথচ বৈষ্ণব মার্গে সাধন-প্রয়াসী ভক্তগণের হিতার্থে ইনি সহজ বঙ্গভাষায় এই গ্রন্থে বৈধী ও রাগামুগামার্গের বিস্তারিত বিবৃতি দিয়াছেন। ইঁহার বংশধরগণ অভাপি নবদ্বীপে শ্রীবাসাঙ্গনে সোণারগৌরাঙ্গ প্রভৃতি বিগ্রহগণের সেবায় অতুলনীয় শ্রীগোরনিষ্ঠার পরিচয় দিতেছেন। नवधीश हट्य माम-अनक्छा। अम-

কল্লতক্র ২৯৬১

নামসঙ্কীর্ত্তন-বিষয়ক।

সংখ্যক

পদটি

নবনী হোড়—গ্রীনিত্যানন্দ প্রভুর

[চৈ° চ° আদি ১১|৫০]

নসির মামুদ—মুসলমান বৈষ্ণব পদকর্তা। পদকল্পতক্ষর ১৩৩৯ সংখ্যক পদটি ব্রজবুলিতে গোঠলীলা-বিষয়ক।

নাজীর—মুসলমান বৈঞ্ব কবি।
'হিন্দীকে মুসলমান কবি' পুস্তকে ইহার রচনা স্থান পাইয়াছে।

নাভা—গ্রীত্রীঅবৈত প্রভুর মাতা ঠাকুরাণী। প্রীকুবের আচার্যের পদ্মী। নাভানামে প্রীকুবের-মিশ্রের ঘরণী। অতিপতিব্রতা যেঁহো অবৈত-জননী॥

পুত্রের কামনা পূর্বে দোঁহার আছিল।
তাহা রদ্ধকালে নবগ্রামে পূর্ণ হৈল॥
নবগ্রামে জন্মিলেন প্রীঅদ্বৈতচক্র।
(ভক্তি ১২।১৭৫৬-৫৮)

শ্রীনাভাদেবীর পিতার নাম— মহানন্দ বিপ্র। ইনি নবগ্রামের

নরসিংহ নাড়িয়ালের বংশজ। সেই গ্রামে মহানন্দ বিপ্র মহাশয়।

পরম পণ্ডিত সর্বগুণের আলয়॥ তাঁর কন্তা নাভাদেবী পরমা প্রন্দরী।

কুবের আচার্য সনে বিয়া হৈল তাঁরি॥ (প্রেম ২৪)

শ্রীনাভাদেবীর সাত পুত্র। (অবৈত আচার্য দেখ)।

নাভাজী—— অগ্রদাসজীর শিষ্য। ডোমকুলের উচ্জলতা-বিধায়ক।

বাঙ্গালা অন্থুবাদ করিয়াছেন— লালদাস বা ক্লঞ্জাস [গ্রীনিবাস-

হিন্দী ভক্তমালের রচয়িতা। ইহার

আচার্য প্রভুর পঞ্চম অংস্তন],

টীকা করিয়াছেন—প্রিয়াদাসজি।
প্রিথমখণ্ডে নাভদাস দ্রপ্তব্য]।

নারায়ণ— বৈশু। শ্রীনিত্যানন্দ প্রভুর শাখা। ইহারা চারি ভাতা শ্রীনিত্যা-নন্দ প্রভুর দাস। নারায়ণ, কফদাস আর মনোহর।

দেবানন্দ, চারি ভাই—নিতাই-কিঙ্কর॥ (চৈ° চ° আদি ১১।৪৬)

কিষ্কর॥ (চৈ° চ° আদি ১১।৪৬) ২ শ্রীসনাতন প্রভুর জ্যেষ্ঠ পিতামহ।

(রত্না ১/৫৫৯) ত দামোদর পণ্ডিতের ভ্রাতা

[জগরাথ দেখুন] (বৈঞ্চববন্দনা)
নারায়ণ কবি—শ্রীনিবাস আচার্যের

তবে প্রস্থু করিলেন নারায়ণ কবি প্রতি দয়া। শরণ লইলে ভিঁহো

শিষা।

দিলা পদছায়া। (কর্ণা ১)
নারায়ণ গুপ্ত—শ্রীগোরভক্ত, পরিচয়
অজ্ঞাত। শ্রীরাম পণ্ডিত বন্দো গুপ্ত

নারায়ণ'। [বৈঞ্ববন্দনা]
নারায়ণ বেশব—শ্রীনরোত্তম ঠাকুরের

শিষ্য। নারায়ণ ঘোষ, শাখা গৌরাস দাস। (প্রেম ২০)

জয় নারায়ণ ঘোষ প্রেমভক্তিময়। যাঁর গানে মন্ত শ্রীঠাকুর মহাশয়।

(নরো ১২)

নারায়ণ চৌধুরী—শ্রীনিবাস গ্রভুর

শিষ্য। গোয়াস পরগণার জয়পুরে

ইহার নিবাস ছিল। ইনি

প্রীপ্রীগোবিন্দ বিগ্রহ স্বীয় গুরুষারা প্রতিষ্ঠিত করিয়াছিলেন। (অহ ৭)

নারায়ণ দাস—ইনি শ্রীধাম বৃন্দা-বনে বাস করিয়াছিলেন। কাহার গণ জানা যায় না। শ্রীঅবৈচত

প্রভুর শাখার নারায়ণ দাসও ছইতে পারেন। যে সময়ে মথুরায় ঘবন-

ারেন্য বে প্রায়ে বর্মার ব্যক্ত ভয়ে শ্রীশ্রীগোপাল বিগ্রহকে বিট্-ঠলেখরের গৃহে লুকাইয়া রাখা হইরাছিল, তখন শ্রীরূপগোস্বামির সঙ্গে যে যে ভক্ত শ্রীবিগ্রহ-দর্শনে গমন করিতেন, তন্মধ্যে ইঁহারও নাম পাওয়া যায়।

মেচ্ছ ভরে আইলা গোপাল
মথুরা নগরে। একমাস রছিলা
বিট্ঠলেশ্বর-ঘরে। গোপাল দাস
আর দাস নারায়ণ। (প্রীরূপ) এই
সব মুখ্য ভক্ত লঞা সঙ্গে। প্রীগোপাল

দরশন কৈলা বহুরঙ্গে॥ (ৈচ° চ° মধ্য ১৮/৪৭,৫৩) ২ শ্রীঅধ্বৈত প্রেভুর শাখা। অনস্ত

[১০° চ° আদি ১২।৬১]

 ত্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।

দাস, কাহু পণ্ডিত, দাস নারায়ণ॥

রসিকের শিষ্য নারায়ণ দাস খ্যাতা। কৃষ্ণ বিনা আর নাহি জানে শুদ্ধচেতাঃ॥ [র° ম° পশ্চিম ১৪।৮৩]

সম্ভবতঃ ইনি ত্রীগোপীবল্লভপুরে রাসোৎসবে গোপীবেশে সজ্জিত অষ্ট শিশুর একজন।

৪ শ্রীনিবাস আচার্যপ্রভুর প্রপৌত্ত শ্রীজগদানন্দ প্রভুর শিষ্য। ইনি শ্রীল দাসগোস্বামিক্বত 'মুক্তাচরিতে'র পয়ারে অন্থবাদক। ১৬২৪ খ্রঃ

রচনা-কাল (?)।

c উজ্জলনীলমণির অমুবাদক
[পাট-বাড়ী পুঁথি অমু ১]

নারায়ণ দাস কবিরাজ— এগীত-গোবিন্দের উপর 'সর্বাঙ্গত্ম্বরী'-নামক টীকা করেন। ১৪৫৮-তম

শকে শ্রীরমানাথ শর্মা মনোরমাব্যাখ্যানে 'ৎসর'-ধাতুর ব্যুৎপত্তিবিচারে নারায়ণ দাসের নামতঃ

উল্লেখ করিয়াছেন, স্থতরাং ইনি তৎ-পূর্ববর্ত্তী হইবেন। বালবোধিনীটীকায়

(গী ১১/২) 'নামসমেতং' ইত্যাদির ব্যাখ্যায় শ্রীপৃজারি গোস্বামীও 'সর্বাঙ্গ-প্রশরীর' নাম করিয়াছেন। নারায়ণ দাস ঠাকুর--শ্রীখণ্ড-বাস্তব্য স্থপতিত, শাস্ত্রজ্ঞ ও পরম বৈষ্ণব। গ্রীগোপীনাথের সেবা कतिराजन-इँशातरे खेतरम औमूकून्स, মাধব ও শ্রীনরহরি সরকার ঠাকুরের আবিৰ্ভাব হয়। কেহ কেহ বলেন— ইনি গীতগোবিন্দের টীকা করিয়া-ছেন।

নারায়ণ পণ্ডিত—শ্রীচৈত্য-শাখা। নারায়ণ পণ্ডিত বড়ই উদার। চৈতন্ত্র-চরণ বিহু নাহি জানে আর॥ [देठ° ठ° जामि २०१७७] নারায়ণ পৈডারি—গ্রীগদাধর

পণ্ডিতের উপশাখা। নারায়ণঃ পড়িয়ারিং গৌরপ্রেম-ত্বধালয়ম। ত্রীগদাধরগোরাঙ্গ-দেবা-ष्ठ्यवित्ना ित्र्॥ [भा° नि° ६१] নারায়ণ বাচস্পতি - গ্রীগোর হক্ত। পূর্বলীলায় শৌরসেনী (গোগ ১৬৮) কুপা করি' দেহ বাচম্পতি নারায়ণ। স্তুতি করি' যে বর পাইল িনামা ১৪৬] ভক্তগণা নারায়ণ ভট্ট—গ্রীগদাধর পণ্ডিত গোস্থামিপাদের শিষা শ্রীক্ষঞ্দাস ব্রহ্মচারী, ইঁহারই প্রিয় শিষ্য নারায়ণ ভট্ট। শ্রীনারায়ণ ভট্ট দক্ষিণ মাত্ররার অধিবাসী ভৈরব-নামক জনৈক মাধ্বসংপ্রদায়ী তৈলক বান্ধণের ত্তরসে জন্মগ্রহণ করেন, ১৬০২ সম্বতে ব্ৰজে আদিয়া ইনি আনুমানিক ১৭০০ সম্বতের পূর্বে প্রীধামের রজঃ-লাভ করেন। তত্ত্বমুক্তাবলী বা

মায়াবাদ-শতদুষণীকার কবি গৌড়

পূর্ণানন্দ চক্রবর্তী শ্রীনারায়ণ ভট্টের। নিকট দ্বৈতমতে উপদিষ্ট হন। ব্ৰহ্ম-তীর্থ-উদ্ধার. রাসলীলামুকরণের প্রাকট্য, ব্রজ্যাত্রা ও বনযাত্রার সর্বপ্রথম প্রচার, শ্রীজীর প্রাকটা. শ্রীবলদেবের প্রাকটা প্রভৃতি ইহার অতুলনীয় কীতি। এতব্যতীত ইংহার গ্রম্বাবলী—ভজি-রসতর্দ্দিণী, ব্রজভক্তিবিলাস, ব্রজ-मी शिका, खर्खा< गवह <u>कि</u>का, खब मरहा-पि, बाजारमवास्नापिनी, वृश्वज-গুণোৎসব, ব্ৰজপ্ৰকাশ, ব্ৰজদীপিকা, ভক্তভ্ষণ সন্দর্ভ, ব্রজসাধনচন্দ্রিকা, **जिल्हिविदक, जाधनमीशिका, विज्ञा-**হ্লাদিনী (প্রীভাগবতটীকা), প্রেমান্কর নাটক, লাড়িলীলালযুগলপদ্ধতি এবং नाफ़िलाशहेक। ३ (छ । २०) জগদীশ পণ্ডিতের পিতামহ। নারায়ণ মণ্ডল-শ্রীআচার্যপ্রভুর পরিবার । [অফুণ] নারায়ণ রায় - শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। নারায়ণ রায় শিষ্য প্রম উদার। (প্রেম ২০) জয় নারায়ণ রায় পর্ম স্থান্ত। সদা মন্ত দেখি' শ্রীবিগ্রহ রাধাকান্ত॥ (नद्रा >२) নারায়ণ সরকার—বৈছ। গ্রীল

নরহরি সরকার ঠাকুরের পিতৃদেব। শ্রীখণ্ড-নিবাসী।

সাশ্যাল-শ্রীনরোত্তম নারায়ণ ঠাকুরের শিষ্য।

নারায়ণ দাস্তাল আর মিশ্র পুরন্দর। (প্রেম ২০) নারায়ণী দাসী- এই মহাভাগ্যবতী

রমণী শ্রীশ্রীগোরাক্সক্ষরের ধারীমাতা

ছিলেন। (জয়া চৈ° মঃ) ২ প্রশিদ্ধ শ্রীনরোত্তম ঠাকুরের মাতাঠাকুরাণী।

(নরোত্তম ঠাকুর দেখ) ভাগাবতী নাছি নারায়ণী-সম। যার গর্ভে জনিলা ঠাকুর নরোতম। (নরো২)

নারায়ণী দেবী-প্রসিদ্ধ প্রীবাস পণ্ডিতের অগ্রজ শ্রীনলিন পণ্ডিতের কভা। পূর্বলীলায়- কিলিম্বিকা (গে)° গ° ৪৩)৷ শ্রীচৈতন্তভাগবত-রচয়িতা ঠাকুর শ্রীবৃন্দাবন দাসের মাতাঠাকুরাণী। স্বামীর নাম-बीरिक्ष्रेमाम विख।

বিপ্র বৈকুণ্ঠনাথ কুমারহট্টে যিঁহো। তাঁর সহিত নারায়ণীর হইল বিবাহ॥ তার গর্ভে জনমিলা বুন্দাবন দাস॥ (প্রেম ২৩) শ্রীবৃন্দাবন দাস যথন গর্ডে সেই

সময়ে শ্রীনারায়ণীর স্থামির পরলোক গমন হয়। এজন্ত স্বামিগ্র কুমারহট্ট বা হালিসহর গ্রাম ছাডিয়া নারায়ণী নবদ্বীপে শ্রীবাস পণ্ডিতের গ্রহে আগমন করেন। (বুন্দাবন দাস ঠাকুর দেখ)

শ্রীমহাপ্রভু নারায়ণীকে বাল্যকাল হইতে বড়ই স্নেহ করিতেন। তামুল চর্বণ করিতে করিতে প্রভু ইংহাকে প্রায়ই থাইতে দিতেন। ভক্তগণ এজন্ত নারায়ণীকে মহাএভুর 'আলবাটা' বা পিক্দানী বলিয়া ডাকিতেন।

প্রীলোচন দাস প্রীচৈতগুমুদল গ্রন্থ রচনা করিয়া নারায়ণীর পুত্র শ্রীল বুন্দাবন দাসকে তাহা দর্শন করিতে দিলে এবিশাবন দাস উক্ত গ্রন্থে

শন্ন্যাদের পূর্বদিনে ত্রীবিষ্ণুপ্রিয়া দেবীর সহিত মহাপ্রভুর সম্ভাষণ-কাহিনী অত্যুক্তি বোধে গ্রন্থথানিকে অগ্রাহ करतन; किन्छ नाताश्रगी (मन् वे अकथा শ্রবণ করিয়া পুত্রকে বলেন—'লোচন যাহা লিখিয়াছে, ভাহা সত্য; কারণ বিষ্ণুপ্রিয়া সহচরীগণ দেবীকে মহাপ্রভুর শয়ন-কক্ষে প্রেরণ করিয়া মহাপ্রভুর প্রেমবার্ডা শ্রবণ করিবার জন্ম বহিভাগে দণ্ডায়মান থাকেন, আমিও তাঁহাদের সঙ্গে ছিলাম এবং লোচন যাহা বর্ণন করিয়াছে, ভাহাই শ্রবণ করিয়াছি'। মাতার মুখে লোচনের গ্রন্থের সত্যতা ব্যায়া বৃশাবন দাস আনন্দে উৎফুল হইয়া উঠেন।

২ ইনি শ্রীনিত্যানন্দ-নন্দন
শ্রীবীরভদ্র গোস্বামির পত্নী। পিতার
নাম—শ্রীবছনন্দন আচার্য। মাতার
নাম—গ্রীলন্দ্মীদেবী। নারায়ণীর
ভগ্নীর নাম—শ্রীমতী দেবী। ছুই
জনকেই শ্রীবীরভদ্র গোস্বামী বিবাহ
করিয়াছিলেন।

(यष्ट्रनजन) তাঁর ছই ছহিতা শ্রীমতী, শ্রীনারায়ণী। সৌন্দর্বের শীমান্তুত অঙ্গের বলনী॥

(ভক্তি ১৩|২৫২)

শ্রীনিত্যানন্দ-পত্নী জাহুবা মাতা ছই পুত্রবধুকেই দীক্ষা দান করিয়াছিলেন।

শ্রমার নাম—গ্রীগঙ্গা-নারায়ণ
 চক্রবর্তী। কল্লার নাম—গ্রীবিষ্ণৃ প্রিয়া। শ্রীনারায়ণী বৃন্দাবনে রাধা কুণ্ডে বাস করিয়াছিলেন।

শ্রীচক্রবর্তীর পদ্দী নাম নারায়ণী।

জগৎ-বিদিতা বিষ্ণুপ্রিয়ার জননী ॥

(নরো ১২ \

নারোজী দস্ত্য——ব্রাহ্মণ।

দাক্ষিণাত্যে 'চোরানন্দি'-বনে দস্তাবৃত্তি করিতেন। খ্রীমহাপ্রভুর দক্ষিণদেশে ভ্রমণ সময়ে নারোজীর সহিত

সাক্ষাৎ হয়, প্রভুর দর্শনমাত্রে

নরঘাতক মহাপাপী সেই দস্তার
ভাবান্তর হয়।

নাব্ত খ্রীগর্জ—শ্রীধান নবদ্বীপ্রাসী।

(জয়া ৳০° ম°)

নাসির মামুদ — মুসলমান বৈঞ্চব

কবি। পদকল্পতক্ষর ১৩৩৯ সংখ্যক
পদটি ইহার রচনা। (নসির মামুদ)

(ব্রী) নিজ্যানন্দ—বীরভূম জেলায়

নিত্যানন্দ প্রিয় বড নাবড শ্রীগর্ভ।

একচক্রাগ্রামে ১৩৯৫ শকে মাঘী
শুক্লা ত্রয়োদশীতে আবির্ভাব।
পিতা—হাড়াই পণ্ডিত বা হাড়ো
ওঝা; মাতা—পদ্মাবতী। পিতামহ—স্থলরামল্ল নকড়ি বাড়ুরী।
শাপ্তিল্য-গোত্রীয় রাঢ়ী শ্রেণীর
বাক্ষণ। পূর্ব নাম—কুবের। ইনি

অবধূত ছিলেন। শ্রীমাধবেন্দ্রপ্রীর,
(মতাস্তরে লক্ষ্মীপতির), প্রেমবিলাস
(২৪)-মতে আবার ঈশ্বরপুরীর
শিষ্ম। ইনি ঈশ-প্রকাশ (চৈচ
আদি ১۱৭—১১) সর্ব গৌড়ীয়ের
উপাস্থ তত্ত্ব (চৈচ আদি ১١১৮—১৯),
ভক্তিকল্পর্কের স্কন্মস্বরূপ (ঐ ৯।২১,
১০।১১৫)। দ্বাদশ বর্ষ যাবৎ
বাল্যক্রীড়া (চৈতা আদি ৯।১২—৯৯),

৯।১০০—২৩৬)। নবদ্বীপে নন্দন আচার্যগৃহে আগমন ও মহাপ্রভূসহ মিলনাদি (এ মধ্য ৩।১২০—৪।৭৬)।

তীর্থপর্যটন বিশ বর্ষ (ঐ আদি

নিত্যানন্দের ব্যাসপূজা (ঐ মধ্য ৫।৬—১৩২), বড়্ভুজ-দর্শন (ঐ मशु (।>৫०->৫৫); অदेशरण्त শান্তিপুর হইতে আগমন ও নিত্যানন্দ-মিলনাদি (ঐ মধ্য ৬।১৪— 590)1 <u> এ</u>বাসগ্যহে বাল্যভাবে স্থিতি ও মালিনীর বাৎসল্যাদি (ঐমধ্য ৭।৭—৮।৮)। শচীগৃহে ভোজনলীলাদি (ঐ মধ্য ৮।২৭— ১৪৩)। মহাপ্রভুর অভিষেকে (ঐ মধ্য ১/২৯, ২৫, ১০/৬); নিত্যানন্দ-পাদোদক-বিতরণলীলাদি (ঐ মধ্য ১২।৩২---৪১: জগাইমাধাই-উদ্ধার (ঐ মধ্য ১৩।৪৫—১৫।২০); অভিনয়-मरक (के मश्र १४। २०, १२२, १२८, ১৫৮); निर्मेश-दिशांत (धे मधा ১৯৩, ২৮)। প্রভুসহ দারী সন্যাসির গুহে গমনাদি (ঐ মধ্য ১৯।৩৯—১২২)। অদৈত-গৃহে প্রভু সহ গমনাদি (ঐ মধ্য ১৯/১২ %, ১७४, ১৬৪, २১৯, २२১, २२६— ২৪৪), নিত্যানন্দ-তত্ত্তানে মুরারি < ख्र (थे प्रशु २०।६—>६१)। মহাপ্রকাশ-লীলায় ছত্রধারণ (ঐ মধ্য ২২।১৮), নগরকীর্ত্তনে (ঐ মধ্য २०।>२०, >८८, >८१, २>>, २१२, ২৮৪-২৮৫); বিশ্বরূপ-দর্শন (ঐ ২৪।৫৬—৬০)। সন্ন্যাস-প্রসঙ্গে (ঐ মধ্য ২৬।১২৩--১৫৬, २११२६--७६; २४११- ३8, ३०8, ১৪२, ১৮৩—১৯৪)। नवहीर्प

আসিয়া শচীমাতাসহ শান্তিপুরে

· আগমনাদি (ঐ অস্তা ১া১৩৩—

২।১১৯); মহাপ্রভুর দওভঙ্গ (ঐ

(ঐ হছা ২'ছে৮ে, ৪৭৬,৪৯০—

অন্ত্য ২|২০৮—২৭০) |

শ্রীল সরকার ঠাকুরের শাখা।

> २ १ ८ ৫০৩) মহাপ্রভু-সহ নিভূতে আলাপাদি ও গোড়দেশে যাত্রা (ঐ অস্ত্য (২২০-২৫০) প্রাণ-হাটীতে আগমন, ভাবাবেশ, নৃত্যাদি (ঐ ৫।২৫১—২৬৩), অভিষেক, कनश्यानाधात्रशानि (धे क्षार्यः— ৩২৮) অলম্বার-পরিধান (ঐ ৫।৩৩৩)। দানলীলাভিনয়ে (ঐ e1062-022)। সপ্রামে विश्वाति (के बाहरू-890). শান্তিপুরে (ঐ ৫।৪৭২—৪৯১), নবরীপে শচীমাতা-সমীপে (এ ৫।৪৯৮-৫২৫), চোর দম্মার উদ্ধার (व १। ६२७-१०१)। नौनाविलास সন্দেহাদিনিরসন-প্রসঙ্গ ব্রাহ্মণের (क ४१२->२१)। नीलाहरल আগমন ও গদাধর-মন্দিরে ভিক্ষা-প্রসঙ্গ (ঐ অস্ত্যু ৭।১১৩—১৬২)। নরেন্দ্রসরোবরে জলকেলি (ঐ অস্ত্য ৮।১২২, ১৭৯)। চৈত্রচরিতামূতে বিশেষ—প্রভুর মুখে মাধবেক্সচরিত্রা-चानन (टेंक्क गशा 81292, ३৯৯); সান্দিগোপাল-কথাকীর্ত্তন মধ্য ৫।৯—১০৮); নিত্যানন্দ-নর্ত্তনে মহাপ্রভুর আবির্ভাব (ঐ অন্ত্য ২।০৪, ৮০) রামচক্র খাঁর ব্যবহারে (ঐ অস্ত্য ৩)১৪৭—১৫৫); রঘুনাথ দাসের দত্ত-মহোৎসবে (ঐ অস্তা 6|82-->68); नौनाठन-পर्थ শিবানন্দ দেনের প্রতি রুপাদভাদি (চৈচ অস্ত্ৰ) 1 (49-61156 প্রেমবিলাসে বিশেষ—নিত্যানন্দের বিবাহ-বর্ণন, বস্থাজাহ্নবাসহ খড়দহে বাস, ক্রমে সাত পুত্র জন্মিলে অভি-রামের প্রণামে সকলের দেহত্যাগ;

পরে বীরচন্দ্র ও গঙ্গার আবির্ভাব

এবং অভিরামের প্রণামে উভয়েরই অক্ষতদেহে অবস্থানাদি (প্রেবি ২৪ এবং শ্রীঅভিরামক্বত গঙ্গাদেবীর স্থোত্র)। নিত্যানন্দতত্ত্---মহাসম্বর্ধণ, শেষাদি (গো গ° ৬৩—৬৪)। সন্ধিনী শক্তি: অনঙ্গমঞ্জরীর অস্তঃপ্রবেশ (जनअगक्षती-मन्पूर्षिका)। भरतारक প্রকৃতি এবং প্রত্যক্ষে পুরুষ (১) ধরণীশেষ-সংবাদে, ব্রহ্মাগুপুরাণে শ্রীবৃন্দাবনদাসঠকুর-ক্বত (২) ঐশ্বর্যামৃত-কাব্যে এবং (৩) রসকল্পসারতন্তে। নিত্যানন্দ-মন্ত্র—(১) বিশ্বাওপুরাণে 'অন্তেচ বহ্নিজায়া স্থাদাদো তারো নমস্তথা। জাহ্নবৈতি পদং মধ্যে বল্লভায় ততঃ পরম্॥' (২) শ্রীধ্যান-চন্দ্রগোস্বামিক্বত পদ্ধতিতে (৫৬ e9)1 ধ্যান ও গায়ত্রী—(ঐ পদ্ধতি ৫०,१२) অষ্ট্ৰক—(১) প্ৰীদাৰ্বভৌম-ক্বত, (২) প্রীরন্দাবন-দাসঠকুর-কৃত। নাম-ছাদশক——শ্রীসার্বভৌম-ভট্টাচার্য-ক্লত। অষ্টোত্তরশতনাম—(১) ব্রহ্মাণ্ড-পুরাণে, (২) শ্রীদার্বভৌম-কৃত। নিত্যানন্দ অধিকারী—প্রীচৈতগ্র-চরিতামূতের শ্লোকাবলির দীকাকার। ইনি স্বগুরু রাজা পুরুষোত্তমদেবের আজ্ঞায় 'গৌরভক্তবিনোদিনী'-নামক এই টীকা রচনা করিয়াছেন। (Madras Govt. Mss. 3013) পুরুষোত্তমদেবাখ্য-বস্থধাধিপতে-গুরো:। আজ্য়া সন্মতা নামা গৌরভক্তবিনোদিনী॥ নিত্যানন্দ চৌধুরী—গ্রীখণ্ডবাসী,

চক্রপাণির পুত্র। নিত্যানন্দ দাস-শ্রীখণ্ডের কবি-রাজ-বংশে আত্মারাম দাদের ওরদে ১৫৩৭ খৃঃ জনা। পূর্বাশ্রমের নাম— শৈশবে মাতাপিতার বলরাম। পরলোকে মা জাহবার আশ্রয়ে দীক্ষিত হন। 'প্রেমবিলাস' গ্রন্থ ইহার রচনা। 'বীরচন্দ্রচরিত'ও ইহারই রচনা বলিয়া প্রেমবিলাসে ইহা এখন ও যায় | অপ্রকাশিত। এতদ্বাতীত রুস-কল্লসার, গোরালাইক, কৃষ্ণলীলামৃত ও হাটবন্দনাদিও ইহার রচনা বলিয়া প্রকাশ। ২ ব্রাহ্মণ। শ্রীবংশীবদনের পুত্র। চৈত্যদাসের ভ্রাতা (বংশী-বদন দেখ)। ৩ বৈছা। শ্রীজগদানন্দের ভাতা। (জগদানন্দ দেখ)! 8 শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। ধর্মদাস চৌধুরী আর নিত্যানন্দ (প্রেম ২০) माग । জয় নিত্যানন্দাস প্রেমভক্তিময় ৷ নিত্যানশগুণে যেঁহ মত অতিশয়। (নরো ১২) নিমাই কবিরাজ—গ্রীনিবাস প্রভুর निया । निम् ७ निमारे— इरे नात्मरे খাত। বীরভূম-বাসী। ইহারা চারি ভাতা। (অমুরাগবল্লী ৭) ভগবান্ কবিরাজ গুণের আলয়। ভাতা রূপ, নিযু, বীর-ভৌমালয়॥ (ভক্তি ১০।১৩৮) তবে প্রভু রূপা কৈলা নিমাই ক্বিরাজে। রূপ ক্বিরাজের ভাতা খ্যাত জগমাঝে॥ নয়নের ধারা যার বহে অভিরাম। পুলকে অমৃত ত মু সদা বহে ঘাম॥ (কর্ণা >)

নিমানন্দ দাস—পদকর্তা ও পদসঙ্কলয়িতা। ইনি পদকল্পতক্রর
আদর্শে 'পদরসসার' সঙ্কলন করত
২৭০০ পদ একত্র করিয়াছেন।
নিজস্ব রচনা ১৪৬টি ইহাতে অস্তনিবিষ্ঠ হইয়াছে। ইহার রচনা অতি
সাধারণ। ২ প্রীদাস গোস্থামির
প্রীগৌরাজস্তবকল্পতক্রর পয়ারে অম্থবাদক (পাটবাড়ী পুঁথি অমু ১২ খ)
নিমানন্দ সম্প্রদায়—

নিমানন্দ সম্প্রদায় চলিলা প্রভূ হৈতে। প্রভুর নাম-মধ্যে মুখ্য— 'নিমাই পণ্ডিত'। নিত্যানন্দ প্রাহুর ঐ নামে অতিপ্রীত॥ প্রভূর হৈষ্ণবগণে দেখি নদীয়ায়। 'নিমাই-সম্প্রদায়' বলি অভাপিহ গায়॥ নিমাই প্রদান কৈলা জগতে আনন্দ। এই হেতু অবনী-বিখ্যাত নিমানন্দ। ভিক্তি ৫।২১৬৪-৬৭]

নিমু (গাপ—শ্রীশ্রামানন্দ প্রভুর
শিষ্য। শ্রীপাট—ধারেন্দা।
নিমু গোপ, কানাই গোপ, হরিগোপ আর। ধারেন্দা গ্রামেতে বাস
হয় এ সবার॥ (প্রেম ২০)
নিরপ্তন—শ্রীরসিকানন্দ-শিষ্য। [র°

নিলোম গঙ্গাদাস—গ্রীচৈতন্ত্র-শাখা। পুরীধাম-ধাসী।

ম° পশ্চিম ১৪।১৩৭]

নির্লোম গঙ্গাদাস, আর বিষ্ণু-দাস। এই সবের প্রন্থ সঙ্গে নীলাচলে বাস॥ (চৈ° চ° আদি ১০।১৫১) নিবারণ বিভাবাগীশ—প্রুপল্লীর

রাজা নরসিংহের সভাপণ্ডিত ও শেষে শ্রীল ঠাকুর মহাশয়ের শিষ্যা

নিবারণ, ত্র্গাদাস-এই ত্ই জন।

বিভাবাগীশ, বিভারত্ব উপাধি হন॥ (প্রেম ১৯)

নীলকণ্ঠ সূরি—মহাভারতের
স্থাসিদ্ধ টাকাকার। ইনি হরিবংশের
টাকায় অপূর্ব পাণ্ডিত্যবলে ঋঙ্মন্ত্র
সমাবেশ করত প্রীক্ষণলালার
বৈদিকত্ব স্থাপন করেন। এতব্যতীত
'মন্ত্রভাগবতের' চারিটা কাণ্ডে ২৫০টি
ঋঙ্ মন্ত্রে ইনি প্রীরামক্ষণলালা
প্রতিপাদন-ক্রমে 'মন্ত্ররহস্তাপ্রকাশিকা'-নামে এক স্থরদাল
টীকাও রচনা করিয়াছেন।

নীলমণি মুখুটী--শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। ইনি পূর্বে চাঁদরায়ের দলে ডাকাতি করিতেন। পরে শ্রীঠাকুরের কপালাভে পরম বৈষ্ণব হন। 'নীলমণি মুখুটী আর রামজয় চক্রবর্ত্তী। পূর্বে তারা চাঁদরায়ের

বছ দস্মা-বৃত্তি কৈলা। ঠাকুর মহাশয়ের প্রভাব, জানি তাঁর মর্ম। সবে হইলেন শিব্য ছাড়ি পূর্ব কর্ম। (প্রেম ১৯)

সৈত্ত যে আছিলা। চাঁদরায়ের সনে

নী**লশ্যাম দাস**—গ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।

[র°ম° পশ্চিম ১৪া১৫৮] **নীলাম্বর—**শ্রীচৈতন্ত-শাখা।

ভপন আচার্য আর রঘু, নীলাম্বর।
[ৈঠি চ ত আদি ২০।১৪৮]
ভহে নীলাম্বর! এই নিবেদি
চরণে। বৈষ্ণবের নিন্দা যেন না
ভনি শ্রবণে॥ [নামা২৩১]
২—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য

রি° ম° পশ্চিম ১৪।১৪২] নীলাম্বর চক্রবর্তী——শ্রীশচী মাতার পিতা। মহাপ্রভুর মাতামহ। শীংষ্ট হইতে নবদীপের ধেলপুথ্রিয়াতে আসিয়া বাস করেন। *
ইনি জ্যোতিষ-শাস্ত্রে পরম বিচক্ষণ
ছিলেন। পূর্বলীলায় গর্গমূনি ও
স্থম্থ গোপ।

(গো° গ° ১০৪—১০৫)

নৃসিংহ কবিরাজ-শ্রীনিবাস আচার্যের
শিক্ষ। ভরতপুর কাঞ্চনগড়িয়ার
অধিবাসী। ইনি অষ্ট কবিরাজের
অন্ততম।

শ্রীনৃসিংহ কবিরাজ মহাকবি

যিঁহো। থার আতা নারায়ণ কবিশ্রেষ্ঠ

তিঁহো। (ভক্তি ১০)১৩৬)

বিখ্যাত খেতুরীর উৎসবে ইনি
উপস্থিত ছিলেন।

শ্রীইচতন্ত দাস আদি যথা উত্তরিল। শ্রীনৃসিংহ কবিরাজে তথা নিয়োজিল॥ (নরোঙ)

নৃসিংহ চক্রবর্তী—— শ্রীহরিরাম

আচার্বের বংশ্য শ্রীরামনিধির পুত্র

এবং শ্রীনরহরি-ঘনগ্রামের দীক্ষাগুরু।

মোর ইপ্টদেব শ্রীনৃসিংহ চক্রবর্তী।

জন্মে জন্মে সে চরণ সেবি এই আতি॥

্নরো ১৩) **নৃসিংহ চৈতন্ত –** শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুৱ শাখা।

নুসিংছ চৈতন্ত, মীনকেতন রামদাশ (চৈ° চ° আদি ১১/৫৩)

* লালমোহন বিভানিধিক্ত "দম্বন্ধনির্ত্ত' এছে আছে—মহাপ্রভুর মাতুল বা প্রীনীলাম্বর চক্রবভির দভানের, নাম বিফ্লাস! ইনি প্রথম বিবাহ সাতদতী হরে ও বিভীয় বিবাহ রাটা হরে করেন॥ প্রীনীলাম্বরের গোক্ত— 'রণীভর'। বৈক্ষবাচার্দর্পন (১০০০ পৃ:) বলেন, 'যশোলার ছোট ভাই যশোধর-নামা! বিখেশ্বর চক্রবর্তী চৈত্তের মামা।'

শ্রীজাহুবা মাতার সহিত ইনি বিখ্যাত খেতুরীর উৎসবে গমন ক্রিয়াছিলেন উৎসব-ক্ষেত্রে 3 প্রদান মাল্যচন্দ্রন ভক্তগণকে করিবার ভার পাইয়াছিলেন। শ্রীঈশ্বরী নুসিংহ চৈতন্তে নিদেশিলা। তেঁহে৷ শ্রীনিবাসাদি স্বারে মালা (ভক্তি ১০।৫১৯) निया॥ **নৃসিংহ তীর্থ**—গ্রীগৌর-পার্ষদ নব সন্ন্যাসির অন্ততম। নবযোগীন্দ্রের একতম। [গে° গ° ৯৮—১০০] বিষ্ণুপুরী, কেশবপুরী, পুরী ক্ষঞানন। শ্রীনৃসিংহ তীর্থ আর পুরী ত্রথানন্দ।

[হৈ ° চ° আদি ৯।১৪]

নৃসিংহ দেব—পদক্তা। ব্রজবুলিতে
তোটকছন্দে রচিত তুইটি পদ পদকল্পতক্তে সমাহত হইয়াছে।

নৃসিংহ পুরী——শ্রীগোর-পার্বদ
সন্ন্যাসী।

হে নৃসিংহ পুরী! সে যাউক
ছারেথারে॥ বৃন্দাবনভূমে প্রীত যে
জনানাকরে॥ [নামা২১০]
নৃসিংহ ভাপুড়ী—গ্রীঅদ্বৈত প্রভূর
গৃহিণী শ্রীপীতা-দেবীর পিতৃদেব।
পূর্বলীলায়—হিমালয়।
(প্রেম ২৪)

নৃসিংহবন্ধত মিত্র ঠাকুর —
কাটোরার সাত কোশ পশ্চিমে
কাদড়া গ্রামের নিকট রাজুর গ্রামে
কালীচরণ মিত্র বাস করিতেন।
পুত্রাদি না হওয়ায় ইনি শ্রীপ্রীগদাধর
পণ্ডিতের শিষ্য শ্রীমঙ্গল ঠাকুরের
শরণাপর হন ও তাঁহার বরে এই
নৃসিংহবল্লভ জন্ম গ্রহণ করেন। পরে
নৃসিংহবল্লভ ১৬ বর্ষ বয়ঃক্রমে মঙ্গল

ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করত শ্রীমহাপ্রত্নর **ময়**নাডাল গ্রামে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। ভাস্কর ঐ বিগ্রহ নির্মাণ করেন, তাঁহার নাম—কেনারাম। কেন্দুলীর নিকট স্থকায়গ্রামে ইহার বাড়ী ছিল। এই নুসিংহ ঠাকুর কীর্ত্তন-বিশারদ ছিলেন। ইনি যে ছুরে কীর্ত্তন করিতেন, উহা মনোহরসাহী প্রগণায় হইয়াছিল বলিয়া তাহার নাম 'মনোহরসাছী'। * নুসিংহ ভিক্ষাদ্বারা শ্রীগৌরসেবা চালাইতেন। সেইজগ্ত সেকালেও

সিদ্ধানের ভোগের প্রথা ছিল। এক মুসলমান মহর কলাই মানসিক দিতে আসায় নৃগিংহের পুত্র তাহাকে ফিরাইয়া দেন, পরে স্বপ্লাদিষ্ট হইয়া মস্থর ডাল গ্রহণ করেন। সেই অবধি বংসরে একদিন মসুর ভালের ভোগ হয়। মহাপ্রভু এক রাত্রিতে সেবাইতগণ নিদ্রিত হইলে নিজের হাতের বালা মুদির দোকানে বন্ধক দিয়া চাউল ডাল আনিয়া অতিথি-করিয়াছিলেন। পুত্র—হরেক্বঞ্চ সিদ্ধপুরুষ। বংশে বহু খ্যাতনামা কীৰ্ত্তন-গায়ক ও মৃদজ-বাদক জন্ম গ্রহণ করিয়াছেন। **নৃসিংহানন্দ ঠাকুর——**শ্রীখণ্ডের ত্রীরঘুনন্দন ঠকুর-বংশ্র, প্রীজগদা-নব্দের সম্পাম্য্রিক কবি। শ্রীগৌরকুঞ্চ-বিষয়ক বহু পদাবলী রচনা করিয়াছেন। ত্রীগোরাঙ্গমাধুরী

* শ্রীশ্রামানল প্রভুর হ্রের নাম—'রেণেটা' উহা রাণীহাটা পরগণায় হয়। শ্রীল নরোভম ঠাকুরের হরের নাম—'পরাণহাটা' উহা গরাণহাটা পরগণার হর। (০।০০২—০০৭পৃঃ) প্রিকায়
ভীগোরাঙ্গবিষয়ক ৩২ টি এবং
শীক্তঞ্জবিষয়ক ১৫টি পদ প্রকাশিত
হইয়াছে।
নৃসিংহানন্দ ব্রহ্মচারী—আদি নাম
'প্রেল্ম' চিলা। মহাপ্রভা ভাঁচাকে

'প্রত্নাম' ছিল। মহাপ্রভূ তাঁহাকে এই নাম দিয়াছেন। শ্রীনৃসিংহ-উপাসক প্রহায় ব্রন্মচারী। প্রভু তাঁর নাম কৈলা—নুসিংহানন্দ করি॥ [চৈ° চ° আদি ১০।৩৫] পুরীধামে মহাপ্রস্থ একবার **শ্রীশিবানন্দ** সেনের ভাগিনেয় শ্ৰীকান্তকে বলিয়াছিলেন—-'এই বংসরে গোড়ীয় ভক্তগণকে পুরীধামে আসিতে নিষেধ করিও, কারণ আমি পৌষ মাসে তথায় যাইব।' প্রভুর আগমন হইবে শুনিয়া ভক্তগণের আনন্দের পরিসীমা রহিল না। তাঁহারা দিন গণিতে লাগিলেন, কিন্তু পৌষমাস চলিয়া গেল, প্রতু আসিলেন না। ভক্তগণের ছঃখের অবধি নাই। শ্রীশিবানন্দ সেন ও পণ্ডিত শ্রীজগদানক বিষাদ-সাগরে মগ্ন হইয়াছেন, এমত **म्या**र् শ্রীনৃসিংহানন্দ আসিয়া ছঃখের কারণ— 'শুনি ব্রহ্মচারী কহে-কর্হ সম্ভোবে। আমিত আনিব তাঁরে তৃতীয় দিবদে'॥

(চৈ° চ° অন্ত্য ২¦৫১)

এই বলিয়া ব্রহ্মচারী ধ্যানে বিসলেন। তুই দিন তুই রাত্র চলিয়া গোলে তিনি বলিলেন—'প্রভুকে আনিয়াছি। পাণিহাটী জ্রীরাঘব পণ্ডিতের গৃহে তিনি আসিয়া প্রেছিয়াছেন, কল্য তোমার গৃহে তাঁহার নিশ্চয়ই আগমন হইবে।

তুমি পাক-সামগ্রীর আয়োজন কর।'

ছই দিন খান করি শিবানন্দে
কহিল। পাণিহাটি গ্রামে আমি
প্রভুরে আনিল॥ কালি মধ্যাহে
তিঁহো আদিবেন তোমার ঘরে।
পাক-সামগ্রী আন, আমি ভিক্ষা
দিব তাঁরে॥ (ঐ)

শ্রীশিবানন্দ রন্ধনের আয়োজন করিয়া দিলে ব্রহ্মচারী প্রাতঃকাল হইতে ক্প, পিঠা, ক্ষীর প্রভৃতি নানাবিধ দ্রব্য রন্ধন করিতে লাগিলেন। পরে শ্রীচৈতন্ত মহাপ্রভু, শ্রীজগন্নাথ এবং তাঁহার ইপ্রদেবতা শ্রীনরসিংহদেবকে ভোগ প্রদান করিয়া ধ্যানস্থ হইলে শ্রীচৈতন্ত মহাপ্রভুর আবির্ভাব হইল এবং তিন ভোগই তিনি ভোজন করিলেন।

ইহা দেখিয়া প্রেমভরে শ্রীনৃসিংহানন্দ প্রভুকে বলিলেন—'শ্রীজগরাথ ও তুমি অভিন্ন, সেজন্ম দুই জনের ভোগ তুমি খাইলে; তাহাতে আমার আপত্তি নাই, কিন্তু আমার শ্রীনর-সিংহদেবের ভোগ তুমি কেন থাইলে? আমার ঠাকুর আজ যে উপবাসী রহিল। ত্রন্ধচারীর অস্তরে ধরিতেছে না. বাহে তিনি 'হায় হায়' করিতে नाशिलन। **মহাপ্রভু** ভোজন পাণিহাটীতে রাঘ্ব-ভবনে বিশ্রাম করিতে চলিয়া গেলেন। সব ঘটনায় গ্রীশিবানন্দ সেনের বিশ্বাস হইল না। তিনি তাবিলেন—'সত্যই কি প্রভুর আবিৰ্ভাব হইল গ না, প্রেমা-

বেশে ব্রহ্মচারী ঐক্নপ করিতেছেন?' বর্ষান্তরে নীলাচলে ভক্ত-সম্ব্র্থ প্রভূ ইহা ব্যক্ত করিলে—

শুনি' ভক্তগণ মনে আশ্চর্য মানিলা। শিবানন্দের মনে তবে প্রত্যয় জন্মিলা॥ (চৈ° চ° অস্ত্য ২।৭৮)

মহা গ্রন্থর বুন্দাবন যাত্রাকালে
ইনি খ্যানমগ্ন হইরা ফুলিয়া হইতে
বুন্দাবন পর্যস্ত পথ-সজ্জা করিতে
করিতে কানাইর নাটশালা পর্যস্ত গিয়া খ্যানভঙ্গ হওয়ায় বলিয়াছিলেন
যে মহাপ্রান্থ ওখান হইতে ফিরিবেন
(চৈচ মধ্য ১।১৫৫—১৬২)। ইনি
গৌরের আবেশ (গৌগ ৭৪)।
নেত্রানন্দ শ্রীশুমানন্দ প্রভুর শিষ্য।

[র° ম° দক্ষিণ ১।৯৪]

D

পঞ্চত্ত্ব—ভক্তরপ, ভক্তস্বরপ, ভক্তাবতার, ভক্ত ও ভক্তশক্তি—এই পঞ্চতত্ত্বরূপে প্রকাশিত স্বরং ভগবান্ প্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভু। (গৌ॰ গ॰

পদ্মগর্ভ আচার্য— ব্রাহ্মণ। উপাধি—
লাহিড়ী। ইনি মহাপ্রভুর মমিভুক্ত
শ্রীলম্বরূপদামোদরের পিতৃদেব।
ব্রহ্মপুত্র নদের তীরে ভিটাদিয়া গ্রামে
নিবাস ছিল। নবছীপে আসিয়া
শ্রীজয়রাম চক্রবর্তির কল্পাকে প্রথমে
বিবাহ করেন। পরে তথায় পুত্র
শ্রীপুরুষোভ্যম বা শ্বরূপ দামোদর

জন্ম গ্রহণ করিলে তিনি পত্নী ও পুত্রকে নবদীপে রাখিয়া বেদ, বেদাস্ত ও দর্শনাদি পাঠ করিবার জন্ম প্রথমতঃ মিধিলায় পরে বারাণদীতে গমন করেন।

এক পুত্র হৈল তাঁর বড় গুণবান্।
তাহার রাখিল শ্রীপুরুষোত্তম নাম।
পত্নী পুত্রে পত্মগর্ভ খন্তর বাড়ী রাখি'।
মিথিলায় চলিলেন পড়িতে উৎস্থকী।
(প্রেম ২৪)

মিথিলায় পদ্মগর্ভাচার্য শ্রীমাধবেন্দ্র পুরীর শুরুদেব শ্রীলক্ষীপতির নিকট দীক্ষা গ্রহণ করেন। মাধবেদ্র পুরীর গুরু-নাম লক্ষীপতি। গোপাল মদ্রেই দীক্ষা লক্ষীপতি স্থানে। (এ)

বারাণনী হইতে পদ্মগর্ভাচার্য স্বগ্রাম ভিটাদিয়াতে গমন করেন এবং কিছুদিন পরে তথায় পুনরায় দ্বুইটি বিবাহ করেন।

অধ্যয়ন শেষ করি' পদ্মগর্ভ
মহানতি। জন্মস্থান ভিটাদিয়া করিলা
বসতি॥ ভিটাদিয়া আসি ছুই বিবাহ
করিলা। লক্ষ্মীনাথ আদি অনেক
পুত্র হুইলা॥ (প্রেম ২৪)
পদ্মগর্ভাচার্য 'পৈন্সিরহস্ত-ব্যাহ্মণ-

ভাষা', উপনিষদের হৈতভাষা ও ক্রমদীপিকার টীকা প্রভৃতি করিয়া-ছিলেন।

পদ্মনাভ—গ্রীগ্রীরূপসনাতনের প্রপিতা-মহ এবং জগদগুরু সর্বজ্ঞের প্রপৌত্র। ইহার পিতা রূপেশ্বর কর্ণাটদেশ হইতে ভ্রাত্তবিরোধে পৌরস্তাদেশে আগমন করত রাজা শিথরেখরের রাজ্যে বাদ করেন ৷ পরে বৃদ্ধ বয়দে ভাগীরথীতটপ্রান্তে নবহট্ট-(নৈহাটি)-গ্রামে নব বাসস্থান নির্মাণ করেন। এস্থানে রাজা দমুজমর্দন ইংগাকে সাহায্য করিতেন। পদ্মনাভের আঠার কলাও পাঁচ পুত্র। কনিষ্ঠ পুত্র— মুকুন্দ, ইঁহার পুত্র-কুমারদেব এবং ডৎপুত্রই—শ্রীরূপ, শ্রীস্নাতন ও শ্রীঅমুপম (বল্লভ)।

পদ্মনাভ চক্রবর্ত্তী-ভরদাজ-গোত্রীয় কুলীন রাট্রী ব্রাহ্মণ। যশোহর জিলার তালখডি গ্রামে নিবাস ছিল। ইনি প্রসিদ্ধ শ্রীলোকনাথ গোস্বামির পিতা। স্ত্রীর নাম—শ্রীসীতাদেবী। শ্রীঅদৈতের কুপাপাত্র। 'ফুলের মুখুটী' কবি ক্বতিবাস কান্তকুজ হইতে আগত ভরদাজ-গোত্রীয় শ্রীহর্ষের বিংশপর্যায়ে অবস্থিত। তাঁহার ছুই পুরুষ পরে দ্বাবিংশ পর্যায়ে এই প্রমাভ বা প্রমানন। ইহার চারি পুত্র—ভবনাথ, পূর্ণানন্দ বা প্রগল্ভ, লোকনাথ এবং রঘুনাথ। পাঠাথী প্রনাভ ফুলিয়ার নিকটবর্তী শান্তি-পুরে অধৈত-ভবনে আশ্রিত হন, অবৈতের নিকট দীক্ষিত হন এবং ভাগবতরস-পানে সদা উন্মন্ত ছিলেন। দীক্ষার পরে ইনি তালখডিতে আসেন এবং মধ্যে মধ্যে শান্তিপুর ও

नवद्यीरभ আসিয়া ভিক্তিচা করিতেন। তদীয় পত্নী সীতাদেবীও ছিলেন। পরমভক্তিমতী দম্পতির গৃহে আমুমানিক ১৪০৫ শকে শ্রীলোকনাথ আবিভূতি হন। (শ্রীলোকনাথ গোস্বামী দেখ) পদ্মনাভ মিশ্র—উপেল মিশ্রের তৃতীয় পুত্র (চৈচ আদি ২৩।৫৭) পদ্মাবতী দেবী—মোড়েখরের রাজা মুকুট রায়ের কন্তা এবং শ্রীশ্রী-নিত্যানন্দ প্রভুর জননী। ইনি পূর্ব-লীলায় স্থমিত্রা ও রোহিণী [গো° গ° ৪০ । নিজসর্বস্থ প্রাণ-প্রতিম দ্বাদশবলীয় বালক নিত্যানন্দকে বৈষ্ণব-সন্ন্যাসির প্রার্থনায় ভিক্ষাদান করত ইনি আতিথাসংকার-পরাকার্মা দেখাইয়াছেন। রাজপুত-কাহিনীতে শক্রর হস্তে পুতের বলি দিয়া প্রভু-পুত্রের প্রাণরক্ষাদি ব্যাপার শুনা গিয়াছে, কিন্তু তাহাতে প্রমার্থ বা বৈষ্ণৰ-দেবার শ্রেষ্ঠতা ও বাস্তব জ্ঞान আদে ছিল না: তাহাতে মাত্র মানসিক বা নৈতিক বলেরই পরিচয় পাওয়া গিয়াছে, কিন্তু পুত্র বা মাতার নিত্যজীবনের আধ্যাত্মিক উন্নতির অবসর হয় নাই। (ভাগ ে।।১৮ দ্রপ্টবা)। এইভাবে পদাতে যেরূপ আদর্শ মাতৃত্বের অতিমর্ত্ত্য প্রভাব দেখা যায়, তদ্রপ মহাপাতি-ব্রতার আদর্শও ছিলেন তিনি. কেননা হাডাই পণ্ডিতের একটিমাত্র কথাতেই তিনি বিনা আপন্তিতে প্রাণাধিক পুত্রকে সন্ন্যাসির হস্তে তুলিয়া দিয়াছেন। 'যে তোমার ইচ্ছা প্রভু দেই মোর কথা।' (চৈ° ভা° মধ্য ৩|৯৩)

২ ত্রীনিবাস আচার্যের গৃহিণী। শ্রীমতী গোরাঙ্গপ্রিয়া দেবীর পূর্ব নাম। গোপালপুরবাসী রঘুচক্রবর্তীর কন্তা (প্রীগোরাঙ্গপ্রিয়া দেখ)। পরমানন্দ-শ্রীর্গিকানন্দ প্রভুর শিষাত্রয় ৷ ব্রাহ্মণ প্রমানন্দ অতিভ্রদ্ধচিত। বুসিক-কুপায় হৈল। অতি স্থপণ্ডিত ॥ [র°ম° পশ্চিম ১৪/৮৪, ১০৭, ১৪৮] প্রমানন্দ অবধূত-জীনিত্যানন্দ-শাখা।

শিবাই, ননাই, অবধৃত প্রমানন। (চৈ° চ° আদি ১১।৪৯) এই কর' প্রীপরমানশ অবধৃত। মোরে ধেন প্রহার না করে যমদৃত। [নামা ২৪৬]

পরমানন্দ উপাধ্যায়-গ্রনিত্যানন্দ-শাখা ৷

নিত্যানন্দ-ভূত্য প্রমানন্দ উপাধ্যায়। (চৈ° চ° আদি >>।৪৪) গ্রীপরমানন্দ উপাধ্যায়! কহি ওছে। বিষয়ী অসত যেন নাহি

পশে মোহে ॥ [নামা ২৩৯] পরমানদ কীর্ত্তনীয়া-ইনি কাশী-ধামে তপন মিশ্র, চক্রশেখর আচার্য প্রভৃতি ভক্তগণের সৃহিত থাকিতেন এবং ভক্তগণকে কীর্ত্তন করাইতেন। মহাপ্রভুর কাশী হইতে পুরীধামে গমন-সময়ে ইনি তাঁহার

কবিবার আজ্ঞা দিয়া ঝারিখণ্ডপথে নীলাচলে প্রত্যাবর্ত্তন করেন। তপন মিশ্র, রঘুনাথ, মহারাষ্ট্রী

গঙ্গে যাইতে চাহিয়াছিলেন, কিন্তু

প্রভু তাঁহাকে ঐস্থানে থাকিয়া কীর্ত্তন

ব্রাহ্মণ। চক্রশেখর, কীর্ত্তনীয়া প্রমা-मन्त अध कन ॥ (८०°०° मधा २०।>१२) পরমানন্দ শুপ্ত—শ্রীনিত্যানন্দশাখা। শ্রীলনিত্যানন্দ প্রভু পূর্বে
ইহার গৃহে অবস্থিতি করিয়াছিলেন।
পূর্বলীলার মঞ্নেধা। [গৌ° গ°
১৯৩, ১৯৯] কৃষ্ণস্তবাবলী-প্রণেতা।
পরমানন্দ গুপ্ত—কৃষ্ণভক্ত মহামতি। পূর্বে থার ঘরে নিত্যানন্দের
বসতি॥ (চৈ° চ° আদি ১১।৪৫)
জয়ানন্দের চৈতন্তমঙ্গল-মতে

গোরাঙ্গবিজয়-রচয়িতা।

প্রসিদ্ধ প্রমানন্দ গুপ্ত মহাশয়।
পূর্বে ধাঁর ঘরে নিত্যানন্দের বিহার॥
পরমানন্দ পণ্ডিত—শ্রীমহাপ্রভুর
সতীর্থ। [বৈষ্ণব-বন্দনা]
পরমানন্দ পুরী—শ্রীচৈতক্ত-শাখা।
শ্রীচৈতক্তকল্পতকর নব মূলের মধ্যে
ইনি মধ্যমূল ছিলেন। শ্রীল মাধ্বেন্দ্র
প্রীর শিয়া। ত্রিহুতে ইহার পূর্বনিবাস ছিল, পরে প্রীধামে আসিয়া
মহাপ্রভুর নিকট অবন্ধান করিয়াছিলেন। পূর্বলীলার উদ্ধব [কোণ
গ°১১৮]।

পরমানন্দ পুরী আর স্বরূপ
দামোদর i [হৈত চ° আদি ১০৷১২৫]
দক্ষিণ দেশ ভ্রমণ-সময়ে মহাপ্রভু
ঝ্বভ পর্বতে শ্রীশ্রীনারায়ণ দর্শন
করিয়া তথায় শ্রবণ করিলেন যে
নিকটে শ্রীপরমানন্দ পুরী চাতুর্মাস্তউপলক্ষে অবস্থান করিতেছেন, তখন
তিনি ক্রত গতিতে তাঁহাকে দর্শন
করিতে চলিলেন।

পরমানন্দ তাঁহা রহে চতুর্মাদ।
ভবি' মহাপ্রভু গেলা পুরী গোঁসাঞির
পাশ। পুরী গোঁসাঞির প্রভু কৈল
চরণ-বন্দন। প্রেমে পুরী গোঁসাঞি
তারে কৈল আলিঙ্গন। [১৮° চ॰

মধ্য ৯1১৬৮—১৬৯]
মহাপ্রান্থ ঐস্থানে প্রীর সহিত
তিন দিন অবিরত ক্বফ্চ-কথার উন্মত
হইয়া কাটাইয়াছিলেন। প্রীপরমানন্দপুরী এস্থান হইতে নীলাচলে
তৎপরে গঙ্গান্ধানজন্ম গোড়ে ও
শ্রীনবদ্বীপে আগমন করেন। মহাপ্রান্থ ঐ স্থান হইতে শ্রীশৈলে গমন
করেন এবং পুরী গোস্থামিকে

শীঘ্র ফিরিয়া নীলাচলে আসিবেন।
উভয়ে কৃষ্ণ কথায় দিন কাটাইব।'
অস্তালীলায় মহাপ্রভুর সঙ্গী (চৈভা
অস্তা ৩/১৬৭—১৮১, ২৩৩—২৩৭),
পুরী গোঁদাইর কৃপ-প্রসঙ্গ (চৈভা
অস্তা ৩/২৩৫—২৫৭), নরেন্দ্র দ্রো-

বরে জলকেলি প্রভৃতি (ঐ অন্তা

১০।৪২, ৪৬)। ২ 'গোবিন্দ-বিজয়'

বলিলেন—'আপনি গৌড় হইতে

রচয়িতা (ব-সা-সে)।
পরমানন্দ ভট্টাচার্য-শ্রীধাম
বৃন্দাবনবাসী, শ্রীগদাধর পণ্ডিতের
গণ। শ্রীরূপসনাতনের ভক্তিশাস্ত্রগুরু।

বন্দে প্রীপরমানন্দং ভট্টাচার্যং রস-প্রিয়ম্। রাধাগোবিন্দ-গোরাঙ্গ-গদাধর-পদপ্রদম্॥ [শা° নি° ২৫] প্রীপরমানন্দ ভট্টাচার্য প্রেমরাশি। প্রীজীব গোস্বামী আদি বন্দাবনবাসী॥

(ভক্তি ১৷২৬৭)

ইনি ও প্রীলমধুপণ্ডিত ছুই জনে বৃন্দাবনে একত্র থাকিতেন। ইনি প্রীবংশীবটে প্রীপ্রীগোপীনাথ বিগ্রছ প্রাপ্তি করেন এবং প্রীমধুপণ্ডিতকে সেই সেবা সমর্পন করেন। (সাধন দীপিকা >)

প্রিপরমানন্দ ভট্টাচার্য মহাশয়।

শ্রীমধুপণ্ডিত অতি গুণের আলয়॥
ত্ই প্রেমাধীন রুফ ব্রজেন্দ্রকার।
পরম তুর্গম চেষ্টা কহে সাধ্য কার॥
(ভক্তি ২।৪৭৫—৪৭৬)

ইনি কাব্য-প্রকাশের টীকাকার নৈয়ায়িক পরমানন্দ চক্রবর্তী হইতে অভিন বলিয়া 'বঙ্গে নব্যগ্রায়চর্চা' ৬২ পৃষ্ঠায় উল্লিখিত হইয়াছে।

প্রমানন্দ মহাপাত্র—উড়িয়াদেশবাসী। প্রীঞ্জিগরাথদেবের কর্মচারী।
পরমানন্দ মহাপাত্র, ওচু,
শিবানন্দ। [চৈ° চ° আদি ১০।১৩৫]
মহাপ্রস্তু দক্ষিণদেশ ভ্রমণ করিয়া
প্রীতে আগমন করিলে প্রীসার্বভৌম
ভট্টাচার্য যথন প্রভুকে উড়িয়্যাবাসী
ভক্তগণের পরিচয় দেন, তখন

প্রহররাজ মহাপাত্র ইংহা মহামতি। প্রমানন্দ মহাপাত্র ইংহার
সংহতি। (চৈ° চ° মধ্য ২০।৪৬)
প্রমানন্দ মিশ্রে-উপেক্র মিশ্রের

ইঁহারও নাম করিয়াছিলেন।

দ্বিতীয় পুত্র (চৈচ আদি ১৩/৫৭)।
পরমানন্দ বৈত্য—প্রসিদ্ধ শ্রীগোরভক্ত শ্রীজগদানন্দের পিতামহ

(জগদানন্দ দেখ)।
প্রমানন্দ সেন—কবি কর্ণপূরের
পূর্ব নাম। শ্রীপুরীদাস নামেও ইনি খ্যাত। শ্রীশিবানন্দ সেনের পুত্র।

১৫২৪ খৃঃ অন্দে গ্রীপাট কাঞ্চন-পল্লী বা কাঁচরাপাড়ায় ই হার জন্ম। গ্রীপ্রীদাসের বয়ঃক্রম যখন সাত বৎসর, সেই সময়ে তিনি পিতা-মাতার সহিত পুরীধামে মহাপ্রভুর নিকটে গমন করিয়াছিলেন। গ্রীশিবানন্দ সেনের পুত্রকে দেখিয়া

প্রভু বড়ই আননিত হইলেন এবং

वानकरक वनिर्निन—'कृष्ध वन'। প্রভু বার বার বলিলেও বারক নীরব রহিলেন, এজন্ম মহাপ্ৰভু রহস্থ করিয়া বলিলেন 'জগতের স্থাবরজন্সম পর্যন্ত সকলকেই আমি নাম লওয়াইলাম, কিন্তু এ বালককে পারিলাম না!' নিকটে অরপ-দামোদর ছিলেন, তিনি বলিলেন,— 'তাহা নহে, আপনি ইহাকে কৃষ্ণ-নাম বলিলেন, বালক তাহা ইষ্ট মন্ত্রজানে মনে মনে জপ করিতৈছে। প্রভু শুনিয়া হাস্ত করিলেন।

অন্ত এক দিবস মহাপ্রভু পুরী-দাসকে শ্লোক বলিতে বলিলে সেই সাত বৎসরের বালক নিজেই তৎক্ষণাৎ রচনা করিয়া 'প্রবসোঃ কুবলয়ম' ইত্যাদি শ্লোক বলিলেন। ভক্তগণের বিশ্বয়ের সীমা রহিলনা। সাত বংরের বালক, নাহিক অধ্যয়ন। ঐছে শ্লোক লোকে চমৎকার মন !!

[চৈ° চ° অন্ত্য ১৬।৭৫] মহাপ্রভু ইহাকে কবিকর্ণপূর আখ্যা দিলেন। ইনি প্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটক, প্রীচৈতহাচরিত-महाकावा, शोत्रशरणार्ष्यमानी शिका, আর্যাশতক, আনন্দবৃন্দাবনচম্পু, কুফাহ্নিককোমুদী, অলন্ধারকোস্তভ প্রভৃতি রচনা করিয়াছেন। পদাবলী-সাহিত্যেও ই হার দান অনবগু। প্রমেশ্বর দাস--- হাদশ গোপালের অক্তম: পদক্রা। ব্রাহ্মণ। গ্রীনিত্যানন্দ-শাখা। গ্রীপাট—কেতু-গ্রাম বা কাউগ্রামে ছিল। তথা হইতে খড়দহে বাস করেন। পুর্ব-লীলার অর্জ্জুন [গৌ° গ° ১৩২]।

পরমেশ্বর দাস—নিত্যানন্দৈকশ্বণ। ক্লম্বঃ-ভক্তি পায় তাঁরে যে করে (है ठ° छ। मि > >। २) সার্ণ॥ ইনি শ্রীবৃন্দাবন হইতে আগমন-কালে গরলগাছা গ্রামে কিছুদিন অবস্থান করিয়াছিলেন। শ্রীমতী জাহ্নবা দেবীর আজ্ঞায় তড়াআটপুরে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। ঈশ্বরীর মনোবৃত্তি কে বৃঝিতে

পারে। গ্রীপরমেশ্বরীনাসে ধীরে ধীরে॥ 'তড়াআটপুর গ্রামে শীঘ্র করি যাহ। তথা রাধাকুষ্ণ গোপীনাথ সেবা প্রতিষ্ঠাহ' । ঈশ্বরী-আজ্ঞায় শ্রীপরমেশ্বরী দাস। রাধা-গোপীনাথ সেবা করিলা প্রকাশ। (ভক্তি ১া২৪৪—২৪৬)

ইনি শ্রীজাহ্নবাদেবীর সহিত শ্রীধাম বুন্দাবনে গমন করেন। ইঁহার অনেক অলৌকিক শক্তি ছিল। একদা আক্নামহেশ গ্রামে (হুগলী জেলার শ্রীরামপুর সাবডিবিসনের নিকট) ঐকিমলাকর পিপলায়ের শ্রীপাটে হরিনাম সঙ্কীর্ত্তন হইতেছিল। শ্রীপরমেশ্বরী দাস তথায় হরিপ্রেমে মাতোয়ারা হইয়া নাচিতেছিলেন, সেই সময়ে কতকগুলি পাৰ্ডলোক পথিমধ্যে একটি মৃত শৃগাল দেখিয়া উহাকে गःकीर्जनम्हात मरश निरम्भ করিয়া দেয়। অক্রোধ বৈষ্ণব-প্রবর ছন্তগণের প্রতি রুষ্ট হইলেন না, অধিকস্ত মৃত শুগালটি জীবিত হইয়া চলিয়া গেল। বৈষ্ণব-বন্দনায় আছে---পর্মেশ্র দাস বন্দিব সাব্ধানে। শৃগালে লওয়ান নাম সংশ্বীর্ত্তন-স্থানে॥ কথিত আছে যে ইনি একদা

তড়াআটপুরে তুইখানি দস্তকাষ্ঠ

প্রোথিত করেন—অতিসত্তর তাহা তুইটি প্রকাণ্ড বকুলবুক্ষে পরিণত হয়। অভাপি ঐ বৃক্ষদয় বর্তমান। [সতীশবাবুর ভূমিকা ১৪৯ পৃষ্ঠা] I

শ্রীনরোত্তম ঠাকুর খড়দহে আগমন করিলে ইনি তাঁহাকে পুরীধামের পথের বিবরণ জ্ঞাপন করিয়াছিলেন। শ্রীপরমেশ্বর দাস ব্যাকুল হইয়া। পথের সন্ধান স্ব দিলেন বলিয়া॥

(ভজি ৮।২১৯) বৈশাখী পূর্ণিমাতে ইংহার তিরো-ভাব হয়। ইনি সংকীর্ত্তনে যে খুস্তি ব্যবহার করিতেন, তাহা ঐ তিথিতে তদীয় সমাধির পার্শ্বে বসান হয়। পরমেশ্বর মোদক—জাতি মোদক। প্রভুর ভক্ত। নদীয়াধামে মহাপ্রভুর গৃহের নিকটে ইহার আবাস ও দোকান ছিল। ইহার পুত্রের নাম —মুকুন্দ।

নদীয়াবাসী থোদক, তার নাম পরমেশ্বর। মোদক বেচে, প্রভুর ঘরের নিকট ভার ঘর॥

(১৮° ৮° অক্টা ১২।৫৪) এই ভাগ্যবান্ প্রভুকে বাল্যকালে বড়ই ভালবাদিতেন। ইনি প্রভুকে স্বহস্তে প্রস্তুত নানাবিধ খাছ-দ্রব্য ভোজন করাইতেন। প্রভু সন্ন্যাস লইয়া পুরীধামে চলিয়া গেলে মোদক মহাশয় পরে প্রভুকে দর্শন করিবার জন্ম পুরীতে সন্ত্রীক গমন করেন। যে নিমাইকে তিনি উল্ল অবস্থায়

দেখিয়াছেন, যিনি নাড় খাইবার জন্ত জ্ঞ তাহার নিক্ট আন্ধার করিতেন. আজ সেই নিমাই শ্রীভগবানুরূপে জগৎপূজ্য হইয়াছেন। প্রমানন্দের আনন্দ আর ধরে না। প্রভূ যদি লোকের কথা পর্যস্ত শুনিতে বারণ। তাই মুকুন্দের মাতার নাম গুনিয়া প্রভু ঈষৎ সঙ্কৃচিত হইলেও সরল-স্বভাব প্রমেশ্বকে কিছু বলিলেন না, তাহার সরলতায় মোহিত হইয়া

গেলেন।

ह्यी-पर्मन निरयध ; अपन कि, ह्यी-

মুকুন্দার মাতার নাম শুনি' প্রভু সক্ষোচ হইলা। তথাপি তাহার প্রীতে কিছু না বলিলা। প্রশ্রয় व्यागन्ज ७६ देनियी ना जात। অন্তরে স্থী হইলা প্রভূ তার সেই [চৈ চ অন্ত্য ১২।৬০] পরমেশ্বরী দাস- পরমেশ্বর দাস দ্রষ্টব্য 🛚 ।

कुरुमान, পরমেশ্বরী দাদ-তুইজন। গোপাল-ভাবে 'হৈ হৈ' করে অফুক্ণ ৷ (চৈ° ভা° অন্তা ৫২৪০) সাঁচড়াতে প্রমেশ্বর দাসের বসতি। পরমেশ্বর অর্জ্জুন স্থা পূর্বে এই খ্যাভি॥ हिद्रवर्गी. সাঁচড়া পাঁচড়া সৰ্বজন কহে॥ [প]-প] পরশুরাম (বিপ্র)-চম্পক্নগরীর মধুস্থান রায়ের পুত্র। ইনি 'কুষ্ণ-মঙ্গল' ও 'মাধব-সঙ্গীত'-নামক গ্রন্থ-ষয়ের প্রণেতা। দাদশকলা গ্রামে

কুমার খ্যামশিখরের আশ্রয়ে থাকিয়া মাধ্ব-সঞ্চীত রচনা করেন। আউলিয়া মনোহর দাসের নিকট বেশাশ্রয় করেন। পরাণ দাস-জগনাথবলভ নাটকের অমুবাদক (কলিকাতা বিশ্ববিচ্চা-लरয়त পুँ थि ७৮२०)। পাথিয়া গোপালদাস—অভিরাম দাসের 'পাট-পর্যটন'-মতে শ্রীঅভিরাম গোস্বামির শিষ্য। শ্রীপাট —হেলাগ্রাম। হেলাগ্রামে পাথিয়া গোপালদাসের স্থিতি॥ পাথর হাজঙ্গ—শ্রীনিত্যানন্দ ইহার নাম রাখেন—'জগলাথ দাস'। পাহাডীয়া অসভা জাতি। ময়মন-জেলায় সেরপুর প্রগণার উত্তরে যে সব পাহাড় আছে, তথায় ফারো, হাজঙ্গ প্রভৃতি অসভ্য জাতি-বাস। পাথর হাজক্রের নিবাস ঐ স্থানে ছিল। পাথরের দেহে অসীম বল ছিল। কোন কারণে পাধরের সহিত আত্মীয়গণের বিবাদ হয়, এজন্ত পাথর মর্মান্তিক

গৃহ হইতে বহিৰ্গত হন।

সংকল্প

১৪৪০ শাকের কথা।

প্রাণত্যাগের

ত্বঃখ পাইয়া আত্মহত্যা করিবার জন্ম করিতে যাইবার সময় অলক্ষ্যেকে একজন স্থার পুরুষ 'দেও' (দেবতা) তাঁথাকে পুরীধামে যাইবার জন্ম আজা করেন। দেব-আজ্ঞায় পাথর পরিত্যাগ করিয়া পুরীর উদ্দেশে চলিলেন বটে. কিন্তু তাঁহার হস্তে একটি মাত্রও কড়ি নাই। ব্রহ্মপুত্র-তীরে পৌছিলে মাঝি পারের জন্ম ১০ কাহণ কড়ি

চাহিল। কপর্দক-শৃত্য পাথর কি হইবেন ভাবিতে পার ভাবিতে শেষে তিনি জলে ঝম্প দিয়া পড়িলেন। অদৃশ্য পরপার এবং বেগবান স্রোতের প্রতি তাহার লক্ষ্য হইল না। সমস্ত দিন ভীম পরাক্রমে নদীতে সাঁতার দিয়া সন্ধাবেলা তিনি তীরে উঠিলেন।

পাথর হাজঙ্গ

সেই সময়ে তুসঙ্গের মহারাজ নোকাযোগে তীর্থভ্রমণে যাইতে-ছিলেন, পাথরের এই অন্তুত বীরত্ব এবং পুরীধান-গমনের প্রবল আকাজ্জা দেখিয়া স্মতে তাঁহাকে আশ্রয় দান করিয়া তিনি পুরীতে পোঁছাইয়া नियान।

পুরীধামে উপস্থিত হইয়া পাথর দেবতার উদ্দেশ করিতে করিতে দেখিতে পাইলেন—রথযান্ত্রা হই-তেছে, আর তাহার অগ্রে অগ্রে সংকীর্ত্তন, তন্মধ্যে অপূর্ব এক মহুষ্মের নুত্য। পাথরের প্রাণ মোহিত হইয়া গেল। তিনি সেই কীর্ত্তন দেখিয়া বাহু হারাইয়া নৃত্য করিতে লাগিলেন।

পরে শ্রীবাস পণ্ডিত পাথরের প্রেম-দর্শনে মহাপ্রভুকে জিজাসা করিলেন—'ঐ ভক্ত কে ?' প্রতু তথন হাস্ত করিয়া গ্রীনিত্যানন্দ প্রভুর দিকে ইঞ্চিত করাতে তিনি পাথরকে কোলে লইয়া আলিঙ্গন করিলেন। পাথরের হৃদয় একেবারে শীতল হইয়া গেল। তাহার পর পাথর সমুদ্র-স্নান করিয়া আসিলে শ্ৰীনিত্যানৰ প্ৰভু তাঁহাকে দীকা প্রদান করিলেন। পাথরের বৈষ্ণব নাম হইল-জগন্নাথ দাস। কিছুদিন

পরে পাথর শ্রীনিত্যানন্দের আজ্ঞায় মদেশে আগমন করেন ও তাঁহার আত্তীয়বর্গকে হবিনাম প্রদান করেন। প্রথমতঃ তিনি দেশে গিয়া পল্লী-गानिर्धा এकि जुनभी मक निर्माण করিয়া সাত দিন অনাহারে অনিদ্রায় **छेटेक: य**त्व প্রীচরিনাম কবিশ্ৰে থাকেন। তাহার ভাবদর্শনে অসভ্য গ্রামবাসিগণ দেবতার অমুগুহীত ভাবিয়া তাঁহার চরণাশ্রয় করিতে থাকেন। অতি অল্পদিনের মধোই ঐসকল স্থানের পার্বত্য অসভ্যজাতি-গণ দলে দলে আসিয়া পাথরের শিষাত গ্রহণ করেন: অত্যাপি পাথর হাজক বা জগল্লাপ দাসের বংশধরগণ বর্তমান আছেন। ইহাদের আবালবুদ্ধ-বনিতা হরিনামে পাগল। ইঁহারা সকলেই প্রীমৃতির সেবা করেন। সকলেরই 'পাথর' উপাধ। ইঁহারা 'লুকোর গাদির' শ্রীনিত্যানন্দবংশীয় গোস্বামিগণের শিষা।

পার্যা গোপাল—(পরিগোপাল) —বীরস্থম জিলায় মঙ্গলডিছি গ্রামের ঠাকুর-বংশের আদি পুরুষ। (খুঃ ষোড়শ শতাকীর প্রথমভাগে) শ্রীমন্ পার্ষদ শ্রীপ্রন্দরানন্দ-মহাপ্রভুর পামুয়ার পূর্ব গোপালের শিষ্য। নাম—গোপালচক্র। পান বিক্ৰয় করিয়া ইষ্টদেবের সেবা করিতেন বলিয়া 'পাছুয়া' বা 'পণিগোপাল' নাম। ইঁহার পিতা—মন্ত্র্থ। কাম্য-বনবাসী শ্রীঞ্রবগোস্বামী স্বপৃত্তিত শীকৃষ্ণবলরাম-বিগ্রহ লইয়া তীর্থ-পর্বটনক্রমে এই গ্রামে আসেন. পাহুয়ার আতিথেয়তায় সম্ভুষ্ট হন এবং তাঁহার সহিত স্থাসত্তে আবদ্ধ

হইয়া প্রীগ্রামটান ও প্রীবলরামের সেবা দিয়া প্রীক্ষেত্রে গমন করিয়াছিলেন। পাহুয়া ঠাকুর প্রত্যহ পঞ্জোটে পান বিক্রয় ও কাটোয়ায় গলাসান করিয়া মঙ্গলভিহিতে ফিরিয়া অভীষ্ট দেবের সেবাদি করিতেন। ই হার একটি গাভীকে ব্যাঘ্র লইয়া গেলে তিনি ব্যাঘ্যুখ হইতে বন্ধা করিয়া ব্যাপ্তকে কৃষ্ণমন্ত্রে দীকা দিয়াছেন এবং ঘোষটিকুরী গ্রামের সিদ্ধ ফ্কির সাহ আবছ্লার বস্তাবৃত পুষ্পরূপে খাগুদ্রব্যকে অমেধ্য কবিয়াছিলেন। পবিণত চন্দোদয়ে লিখিত আছে—'যবনান্নং কৃতং পূষ্পং বাছে মন্ত্র-প্রদায়কম্। তং নত। পৰিগোপালং ক্রিয়তে পুস্তকং ময়া।' ঠাকুর স্থন্দরানন্দ মঙ্গলভিহির পূর্বদিকৃন্থিত পুরিয়া পুন্ধরিণীর কদম্বওীর যে ঘাটে প্রণিগোপালকে দীকা দেন এবং যেস্থানে তৎকালে দ্বাদশ দিনব্যাপী মহোৎসৰ সংঘটিত হয়, সেই স্থানে সেই স্বতিরক্ষার্থে অগ্নাপি নন্দোৎ-সবের দিন বহু নরনারী সমবেত হয়েন এবং পুরিয়ায় স্থান করিয়া ঘাটে চিঁড়া, দধি, মিষ্টালাদির ভোগ দিয়া প্রসাদ পাইয়া ক্লতার্থ হইয়া থাকেন।

পর্ণিগোপালের সন্তান ছিল না বলিয়া তিনি গড়গড়ে-গ্রামবাসী কাশীনাথ-নামক জনৈক ব্রাহ্মণের পঞ্চপুত্রকে (অনস্ত, কিশোর, হরিচরণ, লক্ষণ ও কামুরামকে) পোয়পুত্ররূপে গ্রহণ করিয়া দীক্ষিত করেন। পামুয়ার অন্তর্ধানে ইংলাই তাঁহার সকল সম্পত্তিতে ও বিগ্রহ- সেবায় অধিকারী হন। অনস্তের হইতে মঙ্গলডিহি বংশধরগণ শ্রীবলরামস্য খররাশোলে বসতি স্থাপন করেন। কির্শোরের একমাত্র ক্তা হীরামুণির বংশধরগণ শ্রীমদন-গোপালের সেবা করেন। শ্রীবিনোদরায়জীউ পামুয়া ঠাকুরের কুলদেৰতা বলিয়াই প্রবাদ শুনা যায়। হরিচরণ অপুত্রক। লক্ষণ ও কাহরামের পুত্রগণই প্রীশ্রীশ্রামচাঁদের সেবাধিকারী।

পুত্র—গোপালচরণ। কামুরামের ইহার তুই পুত্র—গোকুলানন্দ (গোকুলচন্দ্র) ও নয়নানন। জাষ্ঠ পরম প্রেমিক ও ত্মগায়ক ছিলেন, কীর্ত্তন-পদরচনায় সবিশেষ ক্রতিত্ব ছিল বলিয়া তিনি কাশীপুরাধিপের গোস্বামিডিহি নিকট হইতে মোতাবেগ-নামক ছইটি গ্রাম নিষ্কর প্রাপ্ত হন। সেই সম্পত্তির আয়ে প্রীশ্রামটাদের সেবা হয়। নয়নাননকে বুকে ধরিয়া মঙ্গলডিহি কুতার্থ হইরাছে। ইঁহার রচিত-শ্রীকৃষ্ণ-ভক্তিরসকদম্ব (১৬৫২ শকাকায়) এবং প্রেয়োভক্তিরসার্ণব (১৬৫৩ শাকে) গ্রন্থর স্থারসের স্থপরি-পাটী ও ভজন-নির্ণায়ক। এতদ্যতীত তিনি পদকর্ত্তাও ছিলেন। গোকুলা-নৰের পুত্র জগদানৰ বঙ্গভাষায় 'শ্রীশ্রীশ্রামচন্দ্রোদয়' ত্রিপদীছন্দে এবং বছ পদাবলী রচনা করেন। গোকুলানন্দের পৌত্র মারকানাথ শ্রীগোবিন্দবল্লভ-নামক সঙ্গীত-নাটক প্রণয়ন করেন। ইঁহারা সকলেই স্থার্সেরই উপাসক। প্রতি গ্রন্থেই শ্থারদ শ্রন্ধানত হইয়াছে।

3260

गूथुंि—ञीवीत्रहख পাৰ্বতীনাথ প্রভুর জামাতা ও ভুবনমোহিনীর (প্রেম-২৪) স্বামী। পাষ গুগণ —শ্রীমতী জাহুবা মাতা যথন প্রীবৃদ্ধাবনে গমন করেন, তথন পথিমধ্যে কতকণ্ডলি পাৰণ্ড তাঁহাকে ঠাটা বিজ্ঞপ ও কুকথা বলিতে থাকেন। মাতা তাঁহাদের কথায় কর্ণপাত না করিয়া তথায় রাত্রি যাপন করিলেন কিন্ত প্রদিন প্রাত:কালে সেইসব ছবুভগণের অপুর্ব ভাব হইল, তাঁহারা মাতার শ্রীচরণে পতিত হইয়া উদ্ধারের জন্ত नाशित्नन। তিনি কাঁদিতে তাঁহাদিগকে প্রেমধন দিয়া পবিত্র কবিয়া দিলেন।

প্রদিন প্রাতে যত পাষ্ডির দলে। আসিয়া পড়িল ঠাকুরাণী-পদতলে। জাহ্নবা ঈশ্বরী মোর দয়ার সাগর। অমুগ্রহ কৈলা সবে (প্রেম ১৯) হইলা পরিকর॥ পীতাম্বর—শ্রীনিত্যানন্দ-শাখা। পূর্ব-नीनाम कारवती [(गो° ग° >७৮]। পীতাম্বর মাধ্বাচাৰ্য. माट्यानत । [टेड° ड° व्यानि >>। ६२] ২ —প্তিত দামোদরের জ্যেষ্ঠ স্রাতা। বলো মহানিরীহ পণ্ডিত দামোদর। পীতাম্বর বন্দো তাঁর জ্যেষ্ঠ সহোদর। পিতামর দাস-পিতার নাম রাম-গোপাল দাস। এরবুনন্দন ঠাকুরের শাখা এবং শ্রীশচীনন্দন ঠাকুরের निया। 'तुममळातीं'-नामक 'भनावनी'-গ্রন্থের সঙ্গনিমতা। ইনি সংস্কৃত ভাষায় 'শ্রীমন্নরহরিশাখানির্ণয়' রচনা করিয়াছেন (শ্রীথণ্ডের প্রাচীন বৈঞ্ব ১১৩ পৃঃ)। [শ্রীখণ্ডে শ্রীরাধালানন্দ ঠাকুরের গ্রন্থভাণ্ডারের পুঁথি]

(চক্রপাণি চৌধুরী দ্রষ্টব্য) পুগুরীক বিছানিধি—বারেক্সশ্রেণীর ব্রাহ্মণ। পূর্বলীলায়—রাজা ব্বভান্থ। জমিদার, নবদীপেও গৃহবিত্ত ছিল। পত্নীর রতাবতী। পিতার নাম—বাণেশ্বর ব্ৰহ্মচাৰী। মাতাৰ নাম-গঞ্চাদেৰী। हेनि खीखीमाधरवस शूतीत निया। গ্রীচৈতন্ত্র-শাখা।

পুণ্ডরীক বিগ্যানিধি বড় শাখা জানি। যাঁর নাম লঞা প্রভু কান্দিলা আপনি॥

िं कि° के व्यानि २०। ४८] প্রীগদাধর পণ্ডিতের পিতা মাধব মিশ্রের সহিত ই হার বন্ধুত ছিল। পুঞ্জীক রাজ্যির ভাষ ছিলেন। ভোগবিলাস বিষয়কৰ্ম, করিতেন। ই হাকে দেখিয়া হঠাৎ বৈষ্ণৰ-বৃদ্ধি হইত না। মহা প্রভু यथन नवधील-नीना करतन. তথন একদা 'বাপ পুণ্ডরীক! বাপ পুণ্ডরীক!' বলিয়া ক্রন্সন করিয়া-ছিলেন। উভয়ের মধ্যে তখন আদৌ **শ্রীমদগদাধর** পরিচয় ছিল না। পণ্ডিত পুণ্ডরীককে ভোগবিলাসে রত থাকিতে দেখিয়া প্রথমে চিনিতে পারেন নাই. এজন্ত ইহার উপর বিরক্ত হন। পরে পুগুরীকের অভুত প্রেম দর্শনে তিনি অমুতপ্ত হইয়া উহার নিকট দীক্ষা গ্রহণ করিয়া-ছিলেন।

চটগ্রামের চক্ৰশালা গ্রামে হয়--অতি জমিদার ৷ অতিধনী শুদ্ধাচার ॥ বান্ধণ বারেগ্র হয়. কুলাংশে উত্তম। পুগুরীক বিত্যানিধি

হয় তাঁর নাম॥ কখন চাটিগ্রামে করয়ে বসতি। নবদীপে আসি কখন করেন স্থিতি॥ মাধবেন্দ্রপুরীর শিষ্য এই মহাশয়॥ (প্রেম ২২) পুণ্ডরীক বাল্যকাল হইতে বৈঞ্ব-ধর্মামুরাগী ও হরিপ্রেমে মাতোয়ারা। যশংসোৱভ পাণ্ডিতোও ই হার ছডাইয়া পড়ে। বিল্লানিধিকে মহা-প্রভু 'প্রেমনিধি' বলিতেন। খ্রীম্বরূপ-গোস্বামির ইনি প্রিয়স্থা (চৈভা বিভানিধিসহ >0/62). স্বরূপের একসঙ্গে শ্রীজগরাথদর্শনাদি, মাণ্ডুয়াবস্ত্রপরিধানে জগগ্নাথ-সেবক-গণের প্রতি কটাক্ষ করায় জগরাথ বলরামের চপেটাঘাত-প্রাপ্তি ইত্যাদি (চৈভা অস্তা ১০টে৭-১৮৭)। পুণ্ডরীক-স্থাপিত े श्रीशिमक्री-গোবিন্দ বিগ্ৰহ অন্তাপি বৰ্ত্তমান আছেন। তাঁহার জন্মভূমিতে তাঁহার স্বহস্ত-লিখিত এক মৃত্তিকার ঘট রহিয়াছে। দেবমন্দিরের উদ্ধাদিকে ছইটি সংস্কৃত শ্লোকযুক্ত ফলক দৃষ্ট হয়। বহুপূর্বে আগ্ন-দাহে উহা বিক্বত श्रेरलेख एम्डी করিলে পাঠোদ্ধার হইতে পারে। চটগ্রামের কালেক্টরীতে ১৭৬৯৭ নং তৌজিতে বাণেশ্বর ব্রন্ধচারীর এবং ২৬৮৩৭ ও ১৭৭৮১ নং তৌজিতে বিভানিধির নাম দেখিতে

পুণ্ডরীকাক্ষ-গ্রীবৃন্দাবনবাসী ভক্ত। পুণ্ডরীকাক্ষ, ঈশান, আর হরিদাস। [চৈ° চ° মধ্য ১৮।৫২]

যায়। এখনও ঐনামে রোড্লেস্

দেওয়া হয়। মেথলাতে বিস্থানিধি

হইতে ১৩শ অধস্তন পুরুষগণের

বাস এখনও আছে।

বল্লভাচার্য পুত্র বিঠট্লেখরের গৃহে মেচ্ছ-ভয়ে যথন প্রীগোপাল-দেবকে লুকাইয়া রাথা হইয়াছিল, তখন প্রীক্রপগোস্বামির সঙ্গে বহু ভক্ত প্রীকৃতিকে দর্শনজন্ম একমাস ঐস্থানে ছিলেন। উহাতে পুগুরীকাক্ষেরও

পুরন্দর আচার্য-শ্রীতৈতক্ত শাখা,
মহাপ্রভুর পিতৃদেব শ্রীপ্রীজগরাথ
মিশ্রেরও 'আচার্য পুরন্দর' আখ্যা
ছিল। এজন্ম মহাপ্রভু ইহাকে
ভক্তিভাবে 'পিতা' বলিয়া ডাকিতেন
[চৈভা অস্তা ৮০০১] ।

চৈত্ত্য-পার্ষদ—শ্রীআচার্য পুরন্দর॥ পিতা করি' যারে বলে গৌরাঙ্গ-স্থব্দর ॥ [চৈ° চ° আদি ১০।৩০] পুরন্দর খাঁ-প্রকৃত নাম কিন্তু গোপী-্নাথ বস্থাদক্ষিণরাটী কায়স্থ। হুগলী জেলার শেয়াখালা গ্রামে বাস ছিল। এখনও 'পুরন্দরগড়' ঐস্থানে বর্তমান আছে। ইনি হোসেন সা বাদসার উজির ছিলেন। ইঁহার - পিতামহের নাম-সুবুদ্ধি খা। তিনিও গৌড়ের বাদসাহের নিকটে চাকরী করিতেন। ইংগরা মহাপ্রভুর ভক্ত। (হোসেন সাহ দ্রপ্তব্য) পুরন্দর পণ্ডিত-২৪ পরগণার প্রীপাট খড়দহ-নিবাসী, শ্রীনিত্যানন্দ-শাখা ৷

নিত্যানন্দ-প্রভুর প্রিয় পণ্ডিত পুরন্ধর। প্রেমার্ণব-মধ্যে ফিরে থৈছন মন্দর॥ [চৈ চ আদি ১১/২৮] প্রীপ্রীনিত্যানন্দ প্রভু যখন শ্রীপাট খড়দহে বসতি করেন, তাহার পূর্ব হইতে পুরন্দর পণ্ডিতের ঐ স্থানে দেবালয়াদি ছিল বলিয়া জানা যায়। খড়দহে প্রস্থু প্রাবতীর তন্ম।
নিরস্তর সংকীর্তনে মত অতিশয়॥
পুরন্দর পণ্ডিতের দেবালয় যথা।
ব্রহ্মার ছল্ল ভি প্রেম প্রকাশিল তথা॥
(ভক্তি ৮।১৬৫—১৬৬)

(ভক্তি ৮।:৬৫—১৬৬)
খড়দহে আসি প্রভু নিজগণ সঞ্চে।
পুরন্দর পণ্ডিতের দেবালয়ে রহে॥
প্রভু নিত্যানন্দ পুরন্দর পণ্ডিতেরে।
ডুবাইলেন সংকীর্ত্তন স্থাবের মাগরে॥
শ্রীতৈতক্তদাস মুরারি পণ্ডিত যত।
সবেই হইল সংকীর্ত্তনে উনমত॥
খড়দহে নিত্যানন্দ নাচিয়া নাচিয়া।
বিলায় ত্বভ ধন যাচিয়া যাচিয়া॥

্রিনিত্যানন্দ প্রভু ইংবার গৃহে
আগমন করিয়া নৃত্যগীত করিতেন;
আবার পুরীধামে ইনি মহাপ্রভুর
সঙ্গেও থাকিতেন। মহাপ্রভুর
আজ্ঞায় যখন শ্রীনিত্যানন্দ প্রভু
গৌড়ে প্রেম প্রচারের জন্ম আগমন
করিয়াছিলেন, তথন প্রন্দর পণ্ডিত
তাঁহার সহিত আগমন করেন।
পুরন্দর পণ্ডিত গাছেতে গিয়া

পুরন্দর পণ্ডিত গাছেতে গিয়া
চড়ে। মুঞিরে 'অঙ্গদ' বলি লাফ দিয়া
পড়ে॥ (চৈ°ভা° অস্ত্য (।২৪১)
তবে আইলেন প্রভু খড়দহ গ্রামে।
পুরন্দর পণ্ডিতের দেবালয় স্থানে॥
ফৈ ৪২৩
কিন্তু 'বৈঞ্চব-আচারদর্পণে' লিখিত
আছে যে পুরন্দর পণ্ডিতের শ্রীপাট
—'পাড়পুরে'।

পুরন্দর মিশ্র—শ্রীনরোত্তম ঠাকুরের শিশ্য।

'নারায়ণ সান্ন্যাল আর মিশ্র পুরন্দর।' [প্রেম ২০] পুরুষোত্তম—শ্রীচৈতন্ত-শাখা। মহা প্রস্থর ছাত্র ও কীর্ত্তনসঙ্গী।

প্রভুর পড়ুয়া ছই-পুরুবোভম, সঞ্জয় । ব্যাকরণে মুখ্য শিদ্য ছই

মহাশয়॥ [চৈ° চ° আদি ১০।৭২]

(চৈভা আদি ১৫/৫, অস্ত্য ৮/২০)
'সঞ্জয়'টাকে পুরুষোত্তমের উপাধি

विश्वा महम इस, किन्नु এই প্রারটি

প্রকৃতপক্ষে ছুই জনকেই বুঝায়।

২ নবদ্বীপবাসী গৌরভক্ত। রত্ত্বাকর-স্থত বন্দো পুরুবোত্তম নাম॥

নদীয়া-বসতি যাঁর দিব্য তেজোধাম॥ [বৈঞ্চব-বন্দনা]

ও ত্রীচৈত্র শাখা।

পুরুষোত্তম, গ্রীগালীম, জগন্নাথ দাস।

(ৈ δ° চ° আদি ১০.১১২) ৪ জ্রীচৈতন্ত-শাধা, কুলীন-গ্রামী।

যত্নাথ, পুরুষোত্ম, শঙ্কর,

বিহ্যানন্দ ৷ (চৈ° চ° আদি ১০ ৮০)

৫ প্রীখামানন্দ প্রভুর শিষ্য,
 প্রীপাট—নৃসিংহপুর (মতান্তরে—

কাশিয়াড়ি)।

ধ্রুবানন্দ, পুরুষোত্তম আর হরিদাস। শ্রামানন্দের প্রিয় শিষ্য নৃসিংহপুরে

স॥ (প্রেম২০) ৬ শ্রীরসিকানন্দ প্রভূর শিশ্ব।

[র° ম° পশ্চিম ১৪|১৫০]

প্রনরোত্ম ঠাকুরের শিষ্য।
 প্রবোত্ম, গোকুলদাস আর

হরিদাস। (প্রেম ২০) পুরুষোত্তম আচার্য—মহাপ্রভুর

মমিভক্ত স্বরূপ দামোদরের পূর্বাশ্রমের

নাম।

সন্ন্যাস আশ্রমের নাম স্বরূপ দামোদর ॥ (স্বরূপ দামোদর দ্রষ্টব্য) পুরুষোত্তম শুপু—শ্রীচৈতন্ত-মঙ্গল-প্রণেতা জীলোচন দাসের মাতামহ (লোচনদাস দ্রপ্টব্য)।

পুরুষোত্তম চক্রবর্তী—গ্রীনিবাস

ভাচার্বের পুত্র শ্রীগতিগোবিন্দের

শিষ্য।

শ্রীপুক্ষোত্তম চক্রবর্তী আর শিষ্য

তার ॥

(কর্ণা ২)

তার। (কণা ২)
পুরুবোত্তম জানা—উড়িয়ার স্বাধীন
নরপতি গজপতি প্রতাপক্ষদ্রদেবের
পুত্র। শ্রীগদাধর পণ্ডিত গোস্বামির
শিষা।

মহারাজা প্রতাপরুদ্রের কুমার।
'পুরুবোত্তম জানা' নাম, সর্বাংশে
স্থন্দর । [তক্তি ৬।৬৫]
শ্রীকুলাবনে শ্রীশ্রীগোবিন্দদেব ও
শ্রীশ্রীমদনমোহনজীউর বামে শ্রীশ্রী-

রাধারাণী ছিলেন না। পুরুষোত্তম এই সংবাদ অবগত হইয়া ঞীবৃন্দাবন-ধানে ছুইটা ঞ্রীমতীর মুর্ত্তি পাঠাইয়া (पन, किन्न धीमननामाइन त्यवाराइ ব্রাহ্মণের নিকট স্বগ্নাদেশ দেন যে— 'যে হুইটি মৃতি আসিয়াছেন, তন্মধ্যে যিনি আকারে ক্ষুদ্র, তিনিই গ্রীমতী त्रांश जवर अग्रही मिन्हारात्वी। রাধিকাকে আমার বামভাগে এবং ननिতादनवीदक आमात्र मिन्निनिदक বসাইয়া দাও।' ইহাতে কিল্প **এএগোবিন্দদে**বের বামভাগ শৃগ্য রহিল। পুরুষোত্ম এ জানিতে পারিয়া অতিশয় আনন্দিত হইলেন এবং প্রীগোবিন্দের জন্তও একটি স্বতম্ভ শ্রীমতীর মৃত্তি নির্মাণ করিতে আজ্ঞা-দিলেন: কিন্তু সেই

রাত্রেই গোবিন্দদেব উাহাকে স্বগ্ন-

මුමු-

পূজিত

চক্রবৈডের মধ্যে

হইয়া আসিতেছেন, তিনি লক্ষী
নহেন, তিনি প্রীমতী রাধিকা দেবী,
তাঁহাকে আমার নিকট পাঠাইয়া
দাও।'
সাধনদীপিকায় উক্ত লক্ষীঠাকুরাণী

বিগ্রহের একটু ইতিহাস আছে।
উক্ত বিগ্রহ পূর্বে প্রীরুন্দাবনেই
ছিলেন। কোন ভক্ত উৎকল দেশে
আনয়ন করেন। তৎপরে উৎকলের
রাধানগর-নিবাদী বুহস্তায় নামে

একজন দান্দিণাত্যের ব্রাহ্মণ উহাকে
স্বগৃহে আনয়নপূর্বক সেবা করিতে
থাকেন। তাঁহার-স্বধাম গমনের
পর উড়িষ্যার কোন ভক্ত রাজা ঐ
শ্রীস্থানের মতীকে লইয়া আসিয়া
শ্রীশ্রীক্ষগন্ধাথদেবের চক্রবেডের মধ্যে

পূজারীরা ইহাকে লক্ষীজ্ঞানেই পূজা করিয়া আসিতেছিলেন। পুরুষোত্তম জানা স্বপ্প দেখিয়া মহাসমারোহে শ্রীমতীকে শ্রীগোবিদের নিকট পাঠাইয়া দেন। [সাধনদীপিকা

এটিচতন্তচরিতামূতে

রাজা

১২৮--১২৯ পৃঃ]

পরম যত্নে রক্ষা করেন, কিন্তু

প্রতাপক্ষদেবের এবং তদীয় পুত্রের গৌভাগ্যের বিষয় বর্ণিত আছে। মহাপ্রভু প্রতিষ্ঠা-ভয়ে রাজদর্শন করিতেন না। রাজা প্রতাপক্ষদেব প্রভুর সম্পলাভের জন্ত বিস্তর চেষ্টা করিয়াও বিফসমনোরপ হইলেন। পরিশেষে রাজার আগ্রহাধিক্য বৃঝিয়া তিনি আজ্ঞা করিলেন 'রাজপুত্রকে আমার নিক্ট লইয়া আসিতে পার',

রাজপুত্র শ্রীশ্রীমহাপ্রভুর সম্মুখে নীত

হইলেন এবং তিনি মহাপ্রভুর কুপা

প্রাপ্ত হইয়া ধন্ত হইলেন। প্রভুত

রাজকুমারকে দেখিয়া মোহিত হইলেন।

স্থানর, রাজার পুত্র—খ্যামল বরণ।

পীতাম্বর, ধরে অঙ্গে রত্ধ-আতরণ॥

কৃষ্ণ-স্মরণের তেঁহ হইলা উদ্দীপন॥
প্রভু-ম্পর্শে রাজপুত্রের হৈল
প্রেমাবেশ। স্বেদ, কম্প, অঞ্চ, স্ক্রণ-বিশেষ॥ 'কৃষ্ণ', কৃষ্ণ' কহে

নাচে, করয়ে রোদন। তার ভাগ্য দেখি শ্লাঘা করে ভক্তগণ॥ [টেচ° চ° মধ্য ১২।৫৮—৬৪]
প্রভু রাজকুমারকে নিত্য আসিধার জন্ম আজ্ঞা দিয়াছিলেন।

পুরুষোত্তম তীর্থ—গ্রীগোর-পার্বদ,
সন্মাসী; নব যোগীদ্রের অন্ততম
[গো° গ° ৯৭—১০১]।
পুরুষোত্তম দত্ত—জয়ানন্দের
প্রীচৈতন্তমঙ্গলে নাম আছে।

পুরুষোভম দন্ত যে কেবল উদার।
বাঁহার মন্দিরে নিত্যানন্দের বিহার॥
২ এনিমাইর ব্যাকরণের ছাত্র (?)
ত প্রীল নরোভম ঠাকুরের জ্যেঠা

মহাশয়। ইংবার পুত্রের নাম—
সম্ভোষ দত্ত (নরোত্তম ঠাকুর দ্রপ্টব্য)।
তক্তিরত্বাকরে শ্রীনরোত্তম ঠাকুরের
পিতা পুরুষোত্তম দত্তের কনিষ্ঠ প্রাতা
বলিয়া লিখিত আছে। অধিকল্প
কৃষ্ণানন্দই রাজা ছিলেন বলিয়া উক্ত
আছে।

রাজধানী স্থান পদ্মাতীরবর্তী।
গোপালপুর নগর স্থন্দর বসতি॥
তথা বিলস্যে রাজা রুষ্ণানন্দ দত্ত।
শ্রীপুরুষোত্তম দত্ত পর্ম মহাস্ত॥
ভাঙ্গি পুরুষোত্তম, কনিষ্ঠ রুষ্ণানন্দ।
শ্রীকৃষ্ণানন্দের পুত্র শ্রীল নরোত্তম।
শ্রীপুরুষোত্তমের তনয় সন্তোষাখ্য।
ভিক্তি ১৪৬৪—৪৬৮

জগন্ধাথদেবের

বোগে বলেন—পুরীধামে

পুরুষোত্তম দাস-সদাশিব কবি-রাজের পুত্র, জীনিত্যানন্দ প্রভুর শিষা। ইহার শিষা দৈবকীনন্দন দাস বৈঞ্চব-বন্দুনা ও সংস্কৃত বৈষ্ণবাভিধান রচনা করেন। ইহার রচিত পদা-বলি আলোচ্য ও আস্বাগ্য। যশোহরে বোধখানায় এবং নদীয়ার ভাজন-घाटि এই दःশীয়দের বাসস্থান। এই বংশেই প্রসিদ্ধ কৃষ্যক্মল গোস্বামী রাইউন্মাদিনী, বিচিত্ৰ-বিলাসাদি রচনা করিয়া বহু নর-নারীকে ব্যাকুল করিয়াছিলেন। পূর্ব नौनाय देनि एषाकक्ष। (त्रो° 9° 200) 1

শ্রীসদাশিব কবিরাজ বড় মহাশয়।
শ্রীপুরুষোত্তম দাস—তাঁছার তনয়।
(চৈ° চ° আদি ১১।৩৮)
ত্যোককৃষ্ণ যেঁহো তেঁহো দাস

পুরুষোত্ম। (ভক্তমাল—৩)
ভরত মল্লিক-ক্বত 'চন্দ্রপ্রভায়' ৭৪ পৃঃ
ইহাদের নাম আছে:—

স্নাশিবস্থ পুত্রৌ দ্বাবগ্রদ্ধঃ
পুরুষোত্তমঃ। পুরুষোত্তম-সেনো
যো বিষ্ণুপারিষদোপমঃ। স ঠকুর
ইতি থ্যাতো বিশ্ববিশ্রত-সন্যশাঃ॥
পুরুষোত্তম দেব—রাজা প্রতাপক্রদের পিতা।

সরস্বতীবিলাগের বর্ণনামুসারে কপিলেন্দ্রদেবের ঔরসে ও পার্বতীদেবীর গর্ভে ইনি জন্মগ্রহণ করেন।
'গঙ্গবংশামুচরিত'-কাব্যমতে কপিলেন্দ্রদেবের জ্যেষ্ঠপুত্রের নাম—হন্দীর দেব। পুরুষোত্তম জ্যেষ্ঠপুত্র না
হইলেও শ্রীজগন্নাথের আদেশে
ইনিই উত্তরাধিকারিরসে মনোনীত
হন। ইহাতে অস্তান্ত প্রাক্তর্ম

হইয়া তিনিই যে জগন্নাথের মনোনীত রাজা ইহা সপ্রমাণ করিবার জন্ম আহ্বান করেন ৷ পুরুষোত্তম নির্দিষ্ট দিবসে জগরাপের নামকীর্ত্তন করিতে করিতে নিরস্ক তাঁহাদের সম্মুখে দণ্ডায়মান **इहे** एन তাঁহাকে লক্ষ্য করিয়া অস্তাদি নিঃক্ষেপ করিলেও रेनि অক্ষতাবস্থায় থাকিলেন দেখিয়া তাঁহারা পুরুষোত্তমকে রাজ্য ছাড়িয়া **मिलन। 'काकी-कारन**ती' ওডিয়া কাব্যে বর্ণিত আছে যে পুরুষোত্তমদেবের সহিত কাঞ্চীর রাজকুমারী পদ্মাবতীর বিবাহ-সম্ম স্থির হইলে রথযাত্রাকালে কাঞ্চীরাজ পাত্র দেখিতে আসিয়া দেখিলেন ষে পুরুষোত্তম স্থবর্ণ-সন্মার্জনী হাতে লইয়া রথের পথ পরিষ্কার করিতে-ছেন। ঝাড়ুদারের (१) হল্তে ক্যা সমর্পণ করিতে অনিচ্ছক হইলে পুরুষোত্তমদেব কাঞ্চীরাজার বিরুদ্ধে অভিযান করিলেন। প্রথমতঃ পশ্চাৎপদ হইয়া আবার জগন্নাথের শরণাপর হইয়া তৎকৃত সাহায়ের প্রতিশ্রতি পাইয়া দিভীয়বারে তিনি काक्षीत पिरक याजा करतन। श्रुती হইতে পাঁচকোশ দূরে সমুদ্রের शांत जानमधूत शांत्र गांगिका-नाशी গোয়ালিনীর সহিত তাঁহার সাক্ষাৎ হইলে মাণিকা তাঁহাকে একটি অঙ্গুরীয় দেখাইয়া বলিলেন রাজার অগ্রবর্তী হুই জন দৈনিক তৃফার্ত হইয়া দধিত্বাদি খাইয়া তৎপরিবর্ত্তে ঐ অঙ্গুরীয়টি দিয়া বলিয়াছেন—'পশ্চাগন্তী রাজাকে ইহা প্রত্যর্পণ করিয়া দধিত্বাদির মূল্য

লইবে।' রাজা অঙ্গুরীয় দেখিয়াই বুঝিলেন যে উহা স্বয়ং জগরাথ ও বলরামের লীলা। রাজা মাণিকাকে সংকৃত করিয়া কাঞ্চীরাজ্ঞকে যুদ্ধে পরাস্ত করিলেন এবং তদীয় মাণিকা-সিংহাসনটি সহয়া শ্রীজগলাথের সেবায় সমর্পণ করিলেন। কাঞ্চী-রাজের পূজিত গণেশকেও তিনি পুরীতে আনিলেন। এই গণেশ পুরুষোত্তমদেবকে যুদ্ধে ব্যতিবাস্ত এইজন্ত করিয়াছিলেন. তিনি 'ভণ্ডগণেশ' নামে খ্যাত অক্সাপি তিনি 'ভণ্ডগণেশ' 'কাঞ্চীগণেশ'-নামে কুর্মবেড়ের মধ্যে পশ্চিমদারের সংলগ্ন মন্দিরে বিরাজ-মান। তিনি রাজকুমারী পদ্মাবতীকে জগন্নাথের ইচ্ছায় বিবাহ করিলেন। শ্রীমন্দিরের জগন্মোহনের প্রাচীর গাত্রে এই ঘটনাবসীর চিত্রাবলি দেখা যায়। তাহাতে বীরবেশে অশ্বারোহী কাঞ্চী-যাত্রী শ্রীজগরাথ-বলরামও অঙ্কিত আছেন। প্রতাপ-ক্রদ্রের অনন্তবর্মন্-অমুশাসন হইতে জানা যায় যে তাঁহার পিতা কর্ণাট-**(मर्) त त्राक्यांनी विकानगत या** বিজয়নগর আক্রমণ করত নুসিংহকে পরাজিত করেন। বিগ্রানগর হইতে তিনি শ্রীসাক্ষিগোপাল বিগ্ৰহকে আনিয়া কটকে স্থাপন করেন। পুরুষোত্তমদেব খ্রীমন্দিরের 'ভোগ-মণ্ডপ' নিৰ্মাণ করাইয়াছেন বলিয়া মাদলাপাঞ্জীতে লিখিত আছে। . ইনি অপ্রাক্ত-সাহিত্য-রসিক ও ছিলেন। তৎকৃত সাতটি পত্ত শ্ৰীপাদ শ্ৰীৰূপ প্ৰত্ন পত্তাবলীতে (84, 364, 363, 220, 22),

২২৪ ও ২৯৩) সমাহরণ করিয়াছেন। 'বেণীসংহার'-নাটকের প্রসিদ্ধ অবলম্বনে ইনি অভিনববেণী-সংহরণ নামে অঞ সংস্কৃত নাটক রচনা করেন। 'অভিনব গীতগোবিন্দ'ও नाकि देशत तहना। Vide Report (1895-1900) p. 18 by Mm. H. P. Sastri] তন্ত্রচিত মুক্তিচিন্তামণি আছে। (পাটবাড়ী পুঁথি স্ব ১৪৭) **পুরুষোত্রম নাগর—**—পূর্বলীলায় দামগোপাল। * কেহ কেহ বলেন নাগর উঁহার উপাধি এবং কেহ 'কেহ ৰলেন নাগর দেশে উহার পূর্ব নিবাদ ছিল। প্রেমোন্মন্ত অবস্থায় ইনি সর্পবিষ ভক্ষণ করিয়াছিলেন. তাহাতে কোনই অনিষ্ঠ হয় নাই।

২ ঈশান নাগরের জে) গুজ, পূর্বতীরে ঢাকা জেলায় তেওথা ঝাঁকপাল গ্রামে বাস এই গ্রামের দক্ষিণ-করিতেন। পশ্চিম প্রাস্তে লিহানপুর গ্রামের নীচে হুড়াসাগর। উত্তর দিক হইতে বাইশ কোদালিয়াও পশ্চিম হইতে পদা আদিয়া এই হুড়াদাগরে মিলিত हरेशाहि। श्रुक्तरमाख्य निजा এरे স্থানে আহ্নিক করিতেন। একদিন স্নানান্তে তিনি নিবিষ্ট মনে আহ্নিক করিতেছিলেন, এমন সময় পান্সি ও বজরা নৌকার মালারা গুণ্যোজনায় উত্তর দিকে নৌকা টানিয়া লইয়া যাইতেছিল। বড় লোকের নৌকার মাঝিগণ নিরীহ বৈষ্ণব পুরুষোত্তমের প্রতি লক্ষ্য না করিয়াই নৌকা

ठानाईन. কিন্ত বৈষ্ণব-শক্তিতে যাহারা গুণ টানিতেছিল, তাহাদের পা বদ্ধ হইয়া গেল। নৌকান্থিত ভদ্রলোকের ইচ্ছায় বৈষ্ণবের 'জন্তরা' দেখিবার জন্ম মাঝিরা একখানা তিন হাত দীর্ঘ ও আড়াই হাত এস্থ বিশাল পাথর ধরাধরি করিয়া জলে ष्टाष्टिया निया विनन- cमिथ देवस्वत्वत ইচ্ছায় এই পাথর জলে ভাসে কিনা ? পুক্ষোত্তম তাহা দেখিয়া ভঙ্কার করিয়া উঠিলেন আর পাথরখানি ভাসিতে ভাগিতে পুরুষোত্তমের নিকট আসিতেই তিনি ভক্তিভরে পাথরখানিকে স্পর্শ ও প্রণাম করিয়া মস্তবে ধরিয়া একাকী বাড়ী লইয়া আসিদেন। উহাকে নিজ-প্রতিষ্ঠিত জগরাথের সিংহাসনের এক পার্শ্বে পূজাদি রাখিয়া সেবা লাগিলেন। প্রবাদ আছে যে তাঁহার পরে ঐ পাথরখানা সরিকী বিভাগ জন্ম করাতহারা চিরিতে যাইয়া দেখা গেল যে তাহাতে রক্তোদগম তখন বিভাগে ক্ষাস্ত হইতেছে। হইয়া সরিকদারগণ কেহ শ্রীজগরাথ পাইলেন. কেহ বা ঐ পাধর ও শ্রীবিগ্রহাদি পাইলেন। বামন্দী গ্রামে ঐ পাথর এখনও দেবিত হইতেছে।

থেকত প্রকাশের ভূমিকা]
পুরুষোত্তম পণ্ডিত—শ্রীনিত্যানন্দশাখা। শ্রীধাম নবদীপে বাস।
নবদীপে পুরুষোত্তম পণ্ডিত
মহাশয়। নিত্যানন্দ-নামে যাঁর
মহোন্মাদ হয়॥
(চৈ° চ° আদি ১১।৩০)

প্রিত পুরুষোন্তমের নর্দ্বীপে

জন। নিত্যানশ স্বরূপের মহাভৃত্য
মর্ম॥ (হৈ ভা ° অস্তা ৫।৭৩৭)
২ শ্রীঅহৈত-শাখা।
প্রুষোত্তম পণ্ডিত আর রঘুনাথ।
(হৈ ° চ ° আদি ১২।৬৩)
প্রুষোত্তম পণ্ডিত বন্দো বিলাসী
স্বজন। প্রভু বারে দিলা আচার্য
গোসাঞ্জির স্থান॥ [বৈফ্ ব-বন্দনা]
প্রুষ্ধোত্তম পুরী—শ্রীগোরভক্ত।
(বৈফ ব-বন্দনা)
প্রুষ্ধোত্তম প্রেজানী—শ্রীঅহৈত-শাখা।

বন্ধচারী

কৃষ্ণদাস। (ৈচ° চ° আদি ১২।৬২)
কুপা কর পুরুষোত্তম ব্রন্ধচারী।
করিম কুক্রিয়া বহু. কহিতে না
পারি॥ [নামা ২৪৪]
পুরুষোত্তম মিশ্রা—প্রেমদাস সিদ্ধান্ত
বাগীশের নামান্তর। শ্রীবৃন্ধাবনে
শ্রীগোবিন্দের পূজারি। (প্রেমদাস
সিদ্ধান্তবাগীশ দুইব্য)।
পুরুষোত্তম শর্মা—সদাশিব-তন্ত্রব,
রন্তা-গর্ভাসমুভূত,খলিকালী-নিবাসভূঃ,
শ্রীনিত্যানন্দ-শিষ্য। শ্রীহরিভক্তি-

পুরুষোত্তম

পুরুষোত্তম দাসও হইতে পারে।
পুরুষোত্তমাচার্য—গ্রীম্বরূপ দামোদরের পূর্বাশ্রমের নাম।

সঙ্গলম্বিতা।

ত**ত্তসারসংগ্রহ'**-গ্রন্থের

[ৈচ° ভা° অস্তা ১০। ৫২]
পুষ্প গোপাল—শ্রীগদাধর পণ্ডিতের
শাখা। ইনি ঢ়াকায় স্বর্ণগ্রামবাসী
ছিলেন।

. শ্রীহরি আচার্য,সাদিপুরিয়া গোপাল। রুঞ্চদাস ব্রহ্মচারী পুশুগোপাল॥

> [চৈ° চ° আদি ১২৷৮৪] ওহে পুষ্প গোপাল! দেখাহ

^{*} নাগর পুরুষোত্তম থেঁছো পূর্বে একে দাস। (ভক্তমাল ৩)

মোরে তারে। যে বিষ্ণুখটায় বৈগে শ্রীবাসের ঘরে॥ [নামা ১২৬] পুষ্পগোপাল-নামানং বন্দে প্রেম-বিলাসিনম্। স্বরসৈঃ পুষ্পিতঃ স্বর্ণ-গ্রামকো নামধেয়তঃ॥

[শ1° नि° 8¢]

পূজারী গোঁসাই—শ্রীগীতগোবিন্দের টীকাকার; 'চৈতভা দাস' দ্রপ্টব্য। (প্রেম ২৪) অক্তম প্রতা ৷ প্রকাশানন্দ-- ঐচৈতক্তরিতামূতোক্ত ঢাকার কাষ্ঠকাটা গ্রামের ঠাকুর জগন্নাথ আচার্যের পিতৃব্য। ইনি যজুর্বেদীয় কাগুপগোত্রীয় দক্ষ মহর্ষির মাদশ অধস্তন এবং রত্নাকর মিশ্রের কনিষ্ঠ পুত্র। ঠাকুর জগন্নাথকে ইনিই লালন পালন করিতেন। পূর্বপুরুষামুক্রমে একটি দামোদর শালগ্রাম সেবা করিয়া ইনি কার্গ্নটা গ্রামে ঘাসীপুকুরের তীরে সামান্ত কোঁপড়ায় বাদ করিতেন। ঠাকুর জগরাথ যথন মহাপ্রভুর প্রত্যাদেশে শান্তিপুরের দিকে ধাবিত হইতে-ছিলেন, ইনিও পশ্চাদমুসরণক্রমে আসিয়া তুই একদিন পরে শান্তিপুরে সপরিকর শ্রীগোরাঙ্গের দর্শন লাভ করেন। প্রীগোরাক্সের ইঙ্গিতে শ্ৰীঅধৈতপ্ৰভু ইহাকে এক ফের কামবীজে দীক্ষিত করেন। তিনি কামবীজের ল-কারের পরিবর্তে র-কার শুনিয়া তাহাই নিরন্তর জপ করিতে করিতে শ্রামাপ্সন্ধরীর দর্শন পাইতে লাগিলেন। এভামত্মরের ধাান করিতে করিতে কেন শ্রামার দর্শন হইতেছে বুঝিতে না পারিয়া ইনি শ্রীঅধৈতপ্রভুকে কারণ

জিজাসা করিলেন। প্রীঅদ্বৈত প্রভুর আদেশে ইনি বটপত্তে নিজের ইইমন্ত্র লিখিয়া তাঁহাকে দেখাইলেন। তখন প্রভু বলিলেন—'তুমি এখনও শক্তি-মন্তে গিদ্ধ হও নাই, কাজেই দেশে গিয়া এই মস্ত্রেই তুমি মহামায়ার আরাধনা করিতে থাক, তাহাতেই অভিলয়িত বস্তু পাইবে'। কিয়দিন পরে শ্রীপ্রভুর আক্তায় ঠাকুর জগন্নাথ-সহ ইনি দেশে গিয়া দামোদরকে না দেখিয়া ঘাসীপুরুরের তীরে হত্যা দিয়া আদেশ পান যে তখন হইতে পাঁচ পুরুষ পরে আবার দামোদর তদীয় বংশের দেবা অঞ্চীকার করিবেন। এই স্থদীর্ঘকাল যাবৎ **मारमाम्ब अभीय मूगलमारमंद्र गृरह** শিলাপুত্রের কার্যে ব্যবস্থত হইয়া অক্ষয় অবায় দেচে বিরাজমান থাকিয়া আবার স্বপ্নাদেশ দিয়া ঐ বংশের সেবা অঙ্গীকার করিয়াছেন। ইঁহার বংশ-ধরেরা এখনও শান্তিপুরের চাকুফেরা গোস্বামিদের নিকট শক্তিমন্ত্রে দীক্ষিত হইয়া অভাবধি আডিয়াল গ্রামে দামোদরের সেবা করিতেছেন। প্রকাশানন্দের বংশ-প্রকাশানন্দ, (১) রামজীংন ও রামগোপাল, (২) রামকেশব ও রামবল্লভ, (৩) রাম-গোবিন্দ, (৪) ভবানীচরণ, (৫) রামবল্লভ, (৬) রামনরসিংহ, (৭) গোকুলচন্দ্র, (৮) রামনারায়ণ, (১) খ্যামাচরণ, (১০) ধুর্জটী ও হুরেক্ত। প্রকাশানন্দ সরস্বতী-কাশীবাসী माश्रावानी मन्नामी (देठ° छ।° मध्य ৩।৩৭-৪০)। মহাপ্রভুর কুপালাভের পূর্ববর্ত্তী জীবন (চৈচ মধ্য ১৭।১০৪-১৪৩) প্রভুর কুপালাভের পরের

कीवन (के २६1६->৬०)। (७ छ २२। ৭) 'প্রবোধানন' ক্রইব্য। প্রভাপরুদ্র দেব—গ্রীগোর-পার্ষদ। পুরুষোত্তম দেবের পুত্র, মাতা-পদাৰতী। গ্রীগদাধরের উপশাখা। প্রতাপক্ত রাজা আর ওচ্ কুফাননা (হৈ চ° আদি ১০।১৩৫) উডিয়ার স্বাধীন নরপতি। রাজা ও রাণীগণ এবং রাজপুত্র সকলেই মহাপ্রভুর পর্ম ভক্ত ছিলেন। মহাপ্রভুর রথাতো নর্ত্র-সময়ে— রাজা আসি' দুরে দেখে নিজগণ লঞা। রাজপত্নীগণ দেখে অট্টালি [চৈ চ অন্তা ১০।৫০] চডিয়া ৷৷ ইঁহার এক পুত্রের

প্রতাপরুদ্রের এক আছ্যে নিয়ম।

যতদিন রহে তিঁহো প্রীপুরুষোত্তমে ॥

নিত্য আসি করেন মিশ্রের পাদসম্বাহন। জগন্নাথের সেবার করে

তিয়ান-শ্রবণ॥

(ৈচ° চ° অন্ত্য ৯।৮১—৮২)

. ব্রাহ্মণ্যধর্ম ও বৈষ্ণবধর্মের পরিপোষক, প্রীরামানন্দ-কাশীমিশ্র-সার্বভৌমভট্টাচার্য প্রভৃতির পরমপ্রিয়
গলপতি রাজা প্রভাপক্ষদ্রদেবের

পরিচয় বহু বৈষ্ণব-গ্রন্থে লিপিবদ্ধ হইয়াছে। (১) শ্রীজগরাথবন্নভ নাটক (১)৫-৭) তাঁহার অতুলনীয় দোর্দণ্ড-প্রতাপ, শোর্যবীর্য, উদারতা অথচ বৈষ্ণবভার পরিচয় দিভেছে। এই নাটকের প্রথায় প্রত্যেক গীতিকার ভণিতায় প্রতাপক্ষের নাম কবি উল্লেখ করিয়াছেন এবং ইহাতেই অমুনিত হয় যে রাজা পরম বিভোৎ-সাহী ছিলেন। এপ্রতাপরুদ্রের প্রতি প্রীগোরাফের রূপাপ্রসঙ্গ প্রায় প্রতি চরিতগ্রম্থেই অল্পবিস্তর বর্ণিত আছে। ত্রীচৈতগুচন্দোদয় নাটকেও (প্রথমাঙ্কে) তাঁহার শৌর্যবীর্যের কথা, (৭-১০ অক্ষে) বিবিধ প্রসঙ্গ, মহাকাব্যে (১৫।৯৫—৬) শ্রীজগন্নাথের স্থবর্ণ-মার্জনী ধারণপূর্বক সেবার কথা এবং গৌরগণোদ্ধেশ (১১৮), শ্রীমুরারিশুপ্ত কড়চায় (১١১৬), শ্রীচৈতমভাগবত, চৈতম চরিতাত্ত প্রভৃতিতে ইংগার প্রদক্ষ দ্রাইবা। গৌড়ীয়ে (২৪।২৫০ পুঃ) গজপতি এপ্রতাপরুদ্রদেব-শীর্ষক প্রবন্ধে বর্ণিত আছে যে প্রতাপপুর নামক গ্রামে শ্ৰীকৃষ্ণচৈতক্স, শ্ৰীজগন্নাথ ও দ্বিৰাহন বিগ্ৰহ অধিষ্ঠিত আছেন। ক্থিত আছে যে এটিচডক্তদেৰ প্ৰীবৃদ্ধাৰন করিবেন শুনিয়া রাজা ভাৰী বিরহে ব্যাকুল প্রভাপক্রদ্র হইয়া একটি দারুময়ী প্রীচৈতন্ত্র-মুর্তি প্রকট করিয়াছিলেন এবং নির্যাণ-কিছুদিন পূর্বে ৫৪ জন পাণ্ডার উপর সেবাভার সমর্পণ ও তজ্জ্য ভূসম্পত্তি দান করিয়াছেন। পুরী রাজপ্রাসাদের মধ্যে অন্তান্ত মৃতির মহিত ঐঐিগোরনিত্যানন্দ ও

প্রতাপরুদ্র দেব

গ্রীগোরগদাধর মৃতি বিরাজমান— ইঁহাদের ভোগরাগের প্রচুরতর ব্যবস্থা তিনি করিয়াছিলেন। তদীয় গ্রন্থাবলী—(১) শ্রীসরস্বতীবিলাস, (২) প্রতাপ-মার্ত্তর বা প্রোচ্প্রতাপ-মার্ত্তও, (৩) নির্ণয়সংগ্রহ. (৪) কৌতৃকচিন্তামণি ও (৫) বাংলা পদ। (১) সরস্বতীবিলাস স্বৃতিগ্রন্থ—তদীয় অমুগ্রহ-প্রার্থী লোল-লক্ষীধর নামক সভাপণ্ডিত-কন্ত্রকি রচিত এবং রাজা প্রতাপরুদ্রে আরোপিত হইয়াছে বলিয়া গবেষকদিগের মত। (২) প্রতাপমার্কণ্ডও অন্ত সভাপ্তিত শ্রীরামক্ষ-কর্ত্ব রচিত হইয়া রাজা প্রতাপরুদ্রে আরোপিত স্মৃতিনিবন্ধ। (৪) কৌতুকচিন্তামণি—'চিত্ৰবন্ধ', 'প্রহেলিকা' প্রভৃতি কাব্যরচনা-বিষয়ক, কামণাস্ত্ৰ-বিষয়ক ও ইন্দ্ৰ-জালবিত্যা-বিষয়ক ইহার গ্ৰন্থ ! তিন্টী দীপ্তি (অধ্যায়) আছে ৷ Poona Bhandarkar Research Instituteএ ছুই খানা এবং বিকানীর রাজ-গ্রন্থাগারে পুঁথি একথানা আছে। (৫) বাংলাপদটি বন্ধীয়-গাহিত্য-পরিষদের ১৯২নং পুঁথিতে দেখা যাইতেছে। ইহা তাঁহারই রচিত কিনা এ বিষয়ে সন্দেহ আছে —তথাপি হন্দর বলিয়া এন্থানে উদ্ধৃত হইতেছে। শ্রীরাধার প্রতি উক্তি (পদের কিয়দংশ)—

আভরণ-মাঝে হ'ব ছখানি নৃপুর।
.....নথচন্দ্রে চকোর, পদকমলে
ন্থার। ওরূপে মুকুর হব নিরাগে
চামর॥ আর এক সাধ আমি
করিয়াছি মনে। অতি ক্ষীণ রেণু

হঞা থাকিব চরণে॥ রেণু হৈতে
না পাই যদি মনে অহমানি।
প্রতাপরুদ্রে রূপা করহ আপনি॥
রাজানং শ্রীযুতং রুদ্রং প্রতাপাছং
অবিশ্রুত্য, বন্দে গদাধরযুতো গৌরো
যেন অসেবিতঃ॥ [শা° নি° ৫৩]
অন্তান্ত প্রসঙ্গ (ভক্ত ২১।৫) দুইবা।
প্রস্তান্ত ব্যানী—শ্রীচৈতন্ত্য-শাখা।
শ্রীমন্ মহাপ্রভু-দত্ত নাম—
নুসিংহানক।

শ্রীনুসিংহ-উপাসক প্রাত্তায় ব্রহ্মচারী। প্রভু যার নাম কৈলা নুসিংহানক [নুসিংছানক করি'॥ দ্ৰষ্টব্য] (रेठ° ठ° जामि ३०।७६) মিশ্র—গ্রীচৈত্য-শাখা, প্রসাম শ্রীষ্ট্রবাসী, পরে উড়িছাপ্রবাসী। কাশীমিশ্ৰ. প্রছায় মিশ্র. ভবানন। (চৈ° চ° আদি ১০৷২৩৫) হইতে মহাপ্রভু দক্ষিণদেশ পুরীধামে করিলে প্রত্যাবর্ত্তন গর্বভোম ভট্টাচার্য প্রভুকে পুরীবাসী ভক্তগণের পরিচয়-প্রসঙ্গে বলিলেন— 'প্রত্যায় মিশ্র ইছো বৈষ্ণব-প্রধান॥'

(চৈ° ১° মধ্য ১০।৪৩)

প্রতিত্ব আজার ইনি রায় রামা-

নন্দের নিকট ক্লফ-কথা শুনিয়া-

ছিলেন। (চৈ চ অস্তা ৫।৪—৬৭)।

২—শ্রীমন্ মহাপ্রভুর জ্ঞাতি ও

লাতৃপুত্র। (মতান্তরে খুল্লভাতপুত্র)

—শ্রীকৃষ্ণচৈতন্তোদয়াবলী গ্রভের
রচয়িতা। ইনি শ্রীহট্ট জিলায়
বুক্লাবাসী কীর্তিমিশ্রের বংশজাত।
প্রবোধানন্দ সরস্বতী—শ্রীগোপাল
ভট্ট গোলামিপাদের পিক্তব্য.

গ্রীলক্ষ্মীনারায়ণের উপাসক—গ্রীগৌর-

কুপায় প্রীরাধাক্ষণরে মন্ত হইলেন

[७क्कि)। ५५- ५८]। পूर्वनीनाम তুঙ্গবিষ্ঠা (গো° গ° ১৬৩)। ইঁহার গ্রন্থাবলি—(১) গ্রীবৃন্দাবন-মহিমামৃত, (২) শ্রীরাধারসম্মানিধি, (৩) শ্রীচৈতভাচন্দ্রামৃত, (৪) সঙ্গীতমাধব, (৫) আশ্চর্যরাসপ্রবন্ধ; (৬) শ্রুতি ন্ততি-ব্যাখ্যা, (৭) কামবীজ-কাম-গায়ত্রী-ব্যাখ্যান, (৮) গীতগোবিশ-ব্যাখ্যান এবং (১) প্রীগৌরস্থধাকর-চিত্ৰাষ্টক প্ৰভৃতি (পাটবাড়ী পুঁথি স্ত 85, 86, 98) | Mr. Growse তদীয় 'Mathura' প্তকে দ্বিতীয় গ্রন্থানিকে শ্রীহরিবংশ-রচিত বলিয়া উল্লেখ করিয়াছেন। জয়পুর শ্রীগোবিন্দ গ্রন্থানা পুঁথি আছে, একখানায় অভিরিক্ত হুইটি (আগো-পান্তে) শ্লোক বেশী এবং তাহা মহাপ্রভু-বিষয়ক। অন্তটিতে শ্রীহরি-বংশনামান্ধিত। আমরা এই গ্রন্থ-পঞ্চকের ভাবভাষাদি ও শ্রীপ্রবোধা-নন্দের সিদ্ধদেহগত (স্থীদেহের) স্বভাব--দিক্ষিণা প্রথরা, মাননির্বন্ধা-

বাহিক প্রমাণাভাবেও আভ্যস্তরীণ প্রমাণই বলবতর হইয়া থাকে। হিন্দী ভজ্তমালে—(টীকা কবিত্ত ৮৭৬ পৃষ্ঠা)

সহা, নায়কভেগা] প্রভৃতির দিকে

দৃষ্টিনিবদ্ধ করত ইহাকেও শ্রীপ্রবোধা-

নন্দে বিগ্রস্ত করিলাম। অনেক স্থলে

শীপ্রবোধানন্দ বড়ে রসিক আনন্দকল, শীতিচতগুচলাজুকে পার্যদ
প্যারে হৈঁ॥ রাধাক্ষণ কুঞ্জকেলি,
নিপট নবেলি কহি, ঝেলি রসরূপ.
দোউ কিয়ে দৃগ তারে হৈঁ॥ বৃন্দাবন
বাসকো হুলাসলে প্রকাশ কিয়ো,
দিয়ো স্থপসন্ধ কর্ম ধর্ম সব টারে

হৈঁ। তাহী স্থনি স্থনি কোটি কোটি জন রঙ্গ পায়ো, বিপিন স্থহায়ো বঙ্গে তন মন ওয়ারে হৈঁ॥ ৬১২

২ মতান্তরে প্রকাশান্দেরই
বৈষ্ণৰ নাম হয়—প্রবোধানন্দ এবং
তিনিই উপর্যুক্ত গ্রন্থ-পঞ্চকের
রচয়িতা। মায়াবাদের প্রতি তিক্ততা-বোধ, গ্রন্থমধ্য ভূমশং মহং ব্রহ্ম,
জ্যোতিঃ-প্রভৃতি শন্দের উল্লেখ এবং
স্থানিধির অন্তিমশ্লোকস্থ'মায়াবাদার্কতাপসন্তপ্ত' কথা দারা ইনি যে পূর্বে
মায়াবানী সয়্যাসী ছিলেন, তাহা
বুঝা যায়। ১৬৪০ শকান্দে বিজ্ঞমান
আনন্দি-কৃত প্রীচৈতভাচন্দ্রামতের

প্রভুচন্দ্র গোপাল—শ্রীমন্নিত্যানন্দ প্রভুর শিষ্য, ইনি শ্রীরামরায়ের অমুজ। শ্রীরামরায়ক্কত ব্রহ্মস্তার্তির (গৌরবিনোদিনীর) উপর ইনি ভাষ্য রচনা ক্রিয়াছেন, নাম— 'শ্রীরাধামাধ্ব ভাষ্য'। ইহাতে শ্রীমন্ মহাপ্রভু প্রবৃত্তিত অচিস্তা-

উপক্রমশ্লোকেও

সিদ্ধান্তের্ই পোষণ করিতেছে।

পঞ্চদশ-শকশতান্দীর রচনা। ইহার
অন্ত রচনা—ব্রজভাষার 'মহাবাণী',
প্রথম সেবাস্থধার বহু পদ দেখা যায়।
অন্তান্ত স্থধান্তলি এখনও পাওয়া যার
নাই। এই পদাবলীতে শ্রীগোরকে
শ্রীরাধাকৃষ্ণ হইতে অভিন্নভাবে
ধরিয়া কবি বিবিধ্যামের চিত্র অন্ধ্রিড

ভেদাভেদ-বাদই সমর্থিত হইয়াছে।

প্রভুরাম দত্ত—শ্রীনরোতম ঠাকুরের শিব্য। 'প্রভু রামদত-শাখা আর শীতল রায়। জয় প্রভুরাম দত্ত পরম

করিয়াছেন।

স্থার। নিরস্কর যাঁর নেতে বছে প্রেম-নীর'॥ (নরো>২)

প্রসাদ দাস-- শ্রীষ্ঠামানন্দ প্রস্থর শিষ্য। 'রসিক-মঙ্গল' প্রস্থে ইহার নাম পাওয়া যায়।

২ (প্রকাশ দাস) উপ'বি—
বিশ্বাস। প্রীনিবাস আচার্য প্রভুর
শিষ্য। পিতার নাম—কমলাকর
দাস। প্রতার নাম—জানকীরাম
দাস। বাঁকুড়া জেলার বনবিষ্ণুপ্র
রাজ্যে ইহাদের বাস ছিল। পূর্বে
ইহাদের 'মজ্মদার' উপাধি ছিল।
শ্রীনিবাসপ্রভু ইহাদিগকে 'বিশ্বাস'
উপাধি প্রদান করেন।
তাঁহার অহজ প্রসাদ দাসে কপা
কৈলা। প্রভু-কপা পাইয়া দোহে
মহামৃত হৈলা॥ পূর্বে ইহাদের ছিল
'মজ্মদার' খ্যাতি। প্রভুদত্ত এবে
হইল 'বিশ্বাস'-প্রেয়াতি॥ (কর্ণা ১)

ত গুরুপ্রসাদ সেন' দ্রেষ্টব্য।
প্রসাদদাস বৈরাগী—শ্রীনরোত্তম
ঠাকুরের শিষা।
প্রসাদদাস বৈরাগী-শাখা সেবার
অম্বক্ত। (প্রেম ২০)

জয় শ্রীপ্রসাদ দাস বৈরাগী-প্রধান।

(নরো ১২)
প্রহররাজ মহাপাত্র—উৎকলবাসী,
সার্বভৌম ভট্টাচার্ঘ মহাপ্রভুর নিকটে
ইহার পত্নিচয় করাইয়াছেন [ৈচ°
চ°মগ্য ১০।৪৬]। উৎকলে রাজগণের মধ্যে এই নিয়ম প্রচলিত
ভাছে যে মৃত রাজার মৃত্যু ও
অস্থ্যেষ্টিকাল হইতে পরবর্তী

অভিষেকের পূর্ব পর্যস্ত এক প্রহর কাল রাজকুল-পুরোহিতবংশের এক-

উত্তরাধিকারীর সিংহাসনারোহণ বা

জন সিংহাসনে আরোহণ করিয়া কুপের ব রাজদণ্ড ধারণ করিবেন, যাহাতে স্থাপন রাজসিংহাসন শৃ্সাবস্থার পতিত না বিগ্রহ প্র থাকে। ঐ পুরোহিতগণই পশ্চিম-প্রা বংশামুক্রমে 'প্রহররাজ' নামে ছিলেন

বংশামুক্রমে 'প্রহররাজ' নামে প্রাসিদ্ধ।
প্রাণকিশোর গোস্বামী—শ্রীনিত্যানন্দ-বংশু; ভক্তচরিত্র, সন্ধানীর
সাধুসঙ্গ, জ্ঞানেশ্বরী গীতা (অমুবাদ)
প্রভৃতি গ্রন্থের উৎরুপ্ত লিখক ও
ভক্তিশাস্ত-ব্যাখ্যাতা।

প্রাণগোপাল গোস্বামী—গ্রীনিত্যা নন্দ-বংগা। অমুপম ভক্তিশাস্ত্র-ব্যাখ্যাতা, ইনি শিষ্যগণ-সাহায্যে

প্রেমদম্ট, শ্রীক্ষসন্দর্ভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতি-সন্দর্ভের অমুবাদ করাইয়া প্রকাশ করেন। সাময়িক বৈঞ্ব-

পত্রিকার সম্পাদকও ছিলেন।

প্রাণবল্পত (পরাণ) দাস—
গ্রীনিবাসাচার্য প্রভুর শিষ্য ব্যাসাচার্যের অরবায়ী। ইনি 'রসমাধুরী'নামক স্লব্হৎ ব্রজলীলা কাব্য রচনা
করেন (১৭০০ শক)।
প্রিয়ক্তর—উদ্ধারণ দক্ত ঠাকবের প্রক্

প্রিয়ক্ষর—উদ্ধারণ দত্ত ঠাকুরের পুত্র শ্রীনিবাসের নামান্তর।

প্রিয়াদাসজি—কবিরাজ মনোহর শিষা দাসের ভক্তমালের 'ভক্তিরসবোধিনী' নামে টীকাকার। ১৬৩৫ भकारकत शूर्व ७ शहत हैनि 'অনক্সমোদিনী'. 'চাহবেলী'. 'রসিকমোহিনী'. 'ভক্তস্থমিরণী' প্রভৃতি গ্রন্থমালা রচনা করিয়াছেন। প্রেমদাস—শ্রীঞ্জীবগোস্বামিপাদের বিরক্ত শিষা বলিয়া কথিত। ইনি **শ্রীজীবপ্রতু**র অক্তর্ধানের পরে

একেত্রে

শ্রীগোরামিপাদের

কৃপের নিকটে বটবৃক্ষতলে ছত্র স্থাপন করিয়া শ্রীরাধাদামোদর-

বিগ্রহ প্রকাশ করেন। ইনি উত্তর-পশ্চিম-প্রদেশবাসী ও অতিবিরক্ত ছিলেন বলিয়া নীলাচলবাসিরা তাঁহাকে 'নাগা' বলিতেন। এইজস্ত

তাঁহার স্থাপিত গ্রীরাধাদামোদরমঠকেও লোকে 'নাগামঠ' বলে।
২ গ্রীনিবাস আচার্যের শিষ্য।
ভাতার নাম—রসিক দাস।

সংহাদর। বৈঞ্ব-সেবাতে দোঁহে বড়ই তৎপর॥ (কণা ১) **প্রেমদাস সিদ্ধা তবাগীশ**—কাশুপ

প্রেমদাস.

গোত্ত।

রসিক দাস-ছই

আদি-নাম-পুরুষোত্তম

মিশ্র। শ্রীধাম নবদীপে গোকুলনগর
বা কুলিয়াতে গঙ্গাদাস মিশ্রের
ঔরসে ইঁহার জন্ম হয়। ইঁহার বৃদ্ধ
প্রপিতামহ—মুকুন্দানন্দ শ্রীচৈত্ত্যদেবের সমসাময়িক। প্রেম্দাসের

চারি সংহাদর ছিল। পূর্বেই ছুই জন স্বধামে গমন করেন। অবশিষ্ট ছুই জনের নাম-গোবিন্দরাম ও রাধাচরণ। প্রেমদাস ১৬শ বর্ষ বয়ঃক্রমকালে

বৈরাগ্য অবলম্বন করত নানাতীর্থ পর্যটন করিয়া শ্রীধাম বৃন্ধাবনে গমন করেন এবং শ্রীশ্রীগোবিন্দদেবের পূজারী হন। কাহারও মতে তিনি গোবিন্দদেবের জন্ম ভোগরন্ধন করিতেন। বর্ত্তমানে স্পকারের বৃত্তি ম্বণ্য হইলেও তখন শ্রীবিগ্রহের ভোগ-রন্ধন অতীব পবিত্র ভাবাপন্ন ব্যক্তি ভিন্ন অন্তকে প্রদান করা হইত না। প্রেমদাস সংস্কৃত ভাষান্ন পণ্ডিত

ছিলেন। ১৬৩৪ সালে তিনি কবি-

'শ্রীচৈতহাচক্রোদয়

কর্ণপুরক্বত

নাটকের' বাংলায় প্রামুবাদ করেন এবং 'বংশীশিক্ষা' নামক গ্রন্থ রচনা কেহ (কহ বলেন--প্রেমদাস ও প্রেমানন্দ দাস একই ব্যক্তি। এছত স্থপ্রসিদ্ধ 'মনঃশিক্ষা' रे नि রচয়িতা নামক গ্রস্থেরও বলিয়া অনেকে অনুমান করেন। তাঁহার জ্যেষ্ঠভ্রাতা তাঁহাকে বুন্দাবন হইতে দেশে ফিরাইয়া আনেন। পাইয়া তদবধি স্থাদেশ শ্রীগোরলীলা বর্ণনা করিতে থাকেন।

প্রেমেশ্বর

বাহ্নঘোষের স্থায় তাঁহার লীলাবর্ণনা
ও ঠাকুর মহাশয়ের স্থায় তাঁহার
প্রার্থনা দেখিয়া তাঁহার কবিশ্বের
যথেষ্ট পরিচয় পাওয়া যায়।
বংশীশিক্ষায় তিনি শ্রীপাট বাঘ্নাপাড়ার ইতিবৃত্ত কবিতাকারে
লিপিবদ্ধ করিয়াছেন।

ও্রেমনিধি—'পৃগুরীক বিভানিধি' দেখুন। **প্রেমাস্ক্র দাস**—শীরসিকাদক প্রভূর শিখা।

প্রেম-অঙ্কুর দাস রসিকের ভৃত্য।
কদম ফুটাল যার ভৃত্য তদ্ভৃত্য।
[র°ম° পশ্চিম ১৪।৮৯]

ত্রোমানন্দ—শ্রীনিত্যানন্দ প্রভুর অন্ততম লাতা। (প্রেম ২৪) প্রেমী কৃষ্ণদাস—শ্রীভূগর্ভ গোম্বামি-গাদের শিব্য।

প্রেমী রুঞ্চাস! সমর্পহ তার
পাষ। যে রাধিকা-প্রেমে তাসি
জগৎ তাসায়॥[নামা ১৬০] 'রুঞ্চাস প্রেমী' এইবা।
ক্রেমীশ রুশ্বন-শ্রীচৈত্ততামূচর (१)

প্রেমেশ্বর বন্দো চৈতন্তের অফ্চর। [র ° ম° পূর্ব ১।৩২]

ফ, ব

ফাগু চৌধুরী—শ্রীনরোত্তম ঠাকুরের িশিষ্য ।

ক্লফসিংহ, বিনোদ রায়, ফাগু टोधुती। गःकीर्खान नाट वारहा বলি হরি হরি ॥ (প্রেম ২০) জয় ফাগু চৌধুরী পরম বিভাবান্। গদ্ধর মানবে ধকা শুনি যাঁর গান॥ (নরো ১২)

ফুল ঠাকুরঝি, ফুল ঠাকুরাণী— 'ফুলরী' ও 'ফুলঝি ঠাকুরাণী' নামেও খ্যাত। শ্রীনিবাস প্রভুর শিষ্যা। পিতার নাম—কুমুদ চট্ট। ভগ্নীর নাম—মালতী দেবী। কাঞ্চন-গডিয়াতে নিবাস ছিল। ইঁহার তিনিও স্থামির নাম-রাজেন। শ্রীনিবাস প্রভুর শিষ্য।

তার কলা প্রীফুল্লঝি নাম ঠাকুরাণী। তাহারে করিলা দয়া প্রভু গুণমণি॥ (কর্ণা ১)

চট্ট ফুলঠাকুরাণী তাঁহার ভগিনী মালতী দেবী ছুই জনকেই বিবাহ করিয়াছিলেন। মতান্তবে ফুলঠাকুরাণীর পিতার নাম ---কলানিধি চট্ট।

এজন্য অন্তত্ত দেখা যায়-কলানিধির ছই কলা রাজেন্দ্র-ঘরণী। শ্রীমালতী আর ফলরী (প্রেম ২০) ঠাকুরাণী ॥ ছই কন্তা চট্টরাজের ছই গুণবস্ত। স্থানিগ্ধ মুরতি হুহেঁ অতিশুদ্ধ শাস্ত। (কণা ২)

বলদেব দাস-পদক্তা। পদকল্প-

তক্র ২৮৪২ সংখ্যক পদটি ইহার

রচিত। প্রসিদ্ধ বিত্যাভূষণ কিনা বলা যায় না।

বিত্তাভূষণ—উড়িষ্যার বলদেব অস্তর্গত বালেশ্বর জেলায় রেমুণার নিকটবর্ত্তী কোন গ্রামে ইহার জন্ম অষ্টাদশ আহুমানিক খঃ শতাকীতে। চিন্ধাহ্রদের কোনও বিদ্বাহত ছলে ইনি ব্যাকরণ,অলঙ্কার ও স্থায়শান্ত অধ্যয়ন করত বেদ অধ্যয়নার্থ মহীশুরে গমন করেন। এই সময়ে তিনি মাধ্ব-সম্প্রদায়ের শিষাত্ব স্বীকার করত তৎসম্প্রদায়ী হন। পরে সন্ন্যাস গ্রহণ করত পুরুষোত্তমক্ষেত্রস্থ পণ্ডিত স্মাজকে শাস্ত্রযুদ্ধে পরাজয় করিয়া তত্ত্বাদিমঠে অবস্থান কিছুদিন পরে জ্রীরসিকানন্দ প্রভুর প্রশিষ্য কান্তকুজবাসী প্রীরাধাদামো-দরের নিকটে ষ্টসন্ধর্ভ অধ্যয়ন করত গোড়ীয় বৈক্তবধর্মের বিগাঢ মর্মে আরুষ্ট হইয়া শ্রীরাধাদামোদরের শিষ্য হন। পীতাম্বরদাসের নিক্ট ভক্তিশান্ত এবং শ্রীবিশ্বনাথচক্রবন্তি-পাদের নিকট শ্রীমদভাগবত অধ্যয়ন করিয়াছিলেন বলিয়া ভনা যায়। বিরক্ত বৈঞ্চববেশ গ্রহণ করিয়া বলদেব 'একান্তি-গোবিন্দদাস-নামে'ও শ্রীবৃন্দা-হইয়াছিলেন। বনের শ্রীশ্রামস্থব্দর বিগ্রহ ইংহারই স্থাপিত। উদ্ধবদাস ও নন্দ্রিশ্র— ইঁহার ছই গ্রধান শিষ্য। ইনি গৌড়ীয়-বেদাস্তাচার্য, প্রীগোবিন্দ-ভাষ্যকার। শ্রীল বিশ্বনাথ চক্রবন্তির শেষ বয়সে

গ্রীবৃন্ধাবনে যথন থবর আসিল যে জয়পুরের মন্দিরসমূহ হইতে বাঙ্গালী সেবায়েতগণ অসম্প্রদায়ী সেবাচ্যত হইয়াছেন, তথন শ্রীবিশ্ব-নাথের আদেশে ইনি এমংক্রফদেব শার্বভৌমসহ জয়পুরে গিয়া বিচারে বিপক্ষগণকে পরাজিত করিয়া 'গলতা' নামক পাৰ্বত্য প্রদেশে গৌড়ীয়দের আসন পুন: প্রতিষ্ঠা করত 'শ্রীবিজয়-গোপাল' শ্রীবিগ্রহ স্থাপন করেন। অন্তাপি এই বিগ্রহ তত্রত্য দেবমন্দিরে বিরাজমান। এই সময় তিনি গোবিন্দের কুপাদেশে 'শ্ৰীগোবিন্দভাষা' রচনা গৌড়ীয় বৈক্ষবগণের মুখ উচ্চল করেন। গ্রন্থাবলি—ষট্সন্দর্ভের চীকা, লঘু-ভাগবতামৃতের টীকা, সিদ্ধান্তরত্ন, বেদাস্তস্তমন্তক, প্রমেয়রত্বাবলী. সিদ্ধান্তদর্পণ, শ্রামানন্দ-শতকের টীকা, নাটকচন্দ্রিকার টীকা (ফুপ্রাপ্য), गाहिতाकोगूनी, इनः को छ७, कारा-শ্রীমদভাগবতের টীকা বৈষ্ণবানন্দিনী, প্রীগোপালতাপনী ও শ্রীভগবদ্গীতার ভাষ্য, স্তবমালার টীকা, ঐশ্বৰ্যকাদদ্বিনী প্ৰভৃতি গ্ৰন্থাবলী রচনা করিয়া ইনি গৌডীয় বৈষ্ণব-শাহিত্যের প্রভূত দেবা করিয়াছেন। বল্ভ**ড**— শ্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য। মেদিনীপুর জেলায় রাজগ্রামে বাস। বলভদ্র দাস—হিজ্ঞলিমণ্ডলের অধি-কারী ও গ্রীরসিকানন্দের খণ্ডর। ইচ্ছাদেইর পিতা [র°ম° পূর্ব ১০। bb. 22] |

বলভদ্র বৈশ্ব— শ্রীরিদিকানন্দের বাল্যশিক্ষক। (র° ম° পূর্ব ৯।২৪)
বলভদে ভট্টাচার্য—শ্রীচৈতন্ত-শাখা।
বজের মধুরেক্ষণা (গ্রো° গ° ১৭১)।
বঙ্গভদ্র ভট্টাচার্য ভক্তি-অধিকারী।
মপুরা-গমনে প্রভূর বেঁহো অধিকারী॥
[চৈ° চ° আদি ১০।১৪৬]

[ৈচ° চ° আদি ২০।১৪৬]
মহাপ্রভু নীলাচল হইতে বনপথে
শ্রীবৃন্দাবন গমন করিবার মানস
করিলে, রামানন্দ রায় এবং শ্বরূপ
দামোদর বলভদ্রকে এবং তাঁছার
একজন ব্রাহ্মণ ভৃত্যকে প্রভুর সঙ্গে
পাঠাইয়াছিলেন।
শ্বরূপ কহে—এই বলভদ্র ভট্টাচার্য।

তোমাতে স্কল্পিগ্ধ বড়, পণ্ডিত, সাধু,
আর্য ॥ (১৮° ৮° মধ্য ১৭।১৫)
বলভদ্র গৌড়দেশবাসী ব্রাহ্মণ
ছিলেন এবং প্রথমে প্রভুর সহিত
পুরীতে আগমন করেন।

প্রথমেই তোমার সঙ্গে আইলা গৌড় হইতে। ইহার ইচ্ছা আছে স্বতীর্থ করিতে ॥ ইহার সঙ্গে আছে বিপ্র এক ভূত্য। ইহো পথে করিবেন স্বো ভিক্ষা ক্লত্য॥ (১৮° ৮° মধ্য ১৭/১৬—১৭)

শ্বরূপ কহিলেন—এই ভূত্য ব্রাহ্মণটি তোমার বহিবাস, কৌপীন এবং জ্ব-পাত্র বহন করিবে ও বলভদ্র ভিক্ষা করিয়া রন্ধনাদি করিয়া দিবেন। তাঁহার বচন প্রস্থু অঙ্গীকার কৈল।

বলভদ্র ভট্টাচার্যে সঙ্গে করি' নিল। (ঐ ২০)

মহাপ্রস্থ বনপথে গমন করিতে করিতে যে সকল অ্বনর দৃখ্য দর্শন করেন ও যে যে ঘটনা হয়, ভাহা জ্রীচৈতঞ্চরিতামৃতের মধ্য ১৭শ অধ্যায়ে লিখিত আছে।

মহাপ্রান্থ বৃন্ধাবনে অবস্থানের সময়ে শ্রীকৃষ্ণ প্রকট হইরাছেন বলিয়া জনরব উঠিলে বছলোক দেখিতে গেল। ঐ সময়ে বলভদ্র মহাপ্রান্থক্ত বলিলেন— ভট্টাচার্য তবে কহে প্রান্থর চরণে।

ভদ্যানাৰ তবে কৰে প্ৰস্থুর চরণো ।
'আজ্ঞা দেহ, যাই করি ক্লফ্ল-দরশনে'॥
(চৈ° চ° মধ্য ১৮।৯৯)

বলতদের বাক্য শ্রবণ করিয়। মহাপ্রস্কু তাঁহাকে এক চাপড় মারিয়া কহিলেন—

'মুর্খ-বাক্যে মুর্খ হৈলা পণ্ডিত

रहेश। कृष्ण क्लान प्रमंन पिरनन किलकाल । निष्ठ-खरम मूर्य लाक करत क्लाकारल'। (के २०२) भत्रपिन खार कर्छान खरा- लाक महाख्रपुरक प्रमंन कितर जानिया तहन्त्र क्लाक्त । लाक करह, तात्व केवर्ख नोकार प्रप्रा । कानीपरह मश्च मारत प्रपेष्ठ खानिया। पृत हैर का का पिरा क्लाका। का निरा क्लाका। का निरा क्लाका। का निरा क्लाका। का निरा क्लाका। खानिया क्लाका, मीरभ तक्लाका। खानिया केव्र क्लाका। खानिया क्लाका क्लाका क्लाका। खानिया केव्र क्लाका। खानिया केव्र क्लाका। खानिया केव्र क्लाका।

করি মানে॥ (ঐ ১০৩—১০৬)

অন্ত এক দিবস মহাপ্রতু অকুর

ঘাট হইতে যমুনাতে ঝম্প প্রদান
করিলে ক্ষণাস রাজপৃত ও বলভদ্র

তাহাকে বহু কপ্তে উত্তোলন করেন।
প্রস্থর বৃন্দাবন-দর্শনে ক্রমশঃ ভাবাধিক্য দেখিয়া বলভদ্র চিস্তিত হন।
তিনি মহাপ্রস্থকে অনেক বুঝাইয়া
বৃন্দাবন হইতে বাহির করেন ও
সোরো ক্রেল-পথে প্রয়াগধানে যাত্রা

করেন। ঐ সময় সঙ্গে বলভন্ত, তাঁহার ভূত্য, রুঞ্চাস রাজপুত ও মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ ছিলেন।

মহাপ্রভূ বৃন্দাবন হইতে পুরীতে
আগমন করিলে কিছু দিন পরে
সনাতন গোস্বামী পুরী গমন করেন
এবং বলভদ্রের নিকট প্রভুর বনপথে
বৃন্দাবন-যাত্রার বিবরণগুলি লিখিয়া
লন।

যেই বনপথে প্রভূ গেলা বৃন্দাবন। .
সেই পথে যাইতে মন কৈলা
সনাতন॥ যে পথে যে গ্রাম, নদী
শৈল যাহা যেই লীলা। বলভদ্রভট্ট
স্থানে সব লিখি নিলা॥

(হৈ ° চ ° অন্ত্য ৪।২ ° ৯—২ > ০)
বলভদে ভট্টাচার্যের ভূত্য—ইনি
মহাপ্রভুর সহিত শ্রীবৃন্দাবনে গমন
করিয়াছিলেন। কাহারও মতে
ইহার নাম—কৃষ্ণদাস। (বলভদ্র
ভট্টাচার্য দেখ)

বলরাম—শ্রীঅদৈত প্রভুর চতুর্থ পুত্র।
(চৈ° চ° আদি ১২।২৭)
১ উৎকলবাসী, মহাপ্রভুর ভক্ত।

কানাই খুঁটিয়ার দিতীয় পুত্র।
কানাই খুঁটিয়া বন্দ বিশ্ব-পরচার।
জগরাণ, বলরাম—ছুই পুত্র যার॥

(देवश्वव-वन्त्रना)

মতাস্তরে এই বলরাম ও জগরাপ কানাই খুঁটিয়ার পুত্র নহেন, তিনি শ্রীপ্রীজগরাপদেব ও শ্রীবলদেবকে পুত্ররূপে ভজনা করিতেন। ৩

প্রীশ্রামানন্দপ্রভুর অ**মুজ** (র° ম° পূর্ব ২।৩৬)। 8 শ্রীগোরীদাস

পণ্ডিতের জ্যেষ্ঠ পুত্র।

বলরাম আচার্য-সন্তগ্রামের গোবর্দ্ধন দাস ও হিরণ্যদাস মন্ত্রদারের ৰা শ্ৰীশ্ৰীরঘুনাথদাস গোস্বামির গৃছে ইনি পৌরোছিত্য করিতেন।

হিরণ্য, গোবর্দ্ধন—ছই মৃলুকের
মজ্মদার। তার পুরোহিত—
'বলরাম' নাম তাঁর॥ হরিদাসের
কপাপাত্র, ভাতে 'ভক্তি' মানে।
মত্ন করি ঠাকুরে রাখিল সেই গ্রামে ॥
(চৈ° চ° অস্তা ৩১৬৫—১৬৬)

সপ্তগ্রামের চাঁদপুরে ইহার নিবাস শ্রীহরিদাস ঠাকুর ইহার আগমন করিয়া কিছুদিন অবস্থান করিয়াছিলেন। ঐ সময়ে রঘুনাথ দাস অধ্যয়ন করিতেন, তিনি নিত্য শ্রীবলরামের গৃহে গমন করিয়া ঠাকুরের শঙ্গ করিতেন। বলরাম একদা হরিদাসকে লইয়া গোবর্দ্ধনের গুহে আগমন করেন ও শ্রীভগবানের নাম-মাহাত্মা কীর্ত্তন করেন। ঐ চক্ৰবৰ্তী-নামক গোপাল গোবর্দ্ধন দাসের জানৈক কর্মচারী হরিদাস ঠাকুরের সঙ্গে শান্তবিরুদ্ধ তর্ক করিয়া রোগাক্রান্ত হয়েন। (গোপাল চক্রবর্ত্তী দেখ)

বলরাম কবিপতি—শ্রীশ্রানানন্দ প্রস্থর নিয়া শ্রীপাট—বুধুরী। আর শাখা বলরাম কবিপতি হয়। পরম পণ্ডিত তিঁহো বুধুরী-আলয়॥ (প্রেম ২০)

২ শ্রীরামচন্দ্র কবিরান্তের শিব্য।
কবিরাজের শিব্য বলরাম
কবিপতি। প্রেমময় চেষ্টা যাঁর
অলৌকিক রীতি॥ (কণা ২)
বলরাম ঘনশ্রাম বা ঘনশ্রাম
বলরাম—পদকর্তা, পরিচয় অজ্ঞাত।
বলরাম চক্রব র্ত্তী—খেতরী-নিবানী,
রাট্যশ্রেণী সাবর্ণ গোত্র। শ্রীল ঠাকুর

মহাশরের শিষ্য। শ্রীবিগ্রহ-সেবি
পূজারী আখ্যায় খ্যাত হন। ['বলরাম
পূজারী' দ্রপ্রব্য] [প্রেম ২০]
বলরাম ঠাকুর—গোন্থামী উপাধি।
পিতার নাম—তারাচাদ ভাগ্যবস্ত।
আদি নিবাস চাকা জিলার বলদাখান্
গ্রামে। তথা হইতে পাবনা ক্লেলার
ভূঁইখালি গ্রামে শ্রীপাট করেন।
১৬৫৫।৫৬ সালে বলরাম ঠাকুরের

জন: ইহার পূর্ব-পুরুষগণের কেছ কেহ এতি প্রতি প্রভুর গণ ছিলেন, কিন্ত বলরাম ঠাকুর শীশ্রীনিত্যানন্দ-পরিবার। বলরাম বাল্য-কালে গৌর-প্রেমে উন্মত হইয়া গুহত্যাগ করিয়া তীর্থ পৰ্যটন নিকট 'খ্ৰীখ্ৰী-করিভেন। ইহার শ্রীবিগ্রহ কেশ্বরায়'-নামক এক থাকিতেন, ক্ৰমাত্ৰও বলরাম তাঁহাকে ছাডিয়া থাকিতে পারিতেন न.। गर्वनारे मक्ष मक्ष्य बर्ग सम করিতেন।

শ্রীবিগ্রাহ এবং বলরাম ঠাকুরের শহরে প্রবাদ এই যে বলরাম ঠাকুর প্রীশ্রীশুকদেব গোস্বামী ছিলেন। একবার তিনি শ্রীঅধৈত প্রভুর গৃহে জন গ্রহণ করেন। ঐসময়ে তাঁহার এক প্রিয় ত্রাহ্মণ শিষ্য ছিল। একদা উক্ত শিষ্যের নিকট স্বীয় শ্রীশ্রীকেশবরায় বিগ্রহ (রাধাক্ষয় মৃত্তি) অর্পণ করিয়া কহিলেন— 'আমি যতদিন ফিরিয়া না আসি, ততদিন তুমি প্রীমৃত্তিকে পরম যত্নে সেব। করিবে। আমি আসিলে আমাকে আমার ধন দিবে'। এই বলিয়া তিনি গমন করেন এবং কিছুদিন পরে দেহ রক্ষা করেন কিন্তু

শিষ্যের প্রতি এরপণ্ড বলিয়া-ছিলেন,—'আমি যতদিন না আসিব, ততদিন তোমার মৃত্যু হইবে না।' শিব্যপ্রবর পরম যতে শ্ৰীবিগ্ৰহকে সেবা করিতে থাকেন। বহুবর্ষ পরে হঠাৎ সেই ব্রাহ্মণ বলরাম ঠাকুরকে দেখিতে পাইয়া স্বপ্তরুজ্ঞানে আনন্দে নৃত্য করিয়া উঠিলেন এবং ত্রীকেশবরায়কে ভাঁহার ক্রোডে অর্পণ করিয়া সজ্ঞানে ইহলোক ত্যাগ করেন। তদবধি শ্রীকেশব-রায়কে লইয়া বলরাম ভ্রমণ করিতে नाशिका।

বলরাম ঠাকুর

শ্রীবলরাম ঠাকুরের দৌম্য-মধুরমুর্তি এবং অলৌকিক ক্ষমতায় হিন্দু ও মুসলমানগণ তাঁহাকে যথেষ্ট ভক্তি করিভেন। মুর্শিদাবাদের সাহেব বলরামের গুণে মুগ্ধ হইয়া নামক একটি জমিদারী কবিতে বিশেষ অমুরোধ করেন; কিন্তু বলরাম তাহা গ্রহণ করিলেন না। নবাবের ধারণা-এরপ পীর যে দেশে পাকিবেন, সেখানে কখনও অমঙ্গল হইবে না, এজন্ত পুনঃ পুনঃ বলরামকে অমুরোধ করিতে থাকেন। শেষে ৰোৱে অমিদারীর পরিবর্তে নদীয়া জেলার দৌলতপুর থানার অন্তর্গত 'বিয়াজিত-পুর'-নামক উত্তম স্থানে বলরামকে বাস করাইবার মানস করিলে বলরাম তাহাতে স্বীকৃত হন ও সমুদয় গ্রাম না লইয়া মাত্র ২০ বিঘা জমি গ্রহণ করিয়া ঐ স্থানে শ্রীশ্রীকেশবরায়কে করেন। বহুদিন পরে স্থাপন নাটোরের মহারাজা বলরামের মহিমা প্রবণ করিয়া তাঁহাকে দর্শন করিতে

আদেন এবং মুগ্ধ হইয়া বহু সাধ্য-সাধনায় তাঁহাকে স্বীয় জমিদারীর অন্তর্গত পাবনা জেলার ভূইখালি নামক গ্রামে লইয়া গিয়া বাস করান। বলরাম ঠাকুর শেষ বয়সে ভগবৎ-প্রেরণায় বিবাহ করেন ও ছুইটি পুত্র হয়। জ্যেষ্ঠের নাম - নন্দকিশোর. কনিষ্ঠের নাম—সচিচদানন। প্রীপ্রী-কেশব রায় ভিন্ন বলরাম ঠাকুরের সেবিত একটি শ্রীনীলামৃতি আছেন। ইহা ছাড়া বলরামের একটি সোটা বা কাষ্ঠের বিশ্রামদণ্ড শ্রীবিগ্রহগণের পার্ষে পুজিত হয়। শ্রীকেশবরায়ের রাস্যাত্রা খুব সমারোহের সহিত সম্পন্ন হয়। বলরাম দাস-মহাপ্রভুর ভক্ত। ইনি রামশিঙা বাজাইতে 27年本 ছিলেন। মহাপ্রভু যখন দক্ষিণদেশে ভ্রমণ করিয়া পুরীতে আগমন করেন, তথন ইনি মহানন্দে রামশিঙা বাজাইতে বাজাইতে ঠাগকে অভার্থনা করিতে গমন করিয়াছিলেন। রামশিঙা বাজাইতে বড়ই পণ্ডিত। বলরাম দাস আসে হইয়া পুলকিত॥ ২ (মহান্তী) উৎকলবাসী ভক্ত। বন্দো ওডিয়া বলরাম দাস মহাশয়। জগরাথ বলরাম যাঁর বশ হয়॥ [বৈষ্ণব-বন্দনা] শ্রীনিত্যানন্দ-পার্ষদ। ৩ প্রেমর্পে মহাম্ড—বলরাম দাস। যাঁহার বাতাসে সব পাপ যায় নাশ॥ [১৫° ভা° অন্ত্য বাৰত ৪] বলরামদাস---রফপ্রেমরসাম্বাদী। নিতান-দ-নামে হয় প্রম-উন্মাদী॥ [के° क° जािन : >108] 'প্রেমবিলাস'-গ্রন্থ-রচয়িতা

নিত্যানন্দ দাসের পূৰ্ব নাম। (নিত্যানন্দ দাশ দেখ: প্রেম ২০-২>২ পঃ)। পিতার নাম-আত্মারাম দাস। মাতার लोपामिनी (पर्वी। ১৪৫৯ জনা। জাহ্নবাদেবীর মন্ত্ৰশিষা। এীনরহরি সরকার ঠাকুরের নিকট শিক্ষা গ্রহণ করেন। ইনি খেতুরীর বিখ্যাত উৎসবে উপস্থিত ছিলেন। সহিত জাহ্নবা মাতার শীরন্দাবনে গমন করেন ও তথায় সিদ্ধদেহ প্রাপ্ত হন। 'রসরাজ'-নামক গ্রন্থে তাঁহার বিষয় বর্ণিত আছে। প্রেমবিদাস, রস্কল্পসার, গৌরাঙ্গাষ্টক, इक्षनीनामृত, বীরচল্র-চরিত এবং হাটবন্দনা প্রভৃতি ইংহার রচনা। ৫ শ্রীনিবাস প্রান্তুর শিষ্ম। উৎকলীয় ব্ৰাহ্মণ। উৎকল দেশেতে জন্ম বলরাম দাস। বিপ্ৰ-কুলোম্ভব তিঁহো সংসারে উদাস 🛚 (কণা ২) ৬ প্রীচৈতগুগণোদেশ-দীপিকার বচয়িতা। বলরাম দাস মাধবী—গ্রীদাম তরফ-দার কাম্যষ্টপুরের জনৈক ভূম্যাধ-কারী—এই স্থানটি রাণাঘাটের ছুই ক্রোশ পূর্বে। ইহার পত্নী---কুপাময়ী। ইনি শ্রীহরিদাস ঠাকুরের সম্পাময়িক। সিদ্ধেশ্বরী মাতার প্রসাদে কুপাময়ীর গর্ভে পঞ্চদশ শক-শতাকার প্রার্থে বলরামদাস মাধবীর জন্ম হয়। ফুলিয়াতেও ইহার বাসাবাটি ছিল এবং শিশুকালে বলরাম ফুলিয়ায় থাকিয়া বিশ্বগড়-নিবাসী মুন্সী কুতুব খাঁর নিকট

পারসিক ভাষা শিক্ষা করেন। পারিদিক ভাষায় ইহার ব্যুৎপত্তি দেখিয়া শান্তিপুরাঞ্চলের কা জি আলিখান স্থপারিশ করিয়া ইংছাকে গোডেশ্বর হুসেন শাহের নিকটে পাঠাইয়া দিলেন। অল্লকালের মধ্যেই ইনি তত্ত্য গৈনিক বিভাগের সর্বোচ্চ লেথক হইলেন। চট্টগ্রামের উপর মগের আক্রমণকালে ইনি চতুর্থ সেনাপতি হইয়া অপুর্ব রণ-কৌশল দেখাইয়া প্রগল খানের প্রীতি উৎপাদন পূর্বক ছুসেনশাহ হইতে 'থান' উপাধি ও একটি গ্রাম (ছুটীপুর--রাণাঘাট হইতে ১১।১২ ক্রোশ উত্তরে) প্রাপ্ত হন। এই সময় একদিন পথিমধ্যে জীনিতানক প্রভু ইহাকে রূপা করিয়া শিষ্ম করিলেন এবং গ্রীকাম ঠাকুরকে সমর্পণ করিলেন। ইনি 'শ্রীপতিতপাবনাবতার' নামে গ্রন্থ করেন। (এীগোরাজ-সেবক ৭।৬) পূজারী—চক্রবর্ত্তী বলরাম উপাধি, সাবর্ণ গোত্র। শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্ম। ভ্রাতার নাম---চক্রবন্তী। গ্রীপাট--<u>রূপনারায়ণ</u> থেতুরী। স্বপাদেশ প্রাপ্ত হইয়া শ্রীনরোত্তমের নিকট দীক্ষা গ্রহণ করেন। ইনি শ্রীনরোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহের সেবাভার প্রাপ্ত হন। জয় শ্রীপূজারী বলরাম ভক্তিময়। যার সেবা-বশে প্রভু প্রসন্ন হ্রদয়॥

(নরো ১১)

রাঢ়ী-শ্রেণী সাবর্ণ গোত্র ভাই হুই

कन। श्रीवनताम चात्र क्रभनाताम् ॥

দোহাকার প্রেমভক্তি হয় অতিশয়।

শ্রীখেতুরী গ্রামে হয় দোঁহার আলয়॥

নরোত্তম দোঁহাকার প্রেমভক্তি দেখি'। শ্রীবিগ্রহ-দেবাতে দিলেন হুহেঁ রাখি॥ (প্রেম ১৯) বলরাম বস্থ-পদকর্তা। ইহার পদটি — আরে মোর নিত্যানন্দ রার। মথিয়া সকল তক্স, হরিনাম মহামন্ত্র, করে ধরি জীবেরে বুঝায়॥ ইত্যাদি (বপ ২৭ পৃঃ)

বলরাম বিপ্র (শর্মা)—শ্রীনিবাস আচার্যের মাতামহ। শ্রীলক্ষীপ্রিরা দেবীর পিতা। কাটোয়ার নিকটবর্তী যাজিগ্রামে নিবাস। যাজিগ্রামে বলরাম বিপ্রের বসতি। শ্রীলক্ষীপ্রিয়ার পিতা, অতিশুদ্ধমতি॥

(ভক্তি ২।৬৮, ১৪১)

বলরাম মাহিতি—শ্রীগোরভক্ত,
উৎকলবাসী। [বৈঞ্চৰ বন্দনা]

বলরাম মিশ্রে—শ্রীঅবৈদত প্রভুর গুল্ল।
আচার্যের আর পুত্র শ্রীবলরাম।
[চৈ° চ° আদি ১১৷২৭]

বলাই দাস—পদকর্ত্তা (পদকল্পতক্রর ১২১২ পদ)

বলি—-শীরসিকানন্দ-শিষ্য [র°ম° পশ্চিম ১৪।১২৩]

বালক— গ্রীরসিকানন্দ-শিশ্ম [র°ম° পশ্চিম ১৪।১৫১] গ্রীগোপীবল্লভপুরে রাসোৎসবে গোপীবেশে সজ্জিত অষ্ট শিশুর একতম।

র° ম° পশ্চিম ২।৪৬)
বালকদাস বৈরাগী—শ্রীনরোত্তম
ঠাকুরের শিশ্য।

বালকদাস বৈরাগী, বৈরাগী
পোরাকদাস। (প্রেম ২০)
জ্বর বালকদাস বৈরাগী ঠাকুর।
সদা বালকের চেষ্টা, করুণা প্রচুর॥
(নরো ১২)

বৃদ্ধিমন্ত খাঁন—শ্রীচৈতক্স-শাখা।
নবদ্বীপের জমিদার। মহাপ্রভুর
ভক্ত। শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর সহিত
প্রভুর বিবাহ-সময়ে ইনি সকল ব্যয়
নির্বাহ করিয়া মহাসমারোহ করিয়াছিলেন।

শ্রীচৈতন্মের অতিপ্রোয় বৃদ্ধিমন্ত

বাঁন। আজন আজ্ঞাকারী তেঁহো সেবক-প্রধান॥ [চৈচ আদি ১০।৭৪] বৌদ্ধাচার্য—দক্ষিণদেশে বৃদ্ধকাশীর নিকট প্রস্থ যখন একটি গ্রামে অবস্থান করিয়া যাবতীয় মহামহো-পাধ্যায় পণ্ডিতগণকে বৈক্ষব-মতাবলম্বী করিতেছিলেন, সেই সময়ে ঐ অঞ্চলের বৌদ্ধগণ সে গংবাদ পাইয়া প্রাভুর সহিত বাদ-বিতর্ক করিবার জন্ত তাঁহাদের আচার্যকে প্রেরণ করিলেন। বৌদ্ধাচার্য মহাপণ্ডিত নিজ নব

মতে। প্রস্থ-আগে উদগ্রাহ করি'

লাগিলা কহিতে॥ প্রভুর সহিত তর্ক বিতর্ক করিয়া পরাজিত হইলে অন্তান্ত পণ্ডিত-মণ্ডলী করিলেন। হাস্ত ইহাতে আচাৰ্য কোধান্বিত হইয়া প্রভূকে অপদস্থ করিবার জন্ম সে স্থান হইতে গমন করিয়া দলস্থ লোকের সহিত প্রামর্শ করিয়া একথালি অপবিত্র অন্ন বিষ্ণুর প্রসাদ বলিয়া প্রভুকে ভোজন করাইতে লইয়া আদিলেন। বিষ্ণু-নৈবেগ্ত প্রভু কথনই অস্বীকার করেন না, কিন্তু অন্ন লইয়া আসিবামাত্ৰই একটি আশ্চর্য ঘটনা ঘটিল।

হেনকালে মহাকায় এক পক্ষী আইল। ঠোঁটে করি থালিসহ অব

লইয়া গেল 🖟 বৌদ্ধগণের উপর অর পড়ে অমেধা হইয়া। বৌদ্ধাচার্যের মাথায় থালি পড়িল বাজিয়া॥ তেরছে পড়িল থালি মাথা কাটা গেল। মৃষ্ঠিত হইয়া আচাৰ্য ভূমিতে পড়িল॥ [टेंड° ड° मश्र शंदर—ए७] অকক্ষাৎ এক্লপ ঘটনা ঘটার বৌদ্ধ-গণের মনে বড়ই ভয় হইল। তথন তাঁহারা প্রভুর মহিমা উপলব্ধি করিয়া সকলে শ্রীচরণে আশ্রয় গ্রহণ করিয়া বৈষ্ণ্ৰ হইয়া গেলেন। আচার্যের কর্ণে ক্লফনাম প্রদান করাতে তিনি চেতনা পাইয়া প্রেমানন্দে 'ক্লফ ক্লফ' বলিতে লাগিলেন। ব্রহ্মগোপালজী — শ্রীমন্নিত্যানন প্রভুর শিষ্য শ্রীরামরায় গোস্বামিজী

পরমহংস-চূড়ামণি ছিলেন। তাঁহারই
কনিষ্ঠ লাতা শ্রীচন্দ্রগোপালজির
পোত্র—ব্রহ্মগোপালজী। ব্রক্ষভাষার
ইনি 'হরিলীলা'-নামে ৫৫টি
পদে অষ্ট্রযামিক লীলামালার রচনা
করিয়া ব্রজভাষার সমৃদ্ধি সাধন
করিয়াহেন। প্রত্যেক পদের পূর্বে
একটি করিয়া দোহা আছে। আর
একটি বিশেষত্ব এই যে ইহাতে
প্রিয়াপ্রিয়তমজুর অষ্ট সখীর কুঞ্জ-

দোহা—রিসক রসায়ন বন গয়ে রাস হেতু অকুমারি। ইসত বিহারিন লাড়িলী বনে নবল লখি নারি॥

সমূহে ক্রমশঃ অষ্টকালীন সেবা বর্ণনা

হইয়াছে। আদর্শ-

পদ--রাস রস রসিক মোহন বনে
সামরী। উদিত উৎসাহ বল আলি
মণ্ডল বিমল, কমলদল কণিকা রুঞ্চ
ছবি ভামরী॥ চরণবর ধরণ মন
হুরণ গন্ধর্বগণ, শরণ রন স্থরন জন

প্রাণধন ধামরী। করণকী পর্ন মন উঠন অংসন নমন, গমন সম মুগ-নূপন বিপিন বিধু বামরী। ইস্ত অতিপ্রীতি জব সব মন হরৰ নব, শ্রীপ্রিয়াস্থি পর্ব মধুর ধ্ব নামরী ॥৪৫ ইনি প্রীরামরায়জী-কৃত 'গৌর-বিনোদিনী বৃদ্ধি ও প্রীপ্রভূচক্র 'শ্ৰীৱাধামাধৰভাষা' গোপাল-ক্বত অবলম্বন করত 'বস্তুবোধিনী' নামে টিপ্লনী করিয়াছেন। ব্ৰহ্মানন্দ-শ্ৰীনিত্যানন এতুর অমুজ | (প্রেম ২৪) ২ নবদীপে মহাপ্রভুর কীর্ত্তন-विनारन मनी (देह छ। यश ४। ५१५), গদাধরের স্থীরূপে অভিনয়াদি (এ মধ্য ১৮/৯, ১০২—১০৭), প্রভুর नम्राम-धनाम (धे मधा २৮।১२, ১০৪), নীলাচল পথে দঙ্গী (ঐ অস্ত্য 2:08)1

বেক্ষানন্দ পুরী—শ্রীচেতন্ত কলতকর यन यक प्राची हिलन. একতম। পশ্চিম इंनि তন্মধ্যে ভারতে নিত্যানন্দ-সহ মিলনাদি। (চৈভা আদি ৯1:৭০) ব্রমানন্দপুরী আর ব্রমানন্দ ভারতী। िं देह° ह° जामि ३।५७ न ত্রশানন ভারতী—গ্রীচেত্ত্তকল্প-বুক্ষের মূলস্ক্রপ। ভগবান আচার্য, ব্রহ্মাননাখ্য ভারতী ॥ (চৈ° চ° আদি ১০।১৩৬) মহাপ্রভুর নীলাচলে অবস্থান-সময়ে ব্রহ্মানন্দ ভারতী ব্যাদ্রাম্বর পরিধান করিয়া প্রভুকে দর্শন করিতে আসিলে দাররক্ষক মুকুন্দ প্রভুকে সংবাদ দেন। প্রভু ব্যস্ত সুমস্ত হইয়া বাহিরে আগমন (চৈ° চ° মধ্য ১০। ১৫৫-১৫৯) | ভখন-

মুকুন্দেরে পুছে,—কাঁহা ভারতী গোসাঞি? মুকুন্দ কছে--এই আগে দেখ বিজ্ঞান ॥ প্রভু কছে, — তেঁহ নহেন, তুমি অগেয়ান্। অন্তেরে অন্ত কহ, নাহি তোমার জ্ঞান॥ ভারতী গোসাঞি কেনে পরিবেন চাম। তখন ব্ৰহ্মানন্দ ভাবিলেন— 'ভাল কহেন, চর্মাম্বর দক্ত লাগি' পরি। চর্মাম্বর-পরিধানে সংসার নাহি তরি।' তখন তিনি চর্মাম্বর তাগে করিয়া বহির্বাদ পরিলেন এবং মহাপ্রভুর সঙ্গে नीनाहरन बहिरनम। ব্রহ্মানন্দ- স্বরপ—— প্রিগোর-পার্ষদ [दिकाव-वन्त्रना] मनाभी। ভ্ৰমানন স্বরূপ! করি এই নিবেদন। অনন্ত প্রবণে শুনি প্রভুর

 $\overline{oldsymbol{arphi}}$

ভক্ত কাশী—শ্রীল কাশীশ্বর পণ্ডিতের শিষ্য।

কাশীখরের এক শিষ্য হন ব্রজ-বাসী। ব্রাহ্মণকুলেতে জন্ম, নাম— ভক্ত কাশী॥ (প্রোম ১৮) ভক্ত দাস—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।

ভক্তদাসের ভক্তিরীতি সর্বাংশে উত্তম। ওাঁহারে করিলা দয়া ঠাকুর নরোত্তম। জয় ঐভকতদাস ভক্তি-রস-মগ্র। ঐতিষ্কেব বাঁরে না ছাড়য়ে তিল্মাত্র॥ (নরো ১২) ২—শ্রীরসিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪|১৫০]। শুক্তার (ভক্ত ২।৭)

শ্রীগোপাল ভট্ট গোস্বামির শিষ্য ও
শ্রীরাধারমণ-দেবায়েত বংশের আদি
প্রুষ। [গোপীনাথ পূজারী দ্রষ্টব্য]
ভক্ত ভৌমিক—শ্রীপাট মালিয়াড়ায়
(বনবিষ্ণুপুরের সীমায় রঘুনাথ
পুরের নিকট) নিবাস। শ্রীনিবাস
আচার্য ও শ্রীনরোত্তম ঠাকুর
বৃন্দাবন হইতে যথন গ্রন্থের
গাড়ী দইয়া আগমন করেন, তখন

তাঁহারা ইহার গৃহে একরাত্রি অবস্থান করিয়াছিলেন। (শ্রীনিবাস আচার্য ক্তব্য)

বৰ্ণন ॥

[নামা ২১৯]

ভক্ত রবা দাস— ওচুদেশীয় বৈঞ্চৰ কৰি। তত্ৰচিত 'মথুরামঙ্গলে' ৩০টি ছালে অকুর-কর্তৃক শ্রীকৃষ্ণকে মথুরান্যনের পরে উদ্ধব-দৌত্যাদির সংক্ষিপ্ত বর্ণনা আছে। অন্থ রচনা—'মন-বোধ-চৌতিশা'!

ভক্তরাম দাস—'গোক্লমঙ্গল'-রচয়িতা। ইনি চট্টগ্রাম জিলায় আনোয়ারা গ্রামবাসী হইবেন। বিবাহ দেন, কিন্তু ভগবানু বাধাবিদ্ন

আহুমানিক ২৫০ বংসর পূর্বে তিনি বর্ত্তমান ছিলেন। ভগবতী-শ্রীঠাকুর মহাশয়ের শিষ্যা।

শ্রীপাট-পাছপাড়া। ইনি বিপ্র-দাসের গৃহিণী এবং যদ্মনাথ ও রাম-নাথের মাতা।

তাঁহার পত্নীর নাম—ভগবতী হয়। তাঁহারে করিলা রূপ। ঠাকুর (প্রেম ২০) মহাশ্য়‼ ইহাদেরই ধান্তগোলাতে শ্রীগোরাঙ্গমৃতি প্রকট হইয়াছিলেন। মুদিত—শ্রীগোবিদের ভগবন্ত সেবাধিকারী তীহরিদাস গোস্বামি-পাদের শিষ্য বলিয়া হিন্দী ভক্তমালে

বন-মহিমামূতের অমুবাদ করিয়াছেন। ভগবাৰ—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।

উলিখিত। ইনি ব্ৰজভাষায় শ্ৰীবৃন্ধা-

[র° ম° ১৪|১০৭]

২ ঐ প্রাতৃষ্পুত্র ও শিষ্য। [公28122年]

৩-- ৪ শিব্য [ঐ ১৪|১৪২, ১৪৮]

ভগবাৰ আচার্য-শ্রীটেতগ্র-শাখা।

শ্রীগোরাঙ্গের কলা (গৌ° গ° ৭৪) रेनि राणिमरुवरामी, अञ्ज ছिल्न ।

ভগৰান আচাৰ্য, ব্ৰহ্মাননাখ্য ভারতী ৷ (চৈ° চ° আদি ১০।১৩৬)

ভগবান আচার্য খঞ্জ চলিলা ধীরে

(ঐ অন্ত্য ১৪।৯০) शीदत्र ॥ পিতার নাম-শতানক খান।

নবদ্বীপে জন্মগ্রহণ করেন। ইনি মহাপ্রভুর প্রিয় ছিলেন। গ্রায়শান্তে বিশেষ পারদর্শী হওয়ায় ইহার 'ভায়া-

ইনি ধনী ছিলেন। ভগবান প্রীধান

চার্য' উপাধি হয়। অল বয়স হইতে

বৈরাগ্য দেখিয়া পিতা নবদীপবাসী মধুস্দন ঘটকের ক্যার সহিত ইঁহার

অতিক্রম করিয়া প্ৰভু সকাশে নীলাচলে প্রস্থান করেন। প্রতু তাঁহাকে সংসারে ফিরিয়া যাইতে আদেশ করিলে পুনরায় গুহী হন।

তাঁহার স্থই পুত্র জন্মে-রঘুনাথ ও রমানাথ ৷

কিছুদিন পরে পুত্র ও পত্নীকে স্বীয় খালক ও শিষ্যবর্গের নিকট রাখিয়া তিনি নীলাচলে বাস করেন।

পুরুষোত্তমে প্রভূ-পাশে ভগবান আচার্য। পরম বৈষ্ণব ভেঁছো স্থপত্তিত আর্য॥ স্থ্যভাবাক্রান্ত-

চিত্ত গোপ-অবতার। স্বরূপ-গোঁশাই সহ স্থ্য-ব্যবহার ॥

ि देठ° ठ° पद्धा शम्ह—म्र ইঁহার ছোট ভাই গোপাল

ভট্টাচার্য কাশীতে বেদাস্থ পড়িয়া নীলাচলে গেলে বেদাস্কভাষ্য-শ্রবণে ইচ্ছুক জানিয়া ইহাকে প্রেম-ক্রোধ

করিয়া স্বন্ধপ বলিলেন—

'বৈষ্ণৰ হঞা যেবা শারীরকভাষ্য শুনে। সেব্য-সেবক-ভাব ছাড়ি' আপনারে ঈশ্বর মানে॥ মহাভাগবত

ক্লম্ম প্রাণধন যার। মায়াবাদ-শ্রবণে চিত্ত অবশ্য ফিরে তার ॥' তথন—

'লজ্জা ভয় পাঞা আচার্য মৌন श्रेना। जात मिन (शापालाद

দেশে পাঠাইলা'॥ [८०° विश्व २।३८-->००]

ইঁহারই গৃহে ছোট হরিদাদের বর্জন-লীলার স্ত্রপাত হয় [ঐ ১০১ —১৬৭]। বঙ্গদেশী বিপ্র কবির নাটক-শ্রবণে ইনি তৃপ্ত হইয়া মহা-প্রভুকেও শুনাইতে আগ্রহ করিলে

স্বরূপ তাঁহার অমুরোধে নানীলোক

শুনিয়াই দোষারোপ করিলেন। [চৈ° চ° অস্তা ৫।৯১—১৫৮]

আচার্যং ভগবন্তং তু তেজোময়-কলেবরম। যস্ত স্মরণ-মাত্রেণ গৌর-

প্রেম প্রজায়তে॥

[শা° নি ৩৮]

ভগবান্ কবিরাজ-জাতি বৈখ। শ্রীনিবাদ-প্রভুর শিষ্য।

প্রভু রূপা করে ভগবান্ কবিবরে !

পণ্ডিত রুসিক তিঁহো হয় মহাধীরে॥ 'অমুরাগবল্লী'-গ্রন্থ-মতে ইহার

শ্রীপাট বীরভূমে এবং ইহার ভাতা-

রূপ কবিরাজ। পুত্রের নাম-নিমু কবিরাজ। কিন্তু ভক্তিরত্নাকর-মতে

(301306)-

ভগবান ক্বিরাজ গুণের আলয়।

যার ভাতা রূপ নিমু বীরভৌমালয় । মাতা জাহবা দেবীর সহিত ইনি

শ্রীবুন্দাবনে গমন করিয়াছিলেন।

তথায় শ্রীক্ষণাস কবিরাজ—'ভগবান কবিরাজ আদি সর্বজনে। প্রকাশিলা স্নেহ অভি-গাঢ় আলি**ঙ্গনে'**॥

খেতুড়ীর বিখ্যাত উৎসবে ইনি উপস্থিত ছিলেন-

শ্রীষত্বনদন চক্রবতী বাসাম্বানে। নিয়োজিল যত্নে কবিরাজ ভগবানে॥

(নরো)

দাস-শ্রীগীতগোবিদের ভগবান অহুবাদক।

ভগবান্ পণ্ডিড—গ্রীচৈত্ম-শাখা।

প্রভুর অতিপ্রিয় দাস ভগবান্ পণ্ডিত। যার দেহে রুফ্ত পূর্বে হৈল

অধিষ্ঠিত ॥ (চৈ° চ° আদি ১০।৬৯)

ভগবান পণ্ডিত গাওয়াও অমু-ক্ষণ। নগরে নগরে থৈছে প্রভুর [নামা ১৩৪]

কীৰ্ত্তন।

ভগবাৰ্ মিশ্ৰ—শ্ৰীচৈতন্ত শাখা।

শ্রীনিধি, শ্রীগোপীকাস্ত, মিশ্র ভগবান্। (চৈ° চ° আদি ১০।১১০) ভগীরথ আচার্য – কাশুপ গোত্র চট্ট গাঁই ভগীরথ আচার্য। গাঁর জন্ম পৃথীব্যাপী সর্বত্র স্ক্রকার্য। ইনি নিত্যানন্দ-কত্যা গঙ্গাদেবীর

হান নিত্যানন্দ কথা গন্ধানেরর
পানী মাধবের পানক পিতা ছিলেন।
পদ্ধীর নাম—জন্মপুর্না। (বহু পত্নী
ছিল) পুত্রের নাম—(জন্মপুর্নার
গর্ভে) শ্রীপতি ও শ্রীনিধি। মাধবের
মাতা মহালক্ষ্মী দেবীর প্রলোক
হইলে তাহার স্বামী বিশ্বেষর আচার্য
—ভগ্মীরপ ও জন্মপুর্নার হস্তে পুত্র
মাধবকে সমর্পণ করিয়া সন্ত্যাসী হইয়া
গৃহত্যাগ করেন। এই কারণে—

নন্দন। অতিয**়ে** কৈল তার লালন পালন॥ (প্রেম ২১) ভ**গীরথ কবিরাজ**- প্রসিদ্ধ শ্রীচৈতন্ত-চরিতামৃত-রচয়িতা শ্রীকৃষ্ণদাস কবি-

মাধব ভগীরথের হইল তৃতীয়

চরিতামৃত-রচয়িতা প্রীক্ষণাস কবি-রাজ গোস্বামির পিতৃদেব। পত্নীর নাম—অননা। ক্রঞ্জাস ও খ্যামদাস অই ভাই।

(কৃষ্ণদাস কবিরাজ দেখ) **ভগীরথ দাস—'**চৈতন্য-সংহিতার' প্রদেতা।

ভগীরথ বস্তু—গুণরাজ খানের পিতা।

পত্নীর নাম—ইন্দুমতী। (বিজয় ১।৪৪)

ভঞ্জন অধিকারী—শ্রীখামানন্দ প্রভুর

শিষ্য। জাতি—ভট্ট রাহ্মণ। কাখ্যপ
গোত্র। শ্রীপাট—ফতেপুর, ডাকছর গড়হরিপুর, জেলা মেদিনীপুর।
ভঞ্জন প্রেমধনে ধনী হইয়াছিলেন,
এজন্ম শ্রীখামানন্দ প্রভু তাঁহাকে

'অধিকারী' আখ্যা দেন। ভঞ্জনের নিকট আত্মীয়গণের নাম– নিরঞ্জন

অধিকারী, জীবনকৃষ্ণ অধিকারী, পরাণকৃষ্ণ অধিকারী—সকলেই শ্রীশ্রামানন্দ-পরিবার। চারি জনই

মৃদঙ্গবাতে বিশারদ ছিলেন। শ্রীশ্রামানন্দপ্রভুর সহিত সংকীর্তনে

তাঁহারা মৃদক বাজাইতেন।
ভঞ্জন অধিকারীর বংশধ্রগণের

মধ্যে কেহ কেহ উক্ত গ্রীপাটে বাস করেন। নিকটবর্তী ফতেপুর, হাসিমপুর, এগড়া, কেঁথড়, এরাঙ্গ, কুগুণ্ডা, কামিয়াবাগ, ডোড়েখান, গড়িয়া কোটরা, গোপালপুর, বাদল পুর প্রভৃতি মেদিনীপুর জেলার গ্রাম-গুলিতে ভঞ্জন অধিকারীর শিষ্য বা

ফতেপুর বি, এন, রেলওয়ের কণ্টাই রোড**্ ষ্টেশন হই**তে ৫।৭ ক্রোশ দক্ষিণে। **ভট্টথারি**—মালাবার-দেশে প্রচুরতর

পরিবারগণ বাদ করেন।

নম্বুজি ব্রাহ্মণগণের বাস। ভট্টথারি-গণ তাহাদের পৌরোহিত্য করেন। ইহারা মারণ-উচাটন-বশীকরণাদি বিভায় বিখ্যাত। শ্রীমন্মহাপ্রস্থর

नाक्षिभाजा-मञ्जी दिख कृष्णनाम् दक् हेरातारे चूनारेग्नाहिन। (टेव्ह मथा ॥१२७—१२०)। ভট্টথারি শব্দ र विभाग भार्ट 'ভট্টगाति' हरेग्नाह।

ভদ্রাবতী—স্র্যদাস পণ্ডিতের পত্নী।

মাজাহ্বার জননী। ২ শ্রীউদ্ধারণ

দপ্ত ঠাকুরের মাতা ঠাকুরাণী। স্বামির

নাম—গ্রীকর দত্ত।

(উদ্ধারণ দত্ত দেখ)

ভরত মল্লিক-বোড়শ-শকশতাকীর মধ্যভাগে প্রাত্তুতি মহামহোপাধ্যায় ভরত সেন কিরাত, কুমার, ঘটকর্পর, নৈষধ, নলোদয, অমরকোষ, ভট্টী, মেঘদূত, শিশুপাল প্রভৃতি গ্রন্থের টীকা করিয়াছেন। তৎপ্রণীত 'চক্র এভায়'

ভবদেব ভট্ট

ও 'রত্নপ্রভায়' বৈছকুলের প্রাচীন ইতিবৃত্ত পাওয়া যায়। ইনি 'কারকোল্লাস' নামে ১০৭ কারিকায় অন্তষ্টুপুছনেদ যে গ্রন্থ রচনা করিয়া-

অন্ত পূত্ৰেদ যে গ্ৰন্থ রচনা করিয়া-ছেন, তাহা শ্রীজীব-প্রভুর শ্রীহরিনামা-মৃতব্যাকরণের আদর্শে রচিত বলিয়া

বিশেষজ্ঞদের মত। 'স্বোধা' নামে শ্রীগীতগোবিন্দের টীকার একটি খণ্ডিত পুঁথি (বঙ্গীয় সাহিত্য

পরিষদ—সংখ্যা ৩৯) আছে, দ্বিতীয় হইতে অষ্টম সর্গ পর্যস্ত টীকা। নিগুঢ়রস-নিক্ষাসনে এই স্প্রোধা টীকা

রাণা কুম্ভ-কৃত 'রদিকপ্রিয়া' এবং শঙ্কর মিশ্র-কৃত রদমঞ্জরী হইতেও উৎকৃষ্ট।

শ্রীনারায়ণ দাস-ক্বত 'সর্বাঙ্গস্থন্দরী',

ভরতসেনের 'ফ্রেতবোধ' নামে একটি ব্যাকরণের পুঁথিও (সংস্কৃত সাহিত্য পরিষদে ৪৯০, ৪৯০ অ) আছে।

'জ্রতবোধিনী' নামে ইহার এক টীকাও তিনি রচনা করিয়াছেন। এতদ্যতীত 'রত্নকৌমুদী' ও 'সারকৌমুদী'

নামে ছইটি আয়ুর্বেদ-সম্মত প্রকরণ

গ্রন্থও আছে।

ভবদেব ভট্ট — রাঢ়ের 'দেবগ্রাম প্রতিব্দিন বদ্ধ-বালবলভী-ভূজ্প' সিদ্ধল-গ্রামীণ। বর্মণ-বংশ্থা বঙ্গেশ্বর হরিবর্মদেবের সান্দিবিগ্রহিক। শস্ত্র ও শাস্ত্রে ভাহার সমান দক্ষতা ছিল।

ভ্বনেশ্বরে অনস্তবাস্থদেবের মূর্ত্তি ও মন্দির অভাবধি ইঁহার গৌরব-রূপে বিরাজমান। প্রশিদ্ধ দশক্ম-পদ্ধতি --ইহার রচনা।

ভবনাথ কর-কায়স্থ। এতি বৈত-প্রভুর শাখা।

ভর্বনাথ কর

জগরাথ কর আর কর ভবনাণ। (চৈ° চ° আদি ১২।৬০) ওতে ভবানন্দ কর। দেহ শে চরণ। ক্রক্মিণীর বেশে নাচি যে পিয়াইল স্থন ॥ [নামা ১৪১] ভবানন্দ- 'হরিবংশ'-নামক প্রাচীন বাঙ্গালা কাব্যের প্রণেতা। ষোড্শ-

ভবানন্দ গোস্বামী--- প্রীগদাধর প্রিতের উপশাখা। ইনি শ্রীমধু পণ্ডিতের সভীর্থ ও শ্রীশ্রীগোপীনাথ-সেবায় প্রীতিমান্ ছিলেন।

শক-শতাকীতে পূর্ববঙ্গে জনা।

মহাতেজোময়ং চাকুদেবাত্বখ-वितामिनम। शास्त्रामिनः ভवाननः বনে তং শ্বৃতিপ্রেমদম্॥ শ্রীগোপীনাথ-দেবে। যহৈ প্ৰেন স্থানেবিতঃ। যস্থ স্মরণমাত্রেণ কৃষ্ণপ্রেম প্রজারতে।

[শা° नि° ৪২—৪৩] শ্রীমধুপণ্ডিতের সতীর্থ-ভবানন। গোপীনাথ-দেবায় বাঁহার মহানন্দ। শ্রীবীরভদ্রপ্রভু বুন্দাবন গমন করিলে— হরিদাস, গোপাল, শ্রীভবানন্দাদয়। रगाविन्माधिकाती गरव **आन**रन চलय ॥ (ভক্তি ১৩।৩২০—৫২১)

ভবানন্দ রায়—গ্রীচৈতন্ত্র-শাখা। কাশীমিশ্র, প্রছায় মিশ্র, রায় ভবানশ।

(टेठ° ठ° जामि->०।>०১) ইনি প্রসিদ্ধ শ্রীরামানন্দ রায়ের পিতা। পঞ্চপুত্রসহ ইনি ঐপ্রভুর শরণাগত হইয়াছিলেন। পূর্বলীলার পাপু। [চৈ° চ° আদি ১০।১৩২] **ভবানী দেবী—**রাজা অচ্যুতানব্দের বনিতা এবং শ্রীশ্রামানন্দ প্রভুর প্রধান শিষ্য রসিকমুরারির মাতাঠাকুরাণী I (ভক্তি ১৫।২৯)

ভবেশ দত্ত——শ্রীউদ্ধারণ দত্তের আদি পুরুষ। অযোধ্যা হইতে বাণিজ্য করিবার জন্ম বঙ্গের স্থবর্ণগ্রামে আগমন করেন। ইনি কাঞ্জিলাল ধরের কন্সা শ্রীমতী ভগবতীকে বিবাহ করিয়াছিলেন। ইহার পুত্রের নাম-কুষ্ণদত্ত।

ভাইয়া দেবকীনন্দন-শ্রভক্তমাল গ্রন্থের সপ্তদশ মালায় বর্ণিত আছে (य हैनि अथरम नामानाती अ भनी ছিলেন, কাটোয়ার নবাবসরকারে ফৌজদার ছিলেন। জনৈক বৈষ্ণবের কলা বিবাহ করিয়া সেই স্তীর পরামর্শে ও সঙ্গগুণে ইনি মালিহাটীর শ্রীআচার্য প্রভুর সস্তানগণের আশ্রয় করত ভাগবত-জীবন যাপন করেন। ইঁহার সেবিত বিগ্রহ শ্রীনব্দত্বলাল অভাপি কিশোরনগর জালালপুরে বিরাজ্যান।

ভাগবভ-(ভক্ত ২া৫) শ্রীসনাতন-শিষ্য জীবন চক্রবর্তীর নন্দন। বর্দ্ধমান জেলায় মাডগাঁয় বাস করেন। ইঁহার বংশধরগণ অন্তাপি ঐম্বানে করিতেছেন।

ভাগবত আচার্য-এঅইবত-শাথা। ভাগবভাচার্য আর বিফুদাসাচার্য॥ (देठ° ठ° ष्यांनि ३२।६৮)

ইহার পূর্বনাম—বড় ভামদাস। ইনি দিথিজয়ী পণ্ডিত ছিলেন। শ্রীঅদৈত প্রভুর নিকট বিচারে পরা-জিত হইয়া তাঁহার সেবক হন।

অতি কদাচারী দ্বিজ বড খ্রামদাস নাম। দিথিজয়ী বলি নাম তাঁর সর্বত্র হৈল। শান্তিপুরে অদ্বৈত-স্থানে একদিন আইল। বিচার করিয়া সেই পরাজিত হৈল। অবৈত-ভানে বড খ্রাম ক্লফমন্ত্র নিল ৷ খ্রীভাগবড-শাস্ত্র পড়িতে লগিল। ভাগবতে হৈলা তেঁহো পরম পণ্ডিত। ভাগবভাচার্য নাম জগতে বিদিত॥ (প্রেম ২৪) প্রেমবিলালে আরও জানা যায় যে ইনি প্রীঅদৈতপ্রস্থার বিবাহের সম্বন্ধ করিয়াছিলেন।

২ প্রীচৈতন্ত-শাখা। ভাগবতাচার্য, চিরঞ্জীব,শ্রীরঘুনন্দন। िटें ह° व्यापि २०।১১७,১১৯]

৩ গ্রীগদাধর-শাখা। প্রকৃত নাম —রঘুনাথ পণ্ডিত। ভাগৰতাচার্ব, হরিদাস ব্রহ্মচারী॥

(है है वानि १२।१३) ইহার রচনা 'গ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী' অতি অপূর্ব গ্রন্থ, শ্রীমদ্ভাগবতের প্রায়িক প্রামুবাদ। বরাহনগর-শ্রীপাট। ইনি ব্রজের শ্বেতমঞ্জরী ছিলেন। (গৌ°গ° ১৯৫)

নির্মিতা পৃষ্টিকা যেন ক্বফপ্রেম-শ্ৰীমদ্ভাগবতাচাৰ্যো গৌরাঙ্গাভ্যস্তবন্ধভ:॥ (গৌগ ২০৩) ভাগৰভাচাৰ্য উপাধি দিলেন-মহাপ্রভ।

(চৈ°ভা° অস্তা ৫।১১০—১২১) ভাগবত দাস—গ্রীগদাধর পণ্ডিতের শাখা ৷

ভূগর্ভ গোসাঞি আর ভাগবন্ত माम। [टेड° ड° व्यामि ३२।৮১] ·ডুগর্ভ-সঙ্গিনং বন্দে <u>শ্রী</u>ভাগবত-দাসকম্। সদা রাধাকৃষ্ণ-লীলাগান-মণ্ডিত-মানসম্॥ [শা° নি° ১৬] ২ জ্রীনরোত্তম ঠাকুরের শিশ্ব।

মথুরাদাস, ভাগবত দাস, প্রীজগদীশ্বর॥ ইহারা সংকলে নিজ প্রভুর কিন্ধর। যা বলেন মহাশয় তা করেন সত্র॥

জয় ভাগবত দাস ভক্তিরস্পাত্র। শাধনেতে অবসর নাহি তিলমাত।।

(প্রেম ২০)

(নরো ১২)

ভাতুয়া গোপাল—গ্রীগৌরভক্ত।

ভাতুয়া গোপাল হে! করাহ তারে নষ্ট। গুরু-পদে রতি খর্ব করায় যে হুষ্ট॥ [নামা ২২৬]

ভাৰক চক্ৰবৰ্ত্তী—[গোৰিন্দ চক্ৰবৰ্তী

দেখ]। ভান্ধর ঠাকুর-----শ্রীগোরভক্ত,

শিল্পী (१) ভাস্কর ঠাকুর বন্দো বিশ্বকর্মা-

[देवश्वव-वन्त्रना] অমুভব ৷ ইনি পূৰ্বলীলায় বিশ্বকৰ্মা ছিলেন।

(গৌ° গ° ১১৪) ভিল বৈষ্ণব—মহাপ্রতু ঝারিখণ্ড-পথে যখন জীবৃন্দাবনে গমন করেন, তখন পথিমধ্যে বিস্তর পাষ্ড-প্রকৃতির

ভিল জাতিকে বশ করিয়া ভক্ত করিয়াছিলেন--মথুরা যাবার ছলে আসি' ঝারিখণ্ড।

ভিল্লপ্রায় লোক তাঁহা পরম পাষ্ও॥

নাম প্রেম দিয়া কৈল সবারে মিস্তার।

চৈতন্তের গৃঢ় লীলা বুঝিতে শক্তি কার ॥

[टेठ° ठ° मश्र >१।६७—६8]

ভীখা সাহেব—মুসলমান বৈষ্ণব কৰি। 'সন্ত-সাহিত্যে' ইহার পদাবলি উদ্ধৃত হইয়াছে।

ভীম-খড়াপুরের অনতিদূরবর্তী ধারেন্দা গ্রামের জমিদার। গোপজাতি

—প্রথমত: মহাপাষণ্ড ও অত্যাচারী ছিলেন; পরে শ্রীরসিকানন্দের রূপায়

বৈষ্ণব হন। [র° ম° দক্ষিণ ৪।২২—৫।৩৬]

ভীমলোচন সাগ্রাল—গ্রীচাটু-পুষ্পাঞ্জলির অনুবাদক। [ব-সা-সে] **ভুবন দাস**—পদকর্তা। পদকরতকর

শাখায় ইঁহার 'বারমাসী' পদাবলী প্রশংসনীয় ও আস্বান্ত কাব্য।

ভুবনমোহন ঠাকুর——শ্রীনিবাস আচার্যের অধস্তন বংশধর শ্রীরাধা-

মোহন ঠাকুরের সহোদর। ইঁহার বংশধরগণ মুশিদাবাদ মাণিক্যহারে বাস করিতেছেন।

(রাধামোহন ঠাকুর দেখ) ভুবনমোহিনী---- এবীরচন্দ্র প্রভুর

ক্যাও ফুলিয়ার মুখুটি পার্বতীনাথের (প্রেম ২৪) পত্নী।

ভুগর্ভ গোস্বামী--শ্রীগদাধর পণ্ডিতের

শাখা। ব্রজের প্রেমমঞ্জরী (গৌ° গ° ১৮৭)। শ্রীলোকনাথ গোস্বামির পিতৃব্য (সাধনদীপিকা ৮; ২১৪ शृश)। ভূগর্ভ গোসাঞি আর ভাগবত

(চৈ° চ° আদি ১২।৮১) মহাপ্রভুর আজ্ঞায় ইনি ও লোকনাথ গোস্বামী ছই জন প্রথমে প্রীবৃন্দাবনে গমন করিয়া লুপ্ত লীলাম্থলসকল

উদ্ধার করিয়াছিলেন। (প্রেম १) গোস্বামিনঞ্ছ ভূগর্জং ভূগর্জোখং

স্থবিশ্রতম্। সদা মহাশয়ং কৃষ্পপ্রেমপ্রদং প্রভুম্॥ শা° নি° ১৫]

ভূধর—শীরসিকানন্দ-শিষ্যন্বয়। [র° ম° পশ্চিম ১৪।১১৪,১৫২]

ভূপতি—পদকর্ত্তা, পরিচয় অজ্ঞাত। ভোলানাথ—শ্রীঅধৈত প্রভুর গণ

(প্রেম ১৯)। ইনি কাটোয়ার উৎসবে উপস্থিত ছিলেন। (ভক্তি ৯।৪০৩) **ভোলানাথ দাস**——শ্রীঅদৈতপ্রভুর

শাখা ৷ হৃদয়সেন আর দাস ভোলানাথ॥ [टेठ° ठ° व्यानि >२।७०]-

ওছে ভোলানাথ দাস! রাখ সেই সঙ্গে। থেঁহো আত্রফল খাওয়াইল রঙ্গে॥ [নামা ১৩৯]

মকরধ্বজ—ব্রজের স্থকেশী। (গৌ° গ° ১৬৮)

মকরধ্বজ কর-কায়স্থ। প্রীচৈতন্ত-শাখা। ব্রজের নট-চক্রমুখ। (গে⁰ গ° ১৪১) তার শাখা মুখ্য এক মকরধ্বজ কর॥। [कि° वि वामि २०१२ हो ইনি রাঘব পণ্ডিতের শিষ্য।

রাঘব পণ্ডিত প্রভুর খাগ্য-অমুচর।

শ্রীপাট-পাণিহাটি, २8 পরগণা জেলা। ই, আর সোদপুর ষ্টেশন হইতে এক মাইল। কলিকাতা হইতে ৪ জোশ উত্তরে গঙ্গার তীরে। এম্বানে রাখব পণ্ডিতের দেবালয় আছে, কিন্তু মকরকাজ ও সমাধি

করের কোন চিহ্ন নাই। মহাপ্রভু যখন পাণিহাটীতে রাঘব-ভবনে আগমন করেন, তখন তিনি মকরধ্বজ করকে উপদেশ দিয়†ছিলেন। ইনিই রাঘবের প্রদত্ত ঝালি লইয়া পুরীধামে প্রতিবৎসর রথযাত্রায় গমন করিতেন। ইহার বংশাবলী কেহ পাণিহাটীতেনাই। *

বিশ্বেশ্বর-ক্বত 'কারস্থ-কুল-দর্পণে' (২য় ভাগ-২৫ পুঃ) পাণিহাটীর কর-কায়স্থের বিষয় লিখিত আছে। তাঁহারা মকরধ্বজের বংশধর হইতে পারেন।

मकत्रश्वक ५ ७ — (পূर्वनी ना श कूनकाकी गशी)।

कूत्रकाकी राज (यें हा नाम ছिन পূর্বে। কহিয়ে মকরধ্বজ দত্ত নাম [বৈ-আ-দ] মকরধবজ পণ্ডিত—গ্রীগোপালগুরুর পূর্ব নাম। ইনি শ্রীমুরারি পণ্ডিতের

পুত্ৰ। মকরধ্বজ (সন-মঞ্জুমেধা স্থী বলি পূর্বে যার নাম। এবে সে মকরধ্বজ সেন অমুপাম॥ [देव-व्या-म] মকরন্দ—গুজরাট্বাসী, এল গোপাল ভট্ট গোস্বামির শিষ্য (প্রেম ১৮)। মঙ্গরাজ--- এরিসিকানন্দ প্রভুর শিষ্য। রসিকের ভূত্য মঙ্গরাজ হরিচন্দন॥ [র° ম° পশ্চিম ১৪।১০৬]

মঙ্গরাজ মহাপার্ত্র—রাজা প্রতাপ-রুদ্রের পরিকর। খ্রীমন মহাপ্রভু গৌড়মণ্ডলে আসিবার কালে রাজা ইঁহাকে আদেশ করিলেন—

ছই মহাপাত্র—হরিচন্দন, মঙ্গরাজ। তাঁরে আজা দিল রাজা-'করিছ সর্বকাজ। এক নব্য নৌকা আনি, রাখিহ নদী-তীরে। যাঁহা পান नमी-भारत ॥ প্রভূ যান তাঁহা ভভ রোপণ কর 'মহাতীর্থ' করি। নিত্য মান করিব তাঁহা, তাঁহা যেন মরি॥ চতুর্বারে করহ উত্তয নবা বাস।'

[टेठ° ठ° मश्र ३७।১১৩—১७] महन देवस्व — श्रीनाधत-भाषा। यद् शाङ्ग्नी जात मञ्जन देवस्वत ।

िं कि के वामि >२।४६] মঙ্গল ঠাকুরের নিবাস ছিল-মুশিদাবাদ জেলার কীরিট্কোণায়। শৈশবে মাতাপিতৃহীন হইয়া নানা-স্থানে ঘুরিয়া কাঁদরার পশ্চিমে রাঢ়ী-পুরের ডাঙ্গায় আশ্রয় করেন। সঙ্গে ছিল-কুলদেবতা শ্রীনৃসিংহ শাল-গ্রাম। ভিক্ষাদ্বারা সেবাদি নির্বাহ করিয়া সারাদিন মঙ্গল জপতপে শ্রীগদাধর থাকিতেন ৷ পণ্ডিত গোস্বামী অ্যাচিতভাবে আসিয়া দীকা দেন এবং স্বপৃজিত গৌরাঙ্গ-গোপাল বিগ্রহের সেবা करत्न। भातभीष-कन्नातरखत नितन দীক্ষা হয় এবং পরবর্তী প্রতিপদ পর্যস্ত শ্রীপণ্ডিত গোস্বামী এস্থানে অবস্থান করেন বলিয়া অভাপি ঐ ঘটনার স্মরণার্থে ঐ কয়দিন 'সাঁজি হয়। মঞ্ল খেতুরের মহোৎসবে উপস্থিত ছিলেন।

মুঙ্গলং বৈষ্ণবং বন্দে শুদ্ধচিত্ত-কলেবরন্। বৃন্ধাবনেশয়ে লীলামৃত-

স্নিগ্ধ-কলেবরম্॥ [শা° নি° ৪৩] मनीत्य प्रत्य नमी->৮५० शृहोत्स জন্ম। ইনি কাশীমবাজারের রাজপদে অধিকাট হইয়াও নিরহন্ধার এবং ১ বিলাসশৃত্য ছিলেন—বৈষ্ণৰ ধর্মে তাঁহার অকপট অমুরাগ ছিল. বৈষ্ণবধর্মের উন্নতি-কামনায়, বৈষ্ণব-তীর্থরক্ষাকল্পে এবং লুপ্ত বৈষ্ণবগ্রন্থের উদ্ধারের জন্ম তিনি অজম্র অর্থব্যয় কবিয়াছেন। রাজপথে নগর-সম্বীর্ত্তন চলিলে কোটিপতি মণীক্রচন্ত্র নগ্ৰপদে দীনবেশে তাহাতে যোগদান দিয়া হরিনাম করিতে করিতে নগরপরিক্রমা করিতেন। বছটীকা-সম্মতি ও বঙ্গামুবাদসহিত শ্রীমদ্-ভাগবতের প্রকাশ করিয়া তিনি বৈষ্ণব জগতের বহু উপকার সাধন করিয়াছেন। ইনি ১৯২৯ খুণ্টাব্দে স্বধামে গমন করেন।

মথুর-ধারেন্দাবাসী জমিদার ভীমের নন্দিনী-গর্জ্জাত পুত্র।

[র° ম° দক্ষিণ ৪।৩৪] মথুরা দাস-জীনিবাস আচার্যপ্রভুর শিষ্য ৷

প্রভুর পরম প্রিয় শ্রীমথুরা দাস। হরিনাম জপে সদা পরম উল্লাস।। (ক্ণা >)

২ মপুরাবাসী হয় জীমপুরা দাস। বিপ্রকুলে জন্ম তাঁর মহাস্থখোলাস। ৩ পদকর্তা, (পদকরতকর ৭৮৯ সংখ্যক পদ)।

৪ শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। মথুরাদাস, ভাগবত দাস, দাস জগদীখর। ইঁহা সবা হয় নিজ প্রভুর

^{*} शिर्तात्रावटमराक (२०१२) चाटक स বর্তমানে ইহারা মাগুরা সাং মূজাপুর 'করধামে' আছেন। পাণিহাটীতে অভাপি ম্কর্থাজ করের ভিটা আছে-পাণিহাটীর ভবানীপুর ওয়ার্ডে ছাতুবাবু লাটুবাবুর বাগানের পূর্বে ও স্থচর ঘাইবার রাস্তার श्राद्य ।

কিন্ধর॥ যা' বলে মহাশয় তা' করেন শত্রে॥ [প্রেম ২০] জয় এমথুরা দাস পর্য স্থীর। সদা দৈত্য ভাব থার অন্তর বাহির॥ [নরো ১২]

মথুরানাথ-------------------পরিবার [অফুণ]

মদন-পদকর্ত্তা, (পদকল্লতকর ২৩০৪ পদ দ্ৰন্থব্য)।

गपनदगाशाल दगायामी—गाउश्य-বাসী, ঐীচৈতভচরিতামূত-প্রকাশক ও লঘুভাগবভামৃতের অমুবাদক। পরমভাগবত, স্থবিজ্ঞ পণ্ডিত।

মদনমোহন—শ্রীখ্রামানক শিষা [র° ম° দক্ষিণ ১০৩] মদনমোহন চক্রবর্তী—গ্রীনিবাস আচার্যপ্রভুর পুত্র প্রীগতিগোবিন্দের শিষ্য। কৃষ্ণপ্রদাদ চক্রবতির প্রাতৃ-ষ্পুত্র।

তার প্রাতুষ্পুত্র শ্রীমদন চক্রবর্তী। क्रक्षनीनामृज-दरम यांत्र मना चार्जि। (কর্ণা ২)

यपनदमाञ्ज दिन—मथूतात नारमानत टारितत পूज। ইঁহার গঙ্গে শ্রীশ্রীমদনমোহনজীউ ক্রীডা করিতেন। (দামোদর চৌৰে দেখ) মদনমোহন ঠাকুর—— প্রীনিবাস আচার্য-বংশীয়। ইছার বংশধরগণ মালিহাটী গ্রামে প্রীপাট করিয়াছেন। ২ বৈছ, পিতা—কানাই ঠাকুর। পিতামহ—শ্রীখণ্ডের প্রসিদ্ধ রঘুনন্দন ঠাকুর। প্রপিতামহ——-শ্রীমুকুন্দ। মদনমোহন ও বংশী—ছই ল্রাভা।

'শ্রীঠাকুর কানাইর পুত্র শ্রীমদন।'

কৈশোরে কানায়ের ক্রমে হৈল

পুত্রময়। শ্রীমদন আর বংশী—

ভজিরসময় ॥

পিতামহ জ্রীরখুনন্দনের তিরোভাব উৎসবে---

তেঁহো সংকীর্তনে কৈলা অভুত নর্ডন। মদন পৌগণ্ডে ভক্তিরত্ব প্রকাশিলা। প্রভু-নরহরি-পদে আত্ম সমপিলা॥ যারে দেখি মহানদ্য পায় সর্বজনে। যে নৃত্য কীর্তন তা বণিতে কেবা জানে ?'

(ভক্তি ১৩।১৮৯ - ১৯৪) মদন রায়—— শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। পিতার নাম-গন্ধর্ব রায়। মদন রায় আর বড়ু চৈত্ত দাস। (প্রেম ২০)

জয় মদন রায় গন্ধর্ব-তন্য়। যার গুণ শুনিতে সবার প্রেমোদয়॥ (নরো ১৩)

মদন রায় চৌধুরী--এরঘুনন্দন ঠাকুরের শিশ্য চক্রপাণির প্রপৌত। ইনি গোবিন্দলীলামুতের পয়ারে অমুবাদক। মদন রায় ঠাকুর-জীমনরহরি-বংখা,

ঠাকুর কানাইয়ের পূত্র। সংকীর্ত্তনে নৃত্যকালে ইঁহার এক চক্ষে অশ্রু ও এক অঙ্গে পুলক প্রকাশ পাইত। মধুকণ্ঠ দিজ----'জগন্নাথ-মঙ্গল'-প্রণেতা ও পদকর্ত্তা। [ব-সা-সে] মধু পণ্ডিত-শ্রীগদাধর পণ্ডিতের শিখ্য, প্রীবৃন্দাবনবাসী।

মধুলেহ-সমাযুক্তং প্রেমাসক্তং মহাশয়ম্। বৃন্ধাবনে রাসরতং বন্দে শ্রীমধুপণ্ডিতম্॥ [শা° নি° ৩৪] প্রীবন্দাবনে বংশীবট-নিকটে শ্রীপরমানন গোস্বামী যে শ্রীশ্রীগোপী-নাথ বিগ্রহ প্রাপ্ত হন, ইনি তাঁহার প্রথম দেবক ও শ্রীগোপীনাথের বামে শ্রীরাধাবিগ্রহ-সংস্থাপক। শ্রীপরমানন্দ ভটাচার্টের সহিত ইঁহার স্থ্য ছিল। শ্রীপরমানন্দ ভট্টাচার্য মহাশয়। শ্রীমধু পণ্ডিত অতি গুণের আলয়॥ ছঁ ह-প্রেমাধীন কৃষ্ণ ব্রজেন্দ্রকুমার। পরম ছর্গম চেষ্টা, বুঝে সাধ্য কার॥ বংশীবট-নিকট প্রম্র্ম্য হয়॥ তথা গোপীনাথ মহারক্ষে বিলসয় ॥ অকস্মাৎ দর্শন দিলেন কুপা করি। শ্রীমধু-পণ্ডিত হৈলা সেবা-অধিকারী॥ (ভক্তি ২।৪৭৫-৭৯)

গ্রীগোপীনাথ-অধিকারী গ্রীমধ্ব-পণ্ডিত। গদাধর পণ্ডিতের শিষ্য এ বিদিত ॥

ভবানন্দ ভক্ত ইঁহার বিশেষ বন্ধু ছিলেন।

শ্রীমধু পণ্ডিতের সতীর্থ ভবানন। গোপীনাথ-সেবায় যাঁহার মহানন ॥ (ভক্তি ১৩।৩১৯-৩২০)

শ্রীশ্রীবীরভদ্র শ্রীবৃন্দাবনে গমন করিলে ইনি ভক্তবুন্দের সহিত তাঁহাকে আগুবাড়াইয়া লইতে আসিয়াছিলেন।

শ্রীনিবাস আচার্য যখন শ্রীবৃন্দাবন হইতে গ্রন্থের গাড়ী লইয়া ইঁহার সমীপে বিদায় লইতে যান, তখন তিনি তাঁহার গলদেশে প্রীগোপী-নাথের প্রসাদী মাল্য প্রদান করেন। শ্ৰীজীব, শ্ৰীমধুপণ্ডিতাদি প্ৰতি কয়। জীনিবাস-গমন নির্বিদ্নে যেন হয় ৷ শ্রীমধুপণ্ডিত—গোপীনাথে শ্ৰীনিবাসে প্রভুর

আজ্ঞামালা আনি' দিলা। (ভক্তি ৬।৪৩১-৪৩২) মধু বিশ্বাস - শ্রীনিবাস আচার্যের কন্তা শ্রীমতী হেমলতা দেবীর শিষ্য।

জ'নাইলা॥

হাদশ

রামচরণ, মধুবিশ্বাস, রাধাকান্ত (কণা২) বৈগ্ৰ। মধু শীল—জাতি নরস্থদর। কেহ কেহ বলেন ইনি মহাপ্রভুর সন্ন্যাসের সময় ক্ষোরকার্য করিয়াছিলেন। মধুসূদন-এ চৈতত্ত-শাখা।

মধু শীল

মহেশ পণ্ডিত, গ্রীকর, গ্রীমধুহদন। ि हे के व्यापि २०।>>>] ২ — এ শামানন প্রভুর শিযা। প্রীপাট – গোপীবল্লভপুর (মতান্তরে সাঁকোয়া)।

উদ্ধব, অকুর, মধুস্দন, গোবিন্দ॥ (প্রেম ২০)

৩--- শ্রীরসিকানন্দ-শিষ্যার ° ম° পশ্চিম ১৪।১৩৫]

8—পদকর্তা, পদকল্পতক্তে পাঁচটি পদ আছে।

মধুসূদন ঘটক--খঞ্জ ভগবানাচার্যের খণ্ডর। (ভগবান আচার্য দেখ) মধুসূদন চক্রবর্ত্তী-- শ্রীনরোত্তম ঠাকুরের প্রশিষ্য এবং শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্তির শিঘা।

মধুস্দন চক্রবর্তী শাখা তাঁর। গঙ্গানারায়ণ প্রাণ-জীবন যাঁহার ৷ (নরো ১১)

মধ্সূদন দাস—শ্রীখণ্ডবাসী, শ্রীসরকার ঠাকুরের শাখা ও সংকীর্ত্তনের বাদক। মধুসূদন বাচস্পত্তি —কাশীধামের বিখ্যাত অধ্যাপক। শ্রীজীব গোস্বামী ইঁহার নিকট বেদাস্ত পডিয়াছিলেন। তাঁহা রহে এমধুস্থদন বাচস্পতি। সর্বশাস্ত্রে অধ্যাপক যেন বৃহস্পতি॥ তেঁহো শ্রীজীবেরে দেখি' অতিমেহ কৈলা। কতদিন রাখি' বেদাস্তাদি পডাইল। ॥ শ্রীজীবের বিন্তাবল দেখি

বাচস্পতি। যে আনন্দ হৈল তাহা

কহি কি শকতি॥ [ভক্তি ১।৭৭৬--

इनि नीलाठल-প্রবাসী বাস্থদেব সার্বভৌমের শিষ্য। অদ্বৈতবাদী নৈয়ায়িক বাস্থদেব শ্রীচৈতগুমহাপ্রভুর ক্রপালাভের পরে বেদাস্থাদিশাস্তে ভক্তিসিদ্ধান্তামুগারে ব্যাখ্যা করিতেন; বাচস্পতি তাঁহার নিকট সেইভাবে বেদান্তচর্চা করিয়া কাশীতে বিখ্যাত পণ্ডিত হন। শ্রীজীবপাদ ইঁহার আশ্রয়ে বেদান্তাদি শিক্ষা করেন।

মধ্রুদন সরস্বতী—বঙ্গদেশের ফরিদ-পুর জেলায় কোটালিপাড়া গ্রাম-বাসী। (১৫৪০-১৬৩২ খৃঃ) ইনি পূর্বে অদৈতবাদী ছিলেন, গোড়ীয় বৈঞ্চবধর্মে আরুষ্ট হন। তদ্রচিত 'অদৈতসাম্রাজ্য-পথাধিরঢ়াঃ', 'ধ্যানাভ্যাস্বশীক্ষতেন মন্সা' এবং 'বংশীবিভূষিতকরাৎ' ইত্যাদি শ্লোকই অদ্বৈত্যার্গ হইতে ভক্তিমার্গের প্রবেশ সংস্কৃচনা করে। প্রথমশ্লোক-ব্যাখ্যা, শ্রীভাগবতের বেদস্ততির টীকা, রাসপঞ্চাধ্যায়ীর টীকা, গীতাগূঢ়ার্থদীপিকা, কৃষ্ণকুতৃহল নাটক, ভক্তিরসায়ন, শাণ্ডিলাস্ত্র-টীকাদি রচনা করিয়াছেন। খ্রীচক্র-বর্ত্তিপাদ গীতার টীকায় বছশ: (৯৷১৫, ১৩।১২, ১৪।২৭, ১৫।১৮) সরস্বতী-পাদের বাকা উদ্ধার করিয়াছেন।

মধ্বাচার্য-দক্ষিণ কানাডা জিলার প্রধান নগর মাঙ্গালোর হইতে ৩৬ মাইল উত্তরে উড়ুপীগ্রামে পাজকা-ক্ষেত্রে শিবারী ব্রাহ্মণকুলে শ্রীমধ্যগেহ ভট্টের ঔরসে ও শ্রীমতী বেদবিছার গর্ভে ১০৪০ শকাব্দে (মতান্তরে ১১৬০ শকে) জন্মগ্রহণ করেন।

বাল্যের নাম—বাস্থদেব। বর্ষে অচ্যুতপ্রেক্ষের নিকট দীক্ষিত -হন ও সন্ন্যাস গ্রহণ করেন। সন্ন্যাস-নাম হয়—পূৰ্ণপ্ৰজ্ঞ। ইনি গোপী-চন্দনপূরিত নৌকা হইতে উড়ুপীকৃষ্ণ (নৃত্যগোপাল মৃতি) শ্রীবিগ্রহ প্রাপ্ত হন। এবিগ্রহের একহন্তে দধিমন্থন দণ্ড ও অপর হস্তে মন্থন-রজ্জু। ভারী মৃত্তি হইলেও কিন্তু মধ্বাচার্য একাই ইহাকে বড়ভণ্ডেশ্বর-নামক স্থান হইতে বহন করিয়া আনিয়া ছিলেন। কাছুর জেলার মুদ্রোরী গ্রামের প্রস্তর-ফলকে লিখিত আছে —'শ্রীমধ্বাচার্টেরেকছস্তেন আনীয় স্থাপিতা শিলা'। মাধ্বতত্ত্বাদ-সম্প্রদায়াচার্যগণ উড়ুপী-গ্রামস্থ মূল মাধ্বমঠকে 'উত্তরাদি মঠ' বলেন। উড়ুপীক্ষেত্রস্থ উত্তরাদি মঠের মূল অধীশ্বর—শ্রীপদ্মনাভ তীর্থ।

উড়ুপী ৮ মঠের মূল পুরুষ ও মঠের নাম:--

>। পলিমার ... শ্রীস্থধীকেশ তীর্থ ২। অদমার ... নরহরি ৩। কৃষ্ণাপুর ... জনার্দন ৪। পুতিগে ... উপেক্ত

৫। শীরুরু --- বামন ... বিষ্ণু ७। त्यांत

৭। কাণুক ... শ্রীরাম ৮। পেজাবর ... অধোকজ

এই সব মঠে যথাক্রমে নিমু বিগ্রহ বিরাজ করিতেছেন— >। প্রীরাম-२। औक्रथ, ७। ठकुक कानिय-मर्बन बीक्रक, 81 विषे र्रेन-स्तित्, ७। विष्ठे विल्पानित। ७। जृ-৭। নুসিংহদেব এবং বরাহদেব, ৮। বিট্ঠলদেব। এক্সঞ্মঠে-

শ্ৰীমধ্বাচার্ঘ-স্থাপিত বালকৃষ্ণমৃতি।

শ্রীমধ্বাচার্য-রচিত গ্রন্থমালা—
গীতাভাষ্য, ব্রহ্মত্ত্র-ভাষ্য, অণুভাষ্য,
প্রমাণ-লক্ষণ, তত্ত্ববিবেক, ঋণ্ভাষ্য,
উপনিষদের ভাষ্য, গীতাতাৎপর্যনির্ণর,
দাদশস্তোত্র, শ্রীকৃষ্ণামৃতমহার্ণব,
শ্রীমদ্ভাগবত-তাৎপর্য, শ্রীমহাভারততাৎপর্যনির্ণর, শ্রীকৃষ্ণস্ততি ইত্যাদি।

শ্রীমধ্বসম্প্রদায়িগণ পরে 'দাসকূট' (ভজনানন্দী) ও 'ব্যাসকূট' (গোষ্ঠ্যানন্দী) নামে ছইটি বিভাগে দৃষ্ট হয়। উভয় দলেই কনড় ভাবায় বহু গ্রন্থ আছে।

উড়ুপীর শ্রীবিগ্রহের নবম উপচারে
নিত্য পূজা হয়। ১। মন-বিসর্জন
বা মন্দির-পরিষ্কার, ২। উপস্থান
বা শ্রীবিগ্রহের নিদ্রাভঙ্গ, ৩। পঞ্চামৃত
বা দধিত্বপ্রহারা স্নান, ৪। উন্বর্জন
বা গাত্রমার্জন, ৫। তীর্পপূজা বা
তীর্থজ্ঞলে স্নান, ৬। অলম্বারধারণ, ৭। আবৃত্তি বা গীত ও
স্তোত্রাদিপাঠ, ৮। মহাপূজা বা
ফলপূজ্পগন্ধ-প্রদান ও গালবাত্ত এবং
৯। রাত্রিপূজা বা আর্তি, ভোগদান
ও গীতবাত্ত।

মধ্বাচার্য হৈতভাষ্যের প্রবর্ত্তক।
ইহার ব্রহ্মস্থ্রভাষ্যে দার্শনিকতত্ত্বের প্রগাঢ় আলোচনা না
থাকিলেও অণ্ভাষ্যে পাণ্ডিত্যের
পরাকাষ্ঠা দেখা যায়। ইনি জীবের
অণ্ড, দাসভ, বেদের অপৌরুষেয়ড়,
স্বভঃপ্রামাণ্যম্ব, প্রমাণত্রয় ও পঞ্চরাত্রউপজীব্যম্ব প্রভৃতি বিষয়ে রামামুজের
সহিত প্রায়শঃ একমত হইলেও
(রামামুজের) তত্ত্বত্রের সহিত
ইহার মতানৈক্য আছে। ইহার

মতে তব্বপদার্থ ছ্ইটি—(তব্ব-বিবেক)। 'স্বতন্ত্রমস্বতন্ত্রঞ্চ বিবিধং তব্বমিষ্যতে। স্বতন্ত্রো ভগবান্ বিষ্ণুনির্দোবোহশেষসদ্গুণঃ।'

শ্বদর্শনসংগ্রহে এই সম্বন্ধে উক্ত হইয়াছে—প্রমেশ্বর জীব হইতে ভিল্প; কেননা তিনি সেব্য, যিনি যাহার সেব্য, তিনি সেবক হইতে ভিল্পই হইয়াথাকেন*, যেমন ভ্তা হইতে রাজা ভিল্প। শাকল্যসংহিতা পরিশিষ্ঠ ও তৈত্তিরীয় উপনিষদ্ হইতে এই দৈতবাদের সমর্থক শ্রুতি উদ্ধার হইয়াছে। এই সম্প্রদায়ের মতে ভেদ পঞ্চবিধ—(১) জীবেশ্বর-ভেদ, (২) জড়েশ্বরভেদ, (৩) জীবে জীবে ভেদ, (৪) জড়ে জীবে ভেদ ও (৫) জড়ে জড়ে ভেদ।

জীবেশবভিদা চৈব জড়েশবভিদা তথা। জীবে ভেদো মিথকৈ জড়জীবভিদা তথা॥ মিথুক জড়-ভেদো যঃ প্রপঞ্চো ভেদপঞ্চকঃ। সোহয়ং সত্যোহপ্যনাদিক সাদিকেং-নাশমাপুয়াৎ॥ (বিষ্ণুতত্ত্ব-নির্ণয়)

শ্রীমন্ মধ্ব তিনটি ব্রহ্মস্ত্রভাষ্য রচনা করিয়াছেন। (১) শ্রীমদ্ব্রহ্মস্ত্রভাষ্যং বা স্ত্রভাষ্যং—এই ভাষ্যটি সর্বাপেক্ষা বৃহৎ, ইহাতে অসংখ্য শ্রুতি, স্বুরাণ ও পঞ্চরাত্রাদির প্রমাণ দারা শ্রীব্যাসের সমস্ত স্ত্রই যে একস্ত্রে গ্রথিত ও শুদ্ধবৈত-তাৎপর্যপর, তাহাই প্রতিপর হইরাছে। ইহাতে অক্তমতের স্পষ্ট খণ্ডন নাই—কেবল শ্রুতি-

 * পরমেখরো জীবাদ্ভিল:, তং প্রতি দেব্যরাৎ, যো যং প্রতি সেব্যঃ দ তত্মাদ্ভিলো যথা ভৃত্যাদ্ রাজা।

শ্বতির প্রমাণমূলে সিদ্ধান্ত সঙ্গতি দেখান হইয়াছে। (২) অনুব্যাখ্যানং বা অনুভাষ্যং---ইহা শ্লোকাকারে নিবদ্ধ-ইহাতেই পূর্বাচার্যদের মতবাদ খণ্ডনপূৰ্বক হইয়াছে। স্ব্যত-স্থাপন অণুভাষ্যং---চভুরধ্যায়াত্মক স্ত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য ইহাতে শ্লোকাকারে গুন্ফিত হইয়াছে! 'গীতাভাষ্যে' আচার্য মধ্বের মতবাদ সংক্ষিপ্তরূপে বর্ণিত আছে। 'মহা-ভারত-তাৎপর্যনির্ণয়ে' অদৈতবাদের অসারতা প্রতিপাদিত হইয়াছে। ভাষ্যে উদ্ধৃত ব্রহ্মতর্কের শ্লোক-কতিপয়ে ভেদাভেদবাদের ইঙ্গিতও যাইতেছে—'নারায়ণে অবয়বী ও অবয়ব-সমূহ, গুণী ও শক্তিমান্ ও শক্তি, গুণ্সমূহ, ক্রিয়াবান্ ও ক্রিয়া এবং অংশী ও অংশ —ইহাদের পরস্পর নিত্য **অভেদ** বর্ত্তমান। জীব-স্বরূপে ও চিদ্রূপ-প্রকৃতিতেও ঐক্নপ অভেদ বিশ্ব-মান। অভএব অংশাদির সহিত অংশি-প্রভৃতির অভেদহেতু, গুণাদির গুণিপ্রভৃতি হইতে পৃথক্ অবস্থানের অভাবহেতু এবং অংশী ও অংশাদির নিত্যম্বহেতু তাহারা (অংশি প্রভৃতি) অনংশ, অগুণ, অক্রিয়াদি শব্দে ক্রিয়াদির নিত্যতা, কথিত হয়। প্রকাশ ও অপ্রকাশভেদ, অস্তিত্ব ও অনস্তিত্বরূপে ব্যবহার এবং বিশেষ ও বিশিষ্টের অভেদও তদ্রূপেই সিদ্ধ হয়। অচিন্ত্য-শক্তিত্বনিবন্ধন প্রমেশে সকলই সঙ্গত | তাঁহার শক্তিহেতু জীবসমূহে এবং চিদ্রপা প্রকৃতিতেও তত্তদ্বিষয়গত

ভেদ ও অভেদ যুগপৎ বর্ত্তমান;
বেহেতু অন্তর ভেদ ও অভেদ উত্তর্যুহ
দৃষ্ট হয়। নিমিত্ত কারণ ব্যতীত
কার্য ও কারণের মধ্যেও এইরূপ
ভেদাভেদ স্বীকার্য।' মধ্বভাষ্য
(২।৩।২৮—২৯) দ্রন্তব্য। বস্ততঃ
মধ্বাচর্যা মুখ্যতঃ ভেদাভেদবাদ স্বীকার
করেন নাই।

শ্রীভগবদ্গীতাতে কর ও অক্ষর
বিবিধ প্রুবের উল্লেথ আছে।
ইহার মতে তব্বমন্তাদি-বাক্য তাদাত্মাপ্রতিপাদক নহে, 'আদিত্যো যুপবং'
এই বাক্যবং কেবল সাদৃশ্যের ভোতনা
করে। মুক্তাবস্থাতেও জীব পৃথক।
'জীবেশ্বরো ভিরো সর্বদৈব বিলক্ষণো।'
জগৎ ক্ষমশীল বটে, কিন্তু মিথ্যা বা
ব্রহ্ম হইতে অভিন্ন নহে। সিদ্ধাস্তসার— সদাগমৈকবিজ্ঞায়ং সমতীতক্ষরাক্ষরম্। নারায়ণং সদা বন্দে
নির্দোষাশেষ-সদগুণম্'॥

রামান্থজী ও মাধ্বী সম্প্রদায় বৈঞ্চব হইলেও উপাসনা এবং সাম্প্রদায়িক চিহ্নাদিতে যথেষ্ঠ বৈলক্ষণ্য আছে। মায়াবাদশতদ্বণী বা তত্ত্বমূক্তাবলী প্রভৃতি গ্রন্থে দৈতবাদের সমর্থন-পূর্বক অদৈতবাদ খণ্ডন করা হইয়াছে।

লক্ষীনারায়ণ উপাক্ত দেবতা।
বৈকুঠেশব নারায়ণ লক্ষী, ভূমি ও
লীলাদেবী সহ বিরাজ করেন।
ইহারা সারূপ্যাদি চতুর্বিধ মুক্তি
শ্বীকার করেন। বিষ্ণুর প্রসাদলাভই
উপাসনার প্রয়োজন। এই ধর্মের মর্ম শ্রীবলদেব বিভাভূষণ ব্যক্ত করিয়াছেন
—'শ্রীমন্ মধ্বমতে হরিঃ পরতমঃ
স্ত্যং জগভবতো, ভেদে। জীবগণা হরেরহুচরা নীচোচ্চভাবং গভা:।

মৃক্তিনৈ জম্বামুভূতিরমলা ভক্তিশ্চ
তৎসাধনমক্ষাদিত্রিতরং প্রমাণমথিলা
মারিকবেঞা হরিং'। [প্রমেয়রত্মাবলী৯]

শ্রীগুরুপারম্পারা—যথা, শ্রীকৃষ্ণ—
ব্রহ্মা—নারদ--বাদ্রায়ণ...মধ্বাচার্য—

পন্মনাভ—নরহরি—মাধব—অক্ষোত্য
—জয়তীর্থ —জ্ঞানসিদ্ধ—-দয়ানিধি—
বিস্তানিধি—রাজেন্ত্র—জয়ধর্ম—বিফুপুরী ও পুরুবোত্তম। পুরুবোত্তম

হইতে ব্যাসতীর্থ—লক্ষীপতি— মাধবেল্রপুরী—ঈশ্বরপুরী, শ্রীঅদৈত-প্রভূও শ্রীনিত্যানন্দ প্রভূ। ঈশ্বর-পুরী হইতে শ্রীগৌরাঙ্গ। এই গুরুপ্রণালী-অন্ধুগারে অনেকেই

গৌড়ীয় সম্প্রদায়কে মাধ্ব-সম্প্রদায়ভুক্ত

বলেন ৷

মধ্ববিজয়' গ্রন্থে মধ্বাচার্যের বিস্তারিত বিবরণ দ্রষ্টব্য। দক্ষিণা-পথের বহু স্থান এই সম্প্রানয়ের আবাস-স্থান। উড়ুপী (নামাস্তর— রজতপীঠপুর) গাদী। ইংহাদের বহু শাখাপ্রশাখা আছে।

মনোহর — প্রমানন্দ গুপ্তের প্রতা।
(প্রমানন্দ গুপ্ত দেখ)
২ — শ্রীনিত্যানন্দ-শাখা। ইংহারা
চারি প্রতা।

নারায়ণ, কৃষ্ণদাস আর মনেহৈর। দেবানন্দ—চারি ভাই নিতাই-কিঙ্কর॥ [ৈচ° চ° আদি ১১।৪৬]

৩—গ্রীনিত্যানন্দ-শাখা। শঙ্কর, মুকুন্দ, জ্ঞানদাস, মনোহর। [ঠৈচ° চ° আদি ১১।৫২]

কেছ কেছ বলেন জ্ঞানদাসের নামও মনোহর। থেতৃরির উৎসবে ইনি উপস্থিত ছিলেন। 8-৬—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য-ত্রয় [র° ম' পশ্চিম ১৪|১৩১, ১৩৭, ১৫১]

মনোহর যোষ--শ্রীনরোত্তম ঠাকুরের শিশ্ব।

মনোহর ঘোষ, অর্জুন বিশ্বাস, অতি শুদ্ধাচার॥ (প্রেম ২০) জয় মনোহর ঘোষ ক্রিয়া-মনোহর। শ্রীগৌরচন্দ্রের গুণ গায় নিরন্তর॥

(নরো ১২) মনোহর দাস—আউল মনোহর দাস দেখ।

২ গ্রীনিবাস আচার্যের পরিবার
ও ভক্তমালের টীকাকার প্রিয়াদাসজির গুরু। বাইগোনকলানিবাসী গ্রীরামশরণ চট্টরাজের শিষ্য।
১৬১৮ শকান্দে ইনি প্রীরন্দাবনে
'অনুরাগবল্লী' নামক গ্রন্থ বাঙ্গলা
ভাষায় এবং ১৭৫৭ সম্বতে
'শ্রীরাধারমণরসসাগর' ব্রজ-ভাষায়
রচনা করেন।

মনোহর বিশ্বাস—জীনরোত্তম
ঠাকুরের শিষ্য। (প্রেম ২০)
জয় জীবিশ্বাস মনোহর মহাশান্ত।
বাঁহার সর্বস্থ গৌর জীবল্লবীকান্ত॥
(নরো ১২)

(নরো ১২)
মলয়া কাজি—অম্য়া মূলুকের অধিকারী। 'প্রেম-বিলাস' (২৪) মতে ইনি
শ্রীল হরিদাস ঠাকুরের পালনকর্জা।
'গোবৎস-হরণপাপে ব্রহ্মা মহাশয়।
যবনের পাল্য হঞা জাতিনাশ হয়॥
বূঢ়নে হইল জন্ম ব্রাহ্মণের বংশে।
যবনত্ব-প্রাপ্তি তাঁর যবনান্ন-দোবে॥
শৈশবে তাঁহার মাতাপিতার মৃত্যু
হৈল। যবন আসিয়া তাঁরে নিজগুহে

অমুয়ার অধিকারী মলয়া

निज ॥

কাজি নাম। তাহার পালিত হঞা তার অরখান॥'

মহত্তম বৈষ্ণব— শ্রীধাম নবদীপে শ্রীবিশ্বন্তরের সন্মুখে বিলাসী পার্ষদগণ।
(গৌ° গ° ১৫)

মহত্তর বৈক্ষব—নীলাচল-লীলায়
বিখ্যাত শ্রীগোরগণ (গো° গ° ১৬)।
মহাদেব ভট্টাচার্য—হুগলী জেলায়
শ্রীরামপুর সহরের নিকট চাতরা
শ্রীগাটের শ্রীল কাশীখর পণ্ডিতের জ্যেষ্ঠ লাতা। বাস্থদেব ভট্টাচার্যের পুত্র। কনিষ্ঠের ধর্মপথের বিশেষ উৎসাহদাতা। ১৪৬৮ খৃঃ অব্দে জন্ম।
মহাদেবের পুত্রের নাম—মুরারি।

(কাশীনাথ পণ্ডিত দেখুন)
মহানন্দ—গ্রীহটের নবগ্রামবাসী;
গ্রীনাভাদেবীর পিতা ও গ্রীঅদৈতপ্রস্থুর মাতামহ।

সেই গ্রামে মহানন্দ বিপ্র মহাশয়।
পরম পণ্ডিত সর্ব গুণের আগ্রয়।
তাঁর কন্তা নাভাদেবী পরমা স্থন্দরী।
কুবের আচার্যসহ বিয়ে হৈল তারি॥
(প্রেণি ২৪)

মহানন্দ চৌধুরী—গ্রীল রঘুনন্দন ঠাকুরের শিষ্য। চক্রপাণি চৌধুরীর ল্রাতা। পুরীধামে দুই ল্রাতার সহিত মহাপ্রভুর সাক্ষাৎকার হয়।

ইনি শ্রীময়য়য়হির-প্রদান শ্রীরুলাবনচন্দ্র বিগ্রহ লইয়া একবার নৌকাযোগে গৌড়দেশে গিয়াছিলেন। পদ্মায় নৌকা ডুবিলে শ্রীরুলাবনচন্দ্রকে বক্ষে লইয়া তিন দিন অনাহারে থাকিয়া ভাগিতে ভাগিতে পোথরিয়া নামক গ্রামে উপস্থিত হয়েন। কয়েকদিন তথায় বিশ্রাম করিয়া তিনি শ্রীথণ্ডে ফিরিয়া আসেন। এখনও সেই ঘাটকে লোকে 'বৃন্ধাবনচন্দ্রের ঘাট'
বলে। তিনি সেই স্থানে নৃতন
শ্রীবৃন্ধাবনচন্দ্র বিগ্রাহ প্রতিষ্ঠা করত
নিজ সেবিত বিগ্রাহ লইয়া আসেন।
(শ্রীথণ্ডের প্রাচীন বৈঞ্চব ২২৯ পৃষ্ঠা)
মহানন্দ্র বিভাত্মধা—'শ্রীচৈতগ্রমঙ্গল'-প্রণেতা শ্রীজ্যানন্দ্র দাসের
আত্মীয়। (জয়া চৈ° মঙ্গল
মহাস্ত শ্রীকের প্রত্বন্ধ (গৌ° গ°
১৪—১৭)। সাধারণত: চৌষ্টি
মহাত্তেই রাটি।

মহাপাত্র—মহাপ্রভুর ভক্ত। রাজা প্রতাপরুদ্র দেবের উড়িষ্যা-রাজ্যের সীমারক্ষক।

তবে ওচু দেশ-সীমা প্রস্থা চলি আইলা। তথা রাজ-অধিকারী প্রান্থারে মিলিলা॥

(ठि° ठ° मश्र ३७। ১४१) মহাপ্রস্থ নীলাচল হইতে প্রীবৃদ্ধা-বনে গমন-মানসে বহিৰ্গত হুইয়া কটক নগরের সীমা ছাডাইয়া ঘাইবার সময় এই সীমারক্ষক উচ্চ রাজকর্ম-চারী তাঁহাকে পরমাদরে নিজগুহে ছুই চারি দিন রাখিলেন। রাজা প্রতাপক্ত দেবের আদেশ ছিল— মহাপ্রভু তাঁহার রাজ্যের উপর দিয়া যে যে স্থানে যাইবেন, সেই সেই স্থানে যাহাতে মহাপ্রস্থার কোন কষ্ট তাহা তিনি বাবস্থা হয়. করিবেন। তাই মহাপাত্র প্রভুকে কহিলেন-বর্তমানে মুসলমানগণের সহিত আমাদের যুদ্ধ হইতেছে. এজন্ব এক রাজ্য-সীমা হইতে অন্ত রাজ্য-সীমায় যাওয়া নিষিদ্ধ । বিশেষতঃ আপনার গমন-পথ এখান

হইতে পিছলদা পর্যস্ত যে যবনের অধিকার, সেই যবন ভয়ানক মগ্রপ এবং পাষও-প্রকৃতি। উহার ভয়ে কেহ নদী পার হইতে পারে না। আমি অগ্রে উহার সহিত সন্ধি করি, তৎপরে আপনি যাইবেন।

দিনকত রহ' সন্ধি করি তার গনে। তবে হুখে নৌকাতে করাইব গমনে॥ (চৈ° চ° মধ্য ১৬/১৬০)

একথা শুনিয়া মহাপ্রেল্থ হাস্ত করিলেন। ওদিকে গুপ্তচর-মুখে মহাপ্রভুর কথা শুনিয়া সেই ছদান্ত যবন অধিকারীর হঠাৎ স্বভাব পরি-বর্ত্তন হইয়া গেল। তিনি মহাপ্রভুকে দর্শন করিবার জন্ম ব্যাকুল হইয়া স্বীয় কর্মচারী 'বিশ্বাস'কে মহাপাত্তের .নিকট পাঠাইয়া দর্শনের স্থযোগ করিলেন। মহাপাত্র মহাপ্রভুর মহিমা বৃঝিতে পারিয়া আশ্চর্যামিত হইয়া যবন অধিকারীকে সীমাতে আসিবার জ্বভা আন্তা দিলেন। যবন অধিকারী প্রতুর দর্শনে পরম ভক্ত হইলেন এবং মহা-প্রভুর গমনের বন্দোবস্ত করিয়া निट्नन।

মহাপ্রভু— শ্রী শ্রী গোরাফদেব।
মহামায়া— শ্রীনিবাস আচার্যের
শিষ্যা। প্রসিদ্ধ শ্রীগোবিন্দ কবিরাজের পত্নী এবং দিব্যসিংহের মাতা।
(গোবিন্দ কবিরাজ দেখ)।

২ উদ্ধারণ দত্ত ঠাকুরের পদ্ধী।

মহাযায়া দেবী— শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া

দেবী ও যাদব নিশ্রের মাতাঠাকুরাণী। স্বামির নাম—শ্রীসনাতন

মিশ্র। (বিষ্ণুপ্রিয়া দেখ)

মহারাজা সীভারাম রায়—গোড়ীয়

বৈষ্ণব-সম্প্রদায়ী ভক্ত। ইহার গুরুর নাম-- একি ক্ষবল্লভ গোস্বামী। মহ-স্বদপুর হইতে ১॥ ক্রোশ পশ্চিমে মাগুরা যাইবার পথে রান্তার পূর্ব-পার্শ্বে খ্যামগঞ্জগ্রাম। সীতারামের জ্যেষ্ঠ পুত্র প্রীল খ্রামস্থলর নিকটেই বোষপুর গ্রামে ছইটি আখ্ডা করেন। একটা আথ ড়ায় মহাপ্রস্থাটেত ভ-দেব ও অক্টাতে গিরিধারী প্রভৃতি বিগ্রহ স্থাপন করেন। মহম্মদপুরের বড় গড়ের পশ্চিম প্রাস্তে, কানাই-বাজার গ্রামেরও পশ্চিম প্রান্তে বনের মধ্যে মহারাজা সীতারামের 'দাকুময় ছরেকুফ' বিগ্রহের বাটী আছে। উঠানের পশ্চিম দিকে উক্ত বিগ্রহের উচ্চ পঞ্চুড় মন্দির আছে। বর্ত্তমানে উক্ত হরেক্বঞ্চ বিগ্রহ ছুর্গের মধ্যে **এ** প্রীরামচক্রজীউর মন্দিরে আছেন। মন্দিরে লুগু প্রস্তর-লিখিত ছিল-বিশ্বাস-বংশোদ্রব সীতারাম রায় ১৬২৫ শকে শ্ৰীকৃষ্ণ-তোষাভিলাষী হইয়া যত্ত্ব-পতিনগরে (কানাইনগরে) এই মন্দির প্রতিষ্ঠা করেন। (ভারতবর্ষ ১৩৩২ বৈশাখ) बद्धालक्यो (प्रती-श्रीक्षीनिज्यानस

প্রভুর কন্তা প্রীমতী গঙ্গাদেবীর খঞ মাধ্বাচার্যের মাতা ঠাকুরাণী ও বিশেশর আচার্যের পত্নী। ইনি মাধ্বকে প্রদ্র করিয়াই স্বধাম গমন করেন। (বিশেশর আচার্য দেখ) মহীধর-শ্রীনিত্যানন্দ-শাখা।

রামানন্দ বস্তু, জগরাথ, মহীধর।। ि देठ° ठ° जामि > > १८४]

মহেশ চৌধুরী—শ্রীল ঠাকুর মহা-(প্রেম ২০) শয়ের শাখা।

জয় জয় ঠাকুর শ্রীমহেশ চৌধুরী। সদা অশ্রুকম্পপুলকাক্সমাধুরী॥ (নরো ১২) মহেশ পণ্ডিত--- শ্রীচৈতক্ত-শাখা (চৈ° চ° আদি ১০।১১) এবং শ্রীনিত্যানন্দ-শাখা। দ্বাদশ গোপালের একতম। ব্ৰজলীলায় মহাৰাহু (গৌ° গ° 1 (650

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩)

মহেশ পণ্ডিত ব্রব্ধের গোপাল। ঢকা-বান্তে নৃত্য করে প্রেমে মাতোয়াল॥

[टेठ° ठ° जािन ১১।७२]

ইনি যশোড়ার শ্রীজগদীশ পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা। মহেশ পণ্ডিতের শ্রীপাট সরডাঙ্গায় ছিল, পরে মশিপুরে হয়, কিন্তু গলাভাঙ্গনে উভয় গ্রাম নষ্ট হইয়া গেলে বেলেডালায় কিছু-দিন থাকিয়া বর্ত্তমানে চাকদহের নিকট পালপাড়ায় শ্রীপাট স্থাপিত হয়। 'চৈতন্ত-সংহিতা' নামক গ্রন্থে লিখিত আছে যে মহেশ পণ্ডিতের শ্রীপাট—বরাহনগরে। উভয়ে একই ভক্ত কি ভিন্ন ভক্ত, তাহা জানা না। খড়দহেতে মহেশ পণ্ডিতের যাতায়াত ছিল বলিয়া মনে হয়। খ্রীনরোত্তম ঠাকুর খড়দহে আসিলে—

মহেশ পণ্ডিত আসি অতিশয় স্নেহে। নরোত্তমে বিদায় করিয়া (ভক্তি ৮।২২০) স্থির নহে॥ আবার ইনি শ্রীনিত্যানম্বের সহিত মহোৎসবে উপস্থিত পাণিহাটীর হইয়াছিলেন। [চৈ° চ° অস্তা ৬।৬২] সাগুণা সরডেঙ্গা ত্থ্থসাগর নিকটে। মহেশ পণ্ডিতের বাস কহি করপুটে॥ পূর্বে জানিবা

মহেশ—'মহাবাহ'

(위 위) আখ্যান॥ মহেশ্বর বিশারদ—বিভানগরবাসী, সাৰ্বভৌম ও বিছা-শ্ৰীবাম্বদেব বাচম্পতির পিতা। নামান্তর-নরহরি বিশারদ।

সার্বভৌম-পিতা—বিশারদ মহেশ্বর। তাঁহার জাজ্বালে গেলা প্রভূ বিশ্বন্তর॥ [চৈ ভা° মধ্য ২১।৬]

माधन- बीवुनावतन वृष्टे जन गाधव ভক্ত বাদ করিতেন। অবশ্য পূর্ব निवाम छाँ हारात वन्नरमर्भ हिन; কিন্ত পরিচয় জানা যাইতেছে না। বলভাচার্যের পুত্র বিট্**ঠলনাথে**র গৃহে য্বন-ভয়ে গ্রীগোপাল্জীকে লুকায়িত করিলে এপাদ স্নাতন গোম্বামির সঙ্গে যে সকল ভক্ত শ্ৰীবিগ্ৰহ দৰ্শনে যাইতেন, তন্মধ্য তুই জন মাধবের নাম পাওয়া যায়। (रेव्ह यथा १४।६१)

২ চট্টগ্রামের চক্রশালা-গ্রামনিবাসী মহাপ্রভুর পরম ভক্ত শ্রীপুগুরীক বিভানিধির বাল্যস্থা। হুই জনই একত্র অধ্যয়ন করিতেন ও পরিশেষে শ্রীগোরভক্তও হইয়াছিলেন।

পুণ্ডরীক, মাধবের একত্র অধ্যয়ন। এক আত্মা, কেবল হয় দেহমাত্র ভিন॥ পুগুরীক-মাধব মহাপ্রভুর অতিভক্ত। দোঁহে মহাপ্রভুর শাখ। আছয়ে বিখ্যাত॥ (প্রেম ২০)

😕 শ্রীনিত্যানন্দ-শাখা।

নকড়ি, মুকুন্দ, স্থর্য, মাধব, প্রীধর॥ [टेठ° ठ° जानि ३ शहर]

8 শ্রীরসিকানন্দ-শিষ্য।

[র° ম° পশ্চিম ১৪।১৪৪]

৫ পদকর্ত্তা, পদকল্পতকৃতে ৫৫টি পদ মাধ্ব-ভণিতায় আছে।

৬ উৎকলবাসী, শ্রীগদাধর পশ্চিতের শিষ্য (?)। ওচুভাষায় 'ঞ্জীচৈতন্ত্য-্বলাস' রচনা করিয়াছেন।

মাধব আচার্য-শ্রীচৈতন্ত্র-শাখা।

ि देठ° ठ° व्यापि २०१२२२] ২ প্রীনিত্যানন্দ-শাখা।

পীতামর, মাধবাচার্য, দাস মনোহর।

[रेठ° ठ° व्यापि ১ । ८२] ইনি খ্রীখ্রীনিত্যানন্দ প্রভুর ক্সা

প্রীমতী গঙ্গাদেবীর স্থামী। নিত্যানশ প্রভুর ক্যা হয় গঙ্গা

নাম। মাধব আচার্যে প্রভু কৈলা কতা (প্রেম ১৯) र्मान । মাধবের পিতার নাম—বিখেশ্বর

চটোপাধ্যায়, মাতার নাম—মহালক্ষ্মী দেবী। মাধবকে প্রস্ব করিয়াই মহালক্ষী দেবী স্থাম গমন করেন; এজন্ত বিশেষরের পর্ম বন্ধু স্থগ্রাম-বাসী ভগীর্থ আচার্য ও তদীয় পত্নী (মহালক্ষীর স্থী) জয়ত্বর্গা দেবীর হত্তে পুত্রকে সমর্পণ করেন। ইংহারা পুত্রত্বেহে মাধবকে পালন করিতে থাকিলে বিশেশর আচার্য ভগীরথের উপর পুত্রের ভার দিয়া সন্মাস গ্রহণ

করিয়া কাশীধামে চলিয়া যান।

ইহার পরে-

মাধবকে পুত্ররূপে করিয়া গ্রহণ। ভগীরপের হইল আনন্দিত মন ৷ যজ্ঞোপবীত যথাকালে মাধবের হৈল। নানা শাল্প তিঁহো পড়িতে লাগিল। নানা শাস্ত্র প'ডে হৈল পণ্ডিত অতিশয়। 'আচার্য' উপাধিতে তি হো থাত হয়। (প্রেম ২১) জমহুর্গার গর্ভে শ্রীনীল ও শ্রীপতির

জন্ম হইয়াছিল। মাধবকে লইয়া তাঁহাদের তিন পুত্র হইল।

বিশ্বেশ্বর আচার্য কাগ্রপ-গোত্রীয় বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন। ভগীরথ চট্টগাঁই—রাটীশ্রেণীর ব্রাহ্মণ।

ভগীরথের পুত্ররূপে মাধ্ব পালিত হওয়াতে মাধৰ ভগীরথেরই গাঁই পাইলেন। সেই হইতে মাধ্ব—

চট্টবংশে হইলেন কুলীন প্রধান॥

কেহ কেহ তাঁহাকে বারেন্দ্র চট্ট ও চট নামেও অভিহিত বঙ্গীয় করিতেন। কাটোয়ার নিকটে ন্ত্যাম্বর গ্রামে ভগীরথের নিবাস ছিল। মাধবের প্রীপাট- জীরাট বলাগডে। গ্রীগোরাঙ্গের সমসাময়িক। বৈষ্ণব-বন্দনায় আছে—

ধাঁহার রচিত গীত 'শ্রীকৃষ্ণমঙ্গল'॥ গ্রন্থখানি মঙ্গলকাব্য-ধরণে লিখিত। খ্রীমদভাগবতের দশম

স্বন্ধই স্থূলতঃ ইহার উপাদান হইলেও

অক্তান্ত পুরাণেরও সাহায্য নিয়া

মাধব আচার্য বন্দো কবিত্ব-শীতল।

হইয়াছে। প্রীগদাধর পণ্ডিতের শাখা। শ্রীবিফুপ্রিয়াদেবীর খুল্লতাত-পুত্র মাধ্ব মিশ্র অন্ত(প্রেম ১৯) আচার্যং মাধবং বন্দে ক্রম্বভক্তি-

রসালয়ম। কুতো যেন প্রয়য়েন গ্রন্থ:

[भा° नि ७२] ञ्जीकृष्यम्**न**ाः ॥ পূর্বলীলায় মাধবী (গে) গ ১৬৯)। মাধৰ কৰীন্দ্ৰ বা মাধৰ গুণাকর-'বলভাষা ও সাহিত্য' পুস্তকে মাধব

গুণাকরের নাম আছে ৷ তালিত-নামেতে গ্রাম অতি অমুপম। কবিশেখরের পুত্র কবিচন্দ্র নাম ॥ তাঁহার পুত্র মাধ্ব-নামেতে

গুণাকর। পরম পণ্ডিত ছিল মাধ্ব গুণধর॥ গজসিংহ নামে রাজা ছিল বর্দ্ধমানে। তার সভাসদ ছিল দিজ गर्वखर्ण॥

'উদ্ধবদৃত'-গ্রন্থ-প্রণেতা, हिन গোড়ীয় বৈষ্ণৰ কিনা তাহা বুঝা যায় না। মাশব ঘোষ--- শ্রীচৈতক্ত-শাখা [চৈ

5° व्याप्ति ऽ०।ऽऽ€ी। শ্রীনিত্যানন্দ-শাখাতেও গণনীয় হন। প্রসিদ্ধ বা**ন্থ**দেব ঘোবের ভ্রাতা। পূর্বলীলায় রসোলাসা সথী। শ্রীপাট— माइँहाँ किस माइँहाँ (वास्ट्राप्त ঘোষ মাষ্ট্ৰা) ইহার কোন চিহ্ন নাই। এই স্থান মুকুন্দ ঘোষের প্রীপাট বলিয়া খ্যাত।

শ্রীমাধব ঘোষ—মুখ্য কীর্ত্তনীয়া-গণে। নিত্যানন্দ প্রভু নৃত্য করে যাঁর গানে। [চৈ° চ° আদি ১১/১৮]

মাধবের পদাবলী-সংখ্যা--->২। মহাপ্রভুর আজায় শ্রীনিত্যানন্দপ্রভু যথন প্রেম-প্রচারার্থ গৌড়ে আগমন করেন, তখন ইঁহারা হুই আতাই সঙ্গে আসিয়াছিলেন।

প্রভুর আজায় নিত্যানন্দ গৌড়ে চলিলা। তাঁর সলে তিনজন প্রভুর আজ্ঞায় আইলা॥ রামদাস, মাধ্ব আর বাহুদেব ঘোষ। প্রভূ**নকে** গোবিদ রহে পাইয়া সম্ভোষ॥

(চৈ° 5° আদি ১০|১১৭--১১৮) মাধব চূড়াধারী—শাণ্ডিল্য গোত্র, বন্যাঘটি-বংশব্দ। বাস্থদেৰ শুগালের दिकार-मच्छामाम इहेटड थिया । ত্যাজা।

মাধ্ব-নামে বিপ্র কোন রাজার প্রজারী । শ্রীবিগ্রহের অলঙ্কার নিল চুরি করি॥ কোনস্থানে গোপের পদ্ধীতে চলি গেল। গোয়ালার
পৌরেহিত্য করিতে লাগিল॥
কামুক পাপিষ্ঠ তথি কাচি' চূড়াধারী।
আপনারে গাওয়ায় 'য়য়য়' 'নারায়ণ'
করি॥ বলে—'আমি চূড়াধারী য়য়য়
নারায়ণ। আমারে ভজিলে পাবে
বৈকুণ্ঠ-ভবন॥' চূড়াধারী-নামে ইথে
বিখ্যাত হইল। চণ্ডালাদি যত
অন্তাজের নারীগণ। য়য়য়লীলা ছলে
করে তাদের সম্পম॥ (প্রেম ২৪)
এই চূড়াধারী মাধব নারীগণ
লইয়া নীলাচলে সংকীর্ত্তনরত হইলে
প্রাম্থ পুরীধাম হইতে বিভাড়িত
করিতে আজ্ঞা দিয়াছিলেন।

বর্ত্তমানে শ্রীর্ন্দাবনে চূড়াধারীদের
কুঞ্জ আছে। বৈষ্ণব সম্প্রদার হইতে
তাহারা ভিন্ন। (প্রেম ২০)
মাধব দাস—ফুলিয়াতে শ্রীপাট।
মহাপ্রভু নীলাচল হইতে শ্রীর্ন্দাবনে
যাত্রাকালীন গোড়ে আসিয়া যথন
সার্বভৌমের ল্রাতা বিপ্রাবাচম্পতির
গৃহে অবস্থান করেন, তথার অত্যস্ত লোকসংঘট্ট হয়, এজন্ত তথা হইতে
তিনি মাধ্বের গৃহে গমন করত সাত
দিন সেস্থানে লোকনিস্তার করেন।

[১৮° চ° মধ্য ১৬।২০৮]

মাধব পট্টনায়ক - — শ্রীগৌরভক্ত,
উৎকলবাসী [বৈঞ্চব-বন্দনা]

মাধব পণ্ডিত—শ্রীঅধৈত-শাখা।

শ্রীহরিচরণ আর মাধব পণ্ডিত। (চৈ° চ° আ° ১২।৬৪)

(है॰ ह॰ আ॰ ১২।৬৪)
মাধৰ মিশ্রা—— প্রীতৈতন্ত্র-শাখা।
পিতার নাম—বিলাস আচার্য
(প্রেম ২৪)। বারেন্দ্র শ্রেণীর
ব্রাহ্মণ। পূর্বলীলায় ব্রষভাম [প্রাণণীণ গ° ৫৬-৫৭]। ইনি শ্রীগদাধর পণ্ডিতের পিতাঠাকুর; শ্রীপাট—
চট্টগ্রাম জেলার বেলেটী গ্রামে।
শ্রীশ্রীমাধতেক্র প্রীর শিষ্য।
মাধতেক্র পুরীর শিষ্য এই মহাশর।

(প্রেম ২২)

শ্রীপুণ্ডরীক বিন্তানিধি তাঁহার পরম
বন্ধ ছিলেন। এই পুণ্ডরীক বিন্তানিধি
পরে শ্রীগদাধর পণ্ডিতের গুরু হন।
পুণ্ডরীক মাধবের একত্র অধ্যয়ন।
এক আত্মা, কেবল হয় দেহ মাত্র ভিন! (প্রেম ২০)
ইঁহার পত্নীর নাম—রত্বাবতী
দেবী।
তৎপ্রকাশবিশেষোহপি মিশ্র-

ত্ব কাশাবনেবোহাপ । নত্রভীমাধবো মত:। রক্লাবতীতি
তৎপত্নী কীর্ভিদা কথিতা বুবৈ:॥
[পৌ° গ° ১৭]

২ (বা আচার্য)—বৈদিক শ্রেণীর

ব্রাহ্মণ। পিতার নাম—কালীদাস।
মাতার নাম—বিধুমুখী দেবী। ইনি
'শ্রীকৃষ্ণমঙ্গল' নামক গ্রন্থ রচনা করেন
(প্রেম ১৯)। ইনি শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া
দেবীর খুড়তুত ভাই। মহাপ্রভুর
খ্যালক। মহাপ্রভুর আজ্ঞার অহৈত
প্রভুর নিকট ইনি দীক্ষা লন।কালীদাস
মিশ্র মাংবকে রাখিয়া পরলোক
গমন করিলে তদীয় অগ্রন্থ সনাতন
মিশ্র পুত্রমেহে মাংবকে পালন করেন

ও শিক্ষা দেন।
নানবিধ শাস্ত্র পড়ি' হইলা
পণ্ডিত। আচার্য উপাধি তিঁহো
হইলা বিদিত॥ (প্রেম ১৯)
শীরাক অক্ষরে মহাপ্রস্কর অভিযেত্ত

শ্রীবাস-অঙ্গনে মহাপ্রভুর অভিবেক-দিনে মাধব প্রভুর ক্বপা প্রাপ্ত হন। সেই হইতে ইনি পরম ভক্ত হইলেন। ইনি নিত্য লক্ষ নাম জ্বপ করিতেন (প্রেম ১৯)। মহাপ্রস্থর আদেশে

শ্রীঅবৈত—

মাধবের কর্ণে মন্ত্র লাগিলিদ
কহিতে॥ ঐ

লোকনাথ পণ্ডিত আর মুরারি

পণ্ডিত। শ্রীহরিচরণ স্থার মাধব পণ্ডিত॥ (চৈ°চ° স্থাদি ১২।৬৪) মাধব পরে সন্ন্যাস লইয়া শ্রীবৃন্দা-

বনে গমন করেন।
সন্ন্যাস করিয়া তিঁহো রহি'
বৃন্ধাবন। এজের মধুর ভাবে করয়ে
ভজন॥ ঐ

শ্রীগদাধর-শাখাতে অপর মাধবের
নাম আছে। [মাধব আচার্য দেখুন]
শ্রীচৈতন্ত-শাখায়——শ্রীমাধবাচার্য,
কমলাকাস্ক,শ্রীযত্ত্বনান। (ঐ ১০০১১৯)

কাটোয়ায় শ্রীদাসগদাধরের উৎসবে ইনি উপস্থিত ছিলেন। পুরুষোত্তম, সঞ্জম্ব, শ্রীচন্দ্রশেখর।

শ্রীমাধবাচার্য কীর্ত্তনীয়া বচ্চীধর ॥
(ভক্তি ৯০০৯৪)
থেতুরী উৎসবেও ইনি সমন করেন

(ভক্তি ১০।৩৭৩)
আরও জানা যায়—ইনি মহাপ্রভুর
টোলে কিছুদিন পড়িয়াছিলেন।
অন্তম বৎসরে ইহার উপবীত হয়।
মাধবের বিধবা মাতা পুত্রকে সংসারী
করিবার জন্ম বিবাহ দিতে উন্মত

পরে মাতার মৃত্যু হইলে খদেশে আসেন। ইনি (সম্ভবতঃ দিতীয়বার)
যথন বুন্দাবনে গমন করেন, তখন
প্রেমবিলাস-রচয়িতা নিত্যানন্দ
(বলরাম) দাসের সঙ্গে ছিলেন।

হইলে ইনি বুন্দাবনে পলায়ন করেন।

ইঁহার আর একটা উপাধি ছিল
— 'কবিল্লভাচার্য'।

পরে মাধবের 'কবিবল্পভাচার্থ'-খ্যাতি। সবে বোলে—কলির ব্যাস এই মহামতি॥ (প্রেম ১৯)

🗢 মহাপ্রভুর সম্পাম্য্রিক। সপ্ত-গ্রামে শ্রীপাট ছিল। তথা হইতে মন্ত্রমন্ত্রিংছ জেলার দক্ষিণে মেঘনা-তীরস্থ নতাপুর (নবীনপুর) গ্রামে উল্ল স্থান একণে বাস করেন। 'গোসাঞিপুর' নামে পরিচিত। खथरय > < • > नात्न हेनि 'ह्छीनीना' রচনা করেন। পরে বৈষ্ণবধর্মের ইঁহার পিতামহের আশ্রেয় লন ৷ নাম-ধরণীধর বিশারদ। পিতা-প্রসাদ মিশ্র। পুজের নাম—জয়রাম। মাধবানন্দ--- শ্রীগৌর-পার্ষদ, রদোলাসা (গে° গ° ১৮৮) 'মাধ্ব ঘোষ' দ্ৰপ্টবা।

মাধবী দাস—নীলাচলবাসী শিখী
মাহিতীর ভগিনী শ্রীমাধবী দাসী
শ্রীমন্ মহাপ্রস্থার কথিত 'সাড়ে তিন
পাত্রের' অর্দ্ধপাত্র। ইনি কতিপয়
পদ রচনা করিয়াছেন বলিয়া
সাহিত্যিকদের ধারণা, কিন্তু ভণিতায়
মাধবী দাস নাম ব্যবহার করিয়াছেম।
পদগুলি কিন্তু বঙ্গভাষায় রচিত।

মাধবী দেবী—গ্রীচেতন্ত-শাথা;
কামস্থ কলা। উড়িব্যাবাসী। ইনি
ক্মপ্রেসিদ্ধ শিথি-মাহিতি ও মুরারি
মাহিতির ভগিনী। পূর্বলীলায় কলাকেলি [গোঁ° গ্ ১৮৯]

মাধবী দেবী—শিখি মাহিতির ভগিনী। শ্রীরাধার দাসীমধ্যে বাঁর নাম গণি॥ (চৈ° চ° আদি ১০।১৩৭) ইনি ভক্তিরাজ্যের যে কত উচ্চাধি-মিকারিণী, তাহা নিম্নলিখিত বিবরণ হইতে জানা যায়। শিখি মাহিতির ভগ্নী শ্রীমাধবী
দেবী ৷ বৃদ্ধা, তপস্থিনী, তেঁহো পরম
বৈষ্ণবী ॥ প্রস্তু লেখা করে যারে
রাধিকার 'গণে' ৷ জগতের মধ্যে
'পাত্র'—সাড়ে তিন জনে ॥ স্বরূপ
গোসাঞি আর রায় রামানন্দ ৷
শিখি মাহিতি তিন, তার ভগিনী
অর্দ্ধজন ॥ (১৮° ৮° অন্ত্য ২।১০৪
—১০৬) ।

শুনা যায় ইনি সংশ্বত ভাষায়
'পুরুষোত্তমদেব নাটক' রচনা
করেন। ২ রাঘব বা রঘু চক্রবন্তির
বনিতা। তাঁহারই কন্সা প্রীমতী
লক্ষীপ্রিয়ার সহিত প্রীনিবাস আচার্য
প্রভুর দিতীয় বিবাহ হয়।

শ্রীরাঘব চক্রবর্ত্তী নাম কেহ কহে। শ্রীমাধবী নামে হয় তাঁহার বনিতা॥ ভিক্তি ১৩।২০৬]

এই মাধ্বী দেবী স্বপ্নে দেখেন— শান্তিপুর হইতে এক বৃদ্ধ মহাতেজস্বী আ'সিয়া বলিতেছেন,— 'শ্রীনিবাসাচার্যই তোমার স্বামী'। এই আদেশ পাইয়া মাধ্বী স্বামিকে বলিলে তিনি আচার্য প্রভুকে কন্সা সম্প্রদান করেন। উক্ত বিবাহে খুব ধুমধাম হইয়াছিল। বিষ্ণুপুরের রাজা বীরহামীর স্বীয় গুরুর বিবাহে বহু অর্থ ব্যন্ত করিয়া-ছিলেন। (রঘুনাথ চক্রবর্তী দ্রপ্রব্য) গোষ্ঠাসহ রাজার উল্লাস অতিশয়। আচার্য-বিবাহে বহু অর্থ করে বায়॥ **माध्योलाजा**—मन्नलिहित গোপালের ভগ্নী—ভাইবোন খ্রাম-চাঁদের সেবায়েত ছিলেন।

এএিমাধবেন্দ্র পুরী—গ্রীবিঞ্*ভক্তি*-পথের প্রথম অবতারী। শ্রীশ্রীঈশ্বর- প্রীর গুরু ও মহাপ্রভুর পরম গুরু।
মাধবেলপুরী প্রেমভক্তি-রসময়।
য়ার নাম-স্মরণে সকল সিদ্ধি হয়॥
শ্রীঈশ্বরপুরী, রলপুরী আদি যত।
মাধবেলের শিষ্য সবে ভক্তিরসে
মন্ত ॥ গৌড়-উৎকলাদি দেশে মাধবের
গণ। সবে কৃষ্ণভক্তি-প্রেমভক্তি-পরায়ণ॥ [ভক্তি (১২২৭—१৪]

শ্রীনিত্যানন্দ প্রভুর—
কথোদিন পরে মাধবেন্দ্রের সহিতে।
দেখা হইল প্রতীচী তীর্থের সমীপেতে। নিত্যানন্দে বন্ধুজ্ঞান করে
মাধবেন্দ্র। মাধবেন্দ্রে গুরুবুদ্ধি করে
নিত্যানন্দ। (ভক্তি ধা২৩৩০, ৩২)
শ্রীনিত্যানন্দের সহিত ইনি মিলিত

হইলে উভয়ের প্রেমমূর্চ্ছাদি-প্রসঙ্গ (চৈ° ভা° আদি ৯।১৫৮—১৮৮) দ্রষ্টব্য। ইনি 'ভক্তিরসের আদি স্ত্রধার' (ঐ ১৬০); মেঘ-দর্শনেই কুফপ্রেমে অচেতন হইতেন (ঐ শ্ৰীপাদ غامه) ; **ঈশ্বরপু**রীর ঐকাস্তিকী সেবায় সম্ভষ্ট হইয়া ইনি তাঁহাকে প্রেমসম্পত্তি দান করেন। (ঐ আদি ১১৷১২৫, অস্ত্য ৩।৫৯,১৭২ ইত্যাদি)। শ্রীঅদ্বৈতপ্রভুর গৃহে আগমন করত ইনি তাঁহাকে দীকা দিয়াছিলেন—(ঐ অস্ত্য ৪।৪৩৩— ৫০৭)। ইঁহার প্রেমদেবা গ্রহণ করিবার জন্ম শ্রীগোবর্দ্ধন গিরিরাজে <u> এখিগোপাল বিগ্রহ প্রকট হন—</u> তথায় নিত্য অন্নকৃট মহামহোৎসব চলিতে লাগিল। মলয়জ চন্দন ও কপূর সংগ্রহ করিয়া শ্রীগোপালের অঙ্গে লাগাইবার জন্ম আদিষ্ট হইয়া ইনি আবার নীলাচলে গমন করেন। পথে রেমুণায় গোপীনাথ ইহার জন্ম

ক্ষীর চুরি করিয়া 'ক্ষীরচোরা'-আখ্যা লাভ করেন। নীলাচলে গিয়া চন্দন

ও বিশ তোলা কপুর সংগ্রহ করত গোপালের স্বপ্নাদেশে গোণীনাথের অঙ্গে মাখাইলেন। পুরী গোস্বামী শেষকালে নিম্ন শ্লোক-রম্বাট পড়িতে

পড়িতে সিদ্ধিপ্রাপ্তি করিলেন—
অরি দীনদ্বার্দ্রনাথ হে মথুরানাথ!
কদাবলোক্যমে। হাদরং হাদপোককাতরং দয়িত! ভ্রাম্যতি কিং
করোম্যহম্॥' [চৈ ° চ° মধ্য ১৭শ
পরিচ্ছেদ]। ১৭০২ শকে কিশোরীদাস
এই শ্লোকের ভাষ্য রচনা করেন।
নাম — অরি দীনদ্যার্দ্রনাথ-শ্লোকের
'বিন্দুপ্রকাশ'।

এতব্যতীত পথাবলীতে (৭৯,৯৬, ১৮৪,২৮৬ ও ৩৩•) ইহার পাঁচটি শ্লোক উদ্ধৃত হইয়াছে।

মাধ রায়—গ্রীরসিকানন্দ-প্রভুর শিষ্য।
[র° ম° পশ্চিম ১৪।১৬১]

মাধাই—গ্রীচৈতন্ত-শাখা, কুলীন ব্রাহ্মণ।

(চৈ° চ° আদি ১০৷১১•) প্ৰবঞ্জীবনে এমন কোন পাপকাৰ্য

মহারূপাপাত্র প্রভুর জগাই মাধাই॥

পূর্বজীবনে এমন কোন পাপকার্য
নাই, যাহা ইনি করেন নাই।
শ্রীনিত্যানন্দ প্রভুকে ইনিই কলসীর
কাণা মারিয়া রক্তারক্তি করিয়াছিলেন। পরে ইনি মহাভক্ত
হয়েন। কাটোয়ার উৎসবে ইনি
উপস্থিত ছিলেন। বৈকুঠের দারপাল 'বিজয়' [গো° গ° ১৭৫]।
মাধাইর পরিচয় (চৈভা মধ্য ১৩।
১২২—১২৫), নিত্যানন্দ-শিরে
ভাষাত (ঐ মধ্য ১৩)১৭৮), মহা-

প্রভুর হন্তে স্থদর্শনচক্র দর্শনে নিত্যা- ।

নন্দের প্রার্থনাদি (ঐ মধ্য ১০)১৮৬

—১৮৮), নিত্যানন্দ-কপালাভ
(ঐ মধ্য ১০)২০৪—০৮৬); মাধাইর
ভজন (ঐ মধ্য ১৫)৪—৯২)।

মাধাইর গঙ্গাঘাট-পরিষ্কারাদি (ঐ
মধ্য ১৫)৯৪, ২০)২৯৯)। কাটোয়ায়
মাইর সমাজ আছে।

মাধুরীজি—শ্রীকপ গোস্বামী প্রভুর
শিব্য। 'মাধুরী-বাণী' নামে ইংলার

মাধুরীজি— শ্রীরূপ গোস্বামী প্রভুর
শিষা। 'মাধুরী-বাণী' নামে ইঁছার
রচিত পদাবলী গৌড়ীয় বৈষ্ণব
সাহিত্যের এক অত্যুক্তল রত্ন।
১৬৭৮ সমতে ও তৎপূর্ব-পরবর্তীকালে
এই সমস্ত পদাবলী লিখিত
হইরাছিল। মাধুরীজির পদাবলী
সাতখণ্ডে বিভক্ত—(১) বংশীবটবিলাস-মাধুরী, (২) উৎকণ্ঠা-মাধুরী,

মাধুরী, (৫) দান-মাধুরী, (৬)
মান-মাধুরী ও (৭) হোরি-মাধুরী।
মাধো——— শ্রীগ্রামানন্দ--পরিকর।
শ্রীরসিকানন্দের শিষ্য। রি° ম°

(৩) কেলি-মাধুরী, (৪) বুন্দাবনবিহার-

পশ্চিম ১৪।১৩৭]
২ পদকর্ত্তা, ব্রজ্বভাষার চারিটী
পদ পদক্ষতক্ততে উদ্ধৃত হইরাছে।
মানসিংহ—অম্বরের পৃথীবাজাধিরাজবংগ্র ভগবান্ দাসের পুত্র। বোড়শ
খৃষ্টশতান্দীর প্রায় শেষ দশকে ইনি
পাঁচহাজারী মন্সবদার হন এবং
সম্রাট্ আকবরের নিকট স্নেহ-পৌরবের

উড়িষ্যার স্থবেদার পদে নিযুক্ত হন। (১৫৯০ খৃঃ) তিনি শ্রীরুন্দাবনে

অধিকারী হইয়া বন্ধ, বিহার ও

শ্রীশ্রীগোবিন্দদেবের অপূর্ব মন্দির নির্মাণ করান। শ্রীগোবিন্দদেবের

অভিবেক ও সেবার ব্যবস্থাদি করত তিনি বঙ্গাভিমুখে বাত্রা করেন।

মানসিংহ বৈষ্ণৰ পরিবারে জন্মগ্রহণ করেন, স্বয়ং ও বৈষ্ণব ছিলেন; কবি-কন্ধণ চণ্ডীতে তাঁহাকে 'বিষ্ণুপদাৰ্ম্ম-ভূল' আখ্যা দেওয়া হইয়াছে। বঙ্গদেশে আসিতে তিনি কাশীতে मन्त्रित्र, রামজীর মান-সংরাবর (দীর্ঘিকা) ও মানেশ্বর মহাদেবের লিঙ্গপ্রতিষ্ঠা করেন। কথিত আছে যে ইনি বারাণসীতে কামদেব ব্রহারীর নিকট শাক্তমন্ত্রে দীক্ষিত হন এবং এইজন্ত পূর্বক্সবিজ্ঞরের পর খদেশে প্রত্যাবর্ত্তনকালে বিক্রমপুর হইতে দানবীর কেদার রায়ের শিলা-(पर्वीरक (अश्वरत नाम-ननारमवी) সঙ্গে লইয়া যান। (যশোহর-খুলনার ইতিহাস ২।৩৫৮—৩৬১ পৃ:)। গ্রীগোবিন্দজীর মূলমন্দিরের পূর্বদিকে

উত্তরপার্শ্বে বৃন্দাদেবীর মন্দিরের উত্তর প্রাচীরে হিন্দী অক্ষরে শিলালিপিতে আছে—'গংবৎ ৩৪ শ্রীশক্বন্দ আকবর

শাহ রাজতী কর্মকৃদ প্রীপৃধ্বারাজা-ধিরাজ-বংশ মহারাজ প্রীভগবস্ত দাস স্থত প্রীমহারাজাধিরাজ শ্রীমানসিংহ-

দেব শ্রীবৃন্দাবন যোগপীঠস্থান মন্দির বনাও শ্রীগোবিন্দদেবকো, কাম

উপরি শ্রীকল্যাণ দাস, আজ্ঞাকারী মাণিক চংদ চোপা**ং**, শিল্পকারি

গোবিন্দ দাস দিলবলী কারিগর।
দঃ গণেশ দাস বিমবল॥' (Growse's

Mathura p. 145)। ১৬১৪ খু:

মানসিংহ দেহত্যাগ করেন।

মামু গোসাঞি—(মামু ঠাকুর)— শ্রীনীলাম্বর চক্রবর্তির লাভুম্মুল্ল

জেলায় মগডোবা গ্রামে। শ্রীপদা-

অগরাথ চক্রবর্তী, নিবাস-ক্রিদপুর

ধরের অপ্রকটে ইনিই টোটা গোপী-

নাথের সেবারেত হন। প্রীগদাধরশাথা।
পঙ্গামন্ত্রী, ষাম্ঠাক্র, প্রীকঠাতরণ॥
(ৈচ° চ° আদি ১২।৮০)
শ্রীনরোত্তম ঠাক্র প্রীতে যাইয়া
দেখেন যে শ্রীমহাপ্রভুর অপ্রকটে—
সহিতে নারয়ে ছঃখ শ্রীমাম্
গোসাঞি। মৃতপ্রায় পড়িয়া আছেন
এক ঠাই॥ (নরো ৪)
পরে ভিনি প্রীধামে মহাপ্রভুর ও
ভক্তগণের বিহার-স্থানগুলি নরোভমকে দেখাইয়াছিলেন। (ভক্তি

৮।২৬৯—৩৮১)। ইনি পূর্বলীলার কলভাবিনী (র্গো° গ° ১৯৬, ২০৫) বঃ প্রেম্পা গৌরচন্দ্রেণ পরিবার-গণৈ: সহ। উৎকলে ভাবিভো মামৃস্তং বন্দে মামুঠক্কুরম্॥ [শা° নি° ১২] মালজী—গ্রীসেন শিবানন্দের ভার্ষা, পূর্বলীলার বিন্দুম্ভী (গৌগ ১৭৬)।

পূর্বলীলার বিন্দুমতী (গোগ ১৭৬)। মালতী ঠাকুরঝি, মালতী দেবী^১ —শ্রীনিবাসাচার্যের শিঘ্যা (অমু ৭)।

শ্রীপাট-কাঞ্চনগড়িয়া: পিতার নাম

মালাধর বস্তুর বংশ-তালিকা

—কুমুদ বা কলানিধি চট্ট। স্বামির

নাম—রা**দেন্ত। তাঁহার আর এক** ভার্যার নাম—ফুররী বা **ফুল**ঝি ঠাকুরাণী।

ছই কন্সা চট্টরাজের ছই গুণবন্ত।
স্থান্ধ মূরতি দোঁহে অতিভদ্ধ, শাবা ॥
শ্রীমালতী ব্রতে (?) তবে প্রস্থাদার
কৈলা। প্রস্থান্ধলা তি হো
অতিংক্ত হৈলা॥ (কর্ণা >)
মালতী দেবী — শ্রীশ্রামানন্দ-

প্রভূর শিদ্যা, শ্রীরসিকানন্দের পদ্মী। মালাধর বস্ত্র (গুণরাক্ত খাঁন)

—১৩৯৫ শকে ১৫৭৩ খৃষ্টাব্দে

দশরথ বস্ত কুশল বস্থ শুভশঙ্কর হংস মুক্তিরাম (মাইনগর) শক্তিরাম (বাগাণ্ডা) অল্ফার (বঙ্গজ) प्राप्त व অনন্তরাম গুণী নায়ক বীণানায়ক মাধ্ব উদয়চাঁদ খ্রীপতি লক্ষ্মীনাথ চক্ৰপাণি লৌহ তোহ অচ্যুতানন্দ প্রজাপতি যজেখর ত্রিলোচন বটেশ্বর সশান শাগর কুপারাম ভগীরপ কামেশ্বর **जुनानन्स** মালাধর বস্তু (গুণরাজ্ঞ্খান) লক্ষীনাথ (সভ্যরাজ্ঞ্বান) রামানন্দ বস্থ

'শ্রীকৃষ্ণবিজ্বয়' গ্রন্থ রচনা আরম্ভ করত ১৪০১ শকে শেষ করেন। এীগ্রী-মহাপ্রস্থ এই গ্রন্থ পাঠ করিয়া বড়ই আনন্দলাভ করিয়াছিলেন। মালাধর বস্থ ও বাদসাহ হুসেনসার মন্ত্ৰী পুরন্দর থাঁ—(গোপীনাপ বন্ধ) উভয়ে জ্ঞাতি-ভ্রাতা। ইহারা আদিশুর-কর্তৃক আনীত দশর্থ বস্থর বংশীয়। দশর্থ বম্ম হইতে ১৩শ পুরুষ। বম্মবংশ বিশেষ প্রতিপত্তিশালী ছিলেন। ইহাদের গ্রামখানি তুর্গসংরক্ষিত ছিল। (বঙ্গভাষা ও সাহিত্য)

মালিনী ঠাকুরাণী—গ্রীবাদ পণ্ডিতের পত্নী। পূর্বলীলার অম্বিকা [র্গো° গ° ৪২]; (শ্রীবাস পণ্ডিত দ্রষ্টব্য)। বাৎসল্যভাবে শ্রীনিত্যানন্দ-প্রভুর সেবা করিতেন। ইহার ত্বশ্বহীন স্তনেও ত্বগ্ৰহ্ণরণ হইত [চৈ° ভা° মধ্য ১১/৮--->•] কাক ঘুতপাত্র অপহরণ করিলে ইঁহার ছঃখ হয় ও শ্রীনিত্যানন্দ-আজ্ঞায় কাকের বাটি-আনয়ন দেখিয়া ইনি নিত্যানন্দকে স্তব করেন [ঐ মধ্য ১১।৩২—৪৪]।

২ এখণ্ডবাসী প্রীলরমুনন্দনের শাখা ও এ মহানন্দ চৌধুরীর পত্নী। मानिनी (परी-काहात्रध তাঁহার নাম মালতী দেবী। ইনি অভিরাম গোস্বামির পঞ্জী। শ্রীঅভিরামের পদ্মী-নাম শ্রীমালিনী। তাঁহার প্রভাব যত কহিতে না জানি॥

[ভক্তি ৪।১০৮] মিতু হালদার—ভক্ত; খেতুরীতে

শ্রীনরোত্তম ঠাকুরের উৎসবে উপস্থিত ছিলেন।

শ্রীচাঁদ ছালদার, মিতু ছালদার সকলে। নিবেদিতে নারে পড়ি

কান্দয়ে সকলে॥

মিথী ভঞ্জ-গ্রীরসিকানন্দ-শিব্য [র° ম° পশ্চিম ১৪।১৬১]।

মিশ্র পুরন্দর—গ্রীজগরাপ মিশ্রের পদবী [চৈ° ভা° আদি ৩।২৫]। মীনকেডন ঘোষ—কায়ন্ত। প্রসিদ্ধ কনিষ্ঠ ভ্ৰাতা। বাপ্সদেব ঘোষের

ইঁহার বংশ আছে। (বাস্থদেব ঘোষ শ্রীপাটের তালিকায় **स**ष्टेवा) কাটোয়ার চারি জোশ ব্যবধানে ঝামটপুর গ্রামে মীনকেতনের শ্রীপাট আছে বলিয়া উল্লেখ আছে।

মীনকেভন রামদাস—বা রামদাস শ্ৰীনিত্যানন্দাখা। মীনকেতন। সঙ্কর্থ-ব্যহ [পৌ° গ° ৬৮]। নুসিংহচৈতন্ত্র, মীনকেতন রামদাস। [रेठ° ठ° व्यानि ১১।६७]

প্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি-পাদের গৃহে অহোরাত্র নামসংকীর্ত্তনে নিমন্ত্রণ পাইয়া ইনি আসিলে সকল বৈষ্ণব ইঁহার চরণ বন্দনা করিলেও তত্রত্য পূজারী গুণার্ণব মিশ্র তাঁহাকে স্ভাষা না করায় ইনি জুদ্ধ হইয়া

বলিয়াছিলেন—

এইত দ্বিতীয় স্থত রোমহর্ষণ। चनामाद (मिथे' (य না কৈল প্রত্যাদগম ॥ [চৈ° চ° আদি ৫।১৭০] ইনি মহাপ্রেমময় ছিলেন, অশ্রুকম্পাদি ভাবভূষণে সদা বিভূষিত ছিলেন— মহাপ্রে**ম**ময় তি হো

বসিলা অঙ্গনে। সকল বৈঞ্চব তাঁর বন্দিলা করিতে, চরণে॥ নমস্কার উপরেতে চড়ে। প্রেমে কারে বংশী মারে, কাহাকে চাপড়ে॥ কছু কোন অলে দেখি পুলক-কদম। এক অলে তাঁর, আর অঙ্গে কম্প ।

নিত্যানন্দ বলি' যবে করেন হন্ধার। তাহা দেখি' লোকের হয় মহা-हम्दकात ॥ (टिंठ° ह° व्यापि ४।>७० ->69]

মীমাংসা-মণ্ডন ভট্টাচার্য-জীরসিক মুরারি প্রভু বাল্যকালে ইহার নিকট নিত্য শ্রীমদ্ভাগবত শ্রবণ করিতেন। [র° ম° পূর্ব ৮।১১]

মীরা বাস-- ত্রীবৃন্দাবনে গোম্বামি-গণের অৰম্বানকালে ইনি উদয়পুরের রাজপ্রাসাদ ত্যাগ করিয়া প্রীশ্রী-গিরিধারীজীউর প্রেমের আকর্ষণে ইহার ব্ৰম্পে আদেন। চরিত্র **एक भाग २२** भ श्रीत एक एक स्टेंग। ইহার ভজনগান স্থপ্রসিদ্ধ। শ্ৰীজীব-সহিত ইহার কৃষ্ণকথা পাদের হইয়াছিল—ভক্তমালের 'ভক্তিরস্-বোধনী' চীকাতে (৪৬৯ অনুচ্ছেদে) ইহার স্পষ্টোক্তি আছে। ইনি একটি গৌর-পদ রচনা করিয়াছেন—ভাহার বিবিধ পাঠ থাকিলেও সচরাচর যে ভাবে গীত হয়, তাহা উল্লিখিত

इडेल-(সাধো) অব তো হরিনাম লো লাগী। পৰ জগকো মন-মাখনচোৱা नाम धरता देवताशी॥ माजू ज्ञानाधा মাখন কাজে বান্ধ্যো যাকো দাম। খ্যাম কিশোরা ভয়ে৷ নব গোরা চৈতন যাকো নাম।। কাঁহা ছোড়ী বো মুরলী কাঁহা ছোড়ী বো গোপী। মুগু মুড়াই ভয়ো সন্ন্যানী মাথে মাহি ন টোপী॥ পীতাহরকো ভাব দিখাবৈ কটি কৌপীন কগৈ। पान ७ छन् नी पानी भीता त्रमना कृष्ध বলৈ ॥

यूक्षे देशाख्य - श्रीनरताच्य शक्रतत

भिषा। श्रीभाषे—ननीया ভেলার कतिम्पूत्र शारम।

আর শিব্য মুকুট মৈত্রের সর্বলোক জানে। ফরিদপুর বাড়ী তাঁর কছে (প্রেম ২০) সর্বজ্ঞানে 🎚

জয় শ্রীমুকুট মৈত্রেয় অতিশুদ্ধ-রীতি। রাধাক্ষ-চৈতত্ত-চরণে দৃঢ় (নরো ১২) রতি ॥ **মুকুট রায়**—মৌড়েশবের রাজা, ইহার কলা পদাবতীর সহিত হাড়াই পণ্ডিতের বিবাহ হয়। ইনি অমর-কোষের টীকা করেন—'পদচন্দ্রিকা" কিরাতার্জু নীয়েরও টীকা করেন বলিয়া ভনা যায়। রায়মুকুটপদ্ধতি-নামে শুতিগ্রন্থের উল্লেখ আছে—রঘুনন্দনের 'প্রান্ধতত্তে'।

মুকুন-জীনিত্যানম-শাখা। भक्षत्र, मूकुन्म, छानमाम, मत्नार्त्र। (कि° विश्वि । अधिर)

২ ঐচিতত্তের উপশাথা। শঙ্করারণ্য, আচার্য ব্রক্ষের এক-শাখা। মুকুন্দ, কাশীনাথ, রুদ্র-উপশাখা লেখা॥

ইহারা সকলেই শঙ্করারণ্যের भाश। (टेठ° ठ° व्यापि २०।२०७) ৩ খ্রীনিত্যানন্দ-শাখা।

নকড়ি, মুকুন্দ, সূর্য, মাধব, শ্রীধর। (देह° ह° चामि >>।8৮)

৪ পদ্মনাভের পুত্র ও শ্রীরূপ-সনাতনের পিতামহ। ইনি বিছা, বৃদ্ধি ও চরিত্রে সর্বোত্তম ছিলেন बदः शीए शार्शन-दोखदकाल मही इटेग्राष्ट्रिलन।

শ্রীরসিকানন্দ-শিষা [র° ম° পশ্চিম ১৪।১৪৮] [

৬ পরমেশ্বর মোদকের পুত্র (চৈচ

वशु >२।१५)।

মুকুন্দ ওঝা (হাড়াই পণ্ডিত)— শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পিতাঠাকুর। পিতার নাম—(নকড়ী বাড়্রী) মুরারী ওঝা। গ্রীধান-একচাকা-গ্রামে। মুকুন্দ ওঝা মৌডেশ্বরের রাজা মুকুট রায়ের কন্তা শ্রীমতী পন্মাবতী দেবীকে বিবাহ করিয়াছিলেন। পূর্বলীলায় দশরথ ও বস্থদেব (গে) 51° 80) 1

মুকুন্দ কবিচন্দ্র--গ্রীগৌরভক্ত [বৈঞ্ব-বন্দনা ।

মুকুদ্দ কবিরাজ—গ্রীনিত্যানশ-শাখা ।

গোবিন, এরঙ্গ, মুকুন্দ-তিন কবিরাজ॥ (চৈ° চ° আদি ১১।৫১) শ্রীমুকুন্দ কবিরাজ। কর এই হিত। হবে যে বৈষ্ণব, তার পদে রহু চিত॥ (নামা ২২৩)

मुकुम (भाषामी-भाषात्तत मृन-তান নগরে শ্রীপাট। ইনি মূলতান-নিবাসী মহাপ্রতুর ভক্ত প্রীকৃঞ্চদাসের শিষ্য। গৌড়দেশে শ্রীক্লফদাস কবি-রাজ গোস্বামিপাদ-ক্বত শ্রীচৈতম্ চরিতামৃত গ্রন্থ ইনিই আনয়ন করিয়াছিলেন ও সর্বভক্তকে তাহা নকল করিয়া লইতে বলিয়াছিলেন। ইহা হইতেই উক্ত মহাগ্রন্থের সর্ব-প্রথম প্রচার হয়।

মুকুন্দ গোস্বামী, গোপাল ক্ষত্রিয়, विक्षूनाम, द्राधाकृष्ण, श्रीविन व्यक्ष-কারী—এই কয়জন কুষ্ণদাসের শিষ্য-গণের মধ্যে প্রধান।

মুকুন্দের পিতা বিখ্যাত ধনী সদা-গর ছিলেন। মুকুন্দ একদিন তাঁহার পর্ম রমণীয় অট্টালিকায়

করিয়া আছেন, এমম সময় স্বপ্নাদেশ পান—'শীঘ রন্দাবনে আইস'। নিদ্রাভঙ্গে তিনি বাণিজ্যের ছল করিয়া নানাবিধ অগন্ধি মব্য-পূরিত নৌকায় শ্রীবুন্দাবনে যাত্রা করিলেন। শ্রীবৃন্দাবনে উপস্থিত হইয়া বন-রাজীর শোভা, বিশেষত: এঞী-গোবিন্দ-গোপীনাথজীকে দর্শন করিয়া তিনি মোহিত হইয়া গেলেন। ঐ সময়ে এক্সঞ্দাসের সহিত তাঁহার হয়। শ্রীক্ষঞ্চাস আশ্রমে মুকুন্দকে नहेशा গেলেন। বুন্দাবনের যাবতীয় ভক্ত মুকুন্সকে রুপা করিলেন। সেই হইতে মুকুন প্রেমরাজ্যের সদাগর হইলেন।

যুক্ল দত

২ শ্রীকৃষ্ণদাস করিরাজ গোস্বামির ক্বপাশ্রিত, ইনি শ্রীভক্তিরগামতের 'অর্থরত্বাল্লদীপিকা' নামে নাতি-বৃহৎ টীকা করিয়াছেন।

[यूक्समाम (गायामी सहेवा] মুকুন্দ ঘোষ—শ্রীবাস্থদেব ঘোষের ভাতা। (শ্রীবাপ্নদেব ঘোষ দ্রষ্টব্য) মুকুন্দ ঠাকুর-শ্রীল আচার্য প্রভুর (প্রেম ২০) মুকুন্দ দত্ত-প্রতিতন্ত্র-শাথা-অষষ্ঠ। বজের মধুকণ্ঠ। [গেণ গ° ১৪০] শ্রীমুকুন্দ দন্ত শাখাপ্রভুর সমাধ্যায়ী। যাঁহার কীর্তনে নাচে চৈত্ত গোসাঞি॥

(कि क वामि २०१८०)

শ্রীপাট—চটগ্রামে চক্রশালা। তথা হইতে নবদীপে ও পরে কাঁচরা-পাড়াতে গ্রীপাট করেন। শ্রীবাম্বদেব দত্তের ভ্রাতা। সঙ্গীত-শাল্তে বিশেষ পারদর্শী ছিলেন। ইহার অকণ্ঠে মহাপ্রভুর ভাবসাগর উপলিয়া উঠিত।

চট্টগ্রাম দেশে চক্রশালা গ্রাম হয়।
সম্রান্ত দত্ত অষষ্ঠ তাহে খ্যাত রয়।
সেই বংশে জনমিলা হুই ভাগবত।
শ্রীমুকুল দত্ত আর বাহ্মদেব দত্ত॥
বাহ্মদেব জ্যেষ্ঠ, মুকুল কনিষ্ঠ হন।
ছুই আসি নবদ্বীপে ক্রিলেন বাস॥
(প্রেম ২২)

মুকুন্দ শিশুকাল হইতেই মহাপ্রভুর
সঙ্গী। একসঙ্গে গলাদাস পণ্ডিতের
টোলে পাঠ করিতেন। জীনিমাই ও
মুকুন্দে নিরস্তর শাস্ত্র-যুদ্ধ হইত।
(চৈভা আদি ১১/২৮—০০, ১২।
৬-১৯)।

বিষ্যানিধির সর্বভর্জ্ঞাতা, গদাধরসহ বিষ্যানিধি-সকাশে গমন, গদাধরের
সন্দেহ ও তরিরাকরণাদিতে মুকুন্দ
(চৈ ভা মধ্য ৭৷৩৯—১২১)।
শ্রীহরিবাসর-কীর্ত্তনে মুখ্য গায়ক (ঐ
মধ্য ৮৷১৪১) অভিষেক-লীলাগান
(ঐ মধ্য ৯৷৩২)।

শ্রীবাস-অঙ্গনে যেদিন মহাপ্রভ্রম মহাপ্রকাশ হয়, সেদিন প্রভ্ কৃত্রিম ক্রেম করত বলিয়াছিলেন—মুকুন্দকে আমার নিকট আসিতে দিও না; 'ও থড়জাঠিয়া বেটা না দেখিবে মোরে' অর্থাৎ মুকুন্দ কখন জ্ঞান বড়, আবার কখন ভক্তি বড় বলিয়া সম্প্রদায়ে সম্প্রদায়ে ঘুরিয়া বেড়ায়।' তখন মুকুন্দ বলিয়া পাঠাইলেন—'বেশ, এবারে না হয় পাইলাম না—ভবে কখন কি তোমায় পাইব না ?' প্রভ্ বলিয়া পাঠাইলেন—'কোটি জন্মের পর আমাকে নিশ্চয় পাইবে।' এই কথা শুনিবামাত্র মুকুন্দ লক্ষ্ক দিয়া উঠিলেন—এবং 'কোটি জন্মের

পরে পাইব, পাইব' বলিতে বলিতে উন্মত হইয়া নৃত্য করিতে লাগিলেন। পরে মহাপ্রভু মুকুন্দকে আনয়নপূর্বক কুপা করিলেন। [চৈ° ভা° মধ্য ১০।১৭৩—২৬৪ ী সন্ত্রাস-প্রসঙ্গে মুকুন (वे भश २७।১७०--১७७). কাটোয়ায় গমন, কীর্ত্তনাদি (ঐ মধ্য २৮।৮৫->৪৯). नीलाहरू शयरनद मभी (के बसार। ७६, २२२, २००) নরেন্দ্রে জলকেলি (ঐ অস্ত্য ৮।১২৩)। মুকুন্দ দাস-পঞ্চালদেশীয় বাহ্মণ-শ্রীগোরভক্ত। শ্রীলক্ষণাস কবিরাজ গোস্বামিপাদের নিকট গ্রন্থায়ন করেন—তাঁহার অপ্রকটে শ্রীবিশ্বনাথ চক্রবভিকে পাইয়া বিরহ ছঃখ প্রশমন [নরো ২০০ পৃষ্ঠা] মুকুন্দ দাস গোস্বামী----গ্রীল কুষ্ণদাস কবিরাজের শিশ্ব বলিয়া সাবনদীপিকায় উক্ত। ইনি ভক্তি-রসামৃত-সিন্ধুর 'অর্থরত্বাল্লদীপিকা' নামে এক টীকা প্রণয়ন করিয়াছেন। 'সিদ্ধান্তচলোদ্য' নামে একথানি গ্রন্থ ইহাতে আরোপিত হইয়াছে। ্রোড়ীয়-বৈষ্ণব-সাহিত্য ২।৪৫,১১২, ১৪৩ পৃষ্ঠা দ্রষ্টব্য]। তদীয় অধস্তন শিয়া-বংশের প্রতি দানপত্রটি এস্থানে লিখিত হইল। ইহা শ্রীযুক্ত সতীশ চন্দ্রায় (Ex-D.P.I. Assam) মহোদয়ের সংগ্রহে আছে।

> ১৭৭৩ সম্বতে লিখিত দান-পত্তের নকল

শ্রীশ্রীরাধাগোবিন্দদেবে জয়তাং শ্রীরাধাগদাধর-গৌরগোবিন্দরপ-সেবাপরায়ণ শ্রীরাধামোহনাধিকারী প্রেমালিলন-শুভাশীর্বাদ লিখনং কার্যঞ্চ

আগে শ্রী৬১ মুখ্যদেবক শ্রী৬২ হএন ; তার সেবক এী৮৩ হন, তাঁহার লাতৃপুত্র এবং সেবক তুমি হও, শ্রীশ্রীপমজকুরের সেবিত অতএব বেবা জে প্রীশ্রী ৮জীউর নিকটে ছিলেন তাহা তোমাকে সেবা করিতে দিলাম এবং শ্রীশ্রীপসিরোপাটীকা তোমাকে করিলাম। <u>නිනි•∕8</u> সেবক শ্রীপ্রীভন্তা হন—তদমুসারে প্রীপ্রী দেবা প্রী ৮ গেবাভজন স্বরণ সাধ্যসাধন এ৬৬ বছামুসার ভজন করিতে থাকিবা। প্রুরমাদের সঙ্গ না করিবা তোমাদিগে বাস করিতে শ্রী ৮কুঞ্জ⁹ দিলাম। তাহাকে বনাইয়া বাস করহ মিতি সম্বৎ ১৭৭৩ আশ্বিন স্থদী তিজ্ঞ।

মুকুন্দ দেব— শ্রীপদ্মনাতের কনিষ্ঠ
প্রা। শ্রীরূপ সনাতন গোস্থামির
পিতামহ। তরছাজ-গোত্রীয় যজুর্বেদী
ব্রাহ্মণ। (শ্রীরূপ দ্রষ্টবা)
মুকুন্দ সরকার—(বা মুকুন্দ ঠাকুর)
শ্রীচৈতগ্য-শাখা। প্রাশিদ্ধ শ্রীল নরহরি
ঠাকুরের জ্যেষ্ঠ লাতা। পুজের নাম—
শ্রীরঘুনন্দন ঠাকুর। পিতার নাম—
শ্রীনারায়ণ সরকার। শ্রীপাট— বর্দ্ধমান
জ্বেলার শ্রীখণ্ড গ্রামে। ব্রজ্পীলার
বুন্দা। [গোঁ° গ° ১৭৫]

খণ্ডবাসী মুকুন্দদাস জ্রীরযুন্দন।
(চৈ° চ° আদি ১০।৭৮)

১। শ্রীমুকুল দাস গোলামীর; ২। মধুরাদাস গোলামী। ৩। প্রাণবদ্ধু অধিকারী;

। রঘুনাথ ভট্ট পোলামী, কবিরাজ্প
গোলামী। ৫। বৈফব; ৬। চৈছন্তবিভ্যানলাদৈভাদি দাদশ গোপাল চেবিটি
মহাত; ৭। শ্রীকুণ্ডে শ্রীরাধারুক্ষ চক্রবর্তী
গোলামীর।

মুকুন্দ মহাপ্রভুর আজ্ঞায় বিবাহ করেন। শ্রীরঘুনন্দনই তাঁহার এক-মাত্র পুত্র। তদানীস্তন গৌড়ের বাদশাহ হোদেন শাহ মুকুন্দের চিকিৎসা-বিভার **তু**নাম শুনিয়া সমাদরে श्रीय ভাঁহাকে বল্ রাজধানীতে রাজচিকিৎসকের পদে একদিন মুকুন্দ বরণ করেন। বাদশাহকে শিখিপুচ্ছের ব্যজনে বাতাস করা হইতেছে দেখিয়া প্রেমে মুচিছত হন। বুদ্ধিমান হোসেন শাহ মুকুন্দের অবস্থা বুঝিতে পারেন। ্ইহার পরে মুকুন্দ চাকরী ছাড়িয়া চলিয়া আসেন এবং শ্রীধাম নবদীপে মহাপ্রভুর সহিত মিলিত হন। তদবধি ইনি ভক্তিশাস্ত্র আলোচনায় ও গৌর-কথায় জীবন অতিবাহিত ত্রীরাসপূর্ণিমায় ইনি করিলেন। অপ্রকটে প্রবেশ করেন।

মুকুন্দ সঞ্জয়

মৃকুন্দ সঞ্জয়—শ্রীনবদ্বীপবাদী, মহা-প্রাক্তর ছাত্র।

প্রভুর পড়ুয়া ছই--প্রুষোত্ম সঞ্জয়।
ব্যাকরণে ছই শিয়--ছই মহাশয়॥

[देठ° ठ° व्यापि २०११)]

অনেকে মুকুন্দ ও সঞ্জয়কে বিভিন্ন ব্যক্তি মনে করেন, কিন্তু এন্থলে স্পষ্টই প্রতীত হইতেছে যে 'সঞ্জয়' তাঁহার উপাধি ছিল। মুকুন্দ পুরুষোত্তমের পিতা। ইহার গৃহেই অধ্যাপক নিমাইর বিভাচতুম্পাঠী ছিল।

[চৈ° ভা° আদি ১০।৩৮—৩৯]
অনেক জন্মের ভূত্য মুকুন্দ সঞ্জয়।
পুরুষোত্তম দাস হেন যাহার তনয়॥
প্রতিদিন সেই ভাগ্যবস্তের আলয়।
পড়াইতে গৌরচক্র করেন বিজয়॥

[थे व्यापि २६१६—७]

পুরুষোত্তম সঞ্জয় চলিলা হর্ষ-মনে।
যে প্রাভূর মুখ্য শিষ্য—পূর্ব অধ্যয়নে ॥
(ঐ অস্ত্য ৮।২০)
মুকুন্দ সরস্বতী——মহাপ্রাভূর গণ

नरह।

'মুকুন্দ সরস্বতী নাম সন্ন্যাসী মহাজনে ॥'

(ৈচ° চ° অস্ত্য ১০।৫০)
সন্ন্যাসি-সম্প্রদায়ভুক্ত। শ্রীবৃন্দাবনে
থাকিতেন। ইনি এক দিবস
শ্রীসনাতন গোস্বামিকে একথানি
লোহিত বর্ণের বস্ত্র প্রদান করেন।
বস্ত্র মস্তকে বাঁধিয়া শ্রীসনাতন
শ্রীজ্ঞগদানন্দ পণ্ডিতের নিকট গমন
করিলে তিনি প্রথমে মনে করেন যে
উহা পুরীতে মহাপ্রভুর প্রসাদী বস্ত্র।
পরে তিনি তথ্য জানিয়া ও ভিন্ন
সম্প্রদায়ীর বস্ত্র সনাতনকে শিরোভূষণ
করিতে দেখিয়া ক্রোধে ভাতের
হাঁড়ি লইয়া মারিতে উন্তত হন।
(জগদানন্দ পণ্ডিত দেখ)

মুকুন্দানন্দ চক্রবর্ত্তী—গ্রীবৃদ্ধাবনবাসী শ্রীগোরভক্ত। শ্রীচৈতগ্রচরিতামৃত রচনা করিতে আজ্ঞাদানকারী ভক্ত-গণের অক্সতম।

(ৈচ° চ° আদি ৮।৬৯)

মুকুন্দার মাতা— গ্রীনবদীপবাসী

পরমেশ্বর মোদকের বনিতা। ইনি

একবার গ্রীমহাপ্রভুর দর্শনে পুরী গিয়া

ছিলেন।

[ৈচ° চ° অস্তা ১২।৫৮]।

মুক্তারাম দাস—শ্রীনবাস আচার্যের

শিষ্য। (কর্ণা ১; মোহনদাস দেখ)

মুরারি—(রসিক) শ্রীগ্রামানন্দ
প্রভুর শিষ্য। শ্রীপাট—স্থবর্ণরেখা
নদীর তীরে রয়ণি গ্রামে। ইনি

রয়ণি পরগণার অধিপতি রাজা
অচ্যতানন্দের পুত্র। (প্রেম ১৯)
শ্রেষ্ঠ শাখা রসিকানন্দ আর
শ্রীমুরারি। যাঁর যশোগুণ গায়
উৎকল দেশ ভরি॥

রসিকমুরারির মাতার নাম—
ভবানী দেবী। পদ্ধীর নাম—গ্রীমতী
ইচ্ছাময়ী দেবী। অতি অল্ল বয়স
হইতে মুরারি সর্বশাস্ত্রে স্থপণ্ডিত
এবং ধর্মান্থরাগী হয়েন। মুরারি
ধনবানের পুল্ল, কিন্তু তাঁহার ঐখর্ম
ভাল লাগিত না। এক দিবস
ঘাটশিলায় (বর্তুমান B.N.R.
ঘাটশিলা) তিনি নির্জনে বসিয়া চিস্তা
করিতেছেন, এমন সময়ে—

হইল আকাশ বাণী—'চিন্তা না করিবে। এথার শ্রীখ্যামানন্দ-স্থানে শিষ্য হবে'॥ (ভক্তি ১৫।৩৩) পরদিন প্রাতে মুরারি দেখেন—

স্ব্যরশার ভাষ তেজোরাশি ছড়াইতে ছড়াইতে কিশোরদাস আদি ভক্ত গণের সঙ্গে শ্রীগ্রামানন্দ প্রভূ উপস্থিত হইলেন এবং মুরারির সকল অভাব

মুরারির উপর খ্বই পরীকা হইয়াছিল, কিন্তু সবগুলিই তিনি উত্তীব হন।

পূরণ করিলেন।

২ চাতরার প্রীকাশীখর পণ্ডিতের
শিষ্য ও প্রাতা—মহাদেব ভট্টাচার্বের
পুক্র। কাশীখর ইহার হন্তে প্রীগোরাঙ্গ
ও শ্রীনিত্যানন্দ-বিগ্রহের সেবার ভার
দিয়াছিলেন। মুরারির পুত্রগণ্ট
চাতরার চৌধুরীগণ। বর্ত্তমানে
তাঁহারা প্রীক্রমহাপ্রভুর বাটীর
সেবায়েত। (কাশীখর পণ্ডিত দেখ)

মুরারি আচার্য-গ্রীগ্রামানদ প্রভূর

শিষ্য, তাঁহারই আদেশে ইনি ১৬২৮
শকালায় 'বিন্দুপ্রকাশ' নামে ১৪৪
শ্লোকে এক গ্রন্থ রচনা করেন।
ইহাতে শ্রীখামানন্দ প্রভুর ব্রজবাসকালে শ্রীরাধারাণীর শ্রীচরণচ্যুত
ন্পুর-প্রাপ্তি ও বিন্দুশোভিত নৃপুরাক্বতি-তিলক-বিষয়ক তথ্যাদি প্রকটিত
হইয়াছে।

মুরারি ওঝা—একচক্রা-নিবাসী।
শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পিতামহ।
(শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুদেখ)
মুরারি গুপ্তা—শ্রীচৈতন্ত-শাখা। পূর্ব-

লীলার হমুমান্ [গো° গ° ৯১]। শ্রীমুরারি গুপ্ত, গুপ্ত প্রেমের ভাণ্ডার।

প্রভুর হাদর দ্রেবে শুনি' দৈন্ত যার॥
(ৈচ° চ° আদি ১০।৪৯)

আদি নিবাস— শ্রীহট্ট। তথা হইতে শ্রীধাম নবদীপে মহাপ্রস্থার বাটীর নিকটে নিবাস হয়। মহাপ্রভুর সম-

বয়স্ক বাল্যবন্ধু। এক সঙ্গে গঙ্গা-দাস পণ্ডিতের টোলে অধ্যয়ন করিতেন।

ইনি মহাপ্রস্থার বাল্যলীলা স্বচক্ষে
বাহা দর্শন করিয়াছিলেন,তাহা সংস্কৃত
ভাষার 'প্রীকৃষ্ণ চৈত্র চরিতামৃত'
নাম দিয়া লিপিবদ্ধ করেন।
এতদ্যতীত ইনি পদাবলী-সাহিত্যেও
দান করিয়াছেন। মহাপ্রস্থার প্রতি
মুরারির ভক্তি অতুলনীয়। প্রীচরিতামৃতাদি গ্রন্থে বর্ণিত আছে—পাছে
মহাপ্রস্থারর অগ্রে অদর্শন হন,
প্রজন্ত একদিবস আত্মহত্যা করিবার
জন্ত একথানি শাণিত ছুরিকা লইয়া
গলদেশে দিতে মনস্থ করিলে
অন্তর্থামী প্রীগোরাঙ্গদেব ছুটিয়া পিয়া

করেন [চৈ° ভা° মধ্য ২০।>>৪—
>২৬]। বাল্যলীলায় প্রভু মুরারির
স্কন্দে আরোহণ করত চতুর্ভক্রপে
অঙ্গন-ভ্রমণ করেন (ঐ আদি ১।>৩৩)।
ভবরোগ্য-বৈত্ত মুরারি—

'চিকিৎসা করেন যারে হইয়া
সদয়। দেহরোগ, ভবরোগ—হুই
তার ক্ষয়॥' (চৈ° চ° আদি ১০।৫১)
মহাপ্রভু ইংহাকে অনেকবার
'কাঁকি' জিজ্ঞাসা করিয়াছেন, গুপ্তের
অর্থ খণ্ডন করিয়া রুথা তিরস্কারও
করিয়াছেন। বরাহাবেশে মুরারির
গৃহে প্রভু গমন করত বেদগুহু তত্ত্ব
প্রকাশ করিয়া প্রকাশানন্দের প্রতি
আক্ষেপ স্চনা করিলেন (চৈ° ভা°
মধ্য ৩২৪—৫২)। ইনি মহাপ্রভুর
কীর্ত্তন-লীলার সদ্ধী; মুরারিকে

শ্রীমন্ মহাপ্রভু মুরারিকে স্বপ্রযোগে শ্রীনিত্যানন্দ-তত্ত্ব জ্ঞাপন করিলেন (ঐ মধ্য ২০০১ ৭—২১)। মুরারি-প্রদত্ত স্থতার-ভোজনে মহাপ্রভুর

শ্রীরামরূপে দর্শন দান ও শ্রীরামাষ্ট্রক

শ্রবণ করেন (ঐ মধ্য ১০।৭—২০),

'বিষ্ঠন্ত' ও মুরারির জলপানে তল্লাশাদি (ঐ মধ্য ২০।৫৩—৭১)।

মুরারির গরুড়-ভাব ও প্রভুকে স্কল্পে ধারণাদি (ঐ মধ্য ২০।৮১—১০২)।

মুরারিটেতন্য দাস—(মূরারি পণ্ডিত) - শ্রীনিত্যানন্দ-শাখা।

ম্রারিচৈত ভা দাসের আলোকিক
লীলা! ব্যাঘ্র গালে চড় মারে,
সর্পদনে থেলা॥ ('ৈচ° চ° আদি
১১।২০)। [ৈচ° ভা° অন্তা ৫।৪২৬
—৪৩৫ পর্যন্ত ইহার লীলা সবিস্থারে
বর্ণিত হইয়াছে।]

তাঁহাকে আত্মহত্যা করিতে নিষেধ[া] মুরারি দাস—শ্রীনরোত্ম ঠাকুরের

শিষ্য।

েগোসাঞি দাস, মুরারি দাস, ঞীবসস্ত দত্ত। (প্রেম ২০)

জয় শ্রীমূরারি দাস দীনে দয়া অতি। বৈঞ্ব-উচ্ছিষ্টে যার পরম পীরিতি॥

(নরো ২২)

২ (ভক্ত ২০০০) চামার কুলের পবিত্রতাবিধায়ক ভাগবত। প্রীরসিক-মুরারি ইঁহার গৃছে গিয়া মুরারি-দাসের পাদোদক পান করিয়াছেন শুনিয়া প্রীরসিকমুরারির শিষ্য জনৈক রাজার মনে সন্দেহ হইলে শিষ্য-বংসল মুরারি ভাগবতের মাহাত্ম্য-কীর্ত্তন করত রাজার অপরাধ ক্ষালন করেন।

মুরারি পণ্ডিত---শ্রীঅহৈত-শাখা।

লোকনাথ পণ্ডিত আর মুরারি পণ্ডিত। [ৈচ° চ° আদি ২২।৬৪]

মুরারি পণ্ডিত! রূপা করহ আমায়। অশেষ গৌরাঙ্গ-লীলা দেখি

ननीयाय॥ [नामा >৫৫]

২ শ্রীগোপাল গুরুর পিতা। মুরারি ভালাণ—উড়িফ্যাবাসী, মহা-প্রামুর ভক্ত। দক্ষিণ দেশ হইতে

মহাপ্রত্ন নীলাচলে প্রত্যাবর্ত্তন করিলে গার্বভৌম ভট্টাচার্য ইইরারও

পরিচয় দিয়াছিলেন—

চন্দনেশ্বর, সিংহেশ্বর,—মুরারি

ত্রাহ্মণ। বিফুদাস ইছো ধ্যায় ভোমার

Бद्रव ॥ (८७° क° मध्य : ०।६६)

দেখাহ' মুরারি বিপ্র! গৌরাঙ্গ-বিলাগ। দক্ষিণাদি অমি' বৃন্দাবন-ক্ষেত্র-বাগ। [নামা ১৬৫]

মুরারি মাহিতি— এটিচতর শাখা। মহাপ্রভুর মন্মিভক্ত প্রীশবি-মাহিতি

ও মাধবী দাসীর ভ্রাতা।

শীশিথি মাহিতি আর **শ্রীমুরারি**মাহিতি। মুরারি মাহিতি ইহ শিথি
মাহিতির ভাই। তোমা চরণ বিমু
অন্ত গতি নাই॥ (চৈ° চ° মধ্য ১০।
৪৪; শিথি মাহিতি দেখ)

প্রীগোরাজদেবকে সার্বভৌম-গৃহে
প্রথম দর্শনমাত্রেই ইনি তাঁহার চরণে
মন প্রাণ সমর্পণ করিয়াছিলেন।
মুরারি মিশ্রা—কবি জয়দেবের সমসাময়িক কবি। ইনি প্রীজগরাথের
মন্দিরে উৎসব-উপলক্ষে 'অনর্যরাঘ্ব'
রচনা করেন।

মুলুক কাজি—গ্রীগোরান্তের প্রাকট্যসময়ে ইনি শান্তিপুরে বাস করিতেন
এবং গ্রাম্যবিচারাদি নির্বাহ করিতেন।
ইনি ঠাকুর হরিদাসের বিরোধী
ছিলেন—গ্রীহরিদাসকে বিচারার্থ
তৎসমীপে আনীত হইলে ঠাকুরের
অচলা নামনিষ্ঠার প্রকাশ—বাইশ
বাজারে প্রহার ইত্যাদি [চৈ° ভা°
আদি ১৬/৩৬—১৫৫ ন্তেইবা]।

মুসলমান বৈষ্ণব কবি—রমণীমোহন
মলিক-কর্তৃক প্রকাশিত একটি কুদ্র
প্রবন্ধে মুসলমান বৈষ্ণব কবিদের
উল্লেখ আছে—(১) শালবেগ, (২)
ফটন, (৫) সেথ ভিখান, (৪) শাহ
আকবর, (৫) ফকির হবিব্, (৬)
কবির মহম্মদ ও (৭) সেথ লাল।
ইহাদের কবিতা ব্রজম্বনর সাফালকৃত 'মুসলমান বৈষ্ণব কবি' ৪র্থ খণ্ডে
পুনঃ প্রকাশিত হইয়াছে। মুন্সি
আবঙ্গল করিম 'সাহিত্য-সংহিতাম'
ও 'পূর্ণিমায়' প্রোয় ২০ জন মুসলমান
বৈষ্ণব কবির সন্ধান দিয়াছেন।
'বঙ্গসাহিত্য-পরিচয়ে' প্রীদীনেশ সেন
১>৪২—৪৬ প্রচায় 'পদ্মাবৎ'-প্রশেতা

चालाश्राम, चिनताका, हानकाकि. গরিব থাঁ প্রভৃতিরও পদাবলি সংগ্রহ করিয়াছেন। এতদ্ব্যতীত আরো কতজন বৈষ্ণব কবির সন্ধান ডাক্তার ত্মকুমার সেন-ক্বত 'ব্ৰজবুলি শাহিত্যের ইতিহাসে' **৪৬৪** পু: দ্রষ্টব্য। কলিকাতা বিশ্ববিভালয়ের चशाशक श्रीयुक्त मार्थनलाल ताव চৌধুরী-প্রণীত 'দিন্-ই-ইলাহি' নামক প্রতীচ্য ভাষায় লিখিত পুস্তকে ১৯---২০ পৃষ্ঠায় আবহুর রহিম খাঁ नामक खरेनक भूगनमान कवित गःक्व ও হিন্দি সাহিত্যে দান-প্রসঙ্গে—

দোহা—তৈ রহীম মন আপনো
কীন্হো চাক্ষ চকোর। নিসি বাসর
লাগো রহৈ ক্লফচন্দ্রকী ওর॥১
গহি শরণাগত রাম কী ভবসাগরকী
নাব। রহিম ন জগত উদ্ধার করি
ঔর ন কছু উপাব॥ ২

রহিমের সংস্কৃতহিন্দি-মিশ্রিত প্লোক রচনা—

শরদ নিশি নিশীথে চাঁদ কী রোশনাই। সঘন বন নিকুঞ্জে কাহ্ন বংশী বজাই॥ রতিপতি হতে নিদ্রা সাইয়াঁ ছোড় ভাগী। মদন-শিরসি ভূয়: ক্যা বলা আন লাগী॥

একটা সংস্কৃত পছ—রক্সাকরোহন্তি
সদনং গৃহিণী চ পদ্মা, কিং দেয়মন্তি
ভবতে জগদীখরায়। রাধাগৃহীতমনসে মনসে চ তুভ্যং, দন্তং ময়া নিজ
মনন্তদিদং গৃহাণ॥ 'দিন্-ই-ইলাহি'
নামক প্তকের ১২—২৫ পৃষ্ঠাও
ক্সাইবা। নজকল ইসলানের পদাবলীও
অতিক্ষপ্ত আখাছা।

মোহন— শ্রীরসিকানন্দ-শিষ্যদ্বর [র° ন° পশ্চিন ১৪।১৪৮, ১৫৩]। ২—পদকর্ত্তা, পদকল্পতক্তে ইংহার
৩০টি পদ সমাহত হইরাছে।
মোহন ঠাকুর—শ্রীঅভিরাম দাসের
'পাট-পর্যটন'-মতে ইনি শ্রীঅভিরাম
গোস্থামির শিষ্য। শ্রীপাট—
পাণিহাটী।

'পাণিহাটীতে ঠাকুর মোহনের স্থিতি'। [পা° প°]
২ (দাড়িরামোহন)— শ্রীঅভিরাম দাসের 'পাট-পর্যটন'-মতে শ্রীঅভিরাম গোস্বামির শিষ্য। শ্রীপাট—সীতা-নগর।

সীতানগরে বাস—ঠাকুর মোহন।
দাড়িয়া মোহন নাম বলে সর্বজনে।
কিবা সে শোভন দাড়ি অতি
বিলক্ষণে॥ [পা°প°]
মোহন দাস—শ্রীআচার্য প্রভুর শিষ্য।
ইনি ব্রজানন্দ দাস, হরিপ্রসাদ, স্থানন্দ দাস এবং প্রেমী হরিরাম দাস—
এই কয়জন গুরু-ভাতা মিলিয়া
শ্রীবৃন্দাবনে একত্র ভজন করিতেন।
শ্রীমোহন দাস আর ব্রজানন্দ দাস।

বাবোহন দান আর এজানন্দ দান।

সবে মিলি একত্রে করেন ভজন।
লক্ষ হরিনাম সবে করেন গ্রহণ॥
ভজন-পরাকাষ্ঠা যার না পারি
কহিতে। আবেশে রহেন সদা
মানস-সেবাতে॥ (কণা ১)

২—বৈগ্ন, শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য। শ্রীমোহন দাস নামে জন্ম বৈগ্য-কুলে। নৈষ্ঠিক ভজন যাঁর অতিনিরমঙ্গে॥ (কর্ণা >)

শ্রীগোবিন্দ কবিরাজের সহিত ইহার বন্ধতা ছিল। মোহনদাস পদ-রচনা করিয়াছেন। ব্রজবুলিতে রচিত ২৩টি পদ পদকল্পতক্ষতে সমাস্তত হইয়াছে। 'দ্বিজ্বর উদাসীন শ্রীমোহন । বিলাস'॥ রি° ম° পশ্চিম ১৪।১০৪ী

৩--- শীরসিকানন্দ এতুর শিষ্য, দাস। আজন রসিক-সঙ্গে করিলা। মোহনানন্দ---- শীরসিকানন্দ-শিষ্য। ্র° ম° পশ্চিম ১৪।১৫১]

যতু গাঙ্গুলি—শ্রীগদাধর পণ্ডিতের শাখা। যত্ব গান্ধলি আর মঙ্গল বৈষ্ণব। [टेठ° ठ° जानि >२।४७] বৰ্দ্ধমান জেলায় পালিগ্ৰাম-চাণক-নিবাসী শ্রীনলিনাক ঠাকুর এই শাখার বংশধর। যত্নজীবন তর্কালক্ষার---বর্দ্ধমান প্রদেশে শিখরভূমের অধিপতি মহেক্ত সিংহের সভাপণ্ডিত। ইঁহার ক্সা রমাদেবীকে মুকুন্দ (শ্রীরূপস্নাতনের পিতামছ) বিবাহ করেন। **শ্রীক্মলাক্**র যত্ত্বনন্দ্র—মাহেশের পিপ্লাইয়ের জামাতা, শ্রীমতী বিছ্যুৎমালার স্বামী। (বীরভদ্র গোস্বামী দেখ)। শ্রীক্মলাকর যাহার খণ্ডর, জামাতা (বৈ-আ-দ) यञ्चनस्य ॥ ২ শ্রীচৈতন্ত্র-শাখা। মাধবাচার্য, কমলাকান্ত, প্রীযত্ত-नन्तन॥ [देठ° ठ° व्यानि २०।>>२] ইনি কোন্ যত্নলন, তাহা বুঝা যায় না। ৩ (বা যতুনন্দনাচার্য)--- শ্রীবীর-ভদ্র গোস্বামির শিষ্য। পিপ্ললী-বংশোদ্ভব। প্রীপাট-কামটপুর। ইনি বীরভদ্র গোসামির শশুর। ইহার

ত্বই কন্তার নাম---শ্রীমতী ও নারায়ণী।

ছুই ক্যাকেই বীরভাষ প্রভু বিবাহ

করিয়াছিলেন (প্রেম ২৪)। শ্রীনিত্যানন্দ-পত্নী শ্রীজাহুবামাতা— রাজবলহাটের নিকট ঝামটপুরে। গেলেন ঈশ্বরী এক ভূত্যের মন্দিরে॥ তথা বিপ্ৰ যতুনন্দনাচাৰ্য ধেয়ায়॥ (ভক্তি ১৩|২৫০) ইহার ভার্যার নাম-লক্ষ্মী দেবী। যত্নকনের ভার্যা—লক্ষ্মী নাম তাঁর। কহিতে কি—অতি পতিব্রতা-ধর্ম গার॥ তাঁার ছই ছহিতা শ্রীমতী, নারায়ণী। গৌন্দর্যের সীমাডুত অঙ্গের বদনী॥ ঈশ্বরী-ইচ্ছায় সে বিপ্র ভাগ্যবান্। প্রভু বীরভদ্রে দুই কয়। देवन नान ॥ (পরে) যত্নন্দনেরে—বীরভদ্র শিষ্য কৈলা। জাহ্নবা ঈশ্বরী অতি উল্লসিত (के २०१२६२—२६७) বীরভদ্র প্রভু স্বীয় বনিতা-শ্রীমতী, নারায়ণী দোঁছে শিয় (3266) देकना ॥ যপ্তনন্দন আচার্য-শ্রেখা। শ্রীযত্তনন্দ্রনাচার্য অবৈত-শাখা। তার শাখা উপশাখা নাহি যায় লেখা ॥ (रेठ° ठ° व्यापि ३२१८७.) ইনি সপ্রগ্রামের হিরণাদাস ৬ গোবর্দ্ধন দাস প্রভৃতির কুলগুরু। (প্রেম ২৪) ৰাহ্মদেৰ দত্তের তেঁহ হয় অমু-গৃহীত। রঘুনাথের গুরু তেঁহে। হয়

পুরোহিত॥ অদৈত আচার্যের তেঁহ অন্তর্জ। আচার্য-আজ্ঞাতে মানে চৈততো প্রাণধন। [520 Bo অস্ত্য ৬।১৬১—১৬২]

ইনি স্থপণ্ডিত, স্থগায়ক ও প্রেমিক ভক্ত ছিলেন। ইহাঁর উপাধি ছিল— তর্কচুড়ামণি। একদা শান্তিপুরে শ্রীহরিদাসঠাকুরের মুখে **সাকার**-নিরাকার-বিষয়ে অসিদ্ধান্ত শুনিবার শ্রীঅদৈতপ্রভুর তেজ:পুর কলৈবর দেখিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করিলেন। (অদ্বৈত-প্রকাশ ৭) যত্নন্দন চক্রবর্ত্তী—শ্রীল দাস গদা-ধরের শিষ্য। এপাট-কাটোয়া। বটব্যাল—শাণ্ডিল্য গোত্র। শ্রীযত্বনদান চক্রবর্তী বিজ্ঞবর। যাঁর

ইষ্টদেব-প্রভু দাস গদাধর॥ (ভজি ৯।৩৫২)

শ্রীদাস গদাধরের তিরোভার-উপলক্ষে ইনি চতুদ্দিকের ভক্তগণকে নিমন্ত্রণ করিয়া মহোৎসব করিয়া-ছিলেন। বর্ত্তমানে কাটোয়ার মহা-প্রভুর বাড়ীর সেবায়েত ঠাকুরগণ ইহার বংশধর। শ্রীদাস গদাধরের গ্রীগোরাল বিগ্রহ এবং সমাধি-বেদী প্রভৃতির ইহারা অধিকারী। (গদাধর माग (मथ) পদাবলী-সাহিত্যে ইঁহার দান আছে।

২ শ্রীরসিকানন্দ প্রভুর বাদ্য-

ভ্রাতৃষ্পুদ্র স্থবলচন্দ্রের হেমলতার শিষ্য। ইহার প্রীপাট-কাটোরাম मानिशाणी वा स्वलाणी উত্তরাং**শে**

গ্রামে ছিল। ইনি 'কর্ণানন্দ' নামক গ্রন্থে আচার্য প্রভুর জীবনী লিখিয়া-ছেন। কর্ণানন্দ ২য় নির্গাচন—

मीन यञ्चलन मांग देवछ नाम यात । মালিহাটী গ্রামে স্থিতি প্রেমহীন ছার ॥

ঐ ষষ্ঠে গ্রন্থ-রচনার সন আছে— বুধুইপাড়াতে রহি শ্রীমতী-নিকটে। সদাই আনন্দে ভাগি জাহ্নবীর তটে॥ পঞ্চদশ শত আর বৎসর উনত্রিশে। বৈশাথ মাসেতে আর পূর্ণিমা-দিবসে॥ নিজ প্রভুর পাদপদ্ম মস্তকে ধরিয়া। সম্পূর্ণ করিল গ্রন্থ শুন মন দিয়া॥ শ্রীমতী হেমলতা দেবী গ্রন্থথানি শুনিয়া এরপ আনন্দিত হয়েন যে উহার নাম 'কর্ণানন্দ' রাখিয়া-ছিলেন। গ্রন্থ শুনি' ঠাকুরাণীর মনের আনন। শীমুখে রাখিলা নাম গ্রন্থ 'কর্ণানন্দ'॥ ঐবিদগ্ধমাধদ, ঐগোবিন্দ লীলামৃত, এীকুফকর্ণামৃত গ্রন্থের ইনি স্থললিত অমুবাদ-রচনায় চির-যশসী। পদামৃতসমুদ্রে ইহার পদাবলি

যত্নাথ- এচৈতত্ত-শাখা। কুলীন-গ্রামবাগী।

সমাহত হইয়াছে।

পুরুষোত্তম, যতুনাথ, শক্র. विश्वानना॥ (टेठ° ठ° जापि २०।৮०) ২ শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।

শ্রীপাট-পাছপাড়া। ইহার পিতার নাম-বিপ্রদাস, মাতার

ইহাদেরই ধান্তগোলাতে শ্রীগোরাঙ্গ-মৃতি পাওয়া যায় ও শ্রীনরোত্তম ঠাকুর তাহা খেতুরীতে প্রতিষ্ঠা করেন।

তাঁর ছই পুল হয় পরম স্থন্দর। রমানাথ-ভক্তিরত্বাকর॥ যত্নাথ. উাহারে করিলা দয়া ঠাকুর মহাশ্র॥ পাছপাড়া গ্রামেতে তাহার আলয়॥ (প্রেম ২০)

৩—শ্রীশ্রামানস প্রভুর শিষ্য। শ্রীপাট-বলরামপুর।

যহনাথ, রামভন্র, শ্রীজগদীখর। খ্যামানন্দ-শিষ্য, বাস-বলরামপুর॥ (প্রেম ২০)

যত্ত্বাথ কবিচন্দ্র—শ্রীনিত্যানশ-শাখা।

মহাভাগবত যত্নাথ কবিচন্দ্র। বাঁহার হৃদয়ে নৃত্য করে নিত্যানন ॥ . (চৈ° চ° আদি—১১।৩৫)

শীহট্ট জেলার বুরুঙ্গা গ্রামে, কেহ বলেন ঢাকা-দক্ষিণ-গ্রামে পূর্বে বাস ছিল, তথা হইতে কুলীন গ্রামে বাস করেন। পিতার নাম-- রত্তগর্ভ আচার্য। যত্নাথেরা তিন ভ্রাতা-कृष्णनन्म, जीव ७ यद्रनाथ। यद्र-নাথের পিতা ও মহাপ্রভুর পিতা শ্রীকগরাপ যিশ্ৰ এক গ্রামবাসী ছিলেন। যত্নাথ প্রভুর সমসাময়িক। চক্রবর্ত্তী—গ্রীগদাধর যত্নাথ পণ্ডিতের উপশাখা।

যত্বনাথ-চক্রবর্তিনমীড়ে গুণসাগরম্। গদাধর-প্রিয়তমং লীলাভাগবতাভি-ধম। প্রেমকন্দং মহাভিজ্ঞং বন্দে ভক্তা মহাশরম্॥ [শা° নি° ৩ •] **যতুনাথ দিখিজয়ী**—প্রেমবিলাসমতে (২৪ বি:) এছিরিদাস ঠাকুরের সহিত ইহার বিচার হয় এবং পরাজিত হইয়া শ্রীঠাকুরের শ্রীচরণ আশ্রয় করেন।

যবন চর

বিচাভূষণ-- শ্রীনরোত্তম **যত্তনাথ** ঠাকুরের শিষ্য। ইনি পূর্বে শ্রীঠাকুরের বড়ই বিদেষী ছিলেন, পরে তাঁহার কুপাকটাকে প্রম বৈঞ্ব হন।

কাণী নাথ যছুনাথ বিভাভূষণ, আর। তর্কভূষণ উপাধি তাঁর সর্বত্র প্রচার॥

(প্রেম ১৯ : শ্রীরূপনারায়ণ দেখ) যত্ত্বনাথ হালদার---'পাটপর্যটন'-মতে ইনি ঐতিভারাম গোস্বামির শিষ্য শ্রীপাট--রাধানগরে ছিল।

রাধানগরেতে বাস যতু হালদার॥ চর--রাজা প্রতাপক্ষদ্রের রাজ্যের সীমা কটকের বাহিরে মুসলমান রাজার অধিকৃত রাজ্যের (হোসেন শাহর) একজন অধিকারী বা রাজার ভাষ সন্মান-বিশিষ্ট কর্ম-চারী ছিলেন। তিনিই ঐ অঞ্চলের इस्ता कर्छा। देनि छाँदात करिनक গুপ্তর। উডিয়া রাজ্যের মধ্যে ছন্মবেশে ভ্রমণ করিয়া রাজনৈতিক তথা সংগ্রহ করিতেন।

যখন মহাপ্রস্থ উড়িয়া হইচে শ্রীরন্ধাবনে গমন করিবার জন্ম বহি-র্গত হন এবং রাজা প্রতাপরুদ্রের রাজ্যের শেষ শীমার উপস্থিত হইয়া উড়িক্সা-সীমারক্ষক 'মহাপাত্রের' গৃহে অবস্থান করেন, সেই সময়ে মহা-প্রভুকে দর্শন করিবার জন্ম জনতা হইতে থাকে। জনতার সংবাদ পাইয়া এই খবন চর কোন রাজ-নৈতিক বিভাট ঘটিয়াছে ভাবিয়া

গোপনে অমুসন্ধান করিতে আসিরা

যাহা দেখেন, তাহাতেই তিনি একেবারে উন্মন্ত হইয়া যান। প্রভুর
অপরূপ রূপ, অভুত ভাব প্রভৃতি
দর্শনে ভাগ্যবান্ যবন চরের অন্তর
আনক্ষেন্ত্য করিয়া উঠে। তাহার
পরে—

* * নেই চর হরি ক্বন্ধ গায়।
 হাসে, কাঁদে, নাচে, গায় বাউলের
 প্রায়॥ (১৮° ৮° মধ্য ১৬।১৬৮)
 পরে এই চরের মুর্থে তাহার

ষবনাধিকারী মহাপ্রভুর অঙুত কাহিনী শ্রবণ করিয়া প্রভুকে দর্শন করিতে ইচ্ছা করিলেন। এজন্ত 'বিশ্বাস' নামক জনৈক উচ্চ কর্ম-চারীকে, উড়িয়াসীমা-রক্ষকের নিকট পাঠাইয়া সন্ধি করত মহাপ্রভুকে দর্শন করিয়াছিলেন।

(যবনাধিকারী, মহাপাত্র, বিশ্বাস দেখ)

যবনাধিকারী—নাম প্রকাশ নাই।
উড়িন্থা সীমার বাহিরে ম্সলমান
রাজ্যের ইনি একজন প্রতিনিধি
ছিলেন। রাজার ন্থায় তাঁহার ধন
ও ক্ষমতা ছিল।

মহাপ্রাপ্ত শ্রীবৃন্দাবন-গমনজ্ঞ নীলাচল হইতে বহির্গত হইরা গীমারক্ষক
মহাপাত্রের গৃহে অবস্থান করিবার
সময়ে উভয় রাজার যুদ্ধ হইতেছিল;
এজ্ঞ এক রাজ্যের গীমা হইতে অস্ত রাজ্যে প্রবেশ নিষিদ্ধ ছিল, কিন্তু
মহাপ্রাভুর শ্রীবৃন্দাবন যাইতে হইলে
মুগলমান অধিকারের মধ্য দিয়া গমন
করিতে হইবে, এজ্ঞ মহাপাত্র প্রাভুবে ২।৪ দিন স্বীয় আবাসে
রাধিয়া যবন অধিকারীর সহিত সন্ধি করিয়া মহাপ্রভুর যাত্রার স্থযোগ ভাবিতে লাগিলেন।

ওদিকে দেই যবন অধিকারী গুপ্ত-চর-মুখে প্রভুর মহিমা শুনিরা বিশেষতঃ যবনাধিকারীর জ্বনৈক কর্মচারী 'বিশ্বাদের' মুখেও মহাপ্রভুর বিস্তারিত কাহিনী জানিয়া একেবারে মোহিত হইয়া গেলেন এবং অচিরেই নিজে উপ্যাচক হইয়া মহাপাত্রের সহিত সন্ধি করিয়া—

হিন্দুবেশ ধরি সেই যবন আইলা ॥

দ্ব হৈতে প্রভু দেখি ভূমিতে
পড়িয়া। দণ্ডবৎ করে অফ্র পুলকিত

হইয়া॥ (তখন) মহাপাত্র আনিল

তারে করিয়া সম্মান। জোড়হাতে
প্রভু আগে লয় 'কুষ্ণ' নাম॥

(তৈ° চ° মধ্য ১৬।১৭৮—১৮০)

তবে মহাপ্রস্থ তারে রুপাদৃষ্টি
করি। আখাসিয়া কহে—তুমি কহ
'ক্বফ হরি'॥ (ঐ ১৮৭)

যবনের ভাগ্যের সীমা রহিল না।

প্রভুর শ্রীমুথে ক্বঞ্চনাম শ্রবণ করিয়া তাঁহার প্রেমোদয় হইল। তখন যবন অধিকারী বলিলেন,—'প্রভা। দাসকে ক্নপা করিলেন, তবে কিঞিৎ সেবার জন্ম আজ্ঞাপ্রদন্ত হউক'।

সেই সময়ে মহাপ্রভুর সঙ্গী মুকুন্দ দত্ত বলিলেন—

তবে মুকুন্দ দত্ত কহে— ওন
মহাশয়। গঙ্গাতীরে যাইতে মহাপ্রস্থের মন হয়॥ তাঁহা যাইতে কর
ভূমি সহায়-প্রকার। এই বড় আজ্ঞা,
এই বড় উপকার॥ (ঐ ১৯০—১৯১)
যবন অধিকারী আজ্ঞা পাইয়া
নিজেকে ধন্ত জ্ঞান করিয়া মহাপ্রস্থর

যাত্রার উল্পোগ করিতে লাগিলেন।

পরদিন প্রাতে একখানি নৃতন নৌকাতে একটি স্থন্দর নৃতন গৃহ করিয়া তাহাতে প্রভু ও ভক্তগণকে বসাইলেন। সেই সময়ে জ্ঞাদস্থার বড়ই প্রাহুর্ভাব, এজন্ত আরও দশ-খানি নৌকাতে সৈন্ত সামস্ত লইয়া ম্বন অধিকারী স্বয়ং প্রভুকে রক্ষা করিতে করিতে সঙ্গে চলিলেন। এক নবীন নৌকা, তার মধ্যে ঘর।

এক নবীন নৌকা, তার মধ্যে ঘর।
স্বগণে চড়াইলা প্রেভু তাহার উপর॥
জলদস্থা-ভয়ে সেই যবন চলিল।
দশ নৌকা ভরি সেই সৈন্ত সঙ্গে
নিল॥ মদ্রেশ্বর ছট নদে পার
করাইল। 'পিছল্দা' পর্যস্ত সেই
যবন আইল।

(চৈ ত মধ্য ১৬১৯৬—১৯)
পিছল্দা হইতে মহাপ্রস্থ ববন
অধিকারীকে বিদায় দিলেন; কিন্তু
সারাপথ প্রভুকে ভাবিতে ভাবিতে ও
কাঁদিতে কাঁদিতে তিনি স্বস্থানে
আগমন করিলেন ও মহাপ্রভুর উপদেশমত কার্য করিয়া জীবন যাপন
করিতে লাগিলেন। (মহাপাত্র,
যবনরাজ, বিশ্বাস শক্ষ দেখ)

যমুনা—শ্রীনিবাস আচার্য প্রভুর ক্সা।

(অমু ৭)

যশোরাজ থাঁ—গ্রীগণ্ডবাসী ও বৈন্ত।

ব্রজবুলি-পদরচনার সর্বপ্রথম বাঙ্গালী
লেখক বলিয়া ইনি প্রসিদ্ধিলাভ

করিয়াছেন। তাঁহার রচিত পদটি

রসমঞ্জরী হইতে উদ্ধার করিতেছি—
এক পয়োধর চন্দন-লেপিত, আরে
সহজই গোর। হিম ধরাধর কনক
ভূধর কোলে মিলল জোর॥
মাধব! তুরা দরশন-কাজে। আধ

পদ চারি করত স্থন্দরী বাহির দেহলি

মাঝে। ডাহিন লোচন কাজরে রঞ্জিত ধবল রহল বাম। নীল ধবল ক্মলযুগলে চাঁদ পূজল কাম ॥ শীযুত ইসন জগত-ভূষণ গোই ইহ রস জান। পঞ্চগোড়েশ্বর ভোগ-পুরন্দর যশোরাজ খাঁন ॥ যাদব-শ্রীরসিকানন-শিষ্য [র॰ ম° পশ্চিম ১৪।১৫৩] যাদ্রব কবিরাজ-গ্রীখণ্ডের নিকট-বর্তী কুলাই গ্রামে বাস। প্রীসরকার ঠাকুরের শাখা। ২ — শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। আর শাথা কমল সেন, যাদব কবি-(প্রেম ২০) ুরাজ। যাদৰ দাস--- এতিছত-শাখা। যাদবদাস. বিজয়দাস, खनार्दन। (टेठ° ठ° जानि २२।७) যাদ বাচার্য-শ্রীগদাধর পণ্ডিতের উপ-শাখা। वत्स श्रीयानवां हार्यः त्थाम-

म्यु-क त्वरत्म। नीनात्म-भदीभाक-

भानिनः खनगांशत्रम्॥ [भा नि 8 &]

ষাদবাচার্য গোঁসাই বা যাদব

বিশ্ৰ-জীতীবিষ্পুপ্ৰিয়া

দেবীর

লাতা। মহাপ্রভুর খালক। ইনি শীবৃন্দাবনে বাস করিতেন। যাদবাচার্য গোসাঞি শ্রীরূপের সঙ্গী। চৈতন্তচরিতে তিঁহো অতিবড়-(देठ° ठ° व्यापि ४।७१) व्या ॥ গ্রীকৃষ্ণদাস কবিরাজ গোখামী শ্রীচৈতগ্রচরিতামত-গ্রন্থরচনার সময়ে ইহার অমুমতি আনিতে গিয়াছিলেন। প্রস্থ এবীরভদ্র গোস্বামী প্রীরন্দাবনে গমন করিলে, ইনি ভক্তবুম্পের সহিত তাঁহাকে অভার্থনা করিতে গমন করিয়াছিলেন। ইনি প্রীরুদাবনের কাশীখর গোস্বামির শিঘা। কাশীশ্বর গোসাঞির শিব্য মহা-আর্য। গোবিন্দ গোসাঞি আর শ্রীযাদবাচার্য॥ গোবিন্দ যাদবাচার্য আদি যত জন ৷ পরম আনন্দে হৈল সবার গমন। প্রভু বারভদ্রে চইয়া আইলা गर्रकत्। बक्षराभीगण-इर्व প্রভুর দর্শনে॥ (ভক্তি ১৩/৩২৩—৩২৫; প্রেয়

প্রাভুর বংশীয়। 'পদামৃত-সমুদ্র' গ্রন্থের সংগ্রহকারক শ্রীরাধামোহন ঠাকুরের ভ্যেষ্ঠ ভ্রাতা। ইহার ক্বত পদ আছে। यांनिशानित निक्रे पिक्षिणथश्रास ইঁহার বংশধরগণ বাস করিতেছেন। (এ নিবাস আচার্য দেখ)। যাদবেশ্র-পদকর্ত্তা, পদকল্পতক্তত তিনটি পদ আছে। যামুনাচার্য-- বিশিষ্টাদৈতবাদের সমর্থক মহামনস্বী—ইনি শ্রীরামান্তজের পর্মগুরু। ইহার অগ্ৰ আলবন্দার। ইনি 'স্তোত্ররত্ন' নামক যে ক্বিতা রচনা করেন, তাহার কতিপয় শ্লোক গোডীয়গুরু গোস্বামি-গণ সাদরে স্বীকার করিয়াছেন। यूशन-श्रीतिकानम-निष्य। ति म° পশ্চিম ১৪।১৩১] পৃতিত—বেলপুখুরিয়া-যোগেশ্বর (নবদীপ)-নিবাসী শ্রীনীলাম্বর চক্র-বর্তির জ্যেষ্ঠ পুত্র। (প্রেম ৭) ওহে যোগেশ্বর! এই বলিয়ে নির্দ্ধার। প্রাণ দিয়া করি যেন পর উপকার॥ [নামা ২৬০]

1

मूक्त इस । [बीनयनानम प्रधेरा]

यापटनम् ठीकूत्र-शिनिवाग वाहार्य

রমু—গ্রীচৈতন্ত-শাখা। নীলাচলবাদী
প্রস্থান্তন্তন তপন আচার্য আর রঘু
নীলাম্বর॥ (চৈ° চ° আদি ১০।১৪৮)
রমুদান—রাজন্তানের অন্তর্গত জয়পুর
গলতাগাদীর পূর্বতন মহাস্ত। ইনি
ক্ষপ্তরু স্থানন্দের আজ্ঞা অমাষ্ক্র করিয়া কুঠরোগগ্রন্ত হন ও শ্রীনয়নানন্দদেবরূপে স্থানন্দের পরবর্তী জয়ে
তাহার চরণামৃতপান করিয়া অপরাধ-

রঘুদাস ঠাকুর—শ্রীনিবাসাচার্যপরিবার। [অমুণ]
রঘুদেব ভট্টাচার্য-শ্রীনরোভম
ঠাকুরের শাখা—গঙ্গানারায়ণ চক্রবর্তী
বা ঠাকুর চক্রবর্তির শিষ্য।
রঘুদেব ভট্টাচার্য পরম প্রবীণ।
শ্রীঠাকুর চক্রবর্তী বার প্রেমাধীন॥
(নরো >>)

রযুনন্দন শীনিবাস্থাচার্য প্রভুর
শিষ্য।
তবে প্রভু রূপা কৈল রঘুনন্দনে।
বারে রূপা করি প্রভু প্রথাবিষ্ট মনে।
(কর্ণা ১)
২ শীনিবাস প্রাচার্য প্রভুর শিষ্য।
প্রাচার্যের শিষ্য রাম, শীরঘুনন্দন।
বুন্দাবন হৈতে প্রাইলা তুই জন।
(ন্রো ১০)

3058

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব–অভিধান (৩)

খড়দহ হইতে শ্রীজাঙ্গবামাতার শ্ৰী মৃত্তি প্রেরিত শ্রীশ্রীগোপীনাথের বামে বসাইবার बीवनावत्न (य मरहा९मव হইয়াছিল, লেই আনন্দবার্ত্তা প্রদান করিবার জন্ত গোধামিগণ-কতৃকি ইনি শ্রীবৃন্দাবন হইতে গৌডে প্রেরিত হইয়াছিলেন।

রঘুনন্দন গোস্বামী -- সপ্তদশ শক-শতাকীর শেষ-ভাগে ইনি মাড়ে গ্রামে শ্রীনিত্যানন্দ-বংশে জন্মগ্রহণ গোডীয়-বৈষ্ণবসাহিতো প্রচরতর দান আছে। ইহার শ্রীগোরাঙ্গচম্পু, শ্রীগোরাঙ্গবিরুদাবলী, প্রীরামর্গায়ন, প্রীরাধাদামোদর কাব্য, গীতমালা, দেশিক-নির্ণয়, বৈঞ্চবত্রত-নির্ণয়, শ্রীমদ্ভাগবতের 'সংশয়শাতনী ট্রিকা' এবং ছম্পোমঞ্জরীর 'ব্যাখ্যান-মঞ্জরী'-নামক টীকা প্রভৃতি রচনা মহাগোরব-মণ্ডিত করিয়া ইনি

র্ঘুনন্দন চক্রবর্ত্তী—গ্রীআচার্যপ্রভুর খণ্ডর ও শিবা। (কর্ণা >) রঘুনন্দন ঠাকুর—বৈগ্য। এটিচতগ্র-শ্রীযুকুন্দ-দাসের শাখা ৷ পুত্ৰ। প্রহানবাহ [গো° গ° ৭০] ও প্রিয়-

হইয়াছেন।

নৰ্মস্থা উচ্চল। খণ্ডবাসী মুকুন্দাস, এরঘুনন্দন॥ (रेठ° ठ° व्यानि २०११४) বদন্তপঞ্মীতে ইহার আবির্ভাব।

ঠাকুর নরহরি-কভূ ক আবাল্য লালিত পালিত হইয়াছেন। অতি इनि স্বকুলদেবতা শিশুকালে : গ্রীগোপীনাথকে প্রতিমাধর্ম ছাড়াইয়া কীরলাড়, খা ওয়াইয়াছেন। অষ্টবর্ষ

মহাপ্রভুকে

স্বকৃত

বয়:স

'গৌরভাবামূত' ভোত্রদারা বন্দনা করিয়াছেন। ইঁহার প্রভাবে মধু-পুষ্করিণীর তীরবর্তী কদম্বরুক্ষে নিত্য ত্বইটি পুষ্প প্রস্কৃটিত হইত। একবার শ্রীঅভিরাম গোস্বামী শ্রীখণ্ডে আসিয়া রঘুনন্দনকে প্রণাম

করিলেন, রঘুনন্দন তাঁহাকে আলি-জন করিয়া বড়ডাজায় স্কীর্ত্তনার্ভ করেন। নৃত্যাবেশে তাঁহার হইতে নৃপুর খিসিয়া ছই ক্রোশ দূরে আকাইহাটে তদীয় শিষ্য ক্লঞ্দাশের

বাড়ীতে গিয়া পড়ে। আকাইহাটে সেই 'নৃপুর্কুণ্ড' বর্ত্তমান আছে। সংকীর্ত্তন-জনক প্রীগোরাত্র স্বীকৃতপুত্র রঘুনন্দনকেই সংকীর্ত্তন-যজের অধিবাদে মাল্য-

এবং

যক্ত্ৰশেষ

দধিহরিদ্রাভাণ্ড-ভঞ্জনের অধিকারী করিয়াছিলেন। রঘুনন্দন লীলা সম্বরণ করিবার পূর্বে শ্রীনিবাস প্রস্থুকে বৈষ্ণব ধর্মের ভবিষ্যৎ সম্বন্ধে বলিয়াছিলেন--

আইসে সময় ইথে বিষম হইবে।

প্ৰ:দানেব

পূৰ্ণাহুতি

শ্ৰীনিবাসকে

সভাকার মনে নানা সন্দেহ জন্মিবে॥ তথাহি 'গ্ৰীকৃঞ্ভজনামূতে'— কুষ্ণ চৈত হাচক্রেণ নিত্যাননেন কলাবস্মিন সংস্কৃতে। অবতারে

বৈষ্ণবাঃ সর্ব এব হি॥ ভবিষ্যম্ভি भरमाधियाः कारल कारल मिरन मिरन। প্রায়ঃ সন্দিগ্ধহৃদয়া উত্তমেতরমধ্যমাঃ॥ এইজন্ম তিনি আশ্বাস

আশীর্বাদ

করিয়া

বলিয়াছিলেন-'নহিবে চিন্তিত ইথে—প্রভু গৌর-রায়। সাধিব অনেক কার্য তোমার বারায়। চিরজীবী হইয়া রহিবে

পৃথিবীতে। রাখিবে প্রভুর ধর্ম স্বগণ-শহিতে। তোমার প্রভাবে রুষ্ণ विश्विर्था । इट्टा नमूथ रेनम्रा তোমারি শরণ'॥ (ভক্তি ১৩)১৭৭ ->9a)

এই উপদেশ দিবার পর তিনি স্বীয়পুত্র কানাই ঠাকুরকে শ্রীশ্রীগৌর-গোপালের পদতলে নিক্ষেপ করিয়া তিন দিন কেবল নামকীর্ত্তন করিয়া চতুর্থ দিনে 'শ্রীকৃষ্ণচৈতন্ত' নাম বার বার উচ্চারণ করিতে করিতে স্বধামে চলিয়া গেলেন।

ধন্য সে প্রাবণী শুক্লা চতুর্থী দিবস কেবা নাহি গায় রঘুনন্দনের যশ ॥ (ভক্তি ১৩।১৮৪)

কানাই ঠাকুর সেই সময়ের ভক্ত-বুন্দকে আহ্বান করিয়া শ্রীরঘুনন্দনের মহোৎদৰ করিয়াছিলেন। ব্রঘনন্দন দাস, ঘটক—জীনিবাস

আচার্যের শিষ্য। শ্রীনিবাস প্রভূ-প্রদত্ত 'ঘটক' উপাধি প্রাপ্ত হন। ভারপর দয়া হৈল রঘুনন্দন দালে। 'ঘটক' বলিয়া খাতি **मि** ट्लिंग

गरस्वाय॥ (वर्ग) র্ঘুনন্দন ভট্টাচার্য-বন্যুঘটায় হরিহর ভট্টাচার্যের পুত্র। 'মার্ড-ভট্টাচার্য'-নামেও ইনি পরিচিত। উপনয়ন, বিবাহ, প্রাদ্ধাদি যাবতীয় ক্বতাসম্বন্ধে ইনি 'অষ্ট্রাবিংশতি-তত্ত্ব' বিরাট শ্বতিগ্রন্থ

সমসাময়িক। রযুনাথ-- এগোর-পার্বদ। অণিমাদি অষ্ট সিদ্ধির অন্ততম (গৌ° গ° ৯৬ a9) |

করিয়াছেন। ইনি শ্রীমন্ মহাপ্রস্তুর

২ শ্ৰীক্ষত-শাখা।

মহাপ্রভুর প্রিয় ভূত্য-রখুনাথ

পদতলে বাস॥ প্রস্থু সম্পিল তাঁরে

স্বরূপের হাতে। প্রভুর গুপ্ত দেবা

কৈল স্ক্রপের সাথে ৷ বোড়শ বৎসর

अक्षर्शात आहेमा वृत्सावम ॥ वृत्सावरम

ছই ভাইর চরণ দেখিয়া। গোবর্দ্ধনে

তাজিব দেহ ডুগুপাত করিয়া ॥

নিশ্চয় করি' আইল

य तर्ज

সর্ব তাজি' কৈল প্রভুর

रगरन। इक्राप्त्र

মহাপ্ৰভূপ

লক নাম।

2056

পুরুষোত্তম পণ্ডিত আর রখুনাথ। (रेठ° ठ° चानि ऽशक्ष्ण)

ব্রাহ্মণ, শ্রীগদাধর-শাখা। ব্রজের বরাস্দা [গো°গ° ১৯৪— R00]

ষশবাটা চৈত্ঞদাস, জীরঘুনাথ। (कि° वि वानि प्रशाम)

यत्म श्रीत्रघूनाथाश्रः त्थामकसः महानम् । यज्ञाय-अदर्शदेवव वृत्रा-খন-রুসং লভেও i [শা° নি° ২৮]

৪ ভগবানাচার্যের জ্যেষ্ঠ পুত্র। উৎসবে থেতুরির বিখ্যাত উপস্থিত ছিলেন।

খল ভগবানাত্মজ রঘুনাথাচার্য।

আসিয়া মিলিলা তেঁহো স্বস্তভ (ভক্তি ১০/৩৮২) এই রঘুনাথ জগদীশ পণ্ডিতের

শিব্য ৷

त्रचूनाथ-- थक्ष ভগবানের नन्सन। ব্দদীশ পণ্ডিতের শিব্য প্রিয়তম ॥ (নরো ৬)

গোপীবল্লভপুরে শ্ৰীপাট ব্রাসোৎসবে শ্রীকৃষ্ণবেশে সব্দিত শিল্প [র°ম° পশ্চিম ২।৪৭]। ৬ নীলা-চলবাসী কারিগর (র° ম° পশ্চিম ২০।৭৫)। ৭ এগোরীদান পণ্ডিতের कनिष्ठं शूल।

স্বযুনাথ কর-জীনিবাস আচার্যের শিব্য। শ্রীপাট-কাঞ্চনগড়িয়া। তবে প্রভু রখুনাথ করে কুপা (কণা ১) করে । त्रभूनाथ ठळावडी—'রाখव', त्रधूनकन

চক্রবর্তী'-নামেও অভিহিত। শ্রীনিবাস আচার্যের শিষ্য এবং শশুর। শ্রীমৃতী গৌরাঙ্গপ্রিয়া দেবীর পিতাঠাকুর। बैनाहे-গোপালপুর।

প্রস্থ রূপা পাইয়া ঘিঁহো হৈল কৃতক।তি॥ (季何)

त्राहरमर" 'त्राहे शास्त्र : त्राहर

নাম কেহ কয়।'(ভক্তি ৩।২০৪—€)

২ — শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তির অগ্রন্থ (सशुय)।

রঘুনাথ দাস-ত্রীল আচার্যপ্রস্র

রঘুনাথ দাস গোস্বামী—গ্রীচেত্ত্ত-শাখা। ত্রজের রসমঞ্জরী,মতাস্তরে রতি-মঞ্জরী বা ভাত্মতী . (গোগ ১৮৬)

আহুমানিক .১৪১৬ শকালায় হগলি জেলার অন্তঃপাতী কৃষ্ণপুর গ্রামে হিরণা মজুমদারের অমুজ গোবৰ্দ্ধনের গৃহে ইহার আবির্ভাব

বৈষ্ণৰ নহে, বৈষ্ণবের প্রায়'; সপ্তগ্রাম তালুকের বার লক্ষ টাকার জমিদার

নৰ্দন আচার্। অপ্সরাসমা স্ত্রী ত্যাগ করিয়া ইনি হুযোগ বুঝিয়া শ্রীচৈতত্তরণ আশ্রয় করত শ্রীম্বরূপ-

দামোদরের আহুগত্য করেন। যোল

বংশর শ্রীমহাগ্রত্বর অন্তরঙ্গ শেবা করত তাঁহার অপ্রকটে শ্রীরাধাকুণ্ডে

আসিয়া নিয়মপূর্বক ভজন করেন। তাঁহার রচনা--স্তবাবলী, দানকেলি-

চিন্তামণি ও মুক্তাচরিত।

लाभानभू बरागी वघू ठळवर्जी नाम। (প্রেম ১৭) আর খণ্ডর শ্রীরঘুনদন চক্রবর্তী।

নামেতে

'গোপালপুর

বিপ্রের আলয় ॥' 'শ্রীরাঘব চক্রবর্ত্তী

र्रशंत श्रीत नाम माधनी (पनी।

(প্রেম ২০)

তবে প্রস্কুপা কৈলা রঘুনাথ দাসে॥ (কণা ১)

বুন্দাবনে। আসি' রাপসনাতনের विमान চরণে॥ তবে ছই ভাই তাঁরে মরিতে না দিল। নিজ তৃতীয় ভাই कति' निकटि दाथिन। লীলা যত বাহির অন্তর। ছই ভাই তার মূথে শুনে নিরস্কর॥ অরজল ত্যাগ देकन, अञ्च-कथन। পল पूरे তিন মাঠা করেন ভক্ষণ॥ সহস্র দওবৎ করে, লয় ত্বই সহস্র বৈক্ষবেরে নিত্য পরণাম। ताखिमित्न त्रांशकृत्कत मानग-रग्यन। প্রহরেক মহাপ্রতুর চরিত্র-কথন॥ তিন সন্ধ্যা রাধাকুণ্ডে অপতিত স্নান। হয়। ইহার পিতা পিতৃব্য প্রভৃতি 'শুদ্ধ बक्षवामी देवकद्यदत व्यानित्रम-मान॥ সার্দ্ধ প্রহর করে ভক্তির সাধনে। চারি দও নিজা, সেহ নহে কোন ছিলেন। ইহার দীক্ষাগুরু-প্রীযত্ন-पिटन ॥

[देठ° ठ° व्यामि २०। ३१-२०२]

श्रीमन्यश्राक्षंत्र निकटि यादेवात পূর্বে ইনি পাণিহাটীতে শ্রীনিত্যানন্দ প্রত্ন সহিত মিলিত হইয়া 'চিঁড়াদ্ধি-মহোৎসৰ' করাইয়াছিলেন। [ৈচ' চ° অস্তা ৬/৩৫-১৫৪]। ইহার তীত্র বৈরাগ্যাদি—সিংহদারে ভিক্ষা, তাহার ত্যাগে ছত্তে ভিক্ষা, তাহা

স্ডা

অন্নভোজন

ভ্যাগ করিয়া

বিরক্ত গোস্বামী স্বীয়মনকে বিক্কার

ইত্যাদি (ঐ অস্তা ৬/২৬১—৩২৫) দ্রষ্টবা। শ্রীমন্মহাপ্রভু প্রীত হইয়া শ্রীদাসগোস্বামিকে যে গোবর্দ্ধন শিলা ও গুঞ্জামালা দিয়াছিলেন, তাহা সর্বত্র প্রসিদ্ধ। প্রীদাস গোস্বামির অপ্রকটে के मिना जीवनावतन जीलाकृनानन-মন্দিরে সেবিত হইতেছিলেন। এক্ষণে তত্ততা সেবায়েত শ্রীবিনোদী লাগ গোস্বামি প্রভু ১৩৫৬ বঙ্গান্দের ১৫ই বৈশাথ অমাবস্থা ভিথিতে বন-বিহার শ্রীভাগবতনিবাসে শ্রীরূপাসিদ্ধ দাস বাবাজি মহারাজের হস্তে ঐ সেবা সমর্পণ করিয়াছেন। বর্ত্তমানে গ্রীগোকুলানন্দে তৎপ্রতিমৃতির সেবা চলিতেছে।

প্রেমবিলাস-(১৬।১২ ৭পু:)-মতে জাহ্নবার দর্শনে **শ্রীরম্বনাথ** দাস-গোস্বামী বলিতেছেন—'বিষয়ীর ঘরে জন্ম বাসোঁ লাজ কিগুণে চৈতন্ত্ৰ-পদ দিবেন অভয়॥ এক দিন না করিছ চরণ-সেবন। তথাপি চরণ মাগোঁ হেন দীনজন ॥' এতাদুৰ বিনয়-গৰ্ভ কাতৱোক্তি শুনিয়া মা জাহুবা দাস গোস্বামির হাতে ধরিয়া কাঁদিতে লাগিলেন।

শ্রীচৈতক্সচরিতামত-পাঠকগণ অব-গত আছেন যে শ্রীমনুমহাপ্রস্থ আরিট্র-গ্রামে ধান্তক্ষেত্রে স্নান করিয়া এরাধা-কুণ্ডের শুবপাঠ করিলে স্থানীয় লোকগণ জানিলেন যে উহাই রাধাকুও। গোস্বামী **अमाग** <u> প্রীবুন্দাবনে আসিয়া যথন প্রীরাধা-</u> কুণ্ডাশ্ররী হইলেন, তখন করিলেন যে যদি অর্থ পাওয়া যাইত, তবে এীরাধাশামকুত্তের দংস্কার করা যাইত। পরক্ষণেই আবার বিষয়-

দিয়া বলিলেন 'এখন আবার এইসব ভাবনা কেন' প্রাদকে কোনও বদরীনারায়ণে গিয়া বহ টাকা ভেট দিতে চাহিলে শ্রীনারায়ণ স্বপ্নাদেশে উাহাকে জানাইলেন যে সেই অর্থ লইয়া গিয়া নথুরায় আরিট্-দাসগোস্বামিকে শ্রীনারায়ণ সম্বন্ধ হইবেন। প্রত্যাদেশ পাইয়া মহাজন আবার আরিট্গ্রামে আসিয়া গোস্বামিকে সেই প্রত্যাদেশ-वाही खनाहेशा व्यर्थ फिरनन। मान গোস্বামী তথন কুণ্ডম্বরের পঞ্চোদার-ক্রমে যথারীতি সংস্থার করিলেন। কথিত আছে যে শ্রীমদ্রপগোস্বামী মহাবিপ্রলম্ভ-প্রধান ললিতমাধ্ব নাটক প্রণয়ন করত শ্ৰীদাস-গোস্বামিকে পাঠ করিতে দিয়া-ছিলেন। এরিমুনাথ উহা করিয়া বিরহ-সাগরে নিমজ্জিত হইয়া উন্মত, অধীর ও মৃছিত হইতেন; বলা বাহুণ্য যে প্রীরঘুনাথ প্রীকুণ্ডতটে শ্রীমতীর নিত্য-দারিখ্যে থাকিয়াও ক্ষণকালের বিরহেই অতিমাত্রায় কাতর ও অন্থির হইতেন। তদ্বপরি ললিতমাধবের নিত্যবিরহ-সূচক ঘটনাপারম্পর্যে তাঁহার প্রাণরক্ষাও হবিষহ হইলে একপ তখন হাস-পরিহাসাত্মক নিত্যসম্ভোগ-বহুস দানকেলিকোমুদী প্রেণয়ন করত

দাসগোস্বামিকে পাঠাইয়া শোধনচ্চতে

ললিতমাধ্ব ফিরাইয়া আনেন।

ঞীরঘুনাথও রসান্তরে মনোনিবেশ

করত স্বরং 'দানকেলিচিস্তামণি' ও

রঘুনাথ দাস—(ভূঞা)—গ্রীরদিকা-

'মুক্তাচরিত' প্রণয়ন করেন।

নন্দ-শিবা। রি° ন° পশ্চিম ১৪।:৩৩] त्रघूनाथ भूती-जाहार देवकवानत्मत নামান্তর। শ্রীনিত্যানন্দ-শাখা।

(देवकवानम व्याठार्य (मथ) আচার্য বৈফবানন ভক্তি-অধিকারী। পূর্বে নাম ছিল যাঁর 'রঘুনাথ পুরী' । (চৈ চ আদি ১১।৪২) প্রাকাম্যদিদ্ধ। (গৌ গ ৯৬-৯৭)

রঘুনাথ ভট্ট বা ভট্ট রঘুনাথ— শ্রীচৈতন্ত্র-শাখা। তপন মিশ্রের প্রা ব্রজের রাগমঞ্জরী [গো° গ° ১৮৫]। বারাণগী-মধ্যে প্রত্নর ভক্ত ভিন জন। চক্রশেখর বৈদ্য আর মিশ্র তপন। রঘুনাথ ভট্টাচার্য—মিলের

<u> এরিকার্টনর ছয় গোস্বামীর মধ্যে</u> हेनि এक्জन।

नक्न ॥ [देठ ठ चापि २०।३६२-->६७]

শ্রীরূপ, সনাতন, ভট্ট রঘুনাথ। अकीर, গোপাল ভট্ট, দাস রঘুনাথ। ১৪२१ भटिक क्वा **७** ১৫०১ **भटक** অপ্রকট। ২৮ বৎসর গৃহে ছিলেন। মহাপ্রভু বারাণসীতে তপন মিশ্রের

গ্রহে যখন ছই মাস অবস্থিতি করিয়া-ছिলেন, তখन इटेट्डि विस्थिनाद রঘুনাথ মহাপ্রভুর কুপা-প্রাপ্ত হন। পিতার দেহান্তর হইলে বৈরাগ্য नहेशा नीनाहरन महाश्रञ्ज निक्हे গমন করেন, পরে মহাপ্রভুর আঞার

श्रीवृन्तावतन बान। মহাপ্রভূ—'চন্ত্রশেথর গ্রহে কৈল হুই মাস বাস। তপন মিশ্রের খন্নে ভিকা হই মাস ॥ রঘুনাথ কৈল বালেঃ প্রস্থার সেবন। উচ্ছিষ্ট-মার্জন আর পাদ-সম্বাহন॥ বড় হৈলে নীলাচলে

গেলা প্রভুর ছানে। অষ্ট মাস রহিল, ভিকা দেন কোন দিনে ॥ প্রস্থা আজা পাঞা বৃন্দাবনেরে আইলা॥
আসিয়া শ্রীক্রপ গোসাঞির নিকটে
রহিলা॥ তাঁর স্থানে রূপ গোসাঞি
ভানেন ভাগবত। প্রভুর ক্রপায়
তেঁহো কৃষ্ণপ্রেমে মন্ত॥ (১৮° ৮°
আদি ১০/১৪৪—১৪৮)

রখুনাথ ভট্ট গোস্বামির গুণগণ।
শ্রবণমাত্র কার না জুড়ার মন?
সর্বশাল্রে অধ্যাপক, চর্চা শ্রবণেতে।
বৃহস্পতি সাধুবাদ করে হর্ষচিতে॥
গোগবত পাঠের উপমা দিতে নাই।
ব্যাসাদি গুনিতে সাধ করে স্থথ
পাই॥ যাঁর ভক্তিরীতি দেবি
দেবের বিশ্বর। ভট্টের মহিমা
শ্রীনিবাস ঐছে হয়॥ [ভক্তি ৬।
৪৫৩—৪৫৭]

শ্রীরঘ্নাথ ভট্ট প্রভু পিক-বিনিন্দি
কঠে শ্রীভাগবত পাঠ করত সকলের
মনোমোহন করিতেন এবং নিজ
শিষ্যদারা শ্রীগোবিন্দজীউর মন্দির
নির্মাণ করাইলেন।

রূপগোসাঞির সভায় করেন ভাগবত-পঠন ৷ ভাগবত পড়িতে প্রেমে আউলায় তাঁর মন॥ কম্প, গদগদ প্রভুর কুপাতে। নেত্র-্রোধ করে বাষ্প, না পারেন পড়িতে॥ পিকম্বর কণ্ঠ, তাতে রাগের বিভাগ। এক শ্লোক পড়িতে ফিরায় তিন চারি রাগ॥ কৃষ্ণের সৌন্দর্য মাধুর্য পড়ে, তনে। প্রেমেডে ्बिश्तम তবে किছूरे ना कारन। পোবিন্দচরণে কৈলা আত্ম-সমর্পণ। গোৰিন্দ-চরণারবিন্দ—যাঁর প্রাণধন ॥ নিজ শিষ্যে কহি গোবিন্দের মন্দির कत्रार्थेना। दश्मी मकत-कूछनानि 'ভূষণ' করি দিলা॥ গ্রাম্যবার্তা না তেনে, না কহে জিহ্বায়। ক্রফকথাপূজাদিতে অষ্ঠ প্রহর যায়॥ বৈক্তবের
নিন্দ্য-কর্ম নাহি পাড়ে কাণে।
সবে ক্রফ-ভজন করে—এই মাত্র
জানে॥ মহাপ্রভুর দত্ত মালামননের
কালে। প্রসাদ কড়ার সহ বাদ্ধি
দেন গলে॥

(চৈ° চ° অস্তা ১৩৷ ১২৬—১৩৪) ২ জ্রীগোরভক্ত (বৈঞ্চব-বন্দনা) রঘুনাথ ভট্ট বন্দো করিয়া বিখাস। রঘুনাথ মিশ্র—শ্রীগোরভক্ত।

৬হে রঘ্নাথ মিশ্র! গাই যেন
তাঁরে। যে বিভাবিলাসে কাঁপাইল
পাবপ্তিরে। [নামা ১১২]
রঘুনাথ রায়—ব্রাহ্মণ। নবদীপনিবাসী। পিতার নাম—গুভানক
রার, প্রাতার নাম—জনার্দন। ইংলারই
প্র—হ্পুসিদ্ধ জগাই বা জগলাথ।
প্রেম পণ্ডিত সর্বগুণের নিবাস।
রঘুনাথের প্রের নাম—জগলাথ হয়।
সেই জগলাথ তারে 'জগাই' কহয়॥
(প্রেম ২১)

রযুনাথ বৈভ্
-শ্রীলাচলে দীলাসঙ্গী।

রঘুনাধ বৈছ আর রঘুনাধ দাস।
[১১০° চ° আদি ১০।১২৬]

২—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।
রঘুনাথ বৈছ্য আর মিশ্র হলধর॥
(প্রেম ২০)

রযু**নাথ বৈদ্ধ উপাধ্যা**য়—গ্রীনিত্যা-নন্দ-শাখা।

রঘুনাথ-বৈশ্ব উপাধ্যায় মহাশয়।

যাঁহার দর্শনে ক্লগ্রেমভক্তি হয়।

[ৈ ১০° ১০° আদি ১১।২৬]

রঘুনাথ-বৈছ উপাধ্যায় মহামতি।

যাঁর দৃষ্টিপাতে ক্লফে হয় রতি নতি॥
(চৈভা অস্ত্য ৫।৭২৬)

খেতুরীর বিখ্যাত উৎসবে রঘ্নাথ বৈঞ্চ উপাধ্যায় উপস্থিত ছিলেন। ইনি মহাপ্রভুর আদেশে পুরী হইছে শ্রীনিত্যানন্দ-সহ গোড়ে আগমন করিয়াছিলেন (চৈ ° ভা ° অস্ত্য ৫। ২৩১) এবং পথে ইহার রেবতীভাব হইয়াছিল (ঐ ২৩১)

রঘুনাথ বৈদ্ধ উপাধ্যার মহামতি।
হইলেন মৃত্তিমতী যে হেন রেবতী॥
রঘুনাথ নিরোমণি—প্রীবাম্পদেবসার্বভৌমের ছাত্র। প্রীহট্টে পঞ্চথতেও
জন্ম। ইহার বংশধারা যথা—
(পুত্রামুসারে ক্রমশঃ):—

দশান—বিদ্যুন্মালী—হরিহর — রমাকান্ত—রামচন্দ্র—গোবিন্দ (পদ্দী গীতাদেবী)। গোবিন্দের দুই পুত্র —রঘুপতি ও রঘুনাধ।

রঘুনাথ নবদীপে পাঠাভ্যাস করত মিথিলায় নিমন্ত্রিত হইয়া যান, তংপরে নবদীপে সঙ্গতিপর হরি-ঘোষের গোশালায় প্রথমত: ক্যায়ের টোল স্থাপন করেন। এই সময়ে বাস্থদেব সাৰ্বভৌমকে প্রতাপরন্ত উড়িয়ায় লইয়া গেলে রঘুনাথ শিরোমণি নবদীপে সবিশেষ প্রতিপত্তি লাভ করেন। 'কাণা শিরোষণি' বা 'কাণাভট্ট' নামেও খ্যাত। অদৈতপ্রকাশ-(৫৪ পূর্চা) গ্রন্থমতে প্রীচৈতগ্রদেবকুত শাস্ত্রের টীকাটি রঘুনাথক্বত স্থায়-শাস্ত্রের টীকার প্রসারজ্ঞ গঙ্গাজলে নিক্ষিপ্ত হয়।

গ্রন্থাবলি—চিস্তামণি-দীধিতি, পদার্থ-খণ্ডন, আত্মতদ্ধ-বিবেক বা বৌদ্ধাধি-

कारतत है का. अनिकत्रनावनी अ ভারলীলাবতীর টীকা. নঞর্থবাদ. नानार्थवार. প্রামাণাবাদ. ভঙ্গুরবাদ ও ম**লিয় চ-বিবেক প্রভৃ**তি। দীধিতি-রচনার পরে নবছীপ তর্ক-भारतात्नाहनात्र ध्रीशन स्थान हत्र। [নবদীপ-মহিমা ১৩০---১৪৭ পু:]। রুঘুপতি উপাধ্যায়—মৈখিল বাহ্মণ, ত্রিহতে শ্রীপাট।

হেনকালে আইলা র্খুপতি উপাধাায়। তিক্কহিতা পণ্ডিত বড देवस्थव, महाभन्न ॥

(চৈ° চ° মধ্য ১৯/৯২) মহাপ্রস্থ প্রয়াগধামে শ্রীবরভাচার্যের शुट्ट यथन व्यवहान कद्गिष्ठिष्टिणन, তখন ইনি তথায় গিয়া প্রস্থুর চরণে আশ্রর গ্রহণ করেন। মহাপ্রভ ইহার সহিত ক্ষ-কথায় আনন্দ লাভ করিয়াছিলেন (ঐ ১০-১০৭)। ইহার রচিত শ্লোকগুলি পদ্মাবলীতে (62, 69, 39, 16,326 8 005) সমাজত হইয়াছে।

রঘুমিশ্র-শ্রীগদাধর-শাখা। ত্রত্বের কর্পারমঞ্জরী (গো° গ° ১৯৫, ২০১)। গ্রীহর্ষ, রঘুমিশ্র, পণ্ডিত লন্ধীনাথ॥ [कि° क° चामि अशांवर] রকপুরী-শ্রীমাধবেজপুরী গোস্বামির

निया। त्रव्यामी वन्नड-- পूर्वनीमांत्र काली

[গেণিগ ১৯৬ ২০৬] ৷ বঙ্গবাটী চৈতত্ত দাস্ই বোৰছয় লিপিকর-व्यगाप 'तक्रवानी वक्षण' हहेबाए । বলবাটী চৈতত্বদাস দ্রপ্তব্য]

রজনী কর পণ্ডিভ-'পাটপর্যটন' মতে শ্রীঅভিরাম গোস্বামির শিকু। শ্ৰীপাট--- गानिकाতে।

গালিকাতে রজনী কর পণ্ডিত [91º 9°] আখান ॥ রজনী পণ্ডিত—'অবধৃত' আখ্যাও ছিল। তুগলী জেলার তারকে**খ**রের ছই ক্রোশ পশ্চিমে ভাঙ্গামোড়া গ্রামে ইনি অবস্থিতি করিতেন। শ্রীঅভিরাম গোস্বামী এই স্থানে আগমন করিয়া শ্রীশ্রীমদনমোহন বিগ্রহের সেবা করিতে আজা করেন। তদমুদারে উক্ত গ্রামের নামকরণ 'মদনমোহনপুর' হয়। এখনও হুগলী জেলার যানচিত্রে ভাঙ্গাযোড়া স্থলে মদনমোহনপুর লিখিত ঐস্থানে শ্রীঅভিরাম গোস্বামি-কর্ত্তক রোপিত একটা বকুল বুক্ষ অনেক **मिन को विज शाकिया अञ्चामिन इहेन** ওকাইয়া গিয়াছে। কিছুদিন পরে রন্ধনী পণ্ডিত, অভিরাম গোস্বামির শিষ্য মুকুন্দ পণ্ডিতকে ৮মদনমোহনের সেবাভার প্রদান করিয়া বাধরপুর গ্রামে প্রীশ্রীখ্যামরায় বিগ্রহ প্রতিষ্ঠা করত সেবা করিতে থাকেন। শ্রীশ্রীমদনমোহনের সেবাভার মুকুন্দ উপর দিবার পণ্ডিতের পকে 'অভিরামলীলামতে' নিয়লিখিত প্রবাদ লিখিত আছে—মুকুন্দ পণ্ডিত সীয় গুরু শ্রীঅভিরাম ঠাকুরের আক্রায় সোণাতলা গ্ৰামে প্রীপ্রীপ্রামরায় প্রতিষ্ঠা করিয়া সেবা করিতে থাকেন। একদা তিনি ভাঙ্গামোডা গ্রামে আগেমন করিলে রজনী পণ্ডিত তাঁহাকে সাদরে অভার্থনা করিলেন ও ভূত্যকে পদধোতের জগুজন আনিতে বলিলেন। ভূত্যের জল আনিতে বিশম্ব হওয়ায় অন্ত একজন মুকুন্দের পদধোতের জগু আনিয়া

ওদিকে রঞ্জী দিয়া গেলেন। পণ্ডিত মন্দির-মধ্যে গিয়া দেখেন শ্রীশ্রীমদনমোহনের শ্রীচরণে পুকুরের পানা লাগিয়া রহিয়াছে। এ ঘটনার তিনি ব্যাপার বুঝিতে পারিশেন যে শ্রীমদনমোহনই স্বীয় ভতের জয় ভলারে জল আনিয়া দিয়াছেন। তৎপরে তিনি মুকুন্দ পণ্ডিতের নিকট পললগ্নিকতবাদে জানাইলেন---'আপনি প্রভুর ভক্ত, এজন্ম প্রভুর সেবা আপনিই করিবেন। श्रेट्ड শ্রীমদনমোহনের আপনার হাতে দিয়া আমি বিদার লইলাম'। পরে মুকুন্দ পণ্ডিত ঐ ম্বানের সেবাভার গ্রহণ করেন এবং রজনী পণ্ডিত মুকুন্দ পণ্ডিতের বিগ্রছ শ্রীপ্রীশ্রামরায়কে সেবা করিতে গমন करतम ।

রতিকান্ত ঠাকুর--- এখণ্ডবাসী মদন ঠাকুরের পৌত্র, দিগ্ বিজয়ী পণ্ডিত। তত্ত্ৰতা স্থপ্ৰসিদ্ধ শ্ৰীমদনগোপাল-মৃত্তির প্রতিষ্ঠাতা। 'রসকরবল্লী'-প্রবেতা গোপাল माग-रहात्रहे শিষ্য। ইনি 'শ্রীগোরশতক' প্রণরন করিয়াছেন।

শ্রীনীলাম্বর চক্রবর্তির কনিষ্ঠ পুত্র-শচীদেবীর অগ্রজ। (প্রেম[°] ৭) রত্বগর্ভাচার্য-প্রীমম্ভাগবতের অধ্যাপক, ত্রীপাট-ত্রীহট্ট জেলায় বুরুকা নাম---যতুনাথ প্রামে। পুত্রের

· ইনি মহাপ্রভুর পিতা শ্রী**শ্রীঞ্গরাথ** মিশ্রের সঙ্গী ছিলেন। একই **স্থানে** হুই জনের জন্মভূমি। **মহাপ্র** সর্বপ্রথমে ইঁহার মুখে ভাগবত শ্রবণ

কবিচন্ত্র, জীবপণ্ডিত ও কুঞানন্দ।

করিয়া প্রেমবিহবল হইয়াছিলেন। তিন পুত্র তাঁর, কৃষ্ণপদ-মকরন। কৃষ্ণানন্দ, জীব, যতনাথ কবিচক্র। त्र श्रमाला — श्रीता यह ख কবিরাজের পত্নী ও শ্রীনিবাস আচার্য প্রভুর (প্রেম ২০) শিষা। त्रक्षताल-'विकश्वमान वाथतिश प्रहेता। िंदे5° खा° यशा २७।७१ - €€] । নব নিধির অন্তত্য (গে^১° গ° ১০৩). 1 রক্লাকর—'বিভাবাচস্পতি' দেখন। পণ্ডিত-শ্রীগোর-পার্যন ৰতাক্ব সন্ন্যাসী, খর্বনিধি। [গৌ° গ° ১০৩] রত্নাকর! তারে মুই করেঁ। খণ্ড খণ্ড। গৌর-ক্বফে ভেদ-বৃদ্ধি করে [নামা ২০৬] যে পাষ্ড ॥ त्रक्रावडी (प्रवी-भृवंगीलाम हिन কীত্তিদা ছিলেন। শ্রীপুগুরীক বিষ্ণা-নিধির বনিতা। চট্টগ্রাম চক্রশালাতে শ্রীপাট।

পুণ্ডরীক বিজানিধি বুষভামু হয়। তাঁর পত্নী রত্বাবতীকে কীর্তিদা কহয়। তাঁর পত্নী রত্বাবতী, যার ভক্তি শ্ৰীকৃষ্ণ-ভদ্ধনে ভিঁহে৷ গাঢ়তর। আছেন তৎপর॥ (প্রেম ২২, পুগুরীক বিষ্যানিধি দেখ) ২ পূর্বলীলার কীর্তিদা। প্রীগদাধর . পণ্ডিতের মাতা-ঠাকুরাণী। ইহার নামান্তর-নবকুমারী দেবী। স্বামির নাম-মাধব মিশ্র। চটগ্রামের বেলেটীতে প্রীপাট। (গদাধর পণ্ডিত (দথ)।

শ্রীরাধার মাতা কীর্ত্তিদা বে আছিলা। এবে মাধবের পত্নী রক্ষাবতী হইলা॥ মাধবের পত্নী রক্ষাবতী কৃষ্ণভক্ত। শ্রীকৃষ্ণ-ভঙ্কবে

সদা হয় অহুরক্ত ॥ (প্রেম ২৪)
নবদীপে রত্বাবতী হহলা গর্ভবতী ॥
(থি—২২)
রত্বেশর—সম্ভবত: গৌড়ীয়-বৈষ্ণব,
অভিরাম দাসের 'পাটপর্যটন' ও
'শ্রীঅভিরাম গোখামির শাখা-নির্ণয়'
নামক গ্রন্থে অভিরাম দাস ইহার নাম
উল্লেখ করিয়া গ্রন্থ সমাপন
করিয়াহেন। বোধ হয় ইনি গ্রন্থ-

কারের গুরু কি পিতা ছিলেন।

শ্রীরত্নেশ্বর-পাদপদ্ম করি' ধ্যান।
সংক্ষেপে রচনা কৈল দাস অভিরাম।
(পা° প°)

রমণ দাস — শ্রীল আচার্যপ্রভূর শিষ্য। শ্রীরমণ দাস হয় প্রভূর রুপাপাত্ত। মূখে সদা রহে বাঁর হরিনামামৃত॥ (কণা ১)

ব্বমাকান্ত—শ্রীপাট বল্লভপুরের রুদ্র পণ্ডিতের ল্লাভা এবং শ্রীপাট চাতরার কাশীখর পণ্ডিতের ভাগিনেয়। (কাশীনাথ ও কাশীখর পণ্ডিত দেখ)।

রমাকান্ত দত্ত—শ্রীঠাকুর মহাশরের জ্যেষ্ঠ ব্রাতা (ও শিষ্য)।

মহাশয়ের জ্যেষ্ঠ প্রাতা নাম রমাকান্ত। তাঁর পুত্র রাধাবলত দত্ত মহাশান্ত। (প্রেম ২০) রমা দেবী—শ্রীপাট মাহেশের কমলাকর পিপ্লাইর কনিষ্ঠ প্রাতা নিধিপতির কন্তা। মাহেশ-শ্রীপাটের অধিকারিরাবলেন—খড়দহের প্রাস্থি যোগেশ্বর পণ্ডিতের সহিত ইহার বিবাহ হইয়াছিল। উভয়েই গৌর-ভেজে। ২ মছজীবন তর্কালকারের ক্রা, শ্রীরূপসনাতনের পিতামহী। মছজীবন ছিলেন বর্দ্ধমান প্রদেশের

নিধরভূমির অধিপতি মহেক্রসিংছের সভাপত্তিত।

রমানাথ—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। যত্ত্বনাথ রমানাথ—ভক্তিরত্বাকর। (প্রেম ২০)

পিতার নাম—বিপ্রদাস, মাতার
নাম—ভগবতী, বাতার নাম - যত্তনাথ। এই বিপ্রদাসের ধান্তগোলা
হইতেই প্রীগোরান্সবিগ্রহ বাহির
হয়েন ও শ্রীনরোত্তম ঠাকুর তাহা
লইয়া প্রতিষ্ঠা করেন। (বিপ্রদাস
দেখ)

রমানাথ ভাতৃতী—বদান্ত বাহ্মণ,
ইনি বীরভূম জেলায় ভাণ্ডীরবনে
মন্দির নির্মাণ করাইয়া অন্তত্ত্র-গামী
শ্রীক্রব-গোত্থামি-কর্ত্বক পরিত্যক্ত শ্রীগোপাল বিগ্রহকে সেবায়েত ঘোষালবংশের সহিত প্রতিষ্ঠা করেন।
রবি রায় — বৈদিক ব্রাহ্মণ।
শ্রীনরোত্তম ঠাকুরের শিশ্ব ও পূজারী।
শ্রীগাট—বৃধুরী গ্রামে।

রবি রায় পূজারী হন, বৈদিক ব্রাহ্মণ। বুধুরিতে বাস, তাঁর শাখা (প্রেম ২০) প্রিয়তম ॥ অয় ভক্তিদাতা শ্রীপৃঞ্চারী রবি त्राव । महानम शान बंदरा देवछन-(নরে৷ ১২) সেবায় ॥ রবীশুনারায়ণ (রাজা) – পুটিয়ার রাজা, শ্রীনিবাসাচার্য প্রভুর সন্তান-গণকর্ত্তক প্রেরিত বৈষ্ণবহুয়ের কুপায় इति देवश्वदार्थ चाशावान इहेश মালিহাটীর আচার্যগণের আশ্রয়ে ভাগবত হই য়াছিলেন। (ভক্ত ১৮) বৈকাবদাস-শ্ৰীপ্ৰিয়া-রসজানি দাসন্ধির পৌতা ও তীহরিজীবনের

শিযা। ইনি এমদভাপনতের হিন্দীতে

সম্পূর্ণ অমুবাদ করিয়াছেন এবং গ্রীগীতগোবিনেরও ব্ৰজভাষায় অমুবান রচনা করিয়াছেন। এভাগ-ৰতের অহবাদে ইনি প্রতি অধ্যায়ের প্রারম্ভে দোহা ছন্দে অধ্যায়টির সংক্ষেপ দিগ্দর্শন করিয়াছেন। প্রায় ২৫০০০ চৌপাই ছব্দে সমগ্র গ্রন্থ করিয়াছেন। রচনাকাল-১৮২২—১৮৩২ সম্বৎ। শ্রীগীতগোবিন্দ ১৭৭৭ সম্বতে অনুদিত হয়। ইহাতে চৌপাই, কবিন্ত, দোহা, শোভা, অষ্টপদী, সবৈয়া প্রভৃতি বিবিধ ছব্দ আছে। রচনা অতিসরল মূলাহগত। 'চন্দনচচিত' ব্ৰজভাষায় অমুবাদ--

চন্দন চরচ্যো খ্রাম ভ্রতগতন পীতবসন বনমালা। গগুৰুগল মণি-কুণ্ডল-মণ্ডিত হসত লসত স্থারসালা। ছরি ইন মুগ্ধ বধুনিকে মাহীহে বিলাসিনী রাস করাছী॥ ঞা । কিন ছু পীন পয়োধরকে পর হরি লপটায় লয়ে হৈ। গায়ত পঞ্চমকে হুর আছেঁ হরি পাছে স্থ দয়ে হে॥ ইত্যাদি

রসমঞ্জরী-জগদীশ পণ্ডিতের কন্তা; গোপালবন্ধভের স্ত্রী। (জচ ১২।১৬) युज्ञभग्न ज्ञाज—वैशात नचरक अभर्ष কোনও পরিচয়-সংগ্রহ হয় নাই। ভাঁচার গীতগোবিশের অমুবাদটি প্রাঞ্জল : যদিও ভাষান্তরে काना-गाध्य-मःत्रक्ष धात्रनः इत्र मा, गीछागावित्मत्र अञ्चारम देशात একেবারেই এবং মাধুর্য সৌন্দর্য অন্তর্ধান করে, তথাপি ইহার রচনায় **শংক্বত ভাষার অন**ভিজ্ঞ ভক্তদের কণঞ্জিৎ পিপাসা নিবৃত্তি হইবে। 'ললিত লবজনতা' পদটির অমুবাদ যথা---

শুন শুন প্রাণস্থি। বসস্ত সময়। বুন্দাবন-ত্বশোভা বর্ণন না হয়॥ তাহাতে রসিক ক্লঞ্চ যুবতীর সঙ্গে। বিহার করয়ে আর নৃত্য করে রঙ্গে। ছয় রশ শৃকার রয়েছে মৃতিমান্। তাহাতে সম্মিলন বসস্ত আগুয়ান॥ বসস্ত-সমীরে রুঞ্চ রয়েছে বিহার। মৃতিদান হইয়াছে সাক্ষাৎ শুঙ্গার॥ দলিত লবঙ্গলতা তাহার মিলনে। কোমল মলয় বায়ু বহে অফুক্ষণে॥ মধুকর-নিকর-বেষ্টিত স্ব उँहि। কোকিল-কৃত্তিত কুঞ্জকুটীরে সদাই॥ ইত্যাদি

২ 'শ্রীকৃষভক্তিবল্লীর' রচয়িতা— (বিশ্বভারতী পুঁধি ৫৯, লিপিকাল) **> 9 2 3**

 শ্রীখামানন্দ প্রভুর শিষ্য বিষ্ণুদাসের देवक्षव नाम । [त्र॰ म॰ मिक्किन २।७१] ৪ শ্রীরসিকানন্দের ভূত্য-ধারেন্দার জ্মিদার ভীমের নন্দিনী-গর্ভজাত পুত্র। রসিক্মঙ্গল-লিখক গোপীজন-বল্লভের পিতা রি° ম° দক্ষিণ ৪।৩৪]। ৫ পদকর্ত্তা, পদকল্পতক্ষতে তিনটি পদ আছে ৷

বুসময় দাসী—'পদকলতক' ব্যস্থে শাখায় **L** 3 সংখ্যাতে ইহার নাম পাওয়া যায়। ইনি পদ রচনা করিতেন।

দাস—শ্রীনিবাস রসিক আচার্য প্রভুর শিব্য।

রাষশরণ, রসিকদাস আর প্রেমদাস। তাহারে করিলা শিষা আচাৰ্য শ্ৰীনিবাস 🎚 (প্রেম ২০) শ্রীশ্রীকীবগোসামি-বিরচিতা শ্ৰীশ্ৰীগোপালবিক্ষদাবলী-নামক কাৰো

'পলব'-নামক টীকারং। ইতার টীকাটি পাণ্ডিত্যপূর্ণ এবং গ্রন্থকারের আশয় বুঝিতে মহা-সহায়।

৩ এরাধাবলতী-সম্প্রদায়ী এই প্রীবিশ্বনাথচক্রবর্ত্তি-ক্লত মহাজন উজ্জলনীলমণি-ক্রিগর ব্রজভাষায় 'শুক্লার-চূড়ামণি' ভাগবতামৃতকণার অমুবাদ 'রসসিদ্ধান্ত-চিন্তামণি' রচনা করিয়া-ছেন। প্রতি গ্রন্থের মঙ্গলাচরণে **শ্রী**হরিবল্লতের আছে ! বন্দনা উপসংহারে প্রীরূপ-দিতীয় গ্রন্থের স্নাতনপ্রভুর 'ভাগবতামৃত' শ্বয়েরও স্পষ্টত: উক্তি হইতেছে ইহারারা সপ্রমাণ প্রীরপস্নাতন ও শ্রীবিশ্বনাথ প্রভৃতি গৌড়ীয় মহাজন-গণের ব্যক্তিগত প্রভাব-প্রতিপত্তি এবং প্রতিভাদি সপ্তদশ-শকশতাকী পর্যস্ত অক্ষভাবেই শ্রীব্রজমণ্ডলে বৰ্ত্তমান ছিল এবং পরবর্তিকালের মহাজনগণ সগৌরবে ভিন্ন সম্প্রদারী হইলেও আহুগত্য স্বীকার **ই**হাদের করিয়াছেন।

বিস্থাতুষণ--রুসিকমোহন শ্রীনিবাসাচার্য প্রত্নর দ্বিতীয় ক্যার ৰংশে জন্ম। শতাধিক বৰ্ষ জীবিত থাকিয়া ইনি বহু বৈষ্ণবগ্রন্থ প্রণয়ন করিয়াছেন। একাধারে জান-বিজ্ঞান-সম্পন্ন, প্রাচ্য ও পাশ্চাত্য গ্রন্থরাজির অমুশীলনকারী প্রীগৌরাল-ভক্তাগ্রণী। তৎপ্রণীত গ্রন্থাবলি— রামানন্দ, স্বরূপ नाट्यान्त्र. চরণতুলসী, বিগ্যাপতি, চণ্ডীদান, সাধন-সঙ্কেত, শ্ৰীব্লপসনাতন, শ্ৰীবৈঞ্ৰ শ্রীনিত্যানন, গভীরায় শ্রীগৌরাক,

নীলাচলে অজ্যাধুরী, লীলামাধুরী,
গীতগোবিন্দ, সাম্বাদ সর্বসম্বাদিনী
প্রভৃতি। ইনি বহু মাগিক বৈশ্ববপত্রিকার সম্পাদক এবং অতুলনীয়
ভক্তিশাস্ত্রব্যাখ্যাতা ছিলেন।
রাসিকশোখর—ঠাকুর নরহরির অমুশিষ্যের শিষ্য। ইনি সংস্কৃত ভাষায়
'শ্রীমন্নরহরির শাখা-নির্ণয়' রচনা
করিয়াছেন।
রাসিকানন্দ (রিসিক্ম্রারি),
শ্রীগ্রামানন্দ প্রভুর প্রধান শিষ্য।
জন্ম—১৫১২ শকে, শ্রীপাট স্থবর্ণরেখা

নদীতীরে (রোহিণী) রয়ণী গ্রামে।
ইনি রাজপুত্র। পিতার নাম—
রাজা অচ্যতানন্দ। মাতার নাম—
ভবানী দেবী। ইহার রচনা—
শ্রীশ্রামানন্দশতক, শ্রীমদ্ভক্তভাগবতাষ্টক ও কুঞ্জকেলিঘাদশক।

पाननक ।

(अर्थ भाषा त्रिकानम आत


श्रीमुताति। यात यत्माख्य गात्र छेरकन

त्म छति॥ भामानत्मत क्षित्र मिया

इस् महामन्न। प्रवर्गत्त्रथा-नमीजीतत

तन्नवी पानग्न॥ ((अर्थ २०)

ইনি বছ ববন দম্মার উদ্ধার
করিয়াছিলেন।
তিঁহো কৈল বছ ববন দম্মারে
উদ্ধার। (প্রেম ১৯)
শ্রীশ্রামানন্দ প্রস্কু গোপীবন্ধতপ্রের শ্রীশ্রীগোবিন্দজীর সেবা-ভার
ইহার হল্তে প্রদান করিয়াছিলেন।
মন্ধ্রত্মর মধ্যে রয়ণী গ্রাম।
পার্মে কল্বনান্দিনী উত্তরবাহিনী
হ্বর্ণরেখা নদী। তীরে বারাজিত
গ্রাম। ইহার কিছুদ্র দ্রে আবার
ডোলঙ্গ নদী। প্রবাদ—এইস্থানে



জীরামচন্দ্র বনগমনকালে **कि** कृ मिन অবস্থান করিয়াছিলেন এবং তত্ততা 'রামেখর'-নামে শিব তাঁহারই প্রতিষ্ঠিত।

7005

শ্রীগ্রামানন প্রতুরিসককে দীকা দিয়া সঙ্কীর্ত্তন-সমুদ্রে ডুবাইয়াছিলেন। গোপীবল্লভপুরে প্রেমবৃষ্টি কৈলা। শ্রীগোবিস্থ-সেবা শ্ৰীবদিকে সম্পিলা ॥ রসিকানন্দের মহাপ্রভাব প্রচার। কুপা করি কৈল দম্মা-পাষতে উদ্বার॥ ভক্তি-রত্ন দিলা कुला कंत्रिया यवरन। खार्य खार्य चমিলেন লইয়া শিব্যগণে॥ ছণ্টের প্রেরিত হন্তী, তারে শিব্য কৈল। ক্ষা বৈষ্ণব-সেবায় নিয়ো-জিল ৷ দে ছুষ্ট যুবন রাজা প্রণত হইলা। না গণিলা ঘর কত জীব উद्यादिना॥ (जिक >शार- । মুরারি দেখ)

শ্রীরসিকানন্দ গোপীবন্ধ ভপুরের **ন্ত্রী**ক্তীত গোবি**ন্দজী** উর প্ৰকাশক। ইহার অলৌকিক শক্তিতে মুগ্ধ হইয়া ময়ুরভঞ্জের রাজা বৈপ্তনাপ ভঞ্জ, পটাশপুরের রাজা গজপতি, ময়নার রাজা চন্দ্রভান্থ, এমন কি তাৎকালীন উক্ত প্রদেশের শাসনকর্ত্তা আছম্মদ বেগও ইহার শিষ্য হইয়াছিলেন। ক্ষিত হয় যে শ্রীর্সিকানন্দ বাঁশদহ হইতে গাডজন সেবক সঙ্গে সংকীর্ত্তন করিতে করিতে রেমুণায় জ্রীগোপী-নাথের প্রাঙ্গণে উপস্থিত হন এবং গর্ভনন্দিরে প্রবেশ করত শ্রীগোপী-नारथत श्रीचाक मीनाव्यविष्टे इन। তাঁহার সঙ্গী সেবকগণও দেহরকা করেন-গ্রীগোপীনাথের প্রোক্ত একটি বেডের মধ্যে শীর্ষকানন্দের

শ্ৰীঞ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩) পুষ্প-সমাধি এবং ভক্ত-সপ্তকের मभाषि पृष्ठे इय । श्रीत्रमिकानत्स्रत ভিরোভাব উপলক্ষে রেমুণায় শিব-চতুর্দশীর পর হইতে বার-দিনব্যাপী ঘাদশ মহোৎসব অমুষ্ঠিত হয়। এই বংশের অদ্বিতীয় পণ্ডিত শ্রীবিশ্বন্তরানন্দ - দেব - বিরচিত আন্তিক্যদর্শন স্থপ্রসিদ্ধ গ্রন্থ। রসিক মঙ্গলে বিস্তত জীবনী আলোচ্য। ২ পদকর্তা, পদকরতক্র ২২২৭ সংখ্যক পদটি শ্রীগোরাক্ষের সন্মাদ-বিষয়ক। রসিকানন্দ দাস—'লীলামুতরসপুরের' অমুবাদক। গোস্বামির শিষ্য শ্রীগদাধর ভট্টের পুঞা। 'প্রেমপত্তন'-নামক কাব্য-রচয়িতা। ১৬০৫ সম্বতে ইহার জন্ম হয় বলিয়া ঐ গ্রন্থের ভূমিকায় বিবৃত হইয়াছে। পুরঞ্জনের উপাখ্যানবং এই গ্রন্থেও প্রেমপতন বা বৃশাবনরাজ্যের বর্ণনা হইয়াছে। ইহার সহোদর বলত-রসিকজীর 'বাণী' উল্লেখ-যোগ্য পদাবলি-সংগ্ৰহ। রাউত্তা-খ্রিসকানন্দ প্রভুর বিষ্য। রাজগডবাসী। ছোটরায় রাউত্রা সে বড শুদ্ধমতি। রসিকেন্দ্রবিনা যার আন নাহি গতি 🏽 যাহার করণী দেখি' সবে পাইসা ্র° ম° পশ্চিম ১৪।৯৬ ভক্তি। ->1][রাখালানন্দ ঠাকুর-শ্রীখণ্ডের **সরকার** ঠাকুরের বংশাবতংস। ভক্তিচন্ত্রিকার টীকারৎ, শ্ৰীকৃষ্ণ-ভজনামৃত-প্রকাশক এবং শ্রীগোরাখ-

মাধুরী পত্রিকার সম্পাদক। ত্বপ্রসিদ্ধ

গৌরভক্ত মধুমতী-সমিতির છ উচ্ছলতা-বিধায়ক। রাঘব গোস্বামী-পূর্বলীলায় চম্পক-শতা (গৌ° গ° ১৬২) : শ্রীগোবর্দ্ধন-विनागी। हेमि खीनिवान आहार्य अ শ্রীনরোত্তম ঠাকুরকে লইয়া শ্রীবন্দা-বদ পরিশ্রমণ করিয়াছিলেন। প্রেমাননে মত্ত भक्ष রাঘব গোগাঞি। রাঘবের চরিত্র কহিতে অন্ত নাই॥ দাকিণাত্য-বিপ্র মহা-কুলীন প্রচার। প্রম-বৈষ্ণব ক্রিয়া কে বর্ণিবে তাঁর॥ দীনহীনে অমুগ্রহ-'ভক্তিরত্ব-দেখাইলা। প্রকাশাদি' গ্রন্থ যে বর্ণিলা ॥ যাঁহার সর্বস্থ এপর্বত গোবরধন। গোবরধনে বাস, সর্বশাস্ত্রে বিচক্ষণ॥ মধ্যে মধ্যে ব্রজ্ঞতে গমন করে রঙ্গে। মধ্যে মধ্যে রছে গোস্বামির সঙ্গে ॥ কভ কণ্ড একযোগে আসি' বৃন্ধবিনে। মহানন্দ পায় প্রভুগণের দর্শনে॥ রাধাকৃষ্ণ-চৈতন্ত্র-চরিত্র সদা গায়। না ধরে ধৈরজ নেত্রজ্ব ভাসি' যায়॥ ধূলায় ধূসর, স্পৃহা নাহি ভক্ষণেতে। প্রবল বৈরাগ্য চেষ্টা পারে বুঝিতে॥ কে (ভক্তি ৫।২০—২৮) हेनि দাকিণাত্যের রামনগর-निवागी बाक्षण। श्रीवृत्रावरन देशांव সমাধি আছে। পণ্ডিত-জীচৈত্ত্য-শাখা ৷ রাঘর পূর্বলীলার ধনিষ্ঠা [গো° গ° ১৬৬] শ্রীপাট-পাণিহাটী, ২৪ প্রগ্ণায় ভাগীরধীর তীরে।

রাঘব পণ্ডিত প্রভুর (আগ্র) খাগ্য-

'পাণিহাটী গ্রামে রাঘব-দময়স্কী-

व्यक्र हत्। [टेठ° ठ° व्यानि २०१२ हो

ধাম ॥ 'রাঘবের ঝালি' বলি
আছয়ে আখ্যান ॥ [পা°প°]
'এই রাঘবের ঝালি সাজাইতেন—
দমরস্তী, ইহাতে মহাপ্রভুর বারমাসের
খাল্যন্তব্য প্রবাদিত হইত।

খাগ্রদ্রব্য প্রবাক্ষত হহত।
তাঁর ভগিনী দময়ন্তী প্রস্কুর প্রিয়
দাসী। প্রস্কুর ভোগ-সামগ্রী যে করে
বারমাসী। সে সব সামগ্রী যত
ঝালিতে ভরিয়া। রাঘব লইয়া যান
শুপত করিয়া। বার মাস তাহা প্রস্কু
করেন অঙ্গীকার। 'রাঘবের ঝালি'
বলি' প্রসিদ্ধি যাহার।৷ [ৈচ° চ°
আদি ১০া২৫—২৭]

ঝালির দ্রব্য—ঐ অন্ত্য ১০।:৩—
৩৯, ১২৮—১৩৯ দ্রাইব্য। মহাপ্রান্থর
আজ্ঞায় অহন্তে রন্ধনাদি (চৈভা
অস্ত্য ১৮৩—১০০), শ্রীনিত্যানন্দপ্রভূ বিষয়ে উপদেশ (ঐ অন্ত্য ১।
১০—১০৮), নিত্যানন্দের অভিষেক,
জ্ববীরবৃক্ষে প্রাক্ত্যুটিত কদম্পুপদারা
মাল্য-গুক্ষনাদি (ঐ ১২৬৬—২৮৪)।
রাঘ্ব পুরী—নাম ভিন্ন অন্ত কোন
পরিচয় পাওয়া যায় না। ইনি

কামাবসায়িতা-সিদ্ধি। (গে গ° ৯৬--৯৭)।

দৈবকীনন্দন-ক্বত বৈষ্ণব-বন্দনায়—
বন্ধানন্দ স্বরূপ বন্দো বড ভক্তি

করি। কৃষ্ণানন্দ পুরী বন্দো, শ্রীরাঘবপুরী॥

রাঘবেন্দ্র রায়—ত্রাহ্মণ। শ্রীনরোভ্য

ঠাকুরের শিশু, রাজা চাঁদ রায় ও সংস্থায় রায়ের পিতাঠাকুর।

রাঘবেন্দ্র রায় ব্রাহ্মণ একদেশ-বাসী। গড়ের হাট উত্তরে লঞা লিখিয়ে প্রকাশি॥ জাঁর ছুই প্ত্র হৈল সস্তোষ, চাঁদ্রায়। চাঁদ্রায় বলবান্ সর্ব লোকে গায়॥ [প্রেম ১৮; চাঁদরার দেখ]

রাজবল্লভ—গ্রীবংশীবদন ঠাকুরের পোত্র, শচীনন্দনের পুত্র। (বংশী-বদন দেখ) 'বংশীবিলাস'-রচন্নিতা।

(বংশীশিক্ষা ২৩২ পৃষ্ঠা)

রাজবল্লভ চক্রবর্তী—শ্রীনিবাস

আচার্যের পদ্ধী শ্রীমতী ঈশ্বরী মাতার

আচাধের পদ্ধা শ্রামতা দশ্বরা মাতার শিষ্যা। শ্রীপাট—বোরাকুলি গ্রাম। পিতার নাম—গোবিন্দ বা ভাবক চক্রবর্তী। শ্রাতার নাম—রাধাবিনোদ

ও কিশোরী দাস।
ভাষ্ঠ পুত্র রাজবল্পত চক্রবর্তী
নাম। তাঁর গুণ কি কছিব অতি

অমুপাম। তাঁহার চরিত্র-কথা না পারি কহিতে। প্রভূপদ বিনা যাঁর অক্সনাহি চিতে। (কর্ণা ১) রাজা নুসিংহদেব—মানভূম জেলার

জনৈক রাজা, বীরহাদীরের অন্তরন্ধ বন্ধু ও শিব্যন্রাতা। পদাবলী-সাহিত্যে ইহার দান আছে।

'সারাবলী'-গ্রন্থে ইহার সম্বন্ধে উক্তি [গোড়ীয়বৈঞ্চব সাহিত্যে ২৷৩১ পৃষ্ঠায়] দ্রষ্টব্য।

রাজা মিত্র—শ্রীরসিকানন্দ-প্রভূর শিব্য [র° ম° পশ্চিম ১৪।>>>]। রাজীব—শ্রীগৌরভক্ত।

প্রীরাজীব! তার সঙ্গ ঘূচাহ' তুরিতে। যে পাপীর জল-বুদ্ধি প্রীচরণামতে॥ [নামা ২২৪]

রাজেন্দ্র গোস্বামী—শ্রীচৈতন্তু**-**শাখা। শ্রীল সনাতন গোস্বামির

ভাতৃষ্পুত্র।

তার মধ্যে রূপ স্নাত্ন বড় শাখা। অনুপম, জীব, রাজেক্সাদি উপশাখা॥

🦯 [देह° ह॰ चानि ১১।৮৫]

শ্রীপনাতন গোস্বামির শাখানির্ণয়ে—'তার শাখা শ্রীরূপ গোহামী
সর্বোপরি। শ্রীরাজেন্দ্র গোস্বামী,
কৃষ্ণাথ্য ব্রহ্মচারী। কৃষ্ণ মিশ্র
গোস্বামী— অভূত ক্রিয়া যার।
গোস্বামী শ্রীভগবন্তদাসাদি প্রচার'॥
[ভক্তি ৬২৭৮—১৯]

শ্রীপ্রীব্রজ্বদর্পণে ২৭ পৃষ্ঠায় লিখিত
আছে—শ্রীসনাতন গোস্বামির প্রাতৃভুব্র রাজেন্দ্র শ্রীরাধাকুণ্ডের তীরে
মাথুর লীলা শ্রবণ করিয়া এরপ অধৈর্য
হন যে তিনি অবিলম্বে শ্রীকৃষ্ণকে মথুরা
হইতে আনয়ন করিবার জন্ম ক্রতবেগে উন্মত্তের ন্তায় বাহির হন এবং
শ্রীরাধাকুণ্ড গ্রামের দক্ষিণে অল্লদুর
যাইয়াই দেহরক্ষা করেন। তথায়
তাঁহার সমাজ অল্লাপি অবস্থিত।
রাজেন্দ্র বন্দ্যোপাধ্যায় — শ্রীনিবাস
আচার্যের শিষ্য এবং তাঁহার

বৈবাহিক কুমুদ বা কলানিধি চট্টরাজের জামাতা। শ্রীপাট—
কাঞ্চনগড়িয়া। ইনি কুমুদ চট্টরাজের
ছই কতা শ্রীমালতী ও শ্রীফুল্লরী
দেবীকে বিবাহ করিয়াছিলেন।
কলানিধির ছই কতা রাজেন্দ্র-ঘরণী।

প্রীমালতী আর ফুল্লবি ঠাকুরাণী। (কর্ণা ১)

রাজেন্দ্র বন্দোপাধায় চট্টরাজের

জামাতা। তাঁহারে করিলা দয়া লভি প্রসন্নতা॥ (ঐ) রাণা কুস্ত—মেবার-রাজ, গীত-গোবিন্দের টীকাকার। রাধাকান্ত বৈজ্ঞ—শ্রীনিবাস আচার্যের

কল্পা শ্রীমতী হেমলত! দেবীর শিব্য। রামচরণ, মধুবিশ্বাস, রাধাকান্ত বৈল্প। কতেক কহিব আমি নাহি

রাধাচরণ – ঐ [ঐ ১৪।১৫২]

তার অন্ত॥ (কর্ণা ২) রাধারুষ্ণ — এরিসিকানন্দ-শিষ্য তাঙ্গণ। ্র° ম° পশ্চিম ১৪।১১৪] রাধারুষ্ণ আচার্য-জীনিবাস আচার্য প্রতুর মধাম পুত্র ও শিষ্য। স্ত্রীর नाम- ठक्कमूथी (मवी।

মধ্যম পুত্র প্রভুর রাধাকৃষ্ণ আচার্য। তাঁর গুণ কি কহিব, সকলি আশ্চর্য॥ (কর্ণা ১)

রাধাকৃষ্ণ আচার্য (ঠাকুর)— শ্রীনিবাস আচার্যের পুত্র শ্রীগতি-গোবিন্দের শিষা।

আর ভূত্য রাধাকৃষ্ণ আচার্য ঠাকুর। ভল্পন-পরকাষ্ঠা বড় গুণের প্রচুর॥ (কর্ণা২)

২্রামকৃষ্ণ আচার্যের পুত্র ও শিষা। শ্রীনরোত্তম ঠাকুরের শাখা। আচার্যের জ্যেষ্ঠ পুত্র রাধাক্ষ আচার্য । অৱকালে সংগোপনে হৈলামহা আর্য॥

ইহার ভাতার নাম-কৃষ্ণচরণ। (কৃষ্ণচরণ চক্রবর্তী দ্রপ্টব্য)।

🤊 (গোস্বামী), বারেক্স ব্রাহ্মণ। রামক্বঞ্চ আচার্যের শিষ্য, শ্রীনরোত্তম ঠাকুরের শাখা। ইনি শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্তির আতৃষ্পুত্র। নিচ্ছের বংশধর-গণ ঢাকার বেতিলা গ্রামে বাস করিতেছেন। ঢাকার লাললবাঁদের রাঢ়ী শ্রেণীয় গোস্বামিগণ বেতিলার গোপামিগণের শিঘা। (প্রেম ২০, २०१ पुः)।

বেতুল্যা গ্রামনিবাসী রাধাকৃষ্ণ চক্রবন্ধী। ভক্তিঅঙ্গ-সাধনেতে বাঁর মহাআজি॥ (নরো ১২) ৪ প্রসিদ্ধ মূলতানবাসী ক্রঞ্চলাসের भिषा। (कृष्ण्यान शक्कारी खुष्टेवा)। রাধাকু ফ দাস-শ্রীনিবাস আচার্যের শিষ্য।

রাধাকৃষ্ণ দাস নাম প্রভুর প্রিয় অবিশ্ৰাম ঝরে প্রেমে. কীর্ত্তনেতে নৃত্য। (কর্ণা ১) ২ গ্রীরগিকানন্দ প্রভুর পুত্র। রাধাকৃষ্ণ দাস নাম কৃষ্ণপ্রেমধাম। ্র° ম° পশ্চিম ১৪।২৮] ৩ ঐ শিষ্য [ঐ ১৪।১৬২] 8 এনবোত্তম ঠাকুরের শিষ্য। জয় রাধারুফ দাস রসিক অন্য। ভক্তি প্রবর্তাইয়া কৈল পতিতেরে

(প্রেম ২০) রাধাকুষ্ণদাস গোস্বামী— শ্রীগোবিনের দেবাধিকারী শ্রীহরিদাস পণ্ডিতের শিষা। ইনি

ব্রজরায়, রাধাকৃষ্ণ দাস্, কৃষ্ণরায়॥

(নরো ১২)

মস্তোপাসনাময়ী

এবং 'দশশ্লোকীভাষ্যে' স্বারসিকী সাধনার বিস্তারিত বর্ণনা দিয়াছেন। রাধাকৃষ্ণ দেব—গ্রীরসিকানন্দ প্রভুর

কনিষ্ঠ পুত্ৰ। ভট্টাচার্য—শ্রীনরোত্তম রাধাকুষ্ণ

'সাধনদীপিকায়'

ধহা ॥

ঠাকুরের শিষ্য, রাঢ়ীয় ব্রাহ্মণ। পূর্বে শ্রীধাম নবদ্বীপে নিবাস ছিল। আর শাখা রাধাক্বফ ভট্টাচার্য। क्रन, भीतन, ऋत्भ, গুণে—गर्वमर्छ ष्पार्य॥ ताढ़ीय कूलीन रुय, नवहीरल বাস। সদা হরিনাম জপে, মনেতে (প্রেম ২০) উল্লাস ॥ জয় রাধাকৃষ্ণ ভট্টাচার্য দয়াবান্।

অতিপূর্বে নবদীপে যাঁর অবস্থান। (নরো ১২) রাধাগোবিন্দ-জীরসিকানন্দ-শিষ্য।

[র° ম° পশ্চিম ১৪।১১৪]

রাধাদামোদর—(সভ। উপদংহার) গ্রীর্সিকানন্দ প্রভুর পোত্র শ্রীনয়না-নন্দের শিষ্য এবং শ্রীমদ্বলদেব বিষ্ঠাভূষণপাদের ওরুদেব। কান্তকুজদেশে বিপ্রকুলে আবিভূতি হন। ইঁহার প্রেরণায় শ্রীলবলদেব বিস্তাভূষণপাদ 'বেদান্ত-শুমন্তক' প্রণয়ন করেন—ইহা উক্ত গ্রন্থের অস্তা শ্লোকে দ্রষ্টব্য। ইনি ছন্দঃ-

রাধানন্দ—শ্রীখ্যামানন্দ প্রভুর শিষ্য। গোপীবল্লভপুরে শ্রীপাট।

কৌস্তুভ রচনা করেন।

আর শাখা রাধানন্দ, নয়ন ভান্কর। গোরীদাস-নাম শাখা, সর্বগুণধর॥ (প্রেম ২০)

রাধানন্দ চৌধুরী—চক্রপাণি চৌধুরীর পুত্র (চক্রপাণি চৌধুরী দ্রষ্টব্য)।

রাধানন্দ দেব—শ্রীরসিকানন্দপ্রভুর জ্যেষ্ঠ পুত্ৰ।

জ্যেষ্ঠ স্থত রাধানন্দ মহামতিমান্। কৃষ্ণগতিমতি কথা অতি অমুপাম॥ (র° ম° পশ্চিম ১৪।২৭)

কুষ্ণে রতি, কুষ্ণে মতি, কুষ্ণে তাঁর স্থিতি। অন্তরে বাহিরে তাঁর ক্লফের বসতি ॥ নিজা গেলে ক্বফসঙ্গে জাগিলে বিচ্ছেদ করেন ক্রীড়ন। করেন ক্রন্দন॥ কান্দিতে কান্দিতে দেখে রাধাকৃঞ্জপে। হঞা অবগাহে আনন্দের কুপে॥

'জন-১৫৩৮ শকাকা। শৈশবে কাঁকুড়-আহরণাদি লীলায় অতিমর্ক্তা

ইত্যাদি [ঐ ১৪।৩১—৩৩]

ঐশর্যাবলীর বিবরণ এক্সঞ্চাস-রচিত 'খ্যামানন্দ-রসার্ণবে' দ্ৰন্থব্য ।

১৪ বংসর বয়ঃক্রমে শ্রীপাট গোপীবয়ভপুরে 'খ্যামানন্দী গাদীখর' নিযুক্ত
হন। ইনি সর্বশাস্ত্রে অপণ্ডিত ও
সঙ্গীতবিভায় পারদর্শী ছিলেন।
শ্রীগীতগোবিন্দের অমুকরণে রচিত
শ্রীরাধাগোবিন্দ কাব্য' ইহার অক্ষয়
কীন্তি। এতহাতীত ইহার পদাবলীও
আছে। ১৬০৬ শকান্দে অপ্রকট
হন। ই হার ছই পুত্র—নয়নানন্দ
ও রাসানন্দ।

রাধামাধব—শ্রীরসিকানন্দ-শিষ্য। (র° ম° ১৪।১৪৭)

রাধামাধব ঘোষ—হগলী জেলার দশঘরা-গ্রামী রামপ্রদাদের পুতা। ইনি ১৮৪৮ খৃ: 'বৃহৎসারাবলী' নামে বিশাল গ্রন্থ প্রণয়ন করেন।

দা**স**—শ্রীনিবাস রাধামকুন্দ আচার্যের প্রিয় শিষ্য পদকর্ত্তা চক্রবর্তীর গোবিন্দ বংশ্য | 'মুকুন্দানন্দ'-গ্রন্থের সম্বায়িতা, উহা পূর্ব ও উত্তর ছুই বিভাগে বোলটি স্তবকে গুল্ফিত ; পদসংখ্যা—৬৫১। রাধানোহন-- শ্রীখামানন্দ প্রভুর শিষ্য (প্রেম ২০)। ২-৩ শ্রীরসিকানন্দ-শিব্য (র° ম° পশ্চিম ১৪।১১৪,১৫০)। ব্রাধানোহন গোস্বামী—প্রীঅংগত প্রভুর অধস্তন। মহাবিজ্ঞ ও স্থপণ্ডিত। সাধারণতঃ গোস্বামি-ভট্টাচার্য-নামে খাত। শ্রীমদ্ ভাগবতের উপর **'ভাগবত-ভত্ত্বসার**' নামে টীকা-কার। এতদ্ব্যতীত তিনি কৃষ্ণ-তত্ত্বাসূত, কৃষ্ণভক্তিরসোদয়, কৃষ্ণ-ভজনক্রমসংগ্রহ ও তত্ত্বসংগ্ৰহ প্রভৃতি গ্রন্থও বচনা করিয়াছেন! । 'রাধামোহন বিভাবাচস্পতি' দ্রপ্টব্য]

রাধামোহন ঠাকুর—জীনিবাস
আচার্যের বংশীয়। পিতার নাম—
জগদানন্দ ঠাকুর। বর্দ্ধমান জ্ঞেলার
মালিহাটী গ্রামে—>>>৪ বঙ্গান্দে জন্ম
হয়। মহারাজা নন্দকুমার তাঁহার
শিষ্য ছিলেন। পুটিয়ার রাজা রবীন্দ্রনারায়ণ পূর্বে শাক্ত ছিলেন। ইনি
তাঁহার সভাপতিতকে বিচারে
পরাস্ত করিয়া রাজাকে বৈক্ষবধর্মে
দীক্ষিত করেন। বৈজ্ঞপুরনিবাসী
নয়নানন্দ তর্কালস্কার, টেয়া-নিবাসী
কৃষ্ণপ্রসাদ ঠাকুর—এই ছই জন
ইহার রতবিত ছাত্র।

রাধামোহন ঠাকুর 'পদামৃত-সমুদ্র'
নামক ৩০১টি পদের সমবায়ে পদগ্রছ
ও তাহার মহাভাবামুসারিণী টীকা
করেন। পদকল্পতকতে ১৮২টি পদ
শ্যাহৃত হইয়াছে।

>>२६ गाल मूर्निपकुली थाँव দরবারে স্বকীয়া ও পরকীয়া ভাব লইয়া যে বিচার হয়, সেই সভায় ইনিও উপস্থিত ছিলেন। সালের 6ৈত্রী শুক্লা নবমীতে ইনি মানান্তে তিলকমাল্যাদি ধারণ পূর্বক হরিনাম-সংকীর্ন্তনের তুলগীকাননে মধ্যে অপ্রকট হন। কপিত আছে যে তাঁহার প্রিয়শিষ্যদ্বয়—কালিদী দাস ও পরাণ দাস-সে ত্রীবৃন্দাবনে শ্রীঈশ্বরীজির জীর্ণ কুঞ্জের সংস্থার করিয়া মালিহাটীতে প্রত্যা-বর্ত্তন করিতেছিলেন। পথিমধ্যে রাধামোহন প্রভু তাঁহাদিগকে দর্শন বৈশাখের ক্বফাচতুর্থীতে মহোৎসব করিতে আদেশ দিয়া অন্তহিত হন। প্রভু রাধামোহন নিঃসন্তান ছিলেন তাঁহার এবং

অপ্রকটের সাত দিন পরে তদীয় পদ্ধীও দেহত্যাগ করেন।

রাধানোহন দাস— পরারে 'মন্ত্রার্থ-চন্দ্রিকা' নামে গ্রন্থ-প্রেণেতা। এই গ্রন্থে ইনি প্রীকৃষ্ণমন্ত্র, প্রীরাধামন্ত্র, কাম গায়ত্রী, কামবীজ ও রাধাবীজ প্রভৃতির বিবৃতি দিয়াছেন।

রা**ধামোহন মিত্র—** সাদিপুর-নিবাসী। পয়ারে **'শ্রীহরিবাসর-**দীপিকা'-প্রণেতা।

রাধানোহন বিভাবাচস্পত্তি— শ্রীশ্রীঅদৈতপ্রভুর অধন্তন সপ্তমপুরুষ। ইনি শান্তিপুর বিভাসমাজের সর্বশ্রেষ্ঠ পণ্ডিত ছিলেন এবং স্মৃতিভায়াদি বিবিধ শাস্ত্রে টীকা ও নিবন্ধ বাজালার সর্বত্র এবং তাঁহার নব্যস্তায়ের পত্রিকা • সমূহ এক সময়ে বাঙ্গালার বাহিরেও প্রচার লাভ করিয়াছিল। খুঃ অপ্টাদশ শতাব্দীর চতুর্থ দশকে তাঁহার জন্ম-মানিতে হয়. কেননা নবদ্বীপাধিপতি রাজা কৃষ্ণচন্দ্র তাঁহাকে ৮১/০ ভূমি দান করেন—তারিখ২১ মাঘ ১১৬৯ সন। গ্রহাবলী-(১) ভাগবততত্ত্বসার পত্রসংখ্যা ১৭। শ্রীমদ্ভাগবতে বিতর্কিত কোন কোন গোস্বামির 'গ্রীগোরাল-মলল-সঙ্গীত-লীলারসভত্ত্ব-সারসংগ্রহে' অনেক বচন উদ্ধৃত হইয়াছে (৩য় সং ১৩০৮, 월->90, >9b-b0, 28a)1 ভত্ত্বংগ্রহ (পত্রসংখ্যা ৫৪, L688)। (৩) ভক্তিরহম্থ—ভাগবতের শ্রুতি-স্থতি ও ব্রহ্ম-স্থতির ব্যাখ্যা . (শান্তিপুর-পরিচয় ৬৬১ (8) কৃষ্ণভক্তি স্থধার্ণব (L. 4057)

পত্রসংখ্যা ১৮৬; বঙ্গীয় সাহিত্য পরিষদের পুঁথি ৮৯৬, ২০৫ পত্র খণ্ডিত)। (৫) শ্রীকৃষ্ণার্চনচন্দ্রিকা (পরিষদের পুঁথি নং ৮৯৭, ১৭০ পত্র খণ্ডিত)। (৬) তত্তদীপিকা-গোতমীয় তন্ত্রের বিস্তৃত ব্যাখ্যা (ঐ ১৭৭, ৩২৬ ও ৩৩৫ সংখ্যা, থণ্ডিত)। (৭) শ্রীকৃষ্ণভজনক্রমসংগ্রহ (L. 3137), ৫৫ পত্র)। (৮) তত্ত্বসন্দর্ভ-টিপ্পনী (কলিকাতা দেবকীনন্দন প্রেসে মুদ্রিত, চৈত্যাক ৪৩৩)। (৯) কৃষ্ণতত্তামূত (L. 1182, পত্ৰ-সংখ্যা ২৪)।(১০) কুষ্ণভক্তিরসোদ্য (L. 1192, পত্রসংখ্যা ১২, খণ্ডিত; I. O. p 815-76, প্রসংখ্যা ৬০. দশ উল্লাসে পূর্ণ)। এই সকল গ্রন্থে ইনি ভজন, পূজন, আচার, দার্শনিক বিচার প্রভৃতি যাবতীয় বিষয়ে সুন্ম আলোচনা করিয়াছেন এবং বিশেষতঃ বৈফবোচার ও স্মার্ভাচারের মধ্যে বিরোধের মীমাংশা করিতে যথেষ্ট চেষ্ঠা করিয়াছেন। (১১) ইনি পদাক্ষদৃতের টীকা করিয়াছেন। শ্বতিশাস্ত্রেও ইহার দান আছে— (:২' রঘুনন্দনের মলমাস্তত্ত্ দায়তত্ত্ব, গুদ্ধিতত্ত্ব, প্রায়শ্চিত্ততত্ত্ব, উবাহতত্ত্ব, তিথিতত্ত্ব ও একাদশী-তত্ত্বের টীকা করিয়াছেন। (১৩) প্রায়শ্চিত্ত-ব্যবস্থানির্ণয় (পত্রসংখ্যা ৬৬) একটি উৎকৃষ্ট সারসঙ্কলন ও প্রথম পাঠাথীর উপযোগী। (১৪) স্থায়সূত্রবিবরণ কাশীতে পণ্ডিত পত্ৰিকায় প্ৰকাশিত হইয়াছে (১৯.৩ খঃ)। (১৫) কুস্থমাঞ্জল-কারিকার হরিদাসী টীকার উপর

ইনি 'ব্যাখ্যাপ্রকাশ' নামে উপটীকা করিয়াছেন। (বঙ্গে নব্যগ্রায়চর্চা ২৩१—২৪১ পৃষ্ঠা)। শ্রীরাধারমণ গোস্বামী-শ্রীরাধা-রমণের দেবক ও শ্রীগোপাল ভট্টের অন্ববায়ী। ইনি ভাবার্থ-দীপিকার भर 'मी शिकामी श्रेमी' नारम हिंशनी রচনা করেন। টিপ্পনীর প্রারম্ভে ইনি শ্রীগোবর্দ্ধনলাল গোস্বামির বলিয়া পরিচয় দিয়াছেন। তারিখাদি নাই। রাধারাণী দেবী-শ্রীপাট মাহেশের শ্রীকমলাকর পিপ্লাইয়ের কন্তা। ইহার সহিত খডদহের প্রসিদ্ধ কামদেব পণ্ডিতের বিবাহ হইয়া-ছিল; উভয়েই গৌরভক্ত ছিলেন। রা**ধাবল্লভ** শ্রীরসিকানন্দ-শিষা। ্র° ম° পশ্চিম ১৪।১৪০] রাধাবল্লভ চক্রবর্ত্তী—--গ্রীনিবাস আচার্যের পুত্রবধু শ্রীমতী স্ত্যভামা (কণা২) দেধীর শিষ্য ৷ রাধাবল্লভ চট্টরাজ—শ্রীনিবাগ আচার্য প্রভুর পরিবার। (অমু १) রাধাবল্লভ চৌধুরী—গ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। রাধাবল্লভ চৌধুরী শাখা, শ্রীগোরাঙ্গ (প্রেম ১২) नाम । জয় রাধাবল্লভ চৌধুরী দয়াময়। যার প্রেমাধীন শ্রীঠাকুর মহাশয়॥ (নরো ২২) রাধাবল্লভ ঠাকুর—ত্রীনিবাস প্রভুর কনিষ্ঠ পুত্ৰ। ইনি মণ্ডল গ্ৰামে বাস করিতেন। কর্ণানন্দ-মতে ইনি জ্যেষ্ঠা সহোদরা হেমলতা দেবীর শিঘা। আর শিঘ্য তাঁর রাধাবল্লভ ঠাকুর।

মণ্ডল-গ্রামবাসী তিঁহো হয় ভক্তশূর॥ (কণ ২) রাধাবল্লভ দত্ত-গ্রীনরোত্তম ঠাকুরের শিয় এবং তাঁহার ভাতা রামকান্ত দত্তের পুত্র। শ্রীপাট—খেতুরী। প্রীমহাশয়ের জ্যেষ্ঠ প্রতা রামকান্ত। তাঁর পুত্র শ্রীরাধাবলভ মহাশাস্ত॥ তাঁহারে করিলা দয়া ঠাকুর মহাশয়। সর্বগুণবান ভক্তিরসের আশ্রয়॥ (প্রেম ২০) রাধাবল্লভ দাস - ঐভাচার্যপ্রভুর শিষ্য ৷ গ্রীরাধাবলভ দাস প্রভুর সেবক। মহাভাগৰত তিঁহো ভজন অনেক॥ (কণা ১) ২--- শ্রীরদিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪।১৪৬]। ৩-এই নামে তিন জন পদকর্ত্তা আছেন। গৌরপদতরঙ্গিণীর ভূমিকায় আলোচনা দ্ৰপ্তবা। রাধাবল্লভ দাস ঠাকুর - জীনিবাসা-চার্য প্রভুর শিষ্য। রাধাবন্নভ দাস ঠাকুর সরল উদার। প্রভুর চরণ-ধ্যান অন্তরে যাঁহার॥ (কর্ণা ১) রাধাবল্লভ মণ্ডল-জীনিবাস প্রভুর শিষ্য। পিতার নাম—স্থধাকর মণ্ডল। মাতার নাম—খামপ্রিয়া, লাতার নাম-কামদেব ও গোপাল। তাঁহার পুত্র রাধাবলভ মণ্ডল স্কুচরিত। হরিনাম বিনা যাঁর নাহি (কর্ণা ১) আর কুত্য ॥ শ্রীপাট—কাঞ্চনগড়িয়া ইনি

গ্রীল রঘুনাথ দাস গোস্বামি-ক্লত-

'বিলাপকুস্থমাঞ্জলীর' প্রাহ্বাদ

করিয়াছিলেন। এতদ্বাতীত

'স্চক'ও তাঁহার রচিত।
রাধাবল্লভ সিংহ – মুশিদাবাদ জেলায়
পাঁচথুপীর উত্তর রাটীয় কায়স্থবংশীয়
জনৈক বৈষ্ণব পদকর্ত্তা গায়ক,
ফুদক্ষবাদক ও দক্ষীতজ্ঞ। স্বহস্তলিখিত 'সঙ্গীতমালা' গ্রন্থ গবেষণাপূর্ণ দঙ্গীতশাল্লের ইতির্ক্ত তদীয়
পুত্রগণ কর্ত্ত্বক সংরক্ষিত হইতেছে।
(মুশিদাবাদ-কথা ৪৪১০ পৃষ্ঠা)
রাধাবিনোদ——শ্রীরসিকানন্দ-শিয়া।

রি° ম° পশ্চিম ১৪।১৫১] রাধাবিনোদ গোস্বামী-গ্রীঅবৈত-বংশ্য। প্রীমদভাগবতাদি বৈষ্ণবশাস্ত্র-ব্যাখ্যাতা, শ্রীমদ্ভাগবতের অমুবাদ ও রহস্তাদিস্হ কিয়দংশের প্রকাশক। রাধাবিনোদ চক্রবর্ত্তী – খ্রীনিবাস প্রভুর পুত্রবধু সত্যভামা দেবীর শিশ্য। বুন্দাবনী ঠাকুরাণী সেবক তাঁহার। রাধাবিনোদ চক্রবর্তী, কিশোরী চক্রবর্তী আর ॥ কিণা ২ ী ২ শ্রীনিবাস প্রভুর গৃহিণী শ্রীমতী ঈশ্বরী দেবীর শিশ্ব। প্রীপাট-বোরাকুলি গ্রামে। ইনি গোবিন্দ চক্রবর্তীর মধ্যম পুত্র। ভাতার নাম

—রাজবল্পভ ও কিশোরী।
তার ছই পুত্র মাতার সেবক
হইলা। রাধাবিনোদ, কিশোরী দাস,
ভক্তিপরা॥ (কর্ণা ১)
রাধাবিনোদ' দাস—শ্রীরসিকানশপ্রভুর শিহা।

রাধাবিনোদ দাস, কালনী
ভগবান্। [র° ম° পশ্চিম ১৪|১০৭]
রাম— দ্রাবিড়ী দরিদ্র ব্রাহ্মণ।
শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটের কিছু পূর্বে
ইনি দারিদ্র্য-নিবন্ধন ক্লিষ্ট হইয়া
দ্রগরাপের ক্লপাপ্রাপ্তির উদ্দেশ্যে সাত

দিন উপবাসী থাকিয়াও তৎক্বপায়
বঞ্চিত হইয়া সমুদ্রে প্রাণত্যাগ
করিতে যাইয়া দৈবাৎ বিভীষণের
সাক্ষাৎকার লাভ করেন। বিভীষণ
তরোপদেশ করিয়া যাইতে থাকিলে
ইনি তাঁহার পশ্চাদমুসরণ করত
শ্রীমহাপ্রভুর সমুধে আসিয়া উপনীত
হন। প্রভুর আজ্ঞায় বিভীষণ
ইহাকে প্রচুর ধন দিয়াছিলেন।
(চৈত মত শেষ ৪।৪—৯১)

২ ঐতিচতন্ত্র-শাখা। শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, ঈশান। (চৈ°্চ° আদি ১০।১১০) রাম আচার্য—শ্রীঅবৈত-গণ।

রামকান্ত-পদকর্ত্তা, পরিচয় অজ্ঞাত। পদকল্পতক্ষর ১৫৭২ পদ। রামকান্ত দত্ত-কায়স্থ, শ্রীনরোত্তম ঠাকুরের জ্যেষ্ঠ শ্রাতা ও শিব্য।

(প্রেম ১৯)

শ্রীপাট—থেতুরী। রাজপুত্র। শ্রীমহাশয়ের জ্যেষ্ঠ প্রাতা রাম-কাস্ত। তাঁর পুত্র শ্রীরাধাবদ্ধভ মহাশাস্ত। (নরো ১২)

রামকৃষ্ণ-- শ্রীবীরচন্দ্রপ্রভুর মধ্যমপুত্র ! (প্রেম ২৪) ২ শ্রীরসিকানন্দ-শিষা।

[র° ম° পশ্চিম ৭।১৩]

 শ্রীমদ্ভাগবতের 'ভাগবতকৌমুদী' নামে টীকাকার। ১৭৪৩
শকে রাসপঞ্চাধ্যায়ীর টীকা সমাপ্ত
হয়।

রামকৃষ্ণ আচার্য— রাটী শ্রেণীর বান্ধণ। শ্রীনরোজম ঠাকুরের শিষ্য।.
গঙ্গা ও পদ্মা নদীর সঙ্গমে 'গোয়াস'
গ্রামে শ্রীপাট। ইনি গঙ্গানারায়ণ
চক্রবর্তিকে শ্রীনরোতমের শ্রীচরণ

আশ্রম করাইয়াছিলেন। শ্রীনরোত্তম ঠাকুরের অপর শিব্য হরিরামের সৃহিত ইহার সুখ্য ছিল।

প্রসিদ্ধ ভাগৰতের টীকাকার বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় রামকৃষ্ণের প্ত্র ক্ষচরণের শিক্ষার শিষ্য ৷ রাম-ক্ষেত্র বংশধরগণ মুশিদাবাদ দৈদাপুরে বাস করেন ৷ মণিপুরের রাজা ইহাদের শিষ্য ৷

শিষ্য--রামক্ষ্ণ আচার্য মহাশয় ৷ গ্লা-প্রার স্লম 'গোয়াসে' আলয়॥ রাটী শ্রেণী বিপ্র তিঁহো পণ্ডিত-প্রধান। যাঁর শিষো উপ-শিষ্যে ব্যাপিল ভুবন ॥ (প্রেম ২০) ন্বোভ্যের শিষ্ রামক্ষ আচার্য। পরম পণ্ডিত, ভক্তিপথে মহা আৰ্য॥ দীনহীন অকিঞ্চন জনে অতিপ্ৰীত। নাশয়ে পাষ্ডিমত সৰ্বত্ৰ ্ভিক্তি ১৪|১২১-১২২ ী বিদিত ॥ পিতার নাম-শিবাজী, ভাতার নাম-হরিরাম, পুত্রন্বরে নাম-রাধাক্বঞ ও কৃষ্ণচরণ। পত্নীর নাম — কনকলতিকা দেবী। জ্যেষ্ঠ পুত্র রাধারুফ অল্লবয়সে স্বধাম করেন। কনিষ্ঠ পুত্র ক্লফচরণকে হরিরাম আচার্য পোষ্যপুত্ররূপে গ্রহণ করিয়াছিলেন।

ইঁহার পিতা ঘোর শাক্ত ছিলেন।
প্রতি বংসর ছুর্গাপূজার উপলক্ষে
বিস্তর ছাগ-মেষ বলি দিতেন। পুত্র
হরিরাম ও রামকৃষ্ণ ছুইজনে পূজার
বলির জন্ম ছাগ ক্রয় করিতে
গিয়াছেন; ঠিক ঐ সময়ে ঘটনাক্রমে শ্রীনরোত্তম ঠাকুর মহাশয়
উহাদিগকে দেখিতে পাইয়া প্রিয়
স্থা শ্রীরামচক্র কবিরাজকে

বলিলেন--

তাহা দেখি রামচন্ত্রে মহাশ্য। কৃষ্ণ-ভজনের যোগ্য এই বিপ্র হয়।

রামকৃষ্ণ চট্টরাজ

ইহারাও শ্রীনরোত্তম ঠাকুরকে দেখিয়া মোহিত হইলেন এবং ছাগ-মেষাদির বধ যে অক্যায়, ইহা শ্রবণ তাঁহাদের প্রাণ কাঁদিয়া ক্রিয়া উঠিল। পরে ক্রীত পশুগুলিকে ছাড়িয়া দিয়া শ্রীনরোত্তম ঠাকুরের শ্রীচরণ ধারণ করিয়া অমুনয় করিতে नाशिलन-छिनि नीका पिया (श्रम-**४८न** ४नी कतिशा पिटलन। निर्ता >०: হরিরাম আচার্য দেখ]

রামকৃষ্ণ চট্টরাজ — শ্রীনিবাস আচার্যের শিষ্য। ইহার পুত্রের নাম—গোপীজনবল্লত। এই গোপী-জনবল্লভের সহিত শ্রীনিবাস আচার্য প্রস্থুর কন্তা হেমলতা দেবীর বিবাহ হইয়াছিল।

রামকৃষ্ণ চট্টরাজ প্রভুর এক শাখা। তাঁহার মহিমা-গুণ কি করিব লেখা॥ তাঁর পুত্র গোপীজনবল্লভ চট্টরাজ। বিখ্যাত আছেন যিনি জগতের মাঝ॥ (কর্ণা১)

রামক্রম্ড দাস—অভিরাম দাসের 'পাটপর্যটন'-মতে ইনি শ্রীঅভিরাম গোস্বামির শিয়া। শ্রীপাট---বিহুপাড়া।

বিমুপাড়া-বাসী রামকৃষ্ণ দাস নাম ॥ [210 40]

रेनि गूर्निमावारमव अधीन कन्नी-পুরের নিকট বাজিতপুরে 'শ্রীশ্রীশ্রাম-সর্বেশ্বর'-নামক শ্রীবিগ্রহের সেবক ছিলেন। পূর্বে শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীবীরভন্ত গোস্বামী এবং তাহাদের শিষ্যগণ শিখিপুচ্ছাদি দারা চূড়াধড়া করিয়া পরিতেন। পরে এখ্রী-নিত্যানন্দপ্রভুর পৌত্র গোপীজনবন্ধত, রামকৃষ্ণ ও রামচন্দ্র প্রভৃতি তাঁহাদের শিষ্যগণকে ঐ বেশ পরিতে নিষ্ঠেধ করিলেন—শিষ্যগণ আজ্ঞা পালন করিলেন; কিন্ত রামক্বঞ্চ চূড়াধারী তাঁহাদের আজ্ঞা মানিলেন না। এজন্ত গেই হইতে তিনি 'চূড়াধারী' নামে অভিহিত এবং সম্প্রদায় হইতে ত্যাজ্য হইয়া গেলেন।

ইহাদের গুরুপ্রণালী—গ্রীগ্রী-জাহ্বা মাতা, শ্রীশ্রীরভদ্র গোস্বামী, রামকৃষ্ণ চূড়াধারী, মাধৰ দাস চূড়াধারী, कृक्षनाम চূড়াধারী, বাল-কানন্দ চূড়াধাড়ী, রামজীবন চূড়াধারী, কৃষ্ণতারণ চূড়াধারী, নবীনকৃষ্ণ দাস চূড়াধারী এবং তিনকড়ি চূড়াধারী।

রামগোপাল দাস—গ্রীখণ্ডবাসী শ্রীল রঘুনন্দনের বংশ্য শ্রীরতিকাস্ত ঠাকুরের শিষ্য রামগোপাল রায়-চৌধুরী। ১৫৯৫ শকে 'রসকল্পবল্লী'-নামে পদাবলী সন্ধলন করেন। ইহা দ্বাদশ কোরকে পূর্ণ।

নীলাচলে অবস্থানকালে চক্রপাণি ও মহানন্দ নামে ত্বই ভাই শ্রীখণ্ডবাসী শ্রীরঘু-নন্দনের দেবক বলিয়া গ্রীগৌরের চরণে আত্মনিবেদন করিলে শ্রীমন-মহাপ্রস্থ তাঁহাদিগকে যথাযোগ্য শীসরকার সাধনোপদেশ দিয়া ঠাকুরের সমীপে পাঠান। সরকার ঠাকুরের প্রেরণায় তাঁহারা প্রীবৃন্দাবন-চন্দ্রের সেবা প্রকট করেন। চক্র-

পাণি চৌধুরীর পুত্র—শ্রীনিত্যানন। তৎপুত্র গলারাম, তৎপুত্র ভামরার। খ্যামরায়ের জ্যেষ্ঠপুত্র মদন—গোবিশ-লীলামূতের প্রামুবাদ-রচয়িতা এবং ক্রিষ্ঠ রামগোপাল 'রসকল্লবল্লী'-গ্রন্থকর্তা। পীতামর দাস রামগোপাল-চৌধুরীর পুত্র—'রুস-মঞ্জরী'-নির্মাতা। শ্রীগোপালদাস-কৃত অভ ছই গ্রন্থ—শ্রীনরহরিশাখা-নির্ণয় ও শ্রীরঘুনন্দনশাখানির্ণয়। এতদ্যতীত পদকর্তাহিসাবেও তাঁহার খ্যাতি আছে। [গোরাঙ্গমাধুরী २।२७३ श्रृष्ठी]

২ পাটনির্ণয়-প্রণেতা (পাটবাডী श्रुषि वि ১२৯)। রামচন্দ্র—শ্রীবীরচন্দ্র প্রভুর কনিষ্ঠ (প্রেম ২৪)

পুত্ৰ। ই শ্রীখণ্ডবাসী ও শ্রীল রঘুনন্দন ঠাকুরের শাখা।

পদক্তা।

৪ (রামাই)—বাঘনাপাড়ানিবাসী বংশীবদন ঠাকুরের পুত্র শ্রীচৈতম্মের অনঙ্গমঞ্জরী-সম্প্রটিকা ইহার রচনা। শ্রীনিত্যানন্দ-পদ্ধী শ্রীজাহনা মাতার সঙ্গে ইনি শ্রীবন্দা-বনে গমন করেন। তৎকালে ইনি শ্রীবৃন্দাবনে প্রস্কন্দন তীর্থে শ্রীকৃষ্ণ-বলরামমৃত্তি প্রাপ্ত হন এবং ভাহাই বাঘ্নাপাড়ায় আনিয়া করেন। ১৪৫৬ শকে ইছার আবি-র্ভাব এবং ১৫০৫ শাকে মাঘী ক্লফা তৃতীয়ায় অপ্রকট হয়। [রামাই গোঁসাই দেখ]।

৫ (নুপ) — শ্রীরসিকানন্দ-শিষ্য। [র° ম° পশ্চিম ১৪।১৩৬]। রামচন্দ্র কবিরাজ-গ্রীনিত্যানন-

রামচন্দ্র খাঁন

শাখা।

কংগারি সেন, রাম সেন, রামচজ্র কবিরাজ। গোবিন, এরঙ্গ, মুকুন্দ —তিন কবিরাজ॥ [ৈচ° চ° আদি >>:0> 7

 ২ গ্রীনিবাস আচার্য প্রভুর শিব্য। পিতার নাম-চিরঞ্জীব সেন, মাতা — সনন্দা দেবী। জন্মস্থান--শ্রীথণ্ড গ্রামে (জেলা বর্দ্ধনান)।

খণ্ডবাসী চিরঞ্জীব সেন এক হয়। তাঁহার পত্নীর নাম অনন্দা কহয়॥ ছুই পুত্র হইল তাঁর পরম গুণবান। জ্যেষ্ঠ রামচন্দ্র, কনিষ্ঠ গোবিন্দ অভিধান॥ ব্রীনিবাসের শিষ্য রামচন্দ্র কবিরাজ। 'ক্রুণামঞ্জরী' রাম্চক্রের সিদ্ধ নাম॥ জন--অমুমান ১৪২৮ শকাকে। ১৬১২ খঃ ১৫৩৪ শকে তিরোভাব। ইহার মাতামহ—শ্রীলনরহরি সরকার ঠাকুরের শিষ্য শ্রীল দামোদর কবিরাজ।

চিরঞ্জীব সেনের অপ্রকটের পর রামচক্র মাতামহালয়ে কুমারনগরে বাস করিতে থাকেন। পরে মূশিদাবাদ জেলার তিলিয়াবুধুরী গ্রামের পশ্চিমপাড়ায় প্রীপাট করেন। বিবাহবেশে প্রীরাম-দেখিয়া চদ্রান্তব আচার্যপ্রভু বলিলেন—

এই দেখ বিবাহের এতেক উৎসাহ। অর্থবায় করি কিনে মায়ার কলহ। গলে ফাঁদ দিল মায়া-তাহা না বুঝিয়া। মঙ্গল আচরে দেখ কৌতুক করিয়া॥ অমঙ্গলে ভভ জ্ঞান সদাই করিয়া। উৎস্ব ক্বতার্থ মানিয়া॥ করয়ে লোক (७७ ३३।३)

এই কথাগুলি রামচন্দের কাণের ভিতর দিয়া মরমে প্রবেশ করেও পরে তিনি শ্রীনিবাস প্রভর শিশ্বত্ব গ্রহণ করেন। রামচন্দ্রের গুরুভক্তি অতুলনীয় ! খ্রীনিবাস প্রভু যাহা আজ্ঞা করিতেন, অবিচারে তাহাই প্রতিপালন করিতেন। এ বিষয়ে খড়বড়ের ঘটনা স্মরণীয়। (কর্ণাত) ঠাকুর মহাশয়ের সহিত ইংহার প্রণয় ছিল। রামচন্দ্র বিষ্ণপুরের বীরহামীরের বাজা শিক্ষাগুরু हिल्न। जीन जीकीर लायामी রামচন্দ্রের কবিত্ব-শ্রবণে তাঁহাকে 'কবিরাজ' উপাধি প্রদান করেন। ইনি আই কবিরাজের অন্ততম | ইহার রচিত স্মরণচমৎকার, স্মরণ-দর্পণ, সিদ্ধান্ত চক্রিকা এবং শ্রীনিবাস আচার্যের জীবনচরিত প্রভৃতি গ্রন্থের পাওয়া যায়। শ্রীবুন্দাবনে অন্তর্ধানের শ্রীনিবাস আচার্যের অব্যবহিত পরেই রামচন্দ্রও ঐস্থানে দেহরক্ষা করেন। ইঁহার পতীর নাম—রত্নমালা। পূর্বোক্ত তেলিয়া বুধুরী গ্রাম ভগবান্গোলা টেশন হইতে এক মাইল। বিবাহ করিলেও

রামচন্দ্র খাঁন-মহাপ্রভু সন্নাস গ্রহণ করিয়া পুরীধামে গমন করিবার সময় ছত্রভোগে উপস্থিত হইলে ইনি প্রভুর কুপালাভ করেন।

ইনি সংসার আশ্রমে আর

গোবিন্দ কবিরাজের

অম্বাপি বর্ত্তমান আছে।

করেন নাই। ইঁহার ভ্রাতা প্রসিদ্ধ

ৰংশধ্রগণ

সেই গ্রামে অধিকারী রামচন্দ্র খান। ষ্মপে বিষয়ী তবু মহা-ভাগ্যবান্ ৷ [চৈ° ভা° অস্তা ২৷৮২]

বৈষ্ণৰ গ্ৰন্থে ছইজন রামচন্দ্র থান আছেন ৷ বেনাপোলের খান-ভাষ্টিক বান্ধণ; আর ছত্র-খান-কায়স্থ। ভোগের রামচন্দ্র ইহার সর্বাদি নিবাস—হাওড়া জেলার ভাগীরথীর তীরে বালী গ্রামে (উত্তর পাড়ার নিকট)। এই খাঁন মহাশয় আদিশুর-আনীত প্র বান্ধণের শহচরগণ মধ্যে মকরন্দ ঘোষের বংশে ১৪৮০ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করেন। মকর্ম ঘোষ হইতে ইনি ১৪শ অধন্তন পুরুষ। কৌলিক উপাধি— 'ঘোষ', গোড়ের বাদশাহ হোসেন শাহ-প্রদত্ত উপাধি 'থান', রায়' এবং 'মহাশয়'। ঐ বালী গ্রামের উত্তরে ভদ্রকালী গ্রামে ইনিবাস করেন। মুপ্রদিদ্ধ বৈষ্ণব-শ্রীপাট গ্রামের বিখ্যাত ভক্ত বস্থ-বংশোদ্ভব পুরন্দর খাঁ গোপীনাথ বস্থর ক্সাকে ইনি বিবাহ করিয়াছিলেন। উক্ত পুরন্দর খাঁ হোদেন শাহের মন্ত্রী ছিলেন। রামচন্দ্র খাঁনও হোসেন শাহের উচ্চ কর্মচারী-পদে হইয়াছিলেন। ইনি কিছুদিন ছত্ৰ-ভোগ অঞ্চলের 'অধিকারী' বা শাসন-কর্ত্তা ছিলেন। পরে ইনি উডিযাার উত্তরাংশ ও বর্ত্তমানে মেদিনীপুর জেলার দক্ষিণাংশে পাঠানদিগের কার্যকলাপ লক্ষ্য করিবার জন্ম নিযুক্ত হন। হোসেন শাহ ইহার উপর প্রচুর ক্ষমতা অর্পণ করেন। হোসেন শাহের পরলোক গ্ৰন হইলে রামচন্দ্রের ভাগ্য-বিধাতা আরও ত্মপ্রসার হইল।

>৫৪০ খুষ্টাব্দে সের শাহ কনৌজের নিকট হুমায়ুনকে পরাস্ত' করিয়া

मिझीत गिःशामन व्यक्तित करतन। দেই সময় বাংলাকে কয়েকটী 'মুবাতে' পরিণত করিয়া প্রত্যেক প্লবাতে একজন করিয়া শাসনকর্তা নিযুক্ত করা হয়। ভাগ্যক্রমে রামচক্র থানও একটা অবার কর্তা হন। তাঁহার স্থবার সীমানা ছিল—বর্ডমান মেদিনীপুর জেলার হিজলী কাঁথি পর্যস্ত এবং উড়িষ্যার সর্বদক্ষিণ অংশ। রাজস্ব-আদায়, শাসন এবং দম্যুগণের উৎপীড়ন হইতে প্রজারক্ষা প্রভৃতি কার্যের জন্ম রামচন্দ্র খানকে ঐ সময় স্বীয় জনাভূমি বাদী ও ভদ্রকাদী গ্রাম ত্যাগ করিয়া বর্ত্তমান B. N. Ry প্রেশন জলেখর-নামক স্থানে বাদ করিতে হয়। বছদিন পরে আবার রামচন্দ্র থানের ভাগ্য-विशाजा वाम इहेटलन। निर्मिष्ठे गमरम খাজনা দিতে না পারায় রাজরোবে কারার দ্বইলেন। ঐ সময়ে অভাত জমিদারগণও ঐ কারণে কারাবাসী হন। প্রবাদ আছে যেরামচন্দ্রের আত্মীর স্বজনগণ কারামুক্তি করিবার জন্ম অর্থসংগ্রহ করিয়া তাঁহার নিকট প্রেরণ করিলে তিনি অর্থের পরিমাণ দেখিয়া বুঝিলেন যে ইহাদারা मुक्ति इटेरिय ना। এজ ए याँ हास्तित ঋণের পরিমাণ কম ছিল—ঐ অর্থে জমিদারগণকে তিনি মুক্ত করিয়া-ছিলেন। নবাব বাহাছুর একদিনে অধিক সংখ্যক কয়েদী মুক্ত হইয়া গমন করিতেছে দেখিয়া কারণামু-সন্ধানে যখন রামচক্তের প্রাণতার কথা শ্রবণ করিলেন, তখন অত্যন্ত সম্মান-সহকারে রামচন্দ্রকে মুক্ত করিয়া তাঁহাকে 'মহাশয়'

উপাধিতে ভূষিত করিয়া পূর্বপদে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। আরও কথিত আছে যে—বঙ্গেশ্বর ঐ সময়ে **ত**াঁহাকে বাংলা ও উডিষাার **স্থায়িভাবে** ত্মবাদারের উচ্চপদে নিয়োগ করিয়া তুই স্থানের জন্ম স্বীয় পাঞ্জাযুক্ত ছুইখানা সনন্দ পত্ৰ প্ৰদান क्रांतनः किन्छ धक्थानि जनम नष्टे হয়। বর্ত্তমানে ইঁহার বংশধরগণ বহু শাখা-প্রশাখায় বিভক্ত হইয়া অনেক স্থানে বসবাস করিতেছেন। মহা-ক্বপার বৰ্ত্তমানে ইহারা সকলেই জমিদার।

শ্রীকৃষ্ণতৈত্ত মহাপ্রভু ছত্রভোগে উপনীত হইলেন ৷ **ভত্রভোগ** বর্ত্তমানে ২৪ পরগণার মথুরাপুর থানার অন্তর্গত। জলপথে এই স্থল দিয়াই তখন পুরী গমন করিতে হইত। গঙ্গাদেরীর গতি তখন ঐ দিকেই ছিল। ঐসময়ে (১৫০১ খুটাব্দে) গোড়ের স্থবাদারের সহিত উৎকলের স্বাধীন নরপতি প্রতাপরুদ্র-দেবের সীমাস্ত প্রদেশ লইয়া বিবাদ চলিতেছিল। মাদলা আছে—'১৫১০ খুষ্টাব্দে হোসেনশার নেনাপতি ইসমাইল গাজি উড়িয়া আক্রমণ করেন।' স্বতরাং মহাপ্রভুর পুরীগমন-সময়ে পথ বড়ই বিপদসম্ভূল ছুই রাজার গৈন্তসামস্ত ত্বর্ণরেখা নদী ও ভাগীরথীর মধ্যবর্তী প্রদেশে স্বস্থানার উপর ঘাট আগলাইয়া বসিয়া থাকিত।

রাজারা ত্রিশূল পুঁতিয়াছে স্থানে স্থানে। পথিক পাইলে 'জান্ত' বলি সম্প্রাণে ॥

[চৈ° ভা° অস্তা ২৯৭]

ঐ মহাসঙ্কট-সময়েই মহাপ্রভু পুরী-গমনের প্রশিদ্ধ রাজ্বপথ পরিত্যাগ করিয়াছেন; ঐ সময়েই রামচন্দ্র খান ছত্রভোগের 'অধিকারী' থাকিয়া বঙ্গেশ্বরের পক্ষে দকল দিক রক্ষা করিতেছিলেন। ভাগ্যবান রামচন্দ্র খ্রীকৃষ্ণ চৈতন্ত মহাপ্রভুর হরিপ্রেমে অলৌকিক মাতোয়ারা ভাব দেখিয়া মহাসম্ভ্রমে প্রভুর শ্রীচরণতলে পতিত হইয়া দণ্ডবৎ করিয়া জোড়হ**ন্তে প্রভু**র শন্থে দণ্ডারমান হইলেন। মহাপ্রভু জিজ্ঞাসা করিলেন—'কে তুমি ?' রামচন্দ্র থান বলিলেন—'আমি দাসাহদাস'। তথ্ন আপনার নিকটবর্তী অধিবাসিগণ রামচক্রের পরিচয় জ্ঞাপন করিলেন—'ইনিই একণে এই দক্ষিণ প্রদেশের সর্বময় কর্তা। ইহার নাম—'রামচক্র খান'। এই কথা শুনিয়া মহাপ্রভু রামচন্ত্র খাঁনকে বলিলেন—'তোমার সহিত সাক্ষাৎ হইয়া ভালই হইল। আমি নীলাচলে জগন্নাথ-দর্শনের জন্ম বড়ই কাতর হইয়াছি। যাহাতে তথায় শীঘ্ৰ শীঘ্ৰ পৌছিতে পারি, তার উপায় করিয়া দাও।" বলিলেন—

'কোনু দিগ দিয়া বা পাঠাও লুকাইয়া। তাহাতে ডরাঙ প্রভু, শুন মন দিয়া॥ মুঞি সে লস্কর, ছেথা মোর ভার। সাগালি পাইলে **আগে** সংশয় আমার॥'

[চৈ° ভা° অস্ত্য ২।৯৮—৯৯] পরিশেষে রামচক্র খান নিজের বিপদ ও প্রাণ তুচ্ছ করিয়া মহাপ্রভুকে নৌকাযোগে উৎকলের রাজ্য-সীমাতে পৌছাইয়া দিয়াছিলেন। মহাপ্রস্থ

7087

কুপাকটাক্ষপাত দারা রামচন্ত্রের সর্ব বন্ধন মোচন করিয়াছিলেন। উক্ত ছত্রভোগে প্রতি বৎসর চৈত্রমানে শুক্লাগুতিপদে 'নন্দামান' উৎসব হয়। ঐস্থান হইতেই যে গঙ্গাদেবী শতমুখী হইয়া একদিন প্রবাহিত হইতেন, অ্যাপি তাহার ञ्चल्लष्टे निपर्भन (प्रथा যায় ! **এী** চৈতন্তভাগৰতোক্ত অম্বলিঙ্গ শিবের মন্দির অভাপি বিরাজিত আছে। সাধারণ লোক তাঁহাকে 'বৈজ্নাথ শিব' বা 'বদরীনাথ' বলিয়া থাকে। বৈষ্ণব ঐতিহাসিকগণ উৎসবটি বলেন—ছত্রভোগের শ্রীগোরাল-স্থনরের আগমন উপলক্ষে অমুষ্ঠিত হইয়া আসিতেছে।

২ যশোহর জেলায় পূর্ববঙ্গ द्वराव्य द्वारियां एडेम्स्न निकटी কাগজপুথরিয়া গ্রামে রামচক্র খাঁনের আবাস ছিল। ইহার প্রকৃত নাম 'শান্তিধর'; 'খান' ইহার উপাধি। ইনি হোসেন শাহার বাল্যবন্ধ ছিলেন। শ্রোতীয় রাটীয় শ্রেণীর ব্রাহ্মণ বংশে ইনি জন্মগ্রহণ করেন। অস্তাপি ইঁহার বংশধরগণ যশোহরে সদর ও বনগ্রাম মহকুমায় করিতেছেন। ইনি জমিদার ছিলেন। শ্রীল হরিদাস ঠাকুরের নিকট বার-বনিতা প্রেরণ করিয়া তাঁহাকে নির্ঘা-তন করিতে চেষ্টা করিয়াছিলেন— সেই দেশাধ্যক নাম,--রামচন্দ্র

थीत। देवकव विद्विधी वर्फ, शावछ-

थ्रशाम॥ इतिमारम लाएक भृष्क

সহিতে না পারে। তাঁর অপমান

করিতে নানা উপায় করে॥[চৈ° চ°

শ্রীনিত্যানন্দ প্রত্ন প্রেমপ্রচারার্থে ভ্রমণ করিতে করিতে এক দিবস তদীয় গ্ৰহে উপনীত হইয়া চণ্ডী-মণ্ডপে উপবেশন করিলে রামচন্ত্র শ্রীনিত্যানন্দ প্রভুকে ভক্তি করা ত দুরের কথা, সাক্ষাৎ বা বাক্যালাপ পর্যস্ত করেন নাই। অস্তঃপুর হইতে তাঁহাকে বহিষ্কৃত করিয়া দিবার আজ্ঞা দিয়াছিলেন, অধিকল্প বৈঞ্চবের উপবেশন-জন্ম চণ্ডীমণ্ডপ অপবিত্র হইয়াছে বুঝিয়া উপবেশন-স্থানের মৃত্তিকা ফেলাইয়া তথায় গোময় লিপ্ত করিয়াও মনে তৃপ্তি পান নাই। ইহা রামচন্দ্র খাঁন সেবকে আজ্ঞা দিল। গোঁসাঞি থাঁহ! বসিলা তার মাটী খোদাইল॥ গোময়-জ্বলে লেপিলা সব মন্দির প্রাঙ্গণ। তবু রামচক্রের মন না হৈল প্রসন্ন॥ ্ চৈ° চ° অস্ত্য ৩।১৫৬—১৫৭] রামচক্রের পরিণাম-সম্বন্ধে জানা দস্বাবৃত্তি করে রামচন্দ্র, রাজারে না দেয় কর। কুদ্ধ হঞা স্লেচ্ছ আইল তার ঘর ॥ আসি' সেই তুর্গামগুপে বাসা কৈল। व्यवश्य वश कति' घटत भाश्य ताकिल। স্ত্রীপুরুস্হিত রামচন্দ্রেরে বান্ধিয়া।

তৎপরে—জাতি-ধন-জন খাঁয়ের সকল লইল। বছদিন পর্যস্ত গ্রাম উজাড় রহিল। (ঐ ১৬২) রামচন্দ্র গুহ-গ্রীগুণানন গুহ-নিমিত শ্রীমদনমোহনের মন্দিরের পূর্ব গাত্তে ক্ষোদিত শিলালিপি হইতে

জানা যায় যে ইনি গুণানন্দের পিতা।

তার ধর্ গ্রাম লুটে তিন দিন

রহিয়া। [ঐ ১৫৮-১৬০]

ইনি পূৰ্বক হইতে আসিয়া প্ৰথমত: সপ্রত্যামে ও পরে গৌডে রা**জ** সরকারে কর্মচারী হন। তাঁহার তিন পুত্র—ভবানন্দ, গুণানন্দ ও শিবানন্দ- ঐ সরকারে প্রধান প্রধান রাজকার্যে প্রতিষ্ঠালাভ করেন। [গুণানন্দ গুহ ও বসন্ত রায় দ্রষ্টব্য]। রামচন্দ্র দাস—শ্রীগোরভক্ত।

(देवछव-वन्त्रना) রামচন্দ্র পুরী-গ্রীমাধবেদ্র পুরী গোস্বামির উপেক্ষিত শিষ্য। ইনি বিশ্বনিশুক ছিলেন এবং কেবল পরের ছিন্ত অম্বেষণ করিতেন। ঙক বন্ধজানী, নাহি শ্রীকৃষ্ণ-সম্বন। সর্বলোক নিন্দা করে. নিন্দাতে নির্বন্ধ। (চৈ° চ° অন্ত্য ৮।২৫)।

শ্রীমাধবেক্ত পুরী ইহাকে বিভাডিত করিয়া দিয়াছিলেন। অন্তর্ধান-পূর্বে পুরী গোস্বামী 'শ্রীকৃষ্ণ-বিরহে কাতর হইয়া ছটপট করিয়া বলিতেছেন— 'অয়ি! দীনদয়ান্ত্! হে মথুৱানাথ!' রামচন্দ্রপুরী তবে উপদেশে তাঁরে। শিষ্য হঞা গুরুকে কছে. ভয় নাহি করে॥ 'তুমি পূর্ণ ব্রহ্মা-নন্দ করহ স্মরণ। ব্রহ্মবিৎ হৈয়া কেনে করছ রোদন ॥' শুনি মাধবেল-मत्न ष्टःथ উপজিল। 'मृत, मृत, পাপিষ্ঠ' বলি ভংগনা করিল॥ কৃষ্ণ-কুপা না পাইছু, না পাইছু মথুরা। আপনার ছঃখে মরো, এই

দিতে আইল জালা। মোরে মুখ

না দেখাবি তুই, যা' যথি তথি।

অসদগতি॥ কৃষ্ণ না পাইছু মুঞি

মরোঁ আপন ছ:খে। মোরে ব্রহ্ম

তোরে দেখি' মৈলে মোর

অন্ত্য ৩/১০১-১০২ ী

উপদেশে এই ছার মূর্যে॥

(চৈ° চ° অস্তা ৮।১৮—২৩) একদা পুরীধামে রামচক্র আগমন করিলে মর্যাদারক্ষক প্রীগোরাঙ্গদেব পুরীকে পরমভক্তি-সহকারে দণ্ডবৎ প্রণতি করিলেন।

निन्दुक शूत्री खगनानमरक— আগ্রহ করিয়া তাঁরে বসি খাওয়াইল। আপনি আগ্রহ করি' পরিবেশন কৈল॥ আগ্রহ করিয়া তারে পুনঃ পুনঃ খাওয়াইল॥ (ঐ >>--->>)

এইরপে জগদানন্দকে জোর করিয়া অতিরিক্ত প্রসাদ খাওয়াইয়া পরে নিন্দা করিতে লাগিলেন— শুনি চৈতন্তের গণ করে বহুত

ভন্দণ। 'সত্য' সেই বাক্য, সান্দাৎ দেখিল এখন॥ সন্নাসীরে এত থাওয়াইয়া করে ধর্ম নাশ। বৈরাগী হইয়া এত খায়, বৈরাগ্যের নাহি ভাগ॥ (ঐ ১৩—১৪) व्यक्षिक जामहन्त्र भूती भूतीशारम

অবস্থিত হইয়া শ্রীগোরাঙ্গের ছিদ্র অন্বেষণ করিতে লাগিলেন। প্রভুর যতেক গুণ স্পর্ণিতে

मातिन। ছिज्र ठाहि तूरन, काँश ছিদ্র না পাইল।

ঐক্বমাসীৎ তেন 'রাত্রাবত্র পিপীলিকাঃ সঞ্চরন্তি। অহেগ 1 সর্যাসিনামিয়মিন্দ্রিয়-বিরক্তানাং লালদেতি ব্ৰুবন্ন খায় গতঃ॥ অৰ্থাৎ গত রজনীতে এই গৃহে মিপ্তার ছিল, সেই হেতু এত পিপীলিকা ইতন্ততঃ বিচরণ করিতেছে; কি আশ্চর্য, সন্ন্যাসিদিগের এতাদুশ বিরক্ত জিহবার লাল্যা!' এই কথা বলিতে বলিতে পুরী চলিয়া গেলেন। প্রেমময় গৌরহরি পুরীর এই মিথ্যা উক্তিতে কিছুমাত্র রাগ করিলেন না।

অধিক ন্ধ---গোবিন্দে বোলাইয়া কিছু কহেন বচন। আজি হৈতে ভিক্ষা মোর এইতো নিয়ম॥ পিণ্ডা ভোগের

এক চৌঠি, পাঁচ গণ্ডার ব্যঞ্জন। ইহা বই অধিক আর কিছু না লইবা। অধিক আনিলে এথা আমা না দেখিবা॥' (ঐ ৫০—৫২) প্রভুর এইরূপ অবস্থা ও শরীর কুণ হইতেছে দেখিয়া পুরীবাদী

গৌরভক্তগণের মাথায় বজাঘাত

পড়িল। আর একদিবস—

শুনি রামচক্র পুরী প্রভু-পাণ আইলা॥ (প্রভু) প্রণাম করি পুরীর কৈল চরণ বন্দন। (পুরী) প্রভুকে কহেন কিছু হাসিয়া সন্যাসীর ধর্ম নহে ইন্দ্রিয়-তর্পণ। থৈছে তৈছে করে মাত্র উদর-ভরণ॥ তোমারে ক্ষীণ দেখি. শুনি কর অর্কাশন। এ'ত শুষ্ক বৈরাগ্যা, নহে

বিষয়-ভোগ। ভরে, না করে সন্মানীর তবে সিদ্ধ হয় জ্ঞানযোগ॥ মানদ প্রভু পুরীর বাক্য-শ্রবণে কহিলেন-

প্ৰভু কহে—'অজ্ঞ বালক মুঞ্জি শিষ্য

मन्नामीत धर्म। यथार्याभा

তোমার। মোরে শিক্ষা দেহ, এই ভাগা সে আমার' ॥ याहा इडेक, পরে পরমানন পুরী গোস্থামী বিবরণ জ্ঞাত হইয়া প্রত্ন-সকাশে আগমন করিয়া প্রভুকে বুঝাইতে লাগিলেন। রামচক্রপুরীর

এক্লপ স্বভাবের কথা বলিয়া তাঁহাকে

ভংগনা করিতে লাগিলে—

প্রভু কহে-সবে কেনে পুরীরে কর রোষ? সহজ ধর্ম কছেন তি হো-তাঁর কিবা দোষ॥ যতি হঞা জিহ্বা-লাম্পটা--অতান্ত অগ্রায়। যতির ধর্ম-প্রাণ রাখিতে অল্লমাত্র থায়। (ঐ ৮২—৮৩)

ইহার কিছুদিন পরে রামচন্দ্র পুরী তীর্থ-পর্যটনে গমন করিলেন। তথন ভক্তগণও প্রভুকে পূর্ববৎ সেবা সম্মত করিয়াছিলেন। रेनि পূर्वनीनाग्न विভीषণ ছिलन, কাৰ্যবশত: জটিলাও ইহাতে অন্তঃ প্রবিষ্ট (গে)° গ° ৯২—৯০), স্বতরাং মহাপ্রভুর ভিক্ষা সঙ্কোচনাদি করিয়াছেন। কাশীতে অবস্থান কালে প্রভু রামচন্দ্রপুরীর মঠে नूकांरेश ছिल्न। (रेठ छ। यशु (306/66

রামচরণ--- এল আচার্যপ্রভুর ক্যা শ্রীমতী হেমলতা ঠাকুরাণীর শিষ্য। (কৰ্ণা২)

রামচরণ চক্রব ত্রী—'রামচরণ'. 'রামদাস' ইত্যাদি নামেও অভিহিত। গ্রীনিবাস প্রভুর শিষ্য ও খ্রালক। পিতার নাম—গোপাল চক্রবর্তী i জ্যেষ্ঠ ভ্রাতার নাম - শ্রামদাস। শ্রীপাট-নদীয়া জেলার ফরিদপুর

নিকটে বাইগোন গ্রামে। ভামদাস, প্রীরামচরণ। চক্ৰবতী ব্যবহারে আচার্য-খালক ছই জন !! [ভক্তি ১০|১৪১]

গ্রামে। কাহারও মতে কাটোয়ার

প্রামদাস রামচন্দ্র—(গাপাল-ভন্ম। ভাষানন্দ, রাষচরণাথ্য কেছ কেছ

্ [ভক্তি ৮৷৪৯৯ 🐧 কয় ∦

্তাহার অহুজ অতি ভক্ত, মহাশর। ফরিদপুরবাসী ক্ষে তাঁহার আশ্য। রামচরণ চক্রবর্তী প্রভুর সেবক। তাঁর যত শিষ্যগণ কহিব কতেক॥ (কণা ১) রামজয় চক্রবর্ত্তী—শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য।

পূর্বে চাদরায়ের দৈল যে আছিল। চাঁদরায়ের সনে বহু দত্মাবৃত্তি কৈল॥ ঠাকুর মহাশয়ের প্রভাব জানি তার মর্ম। সবে হইলেন শিষ্য, ছাড়ি পূর্ব কর্ম॥ (প্রেম :৯) রামজয় নৈত্র—গ্রীনরোত্তম ঠাকুরের শিব্য ৷

কাশীলাল ভাছড়ি, রামজয় মৈত্র॥

(প্রেম ২০)

রামতীর্থ--শ্রীগোরপার্যদ. ন্ব যোগীজের অন্ততম। [গো[°]গ° ১০১] ওহে রামতীর্থ। এই বিজ্ঞপ্তি আমার। গৌরক্ষে রতি যেন হয় [নামা ২১০] সভাকার 🏻

রামদাস--- এটিচত ক্ল-শাখা।

রামদাস অভিরাম সখ্যপ্রেমরাশি। বোড়শাঙ্গের কার্চ হাতে লৈয়া কৈল वाँभी॥ (टेठ° ठ° व्यापि ১०।১১७) ['অভিরাম গোস্বামী' দেখুন]

২ সেন শিবানন্দের দ্বিতীয় পুত্র। পূর্বলীলার-বিচক্ষণ শুক।

[গৌ°গ° >৪৫]

৩ খ্রীভূগর্ভ গোস্বামিপাদের শিষ্য। (প্রেম ১৭)

8 ঐল আচার্য প্রভুর শিষ্য। আর ভৃতা হয় প্রভুর রামদাস नाम। नहां (व्यासाना नाट, नय ছরিনাম॥ (वर्ग) ৫ শ্রীজাচার্যপ্রভুর শিষ্য ও বল্লবী কবিপতির পুত্র, বনবিষ্ণুপুরে বাস। ৬ (গৌগ ১৯৭,২০৭) ব্রজের কুরকাকী।

৭ শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য। ইহার পদ্মী—দ্রোপদী ও পুত্র— দীনশ্রামদাস। এজংহগ্রামে ইহাদের বাস ৷

৮--- ১০ শ্রীরসিকানন্দ-শিঘাত্রয় [র° ম° পশ্চিম ১৪।১৪২, ১৫৯, 360]]

রামদাস (শ্রীরামচন্দ্র)—ভক্ত বান্ধণ। মহাপ্রভু निक्रिंग (नर्भ ভ্ৰমণকালে কামকোণ্ডী হইতে দক্ষিণ মথুরাতে (মাছুরায়) আগমন করিলে, এই শ্রীরামভক্ত ব্রাহ্মণ প্রভুকে নিমন্ত্রণ করিলেন।

বিপ্রবর 'রাম'-নামে দিবারাত্র তন্মর হইয়া থাকিতেন, বাহজ্ঞান লোপ পাইত। মহাপ্রভুকে আনয়ন করিয়া ব্রাহ্মণ রাম নাম করিতে করিতে একেবারে মত্ত হইয়া উঠিলেন। রন্ধনাদি করিয়া প্রভুকে যে সেবা করাইবেন, তাহাও ভূলিয়া গেলেন। প্রস্থ মধ্যাক্ষরতা সারিষা ভোজন করিতে আসিয়া দেখেন যে কিছুই পাক হয় নাই, এজন্ত কারণ জিজ্ঞাসা করিলে ভারাবেশে—

বিপ্র কহে—'প্রভু মোর অরণ্যে বসতি। পাকের সামগ্রী বনে না মিলে সম্প্রতি॥ বহা শাক ফল মূল আনিবে লক্ষণ। তবে সীতা করিবেন পাক-প্রয়োজন॥ (कि° क° भश 21260-268]

বিপ্রের ভাব দেখিয়া মহাপ্রভূ পরম তুষ্ট হইলেন। পরে বিপ্রের বাহ্ জ্ঞান আগিলে তিনি লজ্জিত

হইয়া ত্রায় পাকের আয়োজন করিয়া প্রভুকে ভোজন করাইলেন, কিন্তু বিপ্রবর অন্ন গ্রহণ করিলেন না। প্রভু কারণ জিজাসা করিলে—

विश्व करह—'भाव जीवान नाहि প্রয়োজন। অগ্নি-তলে প্রবেশিয়া ছাডিব জীবন। জগন্মাতা মহালন্ধী সীতা ঠাকুরাণী। রাক্ষসে স্পর্শিল তাঁরে—ইহা কাণে শুনি॥' [ঐ >645-495

ব্রাহ্মণের বেদনা বুঝিয়া—

প্রভু কহে—এ ভাবনা না করিহ আর। পণ্ডিত হঞাকেনেনাকর' বিচার ॥ ঈশ্ব-প্রেয়সী সীতা-চিদানন মৃতি। প্রাকৃত ইন্দ্রিয়ে তাঁরে দেখিতে নাহি শক্তি॥ স্পর্ণিবার কার্য আছুক, না পায় দর্শন। সীতার আরুতি-মায়া হরিল রাবণ॥ (ゆンカンーンカッ)

প্রভুর শ্রীমুখের বাণীতে বিপ্রের আশাস হইল ও অনুজল গ্রহণ করি-লেন। ইহার পরে প্রভু যখন রামেশ্বর তীর্থে গমন করেন, তখন এক বিপ্র-সভাতে 'কুর্মপুরাণ' পাঠ হইতেছিল। প্রভু বিপ্রকে যাহা বলিয়াছিলেন, ঠিক সেই কথা উক্ত পুরাণে দেখিতে পাইয়া তিনি বিপ্রের জন্ম পুরাণের ঐ স্থানের পৃষ্ঠাগুলি সংগ্রহ করিলেন। পরে প্রত্যাবর্ত্তনকালে ঐ পত্রগুলি উক্ত বিপ্রকে প্রদান করাতে তাঁহার আর আনন্দের সীমা রহিল না।

রাসদাস কপুর (কৃঞ্দাস পাঞ্চাবী ं দ্ৰপ্তব্য)।

রামদাস কবিবল্লভ—গ্রীআচার্যপ্রভুর শিবা।

রামদাস কবিবল্পভ মহা আঁখরিয়া।

चाठार्यत्क वह श्रुँ थि निशारक निथिया॥ (প্রেম ২০)

दाममान (यासान-श्रेथखनानी, শ্রীসরকার ঠাকুরের শাখা। পরে একবারপুর গ্রামে সেবা প্রতিষ্ঠা করেন।

রামদাস ঠাকুর-জীনিবাস আচার্যের শিষ্য ৷

শীরামদাস ঠাকুর প্রভুর প্রিয় (কণা ১) ভূত্য। त्रामनाम विज-कृनिया-ग्रामनामी, শীহরিদাস ঠাকুরের শিষ্য।

গ্রামেতে রামদাস নামে দিজবর। পরম পণ্ডিত হয় সর্ব-হরিদাসের প্রতি তার প্রণধর ॥ বিপ্রের হৈল শুদ্ধ মতি।

(প্রেম ২৪)

রামদাস পাঠান-গ্রীগোরালদেব শ্রীরন্দাবন ভ্রমণ করিয়া প্রত্যাবর্ত্তন-সময়ে বুন্দাবন-প্রান্তে এক বুক্ষতলে উপবেশন করিয়াছিলেন। বলভদ্র ভট্টাচার্য, মাথুর রাহ্মণ ও কুঞ্দাস রাজপুতাদি ৪া৫ জন সঙ্গী আছেন, তখন—

আচম্বিতে এক গোপ বংশী বাজাইল। শুনি' মহাপ্রভুর মহা-প্রেমাবেশ হৈল॥ অচেতন হঞা প্রভু ভূমিতে পড়িলা। মুখে ফেনা প্রভে, নাসায় খাসকন্ধ হৈলা॥

[\$5° 5° >41>6> -62]

নঙ্গী ভক্তগণ প্রভুর এই ভাব-বিহবলতায় কাতর হইয়া প্রভুর দেবায় নিযুক্ত হইলেন। ঠিক ঐ সময়ে সেই স্থান দিয়া কম্বেকজন অখারোহী পাঠান সৈত্তে পরিবেষ্টিত

হইয়া জনৈক মুসলমান রাজকুমার। করিতেছিলেন। এই तांकक्मात्तत नाम-'विकनी थान'। অসামান্ত ক্রপলাবণাসম্পর ফকিরকে (মহাপ্রভুকে) ঐক্কপ ভাবে অচেতন, বিশেষতঃ তাঁহার নিকট ৪া৫ জন লোককে দেখিয়া রাজকুমার ও সৈহাগণের ধারণা হইল যে ঐ লোকগুলি নিরীহ ফকিরকে ভাঙ্গ ধুতুরাদি মাদক জব্য সেবন করাইয়া অর্থাদির অপহরণ-মানসে তাঁহাকে করাইয়াছে। এজগ্ৰ পাঠানগণ অশ্ব হইতে অবতরণ করিয়া প্রভুর সঙ্গীগণকে বন্ধন করত তরবারিগারা কাটিতে উত্তত হইলেন: গোড়ীয়গণ (বা বলভদ্ৰ প্ৰভৃতি বাদালীগণ) ইহাতে বড়ই ভীত হইলেন, কিন্তু মথুরার ব্রাহ্মণ চৌবে ভীত হইবার পাত্র নহেন—তিনি 'আমরা এই সন্ন্যাসির রক্ষক' বলিয়া যথাযথ উত্তর দিলেন। পাঠানগণ ইহাতে সম্ভট না হইলে তখন রাজ-পুত কৃষ্ণদাস কহিলেন—

कुक्षनाम कटर-आयात घत এह গ্রামে। হুই শত তুড়কি আছে, শতেক কামানে ॥ এখনি আসিবে সব, আমি যদি ফুকারি। পিড়া লুটি' লবে তোমা সবা মারি'॥

िटिह मश्र ३४। ३१०-- ३१४] এই কথা শ্রবণ করিয়া পাঠানগণ ভজেগণের বন্ধনমোচন **ক**বিয়া मिट्नन । পরে মহাপ্রত্নর বাহতাব ফিরিয়া আগিলে পাঠানগণ প্রস্তুকে সত্য-মিপ্যা-নির্দারণের জন্ম জিজাসা করিলেন—'এই সব লোক আগদার नको कि ?

প্রভু বলিলেন, 'হাঁ, ইঁহারা আমার শঙ্গী; আমার ব্যাধি আছে, তাই মধ্যে মধ্যে অচেতন হইয়া পড়ি, আর ইহারা আমার সেবা ভঞাষা করেন।' পাঠানগণ প্রভুর দর্শনেই মোহিত হইয়াছিলেন, তাহার পর প্রভুর বাক্যামৃত-শ্রবণে অধিকতর হইয়া প্রভুর আনন্দিত শাস্তালাপ করিতে नाशित्नन। পাঠান সৈভগণের মধ্যে যিনি সন্ধার ছিলেন, তিনি স্বধর্মপরায়ণ ও কোরাণজ্ঞ ছিলেন। তিনি মুসলমান সাধুগণের বেশ পরিধান করিতেন। প্রভুর মুখে অপরূপ তত্ত্ব শ্রবণ করিয়া পাঠান সন্ধারের মন মোহিত হইয়া গেল। তখন তিনি প্রভুকে বলিতে লাগিলেন-

তোমা দেখি' জিহ্বা মোর বলে— ক্ষানা। আমি বড জ্ঞানী-এই গেল অভিমান॥ কুপা করি বল এত বলি' মোরে সাধ্য সাধ্নে। পড়ে মহাপ্রভুর চরণে ॥ প্রভু কছে-উঠ, কৃষ্ণনাম তুমি লৈলে। কোটি-জন্মের পাপ গেল, পবিত্র হইলে। कुछ कर, कुछ कर, देवन।-উপদেশ। সবে কৃষ্ণ কহে স্বার° হৈল প্রেমাবেশ ॥ (ঐ ২০৩—৬)

মহাপ্রভ সেই পাঠান ভক্তবরকে শ্রীহরিনাম দিয়া তাঁহার নাম 'রাম-দাস' রাখিলেন। অক্তান্ত পাঠানগণ ও রাজকুমার বিজলী খান বৈষ্ণবধর্মে দীক্ষিত হইলেন। তৎপর-

্সেইত পঠান সব বৈরাগী হইলা। পাঠান বৈষ্ণৰ বলি' হৈল ভার খ্যাতি। সর্বত্র গাইয়ে বুলে মহা-প্ৰভুৱ কীতি॥ সেই বিজ্ঞলী খাঁন হৈল মহাভাগবত। সর্বতীর্থে হৈল

তাঁর পরম মহত্ত্ব॥ (ঐ ২>৽—>২)

কিছুদিন পূর্বেও মূলতান সহরে

ঐরপ 'মূলনমান বৈষ্ণব' পরিদৃষ্ট

হইত। শ্রীগৌরাঙ্গদেব এইরূপে

বন্তু মূলনমানকে এই প্রেমধর্মে

দীক্ষিত করিয়াছিলেন।

রামদাস প্রোক্ষণ (রামভক্ত ব্রাহ্মণ)

—মহাপ্রভু দক্ষিণ দেশে প্রমণ-কালে

তাঁছা এক বিপ্র তাঁরে কৈল
নিমন্ত্রণ। সেই বিপ্র রাম-নাম
নিরস্তর লয়॥ রাম নাম বিনা অভ্য
বচন না কয়॥

সিদ্ধবটে প্রীপ্রীরঘুনাথজীর দর্শন

করিতেছেন, এমন সময়ে—

(চৈ° চ° মধ্য ৯।১৮—১৯)
মহাপ্রস্থ বিপ্রগৃহে অবস্থান করিয়া
স্থলকেত্রে প্রীক্তমন্দেবের দর্শনপূর্বক শ্রীত্রিবিক্রম-দেবকে দেখিয়া
পুনরায় সিদ্ধবটে উক্ত বিপ্রগৃহে
প্রত্যাবর্ত্তন করিয়া দেখিলেন—
সেই বিপ্রাক্ষণ নাম লয় নিরস্তরে।
(ঐ—২২)

মহাপ্রভূ বিপ্রকে কারণ জিজ্ঞাসা করিলে, তিনি কহিলেন—

বাল্যাবধি রামনাম গ্রহণ আমার।
তোমা দেখি' কৃষ্ণনাম আইল একবার ॥ সেই হইতে কৃষ্ণনাম জিহ্বাতে বসিল। কৃষ্ণনাম কুরে, রামনাম দুরে গেল॥ (ঐ ২৬—২৭)

তাহার পর বলিতেছেন—

তোষার দর্শনে যবে ক্বঞ্চ নাম
আইল। সেই ক্বঞ্চ তুমি সাক্ষাৎ—
ইহা নির্দ্ধারিল। (ঐ ৩৬)
এই বলিয়া প্রভুর শ্রীচরণ ধারণ
করিয়া ক্রন্থন করিতে লাগিলে প্রভু

তাঁহাকে বিশেষ ক্বপা করিয়া বৃদ্ধকাশীতে শ্রীশিব-দর্শনে গমন
করিলেন।

রামদাস রায়—শ্রীনরোত্তম ঠাকুরের
শিষ্য।
রামদাস রায় শাখা সর্বগুণাকর।
(প্রেম ২০)

জয় রামদাস রায় অতি অকিঞ্চন।

জয় রামদাস রায় অতি অকিঞ্চন। সপার্ষদে গৌরচন্দ্র যার প্রাণধন॥ (নরো ১২)

রামদাস বাটুয়া (বাটুয়া রামদাস)
—শুীনরোভম ঠাকুরের শিষ্য।

কৃষ্ণদাস চৌধুরী আর বাটুয়া রামদাস॥ (প্রেম ২০)
মতান্তরে নাম—'চাটুয়া রামদাস'।

জন্ম শ্রীচাটুন্না রামদাস ভক্তিপাত্র। বৈষ্ণবের পাত্র-অবশেষ ভুঞ্জে মাত্র॥

(নরো ২০)

রামদাস বিশাস—কায়স্থ, শ্রীতপন
মিশ্রের পূজ শ্রীরঘুনাথ ভট্ট মহাপ্রভুকে দর্শন করিবার জন্ম যথন ভ্তা
সঙ্গে করিয়া যাইতেছিলেন, তথন
পথিমধ্যে বিশ্বাস-খানার কায়স্থ-বংশীয়
উক্ত রামদাস বিশ্বাসের সহিত তাঁহার
সাক্ষাৎকার হয়। রামদাস বিশেষ
পণ্ডিত এবং বৈষ্ণবধর্মান্থরাগী
ছিলেন। তাঁহার উপাস্থ ছিল—
শ্রীপ্রিযুনাথ। ইনি সংসার ত্যাগ
করিয়া পুরীতে বাস-সংক্রে
যাইতেছিলেন—

শথে তাঁরে মিলিলা বিশ্বাস রামদাস। বিশ্বাস্থানার কামস্থ তেঁহো
রাজার বিশ্বাস॥ সর্বশাস্তে প্রবীণ,
কাব্যপ্রকাশ-অধ্যাপক। পরম বৈষ্ণব,
রম্মুনাথ-উপাসক॥ অষ্ট প্রহর রাম
নাম জপেন রাত্রি দিনে। সর্ব

ত্যজি' চলিলা জগরাপ-দরশনে ॥

[চৈ° চ° অস্ত্য ১০০১ — ৯০)

রঘুনাথের সহিত সাক্ষাৎ হইলে

তিনি ভক্তিসহকারে তাঁহার চরণসেবা করিতে লাগিলেন, অধিকস্ত তাঁহার ঝালি পর্যস্ত বহিয়া চলিলেন।

রামদাস ধনীর সন্তান, মহাপণ্ডিত
এবং ভক্ত, ইহাতে রঘুনাথ তাহার
সেবা-গ্রহণে সক্ষ্টিত হইলে—

রামদাস কহে—আমি শৃদ্র, অধম। ব্রাহ্মণের সেবা—এই মোর নিজ ধর্ম। (ঐ ১৭)

ক্রমে নীলাচলে উপনীত হইয়া
রঘুনাথ প্রভুর নিকটে যাইয়া রামদাসের কথা বলিলেন, কিন্তু অন্তর্যামী
মহাপ্রভু তাঁহাকে রূপা করিলেন না।
তাঁহার অনেক গুণ থাকিলেও
তাঁহার অন্তরে পাণ্ডিত্যের গর্ব

ছিল।
রামদাস যদি প্রথম প্রভুরে
মিলিলা। মহাপ্রভু তাঁরে অতি রূপা
লা করিলা॥ অন্তরে মুমূকু তেঁহো,
বিভা-গর্ববান্। স্বচিত্ত-জ্ঞাতা প্রভু
স্বজ্ঞ ভগবান্॥ (ঐ ১০৯—১১০)

ইহার পরে রামদাস পুরীতে বাস করিতে লাগিলেন এবং পট্টনায়কের বালকগণকে 'কাব্যপ্রকাশ' পড়াইতে লাগিলেন।

রামদাস কৈল তবে নীলাচলে
বাস। পট্টনায়কের গোর্টাকে পড়ায়
কাব্যপ্রকাশ॥ (ঐ ১১১)
রামদেব দত্ত—শ্রীনরোত্তম ঠাকুরের
শিষা।

গোপাল দত, রামদেব, গলাদাস দত আর। (প্রেম ২০)

জয় রামদেব দত্ত দীনে দয়াপর।

সংকীর্দ্তন-রসেতে উন্মন্ত অনিবার il
(নরো ১২)

রামনারায়ণ মিশ্র (চন্দ্রভাগা)

১। শ্রীমদ্ গোপাল ভট্ট গোস্বামি-পাদের অন্ববারী এতীরাধারমণ-সেবায়েত ত্রীগোপীনাথ পূজারির কনিষ্ঠ ভ্রাতা প্রীদামোদর দাসের পুত্র প্রীন্নরিনাথের শিষা। ইনি প্রায় ৩৫০ বংসর পূর্বে শ্রীমদ্ভাগবতের রাস-পঞ্চাধ্যায়ীর 'ভাবভাব-বিভাবিকা' নায়ী এক বিস্তারিত টীকা রচনা করত স্বীয় অগাধ পাণ্ডিতা ও রচনা-নৈপুণ্যের পরিচয় দিয়াছেন। ইংহার টীকার মঙ্গলাচরণে স্থলত: শ্রী, শ্রীশ, চুণ্ডি, শিবা, শিব, অজ, দেবগণ, গুরু, বিপ্র, ভক্ত, বিশ্বকে বন্দন! कतिया, अध्कर्नर्गटक प्रनाम भूकिक মধ্বাচার্য, শ্রীচৈতন্ত্র, শঙ্করাচার্য, শ্রীজীবরূপদ্রনাতন, চিন্ময় নবদ্বীপ-ধাম প্রভৃতিরও বন্দনা করিয়াছেন। ইনি যমক ও অমুপ্রাদপ্রিয় ছিলেন— তাঁহার রচিত এই মঙ্গলাচরণের 'রাধিকাষ্টকে' কেবল যমকেরই প্রাচুর্য स्टेवा।

কৃষ্ণস্থারিকাং কৃষ্ণস্থারিকাং কৃষ্ণস্থারিকাং কৃষ্ণস্থারিকাং রুষ্ণ-স্থারিকাং কৃষ্ণস্থারিকাং কৃষ্ণ-স্থারিকাং রাধিকাং তংভভে॥

[()) कृष्णः श्रुषि धातिकाः, (२) कृष्णश्रुषि शत्रुष्ठाः, (७) कृष्णश्रुष्ठाः श्रुष्ठाः, (७) कृष्णश्रुष्ठाः, (७) कृष्ण अनि रायाः, एठवाः धातिकाः, (७) कृष्ण अव श्रुष्ठाः शत्रुष्ठाः, (७) कृष्ण अव श्रुष्ठिः शत्रुष्ठाः ।

এত বড় বিস্তৃত টীকা আর কেহই করেন নাই। পুষ্পিকাবাক্য— 'ইতি শ্রীমদ্ভাগবতে....দশমস্কন্ধান্তর্গতরাসপঞ্চাধ্যায়ী - ব্যাখ্যায়াং
শ্রীচক্রভাগাখ্যবিষ্ণুসখ্যাপন্ন - শ্রীরাম নারায়ণ-বিরচিতায়াং ,ভাবভাববিভাবিকায়াং ভগবচ্ছ ্রীমন্ত্রাসবিহারাদিনির্নপণে পঞ্চমোহধ্যায়ঃ ॥'

২। প্রবার্প্রাণোক্ত 'প্রীগোরাঙ্গ-চল্ডোদয়' নামক অধ্যায়েরও ইনি 'প্রভা' নামী এক টীকা রচনা করিয়াছেন, তাহাও বিস্তারিত এবং পাণ্ডিত্যপূর্ণ। এই অধ্যায়টি শতানন্দ-গোতম-সংবাদের একাংশ। উপ-সংহারে আছে--ইনি শ্রীমদরাজম্পচেত-রামের তমুজা, শ্রীচন্দ্রভাগা, অপর নাম বা আখ্যা—বিষ্ণুস্থী (?); পুষ্পিকাবাক্য—'ইতি শ্রীভগবন্ধাধা-রমণচরণ-শরণ-শ্রীমদ্গোপালগোস্বামি-প্রেরিত-শ্রীবিষ্ণুসখ্যাপর - শ্রীরাম-নারায়ণ-বিরচিত-বায়ুপুরাণে শেষখণ্ডে চতুর্দ্দশাধ্যায়ব্যাথ্যা 'শ্রীগৌরাঙ্গ-চন্দ্রোদয়প্রভা' বৈষ্ণবঞ্জীতিদা সম্পূর্ণা॥ ৩। এতদ্ব্যতীত ইনি ব্রহ্মহত্রের একটা 'সূক্ষাতমা বৃত্তি' রচনা ৰবিয়াছেন, তাহা কিন্তু স্থলবিশেষে শ্রীচৈতক্তমতের সহিত অসমঞ্জস

বলিয়াই ধারণা হয়।

রামনারায়ণ বিভারের—জয়প্রবাদী

হইরাও পরে বঙ্গদেশে বহরমপুরে
বাস করিয়াছিলেন। ইনি আগরভলার রাজার সাহায্যে বহরমপুরে

শ্রীরাধারমণ যয়ে শ্রীমদ্ভাগবতাদি বহু
বৈষ্ণব গ্রন্থের প্রকাশ করিয়াছেন।

রামপ্রসন্ধ যোষ—ইনি (ক)

লালিতগোপাললীলামুত ও (খ)

বিদশ্ধগোপাললীলামূত

শীরূপ-গোস্বামিপাদের প্রাসিদ্ধ ললিত্যাধন ও বিদগ্ধমাধবের মর্মান্থবাদ প্রোড়ভূমি-পত্রিকায় ক্রমশঃ ১৩১২—১৩১৫ লালে প্রকাশ করেন।
রামশুদ্ধে-শীনিত্যানন্দ-পুত্র, অল্লকালে
নিত্যধামে গমন করেন। (নরো ১৩)
২ শ্রীনিত্যানন্দ-শাখা।

নর্ত্তক গোপাল, রামভন্ত, গৌরাঙ্গ দাস। [ৈ চ° চ° আদি ১১।৫৩]

শ্রীখামানন্দ প্রভুর শিষ্য।
 শ্রীপাট—বলরামপুর।

যত্বনাথ, রামভন্ত, শ্রীজগদীশ্বর। শ্রামানন্দ-শিষ্য, বাস—বলরামপুর॥ (প্রেম ২০)

8 শ্রীহরিরামাচার্যের পুত্র শ্রীগোপীকান্তের শিষ্য ও শ্রীবিখনাপচক্রবর্তির
জ্যেষ্ঠ লাতা। (নরো ১২)
রামভদ্রে রায়—শ্রীনরোত্তম ঠাকুরের
শিষ্য।

বোঁচা রামভন্ত আর রামভন্ত রায়। তাঁহারে করিলা দয়া ঠাকুর মহাশয়॥ (প্রেম ২০)

জয় রামভন্ত রায় ছ:খীর জীবন।
নিরস্তর যার কার্য—নামসংকীর্তন॥
(নরো ১২)

রাম**ভজাচার্য**—-—- শ্রীচৈতন্ত-শাখা। রামভন্রাচার্য আর ভট্ট সিংহেশ্বর॥ (চৈ° চ° আদি ১০।১৪৮)

মহাপ্রভু দক্ষিণ দেশ হইতে
পুরীধানে প্রত্যাবর্ত্তন করিলে ইনি

এবং ভগবান্ আচার্য সর্বকার্য
পরিত্যাগ করিয়া মহাপ্রভুর সেবা

রাম রায়—পদকর্তা, (পদকরতক্ষর ২৮৪৪ শদ)।

করিয়াছিলেন।

২ শ্রীনিত্যানন্দপ্রভুর শিব্য সারস্বত-

বংশাৰতংগ রাম রায় গোস্বামী-প্রণীত গোর-বিনোদিনী বৃত্তি, শ্রীমন্মহাপ্রভু-ক্বত শিক্ষাষ্টকের ভাষ্য, গৌরগীতা ও 8000 পদ আছে। ব্ৰ**জ্**ভাষায় ব্ৰজভাষায় গীত-গোবিন্দের পন্তাম-বাদক। নাভাজি ভক্তমালে ইহার বর্ণনা করিয়াছেন। ইনি প্রসিদ্ধ কবি জয়দেবের বংশধর এবং অভাপি বুন্দাবনে বিহারীপাড়ায় তদ্বংখ্রগণের বাস আছে।

ক্লামশরণ-জীনিবাস আচার্যের শিষ্য। রামশরণ. বসিকদাস আর প্রেম্দাস। তাহারে করিলা শিষ্য (প্রেম ২০) আচাৰ্য শ্ৰীনিবাস॥ আর এক শিষ্য তাঁর রামশংগ (ক্পা ১) নাম ॥ চট্টরাজ-শ্রীগ্রামদাস বামশ্রণ চক্রবর্ত্তির কনিষ্ঠ ভাতা, শ্রীল আচার্য প্রভুর প্রশিষ্য ও গ্রীরামচরণ চক্রবর্তী মহাশয়ের শিষা। 'অমুরাগবলী'-রচয়িতা মনোহর দাসের ইহার বাসস্থান-কাটোয়ার নিকট (বেগুণকোলা-বাগানকোলা অমুরাগবলী ৮)।

রাম সরস্বতী--শকার পঞ্চদশভকের মধাভাগে কোচবিহারের রাজা নরনারায়ণের শুক্রধ্বন্দের ভাতা সভাকবি অনিকন্ধ। ইনি জয়দেব-কাবা রচনা कद्रुन। জয়দেব গীতগোবিদের পদ গাহিতেন, আর পনাবতী তালে তালে নাচিতেন— এই জনশ্রুতির অহুকুলে ইনিও লিখিয়াছেন-

'জয়দেবে মাধবর স্তৃতিক বর্ণাবে, পন্মাবতী আগত নাচন্ত ভঙ্গিভাবে। **ৡ**ষ্ণর গীতক জয়দেব নিগদতি, রূপক

তালর চেবে নাচে প্রাবতী'॥ রামসেন--- শ্রীশ্রীনিত্যানম-শাখা। কংসারি সেন, রাম সেন, রামচন্ত্র কবিরাজ। [চৈ° চ° আদি ১১।৫১] রামহরি দাস সরকার-দেহড়-গ্রামবাসী উত্তর রাটীয় কারস্থ, পদবী সেই কালে শ্ৰীম্ন-—সরকার। মহাপ্ৰভু নীলাচলে বিরাজমান। গৌর-দর্শনেচ্ছায় শ্রীনিত্যানন্দপ্রভু সগণে নীলাচলাভিমুখে চলিয়াছেন —অপরাতে দেমুডগ্রামে পুষ্করিণীর আদ্রবাগানে আশ্রয় नहरनन। এই मक्ष भीमम् वृन्तावन দাস ঠাকুরও ছিলেন। আহারান্তে শ্রীনিতাইচাঁদ ঠাকুর বুন্দাবনের নিকট মুখবাস চাহিলেই তিনি পূর্বদিনের गक्षिত हती जरी जिल्ला निज्ञानमा এই **ংঞ্জারে জন্ম তীব্র শাসন করিলেন** এবং ঐ হরীতকীটি ঐস্থানে পুঁতিয়া বলিলেন—'ভূমি এই স্থানে থাকিয়া চিত্ত শোধন কর, এইস্থানেই তোমার মনোবাঞ্ছা পৃত্তি হইবে'। এভাতে উঠিয়া অবধৃত বুন্দাবনকে ত্যাগ চলিয়া গেলেন। ঠাকুর ধূলায় পড়িয়া কাঁদিতে লাগিলেন— ইহাতে এই রামহরির চিত্ত আরুষ্ট হইল এবং ঠাকুরকে নিজগৃহে লইয়া সেবাদি করত তিনি কালক্রমে দীক্ষা গ্রহণ করিলেন। এই স্থানেই তিনি ভূবন-পাবন প্রীচৈতন্ত-ভাগবত রচনা করিয়াছিলেন। দেম্বড়ে গ্রীপাট স্থাপন পূর্বক জীনিতাইগোরবিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছেন। রামহরির বংশধরগণই তত্রতা সেবায়েত! রামহরির আজ্ঞায় তদীয় শব শ্রীনিতাইগৌরের স্নান

জলের পতন-স্থাদে সমাহিত হয়।

রামহরিজি—খ্রীগোপালভট্রগোস্বামির অরবায়ী। ভক্ষমালের টীকাকার পৌত্ৰ প্রিয়াদাসজির রসজানি বৈফবদাদের সমসাময়িক ও তাঁহার কুপাবলেই ইনি ৮ থানি গ্রন্থ ব্রজ-ভাষায় বিবিধ ছন্দে রচনা করিয়াছেন। গ্রন্থসমূহ—বুধিবিলাস, সতহংগী. ८वाधवाउनी, तर्मातीनी, नघुनामावनी, লঘুশবাবলী, প্রেমপত্রী ও বারহ-থডীককো।

রামাই

রামাই---গ্রীচৈতন্ত্র-শাখা মহাপ্রভুর ভূত্য। পূর্বলীলার পয়োদ [গো° গ° ১৩৯]। রামাই, নন্দাই ও গোবিন্দ তিন জনে মিলিয়া মহাপ্রস্থুর বাটীর যাবতীয় কার্য করিতেন।

রামাই, নন্দাই-দোঁহে প্রভুর কিন্ধর। গোবিন্দের সঙ্গে সেব। করে নিরস্তর॥ বাইশ ঘড়া জল দিনে ভরেনুরামাই। গোবিন্দের আজ্ঞায় रम्या करत्न नन्तांहे ॥ ि देठ° ठ° व्यापि 1886-286106

২ (চৈচ আদি ১০া৮) শ্রীবাস পণ্ডিতের অমুজ। (গো গ ৯০) পর্বতমুনি ['শ্রীরাম' দ্রপ্টব্য]

(অন্ধ)—গ্রীগ্রীরভদ্র শিষ্য। গোস্বামির শ্রীখণ্ডগ্রামে -যখন শ্রীনরহরি সরকার ঠাকুরের তিরোভাব মহোৎসব হইতেছিল, সেই সময়ে অন্ধ রামাই আগমন করত কীর্ত্তন শ্রবণ করিয়া বীরভন্ত প্রভুকে ও ভক্তগণকে দর্শন করিবার জন্ম প্রবল আগ্রহ প্রকাশ করেন . এবং ব্যাকুলভাবে ক্রন্সন করিতে ঠাকুর দ্যার থাকেন। বীরভদ্র রামাইয়ের কাতরভা দেখিয়া তাহার—

চক্ষু ধরি' কহে প্রভু-দেখহ রামাই। এই সংকীর্ত্তনে নৃত্য করয়ে (প্রেম ১৯) সবাই 🏻 বলিতে এই কথা বলিতে রামাইয়ের দৃষ্টি-শক্তি হইল; তিনি আনন্দে প্রভুর পদতলে পড়িয়া ক্রন্সন করিতে লাগিলেন। বীর-ভদ্র রামাইকে আত্মসাৎ করিয়া প্রেমবিলাস-রচয়িতা नहेरनन । শ্রীনিত্যানন্দ দাস তাঁহার—'বীরভদ্র-চরিতে' এ বিষয়ে বিশেষভাবে লিখিয়াছেন।

द्रामार (गाँगार- वागवस) मा জাহবার প্রিয়। ইনি গৌড়দেশে बीकानाहरनाहे . विश्वह আনয়ন করেন।

জাহুবার প্রিয় বন্দো রামাই গোঁসাই। যে আনিল গৌড়দেশে কানাই বলাই॥ যৈছে বীরভদ্র জানি তৈছে শ্রীরামাই। জাহুবা মাতার আজা, ইথে আন নাই॥ (दिक्थव-वन्त्रना)

রামানন্দ মঙ্গরাজ-এিগৌর-ভক্ত। বামানক মঙ্গরাজ কানাই খুঁটিয়া! ধন্ত কর' এক্ষার ছল'ভ [নামা ১৬৮] প্রেম দিয়া ₽ ব্রামানন্দ মিশ্র—দিতীয় শ্রীচৈতন্ত-মঙ্গল-প্রণেতা জয়ানন্দ দাসের কনিষ্ঠ শ্রাতা। (জয়ানন্দ দাস দ্রষ্টব্য) ব্লামানন্দ বায়—গ্রীতীচৈতন্ত্র-শাখা. মহাপ্রভু বলিতেছেন—

(\$5° 5° 00 5011508) পূর্বলীলায় বিশাখাস্থী, পাঞ্পুত্র অৰ্জ্জুন এবং প্ৰিয়নৰ্মস্থা অৰ্জ্জুন। (রৌ° গ° ১২০—১২৪)। কেহ

রামানন্দ সহ মোর দেহভেদমাতা।

কেছ বলেন যে পূর্বের লেলিতা ইহাতে অন্তঃপ্রবিষ্ট, সখী'ও এই মত সর্বজন-সম্মত নহে | পদ্মপুরাণ-মতে অর্জ্জন গোপীদেহ লাভ করত 'অজুনীয়া' নাম ধারণ করেন, অতএব ইংহার মধ্যে স্থা অর্জ্জুন, পাণ্ডব অর্জ্জুন, অর্জ্জুনীয়া সথী প্রভৃতির প্রবেশই স্বীকার্য। ইনি উডিয়ার স্বাধীন নরপতি প্রতাপরুদ্রদেবের মন্ত্রী ছিলেন। সংস্কৃত ভাষায় জগন্নাথবল্লভ-নামক নাটক গ্রন্থ রচনা করেন। উক্ত গ্রন্থে রাজা প্রতাপরুদ্রের এবং স্বীয় পিতৃদেব ভবানন্দ রায়ের বিষয়ে তিনি লিখিয়াছেন। ১৩০০ শকের শেষভাগে সম্ভবতঃ কটক অঞ্চলে

রামানদের জন্ম হয়। 'দিনমণি-চল্ডোদয়'-নামক গ্ৰন্থ রামানন্দ রায়ের বংশধর মনোহর রায় রচনা উহাতে পূর্বপুরুষগণের এইরূপ পরিচয় আছে— জগরাথবল্লভ নাটক দেখি আনন্দ

বরণ। পর-পিতামছ 'রামানক রায়' যেই হন॥ 'বাণীনাথ' পট্রনায়ক মহাশয়। রামানন্দ-ভাতা তেঁহো মোর জ্ঞান হয়॥ বাণীনাথের হইল ত্বইটি তনয়। গোকুলানন্দ, হরিহর রায় মহাশয়॥ তাঁহার তনয় এক '(गाविनानम' इहेन। महाविधातान তিঁহো এইত' কহিল॥ তাঁর ছুই পুত্র হৈল 'নিত্যানন্দ', 'মনোহর'। নিজ গ্রাম ছাডি' পিতা আইলা কটক নগর॥ কটকে করিলা তিঁছো এক রাজধানী। আর কারণ কিছু নয় জুয়ারের পানি॥ ছুই পুত্র

রাখি' পিতা হইল অন্তর্ধান। সকল

লইল উড়িয়া রাজা করিয়া শাসন।। কিঞ্চিৎ রাখিল নিজ্ঞান সাত্থানি। আর সব লইল রাজা করিয়া সমানি॥ পিতৃবিয়োগ ও বিত্তনাশে ছঃখিত হইয়া মনোহরের ভাতা নিত্যানন্দ বর্জমানে আগমন করিয়া তথায় বিষয়-কর্মের উপলক্ষে বাস করিতে থাকেন: কিছুদিন পরে কনিষ্ঠ মনোহরকেও তথায় আনয়ন করেন। ইহার কিছু পরেই তাঁহার মাতৃবিয়োগ ঘটে। উড়িয়ার অন্তর্গত যাজপুরের অধীন 'রামাই আনন্ধকোল' নামক গ্রামে পারিবারিক বাসন্থান ছিল। বাণীনাথের পৌত্র গোবিন্দানন্দ কটক নগরে রাজধানী স্থাপন করেন। সম্ভবতঃ জমিদার ছিলেন। গোবিন্দা-নন্দের মৃত্যুর পর রাজা তাঁহার পুত্রদ্বয়কে সাতথানি গ্রাম দিয়া অবশিষ্ট খাস করেন। রাজা রামানক রায়ের শাসনাধীন বিত্যানগরেও এই কাল পর্যস্ত ইহাদের

বাসভবন চিল।

নিত্যানন্দু রায় পৈত্রিক সম্পত্তি হারাইয়া পরিজনকে বিভানগরের প্রাচীন বার্টিতে রাখিয়া বঙ্গদেশে আগমন করেন। তিনি বর্দ্ধমানে বিষয়কর্ম করিতেন। এখানে এক বাস-ভবন নির্মাণ করিয়া প্রচর সম্পত্তি করেন।

অমুমান-১৪৫৫ বা ১৪৫৬ শকে অর্থাৎ মহাপ্রভুর তিরোভাবের পরই গোণ বৈশাখী কৃষ্ণা পঞ্চমীতে রামানক রায়ের দেহত্যাগ ঘটে। এলোচন-দাস কৃত এীচৈতন্তমঙ্গলে আছে— শ্রীরামানন্দ রায়ের সহিত কাঞ্চীনগরে মহাপ্রত্র সাক্ষাৎ হয়। ঐস্থান

গোদাবরী-তটবর্তী। জয়ানন্দের হৈতভাষক্তল—পুরীধামেই রামানক্ত রায়ের সহিত প্রভুর মিলন-সংবাদ আছে, কিন্তু (চৈচ মধ্য ১١১০ঃ) প্রভুস্হ মিলন হয়, বিস্থানগরে মহাপ্রভুর দাক্ষিণাত্য-ভ্রমণান্তে পুরী-প্রত্যাবর্ত্তনকালে ইনি ভদ্রক পর্যস্ত (3 অমুগমন করেন ১৷১৪৯)৷ গোদাবরীতটে প্রতুসহ কৃষ্ণকথাদি (ঐ মধ্য ৮। ৫৫—৩১১), প্রভুসহ পুনমিলন (ঐ মধ্য ১১/১৫-৪০, ৫৮, ৯১), প্রতাপরুদ্র-বিষয়ে প্রভুসহ পুরীতে কথোপকথনাদি (ঐ मधा >२।१६-६१)। जीनक्रश-গোস্বামির নাটকাস্বাদন (ঐ অস্ত্য ১।১০৬--২০৫)। প্রভুর প্রেরণায় প্রত্যায় মিশ্রের কৃষ্ণি-কথা (ঐ অস্তা ৫।১১-- ৮৫), দেব-দাসী-প্রিচর্যা (ঐ অস্ত্যু ৫)১৬— ২৬) এবং প্রভুসহ রসাস্বাদনাদি (ঐ অস্ত্য ১৫।১১—১৪, ১৬।১১৬—১৫০, ١ (٥٠٤-١٥ (١٥٠٤-١٥٥) ভজননিৰ্ণয়ে উক্ত আছে যে রামানন্দ রায় রাঘবেক্তপুরীর শিষ্য। পুরীর শিষ্য-রাঘবেক্স পুরী। তাঁর শিষ্য রামানন্দ প্রেম-অধিকারী। পদকলতকতে (৫৭৬) তাঁহার

পদকল্লতকতে (৫৭৬) তাঁহার
একটি ব্রজবুলি পদ দৃষ্ট হয়।
রামানন্দ বস্থ— প্রী প্রী চৈতন্ত-শাখা।
ব্রজের কলক্ষী [গোণ গণ ১৭৩]
কুলীনগ্রামবাসী। পদকর্তা। [বংশতালিকা ১৩১৩ পৃষ্ঠায় দ্রন্থব্য]
কুলীনগ্রামবাসী সত্যবাজ রামানন্দ॥
(১৮° চ° আদি ১০৮০)

ইহাদের ভক্তিতে আরুষ্ট হইয়া

প্রস্থ কহে—'কুলীন গ্রামের যে হয় কুকুর। সেহো মোর প্রিয়, অগ্রজন রহু দুর॥' (ঐ ৮২)

শ্রীকবিরাজ গোস্বামির উক্তি—
কুলীনগ্রামের ভাগ্য কহনে না
যায়। শৃকরে চরায় ডোম সেহো ক্রঞ্চ গায়॥ (ঐ ৮৬)

মহাপ্রভু ইঁহাদিগকে জগন্নাথের পট্টডোরী সরবরাহ করিতে আদেশ দিরাছেন। (চৈ চ মধ্য ১৫১৯৮)। কুলীনগ্রামবাসিরা বৈষ্ণব-লক্ষণ জিজ্ঞানা করিলে ক্রমশঃ—

- (>) প্রভু কহে—'যাঁর মুখে শুনি একবার। কৃষ্ণনাম, সেই পূজ্য,— শ্রেষ্ঠ সবাকার'॥ (চৈ° চ° মধ্য ১৫।১০৬)
- (২) 'কুঞ্চনাম নিরস্তর যাঁহার বদনে। সেই বৈঞ্ব-শ্রেষ্ঠ, ভজ তাঁহার চরণে॥' [ঐ ১৬।৭২]
- (৩) 'যাঁহার দর্শনে মুখে আইসে
 কৃষ্ণনাম। তাঁহারে জানিহ তৃমি
 বৈহুব-প্রধান॥' [ঐ ১৬।৭৪]

বৈষ্ণব-প্রধান॥' [ঐ ১৬।৭৪]

২ শ্রীশ্রীনিত্যানন্দ-শাখা।
রামানন্দ বস্তু, জগরাথ, মহীধর॥
(ৈচ° চ° আদি ১১।৪৮)
রামানন্দ স্থামী—প্ররাগক্ষেত্রে
'প্ণ্যসদন'-নামে জনৈক কাশুপগোত্রীয় কাশুকুজ-ব্রাহ্মণের গৃহে
তৎপত্নী স্থশীলা দেবীর গর্ভে বিক্রম
সম্বং ১০৫৬, শকাকা ১২২২ মাঘী
কৃষ্ণা সপ্তমীতে আবির্ভাব হয়।
পূর্বনাম—রামদন্ত। অধ্যয়নার্থ
কাশীতে গিয়া তিনি স্বামী রাঘবানন্দের উপদেশে স্বীয় আয়ুর পূর্বতা
জানিয়া ব্যর্থ পাণ্ডিত্যার্জনম্পুহা ত্যাগ

করত রাখবানন্দের নিকট বড়ক্ষর

জীরামমন্ত গ্রহণ করিয়া 'রামাননা' নাম প্রাপ্ত হইলেন এবং তৎপরে আবার সন্মান্ত গ্রহণ করিয়া পরি-ব্রাচ্চকরপে বৈষ্ণবর্ধর ও রামভক্তির क्था-अठात वर्ण इट्लम। এट রাঘবানন স্বামী হরিয়াননের শিষ্য। তিনি আবার রামামুজাচার্য হইতে একবিংশ অধস্তন ৷ **প্রীরামানন্দ** সম্প্রদায়ের পরবর্তী অধন্তনগণের পক্ষ ইহাকে শ্রীরামচন্দ্রের অবতার কল্পনা করিয়া এই সংপ্র-দায়কে পৃথক সম্প্রদায় থাকেন। অপর পক্ষ কিন্তু তাঁহাকে শ্রীরামাংশাবতার বলিলেও মুজের অধস্তন আচার্যক্রপে রামা-নন্দের আচার্য-পরম্পরা দেখাইয়া থাকেন। হিন্দী ভক্তমাল-রচয়িতা নাভাজী ও বাত্তিকপ্রকাশকার এই ষিতীয়-পক্ষাবলম্বী। ভবিষাপুরাণে প্রতিসর্গপর্বে ৪।৭ অধ্যায়ে রামানন্দের জন্মকাহিনী বিবৃত আছে।

রা**মানুজ**——দাক্ষিণাতো চৈত্রী শুক্লা পঞ্চমীতে শকাকের আবিভূতি হন। বিখ্যাত বিফুভক্ত ও বৈষ্ণব-ধর্মের প্রচারক। ইহার রচনা--শ্রীভাষ্য, বেদান্তসার, বেদার্থ-সংগ্রহ, বেদান্তদীপ, শ্রীগীতাভাষ্য প্রভৃতি। ইনি শ্রীসম্প্রদায়ের বিশিষ্ট আচার্য ও বিশিষ্টাদৈতবাদের সমর্থক। অদৈতবাদের শঙ্করের বিকলে বাঁহারা দ্রায়মান হইয়াছেন. তাঁহাদের মধ্যে ইঁহারই আসন সর্বোচ্চে—ইহাতে সমেহ নাই। আলোয়ারগণ ইংগ্রই মতপোষক। ্ শ্রীলর্সিক্যোহন বিন্তাভূষণ-ক্লত 'শ্ৰীবৈষ্ণব' দ্ৰপ্তৰ্য।]

রামী, রামমণি—রজকিণী রামী প্রাচীনা স্ত্রীকবিদের মধ্যে আদিম বলিয়া উক্ত হইয়াছে। মহিলা **চ**ं शीमां यथन नाब ब्रांशास्य वाखनी-দেবীর পূজারী ছিলেন, ঠিক সেই कारम इति औमिलत्तत मार्जनामि কার্যে নিযুক্তা হন। চণ্ডীদাস ও রজ-কিণীর 'সহজ' প্রেমের কথা লইয়া এদেশে বহু বিচার হইয়াছে, কিন্তু তাঁহাদের মধ্যে দৈহিক সম্বন্ধ ছিল কিনা, তাহাই বিবেচ্য। চণ্ডীদাস তাঁহাকে কি ভাবে দেখিতেন, তাহা তিনি শ্বয়ংই ব্যক্ত করিয়াছেন— কিশোরী-স্বরূপ. 'রঞ্জকিণী-রূপ, কামগন্ধ নাহি তায়।'

রায়শেখর — বর্দ্ধনান পরাণ গ্রামে জন্ম। রঘুনন্দন গোস্বামির শিষ্য।
শ্রীনিত্যানন্দ-বংশসমূত। ব্রজবুলি
কবিতার শ্রেষ্ঠ লেখক। 'দণ্ডাত্মিকা'
গ্রন্থও ইঁহার লেখনী-প্রস্ত।

ক্ল**ড়ে পণ্ডিড**—গ্রীচৈতন্ত-শাখা; পূর্ব-নীলায় বন্ধপ উপগোপাল।

[গেণি°গ°১৩৫] শঙ্করারণ্য আচার্য, বৃক্ষের এক-শাখা। মুকুন্দ, কাশীনাথ, রুদ্র উপ-

শাথায় লেখা।।
[চৈ° চ° আদি ১০।১০৬]
চাতরা বল্লভপুরে সেবা অমুপাম।

ভক্তগণ যে বে ছিলা কহি তার নাম।
কাশীখর, শঙ্করারণ্য, শ্রীনাথ আর।
শ্রীকৃত্ত পণ্ডিত আদি বাস স্বাকার।

(পা[°] প[°])

শ্রীপাট—ছগলী জেলার বল্পতপুর ব্রামে গঙ্গার তীরে। ১৪৬০ শকে কাত্তিক মালের ক্লফাইমীতে জন্ম। ইনি বাল্যকালে মাতুলালয়ে অর্থাৎ শ্রীপাট চাতরায় কাশীখর (বা কাশীনাথ) পণ্ডিতের গৃহে প্রতিপালিত
হন। কাশীখর পণ্ডিতের বংশধরগণের নিকট ইঁহার যে জীবনী আছে,
তাহাতে জানা যায় যে এই রুদ্র
পণ্ডিতই (মতান্তরে বীরভন্ত প্রস্থা)
মুসলমান বাদশাহের সিংহ-দরজা
হইতে প্রস্তর আনিয়া উহা হইতে
(খড়দেহের) শ্রীনন্দত্লাল এবং
(বল্লভপুরের) শ্রীরাধাবল্লভ প্রস্তত
করিয়াছিলেন।
রুদ্রপণ্ডিতের অপর প্রাতাদের

নাম-রমাকাস্ত ও লক্ষণ। বল্লভপুরের

বর্ত্তমান সেবায়েত চৌধুরীগণ এই রুদ্রের বংশধর। লক্ষণের বংশধরগণ সাঁইবোনা গ্রামে (২৪ পরগণা) বাস করেন ও প্রীশীনন্দত্বলালের সেবক। শ্রীশ্রীরাধাবলভেজীর আদি ভগ্ন মন্দির গঙ্গার ধারে এখনও স্থরক্ষিত আছে। শ্রীরামপুর জলের সীমানার মধ্যে। মন্দিরের থিলান আশ্চর্যকর। ইংরাজ সরকার মন্দির মধ্যে একখানি প্রস্তরফলক দিয়াছেন, তাহাতে লিখিত আছে—'হেনরী মার্টিন-নামক মিশনারীলারা ১৮০৬ থুষ্টাব্দে অধিকৃত।' ক্ল**ডারি কবিরাজ—**শ্রীগোরভক্ত। [देवक्षव-वन्सना]

রপ কবিরাজ—শ্রীনিবাস আচার্যের
শিষ্য। শ্রীপাট—বীরভূম। ইনি
ও ভগবান্ কবিরাজ নিমাই কবিরাজের লাতা। অফুরাগবল্লীর মতে
(৭ম—৪৫ পৃঃ) নিমাই—ভগবান্
কবিরাজের পুত্র।
ভগবান্ কবিরাজ গুণের আলম।

যাঁর জাতা—রূপ, নিমু, বীর-ভৌমালয়॥ [ভক্তি ১০।১৩৮] **এরপ গোস্বামী--** এগোরাঙ্গ-লীলায় ষড়্গোস্বামির একতম। ব্রজের শ্রীরূপমঞ্জরী (গৌ° গ° ১৮০)। যজুর্বেদীয় ভরদ্বাজ্ব-গোত্রীয়। পূর্ব-পুরুষের নিবাস-কর্ণাট ছিল। তদানীন্তন গোডের বাদসাহ হোসেন শাহের ইনি বিশিষ্ট কর্মচারী ছিলেন। পরে সমুদয় বিষয় ছাড়িয়া শ্রীগোরাঙ্গ-চরণে আত্মসমর্পণ করেন। ইহার জীগৌরাতুরাগে গৃহত্যাগ, দৈন্ত ও বিষয়-বৈরাগ্যাদি সর্বজন-প্রসিদ্ধ। প্রীচৈতগ্রচরিতামৃত, ভক্ত-মাল প্রভৃতিতে সবিস্তার জীবনী আলোচ্য ও আস্বান্ত। শ্রীমন্নবোত্তম ঠাকুর মহাশয় ইংছাকে 'শ্ৰীচৈতত্যমনোহভীষ্ট-স্থাপক' বলিয়া কীর্ত্তন করিয়াছেন। শ্রীবৃন্ধা-

বনের লুগুতীর্থ-উদ্ধার ও ভক্তিশাস্ত্র-প্রচার-এই হুই কার্যের জন্মই ইনি গ্রীগৌরাঙ্গ-কর্ত্তক বিশেষভাবে উপদিষ্ট হইয়াছিলেন। প্রয়াগ হইতে শ্রীরূপ বুন্দাবনে যান এবং তথা হইতে গৃহে প্রত্যাবর্ত্তনপূর্বক বিষয়-ব্যবস্থাদি করত আবার নীলাচলে মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করেন। গৌড়দেশে অবস্থান-কালেই বিদগ্ধমাধৰ ও ললিতমাধৰ নাটকের রচনা বিষয়ে উৎস্থক হন। ব্রজলীলা ও পুরলীলা একই নাটকে রচনা ব্রজবিরহ প্রশমন করিতে তাঁহার ইচ্ছা থাকিলেও কিন্তু সত্য-ভামাপুরে সত্যভামাদেবীর আজ্ঞায় নীলাচলে শ্রীমন্মহাপ্রভুর এবং সাক্ষাৎ উপদেশে পৃথক্ভাবে নাটক

করেন। ভক্তগোষ্ঠী-সহিত শ্রীমন্মহাপ্রভু ইহার রচনা শুনিয়া যে আনন্দোৎসব লাভ করিয়াছেন—তাহা একমাত্র রসিকজন-সংবেছা। সর্বশক্তি সঞ্চার করত প্রভু ইহাকে আবার শ্রীবৃন্দাবনে আচার্যপদ দিয়া পাঠাইয়া স্বাভীষ্টপৃত্তি করিয়াছেন।

প্রান্থাবলী— ভক্তিরসামৃত দিল্প,
উচ্ছেলনীলমণি, লঘুভাগবতামৃত,
বিদগ্ধমাধন, ললিতমাধন, নিকুপ্পরহগুভ স্তব, স্তবমালা, শ্রীরাধাক্ষকগণোদ্দেশ-দীপিকা, মথুরা-মাছাত্মা, উদ্ধবসদেশ, হংসদ্ত, দানকেলিকোমুদী, শ্রীকৃষ্ণ-জন্মতিথি-বিধি, প্রযুক্তাখ্যাতমঞ্জরী, নাটক-চন্দ্রিকা ইত্যাদি।

রূপ ঘটক—শ্রীনিবাদ আচার্যের শিষ্য। শ্রীপাট—যাজিগ্রামে।

শ্রীরূপ ঘটক যাজিগ্রামে যাঁর বাস।
[ভক্তি ২০1১৪২]

শ্রীরূপ ঘটক নাম প্রান্থর প্রিয় ভূত্য। রাধাক্তফ-নাম বিনা ধাঁর নাহি ক্বত্য॥ (কর্ণা ১)

ইনি আচার্য প্রস্থুকে নিজের যাবতীয় সম্পত্তির অর্দ্ধেক দিয়াছিলেন।
রূপচন্দ্র সরস্বতী (রূপনারায়ণ
চক্রবর্তী)—শ্রীল নরোভ্য ঠাকুরের
শিষ্য। ইনি দিখিজয়ী পণ্ডিত
ছিলেন।প্রেমবিলালে (১৯) তাঁহার
এইরূপ পরিচয় আছে—

কামরূপ রাজ্যে 'এগারসিন্দ্র'-নামক প্রসিদ্ধ বাণিজ্য-ক্ষেত্রের নিকটে 'ভিটাদিয়া' গ্রামে লক্ষ্মীনাথ লাহিড়ীর ঔরসে এবং কমলা (কামিনী) দেবীর গর্ভে রূপচন্দ্র ১৪২৩ হইতে ১৪২৭ শকাব্দার মধ্যে জন্মগ্রহণ করেন। বাল্যকালে ইনি বড়ই চঞ্চল ছিলেন,

লেখাপড়ায় মনোযোগী ছিলেন না। বয়োবৃদ্ধিতেও ঐ দোষ সংশোধিত रहेरण्ड ना प्रिया **রূপচন্দে**র পিতৃদেব এক দিবস কুদ্ধ হইয়া পুত্রকে অন্নের পরিবর্ণ্ডে 'ছাই' খাইতে দিয়াছিলেন। ইহাতে মর্মান্তিক বেদনা পাইয়া গ্রহ পরিত্যাগ করেন ও বিগ্রা উপার্জনের জ্বন্ত 'পণ্ডিতবাড়ী' নামক স্থানে জনৈক অধ্যাপকের গৃহে গ্মন বিগ্রাভাাস করিতে থাকেন। প্রবল অধাৰসায়ের বলে অতি অল্ল দিনের মধ্যেই রূপচন্দ্র অধ্যাপকের নিকট হইতে 'চক্রবর্তী' উপাধি প্রাপ্ত হইয়া তথা হইতে অধিকতর বিস্থা অর্জনের জন্ম শ্রীধাম নবদ্বীপে গমন করেন। পরে তথায় অধ্যয়নান্তে 'আচার্য' উপাধি-লাভে খ্যাত হন। এইক্সপে ভারতের প্রধান প্রধান বিদ্যাক্ষেত্র হইতে শিক্ষা লাভ করিয়া পরিশেষে সরস্বতী ও মহাশ্রুতিধর আখ্যায় পরিশোভিত হইয়া দিখিজয়-মানসে দেশ-বিদেশে ভ্রমণ করিতে থাকেন। **একিফটেত মদেবের** পুরীগামে স্থিত রূপচন্দ্রের সাক্ষাৎ হইয়াছিল, কিন্তু রূপচন্দ্র তখন বিহারসে উন্মত। দুর হইতেই তিনি প্রভুকে দর্শন করিয়াছিলেন।

দিখিজয় করিতে করিতে রূপচন্দ্র শ্রীরুন্দাবনে শ্রীরূপ গোস্বামী ও শ্রীসনাতন গোস্বামির অভুত পাণ্ডিত্যের কথা শ্রবণ করিয়া তাঁহাদিগকে পরাজিত করিবার মানসে তথায় আগমন করেন। বিচার-প্রসঙ্গ উত্থাপিত হইবামাত্রই তৃণাদপি স্থনীচ শ্রীরূপ ও শ্রীসনাতন-প্রভুষয়

বিনা বিচারেই রূপচন্দ্রের জয়পত্রে 'পরাজিত হইলাম' বলিয়া স্বাক্ষর করিয়া দেন: কিন্তু এই সংবাদে শ্রীসনাতন গোস্বামির ভ্রাতুষ্পুত্র বালক মর্যান্তিক বেদনা **এজীবগোস্বা**মী পাইয়া রূপচন্দ্রের সৃহিত বিচার-যুদ্ধে প্রবুত্ত হন এবং সাত দিবস পরে রূপচন্দ্রকে পরাজিত করেন। শ্রীরূপ-গোস্বামী এই সংবাদ শ্রবণ করিয়া ভ্রাতৃপুত্র গ্রীজীবকে বর্জন করেন। পরে রূপচন্দ্র গোস্বামিগণের মহত্ত উপলব্ধি করিয়া তাঁহাদের চরণাশ্রিত इन। खे ममा इनि शक्ति न নামক স্থানের রাজা নরসিংহের সভায় কিছুদিনের জন্ম সভাপণ্ডিত ছিলেন।

রাজ্ঞা নরসিংহ পণ্ডিতমণ্ডলী লইয়া সর্বদাই শাল্ধালোচনায় রত থাকিতেন। বিশিষ্ট পণ্ডিতগণের নাম—

যত্নাথ বিভাভ্বণ, কাশীনাথ আর।
তর্কভ্বণ-উপাধি তাঁর সর্বত্র প্রচার॥
হরিদাস শিরোমণি, চক্রকান্ত আর।
ভায়পঞ্চানন উপাধিতে সর্বত্র প্রচার॥
শিবচরণ, তুর্গাদাস—এই তুই জন।
বিভাবাগীশ, বিভারত্ন উপাধি হন॥
(প্রেম ১৯)

তি সময়ে রাজা নরসিংহের নিকট
সংবাদ আসে—'ঘোর কলিকাল
উপস্থিত! খেতৃরীর রাজা ক্ষঞানন্দ
দত্তের পুত্র নরোন্তম শৃদ্র হইরাও
ব্রাহ্মণকে দীক্ষা প্রদান করিয়া
শিষ্য করিতেছেন! হিন্দুধর্ম লোপ
পাইল—

ক্বফানন্দ দত্ত-পূত্র নরোত্য দাস। ব্রাহ্মণেরে মন্ত্র দিয়া কৈল সর্বনাশ॥ বুঝি এতদিনে ঘোর কলি উপস্থিত। শুদ্রের ব্রাহ্মণ শিষ্য শুনি কাঁপে চিত॥ (প্রেম ১৯)

্রাজা আরও শুনিলেন—'নরোত্তমের জন্ত ধর্মকর্ম পণ্ড হইরা যাইতেছে। (प्रतीत शृकात रिवान হইতেছে। লোক মংখ্য মাংস ভোজন পরিত্যাগ করিয়া 'হরি হরি' বলিয়া নাচিয়া কুঁদিয়া চীৎকার করিয়া পাগল হইয়া যাইতেছে। নরোত্তম কুহক-বিভা জানে। সেই বিভাবলে দেশকে ছারখারে দিতেছে। স্বয়ং দেশের দ্ভমুভের কর্ত্তা, এজন্ত বান্ধণের জাতি, বান্ধণের মানসম্ভ্রম রক্ষা করিয়া সনাতন হিন্দুংর্মকে প্রতিষ্ঠিত করাই তাঁহার কর্ত্তব্য'।

রাজা নরসিংহ তাঁহার সভাসদ পণ্ডিত-মণ্ডলীতে এ বিষয়ের কর্ত্তব্যা-কর্ত্তব্যের ভারার্পণ করিলে স্থিরীকৃত হইল-সভাপতি রূপচন্দ্র খেতুরীতে গিয়া শ্রীনরোত্তমের সহিত শাস্ত্রযুদ্ধে প্রবৃত্ত হইবেন।

রূপচন্দ্র শ্রীনরোভ্রম ঠাকুরের মহত্ত পূর্বেই অবগত হইয়াছিলেন; পূর্ব হইতেই নরোত্তমের সঞ্লাভ করিবার জন্ম তাঁহার বাসনা হইতেছিল। এক্ষণে তিনি অন্তরে আনন্দান্তব করিয়া বাহিরে ক্রোধ প্রকাশ করিয়া কহিলেন—

রূপনারায়ণ কছে—'চল মহারাজ। গোষ্ঠাসহ চল ইথে না করিহ ব্যাজ॥'

তিনি পণ্ডিতগণকেও কহিলেন— 'পণ্ডিতগণ ৷ চলুন আমরা গিয়া নরোত্তমকে ঐ সকল অশাস্তীয় কার্যের জন্ম শাস্ত্রযুদ্ধ করিয়া পরাজিত করি'। এই বলিয়া সকলে খেতুরী

অভিমুখে গমন করিয়া খেতুরীর সন্নিকটে 'কুমারপুর' নামক স্থানে আসিয়া বাসাবাড়ী নির্দ্দেশ করিলেন। এদিকে খেতুরীতে এই সংবাদ প্রচারিত হইতে বিলম্ব হইল না। শ্রীনরোত্তম ঠাকুরের অভিন্নাত্মা শ্রীল রামচন্দ্র কবিরাজ রহস্ত-উদ্দেশ্যে তদীয় ভ্রাতা (প্রসিদ্ধ পদকর্ত্তা) শ্রীল গোবিন্দ দাস এবং শ্রীঠাকুরের ব্রাহ্মণ-শিষ্য-শীল গঙ্গানারায়ণ চক্রবর্তী, হরিহর, রামকৃষ্ণ, জগরাথ প্রভৃতি কয়েকজন বিশিষ্ট শাস্ত্ৰজ্ঞ পণ্ডিতকে পানবিক্ৰেতা. বারুই, তৈল-বিক্রেতা (তেলি) প্রভৃতি সাজাইয়া পণ্যদ্রব্য কুমারপুরের বাজারে বসাইয়া দিলেন। নরসিংহের সভাপণ্ডিতগণ বাজারে দ্রব্য ক্রয় করিতে আসিয়া মৃল্যাদি জিজাদা করিলে তত্ত্তরে বিক্রেতাগণ বিশুদ্ধ সংস্কৃতে উত্তর প্রদান করিতে লাগিলেন: অধিকল্প শান্তপ্রসঙ্গও করিতে লাগিলেন। পণ্ডিতগণ সামাত্র পণাজীবিগণের পাণ্ডিতাদর্শনে স্তম্ভিত হইয়া ভাবিতে লাগিলেন—'যে দেশের নিমু শ্রেণীর লোক এমত বিদ্বান, সে দেশের পণ্ডিতগণের বিভাবভা যে কত উচ্চ তাহা কি বলিতে হয় ৭ এজন্য এস্থানে শান্তাদির বিচারে প্রবৃত্ত হইলে নিশ্চয়ই অপমানিত হইতে হইবে। এই ভাবিয়া পণ্ডিতগণ পলায়নই বিবেচনা শ্রেয়স্কর করিলেন: কিন্তু রূপচন্দ্র কাহাকেও পলায়ন করিতে দিলেন না। তিনি পূৰ্বেই বৈষ্ণৰ-মাহাত্ম্য অবগত হইয়াছিলেন। বিশেষতঃ পণ্ডিতগণ

স্বপ্নযোগে দেখেন যে ভগৰতী ক্রোধে

তাঁহাদিগকে নরোত্তমের নিকট অমুগ্রহপ্রার্থী হইয়া দীকা দইতে আদেশ করিলেন।

হুদে থার ব্রহ্ম আছে, সে হয় ব্রাহ্মণ। বাহ্ন পৈতা কেবল ব্রাহ্মণ (প্রেম ১৯) জাতির লক্ষণ॥ দিবস এজন্ম তাঁহারা পর সদল্বলে নরোত্তম ঠাকুরের স্কাশে উপনীত হইলেন এবং নরোতমের করিলেন। গ্ৰহণ নরসিংহ এবং তাঁহার রূপমালাও নরোত্তম ঠাকুরের নিকট দীক্ষিত হইয়া বৈষ্ণব-ধর্ম গ্রহণ করিয়াছিলেন। রূপচন্দ্র বিভার্জনের স্থফলে নরোত্তম ঠাকুরের প্রীচরণে আশ্রয়-লাভ করিয়াছিলেন।

কথিত আছে—ইনি ব্ৰজ্ঞধাম হইতে শ্রীরাধা ও শ্রীব্রজমোহন বিগ্রহ সঙ্গে লইয়া গৃহাভিমুখে যাত্রা করেন। শ্রীমৃত্তির সেবার জন্ম ইনি কিছু সম্পত্তির প্রত্যাশায় দিল্লীর বাদশাহের উপনীত হন এবং স্বীয় সঙ্গীত-কলায় তাঁহাকে মুগ্ধ করিয়া প্রার্থনামুগারে ভিটাদিয়া ও এগার সিন্দুরের নিকটবর্তী অনেক ভূ-সম্পত্তির সনদ লিখিয়া লন। সনদ লইয়া রূপনারায়ণ দেশে আসিয়া শুনিলেন যে তাঁহার পিতার পরলোক এগারসিন্দরে হইয়াছে ৷ তখন তাঁহার ভজনমন্দির নির্মিত হইয়া শ্রীবিগ্রহ-সেবা স্থাপিত হয়।

রূপটাদ অধিকারী—খুষ্ঠীয় অপ্তাদশ শতাকীর প্রথম ভাগে আবিৰ্ভাব ঢপকী**র্ত্তনে**র উদ্ধাবক। হয় | মুশিদাবাদ জেলায় সালার প্রেসনের অদুরে তালিবপুর গ্রামে প্রাণকৃষ্ণ

চটোপাধাায় বাস করিতেন। ইনি পরে বেলডাঙ্গায় মাতুলালয়ে মাতা-মহের সম্পত্তির উত্তরাধিকারী হইয়া बाग करतन। ১১२२ वकारक हैनि পাঠশালায় করেন। জন্মগ্রহণ কিছুদিন পাঠাভ্যাস করত ইনি টোলে সংশ্বত ভাষা শিক্ষা করেন— তৎপরে শ্রীমদ ভাগবতের কথকতা করিতেন-কণ্ঠস্বর অতিমধুর ছিল এবং আবালা সঙ্গীতামুরাগী ছিলেন। সালারের নিকটবর্তী সিমূলিয়া গ্রামে জনৈক সন্ন্যাসীর নিকট সঙ্গীত শিক্ষা করেন এবং তাঁহার নিকট হইতে . শক্তিসম্পন্ন এক 'ডুবকী' উপহার প্রাপ্ত হন। তদবধি ইনি স্বর্চিত চপকীর্ত্তনেই সমধিক প্রসিদ্ধি লাভ

করেন। একদা তিনি গান করিয়া গৃহে ফিরিবার পথে দত্ম্যদলকর্ত্ব আক্রান্ত হন এবং দত্মাদের সম্মতি গইয়া স্থললিত কঠে উচ্চ কীৰ্ত্তন করত তাহাদিগকে মুগ্ধ করিয়া-ছিলেন। ইহার কণ্ঠস্বর ও সঙ্গীত-শ্রবণে মুগ্ধ হইয়া জগৎশেঠের বংশধরগণ ইহাঁকে বহু নিদ্ধর জমি ও নিৰ্মাণ করাইয়া পাকা বাসভবন দিয়াছিলেন। >८।६० २८ **সালে** ইনি লোকান্তরিত হন। রূপনারায়ণ- গ্রীল ঠাকুর মহাশ্রের শিষ্য—খেতুরী-নিবাসী। রাচীশ্রেণী সাবর্ণগোত্রীয় ব্রাহ্মণ। [প্রেম ২০]। রপমালা—শ্রীঠাকুর মহাশয়ের শিষ্যা ও রাজা নরসিংহের পত্নী।

রূপ রায়— শ্রীনরোত্তম ঠাকুরের
শিষ্য। ইনি বহু মুস্লমানকে
বৈঞ্চৰধর্মে দীক্ষিত করিয়াছিলেন।
জয় রূপ রায় গানে অতি
বিচক্ষণ। ধার গান শুনি' প্রেমে
ভাসয়ে যবন॥

(নরো ১২)

রূপ রায় শাখা হয় ভুবনপাবন। যিহোঁ করিলেন বহু যবন-তারণ॥ (প্রেম ২০)

রূপেশ্বর—গ্রীরূপসনাতনের প্রপিতা-মহ। [পদ্মনাভ দ্রষ্টব্য] রেরবতী—গ্রীরূপসনাতনের মাতা,

রোদনা—জয়ানন্দ মিশ্রের মাতা এবং অবৃদ্ধি মিশ্রের বনিতা।

কুমারদেবের পত্নী।

<u></u>

লইছন-- শ্রীরসিকানন্দ-শিষ্য। রি° ম° পশ্চিম ১৪।১৫৯] লক্ষহীরা (কুফদোসী)—মাৎসর্যপর রামচন্দ্রখা-কর্ত্তক প্রীপ্রীহরিদাস ঠাকুরের বৈরাগ্যব্রত ভঙ্গ করিবার জন্ম নিযুক্তা হইলেও ঠাকুরের মুখে নামশ্রবণে এবং তাঁহার অকপট ব্যবহারে স্বীয় ছুরভিসন্ধি, পাপবৃত্তি প্রভৃতি বর্জন করিয়া নাম-সাধনে 'প্রসিদ্ধা বৈষ্ণবী হৈল পরম মহাস্তী।' প্রাক্তন পাপ-প্রবৃত্তি নাশে ও ভক্ত-সঙ্গে স্বরূপের জাগরণে যে কোনও জঘত্ত লোকও 'ভাগবত' হইতে পারে, তাহারই প্রকট দৃষ্টান্ত। পণ্ডিত—হগলী জেলার লক্ষ্মণ শ্রীরামপুরের নিকট চাতরা গ্রামে

বাস। ইনি শ্রীগৌরাজ-পারিষদ কাশী-নাথ পণ্ডিতের ভাগিনেয় ও শিষা ছিলেন। বল্লভপুরের কন্দ্র পণ্ডিতের সহোদর ভাতা (কাহারও মতে— বৈমাত্রেয় ভ্রাতা)। লক্ষণ পণ্ডিত ২৪ প্রগণার সাঁইবোনা গ্রামে বিবাহ করেন। তথায় শ্রীশ্রীনন্দপুলালজীর সম্বন্ধে প্রবাদ আছে এই যে খ্রীনিত্যা-নন্দ-তনয় প্রীলবীরভদ্র একই প্রস্তার তিনটি শ্রীক্লঞ্চ-বিগ্রহ নির্মাণ করাইয়াছেন, তন্মধ্যে প্রীপাট খড়দহ গ্রামে বীর্ভন্ত প্রভু শ্রীশ্রীগ্রাম-স্থমরজীউকে প্রতিষ্ঠা করেন, অপর বিগ্রহের মধ্যে বল্লভপুরে শ্রীশ্রীরাধাবল্লভ ও সাঁইবোনাতে পূৰ্বোক্ত <u>শ্রীশ্রনমত্বাল</u> বিগ্ৰহ

স্থাপিত হন; কিন্তু শ্রীনন্দত্বলাল প্রতিষ্ঠা-সম্বন্ধে 'বৈষ্ণবাচার-দর্পণ'-গ্রন্থে জানা যায়—শ্রীবৃন্দাবনের প্রাক্তিম মধু পণ্ডিত মহারাজ ঐ সাঁইবোনাতে উক্ত বিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছিলেন। লক্ষণ পণ্ডিতের বংশধরগণ অভ্যাপি সাঁইবোনা গ্রামে বাস করিতেছেন। প্রতিবর্ধে মাঘী পূর্ণিমাতে ঐ স্থানে উৎসব হইয়া থাকে।

লক্ষ্মণাচার্য—শ্রীগোরভক্ত।

ওছে লক্ষণাচার্য! এই মাত্র চাই। 'অপ্রসাদি দ্রব্য যেন ছুলিয়া না খাই॥ [নামা ২৫৪]

লক্ষ্মীকান্ত বা দারী লক্ষ্মীনারায়ণ
—থানাকুল ক্বন্ধনগরের ন্দ্রন্থীনিত্যা-

নন্দসখা শ্রীল অভিরাম গোস্থানির
শিষ্য ছিলেন। পাটনা গ্রামে (?)
ইহার শ্রীপাট ছিল।
পাটনা গ্রামেতে দারী লক্ষীনারায়ণ। (পা°প°)
লক্ষমীকান্ত দিজ—শ্রীখণ্ডবাদী,

প্রথান বিজ্ঞান ব্যাব্যা ।

শ্রীদরকার ঠাকুরের শাখা। ইনি
শ্রীনরহরির ঠাকুর বাড়ীর পূজারী
ছিলেন। পদকর্ত্তা, পদকল্পতকর

১১৬ সংখ্যক পদটি অভিস্ফলর।

কি খেনে দেখিলু গোরা, নবীন

কামের কোঁড়া' ইত্যাদি।

লক্ষমী ঠাকুরাণী—শ্রীনিবাস

আচার্বের মাতাঠাকুরাণী। যাজি
গ্রামের বলরাম আচার্বের কন্তা।

(শ্রীনিবাস আচার্য দ্রইব্য)
লক্ষমীদেবী — শ্রীযন্ত্রনন্দন আচার্যের
পদ্মী। ইঁহার ছই কন্তা— শ্রীমতী
এবং নারায়ণী। এই ছই কন্তাকেই
শ্রীনিত্যানন্দ প্রভুর পুত্র শ্রীল বীরভদ্র গোস্বামী বিবাহ করেন।

যত্ত্বন্দনের ভার্যা লক্ষ্মী নাম তাঁর। কহিতে কি অতিপতিব্রতা ধর্ম যাঁর। ভিক্তি ১৩।২৫১]

লক্ষমীধর—শ্রীধরস্বামিপাদের ভ্রাতা, নামকৌমুদী-প্রণেতা। ইঁহার চারিটি কবিতা (১৬, ২৯, ৩৩, ৩৪) প্রভা-বলিতে সমান্তত হইয়াছে।

লক্ষ্মীনাথ পণ্ডিত - শ্রীগদাধর পণ্ডিতের শিষ্য।

শ্রীহর্ষ, রম্মু মিশ্র, পণ্ডিত লক্ষ্মীনাথ।'
(চৈ° চ° আদি ২২।৮৫)
ইনি পূর্বলীলায় রদোন্মদা।
[গৌ° গ° ১৯৬,২০৫]।

ব্ৰহ্মলন্দ্মীনাথদাসং ক্রুণালয়-বিগ্রহম! মহাভাবায়িতং বন্দে ব্রজদোভাগ্যদায়কম্॥ [শা° নি° ২৬]
লক্ষমীনাথ লাহিড়ী—ইনি
প্রীগোরাক্ষস্করের মন্মী ভক্ত প্রসিদ্ধ
স্বরূপ দামোদরের বৈমাত্রেয় ভ্রাতা।
পিতার নাম—পদ্মগর্ভাচার্য। ব্রহ্মপুত্র
নদীর তীরে ভিটাদিয়া-গ্রামে ইংহার
বাস ছিল।
সেই স্বরূপ দামোদরের বৈমাত্রেয়

বাস ছিল।

সেই স্বরূপ দামোদরের বৈমাত্রের
ন্রাতা। লক্ষ্মীনাথ লাহিড়ী হন, গুন
সব শ্রোতা॥ (প্রেম ২৪)
শ্রীগোরাঙ্গদেব অধ্যাপক-অবস্থার
যথন পূর্ববঙ্গে ভ্রমণ করেন, সেই সময়ে
শ্রীহট্টে পিতামহ উপেক্র মিশ্রের গৃহে
গমন করিয়াছিলেন বলিয়া প্রানাথ
পণ্ডিতের বাটীতেও ৩।৪ দিবস
অবস্থান করিয়াছিলেন।
সেই লক্ষ্মীনাথ ভক্ত পণ্ডিত-প্রধান।
দিন চারি তাঁর ঘরে প্রভুর বিশ্রাম॥

দিন চারি তাঁর ঘরে প্রভুর বিপ্রাম।
লক্ষীনাথে বর দিয়া প্রভু গৌরহরি।
কিছু দিনে শ্রীহট্টেতে আসিলেন
চলি॥
(প্রেম ২৪)

শ্রীলক্ষ্মীপতি——ইনি প্রসিদ্ধ শ্রীমাধনেক্র পুরী গোস্বামির এবং শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর গুরুদেব।

কে কহিতে পারে লক্ষীপতির মহিমা। বাঁর শিশ্য মাধবেন্দ্র পুরী এই সীমা॥ লক্ষীপতি-স্থানে শিষ্য হৈলা নিত্যানন্দ। বাড়াইল তাঁর অতি অভুত আনন্দ॥

শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু তীর্থন্রমণ করিতে করিতে পাণ্ডারপুরে বিট্ঠলনাথজীর মন্দিরের নিকট জনৈক ব্রাহ্মণ-গৃহে লক্ষ্মীপতি গোস্বামির সাক্ষাৎ প্রাপ্ত হয়েন।

(ভক্তি ৫।২২৭১, ২৩১১)

ঐ সময়ে লক্ষীপতি স্বপ্ন দেখেন—
এই গ্রামে আইলা এক ব্রাহ্মণকুমার। অবধৃত-বেশ, শিষ্য হইবে
তোমার॥ এই মন্ত্রে শিষ্য তুমি
করিবে তাহারে। এত কহি' মন্ত্র কহে তাঁর কর্ণদারে॥
(ভক্তি ধাহহ৯৭—৯৮)

শ্রীনিত্যানন্দ প্রভু প্রভাতে
লক্ষ্মীপতি-স্থানে আগমন করিলে
তিনি মহানন্দে তাঁহাকে গাঢ়
আলিঙ্গন করিলেন এবং শ্রীনিত্যানন্দ প্রভু তাঁহার নিকট দীক্ষা প্রার্থনা করিলে তিনি প্রভুকে দীক্ষিত করিলেন।

সেই দিন নিত্যানব্দে দীক্ষামন্ত্র দিলা॥ (ঐ ২৩০৬) দীক্ষান্তে শ্রীনিত্যানন্দ প্রস্থু অক্সত্র গমন করিলে লক্ষীপতি তাঁহার

প্রিয় শিষ্মের জন্ম এমন কাতর হইলেন যে অচিরেই তিনি স্বধাম গমন করিয়াছিলেন।

কারে কিছু না কহে, ধরিতে নারে থৈষ্। সেই দিন হইতে দশা হইল আশ্চর্য। দেখিয়া চিন্তিত হইলেন শিশ্যপণ। অকন্মাৎ লক্ষ্মীপতি হইলেন সঙ্গোপন॥

্থি ।২৩২৫—২৬]
শ্রীনিত্যানন্দ প্রাছুর পাণ্ডারপুরে
অবস্থিতিতে ঐ দেশবাসী সকলেই
সাধুভাবান্বিত হইয়াছিলেন।
পাণ্ডারবাসীর ভক্তি কহনে না

শুনিত্যানন্দের কুপায়॥ (ঐ ২৩২৮)

ঐ পাণ্ডারপুরে শ্রীগোরাদ্ধস্করের

অগ্রন্ধ শ্রীল বিশ্বরূপের সিদ্ধিলাভ

হয়। ঐ স্থানে তাঁহার সমাধি আছে

যায়। অন্তাপি প্রবল ভক্তি

বিশিয়া শুনা যায়, কিছ উহা ঠিক কোন্ স্থানে তাহার নিদ্ধপণ হয় নাই। প্রীগোরাকস্থলরও দাকিণাতো ভ্রমণ-সময়ে ঐ স্থানে গমন করিয়া-ছিলেন।

শ্রী প্রাক্তমনী প্রিয়া— শ্রী প্রী গোরাঙ্গক্ষমনের প্রথমা গৃহিণী। শ্রীল
বন্ধতাচার্যের কন্সা। প্রিয়াজীর চরিত্রে
আদর্শনারী-চরিত্রটি বিশেষভাবে
অঙ্কিত করিয়াছেন—ঠাকুর বৃন্ধাবন
উাহার চৈতন্তভাগবতে (আদি ১৪।
১৩—৪৫)

'নিরবধি অতিথি আইসে প্রভু-ঘরে। যার যেন যোগ্য প্রভু দেন पिन मन्नामी সবাকারে॥ কোন षाहरम प्रभ विभ। সবা নিমন্ত্রেণ প্রভূ হইয়া হরিষ॥ তবে লক্ষীদেবী পিয়া প্রম সম্ভোষে। রান্ধেন বিশেষ, তবে প্রভু আসি বৈগে। একেশ্বর শশীদেবী করেন রন্ধন। তথাপিও পরম আনক্ষযুক্ত মন।। লক্ষীর চরিত্র দেখি শচী ভাগাবতী। দণ্ডে দণ্ডে আনন্দ-বিশেষ বাঢ়ে অতি॥ উষ:-কালে হৈতে শক্ষী যত গৃহকৰ্ম। আপনে করেন শ্ব—এই তাঁর ধর্ম॥ দেৰগৃহে করেন যে স্বস্তিকমগুলী। শব্দ, চক্র লিখেন হইয়া কুতূহলী॥ গন্ধ, পুষ্প, ধুপ, দীপ, স্থ্বাসিত জল। ঈশ্বর-পূজার সজ্জ করেন সকল॥ নিরবধি তুলসীর করেন সেবন। ততোধিক শচীর সেবায় তাঁর মন॥ লক্ষীর চরিত্র দেখি শ্রীগোরস্থনর। মুখে কিছু না বোলেন, সস্তোষ অন্তর। কোন দিন লক্ষ্মী লই' প্রভুর চরণ। বসিয়া থাকেন পদতলে অনুক্ৰ ॥'

শ্রীগৌরস্থন্দর অধ্যাপক যখন পূর্বক্স-ভ্রমণে গমন করেন, সেই সময় কালসূপ দংশনচ্ছলে লক্ষীদেবী অন্তর্ধান করেন। পূর্বলীলায় ইনি জানকী ও কৃত্মিণী (গৌ° গ° ৪৫— ৪৬) ইন্দ্রে অপ্সরা নৃত্যকালে ভালভন্ত হওরায় শাপান্ত হন এবং কলিযুগে এই লক্ষীপ্রিয়ায় অন্ত:-প্রবিষ্ট হন। (চৈম আদি ৫।১৫১-২) <u>জীগঙ্গাদাস</u> ভটাচার্যের (এটিচতম্বদানের) পত্নী ও প্রীনিবাস আচার্য প্রভুর জননী। 🤏 মঙ্গল-ডিহির পাত্রয়া গোপালের পত্নী। **লঘু কেশব**—শ্রীগোরভক্ত। হে লঘুকেশব! অগ্নি জালো তার मूर्य। नाक निना-अर्गानि की मंदि रय

[নামা ২১৮] না দেখে॥ **লঘু হরিদাস**—গ্রীবৃন্দাবনে বল্লভ-ভট্টের পুত্র বিট্ঠলেখরের গৃহে স্লেচ্ছ-ভয়ে যে শ্ৰীশ্ৰীগোপালজীকে (ইনি শ্রীমাধবেন্দ্রপুরী গোস্বামির সেবিভ শ্ৰীবিগ্ৰহ. বৰ্ত্তমানে নাথদ্বারে গ্রীনাথজী-নামে প্রসিদ্ধ) এক মাস লুকাইয়া রাখা হইয়াছিল, সেই সময়ে লঘু হরিদাস শ্রীরূপ গোস্বামী প্রভৃতি ভাগৰতগণের সঙ্গে বিট্ঠলেশ্বর-গৃহে আগমন করত খ্রীশ্রীগোপালজীউকে দর্শন করিয়াছিলেন বলিয়া জানা যায়। ইনি কিন্তু 'ছোট হরিদাস' নহেন।

পুওরীকাক, ঈশান আর লঘু হরিদাস॥ এই সব মুখ্য ভক্ত লঞা নিজ সঙ্গে। শ্রীগোপাল-দরশন কৈল বহু রঙ্গে॥

(চৈ° চ° মধ্য ১৮|৫২—৫৩) জালিত যোষাল-ব্ৰাহ্মণ ; শ্ৰীনৱোত্তম ঠাকুরের শিষ্য। ইনি পূর্বে প্রসিদ্ধ চাঁদরায়ের দলে ডাকাতি করিতেন। বড়ই হুর্দ্ধর্ব ছিলেন, শ্রীনরোত্তম-কুপার পরে পরম ভক্ত হয়েন। গোবিন্দ বাড়ুয়ো, আর লালিত

ঘোষাল। ঠাকুর মহাশয়ের প্রভাব
ভানি তাঁর মর্ম। সবে হুইলেন শিষ্য
হাড়ি পূর্ব কর্ম॥ (প্রেম ১৯)
লালিত সখী—শ্রীনারায়ণ ভট্টের
অ্যবায়ী শ্রীমুরলীধরের শিষ্য। ইনি
'মেয়া' অভিমান করত শ্রীরাধারাণীর
বিষয়ে ১৮৩৫ সম্বতে 'কহানীরহসি'
ধ্বং ১৮৩৬ সম্বতে 'কুবরীকেলি'

রচনা করেন।
লালাদাস—নাভাজীকৃত হিন্দী ভক্তনালের বঙ্গভাষার অমুবাদক।
[নামান্তর—কৃষ্ণদাস]। এই লালদাস শ্রীনিবাস আচার্য প্রভুর পঞ্চম
অধন্তন বলিয়া প্রকাশ।
বিদি থাকে মনের গোলমাল।

তবে (নিত্য) পড় ভক্তমাল॥'
লাল পুরুষোত্তম (?)—জীরদিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪।১৩১]
লোকদত্ত—জনৈক বণিক্। ইনি
সমাট প্রথম মহীপালের তৃতীয়
রাজ্যাক্ষে সমতটে নারায়ণের মৃতি
প্রতিষ্ঠা করেন।
লোকনাথ—জীগোরপার্যদ। চড:-

১০৭)। **লোকনাথ গোস্বামী**—- শ্রীকৃষ্ণ
তৈতন্তার শিষ্য (প্রেম ২০)। পূর্বলীলায় মঞ্জুলালী সথী। যশোহর

সনের অক্তম সনাতন ? (গৌ°গ°

জিলায় তালখড়ি গ্রামে শ্রীপাট— ব্ যশোর দেশেতে তালখৈড়া গ্রামে স্থিতি। মাতা—সীতা, পিতা— পন্মনাভ চক্রবর্ত্তী॥ (ভক্তি ১।২৯৬) ইহার গৃহত্যাগ-প্রশঙ্গ প্রভৃতি (প্রেম ৭) দ্রষ্টব্য।

১৪৩১ শকের অগ্রহায়ণ মাসে ইনি সংসারাশ্রম ত্যাগ করিয়া শ্রীনবদ্বীপ ধামে মহাপ্রভুর নিকট উপনীত हरेल महाश्रष्ट्र देंशांक श्रीवृक्षावान গমন করিতে আদেশ করেন। প্রীলোকনাথ শ্রীগদাধর পণ্ডিত গোসামির শিষ্য শ্রীভূগর্ভ গোস্বামিকে लहेशा जीवनावतन गमन করেন। 'পদবজে স্বাজমহল, তাজ-পুর, পূর্ণিরা, অযোধ্যা ও লক্ষ্ণো হইয়া গোকুলে বা ব্ৰন্ধে উপনীত হন। শ্রীগোরভক্তগণমধ্যে সর্বপ্রথম স্থবন্ধি মিশ্র, তৎপরে এই ছুই গোস্বামীই ব্রজে গ্রমন করিয়াছিলেন। মহা-প্রেন্থর সহিত লোকনাথের আর দেখা र्य नारे। উहारे भ्य अक्ट पर्यन, কারণ মহাপ্রভু সন্মাসের পরে নীলাচলে গমন করেন-

তথা হইতে গেলা প্রভূ দক্ষিণভ্রমণে। তাহা শুনি' লোকনাথ
চলিলা দক্ষিণে॥ দক্ষিণ হইয়া প্রভূ
আইলা বৃন্ধাবন। লোকনাথ শুনি'
ব্রুজে করিলা গ্র্মন॥ প্রভূ বৃন্ধাবন
হইয়া প্রয়াগে চলিলা। লোকনাথ
ব্রুজে আসি ব্যাকুল হইলা॥

[ভক্তি ১/৩১ • – ৩১২]

এইরপে মহাপ্রভুর দর্শন-জক্ত লোকনাথ ভারত জ্রমণ করিয়া তাঁহার দর্শন না পাওয়াতে বড়ই ব্যাকুল হইলেন। মহাপ্রভু প্ররাগে গমন করিয়াছেন শুনিয়া প্রায় তিনি প্রয়াগের দিকে ধাবিত হইলেন; কিন্তু ঐ সময়ে মহাপ্রভু লোকনাথকে

স্বপ্রযোগে দর্শন দিয়া ছুটাছুটি করিতে निर्विध कतिहा फिरमन। त्नाकनाथ কিবিয়া কবিতে লাগিলেন। ঐ সময়ে ত্রজের ছত্র-বনের নিকট উমরাও গ্রামে কিশোরী কুণ্ডের নিকটে তিনি জীরাধাবিনোদ-বিগ্রহ প্রাপ্ত হয়েন এবং বক্ষে ধারণ করিয়া শ্রমণ করিতে থাকেন। ব্রজ-বাসিরা তাঁহাকে কুটীর নির্মাণ করিয়া দিতে চাহিন্সেও তিনি স্বীকৃত হইলেন না; বৃদ্ধতলেই অবস্থিতি পরে গোস্বামিগণের প্রবল আগ্রহে তিনি তাঁহাদের নিকট অবস্থিতি করিতে থাকেন। এই শ্রীলোকনাথ গোস্বামীই প্রাণিদ্ধ শ্রীল নরোত্তম ঠাকুরের দীক্ষা-ওক। প্রীনরোত্তম ঠাকুর বছদিনের শাধ্য শাধনায় ইঁহার নিকট হইতে দীক্ষা-প্রাপ্ত . হইয়াছিলেন। শ্রীনরোত্তম ঠাকুরই ইহার একমাত্র শিষ্য। ইঁহার বৈরাগ্যের কাহিনী অপক্রপ। শ্ৰীল দাস কবিরাজ গোস্বামী শ্রীচৈত্ত চরিতামত গ্রন্থ রচনা করিতেছিলেন, সেই সময়ে লোকনাথ গোস্বামী উক্ত গ্রথমধ্যে তাঁহার কোনরপ কাহিনী

এই লোকনাথ গোস্বামির ভ্রাতৃ-বংশধর-প্রাসিদ্ধ নীলাম্বর মুখোপাধ্যায়, শ্ববির মুখোপাধ্যায় এবং মহামহো-পাধ্যায় ফণিভূষণ তর্কবাগীশ প্রভৃতি।

লিখিতে নিষেধ করেন; সেই কারণে

তাঁহার কোন জীবনী জানিবার

উপায় নাই।

শ্রীলোকনার্থ গোস্বামী ১৫১০ শকের পূর্বে স্বধাম গমন করেন। শ্রীগোকুলানন্দ-মন্দিরে তাঁহার সমাধি আছে। শ্রীবিগ্রহ ঐস্থানে অগ্নাপি সেবিত হইতেছেন। লোকনাথ চক্রবর্ত্তী—শ্রীমদ্ভাগ-বতের উপরে 'ভাগবত-টিপ্পনী'

লোকনাথ দাস—(পণ্ডিত)— শ্রীঅহৈত-শাখা।

রচনা করিয়াছেন।

লোকনাথ পণ্ডিত আর মুরারি পণ্ডিত। (১০° চ° আ।° ১২।৬৪) ইনি শ্রীআদৈত প্রভুর পত্নী সীতাদেবীর জীবন-চরিত লিথিয়া-ছেন। উক্ত গ্রন্থের নাম 'সীতা-চরিত্র'। প্রামাণিক চরিত গ্রন্থের

লোকনাথ পণ্ডিত—ইনি শ্রীগোরাদদেবের কনিষ্ঠ মাতৃল প্রীল রত্নগর্ভাচার্টের প্রা। মহা প্রত্নর মাতামছ
প্রীল নীলাঘর চক্রবর্তী, ইহার ছুই
প্রা—বোগেশ্বর পণ্ডিত এবং
রিব্লাগর্ভাচার্য। ছুই কল্লা—প্রীপ্রীশচীমাতা ও শ্রীমতী সর্বজ্বয়ানেবী।

শহিত এই গ্রন্থ মিলে না।

মহাপ্রভুর মাতামহের 'রথীতর'
গোত্র। প্রীহট্ট হইতে আসিয়া
ইনি নবদীপের বেলপুকুরে বাস
করেন। এই লোকনাথ পণ্ডিত
মহাপ্রভুর অগ্রজ প্রীল বিশ্বরূপ
(সন্ন্যাসাশ্রমের নাম—প্রীশঙ্করারণ্য)
প্রভুর নিকট দীক্ষা গ্রহণ করিয়া
তাঁহারই সঙ্গে সঙ্গে প্রমণ করিয়াছিলেন।

- (ক) শচীর পিতার গৃহ বেল-পুকুরিয়া। যোগেশ্বর পণ্ডিত পিতার ব্লোষ্ঠ তনয়। রত্নগর্ভ পণ্ডিত, শচী তার ছোট হয়॥ তাঁর পুরু লোকনাথ পণ্ডিত গুণবান।
 - (খ) শঙ্করারণ্য পুরী নাম হইল

ठन्मन पिश्राष्ट्रित्न ।

তাঁহার (বিশ্বরূপের)। কি কহিব গুণ তাঁর যতেক প্রকার॥ তাঁহার হইল শিঘ্য পণ্ডিত লোকনাথ। তীর্থ করেন, সেবা করেন, নিরবধি গাণ॥ (প্রেম ৭)

লোকনাথ ভট্ট—শ্রীগদাধর পণ্ডিতের উপশাখা।

লোকনাথং ভট্টসংজ্ঞং প্রেমানন্দ-ত্থালয়ম্। রাধাক্ষণ্ডরদে মগ্নং চম্পক-লভিকাভিধম্।

[শা° নি° ৪১]

লোকানন্দাচার্য — — দিগ্বিজয়ী পণ্ডিত; প্রীল নরহরি সরকার ঠাকুরের শিশ্য—'ভক্তিসার-সমুচ্চয়' নামক গ্রন্থের প্রণেতা। 'ভক্তি-চন্দ্রিকা-পটল'ও ইংহারই সঙ্কলিত

বৈষ্ণব-স্মৃতি। শ্রীনরহরি-মুখোদ্গীর্ণ

'শ্রীগ্রীক্ষটেচতন্ত-সহস্রনাম' ইনিই প্রচার করেন। লোচনদাস বা ত্রিলোচনদাস—

প্রদিদ্ধ 'গ্রীচৈত ক্যমঙ্গল'-গ্রন্থ-প্রণেতা, বৈত্যকুলোজ্জলকারী। বর্দ্ধ-মানের ২৫ জোশ উত্তরে ও গুস্করা

মানের ১৫ ক্রোশ উত্তরে ও গুস্করা ষ্টেশনের ৫ ক্রোশ উত্তরে কোগ্রাম গ্রামে ১৪৪৫ শকে জন্ম। মাতার নাম

— শ্রীমতী সদানন্দী, পিতার নাম—
কমলাকর দাস। মাতামহীর নাম—
অভয়া দেবী। ইনি শ্রীখণ্ডের প্রসিদ্ধ
শ্রীগোরাঙ্গ-পারিষদ শ্রীল নরহরি

সরকার ঠাকুরের শিশ্ব। ১৫৩৭ খুষ্টাব্দে ১৭ বৎসর বয়:ক্রমকালে ইনি শ্রীচৈতন্তমঙ্গল গ্রন্থ রচনা করেন।

১৫৮৯ খৃষ্টাব্দে ইঁহার তিরোভাব হয়। গুস্করা ষ্টেশনের নিকট কাঁদড়া গ্রামে ৮ প্রাণক্বন্ধ চক্রবর্তির গৃহে লোচন দাসের স্বহস্ত-লিখিত প্রীচৈতন্তমঙ্গল গ্রন্থ আছে বলিয়া শুনা যায়। প্রীলোচনদাস প্রীখণ্ডের প্রীসরকার ঠাকুরের বিখ্যাত তিরোভাব-উৎসবে উপস্থিত থাকিয়া ভক্তগণকে মাল্য-

শীষিহ্নদান, শীলোচন ছই জন। লইলেন পূস্মাল্য স্থান্ধি চন্দন॥ [ভক্তি ৯(৫৯১]

প্রীলোচনদাসের বিস্তৃত জীবনী
পাওরা যায় না। গ্রন্থাবলি—
প্রীচৈতক্তমঙ্গল, প্রার্থনা, ছুর্লভসার,
পদাবলি (ধামালী দ্রষ্ঠব্য) জগন্নাথবন্ধভ-নাটক ও রাস-প্রধায়ীর
প্রান্থবাদ প্রভৃতি।

পশ্চিম ১৪।১৩১] ধারেন্দাবাদী ভীমের নন্দিনী-গর্ভজাত পুত্র।

रशी - श्रीतिकानम-भिषा। [त° भ°

২ পদকর্ত্তা, (সিউড়ি রতন লাইত্রেরীর পুঁথি ২০৬৭) একটি পদ পাওয়া গিয়াছে—

'অনঙ্গমঞ্জরী কথন রাম। জাহ্নবা নিতাই তাহার নাম॥ প্রকৃতিপুক্ষ ছুই সে রূপ। রুসেতে বিরুদে প্রেমক কুপ॥ রুসবতী পুরুষ ছুই সকল ধাম। সকল স্বরূপ নিতাই রাম॥ নিতাই চান্দের যে জন হবে। সে ধন নিশ্চয়

সেজন পাবে। ইহাতে বিশ্বাস

মা হয় যার। তাহার নরক নিশ্চয়

সার। ...বংশী ভাহার দাসের দাস।

191

বংশী ঠাকুর— বৈছ। পিতার নাম— কানাই ঠাকুর। পিতামহ— ত্মপ্রসিদ্ধ শ্রীখণ্ডের শ্রীরঘুনন্দন ঠাকুর। তাঁহারা ছই প্রাতা—বংশী ও মদন।

শেষে কানাইয়ের ক্রমে হৈল
পুত্রদ্বয়। প্রীমদন আর বংশী ভক্তিরসময়॥ পিতামহ রঘুনন্দনের
তিরোভাব উৎসবে। তেঁহো

অদ্তুত নৰ্তুন॥

(ভক্তি ১৩।১৯১) **বংশীদাস**—'নিকুঞ্জরহশুস্তবের' পছান্তু-

সংকীর্ত্তনে কৈলা

বংশী**দাস ঠাকুর চক্রবর্তী**- শ্রীনিবাস প্রভুর শিষ্য। শ্রীপাট—বা**হা**ছ্রপুর।

ত্রাতার নাম-ভামদাস।

কর্ণপূর কবিরাজ, বংশীদাস ঠাকুর। আচার্যের সাথে বাস বাহাছ্রপুর॥ (প্রেম ২০)

কর্ণানন্দমতে ইনি বাহাছ্রপুর হইতে বুধুরিতে, পরে আমিনাবাজারে বাস করেন এবং শ্রীশ্রীগোপীরমণজীর

সেবা প্রতিষ্ঠা করেন।
গ্রীবংশীবদন ঠাকুর যেই মহাশয়।
প্রভুর প্রিয় শাখা হয় মধুর-আশয়॥

্রপুর আরম শাবা ২র নমুর নারে। (ক্র্ণা১) রগরি নিকটে বাছাদ্রপ্র গোম।

বুধুরি নিকটে বাহাছ্রপুর গ্রাম।
তথা বৈসে বিপ্রশ্রেষ্ঠ শ্রামদাস নাম।
তাহার অঞ্জ বংশীদাস চক্রবর্তী।
বিধাতা নির্মিল তারে যেন ক্ষেহমৃতি।
অল্পকাল হৈতে আর্তি বিভা-

অধ্যয়নে। দেখিয়া সে চেষ্টা ছখ শ্রীকৃষ্ণচৈতগ্রে সর্বজনে॥ পায় অমুরাগ অতিশয় ৷ নিরস্তর রাধাকৃষ্ণ-লীলা আস্বাদয়॥

[ভক্তি ১০/২৯৯—৩০২]

<u> প্রীআচার্য</u> প্রভু বুধুরিতে **শ্রিগাবিন্দদাসের** গৃহে অবস্থান-সময়ে ইনি দীকা গ্রহণ করেন। ইহারই ভাতার ক্যার সহিত বড়ু-গঙ্গাদাসের বিবাহ হইয়াছিল। वश्मीवत्र जाज—वश्मीवत्र, वश्मीताम. दः भी, वनन ७ वननानन - এই পাঁচ নামে ইনি অভিহিত। বিখ্যাত পদক্তা। ১৪১৬ শকে মধুপূর্ণিমায় ইঁহার আবির্ভাব—

চৌদ্দ শত বোল শকে মধু-পূর্ণিমায়। বংশীর প্রকটোৎসব সর্ব-(বংশীশিকা) লোকে গায়। পূर्वनीनाय-कृष्धिया दश्मी। (গ্রেণ গ° ১৭৯)

কুলিয়া পাহাড়পুর ছইত নির্দ্ধার। বংশীবদন, কবিদত্ত, সারঙ্গ ঠাকুর॥ এই ত্বই গ্রামে তিনে সতত বিহার। কুলিয়া পাহাড়পুর নামে খ্যাত হয়॥ [প1° প°]

পিতার নাম—ছকড়ি চট্টোপাধ্যায়, ইঁহার। কুলীন। গ্রীধাম নবদীপের অন্তৰ্গত কোলদ্বীপ বা কুলিয়া-পাহাড়পুর নামক স্থানে এপাট। ১৪১৬ শকে, কাহারও মতে ১৪২৭৷ ২৮ শকে, বংশীবদনের জন্ম হয়। ইহার জন্মসময়ে ছক ডি চটোপাখ্যায়ের গুহে মহাপ্ৰভূ অদ্বৈত **1** বিরা**জ** করিতেছিলেন। মহাপ্রভু সন্ন্যাস-গ্রহণের পর নবদ্বীপে শচীমাতাও

বিষ্ণুপ্রিয়া দেবীর রক্ষকরূপে ইনি নিযুক্ত হইয়াছিলেন। বংশীবদন বিবাহ করিয়াছিলেন, তাঁহার ছুই পুত্র——নিত্যানন্দ ও চৈত্রদাস। কুলিয়াপাহাড়পুর গ্রামে বংশীবদনের পূর্বপুরুষগণের স্থাপিত এগ্রীগোপী-নাথ বিগ্ৰহ ছিলেন। বংশীবদন 'প্রাণবল্লভ' নামে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছিলেন। উত্তরকালে ইনি বিল্পগ্রামে গিয়া বাস করেন। বর্তমানে বিল্বগ্রামের ভট্টাচার্যগণ ইহার বংশধর। নবদ্বীপধামে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর অমুমতি লইয়া শ্রীগোরাঙ্গবিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছিলেন, বর্তমানে শ্রীযাদৰ মিশ্রের বংশধরগণদারা তাহা অচিত হইতেছেন। বংশীবদনের প্রপৌত্র বল্লভদাস

ইঁহার জীবনী লিথিয়াছেন। বক্তেশ্বর পঞ্জিত—গ্রীচৈত্য-শাখা ও মহাপ্রভুর কীর্ত্তন সঙ্গী। শ্রীপাট--সেটেরী (?)। পূর্বলীলার অনিরুদ্ধ ও শশিরেখা [গো° গ° ৭১—৭৩]

'বংশীবিলাস' গ্রন্থ রচনা করিয়া

বক্রেশ্বর পণ্ডিত প্রভুর প্রিয়ভূত্য। একভাবে চব্বিশ প্রহর যার নৃত্য॥ िंठ° ठ° व्यक्ति ১०।১१]

ইনি দেবানন্দ পণ্ডিতকে রূপা করিলে তবে শ্রীমহাপ্রভু উহাকে গ্রহণ করিয়াছিলেন [ঐ ৭৭]।

ইনি প্রীগদাধর পণ্ডিত গোস্বামির শাথা বলিয়া পঠিত হইয়াছেন।

উৎকলে চৈৰ তৈলকে কীৰ্ত্তিৰ্যস্ত বিরাজিতা। প্রেমবক্সাযুতং বন্দে শ্রীবক্রেশ্বর-পণ্ডিতম ॥ [শা° নি° ৩৬] বঙ্গদেশীয় কবি—নাম অজ্ঞাত। ব্রাহ্মণ, ইনি প্রভুর জীবনী-সম্পর্কে নাটক করিয়া পুরীধামে রচনা উপস্থিত হন এবং প্রভুর পারিষদ ভগবান আচার্যের সহিত পরিচয় থাকাতে তাঁহার গৃহে বাস করেন। কবি মহাশয় অনেক ভক্তকে তাঁহার গ্রন্থ শ্রবণ করাইলে তাঁহারা প্রভুর করিয়া আনন্দিত শ্রবণ হ**ইলে**ন এবং প্রভুকে একবার শুনাইবার জ্য মনস্থ সকলে করিলেন। কিন্তু প্রভুর নিয়ম ছিল— গীত, শ্লোক, গ্রন্থ, কবিত্ব যেই করি আনে। প্রথমে শুনায় সেই স্বরূপের স্থানে॥ স্বরূপ শুনিলে যদি লয় তাঁর মন। তবে মহাপ্রভু-ঠাঞি করায় শ্রবণ॥

গ্রন্থমধ্যে ভক্তিতত্ত-বিরোধী কোন প্রদঙ্গ থাকিলে প্রভু মর্যান্তিক বেদনা পান। এইজন্ম এই নিয়ম ছিল। ভগবানু ভাচার্যের অমুরোধে স্বরূপ দামোদর উহা শুনিয়াই তন্মধ্যে দোষ বাহির করিয়াছিলেন। তৎ-পরে স্বরূপ কহিলেন-

তাঁর ছঃথ দেখি স্বরূপ পরম দয়াবান। উপদেশ কৈল তাঁরে বৈছে হিত হন॥ যাহ ভাগৰত পড় देवश्चरवत्र श्राप्त। একান্ত আশ্রয় চৈত্ত্ত্য-চরুণে॥ চৈতত্তের ভক্তগণের নিত্য কর সঙ্গ। তবে সে জানিবা সিদ্ধান্ত সমুদ্র-তরঙ্গ॥ (চৈচ অন্ত্য (১৩১—১৩২)

কবির গর্ক নাশ হইল। তথন তিনি দত্তে তৃণ ধরিয়া ভক্তগণের পতিত **হওয়াতে** চরবেণ সকলে কুপা করিয়া মহাপ্রস্কুর মিলন করাইয়া দিলেন। সহিত

মহাপ্রভুর রূপ। পাইয়া কবি সংসার

ত্যাগ করত নীলাচলে রহিয়া (शलन। (टेठ° ठ° अञ्च वाऽवः) বঙ্গদেশীয় বিপ্র—শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। ইনি পূর্বে বড়ই পাষ্ড ছিলেন। একদিবস খেতুরীতে শ্রীনিবাস আচার্যের কীর্ত্তন শ্রবণ করিয়া হঠাৎ তাঁহার প্রাণে অমুতাপ আনে ও আচার্যের শ্রীচরণে পতিত হন। তিনি এই বিপ্রকে প্রীনরো-ত্তমের নিকট সমর্পণ করেন। তখন-তাৰ্কিক বিষয়ী বিপ্ৰ হৈলা ভক্তিময়। করিলা শ্রীআচার্যের পাদ-পদ্মাশ্রয়॥ আচার্য সোঁপিলা নরোত্তমে ় তাঁরে। সবে হর্ষ হইলা তাঁর ভক্তি অধিকারে॥ (ভক্তি ১৩।১৬৭ - ১৬৮) বঙ্গবাটী চৈত্তগুদাস-গ্রীগদাধর-শাখা। পূর্বলীলায় কালী [গো° গ° ১৯৬, ২০৬] বঙ্গবাটী গ্রামে শ্রীপাট। বঙ্গবাটী চৈত্তভাগাস শ্রীরঘুনন্দন॥ (ठेठ° ठ° व्यापि ३२।४৫) বঙ্গবাট্যাঃ শ্রীচৈতগুদাসং বন্দে মহাশরম্। সদা প্রেমাঞ্-রোমাঞ্-পুলকাঞ্চিত-বিগ্রহম্॥ [শা° নি° ২৭] বঙ্গবিহারী বিত্যালম্কার (বঙ্গেখর) গ্রীমদাসগোস্বামিপাদ-রচিত 'স্তবাবলী গ্রন্থের 'কাশিকা'-নামী টীকার রচয়িতা শ্রীবঙ্গবিহারী (নামান্তর বঙ্গেশ্বর) শ্রীনিবাসাচার্য প্রভুর বংশধর শ্রীমধুস্দন নামক জনৈক মহা-পুরুষের আশ্রিত। টীকাপ্রারম্ভে আবার শ্রীবৃন্দাবন চন্দ্র শব্দবিত্যার্থবকে (উপসংহারে তর্কালন্ধারকে?) প্রীগুরুদেব বলিয়া উল্লেখ আছে। টীকান্তে 'শাকে বেদ-সরিৎপতে त्रमविर्धा ५७८८ (कि ১७१८) টাকা-সমাপনের তারিখ শকাকে

আছে। টীকাটি স্মুস্পষ্ঠ, নাতিবৃহৎ এবং শ্রীদাসগোস্বামির গুঢ়াশয় বুঝিতে সহায়ক। হরি**দাস**—শ্রীচৈতন্ত-শাখা। বড় कीर्छनीया, शिक्षचूत नीमाठन-लीमात मञ्जी। বড় হরিদাস আর ছোট হরিদাস। ছই কীর্ত্তনীয়া রহে মহাপ্রভুর পাশ। [टेठ° ठ° वानि > । > ८१] বড়ু গঙ্গাদাস—গোরীদাস পণ্ডিতের শিষা। ইনি জাহ্নবাদেবীর মাতা ভদ্রাবতীর জ্যেষ্ঠা ভগিনীর পুত্র। ভদ্রাবতী-নামে জাহ্নবার জননী। অতিপতিত্রতা সূর্যদাসের ঘরণী॥ ধাঁর ভক্তি-রীতি দেখি সবার বিষয়। গঙ্গাদাস তাঁর জ্যেষ্ঠা ভগিনীর তনয়॥ [ভক্তি ১১/২৬২—২৬৩] গৌরীদাস পণ্ডিত বুন্দাবনে অপ্রকট হইলে, ইনি পণ্ডিতের স্বপ্নাদেশে গমন করত ধীরসমীরে শেবারত হন। পরে জাহ্নবাদেবী শ্রীবৃন্দাবন হইতে প্রত্যাবর্ত্তন-সময়ে গঙ্গাদাসকে সঙ্গে করিয়া গৌড়ে व्यानवन करतन এवः वृधुत्री-निवाभी বংশীদাস চক্রবর্তির ভাতা খ্রামদাস চক্রবন্তির কলা শ্রীমতী হেমলতা দেবীর সহিত গঙ্গাদাসের বিবাহ **पिरमा। अधिक** खाक्रवारमवी প্রীবন্দাবন হইতে যে প্রীশ্রীশ্রামরায় বিগ্রহ আনয়ন করেন, তাহা গঙ্গা-দাসকে অর্পণ করেন। গঙ্গাদাস বালকের স্থায় অতীব সরল ছিলেন। বড়ু চৈতগুদাস—— শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। নন্দন রায় আরে বড়ু চৈতক্ত দাস। (প্রেম ২০)

জয় জয় শ্রীবড়ু চৈতক্স দাস বিজ্ঞ। প্রেমভক্তিমঃ মৃত্তি পরম মনোজ্ঞ ॥ (নরো ১২) বড়ু জগন্ধাথ—শ্রীগোরভক্ত। বড়ু জগন্নাথ ! দণ্ড করাহ তৎকাল। গুরুতে মছুলুবুদ্ধি করে যে চণ্ডাল॥ [नामा २२¢] বদনানন্দ-শ্রীগোরভক্ত। শ্ৰীবদনানন্দ হে! আনন্দ দেহ দান। বহিমুখ জনের জালায় জলে প্রাণ॥ [নামা ১৯৯] বনচন্দ্র—শ্রীগোপাল ভট্টের শিষ্য। শ্রীহরিবংশ গোস্বামির তৃতীয় পুল । শ্রীবৃন্দাবনে শ্রীরাধাবলভজীর সেবক। (প্রেম ১৮; হরিবংশ গোস্বামী দেখ) বনমালী - প্রীরিসকানদের শিষ্যময়। [র° ম° পশ্চিম ১৪।১৪২, ১৪৭] বনমালী আচার্য—'বনমালী পণ্ডিত দ্রষ্টব্য । বনমালী কবিচন্দ্র—শ্রীঅধৈত প্রভুর বনমালী কবিচন্দ্র আর বৈছনাথ। [চৈ° চ° আদি ১২।৬৩] বনমালী কবিরাজ—পূর্বলীলার চিত্রা স্থী ৷ [গো° গ° ১৬১] ২ শ্রীলরঘুনন্দন ঠাকুরের শাখা, নিবাদ—ছোরাঘাট (१)। ও আচার্য প্রভুর শিষ্য (অমু १)। বনমালী ঘটক/(আচার্য)-- গ্রীধাম নবন্ধীপবাসী / ইনি প্রথমে কন্দ্রী-দেবীর সহিতি মহাপ্রভুর বিবাহের ঘটকতা করিয়াছিলেন ॥ ্ একদিন বনমালী আচার্য এথায়। বিবাহ-প্রদঙ্গ কিছু কহে শচীমায়॥ বল্লভ-আচার্য-কন্সা লক্ষ্মী তার সনে। হইল বিবাহ স্থির আর

. पिरन्॥

(ভক্তি ১২।১২৩৭—৩৮)
'আচার্য' 'মিশ্র' প্রভৃতি পদবীও ইঁহার ছিল। দৈবে বনমালী ঘটক শচীস্থানে আইলা। শচীর ইন্সিভে সম্বন্ধ ঘটন করিলা॥ (চৈ° চ° আদি '১৫।২৯)

পূর্বলীলায় শ্রীরানের বিবাহ-কার্যে
ঘটক বিশ্বামিত্র ও কৃষ্ণ-নিকট কৃষ্ণিণী-প্রেরিত ব্রাহ্মণ (গো° গ° ৪৯)।
বমমালী চট্ট—শ্রীঠাকুর মহাশ্রের
শিষ্য। (প্রেম ২০)

বনমালী দাস— শ্রী অবৈত প্রভুর শাখা।
 তুর্লত বিখাস আর বনমালী দাস।
 (চৈ ° চ ° আদি ১২1৫ ৯)

২ বৈছ। শ্রীনিবাস প্রভুর শিষ্য। পিতার নাম—গোপাল দাস।

বনমালী দাস নাম—বৈঅকুলে-জন্ম। প্রভুর প্রিয় সেবক, কেবা জানে তাঁর মর্ম॥ (কণা ১)

সম্বতঃ ইনিই 'জয়দেব-চরিত্র' লিখিয়াছেন।

বনমালী পণ্ডিত—গ্রীচৈত্ত্য-শাখা। শ্রীধাম নবদীপে নিবাস ছিল। শ্রীবাস-'অঞ্চনে ইনি মহাগ্রন্থর হস্তে ত্বর্ব

্ত্র প্রক্রিক ক্রিয়া উন্নত্ত হল ও মুবল দর্শন করিয়া উন্নত হিইয়াছিলেন। পূর্বলীলায়— মালাধর।

(গৌ°গ°১৪৪) বনমালী পঞ্জিত শাখা বিখ্যাত

জগতে। অবৰ্ণ মুৰল হল যে দেখিল হাতে॥ (১৮° ৮° আদি ১০। ৭৩)

ইনিই বোধ হর বৈষ্ণববন্দনার 'ভিকুবনমালী'।

বন্দো ভিক্ষু বনমালী পুত্রের সহিতে। প্রভুর প্রকাশ যে দেখিলা আচন্বিতে॥

বনমালী মিশ্ৰ-- 'ৰনমালী ঘটক' ক্ৰপ্ৰব্য।

বনমালী বিপ্র-মহাপ্রত্ন মহাভক্ত।

ভিক্ষুক ব্রাহ্মণ। বঙ্গদেশে নিবাস

ছিল। পূর্বলীলায় স্থদামা। (গৌ° গ° ১১৪]

পুত্রসহ বঙ্গদেশী বিপ্র সদাচার।

ভিকুক ব্রাহ্মণ বনমাণী নাম তাঁর॥ ভিহেন গৌরচক্রে দেখে আমল

তিঁহো গৌরচন্দ্রে দেখে শ্রামল স্থলর। শিরে শিথিপুচ্ছ, পরিধেয় পীতাম্বর॥ অধরে স্পর্শক্ষে বংশী

দেখিয়া বিহবল। এই 'কৃষ্ণ কৃষ্ণ' বলি করে কোলাহল॥ কি বলিব

বনমালী বিপ্র ভাগ্যবানে। দিলেন অমূল্য প্রেমরত্ব এই খানে॥ (ভক্তি

>5/2 0 P 0 P 0)

বনমালী বিশ্বাস—শ্রীগোরভক্ত। বনমালী বিশ্বাস! দেখাহ রঙ্গ তার। ভক্ত-বস্ত্র হরিয়া কৌতুক অতি যার॥

[নামা ১৪০]

বল্লভ—শ্রীরূপ ও শ্রীদনাতন গোস্বামির কনিষ্ঠ ভ্রাতা অমুপমের

পূর্বনাম। ইনি প্রসিদ্ধ শ্রীজীব গোস্থামিপাদের পিতা।

বল্লভ আচার্য—নবদ্বীপ-নিবাসী। শ্রীগোরের প্রথমা পদ্ধী লক্ষীপ্রিয়ার জনক। সীতাপিতা জনক ও

বিদর্ভরাজ ভীমকের ইহাতে অন্তঃ-প্রবেশ [গৌগ° ৪৪]।

ব্য়ভটেডগ্র—শ্রীগদাধর পণ্ডিত গোস্বামির শিষ্য (চৈ° চ° আদি

১২।৮২) | ইনি কুলজী গ্রন্থে ও ব্রাহ্মণ-সমাজে 'ঠাকুর বল্পভ' নামেই

স্থপরিচিত। কথিত আছে যে ইনি হিমালয়ে মহাশক্তির উপাসনা করিতেন। একদা দেবী তাঁহাকে আদেশ করিলেন যে মূল মহাশজি শ্রীরাধা তখন শ্রীগোরপ্রেমলক্ষ্মীরূপে নবদ্বীপ-লীলায় বিরাজ করিতেছেন। এই প্রত্যাদেশ পাইয়াই তিনি নবদ্বীপে আসিয়: শ্রীগদাধর পণ্ডিত গোন্ধামি হইতে দীক্ষিত হইয়া রুষ্ণ-প্রেমে বিভার হইলেন। রাচদেশে তাঁহার পূর্বনিবাস থাকিলেও কিন্তু

শ্রীমন্মহাপ্রভুর আজায় তিনি বিক্রম-পুরে বৈষ্ণবধর্ম প্রচারের জ্বন্থ আগমন করত পঞ্চারে শ্রীপাট স্থাপিত করেন। ইতঃপূর্বে শ্রীগোরাঙ্গও

বিভাবিলাসের জন্ম তদানীস্তন বিভাপীঠ বিক্রমপুরে বিজয় করত (নবদীপ হইতে রাজপথে আসিয়া

নান্তা ব্ৰহ্মপুত্ৰ বাৰুণি ঘাটে মিলিয়াছে, দেই রাজ্পথে) পদ্মা পার হইয়া

রামপাল পঞ্সারের পার্ম ধরিয়া যে

বিক্রমপুরের ছুরপুরে (প্রেবি ২৪) প্রথমতঃ পদার্পণ করেন। তৎকালে

পঞ্চপারে ২০টি টোল ছিল; এই পঞ্চপারে শ্রীগোর কিয়ৎকাল অবস্থান করত তত্ত্বত্য সপ্তনদীর সঙ্গমস্থলে

তদবধি এই স্নান-উপলক্ষে এই স্থানে পাঁচ মাস ব্যাপী মেলা বসে। ঠাকুর বল্লভকে অভিতেজ্বী দেখিয়া

কাত্তিক ৰাকণীতে স্নান করেন I

তালুক জায়গীর দিয়াছিলেন। বল্লভ-হৈতন্তু স্থাদিপ্ত হুইয়া স্বপ্রকাশ

তদানীস্তন মুগলমান স্থবেদার ৬০নম্বর

প্রীরাধারমণবিগ্রহ স্থাপন করেন।
তদীয় শিশ্ব বৈদিক পূর্ণচক্ত ভটাচার্য
প্রত্যাদিষ্ট হইয়া তাঁহাকেই স্বক্তা

সম্প্রানাপ ও রামকক্ষ, নাধবেক্স,
মপুরানাপ ও রামকৃষ্ণ—এই চারি পুত্র

ও এক করা জন্ম। কনির্চ রামক্রক্ষ
বুন্দাবনে দ্স্তসমাজ প্রতিষ্ঠা করত
আকুমার থাকিয়া তথায় সেবা
চালাইতে থাকেন। তদীয় বংশধরগণ অক্যাপি পঞ্চসার, বিনোদপুর,
চরগলারামপুর, দেওভোগ, ইছাপুরা,
বাদাইল, শিয়ালদী প্রস্তৃতিতে বাস
করেন। ফরিদপুর জেলায় খাটরার
বাস্থদেব-প্রতিষ্ঠাতা বৈদিক বিষ্ণুদাসকে ঠাকুর বল্লভ স্বক্যা সম্প্রদান
করিয়াছেন।

বল্লভটিত জ্ব দাস রাথ তার সনে। ব্যাপুজাদ্রব্য যে খাইল মাতা-স্থানে॥ [নামা ১০৪]

ক্ষণপ্রেমমন্ত্র স্বচ্ছং প্রমানন্দদায়িনম্। বন্দে বল্লভচৈতক্তং লীলাগান্যুতান্তরম্॥ [শা° নি° ১৮]
বল্লভ ঠাকুর—দেউলির ক্ষণবল্লভ
ঠাকুরের নামান্তর। শ্রীনিবাস
আচার্যের শিষা (ক্ষণবল্লভ ঠাকুর
দেখ)।

বঙ্গভ দাস — প্রীগোরাঙ্গ-পার্বদ প্রীবংশী-বদন ঠাকুরের প্রপৌত্র—রাজবল্পভ । ইনি প্রীনরোভম ঠাকুরের সমন্
সামরিক । 'বংশীবিলাস' নামক গ্রন্থ রচনা করিয়াছিলেন । উহাতে প্রীবংশীবদন ঠাকুরের চরিত্র বর্ণিত আছে । বংশীশিক্ষা-(২৩২ পৃঃ)-মতে বল্লভলীলার প্রণেতা । শচীনন্দনের তিন প্রা বা বল্লভদাসের ছই লাতা, ছই জনই ভক্ত । সচিদানন্দ—বংশীবদন ঠাকুরের পৌত্র এবং চৈতন্ত দাসের দিতীর পুত্র ।

শ্রীরাজবল্পভ, শ্রীবল্পভ, শ্রীকেশব। তিন প্রভু যেন সাক্ষাৎ ব্রহ্মা বিষ্ণু ভব॥ (বংশীশিক্ষা) ২ শ্রীনিবাস আচার্যের কক্সা শ্রীমতী। হেমলতা দেবীর শিশ্ম। শ্রীপাট— গোস্বামী-গ্রাম।

শ্রীবল্লভদাস আর সেবক তাঁহার। গোসাঞি-নিবাসী তিহোঁ অহুরাগ সার॥ (কণা ২)

এই নামে ৪। জন পদাবলীকর্তা আছেন। কে কোন্পদ রচনা
করিয়াছেন, তাহা নির্ণয় করা বা সত্য
পরিচয় দেওয়া ত্বংসাধ্য ব্যাপার।

বল্লভ ভট্ট—বা বল্লভাচার্য। বল্লভী সম্প্রদায়ের প্রবর্তক। পূর্বলীলার শুকদেব [গো° গ° ১১০]। তিনি পূর্বে কন্ত সম্প্রদায়ী বিষ্ণুখামির অমুগত ছিলেন। শ্রীপাট—তৈলঙ্গ দেশে। পিতার নাম-লক্ষণ ভট। লক্ষণভট্ট শ্ৰীকাশীধামে হনুমান্ঘাটে বাস করিতেন। বিধর্মিগণ-কর্ত্তক কাশী-আক্রমণের জনরব শুনিয়া তিনি সাত্মাসের অন্তর্বন্ত্রী পত্নীকে লইয়া স্বদেশাভিমুখে পলায়ন-কালে পথে মধাপ্রদেশের চম্পারণ্য ১৪৭৯ খু: বৈশাখী ক্বফা একাদশীতে বল্লভেব আবিৰ্ভাব হয়। বল্লভ শৈশবে কাশীতে মাধবেন্দ্র যতির নিকট বৈষ্ণৰ শাস্তাধ্যয়ন করিলেন। দক্ষিণদেশে তীৰ্থভ্ৰমণ-কালে ইনি বিজয়নগরে স্মাতুলালয়ে উপস্থিত হন এবং তত্ত্তা রাজসভায় তত্ত্বাদা-চার্য প্রীবাাসতীর্থের সহিত মিলিড হন। শ্রীব্রুত তথায় মায়াবাদ খণ্ডন করত ওদ্ধাহৈতবাদ স্থাপন করিলে গ্রীব্যাসতীর্থের ক্ষয়দেব ভটের ' **সভাপতিত্বে** বল্লভ 'কনকাভিষেক' করেন ও আচার্য-পদবী প্রদান করেন। দিগ্বিজ্যে

বাহির হইয়া তিনি তিন বার ভারতবর্ষ পরিভ্রমণ করেন এবং দিতীয়পর্যটনকালে কাশীতে বিবাহ করেন। গৃহস্থ হইয়া কাশীতে অৰস্থান অসঙ্গত বিবেচনা করত প্রয়াগে আড়াইল গ্রামে বাস করেন। নানা তীর্থপর্যটনক্রমে ইনি ব্রজে গোবর্দ্ধনে আগমন করত পূর্ণমল্ল-নামক তদীয় বণিক্শিয়ের সাহায্যে গোবর্দ্ধন গিরির উপরে মন্দির করাইলেন। ভৎপরে কাশীতে আসিয়া পঞ্গঙ্গাঘাটে কাশীর माशावामी मन्नामिनगरक भाखपूरक জয় করেন। তৎপরে আবার গোকুলে বাসস্থান নির্মাণ করত গোবর্দ্ধনস্থ নৃতন মন্দিরে শ্রীমন্ মাধবেক্রপুরীপাদের আবিষ্ণত . প্রীগোপালকে পুনঃ স্থাপন করেন। ইহার পর সন্ত্রীক আড়াইল গ্রামে আদিলে ১৫১০ খঃ তাঁহার প্রথম পত্র গোপীনাথ জন্মগ্রহণ করেন। ১৫১৫ খুঃ দিতীয় পুত্ৰ বিট্ঠলনাথ চরণাদ্রিতে আবিভূতি হন ৷ আডাইলে প্রত্যাবর্ত্তন করত শ্রীমদ-ভাগবতের দশমস্কন্ধের টীকা সমাপ্ত করত একাদশের টীকা আরম্ভ করেন। মহাপ্রভু যখন এবুন্দাবনে গমন করেন, তখন বল্লভ ভট্টের সহিত উক্ত আডাইল গ্রামে সাক্ষাৎকার ও পরিচয় হয়। বল্পভাচার্য মহাপ্রভুকে নিজগুহে আনয়ন করিয়া পাদ-প্রকালনাম্বর সংগালী সেই জলপান করেন এবং প্রভুকে দিব্যাসনে উপবেশন করাইয়া নৃতন কৌপীন ও বহিবাস প্রদান করেন (চরিতামৃত মধ্য-->৯)। ইহার পরে বল্লভাচার্য

তাঁহার নাম কেন উচ্চারণ করেন' ?

একথায় মহাপ্রস্থ উত্তর দিলেন—

স্বামির আজ্ঞাই বন্বতী। স্বামী

তাঁহার নাম অবিরত উচ্চারণ করিতে

আজ্ঞা করিয়াছেন।

অভাদিনে বল্লভাচার্য ফলিয়া-ছিলেন—'আমি স্বামির (শ্রীধর ষামির) ভাগবতের ব্যাখ্যা মানি না'; ইহাতে প্রভু রহন্ত করিয়া विलिलन-श्वाियिक यिनि न। गातन. তিনি বেখা। শ্রীগদাধর পণ্ডিতের নিকট বল্লভাচার্য মন্ত্রগ্রহণ করেন ও বালগোপাল-উপাসনা ত্যাগ করিয়া যুগল উপাদনায় রত হয়েন; কিন্তু ব্লভাচার্যের শিষ্যগণ পূর্বমতেই চলিতে থাকেন। বল্লভাচার্য প্রভুর চরণে স্বীয় পুত্র বিটুঠলেশ্বর প্রভৃতিকে অর্পণ করিয়াছিলেন। ১৫৩১ খঃ আষাঢ়ী শুক্লা দিতীয়ায় কাশীর হমুমান্ ঘাটে অন্তর্হিত হন। বন্ধে ব্লভভট্টাখ্যমায়রোল-নিবাসিনম। রাধাক্ষ-প্রেম-লীলা-পারাবার-বিগাহিনম্॥ [শা° নি° ৫৬] ইনি ৮৪ খানি গ্রন্থ রচনা করেন বলিয়া সম্প্রদায়ে প্রসিদ্ধ আছে। ভাগবত-টীকা ব্ৰহ্মস্ত্ৰাণুভাষ্য,

স্ববেধিনী, তত্ত্বার্থনীপনিবন্ধ, যোড়শ গ্রন্থ, শিক্ষাশ্লোক, শ্রুতিগীতা, মথুরা-মাহাত্ম্য, মধুরাষ্টক, পুরুষোত্তম-নামসহল্র, পরিবৃঢ়াষ্টক, নন্দকুমারাষ্টক, পঞ্চশ্লোকী, গায়ত্তীভাষ্য ইত্যাদি প্রসিদ্ধ। ইহার মতে ভক্তিমার্গ দ্বিবিধ—মর্যাদা (বৈধী) এবং পৃষ্টি (রাগান্থগা)। বল্লভ মজুমদার – ত্রাহ্মণ। শ্রীরাম-

চল্র কবিরাজের শিষ্য।
রাঢ়ী ব্রাহ্মণ বল্লভ মজুমনার নাম।
কবিরাজ-শাখা ইঁহো সর্বগুণধাম॥
(প্রেম ২০)

প্রীবল্লভ মজুমদার—বিপ্রকুলে

জন। কবিরাজ দয়া কৈলা হৈয়া

কুপাধীন॥ (কণা ২)
বল্লভ মিশ্রে—গ্রীশ্রীমহাপ্রভুর প্রথমা
পত্নী শ্রীশ্রীলক্ষীপ্রিয়া দেবীর
পিতৃদেব। পূর্বে ইনি মিধিলাধিপতি
জনক ও বিদর্ভরাজ তীম্মক ছিলেন।
(গে)° গ° ৪৪)

জ্ঞাতি। পরম ভক্ত। বল্লভদেন আর সেন শ্রীকান্ত।

বল্লভ সেন-শ্রীশিবানন্দ সেনের

শিবানন্দ-সম্বন্ধে প্রভুর ভক্ত একান্ত॥
(চৈ° চ° আদি ১০।৬৩)
বন্ধভাচার্য—(কবি) 'ক্লফ্রমঙ্গল'-

রচয়িত। মাধবাচার্য। (মাধবাচার্য দেখ)

পরে মাধধের কবি বল্পভাচার্যখ্যাতি। যারে বলে কলির ব্যাস—
এই মহামতি॥ (প্রেম ১৯)
বল্পভা দেবী—ব্রজবাসিনী। ভক্ত
দামোদরাচার্যের বনিতা। ইহাদের
গৃহহই শ্রীমদনমোহনজীউ বিরাজ
করিতেন। শ্রীসনাতন গোস্থামির

সহিত ইহাদের বড়ই সদ্ভাব ছিল।
(দামোদর চৌবে দেখ)
বল্লবীকান্ত কবিরাজ—কবিপতিআখ্যাও ছিল। শ্রীনিবাস আচাবের
শিষ্য। শ্রীপাট—বনবিষ্ণুপুর।
ভক্তিমৃত্তি শ্রীবল্লবীকান্ত কবিরাজ।
বাঁকে দেখি কাঁপে মহাপাযও-সমাজ।
(ভক্তি ২০১৩৫)
ইহারা ভিন মাতা। জ্যেষ্ঠ—

রামদাস ও মধ্যম—গোপাল দাস।
তথাতে করিলা দয়া বল্লবী কবিপতি। পদাশ্রয় পাই যেঁহো হইলা
হুরুতি॥ হরিনাম জপে সদা করিয়া
নিয়ম। লক্ষ হরিনাম বিনা না
করে ভোজন॥ প্রভুর নিকটে রহে,
প্রভু প্রাণ তাঁর। প্রভুরে সপিলা
যিহোঁ গৃহ পরিবার॥ (কর্ণা ১)

ছিলেন।
আকাইহাটের ক্লফ্লাদাদি বাসায়।
হইল নিযুক্ত শ্রীবল্লবীকান্ত তায়।
(নরো ৬)
বল্লবীকান্ত চক্রবর্তী—শ্রীনিবাস

খৈতুরীর মহোৎসবে ইনি উপস্থিত

আচার্যের পুত্র গতিগোবিন্দের শিষ্য ।
বল্পবীকান্ত চক্রবর্তী তাঁর এক
শিষ্য । মধুর রসেতে মগ্ন রহেন
অবশ্র ॥ (কর্ণা ২)
বল্লবীদাস কবিরাজ—শ্রীআচার্য

বসন্ত—শ্রীনিত্যান-দ-শাখা।
বসন্ত, নবনীহোড়, গোপাল,
সনাতন। (চৈ°চ° আদি ১১/৫০)
বসন্ত দণ্ড —শ্রীনরোত্ম-শিষ্য।

প্রভুর পরিবার। [অমুণ]

গোগাঞিদাস, মুরারিদাস, শ্রীবসম্ভ দত। ভামদাস-ঠাকুরশাখা সং-কীর্ত্তনে মত। (প্রেম ২০) জর গ্রীপ্রেম্মর গ্রীবসন্ত দত। গ্রীগোরগোবিন্দ-প্রেমরসে সদা মত॥ (নরো ১২)

বসন্ত রায় – (রায় বসন্ত) ত্রান্দণ, শ্রীনরোত্ম ঠাকুরের শিষ্য।

রাজা গোবিন্দ রায় আর বসস্ত রায়। (প্রেম ২০)

শ্রীনবোত্তমের শিষ্য নাম শ্রীবস্ত।
বিপ্রকুলোত্তব মহাকবি বিভাবত্ত॥
শ্রীনরোত্তমের গোড়-ব্রজ-উৎকলেতে।
গমনাগমন কিছু বর্ণিলেন গীতে॥
[ভক্তি ১৪১৫—১৬]

জয় জয় মহাকবি শ্রীবসন্ত রায়। স্দা মগ্ন রাধাক্বফ-চৈতন্ত-লীলায়॥ (নরো ১২)

রায় বসন্তের হস্তে রামচন্দ্র কবি-রাজ প্রীবৃন্দাবনে শ্রীজীব-গোস্বামির নিকটে একখানি পত্র প্রেরণ করিয়াছিলেন।

রায় বসস্তনামে এক মহাভাগবত।
বৃন্দাবনে যাবার লাগি চিন্তে
অবিরত॥ আমরা কহিলে তারে
যত বিবরণ। তার ঘারে পত্রী মোরা
দিফু তিন জন॥ (কর্ণা ৫)

শ্রীবৃন্দাবনে শ্রীনজীব গোস্বামী একখানি পত্র ইংহার হস্তে দিয়া শ্রীনিবাস আচার্যকে প্রেরণ করিয়াছেন।

হেনই সময় বিজ্ঞ শ্রীবসস্ত রায়।
পত্র লইয়া আইলা তিঁহো আচার্যআলয়॥ ব্রজের সংবাদ জানাইয়া
অল্লাক্ষরে। শ্রীজীব গোস্বামির পত্র
দিলা আচার্যেরে॥ (ভক্তি ১৪।১৬
—১৭)

উক্ত পত্রে এভিত্গর্ভ গোস্বামির স্বধাম-গমনের কথা এবং শ্রীনিবাস

আচার্যের জ্যেষ্ঠ পুত্র বৃন্দাবন দাসের কুশল-জিজানা ছিল। পদকল্পতক্ষতে ইছার রচিত ৫১টি ব্ৰজবুলি পদ সমান্তত হইয়াছে। ইনি একজন উচ্চশ্রেণীর কবি। ২ বন্ধজ্ব-কায়স্তকুলতিলক বন্ধাধিপতি মহারাজ প্রতাপাদিত্যের খুলতাত ও গুণানন্দ গুহের পুত্র। তদীয় জাষ্ঠ তাত ভবানন্দের পুত্র বিক্রমাদিতা ও রাজা বসন্ত রায় যশোহর রাজ্য পতন করেন। বঙ্গেশ্বর প্রলেমান কররাণীর রাজত্বকালে (১৫৬৩-১৫৭২ খুঃ) বসস্তরায়ের পিতা গুণানন্দ শ্রীবৃন্দাবন-বাসী হন এবং আজীবন তথায় বাস করেন। আমুমানিক ১৫৭০ খৃঃ রাজা বসন্তরায়ের উদ্ভোগে ও অর্থবায়ে छगानक श्रीमन्तरमाहरनत পুরাতন (কপুর-নির্মিত) মন্দিরের দক্ষিণ দিকে অন্ত মন্দির প্রস্তুত করিয়া-ছিলেন। ক্লফদাসের মন্দির জীর্ণ হওয়ার পূর্বেই শ্রীমদনমোহন এই স্থানে দেবিত হইতেন। ['গুণানন্দ छर' क्षेत्रा 🛚 । বস্ত্রধা—শ্রীস্থাদাস সরখেলের ক্সা. শ্রীনিত্যানন্দ প্রভুর পত্নী ও বীরচন্দ্র প্রভুর মাতা। পূর্বলীলায় বারুণী ও অনসমঞ্জরী [গো° গ° ৬৫—৬৬] বাটুয়ারাম দাস-শ্রীনরোত্ম-শিষ্য।

মতান্তরে — চাটুয়া রামদাস।
কৃষ্ণদাস বৈরাগী আর বাটুয়ারাম
দাস। (রামদাস বাটুয়া দেথ;
প্রেম ২০)
বাণী কৃষ্ণদাস— বৃদ্দাবনবাসী গোর-

বাণী কৃষ্ণদাস—বৃদ্যাবনবাসী গৌরভক্ত। ইনি জ্রীরূপ প্রভুর সঙ্গে
জ্রীগোপাল দর্শন করিয়াছিলেন (টেচ°
চ° মধ্য ১লাৎ২)।

শাণীনাথ পট্টনায়ক--শ্রীচৈতভাশাখা। প্রসিদ্ধ রামানুক রায়ের ভাতা ও ভবানন্দ রায়ের পুত্র। ভবানন্দ রায় বাণীনাথকে প্রভুর পদে সমর্পণ করিয়াছিলেন। ইনি এতুর নিকটে থাকিতেন। বাণীনাথ পট্টনায়কে নিকটে (टेठ° ठ° स्था २०१७५) रेनि नीनाहरन देवकवगरनत अगान-সমাধানে যত্নবান ছিলেন। ইহাকে চাঙ্গে চড়াইলে ইনি নিভীকচিত্তে প্রীহরিনাম করিয়া করিয়া অঙ্গে রেখা কাটিতেন। গ্রীমন্মহাপ্রস্থার রূপায় পুনরায় স্বপদে প্রতিষ্ঠিত হইয়া-(চৈ চ অস্ত্য ১/৫৫) বাণীনাথ পণ্ডিত--- গ্রীগদাধর পণ্ডিতের শাখা ও ভ্রাতা। শ্রীনয়নানন্দ ও শ্রীহৃদয়ানন্দের পিতা। চাঁপাহাটিতে বাস করিতেন। (প্রেম ইহার নামান্তর-জগরাথ। বাণীনাথ ব্ৰহ্মচারী বড় মহাশয়। (टिठ° ठ° व्यामि ३२।४२) ভক্তসংঘট্টভক্তাখ্যং ভক্তবুদেন রাজিত্ম। ব্রহ্মচারিণ্মীডে

ভক্তসংঘট্টভক্তাখ্যং ভক্তবৃদ্দেন রাজিতম্। ব্রহ্মচারিগমীড়ে তং বাণীনাথ-মহাশয়ম্॥ (শা° নি° ১৭) বাণীনাথ মিশ্রে—'শ্রীচৈতক্তমঙ্গল'-প্রণেতা জয়ানন্দ মিশ্রের আত্মীয়— ভক্ত। উহার নামমাত্র আছে। বাণীনাথ বস্তু—শ্রীচৈতক্ত-শাখা। শ্রীপাট—কুলীন গ্রামে।

ৈ চৈ° চ° আদি ১০।৮১) বাণীনাথ বস্থ মোরে কর তার দাস। বায়ুছলে প্রেমভক্তি যে করে

বাণীনাথ বস্থু আদি যত গ্ৰামী জন।

প্ৰকাশ। [নামা ১১৮] বাণীনাথ বিপ্ৰ—শ্ৰীচৈতন্ত-শাখা। >0|8>8) |

পূর্বলীলার—কামলেখা।

[(ती° न° ३24, २०8]

গোপাল আচার্য আর বিপ্র বাণী-

नाथ। (ढेठ° ठ° व्यामि >०।>>8) ইনি কাটোয়ার শ্রীদাস গদাধরের উৎসবে (ভক্তি ১৩১৫) এবং শ্রীখণ্ডে শ্রীল সরকার ঠাকুরের উৎসবে যোগদান করিয়াছেন (ভক্তি

বা গীবিসাস—বৃহদ্বৈষ্ণব--তোষণীতে (উপক্রম ৬) উক্ত মহাজন।

বাণেশ্বর ব্রহ্মচারী---- শ্রীপুণ্ডরীক বিল্লানিধির পিতা।

বামন-- শীর্সিকানন্দ-শিষ্য [র° ম° পশ্চিম ১৪|১২৩]

বাবা ব্রজানারী----মহারাষ্ট্রীয়গণের গুরু। ইনি রাজা দিতীয় দিব্যসিংহের সময়ে (১৭৭৯--১৭৯৭ খৃঃ) সাক্ষি-গোপালের পাকা মন্দির, নীলাচলে প্রীপ্রীজগরাথের বর্ত্তমান দিংহদার, কোণার্ক হইতে অরুণস্তম্ভ আনয়ন-পূর্বক সিংহলারে স্থাপন, নরেজ্র-স্বোব্রে প্রস্তরময় বেষ্টনী ও সোপানাদি মাধকরী ভিক্ষায় নির্মাণ করাইয়াছেন।

বাস্থদেব আচার্যের শিষ্য।

'ব্যাস, বাস্থদেব—আচার্যের শিব্য-(ভক্তি ১৪।২১) च्य ।

ঞ্জীব গোস্বামির পত্তে ইহার কুশল সংবাদ-জ্ঞাপনের বিষয় জানা যায়। 'শ্রীব্যাস শর্মা সংপ্রতি কথং কুত্র বর্গতে, শ্রীবাস্থদেব কবিরাজো বা তদপি লেখাম।

(ভক্তি ১৪|১৮) বাস্থদেব কবিরাজ বড় গুণবন্ত। ক্ষপদে নৈষ্ঠিক চিত্ত যাঁহার নিভান্ত॥ (কণা ১)

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব–অভিধান (৩)

বাস্থদেব কুষ্ঠী--দাক্ষিণাত্য-প্রদেশ-বাসী, মহাপ্রভুর পরমভক্ত। দক্ষিণ-দেশ-ভ্রমণসংয়ে মহাগ্রভু কূর্মমন্দিরে যথন গমন করেন, (গঞ্জাম জেলার **শমুদ্রতীরে চিকাকোল রেল টেশন** হইতে ৮ মাইল পূর্বে) তখন এই বাহ্নদেব প্রভুর রূপালিঙ্গন পাইয়া নিরাময় হইয়াছিলেন।

স্বাঞ্চে গলিত কুষ্ঠ, ক্ষতে বড় বড় রাশি রাশি কীট বিচরণ করিতেছে. বাস্থদেবের তাহাতে হু:খ নাই, এতগুলি জীবের আহার তাঁহার শরীর হইতে সরবরাহ হইতেছে— এই ভাবিয়াই তাঁহার অতুলনীয় আনন। আবার --

অঙ্গ হইতে যেই কীট খসিয়া পড়য়। উঠাইয়া সেই কীট রাখে নেই ঠায়॥ (চৈ° চ° মধ্য ৭1:৩১) বাস্তদেব ঘোষ—গ্রীতৈত্ত্য-শাখা। পুর্বলীলায় ইনি গুণতুঙ্গা। (গো° গ°

গোবিন্দ, মাধব, বাস্থদেব—তিন (देठ° ठ° व्यामि २०१२) উত্তররাচী কায়স্থ। ইংহারা ৮ ভ্রাত!। তিন জন চিরকুমার থাকিয়া মহাপ্রভুর ও নিত্যানন্দ প্রভুর সঙ্গে সঙ্গে থাকিতেন।

বাস্থদেব ঘোষের পদাবলী অতুলনীয়। তমলুকে ইহার শ্রীপাট আছে। ইনি গৌরাঙ্গ-চরিত ও নিমাইসন্ন্যাস-নামে ছই খানি গ্রন্থ त्रहना कतिशास्त्रन विनशा स्मिनी-পুরের ইতিহাসে [৬০৭ পুঃ] লিখিত আছে।

তীর্থ--- শ্রীগোরভক্ত বাস্থদেব (दिक्षववन्मना), नव-यां शित्सव অন্তৰ (গে° গ° ৯৮—১০১)

বাহ্মদেব তীর্থ ৷ মনে রহু' সে চরিত। জীবে রূপা লাগি যার বেশ (নামা ১৬৪) বিপ্রীত॥ বাস্থদেব দত্ত—পূর্বলীলায় মধুত্রত।

বাস্থদেব দত্ত প্রভুর ভূত্য মহাশগ়। সহস্রমুখে যার গুণ কহিলে না হয় ॥

(গে)° গ > ৪ °)

(देठ° ठ° जानि ३८।8>) ইনি মহাপ্রভুর পারিষদ শ্রীমুকুন্দ দত্তের ভাতা। শ্রীপাট—চট্টগ্রাম জেলার ছন্হরা গ্রামে। 'প্রেম-বিলাস'-মতে ইনি অষ্ঠকুলে জন্মগ্রহণ ধর্মানন্দ ভারতী-করিয়াছিলেন। প্রণীত 'স্থবর্ণবণিক' পুস্তকে ইংগকে স্বৰ্ণ বণিক্-কুলোম্ভৰ বলা হইয়াছে। ত্মকণ্ঠ, সঙ্গীত শাস্ত্ৰ-বাস্থদেব

যন্তপি মুকুন্দ আমা সঙ্গে শিশু হইতে। তাঁহা হৈতে অধিক প্রথ তোমারে দেখিতে॥

বিশারদ ও প্রভুর কীর্ত্তনগঙ্গী ছিলেন।

মহাপ্রত্ন বলিতেন—

(टेंड° ५° मध्य ১১।১৩৮)

শ্রীবাম্বদেবই বলিয়াছিলেন—'প্রভু জগতের যত জীবের পাপরাশি আমাকে দিন, আমি তাহাদের হইয়া অনন্তকাল নরকে থাকিব; আর তাহারা স্থথে তোমার নাম করিয়া ভজন করুক।'

বাস্থদেব বোলে- প্রভু এই দেহ বর। সর্বজীৰ চলি যাউক বৈকুণ্ঠ নগর। নরক ভুঞ্জিব সদা জীবের কারণ। সকল জীবের পাপ করিয়া গ্রহণ ৷ সকল জীবেরে প্রস্থ করছ

বাহ্নদেব দৈবজ্ঞ উদ্ধার। তার দায়ে নরক-ভোগ (প্রেম ২২) হউক আমার॥ পরে ২৪ প্রগণার কাঁচড়াপাড়ায় ইনি শ্রীপাট করিয়াছিলেন। তৎপরে धाबात होन नीलाइनवाशी हरहन। বাস্থদেব দত্ত বন্দো বড় শুদ্ধভাবে। উৎকলে যাঁহারে প্রভু রাখিলা भशीरम्॥ (देवछव-वन्सना) পূর্বস্থলীর নিকটবর্তী মাম্গাছিতে দেবিত প্রীমদনগোপাল ইঁহার বিরাজ্যান। বাস্থদেব দৈবজ্ঞ - গ্রিরসিকানদের বাল্যশিক্ষক। (র° ম° পূর্ব ১।৫) বাস্তদেব ভট্টাচার্য-হগলি জেলার চাতরা গ্রামের কাশীশ্বর পণ্ডিতের পিতা। যশোহর জেলার ব্রাহ্মণ-**डाका** शं निवाम हिल। हैनि विश्वान, ধনবান্ ও পরম ধার্মিক ছিলেন (কাশীশ্ব দেখ)। বাস্থদেব ভাদর—গ্রীগোরভক্ত। বন্দনা করিব শ্রীবাস্থদেব ভাদর।

বন্দনা করিব শ্রীবাস্থদেব ভাদর।
(বৈষ্ণব-বন্দনা)
বাস্থদেব শিয়াল—রাচদেশবাসী
ব্রাহ্মণ। ইনি প্রথমে গৌড়ীয় বৈষ্ণব
ছিলেন। পরে অস্তায় আচরণের
জন্ত এই সম্প্রদায় হইতে বিভাড়িত
হন।
বাস্থদেব নামে বিপ্রাবড় ছ্রাচার।

রাচ্দেশে করে পাপী বড় অনাচার॥
বলে 'আমি ঈশ্বর, নন্দের ছ্লাল।'
শুনি সব লোক তারে বোলয়ে
শিয়াল॥ এই মহাপাপী হইল মহাত্যাজ্য। মহাপ্রভুর ভক্তগণের হইল
অগ্রাহ্য॥ (প্রেম ২৪)

মহাপ্রভু অবতীর্ণ হইয়া যখন

ভারতে পূজা পাইতেছিলেন, তখন

কতকগুলি ভণ্ড ছুরাচার প্রভুর অহুরূপ সম্মান লাভের আশায় নিজেকে ভগবান বলিয়া পরিচয় দিতে আরম্ভ করে। ঐ সকল लाटकत नाम-राष्ट्रात्व निशान. বিষ্ণুদাস কপীন্ত্র মাধব চূড়াধারী ইত্যাদি। ইহারা কেহ কেহ প্রীকৃষ্ণ, শ্রীরাম প্রভৃতির অবতার বিদয়া পরিচয় দিতেন। গৌরগণচল্রিকা, প্রেম্বিলাস, প্রীচৈতহুভাগবত প্রভৃতি ইহাদের বিবরণ আছে। সাধারণ জন অবজ্ঞা করিয়া ইহাদের নিয়াল, কপীন্ত্র প্রভৃতি আখ্যা দিয়াছিলেন। বাস্থদেব সার্বভোম—রাচীয় শ্রেণীর ব্রাহ্মণ। অদ্বিতীয় পণ্ডিত। পূর্ব-

লীলায় বৃহস্পতি (গো° গ° ১১৯)।

শ্ৰীধাম নবদীপে খঃ চতুৰ্দশ শক-

শতাকীর প্রথমভাগে জনা পিতার

নাম—মহেশ্বর (নরহরি) বিশারদ।
বাস্থদেব নবদীপে সাধারণভাবে
পাঠ সমাপ্ত করিয়া মিথিলায় পক্ষধর
মিশ্রের নিকট ভায় শাস্ত্র অধ্যয়ন
করিতে যান। তখন মৈথিলী
পণ্ডিতগণ স্থদেশের গৌরব পাছে
নপ্ত হয়—এজভা ভায়শাস্তের ছাত্রগণকে অধ্যয়ন করাইলেও কিন্তু
কাহাকেও গ্রন্থলিপি করিয়া লইয়া
যাইতে দিতেন না; এজভা বঙ্গদেশে
ভায়ের পঠন পাঠন বন্ধ ছিল। অভ্যুতশ্বতিশক্তিসম্পন্ন বাস্থদেব ভায়ের
সমুদয় গ্রন্থগুলি কঠন্ত * করিয়া শ্বদেশে

* গঙ্গেশোপাধ্যায়-রুত

চিতামণি। কুম্মাঞ্জলি কঠন্থ না হইভেই

তাঁহার অভিপ্রায় ব্যক্ত হইয়া পড়ে।

শ্লাকা-প্রীকায় উতীর্ণ হইয়া পরে তিনি

চারিখণ্ড

উহা অবিকল লিখিয়া ফেলিয়াছেন। নবদ্বীপে সেই হইতেই প্রথম স্থায়ের বিভাগয় প্রতিষ্ঠিত হয়। দীনেশ চন্দ্র ভট্টাচার্য স্বরচিত 'বঙ্গে নব্যক্তায়চর্চা' গ্রন্থে কিন্তু এমত সমর্থন কবেন নাই। তিনি প্রমাণ করিয়া-ছেন যে (ঐ গ্রন্থ ৪০ পৃঃ) সার্বভৌম তাঁহার পিতা নরহরি বিশারদের নিকটেই নব্যগ্রায় অধ্যয়ন করিয়া-ছিলেন এবং অধ্যয়নের মিথিলায় যান নাই। সার্বভৌম স্বয়ং ষড়্দর্শনে কৃতবিভ ছিলেন— তংপুত্র জলেশ্বর বাহিনীপতির শকালোকোনোতের প্রথম শ্লোকেই বিবৃত হইয়াছে যে সাৰ্বভৌম ভায়-বৈশেষিক, বেদাস্ত, মীমাংসা প্রভৃতিতে মহাপারদর্শী ছিলেন। . পার্বভোম স্ব-রচিত অহৈতমকর**ন্দে**র টীকায় পিতৃপরিচয়স্থলে বিশারদকে 'বেদাস্তবিভাময়াৎ' বিশেষণে মণ্ডিত করিয়াছেন। নবাহায়ের টীকারৎ হইলেও তিনি স্বয়ং বেদান্তে প্রচুরতর আসক্তিমান্ ছিলেন (পভাবলী ৯৯)। সাৰ্বভোম নবদীপে অবস্থানকালে তত্তচিস্তামণির টীকা রচনা করিয়া-ছিলেন ১৪৬০—৮০ খঃ মধ্যে। মহাপ্রভুর জন্মকালে নবদ্বীপে রাজভয় উপস্থিত হইলে সাৰ্বভৌম নবদ্বীপ ভ্যাগ করিয়া পুরীতে যান--ইহা জয়া-নন্দের উক্তি। ইনি পুরুযোত্তমদেব (১৪৬৫—৯৬ খৃঃ) ও প্রতাপরুদ্র-দেবের (১৪৯৬-১৫৩৯ খুঃ) সভা স্থদীর্ঘকাল অলম্বত করিয়াছিলেন। সম্ভংতঃ ১৫৩২ খুঃ ইনি পুরী ত্যাগ সদক্ষানে 'দার্বভৌম' উপাধি লাভ করেন। [देवश्व-इंटिशम ১७ थः]

বারাণ্গীতে গিয়াছিলেন করত (टिक मधा २१२८२, टिका २०)। বাস্থদেবের পাণ্ডিত্য-শ্রবণে উৎকলের স্বাধীন নরপতি মহারাজা প্রতাপরুদ্র দেব ইহাকে পরম আদরে ও যথেষ্ঠ विज निया बीनाहरल नहेशा शिहा রাজসভাপগুত করেন। পরিশেষে মহাপ্রতুর কুপায় প্রেম লাভ করিয়া সার্বভৌম তদীয় ভূতামধ্যে পরি-গণিত হন। ইহার রচনা—'সার্বভৌম নিরুক্ত'।

বাল্লবলীন্দ্র-শ্রীরদিকানন্দ-শিছা। ির° ম° পশ্চিম ১৪।১২৬] বিজয় দাস--- শ্রীঅদ্বৈত-শাখা। यान्य मान, विकश्न मान, मान कनार्फन।

(रेठ° ठ° व्यानि ३२।७১) বিজয় দাস আখরিয়া—গ্রীচৈতন্ত-ইনি শ্রীধাম নবদ্বীপেই অবস্থিতি করিতেন। ই হার হস্তাকর অত্যন্ত ত্বন্দর ছিল। এজন্ত 'আখরিয়া' বলিয়া সকলে ডাকিতেন। প্রভুকে ইনি অনেক গ্রন্থ লিখিয়া দিয়াছিলেন। প্রভু ইহাকে 'রত্ববাহ' পূৰ্বলীলায় ৰলিয়া ডাকিতেন। (গে)° গ° ১০৩)। কৃন্দ্ৰনিধি মহাপ্রভুর ঐশ্বর্ধ-প্রকাশ-দিনে ইনি প্রভুর মহিমা-দর্শনে ক্ষিপ্ত হন। শ্রীবিজয় দাস নাম প্রভুর আঁথরিয়া।

প্রভুরে অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া॥ 'ৰুত্বাহু' বলি প্রস্থ নাম থুইলা তাঁর॥ (टेड° ड° जानि २०16६-65) প্রভুর লেখক শ্রীবিজয় সেইথানে। শ্রন্থহস্ত-স্পর্শে কি দেখিল কেবা कारत किছू ना कहिना जाति॥ বাহুহীন ভ্ৰমে প্রভুর আক্রায়।

मश्र पिन नमीशाश्र॥

(ভক্তি ১২।৩৭৭০-৭১) বিজয়ধবজ-পেজাবর-মঠায় যতি ও শ্রীমধ্য হইতে সপ্তম অধস্তন। ইনি মধ্বাচার্য-রচিত ভাগবত-তাৎপর্যের ব্যাখ্যা (পদরত্বাবলী), যমকভারত-দশাবতার-হরিগাথাস্তোত্র. টাকা. শ্রীকৃষ্ণাষ্টক প্রভৃতি রচনা করেন। শ্রীজীবপাদ তত্তসন্ধর্ভে ও পরমাম-সন্দর্ভীয় সর্বসম্বাদিনীতে বিজয়ধ্বজ ও ব্যাসভীর্থকে 'বেদবেদার্থবিৎ-শ্রেষ্ঠ' বলিয়া উল্লেখ করিয়াছেন। বিজয় প্রতিত-শ্রীঅদ্বৈত-শাখা। বিজয় পঞ্জিত আর শ্রীরাম পণ্ডিত। (कि° क° वामि ३२।७৫) বিজয় পুরী-গ্রাম্য সম্বন্ধে ইনি শ্রীন অধৈত প্রভুর মাতৃল ছিলেন। পূর্বাশ্রমে নবগ্রামবাসী। ইনি 'ছুর্বাসা' অদৈত-কর্ত্তক অভিহিত অদৈত প্রভুর মাতা শ্ৰীনাভা দেবী ইহাকে 'ভাই' বলিয়া ভাকিতেন। শ্রীমাধবেল পুরীর গুরু দেব শ্রীলক্ষীপতির নিকট ইনি দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। মাধবেল পুরীর সহিত ইনিও ভ্রমণ করিতেন। মহানন্দ-পুরোহিত একটি ব্রাহ্মণ। নাভাদেবী-ভাই যারে বোলে সর্বজন। त्म विश्र मन्नामी इरेन नन्नीপতि-স্থানে। 'বিজয়পুরী' নাম তাঁর জানে সর্বজনে ॥ মাধবেক্স পুরীর সতীর্থ বিজয়পুরী। সে সম্বন্ধে অহৈত প্রস্থ মাক্ত করি॥ (প্রেম ২৪।২২৮ পু:) 'অদৈতমঙ্গল'-গ্রন্থ-প্রণেতা হরিচরণ मांग देंशत निक्षे (श्रीराष्ट्रेत नव-গ্রামে) অবৈত প্রস্থুর জীবনী শ্রবণ

করিয়াছিলেন।

ক্রিয়া

গ্রন্থ

অহৈত-প্রকাশে (৪)১৪ প্রহায়) শ্রী হারতের সহিত ইহার কাশীধামে মিলন বাণত আছে। অহৈত-বিলাস (উত্তর তৃতীয় অধ্যায়) বলে যে ইনি অদৈত-মন্দিরে আগমন করত শ্রীঅহৈতের মুখে শ্রীমদ্ভাগবত-ব্যাখ্যা শ্রবণ করেন এবং ভক্তগণের অফু-রোধে অহৈতের বাল্য ও পৌগও लीमा दर्गमा करवन ।

বিজয়া-নবদীপবাসী তুর্গাদাস মিশ্রের পদ্ম। ইহার ছই পুত্র-সনাতন ও কালীদান। প্রেমবিলাদ (১৯)-মতে পরাশর কালীভক্ত ছিলেন বলিয়া কালীদাৰ নাম হয়। সনাতন মিশ্রের কলাই—প্রীশীবিষ্ণুপ্রিয়া দেবী।

বিজয়ানন্দ-পদকর্তা, পদকরতরুর २२.८२ मःथाक भवि औरंशीताक-বিষয়ক। সঞ্চৰত: ইনি আঁখরিয়া বিজয় দাস 'রম্ববাহ্ন' হইবেন।

विज्ञा थाँन-(পाঠान देवक्षव) ইনি রাজার ভার ধনশালী জনৈক মুসলমানের পুত্র। মহাপ্রভু শ্রীবৃন্দা-বন হইতে প্রয়াগ ধামে আসিবার সময়ে একভানে বংশীধ্বনি শ্রবণ করত প্রেমে অচেতন হইয়া পড়েন। **এই दिख्नी थान २० जन अधारताही** পাঠান ভূত্যসঙ্গে এই স্থান দিয়া যাইতেছিলেন। ভৃত্যগণের यदश्र ष्ट्रिक ভाগ্যবান্ ব্যক্তি (পরে বৈষ্ণব নাম 'রামদাস' হয়) প্রভুর মহিমা বৃঝিতে পারিয়া শ্রীচরণাশ্রয় করেন। রামদাসের উদ্ধার হইলে বিজলী খাঁনও প্রস্থুর শ্রীচরণে আশ্রিত হল |

আর এক পাঠান নাম বিজলী খান। অলবয়স তাঁর, রাজার কুমার॥ রামদাস আদি পাঠান চাকর তাঁহার॥
'কৃষ্ণ' বলি পড়ে সেই মহাপ্রভুর
পায়। প্রভু শ্রীচরণ দিল তাঁহার
মাথায়॥ তাঁসবারে কুপা করি প্রভু ত
চলিলা। সেইত পাঠান সব বৈরাগী
হইলা॥ 'পাঠান বৈষ্ণব' বলি হইল
খ্যাতি। সর্বত্র গাহিয়া বুলে মহাপ্রভুর কীর্তি॥ সেই বিজ্লী খান
হৈল মহাভাগবত। সর্বতীর্থে হৈল
তাঁর পরম মহন্ত্ব॥ (১৮° ৮° মধ্য
১৮।২০৭—২১২)

বিট্ঠলনাথ বা বিট্ঠলেশ্বর—
প্রসিদ্ধ বল্লভাচার্যের দিভীয় পুত্র।
ইনি বল্লভী সম্প্রদায়ের অধিকর্ত্তা
হইলেও শ্রীগোরাক প্রভুর ভজন
করিতেন।

শ্রীবৃন্দাবনে গাঠুলিগ্রামে ইনি শ্রীশ্রীগোপালজীর সেবা করিতেন। চরিতামৃত মধ্য চতুর্থ পরিচ্ছদে উক্ত গোপালজীর প্রাকট্য-কাহিনী লিখিত আছে। শ্রীমাধবেক্সপুরী দারাই প্রথমতঃ শ্রীগোপাল প্রকট হন। মহাপ্রভ প্রীগোর্হন পর্বতে আব্রোহণ করিতেন না. তথাপি প্রীগোপালজীকে দর্শনের জন্ম ব্যাকুল হইলে গোপাল প্রভুকে দর্শন দিয়াছিলেন। পূর্বে শ্রীমাধবেন্দ্র পুরী গোপালজীর সেবা করিতেন। পরে ত্বইজন গৌড়ীয় বৈষ্ণৰ বৃন্দাবনে আগিলে পুৱী গোঁদাই তাঁহাদের উপর সেবাভার প্রদান করেন। (মাধবেন্দ্রপুরী দেখ) 'ভক্তিরত্বাকরে' জানা যায়—উক্ত গোডীয়দরের স্বধাম-গমনের পরে--

শ্রীদাস গোস্বামী আদি পরামর্শ করি'। শ্রীবিট্ঠলেশ্বরে কৈলা সেবা-অধিকারী॥ (ভক্তি ধা৮১৫) শ্রীদাস গোস্বামী তদীয় স্তবাবলীতে
শ্রীগোপাল-স্থবরাজে (১৩, ১৪)
এবং শ্রীচক্রবর্তিঠাকুর শ্রীগোপালদেবাষ্টকে (৭) নামতঃ ইংহার
উল্লেখ করিয়াছেন।

শ্রীরঘুনাথ দাস গোস্বামির অজীর্ণ হইলে বিট্ঠলনাথ ছই জন বৈছ আনিয়া তাঁহার চিকিৎসা করাইয়া-ছিলেন।

শ্ৰীবন্ধভ-পূত্ৰ শ্ৰীবিট্ঠলনাপ - শুনি'।
ছুই চিকিৎসক লইয়া আইলা আপনি॥
(ভক্তি ১/১৭৭)

শ্রীনিবাস আচার্য যথন
শ্রীরন্দাবন-ভ্রমণে গমন করিতে
করিতে ঐস্থানে উপনীত হন, তথন
বিট্ঠলনাথ পরম সমাদরে তাঁহাকে
অভ্যর্থনা করিয়াছিলেন। বিট্ঠলনাথ
যে মহাপ্রভুর ভক্ত, তাহার প্রমাণ—
বিট্ঠলের সেবা ক্লফচৈতন্ত-বিগ্রহ।
তাঁহার দর্শনে হইল পরম আগ্রহ॥
(ভক্তি ৫।৮০৪)

যবনের ভয়ে শ্রীশ্রীগোপালজীকে বিট্ঠলেশ্বরের গৃহেই এক মাস লুকাইয়া রাখা হইয়াছিল।

শ্লেচ্ছতয়ে আইলা গোপাল মথুরা
নগরে। একমাস রহিল বিট্ঠলেশ্বর
ঘরে॥ (চৈ° চ° মধ্য ১৮।৪৭)
ঐ সময়ে শ্রীক্লপ বহু ভক্তের সঙ্গে
তাঁহার গৃহে গিয়া শ্রীগোপালজীকে
দর্শন করিতেন। এই গোপালজী
এক্ষণে নাথদ্বারে আছেন। বি-বি-সি-আই রেলের নাথদ্বার ষ্টেশন
হইতে যাইতে হয়। এরূপ ঐশ্বর্যময়
সেবা ভারতবর্ষে আর কোথাও নাই।
বিট্ঠলনাথ শ্রীমনমহাপ্রভুর রচিত

টীকা ও

প্রেমামূত-রসায়নের

'বিদ্দাণ্ডন' গ্রন্থ রচনা করিয়াছেন।
এতদ্ব্যতীত ইনি স্বসংপ্রদায়ের
পোষক শ্রীব্রহ্মস্ত্রাণ্ভাষ্যপূর্তি,
বির্তিপ্রকাশ, নিবন্ধপ্রকাশপূর্তি,
শৃঙ্গার-রসমণ্ডন প্রভৃতি বহু গ্রন্থ
রচনা করেন। ১৫০৮ শকে ইনি
অন্তর্হিত হন।

বি**তানন্দ**—কুলীনগ্রামবাদী।

(ৈচ° চ° আদি ১০।৮০)
ইনি কাটোয়ার মহোৎসবে স্মাগত
হইয়াছিলেন। (প্রেম ১৯)
বিস্তানন্দ পণ্ডিত——শ্রীদাস গদাধরের ক্কপাপাত্র। 'নরহরি-শাখানির্গয়ে' উক্ত আছে—

'বিভানন পণ্ডিত নাম অতি

অকিঞ্ব। গ্লাধর দাস ঠাকুরের কুপার ভাজন ॥ কণ্টকনগর হয় মহা-প্রভুর স্থান। তোমার সেবায় তুষ্ট হবেন গৌর ভগবান॥ ঠাকুরের এই আজ্ঞায় ঠাকুর লইয়া আইলা। বনের ভিতর এক চুপরী বনাইলা॥ ভিক্ষার চাউল আর তোলে বন্তশাক॥ তাঁহার ঘরণী যত্নে করে অনুপাক॥ সেই ভোজনে তুই হন শচীর নন্দন।' ক্থিত আছে যে কুলাইগ্রামের দৈত্যারি ও কংসারি ঘোষ স্বপাদেশ পাইয়া তিন মৃত্তি শ্রীগোর-বিগ্রহ প্রস্তুত করাইয়া স্বগুরু শ্রীনরহরি স্রকার ঠাকুরকে সমর্পণ করেন। ছোট ঠাকুর শ্রীখণ্ডে, বড়ঠাকুর গঙ্গানগর কাটোয়ায় ও মধ্যমটি (ভাগকোলায়) প্রতিষ্ঠিত হইলেন। শ্রীদাস গদাধরের কুপা-প্রেরণায় বিস্থানন্দ পণ্ডিত বড় মৃত্তিটী আনিয়া সেবা করিতেছিলেন। তার পর-'একদিন বীরচক্ত গোঁসাই তথা

আইলা। পণ্ডিতের সেবা দেখি সন্তুষ্ট হইলা। বিজানন্দে আজ্ঞা দিল! না যাহ ভিক্ষাতে। ঘরে বদি প্রসার হবে তোমার সেবাতে॥ সংক্রান্তি পুণিমায় যাত্রী আইসে তাদের ভিক্ষায় পূর্ণ হয় পণ্ডিতের ঘর॥ কেহ জলাধার দেয়, স্থবর্ণের রত্নতুষণ ঝারি। কেহ ভোজনের ঝালি॥ কাহাকেও আজ্ঞাদেন মন্দির তুমি দেহ। দিনে দিনে সেবা বাঢ়ে, অপূর্ব কথা এহ॥'

বিত্যানিধি—-'পুণুরীক' দেখুন। ্ শ্রীগোর-পার্ষদ, নব নিধির (গে)° গ°১০২-৩) অগ্ৰুম ৷ বিত্যাপতি-প্রাসিদ্ধ বৈষ্ণব কবি। কাহারও মতে ইনি মিথিলা-প্রবাদী বাঙ্গালী। ইনি মিথিলার রাজা শিবিশিংছের সভাকবি ছিলেন। ইহার রচিত গ্রন্থাবলী —পদাবলী, পুরুষ-পরীক্ষা, কীর্ত্তিলতা, লিখনাবলী, শৈবদর্বস্বদার. গঙ্গা-বাক্যাবলী বিভাগদার, গ্য়াপত্তন, গোরক্ষ-বিজয়-নাটক ও ত্বর্গাভক্তিতরঙ্গিণী। বিগা-পতির অনেক গীতই তাহার আশ্রয়-দাতা 'শিবসিংহ' ও মহিষী 'লছিমা' দেবীর নামান্ধিত আছে। প্রবাদ আছে যে লছিমা দেবীর সহিত বিভা-পতির নিগৃঢ় প্রণয় ছিল এবং মহিষীকে দেখিলেই তাঁহার কবিতা শ্রণ হইত। শ্রীমন্মহাপ্রভু স্থগন্তীর গম্ভীয়া-লীলায় বিভাপতির পদামৃত আস্বাদন করিয়াছেন—ইহাই তদীয় পদাবলীর সর্বাকর্ষণ-শীলতার প্রকৃষ্ট

প্রমাণ ৷

পতির সম্বন্ধে অক্সাক্ত বিবরণ জ্ঞাতব্য। নেপালে বিভাপতি-রচিত 'গোরক্ষ-বিজয়নাটকের' পুঁথি আছে; তাহাতে শিশ্য গোরক্ষনাথ-কর্ত্তক কামিনীমোহ-পাশবদ্ধ মৎস্তেজনাথের উদ্ধার-কাহিনী বিবৃত হইয়াছে। ইহার গানগুলি রজবুলিতে এবং অস্থাস্থ অংশ সংস্কৃত ও প্রাকৃতে। মিথিলায় ভৈরবেশ্বর শিবের উৎসব-উপলক্ষে রাজা শিবসিংহের আদেশে বিভাপতি এই সংগীত-নাটক রচনা করিয়া-ছিলেন, ত্বতরাং রচনাকাল ১৪১৬ খৃঃ পূর্বে। এই ক:হিনীটী ভক্তমালে (১৪/৬) 'গোরক্ষনাথ-মীননাথ'-প্রবন্ধেও পাওয়া যায়; [বিশ্বভারতী পত্রিকা (১২।৪) বিগ্তাপতি-প্রসঙ্গ]। বিত্যাভূষণ—(বৃহদ্ বৈঞ্চৰতোষণীতে উক্ত) গোড়দেশ-বিভূষণ মহাজন। বিজ্ঞাবাচস্পতি—মহেশ্বর (নরহরি) বিশারদের পুত্র এবং প্রসিদ্ধ বাস্তদেব ভাতা—বিফুদাস। **দার্বভৌমের** ইনি নৰখীপ হইতে উঠিয়া কুমারহট্টে শ্রীপাট করেন। মহাপ্রভু সর্বপ্রথম যথন পুরী হইতে গোড়ে আসেন, তখন বিভানগরে ইংহার শুভাগমন করিয়াছিলেন, কিন্তু অসংখ্য লোকসমাগম হইতে থাকিলে প্রভূ রাত্রিকালে ঐস্থান হইতে কুলিয়া গ্রামে মাধ্ব দাসের গৃহে গমন (বাস্থদেব সাৰ্বভৌম করেন! (দখ)।

শ্রীবিশারদের পুত্র বিছাবাচস্পতি। যাঁর জ্যেষ্ঠ সার্বভৌম নীলাচলে স্থিতি॥ (ভক্তি ১২।৩৮৬৫) ইনি শ্রীসনাতন-প্রভুর বিছা-গুরু পদাবলী-সাহিত্যপ্রসঙ্গে বিজ্ঞা- (ভক্তি ১/৫৯৮) ৷ ভব্রচিস্তামণির টীকাকার বিজে নব্যন্তায়চর্চা ৫২— ৫২ পত্র দেষ্টবা ।

বঙ্গের জাতীয় ইতিহাসে ব্রাহ্মণ-কাণ্ডে ১ম ভাগে ধৃত কুলপঞ্জিকার মতে ইঁহার নাম—রত্নাকর বিচ্ঠা-বাচস্পতি৷ 'নবছরি বিশারদ'

ন্দুরুবা]। ইনি ব্রজের স্থমধুরা (গৌ°

গ° ১৭০) । বিভাবিরিঞ্চি—জয়ানন্দের চৈতত্ত-মঙ্গলে আছে—মহাপ্রভুর জন্মের পূর্বে নবদ্বীপে রাজভয় উপস্থিত হইলে সাৰ্বভোম প্ৰভৃতি দেশত্যাগী

হন। রাজভয়সত্ত্বেও বিভাবিরিঞ্চিও বিভানন নবখীপে রহিয়া গেলেন। 'বিভাবিরিঞ্চি বিভানন্দ ন্বলীপে। ভটাচার্য-শিরোমণি সভার সমীপে'॥ কুলপঞ্জীমতে ইহারা ছুই জনই

সার্বভৌমের ভ্রাতা। পরিষৎ-পুঁথিতে

বিভাবিরিঞ্চির নাম কৃষ্ণ, পুরা নাম

ছिल—कृक्षानम (ताक्रमाशीत প्रेंथि ১১৮।২ পত্র)। বিধু চক্রবর্তী—শ্রীনরোত্তম ঠাকুরের

শিষা ! বিধু চক্রবর্তী আর কমলাকান্ত কর।

(প্রেম ২•)

বিধুমুখী দেবী—গ্রীবিফুপ্রিয়াদেবীর কালীদাস মিশ্রের খুলতাত পত্নী। 'কুফ্মঙ্গল'-রচয়িত। মাধব মিশ্রের মাতা। (প্রেম ১৯) বিনোদ ঠাকুর-- শীরঘুনন্দন ঠাকুরের পোত্র বংশী ঠাকুর, বংশীর পুত্র ঠাকুর বিনোদ। ইনি শ্রীখণ্ড হইতে ৰীরভূম জেলার আদমপুর গ্রামে

গিয়া বদতি করেন এবং শ্রীরাধাবল্লভ বিগ্রহ প্রতিষ্ঠা করেন। ঐ বিগ্রহ ১৩৫২ সালের ২০শে আখিন আবার

শীখতে আনীত হইয়া হরিরাম ঠাকুরের উত্তরাধিকারিগণ-কর্তৃ ক সেবিত হইতেছেন।

বিনোদ দাস-- শ্রীর্ণিকানন প্রভুর শিষ্য। [র° ম° পশ্চিম ১৪।১৫৪]

বিনোদ রায়-শ্রীনরোত্তম ঠাকুরের

শিয়া।

कृष्णितःर, वित्नाम तात्र, काश्च চৌধরী। সংকীর্ত্তনে নাচে থেঁহে। বলি 'হরি হরি'॥ (প্রেম ২০) প্রীবিনোদ রায় বিনোদ বন্ধানে। করমে নর্ত্তন প্রেমে মাতি সংকীর্ত্তনে ॥ (নরো ২২)

বিন্দুদাস – পদকর্তা, পদকল্পতরুতে ৫টি পদ সংগৃহীত হইয়াছে। বিপিনবিহারী গোস্বামী – বর্দ্ধমান

জেলার অন্তর্গত বাঘনাপাড়া-বাদী। ইনি প্রসিদ্ধ শ্রীরামাই গোস্বামির অরবায়ী ! 'দশমূলরস', হরিভক্তি-

তরঙ্গিণী, হরিনামামূতসিকু বিষ্ণুসহস্রনামের অনুবাদ প্রভৃতি ইহাঁর রচনা। উনবিংশ-শক-শতাকীর

প্রথম পাদেও জীবিত ছিলেন। বিপ্রদাস—শ্রীনরোত্তমের শিষা ৷ শ্রীপাট—গোপালপরের मन्निशान

পাছপাড়ায়। পত্নীর নাম—ভগবতী।

পুত্রের নাম--যত্নাথ ও রমানাথ। গোপালপুরের সল্লিখানে

গ্রাম ৷ তথা বৈসে ভাগ্যবন্ত বিপ্রদাস (ভক্তি ১০।১৯৩) নাম ৷ শ্রীনরোত্তম ঠাকুর মহাশয় ইঁহারই

ধান্তগোলা হইতে গ্রীগোরাঙ্গমৃতি প্রাপ্ত হন।

আর শাখা বিপ্রদাস নাম মহাভাগ। যার ধান্তগোলায় গৌরাঞ্চইল লাভ। তাঁহার পত্নীর নাম—ভগবতী হয়। তাঁহারে করিলা কুপা ঠাকুর মহাশয়॥ তাঁর ছই পুত্র হয় পরম জ্বর। যত্নাথ, রমানাথ—ভক্তি-রত্নাকর॥

(প্রেম ২০) বিপ্রদাস ঘোষ—পদকর্তা, পদকল্ল-

তক্র ১১৭৫ সংখ্যক পদটি গোষ্ঠ-যাত্রা-বিষয়ক।

विमला (प्रवी-अधिक शोतीमाम পণ্ডিতের বনিতা। ইংহার ছুই পুত্র-বলরাম ও রঘুনাথ। বিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী-

১২৮০ বঙ্গাব্দে মাঘী কৃষ্ণা পঞ্চমীতে পুরীধামে আবির্ভাব। প্রাচ্য ৬ প্রতীচ্য ভাষায় ব্যুৎপন্ন। বিখ্যাত জ্যোতিষী, তেজস্বী ও বাগ্মী।

ভারতের বহুস্থানে গৌডীয়-বৈষ্ণং-ধর্মের প্রচারক ও মঠ-সংস্থাপক। বাঙ্গালা, উৎকল ও হিন্দীভাষায় বহু সংবাদপত্রের পরিচালক, জ্যোতিষ-

গবেষণা-মূল ক পত্রিকার রেঙ্গুনে ও লণ্ডনে সম্পাদক | গৌডীয়মঠ-প্রতিষ্ঠাতা। বিবিধ ভক্তিগ্রন্থের প্রকাশক। দীক্ষামাত্রেই

নরমাত্রের দ্বিজত্ব-সমর্থক। वकारक ३७ই পৌষ ऋषा ठजूबीए অপ্রকট হন।

বিলাস আচার্য - চট্টগ্রামের বেলেটী-গ্রামবাদী। ইনি তত্ত্ত্য চিত্রসেন রাজার সভাপণ্ডিত ছিলেন। ইহাঁরই পুল শ্রীমাধৰ মিশ্র, যিনি পঞ্চতত্ত্বের

একতম শ্রীগদাধর পণ্ডিত গোস্বামির (প্রেম ২৪) পিতা। বিশ্বমঙ্গল—দান্দিণাতোর কৃষ্ণবেগ

নদীর পশ্চিমতীর-নিবাসী পণ্ডিত. কবীক্ত ও ব্ৰাহ্মণ-বংখ্য ছিলেন। জনান্তরীণ তুর্বাসনা-বশতঃ ইনি ঐ

নদীর পূর্বতীর বাসিনী চিস্তামণি-নামিকা বেশ্রার সঙ্গ করিয়া তাহাতে এত আসক্ত হইয়াছিলেন যে বৰ্ষা-কালের অন্ধকারময় রজনীতে নিজের পিতৃশ্রাদ্ধ-দিবসেও প্রচুরতর বাধাবিদ্ধ অতিক্রম করত অনেক কণ্টে মৃত-দেহাবলম্বনে উত্তালতর্জ-বিক্ষোভিত নদী উত্তীর্ণ হইয়া চিন্তামণির গুহে দারকদ্ধ দেখিয়া ভিত্তি-গর্ফে অর্দ্ধ-

প্রবিষ্ট সর্পের পুচ্ছাবলম্বনে প্রাচীর লজ্মনপূর্বক প্রণালী-মধ্যে নিপতিত হইয়া মৃদ্ভিত হইয়াছিলেন। অমু-

সন্ধানে তরতা দাদীগণ জানিল

যে এত গভীর হাত্তিতেও বিশ্বমঙ্গল আদিয়া মৃচ্ছিত হইয়া পড়িয়াছেন।

চিন্তামণি সেবাওশ্রাষা করত তাঁহাকে নির্বেদে বলিয়া ফেলিলেন—'ছে

ব্রাহ্মণকুমার ৷ আমার জন্ম তোমার যে ব্যাকুলতা, তুমি যদি ভগবানের

ভন্ত এরূপ ব্যাকুল হইতে, তবে নিশ্চয়ই তাঁহার রূপা পাইতে।'

বিল্লমকল সেই রাত্রি তথার কাটাইয়া প্রদিন প্রভাতে নিকটবর্তী সোমগিরি

গুরুর আশ্রমে যাইয়া তাঁহার নিকট দীক্ষিত হইয়া অনুগুভাবে শ্রীগুরুসেবা

যাত্রা করিলেন। পথিমধ্যে এককের ক্ষুরণ হইতে থাকিলে তাঁহার মুখ

করত ব্যাকুলতার সহিত শ্রীরুন্দাবনে

হইতে যদুজ্ঞাক্রমে যে শ্লোকমালা নিৰ্গলিত হইতেছিল, তাহাই সঙ্গীয়

শ্রীকৃষ্ণকর্ণামূত-নামক পুললিত প্রকটিত হইয়াছে। গ্রন্থাকারে

লোকগণ-কর্ত্তক সংগৃহীত হইয়া

শ্রীগুরু-দত্ত নাম--বিল্বম**ঙ্গলে**র नौनाश्वर ।

কণামুত-সম <u>ব্স্তু</u> নাহি ত্রিষ্ট্রনে। যাহা হইতে হয় শুদ্ধ কৃষ্ণপ্রেমজ্ঞানে॥ সৌন্দর্য, মাধুর্য, কৃষ্ণলীলার অবধি। সেই জানে যে কর্ণামৃত পড়ে নিরবধি॥

[চৈত চ° মধ্য ৯।৩০৭—৮] শ্রীশ্রীগোরাঙ্গমহাপ্রস্থ গন্তীরা-লীলায় রাত্রিদিন এই গ্রন্থের আস্থাদন করিয়াছেন।

বিশারদ—মহেশ্ব (নরহরি): সার্ব-ভৌমের পিতা। [১৮° ভা° মধ্য ২১।৬] বিশুদ্ধানন্দ—শ্রীনিত্যানন্দ প্রভুর ত্রাতা। (প্রেম ২৪) বিশ্বনাথ চক্রবর্তী—(মহামহেগ পাধ্যায়)-১৫৭৬ শকে (মতান্তরে >৫৮৬ শকে) মুশিদাবাদ জেলায় সাগরদীঘি থানার অধীন দেবগ্রামে জন্ম **হয়। পিতা**—রামনারায়ণ চক্রবর্তী। দেবগ্রামে প্রাথমিক পাঠ শেষ কবিয়া সৈদাবাদে আসিয়া ভক্তিশাস্ত্র অধায়ন करत्न। मङ्गन्न-कन्नफ्राम्य छक्रश्रमानी-প্রসঙ্গে তিনি জানাইয়াছেন যে বাল-গান্তীলানিবাসী শ্রীনরোত্তম ঠাকুরের শাখা শ্রীক্বঞ্চরণ চক্রবর্ত্তী তাঁহার পরম গুরু এবং ভৎপুত্র শ্রীরাধারমণ—ভাঁহার দীক্ষাগুরু। क्रकाव रेमनावानिवामी जीवाय-

ক্ষা আচার্যের পুত্র ও বালুচরের গঙ্গানারায়ণ চক্রবর্তির দত্তক পুত্র।
তিনি পরিণত বয়সে সৈদাবাসে বাস করত ভক্তিশাস্ত্রের অধ্যাপনা করিতেন। বিশ্বনাথ ইঁহারই নিকটে ইন্দ্রভাগবতাদি অধ্যয়ন করেন। কণিত আছে—বিশ্বনাথ এস্থানে থা হিয়াই বিন্দু, কিরণ, কণা প্রভৃতি গ্রন্থ প্রণয়ন করেন। অলঙ্কার-ক্ষেভের টীকাও এস্থানে লিখিত।

অপ্রাপ্ত বয়সে তিনি দারপরিগ্রহ করেন বটে, কিন্তু তাহাতে তাঁহার বিন্দুমাত্রও আকর্ষণ ছিল না ৷ কথিত আছে--ইনি এীবুন্দাবনে গিয়া স্বপ্তকর আদেশে একবারমাত্র গৃহে আসিয়া স্বীয় ভার্যার সহিত একরাত্রি যাপন কবেন-কিন্ত সারারাত্তি সাধ্বী পত্নীকে শ্রীমদভাগবত-রশামৃত পান করাইয়া প্রদিন প্রত্যুবে গৃহত্যাগ করেন। শ্রীমদ বিশ্বনাথ শ্রীবৃন্দাবনে গিয়া তাৎকালীন বৈঞ্চব স্মাজের কর্ণধার হইলেন এবং বহু বৈষ্ণব-গ্রন্থ নির্মাণ করিয়া গৌডীয় বৈষ্ণব জগতের প্রচরতর কল্যাণ সাধন করেন। তিনি যথাসময়ে বেশাশ্রয় করত 'হরিবল্লভ' ন†ম করেন। মিতাস্তরে তিনি আদে বেশাশ্রয় করেন নাই। তিনি একাধারে প্রগাচ পণ্ডিত, মহা-দার্শনিক, পরম ভক্ত, রসবিৎ, শ্রেষ্ঠ কবি ও বৈষ্ণব-চূড়ামণি ছিলেন। তাঁহার নাম সার্থকতা দেখাইবার জন্ম নিমুলিখিত শ্লোকটি রচিত হয়— 'বিশ্বস্তা নাথরূপোহসৌ ভক্তিবত্ম-ভক্তচক্তে বর্ত্তিতত্বাৎ প্রদর্শনাৎ । চক্রবর্ত্ত্যাখ্যয়াহভবৎ ॥'

কথিত আছে—তিনি যেস্থানে
প্রীমদ্ভাগবত লিখিতেন, তথায়
বর্ষার জল লাগিত না। এমন কি
উত্তরকালে প্রীসিদ্ধ কৃষ্ণদাস বাবাজি
মহাশয় মানসগঙ্গায় ডুবিয়া তিন
চারি দিন পরে প্রীচক্রবর্তিপাদের
লিখিত প্র্তির জলস্পর্শন্ম অবস্থায়
সংগ্রহ করিতেন। তাঁহার রচিত
গ্রন্থসমূহের তালিকা—

টীকা—(১) শ্রীমদ্ভাগবতের

'সারার্ধদশিনী', (২) গীতার সারার্ধ-(৩) উজ্জ্বলনীলমণির বৰিণী'. আনন্দচন্ত্রিকা, (৪) ভক্তিরসামৃত-নিদ্ধর 'ভক্তিনার-প্রদর্শিনী', (৫) গোপালভাপনীর 'ভক্তহর্ষিণী'. (৬) ব্রহ্মসংহিতার টীকা, (৭) দানকেলি-কৌমুদীর 'মহতী',(৮) আনন্দবৃন্দাবন-চম্পুর 'অ্থবর্তনী', (১) অলকার-কৌস্কভের 'প্রবোধিনী', (১০) হংসদুতের টীকা (१) (১১) চৈতন্ত্র-চরিভামৃতের টীকা, (১২) প্রেম-টীকা ইত্যাদি। ভক্তিচন্দ্রিকার খরচিত মূলগ্রস্থ—(১) শ্রীকৃষ্ণ-ভাবনামৃত, (২) গ্রীগোরাঙ্গলীলামৃত, (৩) ঐশ্বৰ্যকাদখিনী, (৪) স্তবামৃত-(e) সিশ্ববিদ্যু, উচ্ছল-কিরণ, (৭) ভাগবতামৃতকণা, (৮) রাগবল্প-চন্দ্রিকা, (৯) মাধুর্য-কাদম্বিনী, (১০) গৌরগণম্বরপ-তত্ত-চন্দ্রিকা. (১১) চমৎকারচন্দ্রিকা ও (১২) কণদাগীতচিন্তামণি।

ইহার স্থাপিত বিগ্রহ শ্রীগোকুলানদক্ষীউ শ্রীবৃন্দাবনে বিরাজ করিতেছেন। মাঘী শুক্লা পঞ্চমীতে
শ্রীরাধাকুণ্ডে ইনি অন্তর্হিত হন।
শ্রীবৃন্দাবনে পাথরপুরার ইহার সমাধি
ছিল, বর্ত্তমানে তাহা গোকুলানন্দে
অপসারিত হইয়াছে। ইহার বংশধরগণ অভাপি বালুচরে বাস করেন।
বিশ্বনাথ দাস—শ্রীরসিকানন্দের
শিশ্ব। বৈঞ্চব নাম—শ্রামমনোহর।
[র° ম° দক্ষিণ ১০া৫৮]

বিশ্বস্তর — গ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রস্থ ।
বিশ্বস্তর দাস — পদকর্ত্তা, পদকরতকর
৭৪৩ ও ১১৯৯ সংখ্যক পদ। ২
'জগন্ধাথ-মন্ত্রল'-প্রণেতা।

বিশ্বন্তর পাইন-খানাকুল কৃষ্ণ-নগরের নিকট হাটবাসী-গ্রামে বাস করিতেন। সঙ্গীতমাধ্ব, ভক্তঃভুমালা, কন্দর্পকৌমুদী, বুন্দাবনপ্রাপ্ত্যুপার, প্রেম্বম্পুট প্রভৃতি রচনা করেন। পণ্ডিত ও ভক্তকবি। বি-মা-মে ী বিশ্বরূপ—গ্রীগোরাঙ্গের অগ্রজ (অন্ত নাম শঙ্করারণা], পূর্বলীলায় লক্ষণ ও मक्ष्ण। हिन ষোডখ-বর্ষ বয়সে গৃহত্যাগ করত কাশীতে শ্ৰীকৃষ্ণ-ভারতীর * নিকট সর্যাসাপ্রয স্বীকার করত তীর্থ-পর্যটন করিতে করিতে পাণ্ডারপুরে অস্তর্হিত হন। ইনি স্বীয় তেজঃ পুরীশ্বকে দিয়া নিত্যানন্দে সমর্পণ করেন। (১চতত্ত্ব-চলেদয় ১١৮, গো গ° ৫৮—७8]

বৈরাগ্য ও সর্বশাস্ত্রে পারদ্শিতা (চৈভা আদি ২ ৷ ১৪২), তৈর্থিকবিপ্রের সহিত সাক্ষাৎকার, কথোপকথন, চরণ স্পর্শ করত তৃতীয়বার রন্ধন করিতে অমুরোধ এবং তৎপরে
নির্বিদ্মে ভোজন সমাধান ও
গৌরগোপালম্ভি-দর্শনাদিপ্রসঙ্গ (ঐ
আদি ৫ ৷ ৭৯—১১০), সর্বশাস্ত্রে
ক্ষণ্ডক্তিপর ব্যাখ্যাম্পুরণ (ঐ আদি
৭ ৷ ১০—১১) নিমাইর অলৌকিক
আচরণে বিক্ষয় ও প্রক্রত তত্তৃক্তি
(ঐ ৭ ৷ ১২—১৫), অবৈতসভায়
যাতায়াতাদি (ঐ ৭ ৷ ২৯—৭০),

তত্ত্বকো বৈক্ষবো নাম। বীকৃক্জারতি-তথা। সন্ন্যানী বীকৃক্চন্দ্র-পাদপ্র্যাসবালি-বং॥ বৈশাখন্ত সিতে পক্ষে ভৃতীয়ারাং নৃপোত্ম! কার্যামাস সন্ন্যাসং ভারতি-বিধ্রপ্রক্ষ্ মাতাপিতার বিবাহোজোগে গৃহত্যাগ ও সন্ন্যাসাশ্রম-গ্রহণ (ঐ ৭!৬৮—৭০) শহরারণ্যনাম-গ্রহণ। মিশ্র-দম্পতির নিদারুণ ছঃখ (ঐ আদি ৭।৭৪—৯৫) ইত্যাদি।

বিশ্বাস-মেড অধিকারীর কর্মচারী। মহাপ্রস্থ নীলাচল হইতে বুন্দাবনে উডিয়ারাজ্যে গমন-সময়ে প্রবেশ করিতে যান, সেই সময় উভয় হইতেছিল, এজভা বৃদ্ধ সীমা-রক্ষক 'মহাপাত্র'-নামক জনৈক কর্মচারী মুসলমান অধিকারীর স্হিত স্ক্রিকরিয়া প্রভুর গমনের স্থবিধা অন্বেষণ করিতে উত্তত হইলে ওদিকে মুসলমান অধিকারী গুপ্তচর দারা নহাপ্রভুর আগমন ও মহিমা শ্রবণ করিয়া তাঁহার দর্শন জন্ম ব্যাকুল হন এবং উক্ত বিশ্বাস-নামক স্বীয় কর্মচারীকে নিকট উডিষাার **গীমারক্ষকের** পাঠাইয়া দেন।

বিখাস মহাশয় প্রভুর দর্শন মাত্র প্রেমোল্লাসে কৃষ্ণ কৃষণ বলিয়া বিহরল হইয়া শ্রীচরণে পতিত হয়েন। পরে মুসলমান অধিকারীর নিবেদন মহাপাত্রকে জানাইলে তিনি বলিলেন—

'ভাগ্য তাঁর আসি করুক প্রভূর দরশন।' (টেচ° চ° মধ্য ১৬।১৭৬)

কিন্তু মহাপাত্র রাজকর্মচারী, সহজে কাহাকেও বিশ্বাস করেন না। পাছে প্রভুর দর্শন ছল করিয়া কিছু অনর্থ ঘটায়, এজন্ত বলিলেন—

প্রতীত করিয়ে যদি নিরস্ত্র হইরা। আসিবেক পাঁচ সাত ভৃত্য সঙ্গে লইরা॥ [ঐ ১৭৭] বিশাস মহাশয় মহানশে শ্লেচ্ছ অধিকারীকে প্রাত্তর দর্শনবার্তা দিবার জন্ম গমন করিলেন এবং পরে সেই শ্লেচ্ড ও ভক্ত হইয়াছিলেন।

বিশ্বাস দেবী—মিথিলার রাণী বিশ্বাসদেবী 'গঙ্গাবাক্যাবলী' রচনা
করিয়াছেন। ইহা একটি শ্বতিগ্রন্থ।
ইনি পদ্মসিংহ রাজার স্ত্রী ছিলেন এবং
প্রসিদ্ধ কবি বিভাগতির সাহায্যে এই
গ্রন্থ প্রথমন করিয়াছেন। এই সহন্ধে
গঙ্গাবাক্যাবলীর শেব শ্লোকই
প্রমাণ—কিয়নিবন্ধনালোক্য শ্রীবিভাগতি-স্রিণা। গঙ্গাবাক্যাবলী দেব্যাঃ
প্রমাণৈর্বিমলীকভা॥

বিশেষর আচার্য—শীনিত্যানন্দ
প্রভুর বৈবাহিক। ইহার পূজ মাধবাচার্যের সহিত শীশীনিত্যানন্দ প্রভুর
কন্সা গলাদেবীর বিবাহ হয়।
বিশেষরের বন্ধর নাম—ভগীরপ
আচার্য। উভয়ের একই প্রামে নিবাস।
বিশেষরের পত্নীবিয়োগ হইলে ভগীরথ
মাধবকে সমর্পন করিয়া তিনি সন্মাস
লইয়া কাশীধামে গমন করেন (প্রেম
২১)।

পূর্বলীলার দিবাকর (গৌ° গ° ১১৩) বিশেশবানন্দ – শ্রীগোর-পার্বদ।

বিখেশরানন্দ বন্দো বিশ্ব-পরকাশ।
মহাপ্রভূ-পঢ়ে বাঁর বিশেষ বিশাস॥
(বৈশুব-বন্দনা)

বিষ্ণাই হাজরা—শ্রীনিত্যানন্দ-শাখা। ব্রজের কলবিষ্ক।

বিষ্ণাই হাজরা, রুষ্ণানন্দ, স্থলোচন। (চৈ° চ° আদি ১১।৫০) বিষ্ণাদান—গ্রীচেতত্ত-শাখা। পুরীদ

^{*} শ্রীচৈত্তসমহাভাগৰতে দিতীর ক্ষকে চতুর্বাধ্যায়ে (১২—২২)

ধামে মহাপ্রভুর নিকট থাকিতেন। নিলোম গঙ্গাদাস, আর বিষ্ণুদাস। এই সবের প্রভুসঙ্গে নীলাচলে বাস। (देठ° ठ° जानि २०१२७)

২ - এনিত্যানন্দ-শাখা। ইহারা তিন প্রাতা।

বিষ্ণুদাস, নন্দন, গঙ্গাদাস—তিন ভাই। পূর্বে যার ঘরে ছিল ঠাকুর নিতাই॥ (চৈ° চ° আদি ১১।৪৩)

৩—গোরভক্ত; মূলতানবাসী কৃষ্ণ-দাসের শিব্য।

8—উড়িয়াবাসী, মহাপ্রভুর ভক্ত। দক্ষিণ দেশ হইতে মহাপ্রভু পুরীধামে উপস্থিত হইলে সাৰ্বভৌম ভট্টাচাৰ্য প্রভুকে ইহার পরিচয় দিয়াছিলেন। চন্দনেশ্বর, সিংছেশ্বর, যুরারি ব্রাহ্মণ। বিষ্ণুদাস – ইহে তোমার চরণ ॥ (চৈ° চ° মধ্য >০।৪৫)

৫—(শ্রীবেড্য়া ?)—শ্রীরদিকা-নদের শিষ্য। রি° ম° পশ্চিম ১৪।১২৫)

৬ ঐকবিরাজ গোস্বামির শিষ্য। উজ্জ্বলনীলমণির উপর স্বাতা-প্রমোদিনী-নামক বিস্তৃত টীকা করিয়াছেন।

৭ মনোদূত-কাব্য-রচয়িতা। ইনি শ্রীচৈতগ্যদেবের মাতুল বলিয়া কথিত (Vide C H. Chakravarti's Introduction pp 4-5).

বিষ্ণুদাস আচার্য—প্রীঅহৈত প্রভুর শাখা ৷

ভাগবতাচার্য আর বিষ্ণুদাসাচার্য॥ (देठ° ठ° जानि ३२। ८४) ইনি খেতরীর মহোৎসবে উপস্থিত (ভক্তি ১ং।৪০৩) 'ছিলেন। বিষ্ণুদাসাচার্য ছুই জন। একের

সন্তান মাণিকাডিহির গোলামিগণ *। ইহারা বারেন্দ্র শ্রেণী। এই বিষ্ণুদাস শ্রীমাধবেন্দ্রপুরীর পুত্র বলিয়া প্ৰকাশ। 'দীতাগুণকদম্ব'-নামক भीजारमवीत कीवनीमृनक श्रास्त প্রণেতা। অন্সের সস্তান কাঁদি-খালির গোস্বামিগণ—ইহারা রাটী শ্রেণী। এই ছই গ্রাম ভাগীরথী-তটে অন্তাপি বর্ত্তমান।

বিষ্ণুদাস কপীন্দ্র—কায়স্থ। গৌড়ীর বৈষ্ণব-সম্প্রদায় হইতে পরিত্যাদ্য। আর এক কায়স্থ পাপী নাম বিষ্ণু-দাস। আপন ঐশ্বর্য বঙ্গে করয়ে প্রকাশ ॥ বলে—'আমি রঘুনাথ বৈকুণ্ঠ হইতে। জগৎউদ্ধারার্থ উপস্থিত অবনীতে ॥ হনুমান অঙ্গদাদি যত কপীন্ত্রগণ। সকল আমার ভক্ত জানে সর্বজন॥' নানা ছলে লোক নষ্ট করে ত্রাচার। 'কপীক্র' বলিয়া নাম হইল তাহার। সেই কপীন্ত্র

হৈলা মহাপ্রভুর ত্যাজ্য। মহা-

প্রভুর ভক্তগণের হইল অগ্রাহা।

(প্রেম ২৪) স্বমত রচিয়া সে পাপিষ্ঠ তুরাচার। কহয়ে কবীন্দ্র, বঙ্গদেশেতে প্রচার॥ কেহ কহে রাচদেশে এক বিপ্রাধম। মলিক থেয়াতি, হুষ্ট নাহি তার সম॥ সে পাপিষ্ঠ আপনাকে 'গোপাল' কহায় 1 প্রকাশি রাক্ষ্স-মায়া লোকেরে ভ**াডা**য় ॥

* এই বিষ্ণাদ আচাৰ্য 'দীভাগুণকদম্ম'-নামক এন্থ প্রবায়ন করেন বলিরা দারভালা মিথিলা কলেজের অধ্যাপক গ্রীহারীকেশ বেদান্তশান্ত্রীর মতা তিনি আরও বলেন যে এই বিঞ্দাস শ্রীণাদ মাধবেক্ত পুরীর পূৰ্বাজ্ঞমের সন্তান ।

(ভক্তি ১৪/১৬৫--১৬৮) বিষ্ণুদাস কবিরাজ—বৈগ্য। কুমার-নগরে শ্রীপাট। শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্যা

আর শাখা বিফুদাস কবিরাজ। বৈভবংশ-তিলক, বাস কুমারনগর॥ (প্রেম ২০)

বিষ্ণুদাস পূজারী –পূর্বে মণিপুর-বাদী, পরে রাজপুতানায় ঘাটতে (জয়পুরে) শ্রীগোবিন্দজীউর পূজারী 'ছিলেন। 'শ্রীগোবিন্দার্চনচন্দ্রিকা' নামে শ্রীহরিভক্তিবিলাসের অমুরূপ এক বিরাট ধোড়শোলাসাত্মক শ্বতি-প্রস্থের রচয়িতা। বেক্ষটেশ্বর (মুম্বই)-প্রেস হইতে মৃদ্রিত।

বিষ্ণুপুরী-শ্রীচৈতন্ত - প্রেমকল্লতক্রর যে ় নয়জন মূলস্বরূপ ছिलেन, जग्नारशे हैनि এक कन।

বিষ্ণুপুরী, কেশবপুরী, পুরী কৃষ্ণানন। (চৈ° চ° আদি ৯।১৪) ইনি 'বিষ্ণুভক্তিরত্নাবলী'-নামক

গ্রন্থ রচনা করিয়াছেন। ভক্তমাল (১৩শ) ইঁহার জীবন-প্রদঙ্গ বিবৃত করিয়াছে। প্রভাবলীতে (১,১০) তৎকৃত শ্লোকদ্বয় সমান্তত হইয়াছে।

বিঞ্চপ্রিয়া—শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্যা। রাজা চাঁদ রায় ও সন্তোষ রাষের মাতা এবং রাঘবেন্দ্র রাষের

গৃহিণী।

তাঁহার ঘরণী হয়, নাম বিষ্ণু-প্রিয়া। তাঁহারে করিলা শিষ্যা সদয় হইয়া ॥ (প্রেম ২০)

২ জীনরোত্তম ঠাকুরের শিষ্যা। চক্রবর্তির কলা। গঙ্গানারায়ণ ইনি পিতার নিকট দীকা লন। মাতার নাম-নারায়ণী দেবী। ইনি

শ্রীরাধাকুণ্ডে বাস করিয়াছিলেন। শ্রীচক্রবৃত্তির পত্নী নাম মহামায়া। জগৎবিদিতা বিষ্ণুপ্রিয়ার জননী॥

বিষ্ণুপ্রিয়া কন্সা ক্লফপ্রিয়া ভক্তিরাশি। শ্রীরাধানুগুরীতা যে রাধাকুগুবাসী॥

(नरता ३२) বিষ্ণুপ্রিয়া দেবী—শ্রীশ্রীগোরস্করর দিতীয়া পদ্ধী। পূর্বের ভূশক্তি ও

সত্যভামা। [গৌ°গ° ৪৮] তুর্গাদাস মিশ্র

সনাতন মিশ্র কালীদাস মিশ্র বিফুপ্রিয়া মাধৰ আচাৰ্য

ষাদৰ আচাৰ্য

িমতান্তরে—ছর্গাদাস মিশ্রের ক্তা বিফুপ্রিয়া এবং পুত্র যাদব মিশ্র, যাদবের পুত্র-মাধব]। প্রেমবিলাস-মতে যাদবাচার্য বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণীর নিকট দীক্ষা গ্রহণ করত এগোরাঙ্গ-মৃত্তির সেবা করেন। যাদবাচার্যের 'বিফুপ্রিয়া-পরিবার'

বংশধরগণ

বলিয়া কথিত।

বিষ্ণুপ্রিয়ার আশৈশব আচরণ— প্রত্যহ তিনবার গঙ্গামান, পিতৃ-মাতৃ-বিষ্ণুভক্তিমতী, শচীমাতার আশীর্বাদ-লাভ (চৈভা আদি ১৫।৪৬—৪৮)। কাশীনাথ পণ্ডিতের ঘটকছে বিফু-প্রিয়া-বিশ্বজরের বিবাহাদি (@ चापि २६।८৯--२>৪)। मन्नाम-শ্রবণে প্রিয়াজির অবস্থাদি ও বিশ্বন্থরের সাম্বনা (চৈম মধ্য ১২। >-80)1

জগদানন্দ-মুখে মহাপ্রস্থ বিষ্ণু-প্রিয়ার বার্তা শুনিতেছেন—(অদ্বৈত-প্রকাশ ২১) প্রত্যন্থ প্রত্যুবে শচী-

মাতাসহ গলামান, সারাদিন গৃহ मर्राष्ट्रे शांकन, ठल्लपूर्य भूथ पार्थ না; ভক্তবুন্দ প্রসাদ পাইতে গেলে শ্রীচরণ-ব্যতীত মুখ দেখিতে পায় না, তাঁহার কণ্ঠধ্বনি কেহ ওনেনা। মানমুখ, সদা অশ্রুপাত, শচীমাতার

পাইয়া জীবনধারণ. অবসরকালে বিরলে নামকীর্ত্তন-মহারুচি—গৌরের হরিনামামুতে চিত্রপট নির্মাণ করত প্রেমভক্তি-

ত্মগেবন-গোরপদে আত্মসমর্পণাদি অনম্ভ গুণ প্রিয়াজীতে বর্ত্তমান। প্রেমভক্তি-স্বরূপিণী দেবী বিষ্ণু-প্রিয়ায় অতিমন্ত্য সহধ্মিণীর আদর্শ

প্ৰতিষ্ঠাপূৰ্বক নিভূতে

—'তৃণাদপি স্থনীচ' শ্লোকে শ্রীপ্রস্থ-মুখে উচ্চারিত সহিষ্ণুতার আদর্শ—

প্রোষিতভর্ম্বকা নারীর কর্ত্তব্যতার জনস্ত আদর্শ প্রভৃতি প্রকটিত হইয়াছে। অহো! দেবী বিষ্ণুপ্রিয়া শ্রীগোরত্বনরের বক্ষো-

বিলাসিনী হইয়াও কথনও সজোগ-বাদের প্রশ্রয় দেন নাই। শিক্ষাষ্টকের প্রতি শ্লোকই কি এই দেবীতে মৃত্তিমান আদর্শ হইয়া বিরাজমান ছিল !! ভক্তিরত্বাকর চতুর্থ তরঙ্গ-

প্রিয়ার দৈনন্দিন চরিত্র— 'প্রভুর বিচ্ছেদে নিদ্রা তেজিল নেত্রেতে। কদাচিৎ নিদ্রা হইলে শয়ন ভূমিতে॥ কনক জিনিয়া অঙ্গ সে অতি মলিন। ক্বঞ্চ চতুর্দশীর

মতে (৪৮-৫২) বিরহিণী বিষ্ণ-

প্রায় হৈল অতিক্ষীণ॥ হরিনাম সংখ্যাপূর্ণ তত্ত্বে করয়। সে তত্ত্ব পাক করি' প্রভুকে অর্পয়। তাহারই কিঞ্চিনাত্র করয়ে ভক্ষণ। কেছ না

জানয়ে কেন রাখায়ে জীবন ॥'

শ্রীনিবাস আচার্যের প্রতি কুপা-বিস্তার করিবার জন্ম শ্রীমন্মহাপ্রত্বর

স্বপ্নাদেশ (ভক্তি 8120-06)1 শ্রীনিবাসের মন্তকে বাৎসন্যান্থগ্রহে

শ্রীচরণদানাদি (ঐ ৪।৪৪—৪৬)! প্রেমবিলাস (৫) খ্রীবিফুপ্রিয়ার নাম-

কাহিনী ৰলিতেছেন-'ঈশরীর নাম-গ্রহণ শুন ভাই সব।

যে কথা শ্রবণে লীলার হয় অহভব॥

নবীন মৃৎভাজন আনে ছুই পাশে ধরি। এক শৃত্ত পাত্র আর পাত্রে

তত্ত্বল ভরি॥ একবার জপে ধোল নাম বৃত্তিশ অক্ষর। এক তঞ্চুল

রাখেন পাত্রে আনন্দ-অন্তর॥ তৃতীয় প্রহর পর্যন্ত লয়েন হরিনাম। তাতে

যে তণ্ডুল হয়, লৈয়া পাকে যান॥

সেই সে তণ্ডুল মাত্র রন্ধন করিয়া। ভক্ষণ করান প্রভূকে অশ্রযুক্ত হৈয়া॥ রাত্রিদিন হরিনাম প্রভুর সংখ্যা

যত। সে চেষ্টা বুঝিতে নারি, বুদ্ধি অতিহত॥ এভুর প্রেয়সী থেঁছো তাঁহার কি কথা। দিবানিশি হরিনাম

লয়েন সর্বথা॥ তাঁহার অসাধ্য কিবা নামে এত আতি।

শক্তি॥ বিহারীদাস বৈরাগী—শ্রীনরোত্তম

লয়েন তাছে রোপণ করেন প্রভুর

ঠাকুরের শিষ্য। বিহারী দাস বৈরাগী আর

গোকুলানন্দ ॥ (প্রেম ২০) জয় বিহারী দাস বৈরাগী ঠাকুর। আত অকিঞ্ন বেশ, চরিত্র মধুর॥

(নরো ১২)

বিহারীলাল গোস্বামী-ভাজন-ঘাটের স্থনামধন্ত শ্রীকামুঠাকুরের বংশধর। 'শ্রীশ্রীকান্তত্ত্বনির্ণয়'-প্রণেতা।

বীরচন্দ্র গোস্বামী—শ্রীনিত্যানন্দ-পুত্র [প্রথম খণ্ড ৭৩৯ পৃষ্ঠার দ্রন্থব্য]। ২ শ্রীনিত্যানন্দ-বংশ্য মাড়োগ্রাম-

বাসী প্রীরঘূনন্দন গোস্বামির বৈমাত্রের প্রাতা। ইনি প্রীগোপালচম্পু ও প্রভাবলীর টীকা করিয়াছেন (১৮০০ শকানা)।

বীর দর্পনারায়ণ—কাছাড়ের রাজা, ইনি ১৫৫৩ শকে দশাবতার মৃত্তি চিহ্নিত করিয়া এক শঙ্খ নির্মাণ করাইয়াছেন।

বীরভদ্র—গ্রীগ্রামানন্দ-প্রভুর শিষ্য।
বীরভদ্র, রাধামোহন, শাখা
হলধর॥ (প্রেম ২০)
বীরভদ্র গোস্বামী—'বীরচন্দ্র' ও
'জগৎহল'ভ' নামেও খ্যাত।
শ্রীশ্রীনিত্যানন্দ-প্রভুর পুত্র। বস্থধা
দেবীর গর্ভে অগ্রহায়ণী শুক্লা চতুর্দশী
তিথিতে আবির্ভাব। প্রোজিশায়ী,
নিশঠ ও উল্লাক্ত। [গ্রোণ গণ্ড ৬৭]।
বীরভন্ত

ব্যাপীজনবল্লভ রামকৃষ্ণ রামচন্দ্র কভা ভ্বনমোহিনী

(স্বামী পার্বতীনাপ, ফুলিয়ার মুখ্টি)
কেহ বীরভন্ত কহে, কেহ বীরচন্ত্র॥
(ভক্তি ৯।৪২০)

শ্রীরভদ্র গোঁদাঞি স্কল্প-সম
শাখা। তাঁর উপশাখা যত অসংখ্য
তার লেখা॥ (চৈ ° চ ° আদি ১১৮)
বীরভদ্রের পদ্দী—শ্রীমতী ও
শ্রীনারায়ণী। ইনি মা জাহ্বার
মন্ত্রশিষ্য। শ্রীরামচন্দ্র খড়দহে বাস
ভরেন—ইছার বংশধ্রগণ বৃক্লাবন

নবদীপ, খডদহ, কলিকাতা, ঢাকা, বুতনি, উদ্ধারণপুর, সপ্তগ্রাম প্রভৃতি শ্রীরামক্রফ গ্রামে বাস করেন। বাস করেন—ইহার যালদহে বংশধরগণ বুন্দাবন, গ্রেশপুর, সোদ-পুর, কানাইডাঙ্গা, গোরাবাজার, মাড়ো প্রভৃতি স্থানে বাস করেন। শ্রীগোপীজনবন্নভ লতায় বাস করেন—ইহার বংশধরগণ লতাদহ, নৃপুরবল্লভপুর, বাঁকুড়া জেলার পুরুণিয়া, কোদলা, মোক্তারপুর, আগরতলা ও যশোহর প্রভৃতি স্থানে বাস করেন। প্রীরামচন্দ্রের পুত্র-রামদেব, কৃষ্ণদেব, রাধামাধ্ব ও বিফুদেব। রাধামাধবের পুত-গোপীকান্ত, রাঘব, রাজেন্দ্র, যাদব ও বলরাম। রাজেলের পুত্র হরি-গোবিন্দ খড়দহ হইতে ঢাকা জেলার বুতনি গ্রামে বাস করেন। হরি-গোবিদের পুত্র-সর্বেখর, বঙ্গেখর ও নন্দেশ্বর। সর্বেশ্বরের তিন পুত্র— লক্ষীকান্ত, গোপীকৃষ্ণ ও রতন কৃষ্ণ। লক্ষীকান্তের পুত্র—ক্বফ্টকিশোর, ক্বফকি শোরের পুত্র—চক্রমোহন, অলোকমোহন প্রভৃতি। চন্দ্রমোহনের পুত্র—নিত্যানন্দ, তাঁহার পুত্র গোরা-চাঁদ। অলোকমোহনের পুত্র— কুষ্মগোপাল ও প্রাণগোপাল। ২ সমগ্র দাদশ-স্করাত্মক শ্রীমস্তাগ-

ক্ষংগোপাল ও প্রাণগোপাল।

২ সমগ্র দাদশ-স্কলাত্মক শ্রীমন্তাগবতের মর্মান্থবাদক, এই গ্রন্থ ১২৬৫
সালে প্রথম ভাগ (প্রথম হইতে
নবম স্কল্ধ) এবং ১২৬৮ সালে দিতীয়
ভাগ (দশম হইতে দাদশ) মুদ্রিত
হইয়াছে।

বীরবর দেউ—শ্রীরসিকানন্দ-শিষ্য। রি° ম° পশ্চিম ১৪।১৫৯]। বীরবল্লভ—পদকর্ত্তা, পদকল্পতকর
২৮৬৮ সংখ্যক পদ।
বীর হাম্বীর—বাকুড়া জেলার বনবিষ্ণুপ্রের রাজা। শ্রীনিবাস আচার্যের
শিব্য। শ্রীজীবগোস্বামি-প্রদন্ত নাম—
'শ্রীচৈতত্যদাস'। পত্নীর নাম—
ত্বলক্ষণা। পুত্রের নাম—ধীরহামীর
বা ধাড়িধাখীর।

ইনি পূর্বে বড়ই অত্যাচারী ছিলেন—

ঐতে মুঠ রাজা নাই ভারত-ভূমিতে। কেহ না পারয়ে এ পাপীরে দণ্ড দিতে॥ (ভক্তি ৭।৬১) শ্রীবীর হামীর রাজা বনবিফুপুরে।

(ভক্তি ৯া৫)

প্রীন্ধীবগোষামী হইলা প্রসর
তোমারে। 'প্রীচৈতত্যদাস' নাম
পূর্হল তোমার॥ (ঐ ১।২৬৫—৬৬)

ইনি শ্রীকালাচাঁদ বিগ্রহ প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠাকার্য শ্রীনিবাসপ্রভূই করিয়াছিলেন।

হৈল বীরহাম্বীরের প্রম উল্লাস।

শ্রীকালাচাঁদের সেবা করিলা প্রকাশ।

(ঐ ২৭৩)

রাজা বীরহাদীরের রাণী ত্মলক্ষণা॥
আচার্য প্রত্নরে কত করিলা প্রার্থনা॥
আচার্য প্রশন্ন হইয়া দীক্ষামন্ত্র দিলা।
পাইয়া যুগল-মন্ত্র রাণী হর্ষ হৈলা॥
(ভক্তি নাং ৭০)

পদাবলী-সাহিত্যে ইঁহার রচিত ছুইটি পদ পাওয়া যায়।

(কর্ণা ১৯ পৃ:)

রু**ন্দাবভী**—শ্রীরসিকানন্দের ক**ন্সা।** (র° ম° পূর্ব ১।১২১)

বন্দো বৃন্দাবতী সতী রসিকনন্দিনী। নম্রশীলা ধৈর্য ধার জগতে বাধানি॥ वृक्षावडी पाजी—उँ९क नीय देवस्व-महिना। इनि ১৬২১ 'পূর্ণতমচন্দ্রোদয়'-নামে এক গ্রন্থ রচনা করেন। বৃন্দাবন-- এরিসকানন-শিষ্য 13 বংশীর নন্দন।

্র° ম° পশ্চিম ১৪।১৩৮] वृक्तावन आहार्य-('वृक्तावनवल्लखं এবং 'বুন্দাবনচন্দ্ৰ' নামেও খ্যাত) শ্রীনিবাসপ্রভুর জ্যেষ্ঠ পুত্র ও শিষ্য। পত্নীর নাম—সত্যভাষা দেবী।

নাম। তাঁহারে করিলা দয়া প্রভু (কণ্ ১) গুণধাম ॥ শ্রীজীবগোম্বামিপাদ ইঁহার নাম-করণ করিয়াছিলেন এবং পত্রধারা প্রায়ই তাঁহার সংবাদ লইতেন।

জ্যেষ্ঠ পুত্র বৃন্দাবন আচার্য হয়

শ্ৰীজীব গোস্বামি-দন্ত নাম বৃন্দাবন॥ (নরো ১১)

তেঁহো আচার্যের জ্যেষ্ঠ নন্দন প্রচার॥ পুত্র হ্বামাত্রজে সংবাদ হইল।

শ্ৰীজীবগোসামী হর্ষে এ নাম থুইন। (ভজি ১৪।১৯--২০)

বুন্দাবন কবিরাজ বা বুন্দাবন দাস-শ্রীনিবাস আচার্য শিব্য ৷ ভ্রাতার নাম-বাম্বদেব কবিরাজ।

তবে প্রভু কুপা কৈল বুন্দাবন দাসে। কবিরাজ-খ্যাতি তার জগৎ (কণা ১) প্ৰকাশে ॥ বৃন্দাবন কিশোর—গ্রীরসিকানন প্রভুর শিষ্য।

বুন্দাবন কিশোর সে রসিকের ভূত্য। সগোষ্ঠী-সহিতে বলিলেন কৃষ্ণতত্ত্ব । [র° ম° পশ্চিম ১৪।১২১] | বৃন্দাবন দাস—গ্রীবৃন্দাবনবাসী।

বুন্দাবন চক্রবর্ত্তী—শ্রীনিবাস আচার্যের পুত্রবধূ শ্রীমতী সত্যভামা দেবীর শিষ্য। (কর্ণা ২) ২ এক্রিফদেব সার্বভৌমের শিষ্য। ইনি ত্রীগোবিন্দ-লীলামূতের 'সদানন্দবিধায়িনী' নামে এক প্রাঞ্জল টীকা করেন। ১৭০১ শকাব্দায় শ্রীরন্দাবনে টীকা সমাপ্ত হয়। টীকা রভে এযুগলকিশোর, এক্সফদেবাদি গুরুগণ, নিত্যানন্দাদি প্রভুগণ ও গৌরগণকে এবং শ্রীরূপসনাতন ও শ্রীকবিরাজ গোস্বামিপ্রভূকে বন্দনাদি

করিয়'ছেন। টীকাটি পাণ্ডিত্যপূর্ণ অথচ সংক্ষিপ্ত; একাদশ, বোড়শ ও সপ্তদশ সর্গের চীকায় যে

ভাৰে তিনি অলঙ্কারের বিচার

করিয়াছেন, তাহাতেই তাঁহার শক্ত-যথেষ্ঠ শাস্ত্রপারজমত্বের পাওয়া যায়। দ্বাবিংশ ও ত্রয়োবিংশ

পতীমধ্যে 'বুক্লাবন দাস'-নাম থার। সর্গের টীকায় স্থর, তাল, মানাদির যে বিবৃতি দিয়াছেন,

> তাহাতেও বুঝা মায় যে টীকাকার সঙ্গীতশাস্ত্রেও পারদর্শী ছিলেন।

বৃন্দাবন চট্টরাজ-এনিবাস আচার্য প্রভুর শিষ্য। শ্রীপাট-কাঞ্চন-গডিয়া।

প্রভুর পরম প্রিয় সেবক-প্রধান। বুন্দাবন চট্টরাজ প্রিয়ভূত্য-প্রাণ॥ কি কহিব ইহা স্বার ভজন-প্রস্প। কহিতে বাড়য়ে চিত্তে ত্মথান্ধি-তরঙ্গ। (ক্ৰা ১)

বৃন্দাবন চক্র—গ্রীলগোপালভট্টের শিষ্য। হরিবংশ গোস্বামির কনিষ্ঠ পুত্র। প্রীবৃন্দাবনের শ্রীশ্রীরাধাবল্লভ (প্রেম ১৮) জীউর সেবক।

শ্রীনিবাস আচার্যের শিষা। বৃন্দাবনবাসী হয় মহাস্থারাশি। বুন্দাবন দাস নাম মহা গুণরাশি॥ তাহারে করিলা দয়া প্রভু গুণনিধি। তার গুণ কি কহিব মুঞি হীনবুদ্ধি॥ (কর্ণা ১)

২ ব্ৰজবাসী গৌড়ীয় বৈষ্ণব। ইনি ব্ৰজভাষায় বিলাপ-কুত্মাঞ্জলি, প্রেমভক্তিচন্দ্রিক। ও বৈষ্ণবাভিধান (বৈঞ্ব-বন্দনার) প্রভৃতির অমুবাদ করিয়াছেন। সর্বত্র দোহা, উপদোহা, সোরঠা, চৌপাই প্রভৃতি **ছন্দঃ** বিজ্ঞমান ৷ ১৮১৩ সম্বতে ইহাদের

 শ্রীনিবাস আচার্যের পুত্র শ্রীগতিগোবিন্দের শিষ্য। পিতার নাম-প্রসাদ বিশ্বাস।

প্রসাদ-বিখাস-পুত্র বৃন্দাবন দাস। প্রভূপদে নিষ্ঠা রতি পরম বিশ্বাস॥ (কণ্হ)

8 প্রীরসিকানন্দ-শিষ্য রি° ম° পশ্চিম ১৪।১২৩,১৪৬]

বৃন্দাবন দাস ঠাকুর--পূর্বলীলায় বেদব্যাস [গো° গ° ১০৯]। প্রশিদ্ধ 'ক্রীচৈতক্তভাগবত' গ্রন্থ-রচয়িতা। পিতার নাম— বৈকুণ্ঠনাথ বিপ্র। দেবী। নাম— নারায়ণী নারায়ণী শ্রীবাস পণ্ডিতের জ্যেষ্ঠ কহা। নলিন পণ্ডিতের ভাতা দেহড় শ্রীপাট—বর্জমান জেলার গ্রামে। বুন্দাবন দাস ৫ বৎসর বয়:-ক্রমকালে মাতৃসঙ্গে মামগাছি প্রামে থাকিতেন; কিন্তু তাঁহার জন্মভূমি-

হালিসহর নতিগ্রামে নারায়ণী-ছত। ঠাকুর বৃন্ধাবন নাম ছুবন-

कुमात्रहर्षे वा शालिमहरत् ।

বিখ্যাত ॥ নতিগ্রামে জন্মস্থান, স্থিতি দেন্দুড়াতে । শ্রীচৈতগুভাগবত কৈল প্রচারিতে ॥ (পা°প°) বন্ধাবন দাস—নারায়ণীর নন্দন।

বুন্দাবন দাস ঠাকুর

বৃন্ধবিন দাস—নারায়ণীর নন্দন।
'চৈতন্তামঙ্গল' বেঁহো করিলা বচন॥
(চৈ° চ° আদি ১১।৫৪)

কুমারহট্টবাসী বিপ্র বৈকুণ্ঠদাস

যিহোঁ। তাঁর সহিত নারায়ণার

হইল বিবাহ ॥ তাঁর গর্ডে জনমিলা—

বুন্দাবন দাস। বুন্দাবন দাস যবে

আছিলেন গর্ডে। তাঁর পিতা
বৈকুণ্ঠদাস চলিলেন স্বর্গে॥ ভ্রাতৃ
কল্যা গর্ভবতী পিতৃ-হীনা দেখি।

আনিয়া শ্রীবাস নিজগৃহে দিলা
রাখি॥ (প্রেম ২৩, ২২২ পঃঃ)

মহাপ্রভুর ভক্ত বাস্থদেব দত্ত— শ্রীবৃন্দাবন দাস ও তাঁহার মাতাকে নিজের দেবালয়ে কিছুদিন প্রম যত্ত্বে রাখিয়াছিলেন। (প্রেম ২৩)

বুন্দাবন দাসের পূর্বপুরুষগণের নিবাস ছিল-শ্রীহট্টে। ১৪২৯ শকে বৈশাখী রক্ষা দাদশীতে ইঁহার জন্ম। ১৪৫৭ শকে প্রীচৈতগুভাগবত রচনা করেন। উক্ত গ্রন্থের নাম প্রথমে শ্রীচৈতক্তমঙ্গল ছিল, পরে শ্রীচৈতক্ত-ভাগৰত হয়। 'শ্ৰীচৈতগচলোদয়' গ্রন্থটি ভাজনঘাটের স্থপ্রসিদ্ধ কবিরাজ প্রীপাদ স্থরেন্দ্রনাথ গোস্বামিনহোদয় ৪৫৫ গৌরাবে মুদ্রাপিত করিয়া-ছেন। 'প্রীনিত্যানন্দপ্রভুর বংশবিস্তার,' 'গোরাঙ্গবিলাস' (পাটবাড়ী পুঁথি বি ৪৭), 'চৈতগুলীলামৃত' (পাট-বাড়ী পুঁথি কা ১৮ ক) ভজন-নিৰ্ণয়, ভক্তিচিন্তামণি প্রভৃতি শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের নামে আরোপিত হইয়াছে। 'শ্রীনিত্যানন্দ-

প্রভোরেশ্বর্যামৃতন্তোত্রটি' ১২৮ শ্লোকে রচিত।

ইনি দেমুড় গ্রামে খ্রীগোরনিতাই বিগ্রহের প্রতিষ্ঠা করিয়াছিলেন। রামহরি-নামক জনৈক কায়স্থ শিষ্যের উপর সেবাভার অর্পণ করিয়া ইনি খ্রীবৃন্দাবনে গমন করেন। গোপীনাথ নামে ইঁহার জনৈক বিশেষ বন্ধুর বিষয় জ্ঞানা যায়।

'চৈত্তহালীলার ব্যাস বুন্দাবন দাস। বুন্দাবন দাস কৈল চৈত্ত্ত-মঙ্গল॥ যাঁহার শ্রবণে নাশে সর্ব চৈত্ত্যনিতাইর যাতে জানিয়ে মহিমা। যাতে জানি কৃষ্ণ-ভক্তি-সিদ্ধান্তের সীমা 🛭 ভাগবতে ভক্তি-সিদ্ধান্তের সার। লিখিয়াছেন ইঁহা জানি করিয়া উদ্ধার॥ 'চৈত্রসমঙ্গল' শুনে যদি পাৰতী যবন। সেহ মহাবৈঞ্চৰ হয় ততক্ষণ ৷ মহুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধরা। বুন্দাবনদাস-মুখে বক্তা শ্রীচৈত্ত ॥ বুন্দাবন দাস-পদে কোটি নমস্বার। ঐছে গ্রন্থ তেঁহো তারিলা সংসার॥ নারায়ণী—হৈতক্সের উচ্ছিষ্ট-ভাজন। তাঁর গর্ভে জন্মিলা শ্রীদাস বুন্দাবন॥' (देठ° ठ° व्यापि ४।७8—85)

ইনি শ্রীনিত্যানন্দ প্রভুর মন্ত্রশিষ্য।
১৫১১ শকে ইংগার অন্তর্গান হয়
বিলিয়া কেহ কেহ বলেন।

বৃন্দাবন বল্লভ—গ্রীআচার্য প্রভূর জ্যেষ্ঠ পূত্র। (বৃন্দাবন আচার্য জ্রষ্টব্য)।

বৃন্দাবনবাসী বৈষ্ণব—নাম অজ্ঞাত।

একদিবস

শ্রীবন্দাবনে

শীলাচিস্তারসে

মগ্র

আছেন; তিনি দেখিতেছেন— স্থীগণ শ্রীমতী রাধিকার বেশ রচনা করিতেছেন। সেই সময়ে শ্রীমতীর বসন আলুথালুভাবে বিক্লিপ্ত ছিল। পরে বেণী-বন্ধন হইলে স্থীগণ দর্পণ আনিয়া তাঁহার মুখকমল নিরীক্ষণ করিতে দিলেন। ওদিকে রসিক-শিরোমণি প্রীক্ষচন্দ্র গোপনে শ্রীমতীর পশ্চাতে লুকাইয়া তাঁহার রূপরাশি দর্শন করিতেছিলেন: কিন্তু দর্পণে শ্রীমতী রাধা নিজের মুখকমল দেখিতে উন্তত হইলে. প্রীক্ষের প্রতিবিম্ব তাহাতে পতিত হইল। শ্রীমতী লজ্জিত হইয়া ভাডাভাডি বসনে সর্বাঙ্গ আচ্ছাদন করিতে গেলে স্থীগণমধ্যে উচ্চহাস্থ প্রভিয়া গেল। *শ্রীরূপগোস্বামিপ্রভৃও* नीनार्तर न হান্ত করিলেন। ঠিক সেই সময়ে বুন্দাবনবাগী বৈষ্ণৰ ঠাকুর শ্রীরূপগোস্বামিকে দর্শন করিবার জন্ম উৎকণ্ডিত চিত্তে আগমন করেন. কিন্তু শ্রীরূপের ঐরূপ উচ্চহাস্থ দেখিয়া তিনি মনে করিলেন যে তাঁহাকে দেখিয়াই শ্রীরূপ বিজ্ঞপ করিয়া হাস্থ করিলেন। এজন্ত ক্ষুধ-মনে তিনি শ্রীগনাতন গোস্বামি-পাদের নিকটে গিয়া-

বৈষ্ণব কহমে—গেছ প্রীক্ষপে
দেখিতে। আমারে দেখিয়া তেঁহো
লাগিলা হাসিতে॥ মনোছ:খী
হৈয়া তারে কিছু না কহিছ়। না
ব্বি কারণ কিছু জিজ্ঞাসিতে
আইছু॥ [ভক্তি ৫।৩৮১৪—১৫]
সর্বতত্ত্বক্ত শ্রীসনাতন গোস্বামিপ্রভূ
বৈষ্ণব ঠাকুরের বাক্যদারা প্রকৃত

ব্যাপার বুঝিলেন ও বৈষ্ণবকে

বুঝাইয়া দিলেন। তিনি একপের উপরে বুথা দোষারোপ করিয়াছেন বলিয়া অতীব চিন্তিত হইলেন।

এদিকে দর্শনপ্রার্থী বৈষ্ণবঠাকুর কুণ্ণমনে চলিয়া যাইবার পর হইতে শ্রীক্সপের আর লীলার স্ফুর্তি হইল না, ধ্যানভঙ্গ হইলে তিনি কারণ করিতে লাগিলেন। অহুসন্ধান তিনি ভাবিলেন যে সম্ভবতঃ কোনও বৈষ্ণৰ আসিয়া ছঃখ পাইয়া চলিয়া গিয়াচেন। পরে <u> প্রী</u>সনাতন গোস্থামিপাদের নিকট গমন করিয়া তিনি ব্যাপার শুনিলেন। উক্ত বৈষ্ণব তাঁহার চরণে ধরিয়া ক্রন্সন করিতে লাগিলেন শ্রীরূপও ভূমিতে পড়িয়া তাঁহার নিকট স্বীয় অপরাধের চাহিতে লাগিলেন। অতএব--

देवश्वदात द्यायपुर्छ इत्व मावधान। নিরস্তর করিবে বৈষ্ণবের গুণগান॥ পূর্ব পূর্ব ভাগবতগণ এই কথা কয়। বৈষ্ণবের ক্রিয়া মুদ্রা বিজে না বুঝায়॥ (ভক্তি ১০৮১৩-৩৪)

ঠাকুরাণী-- এনিবাস वृन्मावनी আচার্যের শাখা।

বুন্দাবনী ঠাকুরাণী সেবক তাঁহার॥ (কণা২)

বেষ্ণটাচার্য—(হ **गि**) >6164 <u> এীবৈষ্ণবসম্প্রদায়ের</u> শ্ৰুতিস্মৃতি-বিশারদ মুখ্যতম পণ্ডিত বেদান্ত-मिकाठाय। >२७৮ थुः কাঞ্চীর নিকটবর্তী এক গ্রামে ইনি জন্মগ্রহণ করেন এবং পরিব্রাজকরূপে ভারতের তীর্থে তীর্থে ভ্রমণ করেন। আদর্শচরিত্রে. অভূতপূর্ব পাণ্ডিত্য-প্রতিভায় এবং অবৈতবাদের

নিরসনে ইনি প্রীসম্প্রদায়কে জয়প্রী-মণ্ডিত করিয়াছেন। ইনি শ্রীভাষ্যের উপর 'তত্তীকা' রচনা করেন। ইহার সময়ে আলাউদ্দীনের সেনাপতি

মালিক কাফুর (>0>. দাক্ষিণাত্য আক্রমণ করেন। ১৩২৬ খুঃ মুদলমানগণ শ্রীরন্ধমে প্রবেশ করত নগরী ও মন্দির লুগন করিতে থাকে। বেদান্তদেশিক বেকটাচার্য তখন শ্রীরঙ্গনাথকে লোকাচার্যের

তিরূপতিতে বনপথে সাহাযো স্থানাম্ভরিত করেন এবং শ্রীস্থদর্শনা-চার্যের শ্রুত প্রকাশিকাটীকা ও তাঁহার (শ্রীত্মদর্শন স্থরির) তুই পুত্রসহ যাদবান্তিতে গমন করেন। পরে গোপ্তনার্য-নামক জনৈক পরাক্রমী গ্রীবৈষ্ণব-ব্রাহ্মণ শাসন-কর্তার

শ্রীরঙ্গনাথকে আবার ১৩১১ খু: শীরঙ্গমে প্রতিষ্ঠিত করেন। বৎশরেই ইনি এীবৈকুণ্ঠলাভ করেন। শ্রীসম্প্রদায়ের বহু গ্রন্থ ইনি রচনা

করিয়াছেন—তন্মধ্যে 'শতদূষণী' গ্রন্থে

সহায়তায় য্বনগণকে দলনপূর্বক

ইনি শঙ্কর-মায়াবাদের বিরুদ্ধে শত-প্রকার দোষ দেখাইয়াছেন-প্রীজীব-প্রভু সংক্ষেপ বৈষ্ণবতোষণীতে (১০। ৮৭।২) এই প্রস্থের নামতঃ উল্লেখ

করিয়াছেন। বেচারাম ভদ্র— শ্রীনরোত্তম ঠাকুরের

শিষা ৷ বেচারাম ভন্ত আর রামচন্দ্রায়।

তাহারে করিলা দয়া ঠাকুর মহাশয়॥ (প্রেম ২০)

কিন্তু নরোত্তমবিলাদে 'বোঁচারাম ভদ্ৰ' লিখিত আছে। জয় বোঁচারাম ভক্ত আর রামভক্ত

রায়। তাহারে করিলা দয়া ঠাকুর (नरङ्ग ३२) মহাশ্যু ॥ বেঝা গুপ্ত-মুরারি গুপ্ত [চৈ° ম° ৫২ পঃ. ৩৯৩]

বেতালভটু বা বেতাল সিংহ— ইনি ভট্ট বা ভাট ব্ৰাহ্মণ ছিলেন। সহিত **শ্রীবিষ্ণুপ্রিয়া**র মহাপ্রভুর বিবাহের সময় ইনি ভবগান করিয়া-ছিলেন। (জয়া— চৈতভামঙ্গল) **বেদগর্ভ**—অভিরামদাসের 'পাট-

পুৰ্বটন' মতে इ नि প্রীঅভিরাম গোসামিপাদের শিষা। কৈয়ড গ্রামে গ্রীপাট। কৈয়ড় গ্রাম বর্দ্ধমান জেলায়।

কৈয়ভ গ্রামেতে বেদগর্ভ পরকাশ।। [প1° প°] . **বৈকুণ্ঠ দাস**—গ্রীরসিকানন প্রভুর

শিষা ৷ हिब्बनी-मण्डल रेवकूर्थ মহাশয়। রসিকেন্দ্র চূড়ামণি যাঁহার হৃদয়॥ শত শত সাধুসেবা করে নিরস্তর। আপনা বিকাঞা সাধু সেবে দুচতর॥

্র° ম° পশ্চিম ১৪।১২৯—১৩•] **বৈকুণ্ঠদাস বিপ্র—**কুমারহট্ট বা হালিসহরে- প্রীপাট। গ্রীচৈতগুভাগবত-কার শ্রীবুক্ষাবন-

দাসের পিতা। শ্রীবাস পণ্ডিতের জ্যেষ্ঠ ভ্রাতা নলিন পণ্ডিতের কন্সা নারায়ণী দেবীকে ইনি বিবাহ করেন। বুন্দাবনদাস যখন নারায়ণীর গর্ভে, তখন ইনি স্বধামে গমন করেন।

কুমারহট্টবাসী বিপ্র বৈকুণ্ঠ দাস যিহোঁ। তাঁর সহিত নারায়ণীর হইল বিবাহ ॥ বুন্ধাবন দাস

আছিলেন গর্ভে। তাঁর পিতা বৈকুণ্ঠ **দাস চলি গেলা স্বর্গে॥** (প্রেম ২০) বৈশ্বনাথ---শ্ৰীঅবৈত-শাখা। বনমালী কবিচন্দ্র আর বৈছানার। ि हे के वानि >२।७०] **বৈস্তানাথ ভঞ্জ**—শ্রীরসিকানন্দ-শিষ্য। রাজগড়বাসী: বারিপদায় 'বডা জগন্নাথদেবের মন্দির-প্রতিষ্ঠাপক। র ম দিকিণ ১২।১৭]

বৈশ্বনাথ মহারাজা—এরসিকানন প্রভুর শিষ্য।

বৈভ্যনাথ মহারাজা বড় মহাজন। कांग्रमटनावादका मुद्द त्रिक-भवन्॥ দেহত্যাগ করিলেন উৎকল-ভুবনে। বুন্দাবনে দেখিলেন সব সাধুগণে॥ [র° ম' পশ্চিম ১৪।৯৪—৯৫] বৈষ্ণ্য বিষ্ণুদাস—গ্রীগৌরভক্ত ও

षिक हतिमान वत्मा देवच विकु-দাস। যাঁর গীত শুনি' প্রভুর অধিক [देवस्थ्य-वस्त्रा] বৈষ্ণবচরণ — শ্রীনরোত্তম ঠাকুরের भिया।

কীর্ত্তনীয়া।

বৈষ্ণ্ৰচরণ শাখা, শিবরাম দাস। (প্রেম ২০) ष्य षय देवस्व वहत्र वित्र छ । मन গৌরচন্দ্র-গুণগানে অমুরক্ত॥

(নরো ১২) বৈষ্ণব চরণ দাস—বৈছ। আদি নাম-গোকুলানন্দ সেন। কাটোয়া সাবডিভিসনের ঝামটপুর হইতে তিন ক্রোশ দূরে টেঞা বৈগ্রপুরে শ্রীপাট। ইনি 'পদকল্পতরু' গ্রন্থের সংগ্রহকর্তা। (১৬৪০।৪৫ শকে) শ্রীনিবাস আচার্য-বংশীয় শ্রীরাধামোহন ঠাকুরের শিষ্য। ইনি সঙ্গীত-

বিশারদ ছিলেন। তিনি যে সব ম্বরে গান করিতেন, তাহার নাম 'টেঞার ছপ বা 'ঢপ'। পদ-কল্লতক্তে ৩১০১টি পদ আছে। বৈষ্ণবদাসের পুত্রের নাম--রাম-গোবিল সেন। রামগোবিদের ছই কুলা। শ্রীপাটে এখনও বৈষ্ণব দাসের ভক্ত দৃষ্ট হয়। **বৈষ্ণব দাস**—শ্রীগদাধর পণ্ডিতের

বন্দেহহং বৈষ্ণবং দাসং শুদ্ধচিত্ত-কলেবরম। বৃন্দাবনেশয়োলীলামূত-স্থি-কলেবরম। [শা° নি° ৪৯] মিশ্র—শ্রীচৈতত্রমঙ্গল-বৈষ্ণব রচয়িতা জয়ানন্দ দাসের আত্মীয় এবং গৌরভক্ত। ইনি ছয় দিন যাবৎ জলস্পর্শ না করিয়া নামরসে উন্মত ছিলেন।

বৈষ্ণবাচার্য—গ্রীগোরভক্ত।

উপশাখা।

শ্রীবৈফ্যবাচার্য মোরে রাখ' তার পাশে। নদীয়ার ভট্টাচার্য কাঁপে যার িনামা ১২০] বৈষ্ণবানন্দ আচার্য-শ্রীনিত্যানন্দ-শাখা। পূর্ব নাম-রঘুনাথ পুরী। আচার্য বৈষ্ণবানন্দ ভক্তি-অধি-কারী 1 পূর্বে নাম ছিল রম্বনাথপুরী॥

(চৈ° চ° আদি ১১।৪২) শ্রীবৈষ্ণবানন রাখ তারে মোর চিতে। মায়েরে আনন্দ থেঁহো দেন নানা মতে॥ [নামা ১২১] বোঁচা রামভজ—শ্রিচাকুর মহাশয়ের শিষা ৷

জয় বোঁচা রামভদ্র পরম কোতৃকী। সর্ব বৈফবের স্থথ যাঁর চেষ্টা দেখি।। (নরে ১২) ব্যাসতীর্থ (১৪৬০—১৫৩৯ খু:) শ্রীমধ্ব হইতে চতুর্দশ অংস্তন ও বিজয়নগর-রাজ ক্ষণে দেবাচার্যের গুরু ছিলেন বলিয়া কথিত। ইনি তর্ক-তাণ্ডব, তাৎপর্যচন্দ্রিকা, স্থায়ামৃত, ভেদোজ্জীবন, খণ্ডনত্রয়-মন্দার-মঞ্জরী, তত্ত্ববিবেকমন্দার-মঞ্জরী প্রভৃতি রচনা করেন এবং শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রত্মর সমসাময়িক তত্ত্বাদাচার্য। এজীব-পাদ তত্ত্বসন্তে ইংহাকে 'বেদবেদার্থ-বিৎশ্রেষ্ঠ' বলিয়া গৌরব-মণ্ডিত করিয়াছেন এবং স্বসম্বাদিনী (পরম) ও সংক্ষেপবৈষ্ণবতোষণীতে (১০1৮৭া২) স্থায়ামূতের নামতঃ উল্লেখ কবিয়াছেন।

ব্যাসাচার্য-শ্রীনিবাস আচার্যের স্বপ্রথম শিষা। বাঁকুড়া জেলার বনবিষ্ণুপুর রাজ্যে এপাট ছিল। ইনি বিষ্ণুপুরের মহারাজা বীর-হামীরের সভা-পণ্ডিত ছিলেন। পদ্মীর নাম-ইন্দুম্থী, পুত্রের নাম-খ্যামদাস চক্রবর্তী। পরে শ্রীনিবাস-প্রভু ইহাকে নিজের পুরোহিত ক্রিয়াছিলেন।

চক্রবর্তী ব্যাসাচার্য—খ্যাতি ভক্তি (ভক্তি ১০|১৩৪) খেতুরীর বিখ্যাত উৎসবে ইনি উপস্থিত থাকিয়া যে স্থানে শ্রীপতি শ্রীনিধি প্রভৃতি মহান্তগণের বাসা হইয়া ছিল, সেই স্থানে তত্ত্বাবধান কবিয়াছিলেন।

শ্রীপতি শ্রীনিধি পণ্ডিতাদি-বাসা ঘরে। করিলেন নিযুক্ত শ্রীব্যাস (নরো ৬) আচার্যেরে॥ ব্যেশ্বট ভট্ট—শ্রীসম্প্রদায়ী বৈঞ্চৰ, প্রিক্সম্বাদী। মহাপ্রভু দক্ষিণদেশ ভ্রমণ করিতে করিতে জ্রীরঙ্গক্ষেত্রে গমন করিলেন।

শ্রীবৈষ্ণৰ এক ব্যেক্কট ভট্ট নাম।
প্রাক্তরে নিমন্ত্রণ কৈল করিয়া সম্মান।
তাঁর ঘরে রহিলা প্রাস্ত্র কথারসে। ভট্ট-সঙ্গে গোঁয়াইলা ম্বথে
চারি মাসে॥ (১৮° চ° মধ্য ৯০৮২,
৮৬)

ব্যেকট ভট প্রথমে শ্রীশ্রীলক্ষ্মী-নারায়ণের উপাসক ছিলেন, পরে কিন্তু প্রভুর উপদেশে শ্রীশ্রীরাধাক্তক্ষের উপাসক হন।

ভট্ট কহে—কাঁহা আমি জীব পামর। কাঁহা তুমি সেই ক্লঞ্চ সাক্ষাৎ দিখর॥ অগাধ দিখর-লীলা কিছুই নাহি জানি। তুমি যেই কহ সেই সত্য করি মানি॥ [১চ° চ° মধ্য ১।১৫৮—১৫৯]

ব্রজমোহন (দিজ)—জীরসিকানন্দ-প্রভুর শিষ্য [র° ম° পশ্চিম ১৪।১১২, ১২৮,১৪৯,১৫০,১৫২]। ২ পদ-কর্ত্তা। (ব-সা-সে)

ব্রজমোহন চট্টরাজ—গ্রীনিবাস আচার্যের পুত্র শ্রীগতিগোবিন্দের শিষ্য। ব্রজমোহন চট্টরাজ তাঁর শিষ্য

আর ॥

(কৰ্ণা২)

ব্রজ রায়—গ্রীনরোত্মঠাকুরের শিষ্য।
ব্রজ রায়, রাধাকৃষ্ণ দাস, কৃষ্ণ
রায়।
(প্রেম ২০)
জয় ব্রজ রায় ভক্তি-রীতি চমৎকার।

প্রাণ দিয়া করে যেঁহো পর-উপকার॥ (নরো ১২)

ব্ৰজ লক্ষ্মীনাথ—'লক্ষীনাথ পণ্ডিত' দেখ।

প্রজানন্দ—পদকর্তা, (পদকরতক্ষ ১২৭ সংখ্যক পদ)। ২—শ্রীরসিকানন্দ প্রভুর প্রথম পুদ্র।

[র° ম° দক্ষিণ ১১।৩৫] ব্রজানন্দ ঠাকুর——মঞ্গভিহির নরনানন্দ ঠাকুরের পৌত্র—বৈঞ্ব-

পদকৰ্তা। ব্ৰ**জানন্দ দাস**—গ্ৰীনিবাস **খাচাৰ্য**

প্রভুৱ শিষ্য। শ্রীমোহন দাস আর ব্রজানন্দ দাস।

প্রস্থাদে নিঠা সদা, অন্তরে উল্লাস ॥ (কণা ১)

36

শক্ষর — জীনিত্যানন্দ-শাখা।
শক্ষর, মুকুন্দ, জ্ঞানদাস, মনোহর ।
(১০° চ° আদি ১১।৫২)
২ জীচৈতন্ত-শাখা। কুলীনগ্রামী।
যত্নাধ, প্রুষোত্তম, শঙ্কর,
বিদ্যানন্দ। (১০° চ° আদি ১০।৮০)

শ্রীশঙ্কর বন্দো বড় অকিঞ্চন রীতি।
ডক্ষের বাজেতে যে প্রভুর কৈল
প্রীতি॥ [বৈঞ্চব-বন্দনা]

াজ্ব দাস—পদক্তা, পদকল্লতক্তে

তিনটা পদ আছে, একটি জ্রীগোর-

বিষয়ক, অন্ত ছুইটি মাথুর।
শক্ষর পণ্ডিত— এইচৈতন্ত-শাখা।
দামোদর পণ্ডিতের ভ্রাতা। পূর্বলীলার ভক্রা।
[গৌ° গ° ১৫৭]

'প্রভু-পাদোপধান'—ঘাঁর নাম বিদিত॥ (চৈ° চ° আদি ১০।৩৩) শ্রীমন্মহাপ্রভুর চরণ-সম্বাহন-সোভাগ্যই ইংলকে বৈষ্ণব জগতে চিরম্মরণীয় করিয়া রাখিয়াছে।

তাঁহার অগ্রজ শাখা শঙ্কর পণ্ডিত।

প্রভূপাদতলে শঙ্কর করেন শয়ন।
প্রভূ তাঁর উপর করেন পাদ-প্রসারণ॥
'প্রভূ-পাদোপধান' বলি' তাঁর নাম
হইল। পূর্বে বিদ্বরে যেন প্রীশুক

সম্বাহন। সুমাঞা পড়েন, তৈছে
করেন শ্রন॥ উঘাড় অঙ্গে পড়িয়া
শঙ্কর নিজা যায়। প্রস্থু উঠি আপন
কাঁথা তাহারে জড়ায়॥ নিরস্তর
ঘুমায় শঙ্কর শীঘ চেতন। বিদি' পাদ
চাপি' করে রাত্রি জাগরণ॥ তাঁর
ভয়ে নারেন প্রস্থু বাহিরে যাইতে।
তাঁর ভয়ে নারেন ভিত্তে মুখাজ
ঘদিতে॥ [১৮ ৪ ত অন্তা ১৯।
৬৮—१৪]
গৌর-পাদ-উপাধান ঠাকুর শঙ্কর॥

'প্রস্থ-পাদোপধান' বলি' তাঁর নাম **শঙ্কর পাগল**— শ্রীঅদ্বৈতপ্রস্থর শিষ্য। হইল। পূর্বে বিছ্রে যেন প্রীশুক ইনি পরে শ্রীঅদ্বৈত-প্রভুর মতাবলম্বী বর্ণিল। শঙ্কর করেন প্রভুর পাদ- না হইয়া জ্ঞানমার্গে প্রবেশ ক্রায়

গৌর-অঙ্গ-গন্ধে মত্ত কর নিরস্থর॥

(নামা ৬৫)

অবৈত-প্রত্নুকর্ত্ব পরিত্যজ্য হয়েন i অবৈত আচার্যের শাখা 'শঙ্কর'-নামেতে। জ্ঞানপথে তার নিষ্ঠা হৈল ভালমতে ৷ অধৈত শঙ্কর প্রতি কহে বারে বারে। 'মনোরথ-সিদ্ধি মুঞি কৈমু এ প্রকারে॥ ছাড় ছাড় পাগল ! নষ্ট হৈলা'। ওরেরে তেহো না ছাড়ে, তাহে অবৈত ত্যাগ देकला॥ महावहिमूच वीख कतिन রোপণ। অন্মে বৃদ্ধি হবে জানিল বিজ্ঞগণ॥ (ভক্তি ২২।১৯৮৫—৮৮) অবৈতপ্রকাশ (২০১৩ পু:) এবং প্রেম ২৪শ বিলাসে এ প্রসঙ্গ আছে। অসমীয় গ্রন্থপত্তে পাওয়া যায়, আসামের নওগাঁয়ের অন্তর্গত বর-দোয়া গ্রামে কুত্বর ভূঞার ঔরসে

তিনি মহেন্দ্রকন্দলীর নিকট সংস্কৃত ভাষা শিক্ষা করেন এবং কিঞ্চিৎ বড় হইলে তাঁহাকে লইয়া তীর্থ-ভ্রমণ উপলক্ষে আগেন। বঙ্গদেশে [...গোরাঙ্গ-দেবক ১৩৩০ সাল ৫৩৯ পৃঃ)। শঙ্করের ঔরসে স্থ্বতীর গর্ভে মন্থ-নামে কন্তা হয়। ১৪৮৯ শকাবে ১১১ বৎসর বয়সে তিনি

সত্যসন্ধার পর্ভে ইনি জাত হন।

শঙ্কর ভট্টাচার্য—ইনি ৰৈদিক শ্রেণীর ব্রাহ্মণ। প্রীপাট—নৈহাটী। এই 'নৈটী'-নামে নৈহ†টী খাত: काटोशात निक्छ। इनि देविक শ্রেণীর ব্রাহ্মণ হইয়াও কায়স্থ-কুলরবি শ্রীনরোত্তম ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করিয়া উাহার শিশ্ম হইয়া-

দেহত্যাগ করেন।

ছিলেন।

আর শাখা বৈদিক ব্রাহ্মণ শঙ্কর ভট্টাচার্য। (প্রেম ২০)

জয় শঙ্কর ভট্টাচার্য নানাগুণে পূর্ণ। পাষভীগণের অহঙ্কার করেন চূর্ণ॥ (নরো ১২) মিশ্র——গ্রীগীতগোবিদের শন্ধর টীকাকার। টীকার নাম—'রসমঞ্জরী'। শঙ্কর বিশ্বাস-শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। পদকর্তা। কৃষ্ণদাস ঠাকুর আর শঙ্কর বিশ্বাস। (প্রেম ২০) জয় বৈষ্ণবের প্রিয় শঙ্কর বিশ্বাস। গৌরগুণ-গানে থেঁহ পরম উল্লাস।। (নরো ১২) শঙ্কানন্দ সরস্বতী—বুন্দাবন হইতে পুরীতে আসিয়া ইনি শ্রীমন্মহাপ্রভুকে গোৰ্দ্ধনেৰ শিলা ও গুঞ্জামালা উপহার দিয়াছিলেন। শ্রীগোরস্থন্দর শরণের কালে গুঞ্জামালা পরিতেন এবং গোবর্দ্ধনশিলাকে হৃদয়ে, নেত্রে, শিরে বা নাগায় লইতেন—অশ্রসিক্ত করিতেন। তিন বৎসর শিলামাল। এই ভাবে সেবা করিয়া মহাপ্রভূ **শ্রীদাসগোস্বামিকে** দিয়াছিলেন। [ৈচ° চ° অস্ত্য ৬/২৮৮—৩০৭] শঙ্করারণ্য-গ্রীচৈতগ্রদেবের অগ্রজ প্রীল বিশ্বরূপের সন্ত্যাসাশ্রমের নাম। ইনি মহাপ্রভুর সন্যাসের বহু পূর্বেই সংসার ত্যাগ করিয়া কাশীতে প্রীক্রম্ব ভারতীর নিকট যোগপট্র লইয়া সন্ন্যাসী হয়েন এবং ভ্রমণ করিতে সন্নিকট করিতে শোলাপুরের পাণ্ডুরঙ্গপুরে (বর্তুমান পণ্টরপুর, যেখানে শ্রীশ্রীবিট্ঠলনাথের মন্দির অবস্থিত) সিদ্ধি প্রাপ্ত হন। মহাপ্রভু

যথন সন্ন্যাস লইয়া ভ্রমণ করিতে

করিতে পাণ্ডারপুরে উপস্থিত হয়েন,

তখন ঐ স্থানে এরিকপুরীর সহিত

প্রভুর সাক্ষাৎ হয় এবং শ্রীরঙ্গপুরী মহাপ্রভুকে শ্রীবিশ্বরূপের গিদ্ধি-প্রাপ্তির কথা বিবৃত করেন। শুনা যায়--ঐস্থানে শঙ্করারণ্যের সমাধি আছে। (टेठ° ভा° भामि १।१७, सर्ग २२।১०७)

শঙ্করারণ্য আচার্য—— গ্রীচৈতগ্র-শাখা ৷ শঙ্করারণ্য আচার্য---- বুক্ষের এক

মুকুন্দ, কাশীনাথ, ক্ত্র-শাখা। উপশাখা লেখা॥ (टेंड° ठ° जामि २०१२०७)

পুরীধামে 'গুভিচা-মার্জন' করিবার পরে ইনি মহাপ্রভুর সঙ্গে পিণ্ডোপরি উপবেশন করিয়া মহাপ্রসাদ ভোজন করিয়াছিলেন।

শঙ্করারণ্য, স্থায়াচার্য, রাঘব, বক্রেশ্বর। পিণ্ডাপরি বসে প্রভু লাঞা এত জন। (চৈ° চ° মধ্য ১২।১৫৭—১৫৮)

ইহার এপাট-বর্তমানে ছগলী জেলার শ্রীরামপুরের নিকটেই চাতরা থামে। চাতরাকে 'চারটা' নামেও বৈষ্ণব-গ্রন্থে উল্লেখ করা হয়।

চারটা বলভপুরে দেবা অমুপাম। ভক্তগণ যে যে ছিলা কহি তার নাম। কাশীশ্বর, শঙ্করারণ্য, শ্রীনাথ পণ্ডিত আর। শ্রীরুদ্র পণ্ডিত আদি বাস (পা° প°) স্বাকার॥ অভাপি চাতরা গ্রামে মহাপ্রভুর

শচী—বেলপুথ্রিয়া-নিবাসী গ্রীনীলাম্বর চক্রবর্তির কন্সা, শ্রীজগন্নাথ মিশ্রের পত্নী এবং শ্রীবিশ্বরূপ ও শ্রীবিশ্বস্তরের (প্রেম[°] ৭) জननी। চক্রবতির ছই পুত্র—যোগেশ্বর ও

যদির আছে।

কলা-শচীদেবী। রত্বগর্ভ, গোরগণোদ্দেণ-(৩৮)-মতে শচীতে ৰশোদা, অদিতি, কৌশল্যা, পুশ্লি ও দেৰকীর প্রবেশ হইয়াছে। বৈঞ্বাচার-দর্শণ-(১৩৪৩ শৃঃ)-মতে বিশ্বেশ্বর চক্রবর্তী চৈতত্ত্বের 'মামা'॥ অষ্ট ক্যার তিরোধানের পরে শচীর উদরে বিশ্বরূপের আবির্ভাব (टेंड चामि २१:०३), औरगीरत्रत थाक्षेत्र (थ >>६--२२६)। বালকোথান-পর্ব, গঙ্গাপূজা, বঞ্চীপূজা প্রভৃতি (ঐ ৪।৩-৮৫), নুপুরধ্বনি-खरण ও সর্বগৃহে চরণচিক্ত দর্শনাদি · (এ tle--৩২): তৈপিকবিপ্রার-ভোজी नियारे (खे बादर, ७१८) : **७गार्**नगीला (के ७१२-५७8): অগ্রন্ধের আহ্বানে অধৈত-গৃহে নিমাইকে প্রেরণ (ঐ ৭108): বিশ্বরূপের সন্মানে বিরহ-ক্রন্সনাদি (ঐ ৭।৭৪—১১৪); বর্জা হাণ্ডীর আসনে নিমাইর উপবেশনাদি (ঐ १।>६>-->>२): नियां हेत्र यटका १-বীত-ধারণাদি (ঐ ৮া৮--২৪); मिश्रायमाद्रत अञ्चर्शान प्रःशिष (ঐ ৮١১০৯-->১৯); গলাপূজার দ্রব্যানয়নে মাতার বিলম্বে নিমাইর क्लाधानि (के b1>29->b2); नियादेव विवादशान्तरयाशानि (अ > । । १९ — > २৮); निमार्टेत वर्गतन दः भीक्षिन- खवगानि ७ क्षेत्रर्ग- नर्गन (क्षे >२।२>8---२ ८६) ; नमी श्रियात অন্তর্ধানে শচীর ছ:খাদি (ঐ >8|>ob->bb); বিষ্ণুপ্রিয়া-পরিণয়াদি (ঐ ১৫।৩৮-১৭।৪০৬); প্রভুর ভাবাবেশ-দর্শনে ব্যাধি বলিয়া शांत्रनामि (थै मधा २।৮৮--०।२००);

গৌরনিতাইর ঐশ্বর্য-দর্শনাদি (ঐ यदा ४।७४-- ३२२, ३०।३५, ५५।७१, ১৮।১৬১, ১৯৭, २०১)। देवसंवालवाध-थखनामि (धे मधु २२।३०-- १५०): প্রভুর সন্ন্যানে শহীদেবীর অবস্থাদি (व मधा २१। २४-६०, २४।६०-६६, অস্ত্য ১৩৮, ৫০, ১৪৬; ২।২৬২, 91552, 20¢; 8125, 508, 555) শাস্তিপুরে আগমনাদি (ঐ অস্ত্য 81२७२, ৫०১, e1>>৮); नवहीरभ নিতাাননের আগমন ও শচীমাতার गहिल भिननापि (थे ब्रस्ता ६। ४२ ५, 21290, 222)1 শ্রীচৈতগ্রচরিতায়তে বিশেষ— একাদশীতে অরভোজন-নিবেধ (চৈচ वाि १८। २०, २३--७०; १७।२२--২৩), রামকেলি-গণে শান্তিপুরে चरिषठ-१८१ हिठ्य-भिनन (धे यश् ১৬/২১০, অস্ত্য ১/১৪); প্রভুর আবির্ভাবাদি (ঐ অস্তা ২।০৪, ৭৯); জগদানন্দ-হন্তে প্রভুদত্ত প্রসাদবস্তাদির প্রাপ্তি (ঐ অন্ত্য ১৯/৫—১৫)। শ্রীচৈতন্তমঙ্গলে বিশেষ—নিমাইকর্ত্তক শচীমাতাকে প্রহার ও নারিকেল-मानामि (टेंडम चामि शर्रने—रेंडर), কুকুরশাবক সহ জীড়ার প্রতিরোধে শচীমাতা (চৈম আদি ২।২৮৩--৩১৭) ৷ লক্ষ্মদেবীর অপ্রকটে শচীর দু:খদর্শনে নিমাইকর্তৃ ক লক্ষীর প্রাগ্রন্তব্বব সাম্বনাদি ৫।১৪৩-১৫৭; প্রভুর স্বপ্নাবেশে কুষ্ণদৰ্শন-কাহিনী শচীযাতাকে निर्वान (थे महा धार-५७); নীলাচল হইতে চৈডক্সের নবদীপে আগমনে শচীদেবীর আকুলতাদি (ঐ শেষ ৩। ২৭—৫৫)। অধৈত-

প্রকাশে বিশেষ—অবৈতপ্রভু-কর্তৃক ক্ষপাদোদেশ্যে অপিত পুসাঞ্জলির শ্রীণচীগর্ভ-পরিক্রমাদি (>0)। পারমাথিক গুহস্থজীবনে মাতা ও সহধ্মিণীর সর্বশ্রেষ্ঠ আদর্শ-বিশ্বরূপ ও বিশ্বস্তবের ভার সর্বজীব-প্রভুকে যিনি গর্ভে ধারণ করিয়াছেন, মাহার পুত্ৰদন্তই 🐪 তুবন-ম**ঞ্**লের হইয়াছেন, যাহার পতি ভদ্দসত্ত্বে মুর্তবিগ্রহ, যাঁহার প্তবধ্বয়ই মৃতিমতী লক্ষী—তাঁহার দৈশ্য দেখিলে শুদ্ধিত হইতে হয়। তাঁহার গৃহের সকল কার্য বিষ্ণু ও বৈষ্ণব-সেবার জন্ম। তাঁহার সংসার প্রকৃতই শ্রীকৃষ্ণের সংসার। পুর্ত্তের গুনিতে ও পালন করিতে ভিনি কুষ্ঠিতা ছিলেন না। একাদশী-ব্রতপালন ও অফৈতচরণে অপরাধ-कानने अङ्गे अमान। अहे क्या है মৃত্যু, বিশ্বরূপের সন্ন্যাস, ভগরাথ-মিশ্রের পরলোক, প্রাণসমা পুত্রবন্ধ नभौक्षित्रांत অন্তর্ধান, নিমাইর मग्राम, निःच ও निःमहाम्रावद्या, যুবতী পুত্রবধু বিষ্ণুপ্রিয়ার রক্ষণাবেক্ষণ-সম্ভা প্রভৃতি শতশত বাধা-বিপত্তিতেও শচীদেবী প্রমার্থ হইতে বিন্দুমাত্রও विव्रंतिक इन नार्छ। পুত্রের অমুকুল পরমার্থ (সন্ন্যাস) বিষয়ে বাধা না দিয়া বরং তিনি অমুমোদনই করিয়াছেন। শচীমাতা পুত্রের নিকট হইতে সাধারণ অর্থাদির আশা না করিয়া প্রমার্থই প্রাপ্তি করিয়াছেন। পকান্তরে भंচীদেবী জগনাথমিশ্রের ক্ষণেবার সহায়-কারিণীও ছিলেন। 'মহাপতিত্রত।

মৃ্জিমতী বিষ্ণুভক্তি' (চৈ° ভা° । আদি ২০১৩৯)।

শচীনন্দন গোস্বামী—বাঘনাপাড়াবাসী। ইনি প্রীবংশীবদন ঠাকুরের
পৌত্র। প্রিটিচতন্ত দাসের কনিষ্ঠ
পুত্র। (বংশীবদন দ্রষ্টব্য)। ইনি
'গৌরাঙ্গবিজয়' নামে পদাবলী রচনা
করেন (বংশীশিক্ষা)। এতম্যতীত
পদকরেতকতে ইহার তুইটি পদ দেখা
যায়।

শচীনন্দন বিজ্ঞানিধি—বর্দ্ধমান বিজ্ঞানিধি—বর্দ্ধমান বিজ্ঞানবাসী, ১৭০৭ শাকে উজ্জ্ঞাননীলমণির উজ্জ্ঞান-চিন্দ্রকা' নামে প্রতাম্থবাদ করেন। শচীরাণী—শ্রীশ্রামানন্দ প্রভুর শিষ্যা ও মুরারির পত্নী। (প্রেম ২০) শতানন্দ খাঁ—ইনি ধঞ্জ ভগবান্ আচার্যের পিতা।

তার পিতা বিষয়ী বড় শতানন্দ খাঁ (চৈ° চ° অস্ত্য ২৮৮)

শতানন্দের অপর পুত্রের নাম— গোপাল ভট্টাচার্য। গোপাল ভট্টা-চার্য নাম তার ছোট ভাই। (ঐ ৮৯) (ভগবান্ আচার্য ও গোপাল ভট্টাচার্য ড্রষ্টব্য)

শব্রারি—কংসারি সেনের অন্থ নাম।
ইনি সদাশিব কবিরাজের পিতা।
'চক্তপ্রভার' ই হার ও তদ্বংশাবলীর
নাম আছে। 'সদাশিব কবিরাজ'
ক্রম্ব্য।

শন্তুরাম—গ্রীল গোপাল ভট্ট গোঝামিপাদের শিষ্য, গুজরাট্বাসী। (প্রেম ১৮)

শশিশেশর—বর্জমান জেলার পরাণ গ্রামে জন্ম। ইহার ত্রাভা চন্দ্রশেখর। রায়শেশর, কবিশেখর, নুপশেখর ইত্যাদি নামে পদাবলীর ভণিতা দেখা যায়। ইনি শ্রীখণ্ডের শ্রীরন্থ্-নন্দন ঠাকুরের শিষ্য। 'গোপাল-বিজয়' ইহার রচনা।

বীরভূম-বিবরণে (৩।১৫০ পৃষ্ঠার)
প্রকাশ যে কাঁদরার মঙ্গল ঠাকুরের
বিতীয় পুত্র গোপীরমণের বংশে
স্থপ্রসিদ্ধ পদকর্তা চক্রশেখর ও শশি-শেখর জন্মগ্রহণ করেন। মূলুকের
পদকর্তা বিশ্বস্তর ঠাকুরের স্বহস্তলিখিত পদই তাহার সাক্ষ্য দিতেছে;
পদটি এই—

শ্রীশশিশেথর জয় জয়। চন্দ্রশেধরঅমুজ জয় পরম করুণায়য়॥ রসময়
সঙ্গীত মনোহর স্থবচন অমুপম তাবনিদান। স্থকবি স্থগায়ক কোকিলস্থের মধুর বিনোদ তালমান॥
কতেক যতনে মঝু শিক্ষা সমাপিলা
হাম অবোধ বোধহীন। কহ
বিশ্বস্তর প্রণতি প্রসর চরণে শরণাগত দীন॥
এই মতে শেধরদের পিতা—

এই মতে শেখরদের পিতা— শ্রীগোবিন্দানন্দ ঠাকুর, জন্মভূমি— কাঁদরা]।

শাকর মল্লিক— শীসনাতন গোস্বামি-পাদের বাদশাহ-দত্ত পূর্ব নাম। মহাপ্রস্থ ইহাকে 'সনাতন' নাম দেন। [চৈ °ভা° অস্তা ৯া২৭০]

শাঠী—শ্রীপার্বভৌন ভটাচার্যের কন্সা।

'ষষ্ঠী' দেখুন।

শিখরেশ্বর—শীরূপসনাতনের বৃদ্ধপ্রাপিতামহ রূপেশবের বন্ধু, তিনি
ক্রিক্ট প্রাতা হরিহর-কর্তুক পরাজিত
হইয়া পত্নী ও ধনসম্পত্তিসহ অখ্যানে
পূর্বদেশে আগমন করত এই পূর্বতন
বন্ধুর রাজ্যে বাস করেন। এইসময়ে

তাঁহার পদ্মনাভ-নামক পুত্র হয়।

নিথিধবজ — শ্রীশ্রামানন্দ প্রভুর শিষ্য।

শিখিধবজ, গোপাল-শাখা ভজন
প্রবল। সম্বীর্তনে নাচে কহে 'হরি
হরি বোল'॥ (প্রেম ২০)

শিথি মাহিতি—কারস্থ। শ্রীচৈতক্তশাখা, পূর্বলীলায় রাগলেখা (গৌ°
গ° ১৮১) উৎকল-দেশবাসী। পুরী-

শিবি মাহিতি আর মুরারি মাহিতি॥

ধামে থাকিতেন। [চৈ° চ° আদি

२०१२७७ र

ইনি প্রীজগন্নাথ-মন্দিরের লেখনাধিকারী বা ইতিহাস-লেখক ছিলেন।
শিখি মাহিতি এই লিখনঅধিকারী॥ (ঐ মধ্য >০।৪২)
প্রাতার নাম—মুরারি মাহিতি,
ভগিনীর নাম—প্রীমতী মাধবী দাসী।
প্রীপ্রীগোরাঙ্গ-লীলাতে প্রেমের পাত্র
মাত্র সাডে তিন জন ছিলেন—

জগতের মধ্যে পাত্র—সাড়ে তিন জন॥ স্বরূপ গোসাঞি আর রায় রামানন্দ। শিখি মাহিতি তিন, তাঁর ভগিনী অর্দ্ধ জন॥ (ঐ সন্ত্য ২।১০৬)

প্রেমরাজ্যের উচ্চাধিকারী হইতেছেন—শ্রীণিথি মাহিতি। মহাপ্রাড্ন
সন্ন্যাস লইরা যখন পুরীতে সার্বভৌম
ভট্টাচার্যের গৃহে আগমন করেন,
তথন ইহারা তিন জনই প্রভুকে
দর্শন করিতে গমন করেন। প্রথম
দর্শনমাত্রেই মুরারি ও মাধবী দাসী
ছুই জনে মহাপ্রভুকে সেই গোকুলবিহারী শ্রীকৃষ্ণ জানিয়া মন প্রাণ
সমর্পণ করেন, কিন্তু শিথি মাহিতি
বেমন তেমনই পাকেন, অধিকৃদ্ধ

তিনি ল্রাতা ও ভগিনীর সহিত তর্ক করিতে থাকেন—'আগত্তক সন্ত্যাসী সর্বতোভাবে মহাপুরুষ বটেন, কিন্তু তাঁহাকে ভগবান ৰলিতে পারি না।' মুরারি এবং মাধবী দাসী ভাতার বাক্যে বড়ই মুশাহত হইলেন। थाभिन ना. चतुः পরেও তর্ক ক্ৰমশ: ব্ৰিত হইতে লাগিল-মুরারি ও মাধবী দাসী ভাবিলেন পাছে কোন দিন ভাতার হইতে মহাপ্রভুর নিন্দাস্তক কোন কথা বাহির হয়, তাই ছইজনে শিখি মাহিভির সহিত মুখদেখা-দেখি পর্যস্ত বন্ধ করিয়া দিলেন। পরে এক দিবস গভীর রাত্রে হঠাৎ শিখি মাহিতির কক্ষ হইতে ভয়ানক রোদন ধ্বনি শ্রুত হইলে মুরারিও মাধবী দাসী ভাতার কোন বিপদ হইয়াছে বুঝিয়া ভ্রুতপদে গৃহমধ্যে গিয়া দেখেন—তাঁহার গণ্ড বাহিয়া অশ্র পড়িতেছে! তাঁহারা দেখিয়াই বুঝিলেন—'এ অঞ্চ, এ রোদন কোন विপদের নছে, ইহা পঞ্চম পুরুষার্থ প্রেমের ধারা।' তখন তিন ভ্রাতা ভগিনীতে গলা ধরাধরি করিয়া আকুল প্রাণে ক্রন্দন করিতে লাগিলেন। ভাবের উপশম হইলে শিখি মাহিতি বলিলেন— ভাই। তোমরা ত্রীগোরাঙ্গের নিজ্জন. তোমাদের কুপায় আজ প্রভু আমার উদয় হইয়াছেন।' হৃদয়-মন্দিরে প্রদিন ভাতা ও ভগ্নী-সঙ্গে শিখি মাহিতি গরুড় স্তন্তের নিকটে গমন করিয়া মহাপ্রভুর চরণে চিরজীবনের তরে বিক্রীত হইয়া গেলেন। (চৈতন্ত চরিত মহাকাব্য ১৩।৮৯--১০৯)

শিবচরণ বিভাবাগীশ—শ্রীনরোত্তম
ঠাকুরের শিয়। ইনি পূর্বে তাঁহার
নিন্দা করিতেন, পরে মহাভক্ত হন।
শিবচরণ, ছুর্গাদাস—এই ছুই জন।
বিভাবাগীশ, বিভারত্ব উপাধি সবে
কন॥ (প্রেম ১৯)
শিরভক্ত ব্রাহ্মণ—নাম অজ্ঞাত।
আর দিন শিবভক্ত শিব-গুণ গায়।
প্রেছর অজনে নাচে ডম্বুরু বাজায়॥
মহেশ-আবেশ হৈলা শচীর নন্দন।
তাঁর স্বল্পে চড়ি নৃত্য কৈল বহুক্ষণ॥
[ঠিও চও আদি ১৭।৯৯—১০০]
এই প্রসঙ্গে টৈও ভাও মধ্য ৮।৯৬—১০৪ দ্রেইরা।

শিবরাম চক্রবর্ত্তী—গ্রীনরোভম
ঠাকুরের শিষ্য। ইনি পূর্বে চাঁদ
রায়ের সঙ্গে দম্মারুত্তি করিতেন,
পরে শ্রীনরোভ্তম ঠাকুরের ক্রপার
পরম বৈষ্ণব হন।

হরিরাম গাঙ্গুলী, আর শিবরাম
চক্রবর্তী। ঠাকুর মহাশয়ের প্রভাব
জানি তাঁর মর্ম। সবে হইলেন
শিষ্য ছাড়ি পূর্ম কর্ম॥ (প্রেম ১৯)
শিবরাম দাস—শ্রীনরোত্তম ঠাকুরের
শিষ্য। পদ-কর্তা (१)।

বৈষ্ণবচরণ শাখা, শিবরাম দাস।
(প্রেম ২০)
জয় শিবরাম দাস প্রম উদার।

জয় শিবরাম দাস প্রম উদার। গৌরনিত্যানন্দাদ্বৈত সর্বস্ব বাঁহার॥ (নরো ১২)

শিবাই—শ্রীনিত্যানন্দ প্রভুর শাখা।
শিবাই, নন্দাই, অবধৃত পরমাননন্দ। [ৈট° চ° আদি ১১।৪৯]
শিবাই আচার্য—শ্রীনরোভ্য
ঠাকুরের শিষ্য। নিবাস—গোয়াসে।
হরিরাম ও রামক্কের পিতা। ইনি

ঘোর শাক্ত ছিলেন।

শিবাই আচার্য মোর পিত। সবে
কন। বহু-অর্থব্যয়ে কৈল ভবানীপূজন॥ (নরো ১০)
শিবাই দাস—পদকর্তা, পদকল্পতরুতে ছয়টি পদ আছে।
শিবানন্দ—পদকর্তা, পদকল্পতরুতে
ভিনটি পদ আছে।

২ ঐতিচতন্ত-শাধা। উজিন্তা-দেশবাসী। প্রমানন্দ মহাপাত্র, ওচু শিবানন্দ।

(ৈচ° চ° আদি ১০।১৩৫) শিবানন্দ চক্রবর্তী—শ্রীঅদৈত আচার্যপ্রভূর শিষ্য।

আচার্য গোদাঞির শিষ্য— চক্রবর্তী শিবানন্দ॥

শিবানক্ষমহং বন্দে কুমুদানক্ষ-নামকম্। রসোজ্জলযুতং স্বচ্ছং বুক্দাকানন-বাসিনম্॥ [শা° নি° ২০]

· [ठेठ° ठ° व्यापि >२।४१]

(দন্তর)—প্রীচৈতন্ত্য-শাখা।
 নীলাচলবাসী ভক্ত। 'দন্তর' ইহার
 উপাধিও হইতে পারে।

শিঙ্গাভট্ট, কামাভট দন্তর শিবানন্দ। [চৈ° চ° আদি ১০।১৪৯]
শিবানন্দ সেন—বৈছা। ব্রজনীলায়
—বীরা দৃতী (গো° গ° ১৭৬)।
শ্রীপাট—কুমারহট্ট (হালিসহর)।

কাঁচরাপাড়া কুমারহটে শিবানন্দের স্থিতি। পূর্বে স্থটিত্রা নাম ইহার হয় খ্যাতি॥ (পা° প°)

ইনি ঐাগোরাঙ্গের পরম ভক্ত। ইনি প্রতি বর্ষে গোড়ীয় বৈষ্ণবর্গণকে नरेशा घां है ग्याधान कर्ल नीनाहरन যাইতেন (চৈ° চ° মধ্য ১৬।২৬ —২৭)। একবার এক ভাগ্যবান কুকুরও ইঁহার সঙ্গে যাত্রা করেন এবং পথিমধ্যে সেবকের ক্রটিতে অন্তর্হিত হইয়া শ্রীগোরপার্শে গমন করেন ে (চৈ° চ° অস্তা ১।১१—৩৩)। ইনি িশ্রীনিত্যানন্দ প্রভুর পাদপ্রহার পাইয়া সৌভাগ্যাতিরেক মনে করিয়া-ছিলেন (ঐ অন্ত্য ১২।১৭-৩৩); ইহাতে শ্রীকান্তের অভিমান হয়। পুরী দাসের মুখে প্রভু পদাস্থদান-চ্ছলে অতুলনীয় কবিত্ব শক্তি সঞ্চার করেন (ঐ অস্ত্য ১২/৩৪—৫৩)। শ্রীনকুল ত্রহ্মচারির দেহে প্রভুর আবেশ-বিষয়ে শিবাননের সন্দেহের মীমাংসা (চৈ° চ° অস্তা ২।১৬—৩২) প্রহাম ব্রহ্মচারির সহিত শিবাননের মিলনাদি (ঐ অস্তা ২। 89-98) क्षत्रम व्यादनाहा।

শিশির কুমার ঘোষ—যশোহর জেলার মাগুরার অধীন অসূতবাজার-মহাপ্রেমিক গৌরভক্ত। 'আনন্দবাজার-বিষ্ণুপ্রিয়া' ও পরিশেষে 'অমৃতবাজার পত্রিকার' উল্লোক্তা এবং সম্পাদক। 'অমিয়নিমাই-চরিত'. 'কালাচাঁদগীতা','Lord Gouranga' এবং বহুল পদরত্বাবলীর রচয়িতা। **শিশুকৃষ্ণ দাস**—ঠাকুর কানাইর নামান্তর। (কানাই বা কামু ঠাকুর দেখ) শ্রীনিত্যানন্দ-ভক্ত।

প্রসিদ্ধ ছাওয়াল কুফদাস মহাশয়। নিত্যানক নিরবধি যাঁহার জদয়॥ (জয়ানন চৈ° ম°) ত্র সরস্বতী-প্রিগোর-পার্ষদ

শীতল রাম—শ্রীনরোভ্য ঠাকুরের শিব্য।

প্রভুরাম দত্ত শাখা আর শীতল রায়॥ যে ওনে তাহার মনে আনন্দ অপার। এই কয়ের ভক্তি-রীতি অতিচমৎকার 🛭 (প্রেম ২) জয় শীতল রায়-সভাব-শীতল। गाँत पिथि महास्थी देवस्वत्रकण॥ (নরে ১২)

শুক্লাম্বর প্রমানারী—গ্রীচেতন্ত-भाश। পূर्वनीमात्र यछाभन्नी वा याछिक [গে[°]গ° ১৯১] বান্ধণ। ্ গুরাম্বর ব্রহ্মচারী বড় ভাগাবান।

যাঁর অন মাগি' কাড়ি' খাইলা তগ-वान ॥ (है है वाहि ३०।७४) নবদীপবাসী দরিদ্র ভিক্ষক ব্রাহ্মণ। মহাপ্রভুর পরম ভক্ত। মহাপ্রভু গয়াধাম হইতে নবদীপে আগমন করিয়া ইঁহারই গ্রহে তাঁহার প্রেম-কাহিনী প্রথম বিব্রত করেন। ইঁহারই ঝুলি হইতে মৃষ্টি মৃষ্টি তণুল প্রতু কাডিয়া খাইয়াছিলেন। (চৈভা 361750-756)1 একদিন প্রভু ইহার অর যাচিয়া খাইয়াছেন (ঐ মধ্য ২৬।৩—৫৯)। गःकीर्जनादंवरम श्रष्ट् देवरम এ

খট্টায়। ভিক্ষা করি' শুক্লাম্বর আইলা হেণায়। মহাপ্রীতে প্রস্থু সে ঝুলিতে হাত দিয়া। খায়েন তণ্ডল তাঁরে 'স্থদামা' বলিয়া ॥ কত দৈন্ত করি' ব্রহ্মচারী ভক্লাম্বর। ঝুলি কাম্বে কীর্ত্তনে নাচয়ে মনোহর॥ শ্রীশুক্রাছরের প্রেম-চেষ্টা নিরখিতে। গণসহ প্রভুর আনন্দ বাড়ে চিতে।

(ভজি ১২।২৭৫৪—৫৭)

সন্নাসী।

শুদ্ধ সরস্বতী বন্দোবড় শুদ্ধমতি। প্রভুর চরণে যাঁর বিশুদ্ধা ভকতি। [বৈষ্ণববন্দনা]

শুভানন্দ—শ্রীচৈতন্ত-শাখা। পূৰ্ব-লীলার মালতী।

[(গ)° গ° ১৯৪, ১৯৯]

শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, क्रेमान। (देह° ह° व्यापि >०।>>०)

ইনি মহাপ্রভুর মুখামৃত-পানে উন্মন্ত হইয়াছিলেন—শ্রীরথাগ্রে নৃত্য-কীর্দ্তনে বিভোর প্রীগোরাকদেবের— কভু নেত্রে, নাগার জল, মুখে পড়ে

ফেন। অমৃতের ধারা চন্দ্রবিম্বে বহে যেন। সেই ফেন লৈয়া শুভানন্দ কৈল পান। কৃষ্ণপ্রেম-রসিক তেঁহো মহাভাগ্যবান ॥

[চৈ° চ° ম্ধ্য ১৩।১০৯—১০] ইনি খেতরীর মহোৎসবে উপস্থিত ছিলেন।

শুভানন্দ রায়—কুলীন ব্ৰাহ্মণ। নবন্ধীপের জমিদার। ইংগার ছই পুত-রঘুনাথ ও জনার্দন। এই রঘুনাথের পুত্র—বিখ্যাত জগাই। জনার্দনের পুত্র-মাধাই।

নবদ্বীপবাসী প্রীশুভানন্দ রায়। ব্রাহ্মণকুলেতে জন্ম কুলীন যে হয়॥ নবদ্বীপের জমিদার. রাজা তার খ্যাতি। দেশ-বিদেশে যাঁর ঘোষয়ে স্কৃতি॥ পাতসাহের সঙ্গে অতি-শর প্রীত তাঁর। পরম স্থন্দর তাঁর ছই ত কুমার। জ্যেষ্ঠ রখুনাথ, কনিষ্ঠ জনার্দন দাস। পর্ম পণ্ডিত (প্রেম ২১) সর্বগুণের বিলাস॥

শ্রাম-এরসিকানন-শিষ্য।

রি° ম° পশ্চিম ১৪।১৪২

শ্যামকিশোর—শ্রীরসিকানন- শিষ্য-**ঘর।** [র° ম° পশ্চিম ১৪।১২৩, ১৩১] ২ ঐতিতভাচন্দ্রায়তের টীকাকার [Dacca University Mss. কাব্য Vol. V. 4406]

শ্রামগোপাল দাস-গ্রিরসিকানন-প্রভুর শিষ্য।

শ্রীশ্রামগোপাল দাস অতি শুদ্ধমতি। রসিকশেখর যাঁার কুল শীল জাতি॥ [র° ম° পশ্চিম ১৪।৬৭]

শ্যামজী গোসাঞি-(ভক্ত ২১।৭) পাঞ্চাবের ওলম্বা গ্রামে বাস, জনার্চন ইহার বড ভাই। জনার্দন ক্ষদাস ইনিও জনার্দনের নিকট দীক্ষিত হইয়া তত্রত্য পাদির মোহস্ত হন এবং প্রীহরিনামপ্রেম-প্রচারের সাহায্য করেন।

শ্যামদাস-- শ্রীকৃঞ্চদাস কবিরাজ গোস্বামির দ্রাতা। শ্রীক বিরাজ গোস্বামী সংসার ছাড়িয়া প্রীরন্দাবনে যাত্রা করিবার পূর্বে তাঁহার (কাটোয়ার সন্নিকট নৈহাটীর নিকটে ঝামটপুর গ্রামে) অহোরাত্র প্রীহরি-नाम गःकीर्जन इटेट्छिन। উৎসবে গুণার্ণব মিশ্র নামক জনৈক ব্রাহ্মণের নাম পাওয়া যায়। প্রীপ্রী-নিত্যানন্দ প্রভুর প্রিয় পারিষদ শ্রীমীনকেতন মহাশয় ঐ উৎসবে নৃত্য এবং শ্রীনিত্যানন্দ-প্রভুর মহিমা-গীত করিতেছিলেন।

খামদাস শ্রীগোরাঙ্গের প্রতি পূর্ণ বিশ্বাসী ছিলেন, কিন্তু শ্রীশ্রীনিত্যানন্দ-প্রভুর প্রতি তাঁহার তাদৃশ বিশাস ছিল না; এজন্ত তিনি রামদাস মীনকেতনের সহিত তর্ক করেন।

এই তর্কে রামদাস বড়ই বিরক্ত হইয়া স্বীয় হস্তের বংশী ভঙ্গ করিয়া সভা इटें इंग्लिया यान। এই विवस्य শ্রীরুঞ্চাস কবিরাজ গোসামী স্বগ্রন্থে লিখিয়াছেন--

মোর প্রাতা সনে তার কিছু হৈল বাদ। চৈতন্ত গোসাঞিতে স্মৃদু বিশ্বাস। নিত্যানন্দ-প্রতি তাঁর বিখাস আভাস ॥ কুদ্ধ হইয়া বংশী ভাঙ্গি চলে রামদাস।

[रेठ° ठ° व्यापि ४। २१२, २१४] কবিরাজ গোস্বামী ভাতা স্থাম-দাসের উপরে বড়ই কুদ্ধ হইয়া বলিলেন-

ত্বই ভাই এক তমু--সমান-

প্রকাশ। নিত্যানন্দ না মান, তোমার হবে সর্বনাশ॥ একেতে বিশ্বাস, অন্তে না কর সন্মান। 'অর্দ্ধকুরুটী ভাায়' তোমার প্রমাণ। (ঐ ১৭৫—১৭৬) তুমি যদি ছই জনকেই না মানিয়া পাবত হও, সে উত্তম: কিন্তু এককে মানিবে, অন্তকে মানিবে না ইহা ভণ্ডের কার্য। পরদিনই কবিরাজ গোস্বামী সংগার ত্যাগ করিলেন।

২ (বড় শ্যামদাস ভাগবতাচার্য: ভাগবতাচার্য খ্রামদাস দ্রপ্তব্য)। ৩ প্রীগ্রামানন্দ-প্রাভুর অক্ততম শিষ্য

ও স্থকবি ৷ ইনি মেদিনীপুর সহরের আট ক্রোশ পূর্বে কেদারকুণ্ড পর-গণার ছরিৎরপুর গ্রামে জন্ম গ্রহণ করেন। পিতা—শ্রীমুখ দে ও মাতা— ভবানী। ভরবাজগোত্রীয় কায়স্ত। ইনিও এী শ্রীশ্রাম'নন্পপ্রভুর 'ছঃখীখাম' নামে পরিচিত। ইঁহার রচিত গ্রন্থ—'গোবিন্দমঙ্গল', ইহাতে শ্রীমদ্ভাগবতোক্ত দশমস্বন্ধের মধুর

লীলাময় কাহিনী ছন্দোবৈচিত্তার সহিত বৰ্ণিত। স্থলবিশেষে বৈবর্ত্তাদি পুরাণ হইতেও সাহায্য नहेश हेनि এই গ্রন্থ রসাল করিয়াছেন। কৈষ্ণুবস-বর্ণনায় ইহার 'বারমাস্তা' অতি স্থন্দর। এতঘ্যতীত ইনি প্রীমন্ভাগবতের প্রীধরস্বামি-পাদের টীকার আলোকে একথানা পত্যাসুবাদও করিয়াছিলেন। 'গোবিন্দমঙ্গল' গ্রন্থখানিকে প্রতিদিন পুষ্পচন্দনে পূজা করিতেন। পূজিত পরেও উহা অভাবধি হইতেছেন।

৪ শ্রীরসিকানন্দ-প্রভুর ভাতুষ্পুত্র ও শিষা। রি° ম° পশ্চিম ১৪।১১৯]। ৫--- ५० के निया कि > 81>२७, >80, >60, >60, >66, >65] |

১১ धीनिवान चाठार्यत भाथा। আচার্য্য-প্রভুর শিষ্য-গোপাল দাস, তৎশিষ্য গোপীমোহন. গ্রামদাস। শ্রীপাট--খড্গ্রাম।

তি হো মহাভাগবত, কি তার কথন। যাঁর শিষ্য খ্যামদাস খড্থাম-(ক্পা ১) শ্যামদাস আচার্য—ইনি 'ছোট খ্যামদাস' নামে খ্যাত ছিলেন। শ্রীঅদৈতপ্রভুর দিতীয়া ভার্যা শ্রীদেবীর গর্ভে জন্মগ্রহণ করেন। ঠাকুরাণী ইহাকে জ্ঞুপান ক্রাইয়া

পালন করেন। পুত্র-ম্বেহে সীতা তারে করাইলা স্বত্তপান। সীতা মায়ে চতুতুঁজা দেখে খ্রামদাস মতিমান॥ (প্রেম ২৪)

ইহার বংশধরগণ বর্দ্ধমান জেলায় নবগ্রামে বাস করিতেছেন।

অভিন্ন-অচ্যুত বন্দো আচার্য

[देवक्षव-वन्तना] প্রামদার। অধৈত-প্রকাশ (১১) বলেন যে ১৪১৮ শকে (?) মধুরুফাত্রয়োদশীতে শ্রীঅদৈতপ্রভুর দিতীয় পুত্র রুঞ্চদাসকে সীতাদেবী প্রস্ব করেন এবং 'হেনকালে শুন এক দৈবের ঘটন। শ্রীশ্রীঠাকুরাণীর এক হইল নন্দন।। জন্মাত্র বালকের হইল মরণ। তাহা एमि धी-खननी कत्रात्र (तापन'॥ সীতা প্রীঅদৈতপ্রভুর অমুমতিক্রমে দিতীয় পুত্র কৃষ্ণদাসকে সমর্পণপূর্বক বলিলেন—'মোর এই পুত্র সম্পিলু সত্য তোরে। এই পুত্র তোর বুলি ঘূরিব সংসারে॥ এত কহি সেই পুত্র শ্রীর কোলে দিল। শোক ছাড়ি শ্রীমা পুত্রে স্তন পিয়াইল।' স্থতরাং প্রেমবিলাশের সহিত অধ্যৈত– প্রকাশের মিল নাই।

২ শ্রীনিবাস আচার্যের শিশ্র।
শ্রীব্যাসাচার্যের পুত্র। শ্রীপাট—
বনবিষ্ণুর। শ্রীজীব গোস্বামী
শ্রীবৃন্দাবন হইতে পত্রদার। তাঁহার
কুশল জিজ্ঞাসা করিতেন।

পত্রীমধ্যে শ্রামদাসাচার্য থার নাম।
তিঁহো ব্যাসাচার্যের নন্দন বিজ্ঞমান্॥
তিক্তি ১৪।২৩ ী

ইংহার 'চক্রবর্তী' উপাধি ছিল। মাতার নাম—ইন্দুমুখী।

তাঁর পুত্র খ্যামদাস চক্রবর্তী
মহাশয়। তাঁহারে করিলা দয়া প্রভু
কপাময়॥ (কর্ণা ১)
খ্যামদাস কৰিরাজ-মতাস্তরে
শীদাস কবিরাজ। শ্রীনিবাস খাচার্যের
শিশ্ব।

তবে প্রস্থু ক্লপা কৈল স্থামদাস কবিরাজে। যাঁহার ভজন ব্যক্ত জগতের মাথে। (কর্ণা >)।
গ্রামদাস চক্রবর্তী—গ্রীনিবাস
আচার্যের শিষ্য ও খ্যালক। গোপাল
চক্রবর্তির জ্যেষ্ঠ পুত্র। প্রাতার নাম—
রামচরণ চক্রবর্তী।

ছই খালক প্রভুর, তাহা কহি
খন। ছই জনে হইলা প্রভুর ক্রপার
ভাজন ॥ জ্যেষ্ঠ খামদাস চক্রবর্তী
মহাশয়। প্রভুর ক্রপাপাত্র হয় সদয়
হাদয়॥ (কর্ণা ১)
খামদাস, রামচন্দ্র—গোপাল-তনয়।
খামানন্দ, রামচরণাখ্যা কেহ কয়॥
(ভক্তি ৮।৪৯৯)

২ শ্রীনিবাস আচার্যের শিষ্য। শ্রীপাট—বুধুরীর নিকটে বাহাছরপুর। কনিষ্ঠ লাতার নাম—বংশীদাস চক্রবর্তী।

বুধুরী নিকটে বাহাছরপুর গ্রাম।
তথা বৈসে বিপ্র-শ্রেষ্ঠ ভামদাস নাম ॥
তাঁহার অমুজ—বংশীদাস চক্রবর্তী।
বিধাতা নির্মিল তাঁরে যেন ক্ষেহমূর্তি॥
অন্নকাল হৈতে আতি বিভা-অধ্যয়নে।
দেখিয়া সে চেষ্ঠা ত্মখ পায় সর্বজনে॥
শ্রীকৃষ্ণচৈতত্তে অমুরাপ অতিশয়।
নিরস্তর রাধাকৃষ্ণ-লীলা আস্বাদয়।

ভিজি ১০।২৯৯—৩০২]
শ্রীনিবাস আচার্য বখন বুধুরী গ্রামে
শ্রীগোবিন্দ কবিরাজের গৃহে অবস্থিতি
করিতেছিলেন, তখন শ্রামদাস ও
বংশীবদন স্বপ্লাদেশে তাঁহার নিকটে
গিয়া দীক্ষা গ্রহণ করেন। এই
শ্রামদাসের কন্তা হেমলতা দেবীর
সহিত জাহ্না মাতা 'বড়ুগঙ্গাদাসের'
বিবাহ দিয়াছিলেন। শ্রীজাহ্না
মাতা শ্রীকুলাবন হইতে বাহাত্বরপুর
গ্রামে গিয়া—

শীবংশীর প্রাতা শ্রামদাস চক্রবর্তী।
হাসিয়া ঈশ্বরী কিছু কহে তাঁর
প্রতি ॥ 'তোমারে মাগিব বাহা
তাহা হবে দিতে। সে অতি প্রশন্ত,
চিন্তা না করহ চিতে ॥'

শ্রামদাস ঠাকুর

[ভক্তি ১১।৩৭৪—৩৭৫]
পরে বলিলেন—'তোমার কন্তা
হেমলতা দেবীকে বড়ু গলাদাসের
সহিত বিবাহ দিতে হইবে।' ইহার
পূর্বেই শ্রামদাস স্বপ্নে ঠিক ঐরপ
দেখিয়াছিলেন, এজন্ত স্বরায় বিবাহ
কার্য সম্পাদন করিলেন।
শ্রামদাস চট্ট——গ্রীনিবাস প্রভুর

শিশ্বদ্ধ (?)।
তবে প্রভু রূপা কৈল খ্রামদাস
প্রতি। চট্ট-বংশে ধন্য তিঁহো

পর্ম ভক্তি॥

(কর্ণা ১)

২ তারপর খামদাস চটে কুপা কৈলা। তিঁহো মহাভাগৰত প্রভু-কুপা পাইলা॥ (কর্ণা ১) **খামদাস ঠাকুর**—রাঢ়ী ভরম্বাজ-গোত্রীয়; শ্রীনিবাসাচার্যের শিষ্য! বালাকালে বৈরাগ্য করত সংসার ছাড়িয়া তীর্থ পর্যটন করিতে করিতে ইনি কাঁদি মহকুমার পাঁচতোপী গ্রামে প্রীপাট স্থাপন করেন। প্রীম্পদর্শন শালগ্রামচক্র তাঁহার সঙ্গে সঙ্গে পাকিতেন এবং ইহার সহিত কথা-বার্দ্তা চলিত। তাঁহার অলোকিক শক্তির পরিচয় পাইয়া ফতেসিংহ মুদলমান জায়গীরদার পরগণার তাঁহাকে সাত ভোলা সপৰিষ পান . করাইয়াছিলেন। অনাবাসে বিষপান ▼রিতে দেখিয়া তিনি শ্রীচক্রের সেবার জন্য খ্রামদাসকে ভুসম্পত্তি দান করেন। এগুরুর আদেশে ইনি শেষ

জীবনে শার-পরিপ্রছ করিয়াছিলেন, কিন্তু কদাপি স্ত্রীসন্তাবণ করেন নাই। ঋতুকালে তাঁহার স্ত্রীকে একটি শ্রীফল খাওয়াইলে ঐ গর্ভে শ্রীকিশোর দাসের জন্ম হয়।

২ প্রীনরোভন ঠাকুরের শিশু।
শামদাস ঠাকুর-শাখা সংকীর্ত্তনে
মন্ত। (প্রেম ২•)

জর ঠাকুর ভাষদাস সদা ত্থী।
হ:থীগণ ভাসে প্রেমানন্দে থাঁরে
দেখি॥ (নরো ১২)
শ্যামদাস——(মার্দিকিক) প্রসিদ্ধ
মুদক্ষবাদক।

শ্বামদাস, দেবীদাস বাজায় মৃদন্ত। তাহে উপজায় কত রসের তরঙ্গ।।

[ভক্তি ১৪।১২২]

শ্রীজীব গোস্থামী প্রভূ ইহার হস্তে শ্রীবৃন্দাবন হইতে 'শ্রীবৃহদভাগবতামৃত' গ্রন্থ গৌড়ে প্রেরণ করিয়াছিলেন।
ভিক্তি ১৪/৩৬ ব

্রভান্ত ১৪০৬ ু শ্যা**মদাস মোহন—**শ্রীরসিকানন্দ

প্রভুর শিয়া।

খ্রামদাস মোহন প্রভুর নিজ ভূত্য।

জন্মদেব-গানে সবে করার মোহিত॥ (র° ম° পশ্চিম ১৪।৯৮)

শ্যামদাসী—শ্রীরসিকানন্দের পর্ত্ত

ইচ্ছাদেবীর বৈফব নাম। [র°ম° দক্ষিণ ১।২৯]

শ্যামপাল—নারায়ণগড়ের ভূঞা।

(র° ম° পশ্চিম ২২।৬৭)

শামপ্রিয়া—শ্রীনিবাস প্রভুর শিক্ষা। স্বামির নাম—স্বধাকর মণ্ডল। পুত্রের

নাম—রাধাবল্লভ মণ্ডল। সকলেই আচার্য প্রভুর কুপাপাত্র।

তাঁর স্বী শ্রামপ্রিয়া ক্রপার ভাজন॥ (কর্ণা ১) ২ মেদিনীপুরের অন্তর্গত বড়-বলরামপুরের জগলাথের কলা। শ্রীশ্রামানন্দ প্রভুর বনিতা।

[র°ম° দক্ষিণ ১১।২৭-২৮]

শ্রাম ভঞ্জ - গ্রীর্সিকানন্দ প্রভুর শিষ্য। [র°ম° পশ্চিম ২৪।১৬০]

শাম ভট্ট—ভট্ট বা ভাট ব্রাহ্মণ। শ্রীনিবাস আচার্যের শিষ্য, গৌড়দেশ-

বাসী। প্রীকৃষ্ণ-পুরোহিত ও ভামভট্ট একগ্রামবাসী ছিলেন। ইংলদেরও

বহু শিষ্য হইয়াছিল।

সেই দেশবাসী শ্রাম ভট্টে কুপা কৈল। ছই জনার শিব্য-প্রশিষ্যে জগৎ ব্যাপিল॥ (কর্ণা ১)

শ্যামমনোহর দাস—গ্রীরসিকানন্দ প্রস্থার শিষ্য।

শ্রামমনোহর দাস বড় শুদ্ধমতি। রসিক-চরণ বিনা আন নাহি গতি॥ সর্বলোক উদ্ধারিল বড় স্থপণ্ডিত॥

[র° ম° পশ্চিম ১৪|৯২—৯৩] **শ্যামমোহন**—শ্রীরসিকানন্দ প্রভূর

লাতৃষ্পুত্র ও শিষ্য।

[র° ম° পশ্চিম ১৪।১১৯] শ্যামমেহন দাস—শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য। [র° ম° পশ্চিম ১৪। ১১২, ১২৭, ১৫৩, ১৫৭)।

শ্যামরসিক দাস—গ্রীরসিকানন্দ-

প্রেজ্র শিষ্য। [র° ম° পশ্চিম ১৪।১২৬,১২৮]

শ্যা মলাল গোস্বামী— বট্সন্দর্ভ,
শ্রীগোবিন্দভাষ্য, সিদ্ধান্তরত্ন, বৃহস্তাগবতামৃত, বেদান্তশুমন্তক প্রভৃতির
অমুবাদাদিশহ প্রকাশক। শ্রীকৃষ্ণ-

লীলা, শ্রীগৌরম্বন্দর ও শ্রীশ্রামম্বন্দর প্রভৃতি গ্রন্থের নির্মাতা।

শ্যামবল্লভ আচার্য--- (খামদাস

আচার্য)--শ্রীনিবাস আচার্যের প্রথমা গৃহিণী শ্রীমতী ঈশ্বরী দেবীর শিশ্য। ইঁহার পিতা—শ্রীবৃন্ধাবনবাসী শ্রীল হরিদাস আচার্যের পুত্র শ্রীদাস। জয় রুফাচার্য, আর জগদীশাচার্য। শ্রামবল্পভাচার্য এই তিন মহা আর্য॥

আর শিষ্য ঈখরীর অতিগুণবান্॥
(কর্ণা ১)

শ্যামস্থন্দর—গ্রীর্মিকানন্দ প্রভুর

ভাতৃপুত্র ও শিষ্য। [র° ম° পশ্চিম

১৪।১১৯ ; ২—৫ ঐ শিষ্য [ঐ ১৪। ১৩১, ১৩৮, ১৪৭, ১৪৯]।

শ্যামস্থন্দর আচার্য-শ্রীমহাপ্রভুর

দীক্ষাগুরু শ্রীশ্রীর পিতৃদেব (প্রেম ২২)। শ্রীপাট-কুমার্ছট।

· (ঈশ্বরপুরী ভ্রষ্টব্য)

শ্যামস্থন্দর ভর্কালঙ্কার ভট্টাচার্য— শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।

় তর্কালম্কার ভট্টাচার্য **শ্যামস্থন্দর।** প্রোনভক্তি যারে দিল রসিকশেখর॥

[র° ম' পশিচম ১৪|১০২]

শ্যামস্থনর দাস—ব্রাহ্মণ, শ্রীনিবাস আচার্যের শিষ্য। শ্রীমধুরাতে বাস করিয়াছিলেন।

শ্রীখ্যামস্থন্দর দাস সরল ব্রাহ্মণ।
লক্ষ হরিনাম ফিঁহো করেন গ্রহণ।
(কর্ণা ১)

(কণা ১) **শ্যামানন্দ প্রভু**—সদগোপকুলোম্ভব।

'ছ:খী বা ছ:খিনী' ও 'কৃফদাস' ইহার পূর্ব নাম। প্রীজীব গোস্বামী প্রভু 'প্রীঞ্চামানন্দ' নাম

· দণ্ডেশ্বর গ্রামে বাস সর্বাংশে প্রবল। মাতা—শ্রীত্বরিকা, পিতা—

রাথেন।

শ্রীকৃষ্ণ মণ্ডল॥ সদ্গোপ-কুলেতে শ্রেষ্ঠ অতিস্থচরিত। ধারেনা⊁ বাহাত্বপুরেতে পূর্বে ছিত॥

[ভক্তি ১|৩৫১-৩৫২]

পুত্ৰ ক্যা গত হৈলে' হৈল শ্রামানক। মাতা পিতা ছ:খ সহ পালন করিল। এই হেতু 'ছঃখী' নাম প্রথম হইল। (0000) খ্যামত্মরের মহা আনন্দ জন্মাইল। 'খামানল' নাম পুন বুন্দাবনে হইল॥ (公8的)

রাধা ভামস্থ দরের স্থথ জনাইল। कानिया बीकीव शामानम नाम शूरेल॥ [ভক্তি ৬|৫২]

শ্রীরদয়তৈতত্ত্বের শিষ্য। इनि ১৪৫৬ শকে মধুপূর্ণিমায় ইঁহার জনা। 'খামানন্দপ্রকাশ,' 'অভিরাম-লীলামৃত', 'প্রেমবিলাস', 'ভক্তি-রত্মাকর' প্রভৃতি গ্রন্থে ইংহার জীবনী আছে। খ্যামানন্দের পিতা পূর্বে গৌড়ে বাস করিতেন, তথা হইতে অন্তর্গত উৎৰূলে দত্তেশ্বরের 'ধারেন্দা-বাহাছরপুরে' বাস করেন। বাতাভগী ভাষানন্দের আরও ছিলেন। তাঁহারা পূর্বেই স্বধাম গমন করেন। পিতামাতা ভামা-नन्तरक ञ्रभिका निशाष्ट्रितन। देवस्थव-শাস্ত্রে খ্যামানন্দ প্রভু 'গ্রীঅদৈত আচার্যের প্রকাশ' বলিয়া উক্ত।

খ্যামানন্দ প্রভু বাল্যকাল হইতেই ধর্মামুরাগী ছিলেন। ২০ বৎসর বয়:ক্রমকালে তীর্থ-ভ্রমণে বহির্গত হন এবং অম্বিকানগরে আসিয়া **গ্রিগোরীদাস** পণ্ডিতের স্থাপিত প্রীপ্রীগোরাক-নিত্যানন দর্শন করিয়া প্রেমে বিগলিত হন। এগৌরীদাস পণ্ডিতের শিষ্য শ্রীহৃদয়চৈতন্ত ইহার বিশুদ্ধ ভাবদর্শনে মোহিত হইয়া দীক্ষা প্রদান করেন।

খামানক প্রথমত: গৌডমগুল দর্শন করিয়া পরে ভারতবর্ষের যাবতীয় তীর্থ ভ্রমণ করেন ও পরে শীবৃন্দাবনে শ্রীজীব গোস্বামিপাদের আশ্রমে ভক্তিশাস্ত্র অধ্যয়ন এবং সাধন ভজন করিতে থাকেন। একদা খামানন্দ প্রভু ত্রীবৃন্দাবনে ত্রীরাদ-মণ্ডল পরিষ্কার করিতে করিতে শ্রীমতী রাধিকার শ্রীচরণের নুপুর প্রাপ্ত হইয়া স্বীয় ললাটে স্পর্শ করাইতেই নৃপুরাক্বতি তিলক হয়; এই কারণে শ্রামানন্দ-পরিবারগণ তিলকমধ্যে নৃপুরের চিহ্ন ধারণ করেন। ১৫০৪ শকে প্রীশ্রামানন্দ. শ্রীনরোত্তম ঠাকুর ও শ্রীনিবাস আচার্য তিনজনে শ্রীবুদাবন হইতে গ্রন্থ লইয়া গোড়ে আগমন করেন (এনিবাস আচার্য দ্রষ্টব্য)।

শেষ জীবনে খ্রামানন্দ প্রভু উৎকল দেশের 'নৃসিংহপুর' গ্রামে অবস্থিতি করিয়া বৈষ্ণবধর্ম প্রচার করিয়া-ছिলে। ইनि वह यवनक भिया করিয়াছিলেন। খ্রামাননের অসংখ্য শিষ্যের মধ্যে রসিক্মুরারিই প্রধান। শ্রীশ্রামানন্দ শ্রীপাট গোপীবল্লভপুরে শ্রীগোবিন্দ বিগ্রহ প্রতিষ্ঠিত করেন। খ্যামানন্দ শিব্য করিলেন স্থানে রাধানন্দ, শ্রীপুরুষোত্তম, স্থানে। মনোহর। চিস্তামণি, গ্রীজগদীশব ॥ উদ্ধব, অক্রের, মধুবন, শ্রীগোবিন্দ। জগনাথ, গদাধর, শ্রীআনন্দাননা । শ্রীরাধামোহন-আদি শিবাগণ-সঙ্গে। সদা ভাবে সংকীর্দ্তন স্থের তরঙ্গে॥ [ভক্তি ১৫।৬৩—৬৫] ১৫৫২ শকের আযাটী ক্লফা প্রতি-

পদে নৃসিংহপুরে উদ্ভরায় ভূঁইয়ার गृरह हैनि चल्लक है हन। 🗐 — 🖺 অহৈত-পদ্ধী, পূর্বলীলায় যোগ-মায়ার প্রকাশ [গে)° গ° ৮৬]। **শ্রীকণ্ঠাভরণ**—'কণ্ঠাভরণ দেখ। ত্রীকর-ত্রীচৈতন্ত-শাখা। মহেশ পণ্ডিত, একর, এমধুস্থদন॥ [रेठ° ठ° व्यानि २०।३३३] ২ ধারেন্দাবাসী গোপজাতি অত্যাচারী জমিদার। পরে প্রীরসিকা-নন্দ প্রভুর কুপা পাইয়া পরম বৈষ্ণব হন। [র°ম° দক্ষিণ ৪।২৩—৫।৩৬] **ত্রীকর দত্ত**—শ্রীউদ্বারণ দত্ত ঠাকুরের পিতা 1 **ত্রীকান্ত**—শ্রীঅধ্বৈত আচার্যের ভ্রাতা। নাভাদেবীর ছয় পুত্র, এক কন্তা देशन । श्रीकास, नमीकास, हति-इतानमा ग्रामित, कूभनगाम चात কীতিচক্ত। (প্রেম ২৪) ২ শ্রীসনাতন গোস্বামির ভগ্নী-সেই হাজিপুরে রহে একান্ত-তার নাম। গোঁসাঞির ভগ্নীপতি, করে রাজকাম। [চৈ° চ° মধ্য ২০।৩৮] ৩ শ্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। শ্রীকান্ত, ক্ষীক চৌধুরী-মহা-ভক্তশুর ! (প্রেম ২০) জয় জয় একান্ত পর্ম বিভাবান। নিজগুণে করে থেঁহো পতিতের (নরো ১২) ত্ৰাণ ॥ শ্ৰীকান্ত সেন—শ্ৰীচৈতমু-শাখা। শিবানন্দ সেনের ভাগিনেয়। পূর্ব-

লীলায় কাত্যায়নী [গো° গ° ১৭৪]

নাম। প্রভুর কুপাতে তিঁহো মহা-

শিবানন্দের ভাগিনা শ্রীকান্ত সেন

ভাগ্যবান্ ॥ [চৈ° চ° অস্ত্য ২৷৩৭] কাঁচরাপাড়া কুমারহট্টের শুনহ কর্থন। শ্রীকান্ত সেন, কবিকর্ণ, শ্রীরাম পণ্ডিত-প্রকটন ॥ [ฟา°ฟ°ไ ইনি একবার একাকী পুরীধামে গিয়া মহাপ্রভুর নিকট ছই মাস ছিলেন। মহাপ্রভূ ঐ সময়ে প্রীবৃন্দা-বনে যাইতে ইচ্ছা করিয়া ইংহার দারা গৌড়ের ভক্তগণকে রথযাত্রায় আসিতে নিষেধ করিয়াছিলেন। অন্ত

গ্রীকান্ত সেন

এক বংগর ইনি শিবানন সেনের সহিত গোডের যাবতীর ভক্তসঙ্গে পুরীতে প্রভুর দর্শনে যাইতেছেন, সঙ্গে খ্রীশ্রীনিত্যানন্দ প্রভুও আছেন। একদিন বাসাহর পথিমধ্যে ভোজনাদির বাবস্থা না দেখিয়া শ্রীনিত্যানন্দ-প্রত্ম ক্রোধ

তিন পুত্র মরুক শিবার, এখন না আইল। ভোকে মরি' গেমু, মোরে বাসা না দেওয়াইল॥

(চৈ° চ° অস্তা ১২।১৮)

শিবানন্দ সেনকে গালি দিলেন—

পরে শিবানন্দ সেন শ্রীনিত্যানন্দ-প্রভুর নিকটে আসিলে তাঁহাকে লাপি মারিলেন, কিন্তু লাপি খাইয়া শিবানন্দের আনন্দ আর ধরে না।

তিনি তদ্ধগুই বাসাও ভোজনের বাবস্থা করিয়া দিলেন।

চরিত্র—সব নিত্যানন্দ-প্রভুর বিপরীত। কুদ্ধ হঞা লাথি মারি' করে ভার হিতা। (ভ ৩৩)

निकृति वानक श्रीकास हिन। তিনি প্রভূ ও ভক্তের রহস্ত-মধ্যে প্রবেশ করিতে না পারিয়া ভাবিলেন শ্রীচৈতন্তের — 'আমার মামা পারিষদ, তাঁহাকে জীনিত্যানন্দ-প্রভূ

লাথি মারিলেন।' এজন্ত মনে ছ:খ পাইয়া তিনি কাহাকেও কিছু না একাকী পুরীতে চলিয়া গেলেন, পরে প্রভুর নিকট পুরীতে উপস্থিত হইয়া পেটাঙ্গি' (অঙ্গরাখা বা জামা) সহিত্ই তাঁহাকে দণ্ডবং

হইলে—'গোবিন করিতে উন্নত পেটাঙ্গি ক্ছে--গ্ৰীকান্ত, আগে উতার।' মহাপ্রভু শ্রীকান্তের অভি-মানের কথা জানেন, এজন্ত স্নেহ

প্রস্থ কহে-- শ্রীকান্ত আদিয়াছে পাঞা মনোত্ব:খ। কিছু না বলিও, করুক যাতে উহার প্রথ। (এ ৩৮) প্রভুর বাক্যে শ্রীকান্ত বুঝিলেন-

প্রভূসব জানিয়াছেন। এজন্ত আর কোন কথা বলিলেন না।

প্রভুর সন্মাসাশ্রমের নাম। কাটোয়ায় শ্রীপাদ কেশব ভারতীকে ইনি সন্ন্যাস গুরুরপে বরণ করিয়াছেন। চৈ° ভা°

এক কা হৈত গ্র-— এ প্রী গোরাল-মহা-

হৈ° চ°, হৈ° ম°, ইত্যাদিতে তৎ-প্রেসঙ্গ দ্রেইবা ।

করিয়া---

এক্ষ সার্বভোম—বারেন্দ্র বাংখ-গোত্রীয় সাক্তালবংশে প্রলোচনের ধারায় রামক্ষণবিত্যাবাগীশের অরবায়ী প্রীকৃষ্ণ সার্বভৌম। নবদ্বীপাধিপতি শ্ৰীকৃষ্ণ রায় রামক্রম্ব

সার্বভৌমকে ভূমিদান করিয়াছেন তারিখ—২রা देखार्थ দানপত্রের ১১১০ সন। প্রীকৃষ্ণ ঐ ভূমি নিজ শিষ্য রামজীবন পঞ্চাননকে

পুনদান কার্ত্তিক >>20 স্থে **কালেক্ট**রীর করিয়াছেন (নদীয়া ১৬৬৩৩ নং ভারদাদ দ্রষ্টব্য)। এই সার্বভৌম শ্রীকৃষ্ণ হইতে শ্ৰীক্ষম্ব

হইলে তিনি তিন রাঞার অভিন্ন সময়ে খ্যাতিলাভ করেন—রামক্লঞ্চ. রামজীবন ও রঘুরাম। একিং সার্বভৌম-রচিত 'পদাঙ্কদৃত' সমধিক প্ৰসিদ্ধ. ইঁহার 'কৃষ্ণপদামৃত' কাব্যটিও ১৬৩৩ শকে ২৫০ শ্লোকে প্রথমটি ধীর শ্রীরঘরাম রায় নুপতির আজায় এবং দ্বিতীয়টি

প্রীযুত রামজীবন-মহারাজাদৃত হইয়া প্রকটিত হয় বলিয়া অন্তিম বাক্য হইতে জানা গিয়াছে। তদীয় 'মুকুন্দপদমাধুরী' 'সিদ্ধান্ত-চিন্তামণি' **গ্রন্থদ্ব**য়ের আবিদ্বারে

হয় যে তিনি একজন

প্রতিপন্ন

প্রতিভাশালী নৈয়ায়িকও ছিলেন। এই গ্ৰন্থন্বয় ঐতিহাসিক দৃষ্টিতে व्याव मृलायान्। मूकूनभाभाभूतीरा শীরুঞ্চকেই পরমাত্ম-স্বরূপে উপ-স্থাপিত করা হইয়াছে এবং সিদ্ধান্ত-চিন্তামণি 'ভূজগেন্ত্ৰ-গ্রন্থারত্তে ফণারত্ব-রঞ্জিত-শ্রীপদামুজম। যশোদা-

এবং দ্বিতীয় পরিচ্ছেদের প্রারক্ষেত ঐক্লিফাকে 🔻 বন্দনা করিয়াছেন। প্রীবিগ্রহের নিত্যত্ব-সম্বন্ধে—'অথবা শ্রীবিগ্রহো নিত্য:. অজগ্রতে সতি বিশেষণসিদ্ধিস্ত--'জয়তি ভাবত্বাৎ,

नमनः वत्म म्हितानम-विश्रह्म॥²

ইতানেনেতি ধ্যেয়ং। নবাাস্ত অন্ত-পদোক্তপগৈৰদেশশু ব্ৰজ্বনিতানাং কামং বর্দ্ধরন জয়তি ইত্যর্থঃ। তচ্চ

জননিবাসঃ' (ভা ১০।৯০।২৫)

'সংভবতীতি নিতাত্বসিদ্ধি:। তপ্ত অতএব—'লোকাভিরামাং স্বতহুম'

শ্রীবিগ্রহস্ত শুকোজি-সময়ে সত্ত এব

(ভা ১১।০১।৬) অদক্ষেত্যর্থকতয়া স্বামিচরণৈর্ব্যাখ্যাতমিতি প্রাহ

তৎপরে একটি মূল্যবান্ শ্লোক আছে—

'পদ্ত্যামের ফণাগণস্থ বিষয়ব্যাধেশ্চ চিস্তামণে:, সান্ত্রানক্ষময়স্থ
দেবক স্থতাজন্মপ্রবাদস্য চ। নিত্যত্বং
জগদীশ্বরস্থ বপুব: প্রীকৃষ্ণনায়া ময়া,
ধীরপ্রীরঘুরামরায় - নূপতেরাজ্ঞাবশাদ্
বর্ণিতম্॥' এস্থলেও প্রন্থকারের পৃষ্ঠপোষক ছিলেন — রঘুরাম রাজা।

শ্রীগর্ভ--গ্রীগোর-পার্ষদ, মহাপদ্মনিধি।
[গো° গ° ১২০—১২৩]
ইনি মহাপ্রস্থর কীর্ত্তনসঙ্গী ছিলেন।
[ৈচ° ভা° মধ্য ৮।১১৫,৯।৫]

[র° ম° পশ্চিম ১৪।১৩৬] **শ্রীচরগ**—শ্রীরসিকানন্দ-প্রাতুর শিষ্য।

🔊 চন্দ্র— এর সিকানন্দ-প্রভুর শিষ্য।

্র° ম° পশ্চিম '>৪।১০৮] **শ্রীজীব পণ্ডিড—**শ্রীগৌরভক্ত (বৈঞ্চব-বন্দনা)। রত্বগর্জাচার্যের পুত্র। পূর্বলীলায় ইন্দিরা।

(গো° গ° ১৬৯)

শ্রীঠাকুরাণী—শ্রীশ্রীঅবৈত - প্রত্নর বিতীয়া ভাষা। সীতাদেবীর ভগিনী, ইংার প্রের নাম—ছোট খ্রামদাস। শ্রীদাস—শ্রীনিবাস প্রভুর শিষ্য। শ্রীপাট—কাঞ্চনগড়িয়া। শ্রীনিবাস প্রস্তু—

ञीपान, গোকুলানন্দ আদি শিখাগণে। শান্তাহশীলন হেতু খুইলা (ভক্তি ১২।১৯) যাজিগ্রামে ॥ श्रीनिवाग चाहार्यत শিষ্য ও ইহারা অধ্যয়নরত ভক্ষগণকে ভক্তিশাস্ত্র পাঠ করাইতেন। পিতা -- শ্রীবন্দাবন-প্রবাসী প্রসিদ্ধ হরি-দাসাচার্য। **শ্রাতার** নাম--গোকুলানন।

শ্রীনিবাস আচার্য যখন শ্রীরন্দাবন হইতে গোড়ে আসেন, তখন হরিদাসাচার্য তাঁহার প্রুদ্ধাকে দীক্ষা প্রদান করিবার জন্ম বলিয়া দিয়া-ছিলেন। হরিদাসাচার্যের তিরোভাব-তিপি মাঘী ক্লফা একাদশীতে ছই লাতা যে মহামহোৎসব করিয়া-ছিলেন, তাহাতে বহু ভক্তের আগমন হয়। ঐ সময়ে ইংহাদের দীক্ষাও হয়।

এই মাঘী রুঞা-একাদশী দিনে। দীক্ষা দিব হরিদাসাচার্যের নন্দনে॥ (ভক্তি ১০।৪৭)

তবে প্রভু কাঞ্চনগড়িয়া প্রতি দয়া (?)। শ্রীদাস ঠাকুরে দ্যা করিলা আসিয়া। তিঁহো মহাভাগৰত প্রম পণ্ডিত। প্রভুর নিকটে যাঁর সদা ছিল স্থিত॥ জয়ক্বফ, জগদীশ, খ্যামবল্লভ আচার্য। তাঁহার তন্ত্র তিন, গুণে মহা আর্য। খ্রীঈশ্বরের কুপাপাত্র তিন মহাশ্র। মহাভাগবত হয় প্রেমের আলয়॥ (কণা) **এ ধর—'খোলাবেচা গ্রীধর' না**মে খ্যাত। পূর্বলীলার মধুমঙ্গল [গৌ° গ° ১৩৩], শ্রীচৈতন্ত-শাখা। নবদ্বীপ-বাসী জনৈক দরিদ্র শাকসন্তি, থোঁড মোচা প্রভৃতির বিক্রেতা। বাল্যকালে মহাপ্রস্থ জোর করিয়া ইহার খোলা. মোচা প্রভৃতি লইয়া আদিতেন। শ্ৰীবাস-অঙ্গনে মহাপ্রকাশদিনে মহাপ্রভুর আজ্ঞায় ভক্তগণ ইংচাকে স্বন্ধে বছন করিয়া লইয়া আসিয়া-ছিলেন। ইনি মহাপ্রকাশ দেখিয়া **শ্রীগোরচর**ণে অনকা ভক্তিমাত্রই প্রার্থনা করিয়া অষ্ট নিদ্ধিকে উপেক্ষা

করিয়াছিলেন।

শ্রীগোরাঙ্গদেব

ইঁহার ভগ্ন কলসের জলপান করিয়া পরিতৃপ্ত হইয়াছিলেন।

থোলাবেচা শ্রীধর প্রভুর প্রিয়
দাস। যার সনে প্রভু করে নিভ্য পরিহাস॥ (১৮° ৮° আদি ১০।৬৭)
বর-প্রার্থনাকালে (১৮ভা মধ্য
৯।২২৫—২২৬)—

শ্রীধর বলয়ে প্রভু দেহ এই বর।

যে ব্রাহ্মণ কাড়ি' নিল মোর খোলাপাত। সে ব্রাহ্মণ হউক মোর জন্ম
জন্ম নাথ॥ যে ব্রাহ্মণ মোর সঙ্গে
করিল কন্দল। মোর প্রভু হউক
তার চরণ-যুগল॥ স্থতরাং—কলা,
মূলা বেচিয়া গ্রীধর পাইল যাহা।
কোটি কল্লে কোটীখর না দেখিল
তাহা। বেদগোপ্য ভিক্তিযোগ তাঁরে
গোর দিল।

২ শ্রীনিত্যানন্দ-শাখা। নকড়ি, মুকুন্দ, স্থ্র্গ, মাধ্ব, শ্রীধ্র। [চৈ° চ° আদি ১১।৪৮]

শ্রীধর প্রক্ষাচারী--শ্রীগদাধর পণ্ডিতের শাখা। পূর্বলীলায় চন্দ্রলতিকা। (গো°গ° ১৯৪, ১৯৯)

শাখাশ্রেষ্ঠ গ্রন্থন, শ্রীধর বন্ধচারী ॥
(হৈ ° চ ° আদি ১২.৭৯)

শ্রীপ্রবং স্থলামাথ্যং ব্রন্ধচারিণম—
ছুতম্। প্রেমামৃতময়ং সর্বং গৌরলীলাবিলাসকম্॥ [শা° নি° ৫]
শ্রীধর স্বামী—ইহার সম্বন্ধে নানাবিধ
ঐতিহ্য ও কিম্বনন্তী প্রচারিত আছে;
কেহ বলেন ইনি গুজরাটদেশীয়
মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ, কেহ বা বলেন
ইনি ভট্টিকাব্য-রচয়িতার জনয়তা

(ভক্তমাল ১২শ), অন্ত মতে ইনি

অবৈত্মতাবলম্বী সন্নাসী (অবৈত-

সিদ্ধির ভূমিকায় রাজেন্দ্রনাথ ঘোষ)। তাঁহার রচনা হইতে কেবল এইমাত্র শংগৃহীত হয় যে তিনি কেবলা-দৈতবাদী কাশীবাসী সম্প্রদায়ের একদণ্ডী সন্ন্যাসী ছিলেন আত্মপ্রকাশ টীবার ১।১ মঙ্গলাচরণে]। তিনি অবৈতবাদিসম্প্রদায়ের শোধনের জন্ত (ভাবার্থদীপিকা যত্নপর ছিলেন ১০া৮৭ মঙ্গলাচর্ণ ৩) ; তাঁহার গুরুর नाम ছिल-প्रमानस [श्रूरवाधिनी ১৷১ টীকা]; তাঁহার সন্নাস-নাম-শ্রীধরস্বামী ও তিনি নৃসিংহ-উপাসক (আত্মপ্রকাশটীকা ১।২)। রচিত গ্রন্থাবলী—(>) গীতার টীকা— স্মবোধিনী, (২) বিষ্ণুপুরাণের টীকা-আত্মপ্রকাশ, (৩) ভাগবতের টীকা— ভাবার্থদীপিকা, (৪) সনৎস্কৃজাতীয়ের **गिका**—वाल (वाशिनी, (e) गीजामात-টীকা-—ব্ৰহ্মসম্বোধিনী [Bhandarkar Research Institute, Poona Ms. no. 425] (৬) ব্ৰহ্মবিহার-

উদ্ধৃত ১৫, ২৮, ৪৩ শ্লোকসমূহ।
(খঃ ১৩৫০—১৪৫০) শ্রীনৃসিংহদেব-প্রসাদে সর্ববেতা শ্রীধরস্বামিপাদ
সমগ্র শ্রীমন্ভাগবতের যে টীকা রচনা
করিয়াছেন, শ্রীমন্ মহাপ্রভু তাহাতেই
সম্মতি জ্ঞাপন-পূর্বক উহারই আদর্শে
শ্রীমন্ভাগবতের টীকা রচনা করিতে
ইন্ধিত দিয়াছেন। শ্রীমন্ মহাপ্রভু
বলিয়াছেন—

কাব্য [জীবানন্দবিভাসাগর-প্রকাশিত

কাব্যসংগ্রহে]; (৭) প্রভাবলিতে

শ্রীধরস্বামি-প্রসাদে সে 'ভাগবত'
জানি। জগদ্গুরু শ্রীধরস্বামী গুরু
করি মানি॥ শ্রীধরের অমুগত যে
করে লিখন। সব লোক মান্ত করি

করিবে গ্রহণ 🗈 (চৈ° চ° অস্তা ৭।১২৯, ১৩১) স্থতরাং শ্রীমংসনাতন ও শ্রীজীবপাদ শ্রীধরামুগতোই ব্যাখ্যা করিয়াছেন। শ্রীধর সম্প্রদায়াহরোধে পৌর্বাপর্যাত্র-সরণে বেদাস্কভাষ্য শ্রীমদভাগবতের 'ভাবার্থদীপিকা' টীকা রচনা করেন। ভাগ (১৷১৷২) টীকায় ভেদাভেদবাদ-সমর্থনে তিনি ভক্ত, ভক্তি, শাস্ত্র ও জীবের নিতাতা ও জগৎসতাতাদি করিয়াছেন প্রতিপাদিত 'প্রোজ্ঝিত-কৈতব' শব্দের ব্যাখ্যানে প্রচল্পরাদ বা কেবলাছৈতবাদ খণ্ডন করিয়াছেন। সাম্বত আচার্য-চতৃষ্ঠয়ের মধ্যে কেবল শ্রীবিফুস্বামির সর্বজ্ঞস্জের ()।৭।৬ ও ৩।১২।২) প্রমাণ উদ্ধার করিয়াছেন। শ্রীধরস্বামি-নিমিত 'বিষ্ণুপুরাণের টীকায়'ও কেবলা দ্বৈতমত-খণ্ডনে শুদ্ধাদৈত হইয়াছে (७। ३७। ३७)। ভাগ (১০।১৪।২৮-৩৯) ভক্তি. ভগবান ও ভক্তের নিত্যতা, (থা২৮। ৪১ ও ১১।১১।৬) টীকায় জীব ও ঈশ্বরের পার্থক্য, (৩২৫।৩২ টীকায়) মুক্তির প্রাসন্ধিকত্ব, (১০/৮৭/৩১) চেতনাচেতনপ্রপঞ্চের পরমাত্মো-পাদানত্ব, (১০৮৭।২১) নির্ভেদমুক্তির নিন্দা এবং শ্রবণকীর্ত্তনাদি ভক্তির হইয়াছে। নিতাতা প্রতিপাদিত নিবিশেষ মায়াবাদিগণ ব্ৰন্ধকে পরতত্ত্ব বলিলেও ইনি (গীতা ১৪।২৭) শ্রীরুষ্ণকেই ব্রন্মের প্রতিষ্ঠা, 'ঘনীভূত ব্রহ্ম' বলিয়াছেন। অদ্বৈতবাদিরা শ্রীবিগ্রহ, নাম, রূপ, গুণ, বিভূতি, ধাম ও পরিকুরের নিত্যত্ব স্বীকার না করিলেও ইনি (ভা দী ৮।৬।৭--১)

শ্রীবিগ্রহের সনাতনত্ব, অপরিমেয়ত্বাদি স্থাপন করিয়াছেন (ভা দী ১০া৮ণা২) 'প্রতু' শক্রের ব্যাখ্যানাবসরে ভগবানের সগুণ গুণনিচয়ের প্রতি-পাদন করিয়াছেন। বিশেষ কথা---ইনি শ্রীবিষ্ণুপুরাণের (১।৩।২) টীকায় 'অচিস্তা' শব্দের ব্যাখ্যায় অর্থাপত্তি-প্রমাণ-মূলে, অচিন্তাভেদাভেদবাদের ৰীজ দেখাইয়াছেন। (এ প্ৰসঙ্গে ভাদী ১১।২০।১০, ১১: গীতা) । रवाकाम्य भदावद শ্রীনাথ-মাহেশের নিকটে বল্পভপুর-বাসী ভক্ত। চারটা বল্পভপুরে সেবা অমুপাম। ভক্তগণ যে যে ছিলা কহি তার নাম॥ কাশীখর, শহরোরণ্য, শ্রীনাথ আর। শ্রীকৃত্বপণ্ডিত আদি বাস স্বাকার॥ (পা° প°) শ্রীনাথ ঘটক—পিতার নাম প্রীভগী-রথ আচার্য। মাতার নাম-জয়-ছুর্গা দেবী। চট্টগাঁই, কাশুপ গোতা। ভাতার নাম—শ্রীপতি। শ্রীনাথ, শ্রীপতি—ভগীর্থের তনয়। ঘটক আচার্য নাম শ্রীনাথের হয়॥ (প্রেম ২১) শ্রীনাথ চক্রবর্ত্তী—শ্রীগদাধর পণ্ডিতের শাখা। শ্রীনাথ চক্রবর্তী আর উদ্ধব দাস। [है कि क वाि प्रशास्त्र] বন্দে শ্রীনাথ-নামানং পণ্ডিতং সদ্ভণাশ্রয়ম্। কৃষ্ণসেবা-পরিপাটী যদ্ধৈর্ঘন স্থসেবিতা॥ [শা° নি° ১৯] · ২ (আচার্য) শ্রীমদৈত প্রাভুর

भिषा। शृर्वनीनाम गनकन [(त्री°

গ° ১০৭, ২১১] শ্রীপাট-কুমার-

रहे । देंशदरे ছा**ज—** श्विनन त्रात्नत

পুত্র পরমানন্দ সেন বা কবিকর্ণপুর।
শ্রীনাথ কুমারহট্টে শ্রীক্লঞ্চবিগ্রহ প্রতিষ্ঠা
করেন। অভ্যাপি তাহা ঐস্থানে
বর্ত্তমান আছেন। ইনি 'শ্রীচৈতন্তামতমপ্ত্র্মা' নামে শ্রীভাগবতের টীকা
করেন।

শ্রীনাথ চক্রবর্তী পণ্ডিত-প্রধান।
শ্রীনাথ আচার্য বলি কেহ তাঁরে কন॥
অবৈত প্রস্থু তারে দীক্ষামন্ত্র দিলা।
শিবানন্দ-পুত্র কবিকর্ণপুর তাঁর ছাত্র॥
ৈচতন্ত্র-মতমঞ্জ্বা ভাগবতের টীকা
কৈল॥ (প্রেম ২৪)
শ্রীচৈতন্তচরিতামৃতে ইনি শ্রীচৈতন্ত্র-

শাখার উক্ত হইরাছেন—
শ্রীনাথ পণ্ডিত প্রভুর কুপার
ভাজন। যাঁর ক্ষণ্টেরা দেখি বশ
ব্রিপুরন॥ (চৈ°চ° আদি ১০।১০৭)
কাঁচড়াপাড়া ক্ষণ্ট্র গ্রামে বৃহৎ
মন্দিরে শ্রীবিগ্রহের পদতলে ইহার
নাম-যুক্ত সংস্কৃত শ্লোক অন্ধিত
আছে।
শ্রীনাথা পণ্ডিত—শ্রীমদভাগবতের

শ্রীনাথ পণ্ডিত-শ্রীমদ্ভাগবতের উপর 'চৈতগ্রমতচন্দ্রিকা'-নামক টীকাকার। **শ্রীনাথ মিশ্রে**—শ্রীচৈতক্ত-শাখা। ব্রজের চিত্রাঙ্গী (গো[°] গ° ১৭১)। শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম,

ন্ধশান। [ৈচ° চ° আদি ১০।১১০]

শ্রীনিধি—গ্রীচৈতন্ত্য-শাখা। প্রসিদ্ধ
শ্রীবাস পণ্ডিতের ভ্রাতা। পদ্মনিধি।
[গেগ° গ° ১০২—১০৩]
শ্রীপতি, শ্রীনিধি—তাঁর স্কই সংহা-


দর। [চৈ° চ° আদি ১০।৯]
২ 'শ্রীনিধি, শ্রীগোপীকান্ত, মিশ্র ভগবান্।' [চৈ° চ° আদি ১০৷১১০] শ্রীনিবাস আচার্য ঠাকুর—প্রসিদ্ধ শ্রীগোরাঙ্গ-ভক্ত। নদীয়া জেলার

অন্তর্গত অগ্রদ্বীপের উত্তরে চাকুন্দীগ্রামে ১৪৪১ শকে বৈশাখী পূর্ণিনার
রোহিণী নক্ষত্রে প্রীচৈতন্তদাস-নামক
রাটীয় ব্রাহ্মণের গৃহে আবির্ভাব।
চৈতন্ত দাসের পূর্ব নাম—গঙ্গাধর
ভট্টাচার্য; প্রীমহাপ্রভুর সন্ন্যাসকালে
ইনি তথায় উপস্থিত ছিলেন এবং
ভাঁহার নামের শেষাংশ শুনিয়া

তাহাই জপিতে জপিতে

হইয়াছিলেন—তৎপরে সকলে তাঁহাকে 'চৈতন্ত দাস' আখ্যা দেন। শ্রীমন্মহাপ্রভুর দ্বিতীয় প্রকাশ; গ্রীনিবাস আচার্য প্রভুর জীবনী ও লীলাবলী ভক্তিরত্বাকর, প্রেমবিলাস, কর্ণানন্দ, অমুরাগবল্লী এবং নরোত্তম বিলাসে বিস্তারিতভাবে বণিত হইয়াছে। মহামহোপদেশক. আধ্যাত্মিক শিক্ষক, বৈঞ্চব বেদান্ত ও সাহিত্য-প্রভৃতির মহাপ্রচারক এবং বৈক্ষৰ-মহাজনী পদাবলীর উন্নতি-সাধনে উৎসাহদাতা আচার্যপ্রভু যে কতভাবে গৌড়ীয়-বৈষ্ণব-ধর্মের প্রচার ও প্রসার করিয়াছেন—তাহার ইয়জা শ্রীমন্মহাপ্রভু একশক্তি-শীরপুশনাতনাদি প্রকটনে ভক্তিশাস্ত্র প্রণয়ন করাইয়াছেন এবং শক্তি-প্রকটনে শ্রীনিবাস আচার্যধারা তাহার প্রচার করাইয়া-ছেন (ভজি ১। ২৩২—২৩৪)। আচার্যপ্রভু মাত্র পাঁচটি পদ রচনা করিয়াছেন বলিয়া প্রকাশ; কণ্-

নন্দের ষষ্ঠ নির্যাসের (১) 'বদনটাদ'



উন্মত

কোন্ কুন্দরে কুন্দিল গো', (২)
'প্রেমক মঞ্জরী, শুন গুণমঞ্জরী, তুহুঁ
সে সকল শুভদাই', (৩) 'তুহুঁ গুণমঞ্জরী, রূপে গুণে আগরী' এই তিনটি
পদ পদকরতক্তে উদ্ধৃত হইরাছে।
ইনি 'মনোহরসাহী' স্থরের প্রবর্ত্তক
বলিয়া প্রকাশ। শ্রীআচার্যপ্রস্থ শ্রীমদ্ভাগবতের চতুঃশ্লোকীর ভাষ্য করিয়াছেন। ইহার ভাব, ভাষা ও পদ-ব্যাখ্যান-কৌশল অভিস্থনর।
শ্রীমন্নরহরিঠকুরাষ্টক, ষড়গোস্থামি-

শ্রীনিবাস-শাখাঃ— ছয় চক্রবর্ত্তী—১। শ্রীদাস চক্রবর্ত্তী.

গুণলেশ-স্চক প্রভৃতিও ইঁহার রচনা।

২। প্রীগোকুলানন্দ চক্রবর্তী, ৩।
প্রীখামদাস চক্রবর্তী, ৪। শীব্যাস
চক্রবর্তী, ৫। শ্রীগোবিন্দ চক্রবর্তী
এবং ৬। শ্রীনারায়ণ চক্রবর্তী।

কর্ণানন্দে কিছু কিছু পার্থক্য আছে।

কবিরাজ :- শ্রীরামচন্দ্র

্ অঠ

কবিরাজ, শ্রীগোবিন্দ কবিরাজ, শ্রীকর্ণপুর কবিরাজ, শ্রীনৃসিংহ কবি-রাজ, শ্রীভগবান্ কবিরাজ, শ্রীবল্লবী

কান্ত কবিরাজ, প্রীগোপীরমণ কবিরাজ এবং শ্রীগোকুল কবিরাজ। ছয় ঠাকুর :—প্রীরামক্বক্ষ চট্ট-

রাজ, প্রীকুম্দানন্দ ক্লরাজ, প্রীরাধা-বল্লভ মণ্ডল, প্রীজয়রাম চক্রবর্তী, শ্রীরূপ ঘটক, প্রীঠাকুর দাস ঠাকুর। এক রাজাঃ—নীরহামীর।ভিৎ-

পুত্র ধাড়ী হাম্বীর] শ্রীনিবাস আচার্য প্রস্থান্থতি নিম্নলিখিত 'ভূমে' বা রাজ্যে বৈষ্ণব ধর্ম প্রচার করিয়া-ছিলেন:— >। মল্লভ্য — বিষ্ণুপ্র, ২। মানভূম, ৩। সিংহভূম — চাইবাসা, ৪।
ভট্টভূম (রামগড়), ৫। সামস্বভূম,
৬। বরাহভূম, ৭। তুক্সভূম, ৮।
বাক্ষণভূম, ৯। শীক্রভূম, ১০।

ধলভূম, ১১। ধনভূম, ১২। নাগ-ভূম, ১৩। বীরভূম প্রভৃতি। ১৪। শবরভূম [মেদিনীপুরের পশ্চিমদক্ষিণ

দিকে স্থবর্ণরেখা হইতে উত্তরে কংশাবতী নদী পর্যন্ত ভূভাগই শবর-ভূমি ছিল ।

J. A. S. B. New series Vol XII 1916, No. 1 Page 52. একটা প্রবাদ আছে-খলে 'রা', মলে

'পা', শেখরে 'বা', সন্ধিপ্জার ঠিক শুভক্ষণ প্রকাশ করিবার জন্ম ধলভূমে বা রাজ্যে গভীর শব্দ হইত। মল-রাজ্যে সিন্দুর-রঞ্জিত পাত্রে দেবীর

রাজ্যে । শুমু-মাজত সাত্রে দেবার চরণচিহ্ন পড়িত। শেখর রাজ্যে প্রবল ব্যাতা বহিত।

জ্রীনিবাস দত্ত—প্রীউদ্ধারণদত ঠাকুরের পুত্র (প্রিয়ঙ্কর)।

এ পিড- এ চৈত্ত শাখা। এ নিবাস

. পণ্ডিতের ল্রাতা। শ্রীপতি, শ্রীনিধি—তাাঁর ছুই

সহোদর। (চৈ° চ° আদি ১০।৯) ২ শ্রীরসিকানন্দ-শিষ্য। রে° ম° পশ্চিম ১৪।১৬০]

এপিড চট্ট—পিতার নাম ভগীরথ আচার্য। মাতার নাম—জয়ত্বর্গা দেবী। ভাতার নাম—এনাথ

ঘটক ।

স্বামী মাধবাচার্যের ধর্মজ্রাতা। শ্রীনাথ, শ্রীপতি--ভগীরথের তনম। (প্রেম ২১)

ইনি শ্রীমতী গঙ্গাদেবীর

শ্রীমতী দেবী—শ্রীজাহ্নবা মাতার

শিষ্যা। রাজবলহাটের নিকটে ঝামট-পুর গ্রামের শ্রীযত্বনন্দনাচার্যের কন্সা। মাতার নাম—লক্ষ্মী দেবী। ভগিনীর

নাম—নারায়ণী দেবী। ছই ভগীকেই প্রীপ্রীরচন্দ্র গোস্বামী বিবাহ করিয়াছিলেন।

জাহুবা দ্বাধ্বী অতি উল্লসিত

হৈলা। প্রিমতী নারায়ণী—দোহে
শিষ্য কৈলা॥ (ভক্তি ১৩।২৫৫)

শীমন্ত - প্রীনিত্যানন্দ-শাখা।

শ্রীমন্ত, গোকুলদাস, হরিহরানন্দ। (ৈচ° চ° তাদি ১১'৪৯)

শ্রীমন্ত চক্রবর্ত্তী—শ্রীনিবাস আচার্চের শিষ্য। তারপর রুপা কৈলা শ্রীমন্ত

চক্রবর্তী। পদাশ্রয় পাইয়া থিঁহো হইল ক্লতকীন্তি॥ লক্ষ হরিনাম লয়, নামেতে বিশ্বাস। বড়ই রিসক, তিঁহো সংসারে উদাস॥ (কর্ণা ১) শ্রীমন্ত ঠাকুর—শ্রীনিবাস আচার্যের

শিষ্য। শ্রীমস্ত ঠাকুর এক বিপ্রকুলোম্ভব। তাঁরে কুপা কৈলা প্রভূ হজা স্থথাবিষ্ট॥ (কর্ণা১)

শিষ্য।

ভন্ন ভন্ন শ্রীমন্ত দত্ত—শ্রীঠাকুর মহাশরের

শিষ্য।

ভন্ন ভন্ন শ্রীমন্ত দত্ত ভাগুনারী প্রবীণ।

বেঁহো গৌর-গুণেতে উন্মন্ত রাত্রি

দিন।

(নরো ১২)

শ্রীমান্ ঠক্কুর— শ্রীগোরভক্ত।
 'শ্রীমান্ ঠকুর! তাবে দেখাহ আমারে। যে বনভোজন-ছলে

মোছিল ব্রহ্মারে॥'

শ্রীমান্ পণ্ডিত—গ্রীচৈতন্ত-শাখা।
মহাপ্রভুর কীর্ত্তনসঙ্গী ছিলেন ও
নৃত্যকালে দেউটি ধরিতেন।

শ্রীমান্ পণ্ডিত শাখা প্রভুর নিজ ভূত্য। দেউটি ধরেন ঘবে প্রভু করেন নৃত্য॥ (১১° চ° আদি ১০।১৭) শ্রীমান সেন—শ্রীচৈতন্ত-শাখা।

শ্রীমান্ সেন প্রভুর সেবক-প্রধান। চৈতন্ত্র-চরণ বিনা নাহি জানে আন।

(চৈ° চ° আদি ১০।৫২) ২ শ্রীখণ্ডবাসী শ্রীরঘুনন্দনের-শাখা।

শ্রীরম্ব কবিরাজ—শ্রীনিত্যানন্দ শাখা।

গোবিন্দ, শ্রীরন্দ, মুকুন্দ—তিন কবিরাজ। (চৈ° চ° আদি ১১।৫১) শ্রীরঙ্গপুরী—শ্রীমাধবেন্দ্র পুরী গোস্বামির শিষ্য।

শ্রীমাধব প্রীর শিষ্য শ্রীরঙ্গপুরী
নাম। [হৈ চ ° মধ্য ৯ ৷ ২৮৫)
মহাপ্রভুর সহিত প্রথমতঃ
দাক্ষিণাত্যে পাণ্যরপুরে ইংলার মিলন
ও কৃষ্ণকথা হয়। (ঐ ২৮৬ – ৩০২)
শ্রীরত্ত প্রিভিত—শ্রীগোরভক্ত।

শীরত্ব পণ্ডিত! ভক্তি দেহ' তাঁর পায়। ঈশ্বরপুরীরে রুপা যে করে গ্রায়॥ (নামা ১১৪)

ক্রাম— শ্রীরসিকানন্দ-প্রেভ্র শিষ্য। [র°ম°পশ্চিম ১৪।১২৪]

শ্রীরাম তীর্থ—শ্রীগৌরভক্ত। (বৈষ্ণব-বন্দনা)

শ্রীরাম পণ্ডিত—(রামাই)—প্রাসিদ শ্রীবাস পণ্ডিতের অমুজ। পূর্বকালে ইনি নারদের প্রিয় পর্বত ম্নি ছিলেন। (গৌ° গ° ৯০)। প্রভ্র কীর্ত্তন-সঙ্গী।

শীবাদ পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত। ছই ভাই, ছই শাখা জগতে বিদিত॥ শ্রীপতি, শ্রীনিধি—তাঁর ছই সহোদর। চারি ভাইয়ের দাস-দাসী গৃহ পরিকর। ছই শাখার উপশাখার
তা সভার গণন। যাঁর গৃহে মহাপ্রেস্থর সদা সংকীর্ত্তন। চারি ভাই
সবংশে করে চৈতন্তের সেবা।
গৌরচন্দ্র বিনা নাহি জ্ঞানে দেবী
দেবা॥ [চৈত চ° আদি ১০৮—১১]

শ্রীপ্রভুর নৃত্যকালে ইনি স্নাতক
হইরাছিলেন [ৈচ° ভা° মধ্য ১৮।১১

—৫৩]। মহাপ্রভুর প্রকাশ-বার্ত্তা
জানাইবার জন্ত ইনি শান্তিপুরে
অবৈত-সকাশে প্রেরিত হন (ৈচভা
মধ্য ৬:৯—৭১)। মহাপ্রভুর কুমারহট্ট-বিজয়কালে তৎসকাশে জ্যেষ্ঠ
শ্রাতার সেবাদেশ-লাভ (চৈভা অন্ত্যা
৪।৬৬)। শ্রীবাদসহ চন্দ্রশেখর-ভবনে
অভিনয়ে যোগদান (ঐ মধ্য ১৮।৫২)
২ শ্রীঅবৈতপ্রভুর-শাখা।

বিজয় পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত॥
(চৈ° চ° আদি ১২।৬৫)

্রীরাম বাচম্পতি— মতাস্তরে ধ**নঞ্জ**য় বিচ্যানিবাস। শ্রীনিবাস আচার্যের বিচ্যাগুরু [ভক্তি ২০১৮৬]।

প্রীবাস পণ্ডিত—প্রীচৈতন্ত-শাখা।
পঞ্চতত্ত্বের অন্ততম। 'শ্রীনিবাস'-নামেও
খ্যাত (চৈচ ১।৪।২২৭)। পূর্বাবতারে
নারদ (গৌ° গ° ৯০)। প্রীহট্টে আবিভাব। প্রীবাসাক্ষনে সপার্যদ গৌরের
কীর্ত্তন-বিলাসাদি (চৈভা আদি ২।৯৬)
প্রীবাসাক্ষনে সাতপ্রহরিয়া ভাব (চৈচ
আদি ১৭।১১), গোপালচাপালবৃত্তান্ত (চৈচ আদি ১৭।৩৮—৫৯)
মৃতপুত্রমুখে জনমৃত্যু-রহস্ত (ঐ ১।
১৪৭) চারিভাইর কীর্ত্তনে পার্যন্তিগণের গাত্রদাহ (চৈভা আদি ১১।
৫৬)। রপাত্রে হরিচন্দনকে চপেটাঘাত (চৈচ মধ্য ১৩,৯২—৯৫),

প্রত্বর শ্রীবাসাঙ্গনে নিভ্যনর্ত্তন (ঐ
মধ্য ১৫। ৫), শ্রীবাসপণ্ডিতের ধ্যান
মন্ত্র ও গায়ত্রী (শ্রীধ্যানচন্দ্র গোস্বামির
পদ্ধতিতে ৫৩, ৭২) দ্রষ্টব্য। অইক
'আশ্রয়ামি শ্রীশ্রীবাসম্' ইত্যাদি।
মহাপ্রভু নবদ্বীপ ছাড়িয়া সন্ন্যাস
লইলে ইনিও নবদ্বীপে নাথাকিয়া
কুমারহট্টে গিয়া বাস করেন।

শ্রীবাস পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত।

ছই ভাই, ছই শাখা—জগতে

বিদিত ॥ শ্রীপতি, শ্রীনিধি—তাঁর ছুই

সহোদর ৷ চারি ভাইয়ের দাস দাসী
গৃহ-পরিকর ॥ ছই শাখার উপশাখায়
তাঁ-সবার গণন । যাঁর গৃহে মহাপ্রভুর সদা-সংকীর্তন।

[হৈ ° চ° আদি ১০।৮—১০]
প্রেম-বিলাস-(২৩)-মতে শ্রীইট্টনিবাসী বৈদিক জলধর পণ্ডিত সন্ত্রীক
নবদীপে বাস করিতেন। তাঁহার
পাঁচপুত্র—নলিন, শ্রীবাস, শ্রীরাম,
শ্রীপতি ও শ্রীনিধি (শ্রীকান্ত)।
কুমারহট্ট ও নবদ্বীপে ইংগর বসতি
ছিল।

শ্রীবাস-শাশুড়ী— মালিনী দেবীর
মাতা ঠাকুরাণী। মহাপ্রেভু এক দিন
শ্রীবাসের অঙ্গনে কীর্ত্তন করিতেছেন,
ঐ সময়ে শ্রীবাস পতিতের শাশুড়ী
গোপনে ইহাদের রল দেখিবার
উদ্দেশ্যে ডোল চাপা দিয়া বসিয়াছিলেন। বহিরল লোক থাকিলে
প্রেভুর আনন্দ হয় না, অথচ
কাহাকেও দেখিতে পাইতেছেন না,
এজন্ম শ্রীবাসকে কারণ জিজ্ঞাসা
করিলে শ্রীবাস গৃহাভ্যন্তর খুঁডিয়া
শ্রীয় শাশুড়ীকে লুকায়িত অবস্থায়

দেখিতে পান।

(ৈচ° ভা° মধ্য ১৬।৫—২০)
এথা গৌরচন্দ্র নৃত্য করে সন্ধীর্ত্তনে।
সভাপ্রতি কহে—'স্লখ না জন্ময়ে
কেনে॥' শুনিয়া প্রস্থুর বাক্য শ্রীবাস
পণ্ডিত। চিস্তাযুক্ত হইয়া চাহয়ে
চারিভিত॥ শ্রীবাসের শাশুড়ী মাথায়
ডোল দিয়া। ঘরের কোণেতে ছিলা
লুকাইয়া॥ বাহুহীন শ্রীবাস উন্মত
কৃষ্ণাবেশে। ঘর হইতে বাহির কৈল
ধরি ভার কেশে॥

তারপরে—প্রভু কছে—'এবে স্থ্র উপজ্যে মনে।' হইলেন সবে মহা-মন্ত সঙ্কীর্ত্তনে॥ (ভক্তি ১২। २१84-82)।

শ্রীহরি

কিন্তু ইহার পরে এক দিবস—
একদিন প্রভু শ্রীবাসের বাড়ী গেলা। তাঁর শাশুড়ীরে রুপা করি' ঘরে আইলা॥

(ভক্তি ১২।১৯৩৪) **শ্রহির আচার্য**—শ্রীগদাধর-শাখা।
ব্রজ্ঞলীলার কালাকী [গে^১° গ°
১৯৬, ২০৭]।

গোপাল। (চৈ° চ° আদি ১২।৮৪) হরিদাসাচার্যবর্গং বঙ্গদেশনিবাসিনম্। বন্দে তং পররা ভক্ত্যা স্বোজ্জ্বলেনো-জ্জ্লীক্তম। (শা° নি° ৩৩)

चाठार्य, मानिभूतिश

শ্রীহরিচরণ—এীঅবৈত প্রভুর শাখা।

শ্রীহরিচরণ আর মাধব পণ্ডিত। (চৈ° চ° আদি ১২।৬৪)

শ্রীহর্ষ, রঘুমিশ্র, পণ্ডিত লক্ষ্মীনাথ। (ৈচ° চ° আদি ১২।৮৫)

শ্রীহর্ষ ! করহ মোরে তার অমুচর। যাঁর বিশ্ব অঙ্গ দেখে অধ্বৈত ঈশ্বর॥

[नामा ১२२]

বন্দে শ্রীহর্ষমিশ্রাখ্যং কৃষ্ণপ্রেম-বিনোদিনম্। গৌরপ্রেম্ণা মন্তচিত্তং মহানন্দরসান্ধ্রম্॥

[শা° नि° २¢]

ষ্, স

ষষ্ঠী বা ষষ্ঠী ঠাকুরাণী—বাস্থদেব সার্বভোমের কন্তা। ইহার স্বামির নাম—অমোঘ পণ্ডিত।

'ষ্ঠীর মাতা', নাম—সার্বভৌম-গৃহিণী। ৈ চৈ° চ° মধ্য ১৫।২০০) সার্বভৌম-গৃহে একদা মহাপ্রস্থ ভোজন করিতেছেন, এমন সময়ে অমোঘ পণ্ডিত আসিয়া 'একেলা সন্ত্যাদী করে এতেক ভোজন !'— ইত্যাদি বলিয়া মহাপ্রস্থির নিন্দা করিলেন। সার্বভৌম-গৃহিণী ৪ সার্বভৌম শুনিবামাত্র 'হায় হায়, সর্বনাশ হইল' বলিয়া উঠিলেন।

শুনি বাসির মাতা শিরে, বুকে হাত মারে। 'বাসি রাণ্ডী হউক'—ইহা বলে বারে বারে॥ (ঐ ২৫২) মন্ত্রীধর (মন্ত্রীবর) কীর্ত্তনীয়া—

মহাপ্রত্ব শাখা।

কবিচন্দ্র আর কীর্ত্তনীয়া ষষ্টাবর।
(হৈ° চ° আদি ১০) ০১)

বস্তীবর সেন—বাঙ্গালী কবি।
বোড়শ শতাব্দীর শেষভাগে পূর্ববঙ্গে

ইহার জন্ম হয়। ইনি সমগ্র মহাভারত পঞ্চে রচনা করেন। রামায়ণ ও পদ্মপুরাণের অমুবাদও

করিয়া গিয়াছেন। সঙ্কর্মণ—রাজা রাজেন্দ্রলাল মিত্তের

পিতা। ইনি স্বর্ষণ-ভণিতা দিয়া বহু পদ রচনা করেন। ১৮৬০ খৃঃ

'সঙ্গীতরসার্গব' প্রকাশ হয়।

সঙ্গেত আচার্য—শ্রীগদাধর পণ্ডিতের
উপশাধা।

বন্দে সঙ্কেতমাচার্যং শ্রীগোরেঞ্চিত-প্রজ্ঞকম্। গোরপ্রেম-মহাপাত্রং কুঞ্চপ্রেমপ্রদং প্রভূম্॥

[भां° नि° ৫১]

স্চিদানন্দ—পদক্তা জগদানন্দের ভ্রাতা।

সঞ্জয় পণ্ডিত—দাদশ গোপালের অগতম ধনঞ্জয় পণ্ডিতের ল্রাতা। গ্রীপাট——জনন্দি, বোলপুর ষ্টেশন হইতে ৪।৫ ক্রোশ পুর্বদিকে। ইহার

পুত্র-রামকানাই ঠাকুর। মতান্তরে

ইনি ংনঞ্জয় পণ্ডিতের শিশ্য।

সত্যভানু উপাধ্যায়—শ্রীহটবাসী
তৈর্থিক বিপ্র—ইনি বালগোপালের
উপাসক ছিলেন। শ্রীগৌরম্বন্দর
ইংাকে রূপা করিয়া ইহার হস্তে

পাচিত অন্নগ্রহণ করেন। ইংহার তিন পুত্র—বলরাম, জনার্দন ও মুরারি। বলরাম শ্রীনিত্যানন্দ-

থুর।র । বলরাম শ্রানত্যান্দপ্রভুর মন্ত্রশিষ্য ও জনৈক বৈঞ্চব
পদকর্তা। শ্রীপাট দোগাছিয়ায়

বাল-গোপালের সেবা আছে।

অভিরাম গোস্বামির শিষ্য। গ্রীপাট

—মহিনামুড়ি গ্রাম।

মহিনাম্ডিতে বাস সভ্যরাঘব নাম। (পা° প°) সভ্যরাজ খাঁন—গ্রীগোরপার্যদ, ব্রজের স্থক্টী (গৌ° গ° ১৭৩)। কুলীনগ্রামবাসী, ঠাকুর হরিদাসের কুপাপাত্র।

কুলীনগ্রামবাসী, সত্যরাজ্ব রামাননা। (ঠিচ° চ° আদি ২০/৮০)
ইনি রথবাত্রায় পুরীতে গিয়া
শ্রীমহাপ্রভুর সহিত মিলিত হইলে
প্রভু ইহাকে 'পটুডোরীর যজমান'
হইতে আদেশ করেন।
কুলীনগ্রামীরে কহে সম্মান

কুগানপ্রামান্তে বংশ স্থান করিয়া। প্রত্যক্ত আসিবে যাত্রায় পট্টডোরী লঞা॥

[ৈচ° চ° মধ্য ১৫।৯৮]
ইংহাদিগকে লক্ষ্য করিয়া প্রভূ
বৈষ্ণবের জ্রমস্তর দেখাইয়াছেন।
(ঐ ১০৪—১১১, ১৬।৬৯-৭৫)।
গুণরাজ খাঁনকৃত 'প্রীকৃষ্ণবিজয়'
গ্রন্থের প্রশংসা করত মহাপ্রভু
বলিলেন—

'নন্দনন্দন কৃষ্ণ—মোর প্রাণনাথ'। এই বাক্যে বিকাইমু তাঁর (বন্থ) বংশের হাত ॥ (ঐ ১৫।১০০)

সত্যানন্দ — শ্রীশ্রীনিত্যানন্দ-প্রভুর
কনিষ্ঠ প্রাতা।

সত্যানন্দ গোস্বামী—শ্রীনিত্যানন্দ
বংগ্র, সামুবাদ তত্ত্বসন্দর্ভ ও ভগবংসন্দর্ভের প্রকাশক।

সত্যানন্দ ভারতী—শ্রীগৌর-পার্বদ
(বৈষ্ণববন্দনা)। নবযোগীন্দের
অগ্রতম (গে° গ° ১৮—১০০)।

এই নিবেদিয়ে সত্যানন্দ হে

ভারতী ! গৌরক্বঞ্চ-ছেষির মস্তকে

সভ্যানন্দ সরস্বতী—গুপ্তিপাড়াবাসী,

[नामा २०१]

মারে । লাথি ॥

শ্রীরন্ধাবনচন্দ্রের দেবক।
গোপ্তিপাড়াতে সত্যানন্দ
সরস্বতী। বৃন্ধাবনচন্দ্র সেবেন করিয়া
পীরিতি॥ [পা°প°]
সদানন্দ—পদকর্তা। (পদকল্পতক্রর
২১৯৪ সংখ্যক পদ)

সদানন্দী—মতাস্তরে অরুদ্ধতী দেবী।
'শ্রীচৈতন্ত-মঙ্গল'-প্রণেতা শ্রীলোচনদাদের মাতাঠাকুরাণী।
সদাশিব—শ্রীশ্রীঅবৈত-প্রভুর লাতা।

নাভাদেবীর ছয়পুত্র, এক কন্তা হৈল।
শ্রীকান্ত, লন্ধীকান্ত, হরিহরানন্দ।
সদাশিব, কুশলদাস আর কীর্তিচন্দ্র।
(প্রেয় ২০)

২ হিজনিমণ্ডলের অধিকারী বল-ভদ্র দাসের প্রাতা।

র ° ম ° পূর্ব ১০ । ৮৬]
সদাশিব কবিরাজ— শ্রীশ্রীনিত্যানন্দশাখা। কংসারি সেনের পুত্র।
ইং হার পুত্রের নাম—পুরুষোত্তম
দাস। পৌত্রের নাম—কাফু ঠাকুর।
সকলেই মহাপ্রভুর ভক্ত।
সদাশিব কবিরাজ বড় মহাশর।

শ্রীপুরুষোত্তম দাগ—গাঁহার তনয়॥
[চৈচ আদি ১১।৩৮]

ইংগর বংশধরেরা বোধখানা, ভাজনঘাট প্রভৃতি স্থানের গোস্বামিগণ। 'শচীনন্দন-বিলক্ষণ-চতুর্দ্দশক'
ইংগরে রচিত [গোড়ীয়বৈঞ্চব-সাহিত্য
২০১৪২ পৃঃ দ্রাস্টবার পূর্ব পুরুষ
শ্রীপ্রাণবল্লভ-বিগ্রহের প্রতিষ্ঠাপক।
এই বংশে চারি পুরুষ ধরিয়া শ্রীগোর
পার্ষদ। ইনি ব্রজ্ঞলীলায় চন্দ্রাবলী।
পুরা চন্দ্রাবলী যাসীদ্ ব্রজ্ঞে
কৃষ্ণপ্রিয়া পরা। অধুনা গৌড়দেশে
সা কবিরাজ-সদাশিবঃ॥
(গৌণ গণ ১৫৬)

(গো° গ° ১৫৬)
মহামহোপাধ্যায় ভরত মল্লিক
তৎকৃত চক্দ্রপ্রভায় ইংলাদের
নামোল্লেখ করিয়াছেন (৭৪ পৃঃ):—
শম্বরারেঃ স্থতো জাতঃ কবিরাজঃ
সদাশিবঃ। সদাশিবশু পুত্রো দাবগ্রজঃ পুরুষোভ্রমঃ॥ প্রুষোভ্রমসেনো যো বিষ্ণুগারিষদোপমঃ। স
ঠক্র ইতি খ্যাতো বিশ্ববিশ্রুতসদ্যশাঃ॥ তত্ন্যুক্ত পুত্রোহভূৎ
কান্দু ঠকুর সংজ্ঞকঃ। বৈশ্ববো

কান্দু ঠকুর সংজ্ঞক:। বৈষ্ণবো জগতি থ্যাত: সৎসম্বন্ধ-পরায়ণ:॥ পূর্বে সদাশিবের পূত্র পুরুষোত্তমের বাসস্থান ছিল—স্থখসাগরে; স্থখ-সাগর গঙ্গাগর্ভে বিলীন হইলে কাম ঠাকুর প্রীপ্রাণবল্পভবিগ্রহের সহিত পিতাকে লইয়া বোধখানায় আসেন। এতাবংকাল প্রীবিগ্রহ বোধখানাতেই সেবিত হইতেছিলেন—সম্প্রতি পাকিস্থানে রাষ্ট্রবিপ্লব হইতে থাকিলে

১৩৫৭ সালের ২৮শে জৈয় শ্রীবিগ্রহ

আসিয়া ২৪ প্রগণা জিলায় যাদ্ব-

পুর ঘোষপাড়ার শ্রীকামুঠাকুর-বংশ্য শ্রীগোরহরি গোস্বামিপাদের গৃহে বিরাজ করিতেছেন। (কানাই ঠাকুর^২ দ্রষ্টবা)।

সদাশিব পট্টনায়ক—শ্রীরসিকানন্দশিষ্য। [র° ম° পশ্চিম ১৪।১৩২]
সদাশিব পণ্ডিত—গ্রীচৈতন্স-শাখা।
শ্রীশ্রীনিত্যানন্দ-প্রাভু প্রথমে ইংরার
গৃহে অবস্থিতি করিয়াছিলেন।

স্বাশিব পণ্ডিত যাঁর প্রভূ পদে আশ। প্রথমেই নিত্যানন্দের যাঁর

[চৈ° চ° আদি ১০।০৪] সদাশিব পণ্ডিত চলিলা শুদ্ধমতি।

যাঁর ঘরে পূর্বে নিত্যানন্দের বসতি॥
(হৈ ত তা অক্তা ৮।১৯)
ইনি মহাপ্রেতুর নদীরা-লীলার
কীর্ত্তন-বিলাদের সঙ্গী (হৈ ত তা

মধ্য ৮।১১৫), লক্ষীবেশে নৃত্যেচ্ছায় প্রভু ইংহাকে কাচসজ্জা করিতে আদেশ দিয়াছিলেন। (চৈ° ভা°

ম্ধ্য ১৮।৭-১৪)।

গৃহে বাস॥

সন্ তন জীনিত্যানন্দ-শাখা।
বসন্ত, নবনীহোড়, গোপাল,
গনাতন ৷ [ৈচ° চ° আদি ১১৫০)
সনাতন (গাস্বামী — শীহৈতত্তশাখা। পূ লিলার সনাতন
(চতুঃসন) ও ু তিমঞ্জরী বা রাগমঞ্জরী [গোঁ° গ° ১৮ ১—১৮২]।
অফুপমবল্লভ, জীরূপ, সনাতন।
এই তিন শাখা বুক্লের পশ্চি মে গণন ॥

(ৈচ° চ° আদি : `০।৮৪)
শ্রীপাদ সনাতন আহ্মানিক . ১৪১০
শকান্দে আবিভূতি হইয়াছে ন।
তিনি অল্প বয়সে অধ্যাপক-শিরোমা ^{বী}
বিস্থাবাচম্পতির নিকট সর্বশাস্ত্র

অধ্যয়ন করিয়া ব্যুৎপন্ন হইয়াছিলেন। শ্রীমদ্ ভাগবতের প্রতি উাহার প্রবল অহুরাগ ছিল।

কথিত আছে যে স্থলতান বারবক শাহের সময়ে (১৪৬০--১৪৭০ খুঃ) শ্রীসনাতনের পিতামহ মুকুন্দ গোড়ে রাজসরকারে প্রবেশ বারবকের পুত্র ইউসফ শাহ সাত বৎসর রাজত্ব করিয়া মৃত্যুমুখে পড়িলে তৎপুত্র কতেশাহ সিংহাসনে বসেন। বারবক শাহ রাজ্য ও অন্তঃপুর রক্ষার জন্ম আবিসিনীয়া হইতে বহু ক্রীতদাস ও খোল্বাকে আনিয়া पिया ছिলেन—ই शां निगटक नाथा तथा : 'হাবসি' বলে। ইহার। দলবন্ধ হইয়া রাজধানীতে বডযন্ত ফতেশাহকে হত্যা করে। ক্রমে উহাদের চারিজন ৬।৭ বংসুর রাজত্ব করিয়া বিনষ্ট হয় এবং শেষ জনের উজীর হুসেন শাহ গৌড়ের

তৎপদে শ্রীসনাতন নিযুক্ত হন;
হাব্দীদের অত্যাচার-কালে তিনি
আত্মরক্ষা করিয়া হুদেন শাহের
সময়ে উচ্চ রাজপদে বৃত হন—এই

নামই দ্বীর

সময় মুকুন্দ পরলোক গমন করিলে

রাজতত্তে বদেন।

রাজপদের

ফতেশাহের

থাস

(Private Secretary)। দ্বীরথাস কিন্তু নাম বা উপাধি নহে, ইহা কেবল উচ্চপদ-ছোতক শব্দমাত্তী।

সময়ে সময়ে আবার সনাতন সমর-সচিবের কার্যও করিতেন। সনাতনের মন্ত্রণায় হুশেনের রাজত চলিত। শ্রীরূপ

সময় সময় প্রাদেশিক রাজ্য শাসন করিতেন। ফতেহাবাদের অন্তর্গত ইউসফপুর ও চেঙ্গুটিয়া পরগণা তাঁহারা নিজেদের ভোগদখলের জঞ্চ রাজসরকার হইতে পাইয়াছিলেন। এইস্থানে ভৈরব নদীর তটে প্রেম-ভাগে তাঁহারা প্রকাণ্ড প্রাসাদ নির্মাণ করিয়াছিলেন। ইহার বিশেষ বিবরণ যশোহর খুলনার ইতিহাসে (১০০৯—০৫৮ পৃষ্ঠায়) আলোচ্য। রামকেলিতেও তাঁহারা হুরম্য প্রাসাদ, বহু দীঘিকা প্রভৃতি নির্মাণ করাইয়াছেন।

অতিশয় বৃদ্ধিমন্তার গৌড়েশ্বর হ'সেন সাহ ইহাকে প্রধান শ্রীরূপকে উপমন্ত্রী মন্ত্ৰী এবং করিলেও ইহারা গ্রহে বসিয়া নিরস্তর শ্রীমদভাগবতাদি সদ্গ্রন্থের আলোচনা করিতেন। <u> এ</u>মন মহাপ্র**ভূ** श्रीवृन्तावन-गमनवाशाता यथन ताम-কেলিতে শুভ বিজয় করেন, তথন ত্ই ভাই রাজ-পরিচ্ছদ ত্যাগ করত **मीनशैन(यर्ग** তাঁহার চরণদর্শন করিয়া কুতকুতার্থ হইলেন এবং তদবধি ইংহাদের পূর্বসিদ্ধ বিষয়-বৈরাগ্য ও প্রবলতর ভগবদমুরক্তি ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল। শ্রীগোরাঙ্গচরণ-প্রাপ্তিকামনায় তাঁহারা শ্রীকৃষ্ণ-মন্ত্রে পুরশ্চরণহয়ের অমুষ্ঠান দিবানিশি শ্রীগোরাকগুণে ঝুরিতে লাগিলেন। শ্রীমন মহাপ্রস্থর শ্রীবৃন্ধাবন গমন-বার্তা শুনিয়া শ্রীরূপ অমুপ্নের সহিত বুন্দাবন যাত্রা করিয়া এয়াগে তাঁহার সহিত মিলন করেন। এগোরাঙ্গ তাঁহাকে দশ-দিন নিকটে রাখিয়া রস-ভক্তি-প্রেম-ভত্তাদি শিক্ষা দিয়া শক্তি মঞারণ

করত জীবুন্দাবনে পাঠাইয়া দিলেন।

স্থলি'-গ্রামে ইহার শ্রীপাট ও সমাধি

うらか

এ দিকে স্নাতন দেহপীড়ার ছলে গ্ৰহে বসিয়া শ্ৰীভাগৰতামুশীলনে দিন কাটাইতেন. অথচ রাজকার্যে অমনোযোগী হইতেছেন জানিয়া গৌডেশ্বর বহুচেষ্টা করিয়াও তাঁহাকে রাজকার্যে পুন: প্রতিষ্ঠিত করিতে অক্ষম হইয়া তাঁহাকে কারাগারে वसी कतिराजन। স্নাত্ৰ বহু কৌশলে কারামুক্ত হইয়া একাকী কাশীধামে প্রীগোরাঞ্চের পদত্রজে সহিত মিলন করিলেন। শ্ৰীমন মহাপ্রভু তুইমাস যাবৎ তাঁহাকে স্বচরণ-সালিখো রাখিয়া স্থয়, **অ**ভিধেয় ও প্রয়োজন-তন্ত বিশেষ-ভাবে শিক্ষা দিয়া শক্তি সঞ্চারণ করত তাঁহাকে আচার্য-পদে স্থাপন পূর্বক চারিটি বিশেষ কার্যের ভার দিলেন; (১) জগতে শুদ্ধভক্তি-সিদ্ধান্ত-স্থাপন, (২) প্রীব্রজমণ্ডলের লুপ্ততীর্থ-উদ্ধার, (৩) শ্রীকৃষ্ণ-সেবা-প্রকাশ ও (৪) বৈষ্ণবস্থৃতিপ্রচার। বলা বাহল্য যে শ্রীমন্ মহাপ্রভু বৈষ্ণব-শ্বতি সম্বন্ধে স্বয়ং স্ত্রে করিয়া দিগ্দর্শনও করিয়াছিলেন। সব বৃত্তান্ত শ্রীচৈত্তচরিতামূত মধ্য ১৯—২৫ পরিচ্ছেদে ভক্তিলাভেচ্চুদের বিশেষভাবে দ্রষ্টব্য. শ্রোতব্য ও নিদিখ্যাসিতব্য । শ্রীল ক্লফদান-(মতান্তরে লালদাস)-কৃত ভক্ত-মালের দিতীয় মালায়ও ইংগাদের ৰুত্তান্ত বৰ্ণিত হইয়াছে। শ্রীসনাতন প্রভুর গ্রন্থাবলী—(১)

শ্রীহরিভফিবিলাস ও দিপ্দর্শিনী টীকা। (২) শ্রীবৃহদ্ভাগবতামৃত ও টীকা, (৩) লীলাস্তব বাদশমচরিত এবং (৪) শ্রীদশমটিগ্লনী বা তোষণী *। এতদ্ব্যতীত 'লঘুহরিনামায়ত-ব্যাকরণ' নামে একখানা
ক্ষুদ্র গ্রন্থও ইহারই রচনা বলিয়া
প্রকাশ। Dacca University
Library তে এই গ্রন্থ শ্রীক্মপ-কৃত
বলিয়া জানা যায়। ১৪৬০ শাকে
রচিত ভজ্জিরসামৃতিসিদ্ধতে (১।২।৭২,
২০১) হরিভক্তিবিলাসের নাম দেখা
যায় বলিয়া হরিভক্তিবিলাসকে

হইবে।
সনাতন চক্রের্ত্তী—মেদিনীপুর
জিলার (তমলুক)-নিবাসী জ্ঞানৈক
কবি। ইনি ১৬৫৮ খুঃ শ্রীমন্তাগবতের
প্রভান্থবাদ করিয়াছেন। 'বঙ্গবাসী'
কার্যালয়ে ইহার কতেকাংশ মুদ্রিত
হইয়াছিল (মেদিনীপুরের ইতিহাস
৬২৬ পুঃ)।
সনাতন দাস—শ্রীগোর-ভক্ত।

১৪৬৩ শাকের পূর্বেই রচিত বলিতে

ওহে সনাতন দাস! এ বর
মাগিয়ে। কর্মান্ন বিষয়-বিষ বেন না
ভূঞ্জিয়ে॥ [নামা ২২৫]
২ শ্রীল বুন্দাবন দাস ঠাকুরের
শিব্যা বর্দ্মান জেলায় দাইহাট

श्रेट पूरे गारेन पिकता 'त्यान-

· India Office Catalogue

ত (Vol. VII pp 1422—1423)
Eggeling কালিদাসের মেঘদুতের
উপরে শ্রীসনাতনের 'তাৎপর্যদীপিকা'
নামক টীকার উল্লেখ করিয়াছেন।

Oriental

Library Catalogue (Vol. IV. Part I Sanskrit A. R. No 3053, a-47) 'গোপালপূজা' নামক পুঁথিও ইহার নামান্ধিত দেখা যার।

আছে।

সনাতন মিশ্র-পূর্বলীলার স্তাজিৎ

[গৌ° গ° ৪৭]। শ্রীত্বর্গাদাস মিশ্রের
পুত্র। ইংহার ক্সাই আমাদের
পরমারাধ্যা——শ্রীশ্রীবিফুপ্রিমাদেবী,
মহাপ্রভুর দিতীয়া পদ্ধী।

সেই নবছীপে বৈসে মহাভাগ্যবান্। দয়াশীল-স্বভাব
শ্রীসনাতন-নাম॥ অকৈতব উদার
পরম বিফুভক্ত। অতিথি-সেবন পরউপকারে রত॥ সত্যবাদী জিতেন্দ্রির
মহাবংশজাত। পদবী রাজপণ্ডিত—
সর্বত্র বিখ্যাত॥ ব্যবহারেও পরম
সম্পন্ন একজন। অনারাসে
ভংনেকেরে করেন পালন॥

(১০°ভা° আদি ১৫।৪০—৪৩)

সনোড়িয়া ব্রাহ্মণ—শ্রীমহাপ্রভু
মথুরামণ্ডল ভ্রমণ করিতে করিতে
শ্রীশ্রীকেশব-মন্দিরে উপস্থিত হইলে
এই বৃদ্ধ বিপ্র প্রভুর দর্শনে প্রেমাবিট
হইরা নৃত্য করিতে লাগিলেন।
প্রভুপ্ত ব্রাহ্মণের অভুত প্রেমদর্শনে
স্থির থাকিতে না পারিয়া তাহাতে
যোগ দিলেন। পরে উভয়ে
প্রকৃতিস্থ স্ট্লে প্রভু জ্রেমা
করিলেন—'বিপ্রে! এ অভুত প্রেম
আপন্নি কোথায় পাইলেন ?'

বিপ্র কহে—শ্রীপাদ মাধবেক্স
পুরী। শুমিতে শুমিতে আইলা
মথুরা নগরী॥ ক্সপা করি' তিঁহো
মোর নিলয়ে আইলা। মোরে শিষ্য
করি মোর হাতে 'ভিক্ষা' কৈলা॥
গোপাল প্রকট করি সেবা কৈলা
মহাশয়। অভাপিও তাঁর সেবা

আগমন করিলে—

গোবৰ্দ্ধনে হয় ॥ *

[टेठ° ठ° सर्ग २११२७७—२७৮] পরে প্রভু কহিলেন—'আপনাকে দর্শন করিয়াই আমি ব্ঝিতে পারিয়াছি যে শ্রীশ্রীমাধবেন্দ্রপুরীর সম্বন্ধ ভিন্ন এরূপ প্রেম কুত্রাপি দৃষ্ট হয় না।' এই বলিয়া মহাপ্রস্থ বিপ্রের **এ**চরণ বন্দনা করিলে ব্রাহ্মণ প্রভুর ক্রন্দ্র করিতে চরণে পডিয়া नाशित्न्न। প্রভু কহে—'তুমি গুরু, আমি

শিষা প্রায়। গুরু হঞা শিষ্যে নমস্কার না যুয়ায়॥'(ঐ ১৭০) কিন্তু ব্ৰাহ্মণ তাহা শুনিলেন নাঃ পরে বিপ্রের নিকট প্রভু ভিক্ষা প্রার্থনা করিলে বিপ্র স্বীকৃত হইলেন কারণ বিপ্র সনোডিয়া। তাঁহাদের অন্ন সমাজে প্রচলিত নাই। যন্তপি সনোড়িয়া হয় সেইত সনোডিয়া-ঘরে সরাাসী বেশক্ষণ। না করে ভোজন।

এই কারণে বিপ্র মহাপ্রভুর ভট্টাচার্যকে সঙ্গী বলভদ্র করাইয়া প্রভুর দিয়া পাক করাইলেন, কিন্ত প্রভুর সেবা ইহাতে আনন্দ হইল না, তিনি কহিলেন—আপনার গুত্ত প্রীশ্রীমাধবেন্দ্রপুরীভোজন করিয়াছেন, তখন তাঁহার আচরণই সর্ব সারধর্ম। প্রভু কহে—'শ্রুতি, স্বৃতি, যত ঋষিগণ। সবে এক-মত নহে, ভিন্ন ভিন্ন ধর্ম। ধর্ম-সংস্থাপন হেডু সাধুর ব্যবহার। পুরী গোঁসাঞির ভাচরণ

* বর্ত্তমানে গোবর্জন হইতে অনেক দুরে উদয়পুরের নিকটবর্তী নাপদারে ঐ গোপাল সেৰিত হইতেছেন।

সেই ধর্ম সার ॥' (ঐ ১৮৪—১৮৫) এই বলিয়া তিনি পরে সেই বিপ্রগৃহে অন্নভোজন করিলেন। ঐ স্থানে প্রভূকে দর্শন করিতে বিস্তর লোকসমাগম হয়, প্রভু সকলকে উদ্ধার করেন। পরে এই বিপ্রকে সঙ্গে করিয়া মহাপ্রভু ব্রহ্মগুল পরি-ক্রমণে গমন করেন। ঠাকুর-শ্রীনিত্যানন্দ-শাখা।

পূৰ্বলীলায়

শ্রীপাট-ক্রকুণপুর।

বিশেষ দক্ষ ছিলেন।

ভদুসেন—উপগোপাল।

সন্তোষ দত্ত বা বায়-শ্রীনরোভ্য ঠাকুরের শিশ্ব্য ও তাঁহার জ্যেষ্ঠতাত শ্রীপুরুষোত্তম দত্তের পুত্র। ইনি পরে রাজা হয়েন। খেতুরির নিকট শিয়ালা-নামক স্থানে বসন্তপুর নামে এক নগর স্থাপন করিয়াছিলেন। ইনি গৌড়ের বাদশাহের অমাত্য ছিলেন এবং বিদ্বান ও রাজকার্যে

গ্রীকৃষ্ণানন্দের প্রাতৃষ্পুত্র কার্যে দক্ষ। গৌডরাজামাতা প্রজাপালনে প্রবীণ। অত্যন্ত প্রভাব, অক্স যাঁহার অধীন।

শ্রীপুরুষোত্তমের তনয় সম্ভোষাখ্য।

(ভক্তি ১।৪৬৮—৪৬৯) শ্রীনরোত্তম ঠাকুর শ্রীবন্দাবন হইতে প্রত্যা: ইন করিবার পূর্বে তাঁহার পিতা দ্বফানন্দ ও জ্যেষ্ঠ পুরুষোত্তম দত্তের স্বধামে গমন হইয়াছিল বলিয়া অমুমান হয়: কারণ ঐ সময় হইতে সমোষ দত্তের 'রাজা' উপাধি দেখা যায়। শ্রীনিবাস আচার্যপ্রস্থর গ্রন্থ-চরির সংবাদের পর যখন গ্রন্থপ্রাথির সংবাদ আসিল, তখন স্বীয় রাজ্যে

বৈছে শ্রীসম্ভোষ রাজা উৎসাহে

ইনি উৎসব করিয়াছিলেন।

আপনে। করিল মঙ্গল ক্রিয়া বিবিধ বিধানে ॥ (ভক্তি ৭।২৬৯) শ্রীনরোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠায় ইনি সমগ্র ব্যয়ভার বহন

করিয়াছিলেন। কেহ কেহ বলেন, সক্তোব দত্তের অপর নাম—বসস্ত দত্ত। প্রীখ্যামানন্দ খেতুরীতে প্রভূ

রাজা শ্রীসম্ভোষ দত্ত নিজগণ পঞা। বহু দৈক্ত কৈল খামানন্দে [ভক্তি ৭।৩০৮] প্রণমিয়া॥

কুফানন দত ইহাকে রাজ্যভার

দিয়াছিলেন-শ্রীসন্তোষ দত নাম গুণের আলয়। শ্রীনরোত্তমের তি হো পিতৃব্য-কুমার।

ক্ষানন্দ দত্ত গাঁরে দিলা রাজ্যভার॥ (নরো ২) 'সঙ্গীতমাধব'-নাটকে লিখিত আছে

· — 'পদাবতীতীরবর্তি - গোপালপুর-নগরবাসী - গৌড়াধিরাজ - মহা মাত্য - শ্রীপুরুবোত্তমদত্ত -সত্তমতমুজঃ শ্রীসন্তোব-দত্তঃ, স হি শ্রীনরোত্তমদত্ত-স্ত্ম-মৃহাশ্য়ানাং কনীয়ান

পিতৃব্যভ্ৰাতৃশিয়ঃ,

শ্রীরাধামাধবয়ে: প্রকটলীলামুসারেণ লৌকিকরীত্যা পূর্বরাগাদি-বিলাসার্ছং সঙ্গীতমাধবনাটকং বিরচ্যা নানা-

তেন

मस्ति॥" ঐছে শ্রীসস্থোষদত অমুমতি দিল। गत्री जमाधव-नाटम नां हेक वर्गिन। রাধাকৃষ্ণ-পূর্বরাগ অপূর্ব তাহাতে।

শুনিয়া সম্ভোষদত্ত প্রমানন চিতে॥

রত্বাদিদানেন নামা পুরস্কৃত্য সমর্পিত-

[ভক্তি ১|৪৬১--৪৬২] সত্যোষ রায়—পিতার নাম রাঘবেন্ত

ভাতোৰ নাম--ৰাজা চাঁদ

রায়। এই চাঁদ রায় পূর্বে দম্মারুত্তি করিতেন। শ্রীলনরোত্তম ঠাকুরের ফুপায় সংগাষ্টি প্রম বৈষ্ণব হন। [চাঁদরায় দেখ]

সর্বজয়া---বেলপুকুরিয়া - নিবাসী নীলাম্বর চক্রধর্তির কনিষ্ঠা কন্সা ও প্রীচন্দ্রশেখরাচার্যের পদ্ম। (প্রেম ২৪)

সর্বজ্ঞ-ভরদাজ-গোত্রীয় জগদ্গুরু, क्रनीं हे एत्य बाक्रान-बाजवराम जन्म হয়। ইনি এরপসনাতনাদির আদি-পুরুষ !

সর্বানন্দ-পদকর্তা। ঠাকুর জগদা-নন্দের ভাতা। ইনি শ্রীভাগবতের টীকা করিয়াছেন বলিয়া গুনা যায়। নিবাস-দক্ষিণখণ্ডে, মতাস্তরে কিন্ত জোফলাই গ্রামে।

> (জগদানন্দ দেখুন) ২ নিত্যানন্দের অমুজ।

> > (প্রেম ২৪)

সর্বেশ্বর মিশ্র—উপেক্রমিশ্রের পুত্র ও শ্রীগৌরের ছেট্রতাত।

(टेव्ह चानि ३०१६१)

সাদিপুরিয়া গোপাল-বিক্রম-অন্তর্গত সাদিপুরে নিবাস পুরের ছিল। শ্রীগদাধর পণ্ডিতের শাখা। আচার্য, সাদিপুরিয়া শ্রীহরি গোপাল। [চৈ° চ° আদি ২২।৮৪] वत्य (गानानामाथाः नानिभूत-রাধারুঞ্চ-প্রেমরসৈঃ নিবাসিনম্। প্লাবিতং বিক্রমং পুরম্॥

শো° নি° ২৪] সারস্বদাস ঠাকুর-শ্রীচৈত্ত্য-শাখা। ব্রজের নান্দীমুখী (গৌ° গ° ১৭২)। ভাগবতাচার্য, ঠাকুর সারঙ্গদাস। [टेठ° ठ° जामि २०१२२७] সারঙ্গদেব ও ইনি বোধ হয় একই

ভক্ত ৷

কুলিয়া পাহাড়পুর ছুই ত নির্দ্ধার। বংশীবদন, কবিদত্ত, সারল ঠাকুর॥ এই হুই গ্রামে তিনে সতত থাকয়। কুলিয়াপাহাড়পুর নাম খ্যাতি হয়॥ সারসদেব—মহাপ্রভুর ভক্ত। একদা নদীয়াবিহারী শ্রীগোরাঙ্গত্বসর দেবা-পণ্ডিতকে ভর্ণনা করিয়া শ্রীবাস-পণ্ডিতের সঙ্গে স্বীয় গৃহে গমন করিতেছেন, এমন সময়ে সারঞ্চ-দেবের সহিত সাক্ষাৎ হইলে প্রস্থ কহিলেন-'গারঙ্গদেব! তুমি শিষ্য কর না কেন?

गातकरापव विवादान-- छेशयुक्त শিষ্য পাই না, তাই করি না।'

প্রভূ বলিলেন,—'তুমি যাহাকে **भिया क**दित, (महे छे भयुक्त हहेत्व'। সার্জদেব—'আপনার যথন আজা. পাইব, তথন কল্য যাহাকে তাহাকেই শিষ্য করিব।' বলিয়া প্রভূকে দণ্ডবৎ প্রণাম করিয়া সারস্বদেব চলিয়া গেলেন।

প্রদিন সারস্বদেব করিতে গিয়া দেখেন একটি মৃত বালক ভেলায় ভাসিয়া যাইতেছে। সারক প্রভুর আজামতে তাঁহাকেই मीका **मिलन।** मीक यञ्ज कर्ल যাওয়াতে বালকের গ্রেণ সঞ্চার হইল। উক্ত বালকের যজোপবীত-দিনে স্পাঘাতে মৃত্যু হয়। তৎ-কালের রীতি-অহসারে দাহ না করিয়া তাহার আত্মীয়গণ গলায় নিকেপ करतन। পরে জানা যায় যে এই रानटक्त्र नाम-मूत्राति। नानटकत জীবিত হইবার শংবাদ তাহার মাতা-পিতা পাইয়া গৃহে লইতে আসিলে

বালক আর গেল না। সারসদেবের সেবাতে জীবন কাটাইবার মানস করিল। ইনিই ঐঠাকুর মুরারি-নামে উত্তরকালে প্রসিদ্ধ হন। ইঁহার অমুগ বংশ এখনও বর্দ্ধমানের 'শর' গ্রামে বাস করিতেছেন। এই প্রাচীন সেবাটি মান্গাছি গ্রামে বহু প্রাচীন বকুলবুক্ষতলে অস্তাপি বিদ্যমান আছে। (এত্রীগোর-ত্মনার'—১১৩ পঃ) সার্বভোম ভট্টাচার্য——গ্রীচৈতন্ত্র-শাখা। পূর্বলীলায় বৃহস্পতি (গৌ° গ° ১১৯)।

ৰড় শাখা এক সাৰ্বভৌম ভট্টাচাৰ্য। তাঁর ভগ্নীপতি শ্রীগোপীনাথ ভটাচার্য ॥

[ठि° ठ° जामि ऽ०।२६०]

পুরীধামে মহারাজা প্রতাপরুত্ত-দেবের সভাপণ্ডিত ছিলেন। মহাপ্রস্থ পুরীধামে পমন করিলে সার্বভৌম তাঁহাকে বেদাস্ত শ্রবণ করাইতে থাকেন, পরে মহাপ্রভুর কুপা-লাভে তাঁহারই শ্রীচরণে আত্মবিক্রয় করেন। ইংগার রচিত 'ঐটিচতত্যশতক', প্ৰসিদ্ধ গ্ৰন্থ। প্ৰীচৈতন্ত, প্ৰীনিত্যানন্দ, শ্রীঅধৈত ও শ্রীগদাধর গোসামি-প্রভৃতির অষ্ট্রোতর-শ্তনাম স্তোত-ইহার রচনা। নিম স্নোক-

বৈরাগ্যবিদ্যানিজভক্তিযোগ-শিক্ষার্থ-মেকঃ পুরুষঃ পুরাণঃ। এক্সফচৈতন্ত্র-শরীরধারী, *কু* পান্ব ধির্যন্তমহং প্রপত্তে॥ ১॥ কালারইং ভক্তিযোগং निकः यः, श्राष्ट्रकर्तुः क्रक्टिच्छनामा । আবিভূতিভন্ত পাদারবিন্দে, গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিতভূল:॥२॥

দয়ও ইহারই রচিত।

এই ছই শ্লোক—ভক্তকণ্ঠে মণি-হার। সার্বভৌমের কীর্ত্তি ঘোষে ঢকাবাগ্যকার ॥ সার্বভৌম হইলা প্রভূর ভক্ত একতান। মহাপ্রভূ বিনা সেব্য নাহি জানে আন॥ প্রীকৃষ্ণচৈত্ত শচীস্থত গুণধাম। এই ধ্যান, এই জপ, এই লয় নাম॥

[চৈ° চ° মধ্য ভাব৫৭—২৫৮] নীলাচললীলায় সাৰ্বভৌমই মহা-প্রভুর প্রধান সঙ্গী ছিলেন। রাজ। প্রতাপরুদ্রের সহিত মহাপ্রভুর মিলনে প্রথমতঃ ইনি কথাবার্ত্তা চালাইয়া ছেন। ইঁহারই যুক্তিতে জগরাণবল্লভ উত্তানে রাজা প্রভুর চরণস্পর্শাদি-লাভ করেন। গুণ্ডিচামার্জনে, জল-কেলিতে, নন্ধোৎসবে, প্রীক্সপের কাব্যামৃতাস্বাদনে, ভোজন-বিলাসে, শ্রীহরিদাসনির্যাণ-প্রসঙ্গে আমরা সর্বত্রই ইহার সাহিত্য ও প্রাধান্ত অমুভব করি। সার্বভৌম-রচিত সাতিটি পত্ত (৭২, ৭৩, ৯০, ৯১, ৯৯, ১০০, ১৩০) পতাবলীতে সমান্তত হইয়াছে ৷

সালবেগ— মুসলমান বৈষ্ণব কবি।
পদকল্পতকতে ইংহার তিনটি পদ
সমাস্বত হইয়াছে। বিপ্ররামদাস
কবিক্বত 'দার্চ' তাভজ্জিতে' [২০৯২১৯ পৃঃ] উৎকল-ভাষায় ইহার
জীবনী বিবৃত হইয়াছে। কেহ কেহ
বলেন যে 'পতিতপাবনাইকটি' ইংহার
রচনা।

সাহ আবছ্লা—ঘোষ্টকুরী গ্রামের

মঙ্গলভিহি গ্রামের পাছুয়া গোপালের

প্রভাবে ইনি মুগ্ধ হন। প্রেয়োভক্তি-

জেলার

সিদ্ধ ফকির। বীরভূম

রসার্ণবের প্রথম শ্লোক দ্রন্থবা।

সাহাস্তজা—উড়িয়াবাসী পাতসাহার
অম্বর । ইনি ছ্প্ট পাতসাহা-কর্তৃক
প্রেরিত হইয়া শ্রীরসিকানশের
প্রভাব-পরীক্ষা করেন। ব্রসিকের
ইঙ্গিতে 'থেদায়' ১৪ হস্তীর প্রেরণ
দেখিয়া বাদসাহ রসিকানশক্ষ
স্তবাদি করেন। [র°ম° উত্তর ১১।
২১—৪৭]

সিংহেশ্বর **৬ ঢু** — উড়িফাবাসী। শ্রীচৈতন্ত-শাখা।

রামভন্তাচার্য আর ওচ্,
সিংহেশ্বর II [cৈচ° চ° আদি ১০|১৪৮]
মহাপ্রস্থা দক্ষিণ দেশ হইতে
পুরীতে প্রত্যাবর্ত্তন করিলে সার্বভৌম
ভক্তগণের পরিচয়-প্রদানকালে
বলিয়াছেন—

চন্দনেখর, সিংহেখর, মুরারি বাহ্মণ। বিষ্ণুদাস, ইহৈ। ধ্যায় তোমার চরণ॥

(ৈচ° চ° মধ্য—১০।৪৫)
সিঙ্গা ভট্ট— শ্রীহৈতন্ত-শাখা। উড়িয়াবাগী। দিঙ্গা ভট্ট, কামাভট্ট, দম্ভর
শিবানক॥ (হৈচ° চ° আদি ১০।১৪৯)
সিদ্ধ কৃষ্ণদাস—গোবর্ধনবাসী দিদ্ধ
মহাত্মা। ইনি শ্রীয়াধারাণীর আদেশে
'ভাবনাসার-সংগ্রহ', 'গুটিকা'
'পদ্ধতি', 'প্রার্থনামূত-ভরঙ্গিণী'
প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন। ভৃতীয়
দিদ্ধ কৃষ্ণদাস বাবা 'নন্দীখরচন্দ্রিকা'

সীতাঠাকুরাণী—শ্রীশ্রীঅব্দিত আচার্য
প্রভুর পত্নী। পূর্বলীলার যোগমারা
(গো° গ° ৮৬)। পিতার নাম—
নুসিংহ ভাত্বড়ী। (মাতার নাম
পূর্বলীলার মেনকা), ভগিনীর নাম

১৭৪০ শকে প্রোণয়ন করেন।

— এ দেবী। দীতাদেবীর মাতা ছই
কন্তা রাখিয়া প্রলোক গমন করেন।
নৃদিংছ ভাছড়ী শ্রীঅহৈত প্রভূকে
ছই কন্তা দান করিবার জন্ত আদেশ
পান। ফুলিয়া নগরে ইহাদের
বিবাহ হয়।

প্রেমবিলাদ-মতে ফুলিয়া নগরের অধিপতি হিরণ্য দাস ও গোবর্জন দাস (রঘুনাথ দাস গোস্বামির পিতা ও জ্যেষ্ঠতাত) প্রীঅবৈত প্রভূর বিবাহের বারতীয় ব্যয় নির্বাহ করেন। বিবাহের পর অবৈত প্রভূ নদীয়া হইতে শান্তিপুরে বাস করেন। সীতাদেবীর গর্ভে পাঁচ পুত্র জন্মগ্রহণ করেন—অচ্যুতানন্দ, রুঞ্চদাস, গোপাল, বলরাম এবং জগদীশ। (প্রেম ২৪)

সীতাদেবী—প্রসিদ্ধ নরোত্ম ঠাকুর
মহাশয়ের শুরু শ্রীললোকনাথ
গোস্থামির মাতা। পদ্মনাভ চক্রবর্তির পত্নী।

সূক্কৃতি কৃষ্ণদাস—শ্রীনিত্যানশ-শাখা। শ্রীপাট—বড়গাছি। নিত্যা-নশ-প্রভূ ঐস্থানে অনেকদিন বিহার করিয়াছিলেন।

বড়গাছি-নিবাসী স্থক্তি রক্ষদাস।

যাঁহার মন্দিরে নিত্যানন্দের বিলাস॥
[ৈচ° ভা° অন্ত্য ৫।৭৪৮]

স্থখানন্দ—শ্রীনিবাস আচার্যের শিষ্য।
(কর্ণা ১; মোহন দাস দেখুন)

স্থোনন্দ পুরী—স্থিমাসিদ্ধি (গৌ°
গ° ১৬-১৭)। শ্রীচৈতন্ত্য-রূপ ভক্তিকর্তক্র যে নয় জন সন্ন্যাসী মৃত্য

বিষ্ণু পুরী, কেশব পুরী, পুরী কুফানন্দ। শ্রীনৃসিংহ তীর্থ আর

ছিলেন, ইনি তন্মধ্যে একজন।

পুরী স্থানন।

[देठ° ठ° जानि २१३8] স্থা- এবাস পণ্ডিতের গৃহে ছু:খী-নামী পরিচারিকা। ইহার সেবা-বৃদ্ধিতে প্রীত হইয়া মহাপ্রভু নাম রাখেন - 'ছুখী'।

শ্রীবাশের স্থানে প্রভু জিজাগে আপনে। 'প্রতিদিন গঙ্গাজল কোন জনে আনে ' শ্রীবাস বোলয়ে 'প্রভু,' 'ছঃখী' বহি' আনে।' প্রভু বোলে—'স্থী' করি বল সর্বজনে॥ এ জনের 'ছ:খী' নাম কন্থ যোগ্য নয়। সর্বকাল 'স্থী' হেন মোর চিত্তে লয় ॥

[চৈ° ভা° মধ্য ২৫।১৪—১৬] স্থগ্রীব মিশ্র—গ্রীগোরভক্ত (বৈঞ্চা-वसना)।

শ্রীস্থাীব মিশ্র ! তাঁরে দেহ' সমপিয়া। যাঁ†র গোরবর্ণ-রাধা মাধুরী ভাবিয়া॥ (নামা ১৬২) স্থদর্শন – শ্রীগোরভক্ত। অজ্ঞাত। মহাপ্রভুর বিভাগুরু। স্থদর্শন আর গঙ্গাদাস যে পণ্ডিতে। পঢ়িলা জগত-গুরু তাসভার হিতে॥ (हिम जापि ७८ पृः)

গঙ্গাদাস, বন্দো গুরু বিষ্ণু, प्रमर्गन । [देवक्षव-वस्त्रना, नामा ७১] স্বধাকর-খড়দহ মেলের বিখ্যাত কুলীন কামদেব পণ্ডিতের পুত্র। বাহ্নদেৰ শাৰ্বভৌমের পুত্র জলেখর বাহিনীপতি স্থধাকরের ক্যাতেক ৰিবাহ করেন।

অধাকর মণ্ডল - এনিবাস আচার্যের শিষ্য। পত্নীর নাম—খ্যামপ্রিয়া, পুত্রের নাম—রাধাবল্লভ, কামদেব ও (गांभान मधन। गक्ताई चाठार्ग-

প্রেত্বর ভূত্য।

সুধাকর মণ্ডল-প্রভুর ভূত্য একজন। তাঁর ন্ত্রী গ্রামপ্রিয়া কুপার ভাজন ৷ (কৰ্ণ ১)

স্থানিধি রায়—কায়ন্থ। প্রীচৈতগ্র-শাখা। ভবানদ রায়ের চতুর্থ পুত, প্রসিদ্ধ রামানন্দ রাধের ভ্রাতা। নব নিধির অন্তত্ম (গো° গ° ১০২-১০৩) রামানন্দ রায়, পট্টনায়ক গোপী-

नाथ। कलानिधि, प्रधानिधि, नाग्रक বাণীনাথ ॥ (চৈ° চ° আদি ১০।১৩৩) স্থাময়-ক্ষলাকর পিপ্লাইয়ের শ্রীপাট--- মাহেশ। ভাষাতা। 'ঐনিত্যানন্দ-বংশবিস্তার' গ্রন্থমতে ইহার জীর নাম-বিছ্যুকালা দেবী। ইহারা পুরীধানে গিয়া তথায় সমুদ্র-(एटरत कुशाय, नातास्त्री-नाटम এक কন্তারত লাভ করেন এবং শ্রীশ্রীরীর-ভদ্র গোস্বামির সহিত তাঁহার বিবাহ দেন (বীরতন্ত্র দেখুন)।

স্থানন্দা – গ্রীচরঞ্জীব সেনের পদ্মী। শ্রীখণ্ডের দামোদর হবিরাজের কন্সা। বিখাতি রামচন্দ্র ও গোবিন্দ দাস কবিরাজের মাতা।

प्रमन्ता (प्रती-शिक्षक्षमाम कविताक গোস্বামির মাতা ঠাকুরাণী।

স্থব্দরবর খ্র-প্রাণবল্লভ বস্থ | হোদেন শাহ বাদসাহের উঞ্জির পুরন্দর গাঁর কনিষ্ঠ ভ্রাতা। শেয়া-ইনিও বাদশাহের খালীতে জন্ম। ডচ্চ কর্মচারী ছিলেন।

স্থন্দরানন্দ-মতান্তরে আননানন। শ্রীষ্টামানন প্রস্থুর শিব্য। গ্রীপাট-গোপীবল্লভপুর।

জগরাথ, গদাধর আর স্থকরানন্দ ॥ ((टाम २०) স্থানন্দ ঠাকুর-পূর্ব লীলায় ञ्चनाम ज्या [त्त्री° ग° ১२१]: শ্ৰীনিত্যানন্দ-শাখা পারিষদ। গ্রীপাট-হলদা মহেশপুর গ্রামে (যশোহর জেলায়), মন্তান্তরে বোধ-খানায়। উক্ত স্থানে তাঁহার বংশধর-শুনা যায় পণ্ডিত গণ আছেন। মন্মথনাথ গোস্বামী বর্ত্তমানে ইঁছার বংশধর ৷

স্থলরানন্দ নিত্যানন্দের শাখা, ভৃত্য মর্ম। যাঁর সঙ্গে নিত্যানন্দ করে [टेठ° ठ° व्यापि ३३।२७] ইনি প্রেমোনাদে জল হইতে কুন্তীরকে ধরিব। আনিয়াছিলেন। অুন্যরানন্দ ঠাকুর বন্দিব বড় আশে। ফুটা ল ক্দম্পুল জামিরের िदेशव-वस्ता] গাছে॥ হলদা মহেশপুরে স্থান্ত্ৰ নিশ্ব বাস। স্থকরানক পূর্বে স্থদাম জানিবে [পাট-পর্যটন]

২ খ্রীনিবাস আচার্বের পৌত্র। শ্রীগতিগোবিন্দের পুত্র ও শিব্য।

শ্রীগতিপ্রভুর শিষ্য প্রধান তনয়। শ্রীক্ষণ্ডাসাদ ঠাকুর গন্তীর হৃদয়। শ্রীস্থন্দরানন্দ আর শ্রীহরি ঠাকুর। তিন পুত্র শিষ্য তাঁর, তিন ভক্তশূর॥ (কর্ণা২)

পণ্ডিত-শ্রীঅভিরাম সুন্দরানন্দ শ্রীপাট— শিষা ৷ গোসামির ভঙ্গমোড়া বা ভালামোড়া গ্রাম।

ভঙ্গমোড়াতে বাস স্থকরোনক নাম। পরম বিদ্বান্, বিপ্রা, পণ্ডিত-আখ্যান। [91° 9°]

स्वमती ठाकूत-(श्रवीनार थक्री স্থী) শ্রীনিত্যানন্দ-শাখা। শ্রীপাট---বরাহনগর ।

थक्षनी गथी এবে चुमती ठांकूत। নিত্যানন্দ-শাখা, ৰাস-বরাহনগর॥

[देव-चा-म]

স্থবলচন্দ্র ঠাকুর--শ্রীনিবাস আচার্যের শ্রীগতিগোবিন্দের পৌত্ৰ. 'কৰ্ণানন্দ'-মতে—শ্ৰীনিবাস-কন্তা হেম-শতা দেবীর নিকট ইনি দীক্ষা গ্রহণ করেন।

শ্রীমতীর শিশ্বগণে আছে যার খ্যাতি। প্রীপ্রবলচন্দ্রঠাকুর সদানক্ষময়। তার ভাতৃপুত্র, তার শিখা মহাশয়॥ (ক্ণা২)

স্বৰু শ্যাম—এজভাবায় শ্ৰীটেডন্ত-্ চরিতামূতের অমুবাদক। স্বুদ্ধি মিশ্র—দ্বিতীয় প্রীচৈতভ্রমঙ্গল-জয়ানন্দের

প্রণেতা গুণচূড়া শ্রীচৈতন্ত্র-শাখা। ব্রজের (গৌ° গ° ১৯৪, ২০১)। ইঁহার

পত্নী—রোদনা ও পুত্র—জয়ানক। ত্বুদ্ধি মিশ্র, হৃদয়ানন্দ, কমলনয়ন। (रेष्ठ° ष वां मि २०। >>>)

স্থুবৃদ্ধি রাঘব সাথ, ভূগর্ভ শ্রীলোকনাথ, ত্রছে যাঁরা

প্রেম রঙ্গে॥ (ভক্তি° গ্রন্থশেষ ২৭) প্নবৃদ্ধি রায় পূর্বে গৌড়ের রাজা

ছিলেন। হোসেন শাহ করোয়ার জল ইহার মুখে দিয়া জাতি নাশ

করেন। এজন্ত ইনি ব্রাহ্মণগণের শরণাপর হইলে ব্রাহ্মণগণ তুবানলে

প্রাপত্যাগই প্রায়শ্চিত্ত-বিধি প্রদান করেন; কিন্তু মহাপ্রস্থুর সহিত

সাক্ষাৎ ছইলে তিনি হরিনামে সর্ব-পাপ নাশ হইবে আজা দিয়া

স্থ্যুদ্ধিকে শ্রীরন্দাবনে গমন করিতে বলেন। শ্রীরূপ-মিলন ও তৎপ্রসঙ্গাদি

[टें कि विश्व २६। ३६० — २००]

দ্রপ্তব্য। অবুদ্ধি রামের বৈরাগ্য ও দৈন্তাচরণ যথা-

শুষ্ক কাষ্ঠ আনি' রায় বেচে মথুরাতে। পাঁচ ছম প্রসা হয় এক এক বোঝাতে॥ আপনে রহে এক পয়সার চানা চাবাঞা। আর পয়সা

বাণিয়া-স্থানে রাখেন ধরিয়া॥ ছঃখী বৈষ্ণব দেখি' তাঁরে করান ভোজন॥ গৌড়ীয়া আইলে দধিভাত, তৈল-मर्दन ॥ दिठ° ठ° मशु २ ११०२१-->३३]

স্থভদ্রা দেবী-এবীরচল্রের পত্নী, ইনি মাজাহবার ডিরোভাব শুনিয়া

শতশোকে 'অনঙ্গকদম্বাবলী' নামে স্তোত্র রচনা করিয়াছিলেন। তাহার

একটি শ্লোক---

বন্দেহং তব পাদপন্মগুলং মৎপ্রাণ-দেহাস্পদং, সত্যং ব্রমি রূপাময়ি! বদপরং ভুচ্ছং ত্রিলোক্যাম্পদম্। শ্রীল

শ্রীচরণারবিন্দ-মধুপো নেচ্ছতি, ছা মাতঃ! করুণালয়ে! তব পদে দাস্তং কদা যাশ্ৰতি॥

(মুরলীবিলাস ৩২৩ পৃষ্ঠা) এ প্রসম্বে মুরলীবিশাসকার রাজ-

ৰল্পভ বলিতেছেন—(৩২৩—৩২৪ শৃঃ) এই মত ৰহুৰিধ প্ৰলাপ কহিলা। শ্রীমতী স্মভক্রা দেবী স্বাক্ষরে লিখিলা।

'অনঙ্গকদম্বাবলী' শুভ সংজ্ঞা যার। শুনিয়া মধুর প্রেমতত্ত্বের ভাগুার॥ একশত শ্লোকে বস্তুতত্ত্বনিরূপণ। অজ্ঞ জীব তাহা কাঁহা করে নির্ধারণ॥

স্বরেক্সনাথ গোস্বামী—ভাজন-ঘাটের স্থনামধন্ত শ্রীকামুঠাকুরের

বংশধর ও প্রসিদ্ধ কবিরাজ। প্রেমাশ্রু, প্রেমাঞ্জলি, পুষ্পাঞ্জলি, শ্রীরূপসনাতন,

মীরাবাঈ প্রভৃতি গ্রন্থের নির্মাতা। **ञ्चक्करा**—त्राका वीत्रहाबी तत्र शङ्गी | **ञूर्यकाम**— छीतृकावनवामी।

ও এীনিবাস আচার্যের শিখা।

স্থলোচন-শ্রীচৈতন্ত-শাখা। শ্রীখণ্ডে শ্রীপাট ছিল। পূর্বলীলায় চক্রশেখরা [(त्री " न " २०१] ।

थखवामी मूक्सनाम, जीतचूनसन। नत्रहति नाम, हित्रश्रीन, ष्ट्रटनाहन ॥ ि कि क वाि > 196]!

২ এনিত্যানশ্ৰ-শাখা।

বিষ্ণাই হাজরা, কৃষ্ণানন্দ, স্থলোচন । [देठ° ठ° व्यापि >>।६०]

সরদাস মদনমোহন—গ্রসনাতন গোস্বামিপাদের শিষ্য। প্রকৃত নাম —সুর্ধ্বজ। আকবরের রাজত্বকালে

ইনি 'সভীলে'-নামক স্থানের স্থবাদার ছিলেন। তত্ৰত্য গুড় অত্যুৎকৃষ্ট দেখিয়া

ইনি বহু পয়সা খরচ করিয়া এক গাড়ী গুড় শ্রীবৃন্দাবনে মদনমোহনের জগ্ন পাঠাইলেন। কথিত আছে যে

বুন্দাবনে রাত্রিকালে শুড় পৌছিলে শ্রীমন্ মদনমোহন স্বপ্লাদেশ দিয়া পূজারীকে সেই রাতেই মালপুয়া করিয়াছিলেন। একটী

ইংহার নিকট প্রসাদও পৌছিয়াছিল। আক্বরের তহবিল; হইতে ইনি তের লক্ষ টাকা সাধু-

গণকে বন্টন করত সিন্ধুকে পাথর। প্রিয়া বৃশাবনে যাইয়া গোস্বামি-পাদের চরণাশ্রয় করেন। ইনি ঠাকুর-

সেবার অবসরে পদাবলি রচনা করিতেন। তাহার নাম হয়— 'সুহাঘাণী'; তাঁহার কবিতা সরস ও

উচ্চস্থানীয়। ব্ৰজভাষায় ১০৫টি পদ

প্ৰকাশিত হইয়াছে। সূর্য—শ্রীনিত্যানন্দ-শাখা।

(टेव्ह व्यानि ३३।८४)।

গোপাল ভট্ট গোস্বামির শিষ্য-ছরিবংশ গোস্বামির দ্বিতীয় পুত্র।
শ্রীবৃন্দাবনে শ্রীশ্রীরাধাবল্লভজীর
স্বোম্বেত। (প্রেম ১৮; ছরিবংশ
গোস্বামী দেখ)।

ভূর্যদাস পণ্ডিত—'গরখেল'-উপাধি।
প্রীনিত্যানন্দ-শাথা। প্রীপ্রীনিত্যানন্দপদ্মী প্রীবস্থাজাহুবা মাতার পিতা;
শালিগ্রামে বাস ছিল, পরে অধিকা
কালনার বাসস্থান করেন। পূর্বলীলার
কর্ম্মী (গৌ° গ° ৬৫)। ইহার
পদ্মীর নাম ভদ্রাবতী। ইনি 'ভোগনির্গ্য-দ্ধাতি' রচনা করেন।

ভূর্যানন্দ--রাজস্বানের অন্তর্গত कत्र शुरत श्रीमच्छानात्री देवस्वनगरनत 'গলতা' গাদীর অধীশ্বর। ইনি প্রম তেজ্বপী ও প্রেমিক ভক্ত ছিলেন। একবার তিনি রঘুদাস-নামক স্থশিয়ের প্রতি তত্রতা সেবাভার সমর্পণ করত তীর্থপর্যটনে বহির্গত হইবার ইচ্ছা প্রকাশ করিলে রঘুদাস তাহাতে স্বীয় অসামর্থা জানাইলে क्यांनक डांशांक कुर्हाती इहेतात অভিশাপ দেন। রঘু স্বাপরাধ-কালনের জন্য তাঁহার চরণে কাকুতি করিতে থাকিলে তিনি তাঁহাকে আশ্বস্ত করিয়া বলিলেন যে অচিরে স্থানদ পুন্রার জন্মধারণ করিবেন এবং রঘুও পুরুবোত্তম যাইবার পথে তাঁহার দর্শন ও চরণামৃত कतिरन जाभताध मुक्त इहरदन। তাঁহার পূর্টের তরবারি-চিহ্নটি মারক-চিহ্নপে ভাবিজীবনেও বৰ্তমান স্থানন্দ তীর্থ পর্যটন থাকিবে। করিতে করিতে শ্রীপাট গোপী-<u> এরিসকানন্দ</u> বল্লভপুরে আসিয়া

প্রভুর স্বেহাকর্ষণে তাঁহার পুত্রত্ব -প্রাপ্তির ইচ্ছার শ্রীগ্রামানন্দ প্রভুর নিকটে স্বাভিপ্রায় ব্যক্ত করিলেন। শ্রীখ্রামানন্দ শ্রীরসিকানন্দের ইচ্ছামু-সারে শ্রীরাধানন্দ দেবের পুত্ররূপে আবিভূতি হইতে আজ্ঞা করেন। অত:পর তৎসেবিত গ্রীলক্ষ্মীনরসিংহ-শালগ্রাম ঐ শ্রীপাটে রাখিয়া স্থানন্দ এপুরুষোত্তমে গমন করিয়া লীলা-সংগোপন করত পুনর্বার প্রীরাধানন্দ প্রভুর জ্যেষ্ঠপুত্ররূপে আবিভূতি হইলেন। রঘুদাসও গুরুর আজ্ঞা-ক্রমে তীর্থপর্যটন করিতে করিতে শ্রীপাট গোপীবন্নভপ্রে আসিয়া শ্রীনয়নানন্দ দেবের পৃষ্ঠদেশে তরবারির দেখিয়া তাঁছাকে স্থানন্দের আবির্ভাব-বিশেষ জানিয়া চরণামৃত পান করিয়া অপরাধমুক্ত হইয়া পুনরায় গলতায় প্রত্যাবর্তন করত তত্রত্য মহাস্তপদে স্মাসীন श्रेलन।

সেক শর— খবনরাজ, মহারাজা
প্রতাপক দ্রের অধীন সামন্ত (জ ১।৫)।
সেখ হবু—শ্রীসনাতন গোস্বামিকে
হোসেন শাহ্বাদশাহ যথন কারারুদ্ধ
করেন, তখন এই কারারক্ষী তাঁহার
নিকটে থাকিত। পূর্বে সনাতনহারা
বছ বিষয়ে উপকৃত ছিল।

শ্রীসনাতন প্রভু মহাপ্রভুর দর্শনের জন্ম ব্যাকুলচিত্তে রক্ষীর নিকটে গিয়া—

যবনরক্ষী-পাশ কহিতে লাগিলা॥
তুমি এক জিন্দাপীর মহাভাগ্যবান্।
কেতাব-কোরাণ-শাস্তে আছে তোমার
জ্ঞান॥ এক বন্দী ছাড়ে যদি নিজ
ধর্ম দেখিয়া। সংসার হইতে ভারে

মুক্ত করেন গোসাইঞা। পুর্বে আমি তোমার করিয়াছি উপকার। তুমি আমা ছাড়ি' কর প্রত্যুপকার। (চৈ° চ° মধ্য ২০18—৭)

ইহার জন্ম আমি তোমাকে পাঁচ হাজার মুদ্রা দিতেছি। আমাকে ছাড়িয়া দিয়া তুমি ধর্ম ও অর্থ চুই লাভ কর।

রক্ষী বাদশাহের ভয়ে ভীত হই-লেন। স্নাত্ন তাহাকে বুঝাইলেন, —'সেজ্ঞ কোন ভাবনা নাই। **(हारमन माह पिक्स (पर्य शमन** করিয়াছেন; তিনি ফিরিয়া আসিলে তুমি বলিবে—সনাতন দবিরখাস প্রাতঃক্ত্যের জন্ম গঙ্গাতীরে যাইয়া হঠাৎ দাড়ুকা সমেত (হাতপায়ের বেড়ী) ঝাঁপাইয়া পড়িল, আর দেখা: গেল না। আমি আর এদিকে व्यानित ना। व्यामि पद्गतन् इटेशः মকায় চলিয়া যাইব। তাহা হইলে তোমার আর ভয়ের কারণ কি? িমকায় যাইবার অর্থ—রক্ষীকে সম্ভষ্ট করা।] 'কিন্তু তাহাতেও যথন রক্ষীর মন টলিল না, তখন রাজমন্ত্রী সনাতন একেবারে সাত হাজার মুদ্রা তাহার সমুখে রাশীকৃত করিয়া ठानिया मिल्न ।

তথাপি যবন মন প্রসন্ন না দেখিলা। সাত হাজার মুদ্রা তার আগে রাশি কৈলা॥ (ঐ ১৪)

ঐ সামান্ত বেতনভোগী রক্ষী, এক রাশি টাকা দেখিয়া আর লোভ সম্বরণ করিতে পারিল না। কাজেই রাজি হইয়া পায়ের বেড়ী কাটিয়া দিয়া সেই রাত্রে অতীব গোপনে স্নাতনকে গঙ্গা পার করিয়া দিল। हेनि यूगलयान इहेरल७ हिन्दुश्रर्भ

লোভ হইল ধবনের মুদ্রা দেথিয়া। রাত্রে গঙ্গা পার কৈল দাড়ুকা কাটিয়া॥ (ঐ১৫)

(শ্রীসনাতন গোস্বামী দেখ) ক্রের্শ্বা—পাঠান। পরে বৈঞ্ব নাম

হয়— এইচতন্ত দাস। এ শানানদ প্রেছর শিষ্য। মুসলমান বাদসাহের জনৈক প্রতিনিধি। বোধ হয় অনুয়া ধারেন্দা প্রগণার (উৎকলের)

শাসনকর্ত্তা ছিলেন।

একদা শ্রামানন্দ প্রভূ সদলবলে
সংকীর্ত্তন কবিতে ফাইতে-

সংকীর্ত্তন করিতে করিতে যাইতেছিলেন। এমন সময়ে সেরখাঁ
বহির্গত হইয়া কীর্ত্তন বন্ধ করিতে
বলেন, কিন্তু খ্যামানন প্রভু সে
আজ্ঞা পালন না করাতে সেরখাঁ
মৃদক্ষ ভঙ্গ করিয়া সকলকে নির্যাতন
করিতে থাকেন। ভক্তগণের অকারণ

নির্যাতন গ্রামানন্ধ প্রভু সহ করিতে পারিলেন না, তিনি হুঙ্কার করিয়া উঠিলেন, সে ক্রোধ-বহ্নিতে— ধবনের দাঁড়ি গোঁফ সব পুড়ি' গোল। রক্ত বমি করি' সবে অবসন্ধ

হৈল ॥হিহার পরে সেরখাঁ অতীব ভীত
হইয়া অমুচরবর্গ-সহিত শ্রীগ্রামানন্দের
চরণতলে পতিত হইলে, তিনি—

দৈক্ত দেখি' শ্রামানন্দ তারে অমুগ্রহ কৈল॥ ঐ

সেই হইতে সাক্চর সেরখাঁ শ্রীশ্রামানন্দ প্রভুর নিকট দীক্ষা

লইয়া,পরম বৈষ্ণব হইলেন। সৈয়দ মরতুজা—জনৈক মুসলমান

ফকির। খৃষ্টীয় যোড়শ শতাব্দীর মধ্যে ইনি মুশিদাবাদ জঙ্গীপুর

মধ্যে হান মূলিদাবাদ জন্মপুর বালিয়াঘাটায় জন্মগ্রহণ করেন। আস্থাসম্পন্ন এবং তান্ত্রিক সাধনার
নিরত ছিলেন। বৈঞ্চবদাস-সঙ্কলিত
পদকল্পতক্তে ইঁছার পদ স্থান
পাইয়াছে। ইঁছার রচনা সরল,
ছন্দোবদ্ধ ও অলঙ্কারের ঘটাশৃভা।
জঙ্গীপুরের প্রান্তে 'স্তী'-নামক স্থানে
ইঁছার সমাধি আছে।

নোদামিনী দেবী——আত্মারাম দাসের বনিতা ও 'প্রেমবিলাগ'-রচয়িতা শ্রীনিত্যানন্দ বা বলরাম

দাসের মাতাঠাকুরাণী। (বলরাম দাস দেখুন)

স্বপ্লেশ্বর—সার্বভৌম ভট্টাচার্যের
পৌত্র; জলেশ্বর বাহিনীপতির পুত্র।
ইনি 'শাণ্ডিল্যস্থতের ভাষ্য', স্থায়তত্ত্ব-

নিকষ' এবং 'বেদাস্কতত্ত্ব-নিকষ'
রচনা করেন (বঙ্গে নব্য স্থায়চর্চা
৪৩ পৃষ্ঠা)।

স্বাপ্তেম্মার বিপ্তা—কটক-নগরবাসী।

মহাপ্রভুর ভক্ত। মহাপ্রভু পুরী হইতে শ্রীবৃন্দাবন-পথে গোড়ে আদিবার সময় কটক শহরে আগমন

করিলে ইনি প্রভূকে মহাসমাদরে
ফীয় গৃহে লইয়া গিয়া সেবা
করিলেন।
হুপ্রেশ্বর বিপ্রে প্রভুর কৈল নিমন্ত্রণ।

(চৈ চ° মধ্য ১৬।১০০] স্বরূপ (গাস্বামী—শ্রীনিত্যানন্দ-প্রস্থুর অষ্ট্রম অধস্তন। ইনি ললিত-

প্রেল্পর অষ্টম অধন্তন। ইনি ললিত-মাধব নাটকের পয়ারাদি বিবিধ ছন্দে ১৭০৯ শাকে 'প্রেমকদম্ব' নামে এক প্রাঞ্জল অমুবাদ রচনা করেন।

স্বরূপ চক্রবর্ত্তী (স্বরূপ গোস্বামী)

—আদি নাম ছিল রামরাম সান্ন্যাল। বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ। ই নরোত্তম ঠাকুরের প্রশিষ্য ও শ্রীরামকৃষ্ণ আচার্যের শিষ্য। শ্রীপাট—হুসেনপুর। শ্রীস্বরূপ চক্রবর্তী বিজ্ঞ সর্বমতে। শ্রীগোবিদ্দ-সেবা, বাস—হুসেন-পুরেতে॥ (নরো ১২) গঙ্গাতীরে হুসেনপুরে শ্রীশ্রী-গোবিন্দজীর সেবা করিতে করিতে পরে ছুই জন শিষ্যকে উহার

পরে ছই জন শিশ্যকে উহার
ভারার্পণ করিয়া ৺গোবিন্দজীর
আজাক্রমে জন্মভূমি নওপাড়ায় গমন
করেন, পরে বন্ধপুত্রতীরস্থ হুদেনপুরে
আসিয়া দিতীয় শ্রীগোবিন্দজীর
প্রতিষ্ঠা করেন। ইহার বংশ-

ময়মনসিংহে, কিশোরগঞ্জে

(প্রেম ২০৷২০৭ পৃ**: টীকা)**্**স্বরূপ দামোদর**— আদি নাম
প্রুষোত্তম আচার্য, প্রীচৈতক্ত-শাখা।
ব্রেজর ললিতাস্থী (গৌ^০ গ° ১৬০)।

আচমিতা গ্রামে বাস করিতেছেন।

প্রমানন্দ পুরী আর স্বরূপ দামোদর ॥
(চৈ° চ° আদি ১০৷২৫)
পিতার নাম—প্রগর্ভাচার।

সবার অধ্যক্ষ প্রভুর মর্মী ছুই জন!

আদি নিবাস—ভিটাদিয়া। প্লগ্ৰাচাৰ্য _____

পুরুষোত্তম বা

স্বরূপ দামোদর

মাতামহের নাম—জয়রাম চক্রবর্তী।

জয়রাম চক্রবর্তী নবদীপবাসী

লক্ষীনাথ লাহিড়ী

ভিলেন। তিনি স্বীয় কন্তার সহিত পদ্মগর্ভাচার্যের বিবাহ দিয়া তাঁহাকে নবদীপে বাস করান। কিছুদিন পরে স্বরূপ দামোদরের জন্ম হইলে প্রগর্ভাচার্য পদ্ধী ও পুত্রকে यखतानास ताथिया मिथिना, कामी প্রভৃতি স্থানে বেদবেদাস্ত পাঠ করিবার জন্ম গমন করেন। পরে দৈবক্রমে বারাণ্দীতে শ্রীশ্রীমাধবেন্দ্র পুরীর গুরুদেব এীশীলক্ষীপতির সহিত সাক্ষাৎ হইলে তাঁহার নিকট দীকা গ্রহণ করেন ও পুনরায় ভিটাদিয়াতে আসিয়া দার পরিগ্রহ করিয়াছিলেন। ঐস্থানে বিতীয়া পত্নী কমলা দেবীর গর্ভে লক্ষীনাথ লাহিড়ীর জন্ম হয়। পুরুষোত্তম বা স্বরূপ দামোদর নবদ্বীপে মাতামহের আলয়ে লালিত-পালিত হইতৈ থাকেন। महाश्रज् मन्नामी हरेल श्रक्राख्य আর নদীয়াতে থাকিতে পারিলেন ना, তिनिও मन्नामी ट्रेंग চলিয়া যান। সল্লাস-আশ্রমের নাম হয়— স্বরূপ দামোদর।

মাতাসহ প্রুষোত্তম হৈল নবদীপবাসী। চৈতত্তের প্রিয়ভক্ত হৈল
গুণরাশি॥ চৈতত্তের সন্ন্যাস দেখি
পাগল হইরা। সন্ন্যাস গ্রহণ কৈল
বারাণসী গিরা॥ সন্ন্যাস-আশ্রমে
নাম—স্বরূপ দামোদর। প্রভূর অতি
মর্মী ভক্ত, রদের সাণর॥ (প্রেম ২৪)
চৈতত্তানন্দ-নামক সন্ন্যাসীর নিকট

বারাণদী ধামে ইনি কিছুদিন বেদবেদান্ত অধ্যয়ন করিয়াছিলেন। পুরুষোত্তম আচার্য নাম তাঁর পূর্বাশ্রমে। (১৮° ৮° মধ্য ১০।১০৩) কিন্তু স্বামীদ্বী বড়ই বেদান্তপ্রিয়

ছিলেন—মায়াবাদ-শ্রবণে অনিচ্ছুক
স্বরূপদামোদর এজন্ত তাঁহার কাছে
থাকিতে না পারিয়া পুরীতে যান।

মহাপ্রভুর মর্মী ভক্ত সাড়ে তিন জনের মধ্যে ইনি একজন। মহাপ্রভুর

কীর্ত্তন-সঙ্গী, বিজ্ঞানিধির পূর্বস্থা। বিত্যানিধিসহ নরেন্দ্রসরোবরে জল-ক্রীড়া (চৈভা মধ্য ৮।১২৪, ১০।৩৬ -- ৩৭)। ইনি কড়চা করিয়া মহা-প্রভুর লীলামালা গুম্ফন করেন (চৈচ আদি ১৩/১৬, ৪২); প্রীরূপ-রচিত শ্লোকাম্বাদন (চৈচ অস্ত্য ১৷৭৬— ৯২, ১১৩, ১২৪)। ইনি শ্রীচৈতন্ত-লীলারত্বের ভাণ্ডারী (চৈচ মধ্য २।४८, २८, ४।०>२); त्रामानन-मिनन (अ यश ५०। २० २ - > > १) : (d) >01>>i-ভক্তমিলনাদি ১২৯); পরিবেষণ (ঐ মধ্য ১১। ২০৮); গুণ্ডিচামার্জন (ঐ মধ্য ১২।১০৯); গোড়ীয়ভক্তকে শাসন (ঐ মধ্য ১২।১২৫-১২৮); রথাত্রে कीर्जन (धे यधा ১०।१८, ১১२-১১৪); প্রস্থুর হাদয়বেতা (ঐ মধ্য ১০।১२২-১৬৭); জলকেলি (ঐ मधा ১৪।৮०, ১০১); জগরাথের वृन्तावननीनायापन (ध मध > 8। ১১৬-- ২০২); ভগবান আচার্যস্হ সংয়ভাব ও গোপালাচার্য-সম্বন্ধে অভিমত (ঐ অস্তা ২।৮৫, ১০০); ছোট হরিদাসকে সাম্বনাদান (এ অস্ত্য २|>७४--->8>. স্নাত্ন-মিল্ন (ঐ অন্ত্যু ৪।১০৯): বঙ্গদেশী কবির নাটক-পরীক্ষাদি (ঐ অস্ত্য ৫।৯৫-১৮৯); দাসগোস্বামি-मर मिलनानि (के असा ७। ১৯२-৩২৩); প্রস্থুর সেবার্থ শয্যানির্মাণ (ঐ অস্তা ১৩০১ ৮৮); হরিদাস-निर्धार कीर्त्त (के जन्ता >>।४२, ৬১, ৭৬—৭৮); রঘুনাথ ভট্টসহ মিলনাদি (ঐ অস্তা ১৩।১০৪): প্রভুর গম্ভীরা হইতে অন্তর্ধানপূর্বক

সিংহদ্বারে গমন-প্রসঙ্গে (ঐ অস্ত্য ১৪।৫৭—৮২); চটকপর্বত-গমনে (ঐ অস্ত্য ১৪।৮৯, ৯৮, ১০৪); প্রাছ্মর অস্তরঙ্গ সেবা (ঐ ১৫।১১,২৪ —২৬); তেলেঙ্গাগাভী-মধ্যে প্রাছ্মর দর্শনে (ঐ অস্ত্য ১৭।১৩—৩৮); সমুদ্র-নিমজ্জিত গৌরাদ্বেষণে (ঐ ১৪।৪৫—১২০); অদৈত-প্রেরিত তরজা-শ্রবণে (ঐ অস্ত্য ১৯।২৪—৫৪); গন্তীরায় প্রাভ্-সন্তর্পণে (ঐ অস্ত্য ১৯।৫৫—৬৭, ১০০; ২০।৪,৮,২০,১১১,১১৩)।

পাণ্ডিত্যের অবধি; বাক্য নাহি কারো সনে। নির্জনে রহয়ে, লোক সব নাহি জানে॥ কুঞ্র্স-তত্ত্ব-বেতা. দেহ—প্রেমরপ। সাক্ষাৎ নহাপ্রভুর দ্বিতীয় স্বরূপ॥ গ্ৰন্থ. শ্লোক, গীত কেহ প্রভুপাশে আনে। স্বরূপ পরীক্ষা কৈলে প্রভু তাহা শুনে॥ ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ, আর রসাভাস। শুনিলে না হয় প্রভুর উল্লাস ॥ অতএব স্বরূপ গোসাঞি করে পরীক্ষণ। শুদ্ধ হয় প্রভুরে করান শ্রবণ। বিভাপতি. চণ্ডীদাস, শ্রীগীতগোবিন্দ। এই তিন গীতে করান প্রভুর আনন্দ।। সঙ্গীতে —গন্ধর্ব-সম. বৃহস্পতি। শান্তে দামোদর-সম আর নাহি মহামতি॥ অধৈত-নিত্যানন্দের পরম প্রিয়তম। শ্রীবাসাদি ভক্তগণের হয় প্রাণসম। (टेठ° ठ° मशु ১०।১১०—১১१) শাথানির্ণয়ামৃতে ইনি জীগদাধর পণ্ডিত গোস্বামির শাখায় পঠিত

অশেষ-সদ্গুণৈযুক্তং মহাসৌম্য-কলেবরম্॥ মহারসাত্মকং বন্দে

হইয়াছেন।

শ্রীদামোদর-পণ্ডিতম। শিখাস্থত্ৰ-পরিত্যাগাৎ স্বরূপং যং বিত্বর্থাঃ॥ শা° নি° ৩৭] বিস্থানিধি মাপ্যাবস্ত্র-ব্যবহারে দোষারোপ করিলে জগরাথ ও চপেটাঘাতরূপ-বলরামের

স্থরপ দামোদর

কপাপ্রণপ্তি-শ্রবণে দামোদরের আদক (চৈ ভা অস্তা ১০।৮৬—১৭৫)। **স্বরূপ দাস**—পদকর্ত্তা, পরিচয় অজ্ঞাত। ভপতি——মুক্তাচরিতের সরপ অমুবাদক (পাটবাড়ী পুঁথি অমু ২৭)।

স্বরূপাচার্য-শ্রীশ্রীঅধৈত প্রভুর পুর ও শিষা। আর পুত্র স্বরূপ, শাখা জগদীশ (চৈ° চ° আদি—>২।২৭) (১৫) মতে অধ্বৈতপ্রকাশের জগদীশ ও স্বরূপ যমজ। ['জগদীশ মিশ্র' দেখুন।

হরবোলা—মেদিনীপুর অঞ্চলের তুষ্ট যবন রাজা, ইনি শ্রীশ্রীগ্রামানন্দ-প্রভুর কুপায় আলমগঞ্জে তিনদিন-্ব্যাপী মহোৎস্ব করাইয়াছিলেন। রি° ম° দক্ষিণ ১১।৩—১৫] হরি-প্রীর্গিকানন-শিষা। রি° ম° পশ্চিম ১৪।১১১] হরি আচার্য-শ্রীগদাধর পণ্ডিতের শাখা। ব্রজের কালাক্ষী (গৌ° গ° >26. २०१) <u>শ্রী হরি</u> সাদিপরিয়া আচার্য গোপাল। (চৈ° চ° আদি—১২।৮৪) হরিদাসাচার্যবর্যং বঙ্গদেশ-নিবাসিনম। বন্দে তং প্রয়া ভক্ত্যা স্বোজ্জলেনোজ্জলীকৃতম। শি° নি° ২২] হরিক্লফ দাস--পদকর্তা, পরিচয় অজ্ঞাত। (পদকল্পতকর ৬০ সংখ্যক পদ)। হরিকেশৰ --রসিকানন্দ-শিষ্য। [ছই নাম কি [] (র° ম° পশ্চিম ১৪।১৩৭) হরি গোপ—এএগ্রামানন প্রভুর শিষা। শ্রীপাট-খারেন্দা। নিমু গোপ, কানাই গোপ, হরি

গোপ আর। ধারেশা-গ্রামেতে

বাস হয় এ স্বার॥ (প্রেম ২০) হরিচন্দ্র--উডিয়াবাসী। রাজা প্রতাপরুদ্রের কর্মচারী, প্রীঞ্জগন্নাথ দেবের সেবক ৷ একদা পুরীধামে রথযাত্রাকালে রাজা প্রতাপরুদ্র-হরিচন্দনের স্বন্ধে হস্ত আলম্বিয়া। প্রভুর নৃত্য দেখে রাজা আবিষ্ট হেনকালে প্রেমাবিষ্ট মন। রাজার আগে রহে দেখি প্রভুর নর্তন॥ রাজার আগে ছরিচন্দন দেখি খ্রীনিবাসে। হত্তে তারে স্পর্ণি কছে—'হও পাশে ॥ (তৈ° চ° মধ্য ১৩;৯১—৯৩) রাজা ও ছরিচন্দন উভয়ে (শ্রীবাসপণ্ডিতকে) গ্রীনিবাসকে চেনেন না, আবার শ্রীবাস পণ্ডিতেরও প্রভুর নৃত্যে বাহজান নাই। পুনঃ পুনঃ হরিচন্দন সরিয়া যাইতে বলিলেন বটে, কিন্তু যখন তিনি সরিলেন না. তখন হরিচন্দন তাঁহাকে জোরে ঠেলিয়া দিলেন। হঠাৎ দর্শনন্থথে বাধা পড়াতে শ্রীবাস পণ্ডিত ক্রোধে হরিচন্দনকে এক চড় মারিয়াছিলেন। श्तिरुक्त উচ্চপদত্ব রাজকর্মচারী. তিনিও শ্রীবাসকে মারিতে উম্বত ছইলেন। ইহা দেখিয়া রাজা

প্রতাপক্ত হরিচন্দনের হস্ত ধরিয়া কহিলেন— ভাগ্যবান তুমি—ইহার হস্ত-স্পর্শ পাইলা। আমার ভাগ্য নাহি, তুমি কুতার্থ হইলা॥ (চৈ চ মধ্য — ১৩।৯৭) হরিচন্দ্র--- এরিসিকানন্দ শিষ্য। ইহার উপাধি—'মঙ্গরাজ'। রসিকের ভূত্য মঙ্গরাজ হরিচন্দন। [র° ম° পশ্চিম ১৪।১০৬] ২-৩ ঐ [ঐ ১৪|১৩২. ১৪৫] হরিচন্দ্র রায়—শ্রীনরোত্তম ঠাকুর মহাশরের শিষ্য। ইনি পূর্বে দম্ম ছিলেন-ঠাকুর মহাশয় রূপা করিয়া 'হরিদাস' নাম ইনি (पन। জলাপন্থের (१) জমিদারী ত্যাগ করিয়া গৌরভক্ত হন (নরো ১০। ১৬৪ পু:) । হরিচরণ দাস-শ্রীঅদৈত প্রভুর

শাখা। শ্রীঅচ্যতানন্দের শিষ্য।

'শ্ৰীঅদৈত্যঙ্গল'-নামক

ইনি নাভাদেবীর ভ্রাতা।

নবগ্রামে বাস করিতেন।

ইনি রচনা করেন। গ্রাম্যসম্পর্কে

শ্রীহরিচরণ, আর মাধব পণ্ডিত।

(रेठ° ठ°—शामि १२।७8)

শ্রিহটের

হরি ঠাকুর—শ্রীলগতিগোবিন্দ প্রভুর পুত্র ও শিষ্য।

শ্রীকৃষ্ণপ্রসাদ ঠাকুর গন্তীর-স্থদয়। শ্রীস্থন্দরানন্দ আর শ্রীহরিঠাকুর॥ তিন পুত্র শিষ্য তাঁর, তিন ভক্তশূর॥ (কণা ২)

হরিদাস — শ্রীনরোতম ঠাকুরের শিঘা।
পুরুষোতম, গোকুলদাস আর
হরিনাস। গঙ্গাহরিদাস-শাখা সর্বাংশে
উদাস॥ (প্রেম ২০)
জয় জয় হরিদাস হর্ষ গৌর-রসে।

নিরন্তর অভিলাষ নবদীপ বাসে॥

(নরো ১২)

২—উৎকলীয় গৌরভক্ত। ইনি বোড়শ শকশতান্দীতে 'ময়ূরচন্দ্রিকা' নামে গ্রন্থ প্রণয়ন করেন, তাহাতে শ্রীমহাপ্রভুর বন্দনা করিয়াছেন। বিংশ চন্দ্রিকায় মহাপ্রভুর বন্দনা যথা—

শ্রীরাধা স্থবর্ণকু করি স্বীকার।
অভ্তে কলিযুগে হেলে প্রচার গো॥
গৌর বর্ণকোটি স্থ্য সমান। সঙ্গতে
সপার্ষদ স-অন্তর্গণ॥ অঙ্গ উপাঙ্গ ঘেণি কীর্ত্তনারন্তে। নাম প্রকাশ কৈলে অত্যন্ত দন্তে॥ স্থাবর জঙ্গমাদি কীট পভঙ্গ। দ্রবিলে দেখি শুনি গৌরাঙ্গ রঙ্গ গো॥ ইত্যাদি

৩—গ্রীশ্রামানন প্রভুর শিষা। [র°ম° দক্ষিণ ১।১৪]

8—পদকর্ত্তা, পদকল্লতক্তে ছয়টি পদ আছে। তন্ধ্য ৩০১৪ সংখ্যক পদটি অপরূপ—

'নাচিতে না জানি তযু, নাচিয়ে গৌরাজ বলি', গাইতে না জানি তযু গাই।' ইত্যাদি

৫ (বড়)—গৌর-পার্ষদ, ব্রঞ্জের

রক্তক। (গেণি গণ ১৩৮)
৬ (ছোট)—গোর-পার্যদ, বজের
পত্রক (গোণি গণ ১৩৮)।
হবিদাস আগ্রাহার বা দ্বিজ হবি-

হরিদাস আচার্য বা **দিজ হরি-**দাসাচার্য—'বড় হরিদাস'-নামেও
খ্যাত। ব্রাহ্মণ-কুলের মুখুটী নৃসিংহের
সন্তান। শ্রীগোরাদদেবের পারিষদ।
শ্রীচৈতন্ত-শাখা।

শ্রীচন্ত্রশেখর বৈহা, দিজ হরিদাস।
(চৈ° চ° আদি ১০।১১২)

প্রীর্শাবনে বাস করিয়াছিলেন।
প্রীপাট—মুশিদাবাদ জেলায় কাঞ্চনগড়িয়া গ্রামে। ইঁহার হুই পুজ—
প্রীদাস ও গোকুল দাস। প্রীর্শাবনে
প্রীনিবাস প্রভুকে ইনি তাঁহার পুজষয়কে দীক্ষা প্রদান করিবার জন্ম
আদেশ দিয়াছিলেন।

জ্যেষ্ঠ পুত্রের বংশধরগণ বর্ত্তমানে টেঞা গ্রামে এবং কনিষ্ঠ পুত্রের বংশধরগণ সাটুই গ্রামে বাস করিতেছেন। ভক্তিরত্মাকরে (১।৪৮৫ —৪৮৬) আছে—

শ্রীকৃষ্ণ চৈতন্ত মহাপ্রভুর পার্ষদ।
দিজ হরিদাসাচার্য যে খণ্ডে বিপদ।
প্রেমভক্তি-মহারত্ব-প্রদানে প্রবীণ।
সঙ্কীর্ত্তন-রসেতে উন্মত্ত রাত্রিদিন।

শ্রীনিবাস আচার্যকে হরিদাসাচার্য বলিয়াছিলেন—

শ্রীদাস গোকুলানন্দ—আমার তনয়।জন্মেজন্ম সেই ছই তোমার শিষ্য হয়॥ গৌড়ে গিয়া সে দোঁহারে দীক্ষামন্ত্র দিবা। পরম ছর্লভ ভক্তিশাস্ত্র পড়াইবা॥

(ভক্তি ৬।৩২৬—৩২৭)
মহাপ্রভুর অপ্রকটে দ্বিজ হরিদাস
আচার্য তাঁহার বিরহে কাতর হুইয়

প্রাণত্যাগের সঙ্কল্প করেন; কিন্তু
নহাপ্রভু স্বপ্রযোগে তাঁহাকে নিবারণ
করিয়া প্রীর্ন্দাবনে গমন করিতে
আদেশ দেন। তদবধি ইনি বৈরাগ্য
গ্রহণ করিয়া প্রীর্ন্দাবনবাসী
হইয়াছিলেন। প্রীনিবাস আচার্য প্রভু
প্রীর্ন্দাবন হইতে গৌড়ে আসিবার
অল্পকাল পরেই ইনি দেহ রক্ষা
করেন।

মাঘী কৃষ্ণা একাদশী দিনে কি আশ্চর্য। সংগোপন হৈলা ছিজ (ঐ ৯19৮) হরিদাসাচার্য॥ কাঞ্চনগড়িয়া গ্রামে ইহার পুত্রেয় পিত্তদেবের তিরোভাব-উপলক্ষে মহাসমারোহ করিয়াছিলেন। উক্ত উৎসবে শ্রীনিবাস আচার্য প্রভু শুভাগমন করত শ্রীদাস ও গোকুল-দীকা প্রদান করেন। সম্ভবতঃ ইঁহার সহিত পুরীগ্যনকালে শ্রীনরহরি ক্রার ঠাকুরের দাক্ষাৎ হয় এবং উভরের প্রেমালাপ হয়। সংলাপ-স্থধা-সম্পুটিত লোকানন্দাচার্য-প্রচারিত 'শ্রীরুষ্ণ-চৈতন্ত্ৰসহস্ৰনাম' প্ৰকটিত হইয়াছে। হরিদাস গোস্বামী—দ্বিজ বলরাম मान ठीकूरवत वः भवत । **देव**श्व সাহিত্যিক ও ঐতিহাসিক। 'শ্রীগোরান্ত-বিষ্ণুপ্রিয়া' পত্রিকার স্থযোগ্য সম্পাদক এবং শ্রীগোরাঙ্গমহাভারত, শ্রীবিফুপ্রিয়া-নাটকাদি বহু গ্রন্থের প্রণেতা।

হরিদাস ঠাকুর—প্রাক্তন যশেহর
বর্তমান খুলনা জেলার বুঢ়ন গ্রামে
অবতীর্ণ হন। কাহারও মতে ইনি
বান্ধণকুলে জন্মগ্রহণ করেন, পিতার
নাম—স্থমতি ও মাতার নাম—

ৈশশৰে পিতামাতার, গৌৱী ৷ পরলোক হইলে প্রতিবেশী মুসলমান-কর্ত্তক পালিতে হন বলিয়া যবন-হরিদাস নামে প্রসিদ্ধ হন। বিত্তিত-বিলাসে পরিশিষ্ট ৩১৫ পৃষ্ঠায় বলা হইয়াছে যে শ্রীহরিদাসঠাকুর ১:৭২ অগ্রহায়ণগাসে কাজির গৃহে অবতীর্ণ হন এবং ক্ষেক্মাস পরে পিতৃমাতৃহীন হইয়া-ছিলেন।

অদ্বৈত-প্রকাশে বিশেষ— ব্রনার হরিদাসরপে যবনকুলে জন্মাদি, অবৈতপ্রভুর স্থানে ব্যাকরণ, সাহিত্য, দর্শন ও শ্রীমদভাগবতাদির অধ্যয়নাদি, देवक्षवरदमशाद्रगामि-- इष्टामि যত্ত্বন্দলাচার্যের স্যুকার-নিরা-কারত্বাদিপ্রশ্নে ঠাকুরের সিদ্ধান্তাদি (ঐ ৭)। ফুলিয়াগ্রামে গমন, বিপ্র রামদাসকে নামদীক্ষাদান, (अ ৯), হরিদাসের সঙ্গী অধৈত প্রভুর সমাজ-বর্জনাদি এবং হরিদাসের প্রভাবদর্শনে ব্রাহ্মণগণের প্রসন্নতাদি (ঐ ৯)। চৈতগুভাগবতে বিশেষ—হরিদাস-ঠাকুরকে বাইশ বাজারে বেতাঘাত-প্রভৃতি (চৈভা আদি ১৬।১৮— ১৭১); গোফায় বাসকালে মহা-সর্পের প্রসঙ্গাদি (के ३७१३१६--১৯৪); ডঙ্কের উপাখ্যানাদি (ঐ ১৬|১৯৮--২৪৮) : হরিনদী-গ্রাম-বাসী বিপ্রের উচ্চকীর্ত্তনের কারণ-জিজ্ঞাসায় ঠাকুরের উত্তরাদি প্রসঙ্গ (ঐ ১৬:২৬৭-৩০৭); নিত্যানন সন্ধানে প্রভুর আদেশ (ঐ মধ্য ৩। ১৬০, ৫।৫২); মহাপ্রকাশ-দর্শনাদি

(ঞু মুধ্য ১০।৩৫-১১২); জগাই-

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৩) মাধাই-উদ্ধার লীলায় ঠাকুর (ঐ মধ্য ১৩)১৭—৮, ২০, ৬৩,··· ২৫৮); অদৈত-বাক্যেগঙ্গাপতিত মহাপ্রভুর উত্তোলনাদি (ঐ মধ্য ১৭৩৪— কোটালবেশে অভিনয়-মঞ্চে ঠাকুর (ঐ মধ্যে ১৮।৩১, ৪৩— 80, 200-209)1 অধ্বৈতের যোগবাশিষ্ঠ-ব্যাখ্যার প্রসঙ্গে (ঐ মধ্য ১৯/२৫, ১२৮, ১ob, ১৬৫, २२७) I প্রভুর সন্যাসে ঠাকুর (ঐ মধ্য ২৮। ৪৪, ৪৭, ৮৫ ; অন্ত্য ১১৩১, ৪।২৭৩, eat)। नीलाठल इतिनाम (ঐ অন্ত্য ৮।১৩, ১২৫, ১০।৮১)। **চৈত্**ন্সচরিতামূতে বিশেষ – নামাচার্য হরিদাসের জগরাথ-মন্দিরে অপ্রেশ (চৈচ মধ্য ১৮৩), রূপ-স্নাতন-মিল্ন (চৈচ মধ্য ১৷১৮৩), রামকেলিতে প্রভু-সঙ্গে (ঐ ১/২১৯)। সিদ্ধবকুলে বাসা-নির্ধারণ (ঐ মধ্য >>|>٩৫--->>8); মহাপ্রসাদ-প্রাপ্তি (ঐ ১১/২০৬); প্রভুর আজায় নাম-মহিমাকীর্ত্তন (ঐ অস্ত্য 1 (02-2810 বেনাপোলে রামচন্দ্রখান-কর্তৃক প্রেরিত বেখার উদ্ধার-কাহিনী (ঐ অন্ত্য ৩)১৮— ১৬০)। সপ্তগ্রাম চাঁদপুরে নাম-মহিমা-কীর্ত্তনে অসহিষ্ণু গোপাল-চক্রবত্তির বৃত্তান্ত (ঐ ৩।১৮৮—২০৮)। ভাক্রী শুক্রা চতুর্দশীতে নির্বাণ-প্রসঙ্গ। (ঐ অস্ত্য ১১/১৬—১০৫) কেহ কেহ ইঁহাকে 'ব্রহ্মহরিদাস'ও বলেন। গোবৎসহরণকারী ব্রহাই শ্রীগৌরলীলায়' অপরাধ-ক্ষাল্ন-৬ গ্র যবনকুলে জন্ম লইয়া শ্রীগৌরাঙ্গের নাম-প্রেম-প্র6ারের মহাসহায় হইয়া-

ছিলেন। ঋচীক-মুনির পুত্র মহাতপা

বন্ধা ও প্রহলাদ (গৌ° গ° ৯৩)। (রুচ ১।৪।৯-১২) রামমুনির পুত্র অধৌত তুলসীপত্র দেওয়ায় পিতা-কৰ্ত্তক অভিশপ্ত হইয়া যবনকুলে জন্ম ধারণ করেন। লীলাক্ষেত্ৰ——(১) ঠাকুরের

হরিদাস পণ্ডিত

হরিনদী গ্রাম: (২) সপ্তগ্রামের নিক্ট চাঁদপুর, (৩) বেনাপোল িইহার নিকট কাগজপুকুরিয়া গ্রামে ঠাকুরের নির্যাতনকারী খানের বাটীর ভগাবশেষ ী (৪) বন্দিশালা—গোডে বাইশগাছি श्राही दाइ वाहि दत हिका मनिकटन। (৫) শান্তিপুরে বাবলা, (৬)

(৭) কুলানগ্রাম; (৮) পুরী সিদ্ধ-বকুল। হরিদাস ঠাকুরের সমাধিস্থান (পুরীতে) — কেন্দ্রাপাড়ার ভ্রমরবর-নামক জানৈক ভক্ত দেবালয়াদি করিয়া দেন ও শ্রীগৌর, শ্রীনিতাই ও প্রীঅদৈত-বিগ্রহ প্রতিষ্ঠা করেন।

হরিদাসপুর—বেনাপোলের নিকট;

২ ব্রাহ্মণ। শ্রীনরোত্তম ঠাকুরের শিষা। আর শাখা জগত রায়, হরিদাস ঠাকুর। একান্ত, ক্ষীরু চৌধুরী, মহাভক্তশূর॥ (প্রেম ২০)

জয় জয় ঐীঠাকুর জয় হরিদাস ৷ ভক্তি-গ্রন্থ:সেবনেতে স্থদুচ় বিশ্বাস॥ (নরো ১২)

পত্তিত-- ত্রীল গদাংর হরিদাস পণ্ডিতের প্রশিষ্য ও অনন্ত আচার্যের শিষা ৷

পণ্ডিত গোসাঞির শিষ্য অনস্ত তাঁর প্রিয় শিষ্য ইহৈ। আচাৰ্য ৷

পণ্ডিত হরিদাস ॥

(रेठ° ठ° जामि । ६२-७०) ইহার গুরুপ্রণালী:--শ্রীগদাধর পণ্ডিত, শ্রীঅনস্ত আচার্য, শ্রীহরিদাস <u> এীরাধাক্ব</u>ঞ চক্ৰবন্তী। পত্তিত. প্রীপ্রীগোবিন্দদেবের প্রীবন্দাবনে সেবাধ্যক্ষ ছিলেন—পণ্ডিত হরিদাস। 'সেবার অধ্যক্ষ শ্রীপণ্ডিত হরিদাস। তাঁর যশঃ গুণ সর্বজগতে প্রকাশ। ত্মশীল, সহিষ্ণু, শাস্ত, বদান্ত, গঞ্জীর। মধুর-চেষ্ঠা, মহাধীর॥ মধ্র-বচন, সবার সন্মানকর্ত্তা, করেন সবার হিত। কৌটিল্য-মাৎসর্য-ছিংসা শৃত্য চিত। কৃষ্ণের যে সাধারণ সদগুণ পঞ্চাশ। সে সৰ গুণের তাঁর শরীরে নিবাস ॥ পণ্ডিত-গোসাঞির শিষা— অনক্ত আচার্য। তাঁব প্রিয় শিষ্য हैं हैं। শ্রীপঞ্চিত হরিদাস। চৈত্র নিত্যানন্দে তাঁর পর্ম বিশ্বাস। চৈতক্স-চরিতে তাঁর প্রম উল্লাস। বৈষ্ণবের গুণগ্রাহী. না দেখয়ে দোষ। কায়মনোবাকো করে বৈষ্ণবে সভোষ॥ নিরন্তর কেঁছে। শুনে 'হৈতভামজল।' তাঁহার প্রসাদে শুনেন বৈষ্ণবসকল। কথায় সভা উজ্জল করে যেন পূর্ণচন্দ্র। নিজ-গুণামূতে বাড়ায় বৈঞ্চৰ-আনন্দ্য

[ৈঠ° চ° আদি ৮।৫৪— ৬৪] ইনি প্রীচৈতগ্রচরিতামৃতকার প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিকে প্রীচৈতগ্রদেবের শেষ লীলা লিখিবার জন্ত আদেশ করিয়াছিশেন।

দিল মোরে। গৌরাঞ্চের শেষ লীলা বর্ণিবার তরে॥ (ঐ ৬৫) ইংহার শিষ্য শ্রীরাধারুষ্ণ চক্রবর্ত্তী

তেঁহো অতি রূপা করি' আজ্ঞা

স্ব-রচিত 'দশশ্লোকীভাষ্যে'র মঙ্গলা-চরণে লিথিয়াছেন—

অমন্দ-বৃন্দাবন-মন্দিরোদরে, স্থহেম-রত্নাবলি চিত্রকৃটিমে। সদোপবিষ্ঠং প্রিয়য়া সমানয়া, গোবিন্দদেবং সগণং সমাশ্রয়ে॥ তদীয়-সেবাধিপতিং মহাশয়ং, সমস্ত-কল্যাণ-গুলৈক-মন্দিরং। বারেক্র-বিপ্রায়য়-ভূষণং গুরুং, ভত্তেহনিশং প্রীহরিদাস-

সংজ্ঞকম ॥

গদাধর পণ্ডিত গোসাঞির শিষ্যবর্ষ। গোবিন্দের অধিকারী—অনস্ত
আচার্য॥ তাঁর শিষ্য হরিদাস পণ্ডিত
গোসাঞি। গোবিন্দাধিকারী, গুণ
কহি অস্ত নাই। শ্রীগোবিন্দ বাঁর
প্রেমাধীন জানাইলা। বাঁর ঠাই
ত্বর্ম অর মাগিয়া খাইলা॥ (ভক্তি
১৩।৩১২—১৪)

করিলে পণ্ডিত হরিদাস তাঁহাকে আগুবাড়াইয়াতে আসিয়াছিলেন। **হরিদাস এক্ষচারী**—গ্রীঅদৈত-শাখা।

বীরভদ্র প্রভু শ্রীবৃন্ধাবনে গমন

শীবংস পণ্ডিত, হরিদাস ব্রন্ধচারী।
(চৈ চ জ আদি ১২।৬২)
২ ইনি শীগদাধর পণ্ডিতের শাখা।
ভাগবতাচার্য, হরিদাস ব্রন্ধচারী।
(চৈ চ জ আদি ১২।৭৯)
শীযুতং হরিদাসাখ্যং ব্রন্ধচারি-

শ্রীযুতং হরিদাসাখ্যং ব্রহ্মচারিমহাশয়ম্। প্রমানন্দ-সন্দোহং বন্দে
ভক্ত্যা মুদাকরম্॥ (শা° নি° ৭)
হরিদাস বৈরাগী—(ভক্ত ১৩/৪)
ইনি ভ্রমণ করিতে করিতে বর্দ্ধমান জেলায় মানকরে এক গৃহস্থ বাড়ীতে
আইদেন। মহাপ্রাভুর নিন্দা শুনিয়া
ইনি হন্ধার করিলে তার্কিক ব্রাহ্মণগণ নির্বাক ও নিষ্পন্দ হইলেন। পরে আবার প্রসন্ন হইরা ডোমজাতীয়-বৈষ্ণবের চরণামৃত আনিয়া দিলে সকলেই প্রকৃতিস্থ হইলেন। তদবধি ঐ গ্রামের সকলে শ্রীসনাতন গোস্বামি প্রভুর শিষ্য শ্রীজীবন চক্রবর্তির পরিবারে দীক্ষা গ্রহণ করিলেন।

ভবিদ্যাস শিরোমণি—শ্রীনরোত্ম

ঠাকুরের শিষ্য। ইনি পূর্বে নরোত্তম ঠাকুরের বড়ই নিন্দুক ছিলেন। ঠাকুর মহাশয় কায়স্থ হইয়া যে ধর্মো-পদেশ প্রদান করেন—ইহা তাঁহার সহ্য হইত না। পরে কিন্তু ঠাকুর মহাশয়ের ক্রপায় ইনি তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করিয়া তাঁহার চরণে বিক্রীত হইয়া যান।

হরিদাস শিরোমণি, চন্দ্রকান্ত

আর। ভারপঞ্চানন উপাধিতে সর্বত্ত প্রচার॥ (প্রেম ১৯) হরিদাস স্বামী—নিদার্ক সম্প্রদায়ের ভক্ত। সারস্বত ব্রাহ্মণ। মৃলতানের অন্তর্গত কোন এক গ্রামে মতাকরে 'উছা' গ্রামে জনগ্রহণ করেন এবং শ্রীকৃষ্ণাবনের পার্শ্বে রায়পুর গ্রামের গল্পাধর ব্রাহ্মণের কভাকে বিবাহ করেন। পরে ২৫ বর্ষ বয়ঃক্রমে বৈরাগ্যধর্ম গ্রহণ করিয়া বাঁকেবিহারী বা শ্রীবন্ধিমবিহারী শ্রীবিগ্রহের সেবা প্রকাশ করেন। প্রবাদ—নিধুবনের বিশাগাকুণ্ড হইতে তিনি শ্রীবিগ্রহ

শ্রীবৃন্দাবনের পরপারে মানসরোবরে

গৌড়ীয় বৈষ্ণবগণ শীরন্দাবনে গমন

শ্ৰীবৃন্দাবনে বাস

কুণ্ডতীরে ভজন করিতেন,

ইনিও

করিলে

50102]

করেন। হরিদাস স্বামী গন্ধর্ব ক্লফ্রন্ত-নামক জানৈক সঙ্গীত-বিভায় সিদ্ধ মহাত্মার নিকট হইতে নাদবিতা লাভ করেন। প্রাসিদ্ধ মিয়া তানুসেন এই হরিদাস স্বামির নিকট যৎকিঞ্জিৎ নাদ্বিভা শিক্ষা করিয়া তংকালে ভারতে অদ্বিতীয় সঙ্গীতজ্ঞ বলিয়া খ্যাত হইয়াছিলেন। সমাট আকবর হরিদাস স্থামিকে দর্শন করিবার জন্ত যে শ্রীরন্দাবনে তানসেন সহ আগমন করিয়াছিলেন, তাহা প্রাচীন গ্রন্থে পাওয়া যায়। প্রবাদ -- पिल्ली-नियांगी पशानपात्र (ऋजी-नागक खरेनक भश्यमी ईंशारक কতকগুলি অমূল্য মণি প্রদান করিলে বৈরাগী হরিদাস স্বামী উহা যমুনাতে নিকেপ করেন ও দয়াল-দাসকে যমুনার জলরাশির মধ্যে যে কত অমূল্য রত্ন পড়িয়া আছে, তাহা দর্শন করান।

হরিদাস স্বামি-কৃত হিন্দী ভাষায় 'সাধারণ দিদ্ধান্ত' এবং 'রসকে পদ' নামক ছুইখানি গ্ৰন্থ দেখিতে পাওয়া যায়। নিধুবনে হরিদাস স্বামির সমাধি আছে।

ত্ববে---- এরি সিকাননের শ্ৰীভাগৰতাধ্যাপক। [র° ম° পূর্ব 2166

হরিনাথ গাঙ্গুলী—— এনরোত্তম ঠাকুরের শিষ্য। পূর্বে চাঁদরায়ের দলে ডাকাতি করিতেন। শ্রীঠাকুরের কুপায় পর্ম বৈষ্ণব হন।

ইরিনাথ গাঙ্গুলী আর শিব চক্রবর্ত্তী। পূর্বে তারা চাঁদরায়ের সৈতা যে আছিল। চাঁদরায়ের সনে দস্থ্যবুত্তি देकन ॥ বহু ঠাকুর

মহাশয়ের প্রভাব জানি তার মর্ম। সবে হইলেন শিষ্য ছাড়ি' পূর্ব কর্ম॥ (প্রেম ১৯) **হরিনারায়ণ**>--শিখরভূমি পঞ্কোটের রাজা ছিলেন। শ্রীনিবাস আচার্য প্রস্কেত হইতে ত্রিমল ভট্টের পুত্রকে আনয়ন করিয়া ইহাকে দীকা প্রদান করান। দীক্ষাদানান্তে ত্রিমল-নন্দন শ্রীনিবাস আচার্য প্রভুর হস্তে রাজা হরিনারায়ণকে সমর্পণ করেন। শিখরভূমির রাজা হরিনারায়ণ। (ভক্তি ৯৩০৩)

হরিনারায়ণ শ্রীরাম-রাজা চন্দ্রের ভক্ত ছিলেন।

হরিনারায়ণ রাজা বৈষ্ণব-প্রধান। রামচক্রবিনা তেঁহো না জানয়ে আন্॥ তেঁহো থৈছে শিষ্য হইলা, যে শিষ্য করিলা। সে সব প্রসঙ্গ হেথা বণিতে নারিলা॥ (A >1868-ce) প্রেরণায় শ্রীগোবিন্দ ইহার কবিরাজ 'শ্রীরামচরিত্রগীত' করেন। **হরিনারায়ণ^২—**শীর্দিকানন্দ-শিষ্য।

রি° ম° পশ্চিম ১৪।১৫৬] হরিপ্রসাদ-শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য । হরিপ্রিয়া (বা নন্দরাম) – ইনি

(মোহনদাস দেখুন) পুরুষ হইয়াও প্রকৃতিভাবে ভজন গ্রীপ্রীঅদৈত আহার্য করিতেন। প্রভুর পদ্মী সীতাদেবীর নিকট ইনি দীক্ষা গ্রহণ করেন। ইনি শান্তিপুরের নিকট হরিপুর গ্রামে ক্ষত্রিয়-বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। রচিত গ্রন্থের নাম—'শ্রীকৃষ্ণমিশ্র-চরিত'। উক্ত গ্রন্থে শ্রীশ্রীকংগত

পুত্র কৃষ্ণমিশ্রের বিবরণ

লিপিবদ্ধ করিয়াছিলেন। দাস--- শ্রীবৃন্দাবনবাসী হরিপ্রিয়া মহাজন। খ্রীশ্রামানন প্রস্তুকে বিদায় দেওয়ার কালে रेनि উপস্থিত ছিলেন। (র° ম° পূর্ব

হরিপ্রিয়া দেবী—গ্রীনিত্যানন্দ প্রভুর পারিষদ দাদশ গোপালের অক্ততম শ্রীধনঞ্জয় পণ্ডিতের সহধর্মিণী।

হরি ভট্ট—গোড়দেশবাসী। গ্রীগোরাঙ্গ প্রভুর ভক্ত |

গঙ্গাদাস, হরি ভট্ট, আচার্য পুরন্দর। (চৈ° চ° মধ্য ১১।১৫৯) পুরীধামে রথযাত্রার সময়ে গৌড়দেশ হইতে ভক্তগণ মহাপ্রস্থুর নিকট উপনীত হইলে মহারা**জ** প্ৰতাপক্ৰদেবকে ৰাত্মদেৰ সাৰ্ব-ভৌমের ভগিনীপতি গোপীনাথাচার ইহাদের প্রত্যেকের নাম করিয়া পরিচয় প্রদান করিয়াছিলেন। এই হরি ভট্ট, এই জীনৃসিংহানন। এই নাস্থদেব দত্ত, এই শিবানন্দ।।

(टेठ° ठ° यथा >>।৮१) <u>এ</u>প্রীহরিমোহন শিরোমণি গোস্বামী-

শ্রীচৈত্ত্তরিতামতোক্ত কাঠকাটা শ্রীজগরাথদাস ঠাকুরের নবম অধস্তন-রূপে শ্রীপাদ শিরোমণি প্রভু ১৭৬৮ শকাকায় ২০ শে পৌষ অমাবস্থায় আবিভূতি হন এবং ১৮৫৩ শকাবার ২) শে অগ্রহায়ণ অমাবস্থায় অপ্রকট এই জীবাধমের অভীষ্টদেব বলিয়া ইছার বংশধারার যৎকিঞ্চিৎ বিবরণ দেওয়া হইতেছে। কাঠ-কাটা গ্রামটি ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর পরগণায়। এক্ষণে এই

গ্রাম 'কাঠাদিয়া' বলিয়া কথিত হয়। বৈশাখ্যাদে শকাকার শ্রীনুসিংহ-চতুর্দশীতে ঠাকুর শ্রীশ্রী-জগরাথ আচার্য মহারাজ আদিশুর-কৰ্ত্তক কান্তকুজ হইতে আনীত ব্রাহ্মণ-পঞ্জের অন্তম কাজপ-দক মহযির গোত্রীয় যজুর্বেদী কার্মকাটা ত্রোদশ অংস্করপে গ্রামে অবতীর্ণ হন। শ্রীগোর-গণোদ্দেশমতে ঠাকুর জগন্নাথ ছচিত্রা সখীর যুথে দ্বিতীয়া সখী তিলকিনীর অবতার, ইনি শ্রীগোরাঞ্চের নিত্য-সিদ্ধ পার্ষদ ছিলেন।

পূর্বকালে মহারাজ বল্লাল সেন বিক্রমপুরে রাজধানী স্থাপন করিয়া-ছিলেন, তৎপুত্র লক্ষ্মণ সেনও পরে ঐ রাজসিংহাদনে আহোহণ করেন। লক্ষণসেনের প্রধান মন্ত্রী ছিলেন— হলায়ুধ; তিনি রাজধানীর মধ্যেই কাঠকাটা গ্রামে বসতি নির্মাণ করত যাবজীবন বাস করেন। হলায়ুধের পুত্র-চন্দ্রশেখর বাচস্পতি; তৎপুত্র রত্নাকর মিশ্র, তাঁহার হুই পুত্র-সর্বানন্দ ও প্রকাশানন। সর্বানন্দের পুত্রই ঠাকুর খ্রীশ্রীজগরাথ আচার্য। ঠাকুর জগনাথ অল্লবয়সেই মাতা-পিতৃহীন হইয়া পিতৃব্যের আহুগত্যে **লালিত পালিত হন এবং কিয়ৎ-**কালমধ্যে ভক্তিমান ও সদাচারসম্পন্ন देवक्षव श्रेशा छेब्रिलन। বাতিরেকেও ইনি তৎকালে স্বতঃ-স্ফুরিত শাস্ত্রযুক্তি-সম্মত ভক্তি-সিদ্ধান্তপূর্ণ তত্ত্বোপদেশ ও হরিকথার প্রচারে পণ্ডিতগণেরও হৃদয় জয় করিয়াছিলেন। বিক্রমপুরে তাৎ-কালীন পণ্ডিতসমাজে জগরাথ

প্রতিষ্ঠা লাভ করিলেও কিন্তু জাঁহার দিয়া চিত্তকাননেব একদেশ গ্রীগোরাঙ্গ-বিরহদাবাগ্নি প্রস্কলিত হইয়া তাঁহাকে ব্যস্তসমস্ত করিতে-ছিল: স্থতরাং তিনি দেহদৈহিক 'হা নাথ। নিত্য ক্মাদি ভুলিয়া হা রমণা হা কৃষ্ণ' বলিয়া উচ্চকঠে রোদন করিতেন। একদা ভক্ত-বৎসল প্রীগৌরাজ স্বপ্নযোগে দর্শন দিয়া জীজগন্নাথকে বলিলেন—'ওছে জগনাথ! তুমি আমার তিল্কিনী স্থীর অবতার, আমি ব্রজেন্সন্মন শ্রীকৃষ্ণ, এক্ষণে নবদ্বীপে অবতীর্ণ इट्यां छे. मन्नामलीला अन्नीकात করিয়া শাতিপুরে এীঅবৈত-মন্দিরে যাইতেছি। তুমি শীঘ্ৰ আদিয়া তথায় আমার পরিকরগণের সহিত মিলিত হও।' প্রত্যাদেশ-প্রাপ্তি মাত্রই ঠাকুর জগরাথ—'ওহে প্রতো। দাঁড়াও, দাঁড়াও হে রমণ ! হা প্রাণ ক্লফ !!' বলিয়া তৎক্ষণাৎ চীৎকার করিতে করিতে শান্তিপুরাভি-মুখে ধাবিত হইলেন। কণিত আছে — ভ্রাতুষ্পুত্রের বিরহে তদীয় পিতৃব্য প্রকাশাননত ছুই একদিনের ব্যব-শান্তিপুরে গিয়া তাঁহার সহিত মিলিত হন। শ্রীজগলাথ শান্তিপুরে যাইয়া মহাপ্রভুর অনু-মতামুসারে শ্রীশ্রীগদাধর গোস্বামির নিকট দীক্ষিত হন এবং তদীয় পিতৃব্য প্রকাশানন্দও শ্রীঅদ্বৈত প্রভুর নিকট শ্রীক্ষরে একান্ধর মন্ত্র কামবীজে দীক্ষিত হন। আশ্চর্যের ব্যাপার এই যে প্রকাশানন্দ কাম-বীজের 'ল'কারের পরিবর্ত্তে রকার खनिया निर्पिष्ट नियस धान-नियध

হইলেও ঐভাযস্থলরের পরিবর্তে গ্রীশ্রামাস্থলরীকে দেখিতে পাইয়া শ্রীঅদৈত প্রভুর চরণে ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি আমূল ঘটনা জানিয়া বলিলেন—'তুমি এখনও শক্তিমন্ত্ৰে সিদ্ধ হও নাই—কাজেই **ट्रिया अहे मट्डिट महामात्रात्र** আরাধনা করিতে থাক, তাহাতেই তোমার অভীষ্টপৃত্তি হইবে।' কিয়-দিন পরে প্রীপ্রভুর আদেশারুসার্থী ঠাকুর জগন্নাথ পিতৃব্যস্থ কাষ্ঠকাটায় প্রত্যাবর্ত্তন করিয়া দেখেন তাঁহাদের পুরুষাক্রমে সেবিত শ্রী-দামোদর শালগ্রাম অন্তহিত হইয়া-ছেন। উভয়েই বহু অমুসন্ধানেও তাঁহার উদ্দেশ না পাইয়া সেই কাষ্ঠকাটায় ঘাসীপুকুরের হত্যা (ধরা) দিলেন। ঠাকুর জগরাথ আদেশ পাইলেন—'ঘাসী-পুকুরে ডুবিয়া যাহা পাইবে, তাহারই সেবা কর।' এই আদেশে ঠাকুর জলমগ্ন হইয়া 'ঐাশ্রীয়শোমাধব'-নামক শ্রীবিগ্রহ প্রাপ্ত হয়েন। এই শ্রীবিগ্রহ অতি মনোরম—হইপার্শ্বে লক্ষী ও সরস্বতী, মধ্যে শ্রীবিষ্ণুমৃতি। প্রকাশানন্দের প্রতিও আদেশ হয় যে তথন হইতে পাঁচ পুরুষের প্র আবার দাযোদর ভাঁহার বংশধরের সেবা অঙ্গীকার করিবেন। এই ञ्चनीर्घकान याद९ नात्यामृत श्रानीश মুসলমান-গৃহে শিলাপুত্রের কার্যেই ব্যবহৃত হইয়া অক্ষয় অব্যক্ষ দেহে ৰিরাজমান থাকিয়া পাঁচ পুরুষ পরে মাবার স্বপ্নাদেশ দিয়া আদিয়াছেন —এখনও ইনি আড়িয়াল গ্রামে ১প্রকাশানলেরই বংশধরগণ-কর্তৃক

শ্ৰীশ্ৰীয়শো-সেবিত হইতেছেন। মাধবও কাঠাদিয়া (কাৰ্চকাটা) হইতে স্বপ্নাদেশ দিয়া নিকটবলী আডিয়াল গ্রামে নবাব হইতে এক জামগীর তালুক পাইয়। করিভেছেন। এই ঠাকুর জগন্নাথের বংশধর গোস্বামিবস্থই এক্ষণে পালাক্রমে প্রীয়শোমাধবের দৈনন্দিন সেবা চালাইতেছেন এবং প্রকাশানন্দের বংশধরেরাও শান্তি-পুরের চাক্ফেরা গোস্বামিদের নিকট শক্তিময়ে দীক্ষিত হইয়া অস্তাবধি দামোদরের সেবা করিতেছেন। ঠাকুর জগরাথের সন্তানগণ বহুশাখায় বিভক্ত হইয়া এক্ষণে আডিয়াল. কামারখাড়া ও পাইকপাড়া প্রভৃতি গ্রামে বাস করিতেছেন। এদক হইতে বংশধারা যথা---

(১) গ্রীদক্ষ—(২) গ্রীজটাধর (ইনি 'পুষল' গ্ৰাম পাইয়া ব্রক্ষোত্তর পুষলীগ্ৰামী ্রভাধর-কৃত হন অভিধান প্রিসিদ্ধ]—(৩) শ্রীমাধব গ্রীযাদব—(৫) শ্রীবিষ্ণু-(8) ত্রীপুরুষোত্ত্য—(৭) ত্রীপন্ত-(6) পতি-[যজুর্বেদীয় কর্মকাণ্ডবছল গ্রন্থ-প্রণেতা]—(৮) খ্রীমহাদেব— (৯) প্রীহলায়্ধ – হিনি বছ গ্রন্থ-প্রণেতা এবং বিমাতৃ-গমনের উন্তমে ত্যানল প্রায়শ্চিত করিয়াছেন ী রাজা লক্ষণদেনের গুরু—(১০) চন্দ্র-বাচম্পতি-(১১) রত্নাকর মিশ্র—(১২) সর্বানন্দ – (১৩) প্রীপ্রী ঠাকুর জগন্নাথ। শ্রীশ্রীঠাকুর জগন্নাথের শাথার গুরুপ্রণালিকা (আংশিক)

প্রীরামনরসিংহ, (ও) প্রীরামগোপাল, (৪) প্রীরামচন্দ্র, (৫) প্রীমনাতন, (৬) প্রীমৃক্তারাম, (৭) প্রীগোপী নাথ, (৮) প্রীগোলোকচন্দ্র, (৯) ১০৮ প্রীপাদ হরিমোহন শিরোমণি গোস্থামী (১০) প্রীগোপালরাজ, প্রীরাথালরাজ, প্রীগোঠজীবন, শ্রীবছ্জীবন ও প্রীরসরাজ।

্রি শ্রীশিরোমণিপ্রতুপাদের জীবনী मयक खानकड्ठे जिल्लामा खाहि. কিন্তু তাঁহার নিষেধহেতু আমি ধারা-বাছিক জীবনী লিখিতে পারিলাম না: তাঁহার শ্রীমুখারবিন্দ-বিগলিত যে সব কাহিনীভখা পান করিবার সোভাগ্য হইয়াছিল. অধিকাংশই এখন বিশ্বত হইয়াছি ভাগবত-জীবনের যং-—তাঁহার কিঞ্চিৎমাত্র দিগ্দর্শন-সায়ে এম্পলে সংক্ষেপে স্থাচিত হইল: যদি কোনও ভাগ্যবান এতদ্ধে তাঁহার পরমপুত চরিতকথা গ্রন্থন করেন, তবে আমার চিবাভিল্যিত বস্ত্র সিদ্ধ হয়। ১৭৬৮ শকাবদায় ২০শে পৌষ

অমাবস্থা তিথিতে প্রকট——মহা দারিদ্রোর ক্রোডে লালিত পালিত— পুরাপাডায় শ্রীজগদন্ধ তর্কবাগীশের নিকট ব্যাক্রণ-কাব্যাদির অধায়ন ও অশেষ কৃতিছের সৃহিত 'শিরোমণি' উপাধিলাভ-পঞ্চদশ বর্ষ বয়:ক্রেমে পিতদেবের অন্তর্ধানে 'শ্রীগৌরতত্ত'-জিজ্ঞানায় প্রীবৃন্দাবনে প্রীরাধারমণ-সেবাইত স্থনামপ্রসিদ্ধ শ্রীসখালাল গোপীলাল গোস্বামিদের নিকট গমন----শ্রীবৃন্দাবনে বাসমগুলে গৌৱবৰ্ণ নীলাম্বর-সন্ধাকালে পরিধানা বালিকার দর্শনে প্রীপ্রীমতীর

স্ফুত্তিতে মুর্চ্ছা—উক্ত গোস্বামিদের প্রীশ্রীগোরশিরোমণি মহাশয়ের নিকট গমন-জীগোর-শিরোমণি-কর্ত্তক পঞ্চদশ দিন যাবৎ আচার্য-সন্তান-বৃদ্ধিতে সমন্ত্রমে দণ্ডবৎ পূর্বক আলাপ-শ্রীগোরামতত্ত্ব না বুঝিয়া প্রাণের পিপাসার অপৃত্তিতে যোডশ দিবসে শিরোমণি মহাশ্যের নিকট সনির্বেদ উক্তি, দণ্ডবৎ করিবার জন্ম স্বচরণ-প্রদাবণ ও প্রোর্থনা— 'গুরুবৃদ্ধি কবিয়া শ্রীগোরতত্ত-জিজাগায় তোমার নিকট আসি আচার্য-সন্তান-বৃদ্ধিতে তুমি দত্তবৎ ভক্তি কর—আছা, যদি তোমার তৃপ্তি হয়, এই চরণে যত পার দত্তবৎ কর—আমি না হয় নরকগামী হইব—তবু শ্রীশ্রীগৌর-শুনাও'—এই প্রোটোক্তি-শ্রবণে শিরোমণি মহাশয়ের অন্তত প্রেমাবেশে শ্রীপ্রভুকে আলিঙ্গনদান, অশ্রন্ধাত-মৃত্তি—তদবধি শ্রীশ্রীগোরলীলায় শ্রীপ্রভুর মনো-নিবেশ এবং অভূতপূর্ব ফুত্তি ইত্যাদি। বছদিন শ্রীবন্দাবনে শ্রীগোরশিরোমণি মহাশয় ও শ্রীরাধিকানাথ গোস্বামী-প্রমুখ বৈঞ্চব মহামন্ত্রিদের সহিত ইষ্টগোণ্ডী প্রভৃতি করিয়া শ্ৰীধাম নবদ্বীপে শ্রীশ্রীসিদ্ধ জগরাথদাস বাবাজি মহারাজের সমীপে আগমন — শ্রীপ্রীসিদ্ধ বাবার চরণে প্রণত হইলে পূর্চে হস্ত দিয়া বাবা তাঁহার জীবনের আমুপূর্বিক সকল ঘটনা এবং শীবন্দাবন-গমনের কারণ ইত্যাদি বলিয়া 'গ্রীগোরতত্ত্ব' হৃদয়ে গোপন রাখিবার জন্ম বাহ্মিক উপদেশ করেন

—'রাথ প্রেম হৃদয়ে ভরিয়া'—গ্রীপ্রভ

(১) শ্রীশ্রীঠাকুর জগরাপ, (২)

প্রোটির স্হিত সিদ্ধবাবাকে বলিলেন—'আমি শ্রীগৌরতত্ত প্রচার করিতেই আসিয়াছি—তাহাই করিব: বালকের মুখে এত বড় কথা শুনিয়া সিদ্ধবাবা সম্ভুষ্ট হইয়া তাঁহার মন্তকে হস্ত ধরিয়া আশীর্বাদ করেন এবং বলেন—'তুমিই পারিবে।' তৎ-পরদিন স্বাদশীতে মহাপ্রভুর ভোগ-জন্ম সিম্ববাবার আশ্রমে আয়োজন—বেলা দশটার পংক্তিভোজনে বসিয়া 'ভজ মন শ্রীকৃষ্ণতৈত্ত্য' এই পর্যন্ত শুনিয়াই শ্রীসিদ্ধবাবার বেলা চারিটা পর্যস্ত আবেশ ইত্যাদি। গ্ৰহে আৰ্গিয়া অধ্যাপনারন্ত ও শ্রীশ্রীগদাধর পণ্ডিত গোস্বামি ছইতে বংশ-প্রস্পরাক্রমে প্রাপ্ত প্রীপ্রীগোরমন্ত্র-সম্বন্ধে অনর্গল বক্তাদান—বহু প্রতিপক্ষের নিকট অয়থা অপুমান-লাভ--স্মার্ত্ত-প্রধান विक्रमश्रतानि अक्षरन देवकव मनाठात-প্রবর্ত্তনের জন্ম যথেষ্ট প্রয়াস, তিরস্কার গামাজিক গ্লানি প্রভৃতি অর্জন— দারিদ্রোর ঘোরতর পীড়নেও স্বধর্ম-নিষ্ঠা হইতে অবিচ্যুতি—কাব্য-রচনা —কবিওয়ালাদের জন্ম গান-রচনা. (দ্ধিমঙ্গল) যাত্রাপালা রচনা ইত্যাদি—দেশে বিদেশে স্থনাম-অর্জন-ফরিদপুর-নিবাসী জনৈক কুষ্ঠরোগী রজকের স্ববন্ধবান্ধব-কর্ত্তক পরিত্যাগে মনের হুঃখে নীলাচল-যাত্রা—পথে স্থাদেশ পাইয়া শ্রীশ্রীশিরোমণি-প্রভুর গৃহে কাঙ্গালের প্রভূর পূৰ্বক ক্যায় অবস্থান উচ্ছিষ্ট-ভোজনে রোগমুক্তি তৎপরে নীলাচলে গঙ্গামাতার यर्क इंजापि। সেবাপ্রাপ্তি

ফরিদপুর জিলায় ছয়গাঁওনিবাসী এবং নোয়াখালীর প্রবাসী উচ্চ-শিক্ষিত (B.A.) খ্রীজ্ঞান মুথাজির শ্রীগোরমন্ত্রে দীক্ষালাভ করিয়াই মন্ত-বেখাদির আস্ক্রিজনিত স্বভাবের অপূর্ব পরিবর্ত্তন। ১২৯৪ সনে আনন্দ কবিরাজ, ভগবান দাস বাবাজি, জ্ঞান মুখাজি, দ্বিতীয়া পত্নী উমা দেবী, এক পুত্র (?) ও জনৈক শিষ্যসহ নীলাচলে যাত্রা-কীর্ত্তনা-নন্দে শ্রীমহাপ্রভুর পদাঙ্কপৃত স্থান দিয়া পদত্তজে গমন-ক্রমশঃ লোক-স্মাবেশ, পথে শিষ্যটির জ্বর, মহানদী পার হওয়ার কালে এপ্রভুকর্তৃক বহন—নীলাচলে শিধাকে স্কল্পে প্রবেশ—সন্ধার পরে আনন্দরাজারে শ্রীমহাপ্রদাদ-ক্রমকালে আবৃতদেহ দেবমৃত্তির দর্শনলাভ। পূর্বসিদ্ধ স্ব-গুরুগণের স্বীয় স্বীয় সেবাদ্রব্যসহ শ্রীনীলাচলবিভূষণ শ্রীশ্রীগম্ভীরানাথের সন্মিলনে যাত্রার স্বপ্নদর্শন অথচ তাঁহাদের পশ্চাতে নিজ সিদ্ধদেহেরও अपर्गरन नीलाहरल अवसानकारल অভিমান-বশতঃ শ্রীজগরাথদেবের মন্দিরে অপ্রবেশ। গৃহে প্রত্যাবর্ত্তন, ১৩১২ সালে (৪২০ গৌরাব্দে) শ্রীধাম নবদীপে শ্রীমন মহাপ্রভুর তাৎকালীন পূৰ্বদিকৃত্ব মন্দিরের সন্মথে শ্রীগোরতত্ত্বতক গ্রন্থাদির তালিকা জানিবার জন্ত 'ধরা'—শ্রীশ্রী-গৌরাপত্মদার-কর্ত্তক বহু বহু গ্রন্থের নামোল্লেখ ও গ্রন্থ-প্রণয়নে আদেশ-দান-গ্রন্থনির্মাণের উপাদান-সংগ্রহ ও নির্ভীকভাবে অনর্গল শ্রীগৌরমন্ত্র-প্রচার। ১৩১৫ সালে শ্রীবৃন্দাবনে শ্রীগোড়েশ্বর সমিতির তৃতীয় অধি-

বেশনের তৃতীয় দিবসে ইনি সভাপতি হইয়া শ্রীহরিনাম-সঙ্কীর্তন সম্বন্ধে এক বিরাট বক্ততা দান করেন, তাহা প্রবন্ধাকারে বুন্দাবন হইতে মুদ্রিত হইয়াছিল। ३७२३ जात्न देवमाथ মাদে তদীয় মাতৃদেবীর অপ্রকট-লীলায় প্রবেশ-প্রাপ্তির পূর্বদিন রাত্রিযোগে নিকটে উপবিষ্টা সেবা-পরায়ণা পুত্রবধু শ্রীউমা দেবী দেখিলেন—ছইজন ব্ৰজবাসী বাহির হইতে ঘরের মধ্যে শরীরের অদ্ধাংশ প্রবেশ করাইয়া কি যেন দেখিতেছেন। জােষ্ঠপুত্র গোপাল-রাজ তাঁহার ইঙ্গিতে সমস্ত বাড়ী পুদ্ধানুপুদ্ধরূপে অবেষণ করিয়াও কিছই দেখিতে পাইলেন না। প্রদিন শ্রীযুক্ত সচ্চিদানন সরস্বতী গোস্বামিপাদের মাতৃদেবীর নিকট শ্রীপ্রভুর জননী রহস্মটি ব্যক্ত করিয়া বলিলেন যে তাঁহাকে (প্রীপ্রভুর মাতৃদেবীকে) নেওয়ার জন্ম গত-রাত্রে একটি ভগ্ননোকা আসিয়াছিল. তিনি তাহা ফিরাইয়া দিয়াছেন এবং সেই দিন তাঁহার ভ্ৰেন্ত আমিবে। 'কোথায় যাইবেন. वृक्तावन १'-- এই প্রশ্নের উত্তরে তিনি প্রৌটির সহিত বলিলেন— বুনাবন যাইব কেন ? আমি যাইব ঐক্বেত্রধাম।' আশ্চর্যের বিষয় ঐদিনই রাত্রি চারিটায় তিনি অভিলবিত ধামে গমন করিলেন। ১৩২১ সালে অগ্রহায়ণী ক্লঞা দাদশী-্তিথিতে দ্বিতীয়া পত্ৰী দেবীর অন্তর্ধান এবং তৎসমকালেই বিক্রমপুর প্রগণায় রাজাবাড়ী-নিবাসী, তৎকালে এবুলাবন-প্রবাসী

শ্রীযুক্ত ভবানন্দ কুণ্ডের সন্মুখে শ্রীশ্রী-গোবিন্দজীউর মন্দিরপ্রাঙ্গণে গোপী-বেশে দর্শনদান। প্রীপ্রীপ্রভুর রূপায় ঢাকার (१) হরিমতি-নামিকা মুখরা উদ্ধার—বৈষ্ণব-সদাচার বেখার বা বৈষ্ণবপন্থার मम्भूर्ग विद्याशी প্রীবৃন্ধা বলে হইলেও হরিমতির <u>এবিকারাণীর</u> **প্রীগোবিদ্দ-মন্দিরে** পরিক্রমাকালে 'হরেক্লফ' ইত্যাদি সম্বীর্ত্তনের আবেশে স্বচ্চন্দে দেহত্যাগ —বাখরগঞ্জ ঝালকাটিনিবাসী বেশ্<u>রার</u> উদ্ধার *। প্রীহটে ইটাপরগণার গ্রামের সম্রান্ত ও বর্দ্ধিফু-পরিবার শ্রীযুক্ত কাণীকিঙ্কর দত্ত-কন্ত ক তৎপার্শ্ব গ্রামে জনৈক শিব্যগ্ৰহে গ্রীপ্রীশিরোমণি প্রভুর তাঁহার আকৃতি, বেশ-বিক্যাসাদির সহিত স্বপ্নে দর্শন ও শ্রীশ্রীগোরমন্তের প্রাপ্তি এবং তৎপরে যথারীতি দীক্ষাদি। আসাম-বেঙ্গল-রেইলওয়ের বহু স্থলে ষ্টেশনমাষ্টার রাধানাধ্ব ঘোষ-কর্ত্তক শ্রীযুক্ত থোয়াই ষ্টেদনে অবস্থানকালে স্বপ্নে প্রিপ্রত্ব মুখে ঐগোরমন্ত্র-শ্রবণ ও তৎপরে দীক্ষালাভ। কলিকাতা वमती नातामन टिल्लन द्वीटि कुछ-উপাধিকারী জনৈক ভক্তের গ্ৰহে গ্রীগ্রীপ্রত্নর সময় অবস্থানের অধিবাদী. নোয়াখালী জিলার তৎকালে কলিকাতা বিশ্ববিভালয়ের এম এ ক্লাসের ছাত্র ও সারকুলার রোডে কোনও বোর্ডিংএ অবস্থান-

কারী শ্রীযুক্ত রমেশচন্দ্র আচার্য-কতুর্ক ১০৪া৫ ডিগ্রী জ্বরের অস্থ যন্ত্রণায় মরণোনুখী অবস্থায় স্বপ্রে শ্রীশ্রপ্রক্র দর্শনলাভ, শ্রীপ্রস্থকর্তৃক সাদরাহ্বান-শ্রবণ, শ্রীগৌরমন্ত্রলাভ ও স্থপ্রভক্তের পরেই উঠিয়া যথানিদিট স্থানে যথানুষ্ট অবস্থায়, বেশে প্রীপ্রপ্রপাদের দর্শন স্বগৃহে প্রীশ্রীগোর-দীক্ষালাভ। গদাধর-প্রতিষ্ঠাদি। কাশীমবাজারাধি-শ্রীযুক্ত রাজ্যি বদাগুবর নন্দী-কৰ্জু ক উদ্বোধিত হরিসভায় কুনিলা নিমন্ত্রণ-পত্র পাইয়া শ্রীপ্রভুর তত্র গমন এবং বিনাপরিচয়ে তত্রতা মুন্সেফ্ শ্রীযুক্ত বিপিনবিহারী চটোপাধ্যায় মহাশয়ের বিষ্ণুপুরের বাসায় গমন—উভয়ের প্রেমালাপ, ইষ্টগোষ্ঠী এবং সপরিবারে **প্রি**প্রীরে গুরুত্ব দীক্ষাগ্রহণাদি। সালে কলিকাতা বেলগাছিয়া হাসপাতালে চিকিৎসাকালে রাত্রিবেলা শ্রীশ্রীগৌর-পদাধরের দর্শনলাভ এবং তাঁহাদের শ্রীচরণে স্থাশিষ্যগণের সমর্পণাদি। ১৯২৯-৩১ ইং সালে শ্রীশ্রীকৃষ্ণ-ও শ্রীশ্রীগদাধর চৈত্যসন্দৰ্ভ বৈষ্ণব ব্ৰত দিন-এবং নির্ণয়াদি গ্রন্থ-প্রকাশন। ১৮৫৩ (১ ৩৮ সাল) ২১শে শকাব্দায় অগ্রহায়ণ তিথিতে অমাবস্থা 'গদাধরের প্রাণগৌর' নাম বলিতে প্রীশ্রীগোর-গদাধর-চরণে বলিতে বিশ্রামলাভ।

চরিত্র-বৈশিষ্ট্য--অমারিক সহজ সরন ব্যবহার, যথালাভে সম্বষ্ট, অমানী মানদ, রন্ধনে স্থানিপুণ, শাস্ত্র-বিচারে বিচক্ষণ, নারীজনোচিত সলজ্ঞ মৃত্ব চরিত্র, আহারে বিহারে স্থান্থত. কষ্টসহিষ্ণু, বাৎসল্যঘনমূর্তি, 'গৌর বলিতে ঠৌরহারা' ইত্যাদি। অপ্রকাশিত গ্রন্থদ্বয় (খণ্ডিত)

(৪৫) 'কোতুকাঙ্কুর-প্রহসনম্'
নামক শ্রীপাদ রচিত গ্রন্থের মুখবন্ধে
কাব্যাস্বাদে মোক্ষপ্রাপ্তির উদাহরণ—
(৪) যৎপাদং মুনিভিঃ কঠোরতপদা
লব্ধং ন দৈবেরপি, তৎপাদং রদিকো
রসেন রসবৎ কাব্যং বিরচ্যাপ্তবান্।
কিং ব্রমঃ স্ককবেঃ স্থাৎ শুভতমং
ভাগ্যং ভবে ভাব্যতাং, তস্থাৎ সর্বভবা মুদা স্ক্কবিতাস্বাদঃ সদাস্বাস্থতাম্॥

শ অন্তিমে (৫)—শ্রু হৈতাং কবিতাং
রু সৈবিরহিতাং সংবর্জিতাং ভূষণ,বিভাহীনজনস্থ মে নবক্লতাং হাসো
ভবেরিন্চিতম্। তত্মাদ্ধান্তরসো গ্রুবং
বিলসিতং তত্থাং জুগুপ্সা যদি,
বীভৎসঃ স রসোবিভাতি স্নতরাং
কাব্যন্ত্মবাগতম্॥

শৃঙ্গারহারাবলী—শ্রীপাদ-শিরো-মণি প্রভূ-প্রণীত এই গ্রন্থের প্রথমসর্গ মাত্র হন্তগত হইয়াছে।

প্রারন্তলোক———অজ্ঞানান্ধতমে কুচিত্তগহনে সল্লেবমাতিষ্ঠ মে, যত্মাত্তং বিপিনপ্রিয়ো মূহুরিতো রাধাধরং চুম্বয়ন্। সব্যাহেযু,রুপরি প্রদার চরণং বঙ্কেন ভুব্যস্তুলং, রাধাংসে চ ভুজাং নিধার সরসো দণ্ডায়মানো হরি:॥

সপ্তমশ্লোক—কুতাস্তঃ কান্তো বা সমজনে ন ভেদঃ প্ৰথমত,-স্ততো

ইহার সংক্ষিপ্ত বৃতাপ্ত শ্রীযুক্ত তরণীকাপ্ত দাস-কতৃ কি শ্রীগোরাঙ্গ-পত্রিকায় ও তৎপরে প্রস্কাকারে প্রকাশিত হইয়াছে।

দিত্রিশানৈর্মজ্জ ইতি জ্ঞাহ হুদঃম্। ততোহদৌ মৎপ্রেয়ানহমপি তদীয়া সহচরী, ততো যাতে বর্ষে প্রিয়তম-ময়ং জাতমথিলং॥

হরি মৌলিক (হরি কাঞ্জিলাল)— বাংলার প্রসিদ্ধ বার ভূঁয়ার অগ্রতম ত্বর্দ্ধর্ব জমিদার। ঠাকুর নরোত্তমের শিব্য। চাঁদ রায়ের ইনি দেওয়ান ও সেনাপতি ছিলেন। চাঁদ রায়ের পাঁচ হাজার অখারোহী ও বিস্তর পদাতিক সৈতা ছিল বলিয়া জানা যায়। (চাঁদ রায় দেখুন)

চাঁদ রায় শ্রীল ঠাকুরের কুপায় প্রম বৈষ্ণৰ হইলে তদীয় আশ্বীয় স্বজন এবং পারিষদবর্গও ভক্ত-পদবীতে **ए**बीज रन। ऐक रहि योनिक তন্মধ্যে একজন বলিয়া মনে হয়। চাঁদ রায় হরি মৌলিকের বীরত্বে মুগ্ধ হইয়া তাঁহাকে মৌলিক উপাধি ও বিক্রমপুরের অন্তর্গত বিদ্যাম-মৌজা প্রদান করেন। ই হার সন্তানসন্ততি (গ্রেয় ২০০ বৎসর পূর্বে) কালীঘাটে আসিয়া বাস করেন। কালীঘাট হইতে বংশধরগণ ২৪ প্রগণার আগ্রপাড়া গ্রামে আসিয়া করিতেছেন। আগরপাড়ায় ইংলাদের ভবনে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর স্থতিমঞ্চ আছে। প্রাচীন-বৈষ্ণব-গ্রন্থে আগরপাড়া গ্রাম প্রীশ্রীনিত্যানন প্রভুর বিহারভূমি বলিয়া জানা যায়। ঐ স্থানে নিত্য শ্রীনিতাইগৌরাঙ্গের শ্ৰীনামকীর্ত্তন হইয়া থাকে।

হরিরাম-শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্য। ইনি শ্রীরামকৃষ্ণ আচার্যের কিশেষ বন্ধ ছিলেন।

द्रामहत्त्र, नरतालम, এक्ट जीवन

রামকৃষ্ণ হরিরাম তেন ছুই জন॥ (প্রেম ১৭) ২ (প্রেমী)-গ্রীনিবাস আচার্য প্রভুর শিষা।

প্রেমী হরিরাম আর মুক্তারাম দাস। প্রভুপদে নিষ্টা সদা অন্তর-উল্লাস ॥ (本何)) হরিরাম আচার্য-ইনি শ্রীনিবাস আচার্যের প্রশিষ্য ও গ্রীরামচন্দ্র কবিরাজের শিষ্য। গলা ও পদার 'গোয়ান' গ্রামে নিকট সঙ্গমের নিবাস ছিল। রাঢ়ীশ্রেণী ব্ৰাহ্মণ। পিতার নাম-শিবাই কনিষ্ঠ আচাৰ্য,

গোপীকান্ত। হরিরাম-আচার্য-শাখা পর্ম পণ্ডিত। রাঢ়ীশ্রেণী বিপ্র তিঁহো জগতে বিদিত॥ গঙ্গা-পদ্মা-সভ্দম যেবা স্থলে হয়। তথায় 'গোয়াস'-গ্রামে তাহার আলয় ॥ (প্রেম ২০) কর্ণানন্দ গ্রন্থে আছে-

রামকুষ্ণ এবং

বাহার

পুলের

নাম---

নাম-

আর এক সেবক হয় হরিরাম আচার্য। পরম পণ্ডিত বড় সর্বগুণে আর্য॥ তাঁহার নন্দন গোপীকান্ত চক্রবর্তী। তিঁহো হরিনামে রত. মৃতি॥ পিতার সেবক তিঁহো অতি-ভক্তরাজ। যতেক শিষ্য লিখিতে হয় ব্যাজ। 'নরোত্তম বিলাস'-গ্রন্থে জানা যায়-

হরিরামের পিতা শিবাই আচার্য বোর শাক্ত ছিলেন। বছ অর্থ বায় করিয়া কালীপূজা করিতেন এবং ছাগ মহিষাদির রক্তে নদী বহাইয়া দিতেন। একদা হরিরাম ও রাম-

কৃষ্ণ ছুই ভ্রাতা ছুর্গা-পূজার বলির জ্বন্ত ছাগ ক্রেয় করিয়া যাইতেছেন, এমন সময়ে পথিমধ্যে শ্রীল নরোত্তম ঠাকুর ও শ্রীরামচন্দ্র কবিরাজের সহিত তাঁহাদের শাক্ষাৎ-কার হয়। এীনরোত্তম ঠাকুরের অপূর্ব মৃত্তির দর্শনে বিশেষতঃ তাঁহার মুখে অহিংস বৈফাব ধর্মের অমধুর কাহিনীর শ্রবণে হুই লাভা মোহিত হুইয়া পশুগুলিকে ছাডিয়া দিয়া ক্রন্দন করিতে থাকেন। ইহাতে নরোত্তম ঠাকুর রূপা করিয়া হুই জনকে বক্ষে ধারণ করেন।

কনিষ্ঠ রামকৃষ্ণ শ্রীঠাকুরের নিকট এবং জ্বোষ্ঠ হরিরাম শ্রীরামচন্দ্র কবি-রাজের নিকট দীক্ষিত হয়েন। হরিরাম আচার্য ঐকবিরাজ-স্থানে।

করিলেন মন্ত্র-দীক্ষা অতি-সাবধানে॥ (নরো ১৭)

হরিরাম আচার্য নরোত্তম ঠাকুরকে এইরূপ পরিচয় দিয়াছিলেন—

শুনি বিপ্র কছে-মোর নাম 'হরিরাম'। আমার কনিষ্ঠ 'রামক্ষু' নাম ॥ শিবাই আচার্য নোর পিতা সবে জানে। বহু অর্থ ব্যয় তাঁর ভবানী-পূজনে । (নরো ১০) হরিরামের পিতা শিবাই পুত্র-निगदक विनादनद ছागानि পশু क्रम করিতে দিয়া নিশ্চিত্ত আছেন; কিন্তু यथागगरत भूजदत नागि जामिल ना। বিজয়া দশমী উপস্থিত হইল, তবুও তাহাদের সংবাদ নাই। দেবীপুজা প্ত হইল। পরে সমুদয় সংবাদ অবগত হইয়া শিবাই আচার্য ক্রোধে

অগ্নিমৃত্তি হইলেন। তাঁহার ক্রোধের

হেতু এই যে নরোভম ঠাকুর কাঃস্থ

হইরা তাঁহার আহ্মণ পুত্রকে দীক্ষা দান করিয়াছেন! হরিরাম ও রামকৃষ্ণ গৃহে গমন না করিয়া প্রতিবাসী
'বলরাম কবিরাজ'-নামক জনৈক
পরম ভত্তের গৃহে ক্য়দিন রহিলেন।
পরে এক দিবস—

পিতা-সহ সাক্ষাৎ হইল প্রাতঃ-কালে। শিবাই দেখিয়া পুত্রে অগ্নি হেন জলে॥

পরে বলিলেন—

ওরে মুর্থ! কহ দেখি কোন শাস্ত্রে
কর ? বাহ্মণ হইতে বৈশ্বব বড় হয় ?
ভগবতী নিগ্রহ করিলে এতদিনে।
বুপাই জীবন তোর ভগবতী বিনে॥
তৎপরে শ্রীল নরোত্তম ঠাকুরের
প্রতি দ্বেষ করিয়া কহিলেন—
বিপ্রে শিষ্য কৈল গে বা কেমন

বিপ্রে শিষ্য কৈল দে বা কেমন বৈষ্ণব ? পণ্ডিতের সমাজে তারে করাব পরাভব ॥ (নরো ১০)

এইরূপে শ্রীনরোন্তম ঠাকুরের প্রতি নানা কুবাক্য বলাতে, হরিরাম প্রাণের দারুণ বাথায় পিতাকে বলিলেন— 'আপনি পণ্ডিত আনাইয়া শ্রীশ্রী-নবোত্তম ঠাকুর মহাশয়ের সহিত কি তর্ক করাইবেন, ঠাকুর মহাশয়কে वानिए इट्रेंटर ना; वाभि निष्क्र পণ্ডিতগণের সহিত বিচার করিব।' ইহাতে পিতৃদেব অধিকতর কুপিত हरेया कहिएलन—'वरहे वरहे!' এই বলিয়া শিবাই পণ্ডিত কতকগুলি পণ্ডিতকে আনয়ন করিয়া পুত্রের সহিত বিচারে প্রবৃত্ত করাইলেন, কিন্ত পণ্ডিত-মণ্ডলী হরিরামের সিদ্ধান্তকে কোনক্রমেই খণ্ডন করিতে পারিলেন না। ইহাতে শিবাই আচার্য আরও ক্রোধান্বিত হইয়া মিথিলা হইতে সেই সময়ের দিখিজয়ী
মুরারি পণ্ডিতকে আনয়ন করিয়া
বৈষ্ণব ধর্ম খণ্ডন করিবার জন্ম পুত্রের
সহিত শাস্ত্র-মুদ্ধে নিযুক্ত করিয়া
দিলেন।
পরে বলরাম কবিরাজ—

় তাঁর বাক্যে তাঁরে হারাইলা অনায়াসে॥ পরাভৰ হৈয়া দিথিজয়ী

সভে কয়। বৈষ্ণব-মহিমা কহি' মোর
সাধ্য নয়॥ এত কহি দ্রব্য সব কৈল
বিতরণ। লজ্জাহেতু দেশে পুনঃ না
কৈল গমন॥ ভিক্স্-ধর্ম-আশ্রয়
করিলা সেই ক্ষণে। 'মুরারেস্কৃতীয়ঃ
পদ্মা' কহে সর্বজনে॥ (নরো ১০)
অতঃপর শিবাই আচার্য লজ্জায়
মৃতপ্রায় হইলেন। পুত্র হরিরাম ও
রামকৃষ্ণ মহানন্দে বলরাম কবিরাজের
সঙ্গে শ্রীকৃষ্ণ-ভজনে কালাভিপাত

সর্বত্র বিদিত অলোকিক সর্বকার্য॥
প্রীক্লফটেচতন্ত-প্রেমভক্তি বিলাইয়া।
জীবের কল্মষ নাশে উল্লসিত হৈয়া॥
সংকীর্ত্তনে পরম বিহবল নিরস্তর।
গায় কবিগণ সে চরিত মনোহর॥

শ্রীরামচল্রের শিখা—ছরিরামাচার্য।

করিতে লাগিলেন---

ইঁহার বংশধরগণ বর্ত্তমানে সৈদা-বাদে বাদ করিতেছেন। হরিরাম দাস-পদক্তা, পূর্বোক্ত

(ভক্তি ১৫/১১৪—১১৬)

'হরিরামাচার্য কি ?

হরিরাম ব্যাস — ব্রাহ্মণ। ব্রুদেল
থণ্ডের ওঁড়ছা গ্রামে ১৫৬৭ সমতে

জন্ম। ইনি শ্রীমনাহাও তুর পরম গুরু,
শ্রীল মাধবেক্সপুরীর প্রশিষ্য ও

শ্রীমাধবের শিষ্য। একদিন
শ্রীয় গৃহেতে বিবাহ-উপলক্ষে

ভোজের আয়োজন হইলে হরিরাম ব্যাস সেই প্রখাগ্য দ্রব্য ব্রাহ্মণ ও বৈষ্ণবগণের সেবা করেন, তাহাতে তাঁহার প্রাতৃগণের সহিত বিবাদ হয়। ইহার পরে কতক-গুলি হাঁডি জাতি কোন মহোৎস্ব-স্থান হইতে ঠাকুরের প্রসাদ দইয়া যাইতেছিলেন। বিকারশৃত্ত ভক্ত হরিরাম ভদর্শনে উক্ত হাঁডিগণের নিকট হইতে প্রসাদ লইয়া ভক্ষণ করেন। এই সব কারণে ইংগর ভাতা ও জ্ঞাতিগণ হরিরামকে বিতাডিত করিয়া দেন। তৎপরে ইনি স্বীয় পত্নীসহ ত্রীবৃন্ধাবনে আসিয়া বাস (ভক্ত ২০:৮) একদা শ্রীবুন্দাবনে রাসলীলা ষাত্রা হইতেছিল। হঠাৎ শ্রীরাধিকার বেশে

হইতেছিল। হঠাৎ শ্রীরাধিকার বেশে
সজ্জিত বালকের চরণ হইতে নূপুর
ছিঁ ড়িয়া গেলে হরিরাম স্বীয় উপবীত
ছিড়িয়া বালকের নূপুর বাধিয়া দেন।
হরিরামের তিনটি পুত্র হয়।
হরিরাম তিন পুত্রকে বিষয় সম্পত্তি
বন্টন করিয়া দিয়া তাহাদের সঙ্গে
পত্নীকে প্রেরণ করিতে চাহিলে
সহধ্দ্মিণী গৃহে গমন করিলেন না।
পরে একদা বৈঞ্ব-ভোজন-সময়ে

পরে একদা বৈষ্ণব-ভোজন-সময়ে হরিরামের পদ্ধী পরিবেশন করিতে-ছিলেন, কিন্তু পরিবেশন করিতে করিতে হরিরামের পদ্ধীর হস্ত হইতে হুগ্নের উত্তম সর বৈষ্ণবের পাতে না পড়িয়া হরিরামের পাতে পড়িয়া যায়, ইহাতে হরিরাম কুদ্ধ হইয়া পদ্ধীকে বিভাড়িত করেন। ভক্তিমতী হরিরাম-পদ্ধী স্বামির আজ্ঞা পালন করিয়া সেই গৃহ পরিত্যাগ

নিজের অলক্ষারসমুদয়ের

করত

বিক্রেন্-লব্ধ ১০ হাজার টাকায় প্রীপ্রী-যুগলকিশোর বিগ্রহ মন্দিব 13 প্রতিষ্ঠা করিয়া সেবা করিতে পাকেন; ইহাতে স্বামী-স্ত্রীর বিবাদ মিটিয়া যায়। 'কিশোর বন' বা 'ব্যাসজীকা ঘেরা'-নামে **देश रम**त একটি উন্থান আছে। এত্থানেই স্বামী-জীর সমাধি বর্তুমান। প্রবাদ —বাদশাহ আকবর হরিরামের সাধুতা-দর্শনে তাঁহাকে বিস্তর ভূসম্পত্তি দান করিয়াছিলেন। হরিরাম ও তদীয় পড়ীর রচিত

হাররাম ও তদায় পথার রাচত অনেকগুলি বাণী বা পদাবলী আছে। 'স্বধর্মপৃদ্ধতি' নামক গ্রন্থানি সমধিক প্রচলিত। এতদ্যতীত ইনি 'নবরত্ন' নামে এক প্রকরণ গ্রন্থ রচনা করেন, যাহাতে মধ্বাচার্য-স্বীকৃত নব প্রমেয় বিচারিত হইয়াছে।

ইংগাদের স্থাপিত শ্রী-শ্রীযুগলকিশোর বিগ্রহ 'নওলকিশোর'নামেও প্রসিদ্ধ। মতান্তরে উক্ত শ্রীবিগ্রহকে হরিরাম ব্যাস কিশোরবনের ইন্দারা হইতে প্রাপ্ত হয়েন।
ইনি যুগলকিশোরের দরবারে
সদা পিকদানি হাতে করিয়া
দণ্ডায়মান থাকেন।
হিরি রায়—শ্রীল শ্রামানন্দ প্রভুর
শিষ্য।

হরি রায়, কালীনাথ, প্রীক্ত্ত্বকিশোর। শ্রামানন্দ-শাখা, বাস
গোপীবল্লভপুর॥ (প্রেম ২০)
হরিবংশ বা হিতহরিবংশ-গোড়
ব্রাহ্মণ। রাধাবল্লভী-সম্প্রদায়ের
প্রবর্ত্তক। ১৪৭৩ খুষ্টান্দে বৈশাখী
শুক্লা একাদশীতে সোমবারে জন্ম গ্রহণ
করেন। ইহার পিতার নাম—ব্যাস

মিশ্র, মাতার নাম—তারা দেবী। ব্যাস মিশ্র মথুরার নিকট বাদগ্রামে দিল্লীর বাদসাহের কর্মচারী ছিলেন। হরিবংশ ঠাকুর ১১ বৎসর বয়সে চট্থাবল গ্রামে দ্বিজ অনন্তরামের ত্বই কন্তা প্রীমতী কৃঞ্চদাসী ও প্রীমতী মনোহরা দাসীকে বিবাহ করেন। গ্রীগোপাল ভট্ট গোস্বামীজির শিষ্য, এছিরিবাসরে এরাধাপ্রসাদী তামূল-চর্বিত খাইয়া শ্রীগোপাল ভট্টপাদ-কর্ত্তক পরিত্যক্ত হন (প্রেম ১৮)। ১৫৬৫ সম্বতের কার্ত্তিক মাসে পুরাণা শহরে প্রীরাধাবল্লভজী নামে প্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। নরবাহন, নবল, ছবিলে, গাহ, নাহর, স্থবিটন প্রভৃতি ইঁহার শিশ্ব হন। ইনি গোবিশ্বঘটে 'রাসমণ্ডল'-নামে একটি বেদী এবং নিকুঞ্জবনে একটি উত্থান করেন। ১৫৫১ খুষ্টাব্দে আশ্বিন মাসে হরিবংশ স্থামির তিরোভাব হয় 1 রচিত চৌরাশিজি. মহাবাণী প্রভৃতি গ্ৰন্থ প্ৰসিদ্ধ।

ইংলাদের বিবরণ আছে। প্রীরাধার
নামান্ধিত শিলালেখা বা পাবাণফলক
ইংলার পূজা করেন। ইংলাদের মতে
প্রীকৃষ্ণ অমুক্ল নায়ক। ব্রহ্মাণ্ডপ্রাণের শ্রীকৃষ্ণজন্মথণ্ডের ১৫শ
অধ্যায়ে বর্ণিত ভাণ্ডীরবনে শ্রীমতী
রাধিকার সহিত শ্রীকৃষ্ণের বিবাহ
বর্ণনা লইয়া ইংলারা শ্রীরাধাকে স্বকীয়া
নায়িকা বলিয়া বর্ণন করেন।
হরবল্লভ—শ্রীবিশ্বনাথ চক্রবর্তিপাদের
বেশাশ্রিত নাম—কথনও 'বল্লভ'
ভণিতা দিয়াই তিনি পদ রচনা

(ঐবিশ্বনাথ

করিয়াছেন।

'প্রেমবিলাস' ও 'ভক্তমাল' গ্রন্থে

চক্রবর্ত্তী দেখ) হরিবল্লভ **সরকার**—রাহ্মণ। শ্রীনিবাস আচার্যপ্রভুর শিষ্য। আর ভক্তরাজ এক শ্রীহরিবল্পত। সরকার-খ্যাতি তিঁহে। জগৎতুর্লভ। প্রস্থতো করিলা রূপা হইয়াসদয়। যাঁহার ভজন-রীতি কহন না যায়॥ (কণ্ ১) হরিব্যাসদেব--- শ্রীনিম্বার্ক-সম্প্রদায়ী প্রীভটের শিষ্য। ইনি শ্রীনিম্বার্কের দশশ্লোকীর ভাষ্য—সিদ্ধান্ত-কুষ্মাঞ্জলি, অর্থপঞ্চক, সিদ্ধান্ত-রত্নাঞ্জলি, প্রেমভক্তি-বিবর্ষিনী এবং হিন্দীভাষায় মহাবাণা-পঞ্চরত্ব প্রভৃতি করেন। ইনি সিদ্ধান্ত-কুমুমাঞ্জলিতে (১) শ্রীলবলদেব-বিভাভূষণ-কথিত 'বিশেষ' ক বিয়া বলিয়াছেন-'বিশেষক ভেদপ্রতিনিধিন ভেদঃ. স চ ভেদাভাবেহপি ভেদকার্যং প্রত্যায়য়ন দৃষ্টঃ।' তজ্ঞপ (৪) বিত্যাভূষণপ্রোক্ত ঈশ্বর-জীব-প্রকৃতি-কাল-কর্মাদি পঞ্চপদার্থও স্বীকার করিয়াছেন: সিদ্ধান্তরত্বাঞ্জলিতে (১)১) স্বতন্ত্র ও পরতন্ত্র-ভেদে তত্ত্বয়, ষড়্বিধ তাৎপর্যলিঞ্ছারা পারমার্থিক ভেদ-ভাপনাদি স্বীকার করিয়া ফলতঃ সিদ্ধান্তে, শব্দে ও পরিভাষায় শ্রীবলদেবের সিদ্ধান্ত-করিয়াছেন। রত্বেরই আহুগত্য 'জীবাদিতত্ত্বভাো ভিন্নমিতি নিম্বার্কস্থ শুদ্ধং দ্বৈতমেবাভিমতম্' (সিদ্ধান্ত কুত্মাঞ্জলি) বলিয়া তিনি স্বাভাবিক ভেদাভেদবাদী নিম্বার্কের মতকে তৃচ্ছ বলিয়াছেন। ঐ গ্রন্থের উপ-সংহারেও স্পষ্টতঃই বলিয়াছেন—

'ব্রহ্ম সত্যং জগৎ সত্যং সত্যং ভেদমপি ক্রবন্। নিম্বার্কো ভগবান্ বিদ্ভি: সত্যবাদী নিগগুতে॥' এতদ্ব্যতীত সাধ্য ও সাধন-তত্ত্ববিষয়ে প্রীনিম্বার্কীয় পুরুষোত্ম-প্রমুখ আচার্যগণের মতের অতিক্রম করত হরিব্যাসদেব যথাযথ গৌড়ীয় সিদ্ধাস্থেরই অফুসরণ করিয়াছেন। হ্রিশ্চক্র রায়-জ্লাপন্থের জমিদার। প্রীনরোত্তম ঠাকুরের শিষ্য। বৈষ্ণবনাম—হরিদাস। পূর্বে দম্যবৃত্তি

ও রাজদ্রোহ করিতেন। শ্রীনরোত্তম

ঠাকুরের কুপায় তাহা ত্যাগ করিয়া

তাঁহার চরণে আগ্রয় লন।

জলাপছের জমিদার হরিশ্চন্দ্র
রায় । রাজদ্রোহী, দম্ম্যবৃত্তি করেন
সদাই॥ একদিন সেই রায় দেখি'
নরোত্তমে। পাপ দূরে গেল তার
আনন্দ হৈল মনে॥ মহাশ্ম-পদে
আসি শরণ লইলা। কুপা করি'
নরোত্তম তারে শিষ্য কৈলা॥
(প্রেম ১৯)

দীক্ষামন্ত্র দিয়া তারে করিল উদ্ধার। শেষে 'হরিদাস'-নাম হইল তাহার॥ (নরো ১০১৭৬ পৃঃ) হরিহর—গ্রীরূপসনাতনের প্রেপিতা-মহ।

হরিহরানন্দ—শ্রীনিত্যানন্দ-শাখা। শ্রীমন্ত, গোকুল দাস, হরিহরানন্দ। (চৈ° চ° আদি ১১।৪৯) ২ শ্রীশ্রীঅদৈতপ্রভুর ব্রাতা।

(শ্রীঅবৈদ্ধ প্রস্থা দেখুন)

হরি হোড় — নবদীপের উত্তরে
বড়গাছিগ্রামবাসী — ইনি কায়স্থকুলোন্তব বিষ্ণু হোড়ের পুত্র ও পাঠান
রাজ্যকালে স্বাধীন রাজা ছিলেন।

ইঁধার পুত্র—ক্বন্ধদাস শ্রীনিত্যানন্দ-প্রান্থর পার্ষদ ও পরম ভক্ত ছিলেন। হেরেকৃষ্ণ আচার্য—শ্রীমজীব-গোস্বামিপাদক্বত শ্রীহরিনামামৃত

ব্যাকরণের 'বালতোষণী' নামী

টীকা ইনি রচনা করিয়াছেন।
এই টীকা শ্রীগোপীচরণদাস সংশোধন
করিয়াছেন। এই টীকার প্রারম্ভে

মহাড়ম্বর-সহকারে খ্রীজীবচরণ-বন্দনা পূর্বক ইনি বলিতেছেন যে খ্রীমৎ-সনাতন গোস্বামিপাদের স্থ্রাফুসারে খ্রীজীবপাদ পরম মঙ্গলব্ধপ হরিনামা-বলিবারা এই ব্যাকরণ রচনা

করিলেন। ইহাতে বুঝা যায় যে

শ্রীপাদসনাতন একখানা ব্যাকরণস্থ রচনা করিয়াছেন। তাহার নাম
—লঘুহরিনামায়ত ব্যাকরণ। কথিত,
আছে উন্জীবচরণ এই স্বরগ্রহ
দেখিয়াই বৃহদায়তন এই ব্যাকরণ
রচনা করিয়াছেন। শ্রীহরেরঞ্জ

আচার্যক্ত টীকাটি অতি বৃহৎ ও সরল, কিন্তু সমাদের ২৫৯ হতে পর্যত টীকা রচনার পরেই তিনি ব্রজে গমন করিলে অবশিষ্টাংশ শ্রীগোণী-চরণদাস মহাশয় পূর্ণ করেন। তিনি যে এ টীকার আমুল সংশোধক,

তাহাও সমাসের ২৬০ স্থত্রের টীকার প্রাক্কাহিনীতে লিখিত আছে। তুঃথের বিষয় বহুরমপুর হইতে মৃদ্রিত সংস্করণে বহু ভ্রমনিবন্ধন টীকাটি তুপাঠ্য হইয়াছে। হবেক্সঞ্জ দাস—রাসপঞ্চাধ্যায়ের

পরারে অমুবাদক। পদকরতকর (৬০, ১৩৭২) ছইটি পদ ইহার রচনা পাওয়া গিয়াছে। শ্রীযুক্ত অমুল্য মুখোপাধ্যায় আনন্দবাঞ্চার পত্রিকায় ১৩৫৬।১১ অগ্রহায়ণে ষে
প্রবন্ধ লিথিয়াছেন, তাহাতে বলা
হইয়াছে যে উঁহার সংগ্রহে হরেক্বয়্ধদাসের পদাবলীতে ৬৩টি পদ ছিল।
ইনি ভূগর্ভ গোস্বামী, পণ্ডিত গদাধর,
পূজারিগোস্বামিপ্রভৃতির নামতঃ
উল্লেখ করিয়াছেন বলিয়া মনে হয়
যে হরেক্বয়্ধ দাস প্রায়্ম তিনশতবর্ষের
পূর্বেই প্রকট ছিলেন। প্রীগোপীনাথমন্দিরে প্রীমন্মহাপ্রভুর অপ্রকটসংবাদে তদীয় পদ—
'গোরাচাদ হারা শুনি গোপীনাথ-

ঘরে। দারুণ বিশাল শেল ফুটিল

হলধর । শঅল— এনরোওম ঠাকুরে শিষ্য। রঘুনাথ বৈছ আর মিশ্র হলধর।

(প্রেম ২০)
হলায়ুধ—মহারাজ আদিশ্র-কতৃ ক
কাত্তক্ক হইতে আনীত ব্রাহ্মণপঞ্চকের অত্তম কাশ্রপগোত্রীয়
যজুর্বেদী দক্ষ মহর্ষির নবম অধস্তম
এবং কাষ্ঠকাটা শ্রীশ্রীজ্ঞারাধ দাস

বৈঞ্চবাচার্য গোস্বামির চতুর্থ উধর্ব তন। ইনি লক্ষণদেনের মন্ত্রী ছিলেন,

বহু শ্বৃতিগ্রন্থের প্রণেতা এবং বিমাতৃ-গমনের উন্থান তুষানল প্রায়শ্চিত্ত কথিত আছে যে করিয়াছেন। হলায়ুধের যৌবনকালে তদীয় পিতৃ-দেব শ্রীমহাদেব (শঙ্কর) গ্রামান্তরে একরাতির জন্ম গিয়াছিলেন। গৃহে হলায়ুধ ও তাঁহার বিমাতা সভী দেবী--অপরপ-লাবণ্যবতী কিশোরী। হলায়ধ বিমাতার রূপে আরুট হইয়া বিমাতৃ-সদনে গিয়া স্বকামচরিতার্থ করিবার অভিপ্রায় জ্ঞাপন করিলে বিমাতা প্রথমতঃ বহু প্রকারে বুঝাইতে চেষ্টা করিলেন, তৎপরে বলিলেন—'বংস! একবার বাহিরে খুরিয়া আস ত'। তিনি বাহিরে গিয়াই দেখিলেন যে এক স্থদীর্ঘ দণ্ডায়মান ঢকা হস্তে রহিয়াছেন! তিনি প্রশ্ন করিয়া জানিলেন যে উনি কালপুরুষ এবং হলায়ুধ বিমাতৃ-গমন করিলেই তিনিও ঢকা-বাত্যে সর্বজগতে হলায়ুধের অপকীতি প্রচার করিতে প্রস্তত !! এই কথা শুনিয়া হলায়ুধ সীয় অসায় আচরণের জন্ম অন্তপ্ত হইয়া বিমাতৃ-চরণে পড়িয়া ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন। বিমাতা ৰলিলেন—'বংস! তোমার পিতা ক্ষমা করিলেই তুমি দোষমুক্ত হইবে।' প্রদিন পিতা আসিলে হলায়ুধ জিজাসা করিলেন—'পিতঃ! বিমাতৃ-গমনে উন্নত ব্যক্তির কি প্রায়শ্চিত্ত হইতে পারে?' উত্তর हरेल-जुवाननरे প্রায়শ্চিত। হলায়ুধ তথন নিজের পাপাচরণের কথা বলিয়া তুষানলের ব্যবস্থ। করিতে লাগিলেন। সম্বুথে

শীদামোদর শালগ্রাম রাখিয়া চারি-**मिर्क वहर्लारक अभागम हरेर**न হলায়ুধ তুষানলে জীবন দিতে অগ্নি যখন কণ্ঠপর্যন্ত বসিলেন। আসিয়াছে, তখন হলায়ুধ পিতাকে করিলেন—'এক্ষণে কি কর্ত্তবা ?' পিতার উত্তর হইল-'গ্রীবিষ্ণু-পাদপদ্মই সেব্য'। হলায়ুধ বলিলেন—'পিতার বাকাই সতা।' পিপাসার্ত হইয়া বিমাতার নিকট জল প্রার্থনা করিলে বিমাতা বলিলেন — 'একণে গঙ্গাজলই পেয়, অভ্যজন অপেয়।' অগ্নি সর্বদেহ গ্রাস করিয়া ব্রহ্মরন্ধে, আসিলে **শ্রীদামোদর** শালগ্রাম স্বমুখ হইতে ধুম উদ্গীরণ করত বলিলেন—'হলায়ুধই পাত্র, অন্ত সব অপাত্র।' শ্লোকাকারে— পিতা—বিষ্ণোঃ পদং সেবামসেবা-মকুদ, [হলায়ুধ:]--গুরোর্বচ: সত্যম-সত্যমন্তৎ। [ৰিমাতা]—গাঙ্গং জলং পেয়মপেয়মন্তৎ, [শ্রীদামোদর:]— হলায়ুধ্য পাত্রমপাত্রমন্তৎ॥ হলায়ুধ ঠাকুর—গ্রীগৌরভক্ত। হলায়ুধ ঠাকুর বন্দো করিয়া আদর। [देवसः व-वन्नना] হলায়ুধ পণ্ডিড—'অনন্তনংহিতা'-মতে ইনি শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পারিষদ, দাদশ গোপালের একতম 'বৈঞ্ব-আচার-দর্পণ প্রভৃতি গ্রন্থ-মতে ইনি উপগোপাল। পূর্বলীলায় কাহারও মতে ইনি 'দ্বিতীয় স্থবল' গোপাল এবং কাহারও মতে 'প্রবল' গোপাল এবং বীরবাহু' স্থা। 'গোরগণোদ্দেশ দীপিকায়' (১৩৪)—বলরাম-সথঃ প্ৰবলো গোপৰালক:। কশ্চিৎ

আগীয় জে পুরা যোহত স হলায়ুধ-ঠকুরঃ॥ নবদীপধামে গঙ্গার উত্তরপশ্চিম তীরে রামচন্দ্রপুর গ্রামে ইহার শ্রীপাট हिल। वर्खगारन প্রাচীন রামচন্দ্রপুর গ্রাম আর নাই, উহা গঙ্গাগর্ভে পতিত হইয়াছে। বর্ত্তমানের রামচক্রপুর আম ৭০।৭৫ বৎসর পুর্বের আম। ঐ রামচন্দ্রপুর গ্রামেই দেওয়ান গলাগোবিদা সিংহ ত্রুরমা মন্দির নির্মাণ করিয়া তাহাতে শ্রীশ্রীরাধা-বল্লভ-বিগ্রহ প্রতিষ্ঠা করেন। উক্ত যন্দির বর্ত্তমানে মৃতিকাতে প্রোথিত। ত্বল গোপাল ব্রজে বলরাম-স্থা। এবে শ্রীহলায়ুধ পণ্ডিত নামে লেখা॥ कुक्छ रमना कति (पॅट्श निषय टेकन দুর। চৈতন্তের শাখা বাস—রাম-(বৈ-আ-দ) **হতিগোপাল**—পূর্বলীলায় হরিণী [গে)° গ° ১৯৬, ২০৬] শ্রীল গদাধর পণ্ডিত প্রভুর শাথা। অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল, - প্রীচৈতন্তবল্লভ। (চৈ° চ° আদি ১২।৮৬) হস্তিগোপালনাগাখ্যং প্রেমমন্ত-কলেবরম্। নমামি পরয়া ভক্তা পৌরপ্রেমময়ং পরম্॥ [শা° নি° ৬১] হাড় গোবিন্দ-ইনি শ্রীনিবাগ আচার্যের পুত্র শ্রীল গতিগোবিন্দ ঠাকুরের শিষ্য ছিলেন। পিতার নাম-জানকী বিশ্বাস। জানকী-বিশ্বাস, পুত্ৰ শ্ৰীহাড় গোবিনা কায়মনে সেবে ছুঁছে প্রভূ-পদহন্দ্ ॥ (वर्गा२) হাড় বোষ—গ্রীশ্রামানদপ্রভুর শিষ্য, কাশিয়াড়ী-নিবাসী।

(এ এ) হাড়াই পণ্ডিত বা মুকুন্দ ওঝা-পূর্বলীলায় বস্তুদেব ও দশর্থ [গৌ° গ° ৪০] পত্নার নাম—শ্রীশ্রী-পদাবতী। শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পিতদেব। হাড়াই পণ্ডিতের উর্দ্ধতন বংশাবলী এইরূপ-

হাডাই পণ্ডিত

ভট্ট শাণ্ডিল্য-গোত্ৰ নারায়ণ চতুর্বেদী হন। তাঁর পুত্র আদিবরাহ জানে সর্বজন॥ তাঁর পুর বৈনতেয়, স্থবুদ্ধি তাঁর তনয়। স্থবুদ্ধির বিবু-ধেশ, তাঁর পুত্র গুহ হয়। গুহের পুত্র গলাধর, তাঁর তনয় সুহাস। তাঁর পুত্র শকুনি যাঁর সর্বশাস্তাভ্যাস॥ ठाँत भूज भरम्थत रहेना कूनीन। তাঁর পুত্র মহাদেব শাস্ত্রেতে প্রবীণ॥ মহাদেবের পুত্র তিকু, তাঁর পুত্র নেঙ্গুর। নেঙ্গুরের বহু পুত্র পণ্ডিত-প্রবর॥ গাঙ্গ, গোম, সিধু, লখাই, মিহির। মিহির ক্তা বিয়ে করিলা বংশজের॥ কুল গেল হৈলা সমাজে অচল। মিহিরের পুত্র ভাস্কর পণ্ডিত বলিয়া প্রবল | বংশজ সকলে বোলয়া তাঁগর गट्य ভোজনাদি কেহ না কর্য়॥ ভাস্করের পুত্রের নাম হয় পুষ্কর। তাঁর পুত্র ম্প্রষ্টিধর, ঠার পুত্র মালাধর॥ মালাধরের পুত্রের নাম বুষকেতৃ হয়। তাঁর পুত্র চক্রকেতৃ জানিহ নিশ্চয়॥ চন্ত্রকেতুর পুত্রের নাম ত্বনরামল বাড়ুরী। তাঁর পুত্র হাড়া ওঝা, মুকুন্দ নাম থারি॥ তাঁর পুত্র নিত্যানৰ যিঁহো বলরাম। তাঁর পুত্র বীরভদ্র সর্বগুণধাম॥'

(প্ৰেম ২৪)

শ্রীল হাড়াই পণ্ডিতের সপ্ত পুত্র, তন্মধ্যে জীনিত্যানন্দ প্রভূই জ্যেষ্ঠ।

পুত্রগণের নাম—কৃষ্ণানন্দ, সর্বানন্দ, ব্রহ্মানন্দ, পূর্ণানন্দ, প্রেমানন্দ ও ৰিভদ্ধানন। গাৰ্হস্যাশ্ৰমে শ্ৰীশ্ৰী-নিত্যানন্দপ্রভুর 'চিদানন্দ' নাম ছিল। 'বিফুপ্রিয়া পত্রিকার' ৭ম সংখ্যায় লিখিত আছে—মুকুন্দ (হাড়াই) পণ্ডিত বৰ্দ্ধমান জেলায় কাজলা গ্ৰামের মহেশ্বর শর্মার কন্তা প্রীমতী পদ্মা-বতীকে বিবাহ করেন। নিত্যানন্দের নানাবতার-লীলাভিনয়-দর্শনে হাডাই পণ্ডিতের আনন্দাতিরেক (চৈভা আদি ১৯১), নিত্যানশে ইহার অলৌকিকী প্রীতি (ঐ মধ্য ৩।৭১, ৭৫)। নিত্যানন্দের গৃহত্যাগে ইহার অবস্থাদি (ঐ মধ্য ৩।৯৬) আলোচা। হাল সাত্ৰাহন-R. G. Bhand-. arkar-মতে খৃঃ ৬৯, Weber-মতে থু: পঞ্চম শতাকী এবং Dr. S. K Deর মতে ৪৬৭ খু: ইনি 'গাথা-**শপ্রশতী'** রচনা করেন। মহা-রাষ্ট্রীয় প্রাকৃত ভাষায় এই গ্রন্থে শ্রীরাধারক্ষলীলাও গ্রথিত হইয়াছে। ি'গাথাসপ্তশতী'-প্রসঙ্গ দ্রষ্টব্য 🔃 **হিরণা দাস**—কায়স্থ। সপ্তথামের জমিদার, রাজা গোবর্দ্ধন মজুমদারের ভ্রাতা, প্রসিদ্ধ শ্রীল রঘুনাথ দাস গোস্বামির পিতৃব্য। হিরণ্য গোবর্দ্ধন—ছই সহোদর।

মহৈশ্ব্যুক্ত দোহে বদান্ত, আহ্মণ্য। ग९कुनीन. সদাচারী. ধার্ম্মিক-অগ্রগণ্য॥ নদীয়াবাসী ব্রাহ্মণের উপজীব্যপ্রায়। অর্থ, ভূমি, গ্রাম দিয়া করেন সহায়॥ িগোবর্দ্ধন (मर्थ ; रेठ° ठ° मशु ३७।२ ১१- ১৯]

সপ্তগ্রামে বার লক্ষ মুদ্রার ঈশ্বর॥

স্থগ্রামের অন্তর্গত সরস্বতী নদীর তীরে কৃষ্ণপুর-নামক স্থানে একটি পাটবাড়ী আছে, উহাকে 'প্রীরঘুনাথ দাস গোস্বামির পাটবাড়ী' বলে। সম্ভবত: ঐস্থানেই হিরণ্যদাস প্রভৃতির রাজপ্রাসাদ ছিল। উক্ত পাটবাডীতে বহু প্রাচীন কালের একটি দামামা বাছের খোল দেখিয়া-ছিলাম। উহা বৃহৎ তালবুকের মৃলদেশ হইতে নিৰ্মিত। মুসলমান-কভুকি ইংগাদের অধিকার হইলে গৃহদেবতা শ্রীরাধাগোবিশকে স্থানান্তরিত করা হয়। চু চুড়ার 'খেঁকশিয়ালি'-নামক স্থানে যে শ্রীমন্দির ও বিগ্রহ আছেন, উহাই খ্রীল রঘুনাথ দাস গোস্বামির

আসিতেছে। **হিরণ্য পণ্ডিভ**——শ্রীচৈতক্স-শাখা। ব্রজের যজ্ঞপত্নী (গৌ° গ° ১৯২)। ইঁহার গৃহে প্রভুর একাদশী দিনে নৈবেগ্যভক্ষণলীলা হয় (চৈভা আদি 21200)1

পিতার বিগ্রহ বলিয়া কথিত হইয়া

জগদীশ পণ্ডিত আর হিরণ্য মহাশয়। যাঁরে কুপা কৈল বাল্যে প্রস্থানয়। এই ছই-ঘরে প্রস্থ **धकाम**भी पित्न। विकृत देनत्वन्न মাগি' খাইলা আপনে॥ (टेठ° ठ° व्यानि २०190--- १)

জগদীশ ও হিরণ্য ছই সহোদর। নিত্যানন্দ-প্রিয় বড় নবদীপে ঘর । [জয়া-চৈত্ত্যসঙ্গল]

অন্ত গ্রন্থে জানা যায় ইহারা তিন गरशानत-कगमीम, हित्रगा ७ मरहम পণ্ডিত। রাটী শ্রেণী ব্রাহ্মণ, বন্দ্যঘটী গাঞি। মুদ্রিত 'জগদীশ-চরিত্রবিজয়' \$8\$\$

(জগদীশ দেখুন)
২ নবদীপ-বাসী স্থ্রাহ্মণ, মহাঅকিঞ্চন। ইঁহার মন্দিরে নিত্যানন্দ
প্রেভু নিভূতে বাস করিতে থাকিলে
এক দস্থ্যপতির নিত্যানন্দ-পরিহিত
অলঙ্কার-হরণে চেষ্টা ও তৎপরে সগণে
উদ্ধারাদি হয় (চৈভা অস্ত্য ৫।৫৩৫—
৭০৩)।

হীরা—বেনাপোলের নিকটবর্ত্তী কাগজপুকুরিয়া গ্রামের দ্বর্গুত জমিদার রামচন্দ্র খানের রক্ষিতা বেখা। ইনি রামচন্দ্রের লক্ষ মুদ্রা আহরণ করত 'লক্ষহীরা' নামে অভিহিত হইয়া-ছিলেন। রামচন্দ্র-কর্ত্তক ঐহরিদাস ঠাকুরের সাধনা-ভঙ্গে নিযুক্তা হইয়া তাঁহার সঙ্গপ্রভাবে 'পর্ম মহান্তী' হইয়াছিলেন। কাগজপুকুরিয়ার নিকটবর্তী গয়ড়া-রাজাপুরে হীরার জন্ম বাটী প্রস্তুত হইয়াছিল। রামচন্দ্র ময়ুরপঙ্খী তরণীতে চড়িয়া যে পথে হীরার বাটীতে যাতায়াত করিতেন, সে পথে খালের চিহ্ন অভাপি (যশোহর-খুলনার বৰ্ত্তমান ৷ ইতিহাস ৩৬৪—৩৬৫ পৃষ্ঠা) হীরামাধব দাস—'পাটপর্যটন'-গ্রন্থ-

মতে ইনি শ্রীঅভিরাম ঠাকুরের শিষ্য, নিবাস-খানাকুল ক্লফনগরের নিকটে অনস্তনগরে।

হীরামাধব দাস স্থিতি অনস্তনগর॥

হেলেন খাঁ সৈয়দ—প্রথমতঃ স্থবুদ্ধিরায়ের অধীনে চাকর ছিলেন [চৈ°
চ° মধ্য ২৫।১৮০] পরে গৌড়ের

রাজা হন (ঐ ১৮২)। পত্নীর উপদেশে ইনি স্ববৃদ্ধি রায়ের জাতিনাশ করেন (ঐ ১৮৬)। শ্রীপাদ রূপসনার্তন ইংহার অধীনে রাজকার্য পরিচালনা করিতেন— মহাপ্রভুর সম্বন্ধে ইংহার জগদীশ্বর-বুদ্ধি ছিল (এ মধ্য ১৮০, ২২২)। শ্রীসনাতন প্রভুকে ইনিই বন্দী করিয়া-

ছিলেন। (ঐ মধ্য ১৯1১৮—৩০)।
হাদমটোড ব্যল এ
প্রীগদাধর পণ্ডিত গোস্বামিপাদের
আতুম্পুত্র 'হাদমানন্দ'। শ্রীগোরীদাস
পণ্ডিত হাদমকে গদাধরের নিকট

প্রার্থনা করিয়া অম্বিকা কালনায়

শ্রীপ্রীগোরনিত্যানন্দের সেবায় নিয়োগ

করেন। ইনি প্রসিদ্ধ শ্রীশ্রামানন্দ প্রভুর দীক্ষাপ্তরু। বন্দে শ্রীহৃদয়ানন্দং মগ্নং প্রেমরসে সদা। মহাভাব--চমৎকার-গোরভাব-কলেবরম্॥ [শা° নি° ৫৮] হৃদয়ানন্দ দাস—শ্রীক্ষটেতত্ত্ব-

গণোদ্ধেশ-দীপিকার রচয়িতা।
হাদ্যানন্দ সেন—শ্রীঅহৈতপ্রভূরগণ (প্রেম ১৯)।

তেমলতা দেবী—শ্রীনিবাস আচার্য প্রভুর জ্যেষ্ঠা কন্তা। ইহাকে মুনিপুর নিবাসী রামরক্ষ চট্টরাজের পুত্র গোপীজনবল্পভ বিবাহ করেন। হেমলতা দেবী অর্দ্ধকালীরূপে বিখ্যাতা। ছই হস্তে অন্ন ব্যঞ্জনের থালা ধারণ করিয়া ব্রাহ্মণ-ভোজন-

কালে পরিবেশন করিতে করিতে হঠাৎ মাথার বন্ধাবরণ স্থানচ্যুত হয়। দেবী তৎক্ষণাৎ স্কল্পেশ হইতে অপর ছই হস্ত উদ্গত করিয়া যথাস্থানে বন্ধ বিহুস্ত করেন। ইনি

ভাগবত-সিদ্ধান্তে

তেজস্বিনী লোকশিক্ষয়িত্রী। কথিত আছে, ইনি শ্রীশ্রীক্ষপগোস্বামিপাদের

স্থনিপুণা ও

নামে সহজিয়া মতপোষক এক জাল গ্রন্থ বাহির করিয়া প্রকাশ করার চেষ্টায় এবং নিজ গুরুর প্রতিও কটাক্ষ করায় শিষ্যাভিমানী রূপ কবিরাজকে সমাজচ্যুত করিয়া গলার কন্তী ছিঁ ড়িয়া দৈন।

ভাষদাস

২ বুধুরী-নিবাসী

চক্রবতির কভা এবং বড়ু গঙ্গাদাশের বনিতা (ভক্তি ১১।৩৮৯—৩৯৯)। হেমাজি-(হ ১২।৪টা) মহারাষ্ট্র-দেশে দেবগিরিরাজ্যে (১২৬০ খঃ হইতে ১৩০৯ খঃ পর্যস্ত) হেমান্ত্রি মন্ত্রিত্বপদ অলম্বত করিয়াছেন। ইনি বোপদেবের আশ্রয় ছিলেন বলিয়া বোপদেব-ক্বতা মুক্তাফলটীকা কৈবল্য-দীপিকা হেমাদ্রির নামে প্রচারিত হইয়াছে। হেমান্রি-রচিত 'চতুর্বর্গ-চিন্তামণি' গ্রন্থখানি বিরাট স্থতিসার-সঙ্কলন; দাক্ষিণাত্যে এই শ্বৃতির স্বিশেষ প্রচলন রহিয়াছে। তৎকৃত 'আয়ুর্বেদ-রসায়ন' গ্রন্থটি বাগ্ভটের অপ্তাঙ্গহৃদয়ের টীকা; এতদ্বাতীত 'চিন্তামণি', 'কামধেরু' ও 'কল্পজ্ঞম' নামক স্মৃতি-গ্রন্থভ্রেয়ও ইহারই রচনা।

('চতুর্বর্গচিস্তামণি')
হেমাদ্রি-রচিত 'রাজপ্রশন্তি'
ছ্ইখানিতে তদানীস্থন দেবগিরির
যাদ্ব-রাজবংশের কতিপয় রাজার
পরিচয়ের সহিত কবির কবিত্বশক্তি
এবং ঐতিহাসিকভার যথেই উপকরণ
পাওয়া যায়।

হোরকী ঠাকুরাণী—গ্রীখণ্ডবাসী
গ্রীরঘুনন্দন ঠাকুরের শাখা বনমালী
কবিরাজের পদ্মী। (গ্রীখণ্ডের
প্রাচীন বৈধ্ব—২২৯ গ্রন্ঠা)।

শ্রীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩ ক)

পরিশিষ্ট (ক) প্রসিদ্ধ-দেব-দেনী-বিষয়ক

অগ্নীশ্ব-শ্রীকেত্রে রন্ধনশালা হইতে ভোগমগুপে ভোগ আনয়ন করিবার আরত পথের সংলগ্ন স্থানে পাতালে দক্ষিণ-পূৰ্ব मिटक বিরাজমান মহাদেব। ইনি জগন্নাথের ভোগ-রন্ধনের অগ্নির পর্যবেক্ষক। অগ্নির বা অগ্নিকোণের অধিপতি বলিয়া নাম---'অগ্নীধর'।

অনন্ত (চৈচ আদি ৫।১১৭) ক্ষীরোদ-শায়ী বিফুর অংশাংশ। ইনি মহীধর. সহস্রবদন, বহু বিগ্রহ ধারণ করত **প্রিক্**ফদেবায় সদা -পদ্মনাভ (চৈচ মধ্য না২৪১) ত্রিবান্তম জিলায় প্রসিদ্ধ অর্চা।

অনন্ত বাস্তদেব – ভুবনেশ্বরে বিন্দু-স্বোব্রের পূর্বতীরে প্রাচীন মন্দির। ইহাতে ভারতীয় শিল্পনৈপুণ্যের নিদুর্শন অপূর্ব। একাত্ৰচন্দ্ৰিকা, কপিল-সংহিতা, স্বৰ্ণাদ্রিমহোদয়, একামপুরাণ প্রভৃতি গ্রন্থে অনন্ত-বাস্থদেব এবং বিন্দুসরোবরের ঐতিহ্য ও মাহাত্মাদি দ্রষ্টবা। এই মন্দির— विमान, जगरमाहन, नाष्ट्रामित ও ভোগমন্দির—এই চারি বিভক্ত। শ্রীমন্দিরের গর্ভগৃহে বেদীর উপরে পশ্চিমমুখী হইয়া দণ্ডায়মান তিনটী মৃতি; দক্ষিণে শ্রীঅনস্তদেব— মস্তকোপরি সপ্তফণাযুক্ত সর্প, দক্ষিণ হল্ডে হল ও বাম হল্ডে মুষল। মধ্যে ভুভদ্রা—চরণে নৃপুর ও মস্তকে

উন্ধ দিকে কর্দ্য চুড়া. উত্তোলিত। তাঁহার বামে চতুভুজ বাষ্ণ্যদেব-মৃত্তি। সিদ্ধার্থসংহিতা-মতে অধোক্ষজ-বিগ্ৰহ। ইহা কিন্ত শ্রীচৈতগ্যভাগবতে ভুবনেশ্বরের বর্ণনা-প্রেস অনন্তবাস্তদেবের নাম নাই। এই মন্দিরের সন্মুখে অনন্তবাস্থাদেব-ঘাট আছে। ইহাতে যে বিগ্রহত্ত্য আছেন, তাহাই স্থানীয় পাণ্ডাদের মতে প্রাচীন অনস্তবাস্থদেব-বিগ্রহ: প্রায় আড়াইশত বর্ষ পূর্বে নব-কলেবর হইলে প্রাচীন বিগ্রহগণকে সরাইয়া এই ঘাটে রাখা হইয়াছে। এই মন্দিরের পশ্চিম প্রাচীরগাতে যে শিলালিপি আছে, ভাহা ভট্ট-ভবদেবের নামাঙ্কিত এবং তদীয় প্রিয়ম্মরং বাচপ্পতি কবির রচনা। এই শিলালিপিতে বিভিন্ন চন্দে রচিত ৩৩টি পন্ত আছে—এই প্রশস্তিতে লিখিত আছে যে ভবদেব একটি মন্দির নির্মাণ করাইয়া শ্রীমন্দিরের শ্রীনারায়ণ, গর্ভমধ্যে অনস্থ ও শ্রীনুসিংহদেবের প্রতিষ্ঠা করাইয়া-ছিলেন এবং মন্দিরের সম্মুখে একটি সরোবর খনন ও বহির্ভাগে একটি উন্তান রচনা করাইয়াছেন। প্রশস্তি লইয়া আধুনিক গবেষক বাদবিতগু বহু মধ্যে চলিতেছে। ত্রিক্ষেত্র ৩য় সংস্করণ ৪২৬—৪৩৩ পৃষ্ঠা দ্রন্থব্য]। উড়িষ্মার

প্রভাত্তিকগণ বলেন যে চন্দ্রিকা-দেবীর যে শিলালিপি (Royal Asiatic Society of Great Bretain and Ireland এ) রক্ষিত আছে. ভাহাতে উল্লিখিত আছে 2200 শকে চন্দ্রিকাদেবী ভুবনেশ্বরে একটা বিষ্ণুমন্দির নির্মাণ করাইয়াছেন, কিন্তু তাহা অনন্ত-বাস্ত্রদেবের মন্দির কিনা অনিশ্চিত। অম্বপূর্ণা (চৈভা অন্ত্য ২০১৫৮) लक्षीरमवी, २ भिवानी। অপরাজিতা (চৈভা আদি ৪।১২) চণ্ডীর নামান্তর।

অম্বুলিজ (চৈভা অন্ত্য হাঙহ) ছত্ৰ-

ভোগে অবস্থিত শিবলিল।

অহোবল নৃসিংহ (চৈচ মধ্য ১৷ ১০৬) দাক্ষিণাত্যে সার্বেল তালুকের অর্চা-মৃত্তি।

আদিকেশৰ (চৈচ মধ্য ৯৷২৩৪) ত্রিবান্ধর রাজ্যস্থ পয়স্থিনী নদীর তীরবর্তী বিষ্ণুবিগ্রহ।

আতাশক্তি (চৈভা মধ্য ১৮।১২০) মূলপ্রকৃতি রুক্মিণী।

উপেন্দ্র (চৈচ মধ্য ২০।২০৪) দ্বিতীয় চতুর্গুহের বৈভব-বিলাম। ইনি দক্ষিণ নিমুহস্তক্রমে বাম নীচ কর পর্যন্ত শঙ্খ-গদা চক্র-পদ্ম-ধারী I

উরুক্তাম (চৈচ মধ্য ২৪।১৯) স্বাংশা-বতার, বামনদেব। কার্ত্তিক (চৈভা আদি ৯।১৩০) শিব- পুত্র ষড়ানন। ইনি দেবসেনাপতি। হইয়া দেবশক্র তারকাম্মরকে নিংত করেন।

ক্রবিকা (রত্না ৫১৮১২) শ্রীরাধার মাতা কীৰ্ত্তিদা।

কুষ্ণ > — দাপর্যুগে অবতীর্ণ স্বয়ং छगवान्। श्रीयत्भानानमरनरं कृष्णभन রাঢ়—তিনিই গ্রামম্মর, ভক্তবৎসল, গিরিধারী প্রভৃতি বর্ণ-গুণ-লীলাদির अञ्चयाञ्ची वद्य नाटम উिक्षिष्ठे इन। অনস্তনাম থাকিলেও কিন্তু কুঞ্চনামই मूथा। भी बारक सनमन हे शूर्व जम, মথুরানাথ পূর্ণতর এবং দারকানাথ পূর্ব। আশ্রয়-বৈশিষ্ট্যে প্রকাশ-বৈশিষ্ট্যবশতঃ ব্রভেও আবার সর্বোধর্বা নায়িকা শ্রীরাধার সারিধ্যেই তাঁহার পূর্ণতম বিকাশ। শ্রীমদ্-ভাগবতাদি পুরাণ-নিবহে তাঁহার লীলামালা গুল্ফিত হইয়াছে ৷ সর্বাবতারাবতারী, সর্বাংশী শ্রীক্রম্ণ-ভজনেই পুরুষার্থ-শিরোমণি প্রেমধন লভা। গোপী-আমুগতা ব্যতীত ঐশ্বৰ্যজ্ঞানে শ্ৰীব্ৰজেন্দ্ৰনদ্ৰ নহে। এক্রিক্ষর্প—(ভা ১১।৫। ২৭) খাম টিকার খামবর্ণঃ খামনামা চ], রাধাকুফগণোদেশে (লঘুর)

উপক্রমে ছুই শ্লোকে দলিতাজন-

िक्क , इसनीनम्बि, नीता९भन,

নব্যতমাল, মেগপুঞ্জ, মারকতীকান্তি

প্রভৃতি শব্দে গোতিত হইয়াছে।

ভক্তিরশামৃতে শিতিমা (২।১।৩১৪),

গরুড়মণি (২।১।৩২১), রুষ্ণান্ত (২।১।

৩২৬), মরকত গিরিগ্রাব (২।১:৩২৮),

শ্রামাক (২।১।৩৫৮), নবামুধরবন্ধুর

হরিয়ণি ' (৩৩৫), নবকুবলয়দাম

(0)018).

(৩)২1৮), মহেক্তমণি

(৩।৪।৩) খ্রামাঙ্গ (৩।৪।৪) প্রভৃতি শব্দে সঙ্কেতিত হইয়াছে। ধ্যানে —ফুল্লেন্দীবরকান্তি, ঘনগ্রাম পার-পাতাল ৫০।৩৫), ক্রমদীপিকায়-'স্কুত্রামরত্ব - দলিতাঞ্জন - মেঘপুঞ্জ-

প্রত্যপ্র - নীলজন্জন্ম - সমানভাস'; গোপালতাপনীতে 'মেঘাভ', সনৎ-কুমারকল্পে 'কহলারকুত্মখাম', গোতমীয়তন্ত্রে 'নবীননীরদগ্রাম'. (হ ৫।২১৭) কলারত্ন্যতিঃ। স্থতরাং প্রীকৃষ্ণবর্ণটি শ্রামল এবং কৃষ্ণ ছইই। ভাদ্রী কৃষ্ণাষ্ট্রমীতে 'জয়স্তী' ব্রত

করণীয়। শ্রীক্লফলীলা ও তত্ত্বতথ্যাদির জিজ্ঞাসায় বঙ্গভাষায় লিখিত শ্ৰীকৃষ্ণলীলা ও **শ্রীশ্রামম্বন্দর** (খ্রীশ্রামলালগোস্বামি প্রস্কু-রচিত) আলোচ্য। শ্রীমদ্ভাগবতের অমুবাদ-হিশাবে ঐকুফপ্রেমতরঙ্গিণী

(শীগুণরাজখা), মঙ্গলকাব্য-হিসাবে প্রীকৃষ্ণমঙ্গল (প্রীমাধবাচার্য, কবি ক্ষণাদ, বিপ্র পরশুরাম), শ্রীগোবিন্দ-गमन (इ:शी शामनाग), मूक्समनन (দিজ হরিদাস) প্রভৃতি এবং

(শ্রীভাগবতাচার্য), শ্রীকৃষ্ণবিজয়

গোবিন্দবিজয়. শ্রীক্লফবিলাসাদিও আলোচা।

কৃষ্ণ ২ (চৈচ মধ্য ২০।২০৪) চতুভুজ বৈভব-বিলাস, ইনি ক্রম্শঃ দক্ষিণ নীচ হস্ত হইতে বাম নীচ হস্ত পর্যস্ত শঙ্খ-গদা পদ্ম-চক্র-ধর।

কেশব (চৈচ মধ্য 201228) পরব্যোমে দ্বিতীয় চতুর্ব্যহের প্রকাশ-বিগ্রহ, মার্গশীর্ষমাদের অধিষ্ঠাত-দেবতা। চতুত্ব, ক্রমশ: দক্ষিণ নীচ হস্ত হইতে বাম নীচ হস্ত পর্যন্ত পল-শঙ্খ চক্র-গদাধর। ২ (চৈচ মধ্য ১৭।১৫৬) প্রীকৃষ্ণজন্মস্থানে অবস্থিত মৃত্তি: (ঐ ২০া২১৫) 'মথুরাতে

কেশবের নিতা সন্নিধান'। **কেশবদেব** — মথুরায় অবস্থিত স্থপাচীন বিগ্রহ। এই মন্দিকের পার্শ্বে যে মস্জিদ আছে, ঐস্থানে শ্রীকেশবের অত্যুক্ত প্রাচীন মন্দির ছিল। ঔরক্তেব উহা -ভগ্ন করিয়া উহারই মাল্মসলায় এই করাইয়াছেন। মসজিদ নিৰ্মাণ ঐ মসজিদের পার্শ্বে তৎপরে শ্রীকেশবের নৃতন মন্দির নির্মিত হয়। ক্ষীরচোরা গোপীনাথ (চৈচ মধ্য ৪।১৩২-২০৯) রেমুণায় অবস্থিত শ্রীবিগ্রহ। ইনি শ্রীমাধবেন্দ্র পুরীর জন্ম লুকাইয়া 'কীরচোরা'-নাম প্রাপ্ত হন। ক্ষীরোদকশায়ী—(চৈচ আদি

তৃতীয় পুরুষাবভার। গঙ্গা—শ্রীবিষ্ণুচরণোড়তা মহাদেবের সহিত ইহার বিবাহ হয়। किश्वमूनित भारत मगत-वः नहे হইলে ভগীরথ পূর্বপুরুষের উদ্ধারের জন্ম ইঁহার আরাধনা করিয়া ইঁহাকে

২।৪৯-৫৪, ৫।৭৬) শ্রীভগবাদের

মানবীরূপে ইনি শান্তমুরাজার পত্নী ও ভীম্মের জননী। শ্রীগৌরাবতারে শ্ৰীনিতানন্দ-ছুহিতা। গণেশ (চৈভা মধ্য ১৪।৪৯) শিব-

আন্যুন

মৰ্ক্তালোকে

পুত্র, গজানন, একদন্ত, বিদ্ববিনাশন। গ**তশ্রন** মথুরায় বিরাজ্মান বিগ্রহ। বিশ্রামঘাটের নিকটবর্তী। দ্বারকাধীশ-মন্দিরের দক্ষিণ দিকে।

গর্ভোদকশায়ী (চৈচ আদি ২।৪৯

— ৫৪) শ্রীভগবানের দ্বিতীয় পুরুষাবতার।

গোপীনাথ

গোপীনাথ—গ্রীপরমানন গোস্বামি-কর্তৃক যমুনোপকঠে বংশীবটতটে শ্রীগোপীনাথ প্রকটিত শ্রীপরমানন্দের সহিত শ্রীমধুপণ্ডিতের স্থ্যভাব ছিল, তিনি পরে ঐ বিগ্রহ-সেবা শ্রীমধুপণ্ডিতকে সমর্পণ করেন (गाधनमी शिका >)। ভক্তমাল (२) কিন্তু বলেন যে ত্ৰীবিগ্ৰহ শ্ৰীমধুপণ্ডিতই আবিষ্কার করেন। ভক্তির্ভাকর-(২।৪৭৪-৪৮০)-মতে ছই জনই আবিষ্ণর্ভা। শ্রীমধুপণ্ডিতের সময়ে (সাধনদীপিকা ১) শ্রীরাধাবিগ্রহ প্রতিষ্ঠিত হন। মা জাহুবা অন্ত শ্রীরাধামৃত্তি নির্মাণ করাইয়া গ্রীপরমেশ্বরী দাসাদি দারা সপ্তাশত মুদ্রা ও বস্তালক্ষারাদিসহ স্যত্ত্ব নোকাযোগে নবদীপ, কাটোয়া হইয়া গ্রীরন্দাবনে শ্রীবিগ্রহ পাঠাইলেন; পূর্ব গ্রীরাধামতি দক্ষিণে বসাইয়া জাহ্নবা-প্রেরিত মৃত্তিকে বামে বসান হইল। ভক্তমালে (৩) বর্ণনা আছে যে মা জাহ্বা প্রকটকালে স্বপ্রতিমা করাইয়া শ্রীগোপীনাথের বামে বসাইতে আজা দিয়া পাঠাইলেন। গোপীনাথও সেবকগণের সঙ্কোচ দেখিয়া আজা করিলেন যে তিনি তাঁহার প্রেয়নী অনঙ্গমঞ্জরী, স্থতরাং তিনি বামে বসিতে বাধা নাই. এদিকে আবার দক্ষিণে যাইয়া পাারীজী মান করিলেন। মতদ্বৈত দেখিয়া সেবকগণ কিংকর্ত্তব্যবিষ্ট্ হইলে, ঘটনা শুনিয়া জয়পুরের রাজা আসিয়া সাধুগণসহ বিচার করাইলেন — **भि**मजीत शक्क चार्निक न्यूर्यन করিলেন; শ্রীরাধা বামে ও শ্রীঅনঙ্গ-মঞ্জরী দক্ষিণে বসিলেন—চলে শ্রীগোপীনাথ শ্রীরাধার মানভঙ্গী দেখিলেন এবং <u> এিজাহ্বামাতার</u> তত্ত্বও জানাইলেন। পরে শ্রীমতীর অনুমতিক্রমে জাহ্নবাঞী বামেই ৰসিলেন। ঐগোপীনাথের হর্তমান সেবাইতগণ বলেন যে তাঁহারা শ্রীমধুপণ্ডিতের পূৰ্বাশ্ৰমের প্রতার সন্তান! ইংগাদের পূর্বপুরুষ গ্রীগোপাললাল গোস্বামির সময়ে শ্রীগোপীনাথ জয়পুরে বিজয় করেন। শ্রীগোপীনাথের প্রাচীন মন্দিরটি

শ্রীগোপীনাথের প্রাচীন মন্দিরটি
বিকানীর-রাজ রায় শিল্হজী-কর্তৃ ক
নির্মিত হইয়াছিল। কালাপাহাড়
মন্দিরের চূড়া ভাঙ্গিয়া দিলে পুরাতন
মন্দিরের পশ্চিমে শ্রীগোপীনাথের
বিজয়মৃত্তি নৃতন মন্দিরে বিরাজ
করিতেচেন।

গোবর্দ্ধননাথজী —— শ্রীমন্মাধবেক্ত পুরী গোগামি-প্রকটিত প্রীগোপাল-(त्व। (ठेठठ मधा ॥।॥:--:>>>) প্রাকট্য-কাহিনী আলোচ্য। সপ্তদশ খুষ্ট শতান্দীর তৃতীয় পাদের শেষের निर्क (১৬৬**२ कि ১**৬१२ थुः) অত্যাচার-আশক্ষায় উদয়পুরের রাণা বীরকেশরী রাজসিংহ এই বিগ্রহকে মেবারে আনিবার কোটা ও রামপুরার ইচ্ছাকরেন। পথ দিয়া শ্রীবিগ্রহকে রথে চড়াইয়া মেবারে আনা হইতেছিল। পথে কিন্তু 'সিহাড'-নামক গ্রামে রুথচক্র বসিয়া গেলে তত্ত্তা জায়গীবদার-গণের আগ্রহাতিরেকে শ্রীনাথজিকে ঐ গ্রামেই স্থাপন করা হইল এবং যথাসময়ে মন্দিরাদি নির্মাণ করাইলা যথাযথ সেবাদির ব্যবস্থাও হইল।
ত্রীগোপালকে তত্রত্য অধিবাদিগণ
ত্রীনাথজী বলেন এবং এই জন্মই
দিহাড় গ্রামও পরবর্তী কালে ত্রীনাথদ্বার' হইয়াছে। দিল্লী আমেদাবাদ
লাইনে মাওয়ালি ষ্টেসনে গাড়ী
বদলাইয়া নাথদ্বার ষ্টেসনে যাইতে
হয়। ষ্টেসন হইতে মন্দির প্রায় ছয়
মাইল। ত্রীবিট্ঠলেশ্বরের পঞ্চম
অধস্তন বড় দাউজি মহারাজের সময়ে
ত্রীনাথজী মথুরামগুল হইতে মেবারে
বিজয় করিয়াছেন।

Gগাবর্দ্ধন শিলা----- এরঘুনাথ দাস গোস্বামি-কর্তৃক সেবিত শ্রীগিরিধারী। এই চেপটা চতুষোণ ঈষৎ হরিদ্রাভ শিলাখণ্ডটি বুন্দাবন হইতে আগত শঙ্করানন সরস্বতী পুরীতে শ্রীমন মহাপ্রভুকে উপহার দিয়াছিলেন। স্মরণের কালে 'গোবর্দ্ধন-শিলা প্রভু হাদয়ে নেত্রে ধরে। কভু নাসায় ঘাণ লয়, কতু শিরে করে। নেত্রজলে সেই শিলা ভিজে নিরস্তর। শিলারে কহেন প্রভু- 'কুষ্ণ-কলেবর'।। তিন বৎসর এইভাবে সেবা করিয়া প্রভু **এীরঘুনাথদাদের প্রতি সম্বন্ধ হইয়া** রঘুনাথকে উহা দিলেন। প্রভু কহে 'এই শিলা ক্লের বিগ্রহ। ইংহার সেবা কর তুমি করিয়া আগ্রহ॥ এই শিলার কর ভূমি সাত্ত্বিক পূজন। অচিরাৎ পাবে তুমি কৃষ্ণপ্রেমধন॥ এক কুঁজা জল আর তুলসী-মঞ্জরী। সাত্তিক সেবা এই শুদ্ধ ভাবে করি'॥ इहे मिटकं इहे भव गर्धा टकांगन মঞ্জরী। এইমত অন্ত মঞ্জরী দিবে শ্রদা করি' ॥ [চৈচ অস্ত্য ৬।২৮৭-৩০৮] ৷ শ্রীমহাত্রতুর সহস্তে প্রদৃত্ত रहेल धीक्रथ मुर्हिष्ठ रहेलन धरः

এই গোবর্দ্ধন শিলাটিকে রঘুনাথ আজীবন সেবা করিয়াছেন।

তৎপরে শ্রীগঙ্গা-নারায়ণ চক্রবর্তির
কন্তা বিষ্ণুপ্রিয়া দেবী এই শিলার
বহুদিন সেবা করিয়াছিলেন।
পরে তাঁহার অপ্রকটে ইছা
শ্রীকৃন্দাবনে গোকুলানন্দের মন্দিরে
ছিলেন। ১০৫৬ বাংলায় ইছা
বনবিহার ভাগবতনিবাসে স্থানাস্তরিত
হইয়াছেন।

বেগাবিন্দ — (চৈচ মধ্য ২০।১৯৬,২২৮)
ব্রজেল-নন্দন-ভিন্ন, সন্ধর্ষণের মৃতি,
বৈভব-বিলাস, ফাল্পনের অধিদেব;
চতুভূজি মৃতি, দক্ষিণ নীচ কর হইতে
ক্রমশঃ বাম নীচ কর পর্যস্ত চক্র-গদাপদ্ম-শভাধারী।

এীগোবিন্দদেব — প্রীপ্রীরূপ-গোস্বামিপাদ-কর্ত্ত্ব প্রকটিত শ্রীবিগ্রহ! শ্রীরূপপাদ শ্রীমন মহাপ্রভুর আজ্ঞায় বৃন্দাবনে আসিয়া লুপ্ত তীর্থ-প্রকটনে ব্রতী হইয়া কোথাও শ্রীবিগ্রহ না দেখিয়া অন্তরে সাতিশয় চিন্তারিত হইলেন। তত্তা বনে বনে ব্ৰজ-বাদিগণের গৃহে গৃহে ঘুরিয়াও কিছুই না দেখিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। একদিন বিষপ্ত-চিত্তে যমুনাতটে বিসয়া আছেন— এমন সময় জনৈক ব্ৰজবাসী আসিয়া তাঁহার ছঃখের কারণ জিজ্ঞাস) করিলে শ্রীরূপপ্রভু আচ্চোপাস্ত বুতান্ত বলিলেন। তখন সেই কুপাল ব্ৰজ্বাদী তাঁহাকে গোমাটিলায় লইয়া গিয়া বলিলেন 'যে একটি উৎক্লপ্তা গাভী নিত্য পূর্বাক্লে আসিয়া এই স্থানে ছগ্মক্ষরণ করে, ইহাই গোবিন্দস্থল। ব্ৰজ্বাসী

পরে চেত্র হইয়া ব্রজবাসিগণকে আনাইয়া স্থানটি খনন করাইলে কন্দৰ্পমোহন ব্ৰজেন্দ্ৰনন্দন প্ৰকট र्श्टलन (माधनमी शिका ७।३--२०)। প্রীগোবিন্দের প্রাকট্য-সংবাদ দিয়া শ্রীক্ষেত্রে শ্রীমন্মহাপ্রভুর শ্রীরূপ নিকটে লোক পাঠাইলেন, মহাপ্রস্থ আনন্দে অধীর হইলেন (ভক্তি ২। ৪০৪-৪৩৭)। শ্রীরূপ শ্রীগোবিন্দ-দেবকে সিংহাসনে স্থাপন করত অভিবেকাদি কতা করিয়া সেবা চালাইলেন। কথিত আচে তখন সামাগ্য একটি কোঁপডায় শ্রীবিগ্রহ বিবাজ কবিতেন। গ্রীরঘুনাথ ভট্ট গোম্বামির শিষ্য-কর্ত্তক প্রীগোবিনের মন্দির নির্মিত হয় এবং বংশী, মকর, কুণ্ডলাদি ভূষণ প্রস্তুত হয়। (চৈচ অন্ত্য ১৩।১৩১) ৷ তৎপরে ১৫৯০ খুঃ মানসিংহ ঐ মন্দিরের সংস্কার করেন। এই বিশাল মন্দিরটি মুঘল আমলের ভারতীয় হিন্দুভাস্কর্যের অতুলনীয় দৃষ্টাস্তস্থল। সপ্রদশ খুষ্ট শতাব্দীর তৃতীর পাদ পর্যন্তও এই মন্দিরে ভাঁকজমক ছিল। **গুরঙ্গজেবের** অত্যাচার-ভয়ে অস্তান্ত বিগ্রহগণের সহিত শ্রীগোবিন্দদেব জয়পুর অভি-যান। ১৬৬৬ খঃ চলিয়া গোবিন্দজী প্রথমতঃ কাম্যবনে, ১৭০৭ খুঃ গোবিন্দপুরা বা রোফাড়ায় ১৭১৪ খুঃ অম্বরে এবং ১৭১৬ খুঃ জয়পুরে বিজয় করেন। এস্থলে তত্রতা মন্দিরের কামদার শ্রীযুক্ত প্রতাম গোস্বামিজির নিকটে প্রাপ্ত 'জয়নিবাস দলিলের' তারিখ দেওয়া হইল। এরপপ্রভু এমন্মহাপ্রভুর আজ্ঞাতুসারে শ্রীরাধা-গদাধর-পরি-বারে শ্রীপণ্ডিতগোস্বামিপাদের শিষ্য <u>শ্রীহরিদাস</u> গোস্বামিকে সেবা সমর্পণ করিয়াছেন (সাধনদীপিকা সাধনদীপিকার প্রথম কন্ধায় 'তত্তাপি শ্রীপঞ্জিত-গোস্থামি-শিষা-প্রেমিরফদাস-গোস্বামিনে তদ-মুগহরিদাস-গোস্বামিনে সম্পিতা'— এই বাক্যেমনে হয় যেন প্রথমতঃ প্রেমী ক্লফদাসকে সেবা দেন, তৎপরে হরিদাস গোস্বামিকে দেন। এই সেবা বিরক্ত-পরম্পরায় পাঁচ পুরুষ পর্যন্ত চলিতে থাকে, পরে জগরাথ বা রামশ্রণ গোস্বামির সময় ছইতে গৃহস্থগণ সেবাধিকার প্রাপ্তি করেন। সাধনদীপিকায় (৬।৬-১৮) বর্ণিত আছে যে বৃহভাত্নামে দাকিণাত্য-বাসী জনৈক ব্রাহ্মণ বৈষ্ণৰ রাধা-নগর গ্রামে একমৃতি শ্রীরাধাবিগ্রহকে স্বীয়ক্সাভাবে সেবা করিতেন। ব্রাহ্মণের অপ্রকটে সেই গ্রামবাসিগণ এই বিগ্রহের সেবা করিলেন। শ্রমৎ শ্রীরূপপ্রভু-কর্তৃক শ্রীগোবিন্দ-দেব প্রকটিত হইলে গ্রীগদাধর পণ্ডিতপ্রভুর শিষ্য ও রাজা প্রতাপ-রুদ্রের পুত্রকে রাত্রিকালে স্বপ্নযোগে শ্রীবিগ্রহ বলিলেন—'আমার প্রাণ-নাথ প্রীনন্দনন্দন ব্রজে প্রকট হইয়া-ছেন—মৎস্বরূপ শ্রীগদাধর পণ্ডিতের শিষাদারা যেন আমাকে শীঘ্ট ব্রজে পাঠাইয়া দেন। রাজপুত্র স্বপাদেশ ্পাইয়া শ্রীগদাধরের ত্বইজন শিষ্যদারা ইহাকে পথে পথে সেবা করাইয়া করাইয়া ব্রজে আনিয়া শ্রীগোবিন্দের বামপার্থে বিজয় করাইলেন।

শ্রীহরিদাস সময়েই | গোস্বামির শ্রীরাধিকা প্রতিষ্ঠিত হন (ঐ ১)। বিস্তৃত বিবরণ ভক্তিরত্বাকরে (৬) ৬৩-->>০) আছে যে পুরুষোত্তম জানা ছই মৃত্তি গ্রীরাধাবিগ্রহ লোক দারা শ্রীবন্দাবনে পাঠাইয়াছিলেন যাহাতে প্রীমদনমোহন ও প্রীগোবিন্দ বৃন্দাবনে বিগ্রহদ্বয় ৰুগলিত হন। পৌছিতে না পৌছিতেই স্বপ্নাদেশ **पिया मन्नत्मारन के प्रहे मृ**खित्करे শ্রীললিতা ও শ্রীরাধারূপে ও বামে অঙ্গীকার করেন। সংবাদ পাইয়া পুরুষোত্তম জানা গ্রীগোবিন্দের প্রেয়সীর জন্ম চিন্তান্বিত হইলে চক্রবেড়স্থিত লক্ষীয়ুতি বলিয়া কথিতা ও পূজিতা শ্রীরাধামূর্তি স্বপরিচয় দিয়া বলিলেন—'পুরাকালে শ্রীরাধা (আমি) বুন্দাবন হইতে ভক্তপারবগাতাবশতঃ উৎকলদেশে আসিয়াছিলাম। রাধানগরে জনৈক বুহভামু-নামক দাক্ষিণাত্য বিপ্র আমাকে ক্যাবুদ্ধিতে বহুদিন সেবা করেন। বিপ্রের অপ্রকটে লোক-মুখে অবগত হইয়া **ত্রীক্ষেত্রের** তদানীস্তন রাজা আমাকে স্বপ্নাদেশে জগরাথালয়ে (চক্রবেডে) স্থাপন করিলেন: তত্ত্তা সেবকগণ সর্ব-লক্ষীময়ী আমাকে লক্ষীরূপে অর্চনাদি ক বিয়া আগিতেছেন। এক্ষণ <u> शिर्गाविस-मित्रिस याहेव.</u> আমাকে শীঘ্ৰ ব্ৰজে পাঠাইয়া দাও। এই স্বপ্নাদেশ পাইয়া বডজানা দিয়া भटन প্রম্যত্ত্রে ইহাকে প্রীরন্দাবনে পাঠাইলেন এবং যথাক্রমে সিংহাসনে শ্রীগোবিন্দের বামে বদাইলেন।

গৌরগোপাল--যশোড়ায় প্রীজগদীশ পত্নী-কর্ত্তক পণ্ডিতের প্রকটিত বিগ্ৰহ (প্ৰথমখণ্ডে ২৫০ পৃষ্ঠায় বিবরণ দ্রষ্টবা। (गोत्रतगाविन्म-चमूत्रागवहा -(8)-মতে শ্রীরূপগোস্বামী শ্রীশ্রীগোবিন্দ-দেবের প্রকটন পূর্বক সেবা করিতে অধিকারীর জন্ম চিস্তান্বিত হইয়া শ্রীমন্ মহাপ্রভুর নিকট পত্র পাঠাইলেন। মহাপ্রস্থাবনে পাঠাইবার উদ্দেশ্যে তত্রতা সকল গোডীয়ার কথাই চিন্ত! করত শ্রীঈশ্বরপুরীর শিষ্য ভাগ্যবান কাশীশ্বকেই উপযুক্ত মনে করিয়া বুন্দাবনে প্রীগোবিন্দ-সেবনে যাত্রা করিতে আদেশ করিলেন। কাশীখর কিন্তু মহাপ্রভুর সেবাসায়িধ্য বাতীত তিলমাত্রও স্থির থাকিতে পারিতেন না—একথা মহাপ্রভু জানিতেন: এইজন্ত তিনি বলিলেন—'যে আমি সে গোবিন্দা, কিছুই ভেদ নাই। বিশ্বস্ত হইয়া সেবা করহ তথাই। যদি মোরে এইরূপ দেখিবারে চাহ ৷ আপনারে দিল, শীঘ্র লঞা যাহ। ইহা বলি এক গৌরত্বন্দর বিগ্রহ। উঠাইয়া দিল হাতে করিয়া আগ্রহ। এই আমি সদা মোর দর্শন পাইবা। অঙ্গীকার করিব যে সেবন করিবা॥ ইহা বলি পুন তারে আলিঙ্গন কৈলা। তিঁহো প্রণিপাত করি কাঁদিতে চলিলা॥' সাধন-দীপিকা (২।৪১ পুঃ) ও ভত্তিরত্বাকরে (২।৪৪০-৪৪৪) অমুকূন বৃত্তান্ত পাওয়া যায়। এই ত্রীগোরগোবিন্দবিগ্রহ ত্রীগোবিন্দের দক্ষিণদিকে অধিষ্ঠিত হইয়া অত্যাপি সেবিত হইতেছেন।

চক্রধর (চৈভা আদি ১১।৬৩) স্থদর্শন-शांती विकु। চণ্ডিকা (চৈভা অন্ত্য ৫।৬৬৩), চঞী (ঐ আদি ৪।১৩১) মার্কণ্ডেয় পুরাণ-প্রসিদ্ধ শক্তি-বিশেষ। চর্চিকা-মথুরায় বিশ্রামঘাটের নিকট-वर्जी दिवीमृर्णि, नामाखत-स्मन्ना। জগন্ধাথ (চৈভা আদি ৯।১৯৯) শ্ৰীনীলাচলে অধিষ্ঠিত পুরুষোত্তম, অর্চাবিগ্রহ। জনার্দন (চৈচ মধ্য ১/১১৫) শ্রীবিষ্ণুর व्यर्ठामृष्टि, १ (थे २०।२०४, २०४) পরব্যোমে দ্বিতীয় চতুৰু গ্ৰহৰতী প্রহাষের বিলাস। ইনি চতুতুত্ত, দক্ষিণাধঃ কর হইতে বামাধঃ কর পর্যস্ত ক্রমশঃ পদ্ম-চক্র-শঙ্খ-গদাধর | জলেশ্বর (চৈভা অস্ত্য ২।২৩৭) উৎকলে জলেশ্র-নামক স্থানে অবস্থিত শিৰমূৰ্ত্তি। জিয়**ড় নৃসিংহ**—[প্রথম খণ্ডে ২৮৬ পৃষ্ঠায় বিবরণ দ্রপ্টব্য] টোটা-গোপীনাথ (চৈচ অস্ত্য ৪। ১১৬) এজগনাথের দারপাল এখনে-খর শিবের মন্দিরের সংলগ্ন দক্ষিণ পার্যন্ত উতান। মহাপ্রভু এইস্থানে বালুকা-রাশি অপসারণ-ক্রমে যে গ্রীবিগ্রহ আবিষ্কার করিয়াছেন, তাহাই ত্রীগোপীনাথ। (চৈভা অস্ত্য ৭।১১৪---১১৬) ইহার মোহন মৃত্তি-সম্বন্ধে বৰ্ণনা দুখা। এস্থানে শ্রীনিত্যা-প্রভুর গোড়দেশ হইতে আনীত তত্মল-রন্ধন, সেবা ও খ্রীশ্রীগৌর-भूमत्त्रत **आगमना** मि नीना ७ (के १। १२४- १८७) चारनाह्य । वह স্থানেই গুর্জরী-রাগিণী-শ্রবণলুক ধাবমান মহাপ্রভুকে গোবিন 'স্ত্রী-

পরশ' হইতে রক্ষা করেন (চৈচ অন্তা ১৩।৭৮—৮৭)। কথিত হয় যে মামুঠাকুর অতিবৃদ্ধ ও কুজ-পৃষ্ঠ হুইলে শ্রীগোপীনাথের মস্তক ও মুখার-বিন্দের শুঙ্গার করিতে অসমর্থ হন এবং সেবাশৃত্য জীবনের বিদর্জনে রুত-নিশ্চয় হন। ইহাতে ভক্তবংসল শ্রীগোপী-নাথ দণ্ডায়মান অবস্থা হইতে পদদয় সম্কচিত করিয়া থর্বাক্বতি হইয়া-ছিলেন। অভাপি সেই মৃত্তি তদবস্থই দেখা যায়। কাত্তিক মাদে গোপী-নাথের নটবরবেশ হয়। এটোটা-গোপীনাথের এঅকে প্রীমন্মহাপ্রত্ হইয়াছিলেন বলিয়া তত্ত্তা জনশ্রতি। শ্রীগোপীনাথের তুই পার্দ্ধে কুফাবর্ণা শ্রীরাধা ও শ্রীললিতা নৃত্যভঙ্গীতে বিগ্রাজমানা। দক্ষিণ প্রকোষ্ঠে শ্রীবলদেব ও তৎ-প্রিয়াদ্ম, উত্তর প্রকোষ্ঠে মামুঠাকুরের প্রীত্রীগোরগদাধর প্রতিষ্ঠিত প্রীরাধা-মদনমোহন। প্রাঙ্গণের ঈশান কোণে গ্রীগোপীশ্বর শিব বিরাজ্যান। অন্তত্ত কুত্রাপি শ্রীরাধা नरहन, এश्रम कुरुवर्ग ক্লম্ভবর্ণা ছওয়ার কারণ সম্বন্ধে শুনা যায় যে শ্রীরাধা প্রাণ-বন্ধুকে তাঁহার ভাব-কাস্থি ধরিয়া कांनिटल দেখিয়া তিনিও বধুয়ার ভাবে তন্ময় হইয়া কৃষ্ণবর্ণ ধারণ করত বিপঞ্চিকা-হস্তে নুত্য করিতেছেন। শ্রীমতীর আদেশে ললিতাও কৃষ্ণবর্ণ ধারণ শ্রীমতী বংশীটিকে করিয়াছেন। বছক্ষণ আস্বাদন করিয়া আবার ললিতার হস্তে দিলে তিনি তাহা नहेशा जानमार्वरम वश्मीत यूथहृद्यन করিতেছেন।

তুলসী (চৈভা আদি ৮।৭৩) প্রীবিষ্ণু-শক্তি। তুলসীর সেবার সর্বার্থসিদ্ধি হয়। শ্রীমন্মহাপ্রভু ও তৎপরিকরগণ নিত্য তুলগীকে জলদানাদি সেবা ও পরিক্রমাদি করিয়াছেন। নবধা-সেবা (দিল্ল **সাহাহ**তত, ও প্রথম-খতে ৩১২ পৃষ্ঠায় দ্রষ্টব্য)। তুলসীর धान-'धारम्प्तिः নবশশিমুখীং পক্ষবিশ্বাধরোষ্ঠাং, বিজ্ঞোতন্তীং কুচ-যুগভরানমকলাঙ্গষ্টিম্। **ঈ**ষদ্ধাস্থাং ठक्रश्याधित्नवाः. ললিতবদনাং খেতাঙ্গীং তামভয়বয়দাং খেতপ্রা-স্মস্থাম্ ॥' অর্ঘ্যদানমন্ত্র—'শ্রিয়:-প্রিয়ে শ্রিয়াবাসে নিতাং শ্রীধব-সংক্তে। ভক্তা দত্তং ময়া দেবি! গৃহাণার্ঘ্যং নমোহস্ত তে॥ প্রার্থনা-মন্ত্র—'শ্রিয়ং দেছি বশো पिटि की जिमायुख्या प्रथम। वनः পুষ্টিং তথা ধর্মং তুলসি! ত্বং প্রায়ছ মে ॥' তুলসী-স্তোত্র ও কবচাদি---স্বন্ধুরাণাদিতে আলোচ্য। ত্রিবিক্রম , চৈচ মধ্য ২০/১৯৭, ২৩০) দিভীয় চতুর্বাহবর্তী প্রদ্রায়ের বৈভব বিলাস। জ্যৈষ্ঠের অধিদেব : বৈচিত্ত্যযুক্ত আক্কতিবিশিষ্ট চতুভূজ মৃতি। ক্রমে দক্ষিণাধঃ কর ছইতে পর্যস্ত পর-গদা-চক্র-বামাধ:কব শঙ্খ-ধারী। দামোদর (চৈচ মধ্য ২০/২০১) স্বয়ং রূপ বজেন্ত্রনন্দ। २ (वे २०। ১৯৭, ২৩২) প্রব্যোমস্থ দিতীয় চতুর্ যহের অনিরুদ্ধ মৃত্তির প্রকাশ-বিগ্রহ। ইনিই কাতিকের অধিদেব; ব্রজেন্ত্রনন্দন হইতে ভিন্নস্বরূপ; চতুর্ছ মৃতি-ক্রমশঃ দক্ষিণাধঃ কর হইতে বামাধঃ কর পর্যন্ত পল্ল-চক্র-

গদা-শঙ্খধারী। **मीर्घित्युः** (टेक्क यथा ১१।১৯১) মথুরায় অবস্থিত বিষ্ণুমৃতি। নারায়ণ (চৈচ আদি ২)৩৯-৫৭) - মূল, স্বয়ংরূপ। ২ (ঐ মধ্য ৯/১৬৭) ঋষভ পৰ্বতে অধামৃত্তি। 🥲 (ঐ মধ্য ২০১৯৫, ২৩৯) প্রব্যোমস্থ দ্বিতীয় চতুৰ্ গৃহৰতী বাহ্নদেবের প্রকাশ-মৃতি। পৌষমাসের অধিদেব. চতুভূ জমৃত্তি, ক্রমশঃ দক্ষিণাধঃ হইতে বামাধঃ কর পর্যন্ত শছা-পন্ম-গদা-চক্র-43 1 নৃসিংহ (চৈচ মধ্য ১/১০৩) অর্চা-বিগ্ৰহ; ২ পানা নুসিংহ (ঐ মধ্য ৯।৬৭), ও জিয়ড় নুসিংহ (ঐ मधा ৯।১७—>१ ; 8 (मधार•। ২০৪, ২৩৪) প্রব্যোমের দ্বিতীয় চতুর্।হস্থ প্রছায়ের বিলাস। বৈচিত্র্য যুক্ত বিষ্ণুমৃতি, চতুত্ব ; ক্রমশঃ দক্ষিণাধ: হইতে বামাধ: কর পর্যস্ত-চক্র-পদ্ম-গদা-শঙ্খধুর। পদ্মনাভ (চৈচ মধ্য ২০1১৯৭, ২৩২) **প**রব্যোমের দ্বিতীয় চতুর্ চহের অনিকন্ধদেবের প্রকাশ-মৃতি। আশ্বিনের অধিদেব, বৈচিত্ৰযুক্ত বিষ্ণুমৃতি। চারি হস্তে ক্রমশঃ (দক্ষিণাধঃ হইতে বামাধঃ পর্যস্ত) শভা-পদ্ম-চক্র-গদা-ধর। পানা নরসিংহ (চৈচ মধ্য ৯।৬৭) দাক্ষিণাত্যে মঙ্গলগিরির অবস্থিত অর্চামৃত্তি। ইংহাকে সরবৎ ভোগ দিতে হয়; বিশয়ের বিষয় ' धरे य हेनि अम्छ অর্দ্ধেকের বেশী গ্রহণ করেন না। পাৰ্বতী (চৈভা আদি ১৷১৯) গুণা-

বতার শিবের শক্তি।

পুরুষোত্তম (চৈচ মধ্য ১।১১৫) অর্চাবিগ্রহ, ২ (ঐ মধ্য ২০।২০৪, ২৩৩) পরব্যোমবর্তী দ্বিতীয় চতুর্ ্যহস্থ বাস্থদেবের বিলাস । চতুতু জ, দক্ষিণাধ: হইতে বামাধ: কর পর্যন্ত ক্রমশঃ চক্র-পদ্ম-শঙ্খ-গদাকর। (চৈচ আদি ১।৭৮) প্রত্যন্ত্র চতুৰ্ হাস্তৰ্গত তৃতীয়, বৈভৰবিলাস। ২ (চৈচ মধ্য ২০৷২২৫) প্রাভব-বিলাস, দ্বিতীয় পরব্যোমে চতুর্ হাস্তর্গত, চতুভূ জ মৃতি, ক্রমশঃ দক্ষিণাধ: হইতে বামাধ: কর পর্যন্ত চক্র-শঙ্খ-গদা-পদাকর। সনাতন-

শ্ৰীমদনমোহন—শ্ৰীমং গোস্বামিপাদ-কর্ত্তক মথুরাবাসী চৌবের গৃহিণী হইতে শ্রীবৃন্দাবনে আনীত শ্রীবিগ্রহ। ভক্তমালের (২) মতে এই মৃতি ত্রীকুজাদেবী প্রকাণ করিয়াছিলেন। শ্রীসনাতনপ্রভু মাধুকরী করিতে নিত্য এই চৌবের মন্দিরে যাইতেন এবং ঠাকুরের মাধুরী দেখিয়া প্রেমানন্দ করিতেন, অথচ অনাচারে সেবায় ছঃখিতও হইতেন। ক্রম করিয়া সেবাবিধি বলিয়া দিলেও চৌবের ঘরণী তাহা করিতে পারিতেন না. নিজ প্রেমভাবেই সেবা করিতেন। একদিন গোঁসাইজি মাধুকরীতে যাইয়া দেখেন যে চৌবের বালকস্হ ৰদনমোহন একত বসিয়া ভোজন করিতেছেন। তাহাতে তাঁহার প্রেমবিকার হইল এবং মাতাকে নিজ ক্রচিমত সেবা করিতেই বলিয়া দিলেন। গোঁসাইজি সেই বালকের অধরামৃত পাইয়া কৃতকৃতার্থ হইলেন। রাত্রিকালে মদনটেরে

তিনি প্রপ্রযোগে গুনিলেন যে মদন-মোহন তাঁহাকে চৌবের ভবন হইতে আনিয়া তুলসীজল দিয়া করিতে আজ্ঞা করিলেন। চৌবের ঘরণীকেও যথারীতি আদেশ করিলেন যে তিনি বনবাস করিতে সনাতনের কাছে যাইবেন। সনাতন মদনমোহন পাইয়া আনন্দে সূর্য-ঘাটের নিকটবন্তী টিলায় ঝোঁপড়া বাঁধিয়া তথায় রাখিলেন এবং চুটকি মাগিয়া আশ্বাকড়ি ভোগ লাগি**লেন। ম**দনমোছন লবণ-হীন আঙা খাইতে না পারিয়া সনাতনের নিকট লবণ চাহিলে তিনি বলিলেন —'লবণ নিতানি তবে আমি কোথা পাব ? বিষয়ীর স্থানে মুঞি মাঙ্গিতে নারিব॥ ক্রমে ক্রমে তুমি নানা বাহেনা করহ। আমা হইতে নাহি হবে, চাহ করি লহ'। সনাতনের ইঙ্গিত পাইয়া মদনমোহন মথুরাগামী কৃষ্ণদাস (বা রামদাস) কপূর-নামক বণিকের জাহাজ চড়ায় ঠেকাইয়া দিলেন। অসহায় বণিকু ঐীবিগ্রহের আসিয়া মিনতি করিয়া বলিলেন—'প্রতিজ্ঞা করিমু মুঞি কায়মনোবাক্যে। এবার বাণিজ্যে যত উপস্বত্ব হব। সমুদায় শ্রীচরণ-পলে সমপিব॥ মন্দির নির্মাণ করি সেবার শৃঙ্খলা। করি দিয়া পশ্চাত করিব গৃহে মেলা॥' ফলতঃ প্রার্থনা পূর্ণ হইল, বণিক্ যাবতীয় লভামুদ্রা-দারা মদনমোহনের মন্দিরাদি নির্মাণ করাইয়া সেবার স্থশুখালা করিয়া **फिट्निन**!

শ্রীসনাতনপ্রভু স্বীয় অন্তর্গ সেবক শ্রীরুফদাস ব্রন্ধচারীজির হস্তে সেবা

শ্রীরাধারাণী বামে অধিষ্ঠিত হন। (ভক্তি ৬া৬৩--৭২) কথিত আছে যে পুরুষোত্তম জানা শ্রীগোবিন্দ ও শ্রীমদনমোহনের জভা ছুই মৃতি রাধা-বিগ্রহ বুন্দাবনে পাঠাইয়া-ছিলেন; বড় মৃতিটা প্রীললিতারূপে দক্ষিণে এবং ছোটটি শ্রীরাধার্মপে বামে বসাইবার জন্ম শ্রীমদনমোহন সেবাধিকারীকে স্বপ্নছলে জানাইয়া ছই মৃতিকেই অঙ্গীকার করিয়াছেন। রাজা বসস্তরায়ের পিতা গুণানন্দ গুছ পূর্বোক্ত কৃঞ্চাস কপূরের মন্দিরের দক্ষিণ দিকে শ্রীমদনমোহনের জন্ম অভা মন্দির নির্মাণ করিয়াছিলেন। মন্দিরের পূর্বগাত্তের শিলা-লিপিতে প্ৰাচে--'হর ইব গুহ-বংখ্যো যৎপিতা গামচন্দ্রো, গুণমণিরিব পুত্রো যস্ত রাজা বসস্তঃ। স ক্বত-স্থক্তরাশিঃ শ্ৰীগুণানন্দনামা, ব্যধিত বিধিবদেত-মন্দিরং নন্দস্থনোঃ॥' কুষ্ণদাদের মন্দির জীর্ণ হইবার পুর্বেই শ্রীমদন-গোপাল এই মন্দিরে সেবিত श्हेर जिल्ला । आसूमानिक ১৫৭०

জ্রীমদনমোহন

সমর্পণ করেন; ইংগ্রেই সময়ে

খুঃ প্রাক্কালে এই মন্দির নির্মিত হইয়াছিল। শ্রীসনাতনপ্রভুর কুপাশ্রিত শ্রীকৃষ্ণ-দাসজী হইতে শ্রীপ্রবলদাসজী পর্যস্ত বিরক্ত-শিশ্বপরম্পরায় এই সেবা থাকে। গ্রীম্ববলদাসজীর সেবাধিকার-কালে এবং জয়পুরের রাজা দ্বিতীয় সবাঈ জয়সিংছের (১৭০০-১৭৪৩ খুঃ) রাজত্বকালে

<u> এমদনমোহন</u>

শ্রীরন্দাবন হইতে

জয়পুরে বিজয় করেন। 360

কিছুকাল পরে করোলীরাজ শ্রীগোপালসিংহ (১৭২৪—১৭৫৭ খুঃ) শ্রীমদনমোহনকে মহা আগ্রহে স্বীয় রাজধানী করোলীতে লইয়া যান। শ্রীস্থবলদাসজি করোলীরাজের গুরু-পদে বৃত হইয়াছিলেন; কিছুদিন পরে তিনি গেইখানে দেহরক্ষা করিলে তদীয় শিশ্য শ্রীরুষ্ণচরণ দাসজী এই সেবাপ্রাপ্ত হন এবং এই : সময় হইতে লৌকিক বংশধারা প্রবর্ত্তিত হয়।

মধুত্বদন (চৈচ মধ্য ২০।১৯৬, ১৯৯) পরব্যোমবর্ত্তী দ্বিতীয় চতুর্ব, হস্থিত সঙ্কর্মণের বিলাস-বিগ্রহ। বৈশাথের অধিদেবতা, মূলারে নিত্য অধিষ্ঠান। চতুতুজ, ক্রমশঃ দক্ষিণাধঃ হইতে বামাধঃপর্যন্ত চক্র-শঙ্খ-পদ্ম-গদাধারী। মহাবিতা-(চৈচ মধ্য ১৭।১৯১) মথুরায় জন্মভূমির নিকটবর্তী স্থানের অধিষ্ঠাত্রীদেবী, নিকটেই মহাবিছা কুণ্ড। দেবীমৃতি ত্রীবজ্রনাভ-কর্তৃক স্থাপিত।

মাধব—(চৈচ মধ্য ৩।১১৪) স্বয়ংরূপ প্রীভগবান্। ২ (ঐ ২০।১৯৫, ২০৮) পরব্যোমস্থ দিতীয় চতুর্ব্যহবর্ত্তী বাস্থদেবের প্রকাশভেদ। অধিদেব, ব্ৰহ্মাণ্ডবৰ্তী প্ৰয়াগে নাম-বিন্দুমাধব। চতুভুজমৃতি; দক্ষিণাধঃ হইতে বামাধঃ কর পর্যন্ত হয়শীর্ষ-গদা-চক্র-শঙ্খ-পদাধর। পঞ্চরাত্র-মতে চক্র-গদা-শঙ্খ-পদ্মকর। আডিয়ালে যশোমাধব—ডাকায় গ্রীজগরাথদাসগোস্বামিপ্রভু - কর্ত্ব প্রকটিত বিগ্রহ। (১১৪০--১১৪১ পৃষ্ঠায় 'কাষ্ঠকাটা জগন্নাথ' দ্ৰন্থব্য) যুগলকিশোর—শ্রীহরিরাম ব্যাস-

কর্ত্তক কিশোরবনের ইন্দারা হইতে প্রকটিত বিগ্রহ। ইঁহার অনস্কার-বিক্রয়নর অর্থে প্রথমতঃ মন্দিরটি নির্মিত হয়, পরে রাজা বসন্ত রায় উহার সংস্কার করেন বলিয়া শুনা যায়।

রঘুনাথ (চৈচ মধ্য ৯١১৮) অহোবল নূসিংহে অর্চাবতার, ২ ব্যেষ্টাচলে (ঐ ৯/৬৮), ও তুর্বশনে (ঐ ৯/১৯৯), ৪ বেতাপনিতে (ঐ ৯।২২৫)।

রাধাকুষ্ণ-শ্রীরাধাকুত্তের পঙ্কোদ্ধার-কালে একুণ্ড হইতে প্রকট হংয়া-हिल्न। श्रीत्रधून थनागरगायाभी जे বিগ্রহের সেবাভার ব্রজবাসিগণের হত্তে সমর্পণ করিয়াছিলেন। জনৈক ধনী ভক্ত বহুঅর্থব্যয়ে মন্দির প্রস্তুত করাইয়াছিলেন। বহুকাল অসংস্কৃত থাকিয়া জীর্ণ হওয়ায় রাণাঘাটের জনৈক ধনাচ্য ব্যক্তি আবার উহার সংস্থার করিয়াছেন।

শ্রীরাধাদামোদর-শ্রীরূপগোস্বামি-প্রভুর স্বহস্তে নির্মিত এবং শ্রীজীব-গোস্বামিকে শ্ৰীবিগ্ৰহ প্রদন্ত (সাধনদীপিকা ৮)। শ্রীমন্দিরটি শৃঙ্গারবটের দক্ষিণপূর্ব কোণে অৰস্থিত। এক্ষণ এ ব্ৰহ্মাবনে বিজয়মৃত্তি আছেন—শ্ৰীজীবপাদ-সেবিত মৃতি জয়পুরে, বিরাজ করিতেছেন। [চতুর্থখণ্ডে জয়পুর-শীর্ষক অমুচ্ছেদে 'শ্রীরাধাদামোদর' শ্রীলশ্রীজীবপ্রভুর **अ**ष्टेवा । পরে একফাগজী হইতে এনবল लानकी পर्यन्त भाष्ट्रभूक्ष विव्यक्तिया-সেবা চালাইয়াছেন। প্রশ্পরায় তৎপরবর্তী গোবিন্দলালজীর সময় হইতে গৃহস্ক-প্রণালী প্রবর্তিত হয় এবং তদবধি বংশ-পারম্পর্যে সেবাধিকার চলিতেছে।

শ্রীরাধামাধব——শ্রীজয়দেব-সেবিত শ্রীবিগ্রহ। ভক্তমালের (১২) বর্ণনা-মতে জয়দেব বুন্দাবনে যাওয়ার ইচ্ছায় স্থল বিগ্রহ কিরুপে লইয়া যাইবেন ভাবিয়া অতি চিন্তিত হই-লেন। শ্রীরাধামাধব তখন তাঁহাকে ৰলিলেন যে তিনি ছোটমৃত্তি হইবেন এবং ৰহনে ভার লাগিবেনা। আদেশ পাইয়া জয়দেব ঝুলির মধ্যে বিগ্রহ রাথিয়া বুন্দাবনে কেশীঘাটে উপস্থিত হইলেন। জনৈক মহাজন বিগ্রহের মন্দির নির্মাণ করিয়া আকর্ষণে অপ্রকটে জয়দেবের ওরক্ষেব ও কালাপাহাড়ের অত্যা-চার-ভয়ে শ্রীবিগ্রহকে জয়পুরে স্থানা-ন্তরিত করা হয়। অত্যাবধি শ্রীরাধা-মাধৰ তঞ্তা ঘাটি-নামক পাৰ্বত্য

শ্রীরাধারমণ-শ্রীগোপাল গোস্বামিপাদের সেবিত শালগ্ৰাম হইতে স্বয়ং প্রকটিত প্রীবিগ্রহ। ভক্তমালে (২) বৰ্ণিত হইয়াছে य जरेनक धनी जीवनावरन जानिया শ্রীগোবিন্দাদি বিগ্রহগণকে অলঙারাদি দিয়াছিলেন। শালগ্রামের সন্মুখে অপূর্ব অল্ভার শ্রীগোপাল ভট্টপাদ মুছিত হইয়া পড়েন, যেহেতু ঐ সব অলঙ্কার হস্ত-পদহীন শালগ্রামে পরান যায় না। প্রীভটগোস্বামিজী ভাবিতেছেন— যন্ত্রপি ''শালগ্ৰাম আমার যে ঞিহার। প্রকাশ হইত অবয়ব পদ কর॥ তবে এই অলহার পরাইত। কি শোভা হইত, তবে

স্থানে বিরাজ্যান আছেন।

কি আনক হইত॥' বিশ্বয়ের। ব্যাপার এই যে সেই রাত্রিমধ্যেই শালগ্রাম ত্রিভঙ্গ মুরলীধারী মতি প্রকট করিয়া বিরাজমান হইলেন। অক্সাবধি শ্রীরাধারমণের পৃষ্ঠদেশে সেই শালগ্রামের বিলক্ষণ চিহ্ন বিরাজ করিতেছে। স্থাথের বিষয়—ঔরঙ্গজেব বা কালাপাহাডের অভ্যাচার-ভয়ে শ্রীরাধারমণ শ্রীবন্দাবন ত্যাগ করেন नारे। औछ । जाशामी मिकिकाल স্বশিষ্য শ্রীগোপীনাথ পূজারীকে সেবা-সমর্পণ করেন। বর্ত্তমানে তদবংশ্যগণই সেবা চালাইতেছেন। শ্রীবিগ্রহের বামে কিন্তু শ্রীমতী নাই. তংপরিবর্ত্তে সিংহাসনের বামদিকে একটি রৌপ্য মুকুট শ্রীমতীর প্রতিভূ-রূপে অঠিত হন। বর্ত্তমান মন্দিরটি সাহকলন-নামক লক্ষেনিবাসী বণিক ও তাহার প্রতার সাহায্যে নিমিত হয়। বৈশাখী পূর্ণিমায় শ্রীরাধারমণের অভিষেক হয়।

প্রীরাধাবল্লভ—শ্রীমং হরিবংশগোস্বামি-কর্তুক নিকুঞ্জবন হইতে
প্রকটিত শ্রীবিগ্রহ। ইনি ঘবনের
অত্যাচার-ভয়ে স্থানাস্তরিত হয়েন
নাই। শ্রীরাধাবল্লভী গোস্বামিগণই
প্রীতিপূর্বক অত্যাবধি দেবা চালাইতেছেন। এখানে শ্রীবিগ্রহের
'ঝাঁকি দর্শন' হয়।

শ্রীরাধাবিনোদ—শ্রীপাদ লোকনাথ গোস্বামি-কর্ডু ক উমরায়ের কিশোরী কুণ্ড হইতে প্রকটিত শ্রীবিগ্রহ। ইহার মন্দিরটি শ্রীরাধারমণ মন্দিরের পশ্চিমে অবস্থিত। বর্তমানে শ্রীরাধা-বিনোদের বিজয়মূর্ত্তি বৃন্দাবনে আছেন, মৃল্মুন্তি কিন্তু ভার্মপুরে ত্রিপোলিয়া বাজারের সন্মুখের মন্দিরে : বিরাজ্যান।

বক্রেশ্বর—(চৈভা অস্ত্য ১।৬৪) প্রাচীন শিবমূর্ত্তি, নামাস্তর—বক্রনাথ। [৪র্থ খণ্ডে স্থান-বিবরণ দ্রপ্তব্য]

বঙ্কবিহারী— শ্রীনৎ হরিদাস স্বামিকত্ত্বিক নিধুবন হইতে প্রকটীকৃত শ্রীবিগ্রহ। মন্দিরটি শ্রীমদনমোহনের মন্দিরের দক্ষিণে অবস্থিত। সেবাপরিপাটী প্রশংসনীয়। অক্ষয়তৃতীয়ায় মাত্র শ্রীবঙ্কবিহারীর শ্রীচরণ দর্শন হয়। এস্থানে শ্রীবিগ্রহের 'কাঁকি

বজ্রনাভ (রত্না ১২/৪৬) শ্রীক্বফের প্রসেতি বজ্র।

বন থণ্ডী মহাদেব—শ্রীবৃদ্ধাবনে লুই বাজারের নিকটে অবস্থিত। শ্রীসনা-তনপ্রভু শ্রীবৃন্দাবনে বাস করিবার কালে প্রত্যহ শ্রীগোপীশ্বর মহাদেবের যাইতেন। তদানীস্তন জঙ্গলাকীর্ণ বুন্ধাবনের প্রথে মধ্যে. শ্রীগোসাঞিকে বহু ক্লেশ পাইতে হইত। এজন্ম একবার গোপীশ্বর শ্রীসনাতনকে বলিলেন— 'আমি তোমার জন্ম তোমার নিকটে 'বনখণ্ডী মহাদেব' নামে প্রকট হইতেছি; প্রত্যহ এই স্থানেই তুমি আমার দর্শন পাইবে।' তদবধি শ্রীগোস্বামিপ্রস্থ এই স্থানেই বনখণ্ডী মহাদেব দর্শন করিতে থাকেন। ইহার নিকটে মুরারিগুপ্তের প্রতিষ্ঠিত (বা পিশীমার) 'নিতাইগে'র বিরাজ-মান আছেন।

বরাহদেব—মথুরার লারকাধীশ মন্দি-বের পশ্চাৎ দিকে বিরাজমান অপ্র্প্রাচীন শ্রীবিগ্রহ। কথিত আছে

যে ইন্দ্র কপিল-নামক বান্ধণ হইতে শ্রীবরাহদেবকে লইয়া দেবলোকে যান। রাবণ ইন্দ্রকে জয় করিয়া উহাকে লশ্বায় আশ্বান করেন। পর শীরামচন্দ্র ঐ রাবণ-কধের गुर्ভिटक अत्याशांत नहेता यान। শত্রুত্ব লবণাস্থ্রকে বধ করিয়া মথুরাপুরী স্থাপন করত ঐ স্থানে বল বাহ্মণবাদের ব্যবস্থা করেন। তিনি অযোধায়ে আসিয়া শ্রীরামচন্দ্রের সকাশে সমস্ত বিষয় জানাইলে শ্রীরাম প্রসন্ন চিত্তে এই বরাহদেব সমর্পণ করেন। তৎপরে শক্রম উহাকে মথুরায় আনিয়া সেবাস্থাপন করেন। তদবধি এইস্থানে শ্রীবরাহদেব বিরাজ করিতেছেন।

বামন—দশাবতারের পঞ্চম। দানগবিত বলির যজে উপস্থিত হইরা
ইনি তাঁহাকে ত্রিপাদ ভূমিগ্রহণের
ছলে ত্রিবিক্রম মৃতি ধরিরা স্থতলে
প্রেরণ করেন। পরব্যোমস্থ দিতীয়
চতুর্গুহের অস্তঃপাতী প্রস্তুয়ের
প্রকাশবিগ্রহ। আবাঢ় মাসের
অধিদেব। আকারে বৈচিত্রাযুক্ত;
চতুভূজি, ক্রমশঃ দক্ষিণাধঃ হইতে
বামাহঃ হস্ত পর্যন্ত শ্র্ড-চক্র-গদাপদ্মধারী।

বিরজা দেবী—বৈতরণীর তটে

যাজপুর গ্রামে ব্রন্ধার যজ্ঞ হইতে

আবিভূতি। দেবী। দশাশ্বমেধ ঘাট

হইতে প্রায় এক ক্রোশ দন্দিণে
বিরজাদেবীর প্রাচীন মৃদ্দির। গর্ভ
মন্দিরে বিস্তুল দেবী। এস্থানে
পশুবলি হয় না। মাঘী ত্রিবেণী
আমাবস্থায় বিরজাদেবীর আবির্ভাব-

তিথি ছিসাবে এস্থানে উৎসব ও মেলা হয়। শারদীয়া প্রতিপৎ হইতে নবমী পর্যন্তও উৎসব হয়। মন্দিরের কালভৈরৰ পশ্চাতে আছেন। উত্তরাং**শে** 'নাভিগয়া'. তাহার পশ্চিমে গদাধর ও ঈশান কোণে নিমস্থানে মৃত্যুঞ্জয় শিব আছেন। মন্দিরের পশ্চান্তাগে প্রস্তর-গ্রথিত (১০০ × ৭০) ব্ৰহ্মকুণ্ড বা বির্দ্ধা-কুণ্ড |

বিষ্ণু (চৈচ আদি ১া৬৭) স্বাংশ, গুণাবতার। অর্চামৃত্তি—দেবস্থানে (জমধ্য ৯।৭৭), পাপনাশনে (জ ৯।৭৯), গজেন্দ্রমাক্ষণ তীর্থে (ঐ ৯।২২১), ত্রীবৈকুরে (ঐ ৯।২২২), বিষ্ণুকাঞ্চীতে (ঐ ২০1২১৭)। ২ (ঐ মধ্য ২০।১৯৬, ২২৯) পরব্যোমস্থ চতুর্ ্রহের দ্বিতীয় অন্ত:পাতী সম্ভর্ষণের বিলাস। চৈত্রমাদের অধিদেব, চতুভুজ-ক্রমশঃ দক্ষিণাধঃ হইতে বামাধঃ কর-পর্যস্ত গদা-পদ্ম-শঙ্খ-চক্র-ধারী।

বৈকুণ্ঠ (চৈচ মধ্য ২০।৩২৬) বৈৰত মন্বস্তরের অবতার।

শঙ্কর নারায়ণ (চৈচ মধ্য ৯/২৪৩) পরস্বিনী নদীর তীরে অবস্থিত অর্চা-মৃতি।

শেষশায়ী (চৈভা অস্ত্য ৯৷২৩১) অনন্তশ্য্যায় শায়িত মহাবিষ্ণু। বেশতবরাহ (চৈচ মধ্য ৯1৭৩) চাক্ষ্য মন্বস্থরীয় নুবরাহ, লীলাবতার: বুদ্ধ-কোলভীর্থে অধিষ্ঠিত বিগ্রহ।

শ্বর (চৈচ মধ্য ২০।১৯৭,২৩১) পরব্যোমের দিতীয় চতুর্গৃহবর্ত্তী প্রছামের প্রকাশমৃতি। শ্রাবণের व्यिश्तितः । ठकुकुक-क्तरम प्रक्रिगाधः

হইতে বামাধঃ কর পর্যস্ত পদ্ম-চক্র-গদা-শঙ্খধারী। यकी (देहज। जापि 81>>) गर्खात्मः দীর্ঘায়ুঃকামনায় পূজিতা গ্রাম্য দেবী। সম্বৰণ (চৈভা আদি >120) **ठ**जूर्राशस्त्री षिठीय **ठद, रेना**दृठ বর্ষে পার্বতী প্রভৃতি নারীবৃন্দ-সহিত শিব-কর্ত্ত্ব পৃঞ্জিত বিগ্রহ। মূল সকর্ষণরাপে ত্রীবলদেব, শেষরাপে শ্ৰীকৃষ্ণ সেবক। (চৈচ মধ্য ২০। ১৮৬, ১৯১) মশুরা ও দারকায় আদি চতুৰ্ব্যহৰতী প্ৰাভব-বিলাদ অস্ত্রভেদে, নামভেদে বৈভব-বিলাস। সদাশিব (চৈচ আদি ৬।৭৭) শৈব-মতে সর্বকারণ-স্বরূপ ও তমোগুণ-সম্বন্ধ-রহিত; স্বয়ংভগবান এক্সের বিলাস (ব্ৰহ্মসং° 4/84)। জীব-কোটি শিব হইতে সদাশিব পুথক তত্ত্ব (সভা) 'সত্ত্বং ব্লহঃ' ইত্যাদি বাক্যে (ভা ১া২া২৩) উক্ত শিবই ঈশ্বরকোটি, তিনি একাদশ ব্যুহাত্মক, পৃথিব্যাদি-অষ্টমৃতিক, ত্রিনয়ন এবং দশভুজ। সংহারক শিব কিন্ত জীব-কোটি। ঋকু শ্রুতির কুণোমি, তং 'তমুগ্রং তমুষিং', নারায়ণোপনিষদের (১) 'নারায়ণাদ্ ব্রহ্মা জায়তে, নারায়ণাদ্ ক্রুড়ো জায়তে'. মহোপনিষদের (>-- ২) 'তশু ধাানাম্বস্থ ললাটাৎ ত্র্যকঃ শূলপাণিঃ পুরুষোহজায়ত', 'প্রজাপতিঞ্চ মোক্ষধর্মের রুদ্র-ঞাপাহমেব श्वामि वि' ইত্যাদি বাকানিচয়ে জন্ম কথিত হওয়ায় শ্রীহরের জীবকোটিত্ব প্রমাণিত হয়। বিষ্ণুধর্মে আবার জগৎ-কার্যাবসানে ইঁহার প্রলয়ও কথিত আছে 'ব্রহ্ম।

শভুস্তবৈধবার্কশ্চন্দ্রমাশ্চ শতক্রতঃ | জগৎকার্যাবসানে তু সর্বে পঞ্চমু-পযান্তি বৈ ॥' শতপথাদিতে বিধির नना हे हहे एठ, मरहा शनिष्द क्यना-পতির ল্লাট হইতে এবং (ভা ১১। ৩)১০) কল্লান্তে সংকর্ষণের মুখানল হইতে ক্রন্তের আবির্ভাব কল্পভেদে স্বীকার্ঘ।

সাতা—গ্রীরামচল্রের মহিষী ও রাজ্বি জনকের কন্সা। পিতৃসত্যপালনের জন্ম প্রাম বনে গমন করিলে ইনিও তৎস্ক্রিনী হন। রাবণ ইহার ছায়া দণ্ডকারণ্য হইতে বলে হরণ করিয়া লঙ্কায় নিলে শ্রীরামচন্দ্র সগোষ্ঠী বাৰণের বিনাশ করত সীতাকে উদ্ধার করিয়া পুনরায় অযোধ্যায় আসেন। প্রজারঞ্জন-তৎপর শ্রীরাম ইংহাকে নির্বাসিত করিলে মহর্ষি বাল্মীকির তপোবনে ইনি লব ও কুশ-নামক যমজ পুত্রদ্বয় প্রস্ব করেন।

স্থভদ্রা—স্কান্স উৎকলখণ্ড-(১৯।৪৫-৪৬)-মতে শ্রীরুষ্ণ ও শ্রীবলদেবের মধ্যস্থলে বিরাজিতা লক্ষ্মী-স্বরূপিণী বলা হয়। ইনি শ্রীজগন্ধাথের ভগিনী বলিয়া পোরাণিকী কাহিনী থাকিলেও কিন্তু তিনি তাঁহার শক্তি-স্বন্ধপাই (উৎকলখণ্ড ১৯।১১—১৭ দ্রষ্টব্য)। শ্রীম্বভদ্রা দেবী সর্ব-চৈতম্মরপিণী লন্দ্রী মুর্ত্তান্তরে প্রাহ্নভূতা হইয়াছেন। ইনিই শ্রীকৃষ্ণাবতারে রোহিণীগর্ভে প্রকটিতা হন। গ্রীবলভদ্রের চিন্তা করিতে করিতে তিনি বলভদ্রাকৃতি পুরুষরূপে 'হইয়াছিলেন। স্ত্রীমৃতিতে শ্রীলন্দী সর্বত্র অবস্থিতা।

পুরুষরূপে ভগবান্ বিষ্ণু এবং স্তীরূপে

গন্ধী। এত্রভার এপুওরীকাক্ষেরই

শক্তিস্বরূপা ভগিনী ও শ্রীপ্রদায়িকা।। নামান্তর। नौनाक्षिमरहानरम ठजूर्शाधारम छेक **পাছে যে ইনি**—

ভেক্তানামবনায়ৈব তথা ভদ্রাপি ভদ্রদা। অধোলম্বিত-হস্তাজা কুষুমাভা শুভাননা॥' শ্রীক্বফের যোড়শ শক্তির একতমা। (রাধা ৬৩)

স্থ্যসঙ্গ (রত্না ৫।৩৭২৬) ইন্দু-লেখার যুথে চতুর্থী সখী স্থমঙ্গলার

হয়গ্রীব—(চৈচ মধ্য ২০।২৪২) নবব্যুহের অক্তম। ইনি বৈভবাবস্থ হইয়াও 'পরাবস্থ'-সদৃশ। (সভা ১। २७४) হরি—(চৈচ মধ্য ২০।২০০,২৩৫) পরব্যোমস্থ দ্বিতীয় **চতুৰ্** য়হের অন্তঃপাতী অনিরুদ্ধের বিলাসমৃতি;

বৈচিত্ৰ্যযুক্ত, চতুত্ব জ ক্ৰমশঃ দক্ষিণাধঃ

হইতে বামাধঃ পর্যন্ত শভা-চক্র-পদ্ম-গদাধারী। ২ (ঐ ২০।৩২৫) তামসে মন্বস্তরাবতার। হ্ববীকেশ-(চৈচ মধ্য ২০1১৯৭,২৩১) পরব্যোমস্থ দ্বিতীয় চতুৰু ্যহের অন্তঃপাতী অনিক্ষের বিলাসমূতি; ভাদ্রমাসের অধিপতি। চতুতু জ, ক্রমশঃ দক্ষিণাধঃ হইতে বামাধঃ কর পর্যন্ত গদা-চক্র-পদ্ম-শঙ্খধারী।

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩খ)

পরিশিষ্ট খं (গ্রন্থাবলो)

ভা

তাকিঞ্চন-সর্বস্থ — প্রীথণ্ডবাদী প্রীরঘুনন্দন ঠাকুরের শিশ্য বৈত্ত প্রীনয়নানন্দ
কবিরাজ-প্রণীত ! এই প্রান্থে
শ্রীনরহারিসরকার ঠাকুর-সম্বন্ধে অনেক
কথা বর্ণিত আছে। অপ্রকাশিত।
মতাস্তরে এই প্রন্থ প্রীরন্দাবনদাস
ঠকুরের রচনা। (শ্রীথণ্ডের প্রাচীন
বৈষ্ণব ২২৯ পৃষ্ঠা)।

অবৈতপ্রকাশ—শ্রীমদবৈত প্রভুর শিষ্য ঈশান নাগর-কত্তক অবৈত-প্রকাশ রচিত। ঈশান পাঁচ বংসর বয়সে পিতৃহীন হইলে তদীয় অনাথা জননী শীঅবৈত প্রভুর আশ্রয় গ্রহণ এবং মাতা পুত্র উভয়েই দীক্ষিত হন। অচ্যতানব্দের সহিত ঈশান লেখাপড়ায় ক্রমশঃ বুংপের হন। এীগোর-বিরহে প্রীঅদ্বৈত আত্মগঙ্গোপন করিতে ইচ্ছা করত শ্রীহটে ঈশানকে **স্বজন্মভূ**মি শ্রীগৌর-নামপ্রেম প্রচার করিতে আদেশ করেন। অধৈতের অপ্রকটে *জিশানকে* গমনোগ্যত বঙ্গদেশে গ্রীদীতাদেবী তাঁহাকে দেখিয়া বিবাহ করিতে ও শ্রীঅধৈত-চরিত্র বর্ণনা করিতে আদেশ করেন। এই অৱৈতপ্ৰকাশ গ্রীহটে নবগ্রামে রচিত হয়। ইহার প্রধান উপাদান —লাউড়িয়া কৃষ্ণদাসের (রাজা দিব্যসিংহের নামান্তর) 'বাল্যলীলা-

সূত্র', অধৈতের আবালা সঙ্গী
পদ্মনাত চক্রবর্তী ও শ্রামদাস
আচার্যের মুখাশ্রিত বৃস্থান্ত এবং স্বয়ং
দৃষ্ট ঘটনাবলী। ১৪৯০ শকে
গ্রাহকারের ৭০ বর্ষ বয়সে এই গ্রান্থ
শেষ হয় বলিয়া প্রকাশ।

ইহাতে ২২টি নাতিকুল অধ্যায়
আছে- শ্রীঅবৈত প্রভুর বিচিত্র
লীলাবলী বর্ণনা-প্রসঙ্গে শ্রীগৌরাঙ্গেরও
অনেক নৃতন কথা ইহাতে সন্নিবিষ্ট
হইয়াছে। ভক্তগণ-বৃত্তান্তও যথাযথ
ভাবে সমাবেশ হইয়াছে।

ঘটনাবলী-[>] সদাশিব ও মহাবিষ্ণুর মিলনে ছুঁছ এক মুর্ত্তি হইলে নাভাগর্ভে অবতীর্ণ হইবার জন্ম দৈববাণী—[লাউড় পরগণায় নবগ্রামবাদী] কুবেরাচার্য তর্ক-গৃহে পঞ্চাননের নাভাদেবীর স্বপ্ল-দর্শন-ক্রনাকের আবির্ভাব। [২] পণাতীর্থ-বিবরণ —কালীর মন্দিরে রাজপত্তের মূর্চ্ছাপনোদন— কমলাক্ষের দেবী-প্রণামে মৃতি বিদীর্ণ হইয়া দেবীর অন্তর্ধান। [৩] কমলাক্ষের অন্তর্ধানে কুবেরের শোক ও সান্তনা---শান্তিপুরে পুনরাগমন ও পিতামহসহ মিলন—অধ্যয়ন—গঙ্গার বিল হইতে অভূত উপায়ে গুরু-আজ্ঞায় পন্মানয়ন —বেদপঞ্চানন-উপাধি লাভ। [8]

পিতামাতার অন্তর্ধানে গ্রাশ্রাদ্ধ— তীর্থভ্রমণ-মাধবেলপুরী সহ মিলন —অনন্তসংহিতায় গৌরাবতার— বৃন্দাবনে মদনগোপালের বৃত্তান্ত— বিশাখার চিত্রপট ইত্যাদি। [৫] মাধবেক্রপুরীর শান্তিপুরে আগমন— অদ্বৈতের দীক্ষা-পুরীগোসাঞির চন্দন-চয়ন ও রেমুণাতে সিদ্ধিপ্রাপ্ত। [৬] শান্তিপুরে দিগ্বিজয়ীর আগমন ও দীক্ষা। [१] ব্রহ্মহরিদাসের বুন্তান্ত-বুড়ন গ্রামে জন্ম-গৃহত্যাগ; হরিদাস শান্তিপুরে— নামমহিমা- হরিদাসের বৈষ্ণব-বেশ —তর্কচুড়ামণি যত্নন্দনাচার্যসহ মিলন। [৮] এ ও সীতাদেবীর কথা-বিবাহ-সীতার স্বপ্নে মন্ত্রলাভ, [১] হরিদাসের ফুলিয়া-গমন —রামদাস বিপ্রকে হরিনামদান— (तनारभारण (तथात छिन्नात, यन-উদ্ধার- সর্পের কর্ণে হরিনামদান-হরিদাসের মহিমা ও অবৈতের প্রতিজ্ঞা। [১০] অধৈত-কর্ত্তক নবদ্বীপে টোলস্থাপনা--শচীজগন্নাথকে চতুরক্ষর 'গৌরগোপাল-মন্ত্রে দীক্ষা —গোরাঙ্গের জন্ম ও বাল্যলীলা। [১১] অচ্যতের জন্ম, ঈশানের আগমন— কুষ্ণমিশ্র ও গোপালদাসের জন। [১২] গৌরাঙ্গের শান্তাংযুরন - ক্লফমিশ্রের 'সপ্রণব গৌরায় নমঃ'

মল্লে চাঁপাকলা-নিবেদন—'গৌরনামে নাম ভুক্ত'--লোকনাথের ভাগবতপাঠ ও মন্ত্রগ্রহণ—গৌরাঙ্গের 'বিস্থাদাগর' উপাধি-লাভ—বিদার ও বিবাহ। [১৩] ঈশর পুরীর নবদীপে আগমন—গৌরাঙ্গের পূর্ববঞ পদ্মনাভ-গৃহে বিজয়— তপনমিশ্র— বিষ্ণুপ্রিয়া-পরিণয়। [১৪] গয়া-গমন-দীক্ষাগ্রহণ---নিত্যানন্দ-মিলন ---অদৈতের জ্ঞানব্যাখ্যায় গৌরের ক্রোধ—তিন প্রভুর ভোজন। [১৫] বলরাম ও জগদীশের জন্ম—সন্ন্যাসে শচী, বিষ্ণুপ্রিয়া ও অদৈতের অবস্থা —শান্তিপরে মিলন—শ্রীক্ষেত্রযাত্রা - সার্বভৌম-মিলন। [১৬] মহাপ্রভুর নীলাচল হইতে শান্তিপুরে আগমন —রূপস্নাতন—র্ঘুনাথ্দাস—মথুরা-গমন—শান্তিপুর হইতে গোরার আজ্ঞাপুষ্পরথে অচ্যতের ব্রজে গমন এবং গোপীব্ৰজ (বৃন্দাবন) হইতে ভক্তিব্রভের (নবদীপের) মাহাত্মাতি-শয়-প্রকটন – রাধাকুও ও গোবর্দ্ধন-মাহাত্ম। [১৭] প্রয়াগে শ্রীরূপ-মিলন-কাশীতে আগমন-চন্দ্রশেথর ও তপ্নমিশ্র সহ মিলন উলঙ্গ সন্ন্যাসিসহ অচ্যুতের বিচার— সন্ন্যাসির প্রেমলাভ এবং গৌরনাম-মাধুর্ঘামুভব--- 'গ্রীগোরাঙ্গ-নাম শুদ্ধ প্রেমরসময়। সিদ্ধহরি নামাপেক। মাধুর্ঘাতিশয়॥' প্রবোধানক-উদ্ধার। (১৮) অদৈতের সীতাসহ নীলাচল-যাত্রা—রথযাত্রায় গোপাল দাসের মৃচ্ছা-মহাপ্রভুর ভিক্ষানিমন্ত্রণ— ঈশানের প্রতি প্রভুর উপদেশ-সার, —কবিকর্ণপূর—ভক্ত কুকুর—ছোট হরিদাসের বর্জন। এক্রপের এক্ষেত্রে

আগমন---নাটক-রচনা---মহাপ্রভুর ভাগবত ও ভাষের চীকা-সনাতনের কণ্ডুক্ষয়——রথোৎসব——হরিদাস-নির্যাণ। [২০] সূর্যদাস পণ্ডিতের ক্যাদ্ব্য—গোরীদাস পণ্ডিত-কর্ত্তক সর্বপ্রথম খ্রীগোরনিত্যানন্দ-মৃত্তি-প্রতিষ্ঠা, শ্রীঅদ্বৈতকর্ত্র কৃষ্ণমন্ত্রে গৌরপূজা ও নারায়ণমন্ত্রে নিত্যানন্দ পূজার ব্যবস্থা হইলে শ্রীঅচ্যুতানন্দ-কর্ত্তক খণ্ডবাসী নরহরির গৌরমত্রে গৌরপূজার কারণ-জিজাসা—অদৈত বলিলেন—'প্রভু কহে প্রীকৃষ্ণচৈতন্ত প্রেমার্ণবে। ভক্তি-অমুসারে পুজা সকলি সম্ভবে।' বস্থধার মৃতদেহে নিত্যানন্দকত্ত ক প্রাণ-সঞ্চারণ ও বিবাহ—জাহ্না দেবীকে যৌতুক-স্বরূপে গ্রহণ-খড়দেহে খ্রামস্থলর-প্রতিষ্ঠা। অদৈতের পুনঃ জ্ঞান-ব্যাখ্যা, মহাপ্রভুর শান্তিপুরে আগমন ও মিষ্ট বাক্যে ভৎদ না—ভক্তিব্যাখ্যা, অবৈত-শিষ্যগণের দৈবিধ্য। [২৩] জগদানন্দ-শচীর সংবাদ-—অদৈতের প্রহেলিকা, বিষ্ণুপ্রিয়ার অবস্থা---মহাপ্রভুর অন্তর্গানে অবৈত্যের শোক, কুষ্ণমিশ্রে সেবাসমর্পণ—বলরাম ও জগদীশের कृष्णमृत्ति-ष्ठाभन। [२२] অদ্বৈত ও নিত্যানন্দের বিরহ-বর্ণনা, অবৈতের খড়দহে গমন—নিত্যানন্দের অন্তর্ধান ও মহোৎসব—বিষ্ণুপ্রিয়ার কঠোর ব্রত, দাস গদাধরের মুখে বিষ্ণু প্রিয়ার বুতান্ত-শ্রবণ; অদৈতের সঙ্গন 'প্রভু কছে মোর ছঃখ শুন ভক্তগণ। মোর ছ্টগণে গৌরাঙ্গ-নিন্দন ॥ ইহা মোর পরাণে নাহিক সহা হয়। তার প্রায়ন্চিতে দেহ তেজিমু িশ্চয় ॥'

শ্রীঅদ্বৈতের শেষ উপদেশ— 'প্রীচৈত্য মহাপ্রভুর গুণ আর ধর্ম। যথাসাধ্য প্রচারিবা এই মোর মর্ম॥ প্রীগোরাঙ্গ-দেষী যত পাষতী অসভা। তা সভার সঙ্গত্যাগ অবশ্র কর্ত্তব্য ॥'

শ্রীঅবৈতের অন্তর্ধান - গ্রন্থকারের লাউড-গমনের কারণ।

এই গ্রন্থে কোথাও পাণ্ডিত্য-প্রকাশের চেষ্টা নাই, ভাষাটিও সরল. আড়ম্বরহীন অথচ মধুর, কিন্তু আধুনিক বলিয়া কাহারও মতে ইহা ষোড়শ শকাকার রচনা নহে। এই গ্রন্থে অবৈতপুত্রের জন্মতারিখণ্ডলি দনিশ্ব, অন্তান্ত প্রামাণিক গ্রন্থের সহিত ঘটনা-পারম্পর্য রক্ষিত হয় गारे ।

অবৈতমঙ্গল—দ্বিজ খ্যামদাস-কৃত। অনাবিষ্ণত।

২ ঐতিহৈত-নন্দন অচ্যতানন্দের আজ্ঞায় শ্রীহরিচরণদাস-কর্তৃক এই গ্রন্থ রচিত। গ্রন্থকার বোধ হয় অচ্যুতানন্দের শিষ্য। অদৈভমঙ্গল পাঁচ অবস্থায় ও তেইশ সংখ্যায় পাঁচ অবস্থায় যথাক্রমে বাল্য, পৌগও, কৈশোর, যৌবন ও বাৰ্দ্ধক্য-বয়সোচিত লীলামালা বর্ণিত হইয়াছে। গ্রন্থকার বিজয়-পুরীর নিকট হইতে শ্রীঅবৈতের বালালীলা অবগত হইয়াছেন। শ্ৰীচৈতত লীলা কবিকর্ণপুরের বৰ্ণনাত্মক গ্ৰন্থ ব্যতীত ইহাতে অন্ত কোনও গ্রন্থের নাম নাই। গ্রন্থশেষে অমুবাদে গ্রন্থহিচ দেওয়া হইয়াছে। তিন প্রভু একতা হইয়া শান্তিপুরে **पाननीना** जिन्न (१) ইहाর এक

: 800

বৈশিষ্ট্য। গ্রন্থকার সম্ভবতঃ আচার্য প্রভুর বর্ত্তমান কালে এই গ্রন্থ রচনা করিয়াছেন। এই গ্রন্থের বর্ণনা শ্রীমুরারি, কবিকর্ণপূর ও শ্রীবৃন্ধাবন-দাসের বিরুদ্ধ বলিয়া প্রামাণিকতায় যথেষ্ট সন্দেহ মাছে।

বথেপ্ত সন্দেহ আছে।

আইতেবিলাস:— শ্রীনরহরিদাস-কত।

শ্রীবীরেশ্বর প্রামাণিক-কর্তৃক
প্রকাশিত। বঙ্গীর সাহিত্য পরিবৎ
পূঁথিসংখ্যা—২৬৫। অপ্রামাণিক।
আইতেসূত্র-কড়চা—জনৈক কৃষ্ণদাসের রচনা। এই গ্রন্থে মাধবেন্দ্রপূরী ও অহৈত প্রভুর মধ্যে
কথোপকথনচ্ছলে তত্ত্বকথা বর্ণিত।
ছয় গোস্থামির কথাও ইহাতে বাদ
যায় নাই। হৈতক্তচরিতামূতের মতই
সব ভণিতা। [কলিকাতা বিশ্ববিল্ঞালয় পুঁথি ৩৯৫৮]। এই গ্রন্থের
নামাস্তর 'অবৈত্তত্ত্বসূত্র' (বিশ্ব-

অনককদমাবলী— শ্রীবীরচন্দ্র প্রত্ন পত্নী স্থভদ্রা দেবী মা জাহুবার তিরোধানের কথা শুনিয়া শত শ্লোকে এই কাব্য রচনা করিয়াছেন। মুরলীবিলাসে (৩২৩ পৃষ্ঠা) ইহার একটি শ্লোক দেখা যায়। ['স্থভদ্রাদেবী'দেখুন]।

ভারতী ৩২৪) I

অনন্তমগুরী-সম্পু টিকা— শ্রীরামচন্দ্র গোস্থামী-(রামাই)-বিরচিত এই গ্রন্থে চারিটা লহরী, প্রায়ই ত্রিপনী ছমে রচিত। প্রায়শঃই শ্রীরুম্বাবন-চন্দ্র দাস-কৃত 'ভজনচন্দ্রিকা' হইতে প্রমাণ-শ্লোকসমূহ উদ্ধৃত হইয়াছে। এই গ্রন্থকার মা জাহ্নবার পালিত পুত্র; শ্রীদেবকীনন্দনের বৈঞ্চব-বন্দনায় আছে—

জাহবার প্রিয় বন্দো রামাই গোসাঞি। य चानिन शोफरमर्भ कानाई वलाई॥ থৈছে বীরভদ্র জানি তৈছে প্রীরামাই। জাহুবা মাতার আজা, ইথে আন নাই॥ এই জন্মই গ্রন্থকারও বলিতেছেন — 'तष्ट्रशानसन नीत, मर्वत्रकलाधीत, বন্দো সেই অগ্রজ-চরণ।' প্রতিপাগ্র বিষয়—শ্রীনিত্যানন্দে **অনঙ্গমঞ্জ**রীর षात्म, नीनापि। প্रथम नहतीरा শীরাধাকৃষ্ণ বদরামকে আনন্দ, চিৎ ও সংশব্ধ-বাচ্য বলিয়া পরে তিন তত্ত্বকেই 'এক বস্তু, ব্লপ মাত্ৰ ভিমু' (ভিন্ন) বলা হইয়াছে। তৎপরে শ্রীবলদেবভত্ত-নিরূপণ, সঙ্কর্ষণ, শেষ প্রভৃতি হইয়া দেবাত্বখাত্বাদন। সং ও চিৎ তত্ত্বে মিলিত পুরুষদেহে বলদেব কৌমার ও পৌগতে শ্রীকৃষ্ণসহিত দাস্ত, সখ্য ও বাৎসদ্য রসে বিবিধ খেলা করেন, কিন্তু শ্রীবলদেবের মুখ্য রস অতিগুহা। দ্বিতীয়ে—বলরাম প্রকৃত্যংশে গোলোক (গোকুল) রচনা করেন, গোষ্ঠ-ক্রীড়ানায়ক-প্রধান, আননাংশে তিনি রাধাভাবযুক্ত 'মহাগূচশক্তি' অনঙ্গমঞ্জরী। তৎপরে অনপমঞ্জরীর বেশভূষা ও অনপামুজ কুঞ্জে প্রীকৃষ্ণসহ বিহার-বর্ণনা।

ठृजौरा — जनत्रमञ्जती-त्तरह त्रि-

खन-क्रथ-निक्रथन, गृत्थचती एनत नाम।

চতুর্থে-সেই অনসমঞ্জরী একণে মা

জাহ্নবা. অনঙ্গমঞ্জরীর আহুগত্যে

সাহিত্য পরিষদের পুঁথি নং ২৪৩২।

সেবা-প্রার্থনা ইত্যাদি।

শীরাধার মহানক,

স্হচরীগণের নাম-

চিহ্ন দেখিয়া

অনঙ্গমঞ্জরীর

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩খ)

অনন্তসংহিতা—(রাজসাহী বরেন্দ্র অন্সন্ধান সমিতির পুঁথি ২২৯) ইহাতে ৫৫ হইতে ৫৮ অধ্যায় পাওয়া গিয়াছে। ৫৫-তম অধায়ে অগস্ত্য-কমঠ-সংবাদে যুগধর্মাদি-কথন, ৫৬-তম অধ্যায়ে শ্রীচৈতন্ত্র-জন্ম-বার্ত্তা. ৫৭-তম্ অধ্যায়ে শ্রীচৈতগ্রগণের পূর্বসিদ্ধ নামাবলী-কীৰ্ত্তন এবং ৫৮-তম অধ্যায়ে শ্রীচৈতগ্রন্তবাদি কীর্ত্তিত হইয়াছে। খিভিড ী। কলিকাডা সংশ্বত সাহিত্য পরিষদেও এইরূপ খণ্ডিত পুঁথি আছে [১৩২ অ]। অনর্ঘরাঘব-কবি জয়দেবের সম-সাময়িক পশ্চিম রাচের কবি মুরারি মিশ্র শ্রীজগরাথদেবের উৎসব-সম্পর্কে অভিনয়ের জন্ম ইহা প্রণয়ন করেন। অনগ্রমোদিনী—কবিরাজ মনোহর দাসের শিষ্য শ্রীপ্রিয়াদাসজি ১৬৩৫ শকাকায় এই পদাবলী হিন্দী ভাষায় রচনা করেন। ইহাতে ৬৯ দোহা. ৬ কবিত্ত এবং ব্যাস্জির ১১টি পদ সনিবিষ্ট হইয়াছে। প্রারম্ভ যথা-প্রীচৈতক্ত মনহরণ ভজ শ্রীনিত্যা-

নন্দ সঙ্গ। শ্রীঅহৈতপ্রত্ম পরিষদ জৈসে অজী অঙ্গ। ১॥ রসিক-শিরোন্দি বিজ্ঞবর শ্রীমদ্রূপ অনুপ। সদা সনাতন ধরি হিয়ে দৌউ এক স্বরূপ। ২॥ কহুঁ বিন্দু কহুঁ বিন্দু হৈ কহুঁ চল্লু ভরি জান। মূল সিল্পুরু রস রসিকভা রূপসনাতন মান॥ ৫॥ অনুরাগবল্লী—শ্রীনিবাস আচার্য প্রভুর শিশ্বাফুশিশ্ব শ্রীমনোহর দাস ১৬১৮ শকাকার রচনা করেন। ইহাতে আচার্য প্রভুর চরিত্র আস্বাদন

করা হইয়াছে। ইহা আটটি অধ্যায়ে

(মঞ্জরীতে) বিভক্ত। প্রথমে— শ্রীগোপাল ভট্টের চরিত্র, দিতীয়ে —আচার্য প্রভুর প্রীক্ষেত্রে গমন, শীধাম নবদীপে আগমন—দাস গদা-ধরের নিকট পণ্ডিত গদাধরের সংবাদ বলিতে বিশারণ হইয়া নিজেকে অপরাধী মনে করত আচার্য প্রভুর অন্ন-জল-ত্যাগ-শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর ভজন-পরাকাষ্ঠা শীনিবাসের 13 অপরাধকালন এবং আপাদমন্তকের দর্শনদান ইত্যাদি। তৃতীয়ে— শ্রীপণ্ডিত গোস্বামির বিরহে দাস গদাধরের উন্মাদ, আচার্যপ্রভুর শান্তি-হইয়া খড়দহ খানাকুলে পুর, শ্রীঅভিরাম গোস্বামির নিকট গমন ও পরীকা--'জয়ময়ল' চাবুক ঘারা তিনবার শ্রীনিবাসকে আঘাত— শ্রীনিবাসের অদ্ভূত প্রেমপ্রাপ্তি. শ্রীবৃন্দাবনে গমন ও শ্রীগোপাল ভট্ট গোস্বামির কুপালাভ। চতুর্থে— গ্রীগোবিন্দ-গোপীনাথ- মদনমোহনের শ্রীমতীর মূৰ্ত্তিস্থাপনা— শ্রীগোবিন্দ-মন্দিরে শ্রীকাশীশব গোশাঞি-কর্ত্তক শ্রীগোরাঙ্গ-স্থাপন-ঠাকুর মহাশয়ের <u> শ্রীলোকনাথ</u> গোস্বামি হইতে ক্বপালাভ। পঞ্চম—প্রীআচার্য প্রভুর বনভ্রমণ, গমন-সম্বন্ধে কথাবার্ত্তা গোডে ইত্যাদি। যপ্তে—গ্রন্থাদি সহ গোড়ে আগমন, পুনঃ বুন্দাবন-যাত্রা, খ্যামা-নন্দ প্রভুর বৃতান্ত, গোবিন্দ কবি-রাজের সংক্ষেপ-বিবরণ। সপ্তমে— আচার্য প্রভুর শাখা-বর্ণনা। অষ্ট্রমে---চারি সম্প্রদায়ের গুরু-প্রণালী, হরি-নাম-ব্যাখ্যা, গ্রন্থকারের গুরু শ্রীরাম-

শরণ চট্টরাজের স্থচক। এই শোচকটি ১১টি শ্লোকে গ্রথিত এবং গ্রন্থকারের উত্তম সংস্কৃত বিতার পরিচায়ক। [পাটবাড়ী পুঁথি বাং কা ১, ১৬০০ শক ।। অন্বয়বোধিনী--ক্বিচ্ডামণি-চক্রবর্ত্তি-কৃত। শ্রীধরস্বামিকত ভাবার্থনীপিক। শ্রুতির উপর ব্যাখ্যান। শঙ্কর-মতামুযায়ী ব্যাখ্যা। ইনি প্রীরুন্দাবন-বাসী দিজ বলিয়া পরিচয় দিয়াছেন। 'বৃন্দার্ণ্য-নিকুঞ্জন্থ: কবিচুড়ামণি-শ্রুতিস্তৃতি-শ্রুতিব্যাখ্যাম-করোৎ সর্বসন্মতাম্।' অপ্রকাশিত পদর্ভাবলী— শ্রীসতীশচন্দ্র রায় এই গ্রন্থে ছয় শতের অধিক পদাবলী সংগ্রহ করিয়াছেন। ইহাকে পদকলতক্তর 'প্রপৃত্তি' বলা চলে। ইছাতে বহু জ্ঞাতব্য বিষয়, ত্বরুহ ও অধুনা অপ্রচলিত শব্দের ব্যাখ্যা দেওয়ায় গ্রন্থথানি পদাবলি-আলোচকদিগের অতিসহায়ক। অভিনব গীতগোবিন্দ-পুরীর গজ-পতিরাজ পুরুষোত্তম-দেব বিরচিত কাব্য। মহামহোপাধ্যায় হ্রপ্রসাদ শাস্ত্রী ইহার উল্লেখ করিয়াছেন। Vide Report 1895-1900, page 18] also History of Classical Sanskrit Literature by Dr. M. Krishnamachariar.] এতভিরামগোপালের শাখা-

নির্ণয়-শ্রীঅভিরাম

(কৈয়ড়), ৩।

(শোঙালুক),

১। গ্রীকাত্রকণ্ণ গোস্বামী (থানাকুল,

ক্বঞ্চনগর), ২। বেদগর্ভ আচার্য,

দাস-কৃত।

বাঙ্গাল কুঞ্চদাস

৪। হরিদাস

(গৌরহাটী), ৫। কুফানন্দ অব ধৌত (দ্বিপাহার হাট), ৬। পাখিয়া গোপাল দাস (हिलात), १। तक्रमी পণ্ডিত (ভাঙ্গামোড়া), ৮। মোহন দাস (সীতানগর), ৯। গৰ্জন নারায়ণ (পাক্মালট্যা), ১০। সত্য রাঘবদাস (বৈশামুড়ি), ১১। মুকুন্দ-পণ্ডিত (সোণাতলা), ১২। মুরারি नाम (शोफ, माननह), মধুমোহন দাস (পাণিছাটী), 186 হীরাধর দাস (অনন্তনগর), গোপালদাস (লাউসর), ১৬। বিজটা নারায়ণ দাস (রাধানগর), ১৭। অচ্যুত দাস (কোঠরা), ১৮। দরিস্ত লক্ষীনারায়ণ দাস (পাটনা), ১১। নন্দকিশোর দাস (চুণাখালি), ২০। বলরাম দাস (তকিপুর, বেলগ্রাম). ২০। গোপীখোহন দাস (মাকড়া) ২২। পুরুষোত্তম আচার্য (নিধুপাড়া), ২২ई। এনিবাস আচার্য (নবদীপ)। (এপ্রসরকুমার গোস্বামি-সঙ্কলিত ৪০৯ গৌরাব্দের গ্রন্থাবলম্বনে) শ্রী অভিরামলীলামুত---শ্রীতিলক-রামদাস-কৃত বিংশতি-পরিচ্ছেদামক এই প্রীপ্রভিরামলীলামৃত নামক গ্রন্থে শ্রীশ্রীঅভিরাম প্রভুর অপরূপ সংকলিত হইয়াছে। লীলামালা পরিচ্ছেদে--শ্রীবৃন্দাবনের শ্রীদাম স্থার যথাবস্থিত দাপর্যুগীয় অভিরাম-নামে দেহে প্রকাও আবিভাব ও শ্রীমন্ মহাপ্রভূসহ দ্বিতীয়ে— কথোপকখনাদি। গোপিকার বস্তুহরণ-লীলা, তৃতীয়ে— गानिनी-विवत् , **Б**ङ्र्र्थ-श्रीमनन-মোহন-মিলন, পঞ্চম-বগ্ডিতে প্রীকৃষ্ণরায়জির পরী**ক্ষ**া, কাজীগৃহ

a!

থাকিলেও

কাৰ্পণ্য ইহাতে

হইতে **এ**মালিমীর উদ্ধার, প্রীপ্রজগর্গেদেবের প্রকাশার্থ **এগোরাঙ্গ**নহ পুরুষোত্ত্য-ক্ষেত্রে গমনাদি। ষষ্ঠে-ক্রঞ্বনগরে আগমন ও বাস্থলীর সহিত মিলন, সপ্তমে— गहायद्वारज्ञ गानिनी-পরीका ও পাষওদলন। অষ্টমে—শিশ্ব হরিদাসের ভাপন। নবমে—বাজাল ক্ষনাস্সহ মিলন; দশমে—পাথিয়া গোপালের স্থাপন, একাদশে--ক্লফানন্দ অবধৌত-স্থাপন, দ্বাদশে--রজনী পণ্ডিত-মিলন, ত্রয়োদশে ও চতুর্দশে—মুকুন্দ পণ্ডিত-সহ কথন ও মিলন, পঞ্চদশে—শ্রীবীর-চন্দ্র-মিলন, ষোড়শে—শ্রীনিবাসাচার্য প্রভুর বৈষ্ণবদেবাদি, সপ্তদশে— শ্রীনিবাসসহ মিলন, অষ্টাদশে—বেদ-প্রেম-স্থাপন, উনবিংশে— শ্রীনিবাদের সহিত বিষ্ণুপুরে পুন্মিলন বিংশে—বেদগর্ভের মদন-গোপাল-প্রাপ্তি ও স্থাপন। সঙ্গোপন-প্রসঙ্গ |

শ্রীতিলকরামের ভাষাটি সরল. গ্রন্থকার শ্রীঅভিরামেরই শিষ্য, তাঁহারই কুপাদেশে এই গ্রন্থ বর্ণনা করিয়াছেন, যথা চতুর্থে—

'উঠ উঠ ওরে শিষ্য শুনহ বচনে। আমার যতেক লীলা করহ বর্ণনে॥ এত বলি মোর মাথে চরণ ধরিলা। চরণ-পরশে লীলা স্মরণ হইলা'॥

অভিরাম- বন্দ্রা- - রাইতরণদাস-প্রণীত। অভিরাম গোপালের জীবনী এবং প্রদঙ্গতঃ মা জাহ্নবা বিষয়ক প্রসঙ্গ ইহাতে বিবৃত হইয়াছে। ১৮৭৬ খু: শ্রীবিপিনবিহারী গোস্বামি-কৰ্ম্বক সম্পাদিত। অমিয়নিমাই চরিত-মহাত্মা শিশির কুমার ঘোষ মহাশয়-কর্তৃক ছয় খণ্ডে অবস্থায় উক্ত। ইহাতে শ্রীমন্ মহাপ্রভুর জীবনী স্থরসাল

ভাষায় অভিত্মশার স্ঞীবতার সহিত ইংরাজীতে Lord গ্ৰথিত। Gouranga' বঙ্গভাষায় এবং 'অমিয়নিমাইচরিত' কত শত নর-

নারীর প্রভৃত কল্যাণ করিয়াছেন— नाई। श्नि তাহার ইয়তা এই গ্রন্থের অমুবাদ ভাষাতেও

হইয়াছে। অয়ি-দীন-শ্লোকার্থ-সিম্বুর বিন্দু-

প্রকাশ-১৭০২ শকাবে বক্রেশরের নিকটবর্ত্তী গ্রামের অধিবাসী জনৈক কিশোরী দাসের রচনা। শ্রীমাধবেল্র-পুরীর প্রসিদ্ধ শ্লোকের ভাষ্টই ইহার

(সাহিত্য-পরিষৎ-পত্ৰিকা ৮; ১৮৭ পৃষ্ঠা)। অর্থরত্নাল্পদীপিকা---- এত্রীক্রফদাস

কবিরাজ গোস্বামি প্রভুর পদাশ্রিত শ্রীল মুকুন্দদাস গোস্বামী ভক্তিরসামৃত-সিন্ধর 'অর্থরত্নাল্পদীপিকা' নাতিবৃহৎ টীকা করিয়াছেন। ইনি যে কবিরাজ গোস্বামিপাদের শিষ্য তাহাও টীকার মধ্যে দক্ষিণ-বিভাগের মঙ্গলাচরণ শোকেই লিখিয়াছেন-

'(ययाः क्रभावत्मदेनवाभद्यानघाटे মহাপ্রভাঃ। প্রবৃত্তিঃ সহসাতে মে গতিঃ কুষ্ণক্বীশ্বরাঃ॥'

गैका-शावरछ देनि श्रीमहीनकन, শ্রীনন্দনন্দন, শ্রীরূপ-গোস্বামিপাদ ও তদাশ্রিতজনকে বন্দনা করিয়াছেন। উপসংহারেও শ্রীরূপগণকেই বন্দনা করিয়াছেন। চীকাটি অভি সরল, প্রাঞ্জল, প্রীজীবপাদের ক্যায় অক্ষর-

সংক্ষেপে সার কথাই উক্ত হইয়াছে। স্থলবিশেষে শ্রীজীবের টীকার মর্ম পারিলেও এটীকার না সাহায্যে তত্তৎস্থল স্থাই অধিগত করা যায়। অর্থরত্বাল্পনীপিকার একটি পুঁথি নবদীপের হরিবোল কুটীরে খাছে। লিপিকাল ১৬৩৭ শকাকা। অলঙ্কার-কৌস্তভ--- শ্রীকবিকর্ণপূর-বিরচিত অলঙ্কার-শাস্ত্র। দশটি কিরণে (অধ্যায়ে) বিভক্ত। প্রথম কিরণে—'ধ্বনি নাদত্রশ্ব' নির্ণয় করত যোগশাস্তমতে 'পরা পগুন্তী' প্রভৃতি নাদের সর্বোৎকর্ষ প্রতি-পাদিত হইয়াছে। ধ্বনির কাব্য-প্রাণতা প্রতিপন্ন করিয়া তৎপরে রসাপকর্ষ-দোষরহিত যথাসন্তব গুণালন্ধার ও রসাত্মক শব্দার্থদয়ই কাব্য—ইহা নির্ণয় করা হইয়াছে। কবির লক্ষণ-যিনি সবীজ তিনিই কবি, অলঙ্কারাদি বহু শাস্ত্রজ্ঞ, সরস ও প্রতিভাশালী। 'বীজ' শব্দে সংস্থার-বিশেষই যাহাতে কাব্য-নিৰ্মাণ ও কাব্যাম্বাদন-বিষয়ে সামর্থ্য আসে। ত্রিবিধ-উত্তম (বিশিষ্ট-ধ্বনিধুক),

সংজ্ঞাপ্রাপ্ত হয়। দ্বিতীয়ে-শ্রেটবাদ - স্বীকারে আন্তর ও বহিন্ফোটদ্বয়ের নির্ণয়— বর্ণাত্মক শব্দের সাধু ও অসাধুভেদ; জাতি, ক্রিয়া, গুণ ও দ্রব্যভেদে পুনরায় তাহাদের চাতুর্বিধ্য-মুখ্য, লাক্ষণিক ও ব্যঞ্জকভেদে শব্দও

মধ্যম (মধ্যম-ধ্বনিযুক্ত) ও অধম

(অস্পষ্ট-ধ্বনিযুক্ত); ধ্বনি ধ্বন্তস্তর

সমর্পণ করিলে সেই কাব্য উত্যোত্তম

ত্রিবিধ—তাহারাও আবার রুট. যোগরাত ও যৌগিকভেদে ত্রিবিধ। সমাসশক্তির বছবিধত্ব নিরূপণপূর্বক অভিধাদি-বুত্তিত্রয়ের প্রতিপাদন নানাবিধ অর্থবিশিষ্ট-হইয়াছে। শব্দের প্রক্রতার্থবোধের নির্দ্ধারক হইতেছে—সংযোগ, বিয়োগ, সহচারিতা, বিরোধ, অগুশব্দের সালিধ্য, দেশ, কাল, সামর্থ্য, ঔচিত্য, লিঙ্গ, অর্থ, প্রকরণ, ব্যক্তি প্রভৃতি। আবার অর্থেরও বাঞ্জকত্ব-নির্দ্ধারক হইতেছে—বোদ্ধব্য, বক্তা, প্রকৃতি, কাকু, প্রকরণ, দেশ ও কালাদির বৈশিষ্ট্য।

অল্ফার-কৌস্তভ

ধ্বনি-নির্ণয়াত্মক তৃতীয় কিরণে— রুসাখ্যধ্বনি বাতীত অন্য ধ্বনি কাব্যের প্রাণ, কিন্তু রসাখ্যধ্বনিই ধ্বনিভেদ—লক্ষণামূলক ধ্বনি অবিবক্ষিত-বাচ্য হয়, ইহা তুই প্রকার—(১) অর্থান্তরোপ্সংক্রান্ত ও (২) অত্যন্ততিরস্কৃতবাচ্য। অভিধা-মূলক ধ্বনিতে বিবক্ষিতবাচ্যও (১) লক্ষ্যক্রমব্যঙ্গ্য এবং (২) অলক্ষ্যক্রম-ব্যঙ্গাভেদে দিবিধ। ইহাদের ৫১ প্রকার ভেদ লক্ষণ ও উদাইরণ সহ প্রতিপাদিত হইয়াছে। প্রতায়াদি-জনিত বস্তল**হা**রাদিবাঙ্গ। বাচ্যের উদাহরণ দেখাইয়া শঙ্কর-প্রদর্শনপূর্বক ত্রৈবিধ্য দুষ্টান্ত-সহ সিদ্ধান্ত হইয়াছে—'ধ্বনন ধ্বননরূপে ধ্বনির ব্যাপার্ষয় আছে; কেবল যেস্থলে ধ্বনন তাহা উত্তম কাব্য; কিন্তু যেখলে ধ্বনন ও অমুধ্বনন আছে. তাহাই উত্যোত্য কাব্য।'

গুণীভূতব্যঙ্গ্যনির্ণয়াত্মক চতুর্থ কিরণে--ধ্বনিব বৈশিষ্ট্যে আট প্রকার ভেদ **ए** । इहेशाइ—(১) भू है, (২) অপরাজ, (৩) বাচ্যপ্রপোষক, (৪) কষ্টগম্য, (৫) সন্দিশ্বপ্রাধান্ত, (৬) তুলাপ্রাধান্ত, (৭) কাকুগম্য ও (৮) অমনোজ্ঞ।

রসভাব- তদভেদ- নিরূপণাত্মক পঞ্চম কিরণে—ভরত মুনির মতে বিভাবান্থভাবাদি রসনিপত্তির জ্ঞাপক। রতি রস, রসাভাসাদি— রসাম্বাদন-পদ্ধতি; সামাজিকের 'রদের দার হইতেছে চমৎকার'— শৃঙ্গার, বীর, করুণ, অডুত, হাস, ভয়ানক, বীভৎস, রৌদ্র, শাস্ত, বাৎসল্য, প্রেমাই--দৃশ্র ও প্রব্য-কাব্যের একাদশ রস। গ্রীপাদের মতে প্রেমরসেই স্কল রসের অন্তর্ভাব আছে, ভক্তিরস-শৃঞ্চারের সজোগ ও বিপ্রালম্ভ ভেদম্বয়, পূর্ব-অভিলাষ. চিস্তাদি দশ অবস্থা; ভাষী, ভবন ও ভূতভেদে বিরহ তিন প্রকার; মানও দ্বিবিধ – ঈধ্যাসম্ভূত 13 প্রণয়সম্ভূত। পরস্পর অবলোকনাদি মধুপানাস্ত সজ্যোগের বিবৃতি। সপ্রপঞ্চ বিরহ ও মানাদি; নায়কভেদ ও তদ্-গুণাবলি: নায়িকাভেদ, অভিসারি-कामि अष्टे जनशा, ভাবহাবাদি স্থীদুতীপ্রভৃতি, অল্কারসমূহ; উদ্দীপন বিভাব, অমুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী প্রভৃতি এবং ভাবোদয় ইত্যাদি বিষয়ের স্থম্পষ্ট নিরূপণ।

গুণবিবেচনাত্মক ষষ্ঠ কিরণে মাধুর্যাদি গুণত্রয়-নির্মাপণ, অর্থব্যক্তি, উদারতাদি সপ্ত অতিরিক্ত গুণের উদাহরণাদি।

শব্দালক্ষার-নির্ণয়াত্মক সপ্রম কিরণে—বক্রোক্তি, শ্লেষ, অমুপ্রাস যমক, ভাষাশ্লেষাদি এবং চিত্রকাব্য। অর্থালঙ্কার-নির্ণয়াত্মক অষ্ট্রম কিরণে উপমাদি সুকল অলঙ্কারের লক্ষণ. ভেদ ও বিস্তারিত উদাহরণ। भकार्थानकारतत तायानि।

রীতিনিরপণায়ক নবম কিরণে— বৈদৰ্ভী প্ৰভৃতি রীতি-চতুইয়। দোষ-নির্ণয়াত্মক দশম কিরণে— পদ, পদাংশ, বাক্য, অর্থ ও রুসগত দোষের নির্দ্ধারণ হইয়াছে। এই গ্রন্থের শ্রীবিশ্বনাথ চক্রবর্তিকতা 'স্তবোধনী' নামে এক টীকা আছে। সাহিতা পবিষদের এই টীকাটি সার্বভৌম-ক্লত বলিয়া উল্লেখ আছে।

অলঙ্কার-চন্দ্রিকা—গজপতি বীর্শ্রী নারায়ণদেব-কর্ত্র বির্চিত। গ্রন্থকার ১৭০০ খৃঃ পারলাকিমেডির রাজা ছিলেন। ইহার অন্ত রচনা-'সঙ্গীত-নারায়ণ'।

কাশী সারম্বতভবনের এক পুঁথিতেও

(4th Book 915.42,3092) ইहा

বলিয়া

উল্লিখিত

সার্বভোম-ক্লত

হইয়াছে।

অপ্টকাল্লীলা — গ্রীগোপাল্ডট গোস্বামিপাদের অন্ববায়ী দক্ষসখী ১৮৩৬ সম্বতে ব্ৰজভাষায় (দোহা. চৌপাই প্রভৃতি ছন্দে) রচনা করেন। প্রকৃত নাম অজ্ঞাত, দক্ষসথী কিন্তু উপনাম। প্রথমতঃ শ্রীরাধারমণের

'বনবিহার-লীলা'। অপ্টরস. অইরস-নিরূপণ-রাম-গোপালদাস-রত কুদ্র অলঙ্কার-নিবন্ধ।

্মঞ্লারতি। ইংগর অন্ত গ্রন্থ—

অষ্টরস ব্যাখ্যা—রামগোপাল দাসের পুত্র পীতাম্বর দাস 'অষ্টরস'-অবলম্বনে 'অষ্টরস-ব্যাখ্যা লিখেন। (বন্ধীয় সাহিত্য পরিমৎ ৯৮২)। অষ্টোত্তর - শতনাম - স্তোত্তম্— শ্রীসার্বভৌম-ভট্টাচার্য-রচিত ১০৮টি নামে গ্রথিত স্তোত্র-কাব্য বিশেষ। (১) শ্রীচৈতন্তাষ্টোত্তরশতনাম-স্তোত্ত [সর্বাপরাধ-ভঞ্জন]। (২) প্রীমন্-নিত্যানন্দাষ্টোত্তর-শতনাম, (৩) প্রীঅদ্বৈতাষ্টোত্তর-শতনাম এবং (৪) প্রীগদাধরপণ্ডিতাষ্টোত্তরশতনাম।

আ

আচার্যপ্রভুর শাখা-নির্গয়—ছবৈক নরহরি-রচিত (বঙ্গীয় সাহিত্য পরিষৎ ৮)। আদিবাণী-শ্রীনিত্যানক প্রভুৱ শিষ্য শ্রীরামরায়জির কনিষ্ঠ ভ্রাতা শ্রীপ্রভু-চন্দ্র গোপাল-প্রণীত (ব্রজভাষায়) ৫০০ পদাবলী। ইহাতে সেবাম্ব^খ. निकारुष्ट्रशा. नीनाष्ट्रशा. উৎসবত্মशा. মহারাসম্বধা, প্রেমম্বধা, ভক্তিম্বধা ও সহজত্মধা নামে আটটি প্রকরণ আছে। পদগুলি সব পাওয়া যায় না। আদেশামত-স্তোত্তম— প্রীকলানিধি চট্টরাজ-কৃত দশশ্লোকাত্মক স্তব। শ্রীআচার্যপ্রভুর প্রতি ইহাতে শ্রীগোবিন্দদেবের আদেশাদি বণিত হইয়াছে। কর্ণানন্দে (১০৮—১১৬ পৃষ্ঠার) অমুবাদ আছে।

আনন্দচ শ্রিকা— শ্রীবিখনাথ চক্রবর্তিক্বত উজ্জ্বলনীলমণি-টীকা। মঙ্গলাচরণ—শ্রীরাধাকর্ত্বক কটাক্ষরূপ
বিত্যুদঞ্চলদারা বীজিত হইয়াও যিনি
মূহ্র্ত্র স্বেদাপ্লুত হইতেছেন, স্বীয়
কান্তিরূপ নগরাভ্যন্তরে বাসিত
হইয়াও যিনি মূহ্র্ত্র ক্ষোভ প্রাপ্ত
হইতেছেন এবং শ্রিতামৃত পরিকৃষ্টরূপে পান করাইলেও যিনি মূহ্র্ত্
তৃষ্ণার্ক্তই হইতেছেন—সেই শ্রীহরি

আমাদের প্রমোদ বিধান করুন। তৎপরে তিনি সিন্ধকোটি-গন্তীরা-শয় শ্রীজীব-পাদের চরণে অনবরত প্রণাম করিয়া 'স্লেচ্ছরা লিখিতং কিঞ্চিৎ' এই কারিকার সংশয়-নাশনত্ব বিচারে এবং পরকীয়া-লক্ষণে (৭০ পুঃ) মহাভাব-লক্ষণে (৭৭২ পুঃ) স্বজন ও আর্যপথ-ত্যাগকে যে বাস্তব বলিরা শ্রীজীব প্রশংসা করিয়াছেন---তাহাতেই আনন্দ লাভ গ্রস্থের আদি, মধ্য ও অবসানে ছুর্গমত্ব থাকিলেও উজ্জ্জ্লতাবশতঃ পুনরায় ব্যাখ্যা করিতে ইচ্ছা করিতেছেন্। উপসংহারেও আবার এতাদৃশ বাক্য বলিয়া শ্রীজীবের চরণে অপরাধ ক্ষমাপণপূর্বক ১৬১৮ শকাব্দায় এটীকা সমাপন করেন।

২ প্রীচৈতগ্রচরিতামৃতের শ্লোকমালার টীকা— উৎস্বানন্দ-কৃত।
আনন্দলতিকা—গ্রীলোচনদাস ঠাকুর
কৃত (পাটবাড়ী পুঁথি বি ৯, ১০)।
আনন্দরন্দাবন-চম্পু—(গ্রী) চৈতগ্রকৃষ্ণকর্দোদিত-বাগবিভূতিঃ (২২।
৬৩) গ্রীমৎ কবিকর্ণপূর গোস্বামিচরণ
২২ স্তবকে এই মহাগ্রন্থ সম্পাদন
করিয়াছেন। ইহাতে নন্দোৎস্ব
হইতে আরম্ভ করিয়া রাসনীলা

পর্যন্ত এবং অধিকন্ত হোরিকা ও ঝুলনাদি সমগ্র শ্রীকৃষ্ণলীলা বিবৃত হইয়াছে। প্রথম স্তবকে প্রীবৃন্দাবন-বর্ণনা, দ্বিতীয় হইতে সপ্তম পর্যস্ত এবং জনাদি বালালীলা হইতে শেষ পর্যস্ত কৈশোর লীলা বৰ্ণিত হইয়াছে। প্ৰথম ছুই শ্লোকে তিনি কৃষ্ণপদারবিশ-যুগলের বন্দনা, তৃতীয় ও চতুর্থ শ্লোকে শ্রীচৈতন্ত ও তদ্ভক্তবুদের ৰশনা, পঞ্ম শ্লোকে স্বগুরু শ্রীনাথ পণ্ডিতের বন্দনা করিয়াছেন। সপ্তম ও অষ্টম শ্লোকে বাণীর স্তব করত তদনস্তর কাব্যের দোষ-গুণাদি বর্ণনপ্রসঙ্গে সাধু অসাধুর কৃতিত্ব প্রখ্যাপনপূর্বক কাব্য-প্রকর্ণ ব্যাখাত হইয়াছে। প্রীমদ ভাগবতীয় দশমস্বন্ধসম্বন্ধি কু**ষ্ণচ**রিত বৰিত হইলেও ইহাতে কবির গুস্ফন-কৌশলে অপূর্ব রমণীয়তা ও আনন্দোনাদনাদি সৎকাব্যা · মোদিদেরও স্মাস্বাভা ৷ ইহার প্রথম স্তবকে—কবিকর্ণপূর ত্রীবৃন্দা-অতিমর্ত্ত্য শোভাসমৃদ্ধি, বনের বর্ষাহর্ষাদি ছয় বিভাগ, য়য়ৄনা, লতা-মন্দিরমণ্ডল, গোবর্জন, নন্দীশ্বর, গ্রীনন্দযশোদা, গ্রীকৃষ্ণবয়শুগণ, গোপী-গণ, ত্রীরাধা, চক্রাবলী প্রভৃতি:

তৈলিক, তামুলিকাদিরও যথায়থ বিবৃতি এবং বুহন্বনে শ্রীক্ষরে আত্ম-প্রকটন প্রভৃতি বর্ণনা করিয়াছেন। দিতীয় স্তবকে---শুভক্ষণে শ্রীদেবকী শ্রীয়শোদার নিকটে মথুরায় ও বৃহদ্বনে বাস্থদেব ও গোবিন্দ-স্বরূপে আবির্ভাব, কংসভয়ে বস্থদেব-কন্ত ক আনীত গ্রীগোবিন্দে বাস্থদেবের মিলন, স্থতিকাগারের শোভাদি ও নন্দোৎসব। তৃতীয় স্তবকে—পৃতনাবধ, মা যশোদার অবস্থা ও নিদারণ ক্রন্দন মথুরা হইতে নন্দবাবার আগমনাদির বর্ণনা। চতুর্থে – শকটাম্বর তৃণাবর্ত্ত-নিধনাদি। প্রথমে — জ্ঞ্তণ, রিঙ্গণ, নামকরণ, মাখনচৌর্য, মৃত্তিকা-ভোজন ও বিশ্বরূপ-দর্শনাদি। ষ্ঠে-ভাণ্ড-ভঞ্জন, দামবন্ধন, য্মলাজুন-মোচন, ফলক্রয় B বন্দাবনে গমনাদি। সপ্তমে—বৎস, অঘ ও বকাস্থরের বধ, পুলিন-ভোজন, বংস-বালকচোর অন্ধার মোহ ও স্তবাদি। অষ্ট্রমে — শ্রীক্ষের পৌগও কৈশোর লীলার যুগপৎ আবির্ভাব এবং এক্রফের গুরুগণ ও প্রেয়গী-গণকভূ ক ঐ ছই লীলার আস্বাদন-ব্ৰজবালাদের পূর্বরাগ, শ্রীকৃষ্ণজন্ম-যাত্রোৎসব, কন্দুকক্রীড়া ও ধেমুকবধাদি। নবমে—কালিয়-দশমে—শ্রীরাধাকত্বক नगनानि । শ্রীকৃষ্ণ-গ্রথিত পুষ্পমাল্য-প্রাপ্তি এবং শ্রীকৃষ্ণকর্ত্ব শ্রীরাধাহস্ত-পাচিত অন্ন-ভোজনাদি। একাদশে—প্রলম্বধ, দাবাগিমোচন, সায়াহ্নকালে অভি-সার, ত্ব্থবিলাস, পরস্পর বাকোবাক্য

এবং এরাধারতিশরণে বেণুগীতাদি-দ্বাদশে---শ্রীকৃষ্ণসঙ্গ প্রকটন। উদ্দেশ্তে কুমারীগণকৃত লাভের কাত্যায়নীর আরাধনা ও কৃষ্ণকর্ত্ব তাঁহানের বসন-চৌর্যাদি। ত্রয়োদশে —যজ্ঞপত্নীদের অন্নভিক্ষা, তাঁহাদের প্রতি প্রসাদ-বিস্তার এবং সায়ংকালে প্রবেশপূর্বক গোপীগণের व्यानन्त-विधानापि। চতুৰ্দ্ধে— কুসুমান্ব নথার দৈবজ্জরপে বুদ্ধা-গোপীসভায় গমন ও ভক্ষণী গোপী-দের স্বস্থপতির প্রতি আস্ক্র্যভাব-নিরাকরণচ্ছলে ত্রিসন্ত্র্যা কুঞ্জসমূহে কালকুমার-পূজনার্থে প্রেরণের ব্যবস্থা **এবং বসস্তোৎসবলীলাদি। পঞ্চদশে** —रेखरब्ड-निवात्रण, शितिताब-পृखा-প্রবর্ত্তন, গোবর্দ্ধন-ধারণ, সিদ্ধগণক্বত স্তব ও অভিষেকাদি। ষোড়শে— বরুণচর-কর্তৃ ক নন্দমহারাজের বরুণ-লোকে নয়ন, শ্রীকৃষ্ণকর্তৃক পুনরায় ব্রজে আনয়ন এবং ব্রজবাসিদের ব্ৰহ্মলোকদর্শন। সপ্তদশে— ठट्यापम, त्ववृनिनाप, त्वाशीरपत অভিসার, অপেক্ষা-উপেক্ষাময় বাক্য-উপেক্ষাময় অর্থ-স্বীকারে বিরহ-বিধুরতা বিষাদোক্তি, কাস্ত-প্রসাদন, বিহার ও শ্রীরাধাসহ তিরোধানাদি। অষ্টাদশ্রে —গোপীদের দারুণ বিরহার্ত্তনাদ, বুক্ষ বল্লরীর নিকট শ্রীকৃষ্ণবার্স্তা-জিজ্ঞাসা, শ্রীকৃষ্ণলীলামুকুতি, পাদাস্বামুসরণ, শ্রীরাধার প্রিয়বিরহিতা তীব্ৰত্য বিরহব্যথা 13 নিখিল গোপী-মণ্ডলীর বিলাপাদি। উনবিংশে-গোপীগণের বিলাপ, প্রীক্ষণদর্শন,

नानां चार श्रव हेन, मःश्रव । ७ উछत
को क्रिंगि । विः मं — हत्नी मंक्नुण,

हरू को जिन से, क्रिंश्य हिलान, मानव

मन्नां त्रांग, मृन्यां निवाण, षण्णां नि

यदां न्यां ने, न्यां ७ विद्यां में,

महत्वां जन, श्र्मं नृत्यां ९ विद्यां में,

महत्वां जन, श्र्मं नृत्यां ९ विद्यां में,

महत्वां जन, श्रव्यां प्रमान व्यवः

महानां ने विक्यां निवाण विविधः

विनाम, वः भीति । विवधः

विनाम, वः भीति । मृङ्विष्यं ।

स्वितः मं — हित्मां न न नीनां याम ७

छे भगः हा इ ।

ইহার কাব্যে ধ্বনির ধবগান্ত-রোদ্গারে মহাচমৎকারিত্ব সমর্পণ করায় ইঁহার গ্রন্থ স্থরসিক, স্থভাবুক ও ত্মকবিগণেরই সমাস্বাগ্য। পরিবেষণে সিদ্ধহস্ত মাধুর্ঘলীলার এবং সাধকের হিতের দিকে সর্বথা দষ্টি নিবদ্ধ করিয়া শ্রীক্লফের অতিমর্ত্ত্য লীলামালাকেও নরলীলাবং প্রতিপন্ন করাইয়াছেন! কুত্রাপি ঐশ্বর্যভাব-করিলেও গোতক শব্দ ব্যবহার তদন্তরে নিগৃঢ় কোনও ভাবের বুঝাইয়া ব্যঞ্জনাই থাকে। শ্রীগোপালচম্পুর গ্রায় ইহাতে কঠিন শব্দবিস্থাস নাই এবং অর্থগ্রহণেও তত কণ্ঠ না ৷ হয় শ্রীবিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-ক্বত বর্ত্তনী' টীকার সাহায্যে অতিসহজেই ইচার তাৎপর্য বিনির্ণয় হইয়া খাকে। ছঃখের বিষয়—এই গ্রন্থের সম্পূৰ্ণ বঙ্গাহুবাদ এখনও প্ৰকাশিত হয় নাই ৷

আমোদ কাব্য—(অন্পনারায়ণ-ক্বত) পঞ্চদশ-সর্গাত্মক শ্রীকৃষ্ণ-লীল'- বিষয়ক কাব্য। বন্দনাশ্লোক— শ্ৰীক্ষপ্ৰেমস্থা কিমগ্ৰমন্সে। কপ-স্বরূপাদয়ো, জাতা যৎকূপয়ৈব সম্প্রতি ৰয়ং সৰ্বে ক্লতাৰ্থা যতঃ। শ্ৰীচৈতন্ত্ৰ-হরের্দরাময়তনোস্তল্যোপহারো গুরোঃ. স্থান্মিহিরস্থ দীপবদা-গ্ৰন্থ: সাবামোদনামা লঘুঃ॥

আমায়সূত্র

প্রথম সর্বের শেষে ইনি স্বপরিচয় দিয়াছেন— করুণয়া

গ্রীলা কুফকথামূতং পায়য়তিস্ম লক্ষ্যগ্র-নারায়ণাপতাং চম্পকলতা যাহনুপনারায়ণম। গ্রন্থে তৎকরণাকণেন জনিতে ধীমন্মনো-মন্দরং, সর্গোহয়ং প্রথমো হরি-ছগ্বা কিমগ্নং **প্র**ণয়িতা ক্রিয়াৎ॥ (এসিয়াটিক সোগাটির পুঁথি नः (১৯৮)

আন্ধায়সূত্র—শ্রীকেদার নাথ ভক্তি-বিনোদ-ঠাকুর-রচিত। লঘুভাষ্য-শহিত বঙ্গামুবাদযুক্ত গ্রন্থ। ইহাতে ১৩০টি স্থত্ত আছে। সূৰ্বত্ৰবেদ ও উপনিষৎ প্রভৃতি হইতে প্রমাণাবলি সংগৃহীত হইয়াছে। সম্মনিরপণ-প্রদঙ্গে—শক্তিমান, শক্তি, ধান,স্বরূপ, বহিরঙ্গা মায়া, জীবতত্ত্ব ও গতি: **অভি**ধেয়--নিরূপণে—অভিধেয়-নির্ণয়, সাধন, সাধন-পরিপাক ও ভজনক্রম এবং প্রয়োজনতত্ত্ব—স্থায়িভাব, রস্ রশাস্বাদন-প্রক্রিয়াদি বিবৃত হইয়াছে। আর্ঘাশতক—গ্রীপাদ কবিকর্ণপূর-গোস্বামি-বিরচিত এই গ্রন্থে মাতাবুত্তে গ্রথিত ১১৯ শ্লোক (প্রথম দশটি বাদ দিয়া) পাওয়া গিয়াছে ৷ ইহাকে সাধারণতঃ স্তুতিকাব্যের

অন্তর্গত করাও চলে। বর্ণয়িতব্য

ধীরললিত

বিষয়—শ্রীশ্রামম্বন্দরের

নায়কোচিত গুণরাজির পরিবেশন। প্রথমতঃ নমস্বার ও বস্তুনির্দেশরূপে 'শ্রবদোঃ কুবলয়ম্' ইত্যাদি শ্লোক, তৎপরে শ্রীক্বফের সর্বৈশ্বর্যমাধুর্যবন্তার বিনির্দেশপুর্বক সর্বনায়ক-শিরোমণিত্ব ধীরললিত-প্রতিপাদনক্রমে নায়কোচিত গুণ, স্বভাব ও ব্যবহারা-দির স্থচনা, রূপ-মাধুরী ও প্রত্যঙ্গ-वर्गना, शृथक् शृथक् मिवरमत विविध नीनावित्नाप. নিশান্ত (প্রাতঃ) লীলার দৃত্ত, মধ্যাহ্নকালে জলকেলি ও শয়ন, অপরাহ্নলীলা,নৈশ বিহার ও ষড়্ঋতুর সেবাদি স্থবর্ণিত হইয়াছে। ছু:খের বিষয় একখানিমাত্র আদর্শ পুস্তকের সাহায্যে গ্রন্থখানি প্রকাশিত হইয়াছে বলিয়া বছম্বলে আর্যাব্রতের নিয়মগুলির ব্যতিক্রম দেখা যাইতেছে। আশ্চর্যরাসপ্রবন্ধ:--- শ্রীগোরোদ-গান-সরস্বতী গ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীই এই গ্রন্থের নির্মাতা বলিয়া আমার বিশাস। শ্রীমদভাগবতের রাসলীলা অবলম্বন করত এই গ্রন্থ রচিত হইলেও ইহাতে যথেষ্ঠ বৈলক্ষণ্য ও অন্ততত্ব আছে বলিয়াই নাম--আশ্চর্যরাসপ্রবন্ধ:। ইহার শ্রীপাদ প্রথমতঃ (৩-২৪) শ্রীবৃন্দা-বনের বর্ণনা দিয়াছেন, ইহা প্রায়শঃই শতকের অমুযায়ী। (২৫-৩৩) শ্রীকৃষ্ণের রাসবিলাসী স্বরূপের বর্ণনা, (৩৪) কদম্বতক্ল-তলে ত্রিভম্নভঙ্গিম-ঠামে রাধানামে মোহন বাঁশী বাজাইলে (৩৫-৪৮) গোপীগণের বিপর্যস্ত বেশে অভিসার; (৫০---৩৭) শ্রামারুরাগে শ্রীরাধার ভাব-

বিকৃতি; (৫৯) মুরলীনিনাদশ্রবণে

অভিসারোগ্যতা হইলে স্থীগণের নিবারণ, (৬০—৬১) এীরাধার অদর্শনে শ্রীক্বফের বিরহ-বেদনা, (৬২-৬৯) গোপীগণের রসলালসা-দর্শনে (৭০—৭১) শ্রীকৃষ্ণকর্তৃক স্ববিরহ-বিধুরতাখ্যাপন, (৭২) শ্রীরাধার সহিত মিলনের জন্ম গোপী-গণের পরামর্শে দৃতীপ্রেরণ ; (৭৩— ৯২) দৃতীমুখে এক্রিফের রাধা-তনায়তা, রাধানিষ্ঠা ও গোপীজন-লাম্পটা ইত্যাদির বর্ণনা. (৯৩— ৯৬) স্বপ্নে এক্রিফের এরাধাদর্শন ও রসময়-বাক্যালাপ-শ্রণ, (৯৭—৯৯) শ্রীক্লফের শ্ৰীরাধা-রাধানামজপী মিলনোদেশে বেণুধানি, (>00 —১০৩) গ্রীরাধা-বিরহী শ্রীক্বঞ্চের বিলাপ, গোপীগণকে উপেক্ষা, (606-806) শ্রীরুষ্ণ-বিলাপে तुमावनीय शावत-जन्नत्मत त्ताननानि, ললিতা-কর্তৃক (>>>--><) শ্রীরাধার অভিসাবে বাধা, (১২২ দৃতীমুখে শ্রীরাধার —>₹8) নিরোধবার্তা পাইয়া শ্রীক্ষের গোপী-বেশে অভিসার, (১২৫—১৩৭) তাঁহার মুখে এীরাধার প্রশংসা ও শ্রীহরির নির্দোষত্ব-খ্যাপন, (১০৮— ১৪৮) রাধামিলনের জন্ম শ্রীহরির তীব্রতর উৎকণ্ঠা-প্রতিপাদন, (১৫১ —>৫৫) একিফের রূপ-সাদৃশ্য-দর্শনে ইহার প্রতি শ্রীরাধার পরম প্রীতি ও আলিঙ্গনদান, (১৫৬—১৫৯) এই পরিরম্ভণে পরিচয় পাইয়া শ্রীরাধার কুঞ্জগৃহে প্রবেশ ও অঙ্গসঙ্গ-দান, (১৬২-১৬৭) যুগল-কিশোরের রাসোপযোগী পুনর্বেশ-ধারণ, (১৬৮-১৭২) নিখিলকলাবিৎ

मथीगणमह वृत्सावतनं श्रात्म, (১৭৩ —১৮২) স্থীগণের সেবাদি, (১৮৩ ->৯০) বহুমৃতিপ্রকটনে নিজকায়-ব্যহরণা স্থীগণসহ রদোপভোগে শ্রীমতীর প্রেরণা (505-202) ও বিবিধ রসাস্থাদন. (২০৩--২০৪) **গ্রাগণে**র অভিমান-প্রশমনের **অ**ক্ত প্রীরাধাসহ প্রীকৃষ্ণের অন্তর্ধান, (২০৫ ২১২) গোপীগণের সর্বত্র কুফান্মেরণ ও জিজাসা, (২১৩—২১৪) হরিপদান্ধ ఆ (২১৫) রাধা-পদচিফের দর্শনে (২১৬-২২৪) তাঁহাদের বিলাসামু-মান, (২২৫-২২৬) শ্রীরাধার স্থীগণ-জন্ম খেদ ও চলনে অসম্মতি, (২২৭) শ্রীক্তবের পলায়ন (২২৮—২৩০) শ্রীরাধার মূর্চ্ছা ও সখীসমাগম, (২৩২) শ্রীকৃষ্ণাবির্ভাব ও (২৩৩—২৩৬) গোপীদের ভাববিহ্বলতা, (২৩৭— ২৬৮) ব্রজাঙ্গনাসহ রাসোৎসব, (২৬৯ --২৭৬) শ্রীরাধাকুষ্ণের যুগপৎ ও ক্রম-নৃত্য, গোপীদের গানবান্ত প্রভৃতি রসময় ও কামময় উৎসব, (২৭৭— २१४) जनरकनि, (२१৯) वाम-ज्यानित পतिथान **७ कु**क्षमत्था भन्नन।

এইরপে—(২৮১) পরমর্বসমুদ্রোজ্জু গুণস্থাতিকাঠা পরমপুরুষলীলাক্রপশোভাতিকাঠা। পরমবিলসদাত্যপ্রেমসৌভাগ্যভুমা জরতি পরপুমর্থোৎকর্ষদীমা স রাস: ॥ (২৮২--২৮৩) শ্রীপাদ স্বকীয় ফুর্ত্তি-অমুসারে এই রাসপ্রবন্ধ প্রকট করিয়া (২৮৪) গ্রাস্থফলও বলিয়াছেন —'যিনি এই রাস-প্রবন্ধ ক্রফামুরাগ-ছরে গান করিবেন, তাঁহার পদতলে সকল পুরুষার্থ লুন্তিত হইবে।' গ্রন্থরচনা-কৌশল-সম্বন্ধে যৎকিঞ্চিৎ বিবৃত হইতেছে। একটি শ্লোকে বক্তব্য বিষয়টি বীজাকারে বর্ণনা শ্রীপাদ তৎপরবর্তী কতিপয় শ্লোকে তাহারই সবিস্তারে বিবৃতি দিয়াছেন। বীজশ্লোকগুলি বিবিধ ছন্দে রচিত হইয়াছে, কিন্তু তাহাদের বিবৃতি-রূপে শ্লোকমালা সর্বত্তই পজ্বাটিক। ছন্দেরচিত হইয়াছে। অন্তান্ত গ্রন্থে শ্রীসরস্বতীপাদ প্রেমোনত হইয়া ধারাবাহিক লীলা বর্ণনা করিতে পারেন নাই, এই গ্ৰন্থে কিন্ত

সম্পূর্ণ ধারা অক্ষুণ্ণ রাথিয়াছেন। শ্রীপাদের ভাষায় পুষ্পিত রুন্দাবনের দৃগ্য--

কুস্থমিত-পল্লবিত-ক্রমবল্লি ক্র্টিত-কদম্বক-কিংশুক-মল্লि। স্বের-কুমুদ-করবীর-বিরাঞ্জি প্রহসিত কেতক-চম্পকরাজি॥ ১০ ॥ বিকসিত-কুট**জ** কুন্দ-মন্দারং স্থফলিত-পনস-পুগ-সহকারং। হরিচরণপ্রেম্ব-তুলসী-বিপিনৈ: শোভযানমূরপরিম্ল-মপ্টেণঃ॥ ১১॥ বিলসজ্জাতীযুথিক্স-বিকচস্থলপঞ্চজ-বক-বঞ্জুলং। সস্তত-সন্তানক-সন্তানং বর-হরিচন্দন-চৰ্দনবিপিনং॥ ১২॥ পারিজাত্বন-পর্যামোদং রাধাক্ষজনিতবল-মোদং। কুরুবক-মরুবক-মাধ্বিকাভি ৰ্দ্যনক-দাড়িম-মাল্ডিকাভি:॥ ১৩॥ শেফালিকয়া নবমালিকয়া শোভিত-মপি বহুবিধ ঝিটিকয়া। ললিত-লবলবনৈরতিমধুরং নবপুরাগ-নাগরুচি রুচিরম্॥ ১৪॥ স্তবকিত-নবকাশোক-वनानि त्यत्रनित्रीय शतिक हे भावेनि। বন্ধুরমভিনব-বন্ধুকবিপিনৈ: শোভিত-মভিতস্থিলকায়ানৈঃ॥ ১৫॥

录,包

ক্রশান-সংহিতা—গোতমের প্রশ্নের
উত্তরে শ্রীনারদ প্রথমতঃ বৈষ্ণবের
মহামহিমা কীর্ত্তন করত মহাদেবের
পঞ্চ বক্তু ব্যতীতও গুপু ষষ্ঠ বদনের
প্রশক্ষে বলিলেন যে গুপু বদনে
মহাদেব হর্ষ, চন্দ্র, হত্নমান্, গৌরাঙ্গ,
শ্রপরাজিতা, প্রত্যানিরা, নিষহরা

এবং অক্সান্ত চতুর্বর্গপ্রদা দেবতাগণের
সসাধন (বিশেষতঃ কলিকালোপযোগী) মন্ত্র কীর্ত্তন করিয়া থাকেন।
তৎপরে আবার পার্বতীর প্রশ্নের
উত্তরে হত্যাদোষ-কথন-প্রস্তাবে
বৈষ্ণব পক্ষে হত্যা-ত্যাগই সর্বথা
বিধি বলিয়া মহাদেব বলিলেন।

পুনরার গৌরাঙ্গ-সম্বন্ধে পৃষ্ট হইরা শিব পার্বতীকে বলিলেন— 'এক এব হি গৌরাঙ্গ: কলো পুর্ণফলপ্রদান। যো বৈ ক্লফা: স গৌরাঙ্গন্তারোর্ভেদো ন বিশ্বতে॥

গৌরাঙ্গন্ত নে বিশ্বতে ॥
গৌরাঙ্গন্ত নে বিশ্বতে ॥
তথাপি ভক্তিশাস্ত্রেষ্ গৌরঃ পূর্ণতয়াধিকঃ। শিক্ষার্থং সাধকানাঞ্চ

স্থয়ং সাধকরূপধুক্॥ শিক্ষাগুরু: শচীপুত্রঃ পূর্ণবন্ধ ন সংশয়:। কলো তৎসাধকা যে তু তে দেবা ন তু याष्ट्रयाः'।

পুনরায় পার্বতীকত্ত্র গৌরমন্ত্র-সম্বন্ধে পৃষ্ট হইয়া শিব বলিতেছেন—

(১) প্রণবং পূর্বমুদ্ধত্য ভেস্তং গৌরং সমুদ্ধরেৎ। হৃদক্তো মহুবর্টোয়ং পোরাক্স বড়ক্ষরঃ॥ (২) মায়াত্যোহ্যং মহামল্লো বাঞ্জাধিকফলপ্রদঃ। মায়াদিক ভদত হেচন্ মস্তোহয়ং ত্র-পाদপ: n (8) जात्नी मात्राः ममूकार्य গৌরচন্দ্রং ততো বদেৎ। তৈযু তিঞ্ব দেবেশি! ততো মারাং সমুচ্চরেৎ॥ মন্ত্রঃ সর্বাভীষ্ট -সপ্তাক্ষরো প্রদারক:॥ (৫) মায়াশ্রিয়ো গৌরচন্দ্রং ঙেম্ব্যুচ্চার্য তৎপরম। (प्रवादिन । महुळ्ल नवाक्तः॥

তৎপরে গৌরমন্ত্রে পুরশ্চর্যাবিধি, शान, एखांज, कवठावित विशानांपि বৰ্ণনা হইয়াছে।

ইতি প্রীনারদ-গৌত্যসম্বাদে কুলার্ণবীয়-গুপ্তামায়ে ঈশানসংহিতা সমাপ্রা॥

বিশেষ দ্ৰষ্টব্য এই যে ১৬১০ খৃঃ নীলকণ্ঠ ভটের 'সময়ময়ুখে'ও এই ঈশানসংহিতার প্রমাণ-উদ্ধার আছে। **ঈশোপনিষদ্ ভাষ্য—**শ্ৰীমদ্ গৌড়ীয় বেদাস্তাচার্য বিতাভ্রণ মহাশর ঈশাদি করিয়া দ্রশোপনিষদের ভাষা স্বসম্প্রদায়কে পুষ্ট করিয়াছিলেন; কিন্ত ছঃথের বিষয় ঈশোপনিষদ্ অন্তান্ত ভাষ্য অদশ্য বাতীত হইয়াছেন ৷ এই উপনিষৎটি শুকুযজুর্বেদীয় 'বাজসনেয়' সংহিতার শিরোভাগ—ইহার আঠারটি মন্ত্র।

ভাষ্যপ্রারম্ভ —বেদান্তথা স্মৃতিগিরো যমচিন্ত্যশক্তিং. পৃষ্টি স্থিতি-প্রলয়-কারণমামনন্তি। তং শ্রামপ্রন্দর্ম-বিক্রিয়মাত্মমূতিং, সর্বেশ্বরং প্রণতি-মাত্রবশং ভলামঃ।

উজ্জলচন্দ্রিকা—শ্রীপাদ শ্রীরূপ-গোস্বামি-প্রণীত **উ**ष्डलमीलग्रनित প্রায়বাদ। ১৭০৭ শাকে শ্রীশচীনন্দন বিজানিধি রচনা করিয়াছেন ! উজ্জ্বলনীলমণি দুৰ্শন-সন্মত পদ্ধতি দারা স্থপরিপৃষ্ঠ গ্রন্থ—'লোচনরোচনী' ও 'আনন্দচন্দ্রিকা' নামে যে ছইটি টীকা আছে, তাহার সহিত সমন্বয় করিয়া এই 'উচ্ছবচন্দ্রিকা' প্রণীত হইয়াছে। বিভানিধি মহাশয় মূল সংস্কৃত গ্রন্থের সূত্র শ্লোকগুলির পয়ার ছন্দে এবং স্থত্র-পরিপোষক উদ্ধৃত শোকাৰলিকে প্ৰায় সৰ্বত্ৰই ত্ৰিপদী. **ক**চিৎ বা তোটকছন্দে করিয়াছেন। ইহাতে মূল উদাহরণের কোনও অংশই পরিত্যক্ত হয় নাই। যে তুই এক স্থলে অমুবাদ নাই, তাহার প্রয়োজনীয়তাও কমই

উদাহরণ-নিচয় দেওয়া হইয়াছে। প্রীক্ষাবিষয়ক উদ্দীপনের পদ— যাকর পদ্বাতি দরশনে নিগরব কোটি কোটি মনমথ ভেল। কুটিল দৃগঞ্চল বিদগ্ধি বিহরলি ত্রিভূবন মন হরি নেল॥ অভিনব জলংর স্থানর আকৃতি করতহি পরম বিহার। ত্রিজগত যুবতীক ভাগিবর সাধন মুরতি সিদ্ধি অবতার॥ সো অব নন্দকি নন্দন নাগর তোহে করু

বঝিতে হইবে। কোথাও স্বর্চিত

পদে, কোথায়ও বা শ্রীগোবিন্দ দাস

প্রভৃতি মহাজনের পদ উদ্ধৃত করিয়া

আনন্দ ভোর। প্রীশচীনন্দন ও নব মাধুরী বরণি না পাওল ওর॥ (৩ পুঃ) কিঞ্চিল,রপ্রবাসের পদটি সংস্কৃত ভাষায় রচিত—

স্থরভীকুল-পথি বিনিহিত-নয়না। নিজ-নাম-বশীক্বত-রুসনা॥ মাধব! তব বিরহে বিধুবদনা। রাধা মনসিজ-কদনা।। থিগ্যতি गुत्रनी-নিনাদ শ্রুতিপটুবিষয়া। তব মুখ-বিনিহিত-হৃদয়া॥ শ্ৰীল-কমলে শচীনন্দন-কবি-গদিতং ৷ হরিমিহ জনয়তু বছতর-মুদিতম্॥ (১৮২ পৃ:) **উজ্জ्ञनमीनम्गि—** श्रीन শ্ৰীরূপ-বিরচিত অখিলরসামৃতমৃত্তি শ্রীক্লঞ্চের উজ্জল বা মধুররসের বিজ্ঞানশাস্ত। এই গ্রন্থ প্রকৃতপক্ষে ভক্তিরসামতেরই উত্তরাংশ, গোপীভজনের বিশালভাবে পরিপূর্ণ। প্রেমরসময় জ্রীগোবিন্দের ভজন করিতে হইলে গোপী-আমুগত্যে আদর, সোহাগ ও মাধুর্যাদি লইয়া তাঁহার নিকট যাইতে হয়। গোপী-দের প্রেমান্থরাগ বা প্রেম্মাধুরী ইহলোকে স্কুত্রলভ হইলেও,তাঁহাদের প্রীতির কথা ভাষায় প্রস্ফুটিত না পূজ্যপাদ <u>প্রীরূ</u>পচর্ণ হইলেও, ইহাতে সেই অত্যুজ্জন ব্রজরসের যে আভাসছায়া প্রকাশ করিয়াছেন— আমরা তাহার বিন্দুমাত্র আস্বাদন করিয়াও চরিতার্থ হইতে পারি। করণাবরণালয় প্রীশ্রীগোরস্থন্দর মাদৃশ নারকীয় জীবের জন্ম শ্রীরূপপাদের (लथनी-फलरक (य जज़ननीय जम्मा সুধাভাণার নিহিত করিয়াছেন-আমরা সেই পীয়ুষসমুদ্রের কণামাত্র

আস্বাদন করিতে পারিলেও ত্রিতাপ-

জ্বালার হাত হইতে অব্যাহতি পাইতে


পারি। এক্রিঞ্প্রাপ্তির জন্ম গোপী-গণের হাদয়ের ভীষণ বেগ, প্রগাঢ় প্রবল আকর্ষণ এই গ্রন্থের ছত্তে ছত্তে পত্রে পত্রে অতিস্থল্সষ্ট ভাবে অঙ্কিত। শ্রীকৃষ্ণদর্শন-লালসায় তাঁহাদের হৃদ্ধে অমুরাগ-স্রোত শত শত উত্তাল তরঙ্গ তুলিয়া উচ্চ লিত হয়—এই গ্রন্থে তাহারই **সমূচ্ছ**ল প্রতিচ্ছবি বিশদভাবে চিত্রিত হইয়াছে। **তাঁ**হাদের ভাবহাবহেলাদি. বিলাগ-বিচ্ছিত্তি-কিলকিঞ্চিতাদি, উদ্ধান্তর-আলাপ-বিলাপাদি. স্তম্ভ-স্বেদ-রোমাঞাদি. निष्ठंप-विषाप-देपशापि. ভাবসন্ধি-ভাবশাবল্যাদি, নিমেষাসহিষ্ণুতা, আসন্নজনতাহাদ্বিলোড়ন-কল্পণথাদি, অধিক্রচ-মানন-মোদন-মোহনাদি, **मिरवाानाम-छन्पृर्गा-**ठिळकज्ञामि, विथा-ল্ভ---পূর্বরাগ-লাল্সা- উদ্বেগাদি, প্রেমবৈচিত্ত্য-মান-সম্ভোগ-রাসপ্রভৃতি বিষয় পূজামুপূজ্যরূপে বিস্তারিতভাবে আলোচিত ও পরিবেষিত হইয়াছে।

উন্নতোজ্জ্বনরসগর্ভা প্রেমভক্তির এমন
সমুজ্জ্ব ও স্থমধুর উপদেশ জগতের
আর কোন গ্রন্থে কখনও দেখা যায়
না। বস্তুতঃ এই ছই গ্রন্থকে
গোড়ীয় বৈঞ্চবরস-শাস্ত্রের বেদ
বলিলেও অত্যুক্তি হয় না।
গ্রাস্থ-বিশ্লেষণ

নায়কভেদ-প্রকরণে---नायककृषामि श्रीकृष्ण्ये विषयान्यन। শ্রীকৃষ্ণ বাতীত শ্রীরামনুসিংহাদি অব-তার বা নারায়ণ এই উচ্চলরসের নায়ক হইতে পারেন না। প্রথমত: নায়ক চারি প্রকার—(১) থীরোদাত্ত. (२) शीत-निन्ठ, (०) शीताक्षठ ७ (৩) ধীরশান্ত। ইঁহারা প্রতেকেই পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণভেদে বার প্রকার। ইঁহারাও আবার পতি ও উপপতিভেদে চিকাশ প্রকার. ইহারাও পুন: অমুকূল, দক্ষিণ, শঠ ও ধৃষ্ট ভেদে ছিয়ানব্বই প্রকার। শ্রীকৃষ্ণে এই ৯৬ প্রকার নায়কগুণ ব্রজনীলায় বিরাজমান।

(২) সহায়ভেদ-প্রকরণে—
নায়ক-সহায় পাঁচ প্রকার—(১)
চেট, (২) বিট, (৩) বিদ্বক, (৪)
পীঠমদ ও (৫) প্রিয়নর্ম সখা। দৃতী
ছই প্রকার—স্বয়ং (বংশী), ও
আপ্রদতী (বীরাবন্দাদি)।

আপ্তদূতী (বীরাবৃন্দাদি)। (৩) গ্রীহরিপ্রিয়া-প্রকরণে— প্রথমতঃ নায়িকার দ্বিবিধ ভেদ—(১) স্বকীয়া ও (২) পরকীয়া; কাত্যায়নী-ব্রতপর যে সকল গোপক্সার সহিত গান্ধর্বরীভিতে এক্রফের বিবাহ হইয়াছিল, স্বকীয়া। তাঁহারাই তদ্ব্যতীত ধক্তাদি গোপক্সাগণই পরকীয়া। এই অন্চা ক্সারা হইলেও পিতৃপালিত৷ শ্রীহরির বল্লভাই। পরোঢ়া গোপীগণ ত্রিবিধ - সাধনপরা, দেবী ও নিত্যপ্রিয়া। সাধনপরাও আবার ছুই প্রকার--যৌথিকী ও অযৌথিকী। যৌথিকী-গণ মুনিচরী ও শ্রুতিচরী-হিসাবে নিত্যপ্রিয়াগণ-রাধা विविध । চন্দ্রাবলী প্রভৃতি।



শ্রীরাধা-প্রকরণে—— (8) চক্রাবলী হইতেও শ্রীরাধার সর্বথা সর্বোৎরুপ্টতা প্রতিপাদিত হইয়াছে. যেহেতু শ্রীরাধা সর্বশক্তিবরীয়সী ও হলাদিনীসার-মহাভাবরূপা। স্মৃকান্তস্থার প্রত্যোদ্শশুসারা এবং হাদশাভরণা শ্রিতা। <u> প্রীরাধার</u> প্রধান প্রধান ২৫টি গুণ-মধুরা, নবৰয়াঃ, চলাপাঙ্গী, উজ্জ্বলমিতা, চারুসৌভাগ্যরেখাট্যা প্রভৃতি বিবৃত হইয়াছে। ইহার সখীগণ পঞ্চবিধ —(১) সখী—কুস্থমিকা, বিদ্ধ্যা ও ধনিষ্ঠাদি, (२) निতामशी--क्छ,दी ও মণিমঞ্জরী প্রভৃতি; (৩) প্রাণস্থী —गनिश्र्थी, नामखी ও नामिकाति; (8) প্রিয়ুস্থী—কুরঙ্গাক্ষী, স্থমধ্যা ও মদনাল্যা প্রভৃতি এবং (৫) প্রম-প্রেষ্ঠসখী-ললিতা বিশাখাদি অষ্ট।

(৫) নায়িকাভেদ-প্রকরণে— প্রাক্ত পরোচা রম্ণীর হেয়ত্ব, কিন্তু অপ্রাকৃত কৃষ্ণদেবাময়ী গোপীগণের পরোঢ়াত্ব শ্রেষ্ঠ। দিভুজ মুরলীধারী ব্ৰজেন্দ্ৰনন্দ্ৰ ব্যতীত অগ্যত্ৰ গোপী-দের প্রেমসঙ্কোচ হয়। স্থকীয়া, পরকীয়া ও সাধারণীভেদে তিন প্রকার নায়িকা রস্পান্তে দৃষ্ট হইলেও সাধারণী নায়িকার বছ-নায়কনিষ্ঠত্বহেতু রুসাভাগ-প্রসঙ্গ হয়, কিন্ত কুৰ্জা সাধারণী হইলেও অভ নায়কে তাঁহার প্রীতি সঞ্চারিত হয় নাই বলিয়া তাঁহাকে পরকীয়া-মধ্যেই গণনা করা হয়। স্বকীয়া ও পরকীয়া নায়িকাগণ মুগ্না, মধ্যা ও প্রগলভাভেদে ত্রিবিধ। মধ্যা ও व्यगन् वा वाता बीता, व्यशीता छ ধীরাধীরা হইয়া প্রত্যেকের তিন

প্রভেদ হয়। মুগ্ধার কোনও ভেদ ও পরকীয়াভেদে নাই। স্বীয়া ইঁহারা মোট ১৪ প্রকার এবং ক্যা একপ্রকার মিলিয়া ১৫ ভেদ হইল। এই ১৫ প্রকার নায়িকা আবার অবস্থাভেদে প্রত্যেকেই আট প্রকার বিভেদ প্রাপ্ত হইয়া থাকেন--(১) অভিসারিকা, (২) বাসকসজ্জা, (৩) (8) খণ্ডিতা, (৫) উৎকঞ্চিতা, বিপ্রদরা, (৬) কলহাস্তরিতা, (৭) প্রোবিতভর্ত্তকা ও (৮) স্বাধীন-ভত্তা; স্থতরাং নায়িকাগণ ১২০ প্রকার হইলেন, ইঁহারাই আবার ব্রজেন্ত্রনন্দনে প্রেমের তারতম্যবশতঃ উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা-ভেদপোপ্ত হইয়া ৩৬০ প্রকার হইতেছেন। এক শ্রীরাধাতেই এই ৩৬০ প্রকার

(৬) যুথেশ্বরীভেদ-প্রকরণে— যুথেশ্বরীগণের বিভাগ - বিচার হঁইয়াছে। প্রথমতঃ সৌভাগ্যাদির আধিকো ইহাদের অধিকা, সাম্যে সমা এবং লাখবে লঘুভেদ হইয়া থাকে। আবার ইঁহারা প্রথরা, মধ্যা ও মুখীহিসাবে প্রত্যেকে ত্রিবিধ श्रेषा थारकन। अधिका ও नप् আত্যন্তিকী ও আপেক্ষিকী ভেদে ছুই প্রকার। সর্বসমেত বারভেদ—(১) আতান্তিকাধিকা (শ্রীরাধা) (২) আত্যস্তিকী লঘু, (৩) সমলঘু, (৪) व्यक्षिकमश्रा, (१) मममश्रा, (७) नघु-মধ্যা, (৭) অধিকপ্রথরা, (৮) সম-প্রথরা, (৯) লঘুপ্রথরা, (১০) অধিক-मृत्री (>>) नमभृत्री ও (>২) नपूमृत्री। (৭) দৃতীভেদ-প্রকরণে——

স্বয়ংদৃতী এবং আপ্তদৃতীভেদে ছুই

নায়িকাগুণ সমাস্তত হইতে পারে।

প্রকার। স্বয়ং দূতীর স্বাভিযোগ-প্রকাশ তিন প্রকারে প্রকটিত হয়— (১) বাচিক, (২) আঙ্গিক ও (৩) চাক্ষ্য। বাচিক—শব্দোথ ও অর্থোথ দ্বিবিধ-ইহারাও বাঙ্গা-হিসাবে আবার ক্লম্ণ-বিষয়ক ও পুরস্থ-বিষয়ক হিশাবে দ্বিপ্রকার। ক্ষণ্ডবিষয়ক হইলে সাক্ষাৎ (গর্ব, আকেপ, याह्यामि) ७ वाशाम-एडए আবার তাহার ছই ভেদ স্বীকার্য। আঙ্গিক--অঙ্গুলিক্ষোটন, ছলে বা সম্রমে অঙ্গাবরণ, চরণে ভূমিলেখন, কর্ণকণ্ডুয়ন, তিলকক্রিয়া, বেশক্রিয়া, জ্রধুনন, স্থীকে আলিঙ্গন বা তাড়ন, অধরদংশন, হারাদি-গ্রন্থন, ভূষণধ্বনি, বাহুমূল-প্রকটন, কুঞ্নামলেখন এবং বুক্ষে লতার সংযোগ। চাকুষ— নয়নের হাস্ত, অর্দ্ধনিমীলন, প্রান্তব্র্ণন, প্রান্তগঙ্গেচ, বক্রদৃষ্টি, বামনয়নে দৃষ্টিপাত এবং কটাক্ষ প্রভৃতি। আপ্তদৃতী-অমিতার্থা, নিস্প্লার্থা ও পত্রহারিণীরূপে তিবিধা। (৮) স্থী-প্রকরণে—

প্রেম, সোভাগ্য ও সাদগুণ্যাদিবশতঃ এই স্থীগণেও অধিকাদি-ভেদত্রয়ে পূৰ্ববৎ দ্বাদশ ভেদ স্বীকৃত হইয়াছে। তন্মধ্যে বিশেষ এই যে লঘুপ্রথরা বামা ও দক্ষিণা—এই ছুই প্রভেদ প্রাপ্ত হইতেছে। ইহাদের আর একটি বৈশিষ্ট্য এই যে ইছারা কথনও দৃতীর কার্যও করেন। নিত্যনায়িকা (নায়িকাপ্রায়া), দিসমা ও স্থী-. প্রায়া-ছিসাবে ইহারা ত্রিবিধ অবস্থা প্রাপ্ত হন। দেশকালাদির বৈশিষ্ট্যে কথনও প্রাথর্যাদি স্বভাবেরও ব্যতায় হইতে পারে। স্থীদের

গুণাবলি-শ্রীক্লফের নিকট শ্রীরাধার প্রেমাতিরেক-বর্ণনা ও শ্রীরাধার নিকট শ্রীকুষ্ণের প্রেমবর্ণনা, পরস্পারের আসক্তিকারিতা, উভয়ের অভিসার, কুষ্ণের হস্তে স্বস্থীর সমর্পণ, নর্ম, আখাসদান, নেপণ্য-হৃদমোদ্যাটনে পটুতা, রচনা. দোষাবরণ, পত্যাদির বঞ্চনা, শিক্ষা, কালে সঙ্গমন, ব্যজনাদিসেবা, উভয়ের তিরস্কার, সন্দেশপ্রেরণ এবং নায়িকার প্রাণ-সংরক্ষণে প্রযত্নাদি। স্থীদের মধ্যে আবার কেছ কেছ সমম্বেহা ও কেহ কেহ অসম্বেহা। স্থীগণ সমম্বেহা হইলেও কিন্তু 'রাধার দাসী আমরা'—এই অভিমান সর্বথা থাকে।

(৯) হরিবল্লভা-প্রকরণে —— গোপীদের চতুর্ভেদ-স্বপক্ষ, ত্মহং-পক্ষ, তটস্থ ও প্রতিপক্ষ। স্বপক্ষের বৈশিষ্ট্য পূৰ্বেই স্থচিত হইয়াছে। 'স্থন্ত্ৰপক্ষ'--ইপ্টসাধক ও অনিষ্টবাধক। বিপক্ষের 'ভটস্ত' ত্মহৎপক্ষকে এবং পরস্পার বিদেষী ইষ্টবাধক ও অনিষ্ট্ৰসাধক হইলে 'বিপক্ষ' বলা হয়। প্রতিপক্ষ স্থীদের বাক্য ও চেষ্টাদিতে ছদ্ম, देश, ठाक्षना, অহয়। মাৎস্য, অমর্য ও গর্বাদি অভিব্যক্ত যূথেশরীগণ কিন্তু গান্ডীর্য-মর্যাদাদি গুণবশতঃ বিপক্ষকে সাক্ষাৎ-ভাবে ঈর্যা করেন না এবং বিপক্ষ যূথেশ্বরীকে লঘুপ্রথরাগণও সাক্ষাতে ঈর্ষাদি প্রকটিত করিয়া বাক্যবিভাগ করেন না। হবিপ্রিয় জনগণের এইরূপ দ্বেষাদি ভাব অমুচিত বলিয়া যাহারা বলে—তাহারা অ-পূর্বরসিক (অরসিক)। প্রিয়তমের তুষ্টি-

বিধানের জগুই উভয়পক্ষে এই বিজাতীয় ভাবটি শৃঙ্গার-কর্তৃক নিক্ষিপ্ত হয় এবং এই জগুই বিরহাবসরে বিপক্ষগণেও ইংগাদের স্নেহই প্রকটিত হয়।

(১০) উদ্দীপনবিভাব-প্রকরণে — हित ७ हिति श्विशांगर ११ छन, नाम. চরিত্র, ভূষণ, তৎসম্বন্ধী ও ভটস্থ বিষয়ের প্রভৃতি পূজামুপুজ বর্ণনা হইয়াছে। গুণ তিন প্রকার. —মানসিক, বাচিক ও কায়িক। গুণ—কুতজ্ঞতা. ক্ষান্তি. করুণাদি। বাচিক গুণ-কর্ণরুশায়ন-তাদি এবং কায়িকগুণ-বয়স, রূপ, লাবণ্য, সৌন্দর্য, অভিরূপতা, মাধ্য ও মার্চবাদ। মধুর রসে বয়স চারি প্রকার-বয়:সন্ধি, নব্য, ব্যক্ত ও পূর্ণ। ইহাদের বিশেষ সংজ্ঞা ও উদাহরণাদি মূল গ্রন্থেই দ্রপ্টব্য। তৎসম্বন্ধি বস্তু--বংশীরব, শুঙ্গধ্বনি, গীত, সৌরভ, ভূষণ-শিঞ্জিত, পদান্ধ, विशिक्षका निकान धवः निर्मानगानि বৰ্হা, ভঞ্জা, অদ্রিধাতু, (४२ तुन, त्वप्, भृत्र, व्याधृति, वृन्यावन প্রভৃতি; তদাপ্রিত—খগ, ভঙ্গ, মুগ, কুঞ্জ, লতাদি, কণিকার, গোবর্দ্ধন, যমুনা, রাসস্থলী প্রভৃতি। তটস্থ—জ্যোৎসা, মেঘ, বিদ্যুৎ, বসন্ত, শরৎ, পূর্ণচন্দ্র, বায়ু, খগ প্রভৃতি।

(১১) অমুভাব-প্রকরণে—
অলম্বার, উদ্ভাপ্থর ও বাচিকভেদে
অমুভাব ত্রিবিধ। অলম্বার ২০টি।
অম্বজ—ভাব, হাব ও হেলা।
অম্বজ্জ—শোভা, কান্তি, দীপ্তি,
মাধুর্য, প্রগান্ভতা, ওদার্য ও ধৈর্য-এই
সাত। স্বভাবজ—শীলা, বিলাস,

বিচ্ছিন্তি, বিশ্রম, কিলকিঞ্চিত, মোট্টায়িত, কুট্টমিত, বিকোক, ললিত ও বিক্বত এই দশ। সংজ্ঞা, উদাহরণাদি আকরে দ্রপ্তবা। উদ্ভাস্বর— নীবিশ্রংসন, উত্তরীয়-শ্রংসন, ধাল্লিলাক্রনাটন, জুন্ডা, ঘাণফুল্লতাদি। বাচিক—আলাপ, বিলাপ, সংলাপ, প্রলাপ, অন্থলাপ, অপলাপ, সন্দেশ, অতিদেশ, অপদেশ, উপদেশ, নির্দেশ ও ব্যপদেশভেদে ১২টি।

নির্দেশ ও ব্যপদেশতেদে ১২টি।

(১২) সাত্ত্বিক-প্রকরণে—স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, ম্বরভঙ্গ, কম্প, বৈবর্ণ্য, অক্র ও প্রলয়ভেদে অই সাত্ত্বিক।
ইহারা আবার ধুমায়িত, জ্বলিত, দীপু, উদ্দীপ্ত ও স্থদীপ্ত হইয়া থাকে।

(১৩) ব্যভিচারি-প্রকরণে—
নির্বেদ, বিষাদ, দৈশ্য প্রভৃতি
তৈত্রিশটি; মধুর রসে গুগ্রা ও
আলস্তের অসন্ভাব। এই রসে
ভাবোৎপতি, ভাবসন্ধি, ভাবশাবল্য
এবং ভাবশান্তি—এই চারিটী দশা
কথিত হয়।

(১৪) স্থায়িভাব-প্রকরণে— যথায়থ বিভাব, অমুভাব, সাত্তিক ও ও বাভিচারী ভাবকদম্ব স্থায়িভাব রতির শহিত একতা মিলিত হইয়া অপ্রাকৃত 'রস' হয়। এই রসে মধুরা রতিই স্থায়িভাব। অভিযোগ. বিষয়, সম্বন্ধ, অভিমান, তদীয় বিশেষ, উপমা ও স্বভাব ইত্যাদি কারণে রতির উদয় হয়। এই কারণগুলি উত্তরোত্তর শ্রেষ্ঠ। মধুরা রতি-'সাধারণী, সমঞ্জসা ও সমর্থাভেদে ত্রি-সাধারণী, কুকু†তে প্রকার । পট্নছিষীগণে সম্প্রসা এবং গোপী-গণে সমর্থা রতি। মাতিগাঢ়, প্রায়শঃ

হরির দর্শন-জ এবং সম্ভোগেচ্ছামূলক হইলে রতি 'দাধারণী' আখ্যা লাভ পত্নীত্বাভিমানক, গুণাদি-শ্রবণোখ এবং কদাচিৎ ভেদিত-সম্ভোগেচ্ছ সাজ রতিকে 'সমঞ্জনা' বলে। অনির্বাচ্যবৈশিষ্ট্যপ্রাপ্তা যে রতির সহিত সম্ভোগেছাটি সর্বথা তাদাত্ম্যপ্রাপ্তি করে, তাহাই 'সমর্থা', ইহাতে কেবল ক্লঞ্চখ-তাৎপর্যই অশেষবিশেষে বর্ত্তমান থাকে। ৰীজ, ইকু, রস, গুড়, খণ্ড, শর্করা, সিতা ও সিতোপলের ভার সমর্থা-রতিই উত্তরোত্তর গাঢ়তা (পরিপুষ্টি) লাভ করত প্রেম, স্নেহ, মান, প্রণয় রাগ, অহুরাগ, ভাব ও মহাভাবা-দিতে পর্যবসিত হয়। প্রেমের তিন ভেদ—প্রোঢ়, মধ্য ও মন্দ। ক্লেছের ছুই বিভাগ—মুতম্বেছ (চক্রাবলীর) ও মধুঙ্গেহ (শ্রীরাধার)। মানেরও ত্বই ভেদ—উদাত্ত ও ললিত, উদাত্ত— দাক্ষিণ্যোদাত ও বামাগন্ধোদাতভেদে দিবিধ, কোটিল্য ও নর্মভেদে ললিত-মানও দিবিধ। প্রণয়ও মৈত্র এবং স্থাতেদে দ্বিবিধ। नीनिया उ রক্তিমাভেদে রাগ দিবিধ, প্রথমটি নীলী ও খ্যামা এবং দ্বিতীয়টি কুত্বস্ত ও মঞ্জিঠাভেদে তুই প্রকার। অমু-রাগের চারিটি লক্ষণ-পরস্পর-বশীভাব, প্রেমবৈচিত্ত্য, অপ্রাণিতে জন্মলাভের অত্যুৎকট বাসনা এবং বিপ্রলম্ভেও বিক্ষ্,তি। ভাব-ক্রচ় ও অধিরঢ়-ভেদে দিপ্রকার ; রুঢ় ভাবের ছয়ট চিহ্-নিমিষের অসহিষ্ণুতা, আসরজনতা-হাদবিলোড়ন, কল্পকণত্ব, তৎসোখ্যেও আজিশন্ধায় খিরতা. **স্ববিষ্মরণ** যোহাগ্যভাবেও এবং

ক্ষণকল্পত্ব। অধিক্রচ ভাবের মোদন ও মাদন হুই ভেদ। যাহাতে হুদীপ্ত সাত্ত্বিক ভাবসকল দৃষ্ট হয় এবং যাহার উদয়ে প্রীক্লফের ও তাঁহার প্রেয়সীগণের বিক্ষোভ জন্মায়. তাহার নাম-মোদন। এই মোদন ভাব কেবল শ্রীরাধায়থেই বর্ত্তমান। মোদনই বিরহকালে মাদন' (মোহন) হয়: ইহার অমুভাব (১) মহিষীগণ-কর্ত্তক আলিঙ্গিত ক্বফেরও মূচ্ছাকারিতা, (২) অসহ ছঃখন্বীকারেও প্রিয়তমের ত্বথকামিতা, (৩) ব্রহ্মাণ্ডক্ষোভকরতা, (৪) পশুপক্ষিরও রোদন, মৃত্যুস্বীকারে স্বভূতদারাও তৎসঙ্গ-তম্বা এবং (৬) দিব্যোনাদ। দিব্যোন্মাদ—উদ্যুণা ও চিত্রজ্লভেদে প্রধানত: ছুই প্রকার। চিত্রজন্নও দশ প্রকার—(১) প্রজন্ন, (২) পরি-জরিত, (৩) বিজর, (৪) উচ্জর, (৫) সংজন্ন, (৬) অবজন্ন, (৭) অভিজন্ন, (৮) আজন্ন, (৯) প্রতিজন্ন এবং (১০) স্থজন্ন। সাধারণী রতির প্রেম পর্যন্তই সীমা, সমঞ্জসা অমুরাগ পর্যস্ত কিন্তু ব্রজদেবীদের মহাভাব-পর্যস্ত সীমা। মাদনাখ্য মহাভাব কেবলমাত্র শ্রীরাধাতেই দৃষ্ট হয়। (১৫) শৃঙ্গারভেদ-প্রকরণে—

(১৫) শৃপারভেদ-প্রকরণে—
উজ্জল রস—বিপ্রগন্ধ ও সন্তোগভেদে
বিবিধ। বিপ্রলম্ভও আবার পূর্বরাগ,
মান, প্রেমবৈচিত্তা ও প্রবাস-ভেদে
চারিপ্রকার। পূর্বরাগ বলিতে
যুবক-যুবতীর সঙ্গমের পূর্বে দর্শনপ্রবাদিজা রতিই বাচা। দর্শন—
সাক্ষাৎ, চিত্তে ও স্বপ্পে। প্রবণ—
বন্দী, দৃতী ও স্বীর মুখে এবং গীতে।

প্রেচ্ পূর্বরাগে দশ দশা, যথা-লালসা, উদ্বেগ, জাগরণ, কুশতা, জড়তা, ব্যগ্রতা, ব্যাধি, উন্মাদ. মোহ ও মৃত্য। সমঞ্জস পূর্বরাগে— অভিলাষ, চিস্তা, শ্বতি, গুণকীর্ত্তন, উদ্বেগ, বিলাপ, উন্মাদ, জড়তা ও মৃত্যু—এই দশ দশা। সাধারণ পূর্বরাগে—অভিনাষাদি विनाशास्त्र इय नगा। शूर्वदारश काम-লেখ ও মাল্যাদি-প্রেষণের ব্যবস্থা আছে:কামলেখ-নিরক্ষর ও সাক্ষর ष्टे अकात्रे हश। मान---गरहजूक. ও নির্হেতুক-ভেদে দিবিধ। প্রিয়তম-কৃত বিপক্ষাদির বৈশিষ্টোই ঈ্থা-বশতঃ প্রণয়মুখ্য সহেতুক মান হয় ! এই বৈশিষ্ট্য তিন প্রকারে অমুভূত হয়—(১) প্রিয়দখী বা শুকের মুখে শ্রবণে, (২) ভোগচিহ্নে, গোত্রস্থলনে ও স্বপ্নে অনুমানে এবং (৩) দর্শনে। নি**ৰ্হেতৃক** ম্বান অকারণে কারণাভাস হইতে সঞ্জাত নিৰ্হেত্ব মান স্বয়ংগ্ৰাহ (আলিঙ্গন) ও স্বিতপ্রভৃতিতে এবং স্হেতুক মান-সাম, ভেদ, मान. উপেক্ষা বা রসাস্তরাদিদ্বারা প্রশমিত হয়। মান-প্রশমের চিহ্ন—অশ্রুত্যাগ ও মৃত্যুন্দ হাস্তাদি। মানকালে গোপীগণ শ্রীকৃষ্ণকে কিতবেন্দ্র, কঠোর, নিরপত্রপ ইত্যাদি প্রণয়োক্তিতে সম্বোধন করেন। প্রেমবৈচিত্ত্য-প্রিয়তমের সন্নিকর্ষে থাকিয়াও প্রণয়োৎকর্ষবশতঃ বিরহ-আত্তি—তাহাকেই - বোধে যে প্রেমবৈচিন্ত্য বলে। প্রবাস— দুরগমনের নামই প্রবাস-ইহা कि किन्तुत्र निर्श স্থাবুর নিষ্ঠতে দে હ

एड्डनगैनग्रि

বিবিধ। প্রাত্যহিক বনগমন প্রথম এবং মাথুর-গমন দিতীয়। ইহাতে চিন্তা, জাগরণ, উদ্বেগ, তানব, मिनाञ्चला, खनाल, न्यापि, ऐन्याप, মোহ ও মৃত্যু এই দশ দশী হয়। প্ৰকটকালেই এই মাথুরবিয়োগ তিন মাসের জন্ম সংঘটিত হয়. এইকালে দৃতপ্রেরণ ও 'আবির্ভাব' প্রভৃতিতে ব্রজবাসিদের সহিত অপ্রকট প্রকাশে নিত্য বিহার হয়: তদনস্তর দন্তৰক্রাদি বধের পর পুনরায় ব্রজে আগমন, প্রকট বিহার ও লীলা-সঙ্গোপন হইয়া থাকে।

'স্ভোগ' বলিতে ব্জনবযুবক-যুবতীর উল্লাসভরে দর্শনালিঙ্গনাদি-সেবাত্মক ভাব-বিশেষই বাচ্য। ইহা মুখ্য (জাগ্রংকালীন) ও গৌণ (স্বাপ্ন) ভেদে দিবিধ। মুখ্য সম্ভোগ পূর্বরাগাদির পরে ক্রমশঃ সংক্ষিপ্ত, সঙ্কীর্ণ, সম্পন্ন ও সমৃদ্ধিমান্ভেদে চারি প্রকার। সম্ভোগ-বিশেষ— সন্দর্শন, জল্প (পরস্পর গোষ্ঠা ও বিতথোক্তি), স্পর্শ, বত্মরোধ, রাস, বুন্দাবনক্রীড়া, যমুনাজলকেলি, त्नीविद्यात, नीनाटोर्ग (वःभी, वनन ও পুস্পাদির চুরি), দানলীলা, कूक्षां निनीन छ।, यधू शान, वधू त्य-কপটনিদ্রা, দ্যুতক্ৰীড়া, পটাকর্ষণ, চুম্বন, আলিজন, নথাক্ষদান, বিশ্বাধরত্মধাপান এবং সম্প্রয়োগাদি। সম্প্রোগ হইতেও লীলাবিলাসেই অধিকতর স্থাচমৎকারিতা বলিয়া সিদ্ধান্তিত হইয়াছে।

উপসংহার—গোক্লাননা গোবিনা ! গোঠেকুকুলচক্রমঃ! প্রাণেশ! প্রন্যোত্তশে! নাগরাণাং শিখামণে!

वुन्सावनविद्धाः! গোষ্যুবরাজ ! মনোহর! ইত্যাতা ব্রজদেবীনাং প্রেয়সি প্রণয়োক্তয়ঃ ॥ অতলম্বাদ-পারত্বাদাপ্তোহসৌ ছবিগাহতাম্। স্পৃষ্টঃ পরং তটত্থেন রসান্ধির্মধুরো ময়া॥ মোট শ্লোকসংখ্যা-->৪৫০। ইহার তিনটা টাকা আছে——শ্রীপাদ এজীবক্ত টাকা—'লোচনরোচনী'. কবিরাজ গোস্বামির শিষ্য শ্রীবিষ্ণুদাস-কৃত—'স্বাত্মপ্রমোদিনী' এবং শ্রীমদ বিশ্বনাথ চক্রবর্তিকত টীকা---'আনন্দচন্দ্রিকা'। তিন খানাতেই পাণ্ডিতোর ও ব্যাখ্যান-বৈভবের পরমপ্রকর্ষ প্রদর্শিত হইয়াছে। এই তিন টীকার সাহাযো উজ্জলনীলমণি পঠিত হইলে ব্রজ্বসের উচ্চত্য সাধনার ভাব হাদগম্য হইতে পারে। শ্রীমং শচীনন্দন বিস্তানিধি 'উজ্জল-চক্রিকা' নামে ইহার এক প্রামুবাদ করিয়াছেন। বঙ্গীয় সাহিত্যসেবকে (२৫৮ %:) ठीकुत्रमाम देवक्षवरकछ ইহার মূলের প্রামুবাদক বলা হইয়াছে। এই গ্ৰন্থ অপ্ৰকাশিত। ২ (পাটবাড়ী অমু ১) নারায়ণদাস— কৃত একটি অমুবাদ আছে। (বর্দ্ধমান সাহিত্যসভার পুঁথি ৪৭৮) জগন্নাথদাসকৃত অন্নাদ-'উজ্জ্লরস'। বিপ্রলম্ভ ব্যতীত সম্ভোগের পুষ্টি হয় না, গোড়ীয় বৈফবদের ভজন-প্রণালীতে বিপ্রলম্বেরই সম্ধিক চমৎকারিত্ব দেখা যায়। বিপ্রলম্ভ-রসের মূর্ত্ত বিগ্রহ শ্রীগোরের চরিতে যে রুশ রূপোৎসব লাভ করিয়াছে, শ্রীরূপপ্রভু এই গ্রন্থে

আলম্বারিক বিচার, বিশ্লেষণ ও

বিভিন্ন উদাহরণের সহিত প্রদর্শন

করিয়াছেন। প্রত্যেক বিষয়ের সংজ্ঞা, উদাহরণ এবং বৈচিত্রীস্থলেও পৃথক্ দৃষ্টান্ত বিভিন্ন শাস্ত্র হইতে এগ্রন্থে সংগৃহীত ও স্থন্দরভাবে সজ্জিত হইয়াছে।

স্বকীয়া ও পরকীয়া—

শ্রীচৈতক্সচরিতামূতে শ্রীপাদ
কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—
তটস্থ হইয়া মনে বিচার যদি করি।
সব রস হইতে শৃলারে অধিক মাধুরী॥
অতএব মধুর রস কহি তার নাম।
স্বকীয়া পরকীয়া ভাবে দ্বিধি
সংস্থান॥ পরকীয়া ভাবে অতি
রসের উল্লাস। ব্রজ বিনা ইহার
অন্তর নাহি বাস॥

ব্রজের ঔপপতা একটি অসাধারণ ভাব, ব্রজ্বদেবীগণ শ্রীভগবানের সাক্ষাৎ স্বরূপশক্তির চিনায়ী মৃতি হইয়াও নিত্য পরকীয়ারূপে প্রতিষ্ঠিতা। এই ওপপত্যের মধ্যে তর্কের অম্পৃষ্ঠ, যুক্তির অদৃশ্য এবং মনের অচিন্ত্য অলোক-সামাগ্ৰ ভাব বিভাষান। নিয়ামক নাই, উহা কর্মপরতন্ত্র নহে। মানবসমাজের আচরণের সায় নিদিষ্ট নিয়ন্ত্রিত নহে, কিন্তু উহা রসোৎকর্ষ-বর্দ্ধনের জন্ম চিন্ময় জগতের এক মহাশক্তিশালী ভাব-বিশেষ ৷ জাগতিক পরকীয়াতে রুশভাস নোৰ ঘটে বলিয়া ব্ৰজগোপীতেও তাহার আশঙ্কা-লেশ হইতে পারে না কেন তহুত্তরে উজ্জ্লনীলমণিতে উপপতির লক্ষণ বলিতেছেন— 'পরকীয়া রমণীর প্রতি অমুরাগবশত: ধর্ম উল্লন্ডবনপূর্বক যিনি সেই পরকীরা নারীর প্রেমসর্বস্থ হুইয়া থাকেন---

তাঁহাকে উপপতি ৰলা হয় ।' ঔপপত্যেই শুকার রুসের পরাকাঠা প্রতিষ্ঠিত হইবার হৈত তিনটী—বহুবার্যমানতা, প্রচ্ছন্নকামুকতা ও পরস্পর তুর্লভতা। 'লমুম্মিতি' শ্লোকে আবার শ্রীপাদ বলিতেছেন যে ঔপপত্য-সম্বন্ধে যে লঘুত্বের বর্ণনা আছে. তাহা প্রাক্ত-নায়ক-সম্বন্ধেই প্রবোজ্য, কিন্তু মধুর রুগ আস্বাদনের জন্মই থাঁহার অবতার. তাদৃশ শ্রীকৃষ্ণ-সম্বন্ধে ওপপত্যের হেয়ত হইতে পারে না। এই কয়েকটি পতের টীকাকার পূজ্যপাদ শ্রীজীবচরণ ও শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর মহাশয় যেরূপ বিচার ও অভিমত প্রকাশ করিয়াছেন-তাহা তত্ত্বপূর্ণ। সংস্কৃত-ভাষায় অনভিজ্ঞ সজ্জনদের নিমিত্ত দিগ্-দর্শনকায়ে ঐ টীকাদ্বয়ের সার্মর্ম প্রকাশিত হইয়াছে (গোডীয়-বৈষ্ণব-অভিধানে ৯০০—৯০৫ পুঃ)। উজ্জলনীলমণি-কিরণ-শ্রীবিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-প্রণীত। ইহাতে নায়ক-চূড়ামণি औकृष्णित ३७ প্রকার ভেদ. ত্মশ্রেরালম্বন নায়িকার ৩৬০ প্রকার ভেদ, নায়িকার স্বভাব, দৃতীভেদ, স্থীভেদ, বয়স উদ্দীপন, অমুভাব, সান্তিক, ব্যভিচারী; রতিত্রয়— সাধারণী. সমঞ্জসা ও সমর্থা—ক্ষেহাদি মহাভাবাস্ত অবস্থা: ভাবাবলির আশ্রয়নির্ণয় এবং স্থায়ী ভাব--বিপ্রবৃত্ত ও সম্ভোগের চাতুরিধ্য বণিত আছে। উজ্জু লনীলমণি-পরার—কুন্ত নিবন্ধ (বর্দ্ধমান সাহিত্য সভার পুঁথি

860) |

উজ্জ্বলনীলমণি-প্রভাসারার্থদর্শিনী

হেড়:

সংসারাথে:

শ্যনস্থপট্ট-

— উজ্জ্বনীলমণির শ্লোক-স্ত্রসমূহের শঙ্কলন; আটপত্রাত্মক .(বরাহনগর পুঁথির ७)। উজ্জুলরস—উজ্জ্বনীলমণির সংক্ষিপ্ত অহুবাদকের অমুবাদ। জগ্লাথদাস (বর্দ্ধমান সাহিত্য সভার श्रुँ थि-896)। **উজ্জ্বলরস্বিবরণ**—নারায়ণদাস-কত। উজ্জলনীলমণির আধারে ক্ষুদ্র নিবন্ধ (কলিকাতা বিশ্ববিভালয়ের পুঁথি ৪৭৯২)। ২ শচীনন্দন বিভানিধি-রচিত উজ্জলচন্দ্রিকার নামান্তর। উদ্ধবচরিত (I. O. 3894) রঘুনন্দন দাস-কৃত কাব্য। মন্দাক্রান্তাব্ত ১৬৩ পঞ্চাত্মক। ইহাতে উদ্ধৰ-কৰ্ত্ব ক্ষ্ণ-গোপীর সংবাদাদানপ্রদান-কথাই কীতিত হইয়াছে। উপক্রমে—গ্রীশো ভূতা মধুপুর-জনানন্দসন্দোহবধী, জ্ঞাতা গোপীবিরহবিদশাং জাত-কারুণ্য-ভাব:। আত্মীয়ত্বং মৃত্মধুরতাশ্লেষি-সাকৃত্বাচা, প্রোচ্চীকুর্বন রহসি বিনয়াছদ্ধবং ব্যাজহার॥ ৭ **উদ্ধবদূত**>—প্রাচীনতর খণ্ডকাব্য। উহা শ্রীমাধব কবীন্দ্র ভট্টাচার্য-কর্ত্ত ক বিরচিত—এই কাব্যখানি সরস, সরল ও কিঞ্চিৎ তর্ম, শ্রীরূপপাদের উদ্ধবসন্দেশের স্থায় প্রসন্নগন্তীর নহে. শব্দেটাও তদ্রপ সমুজ্জুল নহে। উহা সাধারণ পাঠকগণের চিতাকর্ষক হইলেও কিন্তু শ্রীরূপপাদের উদ্ধব-অমুতর্সের সন্দেশ—অপ্রাকৃত অফুরন্ত প্রস্রবণ। **উদ্ধবদৃত** (উদ্ধবসন্দেশ) ১৩১ পত্তাত্মক খণ্ড কাব্য। উপক্রমে— विद्युतिष्ठात्वमनम्भनः প্রাণি-নিস্তার-

নীলকণ্ঠস্থ বন্ধু:। রাজাভুক্তব্রজ-পরিলস্চাতকাশা বিধুরন্, আস্তাং চিত্তে সরস্ভদয়: কৃষ্ণমেঘঃ সদা নঃ॥ (I. O. 3893) মাধ্বকৰীল্ৰ-কৃত উদ্ধবদূত হইতে ইহা ভিন্ন গ্ৰন্থ। উদ্ধব সংবাদ—কিশোরদাস - কুত মৌলিক কাব্য (সাহিত্য সভা ১২) ২ শচীনন্দন-ক্বত অমুবাদ (কলিকাতা বিশ্ববিভালয় ৭৩৩) ও জয়রাম-কৃত। বৃদ্ধবৈবর্ত্তপুরাণ অবলম্বনে ১৮৫৫ খৃঃ মুদ্রিত। উদ্ধব-সংবাদের খ্যানুবাদ—(দ্বিজ নরসিংছ-ক্বত)। উদ্ধব-সন্দেশ-- শ্রীরূপগোস্বামি-প্রণীত দৃতকাব্য। হংসদূতে শ্ৰীরাধার প্রধানা স্থী ললিতা-কর্ত্ব মথুরায় শ্রীকৃষ্ণ-সকাশে যমুনা-জল-বিহারী হংসবর দৃতরূপে প্রেরিত হইয়াছে, এই উদ্ধবসন্দেশে নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণও মথুরা হইতে উদ্ধৰকে দৃত করিয়া বিরহবিধুরা গোপাপনাদিগকে সাস্থনা দিয়াছেন। শ্রীমদ্ভাগবতের 'গচ্ছোদ্ধব (00800) সৌম্য ! পিত্রোর্নঃ প্রীতিমাবহ। গোপীনাং মদ্বিয়োগাধিং মৎসন্দেশৈ-শ্লোকটির এই অবলম্বনেই সম্ভবতঃ এই গ্রন্থের নাম-বিষয়-বস্তুর সংকলন 'সাত্ত্রামাস সপ্রেইম-হইয়াছে। রায়ান্ত ইতি দৌত্যকৈ:' (১০।৩৯। ৩৫) এই বাক্যেও জানা যায় যে শ্রীকৃষ্ণ মথুরা হইতে পুনঃ পুনঃ দৃত প্রেরণ করিয়াছেন। দস্তবক্র-বধের পরে প্রকটভাবে ব্রজে আগমন বর্ণিত থাকায় বুঝিতে হয় যে তৎপূর্বে ব্রঞ তিনি সাম্বনা দিবার জন্ম দৌত্য-

প্রথার উদ্ভাবন করিয়াছেন। কাহাকে কি ভাবে সন্দেশ (সংবাদ) দিয়া শাস্থনা দিতে হইবে, কোনু পথে কোথায় বা অগ্রে যাইতে হইবে, কিই বা করিতে হইবে—ইত্যাদি বিষয় শ্রীভাগবতে বণিত নাই বলিয়া ভক্তগণের জিজ্ঞানা থাকে। আ কাজ্জা-নিরসনের জন্মই বোধ হয় শ্রীপাদ শ্রীরূপ এই উদ্ধব-সন্দেশের রচনা করিয়াছেন। মন্দাক্রান্তা ছন্দে ১৩১টী শ্লোকে এই গ্রন্থ রচিত। মেঘদতের অনুকরণে এই খণ্ডকাব্য-খানি নির্মিত হইলেও এই কবির অপূর্ব কবিত্বে ইহা অভিনবভাবে হইয়াছে। উৎকর্ষমণ্ডিত শোকই স্থমধুর রসে ও স্থগন্তীর ভাবে পরিপূর্ণ। ইহার বহু শ্লোকই উष्डलनीनम्पि গ্রন্থে দৃষ্টাস্ত-স্বরূপে উদ্ধত হইয়াছে।

কথাসার : -- শ্রীগোপাঙ্গনাদের প্রগাঢ প্রীতির কথা-স্মরণে 'দীর্ঘোৎ-কণ্ঠা-জটিলহাদয়' শ্রীক্লফের প্রেম-বিহবলতা, (২) অন্তরক বান্ধবপ্রধান উদ্ধবকে অভিনত দৌতাকার্যে निरत्नाग-मञ्जल (8), ज्याल-रतत मूर्य অহঙ্কারী কংসের বাক্য-শ্রবণে কুন্ধ হইয়া ঐক্তিফর বুন্দাবন হইতে মথুরায় আগমনের কারণ-নির্দেশ (৫), শ্রীরাধাই শ্রীক্ষের প্রণয়-বস্তি, কিন্তু একণে তিনি ললিতাদি স্থী-গণের মৌখিক যুক্তিপূর্ণ আখাসবাক্যে জীবনভার বিরহবিধর বহন করিতেছেন (৬), বিরহসর্পদষ্টা শ্রী-রাধাকে শ্রীক্ষের বার্ত্তামন্ত্রধ্বনিদারা করিতে পুনরুজ্জীবিত মন্ত্রি-চূড়ামণীন্ত্রের প্রতি উপদেশ (৭),

গোষ্ঠবনই শ্রীক্লফের প্রিয়তম (৮), গোষ্ঠের স্থাবরবৃক্ষগণও এক্সঞ্চ-বিরহানলে জর্জরিত (১), মেরুতুল্য হইতেও **একুকে**র আত্মক্রেশ ক্রেশাভাস-দর্শন-স্মরণে গোপীদের অধিকতর ব্যথামূভব (১০), স্রল, স্থব্যর ও স্থথময় পথের সন্ধান-প্রদান —नन्मीयत-पर्नन (>>), <गाक्**र्नाया-**শিব, যমুনা-সরস্বতীর সঙ্গম (১২), কালীয়হ্রদ (১৪), ব্রহ্মহ্রদ (১৫, ১৬), যজ্ঞস্থান (ভাতরোল, ১৭), কোটিক (১৮), সটীকরায় গরুডগোবিন (১৯). বহুলাবন (২১) গোকুল (২৫, ২৬), শালালবন (২৭), সাহার (২৮) রহেলা (২৯), সৌয়াত্রিক (৩৩), গোষ্ঠাঙ্গন-বর্ণনা (৩৩--৩৫), তৎপরে পুরপ্রবেশ-স্চনা—যে যে পথে যে य नौनाञ्चान पर्यन कतिए इहरत. তাহা তাহা উদ্ধৰকে জানাইতে গিয়া একক্ষের তত্রতা বিভিন্নলীলা-শ্ববে প্রেমবিহ্বলতা: নদীশ্বরের সামদেশে উদ্ধবের রথ উপস্থিত হইলে উদ্ধবকর্ণে গোপীদের পরম্পর বাক্যালাপ-প্রবেশামুমান (৩৬-89). গোপীদের প্রাভাতিক দধিমন্থনকালে স্বগীতিকার শ্রবণে যে শ্রীক্ষের স্থেম্বপ্ন-সমাপ্তি হইত, তাহার স্মরণ ও वर्गन (86-85), श्रीताधाट्यमात প্রেচিত্ব-বিজ্ঞাপন (৫০—৬৩), গোপীগণের বিরহবর্ণনা, প্রীরাধার উৎকট বিরহাদি (৬৬-১০), ব্রজের তরুগণপ্রতি আশীর্বাদ-জ্ঞাপন (১২). ধেমুগণের কুশল-জিজ্ঞানা (১৩), বুদ্ধা মাতৃত্বরূপা ধেমুমণ্ডলীর পদে প্রণতি-জ্ঞাপন (১৪). শ্রীকুষ্ণের প্রতিভূত্বরূপে প্রিয়সখাগণকে

আলিজন (৯৫), শ্রীনন্দযশোদাকে প্রণাম (৯৬-১৮), শ্রীকৃষ্ণের প্রণর-সচিবরূপে গোপীদের নিকট উদ্ধবকে পরিচয় করিবার জন্ত উপদেশ (>०२-->०१), ठस्रावनी (>०৮), বিশাখা (১০৯), ধন্তা (১১০), স্তামলা (>>>), পদ্মা (>>২), ললিভা (১১৩), ভক্রা (১১৪) ও শৈব্যা (১১৫) প্রভৃতি গোপীগণকে गाचनामान, অনতার প্রীক্লফবিরহে কুশীভূতা স্থী-বুৰূপরিবৃতা শ্রীরাধার নিকটে স্বর্ণণে गमत्नाभरम् (১১৬), देवजब्दीयांग স্পূৰ্শ করাইয়া শ্রীরাধার চৈত্ত্র-मम्भामनार्थ छेश्राम् (১२०), खरश्रम বাচিক উপদেশের বিজ্ঞাপন (১২১-১২৭), গোপীদের প্রেমালাস-দর্শনে উদ্ধবের তুর্লভপ্রেম-পুরুষার্থলাভ-কথন (১২৯) উপসংহার-

শ্রীরুষ্ণবিরহে গোপীদের যে কি শোচনীয় ছুরবন্ধা হয়, তাহা স্বয়ং খ্রীকৃষ্ণভিন্ন আর কেহ জানেনা, কেহ বুঝেনা। অতিকয়ে শ্রীক্ষের প্রত্যাগমন-আশায় তাঁহারা কোনও প্রকারে জীবিত আছেন মাত্র—ইহা **এীরুফ বেশ বুঝিয়াছেন—তাহারই** মধ্যে দৃতপ্রেরণের **म**ट्या আবশুকতা। 'উদ্ধৰণলোশে' বিরহ-বিবৃতি আগ্নেমগিরির বেদনার উচ্ছাদের ক্সায় আপনার তেজে আপনিই গরীয়ান্। ইহা পাঠক-মাত্রকেই ব্যাকুল ও বিচলিত করিয়া তোলে।

উপাসনাচন্দ্রামৃত--ভক্তমাল-রচরিতা লালদাসের রচন!। ১৬৮৪ শকাব্দে লিখিত। ইহা সাধন ও লীলাতম্ব-ঘটিত নিবদ্ধ। ছুই ভাগে বিভক্ত, প্রতি বিভার্গে আট কলা আছে।
ইহাতে গ্রন্থকারের গুরুপরম্পরা
পাওয়া যায়, যথা—শ্রীনিবাসাচার্য,
গোবিন্দ চক্রবর্তী, গৌরাঙ্গবল্পভা—
শ্রীমতীমঞ্জরী—নয়নানন্দ চক্রবর্তী।
উপাসনাচন্দ্রিকা — নরোত্তমদাসক্ত পঞ্চদশ পত্রাত্মক পূঁথি
(হরিবোলকুটীর ৯ছ)। প্রথমতঃ
ক্রফ্টমাধুরী, ক্রফ্রপরিকর, ক্রফ্রব্যবহার্য
দ্রব্যাদির নামবিশেষ, তৎপরে রাধাভণ-পরিকরাদি, ললিতাদি অষ্ট

মুখ্যা সথী ও তাঁহাদের সেবাবিশেষ, মঞ্জরীগণের সেবাদি বর্ণনা হইয়াছে। উপসংহারে—

'শ্রীরূপ-গ্রন্থের অর্থ নারি
নির্দ্ধারিতে। খ্যোকমর এইসব না
পারি বুঝিতে॥ সাধুমুথে অল্ল কথা
করিলে শ্রবণ। আপনা বুঝিতে ভাষা
করিল লিখন॥ দোষ না লয় মোর
বৈষ্ণবের গণ। দশনে ধরিয়া তৃণ
করি নিবেদন॥ শ্রীরূপচরণপ্র হুদে
করি আশ। উপাসনাচন্ত্রিকা কহে

নরোত্তম দাস । উপাসনাচন্দ্রিকা?—শ্রীন বলদেৰ বিত্যাভূষণের শিষ্য উদ্ধবদাস-কর্তৃক বচিত গ্রন্থ । ইহাতে প্রীগুরু-প্রণালী তাঁহার দেওয়া আছে। এক্সফচৈতন্ত, প্রিগৌরীদাস পণ্ডিত, প্রীহৃদয়চৈতন্ত, প্রীশ্রামানন্দ, শ্রীরসিকানন্দ, শ্রীনয়নানন্দ-শ্রীরাধা-দামোদর--- শ্রীবলদেব বিভাভূষণ--উদ্ধৰ দাস। [সাহিত্য-কৌমুদীর ভূমিকায়]।


₹, a, à


কিন্ত 'উদ্ধামায় মহাতন্ত্ৰ' নামে যে


উদ্ধাস্থা সংহিতা—(হরিবোল-কুটীর পুঁথি ৯ চ) ত্রয়োদশ-পত্রাত্মক, অধাায় আছে। - ইহাতে দাদশ অধ্যায়ে—ব্যাসকর্ত্তক পৃষ্ট প্রথম মহিমাদি **শ্রীগু**রুভক্তির নারদ বলিয়াছেন। এইরূপে দিতীয়ে— অবতার-কীর্ত্তন, তৃতীয়ে—গৌর-মস্নোদ্ধার, চতুর্থে—তুলদী-মাহাত্ম্য, ষষ্ঠে— পঞ্চমে—গঙ্গামাহাত্ম্য, গুরুধ্যান-স্তবাদি. দেবতাধ্যানাদি. সপ্তমে—নারায়ণ-স্তব, অষ্ট্রমে---নবমে—–কাণ্ডিক-গ্য়ামাহাত্ম্য. माराष्मा, ननारम-दिक्छवदर्भ गणन, একাদশে --- বৈঞ্বসংখ্যাবারপুজা এবং দ্বাদশে—প্রতিমাদে, বিশেষে পূজা ও অপরাধ-কথন। (Madras Oriental Mss. भूँ थि Library-তেও অমুরূপ আছে। সাধনদীপিকা বঠককায়


গ্রন্থের উল্লেখ ও উদ্ধৃতি আছে, তাহা ইহা হইতে সর্বথা ভিন্ন। উহাতে সাধারণতঃ <u>প্রীরাধিকার</u> মস্তাদি. অষ্টাক্ষর-বিধি. গোপেশ্বরী-বিধান প্রভৃতি দৃষ্ট হয়। প্রীল খ্যানচন্দ্র গোস্বামিপ্রভু উদ্ধায়ায় সংহিতা **শ্রীগোরমন্ত্র** হইতেই উদ্ধার কবিয়াছেন। একামপদ—শ্রীগোবিনা কবিরাজ-বিরচিত অষ্টকালীয় পদাবলী। ভাষা — ব্রজবুলি। পদসমূহ গীত হইবার উদ্দেশ্যে রাগরাগিণীও **সঙ্কেতিত** হইয়াছে। ঐশ্বৰ্যকাদ**দিনী** >—গ্ৰীল বিশ্বনাথ চক্রবতিপাদের মাধুর্যকাদদ্বিনীর দিতীয়ামূত-বৃষ্টিতে এই গ্রন্থের নাম দেখা যায়; এখন পর্যন্ত ইহা লোক-লোচনের অন্তরালে আছে। তাহাতে 'দৈতাদৈতবাদ' বিচারিত হইয়াছে


বলিয়া উক্ত হইয়াছে। ঐচক্রবর্তি পাদ যে দৈতাদৈতবাদেরই সমর্থক, তাহা কিন্ত (ভা ১) ৫।২০) তদীয় টীকা হইতেই জানা যায়। 'ইদং দশ্যমানং বিশ্বং ভগবানিৰ সদিব চেতনমিব আনন্দরপ্রমিব, ন তু সাক্ষাৎ স্ক্রিদানন্দ্রপো ভগবানেবেতার্থ:। ভগৰত: সন্তাদীনাং সার্বকালিকত্বাৎ বিশ্বস্ত সন্তাদীনাঞ কচিৎকালিকতা-যতোহলৌ. দিতি ভাব:। ভগবানিতর: অমাদ বিশ্বমাদ্য:, কথং বিশ্বং ভগবানিব কথং ভগবান বিশ্বসাদিতরস্তত্রাহ যত ইতি। শক্তিমতে ৷ ভগৰত: যঝানায়া স্থাননিরোধ-সম্বো সকাশাজ্ঞগত: ইতি বিশ্বস্ত কার্যক্লপতাৎ কেন্চিদং-শেনৈৰ তদ্ধপত্বং নিরূপ্যতে, ভগৰত-**স্তৎকারণভাৎ** তদিতর্থমিতাত: (ছা ৩।১৪।১) সর্বং ব্রন্মেত্যাদিশ্রুতিভির্গি ব্ৰহ্মকাৰ্যতা-

















ব্ৰন্মত্বাতিদেশে। জ্ঞাপ্যতে। দেব 'অর্থাৎ এই দুগুমান জগৎ ভগবানবং (সৎ, চেতন ও আনন্দস্তরপবৎ) প্রেতীয়মান হইলেও সাক্ষাৎ সচিচদানন্দরপ ভগবানই न्द्र : যেহেতৃ ভগবানের সতা, চেত্ততা ও আনন্দস্বরূপতা সার্বকালিক, কিন্তু বিখের সত্তাদি কাদাচিৎক; তবে ভগবান এই বিশ্ব হইতে পৃথক বলিতেছেন ---কেন ? তত্বর মায়াশক্তিবিশিষ্ঠ ভগবান্হইতে এই জগতের স্ষ্টি স্থিতি প্রলয়াদি হয় বলিয়া বিশ্ব কার্য, অতএব অতি-সামাগুভাবেই মাত্র সন্তাদি কারণগুণ কার্যে সংক্রমিত হয়. পকান্তরে

ভক্তিরসামূতের আধারে, কোথাও নিরসন পূর্বক বিশুদ্ধ ভজনপন্থার বিনির্দেশেই এই গ্রন্থরত্বের তাৎপর্য। কোথাও তত্ত্তা মূল শ্লোক ও স্বকৃত টীকা দিয়া গুন্ফিত করিয়াছেন I প্রসিদ্ধ বনবিষ্ণুপুরের রাজা শ্রীগোপাল সিংহের রাজত্বকালে স্বয়ং তৃতীয় ১৬৬> শকে ঐ গ্রামবাসী উত্তমদাস-বলিয়াছেন-'শ্রীমন্রগামৃতাভোধির্গোস্বামিভিক্ল-নামক জানৈক কবি এই গ্রাম্থের চতুর্থ রত্ন পর্যন্ত পয়ারে অম্বর্যাদ করিয়াছেন। দাহতঃ। তসাত্রদ্ধত্য যৎকিঞ্চিদ-গ্ৰত**শ্চ নিবেন্ততে'॥ অতএব**— এই পুঁথি এদিয়াটিক দোদাইটিতে ৩৫৭২ সংখ্যক, ১৮৯২ খুঃ ফেব্রেয়ারী 'কন্তব্যং মম চাপল্যং তদ্পধে রিত: মাদে বিষ্ণুপুর হইতে সংগৃহীত। চেত্ৰঃ। বৈফাবৈঃ কুফাসম্বন্ধে ক্র **ন্ড ভ ক্তিরস কদম্ব —-** মঙ্গলডি হির গুণমাত্র-পরিগ্রহৈঃ'॥ ইহাতে ভক্তি পাছঙা গোপালের প্রপৌত্র শ্রীনয়না-লকণ, অনুশীলন-স্বরূপ-প্রদর্শন, উপবাদের ভজনাগ্রত্ব, ভক্তিলক্ষণ-নন্দর্ঠাকুর ১৬৫২ শাকে শ্রীরূপপ্রভুর ভক্তিরদামৃতের সম্পূর্ণ আমুগত্যে পরিজ্ঞাা, ভক্তি-প্রয়োজন-নির্দেশ, এই গ্রন্থ রচনা করেন। ইহার ক্চি-লক্ষণ,কেবল যুক্তির অপ্রতিষ্ঠতা, সাধন ও সাধ্যভেদে ভক্তির দৈবিধ্য. অষ্টাদশ প্রকরণের প্রথম ও দ্বিতীয়ে মঙ্গলাচরণ ও শ্রীক্লফ্যাধনের সূর্বোৎ-সাধনভক্তির লক্ষণ, বৈধীলক্ষণ, রাগ-नक्षंग, ७८ ७ छात्र, मरक्षाभागना पित কর্মপ্রতিপাদন করত তৃতীয়ে শ্রীক্বয়-কর্ত্তব্যতা, ভক্ত্যমুকুল বৈরাগ্য-লক্ষণ, পূজায় সূর্বদা সকলের অধিকার— তৎপ্রতিকৃল বৈরাগ্য-নিরূপণ, ভক্তবাৎসন্য, সাত্তিকাদি ত্রিবিধ পুরাণ, এক্ল য়-বিমুখনিন্দা, বিষয়ি-রাগামুগা-লক্ষণ। তৎপরে খণ্ডিত। নিন্দা, আয়ুর্ব্যর্থতা, ইন্দ্রিয়হীনতা ও দশ উল্লাসে বিভক্ত। (I.O.L. ভক্তির শ্রেষ্ঠত্বাদি কীর্ত্তনের পর চতুর্থ भूँ थि p 815-816, मन्भूर्व)। কুমভেজিবল্লী --- রসময়দাস-কৃত হইতে শেষ পর্যস্ত ভক্তিরসামৃতের (বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৪২৩) যাৰতীয় প্রকরণের মুখ্য মুখ্য রসামত সিশ্বর অমুবাদের মত বলিয়া কারিকাদির পয়ারে অহুবাদ ও ধারণ হয়। (বিশ্বভারতী ৫৯, তাৎপর্য জিথিয়াছেন। উপসংহারে গ্রান্থের অমুবাদ ও নিজ ইপ্টগণ-পত্রসংখ্যা ১৮, লিপিকাল ১১৭২)। ক্লফভক্তিস্থার্গব—— গ্রীরাধামোহন কথনাদি বিবৃত হইয়াছে। গোস্বামি-ভট্টাচার্য- প্রণীত ২০৫ ক্ষাভক্তিরসোদয়----শ্রীবাধামোহন গোস্বামি-কৃত খণ্ডিত পুঁথি (Notices পত্রাত্মক পুঁথি (বঙ্গীয়সাহিত্য-পরিষৎ নং ৮৯৬) খুতিনিবন্ধ-Skt. Mss. 1192) উপক্রমে — 'গোপীনয়নচকোরী-বিশেষ। উপক্রমে—'বন্দে রাধা-স্থাদিত · স্থারসামৃতাসিতাঙ্গরুচি:। মুখাভোজ - मधुमाङांग - नम्भहेम। কোহপি ব্রঞ্জেতনয়ো নীরদনীলো গোবিন্দং প্রমান্দং বৃদ্ধাকান্ন-বিধুর্জয়তি।' এই গ্রন্থটি তিনি নায়কম ॥ ১॥ এইচতত্ত্ব-পাদাজ্ভ

শ্বনিতামৃত-সদ্ৰসঃ। সন্তৰ্পয়তু :
সংসার - তপ্তচেতোমধুব্রতম্ ॥ ২ ॥
রাধামোহনশর্মাবিষ্কতোহয়ং মধুর:শ্বরঃ। আনন্দয়তু ভক্তান্ শ্রীক্ষ-

ভক্তিস্থধার্ণবঃ ॥ ৫ ॥ বিষয়বস্ত্র — ভজন-প্রকরণ, ভজন-ভক্তিবিরুদ্ধ, প্রেম-লক্ষণ, উপাস্ত, পুরুষোত্তম-মাহাত্ম্য, শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদদেবন, অর্চন, মন্ত্ৰকথন-বিধি. পুজন মাহাত্ম্য, তিলকধারণ, স্নানবিধি, মানসপূজা, পাত্রনিয়ম, পূজাবিধি, পূজাস্থান, জ্প, মহাপ্রসাদ-ভক্ষণমন্ত্র, পাদোদক-বন্দন, দাস্ত, সখ্য, আত্ম-:মাহাত্ম্য নিবেদন, নৈমিত্তিক বিধি, মাস-'বিশেষে ক্রিয়াবিশেষ (বৈশাখ-ক্তত্য-প্রাতঃস্নান, চন্দনযাত্রা, পুষ্পক-রথ যাত্রা, নৃসিংহ চতুর্দশী; ভৈচুষ্ঠ-কৃত্য; আষাঢ়ে শ্য়নী; প্রাবণ-কৃত্য: ভাদ্র-কৃত্য-ছিন্দোল্যাত্রা. জন্মাষ্ট্ৰমীব্ৰত. রাধাষ্ট্রমী ব্ৰত: আশ্বিন-ক্লত্য; কাৰ্ত্তিক-কৃত্য— উত্থানযাত্রা, গোবর্দ্ধনপূজা, রাস্যাত্রা; মার্গশীর্ষ-কতা; পৌষকতা; মাঘ-দোল্যাত্রা-কুত্য, ফাল্পন-কুত্য, याळाविवि ; বহু যুৎস্ব, প্রয়োগ. হৈত্র-কৃত্য-দমনকারোপণ, প্রীরাম-নবমী, একাদশী; উপবাস-ব্যবস্থা, ভৈমী: দাদশীকৃতা। গ্রন্থ সমাপ্তিঃ --- শ্রীকৃষ্ণভাব- মধুরামৃতলেশলিপ সা,-সংপ্রেরিতেন বিবৃতং কিল মোহনেন। এতচ সাত্ত-মতং সমতিপ্রচার-: মুর্যাদমুৎস্থক ধিয়া রুচির-প্রবন্ধম॥ বিপরীতমপক্রদ্ধ্যা ং যচ্চোক্তমত্র

তৎ শোধনীয়মুররীকৃত - কৃষ্ণভাবে,-র্বছৈরিয়ং স্বিনয়ং বিনিবেদিতং মে। এই গ্রন্থের ব্জ্যুৎসব বিধিটি निथिত इरेए छ। দোলমণ্ডপং পূৰ্বতো গত্বা স্বস্তিবাচনাদিকং কৃত্বা ওঁমগ্রেত্যাদি শ্রীকৃষ্ণপ্রীতিকাম: শ্ৰীকৃষ্ণফল্পুৎসব-কৰ্মাঙ্গভূত- বহ্ন্যুৎসবং করিক্যামীতি সংকল্প্য ঘটং সংস্থাপ্য প্রতেশাদিকং সামাক্তার্ঘাং কুত্বা স্বগৃহোক্তবিধিনাগ্নিং পূজয়িত্বা সংস্থাপ্যাটোতরশতহোমং রুত্বা তৃণ-রাশিগৃহং কৃত্বা তত্র পিষ্টকময় মেখং সংস্থাপ্য ভক্ত প্রাণপ্রতিষ্ঠাং কৃত্বা ওঁ মেষায় নম ইতানেন পাছাদিভি: সংপ্ৰজ্য কুতাঞ্জলিঃ পঠেৎ—ওঁমেষ-রূপ মহাভাগ রূপালো প্রীতিকারক! দহামি তব গাত্রঞ্জমস্ব করুণা-কুশতিকাশ্ববিহৃং ততঃ বিফু-সমুদ্ভত-মহাসন নীত্বা হুতাশন মেষদাহবিধাবত্র সমুদ্ভত-শিখো ভব' ইত্যনেন বহিং দত্ত্বা কুতাঞ্জলিঃ পঠেৎ। ওঁ শ্রীকৃষ্ণাত-সংস্পর্শ পবিত্রীভূত মারুত! বর্দ্ধয়স্ব দাহবিধাবত্র হতাশনন'। ততে৷ গোবিদ্ধং স্থাপিতাগ্নি-সমীপং নীত্বা যথাশক্তি ধ্যানাদিনা পূজ্য়িত্বা কুত্মাও (१) বিধানেন হোমং কুর্যাৎ। যথা-ওঁ যদেব। দেবহেলনং দেবেন-শ্চক্রিমা বয়ং। বিষ্ণুর্মাতসাদেনসো বিশ্বান মুঞ্জংহদঃ স্বাহা॥ দিবা যদি নক্তমেনাংসি অগ্নিৰ্মা ত সাদেনগো বিশ্বানুঞ্জংহয: স্বাহা॥ জাগ্ৰৎ যদি স্বপ্ন এনাংসি চক্ৰিমা বয়ম। বায়ুর্মাত খাদেনলো বিশ্বানু-ঞ্জংহদ: স্বাহা॥' ইত্যাহতিত্রয়ং দর।

পুনর্গোবিন্দং গন্ধপুষ্পাভ্যাং সংপূজ্য স্বগ্রেক্তবিধি-স্থাপিতাগ্নিং সপ্তক্র তা ভাষয়িত্বা কল্পিত÷ বন্দাবনান্তর্বতিচাক্র-মণ্ডপে রত্নখট্টো-পরি শ্রীকৃষ্ণং স্থাপয়েং। তমগ্নিযাত্রা-সমাপ্তিপর্যন্তং রক্ষয়েদিতি বহ্ন্যুৎসব-বিধিঃ ॥ কৃষ্ণভজন-ক্রমসংগ্রহ— শান্তিপুরের শ্রীরাধামোহন গোস্বামি-ভটাচার্য-প্রণীত। (1.3137) ৫৫ পত্র। কুফুভজনামুভ: - শ্রীনরহরি সরকার ঠাকুর-রচিত। ইহাতে গ্রন্থকার বলিয়াছেন যে তিনি শ্রীমন্ মহাপ্রস্থ শ্রীনিত্যানন্দ প্রভুর সম্পোপনের পরে ভাবি কলিযুগের লোকসকলের সন্দিগ্ধতানিবন্ধন ভক্তিতত্ত্বের হ্রাস-কথা চিন্তা করিতে করিতে শয়ন করিলে স্বপ্নে শ্রীগৌর-চল্র দর্শন দিয়া তাঁহার মনোভাবামু-ও সিদ্ধান্তপক্ষ পূর্বপক্ষ অবলম্বনে এক গ্রন্থ করিতে ইঞ্চিত

কৃষ্ণভজনামৃত

তারতম্য হয় কি প্রকারে ? [২]
দীক্ষাগুরুও শিক্ষাগুরুর প্রতি কিরূপ
ব্যবহার বাঞ্চনীয় ? [৩] শ্রীবলদেব
—স্বয়ং ভগবান্ শ্রীরুষ্ণের অংশ
কিম্বা তাঁহার অর্ধবিগ্রহ ? [৪]
গুণাবতার ব্রহ্মা, বিষ্ণু ও শিবকে
কিরূপে জানিতে হইবে ! অস্তান্ত দেবগণেরই বা কি তত্ত্ব ? [৫] হরিদেহস্থিতা লক্ষীর প্রতি ভগবদক্ষতুলা
বৈষ্ণবেরা কিরূপে ব্যবহার করিবেন ?
তাঁহাদের মধ্যে আল্লাশক্তি কে ?
ক্রিকাণী, ভানকী, শ্রীরাধা প্রভৃতির

প্রতি কিরূপ ব্যবহার করিবেন ?

সিদ্ধান্ত--[১] তত্ত্বত:

সকল

করেন। পূর্বপক্ষ—[১] বৈষ্ণবের

. নীনামুকম্পি-সহদারমতি - প্রবীগৈঃ।

\$840

কবিবে ।

दिव अव गर्भान, वलावल-छ्लानमृत्र यहा-বৃদ্ধি বিষয়ী তাঁহাদের প্রতি সম-वावशांत्रहे कतित्व, किन्नु गांशांता ব্যবহারে ও প্র্যার্থে, প্রবণ-দর্শন-বিশেষাভিজ্ঞ জানাদিতে স্বল্ল বল-বছবল ইত্যাদি বিচার করিতে নিপুণ, তাঁহারাই বৈঞ্চব-দেহে শ্রীক্ষের তেজ, বল ইত্যাদির পরিমাণ জানিয়া তারতমা করিবেন যোগ্যতামুযায়ী ব্যবহার করিবেন। বৈষ্ণবের নিন্দা বা ছেল। ইত্যাদি কিন্তু সর্বথাই ত্যাজ্য। বাহারা অতত্ত্ত –তাহারা সমব্যবহার

২৷ সকল বৈষ্ণবই গুরু | जनार्था मीकाखक ও निकाखकत्व গৌরবাধিকা আজাপালন এবং বিধেয়। যদি ইঁহারা ভজনোপদেশে বিজ্ঞা না হন, তবে অন্ত মহদ্ বৈঞ্বের কাছে ভজনোপদেশ লইয়া ইহাদের অমুমতিক্রমে যাজন করিবে ! বৈষ্ণৰমাত্ৰেরই পূজাৰ হইলেও গুরুরই কায়মনে।-বাক্যে গৈবা বিধেয়। গুরু অসঙ্গত कार्य कतिरल निर्झरन मध विरश्य, কিন্তু ত্যাজ্য নহেন।

ত। বলদেব—স্বরং ভগবান্
প্রীক্ষমের অংশই, তাঁহার দেহভাগ
হইয়াও—সর্বশক্তিমান্ স্বরং ঈশ্বর
হইয়াও—কথনও অমুজ লক্ষ্ণ আবার
কথনও অগ্রজ বলরাম হইয়া
শ্রীক্ষমের ত্রিগুণাতীত অনস্ত গুণ
বর্ণন করিতে ভক্তভাব স্বীকার
করেন। অতএব শ্রীকৃষ্ণ স্বরংই
বলদেব হইলেও দেহে পৃথগ্ভাব
অঙ্গীকার করিয়াছেন।

৪। দিখবের শৃষ্টি করিবার
ইক্তাশক্তি হইতে প্রাপ্তপূতা আছাশক্তি সত্ত্ব, রজঃ ও তমোগুণ দ্বারা
বিভাবিত করিয়া যথাক্রমে বিষ্ণু,
রক্ষা ও শিবকে শুজন করেন।
সকল জাগতিক ব্যাপারে ইহাদের
অধিকার। স্থাচন্দ্রাদিদেবগণকে,
মন্থু বা মন্বস্তরাধিপতিগণকেও স্ববশে
রাথিয়া লীলাবিনোদী শ্রীকৃষ্ণ
বিহার করেন; অতএব এই পুরুষগণ
সকলেই তাঁহার কলা বা অংশ।
৫। লক্ষীর বিষয়ে বৈষ্ণবৃগণ

সকলের পরম সম্মাননীয়া।
ক্রিমী ও জানকী শ্রীরাধার
অন্থগত। শ্রীরাধাই সর্ববনিতার
প্রকাশ-খনি। সম্পতিরূপা লক্ষ্মী
শ্রীরাধাক হইতে পৃথক্ হইয়াছেন
বলিয়া শ্রীরাধার বিলাসমহত্ত্ব জানেন

না, ব্রহ্মাদিও জানেন নাঃ তাঁহাদের

তাঁহার আফুগতো শ্রীহরির প্রেম-

ভিক্ষুক হইয়। ব্যবহার করিবেন।

সম্পত্তিরূপা লক্ষীও বিষ্ণুর গৃহ-সংশ্রয়া

গৃহিণী বৈষ্ণবী—এই

রমণীগণও শ্রীরাধাতত্ত্ব অবগত নহেন, কিন্তু শ্রীকৃষ্ণবিষয়ক বিশুদ্ধ অন্তর্নাগ আস্বাদনের ইচ্ছাতেই তাঁহারা শ্রীরাধাঙ্গসঙ্গ বাঞ্ছা করেন। শ্রীরাধাগোবিন্দলীলাই পরমপ্রেম-রসানন্দময়; মহিষীগণ-তত্ত্ববিৎ শ্রীউদ্ধবেরও গোপী-অন্ত্রাগে আস্থা-বিশ্বতি, ব্রহ্মার ও নারদের গোপী-ভাবের অন্তত্ব হইয়াছে।

শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভু স্ব-প্রেমে বিষয়ী, মন্তপ, অধ্যাত্মবাদিপ্রভৃতিরও মহানন্দাস্থাদন, প্রেমধারায় সকলের চিত্তশোধন এবং প্রুষ্ণের মধ্যেও

প্রকৃতিভাব-সমর্পণ ইত্যাদি লীলা-বিনোদ করিলেও কিন্তু শ্রীরাধারহস্ত পরমগোপা রাখিয়াছেন। গ্রীগদা-ধরপণ্ডিতই প্রীরাধা-সকলবনিতা-ত্রীগোরাঙ্গ-গদাধরের প্ৰধানভূত, পরস্পর নির্গুণ (চিদানন্দময় ভাব) দেহে মিলনই প্রগাঢ়, সত্য, ভক্তগণ-জীবাতৃ ইত্যাদি। প্রেসঙ্গত: শ্রীচৈতম্মনিত্যানন্দ আত্মসঙ্গোপন করিলে দেবনিগ্রহ ও রাজনিগ্রহ, বৈষ্ণবগণেরও স্বন্ধ-ধামে গমন ছইবে। যেসব বৈঞ্চৰ পৃথিবীতে থাকিবেন, তাঁহারাও নিজ নিজ প্রভাব সঙ্গোপন ও অস্তবে প্রেমনিবোধন করিবেন। হরিকীর্ত্তন, সুৎস্ত্র ও ঈশ্বরসেবা ক্রমশঃ মন্দীভূত হইবে। প্রাঞ্চ জগতে কর্মনাপেক (কর্মী) এবং সাধুজগতে কৃষ্ণসাপেক জনই মহান্। পৰু ও অপক যোগির ভেদ-পৰু-যোগির কদাচিৎ পদখলন হইলেও শ্রীকৃষ্ণ বা ভক্তকুপায় নিম্বৃতি হয়, অপৰুযোগী দিনে দিনে ভক্তিহ্ৰাস হইয়া বিষয়রসলিপ ত্ম হয়, প্রাক্বত-রসে আদক্ত হয়, বাহুবেশে ভূষিত হইলেও এই সৎসঙ্গহীন শ্রীভ্রষ্ট ব্যক্তিগণকে সকলে নিন্দা করে। এই ভক্তভেদ-পরীক্ষা। উপসংহারে সর্বতা প্রেমময় ব্যবহার করিয়া— প্রেমাস্ত ব্যবহার করিয়া অন্থথীকে প্রথী করিবার উপদেশ এবং প্রার্থনা---

বৈষ্ণবে প্রীতিরাস্তাং মে প্রীতি-রাস্তাং প্রভোর্ত গে। সেবারাং প্রীতিরাস্তাং মে প্রীতিরাস্তিশ্চ কীর্ত্তনে ॥ আশ্রিতে প্রীতিরাস্তাং মে প্রীতিশ্চ ভঞ্নোন্মুখে। আত্মনি প্রীতি- রাস্তাং মে ক্বঞ্চভক্তির্যথা ভবেৎ ॥

এক্রিকভাবনামূত-প্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠকুর-প্রণীত। এই মহাকাবা শরণোপযোগী লীলামালায় গুল্ফিত —বিংশটি দর্গে দক্ষিত। ইহাতে শ্ৰ্মমেত ১৩২৬টি শ্লোক আছে। **এই গ্রন্থে মিষ্টশন্দ-প্রয়োগবাহলা** থাকিলেও তদভাস্তরে নিগৃঢ় শৃঙ্গার রসের বাজনা থাকায় মহাচমৎকারিত সমর্পণ করিতেছে। মুখ্য ও গৌণ সজোগরস-পরিবেষণ-কৌশলে গ্রন্থানি স্থরসিক, সদ্ভাবুক ও সং সামাজিকেরই আত্মাতা, চর্বণীয় ও নিদিধাাসিতবা। প্রায় প্রত্যেক লীলাতেই যুগলকিশোরের একবার মিলন-বর্ণনাও এই গ্রন্থের বিশেষত্ব। ১৬০১ শকে এই মহাকাবা রচিত হইয়াছে বলিয়া গ্রন্থংশেষে প্রকাশ।

- (১) নিশান্তলীলা——নিশান্ত-কালোচিত সেবার জন্ম দাসীদের মাল্যা দিনির্মাণ, জালরকো, নয়নার্পণ-পুর্বক স্থীদের যুগলশোভা-দর্শন, উচিত অঙ্গকান্তি ও রহোলীলার मनम्बाग्न वर्गना, श्रीवृन्तानितर्भर পক্ষিগণের কলরবে যুগলের জাগরণ, मरयापिरवमन ध्वः त्रमालरम भूनः
- শয়ন—(প্রথম সর্গ)। (২) প্রাতলীলা—নির্বসন ও নিরাভরণ শ্রীক্ষাের দর্শনে স্থীগণের পরস্পর উক্তি-প্রত্যুক্তি—গ্রীক্বফের চরণে কুচকুন্ধুমচিহ্ন ও মস্তকে যাবকচিহ্নাদি—মঞ্জরীদের সেবা— বেশ-রচনার জন্ম শ্রীক্ষপ্রতি শ্রীমতীর আদেশ-দাদীগণকৃত বেশ-রচনা-সামগ্রীর আনম্বন, বেশ-রচনাম প্রীক্ত মেন বিশ—গরাক্ষ-ছি**রে**

नयन पिया मशीमञ्जतीरपत के नीना-দর্শন—প্রভাত হইয়া আসিল দেখিয়া

निकाराम-मधीगर्गत কেলিমন্দিরে প্রবেশ-শ্রীকৃষ্ণবক্ষঃ

হইতে বিযুক্তা শ্রীরাধার আসনে উপবেশন-শ্রীক্বফের কপট নিদ্রা. স্থীগণের সংলাপ শুনিতে শুনিতে

হাস্তপরায়ণ শ্রীক্লয়ের স্ববক্ষ:স্থলে নখচিছ-প্রদর্শনকালে প্রীরাধাকত্ত্রক শ্রীকৃষ্ণবক্ষ:আচ্ছাদন— শ্রীরাধাকুষ্ণের

র্শালাপ শ্রবণ করিয়া ঐ রস কিরূপ জানিতে প্রশ্ন করিলে শ্রীকৃষ্ণকর্ত্ত ক উত্তরদানচ্ছলে স্থীদের অধ্রদংশন প্রভৃতি লীলা—প্রভাতকাল দেখিয়া

বুন্দানিদিষ্ট কক্থটার 'ছটিলা'-শব্দো-চ্চারণ শুনিয়া দ্রুতবেগে সকলের অঙ্গনে আগমন-পরস্পারের স্কল্তে হস্ত দিয়া চলিতে চলিতে যুগলের বন-দর্শন---ব্রজসীমায়

আসিয়া শঙ্কাবশতঃ উভয়ের বিভিন্ন পথে স্বস্থাহে গমন ও শয়নাদি-(দ্বিতীয় সূর্ব)। কিন্ধরীগণের স্নান,

অমুলেপন ও শ্রীরাধার নির্মাল্য বসনভূষণাদিধারণ-শ্রীরাধার অটা-লিকা-ভবনের বর্ণনা--কিম্বরীগণকর্ত্ব ক প্রস্তুত সেবাসামগ্রী—মুখরার আগমন

প্রীরাধার নিদ্রাভঙ্গ-ভামলার আগমন ও রসোদ্গার-মধুরিকার নন্দালয় হইতে আগমন ও শ্রীরুষ্ণের শয্যোখান হইতে গোদোহনান্ত লীলা-

বর্ণনা--- শ্রীরাধার অসমোর্দ্ধ অমুরাগ-

শ্রবণান্তে শ্রামলার স্বগ্রহে গমন---(তৃতীয় দর্গ)। শ্রীরাধার স্নান ও ভূষণ-পরিধাপনাদি হ**ই**লে দর্পণে

নিজ মধুর অঙ্গকান্তির দর্শনে চমৎ-কারিতা, কুন্দলতার আগমন-

(চতুর্থ সর্গ)। শ্রীরাধিকার নন্দালয়ে গমনপথে এক্স স্থবলের স্বব্দে বাহু দিয়া ত্রিভঙ্গ ললিতঠামে দাঁডান —স্থীর মুখে শ্রীক্ষঞ্জপ-বর্ণনা শুনিয়। শ্রীমতীর সাত্ত্বিক-বিকার— যুগলের পরস্পর দর্শনকালে বট্ট-

অর্পণ দেখিয়া সখীগণ-কতু কি শ্রীমতীর পরিহাস-রুজ—নন্দমহলের শোভাবর্ণন—নন্দালয়ে প্রবেশ.

যশোদাদির প্রণামানন্তর রন্ধন-

গ্রীকৃষ্ণগলে চম্পক্মালার

শালায় প্রবেশ-রন্ধনকালে প্রীকৃষ্ণ-কর্তৃক শ্রীমতীর শোভা-সন্দর্শন-

শ্রীরাধার কর্ণে মধুমঙ্গলের প্রতি শ্রীক্ষরে ছলোক্তি-প্রবেশ ও শ্রীরাধা-

কর্ত্তক প্রিয়তমের প্রতি কটাক্ষ-নিক্ষেপ

— ঐক্তুকর্ত্তক স্থীগণের নিকটে অভিল্যিত-প্রার্থনা—(পঞ্চম সর্গ)।

রন্ধনশালায় শ্রীমতীর দর্শনে জাত ক্ষোভ-নিবারণের জন্ম শ্রীরুঞ্বত্তিক

শুকশাবকের অধ্যাপনচ্চলে শ্রীরাধা-নামকীর্ত্তন। মধুমঙ্গলের সৃহিত

ব্যায়ামকৌশলকথন, শ্রীরুঞ্সবিধে উচ্ছল জ্যোতিবিভা বলিয়া বটুর পারিতোষিক-প্রাপ্তি ও আশীর্বাদ-

প্রদান, দাসগণ-কর্ত্তক **একুফের** স্থাগণসূহ স্নানাদি-স্মাধান, গ্রীক্ষের ভোজন-মধুমঙ্গল-কর্তৃক

ভোজারসের সহিত রসতত্ত্ব-বিচারাদি —স্থীগণের সহিত শ্রীরাধার ভো**জন** —নন্দীশ্বর-গিরিগুহার মি**লন**—

(यर्ष्ठ मर्ज)। (৩) পূর্বাহুলীলা—মাতৃকভূ ক

গোষ্ঠবেশভূষা-রচনায় বিলম্ব ইইলে স্থাগণের উৎবর্গা, ত্রজেশ্বরীর অমু-মতিতে মোদকাদিদ্রব্য-সহ দাসগণের

বনগমন—নন্দীশ্বর গিরিগুহা হইতে গ্রীক্ষারে আগমন—নর্মসখাগণকত্ ক পরিহাস-কুষ্ণের গোষ্ঠবেশ-'মুকুন্দ বনে যাইতেছেন' এই বাক্যের नानाविश व्यर्वे अभन-विकाशीरित তাৎকালিক দর্শন-লালসা—শ্রীরুঞ্জের <u>মাতাপিতাকে</u> প্রবোধ-দান---প্রীরাধার নিকট নেত্রাঞ্জলে অভিসার-প্রার্থনা ও সম্মতিপ্রাপ্তি, বনগমন (সপ্তম সর্গ)। প্রীকৃষ্ণ বনগমন कतिल श्रीताधात मुक्टा, मुक्टा छन हरेल बीक्कारवर्ग मधी-एथात्र স্থীগণ্মুখে শ্রীরাধার বিরহ-বিধুর অবস্থা শুনিয়া শ্রীকৃষ্ণের বাককৃদ্ধ इट्टल मधुमञ्जल-कर्जुक श्रीताशादक অভিসার করাইবার জন্ম রূপমঞ্জরীর ইঞ্চিত-রূপমঞ্জরীকন্ত্রক শ্রীকৃষ্ণপ্রসাদী চম্পক্মালা আ'নিয়া শ্রীরাধাহ্বদয়ে অর্পণ—স্র্যপূজার আয়োজনে বিলম্ব হওয়ায় অধীর ক্ষের মুরলীবাদন এবং শ্রীরাধার বিল্লম, অভিসার—বেণুনাদে 'গোগণ। আগমন কর' শকের নানা ধ্বভার্থবর্ণন, 'বেণুনাদে স্থাবরজন্সমের সাত্তিক বিকার- সুর্গমন্দিরে গিয়া জীরাধার ও স্তব –তৎপরে কুমুম-সরোবরে আগমন ও কৃষ্ণাঙ্গ-গল্পে মধুম**স্ল**সহ উল্লাস। শ্রীকুষ্ণের <u> প্রীরাধাকুত্তে</u> ছুলকুমে গ্ৰ-শীরাধারতে পর্বত স্বর্ণময় হইয়াছে দেখিয়া শ্রীক্লফের বিতর্ক-পরম্পর দর্শনে যুগলের ভ্রমাদি (অষ্ট্রম সর্গ)। (8) মধ্যাফলীলা—শ্রীকৃষ্ণ-কপট ভয় দর্শনে শ্রীরাধার **रहेर**न मशीनरवत ইঞ্জিতে কুঞ্জপ্রবেশ – স্থীমণ্ডলে শ্রীকৃষ্ণাগমন

দেখিয়া সখীগণের কপটক্রোধ— কুষ্ণ আসিয়া স্থীগণের সহিত পরিহাস-কুন্দলতা ও ললিতার সাটোপ-বাক্যাদি— প্রস্পারের উক্তি-স্থীদের নিজমুখে কৃষ্ণকৃত শ্রীরাধার কুটুমিতভাব—রাধার মুখ সজ্জোগ-বর্ণনা শুনিয়া রুষণ, রাধা, কি চন্দ্র ?—এ বিষয়ে ক্লফের বিতর্ক বৃন্দা ও নান্দীমুখীর হাস্ত-(দশম —কন্দর্পযজ্ঞ - কথন—বিশাখাকত্ত্রক সর্গ)। শ্রীরাধা-স্কন্ধে প্রীমতীর প্রতি অবহিত্থাবলম্বনের ঐকুম্বের বামবাত অর্পণের শোভা-পার্ম্বর উপদেশ নান্দীমুখী-প্রদন্ত পত্রখানির হইতে তুই স্থীকর্ত্ব যুগলের হস্তে শ্রীকৃষ্ণ-কর্তু ক পঠন ও রহঃস্থলে প্রবেশ—নান্দীমুখীসহ শ্রীরাধা ও বৰ্ণনা—'বৰ্ষাহৰ্ষ'-বনভাগে গমন— ললিতার উত্তর-প্রত্যুত্তর-নান্দীমুখী-বিদ্ব্যান্মেঘ, কদম্বন, কুটিম ও কর্তুক পত্রের মর্মোদ্ঘাটন, বাম্য-হিন্দোলের নাশক মন্ত্রজ্ব—শ্রীক্লফের আগমন-বর্ণনা--রাধা-ক্লফের হিন্দোল-লীলা দেখিয়া দেৰীগণের শঙ্কায় অশোককুঞ্জে প্রবেশ— পুষ্প-বর্ষণকালে মেঘগণের জলকণা-গ্রীক্ষারে রম্পীমগুলে আগমন ও বর্ষণ-বীণাদিয়ন্ত্র বাতীত স্থীগণের ললিতার ইঙ্গিতে কুঞ্জপ্রবেশ ও গান-পরস্পারের অঙ্গ-দর্পণে প্রতি-কেলিগুহে যুগলের শয়ন (নবম দর্গ)। বুন্দা-নিয়োজিত ছয় ঋতুর কান্তি-আস্বাদন—দোলার অতিবেগে ভীতা রাধাকত্র কর্ফকণ্ঠ-অল্ফুত সেবা—অনঙ্গবিলাগান্তে গ্রহণ-স্থীগণের দোলারোহণ-গ্রীরাধাকে স্ব-স্বরূপা করিয়া নিজ হিন্দোলার উপরে ছই ছই গোপী-পার্শ্বে স্থাপন--রাধাকর্ত্তক মন্ত্রজপের মধ্যে এক এক কৃষ্ণমূত্তি—কমলাকৃতি অভিনয়—স্থীগণকত্ত্ৰ তুই কুষ্ণ-আরোহণ – ফলাদি-দর্শনে বিস্মাবিষ্ট হইয়া দাসীগণের হিন্দোলায় ভোজন-নান্দীমুখী ও বুন্দাকর্ত্ব নিকট জিজ্ঞাসা – পরে পূৰ্ববং দোলন—দোলা হইতে গ্রীরাধা মনে করিয়া স্থানাস্তরে গমন অবতরণ ও বনভ্রমণ—(একাদশ — শ্রীরাধাক প্রস্বরে শ্রীক্রফের বাকা-বিন্যাস—সর্বাঞ্চপর্শ করিয়াও 'রাধা' সর্গ)। 'শারদীয়' বনে প্রবেশ ও তত্রতা শোভা বর্ণন করিতে করিতে বলিয়া নিশ্চয় জ্ঞান-ললিতাদিসহ গ্রীক্ষের ছলে রহগুলীলা মুকুন্দ-শ্লিষ্টবাক্য-প্রয়োগে রাধার পরিহান-কৃষ্ণকর্ত্ব কমলকলিকার বেশী রাধার নিকট সখীগণের প্রশংসায় শ্রীরাধার ক্রোধ-বুন্দাবনে আগমন—কুন্দলতাদারা রতিচিজ-আগমন ও তত্ত্ৰত্য পশুপক্ষী, কুটিম, एहग-ननिजा, नामीमूथी, कुमनजा যমুনার ঘাট, তরু,লতা, পুষ্প, ফল ও ও বুন্দা প্রভৃতির পরস্পর পরিহাস-কুঞ্জাদির বর্ণনা-কুন্তুমসমূহে পরস্পর বাক্যে স্থীগণের হাস্ত্র, মুকুন্দবেশী হার-নির্মাণ ও পরস্পরকে সাজান, রাধার প্রতি প্রশ্ন ও উত্তর-প্রত্যুত্র-वत्रविनी-वर्गन-श्रीताथा - कर्ड् স্থীগণ-কন্ত্রি শ্রীরাধার ক্ষ্ণবেশের 'পুরুষ-জাতি নির্লজ্জ' এই কথা বলাতে দূরীকরণ ও নিজবেশে সজ্জা---

কৃষ্ণক্ত্র্ব রাধাকে ত্মালে জড়িত হেমযৃথিকা-প্রদর্শন—বিবিধ কৌতুকে যোগপীঠে আগমন—যোগপীঠে আরু কুষ্ণের ললিত ত্রিভঙ্গী মৃত্তি-বামপাৰ্যস্থা ধারণে শ্রীরাধাসহ অষ্টদলে বিরাজিত স্থীগণের তাৎ-কালীন সেবাদি শুক্মুখে বৰ্ণনা— রূপমাধুরী বর্ণন করিতে করিতে ওকের বৈবর্ণ্য ও বাক্রোধ হইলে ফল খাওয়াইয়া তাহার সন্তর্গ— রাধাক্ষের বীণা ও বংশীবাদন-পরে রত্ব-মন্দিরে শয়নাদি-পরিজন-কর্তৃক বন্ত পুষ্পের বিবিধ ছার-নিৰ্মাণ ও ফলমূলাদি-ভোজন--(শ্বাদশ সর্গ)। 'হেমন্তেষ্ট'-বনভাগে প্রবেশ—হেমস্ত ঋতুর বর্ণনা—রাধাকে বক্ষে গ্রহণকালে শ্রীকৃষ্ণহস্ত হইতে মুরলীপতন ও ললিতাকর্ত্তক শ্রীরাধার বেণীমূলে তাহার গোপন--বৃন্দা-কর্তৃক সকলের গাত্রে শীতবস্ত্র-দান —পুপফলাদির ছলে কৃষ্ণকভূক রাধার রূপ-বর্ণনা। 'শিশিরস্থখদ' বনভাগে গমন—শিশির ঋতুর বর্ণনা-প্রসঙ্গে কৃষ্ণকর্তৃ কু কুন্দপুষ্পের চয়ন र्टेल ताशां क्रिक कुमल जारक পরि-হাস। 'বসন্তম্বখদ' বনে আগমন-বসস্ত ঋতুর ও গিরিরাজের বর্ণনা— রাসস্থলীতে বিশ্রাম—বুন্দাকত্ত্র্ক মধু-আনয়ন—মধুপাত্তে নিপতিত প্রতিবিম্ব-মাধুরী-আস্বাদন— মধুস্ষ্টি-কারী বিধাতার স্ততি-মধুপানে ব্রজবালাদের উদ্প্রাস্তি-কিশ্বরীগণকে মধুপান করাইয়া রহপ্তলীলা---স্থীগণ সহ বিলাসাদি—(ত্রয়োদশ সর্গ)। 'নিদাঘ-স্থভগ' বনে আগমন, মধুমঙ্গল ও শ্রীক্বফের রশিকতা এবং

রস-বিচার—শ্রীরাধাকুণ্ড ও শ্রাম-কুণ্ডের বর্ণনা—সেতৃবন্ধে দণ্ডায়মান প্রেয়দীগণ-কর্ত্ব শ্রীরাধা ও সরসীর তুলনা—জলবিহারোপযোগী বস্ত্র-পরিধান-জলযুদ্ধে পরাজিত রমণী-গণের বসমভূষণাদি বলপূর্বক গ্রহণ ও স্থারসমার, জলমপুক-বাতা, জলকেলি সমাপনান্তে কুণ্ড-তীরে আসিয়া বস্ত্রাদিধারণ, ফলভোজন, রতিলীলা, দাসীগণকর্ত্ব পরিচর্যা ও নিদ্রার আবেশ (চতুর্দশ সর্গ)। পাশা-খেলার আয়োজন-মধান্ত রাখিয়া খেলা আরম্ভ-পরাজয়ী ক্লফের প্রতি স্থীগণকৃত ভর্ৎসনায় মধুমঙ্গলের নীরবতা—কৌস্তত-পণে খেলায় পরা-জিত হইলে কুম্মলতাকর্ত্ত কৌস্কভ লইয়া শ্রীরাধাবক্ষে সমর্পণ, কৌস্তভে নিজ প্রতিবিম্বের দর্শনে শ্রীক্রফের মোহ—ক্রমে আলিঙ্গন-চুম্বনাদি পণপূর্বক খেলা- বেণু ও বীণার পণে খেলা আরম্ভ হইলে বেগুর অন্বেষণ —মুরলীর জন্ম প্রত্যেক স্থীর নীবিবন্ধনাদি- উন্মোচন-- জটিলার স্থ্যমিন্দিরে আগমন—বিপ্রবেশে শ্রীকৃষ্ণকর্ত্ব সূর্যপূজাদি—প্রণাম-কালে শ্রীরাধার বেণী হইতে মুরলীর পতন দেখিয়া জটিলার ক্রোধ ও বিপ্রবেশী কৃষ্ণহন্তে মুরলীর সমর্পণ-র্মণীসকলের সহিত জটিলার গৃহে আগমন-কুষ্ণেরও স্থাগণের নিকট গমনাদি (পঞ্চদশ সর্গ)।

(৫) অপরাহুলীলা—শ্রীরাধার
বিরহব্যাধি-প্রশমনের বিবিধ চেষ্টাসত্ত্বেও তাহার অশাস্তি—চন্দনকলার
মূথে শ্রীকৃষ্ণবার্তা-স্থাপানে শ্রীরাধার
শাস্তি ও মোদকাদি-নির্মাণ।

ষোড়শ আকল্ল ও দ্বাদশ আভরণ-ধারণ—ক্বন্ধ-দূর্শনের জন্ম উৎকণ্ঠা, ললিতাসহ অট্টালিকায় আরোহণ-গোধুলিদর্শনে শ্রীরাধার তাপশান্তি— ক্বফস্পষ্ট বায়ুর অমুভব--বংশীধ্বনির अवर्ग मधीयनम् উष्टात यम-ভূষণাপেন্ধা না করিয়া খ্রামলাকর্তৃক রাধা-সকাশে আগমন-কুফদর্শন-বলদেবের নন্দীশ্বরে প্রবেশ—যাবটে আসিয়া ব্রজন্মনারীদের প্রতি ক্লফের কটাক্ষ-নিক্ষেপ—ভামলা, রাধা ও ললিভার সংলাপ-ক্ষদর্শনে বাধা দেওয়ায় বিধি ও লজ্জাদির প্রতি ধিকার, পরস্পারদর্শনে উভয়ের জাডা —ব্রজেশ্বরীর নিকট তুলসীকে প্রেরণ—নিজ-মন্দিরে বিরহিণী রাধার কৃষণক্ষ্য ভি-কুষ্ণের নিজগৃহে প্রবেশ (যোড়শ সর্গ)।

- (৬) সায়ংলীলা— দেবাঙ্গনাদের
 ক্ষ ও সূর্য-বিষয়ক বিচার—
 রমণীদের অশুসিক্ত পুলাবর্ষণ—
 অস্তাচলাভিমুখী সূর্য-সম্পর্কে বিবিধ
 উৎপ্রেক্ষা—রজেশ্বরীর নিকট হইতে
 আগতা তুলসীর মুখে শ্রীরাধাকভূকি
 শ্রীক্ষণ্ণের স্নাল-ভোজনাদি লীলার
 শ্রবণ—রাধিকাকভূকি ফেলামূভাস্থাদন—পাবনসবোবরস্থ অট্টালিকায়
 আরচা শ্রীমভীর গোদোহন-ব্যাপৃত
 শ্রীক্ষণের রূপামূত-পান—মুখচন্দ্রবর্ণন ও লীলাদর্শন— ক্ষণ্ণের নিজাল্যে
 গ্রম—(সপ্তদশ্বর্গ)।
- (৭) প্রদোষলীলা—প্রদোষ-বর্ণনা, ব্রজেন্দ্রালয় ছইতে আগতা ইন্দুপ্রভার মুখে ব্রজরাজ ও বন্ধুবর্গসহ শ্রীক্ষের ভোজন-শ্যনাদিলীলা-শ্রবণ—স্থবলের সহিত শ্রীক্ষের

রাধাকথা-জটিলা-নির্চেশে শ্রীমতীর ভোজন-অভিসার ও বংশীধ্বনি-কৃষ্ণমৃতি-ভ্রম---শ্ৰবণ-পথমধ্যে লিলিতার পরিহাস-রাধার ভূষণ-শ্রীক্ষের তমাল-তরুবৎ **ধ্ব**নিতে অবস্থান-বিশাখার নির্দেশে শ্রীরাধা-কর্ত্তক সেই তথাল-স্বন্ধে কর্ম্যাস ও রহোলীলা—(অষ্টাদশ সর্গ)।

শ্রীকৃঞ্ভাবনামৃত

(b) নৈশলীলা—শীরাধাকত ক শ্বীগণের নিকট ছলে জ্রীক্ষপ্রেরণ —মঞ্জরীগণের থ্রীরাধা-পরিচর্ঘা— শ্বীগণের সহিত বাক্চাতুর্যাদি— প্রীরাধার মটবরবেশ-ধারণ ও ললিত ত্রিভঙ্গ যুত্তিতে যুৱলীবাদন-গোরাঙ্গীবেশ—শারদীয় **ঐ**কুষ্ণের রাসের জায় বংশীধ্বনিতে গোপীগণের আকর্ষণ--বুন্দাকত্ত্ ক রাধার হইতে মুৰলী লইয়া কৃষ্ণহন্তে অৰ্পণ ও ভ্রমনিরাকরণ—নিজ নিজ বেশ-ধারণ-প্রহেলিকা-যমুনাপুলিনবর্ণনা, তত্র আগমন, রাশ-বিলাসে বিবিধ নৃত্য গীত বাল্ল প্রবন্ধাদি—অবসানে স্থীগণকৃত সেবা — (উনবিংশ সর্গ)। वशूनात खनरकिन, निखनिख-८२भ-বিহাস, ভোজন, শগ্ন-কুঞ্জের অতমুতীর্থে সানাভিলাব—প্রভ্যেক স্থীর কুঞ্জে বিহার—দাসীগণের রহোবিলাসদর্শন —— প্রেমবৈচিত্তা-বর্ণনা—সমৃদ্ধিমান্ ও বিপরীত সম্ভোগ ইত্যাদি-রতিশ্রমে যুগলের নিদ্রা (বিংশ সর্গ)।

পূর্বেই স্থচিত হইয়াছে যে এই মহাকাব্য রাগামুগীর সাধনভক্তির পদ্ধতি। ইহাতে একদিনের লীলা-ক্রমের দিগদর্শনমাত্র স্থচিত হইয়াছে। শ্রীগোরামুগ সাধকগণ অন্তল্ডিক্সিত

কেবল এই জাতীয় সিদ্ধদেহেই সাধনে উন্মুখী হয়েন এবং তাঁহাদের কল্যাণের জন্ম এই প্রকার লীলাগ্রন্থ-প্রণয়ন। শাকজান-সম্পন্ন वाकि माधक ना हहेला वह काठीय লীলার আম্বাদন করিতে পারেন না-পক্ষায়তে ঐ প্রকারের জানচীন হইয়াও শ্রীগুরুবৈক্ষবমুখে শ্রবণাদি করিয়া ভাগ্যবান সাধক এতাদৃশ ভব্দন লুক হইতে পারেন। বস্ততঃ লোভই এই মার্গের শ্বষ্ঠ প্রবর্ত্তক। লোভ না জন্মিলে এতাদৃশ গ্রন্থাদনের চেষ্টা বাতুলতা ও বিভম্বনামাত্র।

এই গ্রন্থের টীকাকার শ্রীল রুঞ্চদেব সার্বভৌম মূলের ব্যাখ্যানে যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়াছেন। খ্লিষ্ট পরিবেশন---যথাযথ অস্পষ্টাংশের বিশদ ব্যাখ্যান প্রভৃতি দারা তিনি স্ব-গুরুদেবের কবিয়াছেন আমাদের ধারণা। খ্রীল রাধিকানাথ গোস্বামিপাদ-কত বাঙ্গালা অমুবাদটি দংস্কতের মতই ছুর্বোধ্য ও গুরুগম্য। ঢাকার শ্রীগোপীনাথ বসাক-কৃত প্রারে অমুবাদ অপেক্ষাকৃত সর্গ ও প্রায়শ:ই মূলামূগত। শ্রীকৃষ্ণ-পদ দাস বাবাজি মহোদয় ১৩৩০ 'শ্রীগোবিন্দলীলামতরস' নামকরণপূর্বক শ্রীয়ত্বনন্দন দাস শ্রীগোবিন্দলীলামূতের ঠাকুর-কুত পয়ারে অমুবাদসহ স্থলে স্থলে শ্রীকৃষ্ণ-ভাবনামতের অতিরিক্ত লীলাবলীরও निर्फ्य पिया पिश्पर्यिनी याथागर করিয়াছেন। ş পয়ারামুবাদ-শ্রীগোপীনাথ বসাক- কর্ত্ব ঢাকা হইতে ১৩৪৪ বঙ্গাবে প্ৰণীত ও প্ৰকাশিত। অমুবাদক পছের নিয়মপ্রণালী, ছন্দঃ বা যতি প্রভৃতির **पि**रक দকপাত করিলেও মূলের সৌন্দর্য ব্রহ্মা করিতে যথেষ্ট চেষ্টা করিয়াছেন। ভাষাটি মধুর ও প্রাঞ্জন। শ্লোক নিষ্ঠ প্রোর:শই অমুবাদ ৷ পরারই বেশী, মাঝে মাঝে ত্রিপদীও আছে।

बिक्स्थ्रमञ्जल श्रीमम् एमवकीनमारनत देवस्व - वस्ताय चार्ड-- 'बाधवाहार्य বন্ধে। কবিত্ব শীতল। বাহার রচিত গীত শ্রীকৃষ্ণমঙ্গল।' এই শ্রীকৃষ্ণমঙ্গল শ্রীমাধবাচার্যের অপূর্ব কীন্তি। ইনি শ্রীমৎ গদাধর পণ্ডিত গোস্থানির শিষ্য ্শাখা-নির্ণয় १]। শ্রীমদ্ভাগবতের দশম স্বন্ধ এই গ্রন্থের স্থলত: উপাদান হইলেও তিনি স্থানে স্থানে অন্তান্ত স্কন্ম হইতে এবং ইচ্ছামত ভাগৰত ব্যতীত অন্তান্ত পুরাণ হইতেও করিয়াছেন। উপকরণ যোগাড ৰলিয়াছেন— স্বমুখে গ্রন্থকারও 'রাজরাজ-অভিষেক নাহি ভাগবতে। বিস্তারি কহিব তাহা 'হরিবংশ'-(১৫৪ 월:) 'পারিজাত-হরণ ঈষৎ ভাগবতে। বিস্তারি কহিব বিষ্ণুপুরাণের মতে। (২১২ পুঃ); এতহাতীত দানখণ্ড, কু ক্মিণীর নৌকাখণ্ড. ফুল্শ্যাা, অজামিল-উপাখ্যান, যহুবংশে ব্ৰহ্ম-শাপ হইতে ঘৃধিষ্টিরাদির মহাপ্রস্থান পর্যন্ত অংশগুলি দশ্ম স্কলে নাই। এই অমুবাদ সরল ও অুন্দর হইলেও কিন্তু ইহার বিশেষত্ব এই যে কবি স্বীয় প্রতিভা હ কলনাবলে

শ্রীভাগবতের বর্ণনাকে আরও রসাল করিয়াছেন। এই গ্রন্থখানি মঙ্গল-কাব্য-ধরণে লেখা হইয়াছে, প্রাচীন-কালে, অধুনাও দেশে দেশে মূদককরভাল-সহযোগে বিবিধ রাগ-রাগিণী-মিলনে এই গ্রন্থ গীত হইতেছে। [পাটবাড়ী প্র্থি কা ৬,৮; ১১৬৮ সনের লিপি]

২ অন্ত কবি কৃষ্ণদাস অপর
শ্রীকৃষ্ণমঙ্গল রচনা করিয়াছেন
বিদ্যা জানা যায়। ইনি মাধবাচার্যের
সহিত গুরুস্তে বা পিতৃব্যরূপে
সংশ্লিষ্ট ছিলেন বলিয়া তাঁহার
গ্রন্থাক্ষরে অন্থমিত হয়। দানগণ্ড,
নৌকাথণ্ড, ভারথণ্ড ও বংশীচৌর্যাদি
কাহিনী লিখিত হইয়াছে। গ্রন্থটি
আকারে ক্ষুম্ম হইলেও উৎকুষ্ট।

[পাটবাড়ী পুঁথি কা ১]

 বিপ্র পরশুরাম-কত শ্রীক্ষমঙ্গলের এক পুঁথি আছে পাটবাড়ী পুঁথি কা 1]। এই গ্রন্থ শ্রীতৈত ক্রমঙ্গলের মত্বরণে রচিত এবং ইহার গান অক্সাপিও প্রচলিত আছে। ইহার প্রীচৈতক্ত, প্রীনিত্যানন্দ, বন্দলায় শ্রীসনাতন, দামোদর, প্রীষ্মহৈত, হরিদাস, শ্রীনরহরি সরকার এবং অভিরামদাশ উল্লিখিত হইয়াছেন। নৌকাখণ্ড শ্রীকৃষ্ণকীর্ত্তনের মত এখানেও রাধা = हत्सा वर्जी । ৪ কবিশেখর-কত অন্ত কৃষ্ণমঙ্গল আছে (বঙ্গগহিত্য-পরিচয় ৮৩৫—৮৩৮ পৃষ্ঠার)।

কৃষ্ণমিশ্রচরিক্ত — শ্রীঅধৈত প্রভূর পদ্দী শ্রীগীতাদেবীর গেবিকা ও শিঘা জঙ্গলীপ্রিয়ার (যজ্জেশ্বর চক্রবর্তির) শিঘ্য নন্দরাম-কভূক রচিত। স্বতম্ব গৌরমস্ক্রে গৌরার্চকগণের নাম-নির্দেশ এই গ্রন্থের

পণ্ডিত জগদানন্দ গৌরভক্তশ্র।
কাশীমিশ্র নরহরি সরকার ঠাকুর॥
শীরঘুনন্দন আর ত্রিলোচন দাস।
প্রুষোন্তম বাহ্মঘোষ আদি রুফ্ডদাস॥
পণ্ডিত গদাই আর দাস গদাধর।
শিবানন্দ বৈগু কর্পপুর প্রেমাকর॥
এ সব মহাস্ত গৌর বিনা নাহি

জানে। তেঁই গৌরনদ্ধে পুজে খতদ্র বিধানে। ক্রম্রজানলোক ধ্যান মন্ত্র অফুসারে। বিধিনতে পূজ্ঞায়ে শ্রীগৌরবিশ্বজ্ঞায়ে।

এই গ্রন্থে শ্রীদীতাদেবী নিজশিয় নন্দরাম ও যজ্ঞেশ্বরকে উপদেশ করিতেছেন—

আচমি করিবে আগে নবদ্বীপধ্যান। তাহে বিষ্ণুপ্রিয়াসহ গৌর
ভগবান্। ভক্তি করি ছহুঁ রূপ
করিয়া চিস্তন। করিহ চৈতন্ত-মায়েত্রী
ভবি শ্রীচৈতন্ত-বীজ। ভবিলে

পাইবে শুদ্ধ ভক্তিলতাবীক। বিনা শ্রীকৃষ্ণচৈতন্ত-চরণ-আশ্রয়। কোটি জন্ম প্রেমভক্তি নাহি উপজয়।

কৃষ্ণলী লায়ত⁵— গ্রীপাদ ঈশ্বরপ্রী-কৃত। অনাবিষ্কৃত। শ্রীচৈতক্সভাগবতের বিভিন্ন-স্থানে শ্রীঈশ্বরপুরীর বৃত্তান্ত

বিবৃত আছে। কুমারহট্টে ঈশ্বরপুরী আবিভূতি হন (চৈভা, আদি ১৭) । ৯৯), ইনি শ্রীপাদ মাধবেক্সপুরীর ।

শিষ্য। পশ্চিম ভারতে শ্রীমাধবেন্দ্র- । নিত্যানন্দের মিলন-দর্শনে ইংহার প্রেমক্রন্দ্রন (ঐ আদি, ১/১৬১),

নবদ্বীপে অলন্ধিতে আগমন, গোপী-

নাথগৃহে অবস্থান, শ্রীগদাধরকে স্বকৃত
'কৃঞ্চ-লীলামৃত'-অধ্যাপনা, মহাপ্রভুর
সহিত গ্রন্থাধন-বাপদেশে ধাতৃবিচার ইত্যাদি (ঐ আদি ১১।৭০—
১২৬), গয়াধামে মহাপ্রভুসহ মিলন,
মন্ত্রদীক্ষা ইত্যাদি (ঐ আদি ১৭।৪৬-১১২) বর্ণিত আছে । [প্রেমবিলাস
২৩শ অধ্যায়ে বর্ণিত আছে বে
ঈশ্বরপুরী পূর্বাশ্রমে ক্মারহট্টবাসী
শ্রামপুনর আচার্যের পূক্র—রাটী
ব্রাহ্মণ] । শ্রীকৃঞ্জলীলামৃত (ক্লিমীস্বর্গ্বর ?) হইতে শ্রীপাদ শ্রীক্ষপ
ছইটি শ্লোক উচ্জ্জলনীল্মণিতে

উদ্ধার করিয়াছেন (সাত্ত্বিক প্রাকরণে ১২।১২, ১৭)।

ক্রম্ণলীলামূড — নীলক ঠ-বিরচিত,
রাসলীলা-বর্ণনাত্মক ১০৭ শ্লোক
পাওয়া গিয়াছে। ইহা খণ্ডিত—
মাত্র দশন সর্গ হস্তগত হইয়াছে।
উপসংহার-বাক্যে 'মহাকাব্য' বলিয়া
উল্লেখ আছে। (পাটবাড়ী পুঁথি

কৃষ্ণলীলামূত্র — বলরামদাস - রচিত বাঙ্গালা কৃষ্ণলীলা-কাব্য। ভাগবজ ও বন্ধবৈবর্ত পুরাণের অহসরণে রচিত। বার পরিচ্ছেদে কৃষ্ণের মধুরা-প্রয়াণ ও গোপীবিরহ বর্ণিত। ১৬২৪ শকান্দে (অজমুখ-ভূজ-অন্ধ-ভ্রিষ্ণ

কাব্য ৩৪]।

পুঁথি ৩৫৯]।

কৃষ্ণলীলাসুধি——বর্দ্ধমান জেলার

সাতগেছে গ্রামের গুরুচরণ তর্কপঞ্চানন বর্দ্ধমানরাজ তেজ চন্দ্রের
তৃষ্টির জন্ম এই উৎকৃষ্ট সংস্কৃত নাটক

তৃষ্টের জন্ত এই ডৎকৃত্ত সংস্কৃত নাট রচনা করেন। রচনাকাল 'বৃহ্নী' হয়নীতাংশে' ১৭৫৩ শকে (বং

নব্যক্তায়চর্চা ২৩৬—২৩৭ পৃষ্ঠা)। নামক কবির কৃতিত। চতুর্থ হইতে দশম দর্গ পর্যন্ত হত্তথাত হইয়াছে। বিবিধ ছন্দের অবতারণা দেখা যায়। 'মহাকাব্য' বলিয়া উল্লিখিত [পাট-বাড়ী পুঁথি কাব্য ৩৫]। कुरुनी लातरमाप्य-नाताय व हरेतान শ্ৰীকৃষ্ণলীলা-বিষয়ক অণ্নিধি-ক্লত নিবন্ধ ।

ব্রিকৃষ্ণবল্পভা—-—গ্রীকৃষ্ণকর্ণামূতের উপর শ্রীমদগোপাল ভটুগোস্বামি-কৃতা টিপ্পনী। প্রীযুক্ত রিসকমোহন বিভাভ্যণ মহাশয় স্বকৃত 'গ্রীকৃষ্ণ-মাধরী'-নামক গ্রন্থে ভক্তিরত্নাকর ও ু 'অন্মুরাগবল্লী' নামক পুস্তকের সাহায্যে সম্রাণ করিয়াছেন যে ষড়্গোস্বামির ্ত্ৰকতম শ্ৰীগোপাল ভট্টপাদই শ্ৰীকৃষ্ণ-কর্ণামৃতের 'শ্রীকৃষ্ণবল্লভা'-নামক টীকার রচয়িতা; সাধনদীপিকা নব্ম ককায়ও এই মতই সম্থিত হই-য়াছে; কিন্তু ডাঃ অুশীল কুমার দে কর্ত্তক সম্পাদিত শ্রীক্লঞ্চকর্ণামূতের বছ পৃথিতেই দ্বিড়দেশীয় ব্ৰাহ্মণ নুসিংহের পোত্র এবং হরিবংশ ভট্টের ুপুত্র বলিয়া টীকাকার স্বপরিচয় িদিয়াছেন বলিয়া সংশয় হইতেছে। অার এক কথা—এই টীকাকারের नारम 'त्रिकत्रक्षनी', 'कालत्कोमूनी' প্রভৃতি গ্রন্থের রচনা আরোপিত হইয়াছে এবং এই ছই গ্রন্থের আদিম

পুস্তিকায় ও অন্তিমে একুঞ্বল্লভার

অমুরপই দৃষ্ট হইতেছে। আমাদের

ভট্রগোস্বামিপাদের এই গ্রন্থ হইলে

কি কবিরাজ গোস্বামী ইহার দাহায্য

ৰা নাম নিতেন না?

তিনি

টীকারই বা সাহায্য লইলেন কেন ? যাহা হউক-এই টীকাতে প্রসন্ন-গম্ভীর ভাষা, ভাব-বৈভব প্রভৃতি দেখিলে ইহা যে উৎকৃষ্ট টাকা, এবিষয়ে সন্দেহ থাকে না। ইছার বৈশিষ্ট্য এই যে ইহাতে অভিসংযত ভাবে আদিরদের গুঢ় রহস্তের ইঙ্গিত করা টীকাটি শ্রীচৈতগ্র-হইয়াছে। সম্প্রদায়-সম্মত, নিজেকে দ্রাবিড় ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিলেও কিন্তু তিনি দাক্ষিণাত্য পাঠ গ্রহণ না করিয়া বঙ্গদেশীয় পাঠই গ্রহণ করিয়াছেন এবং ২া৩া৪ ইত্যাদিতে ভক্তিরসামৃত ও তৃতীয়ে উচ্চলনীলমণি হইতেও উদ্ধার করিয়াছেন। শ্রীচৈতন্তমত-বিরোধী কথাই এ টীকাতে নাই, সর্বপ্রথমেই এই সম্প্রদায়গত বৈশিষ্ট্য—শ্রীক্লফের স্বয়ংভগবত্ত, কিশোরত্ব ও নরাক্বতিত্ব প্রভৃতিও যথায়থ স্বীকৃত হইয়াছে। শ্রীমদ রাধাবল্লভীয় ছরিবংশ কিন্তু গোড়বান্ধণ, তাঁহার চারি পুত্রের মধ্যে গোপাল-নামে কেহই ছিলেন না, তাঁহার জন্মভূমি গোকুলের নিকট বাদগ্রাম, তাঁহার পিতার নাম শ্রীকেশোদাস মিশ্রজী। (বিগ্রাভ্রব) **এ ক্রম্ণবিজয়**— এমালাধর গুণরাজ খাঁ-প্রণীত শ্রীকৃষ্ণনিজয় বা শ্রীগোবিন্দমঙ্গলগ্রন্থ শ্রীক্ষচরিতা-বলীর মধ্যে সর্বপ্রাচীন। ইনি ১০৯৫ শকে গ্রন্থ আরম্ভ করিয়া ১৪০২ শকে সমাপন করিয়াছেন (১০০-তম গাঁত ২২১), স্থতরাং ইঁহার আবির্জাবকাল ১৩৫০ হইতে ১৩৬০ শকান্দা ধরিলে অসমত হয় না। জনৈক গোড়েশ্বর

শ্রীচৈতন্তদাস-বিরচিত 'স্থবোধিনী' শ্রীমালাধর বস্থকে 'গুণরাজ্থান' উপাধি দিয়াছেন (> 0 0 | २ २ २). তাঁহার পিতা ভগীর্থ বস্থ এবং মাতা ইন্দুমতী (১।৪৪)। কান্তকুজ হইতে আদিশূর-কর্তৃক দশর্থ বস্থর ত্রয়োদশ পর্যায়ে ইনি আবিভূতি হন। বর্দ্ধমান জিলায় কুলীনগ্রাম ইহাদের বাসস্থান। শ্রীচৈতগ্রচরিতামতে (আদি ৮০-৮৩) কুলীনগ্রামবাসির শ্রীগোরাঙ্গের অসীম কুপার কথা শুনা যায়। প্রভু কছে—'কুলীনগ্রামের যে হয় কুরুর। সেহ মোর প্রিয়, অগুজন রহ দূর॥ কুলীনগ্রামীর ভাগ্য কহনে না যায়। শূকরে চরায় ডোম, সেহ কৃষ্ণ গায়॥ ভুবনপাবন নামাচার্য শ্রীহরিদাস, ঠাকুর কুলীনগ্রামে চাতুর্মাশুকালে; বাদ করিয়া ভজন ও বস্থবংশীয়-দিগকে প্রচুর রূপা করিয়াছেন। স্বয়ং গ্রন্থকার (১০০।২২৫-২৬) বলিতেছেন যে এই প্রন্থরচনার প্রেরণা সাক্ষাদ ব্যাসদেব হইতেই আসিয়াছে। এীমন মহাপ্রত্ব এই গীতিকাব্য আস্বাদন করিয়া গ্রন্থ ও বলিয়াছেন-গ্রন্থকার সংক্ষ (टेंड. इ. मधा >0122->00) "গুণরাজখান কৈল শ্রীকৃষ্ণবিজয়। তাঁহা একবাকা তাঁর আছে প্রেমময়॥: 'নন্দনন্দন কুফ-মোর প্রাণনাথ।' এই বাকে) বিকাইমু তাঁর বংশের হাত"। শ্রীরুষ্ণবিজয় শ্রীমন্তাগবতের: প্ৰামুবাদ-গীতিগ্ৰন্থ, কিছু ইহাতে: আক্রিক অমুবাদ নাই। কেবল ১০ম, ১১শ স্বন্ধের আখ্যায়ি-কাংশের আগ্রন্থবর্ণন ও ১২শ স্কন্ধেরঃ

তাত্ত্বিকাংশের সামাগ্রতঃ তাৎপর্যাম্থ-বাদ প্রদত্ত হইয়াছে। স্থলবিশেষে মহাভারত, হরিবংশ, আবার ব্ৰহ্মবৈৰ্বন্ত বা ভবিষ্য পুরাণ হইতেও দাহায্য লওয়া হইয়াছে। অনেক-স্থলে ঐশ্বর্ষময় বর্ণনা-বাহুল্য আছে। প্রীকৃষ্ণকথা-বিস্তারই লোকসমাজে কারণ—একথা কবি গ্রন্থরচনার निष्क्ट (১।১৫-১৯) विविद्याद्या । উত্তরকালে শ্রীভাগবতাচার্য-বিরচিত 'শ্রীক্ষপ্রেমতরঙ্গিণী'ও শ্ৰীমৎ⊸ ভাগবতেরই প্রামুবাদ, কিন্তু উহা অধিকাংশই মূলের লোকসমূহনিষ্ঠ; পক্ষাস্তবে শ্রীকৃষ্ণবিজয় তাহা নহে, এই গীতিকাব্য প্রায়শঃই প্রার্ছন্দে রচিত, স্থলবিশেষে 'ত্রিপদী'ও দেখা যায়, পয়ারে বা ত্রিপদীতে সর্বত্র অক্র-সংখ্যা সমান ভাবে বজায়ও

বিভক্ত নহে কেবল রাগরাগিণীর বিভাগে গীতবিভাগ হইয়াছে। সাধারণত: একটি রাগের শেষে বা একই রাগের অস্তর্ভু ক্ত বিভিন্ন আখ্যায়িকার শেষে গ্রন্থকারের ভণিতা আছে: শেই স্থানেই আংশিক বিরাম লক্ষিত হয়। বিভিন্ন পুঁথিতে বিভিন্ন গীতবিভাগ ও রাগরাগিণীর পার্থক্য লক্ষিত হইতেছে। গৌডীয়-গ্ৰন্থটিকায় প্ৰকাশিত সংস্করণে

নাই। এই গ্রন্থ অধ্যায়ে অধ্যায়ে

শ্রীমালাধর বস্থ একাধারে ভক্ত ও কবি ছিলেন বলিয়া ইংহার ঘটনা-বহুল বর্ণনাত্মক কবিত্ববাহুল্য-বর্জিত কাব্যটি সরল ও স্বচ্ছন্দ ভাষায়, আড়ম্বরহীন পরার ছন্দের ক্রততালের

একশত গীতে ও ৩০টি রাগরাগিণীতে

এই গ্রন্থ রচিত হইয়াছে দেখা যায়।

মধ্য দিয়া পাঠক এবং শ্রোতার মনকে অতি সহজে আকর্ষণ করে।

শ্ৰীশ্ৰীগোঁ হীয়-বৈঞ্চৰ-অভিধান (৩ খ)

শীকৃষ্ণবিক্ষদাবলী— শ্রীকৃষ্ণশরণ-কৃত বিরুদ কাব্য। মৈথিল ক'বি চন্দ্রদত্ত-কর্ত্বক রচিত গ্রন্থ হইতে সর্বাংশে পৃথক্। (Vide R. L.

Mitra's Notices of Sanskrit

Mes. 2361)। ছ:খের বিষয় গ্রন্থযা কবির নাম, ধাম বা অন্ত কোনও পরিচয় নাই। শেষ (১২৪) শ্লোকের 'গ্রীক্ষণবলোদিতা' এই

মহাজন কর্তৃক রচিত হইয়াছে বলিয়া কতকটা অনুমান করা যায়, কিন্তু এই শ্রীক্লফাশরণ কে বা কোন্ দেশের লোক জানিবার উপায় নাই।

তবে তিনি যে গৌডীয় বৈষ্ণৰ এবং

উক্তিবলে শ্রীক্ষণরণ-নামক কোনও

শ্রীরূপ গোস্বামির পরবর্তী, তাহা তাঁহার প্রথম শ্লোকে, শ্রীমন্ মহাপ্রত্বর বন্দনা-শ্লোকে এবং ১২২ শ্লোকের 'সত্তমত্রপামুসারিণী বাণী'—এই উক্তি হইতে বেশ বুঝা যায়। ইনিও

প্রায়শঃ শ্রীরূপেরই পদান্ধ অমুসরণ করিয়াছেন—রচনারও বেশ মাধুরী আছে।

গ্রীরুম্বকে ইনি তমাল (২৯),

করীন্দ্র (৪১), স্থ (২১) ও বিচিত্র দেবতক্বর (৫৭) রূপকে নিরূপিত করিয়াছেন। শ্রীক্তকের বহুবিধ দৃষ্টি-সম্পাত (১৭), বাহুভঙ্গী (৮১, ১০৫), বক্ষঃ (৮৩) প্রভৃতির মনোজ্ঞ বর্ণনা করিয়া কবি ইংলর মধুর মৃত্তিকে

পন্নং করাজিযুচরণে ফণবান্নব-লোমরাজির্বক্ত্রং বিধুর্থমরকা

অপবর্গদাত্রীম্বরূপেই স্থন্দর বর্ণনা

করিয়াছেন-

শ্রমিতালকান্তে। মৃক্তা রদা ইতি পবর্গময়ী ম্রারে মৃতিক্তথাপি ভজতামপবর্গদাত্রী॥ ৯১॥

শ্রীকৃষ্ণের পৌগণ্ড্য (৭৯) ও রাস-লীলার (২৭) স্থন্দর বর্ণনা করিয়া ইনি বংশীকেই বছবার বছভাবে স্তৃতিমালা দান করিয়াছেন—বংশী পুরন্ধীবৎ উত্তমবংশোৎপন্না, স্বীকৃত-সংনাগরা, মধুরালাপা ও কৃষ্ণাধর-দংশিনীরূপে জয়য়ুক্ত হইতেছেন (৪৯)। এই বংশীধ্বনি গোপ-ললনাদের মানহস্তি-নির্দান সিংহ, বিশ্বপাপরূপ তুলা-রাশির দহনে দাবানল, বনসমূহে ঋতুরাজ বসন্ত, জগদ্বশীকরণে অনির্বাচ্য মন্ত্র এবং দৈত্যকুলের উচ্চাটন (৫৩) ৷ বিশ্বয়কর ব্যাপার .এই যে বরবংশজাতা বংশী কুলজা-গণেরই কুলথৈর্য-বংশকে লোপ করিতেছে (৭৭) !! এইরূপে ৮৫ ও ৮२ क्षांटक्छ এই মোহন মুরলীরই

প্রশংসা করা হইয়াছে। অক্ষরময়ী কলিকার শেব প্রার্থনাটি অতি-অকর—

কর্ণে কম্পিত-ক্রণিকার-ক্লিকঃ
কন্দর্পকেলিজিয়াকল্যাকল্যাবিকল্পনাতি
কুতৃকী কৈশোরকালজ্মঃ। কিঞ্চিৎ
কুঞ্চিত-কোমলালক্রলঃ কাদম্বিনীকন্দ্রনঃ, রুঞ্চঃ কেকি-ক্রলাপ-কীলিতকচঃ কং বঃ জিয়াৎ কামদঃ॥ ১১৫
শ্রীকৃষ্ণবিলাস > — মহাভারতের

কচঃ কং বঃ জেরাং কানদঃ॥ ১১ছ

ক্রীকৃষ্ণবিলাস - — মহাভারতের

প্রবিথ্যাত অমুবাদক কানীরাম দাসের
জ্যেষ্ঠভ্রাতা কৃষ্ণদাস পরমধার্মিক ও

বৈষ্ণব ছিলেন। ইনি শ্রীগোপালদাসনামক জনৈক বৈষ্ণবের নিকট

দীক্ষিত হইয়া 'শ্রীকৃষ্ণকিশ্বর' নাম

প্রাপ্ত হন, এইজন্ম তিনি গ্রন্থমধ্যে

গুরুদত্ত-নামেই ভণিতা দিয়াছেন। আলোচা গ্ৰন্থ কোনও বিশেষের অমুবাদ নহে: কিন্তু আখ্যায়িকা-বিশেষের কুষ্ণদা স সংযোগ, বিয়োগ বাহ্রাস বৃদ্ধি করত আপন কল্পনাবলে সংক্ষিপ্ত ও প্রাঞ্জল ভাষায় শ্রীমদ্ভাগবতোক্ত হরিলীপা বর্ণনা করিয়াছেন। গ্রন্থের বিষয়স্চী —হতের নিকট শৌনকাদির প্রশ্ন, ও অদিতির তপশ্চৰ্যা. ভগবানের ২২টি অবতার, বামনো-পাখ্যান, ঐক্কফাবতার, ঐবন্দাবন, মথুরা ও দারকার লীলা, উদ্ধর-প্রশ্ন, উদ্ধবের প্রতি ळाटनाश्रटम्थ. চতুর্বিংশতি গুরুর বিষয়, ধ্রুবচরিত্র, ভগীরথের উপাখ্যান, শঙ্খাস্থরবধ, তুল্মীর আখ্যান, প্রহলাদচরিত্র, গুরুভজি, হরিভজন এবং শ্রীকৃষ্ণ-विनाग-अवन ७ व्यशुरानकन्। এই গ্রন্থে 'হরিভজন'-অধ্যায়ে শ্রীমন্-মহাপ্রভুর নামমাত্র উল্লেখ দৃষ্ট হয়— यथ:--'इतिरवान (वानाहेश टेठल्ल অবতার।' 'ঘরে ঘরে সঙ্কীর্ত্তন হরির व्यर्जा। किन्यूर्ण क वात श्रहात হেন জনা ॥'

এই গ্রন্থানা প্রীচৈতক্সচরিতামত রচনার পূর্বেই রচিত বলিয়া সাহিত্যিকদের ধারণা।

একফবিলাস -- জয়গোপালদাসের শিশ্য ঘনশ্রামদাসের রুঞ্জীলাকারা। শ্রীমদভাগবতের অনুসরণে রাগরাগিণীর উল্লেখপূর্বক এই গ্রন্থ করেন—যোডশ রচনা সপ্তদশ খুষ্ট শতাব্দীর মধ্যে।

এ রুফাবিলাস — কাদরার বলরাম-দাসের পিতা জয়গোপাল দাসের রচন। জয়গোপাল-গ্রীস্থনরানন-গোপালের শিষা।

ক্রম্বাসংহিতা>----র্সকদম্ব- প্রণয়নে কবিবল্লভের আদর্শ (রস ২২) গ্রন্থ।

এ কৃষ্ণসংহিতা শ্ভীযুক্ত কেদার নাথ দত্ত ভক্তিবিনোদ ঠাকুর-কৃত উপক্রমণিকা: উপসংহার ও অমু-বাদাদিযুক্ত সংগ্ৰত ছন্দোনিবদ্ধ গ্ৰন্থ ১৮০১ শাকে প্রকাশিত। উপ-ক্রমণিকায় প্রমার্থবিচার, ভারতের সংক্ষিপ্ত ইতিহাস, আর্যগ্রন্থমালার রচনাকালনিধার. আর্ঘদিগেরই সর্বপ্রাচীনত্ব, পরমার্থ-তত্ত্বের ক্রমোরতি প্রভৃতি প্রতিপাদন করিয়া মূল গ্রন্থপাঠের স্থপ্রশস্ত বিখাসভিত্তির নিৰ্মাণ হইয়াছে। মূলগ্ৰন্থ দশটি অধ্যায়ে নিবদ্ধ হইয়াছে—(১) চিন্ময় বৈকুষ্ঠধামের বিচার, (২) ভগবছজ্জি-বিচার, (৩) অবতারলীলা, (৪—৬) श्रीकृत्कात जनापि योगननीनास যাবতীয় তথ্যসংগ্ৰহ, (৭) লীলা-ত্রিবিধতাবিচার, (৮) উপাসনাপর্বে রাগতত্তের ত্রিবিধ বিভাগ এবং ব্রজভাবপ্রাপ্তির অষ্টাদশ প্রতিবন্ধক-বিচার ও বিশ্লেষণ (১) শ্রীরুষ্ণ-প্রাপ্তির স্তর, সাধক ও বাধক ভাবাদি-বিচার এবং (১০) ভাবসিদ্ধ জনগণের আচার-প্রণালী, চরিত্র ইত্যাদি। উপসংহারে—সম্বন্ধ, অভিধেয় প্রয়োজন-বিচার করা হইয়াছে। প্রাচীন ও আধুনিক প্রণালীর অবলম্বনে গ্রন্থথানি রচিত হওয়ায় উভয় শ্রেণীর লোকেরই পর্ম কল্যাণপ্ৰদ হইয়াছে। মুলগ্রাস্থের ভাষা প্রাঞ্জল, অন্তর্নিহিত তথ্যগুলি বঙ্গভাষার অনুদিত সরল

হইয়া গ্রন্থের সারস্থা ও চমংকারিতা বাড়াইয়া দিতেছে।

শ্রীকৃষ্ণ-সন্দর্ভ

এক্সাড - সন্দর্ভ — এত্রীজীবগোস্বামি-কর্জ ক-সংগ্রথিত দর্শনশাস্ত। শ্রীক্সম্ভের স্বয়ংভগবন্ত-বিচার, প্রমাত্মার श्रान. श्रुक्त शामि-निर्गय. ও তটম্বলক্ষণ, তাঁহার স্বরূপ পরমাত্মার আকার, (২) লীলাবতার-विठात. श्रीकृष्ण वनतारमत देवनिष्ठा. অবতার সকলের নিত্যত্ব ও প্রকার-অংশন্ত কি চ বিভৃতি ইত্যাদি। (৩) স্বয়ংভগব্তা-বিচার. শ্রীক্ষার প্রপঞ্চে অবতরণের হেতু-নির্দেশ, স্বাংশ ও বিভিন্নাংশ, স্বয়ং ভগৰতা-সম্বান্ধ যাবভীয় স্মেহ-নিরসন, কেশাবভারত্ব-খণ্ডন, বিষ্ণু-পুরাণ, মহাভারত, নুসিংহপুরাণ ও হরিবংশের বিরোধ ও তাহার সমাধান. লীলাবতার-কত্ত্র, শ্রীভগবানের গুণাবতার-কর্ত্ত ও পুরুষাবতার-কভূ স্ব ; (৪) শ্রীকৃষ্ণস্বরূপের নিত্যতা, ভাগৰতে মহাৰক্তা ও শ্ৰোভাদের শ্রীক্ষেই তাৎপর্য, শ্রীমদ ভাগবতে শ্রীক্লফেরই অভ্যাস (বহুশঃ উক্তি), 'কৃষণস্ত ভগবান স্বয়ং' এই পরিভাষার প্রতিনিধিবাকা, শ্রীক্লফ-প্রতিনিধিরূপ **এভাগবতেরও** মুখ্য শ্রীক্ষেই: শ্রীক্ষেরই পারতম্য, विच्छा देजानि। (३) श्रीवनात्त्व. অনিক্ষের স্বরূপ: (৬) শ্রীকুষ্ণের রূপ, বিভুত্ব, স্বয়ং-রূপত্ম, নরাকারত্ব, (৭) শ্রীধামতত্ত্ব, গ্রীবৃন্ধাবন ও গোলোকের একত্ব, পৃথিবীতে প্রকাশমান ধামসমূহ অপ্রাক্তত্ত নিত্যত্ব, ধামের গোলোকের নিত্যত্ব; (৮) খ্রীকৃষ্ণ-

পরিকর-বর্ণনা, (৯) যাদবাদির শ্রীকৃষ্ণপার্ষদতা, গোপাদির নিতা-পার্ষদত্ত: গোপীগণের গুণময়দেহ-ত্যাগ-মীমাংশা: (১০) প্রীক্বঞ্চর नना-यरभाना-भूखवानि ; (55) শ্রীকৃষ্ণ-লীলারহন্ত, অপ্রকট ও প্রকট मीना, मरबाभागनामश्री ७ सात्रिकी উপাসনা, পরিকরগণের অভিমান-ক্রিয়া-প্রকাশভেদ; (১২) প্রকট ও অপ্রকট লীলার সমন্বয়, শ্রীক্লফের ব্ৰজন্থিতিকাল, পুনরায় ব্রজে আগমন, অপ্রকট লীলায় প্রবেশ—নন্দাদির পরমবৈকুর্পে ও একুন্টের দারকায় গমন; (১৩) শ্রীমদ্ভাগবতে পুনঃ ব্ৰহ্মাগমন অস্পষ্ট কেন? অপ্রকট-লীলাগত ভাব-বিচার : यानवरमत ७ बक्कवानिरमत: (>৫) মহিষীদের স্বরূপ-নির্ণয়: (36) ব্রজদেবীদের মাহাত্ম্য, শ্রীরাধার স্বরূপ ও উৎকর্ষ, শ্রীরাধা-মাধব-যুগলমাধুরী ইত্যাদি। এই সন্দর্ভে সম্বন্ধতত্ত্ব নিরূপিত হইয়াছে। कृषाख्वावनी-अत्रमानम अथ-कर्ष् রচিত (গোগ ১৯৯)। অপ্রকাশিত, ত্বপ্রাপ্য। কুষ্ণজ্যে ক্রি-ক্রিক্সল কবি-ক্রত ১২১

শ্লোক। কৃষ্ণকর্ণায়ত হইতে পুথক্। ১৮৭৯ সম্বতের লিপি, ৯ পত্রাম্বক। (হরিবোল কুটীর ২৪)।

क्रसानिमनी-श्रीवनापव विश्राज्यन-ক্বতা সাহিত্যকৌমুদী-টীকা। ক্বফাভিষেক — এমদ্রপগোস্বামি-

পাদ-সঙ্কলিত এই শ্রীকৃষ্ণাভিষেকে শ্রীকৃষ্ণ-জয়ন্তীত্রত-বাবস্থাদি বৈদিক হইয়াছে বলিয়া ময়ে সমাজত निटर्मभ প্রথমতঃই গ্রন্থকার

শ্রীহরিভক্তিবিলাসে করিয়াছেন। () ८। २ ८१ — ८८२ (शोषीय मः इत्) জন্মান্তমী প্রকরণের সহিত এই গ্রন্থের তুলনা বৈশিষ্টা করিলে षश्चृत हहेरा। धीकृष्धवगाष्ट्रेगीरा স্নানবিধিই কেবল ইহাতে বিস্তারিত ভাবে নিখিত। শ্রীবৃন্দাবনে, জয়পুরে বচন্থল অক্তান্ত অমুসরণে অভিষেক হইয়া থাকে। এই গ্রন্থের উপযোগিতা শ্রীকৃষ্ণা-जित्वरकर श्रीकृष्ठ रहेरम् किथि পরিবর্ত্তন সহকারে অক্সান্ত দেবতার অভিষেক্ত সমাক্প্রকারে সম্পাদিত হইতে পারে।

গ্রন্থ-প্রতিপাত্ত বিষয়---(১) সপ্তমীর পূর্বাহুকালে স্নানবেদি-পরিজ্ঞিয়া, (২) মঙ্গলবাত্ত-গীতপুর্বক वन्तर थाज्यनन, ठजुरकार्ग कननी-স্তম্ভরোপণ, চন্দ্রাতপ ও পতাকা-রোপণ, মাঙ্গলিক দ্রব্যস্থাপন, (৩) জয়ন্তীদিন প্রাতঃকালে বৈষ্ণবগণসহ বাজনুত্য-গীতসহকারে দীপ স্থশেভিত স্নান-মঙ্গলঘটাদিতে বেদিকায় ছত্রচামরাদিলারা সেবিত শ্রীকৃষ্ণকে আনয়ন, (৪) স্বস্তিবাচন, প্রার্থনাদি. (৫) ভূতশুদ্ধি, (৬) घটञ्चाপन. (१) महाভिद्यक-जम्मदर्क সম্ব্ৰ ও প্ৰাৰ্থনা, (৮) আসনাদিয়ারা শ্রীকৃষ্ণার্চন, (৯) পাতাদি দীপাস্ত देविक मञ्ज. (>०) विविध विधारन ज्ञान-প্রক্রিরা ও তদ্বিষয়ক মন্ত্র, (১১) অঙ্গমার্জন, বস্ত্রপরিধাপন ও যজ্ঞসূত্র-निर्दान, (১২) निर्मञ्चन, नम्रनाञ्चन, তিলকরচনা, (১৩) পুষ্পমাল্যাদি-निर्वातन, (>8) महानीतांखन, (>६) আরাত্রিকমন্ত্র, (১৬) গ্রীকৃষণ্ডব, (১৭) ননোৎসব।

কুষ্ণার্চনচন্দ্রিকা- এরাধানোহন গোস্বামি ভট্টাচার্য-রচিত। বঙ্গীয়-সাহিত্য পরিষদের পুঁধি ৮৯৭; ১৭০ পত্রাত্মক, মধ্যে খণ্ডিত।

এত্রীকৃষণাভিককৌমুদী— প্রীকবি-কর্ণপূরগোস্বামি-রচিত স্মরণোপযোগী কাব্য। শ্রীমন মহাপ্রভুর ক্বপা-প্রেরিত মহাজনদিগের প্রেমভক্তি-রসময় গ্রন্থরাজির ভাবধারা—বিশুদ্ধ ভজন-পম্বার निटर्वटम, প্রেমভজির উদ্দেশ্যে এবং মহাভাব-রসরাজমৃত্তি শ্রীবিগ্রহের প্রেমসেবা-পরিপাটীর দিগ্দর্শনে। গৌডীয়-বৈষ্ণব-সাহিত্যিকদের চিত্তক্ষেত্র সর্বদাই নদীয়ার 'প্রেমের ঠাকুর' 'সোণার মান্ধবের' প্রেমরসে অভিষিক্ত ছিল—সেইজন্তই তাঁহার! ভক্তিকেই মুখ্যরসন্ধপে গ্রহণ করত জগতে প্রচার করিয়াছেন। এক কথায়—ইহাদের মতে অমুবন্ধ-চতুষ্টয়ের মধ্যে প্রেমই চতুর্থ অমুবন্ধ বা 'প্রয়োজন'-তত্ত। এই 'প্রেম' নিতাসিদ্ধ বস্ত্ৰ হইলেও প্ৰবণকীৰ্ত্তনাদি দারা শুদ্ধ চিত্তে ইহার প্রাকটা হয় বলিয়া ইহারা নববিধ ভক্তিযাজন-রূপ 'অভিধেয়' স্বীকার করেন। 'স্মরণ' নববিধা ভক্তির অন্তর্গত. উপনিষম্বক্ত 'নিদিধ্যাসন'—তৈল-ধারাবৎ অবিচ্ছিন্ন প্রবাহে ধোয় বস্তুর অমুচিস্তনই-স্মুর্ণ। এই সরণভক্তি-যাজনের জন্ম ইঁহারা সীয় অহভূত লীলারাজির যৎকিঞ্চিৎ দিগ্দর্শন স্থায়ে জগতে বিতরণ করিয়াছেন। 'স্মর্ত্ব্যং **সততং** विरकाः' এবং 'क्रकः **गतन् जनकान्न'**

* শ্রীমন্গোপালগুরু, শ্রীলগ্যানতন্ত্র— গোস্বামী, শ্রীমৎ দিদ্ধ কৃষ্ণদাদ বাবাদ্ধি প্রভৃতি-কৃত পদ্ধতিসমূহে, ভাবনাসারসংগ্রহে এবং গুটিকাদিতেও এই লীলারই বিস্তারিভ বর্ণনা আছে।

লীলারই পরিবেষক। সাধকের হিতের প্রতি সর্বধা দৃষ্টি নিবন্ধ রাখিয়া নরতত্ব অভীষ্ট বস্তুর লীলারস-বিস্তারই ইহার উদ্দেশ। ঐশ্বর্যময়ী লীলাসংস্চক শব্দবিভাস ইঁহার গ্রন্থে বিরলপ্রচার; কুতাপি ঐশ্বৰ্য-ভাবের শব্দব্যবহার দৃষ্ট হইলেও প্রতীয়মান অর্থের আপাততঃ অভ্যস্তরে কোনও নিগঢ র্সময় আছে—বুঝিতে ভাবের ব্যঞ্জনা হইবে।

षष्टेकानीन नीता वनिएठ माधा-রণতঃ খ্রীখ্রীগোরগোবিন্দের নিশান্ত. প্রাতঃ, পূর্বাহু, মধ্যাহু, অপরাহু, সায়াহ্ন,প্রদোষ ও নৈশ-ভেদে অষ্ট-যামিক (দৈনন্দিন) ক্রিয়াকলাপই বোধ্য। মনে রাখিতে হইবে যে এই সব গ্রন্থ নিতালীলার সামান্ততঃ দিগ্দর্শন মাত্র—অনস্ত লীলাসমুদ্রের এক কণামাত্র: সেই জন্মই ভিন্ন ভিন্ন মহাজন ভিন্ন ভিন্ন লীলার দিয়াছেন—প্রতিগ্রন্থে বিভিন্নতা বা বৈসাদৃশুও মহাজনদের স্ফুতি-হিদাবেই ধর্তব্য ও আলোচ্য। পরিবেষণের পরিপাটী যে কবির নিজম্ব—ইহা কেইই অস্বীকার করিতে পারেন না। সাধক ইঁহাদের প্রদর্শিত পন্থার অমুগমন করিতে कतिए यपि महार्गाजारमा नीना-विर्भाष चाक्र है हहेगा अक्हे नीना-চিন্তনে দিবানিশি অভিবাহিত করেন —তাহাতে অণুমাত্রও ক্টি হয় না; প্রত্যুত এই জাতীয় আবেশই চির-বাঞ্নীয়। যে পরিমাণে আবেশের বৃদ্ধি হইবে, গাঢ়তা হইবে, —সাধকও সেই পরিমাণে সিদ্ধি- লাভে অগ্রসর হইয়াছেন, বুঝিতে হইবে।

অষ্টকালীন <u> এরাধাগোবিন্দের</u> লীলা-শরণের পূর্বে এগৌরাঙ্গের অষ্টকালীন লীলাচিন্তনও সম্প্রদায়ে দেখা যায়। রসকীর্ত্তন বা লীলা-কীর্ত্তনেও 'তত্বচিত গোরচন্দ্র' কীর্ত্তন করিবার রীতি আছে। এগোরাকের অষ্টকালীন লীলাসত্র সংস্কৃতে ও লিপিবদ্ধ হইয়াছে। বঙ্গভাষায় সংস্কৃত ভাষায় (১) প্রীপ্রীরূপগোম্বামি পাদ ও (২) শ্রীমদ বিশ্বনাথ চক্রবর্ত্তী এবং বঙ্গভাষায় (১) শ্রীক্লফদাস (শ্রীগোরাঙ্গলীলামৃত) ও শ্রীলনরহরি চক্রবর্তী (শ্রীগৌরচরিত-চিন্তামণি) রচনা করিয়াছেন। এীমদ্বিখনাথ-কৃত স্মরণ-মঙ্গলের **শ্রীকৃঞ্চদাসকুত** অমুবাদ যথা--

(নিশান্তে) প্রাতঃকালে শ্ব্যা হইতে করি গাত্রোখান। স্থবাসিত জলে কৈল মুখ-প্রকালন॥ (প্রাতঃ) তৈলাদি মর্দন করি গঙ্গাস্পান কৈল। শ্রীবিষ্ণু-অর্চনা করি ভোজন করিল॥ প্রাক্ত সময়ে ভক্ত-মন্দিরে গমন। কষ্ণ-কথা-রসানন্দ কতু ত কীর্জন॥ মধ্যাহে প্রমানন্দ স্থরধুনী-ক্লো। নবদ্বীপ-ভ্রমণ পরাক্তে কুত্হলে॥ সায়াহে গমন করে আপনার ঘরে। প্রদোবে গণের সহ শ্রীবাসমন্দিরে॥ নিশাতে করেন তথা নাম-সঙ্কীর্জন। নিশার্দ্ধে স্বর্গুহে গিয়া করেন শ্রন॥ শ্রীমন্ধরহরি চক্রবর্তী এই স্বর্ণমঙ্গল-

·সূত্রেরই অবলম্বনে সর্বতন্ত্র-স্বতন্ত্র

করিয়াছেন —— শ্রীগৌরচরিত্রচিন্তা-

মণিতে। বস্তুত: একাস্ত গৌরভক্তগণ

শ্রীগৌরাঙ্গের

লীলাচিত্র

অঙ্কিত

এবং তাঁহাদের দারা প্রাণনাথের

খতর ভাবেও প্রীগৌরলীলা চিস্তা বঁলিয়া করেন প্রমাণ পাওয়া যাইতেছে। মহাভাবাচা শ্রীগোরচল-চিন্তনের পরে শ্রীরাধা-গোবিন্দ-লীলাপ্রবেশকথাই বহুশঃ প্রচারিত শ্রীগোর ও শ্রীকৃষ্ণ হইয়াছে। একান্ত অভিন্নতত্ত হইলেও যেমন রস-লীলাদি-বৈশিষ্ট্যে তাঁহাদের শ্বতম্বতা স্বীকার করিতে হয়, তদ্ধপ গ্রীগোরাঙ্গলীলাচিন্তনে স্বতম্ভাবে কোনও বাধা হইতে পারে বলিয়া

মনে হয় न।।

ইতিহাস পর্যালোচনা বস্ত্ৰতঃ করিলে ইহাই স্পষ্টত: প্রতীয়মান হয় যে গৌড়ীয় বৈষ্ণবগণ ত্রিধারায় শ্রীগৌরগোবি**ন্দে**র হইয়া ভজন-সাধনাদি করিয়া আসিতে-শ্রীমন্মহাপ্রস্থ-প্রথমতঃ ছেন। শ্রীবৃন্দাবনে প্রেরিত ছয় কন্ত ক গোস্বামী এবং তদক্ষবায়ী বৈষ্ণবৰ্গণ খ্রীগোরচরিত্রে স্মারুষ্টচিত্ত হইয়াও তদাজায় শ্রীরাধাকুষ্ণের লীলারসেই অবগাহন করিতেন। শ্রীরাধারুফ-বিষয়ক বিবিধ গ্রন্থ-প্রকাশাদি এই ভাৰধারারই ফল বলা দ্বিতীয়তঃ <u> প্রীখণ্ডবাসী</u> ঠাকুরাদি, শ্রীশিবানন্দ সেন, শ্রীবাস-পণ্ডিতাদি, শ্রীসার্বভৌম ভট্টাচার্য, প্রপ্রিধানন্দ প্রভৃতি সরস্বতী শ্রীগোরাঙ্গের রূপরসেই মজিয়া-ছিলেন—'গোরচন্দ্র বিনা সেবা নাহি জানে আন'. 'প্রীকৃষ্ণ চৈত্য শচীস্থত खनशाम। এই शान, এই জপ, এই নাম' ইত্যাদি। ইঁহারা শ্রীগোরোপাসনাকেই মুখ্য করিয়া-এই ভাবধারাতেই মগ্ন ছিলেন.

থাকিয়াও সময়ে সময়ে ইচ্ছামত **এীরাধাকৃষ্ণের 'পদাস্থজ-স্থধাদুরাশি'** আস্বাদন করিয়াছেন। তৃতীয়তঃ শ্রীনিবাসাচার্য প্রভু, শ্রীঠাকুর মহাশয়, গোবর্দ্ধনের সিদ্ধ প্রীরুঞ্চদাস বাবাজি মহারাজ প্রভৃতি শ্রীগোরাক্স ও শ্রীরাধাকক্ষের উপাসনার প্রবর্তনের ইন্ধিত দেখাইয়াছেন। আচার্যপ্রভু উভয় লীলাতেই নিমগ্ন হইয়া অৱণলব্ধ প্রসাদ সর্বসমক্ষে নয়নগোচর করাইয়াছেন (ভক্তি-রত্নাকর ৬।১২৮--১৬৫)। শ্রীঠাকর-মহাশয় শ্রীগোরের প্রকট ও অপ্রকট উভয় লীলাই সমবেত জনমণ্ডলীকেও দর্শন করাইয়াছেন এবং শ্রীব্রজ-দ্বগ্ধ-উত্তারণ नीनात আবেশে করিতে হস্তও দগ্ধ করিয়াছিলেন (ভক্তি ৬।১৬৮--১৭৭)। শ্রীসিদ্ধ-বাবা গুটিকা ও ভাবনাসারসংগ্রহে শ্রীগোরলীলাচিস্তনের পরে শ্রীকৃষ্ণ-চিন্তনের বাৰস্থা ও দিয়াছেন। তৎপরবর্তী কালেও এই প্রথাই সমাজে চলিয়া আসিতেছে। 'যেনেইং তেন গম্যতাং' বলিয়া এ বিষয়ে ক্ষান্ত হইতেছি। আমাদের আলোচ্য এক্সঞান্তিক-**नि**भारुनीनाग्र কৌমুদীতে

যুগল-শারীর প্রবোধনের পরে রুগালস-বর্ণনা চিজ-কিশোরের প্রাতলীলায় উভয়ের চমকপ্রেদ ৷ কেশদামের সপরিপাটি প্রসাধনাদি অতিস্বাভাবিক ও পর্ম মনোরম। শ্রীরাধার নন্দালয়ে রন্ধনাদির প্রকার ও পারিপাট্য অভিবিচিত্র। মধ্যাহ্ন-লীলায় গোপীগণের বাকোবাক্য. বনবিহার, প্রাণেখর-কর্তৃক গোপীদের বিবিধ সাজসজ্জাদি, নাগকেশরপুষ্প-চয়নের জন্ম শ্রীকৃষ্ণকর্ত্তক শ্রীরাধার উদ্রোলন ও পরে অধঃপাতন ইত্যাদি অভিনব কৌতুকপ্রদ। यम्नाय जनत्कनि, পणाপणि युक्त, শ্রীক্ষের পলায়ন, সখীগণকর্ত্ মণ্ডলীবন্ধনক্রমে তদম্বেষণ প্রভৃতি-অলচর পক্ষিগণের নৃত্য, শ্রীক্বফের স্বাভিলাষ-প্রকাশে শ্রীরাধার ভাব-বৈকল্য, জলমপুকবান্ত, বন্তভোজন এবং অক্ট্রীডায় রসক্ষল ইত্যাদি বিবিধ বিচিত্র বিলাস পরম অভুত ও স্থাস্থাদনীয়। অপরাহলীলায় গোধুলি-ভূষিত শ্রীক্লফের শোভা. মুরলীধ্বনিতে স্থাবর জন্পমের ভাব-বিকার, গোপীগণের শ্রীকৃষ্ণবিধয়ক স্বাভিলাব-সূচক কটাক্ষপাত, এক্স কত্তক প্রতিকটাক্ষেও শ্রীক্ষারই মর্মভেদ—অতিবিচিত্রভাবে श्हेशार्छ: नात्रः नीनात्र अराग्य-লক্ষীকৰ্ত্ত ক <u>শ্রীক্র</u>ফাবরণ চল্মোদ্য-বর্ণনা মনোরম হইয়াছে। अलाव लीलाव (यानगावात मार्गाया গোপীদের জ্যোৎস্নাভিসার এবং ব্রীড়া रेन्नजीनाञ्च मधुभारनाष्ट्राव, ঠ০মুকা প্রভৃতি ভাবকদম্ব-কর্তৃক যুগলের সেবা—ক্ষটিকচ্বকে মধুপূর্ণ করিতে জ্যোৎস্বামধ্যে না দেখার বুন্দার আক্ষেপ, স্খীগণের ভাব-বিহবলতা, কৌস্কভাৱেষণ ও অভুত উপায়ে তৎপ্রাপ্তি—গীত, অভিনয়াদি কামময় উৎসব-সম্পাদন অতীব রসাল, রমণীয় ও চিত্ত-চুমকপ্রদুই বটে। <u> এরপগোস্বামিপাদর</u>ত বলিয়া

প্রসিদ্ধ, কিন্তু দশশোকীভাষ্য-প্রণেতা শ্রীমদ্রাধাক্বঞ্চ দাস গোস্বামির মতে শীরপপ্রভুর ইন্সিতে শ্রীমৎকৃঞ্চদাস কবিরাজ গোস্বামি-কর্ত্তক বিরচিত 'শীরাধাপ্রাণ-**স্মরণ-মঙ্গলন্তো**ত্তার বলোশ্চরণকমলয়োঃ' ইত্যাদি দেখিয়া যে শ্রীলকবিকর্ণপুর এই গ্রন্থ রচনা করিয়াছেন, তাহা মনে হয় যেহেতু 'শ্বরণমঙ্গল' হইতে এই গ্রন্থে স্থলবিশেষে অনৈক্য আছে। প্রাতলীলায় <u> এক্সিফভোজনের</u> অবাবহিত পরে শ্রীরাধাদি গোপীদের ভোজন-বর্ণনা নাই, ইহাতে শ্রীক্লক্ষের ব্রজপতির বনগমনের পরে ভোজনান্তে মা যশোদা ও রোহিণী প্রভৃতি সহ প্রীরাধার ভোজনের ইঙ্গিত আছে (৩।১০—১৪)। দিবসভেদ স্বীকার করিলে সকল গ্রাম্বের সমাধানও হয়, অথচ মধ্যাক লীলারও কোন ব্যাঘাত হয় না-যেহেতু ভোজনের পরেই মা যশোদা-কর্ত্তক অলঙ্কারাদির প্রদানে সৎকৃতা শ্ৰীমতী যাবটে যাইয়া পুনরায় সূর্যপূজার উদ্দেশ্যে (৩।৭২) পুষ্প-**ठ**त्रनाषिष्ड्रल वृन्तावतन পারেন। যাবট হইতে যে তিনি প্রীবুন্দাবনে অভিসার করেন— তাহারও ইন্ধিত (৪।৩৫) আছে। বিতীয়তঃ মধ্যাহ্নলীলায় বৃন্দাবনে যমুনা-পুলিনে মিলন ও জলকেলি ইত্যাদি, অগ্রত্ত প্রীকুণ্ডে মিলন-বর্ণনা দৃষ্ট হয়। তৃতীয়তঃ সায়ংলীলায়

দ্বিতীয় গোদোহনের পূর্বে খ্রীনন্দবাবা

সহ শ্রীকৃষ্ণ বলরামের দ্বিতীয়ভোজন,

কিন্তু শ্রীকৃষ্ণভাবনামূতে প্রদোষ-

<u>সায়ংকালে</u>

<u> প্রীগোবিম্দলীলামতে</u>

লীলায় ভোজন। চতুর্থতঃ নৈশ-লীলায় নন্দগ্রামের প্রান্তবর্তী উচ্চানে <u>শীরাধাদির</u> অভিসার ইত্যাদি। প্রত্যেক্ট যুখন শ্রীগোস্বামিগণ প্রত্যক্ষদশী, মহামুভবী এবং একই ব্রজলীলার পরিবেষক, তথন স্থূলদর্শী মাদুশ অজ্ঞজনের মতানৈক্যের কারণ নির্দেশ করা মহাবাতুলতা। মনে হয় যে ইহারা সকলেই একই অনন্ত অসীম লীলাপারাবারের দিবস-ভেদে স্বস্কৃতি-অমুসারে দিগৃদর্শন-শ্রীবৃন্দাবন-মাত্র করিয়াছেন। মহিমামুতে (২০০৫) শ্রীরাধা-গোবিন্দের বছবিধ প্রকাশের যুগপৎ অন্তিত্ব-সম্বন্ধে ইন্সিতও পাওয়া যাইতেছে। **শ্রীগোবিন্দলীলা**মূত ২০।৯৩ শ্লোকও দ্রষ্টব্য। ማምር ዓ সাধক স্বকৃতি-অমুসারে **অমুস**রণীয় পন্তা ঠিক করিয়া লইবেন। এই কৃষ্ণাহ্নিকে ছয়টি (অধ্যায়) আছে ও (৪৫+১১৮+ 90+226+29+9) = 90২ এবং উপসংহারে ৩ শ্লোক আছে। **কেশবমঙ্গল**—নরহরি দাস-কর্ত্তক অনুদিত শ্রীমদভাগবত (বঙ্গসাহিত্য-পরিচয় ৮১১—৮৩৫ পৃষ্ঠা)। কেশববিলাস—নরহরি দাস-কৃত। ২৬৯ পত্ৰাত্মক পুঁথি (পাটবাড়ী ইহাতে কা ১২ ী——খণ্ডিত। প্রীদশমের যাবতীয় লীলাই বর্ণিত হইয়াছে। ১২৪১ সনের লিপি। কেশব-সঙ্গীত বাঘনাপাড়ার শ্রীরামচন্দ্র গোস্বামির প্রাতৃষ্পুত্র গ্রীকেশব-রচিত পদাবলী [दःभी निका २०२ भृष्ठा]। কোলাহল চৌতিশা— —উপেন্দ্ৰ-ভঞ্জ-কৃত। গ্রন্থের উপসংহারে ইহার

একটি পদ উদ্ধৃত হইয়াছে—মন তোষিবি, মলিমাল খ্রীমকু দেবি। গ্ৰীষম হইলে বাস চন্দন মু লেপিবি॥ তাকক স্বেদবারি, যেবে পড়্থিব ঝরি, মো দৃষ্টি পড়স্তে কানি পণস্তরে পুঁছিবি॥ ১॥ তাত্কু করি গলাহার, সেবিবি তাঙ্ক পয়র, সে যেবে হোইৰে বর হরপূজা করিবি॥২॥ সে যেবে कतिरव मान, ভाकि जूनारेवि भान, গতে দেইন চুম্বন হর্ষ করাইবি॥ ৩॥ উপইন্ত ভঞ্জ কহি রমণী রতন সহি, খ্যাহি শর্ণাগভ তাহান্ত চরণে হেবি॥ ৪॥ কৌতুকচিন্তামণি—রাজা প্রতাপ-কন্তে আরোপিত। ইহা 'চিত্রবন্ধ' 'প্রহেলিকা' প্রভৃতি কাষ্যরচনা বিষয়ক ও ইক্সজাল-বিচ্ছাস্টক গ্রন্থ। তিনটী দীপ্তি (অধ্যায়) আছে। প্রারম্ভে—'ব্যামোহ - প্রশমৌবধং মুনিমনোমুক্তি - প্রব্রুত্তোষধং, দৈত্যেক্সাস্তকরৌষধং ত্রিভুবনে नञ्जीवरिनरकोषधम । ভক্তাত্তি-ভবভন্ন-প্রধবংসলৈ-প্রশ্মোষধং

দৈত্যেক্সাস্ককরৌষধং ত্রিভুবনে
সঞ্জীবনৈকৌষধম। ভজাতিপ্রশমৌষধং ভবভর-প্রধবংসনৈকৌষধং, শ্রেরঃপ্রাপ্তি-করৌষধং
পিব মনঃ শ্রীকৃষ্ণ-দিব্যৌষধম্'॥
রচং ক্ষচিরাচার-চারেরাচারচঞ্বঃ।
চচার ক্ষচিরাচার-চারেরাচারচঞ্বঃ॥
পৃষ্পিকা—ইতি শ্রীমহারাজাধিরাজপ্রতাপক্রদ্রেব-কৃতে চিস্তামণিগ্রন্থে
কৌতুক-নির্নপণং নাম তৃতীয়া দীপ্তিঃ
সমাপ্রা।

Raj Library No. 1410)
কোতুকাঙ্কুর-প্রহসনম্——-শ্রীপাদ
হরিমোহন শিরোমণি গোস্বামি-ক্বত।

আমুমানিক ১৫২০ খু: এই গ্রন্থ

রচিত হইয়াছে। (Bikaner

পূজা প্রভৃতি, নৈবেন্ত, তর্পণ, ষন্ত্র,

গ্রন্থের মুখবদ্ধে কাব্যাস্থাদে মোক্ষ-প্রাপ্তির উদাহরণ—(৪) যৎপাদং মুনিভি: কঠোরতপ্সা লুক্কং দেবৈরপি, তৎপাদং র্সিকো র্সেন রস্বৎ কাব্যং বিরচ্যাপ্রবান। কিং ক্রম: সুক্রে: সুখাৎ শুভতমং ভাগাং ভবে ভাব্যতাং, তত্মাৎ সর্বজনো মুদা স্ক্বিতাস্থাদ: সদা স্বাপ্ততাম্॥ অন্তিমে (৫)—শ্রুতিতাং কবিতাং রবৈরহিতাং সংবঞ্জিতাং ভূষ্টণ,-বিভাহীনজনভা মে নবকতাং হাসো ভবেনিশ্চিত্ম। তত্মাদ্বাস্থরসো ধ্রবং বিলসিতভভাং জ্গুপ্সা যদি, বীভংস: স রসো বিভাতি স্থতরাং কাব্যত্বমত্রাগতম ॥

ক্রমদীপিকা - গ্রীকেশবাচার্য-প্রণীত হরিভক্তিবিলাসে বৈষ্ণৰভন্ত । (२, ६, ১৭ विनाम) क्रमही भिकात অফুস্রণ দেখা যায়। উচ্ছেলে (১৪।৮০) ইহার একটি শ্লোক উদ্ধৃত হইয়াছে। মৎসংগ্রহে গোবিন্দবিত্যাবিনোদের টীকাসহ একটি ৭৪ পত্রাত্মক পুঁথি ১৬৮০ শাকের লিপি আছে। অন্ত একটি 89 পত্ৰাত্মক আছে (হরিবোলকুটীর ৯ গ, ঘ)। অন্তাক্ত টীকাকার-গোবিন্দশর্মা, ভৈরব ত্রিপাঠী, মাধবাচার্য, নিত্যানন্দ ও বন (হ ২।৬৪)। পুরুষোত্তম ইহাতে আটট পটল (অধ্যায়) আছে। প্রথমে—পূজাক্রম, ভূতভদ্ধি প্রভৃতি করশোধনান্ত। দিতীয়ে— মস্ত্রোদ্ধার, বিনিয়োগ ও মন্ত্রবীজাদি। তৃতীয়ে—ধ্যান, শঙ্খপূরণ, তীর্থাবাহ-नामि, जशविषि । ठजूर्य-नौकाविषि, প্রুমে—জপস্থান, পুরুদ্রেণ, প্রাতঃ-

বোড়শ দ্রবা। ষষ্ঠে—মন্তপ্রয়োগ, ঋষাদি ভাস। সপ্তমে—ধ্যান, কাম-वर्ष्टरम-পায়ত্রী, আবরণাদি, বশীকরণ প্রয়োগ, হোম, সেবাদি। ক্রমসন্দর্জ-গ্রীজীবপ্রস্থপাদ-বিরচিত বাদশক্ষয়ফুক্ত সমগ্র শ্রীমদ্ভাগবতের টীকা। গ্রন্থকার বট্সবর্গর রচনা করিয়া শ্রীমদভাগবতের ব্যাখ্যামুখে সম্বন্ধাভিধেন্ন-প্রয়োজন প্রভৃতি প্রদর্শন করিতে ইহা সপ্তম প্রকাশ করিয়াছেন। এবিষয়ে তিনি টীকারন্তে (৩) স্বয়ং ব্যক্ত করিয়াছেন—'শ্রীভাগবতসন্দর্ভ-সমূহ ও শ্রীবৈষ্ণবতোবণী দর্শন করত যাহা যাহা মনে ক্বুন্তি পাইয়াছে. তাহাই ভাগবতব্যাখাারূপে ক্রমদন্দর্ভে লিখিত হইতেছে।' শ্রীধর-স্থামিপাদের অব্যক্ত ও অস্পষ্ট উল্লি-সমূহের বিস্তৃত ব্যাখ্যাই এই ক্রম-সন্দর্ভের তাৎপর্য। ক্রমসন্দর্ভ বৃহৎ ও লঘু-নামে বর্ত্তমানে ছই প্রকারে পাওয়া যাইতেছে। ক্ষণদাগীত - চিন্তামণি ঐবিশ্বনাথ-চক্রবন্তি-সংকলিত সর্বপ্রথম পদ-সঞ্জান। ইহাতে প্রায় ৩৬টি পদ হরিবল্লভ-ভণিতায় এবং ১৫টি পদ বল্লভ-ভণিতায় বর্তমান। স্থবাসূত গীতাবলীতেও লহরীর অন্তর্গত (সংখ্যা ১১) বল্লভ ও ছরিবল্লভ ভণিতা দেওয়া আছে, স্থতরাং এই इंटे नागरे य अकरे চক্রবন্তির বেশাশ্রয়ের সংসারাসক্তি-ত্যাগহচক নামান্তর-এ বিষয়ে সম্বেহ করিবার কিছুই নাই।

চক্রবর্ত্তী মহাশয় ১৬২৬ শকাকায়

শ্রীমদ্ভাগণতের সারার্থনশিনী টীকা-প্রণয়নান্তে দেহ ত্যাগ করেন বলিয়া জানা যায়। গীতচিন্তামণি সময়েই রচিত হইয়া থাকিবে. তিনি প্রতি কেননা ক্ষণদার গীতচিন্তামণৌ সমাপ্তিতে 'ইতি পূর্ববিভাগে' বলিয়া লিখিয়াছেন। অমুমান হয় যে 'উত্তর বিভাগ' লিখিবারও সংকল্প ছিল, কিন্ত তাহা না করিয়াই নিত্যধামে গমন করিয়াছেন। ইহার সংগৃহীত ক্ষণদায় ৪৫ জন বিভিন্ন কবির ০০৯টি পদ সমাহত হইয়াছে। আশ্চর্যের বিষয় ইহাতে চণ্ডীদাসের একটি পদও সমাহত হয় নাই। স্বকৃত र र्रों আছে—স্বকৃত গীতাবলি হইতেও পদাবলী সংগৃহীত হইয়াছে। তাঁহার গীতগুলি প্রায়ই পূর্ববর্তী ও পরবর্তী গীতম্বয়ের সম্বন্ধ-নির্দেশক এবং 'এত कहि मुठी ठललि' हेजािम दर्गनादाता কোথাও বা ক্ষণদায় বণিত লীলার রক্ষিত সংলগ্নতা হইয়াছে ৷ শ্ৰীকৃঞভাবনামৃত, চক্ৰবত্তিপাদ শ্রীভাগবতটীকা বা উচ্ছেলনীলমণির টীকায় যে সৌন্দর্য ও মাধুর্য কৌশলে করিয়াছেন—-এই বলিতেও সেই ভাবভঙ্গী অক্ষুপ্ত রাখিয়াছেন। এই গীতচিস্তামণিই প্রাচীনতম পদসংগ্রহ-গ্রন্থ। হরি-ব্ৰজবুলি বল্লভের পদগুলি সাহিত্যিকদের মতে তত উৎকৃষ্ট নহে--তাহারা প্রায়ই সাধারণ। যেমন—(পদকল্পতক ২১৪) এ স্থি! বিহি কি পুরায়ব সাধা ?

হেরব পন কিয়ে রূপনিধি রাধা ?

যদি মোহে না মিলব সোবর রামা। তব্জীউ ছার ধরব কোন্কামা ? তুহঁ ভেলি দৃতী পাশ ভেল আশা। জীববান্ধব কিয়ে করব উদাসা॥ শুনইতে বচন দৃতী অবিলম্বে। আওলি চলি থাঁহা রমণীকদমে। কহে হরিবল্পভ শুন ব্রজ্বালা। হরি জপয়ে তুরা গুণমণিমালা॥ (১৭।৫) ক্ষণদায় বহুগীত ভণিতাশৃন্ত, যেমন (১।৬, ৪।৪, ৬।৭ ইত্যাদি)। সমগ্র গীতচিস্তামণি ৩০ বিভাগে (ক্ষণদায়) বিভক্ত, ইহাতে কৃষ্ণাপ্রতিপদ হইতে আরম্ভ করিয়া পোর্ণমাসী পর্যস্ত প্রতি ক্ষণদার (রাত্রির) বিশেষ বিশেষ বর্ননা ও আস্বাদন দেওয়া হইয়াছে। এই গ্রন্থে শ্রীচক্রবন্তিপাদ ব্রজরসের সাধকদিগের হিতাভিলাবে রাগামুগীয় বিনির্দেশ-সহকারে ভজন-পন্থার ব্রজনবদম্পতির রসলীলা বর্ণনাপ্রসক্তে

স্থী-ভাবে সাধকের ব্রজর্মে লোভ সম্পাদনের জন্ম স্থীগণের স্বভাব. আকাজ্ঞা, আনন্দ, ত্থয়ঃখ, অধিকার ও চাতুর্যাদি প্রত্যেক বিষয় পূজামু-পুঙাভাবে স্থন্দর রূপে করিয়াছেন। ১ম ক্ষণদার গৌরচক্র— দেখ দেখ সোই মুরতিময় মেহ। काक्षन काँछि, छ्रशा छिनि मधुतिम, নয়ন-চধক ভরি লেহ ॥ শ্রামল বরণ, मधुत तम छेषि, शृत्रव (या शाकृन মাহ। উপজল জগত-যুবতী উমতা-ওল, যো সৌরভ পরবাহ। যোরস বরজ-গোরী কুচমণ্ডল মণ্ডনবর করি রাখি। তে ভেল গৌর গৌড় অব আওল, প্রকট প্রেম-স্থরশাখী। সকল ভূবন স্থু কীৰ্ত্তন-সম্পদ মত্ত রহল দিনরাতি। ভবদব কোন? কোন কলিকআৰ ? থাঁহা হরিবল্লভ ভ'াতি ৷

<u> এবিন্দাবনে</u> **এ**রাধারমণের সেবাইত এীঅদৈত্চরণ গোস্বামির নিকট উত্তরার্দ্ধের শুপ্রদশ পর্যন্ত আছে বলিয়া জানা গিয়াছে। বুন্দাবনে নিম্বার্কগ্রন্থালয়েও পশ্চিম বিভাগ পাওয়া গিয়াছে। ইহাতে ভক্তমালের টীকাকার প্রিয়াদাসজির গুরু শ্রীমনোহর দাসের রচিত গৌর-**ठ**टक्ट हिसी-পদ এবং স্রদাস. नन्मनाम, इतिनाम श्रामी, इतिवःम. গদাধর ভট্ট প্রভৃতি বহু বহু মহাজনের পদাবলী मञ्चलिত इहेब्राएए। २६ ক্ষণদার পর 'গৌরচন্দ্র' নাই। ক্ষণদায় চারিটা বিভাগ ছিল বলিয়া ভনা কুজগীত-প্রবন্ধ- শ্রীরামাননরায়-ক্বত কাব্য। শ্রীনারায়ণকবি সঙ্গীতসারে

এই গ্ৰন্থ হইতে একটি 'চিত্ৰপদ'

উদ্ধার করিয়াছেন।

N

গঙ্গাদেবী-স্তোত্তম্— - শ্রীঅভিরাম
গোপাল গোস্বামি-বিরচিত শ্রীমন্
নিত্যানন্দ প্রভুর ছুহিতা শ্রীগঙ্গাদেবীর
সর্বাপরাধ-ভঞ্জন-নামক স্তোত্ত্র।
ইহাতে শ্রীগঙ্গাদেবীর আবির্ভাব,
মহিমা, প্রভাব-প্রতিপত্তি প্রভৃতির
স্কুল্পষ্ট বর্ণনাত্মক শার্দুলবিক্রীড়িত
ছন্দে ২০টি শ্লোক আছে। প্রথম
শ্লোক—শ্রীরাধা বুগপদ্ধরিশ্চ মুদিতৌ
গোলোকমধ্যে মিথঃ, প্রেমাবিষ্টভরা
প্রা বিগলিতৌ তদ্বস্তু গঙ্গাবনৌ। সা
তং স্থান্স্তা-স্থতা হি রূপয়া জাতা-

ধুনাধীখরী, নিত্যানন্দ-স্থতে প্রসীদ গতিদে প্রেম্ণা বরা মঞ্জরী ॥ > গন্ধবিমলন—ভাজনঘাটের স্থপ্রদিদ্ধ কবি প্রীকৃষ্ণকমল গোস্থামি রচিত বাঙ্গালা গীতিকাব্য। গাথাসপ্তশভী — হালগাতবাহন-নূপতি-কর্তৃক সংগৃহীত মহারাষ্ট্রীয় প্রাকৃত ভাষায় লিখিত। এই গ্রন্থে প্রীশ্রীরাধাকৃষ্ণলীলা বর্ণিত আছে। [এই গ্রন্থরচনাকাল R. G. Bhandarkar মতে ৬৯ খ্রীঃ, Weber মতে খ্রীষ্ট্রীয় পঞ্চম শতান্ধী। Dr. S. K. De তৎকৃত Sanskrit
Poetics 11 p. 115 লিখিয়াছেন
যে ইহা ৪৬৭ খৃঃ রচিত হইয়াছে]।
(১١৮৯) মূহ মারুএণ তং করু
ইত্যাদি। সংস্কৃত—মুখমারুতেন তং
কৃষ্ণ গোরজো রাধিকায়া অপনয়ন্।
এতাসাং বল্লবীনামন্তাসামপি গৌরবং
হরসি॥

(২।>২) অজ্জপি বালো দামো- .

অরোভি। সংস্কত—অত্যাপি বালোদামোদর ইতি জল্পতে যশোদয়া।

কৃষ্ণমুখপ্রেবিতাক্ষং নিভূতং হসিতং

ব্রজবধৃতিঃ॥ (বিধিবিজ্ঞ-রচিত্ম) (২।১৪) নচ্চন-স্পাহননিছে। সংস্কৃত-নর্ত্তনশ্লাঘননিভেন পাৰ্ পরিসংস্থিত। নিপুণগোপী। সদৃশ গোপীনাং চুম্বতি কপোলপ্রতিমাগতং কৃষ্ণম্॥ (গুণর-কৃতম্) (৫।৪৭) জই ভমসি

ভমস্থ गःक्र ७ -- यनि ज्यानि ज्या अवस्य कृष्य সোভাগ্যগর্বতো গোষ্ঠে। মহিলানাং দোষগুণো বিচারয়িতুং যদি

ক্ষমোহসি॥ (१।৫৫) অচ্চাসন্নবিবাহে। সংস্কৃত —অত্যাসন্ন-বিবাহে সমং যশোদ্যা তরুণগোপীভিঃ। বর্ধমানে মধু-

मथरन गः रक्ता निक्रु ग्रस्त ॥ গায়ত্রীব্যাখ্যাবির্তি—-অগ্নিপুরাণীয় যোট 3913 **অ**ধ্যায়ের শ্লোক উদ্ধত করত যাাখাত হইয়াছে। ইহার প্রথম শ্লোকের বিবৃতিতে প্রীক্ষীবচরণ—উক্ধ, ভর্গ. প্রাণ, গায়ত্রী ও সরস্বতী প্রভৃতি শব্দের নিক্ষজ্ঞি দিয়াছেন। ইহাতে গায়ত্রীর প্রতি পদের অর্থ সরলভাবে ব্যাখ্যাত হইয়াছে। গায়ত্রীর 'ভর্গ জ্যোতিবিশেষই শব্দে স্বপ্রকাশ বাচ্য। তাহাই 'তৎ'

প্রসিদ্ধ পরমব্রক্ষ। 'বরেণ্য' শব্দে সর্বশ্রেষ্ঠ সকলের আশ্রয়রূপ বস্তু, সর্বপ্রকাশেরও (স্থ্-তাহা কি ? চন্দ্রাদিরও) প্রকাশক অথচ স্বয়ং-প্রকাশ বস্তু, যাহা স্বর্গ ও অপবর্গের (মৃক্তির) কামনায় সর্বদাই বাঞ্ছিত। সর্বথা বরণীয় কি ? জাগ্রৎস্বপ্ন-বিবঞ্জিত তুরীয়াবস্থ জীব হইতেও পরতর বস্তু। আমি সেই বরেণ্য ভর্মাখ্য জ্যোতিকে ধ্যান করি—'ভর্ম'

বস্তুটি বুঝাইবার জন্ম বলিতেছেন উহা নিত্য অর্থাৎ সর্বদা শুদ্ধ, জীববৎ সংসারিত্ব-বিহীন; সর্বদা বোধযুক্ত; এक, किन्न कीवद९ चारतक नरह;

অধীশ্বর=সর্বশক্তিযুক্ত; অহং শব্দের 'ব্ৰহ্ম' বিশেষণে কি বুঝায় ? 'দেবতা (অর্থাৎ দেবভাবাপন্ন) না হইয়া দেবার্চনা করিবে না'--এই নীতির

অমুসরণে বলিতেছেন—আমি পর-

জ্যোতি ব্ৰশ্ন.ইহাতে তাদাত্মা(তনায়ত্ব)

ভাবনা দেখান হইল। 'ধাায়েমহি' শব্দে বহুবচনের কি তাৎপর্য ? আমিই যে কেবল সেই স্বপ্রকাশ ব্রহ্ম বস্তুর ধ্যান করি, তাহা নহে; পরন্ত আমরা সকল জীবই ধ্যান করি। ধ্যানের কি আবগুকতা ? সংসার-

বিমুক্ত হইয়া তাঁহাকে প্রাপ্তি করাই 🐬

তাৎপর্য। মল্লের 'তৎ' পদের বিশেষ

ব্যাখ্যা বলিতেছেন—'ভর্গ'-পদবাচা

জ্যোতিই-শেই ব্ৰহ্ম বস্তু, তাহাই

হইতেছে ভগবান বিষ্ণু, জগতের জন্ম, স্থিতি ও লয়ের কারণ। মল্লের 'প্রণব' হইতে আরম্ভ করিয়া 'তৎ' পদ পর্যস্ত 'ধীমহি' শব্দের সহিত অব্ধ করিতে হইবে। কারণ কার্য হইতে অনন্ত বলিয়া

স্বয়ং প্রণবার্থরূপ এবং ভূ. ভূব ও

স্বরাদিরূপ সেই তত্ত্ব—স্বিতাদেবতার

বরেণা ভর্গ, তাহাকেই ধ্যান করি।

এবিষয়ে যাঁহারা বিসম্বাদ করেন. তাঁহাদিগকেও নিজের মতে আনয়ন করিতেছেন—এই তত্ত্বকে শিব, শক্তি, সূর্য, অগ্নি প্রভৃতি আখ্যায় কেছ কেহ অভিহিত করিলেও কিন্তু

বেদাদিতে বিষ্ণুকেই অগ্ন্যাদি-সর্বদেবময় বলিয়া কীর্ত্তন করা হয়, স্থতরাং বিষ্ণু ও সবিতা কারণ এবং কার্য হইলেও উভয়ের তাদাত্মাভাবে অভেদও দেখাইতেছেন—সেই 'ভর্গ'

বস্তুটি (বিষ্ণু) বিশ্বাত্মক দেবতা

স্বিতার প্রম পদ আশ্রয়। 'ধীমহি' শব্দে ধারণা করি বা পোষণ করি-হইতে অর্থও পারে । আমাদের ভর্ষাৎ সকল প্রাণি**জাভের** বুদ্ধিবৃত্তিসমূহকে প্রেরণ অর্থাৎ সুর্যাগ্রিক্রপী সেই ভর্গাখ্য বিষ্ণু তেজ নিখিল ভোক্তাদের সকল

कर्म पृष्टोपृष्टे विशास्क त्थात्रना पिन। প্রেরণাদানের হেতু কি? পূর্বোক্ত বিষ্ণুদ্ধপ ঈশ্বর-কর্ত্তক প্রেরিত হইয়াই ত জীব-নিচয় স্বৰ্গ বা নুরুকে গমন করে। এই কথাই অন্ত শ্রুতিদারা সমর্থন করিতেছেন-এই মহতত্ত্ব হইতে আর্ভ পরিদুশুমান জগৎসকলই সেই ঈশ্বর বিষ্ণু-কভূ ক ব্যাপৃত, তিনিই হরি; হরি কি অর্থে ? থেহেতু তিনি স্বর্গ, মহঃ, জন, তপ প্রভৃতি লোকে

তিনিই হংস=পর্মাত্মা, তিনিই পুরুষপদ-বাচ্য। সেই দেবতার ব্রেণ্যত্ব-পরাকার্ছা দেখাইবার জন্ম বলিতেছেন—'ধ্যেয়ঃ সদা সবিতৃ-মণ্ডলমধাবৰ্তী' প্ৰভৃতিতে **ऐ** फिर्ड शारन এই পুরুষ সূর্যমণ্ডলেই দ্রষ্টব্য। আৰু হইতেছে এই যে ঈশিতব্য (এখর্যস্থান) সূর্য্য ওলের নাশে সেই পুরুষেরও ত ঐশ্বর্য-নাশ অনিবার্য ?

তত্বত্তরে বলিতেছেন, বিষ্ণুর যে মহা-

বৈকুণ্ঠ-লক্ষণ প্রম পদ (ধাম),

তাহা সত্য (ত্রিকালে ধ্বংসরহিত),

সদাশিব (তাপত্রয়-বিহীন) এবং

দেব

(বিহার-পরায়ণ)

বৃহত্ব ও বৃংহণত্ব (বর্দ্ধিস্কৃতা) আছে বলিয়া যাহাকে ব্ৰহ্ম বলা তদ্ৰপই অৰ্থাৎ ধামতত্ব—বিষ্ণুতত্ত্বসম সদানক্ষয়: ত্রিকাল সত্য 3 পুনরায় আশকা এই যে-সেই মহা-বৈকুঠে স্বিতার অন্তর্যামী এই পুরুষ হইতে নারায়ণ পৃথক্ই ত, তিনিই নিত্য, কিন্তু সবিত্যগুলের অন্তর্গামী যিনি, তিনি নিত্য হইবেন কিরূপে ? **তত্বত**রে বলিতেছেন—ভোতমান সবিতার মধাবর্জী যে দেবতা 'ধোয়ঃ गमा' ইত্যাদি शास्त निर्मिष्ठ रहेशारहन, তিনিও বরেণ্য, তুরীয় সমষ্টিগত, জাগ্রৎ স্বপ্নাদিরও অতীত, সমাধি অবস্থাতেই গম্য যে 'ভর্গ'-সংজ্ঞক স্বাশ্রয়রূপ বস্তু—তদ্রপই (তাহা হইতে অভিন্নস্ত্রপ), তবে মহা-প্রলয়ে মহাবৈকুপ্তেই তিনি মহা-নারায়ণের সহিত একীভূত (মিলিত) হইয়া অবস্থান যিনি कर्त्व । धनगुखनीरक ७७-क्यां पिर् निर्वा সর্বোৎকর্ষ-সহকারে প্রবর্ত্তন করিতে-সেই আদিত্য পুরুষই আমি—এই উক্তি কিন্তু ব্ৰহ্মসামে। অহংগ্রহোপাসনারূপ ত্রিপদা গায়তীর অজপানামক খ্যেয় (१) বস্তু-সম্বন্ধেই यमा इहेन।

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীশিরোমণিপ্রাত্ম এই গায়ত্রীমন্ত্রের যে ব্যাখ্যা দিয়াছেন শ্রীকৃষ্ণচৈতহাসন্দর্ভে (৫৯ —৬০ পৃঃ) তাহা অতি অন্মর্ভুতপূর্ব সত্যা সার কথা এই যে—আমরা সবিভূমগুলমধ্যবর্তী সেই প্রসিদ্ধ বরণীয় ভূগাখ্য দেবতাকে ধ্যানধারণা করি, তিনি আমাদের বৃদ্ধি-

বৃত্তিসমূহকে প্রকৃষ্টক্রপে চালনা দিন। 'ভর্গ' শব্দের তাৎপর্য—স্মার্ক্ত রঘু-আদিত্যান্তর্গত মতে তেজোবিশেষ, মুমুক্ষুগণ জন্মত্যু ও আধ্যাত্মিকাদি ভাপত্রের বিনাশের জন্ম ধ্যানযোগে উপাসনা স্ব্মণ্ডলে এই পুরুষকে দেখিতে পারেন । একণে বিচার্য—এই সূর্য-মণ্ডল-মধ্যবর্ত্তী পুরুষটি কে ? তত্বতুরে তিনি বলিতেছেন—কুর্যার্ঘদানমস্ক্রের 'বিফুতেজদে', গীতার 'আদিত্য-মণ্ডলে আমারই তেজ বিল্লমান এবং পঞ্চরাত্রের 'জ্যোতির মধ্যে শ্রামস্থন্দররূপ' ইত্যাদি প্রমাণ-বলে এবং নারায়ণের ধ্যানে ['পঝাসনে আসীন (অথবা প্র-গদাযুক্ত) স্বিভূমণ্ডল-মধ্যবর্তী নারায়ণের খ্যান করিতে হয়, তিনি কনক-কুণ্ডল, কেয়ূর, কিরীট ও হার পরিধান করিয়াছেন, শঙ্খ-হইলেও কিন্তু দেহটি হির্থায়বর্ণ।' এখানে। স্পষ্টতঃই প্রতিপন্ন হইতেছে যে ভর্গশব্দে সূৰ্যমণ্ডল বাসী নারায়ণকে বুঝায় নারায়ণের হিরগ্রয়বপু: হইল কবে ? মুগুকোপনিষদের 'যদ: পশ্য: পশ্যতে' প্রমাণ-বলে তিনি বলিতেছেন যে ক্ষাবর্ণদেহধারী, জন্ম স্থিতি ও লয়ের একমাত্র কর্তা, সর্ব-পুরুষার্থদাতা নরবেশে ব্রাহ্মণবংশে জাত মহাপুরুষের মস্ত্রে দীক্ষিত হওয়া-মাত্রই লোক সংসার-মুক্ত হয় এবং আধ্যাদ্মিকাদি তাপত্রয় উন্মূলিত হইয়া যায়, তখন তাহারা সাধনবলে পরমা শান্তি (ভক্তি) লাভ করিয়া কুতার্থ হয়। অতএব গায়ত্রী-মন্ত্রে

যাহারা উপাসনা করে, তাহারা
অজ্ঞাতসারে প্রীগোরাঙ্গেরই উপাসনা
করে। এই জন্মই উক্ত হইয়াছে—
গায়ত্রী-দীক্ষিতো যো হি স এব
বিষ্ণুদীক্ষিতঃ। ইতরঃ পাপক্ষদ্
বিপ্রো প্রষ্টাচারঃ স উচ্যতে॥

যোগিযাজ্ঞবল্ক্যও বলিয়াছেন—
সন্ধ্যা তুপাসিতা যেন তেন বিষ্ণুকুপাসিতঃ। দীর্ঘমায়ুঃ স লভতে
ভক্তিং মুক্তিঞ্চ বিন্দতি॥

গীতকল্পত্রক— শ্রীবৈঞ্বদাস-সংক্ষিত
পদকল্পতর্বর নামাস্তর। পূর্বে তিনি
এই নামেই প্রচার করিয়াছিলেন,
কেননা এই সঙ্কলনের ইতিহাসে
তিনি বলিয়াছেন:—'এই গীতকল্পতরক
নাম কৈলুঁ সার।' পরে গায়কগণই
'পদকল্পতরু' আখ্যা দিয়াছেন।

ত্রীগীতগোবিন্দ—খুষ্টীয় শতাবেদ বীরভূম জিলায় কেন্দুবিল-<u> ঔর</u>দে ভোজদেবের বামাদেবীর গর্ভে জয়দেবের জন্ম হয় *। তিনি বল্লাল সেনের পুত্র লক্ষণসেনের সভাপণ্ডিত ছিলেন। জয়দেব-রচিত গাথাময় শ্রীগীতগোবিন্দ মহাকাব্যকে গীতিকাব্যও বলা যায় ৷ বিশুদ্ধ প্রবানলয়ে এই মধুরকোমল-काञ्च পদাবলী कीर्त्विত रहेल মামুষ ত দুরের কথা, দেবভাও ভূলেন। কথিত আছে - ইহার পদ-লালিত্য আস্বাদন করিয়া শ্রীজগন্নাথ-দেবও বিষুগ্ধ হইয়াছিলেন (ভক্তমাল यानगाना छहेरा)। शकीतानीनात्र

^{*} কবি বনমালী দাস-বিরচিত 'জয়দেব চরিত্র' বঙ্গীয় সাহিত্য পরিষৎ-বর্তৃক পয়ারে প্রকাশিত গ্রন্থ দৃষ্ঠা

এ শ্রীশ্রীশের স্থান্য প্র গীতগোবিন্দ আস্বাদন করিয়া আত্মহারা হইয়া (চৈতক্তচরিতামূত যাইতেন অন্তালীলা ১৩শ, ১৫শ, অধ্যায় প্রভৃতি দ্রষ্টব্য)। জয়দেব সংস্কৃত ভাষায় যে অসাধারণ অধিকার ও কাব্যপ্রতিভা অর্জন করিয়াছিলেন, তাহা তাঁহার হাদয়-নিহিত কাব্যশক্তির সেবায় নিয়োজিত করিয়া চিরস্মরণীয় হইয়া-ছেন। তাঁহার এই কাব্য ভাবে. সৌন্দর্যে,মাধুর্যে, লালিত্য-সম্পদে এবং স্থরতানমানলয়-সহকৃত গেয় ছন্দঃ-প্রচুরতায় সংস্কৃত সাহিত্যভাগুরে অদিতীয় ও অতুলনীয় নিধিই বটে। দর্বোপরি ইহার অন্তর্নিহিত প্রেম-ভক্তির মন্দাকিনী-প্রবাহ্ময় ত্বধামধুর উচ্ছাস্ই ইহাকে সম্ধিক চিতাকৰ্ষক করিয়াছে। এইরূপে গুণগোরর-মঞ্জিত গ্রীগীতগোবিন্দ দেশের সাহিত্যিক, স্থপণ্ডিত, সম্ভক্ত, ভাবুক ও বিষয়ীদের অতি আদরের বস্ত হইয়াছেন। **শংস্কৃতভাষা**য় অন্ভিজ্ঞ হইলেও—কাব্যপ্রিয় নর-নারী-মাত্রই ইহার পদাবলী শ্রবণ করিয়া বিস্মার্সে আপ্লুত ও রসতন্ময় ছইয়া থাকেন।

কথিত আছে—জয়দেব গীত-সর্বে মানময়ী গোবিন্দের দশম গ্রীরাধার মানপ্রশমনের জন্ম গ্রীরফকে শ্রীরাধাচরণে পাতিত করিতে কুঞ্চিত ছইয়া 'ক্ষরগরলখণ্ডনং মম শিরসি পর্যস্ত লিখিয়া আর্মার মণ্ডনং' **मृ**द्र করিতে গঙ্গাসান গিয়াছিলেন। ইত্যবসরে স্বয়ং এক্সঞ্চ আসিয়া জয়দেব-পত্নী পদ্মাবতীর নিকট হইতে সেই গ্রন্থথানা লইয়া

ঐ পদটি এইভাবে পূরণ করিয়া-ছিলেন-স্বরগরল-খণ্ডনং, মম শিরসি ধেহি यखनः, পদপল্লবমুদারম্। গৃহে ফিরিয়া জয়দেব স্নানান্তে ব্যাপার বুঝিলেন যে মানিনীর মান-ভঞ্জনের এত বড় কথা আর কেহই लिएथन नारे। यादात मारनत नाय, त्रहे श्रीकृष्ण्डे श्राः निथियादिन। এইরপেও গীতগোবিন্দের মাহাত্ম্য বিপুল প্রচার লাভ করিয়াছে। व्यहा। बीकृष्णत्थम-मित्रामछ এই ভক্তযুগলের নিত্য আস্বাগ্ত এই গীতিস্থা ভক্তমাত্রেরই আদরের ধন। কাব্যামোদী সাহিত্যিকগণ. এমন কি ইউরোপীয় পণ্ডিতগণও এই গ্রন্থখানির র্শাস্বাদনের জন্ত বহু অমুবাদাদি প্রকারে টীক† 19 করিয়াছেন।

বঙ্গের কবি বলিয়া যে তিনি
কেবল বাঙ্গালীরই গৌরব, তাহা
নহে; ভারতের প্রত্যেক প্রদেশেই
কাব্যরশ-পিপাস্থদের নিকট তিনি
চিরসম্মাননীয়—এখনও সর্বত্র প্রত্যহ
মধুরকোমলকান্ত পদাবলী গীত,
প্রগীত, কীর্ত্তিত, সঙ্কীর্ত্তিত ও
প্রতিধ্বনিত হইতেছে। *

শ্রীগীতগোবিন্দের বল্প-বৈভব—

শ্রীগীতগোবিন্দ ব্রজরসের প্রধানিক্স।
ইহাতে বদীয় বৈষ্ণবগণ ব্রজরদোপাসনার ভজন-সন্ধান প্রাপ্ত হন।
পূর্বেই বলা হইয়াছে নীলাচলে
হেমাচল শ্রীগোরান্দের প্রেমলীলায়
গীতগোবিন্দ নিরস্তর আস্বাদিত
হইত। ইহাতে দ্বাদশ সর্গ আছে।

'সামোদ-দামোদর'-নামক প্রথম সর্গে প্রথমেই বসন্তকালের কথা। ললিত লবঙ্গলতার স্পর্শে মলয় সমীর আরো কোমল হইয়া বহিতেছে। মধুকরের গুঞ্জনে, কোকিলের কুজনে কুজকুটীরে মধুর বাসন্তী যাত্রা আরম্ভ হইয়াছে। প্রীনন্দনন্দনের বসম্বকুরে গুঞ্জরিত অলিকুল্যদ্ধুল বকুল্ফুল্দলের দারুণ ভারে ও প্রমর-ঝহারে বকুল-বিটপী আকুল হইয়া পড়িরাছে। ত্যালদলের নব পল্লব বাসন্তী শোডা বিস্তার করিতেছে, আর উহাদের নৰ পত্রাবলী হইতে মৃগমদ-সৌরভ বিস্তৃত হইয়া চতুর্দিক আমোদিত করিতেছে। পলাশতরুর অসীমশোভা বিরহী দেখিয়া যুবজনের হইতেছে—উহার কুলগুলি যেন কামদেবের নথের ভাষ বিরহিদের হৃদয়-বিদারণের জগ্য হইয়াছে! নাগকেশরের ফুলগুলি যেন মদন্রাজার স্থবর্গছতের শোভা পাইতেছে। পারুলের বেশ আরো অদ্বত!! ভ্রমর অধোমুখে পারুলের মধুকোবে করিতেছে—দেখিলে মনে হয় যেন খবের তূণের স্থায় শোভা পাইতেছে। এই ভাবে বুঝি বিরহিণী ব্রজবশ্বদের নিকট বসস্ত ছুরস্তমৃতিতে উপস্থিত! তাঁহারা দেখিতেছেন-কেতকী কুম্ম বিরহিণীদের হৃদয় করিবার জ্বর্গই যেন করাতের স্থায়

দন্তবিকাশ করিতেছে!

নবমল্লিকার পরিমলে মুনিরও মন

টলিয়া যাইতেছে!! শ্রীবৃন্দাবনে

এমন সরস বসস্তে বিরহিণী এরাধার

প্রাণ আকুল, তিনি বনে বনে

মাধবী ও

শ্রীলয়সিকমোহন বিভাভ্রব কৃত গীত-গোবিশের ভূমিকা।

बीकृक्षात्वयर वार्क्न इहेश ख्या করিতেছেন—অদূরে কু**স্থ**মিত **८क निकृ** एक ठन्मन ५ फिंड नी न करन वत পীতবসন বনমালীকে দেখিতে পাইলেন যে তিনি বিলাসকেলিপর মুগ্ধ ব্রজবধু-নিকরের সহিত বিলাস করিতেছেন। তখনই প্রেমময়ী শ্রীরাধার হৃদয় ঈর্ষার অন্তর্দাহী অনলে জলিয়া উঠিল; তিনি দেখিতেছেন—ব্ৰহ্মস্বরীগণ স্বচ্ছন্দে তাঁহার প্রতিঅঞ্চ আলিঞ্চন করিতে-ছেন, মুগ্ধনায়ক এই মধুগালে মৃতিমান শুঙ্গাররসরূপে ক্রীডা করিতেছেন। রাধা সমভাবে স্কল্যুবতীর সঙ্গে বিহারশীল শঠগুরুর সহিত ক্রীডা कतिरवन ना-इशह अत कतिराजन। 'অক্লেশকেশব'-নামক দ্বিতীয় गर्ग अग्रदान नीना नीना वित्रक्कीना অথচ স্থমর্যাদাশালিনী ক্ষণতপ্রাণা শ্রীরাধার অমৃতম্য়ী শ্লিগ্ধ গন্তীর ছবিখানি পাঠকের সন্মুখে উপস্থাপিত করিয়াছেন। শ্রীরাধা মান করিয়া বনাস্তরে লুকায়িত হইলেও রাস-বিলাদের কথঃ ভুলিতে পারেন নাই।

মানদনেতে খ্যামস্থলবের

ভূবনমোহন রূপটিই কেবল প্রতিভাত

হইতেছে। লম্পট শ্রাম অপর

ব্রজাঙ্গনাদের সহিত রাসরসে মত

হইয়াছেন—সভ্য বটে, কিন্তু বিরহিণী

রাধা এক্ষণে তাঁহার দোষ না দেখিয়া

গুণই গ্রহণ করিতেছেন এবং

ক্ষণাৰ্ককালও আর ধৈর্য ধরিয়া

অস্তরালে থাকিতে পারিতেছেন না।

কিন্তু সেই শঠের কাছেও ত যাইতে

পারিতেছেন না. মানম্যাদা ত

আছেই, কিন্তু তিনি তাহা সহজেই

উল্লেজ্যন করিতে পারিলেও প্রেমমর্যাদা ত আর লজ্যন করা চলে না!
তখন তিনি সধীর কণ্ঠ জড়াইয়া
বিরহবেদনা জ্ঞাপন-পূর্বক বলিতেছেন
— 'সথি হে! কেনি-মথনমুদারং, রময়
ময়া সহ মদনমনোরথ-ভাবিতয়া
সবিকারং॥' রতিপ্রথসময়ের বছবিধ
বিলাসছবি শ্রীরাধার শ্বতিপটে
উদিত হইয়া তাঁহাকে ব্যথিত
করিতেছে। স্তবকে স্তবকে ভূষিত
নবকাশোক, উপবনের সরোবরের
মলয়পবন, আশ্রমুক্ল, ভ্রমরীর গুঞ্জন
প্রভৃতি বিরহিণীর তাপ-বৃদ্ধিই
করিতেছে।

'মুগ্ধমধুস্দন'-নামক তৃতীয় সর্গে

শ্রীক্বফের উৎকণ্ঠা বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ স্বয়ং অথিলরসামৃতমৃতি হইয়াও---শাক্ষাৎ আনন্দঘনবিগ্ৰহ হইয়াও-কিন্ত সংসারবাসনাবন্ধ-শৃঙ্খলা রাধাকে না পাইয়া বিরহবিধুর श्रेटलन। एथन छिनि क्लिंग-নন্দিনীভটান্তকুঞে বিষাদ-তম্পাবৃত गानरम य विनाभ कतियार छन. অজয়তটের অমর কবি তাহা বাস্তবিকই মর্মপাশী ভাষায় বর্ণনা করিয়াছেন। স্ফণ্ডিতে কখনও শ্রীরাণার দর্শন পাইয়া তিনি স্বাপরাধ স্বীকার করিতেছেন—ক্ষৃতির অবসানে আবার দ্বিগুণতর বিরহব্যথা তাঁহাকে যেন গ্রাস করিতেছে।। এইভাবে তিনি শ্রীরাধাকে অনঙ্গ-জয়ের জঙ্গম দেবতারূপে দেখিলেও **जिमेश** প্রাণেশ্বরীর সেই স্পর্শস্থ্য, সেই তরলম্বিগ্ধ দৃষ্টি-বিভ্রম, সেই বদন-পঙ্কজের সৌরভ, সেই অমৃত-বিনিন্দী বাক্চাতুরী, সেই বিম্বাধরমাধুরী...

প্রভৃতি পূর্বামুভ্ত বিষয়গুলি গগাঢ় ধ্যানের বিষয়ীভূত হইয়া একণে তাঁহাকে সমাধিমগ্ন করিয়াও কিব মানসক্ষেত্রে মহাবিরহ-যাতনার বৃদ্ধিই করিল।

'স্লিগ্ধমধুস্দন' নামক চতুর্থ সর্গে

যমুনাতীরে বাণীর-নিকুঞ্জে বিষণ্ণভাবে উপবিষ্ট শ্রীক্বঞ্চের নিকট শ্রীরাধার नर्मगरी वित्रकृतीना श्रीताधात व्यवशा বলিতেছেন—মলয়শ্মীর, চক্রমা-চন্দ্ৰিকা, কমনীয় কুন্তমশ্য্যা কিছুতেই রাধার স্বথ নাই, শাস্তি নাই-- শীরাধা 'বিলপতি হসতি বিষীদতি রোদিতি চঞ্চতি মুঞ্চতি তাপম্'—কখনও বা মদনস্বরূপ মাধবের মৃত্তি অন্ধিত করিয়া চরণতলে লুটাইয়া ক্ষমা-ভিক্ষা করিতেছেন—কখনও বা ক্ষৃত্তিতে প্রীক্রফকে অমুনয়শীল দেখিয়া নিজের তাপ-প্রশমন করিতেছেন- নিশার স্থখস্থাবৎ শৃত্তির বিরামে আবার জালা—দেই বিরহ—দেই মর্মদাহিনী ভীৰণ জালা !! বিরহবিধুরা পাণিতলে কপোল রাখিয়া মরণ নিশ্চয় জানিয়া কেবল 'হরি হরি' বলিয়া এই কামনা করিতেছেন যেন জন্মান্তরেও সেই হরিকেই প্রাণবন্নভন্নপে প্রাপ্তি করিতে পারেন। অহো! বিরহ-দশাই যুগপৎ বিকারের দশটি শ্রীরাধার কুন্থম-স্থকোমল তমু-লতাটিকে পীড়ন করিতেছে— গো রোমাঞ্চতি শীংকরোতি বিলসভাৎকম্পতে তামাতি ধাায়ভাদ-ভ্রাম্যতি প্রমীলতি পত্যুদ্যাতি মুচ্ছত্যপি।' এই দশমী দশায় শ্রীরাধাকে শ্রীকৃষ্ণসঙ্গরূপ-অমৃত-প্রদানই বাঞ্নীয় জানিয়া

শ্রীকৃষ্ণকে বলিতেছেন—'হে ক্নফ!
তুমিই এখন দেববৈপ্তক্ষপে কন্দর্পজ্বাত্রা শ্রীরাধার বিরহব্যাধির
একমাত্র মহৌধধ দিতে পার—তুমি
এই ব্যাধির চিকিৎসা না করিলে
জানিব যে তুমি বজ্র হইতেও মহাক্ঠিন-হদয়।' অহো! নিমেব-বিরহে
অসহনশীলাও কির্মপে যে চিরবিরহ
স্থা করিতেছে—তাহাই আশ্চর্য!!

'দাকাজ্ফ - পুগুরীকাক্ষ' - নামক পঞ্চম সর্গে প্রীক্ষারে অমুনয় নিবেদন করিবার জন্ম শ্রীরাধাসবিধে সখীর গমন ও প্রীক্ষের অমুনয় বিজ্ঞাপন বর্ণিত হইয়াছে। শ্রীরাধা-বিরহে শ্রীকৃষ্ণ চল্লের দর্শনে প্রাণেখরীর মুখচন্দ্র স্থরণ করিয়া অধীর হইতেছেন—ভ্রমর-গুঞ্জনে কর্ণরন্ধ আবরণ করিতেছেন-বনবাদী হইয়া 'রাধা' 'রাধা' জপ করত ভূমিতলে লুগনাবলুগন করিতেছেন—বিলাস-নিকুঞ্চ তাঁহার পক্ষে মন্মথ-মহাতীর্থ-পীঠ হইয়াছে—বক্ষের গলিতপত্রের মর্মর শব্দে রাধার পদধ্বনি মনে করিয়া উৎকণ্ঠিত হইতেছেন—মুহুর্ত্তে মুহুর্ত্তে কুঞ্জের বাহিরেও অভ্যস্তরে পমনাগমন করিতেছেন—ইত্যাদি। 'ধ্বষ্টবৈকুণ্ঠ'-নামক ষষ্ঠ দর্গে শ্রীরাধায় 'বাসক্সজ্জা' নায়িকার অবস্থা বর্ণনা হইয়াছে। কৃষ্ণামুরাগিণী উৎকণ্টিতভাবে লতাগৃহে আদীনা— স্বীয় তুর্বলতানিবন্ধন প্ৰোণনাথ-স্মীপে স্বয়ং যাইতে না পারিয়া স্থীকে পাঠাইয়াছেন—সেই স্থী -বল্লভ-সকাশে শ্রীরাধার এই অবস্থা নিবেদন করিতেছেন—প্রিয়ত্মের মিলনাশায় তিনি স্বগেহদেহ মণ্ডন

করিয়াছেন—বারংবার ক্রফবেশে। **শজ্জিত হই**য়া কুষ্ণময়ত্ব প্রাপ্ত হইতেছেন—আবার 'শ্লিয়তি চুম্বতি **হ**রিরুপগত জলধর-কল্লং, ইতি তিমিরমনরম।' অন্ধকারকেই চ্বন ও আলিঙ্গনদানে তাঁহাতে দিব্যো-गानरे পরিবাক্ত হইতেছে। অহো! শ্রীরাধা তখন 'আকল্প-বিকল্প-তল্প-রচনা-সম্বল্পীলাশতব্যাসজ্ঞা' (অর্থাৎ বারংবার বেশবিস্থাস, শ্রীক্লফের আগমন-কলনা, শ্যার্চনা নানাবিধ সন্ধল্লে বিশেষভাবে আস্জ-চিত্তা) হইলেও বিরহে কিছুতেই রাত্রিযাপন করিতে পারিতেছেন না!! 'নাগর-নারায়ণ'-নামক সপ্রম দর্গে—কবিবর 'বিপ্রলব্ধা' নায়িকা রাধিকাকে উপস্থাপিত করিতেছেন। চক্রোদয়ে বুন্দাবনের স্নিগ্ধ শ্রামল বনানী সমুজ্জল হইয়া উঠিল দেখিয়া শ্রীরাধা দৃত পাঠাইলেও ক্লফাগমনে বিলম্ব দেখিয়া বিলাপ করিতে লাগিলেন--'কথিতসময়েহপি হরিরহহ ন যথে বনং, মুম বিফলমিদমমলমপি রূপযৌবনং; যামি হে শরণং সখীজন-বচনবঞ্চিত। ॥' যদি তাঁহার ভোগসাধন এই রূপযৌবন তাঁহার সেবায় না লাগে. তবে এ দেহ-ধারণই বিফল !! মধুর মধু-যামিনী তাঁহাকে আকুল করিতেছে অন্ত কোনও ভাগাবতীর শ্রীহরি বিলাসকুঞ্জে বিহার করিতেছেন! এই ভাবটি কোন প্রণয়িনীর প্রাণে সহ হয় ? তাঁহার জন্ম শ্রীরাধা ঘোর নিশিতে ঘোরতর কণ্টকিত কাননে প্রবেশ করিয়াছেন বটে. কিন্তু কই তিনি ত একটিবারও

প্রীরাধার কথা মনের কোণেও
আনিতেছেন না—এই ভাবই
শ্রীরাধার চিতে অরুদ্ভদ বাথা আনমন

প্রীবুন্দাবন-লীলাকাব্যের মহাক্রি যে অতুলনায় পদমাধুর্যে এই গীতি-কাব্য রচনা করিয়াছেন—বঙ্গভাবা সংস্কৃতের আত্মভা হইলেও মূলের ছন্দ:সৌন্দর্যমাধূর্য ক রিয়া রক্ষা জয়দেবের কাব্যস্থধার গুরুগান্তীর্থ-বুংহিত ভাবরস-মাধুর্য বাঙ্গালী করিতে পাঠকদের জ্ঞানগোচর বাস্তবিকই অসমর্থা। প্রীকৃষ্ণ মঞ্ল করিয়াও বঞ্জুল-লতাগুছে সঙ্কেত কেন আসিলেন না ? এই ভাবনায় বিবিধ আশস্কা, নির্বেদ, চিস্কা, খেদ, অঞ্মুছ্রা, দীর্ঘনিঃশাসাদি অহতাব প্রকাশ করত শ্রীরাধা বলিতেছেন,— 'यिक निर्मय मर्ठ नारे आंत्रिलन, বলিয়া আমাকে তিনি বহুবল্লভ ছাড়িয়া অন্ত ভাগ্যবতীর প্রণয়বন্ধই হইলেন, তবে এক্ষণই এই চিত্ত দয়িতের তথে আর্প্ট ও উৎকণ্ঠায় বিদীর্ণ হইয়া স্বয়ং তাঁহার সহিত মিলিত হইতে যাত্র। করিবে। উৎকণ্ঠিতা শ্রীরাধার শেষ কথা— 'হে মল্যানিল। আমি এখন তোমাকে ভয় করি না, যত পার আমাকে পীড়ন কর। হে পঞ্চবাণ! তুমি আমার পঞ্জাণ গ্রহণ কর। হে যম-ভগিনি যমুনে! আর ক্ষমা নাই। এই করিবার প্রয়োজন ক্লফ-উপেক্ষিতা রাধার জীবনে আর কাজ নাই-তরজে তরজে ভূমি রাধাকে তোমার গর্ভে বিলীন করিয়া দেহদাহ জুড়াইয়া দাও।'

'বিলক্ষলক্ষীপতি'-নামক অপ্ট্ৰম ' সর্গে 'খণ্ডিতা' নায়িকার অবস্থা হইয়াছে। বৰ্ণনা প্রভাতকালে দয়িত আসিয়া চরণে প্রণত হইলে শ্রীরাধা স্মরশর-জর্জরিত হইলেও **ঈর্ধাসহকা**রে বলিলেন—'গুরুতর বুজনী-জাগরণে তোমার নয়ন চুৰুচুৰু-সর্বাঞে রতিচিহ্নাদি বিরাজ করিতেছে—রক্তিম অধরে খ্রামদেহে খর-নখর-সম্পাত, উদার বক্ষে অলক্তক চিহ্ন, অংরে দশনক্ষত যাইতেছে—দেহের তোমার জদয়ও কি মলিন। অবলা-বধে তোমার লজ্জা নাই, অতএব— 'হরি হরি যাহি মাধব যাহি মাকুরু কৈতববাদম্'।

'মুগ্মমুকুন্দ'-নামক নবম সর্গে 'কলহাম্বরিতা' নায়িকার স্বভাবটি পরিব্যক্ত হইতেছে। মদনপীড়িতা রতিরস-বঞ্চিতা, বিষাদসম্পন্না হরিচরিত-ভাবনশীলা রাধাকে কল হাস্তরিতা দেখিয়া দখী সাম্বনা দিতে-ছেন—'তুমি কেন বুথা বিষণ্ণ হইতেছ ? কেনই বা ব্যাকুল হইয়া রোদন क्रिटिक १ এই मुजन-मिनीपन-নিমিত শ্যাায় হরিকে শ্য়ন করাইয়া নয়ন ভরিয়া দেখ। আমার কথা শুনিলে তোমার বিরহবেদনা দুর হইবে। হরি নি কট তোমার আসিয়া মধুর সম্ভাষণ করুন। 'মাধবে মা কুরু মানিনি! মানময়ে!!' 'মুগ্নমাধব'-নামক দশম সর্গে---'মানিনী' নায়িকার বর্ণনে কবিবর

প্রদোষে শীহরিকে সলজা রাধার

শশ্বথে উপস্থিত করিয়া বলাইতেছেন

— 'প্রিয়ে! চারুশীলে! মুঞ্মির

মান্যনিদানম্।' আমাকে ভোমার মুখকমলমধু পান করিতে দাও, যদি সতাই ক্রদ্ধা হইয়া থাক, তবে খর-নখরশরাঘাতে আমাকে ছিন্নভিন্ন কর, ভুজপাশে বন্ধন কর, দশনাঘাত কর—অথবা যাহাতে তোমার স্থ হয়, তাহাই করিতে পার ৷ নিশ্চয়ই জানিও—'অমসি মম ভূষণং অমিসি মম জীবনং অমিসি মম ভব-জলধি-রত্নম।' হে কাস্তে। আজ্ঞা কর ত আমি তোমার স্থল পদ্ম-বিনিকি মদীয়-হদয়রঞ্জন তোমার চরণযুগল অলক্তকরাগে রঞ্জিত করিতেছি। আর অধিক কি বলিব — 'স্মরগরল-খতনং মম শির্সি মতনং দেহি (ধেহি) পদপল্লবমুদারম্। হে প্রণয়িনি। আলিঙ্গন-প্রদানের জন্ম আমাকে আজ্ঞা কর; হে চণ্ডি! তুমিই যথেষ্ট শাসন কর, কিন্তু চণ্ডাল পঞ্চবাণ কন্দর্পের শ্রাঘাতে আমার জীবন না যায়---তাহার বাবস্থাটী ত কর। ত্মুখি! বিমুখীভাব ত্যাগ কর. আমাকে আর ত্যাগ করিও না। 'সানন্দগোবিন্দ'-নামক একাদণ অভিসারিকা রাধার বর্ণনা করা হইতেছে। একিয়া বহুক্ষণ গ্রীরাধাকে অমুনয়-বিনয়ে সান্ত্রনা করিয়া অন্ধকারময় প্রদোধে মঞ্জুল বঞ্জুল-কুঞ্জে কেলি-শ্যাায় গমন করিলেন। তখন কোনও প্রিয়তমা তাঁহাকে স্থরত-বিলাসের বিবিধ অবস্থা বর্ণনা করিয়া এমনভাবে করাইতেছেন যাহাতে শ্রীরাধিকাও স্বতমূকে রতিরণসজ্জার স্থ্যজ্জিত করিয়া লজ্জাদিত্যাগপূর্বক

ধ্বনি মেখলাডিগুমের করিতে করিতে মদন-সমরে অগ্রসর হন। নিবিড় ঘন অন্ধকার-কালই অভি-সারের প্রকৃষ্ট সময়—স্থীর বচনে প্রোদৃদ্ধা হইয়া শ্রীরাধা কুল্লখারে উপস্থিত হইলেন—তাঁহার অলের ভূষণজ্যোতিতে অন্ধকার নাশ হইলে তিনি হরিকে দেখিয়া লজ্জাবনত मश्री হইতেছেন, তখন তেছেন—'হে রাধে! মঞ্ভর কুঞ্চ-তল-কেলিসদনে মাধ্বস্মীপে গমন কর। ঐ দেখ! নবীন অশোক-পত্রে মনোহর শ্যা রচিত হইয়াছে, বাসগৃহও কুম্মসমূহ-রচিত, মলয়পবনে উহা আবার স্থপন্ধি ও সুশীতৃল হইয়াছে—তুমি বিলাসের জ্ঞা মাধ্ব-সমীপে গমন কর। স্থীর বাক্যে শ্রীরাধা ভয়ে ও আনন্দে সতৃষ্ণনয়নে গোবিন্দের প্রতি দৃষ্টি-করত মনোরম নৃপুর**ধ্ব**নি কবিতে করিতে কু প্লে প্রবেশ করিলেন ৷ বিলাসী ক্ষের প্রতি অঙ্গই যেন বিলাস-রসে উন্মুখী হইয়া প্রতি অঙ্গ আস্থাদন করিবার জন্ম লোলুপ হইয়াছিল— শ্ৰীরাধা ভাবভূষণে ভূষিতা হইয়া তাহা দেখিলেন ও অস্তরে আনন্দা-করিতেছেন। অমুভব স্থীগণ ছলক্রমে কুঞ্জ হইতে বাহিরে গ্রীরাধাও প্রিয়তমের খ্যা-পার্শ্বে গেলেন—লজ্জাও বোধ-হয় তখন লজ্জা পাইয়া পলায়ন कतिन ।।

'স্প্রীতিপীতাম্বর'-নামক দাদশ সর্গে শ্রীরাধার চিত্তে গূঢ় রমণাভিলাষ জানিয়া শ্রীক্ষণ তথন তাঁহাকে মধুর

সম্ভাষণে ও স্থরতি-জনক চাতুর্য-প্রকাশে মহাসন্তুষ্ট করিলেন— রতিরণ হইতে नागिन-তুমুল বিপরীত বিলাসের চরম অবধি প্রকাশ হইল-প্রত্যেকের প্রত্যঙ্গ ক্ষতবিক্ষত হইল-হার, মাল্য, ভূষণাদি—ক্রটিত, বিচ্যুত, খণ্ড-বিখণ্ড হইয়া গেল!! স্থরতাবদানে শ্ৰীকৃষ্ণ 'স্বাধীনভত্ত কা' প্রীরাধাকে শ্রীরাধারই নির্দেশমত পুনরায় বেশভূষণে ভূষিত করিতেছেন। এই যুগলবিলাসের চরম পর্ম পরিণতি দেখাইয়াই কবিবব লেখনী ত্যাগ করিয়াছেন। ইহাই নিগূঢ়-লীলাস্বাদকদের ব্রজের মহাসম্পত্তি—ভাবুকের হৃদয়ের স্থানের অনভিবাঞ্জনীয় অস্তরতম মহানিধি !!

জয়দেব শ্রীরাধাকুষ্ণের অতুলনীয় প্রেমলীলার আদি কবি, পরবর্তী সকল বৈষ্ণৰ কবিগণের আদর্শ: উৎকৃষ্ট ও অভিনব গীতাবলির আদি রচয়িতা। স্থমধুর ও বিচিত্র বিচিত্র অভিনব মাত্রাছন্দের প্রবর্ত্তক, তাঁহার কাব্যে বাহুসৌন্দর্যের নিতান্ত প্রাচুর্য-সত্ত্বেও আভ্যন্তরীণ ভাব-সম্পদেরও অসম্ভাব নাই। তাঁহার কাব্য পদলালিতো অতিহয়। এক কথায়, শংস্কৃত সাহিত্যে জয়দেবের অবদান অতিমহান্ ও মহার্ঘাতম। বন্ধতঃ শ্রীপাদ জয়দেব শ্রীবৃন্দাবনীয় কাব্যকুঞ্জের কলকণ্ঠ মহাত্মর্গিক অমর কবি-এবিষয়ে কাহারও সন্দেহ থাকিতে পারে শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভু-প্রবন্ধিতা উন্নত-উচ্ছল-রুসপর্ভা ভক্তিশ্রীর যথেষ্ট পরিবেষণ আছে শ্রীগীতগোবিন্দে, কেননা ইহাতেই দর্বাত্তে মাধুর্যরুসের সরস্তর ও চিত্তচমকপ্রদ উপাশুদেব শ্রীবৃন্দাবন-আনন্দ-কন্দ শ্রীগোবিন্দের মধুরভাবে উপাসনার স্থম্পষ্ট ইঙ্গিত বিগ্যমান। नर्वनीना-मूक्छ। यमाना दाननीनारः শ্রীগোবিন্দের ত্রৈলোক্য-সোভগ-রূপ মাধর্য এবং কলপদায়ত-বেণুগীতে স্থাবর-জন্মাদি সকল আনন্দোনাদনা-সহক্বত অমুরাগভরে একিফাভিমুখে অভিসারের বর্ণনা আছে; শ্রীগীতগোবিন্দেও শ্রীজয়-দেব ঐসৰ সিদ্ধাস্তের আমুগত্যই করিয়াছেন। সত্য কথা বলিতে গেলে শ্রীগীতগোবিন্দের প্রতিটি প্র ও প্রতিটি গীতই মন্ত্রশক্তির ভায় অর্থবোধের অপেক্ষা না রাখিয়াও আত্মশক্তি প্রকট করে। কামবীজ ও কামগায়ত্রীর ক্রায় সাধকের হৃদয়ে প্রেমামুরাগের সঞ্চার করে। এই সকল গান ও পছ ভববিষ-বিনাশক ও প্রেমামুরাগাদির অবার্থ গীতগোবিন্দে ২৪টি মন্ত্রস্করপ। গীত আছে, বিভিন্ন রাগরাগিণী এবং তালের নির্দেশও ইহাতে দেওয়া আছে। বিভিন্ন মুদ্রিত সংস্করণ-সমূহে রাগরাগিণী ও তাহাদের লক্ষণে বৈলক্ষণ্য দেখা যাইতেছে। ইহার গীতগুলি প্রায়শঃ আট আটটি পদে (কলিকায়) রচিত বলিয়া কেছ কেহ ইহাকে 'অষ্ট্রপদী' বলেন। জয়দেবের সমসাময়িক উমাপতিধর শরণ, গোবর্দ্ধন আচার্য ও ধোরী কবির নাম (গো° 8) আছে। সম্ভবতঃ ইহারা সকলেই মহারাহ

লক্ষণ সেনের সভাসদ্ ছিলেন। উমাপতিধর— বিজয় সেন, বলাল ও লক্ষণদেনের মহামন্ত্ৰী পঞ্চাবলীতে ((() ইহার রচনা সমাহত হইয়াছে। বিজয়দেন দেবের প্রশন্তিতে ইহার কর্ত্তথ আছে। সত্বজিকর্ণামুতে ৯২টি শ্লোক ইহার রচিত। শরণ-রচিত বিশটি শ্লোক সম্বজ্ঞিকর্ণামুতে উদ্বৃত হইয়াছে। আচার্য গোবৰ্দ্ধন আর্যাদপ্তশতীর রচয়িতা, সম্বৃত্তি-কর্ণামৃতে ইংহার ছয়টি শ্লোক সমান্ত্ৰত হইয়াছে। ধোয়ী প্ৰনদ্ত-কাৰ্যের সহক্তিকণামৃতে ইংগর প্রণেতা, ২০টি শ্লোক সংকলিত হইয়াছে। জয়দেব লক্ষণদেনের রাজসভাতেও . গতায়াত করিতেন, সেকণ্ডভোদয়ায় (১৩) জয়দেৰ ও পদ্মাবতীর **সঙ্গীত-**কলা-পারদশিতার কাহিনী আছে। (গা° ২) 'পদাবতীচরপচারণ-চক্ৰবতী' এই গল্পের পোষক। ষোড়শ শতকের মধ্যভাগে কোচ-বিহারের রাজা নরনারায়ণের ভাতা সভাকবি রামসরস্বতী উক্লধ্বজের 'জয়দেবকাব্যে' তদীয় এট কাহিনীটিকে স্বীকার করিয়াছেন— 'জয়দেবে মাধবর স্তুতিক বর্ণাবে. পদ্মাৰতী আগত নাচন্ত ভঙ্গিভাৰে। क्रक्षत गीठक जग्रास्टर निगम्छि, রূপক তালর চেবে নাচে প্রাবতী॥' গীতগোবিন্দ-আশাদনের অধি-. কারী-জন্মদেব স্বয়ং বলিয়াছেন--

(গো° ৩) হরিম্ম: পে মনকে সরস

বিলাস-কলায়

তবে মধুর-

श्रेतन,

কৌতৃহল থাকিলে

করিতে

কোমল-কান্ত-পদাবলীর শ্বণ করিবে। সহাদয়-হাদয় রিদিক ও ভাবুকের যে ইহা একমাত্র আস্বান্ত, তাহা অন্তত্ত্ত জয়দেব ইঙ্গিতে বলিয়াছেন—'হরিচরণ - স্বতি-সারম্' (গী° ৩৮) এবং (গী° ৫৮, ১১৮, ১৪।৮ ইত্যাদি)। কবি নিজেও 'হ্রিচ্রণ-শ্রণ' (গী° ১৩৮), কৃত-হরিসেব (গী° ১১৮) ইত্যাদি। ফলশ্রুতি —কলিকলুষ পরিশমিত হইবে (গী° ১৪৮, ১৫৮) এবং রসিক জনের চিত্তে শ্রীক্লঞ্চের রতিরুসাস্বাদ-ছনিত আনন্দ-ধারা প্রবাহিত হইবে (গী° ২৩1৮), ভাধিক কি-পাঠকের হাদয়ে হরি প্রবেশ করিবেন (গী° ১৬।৮)।

শ্রীগীতগোবিন্দের টীকা— অমুপোদয় (অনূপ সিংহ), तुषावनी (शाशान), (কুঞ্চন্ত), গীতগোবিন্দ-তিলকোত্ত্যা (ফ্রন্মাতর্ণ) গীতগোবিন্দ-প্রবোধ (রামকান্ত), গীতগোবিন্দ-মাধুরী (রঙ্গনাথ), গীতগোবিন্দ-ব্যাখ্যান (প্রবোধানন্দ), তত্ত্বদীপিকা (রাম রায়), দীপিকা (গোপাল), (নারায়ণ ভট্ট). পদুৱোতনিকা পদভাবার্থ-চন্দ্রিকা (শ্রীকাস্ত মিশ্র). পদাভিনয়-মঞ্জরী (বাম্মদেব বাচা-चुन्दर), প্রকাশ-কৌমুদী (क दिदाख চণ্ডীদাস). প্রথমাষ্ট্রপদী-বিবৃতি (विवृठ्ठेन मीकिंछ), वानरवाधिनी (পূজারী গোস্বামী), ভাববিভাবিনী (উদয়নাচার্য), রত্নমালা (কমলা-কর), রসকদম্ব-কল্লোলিনী (ভাগবত দাস), রসমঞ্জরী (শঙ্কর মিশ্র), রুদিক্প্রিয়া (রাণা কুম্ভ), বচন-

শশিলেখা (কুফাদত্ত), মালিকা. শ্রুতিরঞ্জনী (বিশেশর ভট্ট), শ্রুতি-রঞ্জিনী (লক্ষণ সুরি), শ্রুতিসাব-রঞ্জিনী (ভিক্রমল রাজ), সঞ্জীবিনী (বনমালী ভট্ট), সন্মর্ডদীপিক। (আস্থান-চতুরানন বিশ্বাস বৈভ ধৃতিদাস), সন্দেহভেদিকা (কুমার थान), गर्वाक्रञ्चनती (नाताव्रव पान). শানন্দগোবিন্দ (রূপদেব পণ্ডিত), সারদীপিকা (জগদ্ধর), সাহিত্য-রত্নশালা (শেষ ক্মলাক্র), শাহিত্যরত্বাকর (শেষ রত্বাকর), সুবোধা (ভরত সেন মল্লিক)। এতম্বিল্ল নিয়লিখিত টীকাকার-গণেব নামগীন টীকা পাওয়া যাইতেছে—চিদানন্দ ভিক্ষু, গুতিকর, প্রমানন্দ পীতাম্বর, ভাবাচার্য, मानांक, तामनल, नज्जनल्धे, दनभानी দাস, বুহস্পতি মিশ্র, শালিনাথ, শুক্লধ্বজ, শ্রীহর্ষ এবং (Adyar Library Mss. 1048) প্রকাশযতি। ইহাদের মধ্যে এসিয়াটিক দোসাইটির গ্রন্থাগারে (>) কৃষ্ণদত্ত কবির গঙ্গা টীকা (১৭১ পত্র); ১৭৩৬ শকের লিপি। ইহাতে শ্রীরুষ্ণপক্ষে ও শিবপক্ষে ত্রিবিধ ব্যাখ্যা আছে। মঙ্গলাচরণে-জয়দেব-দিব্যক্ষিতা-'গঙ্গাখ্যাং মৈথিলো, বস্তুর্থ-ব্যাখ্যামিমাং তমতে প্রীক্ষণতঃ প্রতিপাদনায় কৰি: ॥' ইনি জগদ্ধরের পরবর্তী, কেননা ইহাতে জগন্ধরের নামতঃ উল্লেখ

আছে—'জগদ্ধরাদয়:

টীকাক্বতঃ' ৷

প্রামাণিক-

(২) পদত্যোতনিকা বা প্রত্যোত-নিকা—নারায়ণ ভট্ট-ক্বতা ১৮৫৭ শহতের লিপি, ৫২ পত্র। (৩) সন্দেহভেদিকা—কুমারখান-

কতা, ৫০ পত্র; 'গাঁতগোবিন্দ-কাব্যস্থ টীকা সন্দেহ-ভেদ্নিকা। শ্রীমৎকুমার-খানেন ক্রিয়তে প্রীতয়ে সতান্'॥ ২ (৪) সারদীপিকা—জগদ্ধর-ক্বতা, ৬৮ পত্র; 'নানাটীকাং সমালোচ্য

টীকেয়ং ক্রিয়তে শ্রীজগদ্ধরৈ:॥

(৫) মাধুরী—রঙ্গনাথ-ক্বতা,

১৮১০ সম্বতের লিপি, ৬৯ পত্র।

বিচিন্ত্য স্থচিরং স্থদা। গীতগোবিশ-

এতদ্বাতীত বঙ্গীয় সাহিত্য-পরিষদে (পুঁথি-সংখ্যা ৩৯) মহা-মহোপাধ্যায় ভরতদেন-কৃতা (৬) সুবোধা টীকার একটি খণ্ডিত পুঁথি আছে। দ্বিতীয় হইতে অষ্টম সূৰ্ব পর্যন্ত টীকা। নিগুঢ়রস-নিদ্ধাসনে এই টীকা শ্রীনারায়ণদাস-ক্রত সর্বাজ-ত্মনারী, শৃক্ষরমিশ্র-ক্রত রসমঞ্জরী এবং রাণাকুত্তকৃত রসিকপ্রিয়া হইতে অত্যৎকৃষ্ট বলিয়াই আমার ধারণা। কলিকাতা সংস্থ ত কলেডের গ্রন্থার (পুঁথিসংখ্যা ২৪৮) (৭) কবিরাজ চণ্ডীদাস-কুত প্রকাশ-कोगूनी जैक। चाह, **हे**श ७ খণ্ডিত। শ্রীজয়দেববংশ্র বলিয়া কথিত শ্রীরামরায়জ্ঞী-প্রণীত টীকা 'তত্তদীপিকার' পুঁধি

স্বাঙ্গস্থনরী, রসমঞ্জরী ও রসিক-প্রিয়া মুদ্রিত হইয়াছে। (৯)

শ্রীবৃন্দাবনে জয়দেব-পীঠে সংরক্ষিত

चाह्य । इंशाप्तत मध्य नामरनिश्ची.

গীতগোবিন্দব্যাখ্যান শ্রীপাদ প্রবোধানন সরম্বতীক্বত। ইহা

জ্য়পুর শ্রীগোবিন্দ গ্রন্থাগার হইতে প্রাপ্ত। এই গ্রন্থাগারের ছইখানা প্রাচীন হস্তলিখিত গ্রন্থ-তালিকায় এই টীকার ছুইটা পুঁথি ছিল বলিয়া লিখিত আছে। অনেক অমুদন্ধানে একখানা খণ্ডিত পুঁথি (আগস্তপত্ৰ-শৃত্ত) হস্তগত হইয়াছে, অত্ত পুঁথির সন্ধান পাইলাম না। এই টীকার ভাষা-মাধুর্য, ব্যাখ্যান-কৌশল ও র্গ-নিকাদনে প্রচুরতর আবেশ প্রভৃতি সংলক্ষিতব্য। প্রচলিত মুদ্রিত গ্রন্থে ধৃত পাঠ হইতে ইহাতে পাঠভেদাদিও দ্রপ্টবা। এই টীকাতে কৃষ্ণকর্ণামৃত, শৃঙ্গারতিলক, নাট্যস্ত্র (ভরত), রসরত্বদীপিকা, কাব্য-প্রকাশ, সঙ্গীত-রত্নাকর, শৃঙ্গারশতক, শুলারবিবেক, রতিরহস্ত, পঞ্শায়ক, রসার্ণবস্থধাকর, রসিকসর্বস্থ. কাব্যাদর্শ, সঙ্গীতরাজ প্রভৃতি প্রাচীন গ্রন্থ হইতে উদ্ধার আছে; এতদ্-ব্যতীত শ্রীরূপপ্রভুপাদের উজ্জ্ল-नीनगण, ভक्তित्रगामृ ଓ विषक्षगाध्य হইতেও স্থলবিশেষে উদ্ধৃতি আছে। মনে হয় শ্রীরূপপাদের এই সব গ্রন্থ অপ্রভারিত হইলে তবে এই টীকার বচনা হইয়াছে। বিদগ্ধমাধৰ ১৪৫৫ শকে, ভক্তিরগামৃত ১৪৬৩ শকে এবং উজ্জ্বল তৎপরবর্তী (ত্বই তিন वरमदत्त्र वावशात्न) ১८७८।७७ भटक রচিত হইয়াছে বলিয়া অনুমান ম্বতরাং এই টীকাটি করা চলে: ১৪৭০ শকের মধ্যে রচিত বলিয়া বিবেচনা করিলে অতি অসম্ভব হইতে পারে না। যদি প্রশ্ন উঠে যে শ্রীপ্রবোধানন্দ প্রভু যে টীকা

তত্বত্তরে বলিতেছি যে প্রীরসময় দাসের অমুবাদে প্রথম শ্লোকে উক্ত আছে-

'গ্রীপ্রবোধানন্দ গোসাঞি প্রভুর প্রিয়তন। দুই পক্ষে ব্যাখ্যা তার অত্যন্ত সুগম'॥

এই তুইটি পক-শ্রীমরন্দ মহা-রাজের আদেশ ও স্থীর ভাষণে (৫ পৃষ্ঠা) "সঙ্কেতিত হইয়াছে। তুঃখের বিষয়—শ্রীরসিকমোহন বিভা-ভূষণ মহাশয়ের সংস্করণে ঐ অংশটি প্রিত্যক্ত হইয়াছে; সেইজগ্ ৰরাহনগর পাটবাডীর তিন্থানি পুঁথি (অফু° ৮ক, খ,গ) হইতে ঐ অংশটি মৎসঙ্কলিত অমুবাদের পরে মুদ্রিত হইয়াছে। ইহাতে मुख्यान इंडेन त्य यह ही नाहि

এই টীকায় (৬ পৃষ্ঠায়) রসিক-প্রিয়া-টীকাকার (খৃঃ চতুর্দ শ শতকের প্রথমপাদ) মিবার-মূপতি কুম্ভকর্ণের নামতঃ উল্লেখ দৃষ্ট হয় এবং অগ্রত্ত বহুস্থলেই 'কেচিৎ' বলিয়া অন্তান্ত **টীকাকারেরও** সংস্কৃত অধিকাংশন্থলে কিন্তু হইয়াছে।

শঙ্কর মিশ্রের রসমঞ্জরীর আমুগত্য

গ্রীপাদেরই রচনা।

দেখা যায়।

অনুকরণে শ্রীগীতগোবিন্দ-[গোড়ীয়]

- (১) অভিনব-গীতগোবিন্দ— গজপতিরাজ পুরুষোত্তম দেব।
- (২) গীতগোপাল——সমাট্ জাহাঙ্গীরের সমদাময়িক চতুভুজ-निःश्वनन ताय देशत पृष्ठित्भायक ছিলেন (१)।

(৩) সঙ্গীতমাধ্ব—শ্রীপ্রবোধানন সরস্বতী।

(৪) গ্রীরাধাগোবিন্দ-কাব্য-শ্রীরাধানন দেব।

(৫) গোবিন্দবল্লভ নাটক---গোপালের পান্নয়া অন্ববান্নী শ্রীদারকানাথ ঠকুর।

এতদ্ব্যতীত [ক] প্রীকেশবের গুণহচক, (৬) কেশবধ্যানামূত-তরঙ্গিণী—কেশব (Adyar Library

Mss. No. 1020) ্খ] শ্রীরামচক্রের গুণ-গরিমায় বুংহিত-(৭) জানকী-গীত-- শ্রীহরি (৮) গীত-রাঘব---শ্রীহরিশঙ্কর; (১) ভূধর-পুত্র প্রভাকর এবং (১০) রামগীতগোবিন্দ—

• श्रीशशामीन।

িগ] শ্রীশিবের গুণোৎকর্ধ-প্রতি-পাদক——(১১) গীতগঙ্গাধর— ঠাকুর ; কল্যাণ (52) গীত-গিরিশ--রাম ভট্ট ; (>0) গীত-গোরী-তিক্রমলরাজ; (১৪) গীত-গোরীশ—ভামুদত্ত কবি-চক্রবর্ত্তী; (১৫) গীত-দিগম্বর— বংশমুনি (মৈথিল); (>6) গীত শঙ্করীয়-জয়নারায়ণ ঘোষাল: (১৭) দারুকাবনবিলাস-রত্বারাধ্য (Adyar Mss. 1049). (36)

গুজরাতের কবি রামকৃষ্ণ-রচিত 'গোপালকেলিচন্দ্রিকা'-নামকগ্রছেও গীতগোবিন্দের অমুরূপ পদাবলী

শিবগীতিমালিকা--কামকোটিচন্ত্র-

শেখরেন্দ্র সরস্বতী (Adyar Library

Mss. 1051)1

করিয়াছেন, তাহার প্রমাণ কি?

গীতগোবিন্দ

দৃষ্ঠ হয়।

পরবর্ত্তী পদ-কাব্যে গীত-গোবিন্দের প্রভাব—বিভাপতির পদাবলীতে গীতগোবিশের প্রভাব ও অনুকরণ দেখা যায়। 'হুদি বিশ্লতাহারো নায়ং ভুজন্ম-নায়কঃ' (গো°২১), বিছাপতিতে 'কতিহঁ মদন তমুদহসি হামারি। হাম নহ শঙ্কর হঁবরনারী॥ নহি জটাইহ বেণী বিভক্ত। মালতীমাল শিরে নহ গল ॥' [পদকলতক ৮৫৭]। জন্দেব শঙ্করের সহিত বিরহী ক্লঞ্চের সাদৃগ্র দেখাইয়াছেন, বিস্থাপতি বিরহিণীর শহিত তুলনা করিয়াছেন। এইরূপ (গী° ১৯।২) 'ঘটর ভুজবন্ধনং' ইত্যাদি বিচ্ছাপতির 'ভুজপাশে বাঁধি জঘনপর তাডি। পয়োধর-পাথর হিয়ে দেহ ভারি' পিদক ৩৮৭]। পরবর্ত্তী মহাজন এীগোবিন্দ দাস পদ-মাধুর্যে ও অমুপ্রাস-প্রিয়তায় গীতগোবিন্দের অমুকরণ করিয়াছেন (পদকল্পতকর শাখায় ৫—২৫ পদগুলি 'অঞ্জনগঞ্জন' আলোচ্য)। 'মুকুলিত-মল্লী' ইত্যাদিতে গীতগোবিন্দবৎ স্থমধুর রূপ-বর্ণনা আস্বান্ত। 'কুবলয়-কন্দল' ইত্যাদি পদে অমুপ্রাসচ্চটায় গোবিনদাস ভয়দেবকেও পরাস্ত করিয়াছেন। গীতগোবিন্দের 'দশনপদং' (গী ১৭/৫) শ্লোকটি হইতেও গোবিন্দদানের 'নথপদ স্থদয়ে তোহারি। অন্তর **দ্র**লত হামারি'—ইত্যাদি পদের ভাববৈচিত্র্য সমধিক প্রশংসনীয়।

১১২৭ শকানে সঙ্কলিত সভুক্তি-কণামতে (১)৫৯/৪, २।७१।८, २। २०२। ८, २। २०८। ८ जर २। २०१। ८)

শ্রীগীতগোবিন্দের (যথাক্রমে ৭৮, ৪৩, ৮০, ৮২, ৮৩) শ্লোক উদ্ধত হইয়াছে। গীতগোবিশ্ব-রচনার শতবংসরের মধ্যে গুজুরাতে পাটন বা অণহিলবাড়া নগরে প্রাপ্ত সম্বৎ ১৩৪৮ তারিখের এক সংস্কৃত লেখের মঙ্গলাচরণ-শ্লোকরূপে ইহা হইতে একটি শ্লোক উদ্বত (ভারতবর্ষ প্রাবণ ১০৫০)। প্রাচীন গুজরাতী কাবা 'বসস্তবিলাসে' ইহার ভাবগ্ৰহণ হইয়াছে। মশ্মটভট্টের কাব্যপ্রকাশে জয়দেবের কোনও লোক উদ্ধৃত হয় নাই; খু: চতুর্দশ-শতকে শ্রীবিশ্বনাথ কবিরাজ সাহিত্য-দর্পণে (১০/৫) গীতগোবিন্দের (গো° >) 'উন্মীলন্মধু...' উদ্ধার করিয়াছেন।

শ্রীমৎ রামানন্দ রায়ের শ্রীক্ষপন্নাথ-বল্লভ নাটকেও ২১টি গীতের মধ্যে প্রায়শ:ই গীতগোবিন্দের অমুকরণ গ্রীপ্রীরূপগোস্বামিপাদের গীতাবলিতেও গীতগোবিন্দের প্রভাব मुळे इय ।

মহাকবি কালিদাসের মেঘদুত কাব্য যেরূপ এদেশে বহু দূতকাব্যের প্রেরণা দিয়াছে, তজ্রপ শ্রীগীত-গোবিন্দও অসংখ্যাত কবির সুদরে স্থবহুল গীতকাব্যের রচনায় প্রবৃত্তি দিয়াছে।

বলা বাহুলাযে ভগবংকপাশক্তি-ভয়দেবের গীতগোবিনের শব্দবিক্তাস, ভাষাবিক্তাস বা ছন্দো-বিন্তাদের ত্রিসীমায়ও ঐ সকল অমুচিকীযুগণ পৌছিতে পারেন নাই। ভাবুকের ভাবরসের এক, আবার পণ্ডিতগণের পাণ্ডিতা-

প্রকাশের প্রযন্ত্রময় ভাষা আর ৷ একের ভাব—স্বাভাবিক, অন্তোর প্রচেষ্টা-কুত্রিম। জয়দেবের কাব্য-সম্পৎ—দৈবী, অহুকারিদের প্রয়াস— কৃত্রিম; স্থতরাং সেই ভাব, সেই রস, সেই স্বাভাবিকতা এবং সেই সঞ্জীবতা কৃত্রিম কাব্যে একেবারেই অসন্তব।

গীতগোবিন্দ— অনুবাদে কাব্য-মাধুর্য**-সংরক্ষণ** ভাষাস্তরে প্রায়শ:ই ঘটেনা; গীতগোবিশের অমুবাদে উহার সৌন্দর্য-মাধুর্য আদৌ অমুভূত হয় না। তথাপি বঙ্গভাবায় নিমলিখিত অমুবাদগুলি পাওয়া যাইতেছে—

(১) রসম্য দাস - প্রারে প্রাঞ্জল অমুবাদ: বহু প্রকাশিত।

(২) গিরিধর দাস-->৬৫৮ শাকে, মুলাহুশারী প্রাচীনতম প্রাছুবাদ; ভাষা শ্রুতিমধুর নহে, ভাব-গান্তীর্য ও রচনা-পরিপাটী নাই: পয়ার ও ত্রিপদী ছব্দ বাবহৃত হইয়াছে। প্রকাশিত। ইনি বরাকরের নিকট-বৰ্তী হাতিনল-নিবাগী ছিলেন বলিয়া অন্তিম পয়ার হইতে জানা যায়। মঙ্গলাচরণ-শ্লোকটি সংস্কৃতে---সংসারার্ণব-তার্বণকতরণীং প্রেম-প্রস্থনক্রমং, সংসেব্যং হরিনামপুত-ভক্তপ্রিয়ং ভক্তিদম। निथिनः শ্রীমজপ-সনাতন-প্রিয়তমং কোটীন্দু-নিন্যাননং, নিত্যানন্দ-সমন্বিতং নরবরং তং নৌমি বিশ্বস্তরম্॥

রচনার আদর্শ-প্রসিদ্ধ 'ললিত লবঙ্গলতা' পদটির অমুবাদ—

এমতে বদন্তে হরি করয়ে বিহার। হে স্থি অক্সরি! যুবতী জনে হরি নাচেন কত পরকার॥ পবনে লবক্ষ লতা মৃছ্ বিচলিত শীতল গদ্ধ বহায়। কুছ কুছ করি কোকিল কল কুজিত, কুঞ্জে জ্ঞমরীগণ গায়॥ বকুল ফুলে মধু পিয়ে মধুকরগণ, তাহে লম্বিত তক্ষ ডাল। গতি দুরে যার তার প্রতি মনোর্থ মন্মথনে হয়ে কাল॥

(৩) ভগবান দাস-

- দিজ প্রাণকৃষ্ণ-প্রথম কৌশলে মঙ্গলাচরণ, দ্বিতীয়ে গুর্বাদি-স্তব, তৃতীয়ে পূজারি চৈত্র-দাস গোস্বামির বালবোধিনী টীকার . আহুগত্যে রচনা। এই প্রকারে ৩৮ কৌশলে বাদশ সর্গ সমাপ্ত হইয়াছে। অমুবাদের নাম - জয়দেব-প্রসাদা-वली-->०२ পত. ১२६६ माम्बर निलि (A. S. B. 5402)। ইহাতে অমুবাদকের কল্পনাকুশলতার যথেষ্ট পরিচয় পাওয়া যায়। ইনি মুকস্থদাবাদে তেলিয়া-নিবাদী লোচন ও নুসিংহ ব্রহ্মচারির পৌত্র এবং যুগলকিশোরের পুত্র বলিয়া স্বপরিচয় দিয়াছেন। অপ্রকাশিত।
- (৫) জগদানন্দ—জোফলাই
 গ্রামবাসী এই কবি প্রীথগুবাসী
 প্রীমন্নরহরি-বংগু। অমুবাদটি বর্দ্ধমান
 সাহিত্যসভার (প্র্থিসংখ্যা—১৮৫)
 আছে: অপ্রকাশিত।
- (৬) জগৎসিংহ—কোচবিহার
 দরবারে সংগৃহীত (পুঁথি ২৬)।
 সাহিত্য-পরিষৎপত্রিকা (১৩১৮।৪)
 হইতে যৎকিঞ্চিৎ জানা যায়।
 প্রথমতঃ অমুবাদক-কৃত মঙ্গলাচরণ
 —'জয় জয় নম জগজ্জীবন মুরারি।
 গোবর্দ্ধনধারী গোপীজন-প্রিয়কারী'

ইত্যাদি। দশাবতার স্তোত্তের অফুবাদ—

প্রার-পয়োধিজলে তল যায় বেদ।
মীনরূপে কেশব খণ্ডালে তার
থেদ॥ নৌকার চরিত্রে ভাগবত
কৈলা পার। জয় জগদীশ হরি
নন্দের কুমার॥১॥ কচ্ছপ স্বরূপে
দেবদেব লক্ষ্মীপতি। পৃষ্ঠত ধরিলা
বিপুস্তর ক্ষিতি॥ ধরণীধরণ কর
চক্রের আকার। জয় জগদীশ হরি
নন্দের কুমার॥২॥ ইত্যাদি—অয়ুবাদে মূলগ্রন্থের সৌন্দর্য রক্ষায় জগৎসিংহ কৃতকার্য হইয়াছেন।

(৭) কবিচন্দ্র—নবদীপন্থ সাধারণ লাইরেরীতে রক্ষিত (পুঁথি ২২)
এক্ষণে অনৃশু, ১৯৩৬ ইং সনে
শ্রীবৃক্ত ফণিভূষণ দত্ত-কর্তুক সংগৃহীত
বিনরণে প্রাপ্ত । অমুবাদক—
বৈগ্যবিশারদের পৌত্র ও কবিকর্ণপূরের পুত্র—খণ্ডঘোষবাসী। শেখ
ফরীদের সত্তোষের জন্ত এই অমুবাদ
রচিত হইয়াছে—

অথগু প্রতাপ যার ভূমগুলে অবতার, শ্রীশেখ ফরীদ যশোধন। তাঁহার আদেশ-বশে শ্রীমণ্ডিত খণ্ড-ঘোষে, কবিচন্দ্র করিল রচন॥

'তৎ কিং কামপি' (গো° ৪৭) ইত্যাদির অন্থবাদ—

তবে কোণ কামিনীরে কি জানি
পাইল। কিবা পরীহাস হেতু বাকবে
বাঁধিল॥ কিবা অন্ধকারষ্ত বনসন্নিধানে। ভ্রমণ করয়ে হরি হেন
লয় মনে॥ কিবা সেই কান্তে মোর
সন্তাপিত চিতে। হেন বুঝি পথে
কিছু না পারে চলিতে॥ বহু
বেতসের কুঞ্জ সঙ্কেত করিল। যে

কারণে সেই স্থলে হরি না আইল ॥
ত্তন সভাজন কবিচন্দ্র নিবেদন।
এইত শ্লোকের অর্থ করিল রচন ॥
পরিচয়—খ্যাত বৈহ্যবিশারদ গুণগ্রাম-খাম। তাঁহার তনয় কবিকর্ণপুর নাম ॥ তাঁহার তনয় কবিচন্দ্র
কৃত গান। শেখ ফরীদের নিত্য
করুক কল্যাণ॥

মহামহোপাধ্যায় প্রীঞ্জয়দেবকবীন্দ্রকত-গাঁতগোবিন্দশু অরেশকেশবনাম দিতীয়-সংজ্ঞ বিবেচকে
বৈখ প্রীকবিচন্দ্রকৃত গীতগোবিন্দাদর্শে
দিতীয় উল্লাসঃ॥

(৮) শ্রীমবদ্বীপ হরিবোলক্টীর
হইতে প্রকাশিত অমুবাদটি 'বালবোধিনী' টীকার আমুগত্যে অজ্ঞাতনামধানা কবির রচনা। বরাহনগর
শ্রীগোরাঙ্গগ্রন্থ মন্দিরের পুঁথি সংখ্যা
—অমু ৯।

ব্ৰজভাষায় অসুবাদ—

(>) রামরায়জী-প্রণীত—প্রীকৃষ্ণ-দাসজী-কর্ত্ব প্রকাশিত। (২) রসজানি বৈষ্ণবদাস কৃত-ঐ প্রকাশিত।

বিভিন্ন ভাষায় অনুবাদ—

I. English Verse—A. Arnold (London 1875) 2. English Prose Translation—William Jones (1807) 3. Latin Edition—Lassen (1836 A.D.) 4. French Translation—G. Courtillier (Parish 1904) 5. German Translation—E. Rueckert (1837). গীতচক্রোত্মান্ম—শ্রীমন্ত্রহির (ঘনশ্রাম) চক্রবিভি-প্রণীত বিরাট পদ-সংগ্রহ

য়াছে। সংকল্পিত মান, প্রেশাস ও

প্রেমবৈচিত্তা প্রভৃতির কোনও পদ

এখনও সংগৃহীত হয় নাই, শ্রীশ্রীরূপ-

গীতাবলি গুন্দিত হইয়াছে। গ্রন্থকার

শ্রীগৌরক্ষরসামৃত গ্রন্থের স্থনায়

নীলমণি গ্রন্থের অমুসরণে

শ্ৰীউজ্জল-

গোস্বামিপাদ-প্রণীত

জানাইতেছেন—
গীতচন্দোদয় এই গ্রন্থ রসায়ন।
ইথে অপ্তামৃত পূর্বে কৈল নিরূপণ॥
প্রথমে কছিল গৌরক্ষরসামৃত।
ইথে প্রীউচ্ছলগ্রন্থ-মতে ব্যক্ত গীত॥
মুশ্না, মধ্যা, প্রগল্ভা কিঞ্চিৎ
স্চাইয়া। অভিসারিকাদি অপ্ত
গাব বিস্তারিয়া॥ প্রথমে মুশ্নাদি
নায়িকাভেদ গীত। তারপর গাব
রাগাম্বরাগা কিঞ্চিৎ॥ ইহার পরেতে
গীতে হইব প্রকাশ। পূর্বরাগ, মান,

প্রেমবৈচিত্য, প্রবাস॥ ইথে গাব সংক্ষিপ্তাদি সভোগ ক্ৰেতে। তছপরি সন্দর্শনাদি পৃথক্ মতে॥ ইহাতে বুঝাযায় যে গ্রন্থকার মুথাদি নায়িকাত্রয় এবং অভিসারিকাদি অষ্টবিধ নায়িকার অবস্থাবিশেষ-অবলম্বনে গীতবন্ধেই প্রথম বিভাগ পূৰ্ করিয়াছেন। সংগৃহীত গীতচন্দ্রোদয়ে মঙ্গলাচরণ শ্রিগৌরাঞ্চ, শ্রীরুষ্ণ এবং তাঁহাদের পরিকরগণের বন্দনাদি, প্রাচীন কবিগণের নামগুণ গান], কাব্যের দোষগুণাদি-নিরূপণ-প্রদঙ্গে নাদ, গীত, গীতভেদ [অনিবদ্ধ, নিবদ্ধ] ধাতু, প্রবন্ধের ছয় অঙ্গ-পদ, তাল, স্বর, পাঠ, তেন ও বিরুদ ইত্যাদির লক্ষণ ও বিভাগাদির স্থানিরূপণ প্রীগৌরচন্দ্র-গীতের কারণ-নির্ধারণ পূর্বক সংকীর্ত্তনাধিবাসের পদগুলির সংগ্রহ হইয়াছে। [ইহাতে প্রধানতঃ হইতেছে] ৷ पृष्ठे তৎপরে অপ্তামতের প্রথম বিভাগ গৌরকুফ্রসামৃত পরিবেষণ আরম্ভ করিয়া গ্রন্থকার মুগ্ধামধ্যাদি প্রকরণের িগীতসংখ্যা--৩০] শ্রীগোরাক, শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার রূপ-করিয়াছেন। বৰ্ণনা শ্রীগোরচক্র [মুগ্ধা, মধ্যা, প্রগল ভা, অভিসারয়িত্রী (শরদাদি ঋতুক্রমে ছয় প্রকার, জ্যোৎসা ও অন্ধকারভেদে ত্বই প্রকার এবং দিবাভিদারে এক প্রকার) বাসকসজ্ঞা, উৎকন্তিতা,

খণ্ডিতা, বিপ্রলব্ধা, কলহাস্তরিতা,

প্রোষিতভত্ত্বা এবং স্বাধীনভত্ত্বা-

ভেদে অষ্ট প্রকার, বিবিধ বিলাস,

রগোদগার] শ্রীনিত্যানন্দচন্দ্র

প্রীঅদৈতচন্দ্রাদি সহ এই সামান্ত প্রকরণে প্রথম আস্বাদে ৭২টি পদ ধৃত হইয়াছে। এই সামান্ত প্রকরণ সর্বপ্রকার গীতে প্রথমতঃ প্রযুক্ত হইতে পারে বলিয়াই বোধ হয় ইহাকে গ্রন্থকার কল্পতক্র (মঙ্গলাচরণে), কামধেমু চিন্তামণি (পূর্বরাগ >৫ পৃষ্ঠায়) প্রভৃতি শব্দে নির্দিষ্ট করিয়াছেন। দ্বিতীয়ে তদ্ভাবাচ্য প্রকরণ এবং তৃতীয়ে নাগরীভাবের **अ**नादिन উদাহত হইয়াছে ৷ স্বস্থেত পদসংখ্যা---२७१। প্রথমে সামারুরূপ কর্তরুসম। দ্বিতীয়ে বিশেষ ভদ্মাবান্ত-নিরূপণ॥

বিতারে বিশেব ওঙাবাচ্যানরসমা।
তৃতীয়ে সে নবদীপাঙ্গনার যে মত।
সদা প্রেমাবিষ্ট শ্রীগোরাঙ্গামুগত ॥
অক্সত্র—এবে গাইব তৃতীয় প্রকার
গোরগীত। যাতে ব্যক্ত
নবদীপাঙ্গনার চরিত ॥ পূর্বভাবোদয়
নবদীপ-নায়িকার। প্রেমতারতম্যে
ভেদ অনেক প্রকার ॥ প্রভুভার্যা
লক্ষ্মীবিষ্ণুপ্রিয়া প্রেমাভূত। আস্বাদিবে
গীতক্রমে যথা যে উচিত ॥ মুঝাদিপ্রভেদ ইথে হইব প্রকাশ। এ অভি
মধুর কহে ঘনশ্রাম দাস॥

[তৃতীয় প্রকরণের মঙ্গলাচরণে]
তৎপরে অষ্টপ্রকরণে মুগ্ধাদিনায়িকাত্রয়ের ৭৫ পদ বর্ণনা করত
কবি নবম আস্বাদের ৬টি পদে
অভিসারয়িত্রীবর্ণন আরম্ভ করিয়াছেন। ইহার পর গ্রন্থ খণ্ডিত।

রাগামুরাগ-প্রকরণে ১২০টি পদ—ক্লপামৃত ৬, সামাগ্র ৩৪, তদ্ভাবাচ্য ১৩ এবং রাগামুরাগ ৬৭, তৎপরে খণ্ডিত।

তৎপরে পূর্বরাগ প্রকরণ— রূপামৃত ৩০, সামান্ত প্রকার ৭০. <u> এীরাধিকার</u> তৎপরে পূর্বরাগে শ্রীগৌরচন্ত্র (ভাবাঢ্য + নাগরীভাবে) ১৬৭ পদ—তৎপরে ৬৫ আমাদে শ্রীরাধার পূর্বরাগে ৫২২ পদ এবং শ্রীক্ষ-পূর্বরাগে প্রথমতঃ শ্রীগোরচন্দ্র ১০৩ পদ, তৎপরে ৩১ আস্থাদে ২৭৮ পদ সন্ধলিত হইয়াছে; ত্মতরাং এই পূর্বরাগের সর্বসমেত ১১৭০ টি পদ দৃষ্ট হইতেছে। অন্তান্ত অংশ খণ্ডিত।

দ্বিতীয় বিভাগ গৌরকুষ্ণ-ভাবনামূতের মাত্র ছুইটি আসাদ আগরতলা রাজমালা-সংস্করণে পাওয়া যাইতেছে, তত্ত্ত্য মূল পুঁথিতেও অক্সাক্ত বিভাগ নাই। ইহার শ্ৰীকৃষ্ণভাবনামৃত-বৰ্ণন নামক আস্বাদদ্বয়ের প্রথমে ৫৩টি পদের মধ্যে নরহরির স্বরচিত তুইটি পদ এবং শ্রীগোবিন্দ দাসের ৫১টি পদ উদ্ধৃত। দিতীয় আসাদেও কবি-শেখরের ১২৪. গ্রীগোবিক্সদানের ২ এবং স্বরচিত ৩টি পদ সংযোজিত হইয়াছে: অতঃপর খণ্ডিত।

বিভাগ—গৌরক্ঞ-লীলামুতের প্রারম্ভ তালার্ণব মাত্র আগরতলা পুঁথিতে দৃষ্ট হইতেছে। এই বিভাগের বর্ণনক্রমটি কবি এই ভাবে স্থচনা দিয়াছেন-

'ওছে গৌরক্ষণীলামত এবে গাই। ইথে যে গায়নক্রম সংক্ষেপে ভানাই ॥ প্রথমে শ্রীগোরজন্মোৎসব জানাইব। তত্বপরি নিত্যানন্দাবৈত-জনা গাবো॥ তছপরি গৌরাঙ্গের (हानिकापिनीना। ज्रापाल शाहेत.

ষা' শুনিয়া দ্রবে শিলা॥ তহুপরি কিছু বলদেব জনা কৈয়া'। শ্রীক্রফের বিস্তারিয়া ॥ জন্মেৎসৰ গাব শীরাধিকা-জন্মোৎসব গাব তারপর। তত্বপরি হোরিকাদি যাত্রা মনোহর॥ শ্রীরুষ্ণের জন্মোৎসব আদির প্রথমে। গাব গৌরভাবাবেশ সংক্ষেপ-প্রক্রমে॥ নানা তালে সংযোগ করিব গীতগণ। जानार्थत (पश **এই** • जात्नत नक्षा। প্রীগুর-গৌরাঙ্গ-ক্লফপদ ধ্যান করি। গৌরকৃষ্ণলীলামৃত করে নরহরি'॥ অতঃপর থণ্ডিত; ছঃখের বিষয় অক্সান্ত বিভাগগুলি এখনও হস্তগত इटेरिक्ट ना। श्रीवृक्तावन, वताहनगत শ্রীগোরাঙ্গ গ্রন্থথন্দির এবং আগরতলা রাজমালা অফিন প্রভৃতি স্থানে বছ অমুসন্ধানেও সমগ্র পুঁথি দেখা গেল না।

শ্রীমররহরি-ঘনগ্রামের কবিতায় বাঞ্জনা বা ভাবোৎকর্ষ না থাকিলেও কৰিহিসাবে তিনি তত সমাদৃত না হইলেও, তাঁহার রচনা আড়ম্বর-শৃত সাদাসিদা গল্পের স্থায় হইলেও তিনি य এकाशास्त्र प्रमिश्र शांत्रक, नामक, ছন্দোবিং, পাচক, বৈষ্ণব কবি ও ঐতিহাসিক হিসাবে প্রম সম্মাননীয় একথা অস্বীকার করিবার উপায় নাই। আমার মনে হয় এই একমাত্র প্রীপ্রীগীতচক্রোদয় গ্রন্থথানা সমাক প্রকাশিত হইলে শ্রীশ্রীগৌর-গোবিদের স্মরণমননাদি যাবতীয় বিষয়ে গৌড়ীয় বৈষ্ণব জগতের একটা মহা অভাব দূরীকৃত হয়। প্রকাশিত পূর্বরাগ-প্রকরণ আলোচনা করিলেই সহাদয় মহাত্মগণ আমার क्षात याथार्था छेललकि कतिरवन

— 'রস সাবশেষ হইলেই পুষ্টিবর হয়' এই ভাষটি লজ্মন পূর্বক ইনি সমগ্র রস্ই অশেষ বিশেষে চর্বণ করিয়া সকলকে উপহার দিয়াছেন। সহজ প্রথবোধ্য বঙ্গভাষায় পাণ্ডিত্য প্রকাশের চেষ্টা ব্যতিরেকেও ইনি যে কবিতার মধ্য দিয়া চরিতাবলীর স্থুম্পষ্ট রেখাপাত করিয়াছেন— তাহা অমুভাবনীয় বলিয়াই ধারণা গীতচক্রে দয় তৎকালে হইতে বুহত্তর পদাবলি-সংগ্রহ গ্রন্থ ছিল না: ইহা আমি দৃঢ়তার সহিত বলিতে পারি। যদিও 'বঙ্গভাষা ও সাহিত্যে' লিখিত হইয়াছে যে অভিল মনোহর দাস 'পদসমুদ্র'-নামক গ্রন্থে প্রায় পনর হাজার পদাবলির সঙ্কলন করিয়াছিলেন, কিন্তু তাহার অন্তিত্ব ও প্রামাণ্য-সম্বন্ধে ব্রুবিধ সন্দেহের অবকাশ আছে। **গীত্রচিন্তামণি—** ক্ষণদাগীতচিন্তামণির সংক্রিপ্ত নাম। শ্রীল বিশ্বনাথ চক্রবন্তি-সংকলিত সর্বপ্রাচীন পদসংগ্রহ গ্রন্থ। গীতচিন্তাবলি- প্রীনরোত্য ঠাকুর মহাশয়-কৃত পদাবলি এই নামে :৮৫৭ খৃঃ মুদ্রিত হইয়াছিল ্বাঞ্চালা সাহিত্যের ইতিহাস 0)2 9:] I দ্†স্-সংকলিত পদকাব্য (কলিকাতা विश्वविद्यान्य पूँ थि ७६১৮)। গীতমালা-রামরসায়নাদি বহু গ্রন্থ-

গীতপুষ্পাঞ্জলি—মনোহর

প্রণেতা স্বনাম-প্রসিদ্ধ শ্রীল রঘুনন্দন বন্ধবৈবৰ্ত্ত ও গোস্বামী শ্রীদশম. বিষ্ণুপুরাণাদি হইতে লীলামালা সংগ্রহ করিয়া এই গীতমালাতে বঙ্গভাষায় নিবন্ধ করিয়াছেন। ইহা

ত্রিশটি গ্রন্থনে (অধ্যায়ে) বিভক্ত-এক একটিতে শ্রীক্ষের এক একটি দীলা বৰ্ণিত হইয়াছে। প্ৰথমে— জন্মলীলা, দিতীয়ে নন্দোৎসব, তৃতীয় হইতে পঞ্চম পর্যন্ত বালালীলা, ষ্ঠ ও সপ্তমে বৎস ও গোচারণ, অষ্টম ও নবমে শ্রীরাধার পূর্বরাগ ও অমুরাগ; দশম হইতে পঞ্দশ পর্যস্ত বাসক-সজ্জা, উৎকণ্ঠিতা, বিপ্রলব্ধা, খণ্ডিতা, কলহাস্তরিতা ও স্বাধীনভত্তি। ষোড়শে শ্রীরাধার বুন্দাবনরাজ্যে অভিষেক, সপ্তদশে স্থবলবেশে মিলন, व्यष्टोपरम ७ উनिविः स्थाननीन। ७ तोकाविनाम, विश्रास कनक्ष्यक्षन, একবিংশে রসোদ্গার, দ্বাবিংশে প্রেমবৈচিত্ত্য, ত্রেয়োবিংশে শয্যোখান-বর্ণনা, চতুরিংশ হইতে সপ্তবিংশ পর্যস্ত দোল, বাদস্তিক রাস, হিন্দোল ও রাস্যাত্রা. অষ্টাবিংশ হইতে ত্রিংশ গ্রন্থনে প্রোধিত-ভর্তুকা, ভবন্-বিরহ ও ভূতবিরহ বর্ণনা হইয়াছে। গ্রন্থাবে অমুক্রমণী দেওয়া আছে। গীতসংখ্যা ১৩৯ 'চারিশত একোনচল্লিশ পরিমিত'। প্রত্যেক লীলার পূর্বে 'গৌরচন্দ্র' দেওয়া আছে। একাবলী, ত্রিপদী (লঘু), প্রারাদি বিবিধ ছন্দে এই গ্রন্থ রচিত। রচনার আদর্শ (৩১ পঃ) অমুরাগ—

মে দিনে ভামের রূপ দেখিতে না পাই। সে দিনেরে 'ছদিন' বলিয়া আমি গাই॥ যে রাত্রিতে দেখিতে না পাই সে বদন। সে রাত্রিরে 'কালরাত্রি' মানে মোর মন॥ যদি বিধি না করিত মোরে কুলনারী। দেখিতাম তবে নিরবধি বংশীধারী॥

পারিতাম যদি পক্ষিশ্বরূপ ধরিতে। ভ্রমিতাম তার সঙ্গে দেখিতে দেখিতে। কি করিয়া পাব স্থি। তাহার দর্শন। সে উপায় কহি স্থির কর মোর মন॥ ইত্যাদি গীতাভাষা - আনন্দীরাম বিভাবাগীশ-কৃত গীতা-বিষয়ক বাঙ্গালা নিবন্ধ। আমুমানিক অষ্টাদশ খঃ শতাব্দার শেষভাগে রেমুণায় বসিয়া রচনা করেন। পূর্বাশ্রমে ইনি মুখুটী কুলে গৌড়দেশ-নিবাসী ছিলেন। শ্রীবসন্ত-রঞ্জন বিদ্বদ্ধল্লভ-সম্পাদিত। গীতাভূষণভাষ্য——শ্রীবলদেববিগা-ভূষণ-বিরচিত। এই প্রারম্ভে গোপালতাপনীবং 'স্ত্যা-নস্তাচিন্ত্য' ইত্যাদি শ্লোকে মঙ্গলাচরণ পূর্বক দিভীয় শ্লোকে ভাষ্যকার গীতাকে প্রণাম করিয়াছেন। প্রথমতঃ উপোদ্ঘাতের সার—শ্রদ্ধালু জীবগণকে অবিছারপ ব্যান্ত্রীর বদন হইতে মুক্তিদানের অভিপ্রায়ে

ত্রৈগুণাশ্য জড়দ্রবাবিশেষ 'কাল',
পুরুষ-প্রযম্মে নিপান্থ অদ্টাদিবাচ্য

কর্ম। তর্মধ্যে প্রথম চারিটি
নিত্য; জীব, প্রকৃতি ও কাল—
ঈশ্বরাধীন। কর্ম অনাদি হইলেও
বিনাশি; স্বিৎশ্বরূপ ঈশ্বর ও জীব
উভয়েই সম্বেভা ও অম্মর্য-রূপ

অর্জুনের মোহাপনোদনচ্ছলে

গীতার উপদেশ করিয়াছেন। ঈশ্বর

জীব, প্রকৃতি, কাল ও কর্ম-এই

পাঁচটি অর্থই গীতাশাস্ত্রে বিচারিত।

তন্মধ্যে 'ঈশ্বর'—বিস্তুচৈতন্ত, 'জীব'

— মণুচৈতন্ত, ত্রিগুণাত্মিকা 'প্রকৃতি',

শ্রীকৃষ্ণ আত্মতত্ত্ব-নিরূপিকা

অহঙ্কার—চিনায়, তাহা কিন্তু মহতত্ত্ব-জাত; অহন্ধার জীব-প্রকৃতিগত হইলে প্রকৃতিতেই উৎপন্ন হইয়া জীবকে আশ্রয় করে এবং জীব যথন প্রকৃতিমুক্ত হয়, তখন ঐ অহমার প্রকৃতিতেই লীন হয় (মুক্তজীবের ১ गटक यात्र ना । जेश्वत ও জीव উভয়েই কর্তা ও ভোক্তা (অমু-যদিও প্রকাশকরপ ভবিতা)। ভূর্যের প্রকাশকতের কায় সন্ধিৎ হইতেই সম্বেত্ত্ব সিদ্ধ হয়, তথাপি সম্বিদগত বিশেষ ও সম্বেভুগত বিশেষে পার্থক্যপ্রযুক্ত সম্বিৎ ও সম্বেতার পার্থকা সিদ্ধ হয়। তত্ত্বে ভেদ না থাকিলেও নিতা বিশেষ ধর্মই ভেদবৎ (স্বরূপ) তত্ত্বিশেষ; অত্এব নিত্য অচিস্থ্য ভেদাভেদরূপ পর্ম তত্ত্বই এই গীতাশাস্ত্রে উপদিষ্ট ভেদাভাবেও ভেদ-প্রতীতি নিতাত্তাশ্রিত ধর্মধ্যিগত স্বগতভেদ নিতা অনিবার্য। এই স্ব বিষয়ের ফুল্ম বিচারাবলি গীতাশান্তে যথাস্থানে দ্রপ্তব্য । এই শান্তে জীবাত্মা, পর্যাত্মা, পর্যাত্মার ধাম ও তৎপ্রাপ্ত্যপায় নিরূপিত। জীবাল্ম-যাথাল্যাই প্রমাল্ম-যাথাল্যাের উপযোগী, প্রমাত্ম-যাথাত্ম্য তত্ত্ব-পাসনোপযোগী এবং প্রকৃতি, কাম কর্ম স্থৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের উপকরণ-স্বরূপ। যাথাত্ম্য-প্রাপ্তির উপায়-কর্ম, জ্ঞান ও ভক্তিভেদে ত্রিবিধ। ফলাশা ও কর্ত্তথাভিনিবেশ ত্যাগপূর্বক স্বধর্মামুষ্ঠানদারা চিত্ত-শুদ্ধি হইলেজ্ঞান ও ভক্তিসাধনের উপকার হয়; অতএব প্রম্পরা-কর্মেরও তৎসাধনোপায়ত্ব

খীকত হইয়াছে। মুখ্য ও গৌণ-ভেদে কর্ম ছই প্রকার। কর্মদার। চিতত্ত দ্বিক্রমে জ্ঞান হয়। সেই জ্ঞান বিশিষ্ট হইলে ভক্তিতে পরিণত হয়। যতক্ষণ কটাক্ষ-বীক্ষণহারা কেবল **চিদেকতত্ত্বে**র হইতে অমুসন্ধান থাকে, ততক্ষণ তাহার নাম জান, তদ্বারা সালোক্যাদি প্রাপ্তি যথন ঐ জ্ঞানের পরিপাকাবস্থায় নিণিমেষবীক্ষণরূপ অনুসন্ধানের উদয় হয়, তখন চিদেকতত্ত্বগত চিদৈচিত্ৰ-লীলারসবিশেষাশ্রিত ক্রোডীকত-সালোক্যাদি শুদ্ধভক্তিস্বরূপে ভগবং সেবানন্দলাভ-রূপ পুরুষার্থ সিদ্ধ হয়। গীতাশাস্ত্রের প্রথম ছয় অধ্যায়ে ঈশ্বরাংশ জীবের জ্ঞান ও নিষ্কাম কর্মদাধ্য অংশী ঈশ্বরের ভজনোপ-যোগি-স্বরূপ প্রদর্শিত হইয়াছে। মধ্যম ছয় অধ্যায়ে প্রম প্রাপ্য-প্রাপণী তন্মহিমবুদ্ধিপূর্বিকা ভক্তির পূর্বোক্ত ঈশ্বরাদি তত্ত্বের পরিশোধিত স্বরূপ সিদ্ধান্ত বর্ণনপূর্বক চরমে শুদ্ধ-ভক্তির প্রতিপত্তি প্রদর্শিত হইয়াছে। সন্ধ্রমনিষ্ঠ বিজিতেন্দ্রিয় শ্ৰদান ব্যক্তিই এই শাস্ত্রের 'অধিকারী'। শ্রীক্ষালকণ প্রমেশ্বরই 'বাচা' এবং গীতাশাস্ত্রই ক্তত্বত 'বাচক'। এীকৃষ্ণতত্ত্বই ইহার একমাত্র 'বিষয়' ক্লেশনিবৃত্তি-পূর্বক এবং অশেষ শীকৃষ্ণতত্ত্ব-সাক্ষাৎকারই 'প্রয়োজন'। এই ভাষ্যের প্রতি অধ্যায়ের উপক্রমে ও উপসংহারে ছইটি শ্লোকে অধ্যায়ের তাৎপর্য ও নিম্বর্য সংক্ষেপে স্চিত হইয়াছে। উপসংহারে—শ্রীমদ্গীতাভূষণং নাম

जाराः, यञ्चान् विञाञ्चरानाः । এগোবিন্দপ্রেম্যাধূর্যলুকাঃ কারুণ্যান্তাঃ नाधनः भाधमध्यम् ॥ গীতারসামৃত——রতিরামদাস - কৃত গীতামুবাদ। অক্স নাম—সারগীতা বা (A. S. B. 8021) গ্রন্থামৃত রতিরাম দাস স্বগুরু শাস্তিপুর-নিবাসী রাধাচরণ ঠাকুরের শিশ্য ছিলেন বলিয়া গ্রন্থদেষে কবি-পরিচয় আছে। গীতাবলী—— এরপগোস্বামি - পাদ-বিরচিত। শ্রীজীবগোস্বামিপাদ কর্তু ক সঙ্কলিত এই স্তব্মালার মধ্যে 'গীতা-वनी' अञ्चर्तिविष्टे इहेगाए। ইहाए মোট ৪১টি পদ আছে। নন্দোৎসবের २ हि. वगरु १ १ को ते १ है. दिन दिन १ वर्ष ১২টি, রাদের ১টি, অভিসারিকাদি অষ্ট নায়িকার ৯টি (যেহেতু খণ্ডিতার ২টি), শ্রীরাধাজন্ম শ্রীকৃষ্ণখেদের ৩টি, বসস্তবিহারে ৩টি, ও জলকেলির ংটি পদ আছে। এই সব পদের ভণিতায় সূৰ্বত্ৰ 'স্নাতন' নাম আছে দেখিয়া কেহ কেহ ইহাদিগকে শ্রীদনাতনপ্রভুর রচনা বলেন এবং অপর কেহ বা ইহাদিগকে 'লীলান্তব' বলিয়া অমুমান করিয়া বিষম ভ্রমে পতিত হইয়াছেন। লীলান্তৰ বা দশমচরিত কিন্তু স্বতন্ত্র গ্রন্থ। যদি ইহারাই শ্রীসনাতন-রচিত হইত. তবে শ্রীজীবপাদ সংগ্রহ আরম্ভ করিয়াই 'শ্রীমদীখর-ক্লপেণ রুসামৃতক্তা কভা'--এই বাক্য লিখিলেন কেন ? 'স্তবমালাবিভূষণ-শ্ৰীবলদেব **ৰি**ত্যাভূষণ 'সনাতন' শব্দে তিন প্রকার ব্যাখ্যা করিবেন কেন ? গীতাবলিভাষ্যারত্তে শ্রীরূপপাদকেই বা মললাচরণের

দিতীয় শ্লোকবৎ শুকদেবের সাম্য করিয়া বন্দনা করিলেন কেন গ ইহাতে শ্ৰীরূপপাদ স্বভাব-সিদ্ধ কবিত্ব-শক্তিতে অপরপ সঙ্গীত-কলা প্রকাশ করিয়া-ছেন। এই গীতাবলী চারিটী প্রসিদ্ধ वृक्षावर नारमव (नरमारमव वमञ्चनक्षेत्री. দোল ও রাস) এবং অষ্ট্রনায়িকা-স্বভাবযুক্ত শ্রীরাধাকে উপস্থাপিত করিতেছে; জয়দেবের তালে ও ভাবে এই সব গীত রচিত হইলেও ইহাদের আনন্দায়িনী শক্তি অতুল-নীয় এবং সময়ে সময়ে গীতগোবিন্দ হইতেও অধিকতর মনোমদ ও তৃপ্তিপ্রদ হইয়াছে, স্বীকার করিতে হইবে। বস্ততঃ ইহাদের ধ্বনি ও ছন্দঃঝন্ধার গানগুলিকে প্রম উপভোগাই করিয়াছে। গুটিকা-গোর্দ্ধনের সিদ্ধ ত্বফদাস বাবা-কর্ত্তক গুদ্দিত অষ্ট্র-কালীন লীলোপযোগী স্মরণ-বিষয়ক গ্রন্থ। ছোট, মধ্যম ও বৃহৎ তিন আকারে বিভিন্ন স্তরের সাধকের জ্ঞা রচিত। গুণলেশ গুচক—অষ্ট কবিরা**জে**র তৃতীয় কর্ণপূর কবিরাজ 'গুণদেশ-স্চক' বা 'শ্ৰীনিবাস-গুণলেশস্চক' নামে যে গ্রন্থ রচনা করিয়াছেন, তাহারই তিন্টী শ্লোক নরোত্ম-(>1>0->2) বিলাসে হইয়াছে। শ্রীনবাসাচার্য-গ্রন্থাবলীতে

স্চকটি মুদ্রিত হইয়াছে।

<u> এীমনোহর</u>

. প্রীগুরুদেব প্রীরামশরণ চ**ট্টরাজের**

'গুণলেশস্চক' রূপে শাদূ লবিক্রীড়িত

ছন্দে এগারটি শ্লোক রচনা করেন।

গোকুলমন্ত্ৰল—ভক্ত

তদীয়া

রামদাস-

দাস

গোপালান্ পরিপালয়ন্ ব্রজকুলে

বিরচিত। এই গ্রন্থখানি খ্রীদশমের

অমুসরণে রচিত। ইহাতে প্রীক্তফের
যাবতীয় লীলা অতিবিস্তারিত তাবে
বর্ণনা হইয়াছে। রচনা অতিস্কন্দর,
ভাষা প্রাচীন, গ্রন্থখানিও বিরাট।
বহু প্রাচীন রাগরাগিণী, বিবিধ নৃতন
হন্দঃ ও কোমল তাব-নিচয়ের
সমাবেশে ইহা অপূর্ব ও সকলের
প্রীতিপ্রদ।

Cগাপাল-কীর্ত্তনামৃত — কবিশেখররচিত পদাবলী গ্রন্থ। [ডাঃ অুকুমার
সেনের History of Brajabuli
Literature, page 404]।

ত্রীগোপালকৃষ্ণ পদ্যাবলী—ওচ

দেশীয় বৈষ্ণৰ কবি শ্ৰীগোপালক্ষ

পট্টনায়ক সাৰ্দ্ধ অষ্টাদশ শক-শতান্দীতে

রচনা করেন।

মনঃশিক্ষা-শীৰ্ষক

পত্য---গ্রীগোরচন্দ্রপদ বন্দরে মানস! এ একা শ্রীরাধা গোবিন্দরে॥ ব্রজ-বিধু শ্রীমতী হোই গুটিয়ে মৃত্তি জনিছন্তি শ্রীশচীতুন্দরে॥ ১॥ স্বকল্পনাবধি দয়া সদ্গুণনিধি বেষ্টিত ভক্তবুন্দরে॥২॥ মহাভাব উচ্জল রুস পীত খ্যামল পরতম্ব হেলার মুদ্ধরে ॥ ৩॥ জগন্নেত্র সম্প্রতি বদান্ত চক্রবর্ত্তী যা নামামত সর্ব শব্দরে॥ ৪॥ এ রূপা পারাবার প্রত্যক্ষ হোইবার দেখিছন্তি শ্রীরামানদরে ॥৫॥ গোপাল-ক্ষা ভণে শ্রীনাম অমুক্ষণে কার্ডন कक्षा जानसद्त ॥ ७॥ এই গ্রন্থের ৯৪ পৃষ্ঠায় সংস্কৃতে শ্রীগোরাঙ্গ-বন্দনা উল্লিখিত হইতেছে—

সত্যে দৈত্যকুলাধিনাথমথনে

স্বর্দ্ভঃ কেশরী, ত্রেভায়াং দশকণ্ঠ-

কণ্ঠহরণে রামোইভিরামাক্বতিঃ।

ভারাহরো দাপরে, গৌরাঙ্গঃ প্রিরকীর্ত্তনঃ কলিযুগে কৃষ্ণঃ শচীনন্দনঃ ॥
'নবামুরাগ'-শীর্ষক গীতিকায় [২২
পৃষ্ঠায়] ইনি কপোপকথন-ছলে যে
স্থন্দর গীতাবলি [৮১ পদ] রচনা
করিয়াছেন—তাহাও চিত্তচমকপ্রদ এবং তৃতীয় কলিকাটি প্রীরূপপাদের
অক্নকরণেই রচিত—

রাধা—কে চিত্রপটক যুবা?

ললিতা-কৃষ্ণ বৈণবিক চিত্র তিনি

ত্তকুণ

মঘৰা রে

ক্ষুটেত্ত্রু'

যাক এক

হইয়াছে।

প্রাণমিত। ৩ .

শ্রীগোপালচম্পূ —- শ্রীজীবগোস্বামিপাদ গল্পপাত্মক এই বিরাট
চম্পূকাব্য নির্মাণ করিয়াছেন।
পূর্বচম্পূতে ২৩ পূরণ (পরিচ্ছেদ),
তাহাতে জন্মাদি কৈশোরলীলা পর্যন্ত

বর্ণিত হইয়াছে এবং উত্তরচম্পুর ৩৭

পুরণে মথুরাগমন হইতে গোলোক-

প্রবেশ পর্যস্ত লীলাকদম্বের পরিবেষণ

'শ্ৰীকৃষ্ণ

ইত্যাদি শ্লোকে উভয় চম্পূর
মঙ্গলাচরণ, গ্রন্থ-স্টনা সম্পর্কে প্রীজীব
বলিয়াছেন (১।১।৪—৫)—আমি
প্রীক্ষণসন্ধর্ভে যে সিদ্ধাস্তামৃত সংগ্রহ
করিয়াছি, এই কাব্যগ্রন্থরচনায়
প্রবৃত্তা প্রজ্ঞাস্তরপা রসনা দারা সেই
অমৃতেরই আস্বাদন করিব অর্থাৎ
শ্রীকৃষণসন্দর্ভে উল্লিখিত ভদ্বমালাই
এই গ্রন্থে কাব্যাকারে আলোচিত

হইবে। পূর্বোত্তর এই চম্পুদয় তিন

তিন বিভাগে স্চিত হইয়াছে-

পূৰ্বচম্পূতে (১-২) গোলোকলীলা,

(৩—১৩) বাল্যলীলা ও (১৪—৩৩)

কৈশোরলীলাবিলাস' বর্ণিত এবং

উত্তর চম্পৃতে (১—১২) উদ্ধৰ-কর্ত্তৃক ব্রজের আনন্দবর্দ্ধন, (১৩—২১) वनरमरवं वागमरन वानमपूर्व গোষ্ঠপ্ৰকাশ ও (২২—৩৭) শ্ৰীক্ষা-গমনে আনন্দপূর্ণ-ব্রজ্বর্ণনা। প্রথম-চম্পূ ১৫১০ শকাবায় এবং উত্তরচম্পু ১৫১৪ শকাকায় সম্পূর্ণ হইয়াছে। পূর্বচম্পুর বিষয়-বিভাগ---গোলোকরূপ-নিরূপণ, (২) গোলোকবিলাস-বিকাসন। শ্রীকৃষ্ণজন্ম, মধুকণ্ঠ ও স্থিকঠের সংলাপারন্ত, (৪) জন্মোৎসব. পৃতনাবধ, (৬) শকটভঞ্জনাদি, (৭) তৃণাবর্ত্তবধ ও মৃদভক্ষণলীলা, (৮) দামবন্ধন ও য্মলাৰ্জ্ব-মোচন, (১) গোপীগণ-সহিত শ্রীকুশুবলরামের শ্রীবৃন্দাবনে প্রবেশ, (১০) বিবিধ वानानीना ७ वरमाच्यवय. (১১) অঘাস্থরবধ ও ব্রহ্মমোহনলীলা, (১২) গোচারণলীলা, (১৩) কালিয়দমন ও দাবানল-পান, (১৪) গর্দভান্তর-বধ, (১৫) শ্রীরাধারুষ্ণের পূর্বরাগ, (১৬) প্রলম্বান্থরবধ ও দাবানল-নিবর্ত্তন. (১৭) বংশীশিকাছলে শ্রীকুঞ্জের প্রেরসীভিকা, (১৮) ইন্দ্রযজভঙ্গ ও শ্রীগিরিরাজ-পূজাপ্রবর্ত্তন, ইন্দের ইন্দ্রত্ব স্তম্ভন পূর্বক শ্রীক্ষার 'গোবিন্দ'-পদপ্রাপ্তি, (২০) খ্রীনন্দ মহারাজের বরুণলোকে গমন ও শ্রীগোলোক-দর্শন (২১) গোপীগণের বস্ত্রহরণ ও আকর্ষণ, (২২) যজ্ঞ-পত্নীদের নিকট অন্নভিক্ষা, (২৩) **ब**ीतांगनीनां तस्त्र. প্রথমসঙ্গ-জনিত

বাকোবাক্য ও সঙ্গীতাদি. (২৪)

শ্রীরুফের অন্তর্দ্ধান ও শ্রীরাধার

(২৫) গোপীদের

সোভাগ্য-বর্ণন,

বিপ্রলম্ভ ও পরে শ্রীকৃষ্ণপ্রাপ্তি, (২৬) শ্রীরাসরসবিস্তার (২৭) জলকেলি. বনভ্ৰমণ ও রাসলীলাপুর্তি, (২৮) অম্বিকাবনে গমন ও বিভাধরের শাপমোচন, (২৯) রহোবিলাস-বর্ণন, (৩০) শছাচ্ড-বধ ও হোরিলীলা, (৩১) বুষাম্পুর-নিধন, কুণ্ডন্বয়-প্রকাশ ও বিবিধ বিচিত্রলীলা, (৩২) কেশি-বধ এবং (৩৩) শ্রীকৃষ্ণ ও তদ্ভক্ত-গণের সর্ব-মনোরথ-পৃত্তি। উত্তরচম্পুর বিষয়-বিভাগ—

(১) ব্রজবাসিদের অমুরাগ-সাগর-বিস্তারণ, (২) অকুরের আগমনে গোপীবিলাপ, (৩) মথুরাগমন, (৪) মথুরাপ্রবেশ, (৫) হস্তিমল্লাদি-বধ ও কংস্নিধন. (৬) শ্রীনন্দ-বিদায়, (৭) ব্রজরাজের ব্রজ-প্রবেশ, (৮) শ্রীরাম-কুষ্ণের অধ্যয়নলীলা, (১) যমালয় হইতে গুরুপুত্রানয়ন, (১০) উদ্ধবের ব্রজাগমন, (১১) ভ্রমরগীত, (১২) উদ্ধবের মুখে ব্রজ্বার্তাশ্রবণে শ্রীকৃঞ্চের তৃষ্টি। (১৩) জরাদন্ধ-বন্ধন, (১৪) কাল্যবন ও জরাস্ক্রের জয়. (২৫) শ্রীবলরামের বিবাহ, (১৬) শ্রীক্লঞ্চের ক্রিণী-পরিণয়, (১৭) স্ত্যভামাদি সপ্তক্তা-বিবাহ, (১৮) নরকবধ, পারিজাত-হরণ ও যোডশ সহস্র ক্তার পাণিগ্রহণ, (১৯) মহাদেব-বিজয় ও বাণাস্থরযুদ্ধ, (২০) শ্রীবল-দেবের ব্রজে গমন, (২১) পৌণ্ডুকাদি সহিত শ্রীকুঞ্জের যুদ্ধবার্তা-শ্রবণে দারকাগমন। (২২) বলদেবের (২৩) দ্বিবিদ-বধ. কুরুক্তে-(২৪) তত্ততা মিলনানস্তর ব্রজবাসিদের পুন: ব্রজে আগমন, কর্ত্তক আবদ্ধ রাজ্যুদের মোচন, (২৭) রাজস্ম-যজ্ঞ ও শিশুপালবধ (২৮) শাল্ববধ, (২৯) পূর্ণিমা ও বন্দার কথোপকথনচ্চলে ভাবিঘটনার স্চনা, (৩০) দন্তবক্রবধ ও এক্রিফের বজাগমন, (৩১) শ্রীপৌর্ণমাসী-কর্তৃক গোপীদের বাধা-मমাধান, (৩২) বিবাহ-প্রাস্ক, (৩৩) জ্রীরাধামাধবের অধিবাস-মহোৎস্ব, (৩৪) অল্কার-পরিধান, (৩৫) গোর্চমধ্যে বিবাহ, (৩৬) শ্রীকৃষ্ণ ও শ্রীরাধাদি গোপীগণের পরস্পর মিলনাদি ও (৩৭) সর্বত্বপূর্ণ গোলোকে প্রবেশ। এই গ্রন্থ-সম্বন্ধে শ্রীপাদ কবিরাজ গোস্বামী (ৈচ° চ° মধ্য ১188) যে উক্তি করিয়াছেন—তাহাই সকলকে অবনত মন্তকে স্বীকার করিতে হইবে। 'জীগোপালচম্পূ-নামে গ্রন্থ মহাশুর। নিত্যলীলা-স্থাপন যাছে

'নিত্যলীলা' বলিতে অপ্রকটপ্রকাশ এবং 'ব্রজ্বসপূর' বলিতে গোকুল-প্রধানই বুঝিতে হইবে। গ্রন্থকারও এবিষয়ে সর্বপ্রথমেই বলিয়াছেন—'প্রকটাপ্রকট - প্রকাশ-ময়স্ত বুন্দাবনস্ত বছবিধ-সংস্থানতয়া বহুবিধ - শাস্ত্র- শ্রুতস্থাপ্রকট-প্রকাশ-ময়বৈভব-বিশেষ এবং সম্প্রতি বর্ণ-নীয়ঃ, স চ গোকুল-প্রধান এবেতি। অর্থাৎ শ্রীবন্দাবনের প্রকট ও অপ্রকট-প্রকাশময় বছবিধ সংস্থান-বিষয়ে বিবিধ শাস্ত্রে স্পর্বণিত হইলেও সম্প্রতি অপ্রকট-প্রকাশময় বৈভব-বিশেষই বর্ণনা করিতেছি এবং তাহাও গোকুল-প্রধানই; নিম্বর্ষ এই যে ইহাতে প্রকট ও অপ্রকট

ব্রজর্সপূর্' ॥

লীলা মিশ্রিত করিয়া বণিত হইবে; স্থতরাং ইহাতে শ্রীমদ্ভাগবতাদি-শান্তপ্রসিদ্ধ প্রকটলীলার **শহিত** ব্ৰহ্মশংহিতাদি-প্ৰোক্ত অপ্রকট লীলারও সমাবেশ বুঝিতে হইবে। এই বাক্যটি গ্রন্থ-সারস্তবোধনে পরিভাষা-স্বন্ধপ রাখিতে মনে হইবে, নতুবা প্রকৃত তাৎপর্যবোধ স্থগিত হইয়া থাকিবে; পূর্বচম্পুর প্রথম পূরণে 'যতু মধ্যে মায়য়া প্রত্যায়িতমৌপপত্যং তৎ খলু অবাস্তবত্বাৎ পরস্তাদবধ্বস্তমিতি' অর্থাৎ অবতার কালে মায়াকতু ক যে উপপতি-ভাবের প্রতীতি হয়. তাহা কিন্তু অবাস্তব (মিথ্যা) বলিয়া পরে (উত্তরচম্পু ৩১।৩২ পূরণে) প্রতিপাদন করা হইবে ইত্যাদি কথা উট্রন্ধন করত তিনি গ্রন্থের প্রকট প্রকাশ-সম্পর্কীয় লীলাবিনোদই বিস্তার করিয়াছেন। বিভিন্ন সম্প্রদায়ীর প্রতি দৃষ্টিনিবন্ধন কুত্রাপি স্বকীয়া লীলার বর্ণনা বা তৎপরিপোষক সমর্থন-বাক্যাদি দেখিলেও কিন্তু তাহাতে তাঁহার হার্চ বুঝিতে পারা যায় না। প্রম-গন্তীরাশয় পণ্ডিতকুল-নীরাজিতচরণ শ্রীজীবচরণের বাক্যভঙ্গী হাদয়ক্সম করা মহা স্থকঠিন ব্যাপারই বটে। শীরূপদনাতনাশ্রিত শ্রীজীবপ্রভু যে তাঁহাদের পারকীয়বাদের বিরুদ্ধে ' স্বকীয়াবাদ স্থাপন করিবেন-এ কথা সর্বথাই অযুক্তিসহ। এীরূপ-সনাতনের মতে গোকুলে প্রকটিত লীলামাত্রই গোলোকে মায়াস্পর্শ-শৃত্ত হইয়া চির বিরাজমান: ম্বতরাং পরকীয়া ভাবও কোনওরূপে

(২৫) উদ্ধবের মন্ত্রণা, (২৬) জরাদন্ধ-

(भारनारक शाकित्वहै। (भारनारक বিবাহবিধিবন্ধনরূপ ধর্মের অভাবে পতিত্ব অথচ স্বীয় স্বরূপাঞ্জিতা গোপীদের অক্সত্রে বিবাহ না থাকায় উপপত্নীত্বও পরিকল্পিত নহে অর্থাৎ সেম্বলে অবিবিক্ত-স্বকীয়া-প্রকীয়া দীলা। প্রকট দীলায় গোকুলে কিন্ত বিবাহবিধিরূপ প্রাপঞ্চিক ধর্মের উল্লভ্যনে যোগমায়া-কর্ত্তক মাধুর্যরস-নির্যাস-আস্থাদনার্থ স্বরূপশক্তিগণের স্থিত যে বিলাস-রসের অবতারণা, তাহা দুষণ না হইয়া ভূষণই হইয়া থাকে। প্রম্মাধুর্ঘ্ময় গোলোকে বাৎসলারসের মূল অভিমান আছে, কিন্ত জন্মব্যাপার না থাকায় শ্রীনন্দ-যশোদার পিতৃমাতৃত্বাদি অভিমানটিও * রুস্সিদ্ধির জন্ম নিতা বলিয়া স্বীকার্য। শুঙ্গার রসেও তজ্ঞপ 'পরোঢাত্ব' ও 'ঔপপত্য'-অভিমান-মাত্র নিতা হইলে রস্পাস্ত্রবিক্ষ হয় না। গোকুলে গোলোকতত্ত্ব যথন প্রকট হন, তখন প্রাপঞ্চিক দষ্টিতে ঐ অভিমানদম কিঞ্ছিৎ স্থলাকারে প্রতীয়মান হইয়া বাৎসল্য-শ্রীনন্দযশোদার পিতৃত্বাদি অভিমান জনাদিলীলারূপে এবং শুঙ্গার রুগে সেই সেই গোপীগত পরোঢাত-ব্যবহারও কিঞ্চিৎ স্থলরূপে অভিমন্থ্য-গোবর্দ্ধনাদির বিবাহ-আকারে প্রতীত হয় মাত্র. বস্ততঃ গোপীদের পৃথক্ সতাগত পতি গোকুলে বা গোলোকে নাই— 'ন জাতু ব্ৰজদেবীনাং পতিভি: সহ

শঙ্গমঃ।' 'পতিঃ পুরবনিতানাং, দিতীয়ো ব্ৰহ্মবনিতানাং' এই উজ্জ্বল-এবং বহুত্ত শ্রীজীবপ্রভু গোলোকে ও গোকুলে কুঞ্জের উপপতিত্বেরই ইঙ্গিত শ্ৰীদ্বীবপ্ৰভূ করিয়াছেন। উপর বিশেষ জোর দিয়া স্বকীয় স্থরপশক্তিগণের সহিত স্বয়ং শক্তি-गान्त्र यामुद्धिक नीनावित्नाम य দোষাবহ হইতে পারে না-ইহাই মুক্তকণ্ঠে কীর্ত্তন করিয়াছেন।

এই গ্রন্থেই (উত্তর ৩৬/১৬৪---

১৬৭) শ্রীজীবপাদ বিবাহের উত্তর-কালীন সপ্রিক্র শ্রীবাধাগোবিদের মানস্-সস্তোধের অসম্যকভাব প্রকটন পূর্বক প্রবৃদ্ধিজনের নিকটে পরিব্যক্ত ক্রিয়াছেন যে এই শ্রীরাধাখামের স্বকীয়া লীলায় রসপৃষ্টি হয় না-তাহা যদি হইতে পারিত, তবে সর্ববাধা-প্রশমনপূর্বক প্রমানন্দকন্দল-ময় ঐ শুময়েও শ্রীরাধাহদয়ে কেন উৎকণ্ঠা-প্রাবলা আসিয়া তাঁহাকে আকুলিত করিল? কেনই বা বিশাখা তাঁহার হৃদয় উদ্ঘাটন কবিবার জন্ম বারংবার চেষ্টা কবিয়া শ্রীরাধামুখে 'য: কৌমারহর:' শ্লোকটি উচ্চারণ করাইলেন এবং প্রীকৃষ্ণও তাঁহার মুখে নির্জন স্থল হইতে ঐ শোক শুনিয়া চতুর্থ চরণের পাঠ পরিবর্ত্তন করিয়া বলিলেন 'ক্লফা-রোধিস তত্র কুঞ্জসদনে' এই পাঠই একণে সঙ্গত গ যদি লীলাতেই রশের পর্যাপ্তি, সম্যক্ত হইত, তবে কখনও এই প্রদন্তটি

গ্রন্থের

উপসংহারে

সমগ্ৰ

শ্ৰীজীবপাদ

প্রকাশিত করিয়া

বিচার-ধারাকে বিপর্যস্ত করিয়া দিতেন না: স্থতরাং শ্রীজীবপাদ অপ্রকট প্রকাশ অবলম্বনে এই গ্রন্থের তাত্তিকাংশ এবং প্রকট প্রকাশ অবলম্বনে লীলাংশ প্রতিপন্ন করিয়া বিভিন্ন মতাবলম্বী সাধকদিগের প্রচুরতর কল্যাণই সাধন করিয়াছেন। এই গ্রন্থের ভাষাটি অতি কঠিন. দার্শনিক এবং স্থলে স্থাস-ব্ছল | ছঃখের বিষয় বিপুলায়তন গ্রন্থর কোনও প্রাচীন টীকা নাই-১৮০০ শাকে মাণ্ড-গ্রামবাদী প্রীযুক্ত বীরচন্দ্র গোস্বামী 'गक्षार्थताधिका'-नामी त्य हुनिका করিয়াছেন, তাহাও অপর্যাপ্ত এবং মূলের স্বারশু-বোধনে সম্যক সহায় নহে। ৪২৬ শ্রীচৈতক্তাবে (১৮৩৩ শাকে) শ্রীমদ রাসবিহারী সাখ্যা-তীর্থ যে বলামুবাদ করিয়াছেন. তাহাও স্থত্তনক নছে। গোপালচরিত—কবিশেখরের সংস্কৃত মহাকাব্য গ্রন্থ। ডিাঃ পুকুমার

Literature, page 404] | শ্রীগোপালভাপনী টীকা (ত্বখ-বোধিনী):---অথর্ববেদান্তর্গতা পিপ্रলाদশাখীয়া এই গোপালতাপনী উপনিষৎ সর্বোপনিষৎশিরোমণিরূপে বিরাজমানা। ইহাতে 'গোপালবেশ ব্রন্ধের' প্রতিপাদনমুখে সেই স্বয়ং ভগবানের সর্বেশ্বরত্ব, ষ্টেশ্বর্যবন্ত, তাঁহার ভজন-খ্যানাদির পরিপাটী

সেনের History of Brajabuli

প্রভতি সগুণোপাসনাবিধি যথায়থ বণিত থাকায় ইহা ভক্তগণের পরম সমাদরণীয় বস্তু। যুগল উপাসনায়

গ্রন্থের যথেষ্ঠ অপেক্ষা ও এই

^{* &#}x27;क्रइंडि जननिवासा एवको खनावान' रेखापि जान २०१२०।८৮

চেষ্টা নাই।

উপযোগিতা বিভয়ান। শ্রীমন মহাপ্রভুর অভিমত বৈঞ্ব-সিদ্ধান্ত এই গ্রন্থে স্থতাকারে স্থচিত থাকায় ব্রজোপাদক সাধকদের এই উপ-নিষ্ণই শ্রেয়স্করী। এই জন্মই গোড়ীয় বৈষ্ণবাচাৰ্যত্ৰয়ই ি প্ৰীজীব-বিশ্বনাথ-বলদেব । ইহার উপর তিনটা টাক। করিয়াছেন। বহর্মপুর সংস্করণে শ্রীবিশেশর-ক্রতা টীকাও সংযোজিত—এই বিশ্বেশ্বরের পরিচয় কিছু জানিতে পারি নাই। তবে স্থবোধনীতে (৪২,৫১,১৪০ পুঃ) বিখেশর ভটের নামোল্লেখ থাকায় हिन शिकीरवत शृववर्षी इहरवन। প্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীও ইহার এক টীকা করিয়াছেন।

শ্রীজীবপাদ এই গোপালতাপনীর যে টীকা করিয়াছেন, তাহা বহরমপ্র সংস্করণে প্রমক্রমে শ্রীবিশ্বনাপচক্রবর্তির নামে আরোপিত হইয়াছে। শ্রীকুন্দাবনে শ্রীলবন্যালীলাল গোস্বামি-পাদের গ্রন্থাগারে, শ্রীনীলমণি-গ্রন্থাগারে এবং জয়পুর শ্রীগোবিন্দ-গ্রন্থালায় যে সকল প্রথি আছে— তাহাতে এই টীকা যে শ্রীজীবপাদের রচিত, তাহা বিম্পষ্টই আছে। উপ-সংহার-বাব্যই তদ্বিবয়ে প্রমাণ—

'শ্রীসনাতনরূপক্ত চরণাজম্বংপ-ম্বনা। প্রিতা টিপ্পনী চেয়ং জীবেন স্থাবোধিনী॥'

এই বাক)টি বহরমপুর সংস্করণে পরিস্বত হইয়াই গোলগোগ হইয়াছে। আবার এই টীকাটি দার্শনিক ভাষায় লিপিবদ্ধ, কিন্তু শ্রীবিশ্বনাথ-ক্ষতা বিবৃতিতে সহজ্ব প্রাপ্তল ভাষাই দেখা যায়। বহরমপুর

সংস্করণে ১১৬--১১৭ পুঃ ৫৭ শ্লোকের ব্যাখ্যায় খ্রীজীবের বিচার-নৈপুণ্য শহিত শ্রীহরিদাস দাসের প্রকাশিত वृन्तावनीय मः अतंत्व ७० शृष्टाय ७১ অঙ্কের 'ব্রজন্ত্রীজন'-শব্দের 'পরকীয়া-বোধনী' ব্যাখ্যাটি মিলাইয়। দেখুন। <u> এটাপাল-ভাপনী-টীকাই — এল</u> চক্রবর্ত্তিপাদ সংক্ষেপে সারভাগসমূহ গ্রহণ করত স্বভাব-স্থলভ স্থললিত ভাষায় রাগমার্গামুসারে এই শ্রুতির তত্ত্বমুহের বিবৃতি করিয়াছেন। কাহারও মতে এই বিবৃতির নাম— 'ভক্তহর্ষিণী'। টীকার প্রারম্ভে মৃতিমদ্ তত্ত্বাদিবোধিনী গোপালবক্ষের ভক্ষানন্দ-বিধায়িনী ও শ্রীগোপালের তাপনী (প্রকাশিনী) গোপালতাপনীকে প্রণাম করিতেছি। উপসংহার শ্লোক-শ্রীবিশ্বনাথ-নামক লেখক হইতে শ্রীরাধাকুওতটে শ্রীমদ গোপালতাপনীর বিবৃতি সমাপ্ত **२**वेन ।

শ্রীগোপালভাপনী-ভাষ্য— - এই তায়ে শ্রীবলদেব-বিষ্ঠাভূষণ দার্শনিক বিচার করিতে পরাল্পুথ হন নাই। প্রারম্ভ—

গত্যানস্তাচিন্ত্যশক্ত্যেকপক্ষে স্বাধ্যক্ষে ভক্তরক্ষাতিদক্ষে। শ্রীগোবিন্দে
বিশ্বস্থাদিকন্দে পূর্ণানন্দে নিত্যমান্তাং
মতির্ন:॥>॥ সনাতনং রূপমিহোপদর্শয়য়ানন্দসিন্ধং পরিতঃ প্রবর্দ্ধয়ন্।
অন্তমন্তোমহর: স রাজতাং চৈতন্তরূপো বিধুরভুতোদয়:॥২॥ সোপালতাপনীং নৌমি যা কৃষ্ণং স্বয়মীশ্বর্ম।
ক্রম্বরম্বসন্ধাশং সন্দর্শয়তি সদ্ধিয়:॥

উপসংহারে—বিছাভূষণ-ভণিতং শ্রীমদ্গোপালতাপনীভাষ্যং। তোষয়তু

ব্ৰহ্ম ॥ গোপালবিজয় --- কবিশেখরের বাঙ্গালা পাঁচালী। [ডা: ত্রুমার সেনের 'History of Brajabuli Literature' page 404]1 নাম-দৈবকীনন্দন কবিশেখরের সিংহ। গোপালবিজয়ে আত্মপরিচয় প্রারই পয়ার, কচিৎ আছে ৷ ত্রিপদীও আছে। কাহিনীর অংশ অনেকটা শ্রীক্লঞ্চকীর্ত্তনের মত ৷ এখানেও বড়াই কুট্টিনীর কার্যরতা। গ্রন্থে কোথাও পাণ্ডিতাপ্রকাশের

গোপাল - বিরুদাবলী-- গ্রীপাদ

বল্লবীনাং মিত্রং গোপালকং প্রং

শ্রীরূপের স্বপ্নাদেশ পাইয়া শ্রীশ্রী-স্পীবগোস্বামিজিউ রচনা করিয়াছেন। উহার রচনা শ্রীগোবিন্দ-বিরুদাবলীর আফুগত্যে বলিয়া ধারণা করা যায়। শ্রীজীব চণ্ডব্রতেরই অবাস্তর নথের আটটি কলিকাতেই গ্ৰন্থ শেব করিয়াছেন। আট কলিকায় গ্রন্থ রচিত হইলে যদিও বিরুদকাবোর লক্ষণ-বিপর্যয় ঘটে নাই, তথাপি এই কবিপ্রবর যে কেন পরমন্থনর দিগাদিগণবৃত্ত বা ত্রিভঙ্গীবৃত্ত স্পর্শও করিলেন না—তাহা এখন ও বৃঝিতেছি না। শ্রীপাদ শ্রীজীবের স্বাভাবিক অক্ষর-কার্পণ্য ও শক্ত-লেবাদিব্কু হইরা এই কাব্যখণ্ড দ্বিগুণতর কঠিন হইয়াছে। ইহাতে শ্রীক্ষের বাল্যাদি-লীলা বর্ণিত আছে।

ইহার আদিম শ্লোক—'গোপালস্থানা সেমং গোপাল-বিরুদাবলী।
অধীয় শ্রয়তাং কল্পবীরুদাবলি
কল্পতাম্॥' ১

অস্তিম শ্লোক—সুরারিহতি-শংসন-প্রথিত-কংস্বিধ্বংস্ন: স্থ্রীভবহতে বিধিবিবিধকীজিভাসাং নিধি:। বিধি-প্রভৃতি-বাঞ্ছিতং চরণ-লাঞ্ছিতং যস্ত তদ ব্ৰজ্ঞ নিজবংশজঃ স্ফুরত নঃ স বংশপ্রিয়ঃ॥ ৩৮

এতদ্ব্যতিরেকে শ্রীপাদ শ্রীজীব-প্রভু তদীয় শ্রীগোপালচম্পুর শেষ পুরণে বিরুদচ্ছন্দে রচিত ছুইটি স্তুতি সংযোজনা করিয়াছেন। (गांशी-छेशांजना (तांशांक्रक्षविनांज)

ব্রজেন্দ্রক্ষণাস রচিত বৈষ্ণব তাল্পিক নিবন্ধ। সাহিত্যপরিষৎ পত্রিকা পঃ, লিপিকাল— 617PP-7PS ১৬৪৬ শক ।।

গোপীনাথবিজয় নাটক—কবি-শেখরের সংস্কৃত রচনা গ্রন্থ। ডাঃ ত্মকুমার সেনের 'History of Brajabuli Literature', page 404]1

গোপীপ্রেমামত—ইহার প্রধান বর্ণয়িতব্য বিষয়—'হরেরুষ্ণ' ইত্যাদি ষে!লনাম বত্তিশাক্ষরের অর্থ। পঞ্চম শ্লোকে এই মহানাম-কীর্ত্তনের বিধান আছে—

এতরামানি হর্ষেণ কীর্ত্তয়িত্বা মুহুর্হঃ। পুলকাগৈরিভূয়াঙ্গং ভবা-ন্ত্যতি সর্বদা॥ ৫॥ হরিনামো জপাৎ সিদ্ধির্জপাদ্ধানং বিশিষাতে। ধানাদ্গানং ভবেৎ শ্রেয়: গানাৎ প্রতরং ন হি॥ ১০॥ অনেনারাধিতঃ প্রসীদত্যেব ज्दक्षार । বলিভাদ্ধরিনায়ো হি সংস্থারাপেক্ষণং ন হি॥ ১১॥ বীজং ভাসাদিকঞাপি প্রাণায়ামো ন বৈর্ততে। হরিনাম-মহামন্ত্রঃ প্রেমভক্তিপ্রদো ভবেৎ॥ ১৪॥

তৎপরে শ্রীনারদের প্রশ্নের উত্তরে বন্দা শ্রীহরিনামের ব্যাখ্যানাবসরে শ্রীমতী রাধিকার প্রেমবৈচিত্তাভাবের শ্রীমতীর উল্লেখ করত মুখেই (২৭—৫৫) অর্থবিশেষ প্রকাশ কবিয়াছেন।

শেষ—ইতি শ্রীগোপীপ্রেমামতে একাদশপটলে শ্রীপার্বতীশঙ্করসম্বাদে শ্রীরন্দানারদ-কথনে শ্রীছরিনামার্থ-কীর্ত্তনং সম্পূর্ণম্॥ গোবিন্দভাগবত — প্রীগোবিন্দ

আচার্বকত। চৈত্রদেবের সমগ্র লীলা ও আমুবলিক উপাখ্যান-সমূহ হত্তাহ্নসারে বৰ্ণিত হইয়াছে। আকারে ফুদ্র বটে, সংস্কৃত ও বাঙ্গালা ভাষায় বচিত।

শ্রীগোবিন্দভাষ্য — শ্রীমদ্বলদেব বিষ্ঠাভূষণ-কৃত ব্ৰহ্মস্ত্ৰ-ভাষ্য। শ্ৰীমধ্ব-স্বীকৃত নব প্রমেয় এবং ঈশ্বরাদি পঞ্চত শ্রীবলদেব গ্রহণ করিয়াছেন। আচার্য শঙ্কর, রামামুজ, শ্রীকণ্ঠ প্রভৃতি 'ঈক্ষতেনাশব্দং' (১/১/৫) স্ত্তকে সাংখ্যবাদ-নিরুসনে ব্যাখ্যা করিলেও গ্রীবলদের শ্রীমধ্ব-মতের অমুসরণে এই সত্তে ব্রহ্মের শব্দ-বাচাত নিরূপণ করিয়াছেন। অনাকা চতৃঃস্ত্রীতেই তত্তজানা বিনিশ্চিত হইলেও গ্রীবলদেবমতে প্রথম পাদের প্রথম একাদশটি সূত্রেই তত্তজ্ঞান নিৰ্ণীত হইয়াছে। ১/১/১১ টীকায় তিনি বলিয়াছেন যে ভাষ্য ও বিবৃতি সহিত পঞ্চ স্থায়-(বিষয়, সংশয়, পূর্বপক্ষ, সিদ্ধান্ত ও সমতি)-যুক্ত একাদশস্ত্রী পাঠ করিলে জীবগণ সুলভে তত্তুজ্ঞান লাভ করিতে পারিবে, শেষগ্রন্থ কেবল ইহারই

অতিবিস্তারমাত্র। রামামুজ-মতে তত্ত্ত্ত্র — ঈশ্বর. চিৎ ও অচিৎ; কিন্তু বলদেব-মতে তত্ত্ব পাঁচটি---ঈশ্বর জীব, প্রকৃতি, কাল ও কর্ম। মধ্ব-মতের সহিত অক্তান্ত বিষয়ে মিল থাকিলেও বলদেব ব্ৰহ্মজীবতত্ত্ব ও সাধন-সম্বন্ধে শামাক্ত পার্ধকা মানিয়াছেন। মধ্ব-মতে ব্রহ্ম ও জীব চির ভিন্ন, মুক্ত হইলেও জীব ব্ৰহ্ম হইতে ভিন্নই থাকে। বলদেব কিন্ত জীব ও ব্রহ্মকে স্বরূপত: ও সামর্থাত: ভিন্ন বলিলেও ভোগ-বিষয়েই মাত্র উভয়ের সামাগ্রত স্বীকার করিয়াছেন (৪।৪।২১)। সাধন-সম্বন্ধে— মধ্ব-মতে সেবাসেবক-ভাবের স্ফুন্তি কেবল দৃষ্ট হয়, বলদেব-মতে দাস্ত সহিত শাস্ত, স্থা, বাংস্লা এবং মধুর ভাবও অঙ্গীকৃত হইয়াছে। গৌডীয় ভেদাভেদবাদ নিম্বাকীয় হৈতাহৈছতের অনুরূপ হইলেও * উপাসনাংশে যথেষ্ট তারতমা আছে। গৌডীয়গণ নিকুঞ্জ-সেবায় যেমন গুরু-পরম্পরার

শিকাকীর হৈতাবৈত জীব, ঈশর ও জগৎ লইয়া, কিন্তু অচিত্যভেদাভেদ শক্তি ও শক্তিমান লইয়া। নিম্বার্কমতে ভেদা-ভেদ-পঞ্চক—(১) জীৰ ঈশ্বর, (২) জীব অগং. (৩) জগং ঈশ্বর, (৪) জীব জীব ও (c) জগৎ জগৎ: কিন্তু এই ভেদা-ভেদ মাত্র চুইটিতে আছে—ঈশ্বরে জগতে এवः ঈशदा कीरा : कीर **७** ঈश्**रत--- भक्ति ७** শক্তিমতানিবলন এরপ সম্বন্ধ থাকিলেও অপর তিন্টিতে এরপ সম্বন্ধ সীকৃত হয় নাই। নিম্বার্কমতে স্বকীয়াবাদই নিতা বলিয়া স্বীকৃত, গোড়ীয়মতে পারকীয় রসই সর্বপ্রধান। স্কীয়া মতের মাধ্র্য অপেক। পারকীয়ে মাধুর্ব অধিক্তর।

আফুগত্য স্বীকার করিয়াছেন— এইরূপ স্থষ্ঠ স্থগম পদ্বা অন্ত কুত্রাপি দেখা যায় না। গৌড়ীয় মধুরভাবের রাগামুগা-সাধনাই বল্লভীয় পুষ্টিমার্গ —গেডীয় বৈধীমার্গ উহাদের মর্যাদামার্গ বলিয়া উক্ত। তামিল ভাষার অপ্রাচীন 'তিরুবার মোডি' বা 'দ্রবিভানায়' গ্রন্থে কিন্তু গৌডীয় গোপীভাবে ভজনের ইন্ধিত দেখা যায়।

অনুবন্ধ-চতুষ্টয়

>। অধিকারী-- নিদামধর্মে নিৰ্মলচিত, সংপ্ৰসঙ্গলুৰা, শ্ৰদ্ধালু ও শ্মদ্যাদি-সম্পন্ন জীব ব্রহ্মজিজাসার অধিকারী। 'যত্র নিষ্কামধর্মনির্মল-চিত্তঃ সংপ্রসঙ্গলুকঃ শ্রদ্ধালুঃ শাস্ত্যা-দিমান্ অধিকারী।' আবার—শিক্ষাদি ষডক্ষ ও উপনিধদের সহিত সমগ্রবেদ অধ্যয়নপূর্বক তত্তদর্থ আপাততঃ জানিয়া তত্ত্ববিৎ আচার্যের সহিত প্রদঙ্গক্রমে অনিত্য জগৎ নিতা ব্রহ্মকে ভিন্নবোধে নিতা (ব্রন্ধের) বিশেষ অবগতির ব্যাপার ব্ৰহ্মস্থতে প্ৰবৃত্তিত হইবে। যাগাদি কর্মের আনস্তর্য বলা সঙ্গত নহে। কেননা তাদুশ কর্ম করিয়াও কাহারও সাধুসঙ্গব্যতীত ব্রহ্ম-জিজাসার অভাব দেখা যায়, পকান্তরে তাদুশকর্মহীন হইলেও সত্যাদি-পৃত এবং লব্ধসৎসঙ্গ ব্যক্তির ব্রন্ধ-জিজ্ঞাসা দৃষ্ট হইতেছে। শঙ্করের মতে নিত্যানিতাবস্তবিবে-কাদি-সাধনচতুষ্টয়সম্পন ব্যক্তিই ব্রশ্বজিজ্ঞাসার অধিকারী। দেবের মতে ইহা অসঙ্গত, যেহেতু তত্ত্বজ্ঞ সংব্যক্তির সহিত প্রসঙ্গের পূর্বে ঐ সাধনসম্পত্তি ছর্লভাই থাকে।

'শাস্ত্যাদিমানু অধিকারী' বলাতে শঙ্করের 'শমদমাদিষ্ট্সম্পৎ', 'নিত্যা-নিত্যবিবেকতোহনিত্যবিতৃষ্ণ' বলিতে 'নিত্যানিত্যবস্কবিবেক' শক্ষরের অঙ্গীকার করিয়াও বলদেব व्यमजनुक-अकानुः विनया ५९मएनव উপরেই বিশেষ জোর দিয়াছেন। আবার সংপ্রসঙ্গে লব্ধ-ধিল্ল জীবের ত্রিবিধতাও স্বীকার করিয়াছেন— (১) নিষ্ঠাসহক্বত কর্মাচরণকারী সনিষ্ঠ, (২) লোকসংগ্রহেজায় কর্মকারী পরিনিষ্ঠিত এবং (৩) ধ্যানমাত্রাবলম্বী নিরপেক। সংপ্রদঙ্গ-কারিরই তবে বেদবেদাস্তাদি শাস্ত্র-অধ্যয়ন-কারিরও সামান্ততঃ সার্থকতা স্বীকৃত হইয়াছে (১।১।১, ৩।৪।১)। ২। সম্বন্ধ-এই শান্ত স্বয়ং বাচক এবং ব্রহ্ম ইহার বাচ্য—এই সম্বন্ধ। শঙ্করমতেও বাচাবাচকভাবই অঞ্চী-কৃত, কিন্তু শঙ্কর ব্রহ্ম-দৈবিধ্য স্বীকার করিয়া সগুণ সোপাধিক ব্রহ্মকে বাচা বলিয়াছেন এবং নিগুণ নিফ-

ব্রন্ধকে জ্রের বা লক্ষ্য বলিয়াছেন। ইনি কিন্তু বলেন-ব্রহ্ম শব্দের অবাচ্য নহে, যেহেতু 'ঔপনিষদং পুরুষং পুচ্চামি' এই বুহদারণ্যক-শ্রুতির প্রমাণে জিজ্ঞান্ত পুরুষের উপনিষদবেশ্বত্ব স্থিরীকৃত হইতেছে। 'যতো বাচো নিবৰ্জস্তে' —এই শ্রুতিতে যে অবাচ্যত্ব বলিয়া মনে হয়, তাহার সমাধান-কল্লে (১৷১৷৫) বলিতেছেন যে দেবদত্ত কাশী হইতে নিবৃত্ত হইয়াছে বলিলে কাশীগমনপূর্বক যেমন তাহার

নিবৃত্তি বৃঝায়, 'বাক্যসকল (বাঁহাকে)

না পাইয়া যাঁছা হইতে নিবৃত্ত হয়, বলিলেও তদ্বিষয়ক কিঞ্চিৎ জ্ঞান বুঝিতে হইবে। 'যিনি বাক্যদারা সম্যক্প্রকারে প্রকাশিত হন না'---বলিলেও কিঞ্চিৎ প্রকাশিত হন —বুঝিতে হইবে; অতএব ব্ৰহ্ম শব্দ-বাচা ৷

শ্রীগোবিন্দভাষ্য

- (৩) বিষয়—নিরবন্ধ, বিশুদ্ধা-নস্তগুণগণ-সম্পন্ন, অচিন্ত্য অনন্তশক্তি, সচিদানন পুরুষোত্তম জ্রীরুষণ্ট শাস্ত্র-প্রতিপাল্প বিষয় ৷
- (৪) প্রয়োজন-অশেষদোষ-প্রীকৃষ্ণ-সাক্ষাৎকারই বিনাশপূর্বক প্রয়োজন।

পঞ্চত্ত্ব (পদার্থ)

(১) ঈশ্ব-স্ভন্ত, সর্বকর্তা, সর্বজ্ঞ, মুক্তিদাতা ও বিজ্ঞান-স্বরূপ। ঈশ্বর বিভুচৈতন্ত, নিত্যজ্ঞানাদিগুণ-বিশিষ্ট ও অস্মদর্থবাচা। ঈশর স্বতন্ত্র ও স্বরূপ-শক্তিমান এবং প্রকৃতি-প্রভৃতিতে অনুপ্রবেশ ও নিয়মনাদি দারা জগৎ রচনা করত জীবের ভোগ ও মুক্তি বিধান করেন। ঈশ্বর এক ও বহু ভাবে অভিন্ন হইলেও গুণ ও গুণী এবং দেহ ও দেহিভাবে জ্ঞানবানের প্রতীতিগোচর হন। ঈশ্বর অব্যক্ত (প্রত্যক্) হইলেও ভক্তিগ্রাহ্ন, তিনি একর্ম হইলেও চিদানক শ্বরূপ দান করেন। ব্রহ্ম জ্ঞানৈকগন্য, অক্ষর-অনন্তপ্রথম্বরূপ, নিত্যজ্ঞানাদি-গুণযুক্ত। ব্রন্ধের শক্তি —স্বাভাবিক। ব্রহ্মের তিনটি শক্তি —সন্বিৎ, সন্ধিনী ও হলাদিনী। বন্ধ নির্গুণ হইলেও শঙ্করের মতামুখারী গুণহীন নহেন, পরস্ত প্রাকৃত-সত্তাদি

গুণত্রম-রহিত স্বরূপাসুবন্ধি-অপ্রাকৃত-

স্চনায় ভক্তিরই প্রাধান্ত স্বীকৃত

खनजनमानी ()।)।

(২) জীব—শ্রীবলদেব-মতে ঈশ্বর
নিয়ামক, জীব—নিয়ম্য, জীব
অণু হৈতন্ত, ঈশ্বরের ন্তায় নিত্যজ্ঞানাদি-গুণবিশিষ্ট ও অক্ষদর্থবাচা।
জীবাত্মা বহু ও নানাবস্থাসম্পার।
ঈশ্বর-বৈমুখ্যই বন্ধন-কারণ এবং
তৎস্বরূপাবরণ ও তদ্গুণাবরণ-রূপ
দ্বিবিধ বন্ধনমোচন পূর্বক ঈশ্বরসালুখ্যই স্বরূপ-সাক্ষাৎকার ঘটায়।
জীব ঈশ্বরের শক্তি এবং ঈশ্বর
শক্তিমান্। ভোগবিষয়ে মুক্ত জীব
বন্ধ-সমান হইলেও স্বরূপতঃ ও
সামর্ব্যতঃ নিত্যই পৃথক্। জীবগণও
আবার পরম্পার ভির এবং সাধনতারতম্যে পরম্পারে পার্থক্য আছে।

- (৩) প্রকৃতি শত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থাই প্রকৃতি। উহা তমো-মায়াদি শব্দবাচ্যা এবং ঈশ্বরের ঈক্ষণে উদ্বন্ধ হইয়া বিচিত্র জগৎ উৎপাদন করে। সাংখ্যের প্রকৃতিবৎ এই মতে প্রকৃতি কিন্তু স্বতন্ত্রা নহে; উহা নিত্যা, ঈর্থরের আশ্রিতাও বখা। প্রকৃতি ব্রেক্সেরই শক্তি। সাংখ্যের মহৎ অহঙ্কারাদিতত্ত্ব বলদেব স্বীকার করিয়াছেন।
- (৪) কাল ভূত, ভবিষ্যৎ, বর্তমান, যুগপৎ, চির ও ক্ষিপ্র প্রভৃতি শক্ষ-ব্যবহারের কারণ ক্ষণাদি-পরার্দ্ধান্ত চক্রবৎ পরিবর্ত্তমান, প্রলয়সর্গনিমিতভূত জড়দ্রব্য-বিশেষের নাম—কাল। কাল—নিত্য ও ক্ষশ্বের অধীন।
 - (৫) কর্ম্ম—জড় পদার্থ, অদৃষ্টাদি-

শক ব্যপদেশ্য, অনাদি ও বিনশ্বর, ঈশবের শক্তি এবং অনিত্য (বিনাশি)।

ব্রহ্ম ও জগৎ—ব্রহ্মই জগতের
কর্তা (নিমিত কারণ), তিনিই
উপাদান কারণ; অবিচিস্তা শক্তিবলেই তিনি জগজ্ঞপে পরিণত
হইয়াও স্বরূপতঃ অবিকৃত থাকেন।
জগৎ সং কিন্তু অনিতা।

মুক্তি—মুক্তাবস্থায়ও জীব ব্ৰহ্ম হইতে পৃথক! ব্ৰহ্মসান্নিধ্যপ্ৰাপ্ত (মুক্ত) জীব ব্রহ্মের সমান আনন্দ-লাভ করিতে পারেন, কিন্তু নিজের অণুত্ব বলিয়া জীব অনন্ত-আনন্দশালী रहेए পারেন ना। অল্লখন বাজি মহাধনীর আশ্রয়েই সম্পন্ন হয়— ইহাই যুক্তি (৪।৪।২০)। কেবল ভোগবিষয়েই মাত্র জীবের ব্রহ্ম-শামান্ত হইতে পারে: কিন্তু উভয়ের স্বরূপগত ও সামর্থ্যগত সর্বদাই আছে ও থাকিবে (৪।৪। ২১)। মৃক্ত পুরুষের ভগবৎসালিগ্য প্রাপ্তি হইলে আর পতন হয় না (৪।৪।২২)। এই মতে মুক্তি সাধ্যা ও ভগবদমুগ্রহ-লভ্যা।

সাধন—শ্রীবলদেবের মতে ভক্তিই
মুখ্য সাধন। যাবতীয় সাধনের মধ্যে
ব্রহ্মভির অক্ত বিষয়ে বিরাগ ও ব্রহ্মবিষয়ে ম্পৃহাই মুখ্য সাধন। তৃতীয়
অধ্যায়ের বন্দনা-শ্লোকে জ্ঞান, বৈরাগ্য
ও ভক্তিরূপ সাধন ব্যতিরেকে
ভগবান্কে লাভ করা যায় নাবলা
হইয়াছে। আবার দিতীয় পাদে
ভক্তির সমক্ষে জ্ঞান ও বৈরাগ্যকে
কৃতাঞ্চলি হইয়া অবস্থান করার

হইয়াছে। এ৪ পাদে शारना-পাসনাদি-শব্দবাচাা ব্রন্ধ-বিস্থার স্বাধীনতা, কর্মের তদ্ধীনতা প্রভৃতি বর্ণনা-প্রসঙ্গেও কর্মকে ভক্তির অঙ্গই বলা হইয়াছে; অতএব সর্বনিরপেকা ভক্তিই জীবের একমাত্র পুরুষার্থ-প্রাপিকা, হলাদিনী ও দম্বিৎ শক্তির সারভূতা। শমদমাদি কিন্তু অন্তর্জ সাধন (৩।৪।২৭)। ক্রচিপুর্বা ও বিধিপূর্বা হিসাবে ভক্তির দৈবিধ্য এইমতে স্বীকৃত হইয়াছে (এতা২৮)। গুরুপ্রসাদ - সহিত ঈশ্বের উপাসনাতেই মোক্ষ-সম্ভব হইলেও মহতুপাস্নাও কর্ত্তব্য (তাগৎ১)! ভগবদ্ধৰ্শন লাভের ক্ৰম-প্ৰাথমে সাধুসঙ্গ ও সেবা, তদ্বারা স্বস্থরূপ-বোধ, প্রমাত্ম-স্বর্পবোধ সম্বন্ধ-জান, পরে তদ্ভিন্ন বস্ততে বৈতৃষ্ণ্য-পূর্বিকা ভগবদ্ভক্তি, তদ্বারা প্রেষ্ঠরূপে বরণ এবং তাহাতেই ভগবৎ সাক্ষাৎকার হয় (তাতা৫৪)। শাস্ত, দান্ত, সখ্য, বাৎসল্য ও মধুর ভাবই এই মতে স্বীকৃত (তাহ!১১,৩৫ টীকা, ce)। মৃতুকাল পর্যন্ত, মোক্ষ পর্যস্ত, এমন কি মোক্ষ হইলেও ভগবছপাসনাই কর্তব্য।

প্রমাণ—প্রত্যক্ষ, অনুমান ও
শাক্ষ—এই তিনটিই প্রমাণরপে এই
মতে গৃহীত হইরাছে। অপৌরুষেয়া
শ্রুতিই সর্বোৎরুই প্রমাণ; যেহেত্
প্রত্যক্ষ ও অনুমানে কদাচিৎ ব্যভিচারিতাও দৃষ্ট হয়। অস্তান্ত তদ্মোক্ত
প্রমাণগুলি প্রত্যক্ষাদি তিন
প্রমাণগুলি প্রত্যক্ষাদি তিন
প্রমাণগুলি প্রস্তুক্ত করা ধায়।
শ্রীমদভাগবতই কিন্তু অমল প্রমাণ-

চূড়ামণি বলিয়া সাদরে স্বীকৃত। ইহার কারণ আছে—অন্তান্ত পুরাণ বিভিন্ন ভগবদাবিভাবের নামে নামে প্রকাশিত যথা-বিষ্ণুপুরাণ, কুর্মপুরাণ, বরাহপুরাণ, মৎশুপুরাণ, নৃসিংহপুরাণ, বামনপুরাণ ইত্যাদি; কিন্তু সর্বপুরাণ-চুড়ামণিকে একিঞ্পুরাণ না বলিয়া 'শ্রীমদ্ভাগবত' বলা হইল কেন ? পাণিনির 'উপজ্ঞাতে', (৪।৩।১১৫), 'তভেদম' (গ্রাহাহত) ও 'কুতে গ্রন্থে (৪।০।১১৬) এই স্বত্ররামুসারে সাধিত এই শক্টির অর্থ এই—(>) সেই শ্রীভগবান-কর্ত্তক প্রথমেই বিদিত, অপরের উপদেশ ব্যতীত স্বয়ং আবিষ্কৃত অর্থাৎ অপৌক্ষেয়, (২) শ্রীভগবানের ইহা সর্বশ্রেষ্ঠ প্রেষ্ঠকলত (আশ্রয় - বিগ্রহ-শক্তিরূপ শিরোমণি) এবং (৩) মুনি-পরমহংসগণ-কর্তৃক পূজনীয়-চরণপঙ্কজ শ্রীকৃষ্ণ-কর্ত্ত ক কৃত (আবির্ভাবিত) শ্রীমদ্ভাগবত (১২।১৩।৯) বিশেষতঃ এই গ্ৰন্থই শ্রীক্লফ - প্রতিনিধি, मर्वरनाञ्चमात (>२।>०।১৫), তত্ত্বीপ (১২।১২।৬৯) বলিয়া গোডীয়-ইহাকেই প্রমাণ-বেদাজাচার্যগণ বরেণা বলিয়া গ্রহণ করিয়াছেন। পরতত্ত্ব-প্রতিপাদক যত শাস্ত্র আছে, তাহারা সমস্তই শ্রীমদ্ভাগৰতের অন্তর্জ। <u>ভী</u>বলদেবের 'বিশেষ'

ন্ত্রীবলদেবের 'বিশেষ' শব্দটি প্রাণিধানযোগ্য। ইহা ভেদের প্রতিনিধি, অথচ ভেদ নহে, স্কৃতরাং ভেদাভেদ বলিলেও কিছু দোষ নাই। ভেদাভাবেও ভেদকার্য ধর্মধর্মিভাবের নিবর্ত্তক (গোভা তাহাত্য)। এই বিশেষই ভেদসত্ত্বে অভেদ অথচ

অভেদসত্ত্ব ভেদের তাৎপর্য প্রদান করে বলিয়া ভেদাভেদবাদই সিদ্ধ হয়। (গোভা তাহাত্ত্র) স্থত্তের টীকায় অচিন্তা ও অতর্ক্য শব্দময়ের ব্যবহারে প্রীবলদেবেরও অচিন্তা-ভেদাভেদই লক্ষ্য বস্তু প্রমাণ করিতেছে। ভাষ্যপীঠকের (১১৮৮)

'তন্মাদবিচিস্কার্থমিত্যের সম্বোষ্ট্রাম্'
— এই কথাও মনে রাখিতে হইবে।
শ্রীবলদেবের সিদ্ধান্ত—(১) ব্রহ্ম
বিভূ, বিজ্ঞানানন্দ-শ্বরূপ, সার্বজ্ঞাদিগুণযুক্ত, পুরুষোন্তম; অচিন্তা, অনন্তগুণ ও শক্তির আধার, সর্বেশ্বরেশ্বর
(অহাহ—৮)। ব্রহ্ম—সন্তণ ও
নির্ত্তণ; সন্তণ—অপ্রাক্কত-গুণবান্,
নির্ত্তণ—প্রাক্কত-গুণহীন; ব্রহ্ম—
স্বরূপান্ত্রবন্ধী অনন্তাপ্রাক্কতগুণরত্নাকর (রত্ন ৪া৫—১১)। ব্রহ্মের

গুণ ও শক্তি বন্ধ হইতে অভিন;

বন্ধ যুগপৎ সৎ ও স্ত্রাবান, জ্ঞান

ও জ্ঞাতা, আনন্দ ও আনন্দময়; বন্ধ

এবং তাঁহার গুণ ও শক্তির মধ্যে

ভেদ না থাকিলেও আপাতভেদের

প্রতীতি-কারক 'বিশেষ' আছে
(রত্ন ১০০০ ১৯) (২) মারা—
বিচিত্রস্থিকরী পারমেশ্বরী শক্তি,
ঐ শক্তি সত্য। মারা অনির্বাচ্যা
নহে, সদসদ্বিলক্ষণ নহে; বাচ্য
বস্তুমাত্রই মিধ্যা হইলে বেদের
অপ্রামাণ্যহেতু নাস্তিকতাপত্তি
অনিবার্য (রত্ন ৬।৫৪)। (৩) জীব
—অণুহৈতক্ত্য, নিত্য, বহু, অনস্ত,
পরমাত্মার অংশ, ভগবদ্দাস। জীবসমূহ স্বরূপতঃ অভিন্ন বা সকলেই
জ্ঞান-স্বরূপ, জ্ঞাতা, কর্ত্তা, ভোক্তা ও
অণু হইলেও কর্ম এবং সাধনামুসারে

ভিন্ন; মুক্ত জীবগণও ভক্তির তারতম্যে পরস্পর ভিন্ন; জীব— ত্রিবিধ, নিতামুক্ত, বদ্ধত্বক্ত ও নিতা-বদ্ধ (হুও)। জীবের ব্রহ্মনিষ্ঠত্ব <u>ৰক্ষব্যাপ্যত্তত্ত্</u> তাহার ব্ৰহাত্মকতা, বস্তুতঃ জীব স্বয়ং ব্ৰহ্ম (রত্ন ৬।২৮, ৮।৫—১৫): ব্রহ্মের শক্তিরূপে তদংশ (রত্ব। (8) জগৎ--সত্যস্তরপ ঈশ্বরের শক্তির কার্যনিবন্ধন সত্য। জগতের জন্ম†দি কিন্ত অনিত্যতা-জ্ঞাপক: সত্যত্ব— নিত্যানিত্য-সাধারণ অর্থাৎ স্ত্য অনিত্য হইতে পারে। অতএব জগৎ সত্য হইয়াও অনিত্য ৬।৪৩); জগৎ ব্রহ্মাধীন বলিয়া ব্ৰহ্মস্বরূপ (রত্ন ৬।২৭)। ব্রহ্মসাম্যই 'তত্ত্বমসি' প্রভৃতি বাক্যের উদ্দেশ্য। ব্রকোর সহিত ভেদ-রাহিত্য নহে (রত্ন ৬।২২)। ব্রন্ধায়ত্ত-বৃত্তিকতাদিদারা অভেদজ্ঞান-বোধক; ব্রহ্মাধীন বলিয়া বন্ধাভিন-এই অভেদবাদ কিন্তু ভক্তির প্রকার-বিশেষ, ভূতভদ্ধিবৎ ভক্তিযোগেরই প্রকাশ বিশেষ---'সচ্চিদানন্দাকারোহসি' অর্থাৎ বিভু-চৈতন্ত দেবক বলিয়া অণুসচ্চিদা-নন্দাকার (গোভা ৩।০।৪৬, তত্ত্ব টা

৪৩)।
প্রীজীবপাদ ও শ্রীবলদেবের
সিদ্ধান্ত-বৈশিষ্ট্য—শ্রীজীবপ্রত্ন একই
অন্বয় পরতত্ত্ব হইতেই তাঁহার
শক্তিবৈচিত্র্যক্রমে জীব ও প্রকৃতি
প্রভৃতির প্রাকট্য স্বীকার করিয়াছেন;
বলদেব কিন্তু ঈশ্বর জীব, প্রকৃতি,
কাল ও কর্ম—এই পঞ্চতত্ত্বের

উল্লেখ করত গোবিশভাষ্যের প্রারস্তে ইহাদের মধো অস্তা চারিটীকে ব্রন্মেরই শক্তি বলিয়া 'শক্তিমদ্বা অদ্বিতীয়ই'— এক একথাও বলিয়াছেন। (২) প্রীজীব-পাদ জীবকে ভটস্থা শক্তি বলিয়াছেন (পর্ম ৩৭, ৩৯), কিন্ত বলদেব মধ্বমতামুগারে জীবকে 'বিভিন্নাংশ' বলিয়া উল্লেখ করিলেও (গোভা ২।৩।৪৭) তটস্থাশক্তি বলেন নাই। অস্তরঙ্গা, বহিরঙ্গা ও তটস্থা শক্তির বিচার বিশ্লেষণও বলদেবের অসম্যক। (৩) প্রীজাবপ্রভু শক্তি-সিদ্ধান্তের ফ্লানুফ্ল বিশ্লেষণ করত অচিন্ত্যভেদাভেদ-বাদ স্থগৃ স্থাপন করিয়াছেন, বলদেব কিন্তু একমাত্র 'বিশেষ' শব্দ বাবহার করত অচিস্তা-ভেদাভেদ সম্বন্ধে স্পষ্ঠতঃ কিছুই राजन नारे, रञ्जठः छाँशात विठारत ভেদ-বাদই সমধিক স্পষ্ট (রত্ম b128)1

গোবিন্দমঙ্গল-ছ:খী ভামদাস-কৃত এই শ্রীগোবিন্দমঙ্গল 'বঙ্গবাসী' কার্যালয় হইতে প্রকাশিত। কুত্তিবাসকৃত রামায়ণামুবাদ ও মহা-ভারতামুবাদের স্থায় হু:খী শ্রামদানও শ্রীমন্ভাগবতের প্রথম সুই ক্ষম, দশম স্বন্ধের অধিকাংশ এবং শেষ তুই স্বন্ধের অবলম্বনে ব্রহ্মবৈবর্তাদি পুরাণেরও কথঞ্চিৎ সাহায্য লইয়া এই গ্রন্থ রচনা করিয়াছেন। তিনি এই গোবিক্ষমক্ষণ স্বয়ং গান ও করিয়া ভক্তবৃন্দকে পাঠাদি শুনাইতেন। মেদিনীপুর জিলায় হরিহরপুর গ্রামে প্রায় ২০০ বৎসর পুৰ্বে এই কবি প্ৰাত্ত্ৰ্ত হইয়া স্বীয়

কবিত্ব-প্রভাবে বহুলোকের দীক্ষাগুরু হইয়া সমাজে লব্ধ-প্রতিষ্ঠ ও গৌরব-মণ্ডিত হইয়াছিলেন। এই গ্রন্থও মললকাব্য-ধরণে লিখিত, প্রার ও ত্রিপদী প্রভৃতি ছন্দে লিপিবদ্ধ। নমুনা-গ্রাধাক্ষমিলন-প্রাক্ত :- [৮৯-৯০]।

'দেখনা কদম্ভলে শ্রামরূপ হৈয়া। কতচাদ জিনি তহু বরণ কালিয়া॥ চাঁচর চিকুরে চূড়া চম্পকের বেড়া। ক**ন্ত**,রীতিলক কুলবতী-কুলছাড়া॥ কোন বিধি কতকালে নিরমিল তমু। আঁথিঠারে মুরছিত কত ফুলধমু॥ শ্রবণে মকর-কডি, গলে মণিহার। অধরে অমিয়া হাসি অমিয়া প্রার॥ কটীতে পিয়ল ধটী পাটনীর ডোর। ত্রিভঙ্গভঙ্গিম অঞ্চ নবীন কিশোর॥ চরণে বঙ্কিমরাজ নাচনিতে বাজে। नाणि तर घः योशाम हत्रापत मार्य । এই কবি শ্রীরাধাকে চন্তাবলীর সহিত সাম্য করিয়া বর্ণনা করিয়াছেন [৯৪ পঃ] 'সঙ্গে সদা রাখিব ताधिका ठन्दावनी।' व्यवः [১৯] 'এত শুনি নাগর বনমালী। নৌকায় वानिया ७५ ताश हक्तावनि।' ২ কুফদাস-রচিত 'গোবিনদমঙ্গল' [পাটবাড়ী পুঁথি কা ১৪]। ৩ দ্বিজকবিচল্র-ক্বত 'গোবিন্দমঙ্গল' [शांहेवाड़ी श्रृंषि का २६]। ৪ অন্ত পুঁপি দিজ রামেশ্ব-প্রণীত [রঙ্গপুর সাহিত্যপরিষং. পত্রাত্মক, ১৭১৪ শকান্দের লিপি ।। গোবিন্দমানসোল্লাস- অতিপ্রাচীন বৈষ্ণবস্থতি। ১৩৭১ শকে লিখিত ৭০ পত্ৰাত্মক পুঁথি (পাটবাড়ী স্থ ৫৪ ক), রচয়িতা—গোবিনা দত্ত।

বিবিধ পুরাণনিবনের সাহায্যে স্মরণ, কীর্ত্তন, শ্রবণ ইত্যাদি বর্ণনা করত প্রতিমাকরণ, ভাগবতধর্ম-প্রসক্তে শালগ্রামশিলা-মাহাল্যাদি নিরূপণ-পূৰ্বক পূজাদ্ৰবা, ব্ৰত, চাতুৰ্মাস্থ প্রভৃতিরও যথায়থ উট্টন্ধন হইয়াছে। **গোবিন্দরতিমঞ্জরী**——দিব্যসিংহের পুত্র ও গতিগোবিন্দ প্রভুর শিষ্য ঘনভাম দাস সংস্কৃত ও বজভাষায় এই পদকাব্য রচনা করিয়াছেন। পদকল্পতরুতে ও তরদিণীতে ইহার অধিকাংশ পদই উদ্ধৃত হইয়াছে। ছঃথের বিষয় অনেকে নরহরি চক্রবর্তির নামান্তর ঘনগ্রাম দাসের সহিত ইঁহার পদাবলীকে মিশাইয়া মহাত্রমে পতিত হইয়াছেন। গোবিন্দরতিমঞ্জরী একাধারে কাব্য ও অলঙ্কারের গ্রন্থ বলিলেই হয়। গোবিন্দরতিমঞ্জরীতে পাঁচটি স্তবক আছে—'গোবিন্দ-রত্যঙ্কুর'-নামক প্রথম স্তবকে শ্রীগুরু-গৌরাঙ্গ-নিভ্যাননাদির বন্দনা,স্ববংশ-পরিচয় ইত্যাদি বণিত হইয়াছে। 'গোবিশারতিপল্লব'-নামক স্তবকে জ্রীরাধার পূর্বরাগ, জ্রীকুঞ্চের পুর্বরাগ, স্বয়ংদোত্য, অভিসার, সংক্ষিপ্ত-সজোগ; 'গোবিন্দরতি-কোরক'-নামক তৃতীয় স্তবকে স্ক্বীর্ণ শন্তোগ, খণ্ডিতা, কলহাস্তরিতা; 'গোবিন্দরতি প্রস্থন'-নামক স্তবকে সম্পন্ন সম্ভোগ, প্রেমবৈচিত্তা, বাসকসজ্জা, উৎকন্তিতা ও বিপ্রলকা এবং 'গোবিন্দরত্যামোদ'-নামক পঞ্ম ন্তবকে সমৃদ্ধিমান সভোগ, বিরহ, রতিমঞ্জরী-নামক দৃতীর সাহায্যে শ্রীগোবিন্দ ও গোপীদের মধ্যে गःवादम् जामान-श्रमान. (गाभीतम्ब

'বারমাস্তা', বিরহাবসানে পুনমিলন ইত্যাদি সবিস্তারে বর্ণিত হইয়াছে। এই গ্রন্থকারের বিরহ-লীলায় প্রচুরতর আবেশ দৃষ্ঠ হইতেছে। স্তবকে ৯২।৯৩ শ্লোকে তিনি যে বিপরীত বিলাসের ইন্সিত দিয়াছেন —তাহাতেই তিনি স্থর্সিক কাব্য-জগতে অমরত্ব লাভ করিয়াছেন। সংস্কৃত ও বঙ্গভাষায় নিবদ্ধ হইলেও রচনা পারিপাটা ও ভাবগাঞীর্যে ইহাকে অতুলনীয় কাব্য বলিতে আমরা কুঠাবোধ করি না। সংস্কৃত শ্লোকাবলীর ভাব প্রোয়শঃই পদাবলীতে অভিব্যক্ত হইয়াছে। গৌরচন্দ্রের পদ—কো কহু অপরূপ প্রেমস্থানিধি, কে! হি কহত রস-মেহ। কোই কহত ইহ সোই কলপতরু, মরু মনে হোত সন্দেহ। পেখলু গৌরচন্দ্র অমুপাম। যাচত যাক মূল নাহি ত্রিভুবনে, ঐছে রতন হবিনাম। যো এক সিন্ধু সো বিন্দু न याठहे, পরবশ জলদ-সঞ্চার। মানস-অবধি রহত কলপতক, কো অছু করুণ অপার॥ যছু চরিতামৃত শ্তিপথে সঞ্জ, হাদয়-সরোবরপুর। উমড়ই অধম নয়ন-মরুভূমহি, হোওত পুলক-অন্ধুর॥ নামহিঁ যাক তাপ সব মেটই, তাহে কি চাঁদ উপাম॥ কহ ঘনখাম দাস নাহি হোওত কোটি কোটি একু ঠাম॥

্গোবিন্দর্ভিমঞ্জরী

কোট একু ঠাম॥
প্রথম স্তবকে ছুইটি, দ্বিতীয়ে নয়টি,
ভূতীয়ে আটটি, চতুর্থে সাতটি এবং
পঞ্চমে একত্রিশটি পদ আছে; মোট
৫৭টি পদ আছে। পরবর্তী পদকর্ত্তাগণ ইহার সম্ধিক প্রশংসা
করিয়া কবিবর গোবিন্দদাসের

সহিত তুলনাও করিয়াছেন, যথা—
>। গৌরস্থনরের পদে—দাস

ঘনশ্রাম, কয়লহি বর্ণন, গোবিন্দদাস-স্বরূপ। ২। কমলাকান্তের পদে —-শ্রীঘনশ্রামদাস কবিশশধর, গোবিন্দ

কবিসম ভাষ। অন্তত্ত্ব-— ৩। গোপীকান্তের পদে—শ্রীঘনশ্যাম কবিরাজরাজবর, অদ্ভুত বর্ণন বন্ধ।। ৪।
বৈষ্ণবদাসের পদে—কবিনূপ-বংশজ

ভূবন-বিদিত যশ ঘমশ্রাম বলরাম। এছন ত্তঁজন নিরুপম গুণগণ, গৌর-প্রেমময়ধাম॥ (কল্পতক ১৮) গৌৰিন্দলীলামুত—--শ্রীপাদক্ষদাস

কবিরাজগোস্বামি-কৃত মহাকাব্য।

हेहारा अष्टेकानीन नीना वर्गिष

হইরাছে। ২৩টি সর্গে ২৫৮৮টি শ্লোক আছে। নিশাস্থলীলা—প্রথম সর্গে, প্রাত্তলীলা—(২—৪), প্রাত্তলীলা—(৮—১৮), অপরাত্রলীলা—(১৯), সায়ংলীলা—

(२०) প্রদোষলীলা (২১) এবং

নৈশলীলা—(২২—২৩) বর্ণিত হইয়াছে। 'কুঞ্জাদ গোষ্ঠং নিশাস্তে' ইত্যাদি স্পরণমঙ্গলীয় লীলাস্থত্যের শ্লোকটি শ্রীযত্ত্বনশ্বন দাস-কৃত

অমুবাদে-

'নিশা-অন্তে কুঞ্জ হইতে, প্রবেশয়ে গোর্ছ নিতে, গোদোহন ভোজনাদি লীলা। প্রাতঃকালে, সায়ংকালে, থেলে সব সখা মিলে, গোচারণ সঙ্গবের বেলা॥ মধ্যাহ্লে রজনীকালে, রাধাসঙ্গে প্রবিহারে, রুদ্ধাবনে যেই মহানন্দে। অপরাহ্লে গোর্ছে যান, প্রাদোষ্ প্রহুৎস্থান সেই কুষ্ণ রাখ রসকন্দে॥'

শ্রীরূপপাদের স্মরণমঙ্গলের একাদশ

শ্লোক অবলম্বন করিয়াই এই গ্রন্থ রচিত হইয়াছে বলিয়া টীকাকার ইঙ্গিত দিয়াছেন (১৩); কিন্তু দশশ্লোকী-ভাষ্যকার গ্রীপাদ রাধারুষ্ণ গোস্বামী বলেন যে ঐ শরণমঙ্গলও প্রীমৎক্রঞ্চলাদেরই রচনা (১১ প্র:)। ইহাতে দাস্ত, স্থ্য, বাৎস্ল্য ও মধুর ভাবের ভক্তবুন্দের আস্বান্ত ও প্রীযশোদানন্দনের উপভোগ্য দৈনন্দিন লীলাবৃত্ত মধুর অক্ষরে ও অপূর্ব পরিপাটিতে পরিবাক্ত হইয়াছে। সাহিত্যিকমাত্রই এই কথা একবাকো স্বীকার করিবেন যে এই অতিমৰ্ত্ত্য মহাকব<u>ি</u> অভূতপূৰ্ব পাণ্ডিত্যে, অদ্বিতীয় কবিত্ব-শক্তিতে, কবিতার মধ্যেও আবার একাধারে স্থগভীর দার্শনিকতা ও কাব্যের সহজমধুর রসধারার পরিবেষণ-কৌশলে তাংকালীন পণ্ডিতমণ্ডলীর অতিগোরবপাত্রই ছিলেন। এই গ্রন্থে

তাঁহার ব্যাকরণ, সাহিত্য, অলম্কার, কাব্য, সঙ্গীত, কলাবিল্ঞা, স্থাবিল্ঞা, রসতত্ত্ব ও সিদ্ধান্তাদির একত্র পরিবেষণ-চমৎকারিতা দেখিয়া তাৎকালীন সকলেই বিমুগ্ধ হইয়াছেন।

(>) নিশান্তলীলা-প্রথমতঃ

वन्तना. देवरका छिन.

স্বাভীষ্টদেবের

লীলাক্রম ইত্যাদি। তৎপরে
শীর্ন্দার নিদেশে বনচর পদ্দিগণের
কাকলি (১১—৩৭), যুগলের
শরনদৃশ্য (৩৮—৪০), শ্রীক্রম্ভের
জাগরণ (৪৫), সখীগণ-কর্তৃক
যুগলমাধুরীদর্শন (৪৬). ময়ুর ও
হরিণগণের দর্শন-প্রকার (৪৭—৫০).

পরস্পারের মাধুর্যাস্বাদন (৫>--৫৯),

স্থীগণের কুজে প্রবেশ (৬০—৬১), ব্
ব্যালের রূপ ও কেলিশ্যা। (৬২—
৬৫), প্রীক্ষের রুসোদ্গারে প্রীরাধার
ভাবশাবল্য (৬৬—৭১), শারীর
ভালাপ (৭২—৭৮), কুজ হইতে
নির্গমন (৭৯—৮৮), যুগলের
বস্ত্রপরিবর্ত্তনে স্থীগণের রুজাদি
(৮৮—৯১), অরুণের প্রতি নিন্দাজ্ঞাপন (৯২ ৯৫), প্রভাতশোভাবর্ণনে সকলের গৃহগমন-বিস্মৃতি
(৯৩—১০৬), কক্থটীর 'জটিলা'
শক্ষোচ্চারণে ভ্য়াদি ও গৃহে গমনপ্রকার (১০৭—১১৬)।

(২) প্রাতলীলা—দ্বিতীয় সর্গে নন্দালয়ের শোভা ও পৌর্ণমাদীর আগমন (২--৭), সংগগণের আগমন (৮), মধুমঙ্গলের কুম্ণ-প্রবোধনাদি (৯-->>), রতিচিহ্ন-দর্শনে মা যশোদার ভ্রান্তি ও व्याटक्रशानि (>२-->१), मधुमङ्गरनत শ্লিষ্টবাক্য-প্রয়োগ (:5-12), শ্রীক্বফের বাল্যভাব-প্রদর্শন শ্যোখান (২০-২৭), স্থাগণসূহ মিলনে আনন্দ ও গোশালে প্রবেশ (২৬—৩০), পথে মধুমগল-কভুক পরিহাসরস-বিস্তার (৩১—৩৬) গোশালায় প্রবেশ ও ধেহুগণের আহ্বান (৩৬--৪০), গোদোহন-नीना (8>)। श्रीताशांत गृहह मूथतांत গমন ও জটিলামিলন (৪২-৪৬), জটিলার বধূ-প্রবোধন (৪৭—৫০ ১, মঞ্জরীদের দেবা (৫২), রাধাঙ্গে পীতবাদ-দর্শনে মুখরার ভাদ ও (৫৩--৫৬), বিশাখার বঞ্চনা স্থীগণের রসোদ্গার (৫৭), শ্রীরাধার মানাদি (৫৮-৬৯), বেশভূষাদি

(৭২-- ১০৫)। তৃতীয় সর্গে-মা যশোদার রন্ধনকার্যে পরিজন-<u>শ্রীরাধার</u> निरम्नाशामि (>-->२), আনয়নজন্ম কুন্দলতাকে প্রেরণাদি (১৩—১৬), কুন্দলতা-কর্তৃ ক জটিলার प्याचार्षा (>१--२२), श्रीज्ञाधात গমনে বাম্যপ্রদর্শন ও জটিলার অমুরোধ (২৩--২৮), পথে পথে পরিহাসরুদ (২৯-৩৫) নন্দালয়ে গমন (৩৬), মা যশোদার স্নেহ ও রন্ধনবিষয়ে উপদেশ (৩৭—৫১), দাসীগণের কর্ত্তব্য-নির্দেশ (৫২-৬০), শ্রীরাধার রন্ধনগৃহে প্রবেশ (৬১— ৬২)। একফের স্বানীয়-দ্রব্যাহরণে দাসগণের নিয়োগ (৬৩--৭৭) তামুলবীটিকানির্মাণে উপদেশ (৭৮— ৮০), গ্রীক্বফের আগমনার্থে লোক-প্রেরণ (৮১—৮৩), রন্ধনগৃহে প্রবেশ করত মা যশোদার ব্যঞ্জনাদি-দর্শন (৮৪-১১০)। চতুর্থ সর্গে— গোশালা হইতে শ্রীক্লফের আগমন ও যশোদাকৃত লালনাদি (>-- ৭), শ্রীক্লফের স্নান ও বেশভূষা (৮—২০), ভোজনরঙ্গ (২৭—৬০), বিশ্রাম ও সেবা (৬১-৬৩)। দাসগণের শ্রীরাধার বিশ্রাম, ভোজন ও বস্তালন্ধারাদি-প্রাপ্তি (৬৪-৭১) বনগমনোচিত বেশধারণাদি (৭৩-99)1

(৩) পূর্বাহুলীলা- পঞ্চম সর্গে গোশালার দৃশ্য (২—৯) গোপালসহ শ্রীক্তফের শোভা (১০—১২), ব্রজভূমির ক্ষণ্টেবানন্দ (১৩), ব্রজবাসিদের আগমন (১৪—১৭), ব্রজের তাৎকালিক নিরানন্দ (২৮), শ্রীকৃষ্ণকর্ত্বক স্থাগিত-গতি হইয়া

(প্রয়নীগণের দর্শনাদি (>>--->>), স্থাগণের মাতৃবর্গের শ্ৰীকুষ্ণে স্বেহোৎকর্ষ, মা যশোদার লালন ও আক্ষেপাদি (২৩-২৭), গোচারণের নীতি ও স্বধর্মপালনাদির কথায় শ্রীক্বফের প্রবোধদান (২৮—২৯, বলদেবাদির হস্তে কুষ্ণার্পণ ও রক্ষাবন্ধনাদি (৩০-৩৭), তরুণী-গণের প্রতি প্রেমকটাক্ষাদি (৩৮— ৪০), পিতৃমাতৃপ্রবোধাদি (৪৪— ৫০). কান্তাগণের প্রতি দৃষ্টিভঙ্গি-প্রদানপূর্বক বনপ্রবেশ (৫১--৫৯), জটিলার সমীপে কুন্দলতার রাধা-সমর্পণাদি (৬০--৬০), সুর্যপূজা করাইবার জন্ম জটিলার আদেশ (৬৪-৭০), শীরাধার বিশ্রাম, স্থীগণের সেবা—বৈজয়ন্তীমালা ও তাম, লবীটিকা দিয়া কস্তরিকা ও তুলগীকে এক্সিফ-সবিধে (৭৪-- ৭৮), প্রকার ও অমৃতকেলি প্রভৃতি রচনান্তে শ্রীরাধার উৎকণ্ঠা (१२--৮०)। ষষ্ঠ সর্গে--স্থাগণের নৃত্য, গীত এবং হাস্ত ও গোপীদের ব্যবহারামুকরণাদি (২-৮), वृन्मारमवीत रमवा (२-->>), वःशीक्ष्वनि (>२--> °), শ্রীরাধাক্ষ্ তি (১৬ – ২৭), বৃক্ষলতা-পশুপক্যাদির কুশলজিজাসা (২৮), গোবৰ্দ্ধনতটে বিবিধ থেলা (২৯---৩০), ধনিষ্ঠার খাতদ্রব্যসহ আগমন (৩১ –৩৪), জলক্রীড়া, ভোজন, বনবিহারচ্ছলে রাধামিলনে গমন (৩৫.—৪২), কুস্থমসরোবরতীরে পরামর্শাদি (৪৩–৪৯), তুলসীর আগমন ও গ্রীরাধার জটিলা-কর্তৃ ক অবরোধাদি-ছলস্টনা (৫০—৫৭),

थे मरवारम श्रीकृरक्षतं উৎकृ वितृह-ব্যথা ও তুলসীর প্রকৃত সংবাদ দান (৫৮—৬৬), তুলসী-কর্ত্তক শৈব্যার বঞ্চনাদি (৬৭---৭৪), শৈব্যার সহিত প্রীক্ষের কপটালাপ, গৌরীতীর্থে চন্দ্রাবলী সহ গমনের ইন্সিতাদি বঞ্চনা (৭৫ – ৮৬)। সপ্তম্ সর্গে—গ্রীরাধা-কুণ্ডের ঘাট, মণ্ডপ, হিন্দোলা, রত্নসভু, বৃক্ষ, কুটিম (২—৯), চতুঃ-শালা, পুপাকুঞ্জশ্রেণী, পুপাবন, উপবন, জলমধ্যস্থ মন্দির, তীরস্থ সেবাদ্রব্যগৃহাদি (১০—১৪), বুন্দাকৃত সাজসজ্জা ও কেলি-উপকরণাদি (১৫-১৭), জলস্থলচর-পক্ষ্যাদির ধ্বনি, পুষ্পাদির শোভা, অষ্ট কুঞ্জ, শিল্পশালা, পথাদি, দ্বারাদির শোভা (১৮—৩০), ললিতানন্দাখ্য উত্তর দিকের কুঞ্জবর্ণনা (৩১), ঐ কর্ণিকার (৩২—৪৩), শাখাকুঞ্জ (৪১—৪৩), পদ্মন্দির (৪৪—৪৫), হিন্দোল্কুট্টিয় (৫৫-৬৪), শাখাকুজনমূহ (৬৫-१२)। क्रेगाल विभाशांत मनन-সুখদা কুঞ্জ (৭৩-৭৮), পূর্বে 'চিত্রানন্দদ কুঞ্জ (৭৯—৮০) অগ্নি-(कार्ण हेम्र्लशास्त्रश्व शृर्णमृकुक्ष (৮১-৮৪), দক্ষিণে চম্পকলভার হেমকুঞ্জ (৮৫—৯২), নৈখতে तकरमरीत् भाषाकुछ (৯৩-৯৫), পশ্চিমে তুঙ্গবিভার অরুণকুঞ্জ (৯৬-৯৭), वाश्रू कारण प्रतिवीत হরিৎকুঞ্জ (১৮-১৯), কুশুমধ্যে অনক্ষমঞ্জরীর পদাকুঞ্জ (১০০—১০১) কুণ্ডমহিমা (১০২), জ্রীরাধাঙ্গসাম্য-**पर्ना**त बीकृरकृत উৎপ্রেক্ষাদি (১०: -->>০) । শ্বামকুও (১১১-->১০) ·

বায়ুকোণে সুবলানন্দাখ্য প্রীরাধার ঐকুঞ্জ ও মানসপাবনঘাট (১১৪— ১১৫), উত্তরে মধুমঙ্গলানন্দাখ্য ननिতाकुञ्ज (১১৬), न्नेभारन উজ্জ্বলানন্দাখ্য বিশাথাকুঞ্জ (১১৭), গৌঘাট (১১৮), মদনস্থখদাকুঞ্জে শ্রীক্লফের আগমন ও মিলনোৎকণ্ঠাদি (;२०-;७२)। (৪) মধ্যাফলীলা—অষ্ট্রম সর্গে —শ্রীরাধার উৎকণ্ঠা (২—৯), তুলদীর প্রভ্যাগমনে আনন্দ (১০— ১৫), ললিতার বাক্যে শ্রীমতীর পুনরুৎকণ্ঠা ও আক্ষেপ (:৭-১৯), ধনিষ্ঠার আগমন ও সংবাদ-দান (২০—৩৭), অভিসার (৩৮–৪৫), শ্রীরাধার শ্রীকৃষ্ণবেশধারণ (৪৬— ৪৮), স্থীগণের বনে রাধাসাম্য বিতর্ক (৪৯—৫১), অন্ত মূথেশ্বরীর সহিত মিলনাশকা, তমালে হেম-यूथी-मिलनपर्नात क्रेंशांपि (৫२-७৫), र्श्य-मन्मित्त शमनामि (७७—१२), কৃষ্ণপ্রেরিত বৃন্দার সহিত কুঞ্জরায় সাক্ষাৎকার ও আলাপ (৭৩--৮১), তত্রত্য পরিহাসাদি (৮>--৯২), বুন্দাকর্ত্ত্ব মিলনের জন্ম প্ররোচনাদান (৯৩—১০৫ ', পরস্পর দর্শনেও যুগলের ক্ষৃতিভ্রম (১০৬—১০৮) ও তৎপ্রকার (১০৯—১১২), সখী-গণের উক্তিতে শ্রীমতীর বিষ্ময়া-পনোদন ও যুগলের স্তম্ভভাব (১১৩ ->>६)। नवम मर्ल-यूगरलत ভাব-বিকার (১-১০), প্রীরাধাচে বিলাস, ললিত, কিলকিঞ্চিতাদি-ভাবোদ্গম ও পুষ্পচয়নলীলা (১১– ২১), তত্র রসকন্দল (২২), শ্রীরাধার মৌনত্ব-দূরীকরণে শ্রীক্বফের প্রচেষ্টাদি

(২৩--৩৮), শ্রীমতীর তাৎকালীন ভাবাদি (৩৯—৫৭), গমনচেষ্ঠা ও বাধাদানাদিতে বিবিধ রস (৫৮— ৬৭), শ্রীরাধাঙ্গে পঞ্চেবতা-পূজাদি (৬৮—৭৯) নবগ্রহ-পূজা (৮০— ৯৩), দিক্পাল পূজাছলে স্থীগণসহ রসলীলা (৯৪-- ১০৬)। দশম সর্গে শ্রীক্লফের পণ্ডপতিলীলা (১–৭), <u> প্রীরাধাবদনে ভ্রমর-গমনে চকিত-</u> ভাবাদি (৮-->>), তাহাতে স্থী-গণের আনন্দ-বিকারাদি (১২--১৯). শ্রীরাধার বাম্যাদি (২০-২২), ললিতার রঙ্গোক্তি, যুদ্ধ-সজ্জার আনন্দে কৃষ্ণহস্ত হইতে বংশীচ্যুতি (২৩—:২), শ্রীক্ষের রাহলীলা (৩২ – ৫১), বংশীর অন্বেষণ-.কৌতুকাদি (৫২-১৪৩), নিকুঞ্জ-বিলাস (১৪৪-১৪৯)। একাদশ সর্গে—বৃন্দা ও নান্দীমুখীর আগমন, যুগলের পরস্পর বেশ-রচনাদি (১--৭), শ্রীরাধাঙ্গে রতিচিহ্নর্শনে স্থী-গণসহ হাস্ত-কৌতুকাদি (৮-১৭), স্থীগণ-মুখে শ্রীরাধাঙ্গবর্ণনা-ভঙ্গির আস্বাদনবিশেষ (১৮—১৪৫)। দাদশ সর্গে—ছয় ঋতুর শোভাদি ও বুন্দাবন-দর্শনের জন্ম বুন্দার নিবেদন দারা বৃন্দাবনীয় শোভাহরণের জন্ম বটুর নালিশ (৫—৬), নানীমুখী-কতু ক পৌর্ণমাসীর বাণী-প্রকাশাদি (৭->>), কন্দর্পরাজ-কর্তুক বিচার-সম্বন্ধে কুল্লাস্থ শ্রীক্ষার উত্তর-প্রভুত্তরাদি (১২—১৮), রাজার আজ্ঞাপত্ত—'অপহৃত দ্রব্যাদি শ্রীরাধা প্রজাগণকে প্রত্যর্পণ করুক' —তৎপরে বংশীচুরির বিচার

জলযোগ ও শয়নাদি (:>:-->৪৬) :

न्नानानि (>-२२), लाभानाय দোহনাদি (২৩-৩৫), শালগ্রামের

আরতিদর্শন ও রাত্রিভোজনের

পরিপাটী (৩৬-৫৪), বিভিন্ন অট্টা-

লিকা হইতে যুগলের পরস্পর দর্শন,

যশোদা-প্রেরিত অন্নাদির শ্রীমতী

কৰ্তৃক ভোজনাদি (৫৫-- १৮)।

প্রকার, প্রণালী ও কলাবিনোদ

(১–৩৮), শ্রান্তি ও সেবার প্রচার

(৩৯-৪৮), মধুপান (৪৯-৫১),

রতিলীলা ও কান্তাগণের বেশ-

বিজ্ঞানাদি (৫২-৫৫) পরিহাসাদি

(৫৬-৬২), যমুনায় জলকেলি

ইত্যাদি (১৯ – ২৬), বনশোভা দর্শনার্থ যাতা (২৭), রাধার অঙ্গ-চ্চটায় বনের ওজ্জল্যাদি. শ্রীরাধা-ক্ষের মিলিত কান্তিতে পুনরায় মকরতবর্ণ ধারণাদি (২৮—৩৩), বায়ুবেগে বুন্দার হস্তে বংশীর শব্দ হওয়ায় তৎপ্রাপ্তি (৩৪ – ৩৮), বংশীবাল্যাদি ও স্থিরচরের ধর্মবিপর্যয় (७৯--- ८२). যুগপৎ ছয়ঋতু-বিরাজিত বনশোভাদর্শন (৪৩eo), तुमावत्न तांशाक्रकः-भूषां (e> —৬৭), বসন্তবনবিভাগ (৬৮— ৭৮), গ্রীষ্মবন (৭৯ - ৯১), বর্ষাবন (৯২ ১০৫)। ত্রয়োদশ সর্গে— भत्रत्वं त नीयान्य वनमर्भन (>-- ६), শরৎত্রখদ বন (৬-->>), শুকশারীর ঘাল (১২ – ৪৪), হেমন্তমুখন-বনদর্শন (৪৫-৪৭), হিম্ঋতুর বন-বর্ণন (৪৮—৬৬), বুন্দাদত্ত কুন্দ-गानात श्रीकृष्ण्टल्ड विविध वर्गधातरण मथीगरणत পরিহাস (७१--१১), শ্রীরাধারুফের বাকোবাক্যাদি (৭২ —>>8)। চতুর্দশ সর্গে— শ্রীরাধার প্রেমবৈচিত্তা (>--২৬), শ্রীকুণ্ডতীরে বসস্তলীলা (২৭-৪৮), यूनन ७ मधुलान (१५-१७)। পঞ্চদশ সর্গে—সরোজকুঞ্জে নিদ্রিতা শ্রীরাধার সহিত শ্রীক্ষাের বিহার-ट्रिक्टोनि (३—२३), ताशास्त्र (दर्भ-রচনাদি ও বিভ্রম (২৬-২৯). দাসীগণের সেবা, রাধাজ্ঞায় কুঞ্জে কুঞ্জে শ্রীকৃষ্ণের বিলাসাদি (৩০-৩৮), বিলাসাস্তে সমাগতা স্থীগণের সহিত শ্রীমতীর কৌতুক (৩৯--8২), জলকেলি (৪৩-৯১), বেশরচনা (৯২—১১০), পদমন্দিরে

ষোডশ সর্গে—শারীশুক (৭) প্রদোষলীলা-একবিংশ প্রীকৃষ্ণাঙ্গবর্ণনা (>->>>) | সর্গে—রঙ্গালয়ে গুণিকত নৃত্যগীত-সপ্তদশ সর্গে—ভকের শ্রীক্ষগুণ-বাছাদির দর্শন (১-১৬), শ্রীক্লফের বর্ণনা (১-৪৯) ও শ্রীকৃষ্ণাষ্টক শরন (১৭-২২), প্রীরাধার অভি-পাঠ (৫০-৫৮), শারীর गांत (२७-२१), शांतिकश्र्मीत প্রীরাধাষ্টক-পাঠ ((2-69)1 শোভা, সংস্থান, মণিমন্দির ও কঞ্জাদি অষ্ট্রাদশ সর্গে—শ্রীরাধাক্তঞ্চর শুক-(২৮—৯৩), রত্বমন্দিরে শ্রীরাধার भारी-পार्ठन (১->>), পाभारथला দশা (১৪-->০১), শ্রীকুফের অভি-(২৫-৫৩), স্র্পুজানি (৫৪-সার (১০২—১০৬), শ্রীমতীর ৭৩), শ্রীমতীর হস্তরেখা-বিচার প্রেমচেষ্টাদি (১০৭—১০৮), স্থী-গণের রঙ্গ ও যুগলমিলনাদি (১০৯ (৭৪-৮৩), স্থাগণের নিকট শ্রীক্ষরে গমন ও নিজগুহে শ্রীরাধার ->>>) 1 প্রত্যাবর্তন (৮৪—৯৮)। (b) निमनीना— षाविः म সর্গে (৫) অপরাহুলীলা - উনবিংশ —কাঞ্চনবেদিতে উপবেশন, বন-সর্গে— সখাগণের ভ্রমণাদি (>--৩০), গানে শ্রীকৃষ্ণের আনন্দোৎসবাদি লতা-বর্ণন এবং সেই গানেই স্থীগণ-(১—২০), ধেমুবুন্দসহ গৃহাভিমুখে কর্তৃক শ্রীরাধাকৃষ্ণ-বর্ণনা (৩১— যাত্রা (২৯-৩৭), দেবস্তুতি-দর্শনে ৪৫), বংশীবটে উপবেশন ও যমুনার নথাগণের হাস্ত-কৌতুকাদি (৩৮ দर्শनापि (१७-८०), श्रुनित्न -- ৪৮); এরাধার বিবিধ খাত-সামগ্রী প্রস্তুতকরণ, প্রেরণ ও বেশ-ठक्क व्यगानि (८६--८৮). इही नक ভ্ষাদিধারণ (४३-७०), नन्मानएय নৃত্য (৫৯—৬৭), চক্ৰ হইতে নামিয়া ভূমিতে রাস (৬৮-৭৬); রন্ধনোভোগ, সকলের ক্রঞ্দর্শনের গান, স্বর, গ্রাম, শ্রুতি, তান, জন্ম আকুলতানি (৬৪—৭৫), শ্রীকুষ্ণের গোসম্ভালনাদি ও গৃহগমন-মুচ্ছনাদি ও রাগরাগিণী প্রভৃতির শোভা (৭৬-৮৩), ব্রজবাসিদের লক্ষণ ও নামাদি (৭৭-৮৬), কুষ্ণদর্শন-পরিপাটী, প্রেম ইত্যাদি বাত্তের ও যন্ত্রের নাম প্রকারাদি (68-502)1 (৮৭-৯০), হস্তকভেদ (৯১-৯২), তাল ও মানাদি (৯৩-->০১)। (৬) সায়ংলীলা—বিংশ সর্গে— ত্রয়োবিংশ সর্গে—গীত ও নুভার শ্রীমতীর প্রেরিত দ্রব্যে জলযোগ,

(৬৩-৭৪), স্বর্গমগুপে বেশরটনাদি (१६-४२), जनरयांग ७ भग्ननीना (60-22) 1

এই গ্রন্থের 'স্দানন্দ্রবিধায়িনী' টীকাটি শ্রীবিশ্বনাথ চক্রবন্তিপাদের অমুশিষ্য শ্রীমদ বুন্দাবন চক্রবর্ত্তি-কৃত। পরারে অমুবাদটি শ্রীমদ যতুনন্দন ঠাকুর-কর্তৃক বিরচিত-ইংগ পূর্বেই উক্ত হইয়াছে। সংপ্রতি মাদ্রাজ ওরিয়েণ্টাল মেনাক্রিপট্ লাইবেরীতে শ্রীগোবিন্দলীলামতের 'বৈঞ্চবা-হলাদিনী' নামক এক টীকার সন্ধান পাওয়া গিয়াছে—ইহা ঐহরিদেবক কবিরত্ব-কৃত [R. No. 3749]। প্রতি সর্গে টীকার উপসংহারে প্রায় একরপ শ্লোক দেখা যায়-

ভারদাজকুলামুধে মহতি যঃ সংপূর্ণগুলাংশুবদ্, বিপ্রঃ শ্রীপরমেশ্বরাখ্য উদিতঃ সামন্তরায়ঃ স্থবীঃ। তৎস্থনোঃ কবিরত্ব-নাম দধতো গোবিন্দলীলা-মৃত,-ব্যাখ্যাভিখ্যক্তো গভোহয়মধুনা ষষ্ঠোহপি সর্গঃ শুচিঃ॥

রো বিন্দলীলামূতরস -- শ্রীমৎকৃষ্ণপদ-দাস বাবাজি-সঙ্কলিত গ্ৰন্থ। ইহাতে শ্রীগোবিন্দলীলামতের ও স্থলবিশেষে শ্রীকৃষ্ণভাবনামূতের লীলাও মাধুর্য-রসবিশ্লেষণাদি দেওয়া আছে :

গোবিন্দবল্লভ নাটক—গ্রীত্মন্ত্রা-নন্দ গোপালের শিষা জীপণিগোপাল —তাঁহার সপ্তম অধস্তন শ্রীদারকানন ঠক্রই এই সঙ্গীতনাটকের প্রণেতা। শ্রীগীতগোবিন্দ ও শ্রীজগরাথবল্লভ নাটকের অনুসরণে ইহা রচিত হইলেও ইহার বিশেষত্ব এই যে **এীগোপাইমীকৃত্য** ইহাতে বৰ্ণিত হইয়াছে; ত্মন্দর ভাষায়

আফুসঙ্গিক বাৎসলাও উচ্ছল রসেরও বর্ণনা আছে বটে, কিন্তু উহারা প্রেয়োরদেরই অঙ্গহিসাবে ধর্ত্তব্য। শ্রীরাধাকুফগণোদ্দেশ- (প ৩১)-মতে স্থদামচন্দ্রের মাতার নাম—রোচনা ও ভগ্নীর নাম—সুশীলা, এ গ্রন্থে কিন্ত স্থশীলাই স্থদামের মাতা (৩।১৫)। এই গ্রন্থ কবির পিতামহ শ্রীজগদানন্দ ঠাকুরের আদেশে রচিত হওয়ায় (১া৪) এবং তিনি ১৬৫২ শাকে রচিত শ্রীক্লফভক্তিরসকদম্বের রচয়িতা শ্রীনয়নানন্দের ভোষ্ঠ প্রাতা হওয়ায় অমুমান করা যায় যে এই গ্রন্থ অষ্টাদশ-শকশতাকীর প্রথম ভাগেই

গোবিন্দবিজয়—অষ্টাদশ শকশতাকীর প্রথম ভাগে কবি অভিরামদাদ এই 'গোবিন্দবিজয়' কাব্য রচনা করেন। ইহা শ্রীমদ্ভাগবতের আখ্যায়িকা-অংশের যথেচ্ছ অফুবাদ বিঙ্গদাহিত্যপরিচয় পুঠা] এই গ্রন্থে দাদশগোপালের বন্দনা থাকায় কবি কিন্তু প্রসিদ্ধ অভিরাম গোপাল নহেন। ভণিতায় আছে---'গোবিৰূপদারবিৰূ-মধুলুক্ক-মতি। অকিঞ্চন অভিরাম দাসের ভারতী'। ২ প্রমানন্দ-পুরী-রচিত (জয়ানন্দের চৈত্তমঙ্গল)। बीर्गाविक-विक्रमावली-

রচিত হইয়াছে।

গ্রীরূপ-রচিত কাব্যরত। শ্ৰীপাদ ক্থিত আছে—দাক্ষিণাত্য-নিবাসী জনৈক কবি-কত্তক, পঠিত 'দেব-পদার্থ-লালিত্য-বিরুদাবলীর' আস্বাদনে প্রসন্ন হইয়া শ্রীগোবিন্দদেব

করিয়াছেন।

তাঁহাকে নিজ কণ্ঠের মালা দান 'দেববিষ্ণদাবলীর'

প্রীগোবিকজির প্রসরতার শ্ৰেষ কারণ চিন্তা করিতে করিতে শ্রীপাদ শ্রীরূপ শয়ন করিয়াছেন— এমন সময় <u>জ্</u>রীগোরিনা তাঁহাকে স্বপ্রযোগে তুমিও এই বলিলেন—'শ্রীরূপ! প্রকারে আমার বিরুদাবলী রচনা কারবে।' এই প্রত্যাদেশের ফলে শ্রীপাদ শ্রীরূপ শ্রীল গোবিন্দদেবের জगापि गवन नीनारे সংক্ষেপে 'শ্রীগোবিন্দবিক্ষদাবলী'-নামক কাব্যসম্পুটে নিহিত করিয়াছেন। শ্রীরূপের 'সামান্য-বিরুদাবলীলক্ষণং' নামক গ্রন্থপ্রনের পূর্বে অন্ত কোনও লক্ষণ-নিৰ্ণায়ক গ্ৰন্থ থাকিলেও ভাহার কোন সঠিক নির্দেশ পাওয়া যাইতেছে না। যদিও সাহিত্যদর্পণ 'বিরুদম্পি-মালা'-নামক গ্রস্থের করিয়াছে. তাহা কিন্তু লোকলোচনের অপরিচিতই আছে বলিয়া আমাদের বিশ্বাস। ('বিরুদ-কাব্য'-শীৰ্ষক প্ৰবন্ধ দ্ৰপ্তব্য] সে যাহা হউক-এসম্বন্ধে যথন নিশ্চয় করিয়া কিছুই বলা যাইতে পারে না, তখন প্রীপাদ প্রীরূপ এই জাতীয় কঠিন কাবোও ভক্তিরস অন্তর্নিহিত করিয়া যে ইহাকে সজীব করিয়া তুলিয়া-ছেন—এ কথা বলিলে কাহারও আপত্তি হইতে পারে না।

<u> প্রীরূপের</u> শ্রীগোবিন্দ-<u> এপাদ</u> বিরুদাবলী হইতে দুষ্টান্তস্বরূপে আমরা ছই একটি বিরুদ উদ্ধৃত করিতেছি—

ক। চণ্ডবৃত্ত কলিকার নথভেদের 'অচ্যত' প্রভেদ—জয় জয় বীর, স্মররসধীর i দ্বিজজিতহীর, প্রতিভট-বীর। ক্ষুরত্বক্রহার ইত্যাদি।

খ। চণ্ডবুত কলিকার বিশিখ-ভেদের 'বঞ্জুল' প্রভেদ—জয় জয় স্কুর, বিহ্দিত্মকর, বিজ্ঞিত-পুরকর নিজ গিরিকন্দর রতিরসশন্ধর মণিযুত-ककात अगमिनमित कि विविधित ইত্যাদি।

গ। ত্রিভঙ্গবৃত্ত কলিকার বিদয়-ত্রিভঙ্গী—চণ্ডীপ্রিয়নত চণ্ডীক্লতবল র্জীকৃতখল বল্লভ বল্লব, পট্রাম্বর্ধর ভট্টারক বক-কুট্টাক ললিত পণ্ডিত মণ্ডিত। ইহাতে ২য়, ৮ম ও ১৪শ অক্সরেভঙ্গ (একরূপ অক্ষর) এবং দিতীয় পংক্তির শেষে ত্মনর যমক। ঘ। অক্ষরময়ী—অচ্যত জয় জয় আর্ত্তরুপাময় ইন্দ্রমথার্দন ঈতি-বিশাতন। ইহাতে অ, আ ইত্যাদি : ক্রমে প্রথম অক্ষর।

সাপ্তবিভক্তিকী—(১) যঃ স্থিরকরুণস্তর্জিতবরুণস্তর্পিতজনকঃ সংমদজনকঃ। (২) প্রণতবিমায়ং জগু রনপারং ঘনকচিকারং স্থক্কতিজনা যং, চ। সর্বলম্ - চরণ চলন-হতজঠর-শক্টক বুজ্ঞক দলন বশগত-পরকটক ইত্যাদি।

এ জাতীয় কাব্যরচনায় কবির অসাধারণ প্রতিভা এবং শক্ষশাস্ত্রের সম্পূর্ণ আধিপত্য থাকা চাই। অনেক সময় যমক, অমুপ্রাস প্রভৃতির শব্দ-সাম্য রক্ষণ করিতে কবিকে মহাবিপদেই পড়িতে হয়। যাহা হউক, ইহার শ্রুতি-মধুরত্ব-গুণে কাবারসিক বাক্তিগণের জনয়াক্ষিণী ক্ষমতাই প্রশংসনীয়। শ্রীরূপের সাহজিক পদ-লালিতাগুণ এই বিরুদ কাব্যেও সংরক্ষিত হইয়াছে দেখিয়া বিশ্বিত হইতে হয়।

গোবিন্দবিলাস-গ্রীযত্নন্দন দাস-গোবিন্দগীলামুতের পয়ারে বরাহ-সংহিতার অনুবাদ। \$ আধারে দ্বিজ তিলকরামের রচনা। বুন্দাবনে শীমদনমোহনের পূজারী ছিলেন (কলিকাতা বিশ্ববিভালয়ের পুঁথি ১৮৩০)। (गाविन्मवृन्मावन-(श्तिरवान-कृष्ठीत

৮ %) অষ্টপত্রাত্মক পুঁথি। কয়েক পটল আছে এবং শ্রীরাধিকাস্কতি আছে। ব্ৰহ্মশিব-সংবাদে প্ৰথম পটলে বুন্দাবন-বর্ণনা, যোগপীঠ, শ্রুতিগণের প্রার্থনা ও উপপতিভাবে ক্লফপ্রাপ্তির वतनान, श्रीकृष्णनामनीनानि, श्रीकृत्यः বহু অশ্রুতচর পরিকরের নাম. শ্রীক্ষয়-বলদেব-সংবাদে শ্ৰীরাধান্তব। শ্ৰীরাঘৰ পণ্ডিত গোস্বামী 'প্রীকৃষ্ণভক্তিরত্ব প্রকাশে' গোবিম্বকাবনের বহুত্বল উদ্ধার করিয়াছেন। ইহা বৃহদ্গোতমীয়-তন্ত্রের অংশবিশেষ।

গোবিন্দ-ব্যাকরণ—ইহা বিটঠলনাথ দীক্ষিতের পুত্র গোবিন্দনাথ প্রণয়ন করেন। ব্যাকরণ-দর্শনের ইতিহাস প্রথম খণ্ড ।।

গোবিন্দার্চনচন্দ্রিক। — শ্রীবিষ্ণুদাস পূজারি-রচিত **যোড়শোল্লাসাত্মক** বিরাট বৈষ্ণরশ্বতি। - শ্রীহরিভক্তি-বিলাসের অমুরূপ: মুম্বই বেক্ষটেশ্বর প্রেস হইতে মুদ্রিত।

গোড়ীয়গোরব-গ্রন্থগুচ্ছের বৈশিষ্ট্য-

(১) সকল সাহিত্যে পরতত্ত্ব বিনিদেশ হরিকীর্জনই সর্বতাগর্মদা সর্বথা অভিধেয়। মহর্ষি পাণিনি প্রভৃতি বৈয়াকরণগণ ক্ষোটাত্মক

শব্দের নিতাতা এবং বর্ণাত্মক শব্দের অনিত্যতা স্বীকার করেন; 'ত্সাদ্ বর্ণানাং বাচকত্বামুপপত্তে যদ্বলাদর্থ-স জ্যোট প্রতিপত্তিঃ ইতি বৰ্ণাভিব্যঞ্জ্যোহৰ্থ-বর্ণাতিরিজো নিতাঃ শকঃ ফোট প্রত্যায়কো প্তঞ্জলি, কৈয়ট প্ৰভৃতিও ক্ষোটবাদের বিচার করিয়াছেন. জৈমিনি শক্তের নিত্যত্ব স্থাপন করিয়াছেন—'নিতাস্থ স্তাদ্দর্শনস্ত পরার্থত্বাৎ' (১)১১৮), সাংখ্যমতে 'প্রতীত্যপ্রতীতিভাগে ন স্ফোটাল্পকঃ শকঃ' (৫।৫৭) এই স্ত্রবলে স্ফোট-বাদের নিরসন হইয়াছে। ১২।৬।৩৯ শ্লোকে—'ততোহভূলি-বুদোস্কারো যোহ্যাক্তপ্রভবঃ স্বরাটু। যত ল্লিঙ্গং ভগবতো ব্ৰহ্মণঃ প্রমাজন: ॥' প্রণবাল্যক বর্ণসমূহের নিত্যতা স্বীক্বত। বৈয়াকরণগণ শান্ধবোধের প্রতি বহিঃম্ফোটকেই কারণক্লপে নির্দেশ করেন-কিন্তু বায়ুর প্রেরণ ও অপ্রেরণ বশতঃ নিতাদ্রব্য আকাশ-গুণাত্মক শব্দের ও অনভিব্যক্তি অভিবাক্তি বলিয়া শব্দের নিত্যতা হইতেছে। অহঃকরণে উপলভ্য-মান নিতাবর্ণই আত্তর ক্ষোটবাচ্য-তাহাই শব্দবন। প্ৰীজীবপ্ৰত্ন তত্তসন্ধর্ভের অনুব্যাখ্যায় সম্বাদিনীতে) কোটবাদ নিয়সনক্রমে বেদশব্দের নিতাতা ও অর্থপ্রতাায়কতা স্বীকার করিয়াছেন —ইহাই শ্রীগোরত্বন্ধবের অধ্যাপনা-कारन প্রকটিত হইয়াছিল—ইহারই চরমশিক্ষা শ্রীমুখোচ্চারিত শিক্ষ.-ষ্টকের এথম শোকেই বিজয়ত্বপুভি- নিনাদে শ্রীনামভজন-উপদেশে প্রকাশিত হইয়াছে। 'কীর্নীয়ঃ मना इतिः'--'वानावरस ठ गरश ठ ইত্যাদি হরিঃ সবত্র গীয়তে। বাক্যে শক্রন্সেরই নিত্য আরাধনা সংস্টিত। শক্তবের (নামত্রনের) আরাধনা-সম্পর্কে গৌড়ীয়বৈঞ্চবগণ যত গ্ৰন্থ লিখিয়াছেন—অন্ত কোনও দুগ্ৰ সম্প্রদায়ে তাহা गर्ह। **শ্রীনিম্বার্কাচার্যকৃত** 'ম্ৰুৱহ্স্ত-ষোড়শীতে' এবং শ্রীপ্রন্দর ভট্টকৃত তটীকার অস্তাদশাক্ষর শ্রীকৃষ্ণমন্ত্রের

অর্থ গৌডীয়াচার্যগণের ব্যাখ্যা হইতে

বিভিন্ন। নামব্রন্ধে মন্ত্রাদিও উপ-

লক্ষিত; 'নাম-মন্তে করিয়া অভেদ'।

मञ्जाि - युगजरम् त छन्न की नवीर्य,

অনুগতপ্ৰাণ

কলিজীবের পক্ষে

অসম্ভাৰ, অতএৰ নামাশ্ৰয় ব্যতীত শ্রেঃপন্থা হইতেই পারে না। (২) গৌড়ীয়সাহিত্য শ্রীশ্রীগুরু-তত্ত্ব — এই মতে শ্রী হরি-বৈষ্ণবের অচিস্তাভেদাভেদ প্রকাশই—শ্রীগুরু-দেব। অভেদ-বিচারে তিনি উপাশ্ত-পরাকাষ্ঠা-শাক্ষান্ধরিত্বেন সমস্ত-শ্রীপ্রতু শাস্ত্রৈকক্তঃ'. তথাপি ভগবানের নিত্য প্রেষ্ঠ. 'কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব । শ্রীগুরু আশ্রমজাতীয় তত্ত্ব, শ্রীকৃষ্ণ বিষয়বস্ত ; ছীগুরুদের ভগবান্ হইয়াও সেবক, মুকুন্দপ্রেষ্ঠ। রাগমাগীয় স্বরূপদিদ্ধ শিষ্টের চক্ষুতে রুঞ্শক্তি অভিন্ন-বাৰ্যভানবী-প্ৰকাশ (খ্যামানন্শতক দ্রপ্তবা)। শ্রোতপন্থিরাই কেবল গ্রীগুরুদেবের নিত্যতা স্বীকার করেন, किन्छ गांशांवां निगन, ठार्वाक, तोक,

আহত প্রভৃতি দার্শনিকগণ গুরুর

পারনাধিক নিতাতা স্বীকার করেন क्कानवामित्मत विश्वीनस्य গুরুণিয়্য-সম্বন্ধ থাকে না, যোগ-দিদ্ধিতে কৈবলালাতের পরে গুরু-

দেবার, আবশুকতা বোধ হয় না, ত্মতরাং এইরূপ ক্ষণিক গুরুস্বীকার-বাদে পরা**ভক্তিও স্নদূর-পরাহত**॥

(৩) গৌড়ীয়দের উপাস্ততত্ত্ব— স্বয়ং ভগবান ব্ৰজেন্ত্ৰনন্দন শ্ৰীকৃষ্ণ ও তাঁহার অভিন্ন প্রকাশ শ্রীগোরাঙ্গ। শ্রীরাধাপাণবন্ধর উপাসনাই সর্বশ্রেষ্ঠ—একথা ইঁহারাই তারস্বরে

ঘোষণা করিয়াছেন। নিরুপাধি-প্রীতির পাত্রত্বই ভগবতার সর্বশ্রেষ্ঠ लक्रण, व्यातात द्रष्ट्रे निक्रणाधि-প্রীতির পাত্রটির প্রতি ঘাঁহার যত বেশী প্রীতি, তাঁহার নিকট তত অধিক পরিমাণে প্রীতির পাত্রত্বণ

বা মাধুর্য প্রতিফলিত হয়। সকল

অবতার হইতেও গ্রীগোকুলনাথে

ঐ প্রীতির পাত্রতা সর্বাপেকা অধিক। তাহার মধ্যেও আবার যাঁহারা সর্বভেষ্ঠা শ্রীকৃষ্ণ - আরাধিকার আহুগত্যে মধুররদে উপাদনা করেন —তাঁহাদের নিকট আবিভূতি যে

শ্রীগোকুগনাথ—তাঁহারই

বহু বৈশিষ্ট্য থাকিলেও সর্বশ্রেষ্ঠ। আরাধিকা রাধিকার প্রাণ-বন্ধুই উপাশ্ত-বিচারে পরাকাঞ্চা-স্বরূপ (দশশোকীভাষ্য দ্রষ্টব্য); আবার গ্রীগোরাঙ্গরূপ কল্পবৃক্ষে শ্রীরাধা-

क्षिक

স্বাপেক। অধিক। মধুর রসের বহু

বিহগযুগল অভিনভাবে আন্তনীড় (আশ্রিত) বলিয়া কলি-শ্রীগোরাঙ্গ-ভজনে অন্তৰ্নিহিত : যাবতীয় ভজনই

(প্রীচৈতগুচক্রোদয় ও প্রীচৈতগু চন্দ্রায়ত দ্ৰষ্টব্য)। 'প্রাপুঃ পূর্বাধিকতরমহাপ্রেমপীযূষলক্ষীং, স্ব-প্রেমাণং বিতরতি জগতাদ্ভতে হেম-

গৌরে ॥' (৪) প্রমাণ-বৈশিষ্ট্য-প্রমাণের মধ্যে শ্রুতি-প্রমাণই যে সর্বশ্রেষ্ঠ, একথা অবিসংবাদিত, যেহেকু অন্তান্ত প্রমাণ অতীন্দ্রির রাজ্যে দোব্যুক্ত শ্রুতি-প্রমাণেও নহে: আবার শ্রীমদ্ভাগবতের সর্বশ্রেষ্ঠতা স্বীকৃত. যে পরতত্ত্ব-বিনিশ্চায়ক ইহাতে 'বদন্তি তত্ত্ববিদঃ' শ্লোক হইয়াছে, তাহাতে একই স্বরূপের আবির্ভাবেরই ছোতনা করিতেছে; ব্রহ্ম, আত্মাও ভগবান —এই ত্রিভত্ত্বে স্ফুরিভ স্বয়ংরূপই সাধকগণের দর্শনশক্তি-অন্নসারে

বৃহত্ত : সংমৃক হইয়া আংশিক: শক্তির প্রকাশবিশিষ্ট স্বরূপই প্রমাত্ম এবং পূর্ণদর্শনে সম্পূর্ণস্বরূপ-শক্তির প্রকাশময় বস্তুই 'ভগবং'-পদবাচা। ভগবতার মধ্যে নিরুপাধিক প্রীতির পাত্ৰত্ব গুণ (মাধুৰ্য) বত অধিক

প্রকাশিত হয়, ততই শ্রেষ্ঠতা বুঝিতে

আবিভূতি হন; নিধর্মকরূপে—

অস্পষ্টবিশেষরূপে- আবিভূতি হইলে:

অংশী স্বয়ংভগবান শ্রীক্ষেই নিরুপাধি প্রীতিপাত্রতা; গমবিক বেশী, অতএব অংশী শ্রীক্বঞ্জের প্রতিপাদক শ্রীমদ্ভাগবতই অংশ-প্রতিপাদক শাস্ত্রগণের শিরোমণি শ্বর্থাৎ পরতত্ত্বস্তু-প্রতিপাদক শাস্ত্র--গণ শ্রীমদভাগবতেরই অন্তর্ভু জা 'শাস্ত্রং ভাগবতং প্রমাণম্মলং'।

(৫) ধাম-বৈশিষ্ট্য-- শ্রীরামামুজ

আচার্যের মতে বৈকুপ্তই পরম ধাম। শ্রীমধ্বমতে শ্রীক্ষারে পঞ্চান— ভূলোক, স্থ্মগুল, ব্ৰহ্মলোক বা সত্যলোক, রুদ্রলোক এবং বৈকুণ্ঠ। মহাভারত-তাৎপর্য-নির্ণয়ে এবং শ্রীমদ্ ঘাদশস্তোত্রে ৬া৫ শ্লোকে তিনি গোকুলে श्रीकृष्णनीनात বৰ্ণনাও দিয়াছেন। ব্ৰহ্মস্ত্ৰভাষ্যে তিনি ভীমসেনের অবতার এবং অন্তত্ত 'ভারতব্যু চারী'] বলিয়া পরিচয় প্রীনিম্বার্ক 'সবিশেষ-দিয়াছেন। নির্বিশেষ-প্রীকৃষ্ণস্তবে' বলিয়াছেন— শ্রীকৃষ্ণধাম সর্বোপরি—দশশ্লোকীর ভাষ্যে শ্ৰীপুৰুষোত্তম আচাৰ্য ঐ ধামকে 'ছারক।' বলিয়া উল্লেখ করিয়াছেন। বেদাস্তরত্বমঞ্জুষায় তিনি বলিয়াছেন 'কুক্মিণী - সত্যভামা - ব্ৰজস্ত্ৰীবিশিষ্টঃ শ্রীভগবান'-এই বাক্যে দারকা বা গোলোক বুঝা যায় না; 'সবিশেষ-নিবিশেষ-শ্রীকৃষ্ণস্তবের' টীকায় কিন্তু গোলোক বলিয়াই উল্লিখিত। গোপাল-তাপনীতে শ্রীরন্দাবন এবং (बक्रालाभानभूतो) मथूतात উল्लंथ আছে, কিন্তু গোলোকের উল্লেখ <u>শ্রীহরিভক্তিবিলাসমতে</u> মধ্যে বস্থদেব-আবরণদেবতার প্রভৃতি দেবকী এবং রু **ক্মি**ণী মহিবীগণও আছেন। গৌতমীয়-ভয়ের ধানে শ্রীবন্দাবনে গোপী ও মহিষীগণের সংস্থান দেখা যায়। এই ধ্যানামুযায়ী প্রীবৃন্দাবনে প্রীকৃষ্ণ-কান্তা হওয়ার ইচ্ছা করিয়াও যদি (क्ट प्रशिक्ति थान ना ছाएन, মহিষীত্ব তিনি দারকায় লাভ করিবেন (শিক্ষু ১।২।১৫৭)।

বল্লভাচার্যের মতে গোলোকে মধুর ভাবে একিঞ্চভজনের কথা আছে, (অণুভাষ্য ৩৩); ঈশ্বরবৃদ্ধিও আছে, মধুরভাবও আছে— শুদ্ধমাধুর্য নহে। গৌড়ীয়দের মতে গোলোকে (परमीमा (एपरमीमपा९--वक्रमः-হিতায় শ্ৰীজীব ও ভাগবতামৃতকণায় শ্রীচক্রবর্ত্তী)। 'গোপী-অমুগতি বিনে ঐশ্বৰ্যজ্ঞানে। ভজিলেহ নাহি পায় 'বৈকুণ্ঠাজ্জনিতা' ব্ৰজেন্দ্ৰনে'॥ ইত্যাদি শ্লোকেও ক্রমশঃ শ্রেষ্ঠতার যে ইন্ধিত আছে, তাহাও প্রণিধান-যোগ্য। পূর্ণতম এক্সঞ্চ যেম্বলে পূৰ্ণতম সৰ্বতন্ত্ৰস্বভন্তবায় কেলিমাধুৱী প্রকট করিতে পারেন—ধাম-বিচারে তাহারই সর্বশ্রেষ্ঠতা যুক্তিযুক্তই বটে। হৃতরাং 'যতু গোলোকনাম স্থাৎ তত্ত্বু গোকুল-বৈভবম্॥' (৬) অভিধেয়-বৈশিষ্ট্য-

ঐশ্বর্য ও মাধুর্যভাবে উপাসনা হয়। ঐশ্বর্য ভাবের উপাসনায় পরমেশ্বর-বৃদ্ধি থাকে বলিয়া নিরুপাধি প্রীতির অবকাশ হয় না; কিন্তু মাধুর্যভাবের উপাসনায় কদাচিৎ পরমেশ্বর প্রকট হইলেও তাহাতে সম্ভ্রম বা গৌরববৃদ্ধি না হইয়া প্রিয়-তারই গাঢ়তা (আধিক্য) হয়, মাধুর্যভাবের চরম বিকাশ-মধুরা রতিতে, অন্তান্ত রস মধুরে অস্তর্ভুক্ত অথবা ইহারই পোষণজ্ঞ সর্বথা নিযুক্ত। অমুকৃল গাঢ় প্রেমময় তৃফাদারাই শ্রীকৃষ্ণ স্থপ্রভা এবং মহৎক্রপাফলে বা মহৎসঙ্গবলেই এজাতীয় ভাব তরুণ সাধকেও শংক্রমিত হয়—এই কথাই গৌডীয় মাচার্যগণ ভক্তিসন্দর্ভাদি বিবিধগ্রন্থে

স্থূণানিখনন-ভায়ে বারংবার বিচার-বিশ্লেষণ করিয়া দেখাইয়াছেন। ভগবৎ-প্রাপ্তির সহজ প্রথকর উপায়-নির্দ্ধারণে এই গোড়ীয়গণেরই অবদান অসমোর্দ্ধ।

(৭) প্রয়োজন-বৈশিষ্ট্য--বিমুক্তি ভগবৎপ্রীতিই প্রয়োজন: বা পরতত্ত্বের 'অমূভব' জান বলিতে তৎসাক্ষাৎকারই বোদ্ধব্য। সাক্ষাৎকার-শব্দে প্রিয়তাই ধ্বনিত — 'প্রিয়ত্বলক্ষণধর্ম-সাক্ষাৎকারং বিনা সাক্ষাৎকারোহপি অসাক্ষাৎকার (ভক্তিসন্দর্ভে)। প্রিয়তার বৈচিত্ৰী অব্শু श्रीकार्य: পুত্র ও কান্তভাবে স্থা, তাঁহাকে ভালবাসা যায়। কান্ত-ভাবে ভালবাসারই সর্বশ্রেষ্ঠতা আর্ঘ-উদ্ধোষিত। তন্মধ্যে যে প্রীতির আধারের নিকট শ্রীগান্ধর্বা-দয়িত স্বাধীনভাবে প্রকটিত হন, প্রীতিই পরাকাষ্ঠাপ্রাপ্ত। স্বরূপানন্দ ও স্বরূপশক্তির সাহচর্যে প্রকাশিত আনন্দভেদে পরতত্ত্বের আনন্দ দিবিধ। স্বরূপানন্দ-ব্রন্ধ: আর শক্ত্যানশ—আশ্রয় তত্ত্ব হইতে প্রীতির বিষয় যে আনন্দ করেন, তাহা। স্বরূপানন্দ হইতে শক্ত্যানন্দেরই শ্রেষ্ঠতা – তাহার মধ্যে আবার জ্লাদিনী শক্তির প্রকাশেই আনন্দাধিক্য সর্বমহাজন-স্বীকৃত। ঐ শক্তি উপাশ্ব ও উপাসক উভয়েরই হলাদিনী শক্তির আনন্দদায়িনী। সর্বশ্রেষ্ঠ প্রকাশ হয়—গ্রীরাধাতে; স্থতরাং শ্রীরাধা ও তদমুগাগণের দেবিত পরতত্ত্বের প্রতি আমুকুল্যময়ী প্রীতিবিধানই প্রয়োজন-বিচারে

সর্বশ্রেষ্ঠতা লাভ করিতেছে। [শ্রীতি-সন্দৰ্ভাদি **ज्**षेत्र 🛚 । সকলেই একবাকো স্বীকার করিবেন যে নিজের অপেকা শ্রেষ্ঠজনের পূজন কর্ত্তব্য, পূজনক্রিয়া আমুগত্যমূলকই —ক্বতজ্ঞতাই বৈফবধর্মের বিশেষ वह लोड़ी गरेन कर वर्ष প্রী ওরুরপা স্থীর আমুগত্যে কুঞ্জ-

সেবাধিকার-লাভই অভীষ্টতম বস্তু। এই প্রথা অন্তত্র কুত্রাপি দেখা যায় না। মহাপ্রসাদ, গোবিন্দ, নামব্রহ্ম ও হুদুঢ় বিশ্বাস কেবল এই ধর্মেই ফুটতররূপে অভিব্যক্ত হইয়াছে।

আচার্য শ্রীনিম্বার্কপাল প্রীরাধার

উপাসনার কথা বলিলেও তাহাতে ছুণ্টতা প্রদর্শিত হয় নাই, কারণ তাহাতে স্বকীয়াবাদই সমুল্লসিত হইয়াছে। এীবিঞুসামির আমুগত্যে শ্রীকৃষ্ণকর্ণামৃত মধুররসাশ্রিত লীলা-কথা কীৰ্ত্তন করিলেও তাহাতে শ্রীবৃষভা**তুনন্দিনী**র শ্রীগৌর-প্রদত্ত আমুগত্যমূলক চমৎকারিতার অভাব দেখা যায়। এমন কি প্রীগীত-

গোবিশেও উহা কীত্তিত হয় নাই:

মুতরাং বলিতে হয় যে অন্পিতচরী

উন্নতোজ্ঞলরসগর্ভা আমুগতাম্যী

স্বভক্তিশ্রীর সমর্পণই শ্রীগৌরাবতারের

প্রধানতম বৈশিষ্ট্য।

(৮) জীবতত্ত্ব-বিচারে-বৈশিষ্ট্য-মায়াধীশ ভগবান ও মায়াবশবর্তী জীব; স্থতরাং উভয়ের মধ্যে ভেদ অনিবার্য। আবার শক্তিশক্তিমদ-বিচারে অভেদ। ইহাই অচিন্তা-ভেদাভেদ-বিচার। প্রমাত্মা শ্রীক্ষকের স্বাংশ আর জীব বিভিন্নাংশ,

জीব इहे खेकात--- अना िमूक (নিত্যপরিকর)_ এবং অমাদিবদ্ধ (মায়িক) জীব। সাধুসঙ্গে মায়িক-জীবেরও সংসারনাশ এবং প্রেম-ভক্তি লাভ হইতে পারে—এই সব বিদ্ধান্ত গোড়ীয়দের**ই** পরি**ষা**র ও ও বিশদতর।

এতদ্বারা সপ্রমাণ হইল যে গৌড়ীয়গণের শাস্ত্র, নাম (মন্ত্র), উপান্ত, সাধন, ধাম, প্রয়োজনাদি সকলই পরাৎপর তন্ত্ব। গোড়ীয়-গণের শাস্ত্র শ্রীমদ্ভাগবত—স্বয়ং ভগবান্ পূর্ণতম শ্রীক্লফের নির্ণায়ক বলিয়া পূৰ্ণতম; তদ্ব্যতীত অক্ত আংশিক। গোডীয়গণের মন্ত্রের মধ্যে সমস্ত মন্ত্র. িযে মন্ত্রেতে সকল মৃতিতে বৈসে প্রাণ। সেই প্রভূ শ্রীকৃষ্ণ চৈত গ্রচন্ত্র নাম॥] উপাস্তের মধ্যে ব্রহ্ম-প্রমাত্মার আবির্ভাব, ঋষি--আরাধিকা গ্রীরাধিকার মধ্যে সমস্ত উপাসক. সাধনের মধ্যে যাবতীয় সাধন ও প্রয়োজন-পরাকাষ্ঠার মধ্যে

শ্রীভক্তিরসামৃত্যিক্সর স্পর্শন, তাহাতে অবতরণ, নিমজ্জন, অবগাহন, সম্ভরণ ও তাহা হইতে ভাবরত্ব আহরণ গন্তব: অক্ত কোনও উপায়ে সন্তব নহে। গোড়ীয়-সাহিত্য সর্বসঙ্কীর্ণতা-বিমুক্ত ও মহারসভাব-মাধুর্যাবগাহী —বিশ্ববিশাল ওদার্যে ও জগতের প্রতি প্রগাচ প্রীতিময় ব্যবহারে

গোডীয়গণই

স্থতরাং গৌড়ীয়গণের ক্বপাতেই

প্রয়োজনই অন্তর্ভু ক্র

অদ্বিতীয়—নম্ৰতা-ধীরতা-গর্ভ বাক্যে স্বাপকর্ষ-প্রদর্শনেও অন্তের স্মানদানে ইহারা অপ্রতিম

রহিয়াছে.

গৌডীয়-বৈষ্ণব-অলঙ্কার ১৫১৭ —সংস্কৃতসাহিত্যে রসবস্তুর অপরি-ফুট আলোচনাকে ইংহারা স্থবিশদ ও পরিক্ষুটতর করিয়া জগতের সমক্ষে প্রকটিত করিয়াছেন। ভগবদ্-বিশ্বাসিজনগণের ভগবৎ সম্বন্ধে যে ধারণা (তিনি পাপপুণ্যবিচারক বা অনন্ত ঐশ্বৰ্যময় ইভ্যাদি) আছে— ইঁহার। তদুধ্বেও আরোহণ করিয়া তাঁহাকে প্রাণারাম হৃদয়স্থা বলিয়াছেন। 'জীবাত্মা মাত্রই যে নারী এবং শ্রীভগবান্ই যে একমাত্র পতি'--একথাও ইহারা বিশেষভাবে প্রদর্শন করিয়াছেন। তথু তাহাই নছে, London বিশ্ববিভালয়ের Cardinal Newman সাহেবের 'God is Lover' এই উক্তি হইতেও উর্দ্ধস্তরে আরোহণ পূর্বক ইঁহারা শ্রীভগবান্কে Paramour (উপপতি)-রূপে গ্রহণ

উপদেশ দিয়াছেন। এই পরকীয়া-ভাবের উপাসনাই গৌডীয়গণের মহাবৈশিষ্ট্য। 'ব্রজ্বধূগণের এই ভাব নিরবধি। তার মধ্যে শ্রীরাধায় ভাবের অবধি॥' 'পরিপূর্ণ ক্লফ-প্রাপ্তি এই প্রেমা হইতে। অতএব বশ কৃষ্ণ--ক্ষে ভাগবতে॥' গোড়ীয়-বৈঞ্চব-সাহিত্যে অলঙ্কার শাস্ত্র-অলঙ্কার-শাস্ত্রকে 'কাব্য-মীমাংদা' নামেও অভিহিত করা হয় এবং ইহাতেই এই শান্তের স্বরূপ-পরিচয় হয়। এই শাস্তের সম্যক্ জ্ঞান হইলে কাব্যরচনায় এবং কাব্য-স্থিত দোষ, গুণ, রীতি ও অলম্বার প্রভৃতির অবধারণে শক্তি হয়। বৈছকে নিনানের আবশ্যকতার ছায়. ভাষায় ব্যাকরণের প্রয়োজনের গ্রায়--

এই অলঙ্কার কাব্যেও শাস্ত্রের সবিশেষ উপযোগিতা ও অপেকা পরিলক্ষিত হয়। এই শাস্ত্রে দোষ, গুণ, রীতি ও রসাদির সমাবেশ থাকিলেও কেন ইহাকে 'অলঙ্কার-শাস্ত্র' বলা হয়—তাহাই বিবেচ্য বটে। ভামহ, উদ্ভট, রুদ্রট ও বামন প্রভৃতি প্রাচীন আলম্বারিকগণ গুণ ও অলঙ্কারের প্রায়শঃ সাম্য স্বীকার করিয়া * 'অলম্ভারা এব কাব্যে প্রধানমৃ' এই সিদ্ধান্ত করিয়া-ছেন, কাজেই অলঙ্কার-প্রধান বলিয়া এই শাস্ত্রও তৎকালে 'অলম্বার' আখ্যালাভ করিয়াছে। এই শ্রেণীকে 'অলঙ্কার-প্রস্থান' বলা বায়।

দণ্ডী কাব্যাদর্শে অলঙ্কারের প্রাধান্ত স্থাপন করিলেও কাব্যের প্রাণ বলিয়া গোড়ীয়া ও বৈদর্ভী রীতির ভেদ নিরূপণ করিয়া-ছেন। 'শ্লেষঃ প্রসাদ সমতা' ইত্যাদি দশবিধ গুণই বৈদ্ভী মার্গের প্রাণ এবং ইহার বিপরীত ভাবই গৌড়ীয়া রীতিতে স্মাদৃত বলিয়াছেন। কাব্যালক্ষার-স্থত্রবৃত্তিতে বামনও গুণকৈ কাব্যশোভা-বিধায়ক এবং অলঙ্কারকে গুণক্বত কাব্যুশোভার উৎকৰ্ষ-সম্পাদক বলিয়া গুণেরই প্রাধান্ত দিয়াছেন। ইহাঁদের মতে রীতিই কাব্যের আত্মা; বৈদর্ভী, পাঞ্চালী ও গৌড়ীয়া-নামক রীতি-ত্রয়ের মধ্যে বৈদর্ভীকেই সর্বোচ্চ স্থান

* কুষ্যুক-কৃত 'অল্কার-নবপৈ' 'উভটাদি-ভিন্ত গুণালকারাণাং প্রায়শঃ সাম্যমেব ভূচিতঃ, বিষয়মাত্রেণ ভেদ-প্রতিপাদনাৎ। * * * ভদেবমলক্ষারা এব কাব্যে প্রধানমিতি প্রাচ্যাকাং মতব্।' দিয়াছেন। ইঁহারাও ধ্বন্তমান অর্থকে বাচ্যোপস্থারক বলিয়া অলঙ্কার-পক্ষেই নিক্ষিপ্ত করিয়াছেন, কাজেই তখনও এই শাস্ত্র 'অলঙ্কার'-নামেই অভিহিত রহিল। এই শ্রেণীকে 'রীতি-প্রস্থান' আখ্যা দেওয়া যায়। ভামহ ও উদ্ভট অলঙ্কারের সর্বথা প্রাধান্ত স্বীকার করিয়াছেন বলিয়া তদতিরিক্ত কোনও ধর্মের অস্তিত্ব गात्नन नारे, विश्व धर्म किছू পরিবাক্ত হইলেও তাহা অলম্বার-পর্যায়েই অন্তর্ভুক্ত করিয়াছেন । ভরতের নাটাশাস্তে অলঙ্কারের দোষ ও গুণের বিবৃতি দেওয়া হইয়াছে। বামনাচার্য শব্দগুণ ও অর্থগুণের পরিস্ফুট করিয়াছেন। পার্থক্য ভোজরাজ-কৃত সরস্বতী-কঠাভরণে গুণদোষের বিস্তৃত বিবরণ, বিভাগ-ইত্যাদি দেখা क्षा होत का जानकारत थन, जनकात, দোষ ও রীতির আসন সমান। তিনি রীতির 'লাটীয়া'-নামক করিয়া পূর্বোক্ত রীতির চাতুর্বিধ্য প্রতিপাদন করিয়াছেন। লঘুসমাস-निवक्षा तहना-शाकानी, मधाममाम-বহুলা-লাটীয়া; অতিবিস্তৃত-সমাস-ভূমিষ্ঠা গৌড়ীয়া এবং সমাস-রহিতা রচনাই বৈদর্ভী। ইনি শব্দালন্ধার ও অর্থালঙ্কারের ভেদ করিয়া দেখাইয়া-ছেন। ক্ষুটের গ্রন্থে রদের অবতারণা

† 'তত্র কাব্যালন্ধারা বক্রোক্তিবান্তবাদরঃ অন্ত প্রাধান্তেন অভিধেরঃ। অভিধের-বাপদেশেন হি শাস্ত্রং বাগদিশন্তিম্ম পূর্বকবরঃ যথা কুমারসন্তবঃ কাব্যমিতি। দোযা রসাশ্তেহ প্রাসন্ধিকা ন তু প্রধানাঃ।' নমিসাধু… হইয়াছে। তিনি শৃঙ্গার, বীর, করুণ, বীভৎস, ভয়ানক, অভুত, হাস্থ, রৌদ্র, শান্ত ও প্রেয়ান্—এই দশবিধ রসের উল্লেখ করিয়াছেন। শৃঙ্গার রসের সন্তোগ ও বিপ্রলম্ভ-ভেদ, নায়ক-নায়িকার ভেদ এবং বিপ্রলম্ভ শুঙ্গারে প্রথমামুরাগ, মান, প্রবাস ও করুণ এই চারি প্রকার অবাস্তর ভেদ স্বীকার বস্ততঃ প্রাচীন করিয়াছেন। আলম্বারিকগণের মধ্যে ইনিই রসের প্রাধান্ত ও মহিমা ঘোষণা করেন। অগ্নিপুরাণে ৩৩৭ অধ্যায় হইতে ৩৪৭ অধ্যায় পর্যন্ত অলঙ্কার প্রকরণ আছে। পুরাণমতে নীরস বাক্য কাব্যই হইতে পারে না *। চিন্ময় ব্রন্ধের স্বাভাবিক আনক্ষের অভিব্যক্তি হইলে 'চমৎকার রদ' হয়, এই রদের আত বিকার অহন্ধার, তাহা হইতে অভিমান এবং তৎপরে রতির উদ্রেক হয়। এই রতি ব্যভিচারী অহভাব প্রভৃতি দারা পরিপুষ্টতা লাভ করিলে শুঙ্গার রস হয়। (৩৩৯।১– ৪) রাগ বা রতি হইতে শৃঙ্গার, তৈক্ষ্য হইতে রৌদ্র, অবইজ্ঞ হইতে বীর এবং সঙ্কোচ হইতে বীভৎস রসের উদ্ভব হয়। আবার শৃঙ্গার হইতে করুণ, বীর হইতে অদ্ভত এবং বীভৎস হইতে ভয়ানক রসেরও স্ষ্টি হয়। (৩৩৯/৫-৮) ইহার অলঙ্কারলকণ হইতেছে—'কাব্যশোভাকরান্ধর্মান্ অলঙ্কারান্ প্রচক্ষতে।' † এই পুরাণে

শল্মীরিব বিনা ত্যাগায় বাণী ভাতি
নীরদা (০০৯।৯) এবং 'ন ভাবহীনোহন্তি
বদো ন ভাবো রদ-বর্জিতঃ।' (০০৯।১২)।
† অলক্ষরণমর্থানামর্থালক্ষার ইয়তে।
তং বিনা শক্ষ-সৌন্দর্বমণি নান্তি মনোহরম্।

পরস্পর

সম্বন্ধ

13

অসন্দিগ্ধতা

শব্দালক্ষার, অর্থালঙ্কার ও উভয়া-লঙ্কার-ম্বরূপে † অলঙ্কারের তৈবিধা স্বীকৃত হইয়াছে। কদ্রট ও অগ্নিপুরাণ রসের প্রাধান্ত স্বীকার করিলেও রস যে গুণ ও অলঙ্কার হইতে পুথক উপকার্য—একথা পরিফট করেন নাই। ইহারা রসকে অন্ত প্রকার গুণ বলিয়াই ধরিয়াছেন। অগ্নিপুরাণে ধ্বনি উভয়ালক্ষারের অবাস্থর-ভেদমধ্যে গণিত হইয়াছে এবং সরস্বতীকঠাভরণে ধ্রেনিমতা তু গান্তীর্যম্] গান্তীর্যনামক অভিনব গুণ বলিয়া স্বীকৃত হইয়াছে। পূৰ্বোক্ত শ্রেণীকে 'রস-প্রস্থান' বলা যায়। তৎপরবর্ত্তী আলম্বারিকগণ রসকে আত্মস্থানীয় বলিয়া সিদ্ধান্ত করিলেও কিন্তু পূর্বপ্রচলিত 'অলঙ্কারশাস্ত্র' ক্লপে ইহার নাম নির্দিষ্ট রহিয়াছে।

আনন্দবর্দ্ধনাচার্য 'ব্যক্তালোক' গ্রন্থে 'কাবাস্থাত্মা স এবার্থঃ' (১)৫) বলিয়া ধ্বনিকেই কাব্যের আত্মা নিরূপণ করিয়াছেন। ইঁহার মতে ধ্বনি বা ব্যক্তার্থ-প্রতিপাদনা দারাই কাব্যের চমৎকারিত্ব ও সৌন্দর্য সংস্থাপিত হয়। ব্যঞ্জনা ‡ (suggestiveness) রূপ ব্যাপারাস্তরের দারা বস্তু, অলঙ্কার বা রসভাবাদি বস্তুর প্রতীতি হইলেই কাব্যের উত্তমত্ব স্থীকৃত হয়। আবার যদি ধ্বনি

অর্থালঞ্চার-র্হিতা বিধবেব সর্বতী।
(০৪০)১—২)
† শকার্থগোরলঙ্কারে। ঘাবলঙ্কুকতে
সম্মৃ। একতা নিহিতো হারঃ ওনং

‡ বিরতাশ্বভিধাতাশ্ব ষয়ার্থো বোধ্যতে পরঃ। সা বৃত্তির্বাঞ্জনা নাম শব্দস্থার্থাদিক্স চ।

গ্রীবামিব স্ত্রিয়ঃ॥ (৩৪৫।১)

ধ্বস্তুত্রোদ্গার করে, তবে তাহা উত্তমোত্তম কাব্যব্রপে পরিগণিত হয়। ব্যঞ্জনা বৃত্তির বিপক্ষে পূর্বতন বহু মতবাদ খণ্ডন করিয়া আনন্দবর্দ্ধন ধ্বনিবাদের স্থাপনা করিয়াছেন এবং গুপ্ত ঐ গ্রন্থের টীকা 'লোচনে' অর্বাচীন বিপক্ষদের মত করিয়া ধ্বনিমতের পুনঃ প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে মশ্মটভট্ট শ্বকুত 'কাব্যপ্রকাশে'ব্যঞ্জনার সর্বাতিশায়ী মহামহিমা কীৰ্ত্তন করিয়াছেন। কাব্যপ্রকাশের রীতি অবলম্বনে বিশ্বনাথ কবিরাজ 'সাহিত্যদর্পণ' রচনা করেন। বিশ্বনাথ ইহাতে রুমাত্মক বাক্যকেই কাব্য বলিয়াচেন ৷ তৎপরে 'রুসগঙ্গাধর'-নামক প্রামাণিক গ্রন্থের প্রণয়ন পূর্বক পূর্বাচার্যগণ-কৃত অস্পষ্ট ও সংশয়াবৃত প্রমেয়-সমূহকে স্থস্পষ্ট ও নিঃসংশয়িতব্বপে প্রতিষ্ঠাপিত করিয়াছেন। অলঙ্কারের শ্রেণীবিভাগ এবং অবাস্তর ভেদ বিচার পূর্বক কুযাক 'অলঙ্কার-সর্বস্থ' করিয়াছেন। সাহিত্যদর্পণ, রসগঙ্গাধর, একাবলী ও চিত্রমীমাংসাদি গ্রন্থে রুষ্যকের মতই গৃহীত হইয়াছে। যাঁহারা রসকে কাব্যের আত্মা বলিয়াছেন, তাঁহাদের মত সমাদৃত হয় নাই, কিন্তু থাহারা রস কাব্যের আত্মা এবং ঐরস ব্যঞ্জনাব্যাপারেই হয়-বলিয়াছেন আবিভূ ত তাঁহাদিগকেই নব্য আলম্বারিকগণ দান করিয়াছেন।

ধ্বনিমতের মধ্যে প্রাচীন আলঙ্কারিক

সমাবেশ হইয়াছে এবং তাহাদের

সকল

পদাৰ্থ ই যথায়থ

প্রতিপাদিত হইয়াছে বলিয়া এই মত স্থবহুল স্মর্থন পাইয়াছে। কাব্যের আত্মা রস, শব্দ ও অর্থ তাহার শরীর, গুণ রসের ধর্ম এবং প্রাচীন আলম্বারিকগণ যাহাকে কাব্যের প্রাণ বলিয়া ধারণা করিয়া-ছিলেন--সেই অলঙ্কার কাব্যের শরীর-স্বরূপ শব্দ ও অর্থের শোভা সম্পাদন করিয়া কাব্যাত্মভূত রসের অভি-ব্যক্তির কারণ হয়—ইহাই এই 'ধ্বনি-প্রস্থান' নামক চতুর্থ শ্রেণীর সিদ্ধান্ত। এই মতে শব্দ ও অর্থের অবিচ্ছেন্ত সম্বন্ধ নিরূপণ করায় শব্দগত বা অর্থগত গুণ, দোষ বা ধৰ্ম বলিয়া অলঙ্কার উভয়েরই পরিগণিত হইয়াছে এবং কাব্যের আত্মা রস ধ্বনির অভিব্যক্তিতে প্রত্যেকেরই উপযোগিতা আছে। ঈদৃশ সর্বতোমুখতাই ধ্বনি-প্রস্থানকে সর্বসহৃদয়-সমাদরণীয় করিয়াছে। প্রবন্ধবিস্তারভয়ে অক্যান্য গ্রন্থকার বা গ্রন্থের নামোল্লেখ হইল না। বিশেষ জিজাসা থাকিলে Prof S. K. De, M. A. D. Litt-as 'History of Sanskrit Poetics' নামক গ্রন্থ দ্রম্ভব্য। আমরা একণে প্রসম্ভরে ঋগু বেদে কি ভাবে অলঙ্কার নিদ্ধপিত হইয়াছে—তাহারই সংক্ষেপ্তঃ

অনুসরণ করিতেছি।

উপমালস্বারের

নিরূপণ-প্রসঙ্গে যাস্কর্কত নিঘণ্ট্রর

তৃতীয় অধ্যায়ে ত্রয়োদশ বিভাগে—

যে (৩) চতুরি চদ্দদমানাৎ (৪)

ইদমিব (১) ইদং যথা (২) অগ্নি র্ন

বৈদিক-প্র্যায়

ব্রাহ্মণা ব্রতচারিণঃ (৫) বৃক্ষ্ম মু তে পুরুহুতবয়াঃ (৬) জার আ ভগম্ (৭) মেবোভূতোহতী যরয়ঃ (৮) তজ্পঃ (৯) তম্বণঃ (১০) তম্বৎ (১১) তথা (১২) ইতি দ্বাদশোপমাঃ।

[শ্রীজীবানন্দ সংস্করণ ২৭০ পৃষ্ঠা] ইহার নৈঘণ্ট্রক কাতে (ঐ ৪৪৬ পুঃ) বিবৃতি দিয়াছেন। নিপাতা উচ্চাবচেমর্থেয়ু নিপতন্তি 'উপমার্থেহপি' ইত্যাদি বেদেও উপমার অন্তিত্ব নিরূপণ করিয়াছেন ৷ 'উপমা' কাহাকে वटन १ উপমা नाम-कियाशिक्टरनवार्थ যঃ প্রদিদ্ধো গুণঃ, তদন্তবিরপ্রসিদ্ধ-স্তদ্গুণে২র্থে শব্দমাত্রেণ সংযোক্ত্য তদ্গুণ-প্রকাশনং ক্রিয়তে —সোপমা। উদাহরণ দিতেছেন— 'ছর্মদাসে ন স্থরায়ামি'ভ্যুপমার্থীয় উপরিষ্টাৎ উপচারস্কস্থ যেনোপ-মিমীতে। এই ঋথেদীয় (৫।৭:১৯) মল্লে 'ন' শক্টি উপমার্থে ব্যবহৃত হইয়াছে। লৌকিক সংশ্বতে 'ন' শক্টি নিষেধার্থে ব্যবহৃত হয়, কিন্তু বৈদিক সংস্কৃতে উহা নিষেধ ও উপমা-ছোতকা এইরূপে 'ব' ও 'বা'

শব্দ উপমাবাচক *।
পুনরায় (ঐ ৬৭৬ পৃষ্ঠায়)
উপমালক্ষণ-কথনে বলিতেছেন—
সামান্তলক্ষণনাসাং ব্রবীতি—যদতত্তৎ-

যৎকিঞ্চিদৰ্থ-

সদৃশমিতি গার্গ্যঃ।'

শক্ষর লোকিক সংস্কৃতেউপমার্থেও
ব্যবহৃত হইয় থাকে। (১) জাতাং মত্যে
তুহিনমথিতাং পদ্মিনীং বান্যরূপায় (মেঘদূত
৮০) (২) মণীবোষ্ট্রস্ত লত্মেতে (সিদ্ধাত-কোম্দী) (৩) হাষ্টো গর্জতি চাতিদর্পিত-

रामा पूर्वाधरना वा नियो (मुक्कि कि बार)

জাতমতদ্ভবতি, তৎসক্রপঞ্চ, যথা
অনগ্নিঃ খল্গোতঃ অগ্নিসক্রপশ্চ
সোহগিনোপমীয়তে — অগ্নিবিব

খলোত ইতি। এবমতৎসরূপেণ গুণেন গুণ-সামান্তাত্বপমীয়তে— ইত্যেবং গার্গ্যঃ আচার্গে মন্ততে।

'তদাসাং কর্ম' স আসামুপ্যানানামর্থঃ যদপ্রসিদ্ধতরগুণস্ত কন্তচিৎ প্রসিদ্ধ-

তর-গুণেনান্তেন গুণ-প্রকাশনম্— ইত্যাদি। * * * জ্যায়সাবা গুণেন, প্রখ্যাত তমেন বা কনীয়াংসং বা

প্রথ্যাত তমেন ব। কনায়াংসং বা
প্রথ্যাতং বোপমিমীতে। ভদ্ যথা
—সংহো মানবকঃ। চন্দ্র ইব

কান্তো মানবকঃ ইত্যাদি।
(>) 'তন্ত্যজেব তস্করা বনগূ

(ধক্- ৭।৫।১২।৬), এই স্থলে 'ইব' শব্দ উপমাবাচক। তজ্ঞপ সক্ত্যুমিব তিতউনা (ধক্—৮।২৩।২)। (২)

যথা ইতি—এষা কর্মোপমা, 'যথা বাতো যথা বনং যথা সমুদ্র এজতি', (ঋক্—৪।৪।২০।৪). এই স্থলে যথা=

ইব। (৩) 'অগ্নির্ন যে ভ্রাজনা'
— (ঝক্—৮।৩):২।২), এই স্থলে
ন= ইব। (৪) 'চড়র-চিদ্দদমানাৎ'

এম্বলে চিৎ = উপমার্থে ব্যবহৃত।
(৫) 'ব্রাহ্মণা ব্রতচারিণঃ' (ধ্রক্ ৫। ৭।

৩।১), 'ব্রাহ্মণা ইব ব্রতচারিণঃ' ইতি লুপ্রোপমা। (৬) 'বৃক্ষ্ম মু

তে' (ধক্—৪।৬।১৭।৩), মু উপমার্থ।
(৭) 'জার আ ভগম্' (ধক্—৭।৬।
১০।১), আ=ইব। (৮) 'মেযো-

ভূতো ভি যন্নয়ঃ' (ঋক্—৫। গা২ ৪।৫), মেষ ইত্যেষা ভূতশব্দেনোপমা।

(৯) (১০) অগ্নিরিভি—এযা রূপোপমা; 'হিরণারূপো হিরণা-

বৰ্ণঃ' (ঋকৃ—হাণাহতা৫)। (১১)

বদিতি— এষা সিদ্ধোপমা; ব্রাহ্মণ-বদধীতে, বৃষলবচ্চাক্রোশতি। (১২) থা ইত্যয়ং চোপমাশলঃ, তং প্রত্থা পূর্বথা বিশ্বথেমথা (৬ক্— ৪।২।২২।১)।

৪।২।২২।>)।

অথ লুপ্তোপমান্তর্গোপমানীত্যা
চক্ষতে—নিংহো ব্যাদ্র ইতি পূজায়াং
খা কাক ইতি কুৎসায়াং, কাক
ইতি শকামুকতিস্তদিং শক্নিযু
বছলং ন শকামুকতিবিল্লত ইত্যোপমন্তবঃ। (৬৯৫ পৃঃ), পূর্বোদাহত
বৈদিক মন্ত্রসমূহে উপমার চাতুর্বিধ্য
খীকৃত হইয়াছে—(১) কর্মোপমা,
(১) ক্লপোপমা, (৩) সিদ্ধোপমা ও
(৪) লুপ্রোপমা।

যাস্ক 'উপমান' শক্টিও ব্যবহার করিয়াছেন। 'যাবন্মাত্রমুষদো ন প্রতীকম' ইত্যাদি (ধক্—৮।৪।১২।৩) মন্ত্রের ব্যাখায়—* * * বাস্ত্যপ্মানস্ত পাণিনির সম্প্রতার্থে প্রয়োগঃ। ব্যাকরণে উপমান, উপমিতি সামাত্য প্রভৃতি শব্দের হইয়াছে। (১) উপমান—উপমানানি সামাত্রচল: (২০১৫৫), উপমানাদ-প্রাণিষু (৫।৪।৯৭), উপমানাচ্চ ইত্যাদি। (२) (6181209) ব্যাদ্রাদিভিঃ উপমিত—উপমিতং

সামান্তাপ্রয়োগে (২।১।৫৬) (৩)
সামান্ত—(২!১।৫৫, ৫৬) কাত্যায়নকৃত বাল্তিকে ১।৩।২১, ২।১।৫৫
ইত্যাদিতে এবং মহাভাষ্য ২।১।৫৫

প্রভৃতিতে উপমানের **লক্ষণ**ও নিরূপিত হইয়াছে।

এক্ষণে আমরা ধ্বনি-প্রস্থানেরই মতাফুবর্তী গোড়ীয় বৈফ্বসাহিত্য-সমুহে কি ভাবে অলঙ্কারের

আলোচনা হইয়াছে. তাহারই দিগদর্শন করিব। ১৪৬৩ শকে গোডীয়ভক্তিসিদ্ধান্তাচার্য শ্রীরূপ-'ভক্তিরসামৃতসিন্ধু' গোস্বামিপাদ প্রণয়ন করিয়াছেন এবং তৎপরে ১৪৭১ শাকের পরে 'উজ্জ্লনীলমণি' নির্মাণ করিয়াছেন। **उड्डान** क র্যামতেরই পরিশিষ্ট বলা চলে: এ বিষয়ে স্বয়ং গ্রন্থকার (ভক্তি-রসামৃত পশ্চিমবিভাগে বলিয়াছেন যে শান্ত, দাশু, স্খ্য ও বাৎসল্য রসে ভক্তিবৃদ্ধিতে উন্মুখ অথচ উজ্জ্বল রসের স্থূলদর্শনে কাম-.বুদ্ধি স্থাপন করত তাহাতে অকচি-সম্পন্ন জনগণের অন্প্রাগী ও তাহাদের নিকট এই রস্টী তুর্লভ বলিয়া এবং দেশকালপাত্র-বিশেষে ইহা রহস্ত বলিয়া ভক্তিরসামূতে স্থবিশাল উজ্জ্বল রুস সংক্ষেপে আলোচিত হইয়াছে, কিন্তু উজ্জ্বল-নীলমণিতে তাহাই ব্স্তিতভাবে বৰ্ণিত হইয়াছে (উচ্ছল নায়কভেদ २)। উজ্জ্বলের অধিকাংশই শ্রীসিংহভূপালক্বত 'রসার্থরস্থাকর'-নামক গ্রন্থরভ্রের ছায়াবলম্বনে লিখিত হইয়াছে। এই গ্রন্থদন্ত্যে ভক্তি-রসেরই সমাক্ আলোচনা পরিদৃষ্ট হয়। ইংহার। ভক্তিকেই মুখ্য অভিধেয় বলিয়া স্বীকার করিয়া ভক্তিরসের অভিনব ব্যাখান দিয়াছেন। এপাদ এরপ রসামৃতে (২া১া৩) ভক্তিরসের এই লক্ষণ দিতেছেন ——বভাবৈরমুভাবৈশ্চ সান্ধিকৈর্ব্যভিচারিভিঃ। স্বাগ্যত্বং ষদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ। এষা রক্ষরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো

ভবেৎ॥ ৫।৬॥ ভক্তির্সাস্বাদনের ভাগ্য সকলের হয় না, তাহার জন্ম অধিকারী-নির্ণয় করিয়া বলিতেছেন-প্রাক্ত ক্রাধুনিকী চান্ডি যক্ত সম্ভক্তিবাসনা। এষ ভক্তি-রসাস্বাদস্তব্যৈব হৃদি জায়তে ॥৭॥

'রদ' ব্রহ্মবৎ অবাঙ্মনস্গোচর হইলেও (Though it is something mystical, metaphysical and transcendental, yet it can be realised by the excepted few that have a sympathetic heart receive it as an audiance.) দ্রপ্তা ও শ্রোতাদের ভাগ্যবান রসাস্বাদন হইতে পারে। y o स्रिश এবং প্ৰবাকাৰে শ্রোতাকে 'সামাজিক' বলা হয়। দৃখকাব্যের অমুকার্য, অভিনেতা ও দর্শক, আর শ্রব্যকাব্যের বর্ণনীয় নায়কাদি, পাঠক ও শ্রোতা-ইহাদের মধ্যে দর্শক ও শ্রোতার রসাস্বাদন হয়—ইহাই অধিকাংশ আলঙ্কারিকের মত ৷ লৌকিক: দত্যং বেছঃ সহৃদয়েরয়ম্ —(শাহিত্যদর্পণ ৩); ভক্তিরশামতে রুসের লক্ষণ দিতেছেন—(২াণ ১১৪) ব্যতীত্য ভাবনাংগ্র্মশ্চমৎ-কৃতিভারভঃ। হৃদি সত্তোজ্জলে বাঢ়ং স্বদতে স রসো মতঃ॥

ভরতমূনি নাট্যশাস্ত্রে বলিতেছেন —বিভাবামুভাবব্যভিচারি-সংযোগাদ বিভাবৈরমুভাবৈশ্চ রসনিষ্পতিঃ। সান্তিকৈর্ব্যভিচারিভিঃ। স্বাগ্যত্বং নীয়মানাসো স্থায়ী ভাবো রসো মতঃ॥ আবার অল্বার-কৌস্তভে (৫ম) বহিরন্তঃকরণয়োর্ব্যাপারান্তর-রোধকম্। স্বকারণাদি - সংশ্লেষি চনৎকারি স্থথং রসঃ। এম্বলে 'কারণাদি' বলিতে রসের নিমিত্ত কারণ—বিভাব, সমবায়ী —স্থায়ী ভাব, অসমবায়ী—সঞ্চারী ভাব এবং রুসের নিয়ত কার্য-অমুভাব ও সাত্তিক প্রভৃতিকে বুঝাইতেছে। ফলকথা—সামাজিকের চিত্তম্ব স্থায়ী ভাব কাব্যগত বিভাব, অমুভাব, সাত্ত্বিক এবং সঞ্চারী ভাবের মিলিত হইয়া রসরূপে পরিণত হয়।

রসশাস্ত্র (১) সাধারণ বা প্রাকৃত এবং (২) অপ্রাকৃত ভক্তিরস্পাস্ত-দ্বিবিধ। ভক্তিবাদিমতে প্রাক্ত পার্থিব নায়ক নায়িকাদির র্গাস্থাদন হয় না-কেবল শ্রীরাম-সীতা প্রভৃতি দিব্য নায়ক-নায়িকারই রুসাস্বাদ হয়: স্থুতরাং ভগবদ-বিষয়ক কাব্যশাস্ত্রবিনোদন ব্যতিরেকে সামাজিকের রসাস্থাদন সম্ভবপর নছে। অফুকার্যের রসাস্বাদনই যদি না হয়. তবে **সামাজিকেরও** রসাম্বাদন হইতে পারে না। প্রাকৃত অমুকার্যাদির রুসামূভব সিদ্ধ হয় না, স্থতরাং লৌকিক কাব্যনাট্যাদির আলোচনায় সামাজিকের রসাম্বাদন নিপার নতে। সাধারণ রসশাস্ত্র-কারের৷ বলেন যে 'পারিমিত্য, লৌকিকত্ব ও অন্তরায়যুক্ত বলিয়া' (সাহিত্যদর্পণ—তৃতীয়) অমুকার্যের রসাস্বাদন না হইলেও কিন্তু মহা-कविष्मत (लथनीरेनशूर्णा कांचा-নাটকাদিতেও এবম্বিধ রস সঞ্চারিত হইতে পারে. যাহাতে সামাজিকেরও রসাস্বাদন-সম্ভব হয়।

ভক্তিরসায়নে গ্রীমধুস্থদন সরস্বতী বলেন—অতন্তদাবির্ভাবিত্বং মনসি প্রতিপ্রতে। কিঞ্চিন্যুনাঞ্চ রস্তাং যাতি জাড্যবিমিশ্রণাৎ॥ (2150) স্বকৃতটীকারাঞ্চ— বিষয়াবচ্ছিন্ন-*চৈতন্ত্ৰ*মেৰ দ্রবাবস্থমনোবৃত্যারচ়-তয়া১১বির্ভাবিত্বং প্রাপা রসতাং প্রাপ্নোতীতি ন লৌকিক-রস্মাপি পরমানন্দরাপতামুপপত্তিঃ, অতএবান-বচ্ছিন্নচিদানন্দ্ৰবন্দ্ৰ ভগবভঃ ক্ষুরণাদ্ভক্তিরসেহত্যস্তাধিক্যমানদন্ত, লৌকিকরসে তু বিষয়াবচ্ছিন্নস্থৈব চিদানশাংশস্তা স্কুরণাৎ তত্তানন্দস্তা ন্যনতৈব, তত্মাদ্ ভক্তিরস এব লৌকিকরসামুপেক্ষ্য সেব্য ইত্যর্থ:। অর্থাৎ বিষয়ানচ্ছিন্ন চৈতগ্ৰই দ্রবীভূত মনোবৃত্তিতে আরোহণ করিয়া—আবিভূতি হইয়া রদরূপে পরিণত হয়, অতএব লৌকিক রসেও পর্মানন্দ লাভ হইতে পারে। ভক্তিরসে অনবচ্ছিন্ন চিদানস্ব্যন ভগবানের ফুরণ হওয়ায় আনন্দা-তিরেক লাভ হয়, কিন্তু লৌকিক-त्रत्म विषयाविष्ठम हिनाननाः त्भव ক্ষুরণে আনন্দেরও ন্যুনতা হয়; স্থতরাং লৌকিকর্স ত্যাগ করত ভক্তিরসেরই অমুশীলন কর্ত্তব্য।

রস-লক্ষণে ভক্তিরসামূতে হৃদয়ের' কথা বলা 'সত্ত্বোজ্জল হইয়াছে—তত্ৰত্য 'স্বু' বিবৃতি সাহিত্যদর্পণকার (তৃতীয়) করিতেছেন যে রজস্তমোগুণে অস্পৃষ্ট মনকে 'দত্ত' বলা হয়। 'রজন্তমো-ভ্যামম্পৃষ্ঠং মনঃ সন্তমিহোচ্যতে।' 'বাহ্মেয়বিমুখতাপাদকঃ কশ্চনাস্তরো ধৰ্ম: সন্ত্ৰমিতি চ।' কাব্য বা নাট্য

শ্রবণ বা দর্শনকারিরই যে রসাম্বাদন रहेर्य-अम्ब नहि, जागानान् मञ्जन সামাজিকেরই তাহা হয়। সাধারণ রসশাস্ত্রে এই সত্তকেই সামাজিকের স্থায়ী ভাব বলা হইয়াছে। ইহা ভিন্ন সামাজিকের রসাম্বাদন সভ্যট্য-মান নহে। আবার কিরূপে এই সন্ত্রোদ্রেক হইতে পারে—তৎ-সাহিতাদর্পণ নির্দেশ সম্বন্ধেও দিয়াছেন—'অত্র চ হেতুন্তথাবিধা-লৌকিক-কাব্যার্থ-পরিশীলনম্' অর্থাৎ অলোকিক কাব্যার্থের (বিভাবাদির) সম্যক্ অমুশীলন করিতে করিতেই —তাহাতে অত্যস্ত অভিনিবেশ হইলে সম্বোদ্রেক হয়; স্থতরাং পূৰ্বকথিত উক্তিই যুক্তিযুক্ত হইল যে সামাজিকের চিত্তস্থায়ী ভাব (গড়োদ্রেক) কাবানাট্যগ্ৰত বিভাবাদির সহিত সন্মিলিত হইয়া রসর্বপে পরিণত হয়। বিভাব, অমভাব, গান্ত্রিক, ব্যভিচারী। স্থায়ী ভাব রস হয়—এই চারি মিলি॥ (চৈ° চ° মধ্য ২৩।৪৪) শ্রীমদ্ বিশ্বনাপচক্রবর্তিঠাকুর রস-সাক্ষাৎকারের এই জানাইতেছেন—(>) প্রথমে শ্রবণ-কীর্ত্তনাদি-ভজনের পুৰঃ পুনঃ অভ্যাদবশতঃ আনন্দরপা রতির আবির্ভাব—(২) তৎপরে বিভাবাদির সহিত চিত্তসংযোগ হইলে রতি-সাক্ষাৎকার—(৩) তৎপরে রতিই রসক্রপে পরিণত হয়—(৪) তারপরে সেই বিভাবাদির দাহচর্যে বুস-সাক্ষাৎকার বা আস্বাদন হয়।

ভাব--রস ও ভাবের প্রায়শঃ শাম্য হইলেও উভয়ের কিঞ্চিৎ ভেদ

স্বীকার রসামূতে করা হয়। বলিতেছেন (২।৫।১১৫) ভাবনায়াঃ পদং যস্ত বুধেনানগুবুদ্ধিনা। ভাব্যতে গাঢ়সংস্কারৈশ্চিত্তে ভাবঃ স কথ্যতে॥ [পাশ্চাত্যদেশে রসশাস্ত্র নাই বলিলেই হয়। ভাবকে ইংরেজীতে Feeling বা Emotin বলিলেও সঠিক তাৎপর্য-গ্রহণ হয় না। 'রস-কুস্থমাকর' গ্রন্থের সমালোচনায় রসকে যদিও Flavour ও Relish বলা হইয়াছে বটে, কিন্তু তাহাতেও পূৰ্ববৎ তাৎপর্য-ক্ষুগ্নতাই বর্ত্তমান থাকে।] ভরতমুনি বলিয়াছেন 'দেহাত্মকং ভবেৎ সত্ত্বং সন্ত্বাদ্ ভাবাঃ সমুখিতাঃ।' রসাত্রভবের পক্ষে জন্মান্তরীণ সংস্কার ফুল্ম ও স্থপ্ত ভাবে বালাকালে থাকিলেও তাহার বিকাশ হওয়ার জন্ম সামাজিকের (এবং অমুকার্যের) বয়ঃসন্ধি প্রভৃতি বয়স ও অবস্থা-বিশেষের অপেকা করিয়া থাকে। ভারদত্ত 'রস্তর্ন্ধিণী'-নামক স্বকৃত গ্রন্থেও বলিয়াছেন যে চিত্তের রসামুকুল কোনও বিকার বা অবস্থা-বিশেষের নামই ভাব। এই বিকার দ্বিবিধ—(১) আন্তর ও (২) শারীর। স্থায়ী ও সঞ্চারী ভাব—শারীর বিকার। স্থায়ী ভাব মুখ্যতঃ পাঁচ প্রকার এবং গোণতঃ সাত প্রকার। সঞ্চারী তেত্রিশ ও সাত্তিক আট প্রকার। সামাজিকের (এবং অমু-কার্যের) চিত্তে স্থায়ী ভাবের পরি-পুষ্ঠতা অমুসারে অমুভাব ও সঞ্চারী ভাবের তরঙ্গ-প্রাবল্যের ন্যুনাধিক্য হইয়া থাকে ৷ 'স্থায়িভাব'-সম্বন্ধে অলঙ্কার-কৌস্তভে (৫ম) বলিয়াছেন-'আস্বাদাস্কর-কন্দোহস্তি ধর্মঃ কশ্চন

রজন্তমোভ্যাং ইনিশ্র চেত্সঃ। পৃথক্ত য়া। পৃথগ পূর্বোক্ত ১২টি ভাব অমুকূল উপ-

শুদ্ধসম্বতয়া মতঃ॥ স স্থায়ী কথাতে বিজৈবিভাবস্থ বিধন্ধং যাত্যেষ সামাজিকতয়া স্তাম'॥ কর্ণযোগে রস্ক্রপে পরিণত হয় বলিয়া এবং স্থস্থির অনবচ্ছিন্নভাবে শেষ পর্যন্ত সেই সেই রসে বিভাষান থাকে বলিয়াই ইহাদিগকে স্থায়ী এই দ্বাদশটি ভাব বলা হয়৷ ব্যতীত অন্ত কোনও ভাবই স্থায়ি-সংজ্ঞা লাভ করিতে পারিবে না। আবার ইহাদের মধ্যে স্থলবিশেষে একে অন্তের সঞ্চারীও হইতে পারে, যেমন মধুর রসে হাসাদি। দয়োহপ্যনিয়তে রসে স্থ্যব্যভি-(সাহিত্যদর্পণ ৩)। চারিণঃ' আলম্বারিকগণের মতে প্রবলভাবে অভিব্যক্ত সঞ্চারী, সামাগ্রভাবে ব্যক্ত স্থায়ী এবং দেবাদিবিবয়া

সঞ্চারিণঃ প্রধানানি দেবাদিবিষয়া উন্ধনাত্রস্থায়ী চ ভাব ইত্যভিধীয়তে॥ (সাহিত্যদর্পণ ৩) টীকা চ-পরমবিশ্রান্তিস্থানেন রসেন সহৈব বর্ত্তমানা অপি রাজামগত-বিবাহপ্রব্রভূত্যবৎ আপাততঃ ব্যভিচারিণঃ, প্রাধান্তেনাভিব্যক্তা দেবগুরুনুপাদিবিষয়া চ রতিঃ উদ্ধ-

আপাততঃ 'ভাব' বলে। *

মাত্রা বিভাবাদিভিরপরিপুষ্টতয়া রুস-রূপতামনাপ্তমানান্চ স্থায়িনো ভাবা আবার এইভাব ভাবশব্দবাচ্যা:। যখন রসাত্মকুল কোনও অবস্থাবিশেষ প্রাপ্ত হয়, তথন তাহা স্বায়ী ভাব। 'রসাবস্থঃ পরং ভাব: প্রতিপগতে।' রসাবস্থ ভাবের ইহাই নামই স্থায়ী ভাব। সহিত মিলিত হইয়া বিভাবাদির পরিণত হয়। এবাভিদম্পরা: প্রযান্তি রসরপতাম্।' पि (यमन খण मती हा पित मिन्दन রসালা হয়, ভাবও তদ্রপ বিভাবাদি-যোগে রস হয়। ইহা আংশিক সত্য বটে –কেননা 'ন ভাবহীনোহস্তি রসো ন ভাবো রস-বজিতঃ। পরম্পর-কুতাসিদ্ধিকভয়ো রসভাবয়োঃ'॥ এই ভাব ও রস উভয়ই মুগমদ ও তদ্গদ্ধবৎ অবিচ্ছেগ্যভাবে অশ্বিত। আলঙ্করিকেরা ভাবকেও 'রসবিধ' বলেন—রসভাবৌ তদাভাসৌ ভাবস্থ প্রশমোদয়ো। সন্ধিঃ শবলতা চেতি

ส์ที่ครุ่ม-সর্বেহপি রসনাদ্রসাঃ॥ যোগিত্বাদ্ধাবাদিম্বপি রসত্ত্রপচা-রাদিত্যভিপ্রায়:—দর্পণ: 'ভাবা' বিভাব-জনিতাশ্চিতবুতয় পরিতাঃ' —রুশায়ত। বিভাবেনোদ্ধতো যোহর্থঃস ভাব ইতি সংজ্ঞিতঃ— নাট্যশান্তে ৷

(১) বিভাব—কারণাত্রথ কার্যাণি সহকারীণি যানি চ। স্থায়িনো লোকে তানি চেন্নাট্য-কাব্যয়ো:। বিভাবা অমুভাবাশ্চ কথান্তে ব্যভিচারিণ:॥ (কাব্য-প্রকাশ ৪র্থ) লৌকিক জগতে রসের নায়কনায়িকাদি কাব্যে কারণ

नाटिंग वर्षिण इहेटलहे हेहामिश्रक विভাব বলে, यथा ननमगरू हो। সামাজিকের স্থায়ী ভাবকে বিভাবিত বলিয়া ইহারা বিভাব । নায়ক নায়িকাদি আলম্বন: কৈশোর. বসন্ত, মল্যানিল ইত্যাদি উদ্দীপন। 'তত্র জ্বো বিভাবাস্ত রত্যাস্বাদন-রসামৃত হেতবঃ' (213130)1 তহুক্তমগ্নিপুরাণে—'বিভাব্যতে রত্যাদির্যত্র যেন বিভাব্যতে। বিভাবো নাম স দেধা২২লম্বনোদ্দীপনাত্মক:।' বিভাব্যস্তে আস্বাদান্ধুর-প্রাত্মর্ভাব-যোগ্যাঃ ক্রিয়ন্তে সামাজিক-রত্যাদি-ভাৰা এভিঃ ইতি বিভাবা উচ্যক্তে— সাহিত্যদর্পণ। বিষয় ও আশ্রয়ভেদে আলম্বন দ্বিবিধ।

অনুভাব----অনুভাবাস্ত চিত্তস্থাবানাম্ববাধকাঃ [রুসামৃত থাথা)। অস্তরের ভাব বাছদেশে প্রকটিত হইলে তাহাকে অমুভাব বলে। ইহা অলঙ্কার, উদ্ভাস্থর এবং বাচিকভেদে ত্রিবিধ। উচ্ছলনীলমণির অমুভাব-প্রকরণ দ্রপ্টবা।

(৩) সাত্ত্বিক — কুষ্ণসম্বন্ধিভি: সাক্ষাৎ কিঞ্চিদ্ বা ব্যবধানতঃ। ভাবৈশ্চিতমিহাক্রান্তং সন্ত্মিত্যুচ্যতে वृदेधः । স্তাদস্থাৎ সমুৎপন্না যে ভাবান্তে তু সাত্ত্বিকাঃ [রসামৃত ২া৩া ইহা একপ্রকার অমুভাব-विश्व इटेलि एक मबु इटेड আবিভূতি হয় বলিয়া গোবলীবৰ্দ-ভায়ে ইহাদিগকে সাত্ত্বিক বলা হয়। স্তম্ভ, কম্পাদি অষ্ট প্রকার।

(৪) ব্যক্তিচারী—বিশেষেণাভি-ভিমুখ্যেন চরন্তি স্থায়িনং প্রতি। বাগঙ্গসত্ত্বচ্যা যে জেয়ান্তে ব্যভি-

^{*} সাহিত্যকোমুগাঃ টীকারাং-কিঞ্চ হাসাদয়ঃ কচিদ ব্যাভিচারিণশ্চ স্থাঃ। যদ্রকং —শৃঙ্গার-বীরয়োহানো বীরে জোধতথা মত:। শান্তে জুগুপ্ দা কথিত। বাভিচারি-তয়া পুনঃ ॥ (৪া১৩) মুলে চ-রভির্দেরাদি-বিষয়া ব্যভিচারী তথাঞ্জিতঃ। (৪।১২) ভাবঃ প্লোকঃ, অঞ্জিতঃ প্রধানীভূতঃ।

ভেদাত্মক

গাহিত্যকৌমুদীতে

চারিণঃ॥ সঞ্চারয়ন্তি ভাবস্থ গতিং
সঞ্চারিণােহপি তে [রসামৃত
২া৪া>—২]॥ যাহা বিশেষভাবে
স্থায়ী ভাবের আমুকুল্য করে এবং
স্থায়ী ভাব হইতে উথিত হইয়া
তাহাতেই নিমজ্জিত হয়—তাহাকে
ব্যভিচারী ভাব বলে। সামাজিকের
স্থায়ী ভাবকে সঞ্চারিত অর্থাৎ
বৈচিত্রী প্রাপ্ত করাতে ইহার নামান্তর
—সঞ্চারী। নির্বেদ, বিষাদ, প্লানি
প্রভৃতি ৩৩ প্রকার।

বিভাবের দারা যাহা সামাজিকের
চিত্তে ভাবিত হয়—তাহা ভাব।
ইহা সামাজিকগত; পক্ষান্তরে যাহা
দারা সামাজিকের চিত্তে ভাবের
উন্মেষ ও আবির্ভাব হয়, তাহাকেও
ভাব বলে—ইহা অফুকার্য বা মূল
নায়ক-নায়িকাদিগত। এইরূপে
অফুকার্য ও সামাজিক উভয়ের মধ্যে
অফুভাব, সাত্ত্বিক ও বাভিচারী
ভাবদমূহ বিভামান আছে।

সামাজিকের স্থায়ী ভাবের সঙ্গে বিভাবাদির মিলন-ব্যাপার সম্বন্ধে সাহিত্যদর্পণের (তৃতীয়) টীকায় গ্রীযুক্ত রামচন্দ্র-তর্কবাগীশ বলেন— (১) প্রথম্তঃ কাব্যনাট্য-প্রবণ-দর্শনাদি ছারা সামাজিকের চিত্তে বিভাব এবং অমুভাবের উপস্থিতি— (২) আক্ষেপে (ব্যঞ্জনাদারা বোধ হৈতু) সামাজিকের চিত্তে সম্বর সঞ্চারী ও স্থায়ী ভাবের আবির্ভাব। (৩) সাধারণীকরণাখ্য ব্যাপার-বলে দময়ন্তী নল রাজার বা আমার —এই ভাবে বিভাবাদি-চতুষ্টয়ের প্রত্যেকটিতে সামাজিকের সাধারণ্য-প্রত্যয়। (৪) তৎপরে ব্যঞ্জনাম্বারা

অমুকার্যের সহিত সামাজিকের রস- ।
সমানকার - প্রত্যায় । স্বাদনাখ্যব্যাপারদ্বারা 'আমিই দময়স্তীবিষয়ক রতিমান্ নলরাজা' ইত্যাকার
স্বীয় রসবাসিত চিত্তে রত্যাদি
অভেদাত্মক এবং নিজেতে নায়কা-

র্শ-সাক্ষাৎকার সহস্বয়

নাট্যশান্তের

প্রমাণ ধৃত হইয়াছে।
শক্তিরন্তি বিভাবাদেঃ কাপি সাধারণীক্কতো। প্রমাতা তদভেদেন সংযয়া প্রতিপল্লতে॥

সামাজিকের ঘটিয়া থাকে। এই

'সাধারণ্য'-সম্বন্ধে ভক্তিরসামূতে ও

সাধারণাং Б স্বপর-সম্বন্ধ-নিয়মানির্ণয়ঃ। ভাবাদির স্থপরসম্বন-নিয়মের অনির্ণয়কে সাধারণ্য বলে *। নাট্যশাস্ত্রের (রসামৃত ২।৫।৮৪) টীকায় প্ৰীপাদ শ্ৰীজীৰ বলেন—'মুনিবাক্যে তু ভেদাংশঃ স্বয়মস্ত্যের ইত্যভেদাংশ এব তু বিভাবাদে: শক্তিরিতি ভাবঃ॥' ভরতমুনি নাট্যশাস্ত্রে যে নাট্যরসের বিষয় লিপিবদ্ধ করিয়াছেন—তাহার আস্বাদক প্রমাতা বা সামাজিক বিশেষভাবে দৃশ্য কাব্যের দর্শক বা প্রেক্ষক। দৃশ্যকাব্যের দর্শকমাত্রই যে প্রেক্ষক বা সামাজিক, তাহা নহে। ইঁহার মতে—'যস্তুষ্টে ভুষ্টিমায়াতি শোকে শোকমুপৈতি চ। ক্রন্ধ: ক্রন্ধে ভয়ে ভীতঃ স নাট্যে প্রেক্ষকঃ স্মৃতঃ'॥ এইরূপ শ্রব্যকাব্যেও হৃদয়বান শ্রোতা বা পাঠকই সামাজিক—

সবাসনানাং সভ্যানাং রস্থাস্থাদনং
ভবেৎ। নির্বাসনাস্ত রঙ্গাস্তঃ
কাষ্টকুড্যাশ্মসন্নিভাঃ॥ (ধর্মদত্তঃ)

যেষাং কাব্যান্থশীলনাভ্যাসবশাৎ

বিশদীভূতে মনোমুকুরে বর্ণনীয়-তন্ময়ীভবনধোগ্যতা, তে হাদয়-সংবাদভাজঃ সহৃদয়াঃ (অভিনব গুপ্ত)। রস্জ্রতৈব **সহদয়ত্বমিতি** (जानन्वर्कनाठार्यः)। যদি তু বিগলিতবেগ্যাস্করত্বম্ অমুকর্জুণামপি দৃখ্যতে, তদা তেষামপি সামাজিক-घटमन, অञ्चलं त्रां मश्यात्रमाराह्य জীবনুক্তানামাহারবিহারাদিবং। তেন সামাজিকানামেব রস: (অলঙ্কার-কৌস্তভ--৫ম) অর্থাৎ অমুকর্ত্তা শিক্ষা ও অভ্যাসাদিবশতঃ নাট্যে কুশ্লতা প্রকাশ করিয়া থাকে বলিয়া তাহাতে রুদাস্বাদন হয় না —ইহাই প্রায়িক নিয়ম। অমু-কর্ত্গণেরও কদাচিৎ বাহ্বৃতিলোপ হয়, তখন তাহারাও <u>সামাজিক</u> হইতে পারে, তাদুশ ভাবাপন্ন নটের ঐক্নপ অমুকরণ কিন্তু

অলঙ্কারকৌস্তভ—(৫ম) ভক্তি-রসের উদাহরণ দিতেছেন—

সংস্কারবশতঃই সম্পন্ন হয়, বলিতে

এতদ্বারা

জীবনুক্তের

इट्टा ।

গণেরই

প্রমাণীক্বত হইল।

আহারবিহারবৎ

রসাস্বাদন হয়—ইহাই

সামাজিক

জয় শ্রীমদ্বন্দাবন-মদন নন্দাত্মজ বিভো, প্রিয়াভীরীবৃন্দারিক-নিখিল-বৃন্দারকমণে! চিদানন্দভন্দাধিক-পদারবিন্দাসব, নমো নমস্তে গোবিন্দা-খিলভুবনকন্দায় মহতে॥

^{*} শাধারণ্যেন রজ্যাবিরপি তছৎ প্রতীয়তে। পরস্তান পরস্তেতি মমেতি ন মমেতি চ॥ শাহিত্যদর্শন (৩)

রতিরেব

আলম্বনং

শাস্ত্র-সমন্বয়-প্রসঙ্গে

ভগবৎসন্দর্ভের

প্রীকৃষণঃ.

তন্মহিমাদি, অমুভাবো হৃদয়দ্রবাদিঃ,

ব্যভিচারী নির্বেদ-দৈল্ঞাদিঃ, পরোক্ষো

ভক্তানাং, সামাজিকানান্ত প্রত্যক্ষঃ। †

গোড়ীয়বৈষ্ণবশাল্তে বিবিধ বিছা-

বলিয়াছেন—'বেদের অমুগত অ্যাগ্

শালেরও ভগবানেই সমন্বয় হইয়া

থাকে। যথা-কর্মকাও ও জ্ঞান

কাণ্ডের অবধারণার্থ পূর্ব ও উত্তর

মীমাংসা, ঈশ্বরের অস্তিতামুসন্ধান

এবং চিদচিৎ বস্তুগুলির জ্ঞানের জন্ম

গোতম, কণাদ ও কপিল প্রভৃতির

দর্শনশান্ত, ঈশ্বরের উপাদনা-বিষয়ে

পতঞ্জলির যোগশাস্ত্র প্রয়োজনীয়।

স্থৃতি প্রভৃতিও কর্ম, জ্ঞান বা উপাস্না

কাণ্ডেরই অমুসরণ করে। কাব্য

অলহার, কামতন্ত্র, গান্ধবিকলা হারা

শ্রীভগবানের তত্তদ্বিষয়ক চরিত-

মাধুর্যের অমুভবজ্ঞান সিদ্ধ হয়।

শান্তের

ভিজ্ঞানায় Dr. M. Krishnamacha-

riar-কর্ত্তক বিক্তিত Classical Sans-

krit Litt. pp. 723-800 এবং History

of Skt. Poeties by Dr. S. K

De., 'Some Concepts of the

Alankar Sastra' by V. Raghaban,

'The Numbar of Rasas' by the

same. কাৰ্যবিচার by S. N. Das

গবেষণা-সম্বন্ধে

+ অলঙ্কার

আবশ্যকতা -- প্রীভগবানে সর্ব-

প্রী জীবচরণ

সৰ্বসম্বাদিনীতে

গোবিন্দলীলামূতে, উজ্জ্বলে, कृष्ड-

ভাবনামতে ও কৃষ্ণগণোদ্দেশ-প্রভৃতি

বহুগ্রন্থে অভিব্যক্তই আছে। স্তব-

মালার অন্তর্গত চিত্রবন্ধাদিও কাব্য-

কলার সহিত চিত্রবিল্ঞার উৎকর্ষ-

জ্ঞাপক (মালা° ৬৬ পৃষ্ঠা গৌড়ীয়

(২) স্থাপত্যবিচ্ঠা (মূর্তিশিল্প)

—শ্রীহরিভজিবিলাসে (১৮—২০)

বিবিধ মৃত্তি ও মন্দিরের প্রস্তুতপ্রণালী

লিপিবদ্ধ আছে। গ্রীললিতমাধবোক্ত

নবরুন্দাবনের মৃতিশিল্লাদির বর্ণনায়

বুঝা যায় যে তৎকালে এই বিষয়ে

ম্বহুল চর্চা হইত। রাজসাহী

জেলায় পাহাড়পুর-স্ত,প-খননে খৃষ্ঠীয়

তৃতীয় চতুর্থ শতাব্দীতে নির্মিত

শ্রীমদ্ভাগবতের বহু উপাখ্যান ও

<u>এী এরাধাক্তফের যুগলমূর্তি আবিষ্ণৃত</u>

হইয়াছে। 'মধ্য আমেরিকায় যে

সব পুরাতন দেব দেবীর **মুর্তি**

বা ভগ্নাবশেষ পাওয়া গিয়াছে.

বিশেষজ্ঞগণ তৎসমুদয়ের আলোচনা

করিয়া বুঝিয়াছেন যে সেগুলি হিন্দু-

(मवरमवीत्रहे थाजीक। गरन्म, हेन्स.

বরুণ, শালগ্রাম শিলা ও ছোট বড

বহু দেবতা-এ সকলেরই পূজা

করিত আমেরিকার আদিম অধি-

বাসীরা—'(প্রবাসী ১৩ঃ৮ আষাচ)

* ডাঃ দীনেশচন্দ্র সেন-কতুর্ক

* এ বিষয়ে প্রতীচ্যভাষায় লিখিড

1. History of Fine Arts in

and Ceylon-(Vincent

সংস্করণ দ্রপ্তবা)।

নীতি ও শিল্লদারা তাঁহার সেবা-অত্র দেববিষয়ত্বাচেতোরঞ্জতা ভাবঃ। স এব স্থায়ী. চাতুরী-বিষয়ে অভিজ্ঞতা জন্মে। উদ্দীপনং আয়ুর্বেদ ও ধুনুর্বেদ দারা তাঁহার

উপাসনার প্রতিবন্ধকতা নিবারণের मायर्था घरते। श्रीश्रक्ताम विषया एकः 'ধর্ম, অর্থ ও কাম—আত্মবিচ্চা, ত্রেরী

(কর্মবিছা), তর্কবিছা, দম (দণ্ড-ীতি) ও বিবিধ বার্ত্তা (জীবিকা-

নিৰ্বাহাৰ্থ বিজ্ঞা)-এই সকল বিষয় যদি স্বস্থ্রত্বৎ পরমপুরুষ শ্রীভগবানের সাধক হয়, তাহা হইলেই এই সকল বিষয়কে সতা বলিয়া জানিবে, নচেৎ ইহারা অসৎ (ভাগবত ৭।৬।২৬): স্থতরাং শ্রীভগবানের উপাসনার

মমুকুলে সকল বিতাই শিক্ষণীয় এবং **শকল বিভারই তাঁহাতে সমন্বয়**জান কবণীয়।' (১) চিত্রশিল্পাদি——শ্রীচৈতন্ত-

চরিতামৃত (মধ্য ১৷২২৭) হইতে জানা

যায় যে শ্রীমন মহাপ্রস্থ কানাইর নাটশালা গ্রামে চিত্রে শ্রীকৃষ্ণ লীলা-বিষয়ক ঘটনাবলী দেখিয়াছেন— 'প্রাতে চলি আইলা প্রভু কানাইর নাটশালা। দেখিল সকল তাঁহা কুষ্ণচিত্ৰলীলা।' শ্রীবিশাথারত খ্রীমন মদনগোপালের চিত্তাঙ্কণ প্রসিদ্ধ কথা। বহু প্রাচীন

কাল হইতে সমগ্র ভারতে গৃহাদিতে চিত্রান্ধণপ্রথা প্রচলিত। জয়পুরে শ্রীগোবিন্দ-গ্রন্থাগারে রক্ষিত 'চিত্রে শ্রীমদ ভাগবত ও শ্রীভগবদগীতার'

বৈষ্ণবদের চিত্রবিভায় পরম নৈপুণ্য পারদশিতার পরিচায়ক। পুষ্পাদি-শিল্প এবং মণিমাণিক্য-জটিত

শিল্লাদির

ভক্তির্বামূতে,

হস্তাঙ্কিত গ্রন্থদ্বয় তাৎকালীন গৌড়ীয়

2. History of Indian Art-(Ananda Kumar Swamin).

নিম্লিখিত গ্রন্থলৈ অনুসন্ধেয়—

India

Smith)

Gupta. 'The Philosophy of Æsthetic pleasure' by P. Panchapogesh

(Annamalai Sastri University) দ্রপ্তবা ।

795

সঙ্কলিত 'বৃহৎ বঙ্গের' প্রথম খণ্ড সপ্তম পরিচ্ছেদে 'গুপ্ত ও পালযুগের জের'-শীর্ষক স্থাপত্যের প্রস্তরশিল্প. কাগজ. তালপত্র ও পুঁথির মলাটের উপর অন্ধিত চিত্রশিল্প. কাষ্ঠশিল্প. কাঁথাশিল্প. মুৎশিল্প, আলপনা ও বিবিধশিল্প প্রভৃতির সচিত্র ইতিবৃত্ত অমুসন্ধেয়। 'বুহৎৰঙ্গে' দ্বিতীয় খণ্ডের চতুর্থ অধ্যায়েও ইতিবৃত্ত-সহিত পুঁথির भनाटित ছবি এবং বৈষ্ণবচিত্রাবলী প্রদত্ত হইয়াছে। অমুসন্ধিৎস্থ পাঠক দেখিতে পারেন।

া বাউজ্প্রভৃতি য়ুরোপীয়েরা মনে করেন উত্তর ভারতে হিন্দু-শিল্পকলার সর্বশ্রেষ্ঠ রচনা ও সর্বাঙ্গের সামঞ্জন্ত শ্রীগোবিন্দ-মন্দির। (E. R. E., II; P 857). এই মন্দির শ্রীরূপস্নাতনের তত্তাবধানে মৃলতানী বণিক কৃষ্ণদাসের আর্থিক সহায়তায় আকবরের ৩৪শ রাজ্যাব্দে

- 3. History of Orissan Architecture-(R. D. Banerjee).
- 4. History of Indian Eastern Architecture (Fergusson). 5. Mathura-(F. S. Growse).
- 6. Indian Architecture-(E. B. Havele).

† The first-named community (Bangali or Gaudiya Vaisnabas) has had a more marked influence on Brindaban than any of the others, since it was Chaitanya, the founder of the sect, whose immediate disciples were its first temple-builders (Page Mathura, a District Memoir-by F. S. Growse).

রচিত। শ্রীক্ষণত বাজপেয়ী এম. এ. ক্তুৰ্ক লিখিত—হিন্দীভাষায় 'ব্ৰজুকী কলা—স্থাপত্য, মৃত্তি, তথা সঙ্গীত' দ্রপ্র। [Braja-Loka Samskriti' pp 106-152.] পুরী, ভুবনেশ্বর ও কোণার্কের মন্দির স্থাপতাশিলের গৌরবস্বরূপ ও প্রাচীন উৎকলের কীতি ঘোষণা করিতেছে। 'ভুবনেশ্বরের নিকটবর্ত্তী উদরগিরির পাদমূলে যে 'বৈরাগীর মঠ' আছে, ঐ মঠের কুটীরাভ্যস্তরে প্রাচীর গাত্রে শ্রীগৌরাঙ্গদেবের মৃতি অঙ্কিত' (বঙ্গের বাহিরে বাঙ্গালী, তৃতীয়)। বীরভূমে বাস্থদেব-মৃতির

বাহুল্য রাঢ়ীয় তক্ষণ-শিল্পের প্রকৃষ্ট প্রমাণ। বৈষ্ণবধর্মাবলম্বী ওপ্ত রাজ্ঞ-গণের সময়ে খুঃ ৩২০-৪৮০ পর্যস্ত হিন্দু ভাস্কর্ষ-বিজ্ঞান পরিপূর্ণ বিকাশ-লাভ করিয়াছিল [বীরভূম-বিবরণ २। २१६ थः]।

লীলামূত 0168->>0. >2182. ২৩৮৩; শ্রীক্লফাহ্নিককোমুদীতে দ্বিতীয় প্রকাশে, প্রীক্লঞ্ভাবনামূতে সর্গে এীরাধাকর্ত্তক বিবিধ অন্নব্যঞ্জনাদি প্রস্তৃতি করার বিস্তৃত বিবরণ পাওয়া যায়। চরিভামুভ मधा ७।८८-- ८८, अन्नकृष्ठे ४।७१--- १८, জগরাথের ভোগ ১৪/২৬-৩৪,১৫/ ৫৪—৫৫, রঘুনাথের দ্ওমহোৎস্ব, অন্ত্য ৬, রাঘবের ঝালি অন্ত্য ১০/১৫ —৩৩, বন্তভোজন অন্ত্য ১৮।১০৪— ১৬০ প্রভৃতিও আস্বান্ত। ইহাতে অমৃতকপূর্ব (৩।১০।২৬), অমৃতকেলি (২।৪।১১৭), অমৃতগুটকা (২।১২।

১৬৭), অমৃতম্ভা

(२।১৪।२२),

কপুরকুপী (৩)১০)১১৮), কপুরকেলি (৩)১৮)১০৬), পীয়বগ্রন্থি (৩)১৮)১০৬), রসালা (২।১৯।১৮২), রসপূপী (তা>০া>১৮), শিখরিণী (২া৪।৭৪), দ্বগ্নলকলকি (২।০)৫৪) প্রভৃতি উল্লেখযোগ্য স্থখান্ত। শ্রীগোবিন্দ-লীলামতের (২৩৮৩) অনুস্গুটিকা, ত্তপ্ৰলড্ড ক ও সীধুবিলাস প্ৰভৃতি শ্রীক্ষের পরমপ্রিয় ভোজ্যবস্থ । শ্রীশচীমাতা, মা জাহ্নবা প্রভৃতির রন্ধন সূর্ব ভক্তপ্রশংসনীয় ও ঈঞ্চিত। (৪) রাজনীতি— বাংলার বাদশাহ হোসেনশাছের মন্ত্রী ও উপমন্ত্রী ছিলেন—শ্রীসনাতন ও শ্রীরূপ। টাকশালের অধ্যক্ষ ছিলেন--শ্রীবল্পত। উডিষ্যায় রাজা ছিলেন—গজপতি প্রতাপরুদ্র। ইহাদের কথা গোড়ীয় বৈঞ্চব-অভিধান তৃতীয় খণ্ডে স্থচিত হুইয়াছে। রায় রামানন্দ দান্দিণাতোর বিছানগরের অধিকারী, গোপীনাথ পট্টনায়ক উডিম্বার মালজ্যাঠাপাটের অধিকারী: রাজার অর্থ নষ্টকরায় বড় জানার অকুপা, চাঙ্গে চড়ান ও উদ্ধারাদি চরিতামৃত অন্ত্য নবম-দ্রষ্টব্য। রাজধন-সম্বন্ধে পরিচ্ছেদে মহাপ্রভুর উক্তিতে (ঐ ৩১১৮৮--৯০) রাজপ্রতিনিধির ইতিকর্ত্তব্যতা স্মষ্ঠ নিণীত হইয়াছে। হোদেন-শাহের বেগম-কর্তৃক স্থবৃদ্ধিরায়ের জাতিনাশ ও মহাপ্রভু-কর্ত্তক উত্তম প্রায়শ্চিত্ত-ব্যবস্থা (ঐহা২৫।১৭৪-২০৬) তাৎকালীন রাজা প্রতাপরন্ত ·উৎকলের দোর্দণ্ড প্রতাপবা**ন্** রাজা গৌরপ্রেমের ভিথারী— প্রভুর বহির্বাসপ্রাপ্তি (চৈচ ২।১২।৩৭ -89), প्रमुमार्जन (के २१००१) e

—>৭) ^ইত্যাদিতে আদর্শ রাজার ভগবৎপ্রিয়তা পরিবাক্ত। বৈষ্ণব রাজার মন্ত্রজপ-প্রভাবে নির্বিকারতা, জীবন-নির্বাহার্থে ভগবংপ্রসাদার-গ্ৰহণ, রাজ-পরিবারে যথাবিধি সম্পত্তি-বিভাগ ইত্যাদি করিয়াও ताक-गम्भर्क (य विटवकी देवस्वतशर्वत অমুখকর—তাহাই প্রতিপাদিত হইয়াছে (বুভা ২।১৫৩—১৫৬)। (৫) আয়ুর্বেদ—ভাগ ২াণা২১, ৮।৮।৩৪, এবং ১।১৭।৪ ধ্যুস্তরির আয়ুর্বেদ-প্রবর্তকত্ব দেখা যায়. শ্রীচিত্রা স্থী 'পশু-বৈছ্যবিষ্যা-উপচার-শাস্ত্রে' স্থনিপুণা ছিলেন। (ভক্ত ১) শ্রীচরিতামৃতে ধৃত আম (অস্ত্য ১০। ১৯-২০), কণ্ডু (অস্ত্যু ৪।২০১—৪), কুষ্ঠ (মধ্য ৭।১৩৬), চন্দ্ৰাদিতৈল (অন্ত্য ১২।১০২), মৃগী (মধ্য ১৫। ১২৬), সন্নিপাত (মধ্য ২১।১৩৭) প্রভৃতিতে বহু ভৈষজ শব্দের ব্যবহার হইয়াছে। প্রেমসম্পুটে (১৩।১৪) অখিলাময়শাতন তৈলের আছে। মুরারিগুপ্ত 'আত্মবৃত্তি করি করে কুটুম্বভরণ। চিকিৎসা করেন যারে হইয়া সদয়। দেহরোগ ভব-রোগ—ছই তার ক্ষয়।' (চৈচ আদি ২০।৫০—৫১) ; বিষ্টস্ডচিকিৎসা (চৈ° ভা° মধ্য ২০1৬৪—৭০), খণ্ডবাসী মুকুন্দদাস রাজবৈগ্য—তাঁহার কৃষ্ণ-প্রেম (চরিতামৃত মধ্য ১৫।১১৯— ১২৭)। প্রীদাস গোস্বামির মানসে পর্মারভোজনে উদরাধান-বিষয়ে কবিরাজ গোস্বামির 'গুরুভোজন

(৬) সঙ্গীতবিত্যা—স্বয়ং শ্রীকৃষ্ণ

হইয়াছে' উক্তিতে তাঁহার আয়ুর্বেদ-

বিতাবভার যথেষ্ট পরিচয় হইতেছে।

ও শ্রীগোরাদ নৃত্যবাহ্যবিনোদ্ী,
মহাপ্রভু—'সংকীর্ত্তনৈকপিতা', তুঙ্গবিহ্যা—সঙ্গীতকলায় মহাপারদর্শী;
শ্রীগোবিন্দলীলামূতের ২২।৫৪--১০১,
২৩।১—৩৮, শ্রীকৃষ্ণভাবনামূতের ১৯শ
অধ্যায় দৃশ্য।

নৃত্য—শ্রীমহাপ্রভুর অলাতচক্রে নুতা (চৈ° চ° মধ্য ১৩।৮২ ও চৈ° ভা° মধ্য ৮।১৭৯) দ্ৰপ্তব্য। শ্ৰীনিত্যা-নন্দের শংকীর্ত্তনে মলবেশ (চৈ° ভা° অস্ত্য ৫/৫১০—৫১৯) | তাণ্ডবনুত্য— (চৈ° চ° মধ্য ১১/২২৫, ১৩/১১--১২), রাসে বহুবিধ নৃত্য, হস্তক-নৃত্যাদি। অভিনয়--- শ্রীমন্ মহাপ্রভুর দান-গ্রীচৈতগুচন্দ্রোদয় নাটকে এবং কৃক্সিণী-আবেশে তৃতীয়াঙ্কে গ্রীচৈতন্তভাগবতে নুত্য-বিনোদাদি মধ্য অষ্টাদশে আস্বাত্য--- মাধ্বানন্দ ঘোষমূখে দানখণ্ড-গান-শ্রবণে শ্রীনিত্যানন্দপ্রভুর প্রেমভক্তিবিকারাদি (हेट बा - नवा ६।०१४--०१३)। রাগ-রাগিণী বাছাদি--রাগ-রাগিণীপ্রকট (রত্না—১০।৫৩৯)। ডম্ফবাছাবিশারদ—শঙ্কর ঘোষ। ঢকাবাছে নৃত্যকারী মহেশপণ্ডিত (চরিতামতে আদি ১১।৩২); বাছ-সম্বন্ধে (রত্না ৫।৩১০৯—৩১৭৬), নৃত্যসম্বন্ধে (ঐ ১৭১৭৯—৩৩০৪)। স্বরোৎপত্তি—ভাগ ৩।১২।৪৬— 'স্বরাঃ সপ্ত বিহারেণ ভবন্তি স্ম প্রজাপতে:।'

সুর—মনোহরসাহী, গরাণহাটী, রেণেটী, টেঁ ঞার ছপ ইত্যাদি। সংকীর্ত্তনে প্রকট ও অপ্রকট লীলা-সমন্বয়—(রত্মা ১০া৫৭১—

৬৩২)। রাগরাগিণী প্রভৃতি সম্বন্ধে পদামৃত-সমুদ্রের টীকা ও রত্না (৫। ২৪৮৯--৩০৯০) অন্বেষণীয়। গীত-চন্দ্রোদয়ের অন্তর্গত রাগার্ণব ও তালাৰ্থৰ আলোচ্য। এ श्रम् ঘনখাম-সংকলিত <u>শ্রীমন্নর হরি</u> 'সঙ্গীতসার-সংগ্রহ' আলোচ্য। এগ্রন্থটি খুঃ সপ্তদশ শতকের গৌড়ীয় বৈষ্ণবগণের সঙ্গীতশাস্ত্রে অপূর্ব দান বলিয়াই গণ্য। বস্তুতঃ এগৌরাকের জীবনীই সংকীর্ত্তনের বিপুল ইতিহাস। তাহারই ফলে বিরাট পদাবলী-সাহিত্যের অপূর্ব সমাবেশ।

(৭) জ্যোতির্বিছ্যা—ভাগ ৫।২১

— ২৪ এবং ১২।১১।৩২—৪৪ দ্রপ্তব্য । স্থচিত্রা স্থী মন্ত্রতন্ত্র-জ্যোতিষ্পাস্তে (७क ৯), रेम्र्रानश স্থী সামুদ্রিক বিভায় পারদ্শিনী। মহাপ্রভুর কোষ্টিবিচারে চৈত্ত্য-ভাগবত (১।০।১৫—২৮) ও সর্বজ্ঞের নিকট স্বরূপ-পরিচয়ে ঐ (১।১২। ১৫৩--১৭৭) এবং চৈতক্সচরিতামতে (১।১৩।৯০) নীলাম্বর চক্রবর্ত্তির গণনাদিতে এবং (ঐ ২।২০।৩৮৪— ৩৯১) জ্যোতিশ্চক্রের বর্ণনাতে ক্মপৃষ্ঠিই বুঝা যায় যে তৎকালে জ্যোতিবিভায় মহাপারদর্শী ব্যক্তি ছিলেন। হরিভক্তিবিলাসের তিথি-প্রভৃতির নিরূপণ-প্রসঙ্গেও জ্যোতি-বিভার আবভাকতা ও মহা উপ-যোগিতা পরিলক্ষিত হইতেছে। প্রাচীন শ্রীবিগ্রহ-চিত্রাদি-হস্তলিপি— ব্যবহৃতদ্রব্যাদি প্রাচীন শ্রীবিগ্রহ :-(১) শ্রীবিষ্ণু-প্রিয়াদেবী-কর্ত্তক স্থাপিত শ্রীগৌর ক্লফ্ডনগর)।

পুরীর নিকট

প্রীবৃন্দাবনে

(মুরারির কড়চা ৪।১৪।৮) নবদীপে।

(২) খ্রীগোরীদাস - পণ্ডিত-স্থাপিত শ্রীনিতাইগোর (ঐ কড়চা ৪।১৪।১২

—>৪) অম্বিকা কালনায়। (৩) শ্রীকাশীশ্ব-পণ্ডিত-স্থাপিত শ্রীগৌর-গোবিন্দ (সাধনদীপিকা ২।২৪ পঃ)

গ্রীবন্দাবনে গ্রীগোবিন্দমন্দিরে। (৪) শ্রীমহেশ-পণ্ডিত-স্থাপিত শ্রীগোর-

নিত্যানন্দ (চাকদহ, পালপাড়ায়)। (৫) শ্রীজগদীশ - পণ্ডিত - স্থাপিত শ্রীগোরগোপাল (যশোড়া - নদীয়া)।

(৬) খ্রীনরহরিসরকার ঠাকুর-স্থাপিত শ্রীখণ্ডে, (৭) শ্রীমদ গদাধরদাসকর্তৃক

কাটোয়ায় স্থাপিত এবং শ্রীকংসারি ঘোষকর্ত্তক গঙ্গানগরে (বৰ্দ্ধমানে) স্থাপিত প্রীগোর

স্থন্দরের বিগ্রহত্রয় মহাপ্র<u>ভু</u>র প্রকটকালে কুলাইগ্রামে নির্মিত শ্রীমুরারিগুপ্ত-কর্তৃক হয় ৷ (৯)

শ্রীনিতাইগোর (বন-স্থাপিত थखी महारमव, वृन्सावन)। (১०) শীনরোত্তমঠাকুর মহাশয়-আবিষ্কৃত শ্রীলন্দ্রীবিষ্ণুপ্রিয়া-গৌরাঙ্গ (ভক্তি-

র্ত্বাকর ১০।১৯১—২০৩) খেতুড়। শ্রীঠাকুর জগন্নাথ-কর্তৃক আবিষ্ণত — শ্রীশ্রীয়শোমাধব (শ্রীপাট

আডিয়াল, ঢাকা)। (১২) প্রীপ্রী-গদাধর পণ্ডিত গোস্বামি-সেবিত

শ্রীমেয়োকৃষ্ণ (ভরতপুর, মুশিদাবাদ)। (১৩) প্রীসত্যভার উপাংগায়-(চৈ. ভা. তৈথিক বিপ্র)-সেবিত প্রীবাল-

গোপাল (শ্রীহরিদাস গোস্বামির

ग्रंट, नविशेष । (১৪) अभीत-टातारगाशीनाथ (दत्रमुना)। (>e)

শ্রীঅভিরামগোপালের শেবিত— ঐগোপীনাথ-বিগ্ৰহ (থানাকুল,

(১৬) শ্রীক্ষেত্রে টোটা গোপীনাথ (শ্রীমন মহাপ্রভু-

কত্ত্রক যমেশ্বর টোটায় আবিষ্কৃত)। (১৭) কটকে সাক্ষিগোপাল এক্ষণে

> नीज ।। (36) গোকুলানন্দ-মন্দিরে

ভাগৰতনিবাসে) (বর্ত্তমানে শ্রীদাসগোস্বামিপাদের গোবর্দ্ধনশিলা। (১৯) শ্রীসনাতন গোস্বামি-প্রাপ্ত

চরণচিহ্নযুক্ত গিরিরাজ—শ্রীবৃন্দাবনে ও জয়পুরে। (२०) নদীয়া জিলায় গোস্বামীত্বর্গাপুরে ১৫৯৬

(কালান্ধবাণেন্দুমিতে) মুকুট রায়ের পুত্র শ্রীকৃষ্ণরায়-কর্তৃক শ্রীরাধারমণ-বিগ্রহ-প্রতিষ্ঠা।

শ্রীকৃষ্ণের পৌত্র বজ্রনাভ-কতুর্ক স্থাপিত বিগ্রহ:-->। প্রীরন্দাবনে প্রীগোবিন্দদেব, মথুরায় কেশবদেব,

গোবৰ্দ্ধনে হরিদেব ও মহাবনে বলদেব

— দেব-চতৃষ্ট্য়, ২। বৃন্দাবনে সাক্ষী-গোপাল, গোপীনাথগোপাল, মদন-গোপাল ও গোবৰ্দ্ধনে শ্ৰীনাথ-গোপাল—গোপালচত্ত্রয়, মথুরায়—ভূতেশ্বর, বুন্দাবনে গোপী-খন, গোবর্দ্ধনে চক্রেখন ও কাম্য-

মথুরায়—মহাদেবী, বুন্দাবনে— বন্দাদেবী চীরঘাটে কাত্যায়নী ও সঙ্কেতে সঙ্কেতবাসিনী--দেবীচতুষ্ট্রয়।

বনে কামেশ্বর—শিবচতৃষ্ট্রয়, ৪।

বিগ্রহ:---(১) খ্রীরূপের---শ্রীগোবিন্দ, (২) শ্রীসনাতনের—

গোস্বামিগণ-কর্ত্তক প্রকটিত

শ্রীমদনমোহন, (৩) শ্রীজীবের— প্রীরাধাদামোদর, (৪) প্রীগোপাল-ভট্টের—শ্রীরাধারমণ, (৫) শ্রীমধ্ব- পণ্ডিতের—শ্রীগোপীনাথ (%) প্রীলোকনাথের-শ্রীরাধাবিনোদ. (৭)

প্রীগ্রামানন্দের—প্রীগ্রামত্বদর, শ্রীবিশ্বনাথের— শ্রীগোকুলানক।

প্রাচীন প্রসিদ্ধ বিগ্রহ:-(১) - খড়দহে শ্রীশ্রামস্থলর,

ত্মখচরে শ্রীগোরনিতাই, (৩) পার্ণি-হাটীতে প্রীমদনমোহন. (৪) সাঁই-বোনায় জীনন্তুলাল, (৫) মাছেশে গ্রীজগন্নাথ, (৬) চাতরায় মহাপ্রভু,

(৭) এঁড়েদহে বালগোপাল, (৮) বল্লভপুরে শ্রীরাধাবলভ, (১) শান্তি-পুরে শ্রীমদনগোপাল, (১০) বছরম-

পুরে মোহনরায় ও কৃষ্ণরায়, (১:) খেতুরে—গোরাজ, বল্লবীকান্ত, রাধা-রুমণ, ব্রজমোহন, রাধাকান্ত ও ক্লম্ভ, (১২) জালালপুরে শ্রীনন্দ-

তুলাল। প্রাচীন দলিল পত্রাদি:---(১) প্রীরঘুনাথদাস গোস্বামিপাদের গ্রীরাধাকুণ্ড-বিষয়ক দলিল (রাধা-কুতে ও পাণিহাটি গ্রন্থ-মন্দিরে)। মন্দির-সম্পর্কে খডদহের আলমগির-প্রদত দলিল— (কলিকাতা শৌরেন্দ্রমোহন গোস্বামির গ্রহে)

ি গাধনায় ২০১১ ইংরেজীতে অমুবাদ দ্রষ্টব্য।] (৩) শ্রীপাট গোপীবল্লভপুরে বাদশাহ আমলের দলিল ও প্রাচীন थाडीन मूखा। (8) ञीतृनावतन পশু-পক্ষির হত্যানিবারণের বাদশাহের ফারম্যান। (৫) পরকীয়া মতের প্রাধান্ত-স্থাপনে শ্রীকৃষ্ণদের শর্মা-কন্ত ক শ্রীরাধামোহন ঠাকুরের বরাবরে অজয়পত্র (১১২৮

সাল)। (৬) ঐ সম্পর্কে ১:২৭

(4). >>80 ইস্তফাপত্র। সালে শ্ৰীহটে দক্ষিণেব চাকা স্থে গ্রীশ্রীমহাপ্রভুর বিগ্রহসেবার অংশ प्रलिल (ব্রাহনগর **হস্তান্ত**রের গ্রন্থমন্দিরে)।(৮) ১০৬৬ হিজরি সালে সাহাজাহানের পুত্র দারাশাহ-কর্ত্ত্রক বৃন্দাবনে শ্রীগোবিন্দজিউর সেবার জন্ম ১৮৫ বিঘা জমির দানপত্র (Farman)। (১) ১১৬ হিজরি সালে শ্রীদাস গোস্বামির নামে গ্রীরাধাকুগুবাসী কয়েকজন ব্রজবাসীর ভূমিবিক্রয়পত্র। বরাহনগর শ্রীগোরাঙ্গ-গ্রন্থাগারে

র্কিত প্রাচীন শিলালিপিচিত্র— (1) The Akshay Inscription of Vigrahapal III. (2) The Visnupada Inscription of Narayanpála. (3) Vasudeva Temple Inscription of Govindapala 1232 S. E. (4) The Nrisingha Temple Inscription Nyayapal. (5) British Mususm Image Inscription of Mahendrapal. (6) Krisna Dwarika Temple Inscription

প্রাচীন চিত্র—(১) শ্রীবিশাখাদেবী-ক্বত শ্রীমন্ মদনগোপালের
চিত্রপট, (২) শ্রীরাধাকুণ্ডে মা জাহুবার
ঘাটে শ্রীমন্ মহাপ্রভুর চিত্রপট,
(৩) কুঞ্জঘাটা (বহরমপুর) রাজবাড়ীতে সপার্ষদ মহাপ্রভুর চিত্রপট
(৪) পুরীর রাজবাড়ীতে (lifesize);—(৫) বদ্বে ভোঁসলা হাউসে

of Nyayapala. (7) লক্ষণসেনের

নবাবিঙ্গত তামশাসন ইত্যাদি।

—(বৰ্গীরা বাংলা হইতে লইয়া যায়); ৬) শ্রীরাধাকুণ্ডে শ্রীমদ্দাসগোষামির ভজন-কুটীরে রসরাজমহাভাব চিত্র —দিল্লীখন মুসলমান সমাটের আদেশে উৎকলীয় সামস্তরাজের চিত্রকর-কর্ম্বক সাক্ষাদ <u>শীগোরাঙ্গের</u> অবিকল (৭) খ্রীচৈত্য-সঞ্চীর্জন—শ্রীনিবাস আচার্য প্রভুর গৃহে ছিল: খুঃ সপ্তদশ শতকের মধ্যভাগে ইহা নির্মিত। এঁডেদহে মল্লিক মহাশয়ের ঠাকুর বাড়ীতে বর্ত্তমানে বিজ্ঞমান। প্রাচীন **হ**স্তলিপি— ' ১)

শ্রীগোরাঙ্গের হস্তাক্ষরে গীতে ৷ কালনায় (ভক্তিরত্বাকর ৭।৩৪০). (২) প্রীগোরান্সের হস্তাক্ষরে শ্রীভাগবতের টিপ্পনী দেমুডে (१). (৩) শ্রীগদাধর পণ্ডিত গোস্বামির হস্তাক্ষরে মূল ভাগবত—দেমুডে (१): (৪) শ্রীরূপগোস্বামিপাদের হস্তাক্ষর ও (৫) খ্রীসনাতন গোস্বামিপাদের হস্তাক্ষর জীবন্দাবন রাধাদামোদরের মন্দিরে ও নবদীপ হরিবোল কুটিরে; (৬) শ্রীভাগবতাচার্যের হস্তলিখিত প্রেমতরঙ্গিণী—বরাহনগর বাড়ীতে; (৭) শ্রীরন্দাবনদাস ঠাকুরের স্বহস্তলিখিত প্রীচৈত্য-ভাগৰত-দেহুড়ে; (৮) খ্রীসনাতন প্রভুর সাক্ষরযুক্ত দলিল-

ব্যবহাত দ্ব্যাদি—(১) আগরতলা রাজবাড়ীতে মহারাজ যুথিষ্ঠিরকর্ত্ব প্রদন্ত হস্তিদন্ত-সিংহাসন্
(রাজমালা ১৩২৫); (২) শ্রীমন্
মহাপ্রভুর বৈঠা—কালনায় (ভক্তিরত্তাকর গতে৫); (৩) শ্রীকৃষ্ণের

পাঞ্চন্ত শভা—মহীশুর হস্তের রাজবাডীতে (৪) শ্রীগোরাঙ্গের উত্তরীয়—ভদ্রক সাঁইথিয়া শালিন্দী-তীরস্থ মন্দিরে। (৫) শ্রীসনাতন প্রভুর ভোট কম্বল-যমুনাতীরে (৬) ভুবনেশ্বরের এটোযাতে। নিকটবর্ত্তী উদয়গিরিতে শ্রীগোরাঙ্গের কাষ্ঠপাছকা গ (9) গন্ধীরায় <u> প্রীগোরাক্</u>ণের (প্রীরাধাকান্তমঠে) পাছকা, করোয়া ও কন্তা; (৮) শ্রীমন · নিত্যাননতভুর পাগড়ী (শ্রীহরিদাস গোস্বামির গুচে, নবন্বীপে)। (৯) শ্রীঅভিরাম ঠাকুরের জয়নঙ্গলচাবুক ও ব্ৰহ্মদণ্ড নামক ছডি (খানাকুল ক্ষানগরে)। (১০) শ্রীজগদীশ পণ্ডিত কর্ত্তক শ্রীশ্রজগন্নাথদেবের আনয়নের যষ্টি—যশোডায়। (১১) বরাহনগরে পাট-বাড়ীতে শ্রীগোরান্সের পাছকা। (১২) গ্রীবৃন্ধাবন রাধারমণ-মন্দিরে মহাপ্রভুকর্তৃক গোপাল ভট্টকে প্রদত্ত আসন। (১৩) গ্রীনিত্যানন্দ প্রভুর অনন্ত শিলা. ত্রিপুরাত্মনরীযন্ত্র ও ষষ্টি --খডদহের মন্দিরে; (১৪) শ্রীরঘুনন্দন ঠাকুরের নূপুর—বর্দ্ধমান গ্রামে মহান্ত-বাটীতে (১৬) শ্রীনিবাস আচার্য প্রভুর খড়ম-বনবিষ্ণুপুরে (বাঁকুড়ায়), (১৭) শ্রীরসিকানন্দ প্রভুর গলদেশে ব্যবহাত মালা ও কন্থা— শ্রীপাটগোপীবল্লভপুরে, (১৮) শ্রীছরি-দাস ঠাকুরের নামের ঝোলা ও যষ্টি —পুরী হরিদাস ঠাকুরের মঠে। (66) প্রীচৈতগুমঙ্গল-রচনাকালে শ্রীলোচন দাগের উপবেশন-পীঠ বা প্রস্তর্থণ্ড—(বর্দ্ধমান) কোগ্রামে। প্রাচীন শ্রীমন্দিরাদি-- প্রাকৃ-

চৈতগ্রহণে]

(১) পুরীতে

প্রীজগরাথদেবের শ্রীমন্দির-বাজা প্রতাপরুদ্র-কর্ত্তক প্রথম সংস্কার ১৫০৪-১৫৩२ थुः। (२) खूनतन-খরের মন্দির-কেশরী-বংশীয় রাজা যযাতি হইতে ষষ্ঠ ভূপতি ললাটেন্দু-কেশরী ৫৮৮ শকে (৬৬৬ খুঃ) এই মন্দির নির্মাণ করেন। কোণার্কের মন্দির---গঙ্গাবংশীয় সপ্তম রাজা নরসিংহদেবের কীতি, বাদশ শতাব্দীতে নির্মিত। (৪) আলালনাথের মন্দির।

শ্রীচরণচিফ—(১) পুরীতে গরুড়-ন্তভের পার্যদেশে শ্রীগোরাঙ্গের শ্রীচরণচিহ্ন—(অধুনা শ্রীমন্দিরের উত্তরপূর্বদিকে কুদ্র মন্দিরে অবস্থিত) (২) শীবৃন্দাবনে ঝাড়ুমণ্ডলে যাঁতার উপরে শ্রীঅদৈত-প্রভুর শ্রীচরণচিহ্ন। (৩) প্রীবৃন্ধাবনে কাম্যবনে চরণ-পাহাডীতে শ্রীক্লফের চরণচিহ্ন। (৪) প্রীবৃন্দাবনে বৈঠান গ্রামের চরণ পাহাডীতে শ্রীকৃষ্ণ ও গোমহিষগণের চরণচিহ্ন। (৫) শ্রীবৃন্ধাবনে ও क्षार्यातत श्रीतांशांनात्मांनतत मनित्त চরণচিহ্নযুক্ত গিরিরাজ শিলা ৷ (७) श्रीनकीश्रदत भाषारगत উপরে শ্রীক্লফপদচিহ্ন।

প্রাচীন খৃন্তি—(>) ত্রীকার-ঠাকুরের খুন্তি—নদীয়ার ভাজনঘাটের শ্রীকামুপ্রিয় গোস্বামিপাদের গৃহে। (২) চন্দননগর গোঁদাইঘাট মদন-মোহন-মন্দিরে। (৩) হুগলি জেলায় তড়া ঘাটপুরে শ্রীপরমেশ্বর দাসের যন্দিরে। (৪) শ্রীপাট খড়দহে রৌপ্য খুস্তি ও পিত্তল খুস্তি। তিন প্রকার খৃত্তি-পাঞ্জাযুক্ত, অৰ্দ্ধচন্দ্ৰযুক্ত ও ডবল অর্দ্ধচন্দ্রযুক্ত। এই সকল চিহ্ন সম্বন্ধে বিবিধ কিম্বদন্তী শুনা যায়। প্রথমতঃ হজরত মহম্মদ যখন ধর্ম-প্রচারে প্রবৃত্ত হন, তখন একদল লোক তিনি ঈশ্বর-প্রেরিত কিনা এবিধয়ে সন্দিহান হইয়া কোন অলোকিক প্রমাণ দেখিতে চায়। হজরত এক পূর্ণিমা রাত্রে অঙ্গুলি-হেলনে পূর্ণ-চন্দ্রকে দ্বিখণ্ডিত করেন। এই এই ঘটনার স্মরণেই মুসল্মানেরা জাতীয় পতাকায় 'অৰ্দ্ধচন্দ্ৰচিহ্ন' ব্যবহার করে। দ্বিতীয় ঘটনা এই যে খৃষ্টপূর্ব ৪র্থ শতাব্দীতে মাসিডন-অধিপতি ফিলিপ তুরস্কের রাজধানী ইস্তামুল অবরোধ করে। রাত্রের অন্ধকারে গোপনে ফিলিপের সৈত্ত-গণ প্রাচীর ভগ্ন করিতেছিল, সেই সময়ে ভারকাসহ চন্দ্রকলা উদিত হওয়াতে তুর্গপ্রহরিগণ শক্রর কার্য দেখিতে পায়। তখন হইতে তুরস্ক-সতারকা চন্দ্রকলা স্বকীয় রাজশক্তির চিহ্ন-স্বরূপ গ্রহণ করেন। তৃতীয় মত এই যে গ্রীসের ইলিরিয়া অঞ্লে গ্রীস জয় করিয়া ভূকিরা গ্রীসদের নিকট হইতে ঐ পতাকা গ্রহণ করিয়া স্বকীয় জাতীয় পতাকা করেন। চতুর্থ রোমক সম্রাটের পতাকায় ঐ চিহ্ন ব্যবহৃত হইত। ১৪৫৩ খঃ তুরস্থ স্থলতান ২য় মহমাদ থাঁন উহাদিগকে পরাস্ত করত ঐ পতাকাও কাড়িয়া লয় ॥ (প্রবাসী মাঘ ১৩২৮)

প্রীচৈতক্তরিতামতাদিগ্রন্থে মহা-প্রভু-কর্ত্ত্রক কাজিদলন-বিবরণ আছে —কাজি সংকীর্ত্তন নিবিরোধে প্রচারিত হওয়ার জন্ম ছাডপত্ররূপে ঐ অর্দ্ধচন্দ্রযুক্ত পতাকা দান করেন। কেহ কেহ বলেন হুসেনশাহ মহা-প্রভুর অবাধ ভ্রমণ ও কীর্ত্তনপ্রচার জগু ঐরূপ থুস্তিদান করেন। প্রবাদ —মহাপ্রভু এই খুন্তি নাম-প্রচার-করণে আদেশ-দানকালে প্রীনিভ্যানন্দ প্রত্তুকেই দান করেন | কালক্রমে খডদহে আনীত হয়। উহাই এখনও খডদহে আছেন। শ্রীজগদীশ পণ্ডিতের নিকট যে খুন্তি ছিল, তিনি উহা খঞ্জ ভগবান আচার্যের বংশীয় মালীপাড়া শ্রীপাটের রঘুনাথ গোস্বামিজিকে দিয়াছিলেন। ঐ খুন্তি লইয়া রঘুনাথের সহিত বীরভদ্র প্রভুর বিবাদ হইলে বীরভদ্র উহাকে গঙ্গাজনে নিক্ষেপ করেন। ঐ খুন্তি অগ্রহায়ণী পূর্ণিমায় চন্দন-নগর গোঁসাইঘাটে দেখা দেয় —এই ঘাটকে 'জগদীশ ঘাট'ও বলা হয়। রঘুনাথ খুন্তিথানি গৃহে আনিয়া শ্রীশ্রীরাধাবল্লভজিউর মন্দিরে রাখিয়া দেন। ১২৯২ সাল হইতে ঐ স্থানে প্রতিবৎসর ঐ তিথিতে 'খুস্তির মেলা' হইয়া থাকে। (নবসজ্ম ১৩৩১।৮ম সংখ্যা)।

বৈষ্ণব-প্রদর্শনী

আবশ্যকতা — বিশ্ব - প্রদর্শনীতে যে সকল বিচিত্র সম্পৎ বিশ্বমান, তাহারই পূর্ণবিম্ব বা মূলাধার-স্বরূপে অনস্তগুণে পরিপূর্ণ হেয়ধর্ম-বিধজিত অনাবিল অনন্তবৈচিত্ররাজি অলৌকিক

^{*} শ্রীতৈত ক্যবুগের শ্রীক্ষেত্রস্থ মঠমন্দির। দি-সম্বন্ধে জিজ্ঞানা থাকিলে এ বৃক্ত ফুলবাৰন-বিভাবিনোদ-প্রণীত 'শ্রীক্ষেত্র' (১৫৪---২৪৫ পৃষ্ঠা দ্ৰষ্টৰা)।

ব্ৰহ্মাণ্ডে বা গোলোকে দেদীপ্যমান— ইহাই স্থানীষী ও বাস্তব বৈজ্ঞানিক-গণের মত। অলোকিক চিজ্জগতের বৈচিত্র্যসমূহের অসম্যক্ অসম্পূর্ণ ছায়ামাত্র দেখিয়াই মানব মুগ্ধ ও বিশিত হয়, কিন্তু অপ্রাকৃত জগতের অনন্ত বৈচিত্রীর কেহই সন্ধান রাখে না। প্রাকৃত জগতে দ্রবাজাতের প্রদর্শনী হইতে পারে না, এ কথা সত্য; কিন্তু শ্রীমদ্ভাগ-শ্লোকার্থ-বভোক্ত ১১/২৯/২২ অমুসারে ছায়া ধরিয়াও কায়ার অমু-সন্ধান হইতে পারে। ভৌগোলিক মানচিত্রের সাহায্যে যেমন অদুগু অস্পুশ্র দেশসমূহেরও স্থিতি, প্রকৃতি প্রভৃতি-বিষয়ে সাধারণ জ্ঞান হয়, তদ্রপ সংশিক্ষা-প্রদর্শনী বা বৈষ্ণব-প্রদর্শনী অপ্রাক্ষত জগতের অমুসন্ধান জাগায় বলিয়া তাহার আবশুকতা উপযোগিতা স্থীকৃত গোলোকের যে সকল ব্যাপারে আমাদের প্রবেশাধিকার বাস্তব রাজ্যের সেই সকল কথা এই দেশেও বুঝাইয়া দিবার জন্ম এইরূপ প্রদর্শনীই প্রয়োজন। ধর্মের পূর্বতন অবস্থা, তাহার লোপ ও পুনরভাখান কিরূপ ছিল, হইয়াছে বা হইতে পারে—ইত্যাদি বিষয়ে यपि এই সব প্রদর্শনী উন্মুক্ত হয়, তবেই তাহা 'প্রদর্শনী'-নামের সার্থ-কতা বছন করিতে পারে। প্রাক্বত প্রদর্শনীতে ভোগভৃষ্ণাই বৃদ্ধি করে, কিন্তু এই অপ্রাক্তত প্রদর্শনী বৃদ্ধি-মানু দ্রষ্টার হৃদয়ে শ্রীভগবানে রতি-মতি বহন করে, যেহেতু ইহাতে শাস্ত্রের কথা,

नीलावित्नाम्हे (प्रथान हरू এই জাতীয় প্রদর্শনীতে কি কি থাকিবে ? *

- (১) যাত্রঘর —ভারতীয় সাথত গ্ৰন্থাবলী: হস্তলিখিত পুঁথি, পত্ৰিকা. শিলালিপি প্রভৃতি; তীর্থবারি ও তীর্থরজঃ: বিভিন্ন বিভিন্ন শালগ্রাম, বিগ্রহ, অর্চনদ্রব্য, বাঞ্চযন্ত্র, শুঙ্গারদ্রব্য, कर्श्मानिका, जिनकिहर, जानन, সঙ্কীর্ত্তন-শোভাযাত্রার সামগ্রী, থুন্তি, मञ्ज, माञ्रनिक ज्वता, यर्छाभकत्त, অভিষেকের সামগ্রী, মুদ্রা, পুষ্পা, जुनगी, देनद्वा, नीताकन-गामशी প্রভৃতি।
- চিত্ৰকলা-বিভাগ—— (২) ভগবৎসম্বন্ধীয় তৈলচিত্র, দৃশুচিত্রাদি, তীৰ্থস্থান, यन्त्रिद्रापि. আচার্যগণ. তাঁহাদের আবির্ভাব-স্থান ও সমাধি-স্থানাদি এবং মহাজনদের উপ-দেশাদিদারা অঙ্কিত, গ্রথিত বা (थापिक भोगवनी।
- (৩) মানচিত্র—ভারতীয় তীর্থ-স্থান, বিষ্ণুমন্দির, শ্রীনবদ্বীপ, শ্রীবৃন্দাবন ও শ্রীক্ষেত্রমণ্ডলাদির মানচিত্ৰ।
- (৪) প্রাণি-বিভাগ--ভগবৎ-সেবায় অমুকূল প্রাণিসমূহের প্রদর্শনী —ভগবদাহী হস্তী, ময়ূর, হরিণ, থেমু প্রভৃতি, শুকশারিকাদি পক্ষী প্রভৃতি।
- * ७३ श्रम मःक्काल निश्चि रहेन, वित्मव किकामा शाकित्म वीविय-देवकव-গ্রী চৈত্তপ্তাবে রাজ্ঞসভা-কর্ত্তক মায়াপুর-প্রদর্শনী' 'শ্ৰীধাম পুষ্টিকাই দ্রষ্টব্য ।

- (৫) কৃষি বিভাগ--- শ্রীধামোৎ-পর ভগবৎসেবোপযোগী বিবিধ ধান্ত, ফল, ফল, শাকশব্দী ইত্যাদি।
- শ্রমশিল্ল-বিভাগ----ভগবৎসেবার জন্ম গৃহশিল্প, কারুশিল্প, অলঙ্কার, তৈজসপত্রাদি, মন্দিরাদি সাজাইবার উপকরণাদি. চারুশিল্প. ভাস্কর্য, আলিম্পন, আসনাদি।
- (৭) বস্ত্র-বিভাগ——বিভিন্ন (शायाक, नामावनी, (तामवञ्च, शानिहा স্তর্ঞ।
- (b) খনিজদ্ৰব্য-বিভাগ---रेगतिकाि, वर्गतोशािष. হিরকাদি, খনিজ রং প্রভৃতি।
- স্থগন্ধিজব্য-বিভাগ---সেবোপযোগী আতর, অগুরু, কম্বরী, গোলাপজল, চতুঃসম, ধূপ ও ধূপ-भनाकापि, कुक्ष्य, कश्रूतापि।
- (>০) প্রাণিজাত দ্রবাবিভাগ— গব্য, গোরোচনা, মোম, মধু, মুক্তা, চামর, ময়রপুচ্ছাদি।
- (>>) ভগবলৈবেছ -বিভাগ— শ্ৰীক্ষন্তপ্ৰিয় বিবিধ খাগুদ্রব্য---রাঘবের ঝালি, ছাঁচ, নারিকেলের টি ড়া, জিলাপী, অমৃতী, মতিচর, পাটালি, জয়নগরের মোয়া, সীতা-ভোগ, মিহিদানা প্রভৃতি। নিবেদিত প্রসাদ—শ্রীক্ষেত্রের মহাপ্রসাদ. শ্রীনাথদারের প্রসাদ, শ্রীরন্দাবনের শপ্ত দেবালয়ের প্রসাদ, ক্ষীরচোরা গোপীনাথের শীর-প্রসাদ, চৌষ্টি মোহস্তের ভোগারাধনার প্রসাদ— মহামহাপ্রসাদ প্রভৃতি।
- (১২) কাগজশিল্প-বিভাগ— ্ভগবৎসেবামুযায়ী বিবিধ সামগ্রী ও

লীলোদ্দীপক রমণীয় চিত্রাদি।

(২৩) মূর্ত্তিশিল্প-বিভাগ—
প্রস্তবে বা মৃত্তিকায় নির্মিত উপদেশ-পূর্ণ ভগবল্লীলা যেমন—শ্রীরূপসনাতন শিক্ষা, নার্বভৌম-উদ্ধার কাজিদলন, জগাই-মাধাই-উদ্ধার ইত্যাদি।

(২৪) প্রস্তাদি—প্রকাশ ও প্রচার-বিভাগ—সর্ব্যাধারণের পক্ষে স্থলভ

জগাই-মাধাই-উদ্ধার ইত্যাদি।

(>৪) গ্রন্থাদি-প্রকাশ ও প্রচারবিভাগ—সর্বগাধারণের পক্ষে স্থলভ
করিয়া স্থপ্রাচীন হুর্লভ গোস্বামিগ্রন্থাবলী, বিভিন্ন আচার্যদের ভক্তিগ্রন্থাবলা ও চিত্রাবলী-প্রকাশ ও
প্রচার ইত্যাদি।

(>৫) চলচ্চিত্রে বা ছায়াচিত্রে

রায় ভট্টমহাশয় কর্তৃক ২০০৪ সালে
১লা মাঘে প্রতিষ্ঠিত ও তৎপরে
১৩৪১ সালে বরাহনগর পাটবাড়ীতে স্থানাস্তরিত 'শ্রীগোরাঙ্গ গ্রন্থমন্দিরে' সদাকালের জন্ম উন্মুক্ত বৈঞ্চব-প্রদর্শনীতে পূর্বোক্ত বিষয়-

পাণিহাটিতে—গ্রীযুক্ত অমূল্যধন

বক্তৃতা – লীলাভিনয়াদি।

সমৃহের অধিকাংশই স্থচারুভাবে স্থসজ্জিত আছে। এই স্ক্রাস্তকর্ম। মহামনস্বী নীরবে ধনজন বলবর্জিত হইয়াও যে এতাদৃশ বিরাট্ প্রদর্শনী প্লিয়াছেন, যাহার পরিদর্শনে

দেশবিদেশের

ভূয়োভূয়: প্রশংসা করিয়াছেন— ইহা ভাঁহার ভাষ্য প্রাপ্তিই বটে।

Brazil হইতে প্ৰকাশিত O

দেশের মহামনস্বীগণও * একবাকে

লোক—পাশ্চাত্য

বৈষ্ণব-প্রদর্শনীর সংবাদ প্রচারিত হইরাছে।

এই গ্রন্থমন্দিরের প্রাচীন পুঁথি-বিভাগের ৭৮ খানা পুঁথি লইয় শ্রীনবদ্বীপের হরিবোল কুটীরের

হরিদাস দাস তৎপ্রকাশিত 'শ্রীগোড়ীয় গৌরব-গ্রন্থগুচ্ছের'

আবোড়ার গোরব-প্রস্থওতের আয়তন বৃদ্ধি করিয়া কৃতক্কতাথ হইয়াছে। কালের বিধ্বংগী হস্ত

হইতে—অন্ধকারময় কারাকৃক্ষে
বিবিধ কীটের ভোজন-ব্যাপৃত মুখ
হইতে—গৃহের আবর্জনাবোধে
পথে, ঘাটে, পুন্ধরিণী বা নদীগর্জে

সমাধির কবল হইতে—এই সব প্রাচীন পুঁথিগুলি স্কন্ধে ও বক্ষে বহনক্রমে সমত্বে উদ্ধার করিয়া শ্রীঅমৃল্যধন গৌড়ীয় বৈঞ্বগণের

নাহিত্য-সামাজ্যে যে অমূল্য ধন
দিয়া স্থনাম সার্থক করিলেন—এই
জন্ম ইতিহাসের পৃষ্ঠায় তাঁহার
নাম স্থর্ণাক্ষরে লিখিত থাকিবে।
গোডীয় বৈষ্ণব-সমাজ এই মহা

সহিত স্বীকার না করিলেও কিন্তু ইতিহাস তুলিতে পারিবে না; কবির ভাষায় আমরাও অমূল্যধনকে বলিতেছি—হে মহাজন! হে

অবদানের কথা এখন কুতজ্ঞতার

নীরব কমি। 'উৎপ্রংশুতেইন্তি তব কোহপি সমানধর্মা কালো হয়ং নিরবধিবিপুলা চ পুণী'।

শ্রীগোড়ীয় মঠের সৎশিক্ষা প্রদর্শনীর আদর্শ—(১) দশাবতার, (২) আরোহ ও অবরোহ পথ—

নিজেদের চেষ্টায় ভগবানকে জানিতে যাওয়াই আরোহপথ, যেমন লগুন দিয়া কুর্যদেখা; আর ভগবানের দ্যায় তাঁহাকে

আর ভগবানের দয়ায় তাঁহাকে জানা—অবরোহপথ যেমন হর্মের আলোকেই স্থ্দিখা। (৩)
আরোহপথ বা রাবণের সিঁড়ি।
বিবরণ-পুস্তিকাতে এই সব
আদর্শের বিস্তৃত ব্যাখ্যানও দেওয়া
হইয়াছে।
গোড়ীয়-বৈশ্বন-সাহিত্যের

উপযোগিতা

'গৌড়' শব্দ-সম্বন্ধে পুরাতত্ত্ববিৎ ও প্রভুতাত্ত্বিকগণের বহু আলোচনা আছে। কুর্ম ও লিঙ্গপুরাণের শ্রাবন্তি নগরীর নামান্তর গৌড়দেশ, পাণিনি ও বরাহমিহিরের গৌড়পুর, প্রবোধ-

চন্দ্রোদয় নাটকে গোড়প্রদেশের অস্তর্বর্তী রাচ্চদেশ, রাজতরঙ্গিণীতে ললিতাদিতা ও জয়াদিত্য প্রভৃতি রাজগণ-কর্ত্ত্ব দৃষ্ট গোড়দেশ, আর্যাবর্ত্তে উল্লিখিত পঞ্চগৌড় *

চণ্ডীমঙ্গলে উক্ত পঞ্গোড় প্রভৃতি,

বল্লালসেনের গোডনগরে রাজধানী-

নির্মাণ ইত্যাদির বিচার করিলে
মনে হয় যে পুরাকালে বঙ্গদেশবাসী
বা আর্যাবর্তবাসী 'গৌড়ীয়' শব্দে
অভিহিত হইতেন। শ্রীচৈত্তাদেবের
সময় হইতে কিন্তু তাঁহার শ্রীচরণাম্ব-

তথ্যাদি এই অভিধানের চতুর্থ খণ্ডে 'গৌড়দেশ' শব্দে আলোচ্য। গ্রীচৈতন্ত্র-চরিতামৃতে--'এই তিন 'গৌড়ীয়াকে' করিয়াছেন আত্মাণ' বাকাই

চরগণই 'গৌড়ীয়' শব্দের বিশেষ

বাচ্য হইয়াছেন। অক্তান্ত জ্ঞাতব্য

তাহার প্রমাণ। গৌড়ীয়গণকে গৌড়েশ্বর সম্প্রদায়ও বলা হয়,

Pensamento-নামক পর্ভুগীন্ধ পত্তিকার ১৯৩২ খ্বঃ জুন সংখ্যায় A Exposicao de Vaisnab-শীর্ষক প্রবন্ধে পাণিহাটীর

শারসভা: কান্তকুজা উৎকলা মৈথিলাক যে। গোড়াক পঞ্চধা চৈব পঞ্চ-গোড়া: প্রকীভিতা:।

শ্ৰীশ্ৰীগৌড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩খ) গোড়ীয়-বৈষ্ণব-সাহিত্য ১৫৩৩

বেহেতু 'স্বসম্প্রদায়সহস্রাধিদেব গৌরই' তাঁহাদের আরাধ্য ঈশতন্ত। ইহাকে 'রাক্ষ-মাধ্ব-গৌড়েশ্বর' সম্প্রদায়ও বলা চলে, যেহেতু ব্রহ্মা হইতেই এই সম্প্রদায়ের মূলত: প্রবৃত্তি [শক্তবক্ষ ও রেতোব্রক্ষের উদ্ভব], মধ্বাচার্য হইতে পৃষ্টি এবং

বিষয়া এয়মিলিত স্বয়ং ভগবান্

শীগোরেই ইহার চরম পরিণতি।

মধ্বমতের সহিত কতিপয় প্রমেয়-

বিষয়ে এই অভিনব গৌড়ীয়
সম্প্রদায়ের অসামঞ্জস্ত লক্ষিত হইলেও
মাধ্বের দৈতবাদকে আগ্রয় করিয়া
শ্রীগৌরাক্ষের অচিস্তাভেদাভেদবাদ

প্রতিষ্ঠিত হইয়াছে †। এক কথায়
সম্বন্ধ-অভিধেয় - প্রয়োজন - তত্ত্বের
বিচারে, কর্ম-জ্ঞান - যোগ-বৈরাগ্যভক্তি-প্রেমাদির বিশ্লেষ্বণে,দর্শন-কাব্য-

নাটক-রস-অলকার - ছন্দঃ- ব্যাকরণশ্বতি প্রভৃতি বিবিধশাস্ত্র-বিষয়ক
মৌলিক গবেষণাপূর্ণ তথ্যনিষ্কাসনে
এবং সার্বতৌমতা. সার্বকালিকতা,

গৌড়ীয়গৌরবই যে অসমানোর্জ, তাহার ভূরি ভূরি দৃষ্টান্ত মধ্যযুগের কাব্যসাহিত্যে জলস্ত অক্ষরে দেদীপ্য-

মান ।

সার্বজনীনতা ও বিশ্বপ্রেমিকতায়

'সা বিভা তন্মতির্যয়' (ভাগ° হা২৯।৫০) 'সা বাগ্যয়া ভভ গুণান্ গ্ণীতে' (ভা ১০।৮০।০)

এবং 'তদ্বাগ বিদর্গো জনতাঘবিপ্লবো'
(ভা ১৫।১১) ইত্যাদি ছায়ে যে
বিজ্ঞাবৃদ্ধিতে বা শাস্ত্রালোচনায়

† এ বিষয়ে আলোচনা গৌড়ীয়-বৈঞ্ব সাহিত্যে ১১২—১১৩ পৃষ্ঠায় দ্ৰষ্টব্য i ভগবৎশারিধ্যপ্রাপ্তি করায়, তাহাই
যথার্থতঃ 'সাহিত্য'-পদবাচ্য, নতুবা
তত্তৎ আলোচনা ব্যর্থ 'রাহিত্য'পদযোগ্য। সাহিত্যশব্দে সম্যুক্

পদযোগ্য। সাহিত্যশব্দে সম্যক্ হিতকর অসন্নিবিষ্ট বাক্যকদম্বই বাচ্য, তাহাতে বিচিত্রতা-বিলাসাদিও ধ্বনিত, অতএব সাহিত্যকে রস্থনি

ধানত, অতএব সাহিত্যকে রস্থান
বা ভাবরত্বাকর বলিতে হয়।
গৌড়ীয়মতে শ্রীমন্তাগ্রতই (এবং

তদমুগানী শাস্ত্রই) একাধারে গাহিত্য, দর্শন, ইতিহাস এবং পারম-হংস সংহিতা; ইহাতেই জ্ঞানবিরাগ-ভক্তিসহিত নৈদ্ধর্য আবিষ্কৃত, ইহা

একমাত্র রসিক ও ভাবুক-জনেরই সংবেগু ও সমাম্বাদনীয়। নির্বিশেষ ব্রহ্মে সাহিত্যের স্থান নাই, যেহেতু তাহাতে জ্ঞান, জ্ঞাতা ও জ্ঞেয়রূপ ত্রিপ্রটীর লয় হইয়া যায়। একল

বাস্থদেবতত্ত্বে বিষয়তত্ত্ব থাকিলেও নায়িকার অভাবে সাহিত্যের সঙ্কীর্ণতা, লক্ষীনারায়ণে কিঞ্চিৎ সাহিত্য পাওয়া গেলেও তাহাতে

না। শ্রীসীতারামে তদপেক্ষা কিঞ্ছিৎ
বিকসিত হইলেও সেই মর্যাদাপুরুষোত্তমের লীলাবিলাসে সাহিত্যও
কিঞ্চিৎ সন্ধৃচিতই হয়। হারকাধীশ
এবং মথুরাধীশেও প্রশ্বর্য-প্রাবন্য

ঐশ্বৰ্যপ্ৰধান বলিয়া সম্যক ক্ষতি হয়

বিলয়া সাহিত্য পূর্ণতর বিকাশ
পাইতে পারে না—কিন্ত সৌন্দর্যমাধুর্যনিদান শ্রীবৃন্দাবনেই লীলাপুরুষোত্তমের সাহচর্যে সাহিত্যের

শীব্রজেন্ত্রনন্দনের [অন্তান্ত স্বরূপে অনাবিষ্কৃত] ক্রীড়া-মাধুরী, বেণ্-মাধুরী, বিগ্রহ-মাধুরী ও প্রেম-মাধুরী

চরম কাষ্ঠা বিকশিত, যেহেতু সেম্বানে

প্রভৃতি সম্যক্ প্রকাশিত। তত্ত্তা যাবতীয় বস্তুনিচয়ই সংসাহিত্যের আকর, ভ্রতরাং সাহিত্যের প্রগতিও নির্বাধ এবং অসমোধর্ব, অতএব এই বৃন্দাবনীয় কাব্যরচনাতেই গৌড়ীয়-বৈঞ্ব-সাহিত্য সর্বথা আত্ম-

বিনিয়োগ করিয়া মহামহনীয়

হইয়াছে। ফলতঃ নির্বিশেষ ব্রহ্মপ্রতিপাদক শাস্ত্র হইতে মথুরাধীশের

লীলাপ্রচারক গ্রন্থপর্যস্ত সকলগুলিই

লীলাপ্রচারক গ্রন্থপর্যন্ত সকলগুলিই
অংশ, খণ্ড বা প্রকৃত ভূমা বস্তুর
একদেশমাত্র। অধিলরসামৃতমূর্ত্তি
শ্রীকৃষ্ণই এই সব সাহিত্যের নামক
এবং মহাভাব-স্বর্লাপনী শ্রীর্বভামু-

নন্দিনীই নায়িকা। অষয়জ্ঞানতত্ত্ব রসরাজ সচিদানন্দ্যন স্বয়ং ভগবানে শ্রুতির 'একমেবাদ্বিতীয়ং', 'রসো বৈ সঃ', 'মধু ব্রহ্ম' এবং 'আনন্দং ব্রহ্ম' ইত্যাদি বাক্যাবলির তাৎপর্য চরম পরাকাষ্ঠাপ্রাপ্ত। অভিন্ন-ব্রজেজ্ঞ-নন্দন প্রেমপুরুষোভ্য শ্রীগোরাঙ্গে

আস্বাদন-বৈচিত্র্যও ক্ষুইতর; স্থতরাং শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যই শ্রীগৌর-গোবিন্দের প্রেমসেবা-পরিপাটীর যথাযথ বিনির্দেশ করিয়া জীবের

ष्यगत्मार्क क्रभ, नीना, छेनार्य छ

স্বরূপাদিগত

আতান্তিক

মহাবৈশিষ্ট্যহেতৃ

পন্তা-

প্রদর্শক।
এই সাহিত্যের অথিলরসবৈচিত্রৈর
মধ্য দিয়া সর্বাবগাহী নিত্য নিরবচ্চিন্ন ও নিরবত আস্বাদন-ধারাগুলি

শ্রেয়োলাভের

করিয়া লয়, তবে সীমাবদ্ধ হৃদয়ের মধ্যেই সেই অসীমের সংযোগ ঘটাইয়া দিবে। ফলে সেই

যদি একবার সহৃদয়ের মর্মে

সাহিত্যিক প্রতিক্ষণে নবনবায়মান উদ্দীপনায় বিভোর হইয়া অন্তরে বাহিরে সেই ভুমারাজ্যেরই অনুভব করিবেন, কেননা তাঁহার সদয়ক্ষেত্র অলোকিক ভাবের স্পর্শে স্বাভাবিক পবিত্রতাসম্পন্ন হইবে নিধু তদোষ ত জ্জন্ম এবং প্রসন্মেজন হইয়া ক্রমশঃ অথিল-র্স-সমাটের নিখিলমাধুরীর আস্বাদন-করিবে। উক্ত যোগাতা লাভ অধিকাবে চিত্তে যতই প্রমৌদার্থময় ক্ষারতা জন্মে. ততই আস্বাদনের বৈচিত্রী ও নবনব (চিৎ) বুভির ক্ষুরণ হয়, এমন কি তদীয় চিত্তের অগণিত বুতিরাশিও তখন লবণাকর-রসায়িত বা রসভাবিত গ্ৰায়ে হইয়া যায়। ইহাই হইল সং-সাহিত্যালোচনার চরম ফল। বলা বাহুলা যে প্রাক্ত সাহিত্যেও রস-আছে. কিন্ত তাহা ব্যাবহারিক, খণ্ডিত ও ভোগম্পহাত্মক বলিয়া সৎসাহিত্যজ আনন্দের ত্রিসীমায়ও আসিতে পারে না।

ইতিহাস-পর্যালোচকগণ একবাকো স্বীকার করেন যে এই অখণ্ড গোড়ীয়-বৈষ্ণৰ-সাহিত্য তিনটা যুগে ক্রমশঃ আত্মবিকাশ করিয়াছে-**শ্রীচৈতগ্যদে**বের (১) রসসমাট আবির্ভাবের পূর্বকাল হইতে আরম্ভ করিয়া (২) তৎপ্রাত্বর্ভাব (১৪০৭ শাক) হইতে প্রায় শতাকীকাল ব্যাপিয়া পুষ্টিলাভ করিতে করিতে (৩) তদন্তধানের (১৪৫৭ শাক) পরেও প্রায় তুই শত বর্ষকাল এই সাহিত্য স্বগরিমায় মহনীয় ছিল। প্রথমটিকে আমরা প্রাক্তৈত গুরুগ,

দ্বিতীয়টিকে **এী**চৈতন্তমূগ এবং **এটি চত গুপরবর্তী** যুগ তৃতীয়টিকে বলিয়া নির্দেশ করিতে পারি। 'গোডোদয়ে' প্রীচৈতন্ত নিত্যানন্দ-রূপ (পুপবান) হুর্যচন্দ্রের আবির্ভাবে, শ্রীরূপসনাতনাদি সমুজ্জল জ্যোতিষ-मञ्जलस्य-निग्निश्ख মণ্ডলীরও উদভাগিত হইয়াছিল। তৎপরে শ্রীবিশ্বনাথ-বলদেবের অভ্যাথানেও সেই ধারাই অক্ষন্ন ছিল।

অহো! থাঁহারা সেই মুর্ত্তরস-সমাটের নিতালীলা-সঙ্গী, তাঁহারাও সঙ্গে সঙ্গে সেই র্গামৃতসিম্ব মন্থন করিয়া স্বয়ং ত যথেচ্ছ সম্ভোগ করিয়াছেনই, আবার জীবের প্রতি পর্ম করুণায় আপামরে বিতরণও তাঁহারা অন্তর্গান করিয়াছেন। করিলেও কিন্তু তাঁহাদের আসাগ্র রসসম্পদরাশি গোড়ীয়-বৈঞ্চব-সাহিত্য-ভাণ্ডারে 'সর্বস্থত্ব সংরক্ষিত' করিয়া রাখিয়াছেন। অন্ধিকারী আমাদিগকে তাঁহারা একেবারে বঞ্চিত করিয়া যান নাই। সাধারণ লোকচক্ষর থাকিলেও তাঁহাদের হৃদয়োপত্তক ভাবের পসারগুলি গৌডীয়-বৈষ্ণব-সাহিত্যরূপে বিৱাজ এখনও করিতেছেন ॥

এই গৌডীয় সাহিত্যের প্রতি-বিভাগেই অভিধেয় ও সম্বন্ধ, প্রয়োজন-তত্তরপ ত্রিবেণীর অল্পবিস্তর বিকাশ প্রতিফলিত। সাহিতা একমাত্র ভাগবত-ধর্ম-প্রতিপান্ত অহৈতৃকী ভক্তি বলিয়া সাহিত্য-সরস্বতীপতি শ্রীশ্রীগোরস্কনর বিচ্চা-(সাহিত্য)-বধুজীবন গ্রীনামের সেবা শিক্ষা দিয়াছেন। খ্রীনামে যুগপৎ শব্দ, রূপ, গুণ, লীলাও পরিকরের সাহিত্য সম্যকপ্রকারে বিভ্যমান। শ্রীগোরের মতে 'অন্দরী কবিতা' অকামাা হইলেও কিজ 'নিগম-কল্পতকর গলিত ফল'-রূপ সাহিত্য সর্বদাই বান্তব ও শিবদ বস্তর আস্বাদনীয়তা দান করে বলিয়া সর্বথাই সেবিতবা।

গোডীয়-বৈষ্ণব-সাহিত্যে স্ত্রীচরিত্র মহাভারত. শ্ৰীমদ-রামায়ণ, ভাগবতাদি পৌরাণিক বৈষ্ণব-সাহিত্যে কৌশল্যা, সীতা, উমিলা, मत्मानती, त्जोभनी, तनवकी, यत्भाना, কুক্রিণী. স্ত্যভামা বোহিণী. প্রভৃতির আদর্শ চরিত্র প্রকাশিত। মধ্যযুগীয় আচার্যগণের আবিভাবের পূর্বে ও তাঁহাদের অভ্যুদয়ের সম-সাময়িক বৈঞ্বসাহিত্যে গোদাদেবী বা অণ্ডাল, প্রীরামাত্বজ-শিষ্য বরদা-চার্যের পত্নী লক্ষ্মীদেবী, অনস্তাচার্যের পত্নীপ্রমুখ বহু আদর্শচরিত্র বৈষ্ণব-স্ত্রীচরিত্র-ইতিহাসে বর্ণিত হইয়াছে। গোডীয়-বৈঞ্চব-সাহিত্যেও বিভিন্ন-প্রকার স্তীচরিত্তে প্রমার্থজীবনের সর্বথা আদর্শ প্রকটিত দেখা যায়। শ্রীশ্রীমনমহাপ্রত্বর মাতা শচীদেবী. শ্রীমরিত্যানন্দ-জননী পদ্মাবতী. শ্রীসার্বভৌম-পত্নী (ষাঠার মাতা). <u> প্রীরন্দাবনদাস</u> ঠাকুরের মাতা नाताश्वी, खीरप्रश जारूरा, खीमानिनी দেবী প্রভৃতির চরিত্রে মাতৃত্বের সর্বশ্রেষ্ঠ আদর্শ দেখা যায়।

শ্রীগোরককে দেয়- শ্রীগোবিদদের কবি-প্রণীত এই অষ্টাদশ-সর্গযক্ত মহাকাব্য (সংস্কৃত) নানাবিধ ছন্দে

ও অমুপ্রাসাদি নানা অলঙ্কারে শ্রীচৈতমভাগবত ও চরিতামতাদির অমুসরণে প্রাঞ্জল পতে লিখিত। শ্রীমন মহা প্রভুর লীলাচরিত্র-অঙ্কনেই ইহার তাৎপর্য। শ্রীগোবিন্দ কবি— উৎকলদেশীয় বৈষ্ণব, শ্রীলবক্রেশ্বর পণ্ডিত গোস্বামিপাদের পরিবারভুক্ত গিয়াছে। ১৬৮০ বলিয়া জানা শকান্দে এই গ্রন্থ রচনা, হইয়াছে, উপক্রমে (১)৫) এবং উপসংহারে (১৮।৬০) ত্রইটি শ্লোকে শ্রীলবক্রেশ্বর পণ্ডিত প্রভুর নামকরণ হইয়াছে। প্রথম সর্গে—(কলাবতরণ), ইহাতে পাপে প্রপীড়িতা গোরূপা পৃথিবীর বন্ধলোকে গমন, ক্ষীরসমুদ্রতীরে ব্রহ্মার স্তব, ভগবানের আবির্ভাব ও পৃথিবীতে ব্ৰহ্মাকে আশ্বাসদান, ভক্তরূপে অবতীর্ণ হইবার জন্ম আদেশ, লীলাপুরুষোত্তমের আশ্রয়-জাতীয় ত্রথাস্বাদনের জন্ম রাধা-ভাবকান্তি-অঙ্গীকার, জগরাথ-শচী-বিশ্বরূপাদির অবতার, অবৈত (শিব), নিত্যানন্দ (বলদেব). হরিদাস (ব্ৰহ্মা) ও শ্ৰীনিবাস (नातन), প্রভৃতিরূপে অবতার, অদৈত প্রভুর তুলসীমঞ্জরী-সমর্পণে সঘন হঙ্কার, শ্রীশচীগর্ভ ইত্যাদির বৰ্ণনা। দ্বিতীয় সূর্গে – (ভগবংপ্রভাব), দেব-গৰ্ভস্কতি. গৌরচক্তের গ্ৰহণ ব আবির্ভাব, তিনদিন মাতৃস্তন পান না করায় অহৈতপ্রভু-কর্ত্তক শচীমাকে **हीकाळानाहि.** ঔথানিক কৰ্ম. বাৎসরিক জন্মোৎসব। তৃতীয় সর্গে —(वानानीना), इतिनारमा९मव, (ठोर्चनीन। गाज्ञीवनत्रकार्थ গঙ্গাপুলিনে নারিকেল-আনয়ন.

বালিকাদেরসহিত রসরঙ্গ, লক্ষীপ্রিয়া-মিলনাদি। চতুর্থ সর্গে—(বিহিত-বৈবাহিক), বিপ্তারম্ভ, উপনয়ন, জগরাথ মিশ্রের পরলোক, অধ্যয়নে হরিবাসর-পালন, মনোনিবেশ. বিশ্বরূপ-সন্ত্যাস, লক্ষ্মীপরিণয়াদি I পঞ্চম সর্গে—(योदननीना), বঙ্গে তপনমিশ্রমিলন, লক্ষ্মীবিজয়,বিষ্ণুপ্রিয়া-পরিণয়, দিগৃবিজয়ি-জয়, ঈশ্বরপুরীর নিকট দীক্ষালাভ, ঐশ্বর্য-প্রকাশ, নিত্যানন্দমিলন, হরিদাস-মিলদ, আমোৎস্বাদি। ষষ্ঠ সূর্গে বিষ্ণপ্রিয়ার —(मन्नामनीना). সহিত বিবিধ বিহার, সন্নাস-গ্রহণে সম্বল্লাদি-নিবেদন, কেশবভারতীর নিকট বেশাস্তর-গ্রহণ, শান্তিপুরে আগমন, শচীমিলনাদি। সপ্তম সর্গে (নীলাচলযাত্রা), শচীসাস্থনা, প্রত্যহ মধ্যাকে শচীর হস্তে ভোজনের জন্ম আগমন, রেমুনায় প্রবেশ, মাধবেন্দ্র-চরিতাস্বাদন, কটকে সাক্ষিগোপাল-দর্শন, ছোটবিপ্র ও বড়বিপ্রের কাহিনী। অষ্ট্রম সর্গে - (নীলাচল লীলা), পুরীতে সার্বভৌম-মিলন, বেদান্তশ্রবণ, বিচার, ষড্ভুজমৃত্তি-প্রদর্শন, নীলাচলচন্তের বিবিধ্যাতা-দর্শন। নবম সর্গে (দাক্ষিণাত্যভ্রমণ), কৃষ্ণদাসকে লইয়া দাক্ষিণাতো যাত্রা, কুর্মকেত্রলীলা, বাস্থদেবোদ্ধার निজमञ्जनीकानान (>२), शानावती-**७८** दामानम-मिनन. কুম্ভকথা-আলাপনাদি, রামভক্তের ক্ষণনামগ্রহণ, (वीक्षमिनन, देशवरामत देवक्षवीकत्रन, त्रजनाथ-पर्मन । प्रभाग मर्ग (नीनाठना-গমন), অশুদ্ধগীতাপাঠকের বুতান্ত, ভট্যুহে চাতুর্মান্ত-কালে অবস্থান, কামকোষ্টি, দক্ষিণমপুরায় নিবিগ্ল রামভক্তের প্রতি রূপা, ভট্টথারি-বুতান্ত, উড়ুপীতে মাধ্বমতাবলম্বিদের সহিত বিচার: ব্রহ্মসংহিতা ও কৰ্ণামূত-সংগ্ৰহ. সপ্তাল মোচন, রামানন্দসহ পুনর্মিলন, আলাল-নাথ হইতে পুরীতে সংবাদপ্রেরণ। একাদশে (গজপতি-মিলন), ভক্ত-মিলন, প্রতাপক্ত-মিলন, গোবিন্দ-দালের আগমন. নরেজসরোবরে জলকেলি চন্দন্যাত্রাদি, ব্রহ্মানন্দ-বুতান্ত, স্নান্ধাত্রা, গৌড়ীয় ভক্তদের আগমন, গুণ্ডিচাযাত্রাদি। দ্বাদশে (সর্বর্তু,যাত্রা), প্রীজগন্নাথের রথযাত্রায় নুত্যোৎসবাদি, লক্ষীবিজয়োৎসব. বর্ষাকালবর্ণনা, ভট্টাচার্যের নিমন্ত্রণ, জীবনদান, অমোঘের শারদ উৎস্বাদি। ত্রয়োদশে (গৌডাগ্যন) গোড়পথে বুন্দাবন্যাত্রার কটকাগমন, পথেপথে প্রতাপরুদ্রের সেবাসোষ্ঠৰ, পাণিহাটীতে আগমন, কুলিয়া ও শান্তিপুর হইয়া রাম-কেলিতে আসিয়া শ্রীরূপসনাতনমিলন. কানাইর নাটশালা হইতে নীলাচলে প্রত্যাবর্ত্তন। চতুর্দশে (বুন্দাবন-গমন), বলভদ্ৰ ভট্টাচাৰ্যকে লইয়া বনপথে কাশীতে গিয়া চক্রশেখরগ্রহে নিবাস, তৎপরে গোকলে গমন. প্রেমাবেশে বনভ্রমণ, আমলিতলায় মধ্যাহ্নকৃত্যকালে কৃষ্ণদাস রাজপুতের সহ মিলন, প্রয়াগে শ্রীরূপ-মিলন। পঞ্চদশে— (তাশ্রয়-সমাখ্যান). প্রীরপশিক্ষা, রসবিচার. কাশীতে শ্রীসনাতন প্রভুর সহিত মিলন ও শিক্ষাদান। ষোডশে—(ভক্ত-

ইহাতেই স্বার্থসিদ্ধি হয়, তাহাতে

প্রমোদ), অবতারাবলির কীর্জন, লীলানিত্যতা-স্থাপন, বৈধীরাগমার্গ-প্রকাশানন্দ-উদ্ধার, বিৰেচন, সনাতনের বৃন্দাবনে স্কুর্দ্ধিমিশ্রসহ मिनन, नुश्रजीर्थ-छिक्षात, नीनाहरन উপস্থিতি, শিবানন্দের শ্ৰীক্রপের কুকুরের আখ্যান, নাটকাম্বাদন, **শ্রীনিত্যানন্দের শ্রীবম্থধাব্দাহু**বার পাণিগ্রহণ ও বীরচক্রোৎপত্তি, দাস রঘুনাথ-গোস্বামিসহ-মিলন। সপ্তদশে (দিব্যোশাদ), সনাতনের পুরীতে ও প্রভুর কুপাপ্রাপ্তি. আগমন গোস্বামিদের গ্রন্থরচনা, বল্লভভট্র-বুতান্ত, জগদানন্দের ত্মগন্ধি टेज्नजाध-ज्ञन ७ वृन्तावरन गमन, অদ্বৈত-সমীপে নিত্যান**ন্দ** છ প্রহেলিকা-প্রেরণ, রঘুনাথভট্টমিলন ও ব্রব্ধে প্রেরণ, ভক্তদত্ত-দ্রব্যাদির রথোৎস্ব-স্মাপন, আস্বাদন. ব্রজবিরহিণীভাবের প্রাবল্য, সমুদ্রে উন্থানে প্রীকৃষ্ণান্থেষণ. কুর্মাফ্বতিভাব ইত্যাদির বর্ণনা। অপ্তাদশে (স্বধামবিজয়), মুখঘর্ষণলীলা, অশোকমূলে কৃষ্ণদর্শন ও বিরহবিলাপ, স্বরূপরামানন্দের প্রচেষ্টা ও আস্বাসদানাদি-প্রসঙ্গ। আবির্ভাব, আবেশ ও শক্তিসঞ্চারে ত্রিবিধ উপায়ে লোকনিস্তার-বৃত্তান্ত, নিত্যানন্দ-নৃত্যে, রন্ধনে. রাঘবের মন্দিরে ও শ্রীবাসালয়ে আবির্ভাব: নকুল ব্রহ্মচারির দেহে আবেশ, শিবানন্দের সন্দেহচ্ছেদনের বহুবিধ ইষ্টগোরমন্ত্র-কথন, গোরমন্ত্রের উট্রন্ধন; শ্রীরূপস্নাতনা-দিতে শক্তিসঞ্চার করত ভক্তিপ্রচার,

শিক্ষাপ্তক ইত্যাদি।

গ্রন্থবৈশিষ্ট্য-->৮।২২--৩৪ শ্লোক পর্যন্ত শ্রীগোরমন্ত্রোদ্ধার গায়তী খ্যান প্রভৃতির আলোচনা। এই অংশটির যথায়থ অনুবাদ দিতেছি—ি শিবাদন্দ সেনের ইইমন্তবিষয়ক সন্দেহ-নিরসনে নকুল ব্রহ্মচারির আবেশে উক্ত] শিবাননা চতুবর্ণযুক্ত ও 'হে পুরুবার্থচতৃষ্টয়দাতা নীলপীতাখ্য অর্থাৎ কৃষ্ণচৈতন্ত অথবা স্বরূপতঃ নীল (কুষ্ণ) হইয়াও যিনি পীতবৰ্ণ ধারণ করত পীত (গোরাখ্য) হইয়াছেন—সেই মঙ্গলনিদান চিন্তামণিক্রপ 'গৌরগোপাল' তোমার ফদয়ে সতত বিভয়ান'॥২২॥ এই কথা শুনিয়া শ্রদ্ধালু ও সাধুচরিত্র শিবানন্দ পুনঃ পুনঃ দণ্ডবৎ পূর্বক করযোড়ে আবার জিজানা করিলেন —'আপনি সুবই জ্ঞাত আছেন, আমার আর কোনও সংশয় নাই, আপনি সাক্ষাৎ গৌর— এই বৃদ্ধিতেই জিজ্ঞাসা করিতেছি॥২০॥ গোরমন্ত্র জানি বটে, কিন্তু গোরপূজা-বিধি কিছুই জানিনা; একণে পূজাবিষয়ে আমার অতিশয় শ্রন্ধা হইতেছে, অতএব হে স্বামিন্! যে প্রকারে গৃহিগণ ভববন্ধনমুক্ত হইয়া আপনার ধামে যাইতে পারে. তদ্বিষয়ে যথেষ্ঠ উপদেশ করুন।' ২৪॥ এই প্রশ্ন শুনিয়া বন্ধচারী পুলকাঞ্চিত **२००१ वर्ग** কলেবরে তাঁহাকে ম্পষ্টস্বরে (ধীরে ধীরে) বলিতেছেন —হে শিবাননা যাহাতে স্বানন্দ বিরাজিত, তুমি সেই সেবানন্দ লাভ কর নাই (१) ২৫॥ তোমাকে যে চতুরক্ষর গৌরমন্ত্র দেওয়া হইয়াছে, के मञ्जर चारतीय. की र्डनीय ७ छत्रा:

আর পূর্বকালীন (অন্ত বিষয়ে) एक्षम (अवरणका) वा (मनकानामित অপেকা নাই ॥২৬॥ সর্বকামী যোগীক্রগণ যে নিত্য পৃজ্ঞোপযোগী মন্ত্রদারা আমার সেবা করে, সেই মন্ত্র কিন্তু অক্সপ্রকার। এই যুগে সকল মন্ত্রই সত্ত্বীন (প্রাণশৃক্ত), কিন্তু তোমাদের যে মন্ত্র, সে মন্ত্র ঐকপ (প্রাণহীন) নহে ॥ २१ ॥ দশাক্ষর-গৌরমস্তোদ্ধার * — 'ঙেহন্তং গোরং পিগুবীজাবসানে. তম্বৎ কুষ্ণং মন্মথান্তে নিষোজ্য। সর্ববর্ণৈরূপান্তো. হার্দান্তদেরৎ মূর্দ্ধান্তোহয়ং সোপবীতৈদশার্ণ:॥' এই দশাক্ষর মন্ত্রটি বিজাতিমাত্রই উপাসনা করিবে॥ ২৮॥ 'গুরুর আদেশামুযায়ী মন্ত্র জানিয়া মানব অর্চাতে (বিগ্রহে) আমাকে নিত্য এইভাবে অর্চনা করিবে, স্বাশ্রমোক্ত প্রাতঃরুত্য সমাপন পূর্বক আমার বিভায় (মঞ্জে) তান্ত্ৰিক সন্ধ্যা করিবে'॥২৯॥ [তারপরে আবার 'গৌরগায়ত্রী' বলিতেছেন। রহস্ত-বোধে তাহারও অমুবাদ দিলাম না] মন্নামোক্তা বিশ্বহেহতং সভুৰ্থং, ধীমহান্তং ভেইন্তং বিশ্বস্তরঞ। তরো প্রাদিচোহত্রির্মক্রচাৎ. গায়তোষা গান্তস্লাণকত্রী॥ ৬০॥ আমার এই মল্লে শুদ্ধচিত হইয়া

ত্থাসনে উপবেশনপূর্বক সাধক এই

মন্ত্রের ঝষি গৌতম, ছন্দঃ অহুষ্টুপ,

দেবতা আমাকে (গৌর) বীজশক্তি

ভত্তমতে এই মন্ত্রটি লিখিত হইল রহস্তবোধে ইহার অমুবাদ দিলান না।

প্রভৃতি ও বীজ-বিক্তাস করিয়া অন্তরে এইরূপ ধ্যান করিবে॥৩১॥ 'মহাপুরুষলক্ষণাক্রান্ত অঙ্গবিশিষ্ট, শুদ্ধহেমবর্ণ নৃত্যপরায়ণ অথবা পুনঃ পুনঃ মন্ত্রপকারী অথবা হুই হস্তে দওকমণ্ডলুধারী, উক্তি (উপদেশ)-বিষয়ে নিঃশঙ্ক (?) উন্নতনাসিক ও প্রপ্রশাশলোচন' (৩২) আমাকে এইভাবে বিফুসিংহাগনে আবাহন করত (আসন দিয়া) বিবিধ উপচার প্রদানপূর্বক স্বান্ধোপাঙ্গে সভূত্যে লোকপালগণসহ সম্ভষ্ট করিবে এবং অনন্তর হৃৎপলে উদ্বাসন (লয়) করিবে ॥ ৩০ ॥ যোগ্য মান্ব এইভাবে আমার সেবায় নিতা সংস্কৃতিত হইয়া থাকিলে বছবিধ ভোগ উপভোগ করত অন্তে মুখ্যা (অহৈতুকী) ভক্তিলাভে তৃষ্ণাবিধ্বংদে (বাসনা দুরীভূত হইয়া) ক্লফ (গৌর) ধামে গমন করে॥ ৩৪॥ শ্রীবক্তেশ্বর পণ্ডিত প্লোকে গোস্বামিকে প্রভুর প্রথমশিষ্য বলা হইয়াছে। প্রতি অধ্যায়-শেষে প্রায় একজাতীয় প্র অধায়ের উপসংহার করা হইয়াছে।

গোরগণচ ব্রুক্ত — শ্রীবিশ্বনাথ চক্র-বর্ত্তির নামে আরোপিত। ইহাতে রাচের বাস্কদেব, বিষ্ণুদাস ও মাধব-চূড়াধারী প্রভৃতির স্বীয় ঈশ্বরত্ব-স্থাপনে চেষ্টা ও লোকগর্হাদি বর্ণিত হইয়াছে। যথা—

চৈতভাদেৰে জগদীশবৃদ্ধীন্, কেচি-জ্ঞান্ বীক্ষ্য চ রাচ্বক্ষে। স্বস্তে-শ্বরত্বং পরিবোধয়ত্তো, ধ্বত্তেশবেষং ব্যচরন্ বিমৃচাঃ॥ তেবাস্ত কন্চিদ্-দিজবাস্থদেবা, গোপালদেবঃ পশু- পাকজোহহম্! এবং হি বিখ্যাপিয়িত্বং প্রবাপী, শৃগাল-দংজাং সমবাপ রাচে॥ প্রীবিষ্ণুদাসো রঘ্নন্দনোহহং বৈকুঠধান্ন: দমিতঃ কপীন্দ্রা:। ভজ্ঞা মমেতিচ্ছলনাপরাধাৎ, ত্যক্তঃ কপীন্দ্রেতি সমাখ্যয়ার্বিঃ॥ উদ্ধারার্বং ক্ষিতিনিবসতাং প্রীলনারায়ণোহহং, সংপ্রাপ্তোহন্মি ব্রজ্বনভূবো মৃর্দ্ধি চূড়াং নিধায়। মন্দং হ্যম্মতি চ কথয়ন্ ব্রাহ্মণো মাধ্বাখ্য,-চূড়াধারীত্বিতি জনগণৈঃ কীর্দ্তাতে বঙ্গদেশে॥
ক্যোরগণ-স্করপ-ভত্ত্ব-চল্ডিকা——

শীবিশ্বনাথ চক্রবর্তি রচিতা বলিয়া কথিত (পাটবাড়ী পুঁপি বি ১৭)। ইহার প্রথমে কবিকর্ণপূর গোস্বামির গোরগণোদেশের আমুগত্যের উল্লেখ করত স্বসংপ্রদায়ের মাধ্ব-সম্প্রদায়ে অস্বস্থ ক্তির পরিচয়াদি দিয়া শ্রীগোর ও তদ্গণের পূর্বনামাদি সংস্টিত হইয়াছে।

নোরগণাখ্যান— গোরগণোদ্দেশদীপিকার প্রতাম্বাদ, রচয়িতা—
শ্রীখণ্ড সম্প্রদায়ের দেবনাথ দাস।
ইহা সাত উদ্দেশে বিভক্ত।

শ্রীবেধনাথ চক্রবর্ত্তি-ক্ষত বলিয়া শুনা বায়। এই গ্রন্থে প্রথমতঃ অহংগ্রহ-উপাসনার নিরসন হইয়াছে। রাঢ়ের বাহ্মদেব, বিষ্ণুদাস ও বঙ্গের মাধব প্রভৃতির নিজ ঈশ্বরত্ব-স্থাপনে চেষ্টা ও লোকগর্হা বর্ণিত হইয়াছে। অন্ত এক পুঁথিও শ্রীচক্রবর্ত্তিপাদের নামে আরোপিত হইয়াছে—শ্রীগৌরগণ-শ্বরূপতত্ব-চন্দ্রিকা——(বরাহনগর পাটবাড়ী গ্রন্থসংখ্যা—বি ১৭) ১২৭০ সনে লিখিত।

ত্রীগোরগণোদেশদীপিকা—গ্রীপাদ কবিকর্পপূর গোস্বামিপ্রভু-বিরচিত। এচৈতমূলীলার পার্ষদগণ পূর্ব পূর্ব অবতারে কে কে কোন্ ছিলেন, তাহাই এই গ্রন্থে লিখিত হইয়াছে। প্রথম শ্লোকেই এই ইন্সিত দেওয়া হইয়াছে--শ্রীগোরান্স-স্বরূপে শ্রীশ্রামস্থনর এবং গৌরাঙ্গী ব্রজ্বলনামুকুটমণি শ্রীরাধা বর্তুমান। তাহা হইলে ইহাও সঙ্কেতিত হইল যে অন্তান্ত পার্ষদদেহেও এক, তুই বা তিনটা পূর্ব পূর্ব স্বরূপের সমাবেশ হইয়াছে। যথারীতি মঙ্গলাচরণ করত স্বকপোল-কল্লিতত্ব-নিবারণের জন্ম বলিতেছেন যে স্বস্থ-গ্রন্থে শ্রীস্থরূপাদি মহাজনগণ শ্রীগোরপার্যদ-গণের পূর্বনাম প্রকাশ করিয়াছেন, তাহা দেখিয়া এবং গোড় ও উৎকলের সাধুমুখে শুনিয়াই তিনি এ গ্রন্থ লিখিতেছেন। তত্ত্বনিরূপণে শ্রীম্বরূপ বলিয়াছেন যে (৯-১৩) নিজেকে লইয়া পঞ্চতত্তাত্মক কৃষ্ণ ভক্তরূপ (স্বয়ং গোর), ভক্তস্বরূপ (নিত্যা-ননা), ভক্তাবতার (অদৈত), ভক্ত (শ্রীবাস) এবং ভক্তশক্তি (গদাধর) এই পঞ্চন্ত হইয়াছেন। ইহাদের মধ্যে প্রথম তত্ত্ব 'মহাপ্রভূ' এবং দ্বিতীয় ও তৃতীয় তত্ত্ব 'প্রভু'-সংজ্ঞক। পাৰ্ষদগণ কেছ বা মহান্ত, কেছ বা গোপাল, উপগোপাল নামে কথিত। नवद्यीरभ रय नकन देवछव विनाम করিয়াছেন—তাঁহারা মহত্তম, নীলা-চলে মহত্তর এবং দক্ষিণাদি ভ্রমণ-বিলাস কালে বাঁহাদের সঙ্গে হইয়াছিল—তাঁহারাই মহান্ত। তৎপরে মাধ্বসম্প্রা...তে স্বগুরু-

পর্নপরা-বর্ণনার পরে ঐপোরাক্তে= স্বয়ং নন্দনন্দন + আগুব্যুহ বাস্থদেব+ শ্রীরাধার প্রবেশ (১৫১ শ্লোকে শ্ৰীনিত্যানন্দ্ৰ= ইঙ্গিতে উক্ত)। বলদেব + বিশ্বরূপ + দ্বিতীয়বাহ সঙ্কর্ষণ + শেষ ইত্যাদি. श्रीवारम=नात्रम, শ্রীহরিদাস ঠাকুরে=ব্রহ্মা+ঋচীক-মুনিপুল 'মহাতপা ব্রহ্মা' + প্রহলাদ ইত্যাদি। এই ভাবে তিনি শ্রীস্বরূপ-দামোদর [১—১৩, ১৭], প্রীমুরারি গুপ্ত [৯৪-৯৫] এবং বিজ্ঞগণমুখে শ্রুত বুতান্ত [৩১৭, ১১২, ৬৬,৮৭, ৮৮ ইত্যাদি] হইতে পূর্বনামাদি করিয়াছেন। কথনও বা শ্রীচৈতন্ত-কর্ত্তকও ব্যক্ত হইয়াছে [৫৫, ১১৩, ১২২]। এই গ্রন্থে পূর্ববর্তী মহাজনদের কয়েকখানা গ্রন্থেরও নাম পাওয়া যায়-মুরারির কড়চা ৯৪ ী. রাঘ্য পণ্ডিতের [ভক্তিরত্ব-প্রকাশ ১৬২], প্রবোধা-নন্দের [চক্রায়ত ১৬৩], শ্রীনাথ-চক্রবন্তির ভাগবতব্যাখ্যা ২১১] ইত্যাদি। ছঃথের বিষয়—অধুনা মুদ্রিত গ্রন্থমধ্যে অগ্রন্থত সংযোজনাও

शांत्रना । শ্রীগোরগণোদ্দেশদীপিকার প্রত্যে অনুবাদ (চৈত্যগণোদেশ' দ্ৰপ্তব্য) (ক) কবিকর্ণপূর-রচিত এই গৌরগণোদ্দেশের 'কিরণ-দীপিকা' নামক বাঙ্গালা প্রাম্বাদক-শ্রীদীন-

প্রবিষ্ট হইয়াছে বলিয়া কাহারও

হীন দাস। তাঁহার প্রকৃত নাম জানা নাই। (বঙ্গীয় সাহিত্যসেবক —২৮২ পু:)। (খ) মাহাতা-গ্রামবাসী দ্বিজ শ্রীরূপচরণ-ক্বত অমুবাদ-^{ট্রেট্র}কীয় সাহিত্য পরিষৎ

পত্রিকা ৬।৩২৮ পঃ)। (গ) শ্রীখণ্ড-গম্প্রদায়ভুক্ত দেবনাথ দাস-কৃত 'গৌরগণাখ্যান'—সাতটি উদ্দেশে বিভক্ত (কলিকাতা বিশ্ববিত্যালয় ২৫৪২)। (घ) এীরঘুনন্দনের অধস্তন অমুবাদ---জদয়ানন্দ দাস-কৃত কফ্ষচৈতন্ত্য-গণোদ্দেশ-দীপিকা (বাঙ্গালা সাহিত্যের ইতিহাস-৫२११२ %:) **ত্রীদেগারচরিতচিন্তামণি--** শ্রীমন্নরহরি

चानर्ग--- जुद्मनायुत्र सधाठाक श्रुरमञ्ज-শুঙ্গ-সমান গৌরকিশোর দেহ স্থলেহ-মণ্ডিত চণ্ডকর-মদভঞ্জনা। প্রীগদাধর পর্ম উল্স অস্তর পুলকিত হেরি অনিমিথ অক্ষি রঞ্জিত লক্ষ স্থারকৃতগঞ্জনা 🖟 মঞ্জু চরণ-সরোজ-দেবন, করত লঘু লঘু জাগি কিঞ্চিত, গাত্রমোটন বিরমি পর্ছ

ঘনগ্রাম-ক্বত অষ্টকালীন লীলাগ্রন্থ।

নরহরি অন্ঠ পুষ্টু, অতর্ক্য বক্ত কনক লতা জন্ম, প্রন-প্রশ-স্থচলিত মুদ্ থির থির স্থজন কৃত প্রাণহি ॥ (চাক্র-মালা ছন্দঃ ২০১৬)—

পুন শয়ন কর উতানহি। ভণত

এই গ্রন্থে ছন্দঃসমূহের নামাবলি যথা-ললিত, খ্রামা, যামিনী, তারা, क्याती, श्रविना, यमन, तमिनी, उष्टन, কাদম্বিনী, রুসবৃদ্ধিনী, রঙ্গমালা, রুমণী, হেমবতী,

বিলাপ, শোভা, কাস্তা, ক্রতগতি, বিলাস, পার্বতী, রেবতী, স্থবদনী, দ্বিপ. সাবিত্রী, দ্বিপদী, কোমলা,

তরুণী, করুণাবতী. ভদ্ৰাবতী, কলাবতী, আনন্দবৰ্দ্ধনী, পদ্মাবতী, হেমদণ্ডক, বুহদ্বিপদী, দ্বিপথা, ললিত-

গতি, স্বরিতগতি, কুন্দবরী, মধুমতী,

বল্লরী, মালতী, স্মভঙ্গী, ভারতী, তরঙ্গিণী, চতুপদী, চারুমালা, মালা, মোদক, মঞ্মুখী, কমলা, প্রভাকর, ত্ৰিবিক্ৰম. চতৰ্ভঞ্জী. ত্বধাম্থী. (वनावनी, त्रिका, क्रम, श्रुतक, মুক্তা, কেশরী এবং মাত্রাবতে চঞ্চলা প্রভৃতি।

গৌরনামরসচম্পু--বুন্দাবনে শ্রীরাধা-দামোদর গ্রন্থাগারে রক্ষিত। একঞ-পণ্ডিত-কত ব্ৰজ্ঞভাষায় বিবিধ ছন্দে পরিচ্ছেদে বিভক্ত গ্ৰন্থ | গ্রন্থকার বহুত্র 'গৌর-নাম'-সম্বন্ধেই লিখিয়াছেন। হরিনাম-সম্বন্ধে একটি দোহা-

'হরিনাম বিনা হরিকাম কহাঁ কাম विना कहाँ वीख। वीख विना हति তমু কহাঁ তমু বিনা কহাঁ নীজ। হরিরাগ বিনা হরিভাগ কহাঁ ভাগ বিনা কহা ভোগ। ভোগ বিনা স্থভোগ কঁহা ত্বখভোগ বিনা কহাঁ জোগ॥ হরিরংগ বিনা সৎসঞ্গ কহাঁ সৎসঞ্জ বিনা কহাঁ অন্ত। অন্ত বিনা একন্ত

কঠা একান্ত বিনা কঠা কন্ত।

বিনাকস্তার কহাঁ গৌর বিনা কহাঁ

শামবিনা অভিবাম বটা

অভিরাম বিনা কহাঁ নাম ॥ ৪ ॥ গৌরপদতর্কিণী--শ্রীজগদন্ধ ভদ্র-কছক সম্ভলিত। ১৬১০ সালে ১৫১৭টি পদ ইহাতে সঞ্চলিত হইয়া প্রকাশ পার। ইহার সকল পদই শ্রীগোরাঙ্গ-বিষয়ক: তাঁহার পরি-

কর ও পার্ষদ ভক্তগণের পরিচয়. ৮০ জন পদকর্ত্তার সংক্ষিপ্ত বা विश्वीर्थ भीवनी ७ इंशाट अर्श्वानिष्ठि ।

শ্রীগোর-বিষয়ক পদাবলির একত্র সমাবেশ ইতঃপূর্বে কেছ করেন নাই। ইহার ৬ তরকে ২৫ উল্লাস আছে এবং পরিশিষ্টে নানা ভাবের সঙ্গীত ও পূর্ববর্তী পদকত্বগণের গুণামুখাদ-নামক ত্বইটি উল্লাসে SOA TO পদ সমাহত হইয়াছে। জগদন্ধ বাবু ব্যঙ্গ্য কাব্য দিখিতেও সিশ্বহস্ত ছিলেন। गाहरकन मधू-'মেঘনাদবধ' কাব্যের স্পনের অমিত্রাক্ষর ছব্দ লইয়া দেশে যথন সাহিত্যিকগণের মধ্যে আলোচন। চলিতেছিল, তথন ইনি ঐ কাব্যের অমিত্রাক্ষর অমুকরণে চ্ৰে 'ছছন্দরীবধ' কাব্য'-নামে এক ব্যঙ্গ্য কবিতা লিখিয়া সমগ্র দেশকে. এমন কি, মাইকেলকেও হাসাইয়া-ছিলেন। গৌরপদতরঞ্জিণীর সম্পা-দকীয় মঙ্গলাচরণে ইনি 'প্রেমবক্যা'-শীর্ষক যে ব্রজ্বলি পদ রচনা করিয়াছেন, ভাহাও অতিক্রন্সর।

গৌরলীলামুত^১—ছিজশঙ্কর-বিরচিত এই গ্রন্থে সংস্কৃত চরিতগ্রন্থ। আদি, মধ্য, সন্ন্যাস ও শেষ খণ্ডে ২৯টি অধ্যায় আছে। প্রীচৈত্ত্ত্য-বিরহে রাজা প্রতাপরন্ত অধীর হইয়া তল্পীলাশ্রবণ-মানসে প্রীচৈতন্ত্র-পণ্ডিতকে জিজ্ঞাসা ভক্তে মাধব করত শ্রীগোরাঙ্গের জন্মাদি যাবতীয় লীলা প্রবণ করিতেছেন। ভাষাটি অফুষ্ট প অতিসরল, সাধারণতঃ ছत्म्बर्ट निथिछ। औरेठछग्रहत्साम्बर, লীলাগ্রম্থ-দর্শনে **গ্রী**চৈতগ্রমঙ্গলাদি ইহা বিরচিত, কেননা এই প্রস্থের ভাব, ভাষাদি এই ছই গ্রন্থের প্রায়শঃ অমুরূপ। দার্শনিক তত্তের আলোচনা কোথাও নাই। প্রতি পুষ্পিকা-বাক্য—'ইতি অধ্যায়ান্তে

শীগোরলীলামতে মহাভাগবতে
শাঙ্করীয়ে আদিখণ্ডে ভগবন্নারদ-সংবাদে ভগবদবভারোপক্রমঃ প্রথমো-হধ্যায়ঃ ॥'

বিষয়-সূচী---আদিখণ্ডের প্রথম ও দিতীয় অধ্যায়ে ভগবদবতারোপ-ক্রম, তৃতীয়ে ভগবদবতার, চতুর্থে বাল্যলীলায় অতিথিবান্ধণকে অমুগ্রহ. পঞ্মে বিভারন্তাদি, ষষ্ঠে ও সপ্তমে বিবাহোৎসব, অষ্টমে তীর্থগমনাদি। প্রথমে — নিত্যানন্দ-মধাথণ্ডের সমাগম, দ্বিতীয়ে—জগাই-মাধাইর উদ্ধার, তৃতীয়ে প্রেমবিস্তারণ, চতুর্থে প্রকৃতিরূপে নৃত্যলীলা, পঞ্চমে ঘবন-পতি-নিগ্রহ. ষষ্ঠে শ্রীবাস ও শ্রীধরের প্রতি কুপাপ্রকাশ, সপ্তমে দান-जीनाञ्चकत्। **मन्ना**म খণ্ডের ভক্তবন্দের বিলাপ ও সাম্বনাদি, দিতীয়ে ও তৃতীয়ে শচীমাতা ও বিফুপ্রিয়ার বিলাপ এবং শাস্থনা, চতুর্থে সন্ন্যাসগ্রহণ, পঞ্চমে আচার্যগৃহে ভিক্ষা, বর্ষ্ণে শ্রীক্ষেত্রে শেষখণ্ডের প্রথমে— সাৰ্বভৌমগ্ৰহে গ্ৰন. দ্বিতীয়ে সার্বভৌমান্থগ্রহ, তৃতীয়ে রামাননামু-গ্রহ, চতুর্থে অগণসহ মিলনাদি, পঞ্চমে শ্রীবৃন্দাবন-পরিক্রমা, ষষ্ঠে नौन्राहरन প্রত্যাবর্ত্তন. সপ্তমে দরিদ্র-ব্রাহ্মণামুগ্রহ এবং অষ্টমে— ভক্তবর্গ-প্রস্থাপন। লিপিকাল-১৭১১ শকাকা. ৯২ পত্ৰাত্মক।

গ্রন্থ প্রে তিত্ত - প্রাথানপ্রে পানাদ্ গ্রন্থ কেং। শ্রীগোরদীলামৃতং নাম ভবপাশ-নিকৃত্তনম্॥
নানাগ্রন্থং সমালোচ্য সারং সারং
সমুদ্ধরন্। দ্বিজঃ শ্রীশঙ্করশ্যক্র তত্ত্ব

তত্র স্বরন্ প্রভূম্॥

ন্যোরলীলামৃত - বংশীদাস - কৃত বোড়শসর্গাত্মক বাঙ্গালা চরিত-কাব্য।
পরার, ত্রিপদী প্রভৃতি ছন্দে ১২১
পত্রাত্মক খণ্ডিত পুঁথি (হরিবোল
কুটীর ৮)। ইহাতে অপ্টকালীন
লীলারই মত বর্ণনা দেখা যায়।
অন্তিমে 'গৌরলীলামৃত-প্রার্থনা'-নামে
৮ পত্রাত্মক সন্ধিবেশও আছে।

८गोत्रविद्यापिनी त्रुखि—बन्नष्टर्जित

বৃত্তি, শ্রীমন নিত্যানন্দ প্রত্নপাদের শিশ্ব শ্রীমন্রামরায়-কর্তৃক বিরচিত। ইহাতে চতুঃস্ত্রীমাত্র পাওয়া যায়। অচিন্তাভেদাভেদপর ব্যাখ্যাই ইহাতে সমুল্লসিত। শ্রীরামরায়ের ভাতা শ্রীপ্রভুচন্দ্রগোপাল এই বৃত্তির উপর 'শ্রীরাধামাধব ভাষা' রচনা করেন। ইহার পোত্র ত্রন্ধগোপাল আবার 'বস্তুবোধিনী'- নামে টিপ্লমীও করিয়াছেন। বৃত্তির প্রারম্ভে— 'নমদৈচতভাচদ্রায় রাধামাধ্ব-রূপিণে। নিত্যানন্দ - প্রভাচিস্ত্যভেদাভেদাত্মনে কলো॥' এই বুত্তি ১৪৭৬ শাকে রচিত হয়, 'শাকে ষ্ট্রসপ্ততিমনৌ'। **গৌরবিরুদ**—আগরতলা সংগহীত, অজ্ঞাতনামা কবির রচনা। স্বভক্তস্থংসরোবরে প্রফল্লকঞ্জপাদ রে বতীশসঙ্গ সপ্তলা অমাল্য সর্বমঙ্গলা ভূতপ্রভাবপন্নজা চিতাক্সপাদসন্মজা জলনহো মহাকলা বতীৰ্ণ শুদ্ধভাবলা বিশুদ্ধ পৌরটপ্রভে দিজেন্দ্রনন্দ্রন প্রভো পতঙ্গন্বপ্রপাবক প্রতাপরুদ্র-তারক স্বভক্তকল্পাদপ স্বতন্ত্র সর্ব-লোকপ প্রমেয়শুক্তবৈভবা তিমান দেব কেশবা জিতাজ নাথ নার বা

শচীতনুজ শৈশবা মুকম্পিতাচরাচরা

थिटन गर्वञ्चमता त्रिमनिमटनाठन শ্বিত-প্রশোকমোচন স্বভীষ্ট্রদাখিলে-শ্রী গৃহে বিভাতি স্থন্দরী রমাশ্রতে স্বদংবিদা প্রপূর্ণছঃখ-সম্ভিদা শ্রুতি-শ্বতি প্রগোপিতা স্বরংগুরুরা প্রকাশিতা ত্বয়া স্বকীতিরঞ্জনা জনাস্ততেতি-সাধ্বদা দয়ো২তিদুরগং হরে স্বকীয়-সোখাসাগরে জগরিমজ্জিতং বিচিত্রদা রুসোদয়াঽ সতাং বিবাদ-হারিণী হঠান্তবান্ধিতারিণী সতাং স্থবাতরঙ্গিনী সদাপ্রমেয়রঙ্গিণী গুণার্ণ-বেশ যম্ম তে বিদা গুণেষু মুহুতে জগৎ প্রপঞ্চমিছয়া ক্বতং বিভো যদচ্চরা হাতং স্তাং মনো ম্যা क्रशम् अपर यमस्यापनीह मीनवरम्म স্বভক্তশীতলাচল প্রবোধিতাত্মতন্ত্রমী ম শাস্ত্রবোনিরপাসী শ-শাসনো ব্রজে সদা বিহারকারকো মুদা স্বগৌড-পূর্বপর্বতে নিরস্কচন্দ্রমা ড়িতোরুরশ্মিশীতল প্রপূর্ণসর্বভূতল। শ্বরৎত্মগণ্ডমণ্ডল প্রলম্বিদিব্যকুণ্ডল প্রশন্তকুঞ্চকুত্তল প্রগাঢ়ভাবপেশল প্রভাবিড়ম্বিতারুণা চ্যুতোরুদিব্যুসদ্-গুণা ২কলমচন্দ্রচন্দ্রিকা স্মহাস্তম্ব-মন্ত্রিকা জিতাজকণ্ঠলোচনা স্থ কুন্দ-না বিকামুকম্পমালিনী মুত স্বরঙ্গশালিনী ক্রতোরুদাৌরত প্রলো ভিতাখিলেন্দ্রিয়াবলো কনেন কামমোহক স্বরূপবেগ্য স্বয়ন্তবোভিভাবক স্বহস্তশস্তদগুকো ভুবো বিরাগ-পালকে৷ বিহায় ভূতি-দাসিকা মরণ্যগো মরালিকা গতিং রমাং চ শাখতী-মনস্তভা সরস্বতী মুখে রমাচ বক্ষসী শ্বরী স্বভঙ্গতাপসী স্বসম্বিদা হাদি স্থিরা বিভাতি তে সদিন্দিরা বিমোহমৃত্তিরচ্যুতো দিবিষু ম্বন্দরীস্কতো মহালয়ে ঝসাকৃতি মহামত<u>ী</u> রমেশ্বরো রঘুত্তমো वनाथारका नृजिश्हवूक्षनामरका वर्ताह-কুর্মরূপকো বলীশ্বরোহরিভারকো **২সি কল্কিভার্গবাভিধো ব্রজে মহোদ**র্থো বিধে প্রের্ডাব-সম্বলী কুতাঙ্গ্যষ্টি-রাকুলী কৃত-স্বভক্তচাতকো হতান্ত-দেশপাতকো ভ্রমন্ স্থনামজন্নকো জগদ্ধিতায় ভাবকো পনীতক্ষণ-কীর্ত্তনো মুদঙ্গবান্তন্তনো দুগিঙ্গিতা-ভিনন্দিতাই মরাধরাগতাইন্তিতা **২ত্ম**রাদিত্বপ্রভাবনোহ সতামপীহ পাবনো মুনীন্দ্রবন্দিতাজ্যুয়ে স্বসন্থিদে ত্বারয়ে মহাপ্রভো মহামতে কুপালবে নমো২স্ত তে ॥ শ্রীকৃষ্ণতৈত ক্রমহাপ্রভোগু ণৈরলম্ভতং স্তোত্রবরং স্থমঙ্গলং। কুদ্র-স্বরূপেণ হি কেন দেব্যতে জিহ্বানুজ্ঞোঃ

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈঞ্চব-অভিধান (৩ থ)

ইতি কলিমঙ্গলস্তোত্রম। গৌরশতক—শ্রীরতিকান্ত ঠাকুর-কৃত বিবিধ ছন্দে ১০২ খণ্ডকাব্য। শ্রীচৈতন্তদেবের নিকট সকাক প্রার্থনা। প্রথম শ্লোক-ত্বা: প্রভো গৌর তব শতং ক্রবে। সদাশয়ানাং সাধনাং তথার্থং মে রূপাং কর ॥' গৌরস্থধাকর চিত্রাষ্ট্রক—শ্রীপ্রবোধা নন্দ সরস্বতী-বিরচিত। (পাটবাড়ী পুঁথি স্ত ৪১, ৪৬ ও ৭৩)। আদর্শ —ব্রহ্মাল্ডেরপি বাঞ্ছিতং মুনিবরৈ-র্ভাব্যঞ্চ লক্ষ্যাদিকৈ,-রেবং ত্মত্বল ভং নবস্থধা-সংপূর্ণমভূৎ কলে। (?)। চাণ্ডালাবধি-পাপপামর-জনাঃ প্রেমোজ্জলং লেভিরে, গৌড়ে

গোরত্বধাকরে সমুদয়ে কিং কিং

गक्लांब शक्दब ॥

বিচিত্রং ন হি॥ ৪ **ত্রীগোরাঙ্গ-চম্পু**—বর্দ্ধমানের নিকট-বৰ্ত্তী মাণ্ড-গ্ৰামবাদী শ্ৰীমন্নিত্যানন্দ-বংশ্য শ্রীল রঘুনন্দন গোস্বামিপাদ-বিরচিত এই বিপুলায়তন চম্পুকাব্য বত্তিশটি আস্বাদে সম্পূর্ণ হইয়াছে। শ্রীমন্নবদ্বীপ-স্থধাকরের নবদ্বীপলীলাই বৰ্ণিত মাত্ৰ হইয়াছে। গৌডীয় বৈষ্ণব সম্প্রদায়ে वीमहिवधनाथ-वलापादत উভतकारन যাঁহারা গৌড়ীয়-সাহিত্যের সেবা তাঁহাদের করিয়াছেন, মধ্যে ইহারাই আসন সর্বোচ্চে—ইহাতে मः भग्न नारे। शिशोतान-विक्रमावनी, প্রীরামরসায়ন, প্রীরাধামাধবোদয় কাব্য, গীতমালা, দেশিক-নির্ণয়, বৈষ্ণবত্ৰতনিৰ্ণয় প্ৰভৃতি ৰহু গ্ৰন্থ সংস্কৃত ও বঙ্গভাষায় রচনা করিয়া ইনি চির্যশন্বী হইয়াছেন। এই পরিচয় গ্রন্থসমূহের যথাস্থানে অষ্টাদশ শক-শতাকীর শেষভাগে এই চম্প রচিত হইয়াছে I আলোচ্য গ্রন্থের বিষয়সূচী— শ্রীগোরাবতার-কথনং, (১) শ্রীগোরাবির্ভাব-নিশ্চয়ঃ, (২) শ্রীগোর-

গর্ভবাসঃ, (৪) শ্রীগোরজন্মহোৎসবঃ,
(৫) প্রথমবাল্যবিলাসঃ, (৬)
মধ্যমবাল্যবিলাসঃ, (৭) শেষবাল্যবিলাসঃ, (৮) প্রথমপোগগুবিলাসঃ,
(৯) মধ্যমপোগগুবিলাসঃ, (১০)
শেষপোগগুবিলাসঃ, (১১) কৈশোরলীলাবর্গনে—উপনয়নাদি-বিলাসঃ,
(১২) লক্ষ্মীপূর্বরাগান্ধ্রঃ, (১৩)
লক্ষ্মীসন্দর্শনং (১৪) লক্ষ্মীপূর্বরাগঃ,

(১৫) বিবাহ-পূর্বক্বত্যং, (১৬) ক্যা-

গৃহপ্রবেশঃ, (১৭) লক্ষীপরিণয়-

উৎসবঃ, (১৮) नन्त्री-ममागमः, (১৯) বিষ্ণুপ্রিয়া-পরিণয়োৎসবঃ, (२º) দিগ্বিজয়ি-জয়:, (২১) গয়া-প্রস্থানং. (২২) গ্রা-প্রত্যাগমনং, (২৩) স্বরূপ-প্রকাশারন্তঃ, (25) (**\&**) শ্রীনিত্যানন্দ-স্মাগ্মঃ. বহুপায়ণ্ডি-নিস্তারঃ, (২৬) চপল-গোপালোদ্ধার:. (২৭) জগন্নাথ-মাধবাছুগ্রহঃ. (২৮) স্থানন্দাবেশঃ, (২৯) হেমন্তশিশির-বিলাসঃ, (৩০) বসন্তগ্রীম-বিলাস: (৩১) বর্ষাশরদ-বিশাসঃ এবং (৩২) নিত্যবিলাসঃ। গ্রন্থারন্তে ও উপসংহারে গ্রন্থ-কারের প্রাত্ত্য ও তাতপাদের বন্দনায় স্ববংশের গৌরব স্থচিত হইয়াছে। মঙ্গলাচরণে যথারীতি প্রীকৃষ্ণ, প্রীগোরাঙ্গ, নিত্যানন্দ এবং অদ্বৈতাদি পার্ষদর্শের বন্দনা করত वृन्सावनवांनी देवक्षवरमञ তিনি আজাবলে গ্রন্থকরণে প্রবৃত্তির উল্লেখ করিয়াছেন। স্বদৈন্তখ্যাপন ভক্তশ্রোতৃ-প্রশংসা করত দ্বাপরের শেষে অধর্মরাজ কলিযুগের প্রবেশ ও তাৎকালীন অবস্থার বর্ণনা। দেবষি নারদ কর্তৃক পৃথিবীর অবস্থা-দর্শনে উহার কল্যাণ-চিস্তা, শ্রীকৃষ্ণ-সকাশে মথুরায় গমনেচ্ছা এবং নারদকুণ্ডে আশ্রয়-সংকল্ল-ইহাই প্রথম আস্বাদের বিষয়। দ্বিতীয আস্বাদে-নারদের শ্রীবুন্দাবন-প্রবেশ, বীণাযন্ত্রে সঙ্গীত-শ্রবণে আরুষ্ট শ্রীকৃষ্ণচন্দ্রের আবির্ভাব ও নারদের নিকট বিনয়বচনে বাসনা-পৃত্তিপ্রকার-জিজ্ঞাসা, এক্রিফ-সবিধে নারদ-কর্ত্তক পৃথিবীর ত্বরস্থাবর্ণনা এবং তৎপ্রতীকারের

জন্ম প্রার্থনা, ভগবানের ভক্তস্বরূপে শ্রীরাধার ভাবাশ্রয়ে অবতার-গ্রহণের প্রতিজ্ঞা, নামসংকীর্ত্তন-প্রচারের মুখ্য ক্ষেত্র নবদ্বীপে অবতরণের চেষ্টা-পার্যদগণের অবতারে ইঞ্চিত ইত্যাদি। ততীয় আম্বাদে—জগনাথ মিশ্র ও শচীদেবীর আটটা সন্তানের নবদ্বীপে তিরোধান, বিশ্বরূপের আবির্ভাব ও একচক্রায় মুকুন্দপণ্ডিত ও পদাবতীর গৃহে নিত্যানন্দের আবির্ভাব—পার্ষদগণের আবিৰ্ভাব—শ্ৰীঅদ্বৈত-ইতস্তত: ভক্তগণের জাগতিক मभीरभ ত্ব: থছ র্দশা-নিবেদন——শ্রীঅদ্বৈতের সঘন হুঙ্কারে প্রীকৃষ্ণকর্ত্তক মিশ্র-দ্বৎপদ্মে ও তৎপরে পুরস্বরের শচীদেবীর জঠরাকাশে প্রবেশলাভ— শচীদেবীর মনে স্থথসম্ভতি ও দেহে শোভা—গৰ্ডলক্ষণ-প্ৰকাশে গঙ্গাতটে শচীদর্শনে অধৈতের অনুমান—দেবতাগণের গর্ভস্কতি— তংশ্রবণে শচী-জগন্নাথের কথোপ-কথন—দশম মাসের পরেও চারি মাস যাবৎ গর্ভে স্থিতি। চতুৰ্থ আস্বাদে—শুভক্ষণে ১৪০৭ শকে ঋতুরাজ বসত্তে শনিবারে পূর্ণিমা-তিথিতে পূর্বফল্পনীনক্ষত্রে গ্রহণকালে শ্রীভগবানের আবিৰ্ভাৰ—জগতে স্থতিকামন্দিরে হরিনাম-প্রচার। নারীগণের মহাপুরুষ-লক্ষণ দেখিয়া আনন্দ-কোলাহল, **এ**নীলাম্বর চক্রবন্তির কোষ্ঠি-গণনা—ভক্তগণের আনমোনাদ—অদৈতের প্রেরণায় গীতাদেবীর উপায়নহস্তে মিশ্রভবনে গমন—নৃত্যগীতবাছ স্তুতি ইত্যাদি— মিশ্রচন্দ্রের দানাদি। পঞ্চম—

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৬ খ)

বাল্যলীলা, শচীদেবীর লালনপ্রকার ক্রন্দন-স্থগনে হরি-—বালকের নাম-দঙ্কেত, নামকরণ, গৃহদ্রব্যের ইতস্ততঃ বিক্ষেপ-পূৰ্বক বালক-স্থলভ চাঞ্চল্য-প্রকাশ—ভৌতিক ব্যাপার-জ্ঞানে বালকের অঙ্গরক্ষা, পঞ্চমমাসে বালক-হিতার্থে ব্রাহ্মণভোজন, তৎপরে জামুচংক্রমণাদি। অন্নপ্রাশনলীলা. यद्ध-- गमननीना, जनख्मयाात्र भन्नन, বাক্যোচ্চারণ, তাৎকালীন অঙ্গমাধুরী, 'হরিবোল' নামোচ্চারণ, প্রতিবেশি-গণের গৃহে গমন ও চাঞ্চল্য-প্রকাশ, ওলাহন-লীলা, চৌরদ্বয়ের স্কলারোহণ ইত্যাদি, মাতার সহিত চন্দ্রসম্পর্কে বিতর্ক। সপ্তমে—চুড়াকরণ, তৈথিক-বিপ্র-প্রসঙ্গ। অষ্ট্রমে—পৌগণ্ড-বয়সের শোভা-সমবয়স্ক বালক-গণের সহিত বিবিধ ক্রীড়াকৌতুক— অদ্বৈত্যন্দির হইতে বিশ্বরূপকে আনয়নের জন্ম গমনাদি। নবমে— বালকগণের আগ্রহে একাদশীতিথিতে হিরণ্যজগদীশের নৈবেছ্য-স্থীকার এবং ব্রজবালকসহ শ্রীশ্রামত্মনরের ভোজনলীলার অনুভব-প্রদান-দেবতাদের স্তব-শ্রবণ, নৃত্যভঙ্গী— অপূর্ব নৃপুর-ধ্বনির শ্রবণে বিশায়—বিন্তারক্ত— অঙ্গমাধুরী—বিছাভাস—বিবিধক্রীডা, নামকীর্ত্তন। দশমে—মুরারি গুপ্তের বাকোবাক্য-মুরারির ভোজনস্থালীতে মূত্রত্যাগ—শ্রীরাম-সপাৰ্ষদে আত্মপ্ৰকাশ-মুরারিকে ভাগবতের তাৎপর্য-কথন। গঙ্গাদৈকতে বালিকাদের সহিত তর্জনগর্জনে রসচাঞ্চলা-শচীর ত্যক্ত-হাণ্ডীর আসনে বিশ্বস্তরের

গ্রীগোরাঙ্গ-চম্পূ

উপবেশন ও অন্বয়বাদ-কথনাদি। বালকগণকে যুথদ্বয়ে বিভক্ত করত জলকেলি—মিশ্র পুরন্দরের স্বপ্নে বালকশাসন-সম্পর্কে কোনও পুরুষের সহিত আলোচনা—বিবাহ-প্রস্তাবে বিশ্বরূপের গৃহত্যাগাদি। একাদশে —উপনয়ন লীলায় শ্রীধরের হস্তহইতে পণ্ডিতের গুবাক-গ্ৰহণ, গ্ৰুগাদাস নিকট বিভাগ্রহণ—গুরুর-আজায় তীরস্থিত তিলপাত্তের আনয়ন-সময়ে জাহ্নবীসলিলে কমলপ্রকাশ তত্বপরি শ্রীগোরের চরণ-চালনদর্শনে গঙ্গাদাসের বিশয়: মাতার প্রতি প্রীহরিবাসরে অন্নভোজন-নিষেধাজ্ঞা: অধ্যাপনারন্ত, মিশ্রপুরন্দরের স্বধাম-গমনে প্রীগৌরের বিলাপ—ঔর্দ্ধদৈহিক ক্রিয়াদি। দ্বাদুশে—নবকিশোর গৌরাঙ্গের শোভাসমৃদ্ধি—স্থীমুখে গৌরগুণশ্রবণে লক্ষীপ্রিয়ার অমুরাগ —বন্মালী আচার্যের সহিত ভ্রমণ-কালে লন্মীর সহিত সাক্ষাৎকার ও স্থীসবিধে স্বাভিলাষ-প্রকাশ। ত্রযোদশে—লক্ষীপ্রিয়ার দৰ্শনে গৌরেরও চিত্তে রসচাঞ্চল্য দেখিয়া বনমালী আচার্য উভয়ের বিবাহ-বিধানে সংকল্প করিলেন। চতুর্দশে —লক্ষীর তীব্ৰ গৌরামুরাগ---সখীদের বিবিধ পরিচর্যাতেও তাঁহার ভাববিহ্বলতা—মনোবেদনা-প্রকাশ— তৎপরে স্থীদের আশাসদানাদি। পঞ্চদশে—শচীর নিকট বন্মালী-কর্ত্তক লক্ষীর রূপগুণাদি-বর্ণনা-অমত--পুনরায় বিবাহে শচীর প্রভুর ইঙ্গিতে বিবাহোজোগ— শুভাধিবাস-ক্নত্যাদি। ষোডশে— প্রদোষ-বর্ণনা, বিশ্বস্তবের

বেশভূষাদি— বিবাহোপযোগী লক্ষীপ্রিয়ার শৃঙ্গার---বল্লভ-ভবনে শুভযাত্রা—দোলা, বাগ্রযন্ত্র, গীত ও নৃত্যাদি—দেবগণের যোগদান-রমণীদের শুভকার্যে সম্বর্জনা --তাঁহাদের ভূষাদি-বিপর্যয়—বল্লভ-মন্দিরে আগমন। সপ্তদশে— বিবাহপ্রাঙ্গণে সমবেতা নারীগণের ভাৰবিকার-সহকৃত বিতর্ক—নরনারী-কর্তুক শ্রীগৌরের নীরাজন-মুখ-চন্দ্রিকা—ক্সাযাত্রী ও বর্ষাত্রীদের র্গকন্দল-ক্তাসম্প্রদান-বর্-ক্তা-মিলনে তত্ত্তা জনতার উ**জ্জি**— বন্দিস্কতি—লোকাচারাদি-সম্পাদন— —বাসরঘরে প্রবেশ। অপ্তাদশে— বাসরগৃহে গৌরকান্তির প্রশংসাদি— বিনোদ—বর্যাত্রীগণের ভোজনকালে রসকন্দল—বরক্ঞার শয়নলীলা— গাত্রোত্থান—— লক্ষ্মীর পিতৃগৃহ হইতে বিদায়কালীন দৃগ্ৰ —বর্কভার আগমনে শচীমাতার নীরাজনাদি কুত্য—গার্হস্থালীলাদি। উনবিংশে—বঙ্গদেশে যাত্রা—পদ্মা-বতীর তীরে অবস্থান ও অধ্যাপনা— তপন মিশ্রের প্রতি সাধ্যসাধন-বিষয়ে উপদেশ-বির্হিণী লক্ষীর গঙ্গাবিজয় – শ্রীগোরের গৃহাগমন ও সাম্বনা-পুনবিবাহের শচীমাতার জ্ঞ কাশীনাথকে ঘটকরূপে নিয়োগ —বিষ্ণুপ্রিয়ার **রূপগুণাদি-বর্ণনা**— विवाह-श्रेष्ठाव-श्रवर्ग मश्रीमह विकृ-গ্রিয়ার সংলাপ—বুদ্ধিমস্ত খানের আমুকুল্যে বিবাহের সর্বপ্রকার পরিণয়োৎস্ব। প্রবন্ধ—শুভ বিংশে—বিষ্ণুপ্রিয়ার শ্য়নককায় গৌরসহ স্থাজন-সংলাপ- বিলাসাদি

— দিগবিজয়ির পরাজয়-প্রেসঙ্গ— সরস্বতী-মুখে গৌরস্বরূপজ্ঞান ও আত্মসমর্পণাদি। একবিংশে—— মুকুন্দের সহিত সাজ্যবাদ-বিচার. গদাধরের সহিত ভায়-শাস্তালোচনা, ঈশ্বরপুরীকে স্বগৃহে ভিক্ষানিমন্ত্রণ, সহিত স্বপূর্বজন্ম-বিষয়ক **দর্বজ্ঞে**র **শহিত** দারিদ্র্য-প্রসঙ্গ, শ্রীধরের সম্পর্কে প্রশ্নোতরাদি ও প্রেমকল্ছ— সহিত <u> এীবাদের</u> ভক্তিবিষয়ক আলাপ, গয়াপ্রস্থান। দ্বাবিংশে— মধুস্দন-দর্শন ও তত্ততা দুখ্য, সঙ্গিগণকে শিক্ষাদানজন্ত দেহে জরপ্রকাশ ও বিপ্র-পাদোদক-পানে তাহার শান্তির ব্যবস্থা—গয়াতীর্থে প্রবেশ ও বিষ্ণুপদের মাহাত্ম্য-বর্ণনা, ঈশ্বরপুরীসহ সাক্ষাৎকার ও মন্ত্ৰদীক্ষাদি— বিরহিণী বিষ্ণুপ্রিয়ার অবস্থা-প্রভুর গৃহে প্রত্যাবর্ত্তনাদি। ত্রয়োবিংশে—গৌরের বিবিধ ভাব-প্রবণতায় শচীমাতার আশক্ষা ও <u> এবাসমূখে আশ্বাসপ্রাপ্তি—মাতার</u> সহিত রুঞ্চপ্রেম-বিষয়ক প্রস**ঙ্গ**— ব্যাকরণ-ব্যাখ্যানে ছরিনাম—নাম-প্রচার-আরম্ভ-- ভাগবতশ্লোক-শ্রবণে গৌরের অপূর্ব ভাগাবেশ—সীতা-নাথের স্বপ্নাহভূতি, শ্রীবাসমন্দিরে **এট্ছৈত-সমক্ষে** প্রথম প্রকাশ--শ্রীবাদের স্তবামৃত—স্বরূপদর্শনাদি। **স্তুর্বিংশে—মু**রারিগুপ্তের বরাহাবেশ-প্রকাশানন্দের প্রতি তীব্রকটাক্ষ-প্রকাশ—নিত্যা-জন্ম আক্ষেপ—নবদীপে নিত্যানন্দের আগমন—নন্দনাচার্য-গৃহে মিলন—উভয়ের প্রেমোদাম ভাবাদি—শ্রীবাসভবনে নিত্যানন্দ- গমন ও বাস—ষড্ভুজমৃতির প্রকাশ —শ্রীবাসাঙ্গনে নৃত্যগীতাদি—শচী-সহিত নিত্যান*ন*ের **যাতা**র পঞ্চবিংশে-ক্ৰাজির মিলনাদি। কীর্ত্তন-নিষেধে ভীত শ্রীবাসের সম্মুথে নুসিংহ-মৃত্তিতে প্রীগোরান্স-বালিকা নারায়ণীর ক্লফপ্রেম—প্রতিনিশায় কীৰ্দ্দনাবন্ধ—কাজীব অভ্যাচার দেখিয়া কাজিদলনে যাতা ও বিরাট নগরসংকীর্ত্তন—বিভিন্ন সংপ্রদায়-রচনা-গীত, বাস্ত ও নৃত্যাদি-কাজিদলন-প্রকার-কাজি ও পাষ্ডি-গণের প্রতি হরিনামোপদেশাদি। ষ্ড্বিংশে— 'হরেনাম' - শোকের শ্রীমুখে ব্যাখ্যা—শুক্লাম্বরের প্রতি রুপা—নামের অর্থবাদ-শ্রবণে সচেলে গজাম্বান-চপলগোপালের ক†ণ্ড কুষ্ঠব্যাধি এবং তাহার খণ্ডন-প্রকারাদি। সপ্তবিংশে—নিত্যা-নন্দ ও হরিদাসের প্রতি নগরে টহল-আজা--মভপ জগাই-মাধাইর সাক্ষাৎকার—তাহাদের নামোপদেশে বিপরীত ফল—মহা-প্রভুর নিকট তাহাদের বৃত্তান্ত-নিবেদন—তাহাদের উদ্ধার-সাধনে শ্রীগোরের সপার্বদে যাত্ৰা— নিত্যানন্দের অঙ্গে মাধাইর প্রহার— শ্রীগোরের চক্রস্মরণ—নিত্যানন্দের দ্যা—জগাইমাধাইর উদ্ধারাদি— স্তবপাঠ এবং বরদান ইত্যাদি। অষ্টাবিংশে—বিশ্বস্তরের অভিষেক— ভোজনলীলা—শ্ৰীঅদ্বৈত. শ্ৰীবাস, शकानाम, इतिनाम, युकुम, युताति, শুক্লাম্বর, শ্রীধরাদি ভক্তগণের প্রতি কুপাবৈভব-স্থানন্দাবেশ। টন-ত্রিংশে—হেমস্ত বৰ্ণনা— ঋতুর

শ্রীবাসের মুখে ব্রজগোপীগণের ভদ্র-কালী-উপাসনার আস্বাদন-প্রকার —শীত ঋতুর বর্ণনা—হোলিকা-উৎস্ব --- গন্ধচূর্ণ-বিকীরণ এবং গানাদি। ত্রিংশে—বসস্ত ঋতুর বর্ণনা--শ্রীবাসের মুখে (ব্রজর্ম) বাসন্তরাস-শ্রবণ; গ্রীষ্ম ঋতুর বর্ণনা-কালীয়দমন-লীলাম্বাদনছলে নাট্যরস্বিভার। একত্রিংশে— বর্ধাকাল - বর্ণনা — নৌকাবিলাস (দানলীলাদি) আস্থাদন —শরংকাল বর্ণনা. রাসলীলাভিনয় —গোপীগীত-সঙ্গীতাদি। দ্বাত্রিংশে —নিশান্তকালে স্থীগণ-কর্ত্তক বিষ্ণু-প্রিয়া-প্রবোধন- রসোদগার- গঙ্গা-ল্লান — নারায়ণদেবা — ভোজন— শয়ন—বহিৰ্বাটীতে ভক্তগণকে ক্ষোপদেশ — সাধ্যসাধনতত্ত্-নির্ণয় --- নামভজনের সর্বশ্রেষ্ঠতা-প্রতিপাদন —গঙ্গাতীরে ধেমুবুন্দদর্শনে অপূর্ব-ভাবাবেশ—মন্দিরে হরিনাম-কীর্ত্তন —**নৈশভোজন**—প্রভূ-প্রিয়াজির রস-কন্দল কন্দৰ্পক্ৰীডাদি—শয়নলীলাদি। এই গ্রন্থের টিগ্লনী করিয়াছেন— শ্রীখণ্ডবাসী শ্রীশ্রীরাখালানন্দ ঠাকুর শান্ত্রী মহোদয় এবং করিয়াছেন—শ্রীমদ গুরুচরণ দাস। গ্রন্থখানি স্থথবোধ্য, প্রীতিপ্রদ ও সমাস্বাগ্য। গৌরাজ-প্রভাজ-বর্ণনাখ্য স্তবরাজ শ্রীমদক্ষৈতাচার্য-বিরচিত অমুষ্ট্রপ শ্লোকে শ্রীগোরাঙ্গমহাপ্রভুর প্রত্যঙ্গের বর্ণনা: প্রসঙ্গক্রমে অন্তর্নিহিত ভাবাদিরও সংক্ষিপ্ত স্টনা। স্তবের প্রারম্ভে—'তপ্তহেম-ছ্যুতিং বন্দে কলি-ক্লম্বং জগদগুরুম্। শ্রীমচ্ছচী-হাদয়-চারুদীর্ঘতমুং

নন্দনম্॥ ৪॥ ২ এীসিদ্ধ চৈত্তভাদাস বাবাজী মহারাজও বঞ্জাবায় ত্রিপদীচনে একটী পগু রচনা করিয়াছেন, তাহা শ্রীগৌরাঙ্গমাধুরী পত্রিকায় (১ ৯) মুদ্রিত হইয়াছে। আদর্শ—'পিরীতি-সাগর ছানি, রসের হিল্লোল আনি, তাহে ছানি অসংখ্য অনঙ্গ। স্থ-উজ্জ্ব রস তায়, দিয়া কোন বিধাতায়, গডিয়াছে নবীন গৌরাঙ্গ ॥' গোরাঙ্গভূষণমঞ্জাবলী — গ্রীপাদ গোস্বামিপ্রভুর শিয়া **এীগোরগণদাসজি-কৃত ব্রজভাষায়** পঞ্চ প্রকরণে গ্রথিত অপূর্ব গ্রন্থ। প্রথম প্রকরণে শ্রীগুরুদেব-স্বরূপ-বর্ণন, দ্বিতীয়ে শ্রীমন্মহাপ্রভুর শৃঙ্গার-তৃতীয়ে প্রার্থনা, চতুর্থে দিবিধ শৃন্ধার মঞ্জাবলী ও পঞ্চমে সিদ্ধান্ত-মুখে সপার্ষদ শ্রীগৌরাঙ্গের সাম্রাজ্য-চক্রবতিত্ব-বর্ণনা। গোরাজমজলসজীত (লীলারসতত্ত-

সারসংগ্রহ) প্রীনবদ্বীপচন্দ্র গোস্থামি-সংকলিত গ্রন্থ। ইহাতে প্রীচৈত্য-মঙ্গল, প্রীচৈতগুভাগবত ও প্রীচৈতগু-চরিতামূতাদি চরিতগ্রন্থমালা হইতে সংগহীত সপার্ষদ গৌরাজ-বন্দনা. নিত্যানন্দতীর্থযাত্রা, নিত্যানন্দ-মিলনাদি, নিত্যানন্দ-ক্বত গৌরস্তব, সংকীর্ত্তনযজ্ঞ-মহিমা, নিত্যানন্দগৌর-শ্রীলোচন দাসের যুগলস্তোত্ৰ, ধামালী, গৌরাঙ্গের বিবিধ স্তবাদি সংকলিত হইয়াছে। বিশেষ দ্ৰপ্তব্য এই যে এই গ্রন্থে শ্রীমৎ রাধামোহন গোম্বানি-রচিত শ্রীভাগবততত্ত্বসার-প্রকাশিকা হইতে স্থলবিশেষ উদ্ধত

হইয়াছে। এতদব্যতীত তোষণী,

ক্রেমসন্দর্ভাদি টীকাটিপ্রনীর সাহাযে বহু

স্থলের স্থমীমাংসাও করা হইয়াছে। **(भीताञ्चलीलाग्रज---**-[नदाहनभव পাটবাড়ী কা ৭৬] ৩৩১ পত্রাত্মক খণ্ডিত সংস্কৃত পুঁথি। রচয়িতার পরিচয় নাই। ২ শ্রীল বিশ্বনাথ চক্রবন্তির গৌরাঙ্গস্মরণমঙ্গলের অমুবাদ — শ্রীকৃষ্ণদাস-কর্ত্তক পয়ারাদিচ্ছন্দে বঙ্গ-ভাষায় অনুদিত। গোরাজবিজয়-পর্মানন্দ গুপ্ত-কৃত

পদাবলী (জয়ানন্দের চৈতক্তমঙ্গল)। ২ চূড়ামণি দাস্-কৃত (A. S. B.) পুঁথি। ৩ শচীনন্দন গোত্থামিকত পদাবলী (বংশীশিক্ষা ২৩২ পৃষ্ঠা)। **बिरगीवाङ्गविकामावली**—मश्रममानक শতাকীর শেষভাগে স্থনামধন্য প্রীল রঘুনন্দন গোস্বামিপাদ এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। প্রীল বিশ্বনাথ শ্রীবিত্তাভূষণ মহাশয়ের পরে যাঁচার! গোডীয় বৈঞ্চৰ সাহিত্যের সেবা করিয়াছেন— তাঁহাদের মধ্যে রঘুনন্দনের আসনই সর্বোচ্চে— ইহাতে আর সন্দেহ নাই। ইঁহার

স্থমধুর কবিত্ব ও রচনা-নৈপুণ্য

সর্বজন-প্রশংসনীয়। শ্রীরূপগোস্থামি-

চরণের শ্রীগোবিন্দবিরুদাবলীর সহিত

স্বাংশে সমন্বয় রাখিয়া এই গ্রন্থ

গ্রন্থকারই স্বয়ং

রচনা হইয়াছে।

একথা বলিয়াছেন-

গোবিন্দশু প্রকাশোহভূদ্ যথা শ্রীগোরস্থন্দরঃ। গোবিন্দবিরুদাবল্যা-स्टर्थयः विकृतावनी॥ ১२०॥

(ক) ইঁহার গৌরাঙ্গ-বর্ণনা অতি স্থনর ও জাজ্ল্যমান-স্তাপর্ম ত্বথ শুদ্ধ সমুজ্জল নিত্য কচিরতর বিশ্বগপুদ্দল। সর্ববিবৃধবরবৃদ্ধি-ছত্বর্গম

সর্বহৃদয়গত নির্মল-বিভ্রম ইত্যাদি।। **রেগারাঙ্গন্তবকল্পরক্ষ-ত্রী**রঘুনাথদাস-ইনি প্রীগোরাক্তক কখনও মন্দর পর্বতের সহিত (৮), কখনও সিংহের সহিত (১৪ ও ৯১). মেঘের সহিত (১৮ ও ২০). কখনও সরোবরের সহিত (২৬), কখনও হস্তিবরের সহিত (৫৮), কখনও চল্রের সহিত (৭৪) রূপক করিয়া প্রম চমৎকার রসপ্রবাহ দান করিয়াছেন।

গ্রীগোরাঙ্গের

প্রভাব বর্ণনা করিতেছেন—দোর্দণ্ড-

দ্বয়-চাওচালনভরাৎ

কীর্ফানের

পাপাওজান

গোবিন্দের

ডায়য়ন্, পাষ্ডাবলিমুগুমগুলমতী-বাথওয়ন্নজ্মিণা। কাতে দণ্ডমপি প্রমণ্ডয়তু মে মার্ডণ্ডকোটিচ্ছবি,-গৌরন্তাণ্ডব - পণ্ডিতোহলিকল-সং-পুড়ে। মনোমগুপং॥ ৪৮॥ এইরূপে কবি শ্রীগোরাঙ্গের চরণারবিন্দযুগল (e>), छाँशांत नीनानिक (झानिनी (৬০), ভক্তদেনাগণসহ কীর্ত্তন-বর্ষণ (৬৬), কীর্ত্তন-গর্জন-প্রভাব (৭০)

প্রতিভার পরিচয় দিয়াছেন। (গ) প্রীগোরচরণে প্রার্থনাটিও কত মধুর—গৌর: সচ্চরিতামৃতাসব-निधिरणी तः मटेमन च्हारत, रणीरतन প্রথিতং বহস্তভজনং গৌরায় সর্বং দদে। গৌরাদন্তি কুপালুরত্র

প্রভতির বর্ণনায় স্বীয় অসাধারণ

রচনা-নৈপুণ্য ও অলোকিক কাব্য-

পরো গৌরশু ভূত্যোহভবং, গৌরে গৌরবমাচরামি ভগ্ৰন ৷ প্রতো রক্ষ মাং ॥ ১১০।১১৫তম শ্লোকেও এই জাতীয় প্রার্থনা আছে। গোরাজবিলাস — গ্রীরন্দাবন দাস ঠাকুরে আরোপিত (পাটবাড়ী পুঁথি

वि ४१)।

গোস্বামি-রুত। ইহাতে মহাপ্রস্থুর বিরহদশার বহু প্রতক্ষে সাক্ষা মিলে। গৌরাম্বন্তবকল্পভক্র অনুবাদ— নিমানকদাস-রচিত প্যারে অন্ধবাদ [পাটবাড়ী পুঁ থি অহু ১২ খ]। **এ গোরার্চন--প্রয়োগ——**এ পাদ-হরিমোহন শিরোমণি গোস্বামিপ্রভ শ্রীশ্রীমন্মহাপ্রভুর কুপাজায় গোরাব্দে এই পুস্তকে শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভুর উপাদনাদি শ্রুতি-স্মৃতি হইতে প্রমাণাদি উদ্ধার পূর্বক স্থাপন শ্রীগোর-ক্রিয়াছেন, ইহাতে

অর্চনপদ্ধতি

লিখিত

হইয়াছে। মূল স্ত্ৰ যথা— প্রাতঃকুত্যাদিকং কৃত্যা ক্ষানঞ তিল্কাদিকং। প্রাতঃসন্ধা ততঃ কার্যা প্রীগুরুং পূজয়েত্ততঃ॥ দ্বার-পূজাং ততঃ কৃতা দেবগেহং প্রবে-শয়েৎ। ভূতশুদ্ধ্যাদিকং প্রাণায়ামাদি নাসকানি চ। কথা প্রীগৌরচন্দ্রস্থ কুর্যাৎ সমাহিতঃ। মনসা পূজিয়িত্বা তু শঙ্খঞ্চ স্থাপয়েততঃ॥ পুনর্ধ্যাত্বা বহিঃ পূজাং পাভাদিভিঃ অজোপান্সাতাবরণং প্রকল্পরেও। <u>প্রীমরামাইকং</u> যজেৎ ॥ শতং জপ্তা জুহুয়াৎ শতসংখ্যকম্॥ ভোগ-নিবেদন প্রণালীটী ৰঙ্গভাষায়

লিপিবদ্ধ হইয়া সংস্কৃত-ভাষানভিজ-দেরও প্রভৃত উপকার করিয়াছে। এই গ্রন্থানি শ্রীপাদ-কর্ত্তক সঙ্কলিত 'পুরুষার্থ-তত্ত্বনিরূপণ' নামক বিরাট গ্রন্থের ক্ষুদ্রতম অংশ-বিশেষ। এই গ্রন্থখনি রচিত না হইতেই শ্রীপাদ শিরোমণি প্রভু

নিত্যলীলায় প্রবিষ্ট হইয়াছেন।

চতঃশ্লোকী ভাষ্য—গ্রীনিবাসাচার্য-প্রভু শ্রীমন্তাগবতের মূলীভূত শ্লোক চতুষ্ঠয়ের (ভা ২া৯৩২—৩৫) যে টীকা করিয়াছেন, তাহাই 'চতুঃ-শ্লোকীভাষ্য' নামে প্রসিদ্ধ। ইহার ভাব, ভাষা ও পদ-ব্যাখ্যান-কৌশল অতিস্থনর। শ্রীনবদ্বীপ হরিবোল কুটীর হইতে প্রকাশিত। ভাষ্যে 'অহমেব' শ্লোকের 'পরং' শব্দের ব্যাখ্যায় ইনি লিখিয়াছেন-'পরং নিজগৃহিণীযু গোপীযু পরকীয়া-ভাবম।' 'অগ্রে' শব্দে 'সর্বলোক-মুকুটমণো প্রীগোলোকাথ্যে'। 'এতাবং' ইত্যাদি শ্লোকের ব্যাখ্যায়ও বলিয়াছেন— 'শ্রীকৃঞ্লীলারহস্তং স্বকীয়া পরকীয়া, গোপীযু পরকীয়া ভাবাদিকং, নাভং'। 'অন্বয়ব্যতিরেক' প্রভৃতি শব্দের অর্থে প্রমাতিভরে (আরুগত্যে) প্রীগুরুর অরুগমন সর্বত্র সর্বভজনসাধনে অনুসরণ, সর্বদা সর্বকালে জীবনে মরণে বিপদে সম্পদে দুরে নিকটে,দিনাদিতে নিশাদিতে সংকীর্ত্তনাদিতে মহা-প্রসাদে অনুশীলনে ইত্যাদি লিখিয়া শ্রীগুরুর আমুগতাময়ী সেবাবিধানের দারাই এক্সঞ্লীলারহস্ত জ্ঞাতব্য বলিয়াছেন।

हक्रांट्नाक-छैका—कवि गशास्त्र সুমিত্রাত্মজ জয়দেব-প্রণীত অলঙ্কার-গ্রন্থ চন্দ্রালোকের উপর 'শ্রীবলদেব বিত্যাভূষণ এক টীকা করিয়াছেন বলিয়া প্রকাশ, কিন্তু টীকাটি এখনও দেখিবার সোভাগ্য হইতেছেনা। [এই জয়দেব কিন্তু গীতগোবিন্দকার নহেন ।।

চমৎকারচ ব্রিকা — শ্রীমদ্বিধানাথ চক্রবর্তি-প্রণীত খণ্ডকাব্য। শ্রীশ্রী-রাধাগোবিন্দ-লীলার অপ্রতিম স্থচতুর চিত্রকর এই গ্রন্থকার প্রসাদগুণ-বিশিষ্ট অ্থপাঠ্য ও সহজ্বোধ্য করিয়া প্রেমভক্তির কোমণ তুলিকায় এক অনির্বাচ্য মহামোহন অমৃতরুস মাখাইয়া এই গ্রন্থপটে চারিটি মনোজ অভুত ও প্রচারু মিলনচিত্র অঞ্চিত করত ব্রজরস-লোলুপ পাঠক সাধকদিগের উপস্থাপিত সমক্ষে করিয়াছেন। চিত্র-চতুষ্টয়ই রস-পরিবেষণে, শব্দবিস্থাস-চাতুর্যে ও ভাব-মাধুর্যে রসিকজনের চিত্ত চমৎ-কৃত করিয়া থাকে, যুগলের ভজনানন্দী সাধকগণকে বিমুগ্ধ করিয়া তোলে: অলোকিক হান্তরসের ছটায় মনঃপ্রাণ মাতাইয়া এক অপাধিব উজ্জুল জগতে উন্নীত করে। আলম্বারিকগণ বলেন-'রদে সার*চমৎকারঃ', ফলতঃ এই প্রতিটী প্রবন্ধে রদসার-প্রদর্শিত চমৎকারিত্বই হইয়া 'চমৎকারচন্দ্রিকা' নামের সার্থকতা আনম্বন করিতেছে। আবার রেম্য বস্তু-সমালোকে লোলতা ভাৎ কুতৃ-হলম'-এই উক্তির হাথার্থ্যও এই গ্রন্থপাঠেই সহৃদয় পাঠকগণ বুঝিতে পারিবেন। ঘটনাবৈচিত্রাও এমনই চমৎকার যে গ্রীরাধারুফের মিলনের থাঁহারা চির বিরোধী বলিয়া জগৎ-

প্রসিদ্ধ, তাঁহারাই এই ক্ষেত্রে সেই মহামিলনের মহাসহায়ক। কুতৃহলে—মঞ্জ্বিকা-মিলন, দিতীয়ে অভিমন্যুবেশে, তৃতীয়ে বৈল্পবেশে ও চতুর্থে গায়িকাবেশে মিলন বর্ণিত হইয়াছে। মহাজনী পদাবলীতেও এতাদশ মিলনের যথেষ্ঠ আভাস কথিত আছে— পাওয়া যায়। প্রীহরিবাসরে রাত্রিজাগরণ-সম্পর্কে চারি যামের জন্ম চারিটি কৌতৃহল লিখিত হইয়াছে এবং পূর্বকালে বৈষ্ণবগণ এই গ্রন্থের আলোচনাও আস্বাদন করত বিবিধ ভাববিকারসহ রুদোদগার ও স্বস্ব-অত্রভব-চমৎকারি-वामान-छामारन इंडेरगाछी করিয়া প্রমানন্দলাভ করিতেন। চাটুপুজ্পাঞ্জলি-এীরপগোস্বামিপাদ-রচিত স্তব্যালার অন্তর্গত প্রার্থনা, দৈন্তাদিময় অপরূপ স্তুতিকাব্য। চাটুপুস্পাঞ্জলির অনুবাদ— শ্রীভামলোচন সাগ্রাল এই অমুবাদ

করিয়াছেন। ১৮৫৯—৬০ খঃ এই গ্ৰন্থ প্ৰকাশিত হইয়াছিল। (বঙ্গীয়

চাহবেলী — ভক্তমালের টীকাকার শ্রীপ্রিয়াদাস্ভির রচনা—ভাষা হিন্দী। ইহাতে ৫০টি অরিল (ছন্দঃ)

ও একটি কবিত আছে। প্রারম্ভ-

সাহিত্যসেবক—৫৭২ পৃঃ)

শ্রীমনহরণ মহাপ্রভূ শ্রীনিত্যানন্দ গাঁউ। অমিত প্রেমফল দিএ স্বন কোঁ এক বৃন্দ রস পাউ।।।। হাহা শ্রীঅদৈত গদাধর শ্রীনরহরি সরকার। কীজে রূপা ওুচ্ছ জন-

হুপৈ যাহী হিত অবতার ॥ ২॥ হাহা শ্রীমৎ দাস গোসাই উৎকৃষ্টিত নিশি-ভোর। অচরজ সহীগুণ রোমপ্রতি, ঝলকত যুগলকিশোর ॥ ৫॥ হাহা শ্রীআচারজ ঠাকুর ভাব রসমন্দ মুরতি। মনমানী রস সানী জোরী দৈ করি কীজৈ প্রতি॥ ৭॥

চিত্রপদ-কাব্য— শ্রীখণ্ডের শ্রীরঘূনন্দন ঠাকুরের বংশোদ্ভূত কবি জগদানন্দের রচনা। স্মাদর্শ—

यामिनी निन्मि गिंगान छेन सं क कर, क्र्म क का कि कि भाव । जा मा जा

এই চিত্রপদের ছুলাক্ষরগুলি
যোজনা করিলে যে সঙ্কেত হয়
'যাঅব আজী কি কালি'—তাহাই
শ্রীরাধার প্রতি শ্রীঘারকাধীশ শ্রীক্ষের
আধাসবাণী। [বাঙ্গালা সাহিত্যের
ইতিহাস ১।৬৬৪—৬৬৫ পৃষ্ঠা]
ৈচতন্তকল্প—(হরিবোলকুটীর ২৩ ৬,
ঢাকা বিশ্ববিভালয় প্র্রিথ ৩৫৭৯)
ইহা ব্রহ্মযামলের অন্তর্গত, ১৭৪৩

শাকের লিপি। ইহাতে শ্রীচৈতন্তের

নবদ্বীপে অবতর্ণ-প্রসঙ্গে দেবতাদের

নিকট

অবতার, শার্বভৌমের

অধ্যয়ন (१), সন্ন্যাস-লীলা, হরিনামের সর্বসাধনত্ব, মাতৃ-প্রবোধন,
হরিনাম-মহামন্ত্র, প্রীচৈতত্তের ধ্যান,
পূজা, মন্ত্র, গুবাদির সন্নিবেশ আছে।
চৈতত্ত্যগাণোদেশ — (পাটবাড়ী প্র্যি
বি ৫৮, ক, খ) বলরামদাস, বৃন্দাবন
দাস (১১৮০ সন) ও রামগোপালদাসের (১২৫৭ সন) বাংলা ভাষায়
রচনা পাওয়া গিয়াছে।
শ্রীচৈতত্ত্যগণোদেশ-দীপিকা———

শ্রীবন্দাবন দাস-রচিত। বঙ্গীয় সাহিত্য
পরিবদের পুঁথি ১১১, ১২১
(গোপালদাস চৌধুরী-সংগ্রহে)
১১০০, ১২০১ সালের হস্তলিপি।
ইনি কিন্তু শ্রীচৈতন্তভাগবত-প্রেণেতা
নহেন।
[১১০০ সালের পুঁথি] আদিতে—

অষ্টাঙ্গ প্রণতি করি বন্দো গুরুপদ।

যাহার স্মরণে বিদ্ধ না রহে আপদ।

৪ পু:—নদীয়া-যুবতী দেখে কন্দর্পস্থর্রপ। তার্কিক পণ্ডিত দেখে

বিরাটের রূপ॥ ৫ পু:—মহৈশ্বর্যফুক্ত
পূর্বে যে লক্ষ্মী হয়েন। পণ্ডিত
গদাধর এবে প্রমাণে কছেন॥

৭ পু:—সর্বঅগ্রে চৈতন্তের করিল
বন্দন। তবে সে বর্ণন কৈল
দাস-বৃন্দাবন॥

এই গ্রন্থে শ্রীচৈতগ্রপূর্ব মহাজনগণেরও সিদ্ধ নাম দেওরা আছে—
১৮ পৃঃ—শুকদেব নাম পূর্বে ছিলা
মহাশয়। বিজ্ঞাপতি চণ্ডীদাস কহিল
নিশ্চয়॥ ২১ পৃঃ—ব্যাস সম কহি
এবে দাস বৃন্দাবন। চৈতগ্রলীলার
ব্যাস কহিল কারণ॥

অন্তিম—কবিকর্ণপূর, রামচন্দ্র কবিরাজ। দোঁহার চরণে বন্দো গ্রন্থ বুঝিতে বিষম। তে কারণে কৈল গ্রন্থ করিয়া স্থাসম। বছভাগ্যে প্রাপ্তি জ্রীটেতগ্রগণোদ্দেশ। কছে বৃন্দাবন দাস ভাষা স্থবিশেষ।

১২০১ সালের পুঁথিটি অন্ধর্মপ হইলেও জ্রমান্থক। ২ রামাই-রচিত অন্থ পুঁথি (সাহিত্য পরিষৎ পত্রিকা ২৯৯—৩০০)।

মন্তকের মাঝ॥ রচিলা দোঁছেতে

ত্রীতৈভশ্যত-ত্রীপাদ প্রবোধা-নন্দ সরস্বতী-প্রণীত স্তোত্রকাবা। ১৪৩টি শ্লোকে এই গ্রন্থর নিবদ্ধ। ইঁহার টীকাকার, আনন্দী (রসিকা-স্বাদিনীতে) এই শ্লোকমালাকে ১৩টি বিভাগে বিভক্ত করিয়াছেন। প্রথম বিভাগে (>-- ৭) স্ততি-প্রকরণ, দ্বিতীয়ে (৮-১৩) প্রণাম, ততীয়ে (২৩—১৭) আশীর্বাদ, চতুৰ্বে (১৮–৩০) শ্ৰীচৈতক্সভক্ত-মহিমা, পঞ্মে (৩১-৪৫) শ্রীচৈতগ্রাভক্তনিন্দা, ষষ্ঠে (৪৬—৫৬) दिन्छक्रभ चनिन्ना, मश्रद्य (८१--१३) উপাক্তনিষ্ঠা, অষ্টমে (৮০—৯৯) লোকশিকা, নবমে (১০০-১০৯) শ্রীচৈতভোৎকর্ষতা, দশ্যে (১১০— ১৩০) অবতার-মহিমা, একাদশে (১৩১—১৩৬) শ্রীগৌররূপোল্লাস্ শোচক। এীপাদের ভাবসমূহ পরম পরিস্ফুট, ভাষায় গান্তীর্য ও মাধুর্য যুগপৎ বিশ্বমান। ঐতিচতগুচন্দ্রামৃত

ও গৌরনিষ্ঠার কথা বহুস্থলে (৩১, ৬১) ব্যক্ত করিয়াছেন। তাঁহার

শব্দার্থালম্বার-পরিপূরিত প্রোটিবাদময়

কোষকাব্য বা প্রকরণগ্রন্থ। জ্রীপাদ

গ্রন্থমধ্যে তদীয় একান্ত গৌরভক্তি

গৌর 'রাধয়া মাধবস্থ একীভূতং বপুঃ'ী (১৩) ; প্রবলতর গৌরনিষ্ঠার মধ্যেও সময় সময়ে তাঁহার চিত্তে 'রাধা-পদাম্বজ-স্থামুরাশি' (৮৮) ঝলক দিত এবং সময় সময় 'শ্রীরাধাপদ-নথমণিজ্যোতি' (৬৮) হৃদয়ে উদয় করাইবার জন্ম প্রার্থনাও করিয়াছেন। সমাক উপলব্ধি ইহাও করিয়াছেন যে প্রেমমহিমা, নাম-মাধুরী, শ্রীবৃন্দাবনমাধুরীতে প্রবেশ-পর্মর্স-চমৎকার-অধিকার এবং মাধর্যসীমা শ্রীরাধার তত্ত্ব প্রভৃতি গৌরক্লপাতেই (500) লভ্য **শ্রিগৌরতত্ত্বে** <u> এরাধারুফ্ততত্ত্ব</u> હ একান্ত অভেদত্ব থাকিলেও নাম-বৈশিষ্ট্য (৫৩), লীলাবৈশিষ্ট্য (৭৭ --- १৮), পরিকর-বৈশিষ্ট্য (১১৯), স্থ্যুপুর্বিশিষ্ট্য (১৩) এবং বৈশিষ্ট্য (১) প্রভৃতিতেও তাঁহার দৃষ্টি আরুষ্ট হইয়াছে। ইনি গৌর-পারম্যবাদী ও (১৩২) 'গৌরনাগর' মুক্তির ধ্যান করিয়াছেন। (১) বরাহনগর পাটবাড়ীর পুঁথি (কাব্য এবং রাজগাহী বারেন্দ্র সমিতির পুঁথি (সা স ১৩২) এক্রিফ-চৈতক্তরদামূত-তর্মিণী টীকাটি প্রাঞ্জল হইলেও আনন্দি-ক্বত টীকার গ্রায় সরস ও উপযোগী নহে । (৩) ঢাকা বিশ্ববিত্যালয়ের গ্রন্থালয়ে গ্রাম-এক টীকা আছে। কিশোর-ক্বত (কাব্য Vol V. No. 3306) ১৪৯৮ শকে রচিত গৌরগণোদ্দেশে (১৬৩) ইঁহাকে 'গৌরোদগান-শরস্বতী' বলায় বুঝিতে হয় যে তৎ-পূর্বেই চন্দ্রামৃত রচিত হইয়াছিল। গ্রীজীবগোস্বামিতে আরোপিত সংস্কৃত

বৈষ্ণৰ-বন্দনায়ও চন্দ্রামৃতের নাম আছে। দেবকীনন্দনের বৈষ্ণৰ-বন্দনায়, রসিকোভংগের প্রেমপতনে ও ভক্তমালে ইঁহার নাম আছে।

শ্রীচৈতগুচন্দ্রায়তের অনুবাদ— শ্রীগোপীচরণ-ক্বত। **চৈত্রভাচক্রোদ্যু—**শ্রীমদ বুন্দাবন দাস ঠাকুরের রচনা বলিয়া ভাজন-ঘাটের প্রপ্রসিদ্ধ কবিরাজ শ্রীস্থরেন্দ্র-নাথ গোস্বামি-কর্তৃক ৪৫৫ গৌরাবে প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থের দিতীয় দর্শনের (অধ্যায়ের) বর্ণনা-মতে বুঝা যায় যে ইহা চৈত্ত ভাগবতরচনার (?) পূর্বেই লিখিত (১০৪ পৃষ্ঠা)। ২৭ নক্ষত্র বেষ্টিত গগনচন্দ্রবৎ ২৭ পার্ষদ-নক্ষত্র বেষ্টিত চৈতক্সচন্দ্রের সংক্ষেপ চরিত, স্বভাব, এবং স্বরূপাদির পরিচয় আছে। বঙ্গীয় দাহিত্য পরিষদে ও বোধখানায় ইহার মূল পুস্তক আছে বলিয়া শুনা যায়। যে সকল পার্ছদের পূর্ব নাম এ গ্রন্থে সঞ্চলিত হইয়াছে, তাহা গৌর-গণোদ্দেশাদির সহিত প্রায়ই गितन ना। 'यथा-- गांधरवल (जनक) (১) ব্রহ্মানন্দপুরী (সনন্দন), কেশব-

(সনাতন), কুফানন্দপুরী

(সনৎকুমার), হরিদাস ঠাকুর (ব্রহ্মা)

অদৈতাচার্য (শঙ্কর), প্রতাপরুদ্র

(इंखर), পরমানকপুরী (উদ্ধব),

গোবিন্দগরুড় (রক্তক), রঘুনন্দন

(কামদেব), রায় রামানন্দ (অজুন-

গোপাল), বিশ্বরূপ (মণ্ডলীভদ্র),

নিত্যানন্দ (বলভদ্র), [বীরচন্দ্র

—বীরভদ্র], পরমানন্দ অবধূত (দেব-

প্রস্থ), অভিরাম (শ্রীদাম), স্থন্দরা-

नन (ऋषाय), कमनाकत शिशनारे

(বস্থদাম), প্রমানন্দ দাস (স্থবাছ) দাস (ভোককৃষ্ণ). পুরুষোত্তম গোরীদাস (স্থবল), শিশু কৃষ্ণদাস গোপাল), (উজজ্বল পণ্ডিত পুরুষোত্তম (অজুন), শচীদেবী (যশোদা), জগন্নাথ মিশ্র (নন্দ). কেশবভারতী (সান্দীপনি), দাস গদাধর (রাধা), সদাশিব কবিরাজ (हक्कावनी)। जन्मरशु माथरवक्कां नि চারিজন শাস্তভক্ত, হরিদাস ঠাকুরাদি ছয় জন-নাসভক্ত, রায় রামানন প্রভৃতি পণ্ডিত পুরুষোত্তম পর্যন্ত বার জন দখ্যভক্ত, তন্মধ্যে নিত্যানন্দ-ত্বত বীরভদ্র ও ব্রজের বীরভদ্র অন্তর্নিবিষ্ট হইয়াছেন বলিয়া তাঁহার পুথক সংখ্যা হয় নাই। শচীদেবী প্রভৃতি তিনজন বাৎস্ল্য ভক্ত এবং দাস সদাশিব-মধুররসের গ্দাধ্র હ

ভক্ত।

শীকৈত্য চক্রোদয় নাটক—>৪৯৪
শাকে শ্রীকবিকর্ণপূর গোস্থানী এই
নাটকথানি দশ অঙ্কেরচনা করেন।
শ্রীগোরাঙ্গ-লীলাবর্ণনাই ইহার
উদ্দেশ্য। নাটকীয় লক্ষণাক্রান্ত বলিয়া
ইহাতে লীলাবলির পারম্পর্য রক্ষিত
না হইলেও কুত্রাপি সিদ্ধান্তবিরোধ
বা রসরীতি প্রভৃতির মর্যাদা-লঙ্খন
হয় নাই। বস্ততঃ এই নাটকে বহু
বহু অপূর্ব সিদ্ধান্ত নিহিত থাকায়
শ্রীগোড়ীয় বৈক্তবগণের ইহা পরম
আদরণীয় ও নিত্য আলোচনীয়
গ্রন্থই হইয়াছে।

প্রথমাঙ্কে—প্রচুরতর আনন্দকন্দলময় রথযাত্রার প্রাকৃকালে
শ্রীমন্ মহাপ্রভুর অপ্রকটে রাজা
প্রতাপরুদ্রের আদেশে এই নাটকের

ত্যাগ করিবেন।

করিয়াও জগতে বৈরাগ্য-শিক্ষাদানার্থ

বিশ্বরূপ স্বীয়তেজ পুরীশ্বরে সমর্পণ

পূর্বক তিরোহিত হইয়াছেন।

অধর্মকর্ত্তক কামক্রোধাদি অমাত্য

ইঁহার অগ্রজ

অভিনয় হইতেছে। স্থত্রধার-মুখে শ্রীগোরাজ-স্বরূপের বৈশিষ্ট্য-প্রতি-পাদন, [প্রীচৈতন্ত-করবুক্ষে প্রীরাধা-ক্ষাখ্য লীলাময় বিহঙ্গম-যুগলের অভিন্নভাবে বাসনির্মাণ !!] প্রীচৈতন্ত্র-প্রবৃত্তিত উদার মতে সকল লোকের প্রবৃত্তি না হওয়ার কারণ—বিবিধ বাসনাবন্ধ জীবের লোকেত্রের পথে প্রবৃত্তি হইতে পারে না, রুচির বিভিন্নতাই জ্ঞানভেদ জন্মায়। ভক্তিই মুক্তি হইতে শ্রেষ্ঠা, শ্রীগৌরাবতারে কলিও ক্বতার্থ, যেহেতু শ্রীমদ্ভাগবতে প্রীগোরাঙ্গাবতারযুক্ত কলিযুগের প্রশংসা কীত্তিত হইয়াছে। এই প্রস্তাবনার পরে কলি ও অধর্মের কথোপকথনজ্ঞলে বহু গৌরতত্ত্ উদঘাটিত হইতেছে। 'কুমারক' হইতে কলির মহাতীতি; কুমারক কুৎসিৎ মারক বা পৃথিবীর মারক নহে, 'কিন্তু শচীনন্দনই, যেহেতু হবিই জগৎ পবিত্র করিতে হরিভজি-যোগ-শিক্ষাদানে রসালচিত্ত হইয়া বাল্য (জন্ম) লীলা আবিষ্কার-ছলেই নিখিল লোককে হরিনাম গ্রহণ করাইয়াছেন। এই হইল নামতঃ বৈশিষ্টা। তাঁহার অবতারের

পূৰ্বেই লীলাসহায়ক খ্ৰীঅদৈত-

निज्यानसामिक्राल भेख् वर वनामि

প্রভৃতিরও আবির্ভাব হইয়াছে—ইহা

দারা লীলাবৈশিষ্ট্য স্থচিত হইল।

শ্রীগোরাঙ্গ যে ঈশ্বর তাহার প্রমাণ

এই যে ইনি বালক-লীলাতেই

আনন্দানে সকলজনের চিত্তচমৎ-

কারকারক হইয়াছেন, সাক্ষাৎ শ্রী-

(লক্ষীপ্রিয়া) ও ভূশক্তি (বিষ্ণু-

প্রিয়াকে) ইনি বিবাহক্রমে স্বীকার

ছয়জনকে যুগপৎ চৈতগ্যবিক্ষম্বে অভিযান করাইবার প্রস্তাবেও কিছ কলির বৈমনস্ত, কলির মুখে নারায়ণ-কর্ত্তক কামজয়ের কথা, জগাইমাধাই অহৈতৃকী কুপাবিস্তারে উদ্ধারে অভিষেকাবসরে গুণবৈশিষ্ট্য. ঈশ্বরাবেশ প্রভৃতিও অতিপ্রন্দর-ভাবে উট্টক্ষিত হইয়াছে। পরে—ভগবদাদেশে বিষ্ণস্থকের শ্রীবাদের পূর্বজীবনবুতান্ত-স্চনা, মুরারির জ্ঞানচর্চায় আক্ষেপ. মুকুন্দের চতুর্ভুজ-স্বরূপের রুচিতে গোরের অসম্বতি, শচীমাতার বৈষ্ণবা-পরাধ-কালন ইত্যাদি স্বানন্দাবেশ। দ্বিতীয়াক্ষে—চতুর্বর্ণ, চতুরাশ্রম, তাকিকাদি পাশ্বপত পর্যস্ত সম্মত-প্রাধান্তবাদিগণ, উদরভরণজ্ঞ সাধুর অভিনয়কারী. তৈথিকাদি বছ বছ স্থানে অন্বেষণ করিয়া স্বজনগণকে (শমদ্যাদি, ধর্ম, মৈত্রী প্রভৃতিকে) না দেখিয়া বিরাগের 'মনে মুখে সমানভাবাপন্ন' বৈফ্যবগণকে দেখিবার জন্ম নিদারুণ রোদন ও আত্তি-ধামবৈশিষ্ট্য-কণ্ন-দৈববাণীতে পূর্বক শ্রীনবদ্বীপে গমনের ইঙ্গিত। ভক্তির সহিত সাক্ষাৎকার, বিরাগের প্রশ্নতার—(১) এক্ষণে ভক্তির কি কি কার্য চলিতেছে ? (২) খ্রীচৈতম্ব-দেব কি কি লীলা প্রকট করিতে-ছেন ? (৩) নিরাশ্রয় বিরাগকে তিনি আশ্রম দিবেন কি ? ভক্তিদেবীর

উত্তর—(১) আচণ্ডাল সকলের চিত্তবৃত্তির শোধনপূৰ্বক তাহাতে অপূর্ব রসভাব বিস্তার করাই আমাদের কার্য। (২) প্রীগোরাঙ্গ আবাল্য সংকীর্ত্তন-নটনমুখ্য প্ররসাল প্রতিগ্রহে হরিসেবা সংস্থাপনা করিয়াছেন-শ্রীবাসাদির গৃহে নৃত্য-বিনোদ, কখনও বা যবন স্চীকরের ঐশ্ব্যপ্রকাশ, মুরারিভবনে প্রতি সংকর্ষণরূপাবিদ্ধার, এইরূপে বৃদ্ধ-বরাহাদি অবতারাবলির লীলাপ্রকটন, নিত্যানন্দপ্রতি ষ্ডু ভুজ-প্রকাশ, ভগবলামপ্রবর্ণে প্রেমাবেশ, আচার্য-রত্বের মন্দিরে নর্ত্তন করিয়া আসিবার কালে কুণ্ঠী ব্রাহ্মণের রোগনিদান উপায়-কথন অপরাধ-ক্ষালনের ইত্যাদি। (৩) শ্রীগোরে সর্ববিরুদ্ধ-ধর্মের সমাবেশ থাকায় তিনি নিতা-বিলাসী হইলেও বৈরাগ্যাশ্রয়ই বটেন। পরিহাসচ্চলে শ্রীঅদৈতপ্রভু-কর্তৃক শান্তিপুর-ত্যাগের কারণ-নির্ণয়, বিষ্ণুপ্রিয়াদেবীর বিষ্ণুভক্তিস্বরূপিণীত্ব নির্ধারণ ইত্যাদি। 'অদ্বৈতপ্রেমপাত্র এই (গৌর) স্বরূপই ত আমার স্বন্ধপ' এই ভগবৎকথার উত্তরে অবৈতের চিন্তা—যদি এই স্বরূপই লক্ষ্যীভূত হয়, তবে শ্রামত্বন্দর-দর্শনাভিলাষ নিবৃত্ত হয়, আর যদি এই স্বরূপ অস্বীকৃত হইয়া খ্যাম-স্বরূপকেই গৌরের প্রকৃত স্বরূপ বলা তবে এই গৌর-স্বরূপে প্রেমহানি হয়—এই উভয় দিকের সমস্থা-নিরাকরণে শ্রীবাসের উত্তর এবং অধৈতের হৃদয়ে খ্যামস্থন্দর-আবিৰ্ভাব--অদ্বৈত-কৰ্ত্তক

গ্রহগ্রন্তভায়ে অহভূত স্বন্ধপের বর্ণনা

—এই গৌর-শ্রীর হইতে অকস্মাৎ নীল জ্যোতি বাহির হইয়া অদৈতের ৰদ্ধে প্রবেশ করত ক্ষণমধ্যে আবার এই গৌরদেহেই প্রবেশ করিয়াছে— এম্বলেও আশ্রয়াশ্রয়িগ্রাবে স্বরূপ-বৈশিষ্ট্য হচিত হইল; কিন্তু তুই স্বরূপ এইভাবে (লীলায়) ভিন্ন হইয়াও তত্ত্তঃ অভিন।

তৃতীয়াঙ্কে—মৈত্রী ও প্রেম-ভক্তির সম্বন্ধ নিরূপণ, আচার্যরত্বের মন্দিরে স্ত্রীভাবে গৌরনটনের তাৎপর্য এই—বিরলপ্রচার কতিপয় ভাগ-বতের চিত্তে স্ত্রীভাব-সংক্রমণ : ভূমিকা-পরিগ্রহের বিবরণ ইত্যাদি। প্রবেশকের পরে শ্রীনারদের মুখে **এীবুন্দাবনবিহা**রীর দানলীলা-অভিনয়ের প্রস্তাবনা, বৃন্দাবনে মুরলী-ধ্বনি করিতে করিতে শ্রীক্লফের প্রবেশ, 'গোপীশ্বর-সমীপে গোপ-বালাগণ পূজাক্তলে যাইতেছেন' স্তনা করত মধুমঙ্গলের দান-গ্রহণে শ্রীগোরাঙ্গে ইন্সিত, প্রসঙ্গত: তিন মৃতির (স্বয়ং হরি, স্থী ও রাধিকার) আবিষ্কার-বর্ণন, প্রীরাধা-দর্শনে প্রীক্বফের উৎপ্রেক্ষা, প্রীরাধার লবঙ্গকুস্থমচয়নে শ্রীক্লফকত্ত্রক বাধা-প্রদান এবং উভয়পক্ষের বাদামুবাদ, বিবাদ চরমগীমায় উঠিলে নিত্যানন্দ-প্রভূর আবেশে যোগমায়া-ভূমিকা-ত্যাগ এবং 'দাবশেষ রস প্ররম হয়' এই স্থায়ে নাট্যের যবনিকা-পতন।

চতুর্থাক্ষে—শ্রীগোরাঙ্গের সন্যাস-नीनाविषात, ज्ळगत्वत श्रवशक्ती আর্ত্তনাদ, গঙ্গাদাস-মুখে তৎকাহিনী-শ্রবণ, শ্রীকৃষ্ণতৈতম্বনামের যাথার্থ্য-নিরূপণ।

পঞ্চমাঙ্কে—শান্তিপুরে অধৈত-গুহে পরিকরস্হ মিলনাদি। ষ্ঠাক্তে-নীলাচল্যাত্রা, রেমুনায় গোপীনাথদর্শন,কটকে সাক্ষিগোপাল-দর্শন, নীলাচলে প্রবেশ, ভগবতা-সম্বন্ধে গোপীনাথাচার্যসহ সার্বভৌমের শিষ্যগণের বিচার, জগরাথদর্শনের সাৰ্বভৌম-গ্ৰহে পরে ঐচৈতন্তের এবং ভিক্ষা. পরদিন প্রভাতে গ্রীজগন্নাথের মহাপ্রসাদ অঞ্চলে লইয়া সার্বভৌমগৃহে প্রবেশ ও 'মহাপ্রসাদ গ্রহণ কর' বলাতেই সার্বভৌম-কর্ত্বক প্রসাদ ভোজন: ভট্টাচার্যের অদৈতবাদ-মূলক ব্যাখ্যা-পরিহার ও মহাপ্রভুর ক্বপাপ্রাপ্তি। সপ্রমান্তে — দাহ্দিণাত্যযাত্রা, त्रामानन्त्रिणन, त्रीक्षरपत्र जनाठात्र, রামনাম-জপপরায়ণ ব্রাহ্মণের কৃষ্ণনাম জপ-কারণ, গীতাপাঠক-বুতান্ত, নীলাচলে পুনরাগমন।

অষ্ট্রমাঙ্কে— ভক্তগণসহ মিলন, পুরীপরমানন্দের ও স্বরূপের আগমন, গোবিন্দের সেবা-স্বীকার, ব্রহ্মানন্দ-মিলন. প্রতাপরুদ্র-মিলন-প্রস্তাবে মহাপ্রভুর বাক্য—'ভগবন্তজনোনুখ, ভবপারে জিগমিষু ও নিষিঞ্চন জনের পক্ষে বিষয়ী ও স্ত্রীসঞ্চীর সঙ্গ বিষভক্ষণ হইতেও গহিত।' রাজারও প্রতিজ্ঞা--সার্বভৌম-মন্ত্রণায় আশ্বাস, গোডীয় ভক্তগণের আগমন ভক্তসন্মিলনী। প্রতাপরুদ্রের প্রতি

নবমাঙ্কে—লোকাত্বগ্রহ- প্রকার-ত্রয়—(১) সাক্ষাৎ, (২) পরহৃদয়-প্রবেশ ও (৩) আবির্ভাব। (২) নকুল-ব্রন্ধচারিদেহে আবেশ ও শিবানন্দ-

অলক্ষিতে রূপা।

সেনের পরীক্ষা। (৩) নৃসিংহানন রচিত ব্ৰহ্মচাবিব অন্নব্যঞ্জনাদি ভোজনে আবির্ভাব ইত্যাদি—গৌডে গমন ও জনমগুলীর আনমোচ্ছাস, নীলাচলে প্রত্যাবর্ত্তন ও বনপথে মথুরাগমন, প্রয়াগে জ্রীক্লপমিলন ও শিক্ষাদান, কাশীতে শ্রীসনাতনশিক্ষা ইত্যাদি।

দশমাস্কে—নীলাচলে ভক্ত-সমাগম, স্নান্যাত্রা-দর্শন, আনন্দ-कीर्डन, यूर्डापि, श्रुखिठायार्जन, রথযাত্রাদি, হেরাপঞ্চনী-প্রসঙ্গ: ভরতবাক্যে <u> এমহাপ্রভুকর্ত্</u>ক দাস্তাদি সকল রসের ভক্তগণকেই করিতে প্রস্তাব; বন্দাবনাসঙ্গী শ্রীঅবৈত-কত্ত কি প্রার্থনা—তোমার ইচ্ছায় ধামান্তর বা দেহান্তরই প্রাপ্তি হইলেও আমরা যেন জাতিম্মর হইয়া তোমার এই গৌরলীলা-বিচিত্রতাই করি। কবিগণ চিরকাল অরণ আকল এই গৌরবিলাসাবলি রচনা করুক, নর্ত্তকগণ এই গৌরলীলাই অভিনয় করুক, সাধুসজ্জনগণ মাৎসর্ঘ-विशीन श्रेषा अहे रागीतनीनाहे खनन দর্শন করুন' ইত্যাদি। শ্রীচৈতগুচন্দ্রোদয়-কৌমুদী— পদকর্ত্তা প্রেমনাস ১৬৩৪ শকাকায় শ্রীকবিকর্ণপূর গোস্বামি-বিরচিত

হয়। যথা নবম অঙ্কে (২৪৩ পুঃ):---'কাঞ্চনপাড়া বলি গ্রাম আছে গঙ্গাতীরে। শিবানন্দসেন তথা প্রভূ সেবা করে॥ সেই শিবানদ হন

গ্রীচৈতন্মচন্দ্রোদয় নাটকের প্রারে

অমুবাদ করিয়াছেন। ভাষাটি অতি

স্থার ও শ্রতিমধুর; স্থলে স্থলে মূল

হইতে অতিরিক্ত সংযোজনাও দুষ্ঠ

শ্রীচৈতন্মচরিতামূত

চৈতভের ধ্যান॥ অন্ত দেবা দেবী
কিছু সেবা নাহি করে। গৌরবিনা
কক্ষনাম মুখে না উচ্চারে॥ 'কবিকর্ণপূর' নামে তাঁর পুত্র হইল। কৃষ্ণসেবা নিজ্ঞ গৃহে প্রকাশ করিল॥
ঠাকরের নাম রাখিলেন ক্রম্বরায়।

অতিভাগ্যবান। সর্বকাল কায়মনে

শিবানন্দ সেন আসি দেখিল তাঁহায়॥
দেখি শিবানন্দ অতি ক্রোধাবিষ্ট হৈলা। কর্ণপূর নিজপুত্রে ভর্ণসিতে

লাগিলা॥ অরে মৃচ্! কতকাল করিয়া মার্জন। কালবর্থ ঘুচাইয়া কৈল গৌরবর্ণ॥ আরবার সেই কাল আনিলি মন্দিরে! শিবানন্দ-প্রেম-

শ্রী**চৈতগ্যচরিত মহাকাব্য**বিবিধ্**চন্দোব্য** বিশটি সর্গে ১৯১১

কথা কে বুঝিতে পারে ?'

শ্লোকে শ্রীকবিকর্ণপুর গোস্বামিপাদ
এই মহাকাব্যের রচনা করিয়াছেন।
শ্রীমন্মহাপ্রভুর অন্তর্ধানের ৯ বৎসর
পরে অর্থাৎ ১৪৬৪ শাকে এই
গ্রন্থরচনা সমাপ্ত হয়। 'আশৈশব
প্রভু-চরিত্রবিলাসবিজ্ঞ' মুরারিগুপ্ত
বিরচিত করচার অবলম্বনেই কবিকর্ণপুর এই গ্রন্থের ত্রয়োদশ সর্গ
পর্যন্ত রচনা করিয়াছেন (২০।৪২,
৪৩) এবং গ্রন্থনেযে ক্রতজ্ঞতাও
শ্রীকার করিয়াছেন। এই মহা-

প্রথম সর্গে—বন্দনা, দৈজোজি
এবং শ্রীগোরাঙ্গান্তর্ধানে ভক্তগণের
অকন্তন বিরহবর্ণনা। দিতীয়ে—
নবদীপনগরী, শ্রীবাস পণ্ডিত,
শ্রীজগরাধমিশ্রের পরিণয়, গর্ভ,
শ্রীচৈতন্ত্রজনা, বাল্যলীলা, বিভালাভ.

কাব্যের নায়ক-মহত্তম গুণনিধি

ধীরোদাত শ্রীগোরচল।

মাতার প্রতি হরিবাসরদিনে ভোজন-নিষেধ—শ্রীমিশ্রপুরন্সরের অন্তর্ধান। তৃতীয়ে——কক্ষীপ্রিয়ার দর্শনে

স্বাভিলাব-প্রকটন, বিবাহ, লক্ষ্মী-বিজ্ঞারে শচীর বিলাপ, পুনরায় বিষ্ণুপ্রিয়া - পরিণয়াদি। চতুর্থে— অধ্যাপনা, গয়াযাত্রা, গৃহাগমনাদি। পঞ্চমে--প্রেমচেষ্টা ও নবদ্বীপ-বিহার।

যঠে—নামহিমা-প্রচার, নিত্যানন্ধ-মিলন, মুরারিমুথে গ্রীরামাষ্টক-শ্রবণাদি, বড়্ডুজমূর্ত্তি-প্রকটন। সপ্রমে—স্বপ্নে শ্রীকৃষ্ণদর্শন, নিত্যা-নন্দাদি-মিলন,ভক্তিশিক্ষা-বিস্তারাদি।

ত্রপ্রম—প্রীবাস-বিদ্বেষী বান্ধণের

প্রতি ক্রোধ, প্রীকৃষ্ণভাব-প্রকটন.

वृक्षावन-व्यवनापि । नवरम- वृक्षावरन

গোপীসহিত শ্রীকৃষ্ণবিলাসাদির
স্মরণ। দশমে—গোপীদের প্রেমচেষ্টাদির আস্বাদন। একাদশে—
শ্রীরাধাকৃষ্ণ-বিলাসাদি স্মরণ করত
তদ্ভাবে বিহার—সন্ন্যাসলীলা—

শচীহন্তে ভোজন—নীলাচলযাত্রা,

কটকে শ্রীবিগ্রহদর্শনাদি। দ্বাদশে

—সার্বভৌম-গৃহে গমন ও বিচার—

সার্বভৌমের পরিবর্ত্তন-সম্পাদন,
রামানন্দ-বিবরণ, ক্র্যক্ষেত্রে গমন

—দাক্ষিণাত্য-ভ্রমণ। ত্রয়োদশে—

ত্রিমল্লাদি-ভীর্থদর্শন, রামভক্তমিলন—

গোদাবরীতটে রামানন্দ-মিলন ও
ভক্তিপ্রসঙ্গাদি, নীলাচলে আগমন,
ভক্তমেলনাদি। চতুর্দিশে—সার্বভৌমের কাশীযাত্রা, ভক্তগণের
নীলাচলগমন, স্থানযাত্রা। পঞ্চদশে
—বুন্ধাবনলীলা-স্বরণে প্রভুর বিরহ,

গুণ্ডিচামার্জন, রথযাতাৰিহার।

ষোড়শে—গুণ্ডিচামন্দিরে নৃত্য-কীর্ত্তনাদি। সপ্তদশে—নৃত্যাস্থে

ন্নানভোজনাদি, পুরুষোত্তম-বিহার, উপবন-বিলাসাদি। অষ্ট্রাদশে— নব্রক্তসরোবরে জলক্রীড়া, দ্বাদশ-যাত্রাদর্শন, মকর্যাত্রায় গোপবেশ-

ধারণ—দোলযাত্রাবিলাসাদি। উনবিংশে—বুক্ষাবনে গমনাগমন, প্রেমবিহবলাদি, ভক্তমিলনাদি। বিংশে
—গৌড়মগুলে আগমন, রাঘবপগুতাশ্রমে, শ্রীবাসগৃহে, শাস্তিপ্রে;
শর্চীদেবীমিলন, নবদ্বীপের পারে
(কুলিয়া) গ্রামে আগমন ও পাঁচ
ছয় দিন অবস্থান, পুনরায় নীলাচলে

-আগমনাদি।

এই গ্রন্থের ভাষা প্রাঞ্জল, প্রসাদগুণযুক্ত ও বছবিধ অলঙ্কারে মণ্ডিত।
উনবিংশ সর্গে চিত্রকবিত্ব অতি
প্রশংসনীয়।

শ্রীচৈত শুচরিতা মৃত শ্রীলক বিরাজ গোস্বামি-বিরচিত শ্রীচৈত শুচরিতা মৃতের পাঠকমাত্রই অবগত আছেন যে এই গ্রন্থে অনগ্রন্থলভ মনস্বিত্ব, অভূতপূর্ব পাণ্ডিত্য ও অবিতীয় কবিত্বশক্তির সহিত একাধারে অ্লগন্তীর দার্শনিকতা, কাব্যরস, অলঙ্কার, ইতিহাস প্রভৃতি সহজ্ব অ্মধুর ভাবে ও অ্লপষ্ট ভাষায়

অপ্রাক্বত মহাকবি তিন অমৃত পরিবেষণ করিয়া চিরত্ষিত মানব-সমাজে অক্ষয় কীর্ত্তি রাখিয়া গিয়াছেন। শ্রীগোবিন্দলীলামৃত ও

সম্বন্ধ

শ্রীক্লম্বর্নামূতের

পরিবেষিত ছইয়া সকলকে আনন্দ

ও বিশায়রশে আপ্লুত করে। এই

আলোচনা ছইয়াছে। এক্ষণে **ব্রী**চৈতগুচরিতামতের যৎকিঞ্চিৎ প্রবত হইতেছি ৷ আলোচনায় শ্রীচৈতন্ত-প্রবর্ত্তিত গোডীয় বৈষ্ণব-ধর্মের নৈতিক, তাত্ত্বিক, দার্শনিক এবং আধ্যাত্মিক সকল বিষয়েরই স্থুল ও স্থা মর্ম প্রীচৈতগুচরিতামতে আশেষ দক্ষতা ও প্রম বস্ক্রতার স্ঠিত সরল ভাবে বর্ণিত হইয়াছে। ঠীকবিরাজ গোস্বামিপাদের হল্ডে ষোড্রশ শতাকীর বাঙ্গালায় যে কার্য অবলীলাক্রমে সাধিত হইয়াছে— ছাহা বর্ত্তমান শতান্দীর উন্নততর ভাষাতেও সবলতবক্রপে ব্যাখ্যাত ছইতে পারেনা। অযথা কথা না বাডাইয়া সংক্ষেপ করিয়া—অথচ ক্বিত্বের সহিত তথ্য ও তত্ত্বব্যাখ্যান-কার্যে শ্রীকৃঞ্চাস যে সফলতা লাভ ক্রিয়াছেন—তাহা শুধু প্রাচীন সাহিত্যের ক্ষেত্রে নহে, বাঙ্গালা সাহিত্যের আবহমান ভাষা ও ইতিহাসের বক্ষে জয়স্তজ্ঞরূপে চির-কাল ৰিরাজ করিবে।

শ্রীচরিতামুতের উপাদান—বেদ, উপনিষদ, পুরাণ, পঞ্জাতাদি এবং প্রীগোস্বামিগণ-রচিত গ্রন্থাদি ব্যতীত তিনি মুখ্যতঃ (১) শ্রীম্বরূপদামোদরের কড়চা, (২) শ্রীমুরারিগুপ্তের কড়চা এবং (৩) প্রীরুন্ধাবনদাস ঠাকুরের শ্রীচৈতন্তভাগবত অবলম্বন করিয়া-ছেন বলিয়া স্বয়ংই (চৈ° চ° আদি ১৩।৪৬—৫০) স্বীকার করিয়াছেন। গোস্বামিগ্রন্থমধ্যেও আবার শ্রীরূপ-গোস্বামিপাদের লঘুভাগবতামৃত, **७** ज्ज्जनी नगि. **শ্রীকবিকর্ণপুরের ঐা**চৈতগুচরিত মহাকাব্য

শ্রীচৈতগুচন্দ্রোদয় প্রভৃতি হইতেও যে তিনি গাহায্য লইয়াছেন, তাহাও প্রাক্টৈতন্তমুগে স্বীকার্য। বঙ্গ-ভাষায় রচিত এক্লিফবিজয় গ্রন্থের নামতঃ উল্লেখ করিয়াছেন বটে. কিন্তু মুখ্যভাবে 'শ্রীবুন্দাবন দাসের উচ্ছিষ্ট চর্বণ' করা ব্যতীত অর্থাৎ শ্রীচৈত্তর ভাগবতের অনুসর্ণ ব্যতিরেকে অন্ত কোনও বাংলা গ্রন্থের নামকরণও করেন নাই। বস্ততঃ প্রীচৈত্যভাগ্রত প্রীচৈত্য-লীলার পূর্বার্দ্ধ এবং প্রীচরিতামৃত তাহার উত্তরার্দ্ধ বলিলেও অত্যুক্তি হয় না। শ্রীবৃন্ধাবন দাস ঠাকুর শ্রীগোরাঙ্গ অবতারকে স্বপ্রতিষ্ঠিত অর্থাৎ তাৎকালীন বহিমুখ সমাজে 'नाताश्व', 'देवकूर्शविलानी', 'मूकून्स', 'লক্ষীকান্ত'. 'সীতাকান্ত' দিয়া এবং মাবে মাঝে 'গোকুলনাথ' ['এই গৌরচন্দ্র যবে क्रिना (शांकूल') 'वनमानी' ७ 'কৃষ্ণ' ইত্যাদিরূপে বর্ণনা করিয়া শ্রীগোরাঙ্গ যে আরাধ্য ঈশতত্ত-তাহাই সপ্রমাণ করিতে প্রয়াদ পাইয়াছেন। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু এই ভিত্তিকে স্থদূঢ়তর করিবার জন্ম দার্শনিক প্রণালীর অবলম্বনে 'ন চৈত্ত্যাৎ কুফাৎ জগতি পরতব্বং পরমিহ' 'রাধাকুফত্যুতি-স্থবলিতং নৌমি ক্লফ্ষক্লপং' 'নৰুপ্ৰত বলি যাৱে ভাগৰতে গাই। সেই ক্ষা অবতীর্ণ চৈত্য গোসাঞি।' (১)২।৯) এবং 'চৈতক্ত গোসাঞির এই তত্ত্বনিরূপণ। স্বয়ং ভগবান্ ()|2|>20) কুষ্ণ ব্ৰজেন্দ্ৰনন্দ্ৰ॥' ইত্যাদি পরিভাষারূপে প্রথমেই

পাঠ করত 'শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদুশো বানৱৈবাম্বাভো' ইত্যাদি শ্লোকে অবতারের মুখ্য কারণ নির্দেশ-পূর্বক বিজাতীয়ভাবে অর্থাৎ প্রেমের বিষয় হইয়া আশ্রয়জাতীয় রসাম্বাদনে অসামর্থ্যহেত 'রাধাভাব অঙ্গীকরি ধরি তার বর্ণ। তিন ত্বখ আস্বাদিতে হন অবতীর্ণ॥' (চৈচ ১।৪।২৬৮) ইত্যাদি প্রমাণ-প্রয়োগ পুরঃসর স্থবিচারে স্থমীমাংসিত ক রিয়া শ্রীচৈতত্তের মনোহভীষ্ট বস্তুটি অশেষ वित्मत्य जात्नाहना, जाशाहन छ অমুশীলন করিয়াছেন। শ্রীগোরাঙ্গের স্থগন্তীর গণ্ডীরালীলায় যে প্রেম-রত্মাকর উদ্বেলিত হইয়া নীলাচলকে ব্যাপ্লত করত দশদিকে প্রস্তৃত হইতেছিল—'শ্রীকৃঞ্জীলামৃত সার. তার শত শত ধার, দশ দিকে বছে যাঁহা হইতে', (২া২৫া২৬৪) 'সেই অক্ষয়-সর্বোবর' শ্ৰীচৈতগুলীলা-তরঙ্গের একবিন্দুলেশ মাদৃশ ত্রিতাপ-তাপিত কলিকলুষহত জীবাধমকেও স্পর্শ করাইবার জন্ম ইহভব-রোগ-কাঁদিয়াছিল; তজ্জগুই তিনি মুক্ত-কঠে গাহিয়াছেন—শ্রুয়তাং শ্রুয়তাং গীয়তাং মুদা। গীয়তাং চিন্ত্যতাং চিন্তাতাং ভক্তাৈ চৈত্য-চরিতামূতম॥ (৩/১২/১)

তারতামূত্র্ম। (তাহাঃ)

এবং—হৈতন্তচরিত শুন শ্রদ্ধা-ভক্তি
করি। মাৎসর্য ছাড়িয়া মুখে বল হরি
হরি। এই কলিকালে আর নাহি
কোন ধর্ম। বৈশুব, বৈশুব শাস্ত্র—এই
কহে মর্ম (হৈচ মধ্য ৯০৬১—৩৬২)।
বস্তুতঃ শ্রীকবিরাজ গোস্বামিপ্রভু
কলিমুগপাবনাবতারী শ্রীশ্রীগোর-

হরির এই 'অনপিতচরী উন্নতো-জ্জলরসময়ী অহৈতুকী' ভক্তির উদ্দেশ না দিলে কেহই তাহার সন্ধান পাইত না। এক কথায় বলিতে গেলে বড়্গোস্বামি-কর্ত্তক অমুশীলিত ও আস্বাদিত রুস্পিন্ধ ও তত্ত্বসিন্ধু মন্থন করত তত্ত্রতা অমৃতনির্যাস শ্রীপাদকবিরাজ গোস্বামী শ্রদ্ধাল জীবনিচয়কে পরিবেষণ পূর্বক তাহাদিগকে অমরত্ব লাভ করিবার অসমানোধর উদারতার পরিচয় দিয়াছেন। <u>শ্রীকবিরাজ</u> শ্রীগোরাজ-শ্রীরাধা-গোন্ধামির ভাবাঢ্য--- শ্রীকৃষ্ণ বিসরাজ মহাভাব ছই একরপ'ী পক্ষান্তরে, শ্রীল বুন্দাবন ঠাকুরের ইঙ্গিতে উক্ত— 'কামলীলা করিতে যথন ইচ্ছা হয়। লক্ষাবুদি বনিত! সে করেন বিজয়' (আদি ১২।২৩৭) বাক্যে ভগবৎ-স্বরূপের চিরস্তন স্বভাবটি অভিবাক্ত করিয়াছেন—অথচ শ্রীমদ্ভাগবতোক্ত 'খ্যেয়ং সদা পরিভবঘ্নং' ইত্যাদি শোকের 'পরিভবদ্ন' পদের 'ইন্দ্রিয়-কুটুম্বাদি - জনিত - তিরস্কার-রহিতত্ব' প্রদর্শনের জন্ম 'গৌরাঙ্গ নাগর হেন স্তব নাহি বোলে' (চৈভা আদি ১৫।৩০) এবং 'যন্তপি স্কল স্তব সম্ভবে তাহানে' ইত্যাদি বাক্যে প্রচন্ন শ্রীগোরে নাগরত্ব নিষেধপূর্বক যে রসরাজ গৌরাঙ্গের উট্টন্ধন করা হইয়াছে—তাহারই পরিবেষণ গ্রীললোচন হইয়াছে দাসের ধামালীতে ও শ্রীচৈতন্তমঙ্গলে। গ্রীবৃন্দাবন দাসের গ্রীগোরাঙ্গে কেবল ভগবত্তত্ত্বই পরিক্ষৃট হইয়াছে— ত্রীকবিরাজের শ্রীগোরাঙ্গে মহা-

ভাবাচ্যত্ব প্রদর্শিত হইয়াছে এবং শ্রীলোচন ঠাকুরের **শ্রীগোরাঙ্গে** নাগরীদের চক্ষতে প্রতীয়মান রসরাজত্ব পরিব্যক্ত হইয়াছে ; ত্মতরাং নিরপেক্ষ সাধকগণ একই স্বয়ংভগবানের ব্রহ্ম-আত্ম-ভগবদ্রপ পরিক্ষ্রিত <u>ত্রিতত্তে</u> স্বরূপবৎ স্বস্বরুচি-অমুসারে শ্রীগোরাকের স্বরূপত্রয়ের যে কোনও স্বরূপে মজিতে পারেন, ডুবিতে পারেন। আমার ব্যক্তিগত মতে কিন্তু অথগু গ্রীগোরতম্ব—তিন মহাজনেরই শ্রীগ্রন্থে শ্রোতব্য, মন্তব্য ও নিদিধ্যা-নাগরীদের উক্তিসমূহ সিতব্য । ভাববিতর্ক-মূলক বলিলে কোনও আপত্তি থাকিতে পারে না। বস্তুতঃ এই জাতীয় মিলন ভাবদেহেই সম্ভবপুর, কদাচ রক্তমাংসের দেহে নহে। পদামৃতসমুদ্রের ২৭ সংখ্যক গীতের টীকায় শ্রীরাধামোহন ঠাকুর গিয়া মহাভাবাঢ্যত্ব রাখিতে শ্রীগোরের নাগরালি-সম্বন্ধে আশস্কা তুলিতেছেন—কলিযুগপাবনাবতার প্রীগোরাঞ্চ কলিকল্মযক্রিষ্ট নিথিল নরনারীর সংসার-নিদান শুঙ্গারাদি-অনর্থ-নিবৃত্তি পূর্বক কেবল প্রেম-বিতরণার্থেই প্রকটিত হইয়াছেন নবন্তীপধামে তৎকালে প্রাত্বভূতি নায়িকাদের প্রতি পর-নারী-পরপুরুষগত শৃঙ্গার-হুচক নানা প্রকারে কটাক্ষাদি-ধৃষ্টতা কিরুপে উত্তর দিতেছেন— স্ভাব হয় ? পূৰ্বাবতাৱে ইনিই বিষয়াবলম্বন এই জ্ঞানে ছিলেন ; তাঁহারই আশ্রয়ালম্বনভাবময়ী কোনও নবদ্বীপ

নাগরী শ্রীগৌরাঙ্গরত কটাক্ষাদিকে

প্রতি অভিযোগ-প্রকাশ নিজেব মনে করিয়া নিজ স্থীকে স্বলাল্সা জানাইতেছেন। বস্তুত: শ্রীগৌরের সর্বত্র শ্রীকৃষ্ণক্যুত্তিবশতঃ শ্ৰীকৃষ্ণ-প্রেমেই কটাক্ষাদির উদ্ভব এই অবতারে *যেহেতৃ* মুখ্যত: আশ্রয়ালম্বনেরই ভাবাধিক্য বর্ত্তমান : কাজেই তাঁহার কটাক্ষাদি নহে; পক্ষান্তরে নদীয়া-নাগরীদেরও শ্রীগোরের আশ্রয়ালম্বনত্ব-বিষয়ে অজ্ঞানও দোষাবহ নহে, কিন্ত স্বভাব-ব্যত্যয়ের অভাবে তাহাকে গুণই বলিতে হয়। শ্রীল বুন্দাবন দাস ঠাকুরের শ্রীচৈতগ্রভাগৰত পাঠ করিয়া শ্রদ্ধালু বক্তা ও শ্রোতা 'শ্রীনিবাসেশ্বর' শ্রীগোরত্বন্দরের দর্শন পাইতে পারেন; শ্রীলোচন দাসের শ্রীচৈতন্ত-মঙ্গল পাঠ করিয়া কেহ কেহ (বিরলপ্রচার) খণ্ডবাসীর হৃদয়বল্লভ **এ**গৌরহরিকে উপলব্ধি করেন; শ্রীমুরারি গুপ্তের শ্রীকৃষ্ণচৈতক্সচরিত পাঠ করিয়া বিশুদ্ধবিক্রম প্রমেশ্বর শ্রীক্লফটেডগ্র-রামের আস্বাদন করেন; প্রীকবিকর্ণপুরের নাটক ও মহাকাব্যাদি পাঠ করিয়া **এটিচতগুচন্দ্রের এশিবানন্দেশ্বর** প্রীচরণকমল-মধুপানে লুব্ধ হন; প্রীল প্রবোধানন্দ সরস্বতীর প্রীচৈতন্ত-চক্রামৃত পাঠ করিয়া শ্রদালু জীব শ্রীগৌরপাদপদ্মে একাস্ত নিষ্ঠা লাভ শ্রীল কবিরাজ কিন্ত গোস্বামি-প্রভুর শ্রীচৈতক্সচরিতামৃত পাঠ করিয়া অতিশয় অ্তুর্লভ স্ক্রুতি-

ব্যক্তি এত্রীস্বরূপ-রামরায়-

স্নাতন - শ্রীহরিদাস-শ্রীরূপ-র্ঘুনাথ-

গদাধরের প্রাণকোটি-অমুরাগ-প্রদীপের শিখায় নির্মস্থিত নীলাচল-বিভূষণ মহাভাব-(রসরাজ)-মূর্তি শ্রীগোরহরির শ্রীপাদপ্রসেবায় লুক হুইতে পারেন। (গৌড়ীয় ২৪।৫০)

গ্রন্থের বিভাগ ও বিবরণ— গ্রন্থানি তিন ভাগে বিভক্ত-আদি. ৰধা ও অন্তালীলা। আদিলীলায় ১৭, মধ্যে ২৫ এবং অন্ত্যুলীলায় ২০টি ্লোক-সংখ্যা— পরিচ্ছেদ। কবিরাজ গোস্বামিকত ৯৭+উদ্ধত শ্লোক ৯১৫=মোট ১০১২। প্রার-गःशा जामि २०५३ + यश ६७१৮ + ৩০৩৬ = মোট >0600: অন্ত্য শ্লোক ও প্রার-সংখ্যা সর্বমোট ১১৫১৫।] তিন লীলায় বিভিন্ন পরিচ্ছেদের অমুবাদ যথাক্রমে ১৭শ. ২৫শ ও ২০শ পরিচ্ছেদে লিখিত হইয়াছে ৷ তম্বাতীত মধালীলার প্রথম পরিচেইদে নীলাচল-লীলার ধারাবাহিক অমুবাদ লিখিতে গিয়া মধ্য ও অন্তা লীলার একটি সংক্ষেপ বিব্রতি দেওয়া হইয়াছে।

আদিলীলার প্রথম পরিচ্ছেদে **ঐাচৈতন্মাবতারের** সাধারণ তত্ত, দিতীয়ে বিশেষ ততীয়ে তত্ত্ত. অবতারের বাহ্য উদ্দেশ্য. চতুৰ্থে অন্তরঙ্গ হেড়: পঞ্চমে শ্রীনিত্যানন্দ-তত্ত্ব, ষষ্ঠে শ্রীঅদ্বৈত-তত্ত্ব স্থচিত হইয়াছে ৷ পঞ্চত্তের **সপ্ত**মে আখ্যান, অষ্টমে গ্রন্থের উপক্রমণিকা ও গ্রন্থকারের পরিচয়, নবমে এটিচতগ্র-মালাকারের প্রেমফলদানের ওদার্য-প্রদর্শন, দশম হইতে দাদশ পর্যন্ত শ্রীগোরের নিজ শাখা, নিত্যানন্দ, অবৈত ও গ্লাধ্রের শাখাসমূহের ছুলত: তালিকা। এই পর্যন্ত পরিচ্ছেদগুলিকে 'উপোদ্ঘাত' বলা চলে। ত্রয়াদশে জন্মলীলা, চতুর্দশে বাল্যলীলা, পঞ্চদশে পৌগগুলীলা, ষোড্দেশ কিশোরলীলা এবং সপ্তদশে যৌবনলীলার ঘটনাবলী ও গ্রন্থান্থবাদ লিখিত হইয়াছে।

মধালীলার প্রথম পরিচ্ছেদে শীরূপসনাতনের বুত্তান্ত, মধ্য ও অন্ত্য লীলার স্ত্র. দ্বিতীয়ে শেষ দ্বাদশ वर्षत नौनावनीत मः किश्र छ एक्ष ; তৃতীয়ে সন্ন্যাসের পরবর্তী ঘটনা, রাচুদেশে ভ্রমণ, অবৈতগ্যহে আগমন চতুর্থে ও পঞ্মে ইত্যাদি। नीनाठनभरथ (त्रभूना, याष्ट्रभूत, कठेक, সাকীগোপাল ও ভুবনেশ্বরাদি আখ্যায়িকা. দণ্ডভঙ্গ-লীলাদি: ষষ্ঠে নীলাচলে আগমন ও সার্বভৌম-মিলন, সপ্তমে দক্ষিণ-যাত্রা, অষ্টমে শ্রীরামানন্দের সহিত মিলন, নবমে দাক্ষিণাত্য-ভ্ৰমণ, দশমে ও একাদশে পুরীতে প্রত্যাগমন ও ভক্তসমিলন; দাদশে, ত্রোদশে ও চতুর্বশে নীলাচলে অবস্থান, জগনাথ-দেবের গুণ্ডিচামার্জন, রথযাত্রা. হেরাপঞ্মী প্রভৃতির বর্ণনা ; পঞ্চদশে ভক্তবিদায়: ষোড়শে বৃন্দাবনযাত্রা ও কানাইর নাটশালা হইতে পুনঃ প্রত্যাবর্ত্তন; সপ্তদশে বনপথে পুন: বুন্দাবনযাত্রা, অপ্তাদশে বুন্দাবনে ভ্রমণ, উনবিংশে প্রয়াগে শ্রীরূপ-শিক্ষা এবং (বিংশ হইতে পঞ্চবিংশ কাশীতে স্নাত্ন-শিক্ষার প্রসঙ্গে) বিংশে ও একবিংশে সম্বন্ধ-তত্ত্ব-নিরূপণ, দাবিংশে অভিধেয়তত্ত্ব, ত্রয়োবিংশে প্রয়োজনতত্ত্ব, চতুর্বিংশে 'আত্মারাম' শোকের ৬১ প্রকার ব্যাখ্যা এবং পঞ্চবিংশে মায়াবাদি-গণের উদ্ধার ও বৈক্ষব-শ্বতির উদ্দেশাদি বর্ণিত হইয়াছে। গ্রন্থায়বাদ—

অন্তালীলায় প্রথম পরিচ্ছেদে — শ্রীরূপের সহিত দ্বিতীয় মিলন এবং কাব্যামূত-আস্থাদন ও সেন শিবানন্দের কুকুরের আখ্যান। দ্বিতীয়ে —ছোট হরিদাদের বর্জন। তৃতীয়ে — এইরিদাস ঠাকুরের মহিমা, নাম-মহিমা ও দামোদরের বাকাদও। চতর্থে—সনাতনের সহিত পুন্মিলন; পঞ্চম —রামানন্দমুথে প্রছায়মিশ্রের কুঞ্চকথা-শ্রবণ, বঙ্গকবির নাটক-পরীক্ষা। বর্ষে দাসগোস্থামির প্রসঙ্গ ও চিঁড়া মহোৎসব। সপ্তমে বল্লভ-ভট্ট-মিলন। অষ্টমে রামচন্দ্রপুরীর কটাক্ষে ভিক্ষা-সঙ্কোচন। গোপীনাথ পট্রনায়কের উদ্ধার। দশমে রাঘবের ঝালি। একাদশে শ্রীহরিদাস-ঠাকুরের নির্যাণ-মহোৎসব। দ্বাদশে জগদানকের প্রেমবিবর্ত্ত, ত্রয়োদশে বুন্দাবন্যাত্রা, প্রভু-জগদানন্দের কর্ম্বক দেবদাসীর গীত-শ্রবণ ও রঘুনাথ ভট্টসহ মিলন। চতুর্দশ ও **शक्षमत्म** मिरगांगाम, অন্তর্দশায় বুন্দাবনদর্শন ও কৃষ্ণাবেষণ। বোড়শে বৈষ্ণবোচ্ছিষ্ট-প্রাসঙ্গ, **কালিদাসে**র শিশুচরিত কবিকর্ণপুরের এবং সপ্তদশে ফেলালব-মাহাত্ম। তেলেঙ্গাগাভীর মধ্যে পতনাদি। অষ্টাদশে সমুদ্রে পতন। উনবিংশে বিরহ-প্রলাপ, মুখঘর্ষণাদি এবং বিংশে শিক্ষান্তক-আত্মাদন ও গ্রন্থায়বাদ। গ্রীকবিরাজ গোস্বামির দৈছে।জি

পড়িয়া তাঁহার আন্তরিকতা, অটুট বিশ্বাস ও অটলা ভক্তির অমুসন্ধান পাওয়া যায়। বুহদ্ভাগৰতামূতের 'দীনতাই ভক্তি-জননী' এই উক্তির যাথার্য্য ইঁহারই জীবনে প্রক্ষুটিত হইয়াছে দেখা যায়। করিয়াছেন, পাঠ **এটি বিতামত** তাঁহাদের এই যুক্তিযুক্ত ও বাস্তবিক ধারণা হয় যে এই গ্রন্থরত্ব ভক্তিরস্-পিপাত্ম ব্যক্তিমাত্রেরই উপাদের ও আস্বান্ত। ইহা এরপণাদের নিখিল রুশমর গ্রন্থাবলির স্থধাময় প্রবাহে পরিষিক্ত। শ্রীরূপপাদের গ্রন্থরত্নাকরে य मकन चम्ना निवि निहिज পাছে. কবিরাজ গোস্বামী তাহা এই চরিতায়তকে **সংগ্ৰ**হ করত ক্রিয়াছেন। **গ্**যলম্বত কবিরাজ গোস্বামী একাধারে খাঁটি জহরীর স্থায় গ্রন্থদাগরের অতলতলে ডুবিয়া লুকা য়িত রত্বাবলি সংগ্ৰহ করিয়াছেনই, তত্বপরি নিজের লোকাতীত ভক্তির অমুভব—তাঁহার সেই সিদ্ধাবস্থার বিশুদ্ধ ভক্তির অমিয় প্রবাহও প্রীচরিতামৃতের পত্রে পত্রে অভিব্যক্ত করিয়াছেন। চরিতামৃত গোস্বামিদের উপদেশরত্বের ভাণ্ডার—বাঁহারা সংক্ষেপতঃ গোস্বামিশাস্ত্রের মর্ম জানিতে ইচ্ছুক, তাঁহারা চরিতামৃত পাঠ করিলেই ভাহার আভাগ পাইবেন।

Madras Govt. Oriental Mss. Libraryতে ঐতিচত্যচরিতামূতের একটি শংস্কৃত টীকার পুঁথি পাওয়া গিয়াছে। (R. No 3013) ইহার রচয়িতার নাম বোধ হয় নিত্যানক অধিকারী (৭) এবং টীকার নাম- 'গৌরভক্তবিনোদিনী' (৬)। শ্লোক। বলির টীকাই কেবল ইহাতে বিজ্ঞমান। প্রারক্ত:-

মন্দারমাত্মাজ্যি সরোজভাজাং মন্দার रशन्तर्यविनिन्तरकार्धम । वृक्ताम्रटेकर्वन्तर-পদারবিন্দং বুন্দাবনেশং প্রপত্তে॥১॥ নিজপ্রভা-নিজিত-পুষ্পকৈতুং পাষণ্ড-বিধ্বংসন-ধূমকৈতুম। বন্দে স্বভক্তপ্রপদামুসেতুং চৈতগ্রচক্রং ভবমোক্ষহেতুম্ ॥ ২ ॥ পুৰুষোত্তম-দেবাথ্য - বস্থধাধিপতেগুরোঃ। আজয়া সন্মতা নায়া গৌরভক্ত-বিনোদিনী ॥ ৬ ॥ সেয়ং চৈতপ্রচরিতা-মৃত-টীকা ময়া মুদা। বিচার্য ক্রিয়তে

নিতাং নিত্যাননাধিকারিণা॥ ৭॥

আদিলীলা প্রথম পরিচ্ছেদ ব্যতীত প্রতি পরিচ্ছেদের উপসংহারে প্রায় একই দ্বাপ শ্লোক দেখা যায়--্যথা ইতি প্রীকৃষ্ণচৈতক্তরিতামত-বর্ণনে। পরিচ্ছেদে দিতীয়েহন্মিন ভগবন্তন্ত্র-নির্ণয়:॥ অন্ত এক চীকা-রাধা-কুণ্ডবাসী জগমোহন দাস-কত। প্রেমবিলাসে (২৪) ১৫০৩ শকে. কোনওমতে ১৫৩৭ (অন্ত মতে ১৫৩৪) শকাকায় ভৈয়ন্ত মাসের কৃষ্ণাপঞ্চমী তিথিতে এই গ্রন্থ-সমাপ্তি হয়।

শ্রীচৈতগুচরিতামূতের টীকা (অসম্পূর্ণা)

প্রতিশ্বনাথ চক্রবন্থি-পাদের নামে আরোপিত; কলিকাতা হইতে রাধাবাজার শ্রীমাখনলাল দাস-কর্ত্তক প্রকাশিত। ইহাতে মঙ্গলাচরণ বা অধ্যায়-বক্তব্য ও শেষে উপসংহার বা পুষ্পিকাবাক্য কিছুই নাই। ঐবিশ্বনাথের ভাব ও ভাষার সহিত যাঁহাদের স্বল্প পরিচয় আছে, তাঁহারাই একবাক্যে স্বীকার

পাদের হইতে পারে না। ব্ৰজভাষায় অনুবাদ---- শ্ৰীম্বৰ-শ্রাম-ক্বত। কুস্থমসরোবর-বাগী গ্রীকৃঞ্চদাসজি মধ্যলীলা পর্যন্ত প্রকাশ করিয়াছেন।

কবিবেন যে ঐ টীকাটী চক্রবর্ত্তি-

শ্রীচৈতগুচরিতামূতের সংস্কৃত অনুবাদ (India Office Library, Mackenzie Collection, No. I. 21) অজ্ঞাতনামধামা কবির রচন। ১৮২৫ খুঃ ইহা সংগৃহীত হয়। তালপাতার পুঁথি শলাকাবিদ্ধ নাগরীলেখা—সম্ভবতঃ উডিয়াবাসী রচনা ী কাহারও মধ্যলীলা সপ্তদশ পরিচ্ছেদ পর্যন্ত পাওয়া গিয়াছে। আরুজে——শ্রীমৎক্রফ-পদারবিন্দ-

যুগলং বন্দামহে গোপিকা,-বন্দোজা-স্তরচারি যশুনিমনোরোলম্বলোভ্যা-স্পদম। ধ্যাতং যোগিভিরীশপদ্ধ-মুবৈধর্দেবৈশ্চ সংসেবিতং, তত্তমোলিগ-রত্বকোটিনিবহৈনিনিক্তমালোহিতম ॥১ গ্রীকৃষ্ণদাস্চরণৈনিজদেশবাণ্যা চৈতক্ত-দেবচরিতমভ্যধান্তি। যত্তম্ভ কেবলমহং রচয়ামি দেব,-বাণ্যা স্মবোধ-রচনং थन कातिरकोषम्॥ >०॥ ছर्राधा বা স্থবোধা বা নিন্দন্ত চ হসন্ত বা। প্রশংসম্বর্থবা কেচিন্ন হর্ষো নাস্তি বিশায়ঃ ॥ ১৩ ॥

তৎপরে শ্রীগ্রন্থকারের মঙ্গলাচরণ-পত্তাদিক্রমে--

लाशीनाथक लाविकछथा यहन-মোহনঃ। গৌড়ীয়ানাত্মসাদেতে ত্রয়ঃ কুত্বা মমেশ্বরাঃ॥ ৩১

অমুষ্ট্প ছব্দই প্রায়শঃ ব্যবহৃত হইয়াছে, কদাচিৎ উপসংহারাদিতে

অগ্ৰ ছন্দও দেখা যায়।

চৈতন্য-প্রাত্মর্ভাব—(ঢাকা বিশ্ব-বিচ্চালয়ের পুঁথি ৩৮৩৪) ইহা অগ্নি-শংহিতার অন্তর্গত চতুর্বিংশতিত্য উল্লাস । ধর্মবঞ্চক পাপিগণের পাদপ্রহারে পীডিতা ধরণী বন্ধার নিকটে গিয়া নিবেদন করিলেন-ব্রহ্মা শ্রীক্ষকে জানাইলে তিনি বলিলেন —'দিবিজা ভবি জায়ধ্বং জায়ধ্বং ভক্তরপিণঃ। কলৌ সংকীর্ত্তনারছে শচীম্বত: ॥ अर्नही-ভবিষ্যামি তীবমাস্থায় নবদীপে দ্বিজালয়ে। তত্ত্ৰ দিজকলপ্রাপ্তে জনিয়ামি শচীগ্রহে॥ কুষ্ণচৈত্যু-**সন্ন্যাসরূপ**মাশ্রিত্য নামধক॥ ইত্যাদি

ত্রীচৈতগুভাগবড>— শ্রীপ্রীগৌরত্বন্দর ও তাঁহার পার্যদগণের পর্মপুত লীলাকথায় মুখরিত শ্রীশ্রীব্যাসাবতার শ্রীমদ বুন্দাবনদাস ঠাকুর মহাশয়ের **এ**গৌরচরিত্রের প্রীচৈতগ্রভাগবত আদি মহা-আদিগ্রন্থ—বঙ্গভাষার এই মহাগ্রন্থের প্রতিপত্তে প্রতিছত্তে অলৌকিক মহাশক্তি খেলিয়া বেডাইতেছে। যাঁহারা শ্রদ্ধাবিনম্র অন্তঃকরণে এ গ্রন্থের সেবা, অধ্যয়ন ও অমুশীলন করিয়াছেন—তাঁহারাই এ কথার যাথার্থ্য অমুভব করিতে পারিয়াছেন। এই মহাগ্রন্থের অক্ষরে অক্ষরে প্রেমেরই ভাষা পরিবাক্ত হইয়াছে-এন্থের প্রতিপান্ত দেবতা পরতত্ত্বগীমা প্রম প্রেমময়— শ্ৰীচৈতগ্যদেব। তাঁহার পার্ষদগণও তাঁহাদের লীলা-মাধুরীও প্রেমময়. প্রেমে অহুরঞ্জিত, কবিও একজন মহাপ্রেমি**ক** ব্যাসাবভার, স্বয়ং ম্বতরাং তাঁহার লেখনী হইতে

প্রেমের অক্ষয় অমিয় প্রস্ত্রবণ যে প্রবাহিত হইবে, তাহাতে আর বিচিত্র কি? স্বয়ং কবিরাজ গোস্বামিও এই গ্রন্থের বহু সম্মান দান করত মুক্তকণ্ঠে গাহিয়াছেন—

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ)

ওরে মুচলোক! শুন চৈতগ্রমঙ্গল। চৈতগ্ৰমহিমা যাতে জানিবে স্কল॥ ক্ষণীলা ভাগবতে কহে বেদব্যাস। চৈতগুলীলাতে ব্যাস বুন্দাবন দাস॥ देवन চৈতগ্ৰমঙ্গল। বুন্দাবনদাস বাঁহার শ্রবণে নাশে সর্ব অমজল। চৈতন্ত নিতাইর যাতে জানিয়ে মহিমা। যাতে জানি কুষভক্তি-সিদ্ধান্তের সীমা॥ ভাগবতে লিখিয়াছেন ভক্তিসিদ্ধাস্থের সার। ইইঁ। জানি করিয়া উদ্ধার॥ চৈত্ত্য-মজল শুনে যদি পাষ্থী যবন। মহাবৈফাৰ হয় ততক্ষণ॥ ম হু ধা রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্ত। বুন্দাবন-দাস-মূথে বক্তা প্রীচৈতক্ত॥ [চৈ° চ° আদি ৮০৩০-৩৯]

বস্তুত: প্রেমের নিগৃঢ় মহিমা, ভক্তিতত্তের সমগ্র সংসিদ্ধান্ত মহাগ্রন্থে সরল ও অতিপ্রন্দর ভাবে স্মালোচিত হইয়াছে। এতদভিন্ন **শ্রীচৈতগুভাগবতে**র ক্যায় প্রাচীন ঐতিহাসিক বিরল-প্রচার। গ্রহণ সাড়ে চারিশত বর্ষ পূর্বে স্মাজের বিচিত্র চিত্র এই গ্রন্থে বিচিত্ৰ বৰ্ণেই চিত্ৰিত হইয়াছে। ইছার নাম প্রথমে প্রীচৈত্র্যমঙ্গলই ছিল, কিন্তু ত্রীবুন্দাবনবাসী বৈষ্ণবগণ ইহাকে 'শ্ৰীচৈতগুভাগবত' আখ্যা এই গ্রন্থ শ্রীমদভাগবতের ন্তায় শ্রীবৃন্দাবনে রীতিমত পঠন পার্চন হইত। এীগোবিন্দের সেবাধিকারী শীহরিদাস পণ্ডিত নিত্য পাঠ করাইরা বহু বৈশ্বব সমভিব্যাহারে স্বয়ংও শ্রবণ করিতেন (চৈ° চ° আদি ৮।৬০)। পূজ্যপাদ গ্রন্থকার তাঁহার গ্রন্থের পদে পদে যে অসাধারণ পাণ্ডিত্য, অপূর্ব কবিত্ব ও সর্বত:-প্রসারিণী প্রতিভার পরিচয় দান করিয়াছেন—তাহা বাস্তবিকই মানবীয় সমালোচনার অভীত *।

'প্রীচৈতমূভাগবত——বঙ্গভাষার একখানি শ্রেষ্ঠ ঐতিহাসিক বঙ্গদেশে যে কোন বিষয় লইয়া প্রাচীন ইতিহাস রচনার প্রয়োজন হইবে, 'শ্ৰীচৈতগুভাগৰত' হইতে ন্যুনাধিক পরিমাণে তজ্জা উপকরণ সংগ্রহ করা **আবগুক হইবে। তাৎ-**কালীন বৈষ্ণবদ্বেষী সমাজ-সম্বন্ধেও যে সৰ কথা উল্লিখিত আছে, তাহা কুড়াইয়া লইলে বঙ্গদেশের সামাজিক, রাজদৈতিক ও লৌকিক ইতিহাসের একখানি মৃল্যবান্ পৃষ্ঠা সংগৃহীত হইবে। ভক্তিমান পাঠক বিনয় সহকারে প্রীচৈতক্সভাগবত পুনঃ পুনঃ পাঠ করিলে, নয়নাশ্রর মধ্য দিয়া ইহার এক স্থব্দর রূপ দেখিতে পাইবেন। কঠোর ক্রোধপূর্ণ প্রাচীন রচনার মধ্যে মধ্যে এটিচতগ্রপ্রভুর যে মৃত্তি অঙ্কিত হইয়াছে, তাহার বর্ণক্ষেপ প্রাচীন চিত্রকরের উপযুক্ত: তাহা প্রস্তর মৃত্তির ভাষ স্বায়ী ও ছবির ভায় উজ্জ্বল।' (বঙ্গভাষাও সাহিত্য)।

শ্ৰীচৈতগ্ৰভাগৰত গ্ৰন্থের শেষাংশ-

শ্রীবৃক্ত অতুলকুক গোদামিপাদের
 শ্রীতৈতক্তভাগবতের ভূমিকার ছায়া।

রচনা-কালে শ্রীরুন্ধাবনদাস ঠাকুরের শ্রীমন্নিত্যানন্দ প্রস্থতে আবেশাতিরেক বশত: শ্রীমন মহাপ্রভুর অস্তালীলা পৃত্তি করিতে পারেন নাই। বর্ত্তমান মুদ্রিত সংস্করণসমূহেও শ্রীঅবৈতপুত্র গোপালের নৃত্যাবেশে মুর্চ্ছার প্রাকৃ (যাহা চরিতামৃত মধ্য ১২।১৪৩— >৫० পয়ারে ত্রীবৃন্দাবনদাস বর্ণনা করিয়াছেন বলিয়া উল্লিখিত আছে) কোনও পুঁথিতেই নাই। আমরা শ্রীবৃন্দাবনে এবং কালনা হইতে অম্বিকাচরণ ব্রহ্মচারি-কর্ত্ত ক প্রকাশিত সংস্করণে অতিরিক্ত তিনটি অধাায় ব্দস্থলে দেখিয়াছি, কিন্তু তাহার ভাব-ভাষাদি বলিয়া অন্যপ্রকার নিঃসন্দেহ হইতে পারি নাই। বিশেষতঃ চৈত্যুচরিতামূত আদি অইম পরিচ্ছেদে—'চৈতন্তের শেষ-রহিল অবশেষ'—বলিয়া লীলা কবিরাজ গোস্বামিও এই কথা বলিয়াছেন।

প্রীচৈতগুভাগবত-রচনার সমাপ্তিকাল-সম্বন্ধে নিশ্চয় করিয়া বলা যায়
না। প্রীচৈতগুচরিতামৃত রচনার
অন্ততঃ ১০।১২ বৎসর পূর্বে—একথা
নিশ্চিত, যেহেতু এই গ্রন্থের পঠন
পাঠন ও অন্ধূশীলনাদির ইঙ্গিত
চরিতামৃতে বর্তমান। বর্দ্ধমান জিলার
কাইগ্রামের মুস্পীবাবুদের গৃহে যে
স্প্রাচীন প্রীচৈতগুভাগবত আছে,
তাহাতে ১৪৯৭ শকাকা লিখিত
হইরাছে বলিয়া জানা যায়—

'চৌদশত সাতানক্ষই শকের গণন। নিত্যানন্দ-ধ্যানে গ্রন্থ হৈল সমাপন॥'

কিন্তু প্রেমবিলাসে (২৪) ১৪৯৫

শকান্দা উল্লিখিত হইয়াছে—

'চৌদ্দশত পাঁচানকাই শকান্দা

যখন। প্রীচৈতন্তভাগবত রচে দাস
বুন্দাবন॥'

শ্রীচৈতগ্যভাগবতের সংস্কৃতে
অনুবাদ—বঙ্গীয় সাহিত্য-পরিষদে
শ্রীচৈতগ্যভাগবতের একটি সংস্কৃত
(খণ্ডিত) অনুবাদ পাওয়া গিয়াছে।
গ্রন্থকার ইহাকে উপপুরাণমধ্যে
গণিত করিয়াছেন—যথা 'ইতি
শ্রীচৈতগ্যভাগবতে উপপুরাণে আদিথণ্ডে প্রথমাহধ্যায়ঃ।' ছঃথের
বিষয় গ্রন্থকর্তার কোনও নাম পাওয়া
যায় নাই। প্রারম্ভশ্লোক—

জগজন-মনোহরং জগদপূর্বলীলামরং, হরিং হরিসমূরতােচ্ছলরসারিমগান্তরম্। সহাস-মধুরাননং
মধুরমালতীমালিকং, ভজে ভ্বনমঙ্গলং
চিরস্থায় বিশ্বস্তরম্॥১॥ শ্রীমচ্চৈতক্তদেব-প্রিয়গণচরণেহনেকধাত্রে-প্রণাম,
স্তন্মাট্চেতক্তমীশং স্থরমূতচরণং
শ্রীনবদ্বীপধায়ি। বন্দেহহং তং
দয়ালুং স্বয়মবতরণং যন্ত বিশ্বস্তরাথ্যা,
ভক্তানাং পৃজনং মে বরমুপচিতিতাে
ব্যক্তমুক্তং হি বেদে॥২॥

অধ্যায়শেষে—— শ্রীকৃষ্ণ চৈতন্ত্রনিত্যানন্দচন্দ্রাবধুতকঃ। তয়োঃ
পাদপদ্রগানে দাসবুন্দাবনোল্ডমঃ॥
শ্রীচৈতন্ত্রভাগবত্তং—ওচু কবি ঈশ্বর
দাসের রচনা। আছুমানিক সপ্তদশ
খৃষ্টশতান্দীর শেষের দিকে ওড়িয়া
ভাষায় এই গ্রন্থ লিখিত হইয়াছে
বলিয়া বিমান বাবু শ্রীচৈতন্ত্রচরিতামৃতের উপাদানে (৫২৮ পৃঃ)
বলিয়াছেন। কবিকর্পুর, মুরারি-

গুপ্ত বা ঠাকুর বৃন্দাবনের ইতিবৃত্তের সহিত ইহার মিল নাই। জগন্নাথের শ্রীচৈতন্তরূপে অবতার-সম্বন্ধে ঈশ্বর দাস বলেন—

ভক্তবংসল জগরাথ অব্যয় অনাদি অচ্যত, মর্গ্তো মফুয়াদেহ ধরি অনাদি নাথ অবতরি নদীয়া নগ্রে অবতার পশুজন্মক কলে পার॥ (প্রথম অধ্যায়।)

গুরু নানককে শ্রীমহাপ্রস্থ রূপা করিয়াছেন—

শ্রীনিবাস যে বিশ্বন্তর কীর্ত্তন মধ্যে বিহার, নানক সারজ এ ছই রূপ সনাতন ছই ভাই,জগাই মাধাই একত্র কীর্ত্তন করন্তি এ নৃত্য ॥ (৬১ অধ্যার)

ইংহার মতে রাজা প্রতাপরুদ্র মহাপ্রভুর নিকট সন্ত্রীক দীক্ষিত হইয়াছেন (?)

শুনিল চৈতন্ত গোঁদাই নুপতি কর্ণে দীক্ষা কহি কর্ণেন মহামন্ত্র দেলে সমস্ত হরষ হইলে। (৪৯ অধ্যার) দিবাকর দাদের 'জগরাথ-

চরিতামৃত'ও এই চৈতগুভাগবতাদি গ্রন্থের ঐতিহাসিক মৃল্য কিছু না থাকিলেও—প্রামাণিকতায় সন্দেহ থাকিলেও—ওড়িয়া ভক্তকৃত শ্রীচৈতগুচরিত-হিসাবে এই স্থানে স্থচিত হইল।

শীচৈত ভামসল '—শীমন্ত্র সরকার
ঠাকুরের প্রিয়তম শিশ্ব শীলোচন দাস
তাঁহারই আজ্ঞায় এই গ্রন্থ রচনা
করেন। ইহাতে চারিটি খণ্ড—
স্ত্রেখণ্ড, আদিখণ্ড, মধ্যখণ্ড ও শেষখণ্ড। এই গ্রন্থ মঙ্গলকাব্য
প্রণালীতে লিখিত। সরকার
ঠাকুরের প্রাণের ইচ্ছা ছিল যে

শ্রীগৌরহরির **ভাঁ**চার প্রাণবল্লভ দীলামালা বাদালা ভাষায় প্রচারিত হয়: এই কারণেই তিনি লিখিয়া-हिलन —'(गोतनीना দরশনে বাঞ্চা কত হয় মনে, ভাষায় লিখিয়া সব রাখি' এবং 'কিছু কিছু পদ লিখি, যদি ইহা কেহ দেখি, প্রকাশ করয়ে কেছ লীলা। নরহরি পাবে স্থথ. ঘুচিবে মনের ছখ, গ্রন্থ-গানে দরবিবে শিলা॥' বাস্তদেব ঘোষ শ্রীমন্নরছরির এই সাধ কতক পরিমাণে পৃত্তি कतिरमञ्ज्ञ अरे नगरत श्रीतृकारनमान ্ ঠাকুরের প্রীচৈতমভাগবত প্রকাশিত হইলেও-কিন্ত তাহাতে নরহরির প্রাণের পিপাসা মিটে যেহেতু তাহাতে রসরাজ গৌরের ভজনের কথা বিশেষভাবে আলো-চিত হয় নাই; ত্মতরাং লোচন দ্বারা তিনি সেই অভাব পূরণ করিতে ইচ্ছা করিয়া তাঁহাকে শক্তি সঞ্চার করত নিজের গৃহ কোগ্রামে পাঠাইয়া গ্রন্থ লিখিতে আদেশ করেন। লোচন গ্রহ-সমীপে একটা কুলতলায় একখানা পাথরের উপর বসিয়া তেডেটের পাতায় প্রীচৈতন্ত-

দৃশু হইয়া গ্রন্থনধ্যে সন্নিবিষ্ট হয়।

স্ত্র্বণ্ডে—মঙ্গলাচরণ, গুরুবন্দনা, শচী ও জগরাথনিশ্রের
আবির্ভাব, কলিতে পাপাধিক্যদর্শনে নারদের আক্ষেপ ও দারকায়

শ্রীকৃষ্ণকৃত্মিণী-সমীপে গিয়া কলিহত
জীবের ত্রবস্থার বর্ণনা, কলিযুগে
অবতীর্ণ হইবার জন্ম শ্রীকৃষ্ণের

অঙ্গীকার ও ব্রহ্মাশিব প্রভৃতির সমীপে নারদকে ঘোষণা করিতে আদেশ-দান। রুক্মিণী-সহিত শ্রীরুক্ষের ভাবী গৌরাবতার-বিষয়ক আলোচনা। যাবতীয় ভক্তের আবির্ভাব-বর্ণনা। আদিখণ্ডে—শচীর গর্ভাবস্থায় অবৈতপ্রভুর শাস্তিপুর হইতে নবদ্বীপে

আগমন, গর্ভবন্দনা; ১৪০৭ শকে
ফান্তুনী পূর্ণিমায় গ্রহণকালে
জ্যোতির্ময় শচীদেহ হইতে গৌরআবির্ভাব, নবদ্বীপে মহানন্দোৎসব,
শচীগৃহে জনতা, নামকরণ, বাল্য-

नीना, छेक्का, भन्नाय जनकिन,

বালিকাগণের নৈবেছ্য-ভোজন, উপ-

নয়ন, জগন্নাথ মিশ্রের পরলোক-প্রাপ্তি, বিভারন্ত, বিবাহ, বঙ্গদেশ-যাত্রা, লক্ষ্মীর গঙ্গা-বিজয়, লক্ষ্মীর পূর্বজন্ম-বৃত্তান্ত, বিফুপ্রিয়া-পরিণয়,

গয়াযাত্রা, বাদ্ধনের পাদোদক-পানে জরনিবারণ, ঈশ্বরপুরী সহ মিলন ও দীক্ষা, গয়াক্বত্য, বৃন্দাবনে যাত্রা করিয়া প্রতিনিবৃত্ত হইয়া নবদ্বীপে

আগিমন।

মধ্যখণ্ডে—ভক্তগণের সহিত সাক্ষাৎকার, ক্বঞ্চক্তি ও হরিনাম-যাজন, ভক্তসঙ্গে হরিকথা, মুরারি গুপ্ত-ক্বত 'রামাষ্টক'-আস্থাদন, নিত্যা-নন্দ-মিলন, শ্রীনিবাস-মন্দিরে কীর্ত্তন, নিত্যানন্দের কৌপীন লইয়া সকলের

মন্তকে বন্ধন, সম্বীর্ত্তন, জগাইনাধাইর উদ্ধার, বৃন্দাবনগমনের জন্ত ব্যগ্রতা, কেশব ভারতীর সহিত দাক্ষাৎকার, সন্ম্যাদের হত্তপাত, শচীর বিলাপ, বিফুপ্রিয়ার সহিত

বিবিধ রসরঙ্গ, নিশান্তকালে গঙ্গাপার

হইয়া কাটোয়াযাত্রা, ভারতীর নিকট

সন্ন্যাস-প্রার্থনা, ভারতীর প্রত্যাখ্যান
ও প্রস্থর বিনয়, ভঙ্গীতে ভারতীর
কর্ণে সন্ন্যাসমন্ত্রকথন, ক্ষোরকালে
মধুনাপিতের খেদ ও বরপ্রাপ্তি—
সন্ন্যাসাস্তে রাচে ভ্রমণ, চন্দ্রশেধর
আচার্যের নবদীপে আগমন ও খেদ,
শান্তিপুরে অবৈত-মন্দিরে মিলন,
নীলাচল্যাত্রা, দণ্ডভঙ্গলীলা, দানি-

গণের দৌরাত্ম্য এবং ঐশ্ব-দর্শনে ভক্তগণকে উদ্ধার করিয়া একামনগরে উপস্থিতি, শিবদর্শন, প্রেসাদ-গ্রহণ, পুরীতে আগমন, সার্বভৌম-মিলন ও

ষড়্ভুজ-দর্শন, সার্বভৌমক্বত চৈতন্ত্র-

সহস্রনাম স্তব।

শেষথণ্ডে— জীয়ড়ন্সিংহাদিজমে
দাক্ষিণাত্য-ভ্রমণ, কাঞ্চী, কাবেরী,
সেতৃবন্ধনাদি দর্শন ও নীলাচলে
প্নরাগমন, কানাইর নাটশালা পর্যন্ত
মহাপ্রভুর অ্থগমন-জন্ত নৃসিংহানন্দকৃত মানসে রাস্তা-নির্মাণ, কানাইর
নাটশালা হইতে প্রভুর প্নরায়
নীলাচলে প্রত্যাবর্ত্তন এবং ঝারি-

খণ্ডপথে বৃন্ধাবন-গমনাদি, নীলা-চলাভিমুখে পুনর্যাত্রা, পথে ঘোল

খাইয়া গোয়ালাকে অর্থনান, নবদ্বীপে আগমন ও ভক্তস্থা, সকলকে
প্রবোধ দিয়া নীলাচল্যাত্তা, প্রতাপরুদ্ধের উদ্ধার, দ্রাবিড় দেশীয় দরিদ্র
বিপ্রের দারিদ্রা-মোচন-প্রস্থা,
জগরাথাকে লীন হইবার বুড়ান্ত—

প্রীমন্নরহরির বৃতাস্ত ও গ্রন্থকারের পরিচয়।

প্রীমুরারি গুপ্তের কড়চাই ইহার প্রধান অবলম্বন। গ্রন্থপ্রারন্তে, মধ্যে ও শেষে ইংহারই আমুগত্য প্রীগ্রন্থকার বারংবার স্থীকার করিয়াছেন। চৈতত্ত-

মঙ্গল লিখিতে আরম্ভ

অপার

ঘটনাবলীও লোচনের মানসলোচনে

করুণায় গুহা

গ্রীগোরের

मकरन जनगाधनकारन. शिर्गादात গ্রীঅঙ্গ-মার্জনাকালে, লক্ষীবিবাহ-প্রসঙ্গে, বিষ্ণুপ্রিয়া-বিবাহের উদর্গুন-কালে ও বিবাহ-প্রভৃতিতে নদীয়া নাগরীগণের উক্তি-প্রত্যুক্তিতে রস-রাজ গৌরাঙ্গের * সংস্চনা দেখা যায়। এবিষয়ে যুক্তি যথা---

জ্রীচৈত্ত্যামঙ্গল >

বিরুদ্ধে—শ্রীমন মহাপ্রভু কেবল মহাভাবাঢ়া, শ্রীমদ ভাগবতে তিনি 'পরিভবন্ন' অর্থাৎ ইন্দ্রিয়-কুটুমাদি-জনিত-তিবস্কাব-বহিত বলিয়া কীৰ্ত্তিত হইয়াছেন, প্ৰীচৈত্যভাগৰতে —'গোরাঙ্গনাগর হেন স্তব নাহি বোলে' ইত্যাদি, প্রত্যেক তারেরও একটা বৈশিষ্ট্য যেমন প্রীরামচন্দ্র 'একপত্নীব্রতধর'. প্রীনন্দনন্দন 'গোপীজনৈকবিলাসী'. তদ্রপ শ্রীগোরামও নিজপত্নী ব্যতীত অন্তত্র স্বাভিলায-দৃষ্টিক্ষেপ-রহিত। শ্রীমদ রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের (২৭) টীকায় নাগরীগণের উক্তিজাতকে 'ভাববিতর্ক' বলিয়াই ধরিয়াছেন।

স্বপক্ষে —— 'গ্রীরাধারুফমিলিত বপু', 'রসরাজ মহাভাব ছই এক-রূপ' ত্রীগোরে মহাভাবের প্রাবল্য হইলেও সর্বসম্মত রসরাজত্বে কিঞ্চিৎ অনাচ্যত্বাংশেরও প্রচার অযৌক্তিক প্রসারাদি নহে | চৈতত্বচন্দ্রায়তে (১৩২) গ্রীপ্রবোধা-নন্দ সরস্বতী 'গৌর-নাগরবরের' ধ্যান লিখিয়াছেন। প্রীকৃষ্ণভজনা-**শ্রী**মন্নরহরি বলিয়াছেন— মতে 'পুরুষানেব প্রকৃতিভাবং নিনায়।' নিত্যবৈরাগী হইয়াও তিনি নিত্য विनाभी'-इंशर शिहत्साम् त्यत (२। ২৪) মত—শ্রীভগবানে বিরুদ্ধ রুস ও বিরুদ্ধ ভাবের সম্মিলন স্বীকার করিতে গেলে বসরাজতেরও স্বীকার শ্রীধামগত শ্রীবিভৃতি অনিবার্য ৷ গোস্বামিপাদের গৃহে প্রাপ্ত বহু প্রাচীন এক পুঁথিতে 'গৌরাঙ্গনাগর বই স্তব নাহি বোলে' এই পাঠও দৃষ্ট হইয়াছে। নদীয়া নাগরীগণকে সত্যসন্ধল স্বীকাব কবিয়া তাঁচাদের চিরাভীষ্ট মিলনকে কেবল ভাব-বিতর্কেই পর্যবসিত করিলে—গৌণ স্বাপ্ন সন্তোগ স্বীকার করিয়া মুখ্য সভোগ উড়াইয়া দিলে 'অর্দ্ধকুটী' লায়েরই অবসর বলিতে হইবে। (উজ্জ্ব ১৫।২২০) 'চিত্ৰং স্বপ্নমি-বাতন্ত্রন কৃষ্ণং সঙ্গময়ত্যলম' ইত্যাদি দ্রষ্টব্য। এই নাগরীদের রাগাল্পিক। ভক্তি—ক্রচিভেদে, অধিকারভেদে গ্রহণীয়, কিন্তু সার্বজনীন নহে। আমরা স্বপক্ষে বিপক্ষে যাহা যুক্তি সংগ্রহ করিতে পারিয়াছি, তাহাই লিপিবদ্ধ করিলাম। সংক্ষেপে শ্রীমদ রাধামোহন ঠাকুরের যুক্তি শ্রীচৈতগুচরিতামৃত-শীর্ষক প্রবন্ধের

শ্রীচৈতন্তমঙ্গলে পয়ার, লঘুত্রিপদী, দীর্ঘত্রিপদী, মধ্যতরজা, করুণা প্রভৃতি ছন্দঃ দেখা যায়; গ্রান্থের ভাষা সরল ও লালিত্যপূর্ণ। পদগুলি কীর্ত্তিত হইতে পারে বলিয়া বিভিন্ন রাগ-রাগিণীর নি**র্দেশ আছে। ইহা**র

১৫৫২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

ঐতিহাসিক বিবরণে কাহারও মতানৈকা থাকিলেও কিন্ত ভৌগোলিক বৃত্তান্তের প্রামাণিকতা শ্রীচৈতগুভাগবত निःमत्मार । প্রধানতঃ বর্ণনাতাক আব প্রীচৈত্র-মঙ্গল—রুসাত্মক। পল্লবিত কবিতাংশে ঠাকুর লোচন শ্রীরন্দাবনকেও স্থল-করিয়াছেন। বিশেষে অতিক্রম ঠাকুর লোচন ঐচৈতগ্রমঙ্গল ব্যতীত —ছর্লভ্সার, আনন্দলতিকা, রাগ-লহরী এবং রাসপঞ্চাধ্যায়ের প্রাছ্ম-বাদ করিয়াছেন বলিয়া 'শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব' গ্রন্থের ৮২ পৃষ্ঠায় প্রকাশ। প্রীজগরাথবল্লভ নাটকের গীতিকাভাগের প্রাম্বাদের কথা পদাবলী-সাহিতো দ্রষ্টবা।

শ্রীচৈতন্তামঙ্গল^২—শ্রীচরিতামৃতে উক্ত স্থবৃদ্ধি মিশ্রের পুত্র জয়ানন্দ 'শ্রীচৈতন্তমঙ্গল' নামে এক গ্রন্থ রচনা করেন। বীরভদ্র প্রভুর প্রসাদে এবং শ্রীগদাধর পণ্ডিতের আজায় ইনি এই গ্রন্থ খানি নয় ভাগে পালাবন্দী করিয়া প্রণয়ন করত দেশে দেশে চামর হস্তে গান করিয়া বেডাইতেন। 'প্রথমেত আদি খণ্ডে যুগধর্ম-কর্ম। দিতীয়ে নদীয়াখণ্ডে গৌরাঙ্গের জন্ম। ততীয়ে বৈরাগ্যখণ্ডে ছাড়ি নিজ বাস। চতুর্থে সন্ন্যাস্থত্তে সন্নাস। পঞ্চমে উৎকল খণ্ডে গেলা नीलाठल। वर्ष्टरम প্ৰকাশ খণ্ডে প্রকাশ উজ্জল। সপ্রমেতে তীর্থপত্ত নানা তীর্থ করি। অষ্টমে বিজয় খণ্ডে গেলা বৈকুষ্ঠপুরী। নবমে উত্তর খণ্ডে গীত সাকোপাঙ্গ। যুগাবতারে যত যত করিলা গৌরাঙ্গ। এই নব খণ্ড

গীত চৈত্যমঙ্গল। শুনিলে সকল পাপ

^{*} ত্রীগোড়ীর বৈক্ষব সম্প্রদারে রসরাজ-গৌরাঙ্গ সম্বন্ধে মতভেদ দৃষ্ট হইতেছে। বর্তমান প্রবাস্ত্রাদের বিশেষ আলো-চনার অবকাশ নাই। সংক্ষেপে যৎ-কিঞ্চিৎ সূচিত হইতেছে।

যায় রসাতল ॥' এই গ্রন্থে অনেক অম্ভত তথ্য (?) লিপিবদ্ধ আছে -(১) শ্রীচৈতন্ত প্রভুর পূর্ব পুরুষগণ উৎকলে যাজপুর গ্রামে বাস করিতেন **—**পবে বাজা ভ্রমবের শ্রীহট্টে জয়পুর দেশতাাগ করত মারীভয় বাস কবেন। গ্ৰামে জগরাথ মিশ্র নবরীপে হওয়ায় আসেন। (২) প্রীচৈতক্তদেবের জন্মের পরে নবদীপে মুসলমানগণের বিষম বিপ্লব। (৩) প্রীহরিদাস ঠাকুরের জনাস্থান – গঙ্গাতীরে কলাগাছি গ্রান, পিতা মনোহর, মাতা উজ্জ্বলা—ভাট বংশে জনা। (৪) কুতিবাস, গুণরাজ্থা, বিভাপতি, চণ্ডীদাস, বুন্দাবনদাস বাতীত চৈত্যুচরিতকার সার্বভৌম ভট্টাচার্য, গোবিন্দবিজয়-প্রণেতা পরমানন্দপুরী, চৈত্তুসঙ্গীত-রচ্য়িতা গৌরীদাস পণ্ডিত, গৌরাঙ্গবিজয়-প্রণেতা প্রমানন্দ গুপ্ত, প্রীচৈতন্ত্র-মঙ্গল-প্রণেতা গোপাল বহু প্রভৃতির নামোলেখ। (e) কডচা-লেথক 'গোবিন্দ কর্মকার'—মহাপ্রভুর দাক্ষিণাত্য-ভ্রমণের সহচর। মহাপ্রভুর অন্তর্ধান-কাহিনী। (१) নিত্যানন্দের অষ্টাদশ বৎদরে গৃহত্যাগ, কাল-বিপর্যয়, গয়াগমনে পরিকর-বিপর্যয়াদি. (2) শ্রীমাধবেন্দ্রপুরীর সাক্ষাৎকার, (১০) निष्मीत विद्यार्ग र्गारतत रथमानरन नुष्ठा, (>>) विश्मं वर्ष मन्नाम. সন্ন্যানে যাইবার সময় গ্রন্থ-সংগ্রহ, (১২) রাজমহিষী চন্দ্রকলার গৌরের যাল্যদান, (১৩) রামানন্দের প্রতি ক্লফভক্ত না হওয়ায় তীব্ৰ ভৰ্পনা, (১৪) বুন্দাবনে শ্ৰীরূপ-

সনাতনসহ মিলন, (১৫) জগন্নাথ-মিশ্রের পিতৃনাম-বিপর্যয় ইত্যাদি। এই সব অদ্তুত-কাহিনী বর্ত্তমান থাকায় বৈঞ্চব সমাজে এই গ্রন্থের আদরও নাই, পঠন-পাঠনও নাই। ভক্তিরত্বাকরেও এই গ্রন্থের কোনও উল্লেখ নাই।

পদকল্পতক্ষতে শ্রীলোচন দাসের ভণিতায় যে 'বিষ্ণুপ্রিয়ার বারমাস্থা' আছে, তাহা জয়ানন্দের গ্রন্থে বৈরাগ্য খণ্ডে পরিবর্ত্তন সহকারে (মাঘমাসের ঘটনায় আদৌ মিল নাই) সংযোজনা হইয়াছে। জয়ানন্দ-বিরচিত কাব্যে—কোনই পারিপাট্য বা রচনা-নৈপুণ্য নাই। অনেক অসংলগ্ন ও বিপর্যস্ত কথা ইহাতে স্থান পাইয়াছে।

কত প্রীমদ্ভাগবতের টিপ্পনী। বর্ষ্ট-স্কন্ধের কিয়দংশ মাত্র পাওয়া গিয়াছে [A. S. B. 8678]।

চৈতন্তমতমঞ্বা— শ্রীল কবিকর্ণপ্রের শ্রীগুরুদেব শ্রীনাথচক্রবর্তী *
শ্রীমদ্ভাগবতের এই টীকা প্রণয়ন
করিয়াছেন; মঙ্গলাচরণ শ্লোকটি এই—
আরাধ্যো ভগবান্ ব্রজেশতনয়স্তদ্ধাম বৃন্দাবনং, রম্যা কাচিছপাসনা
ব্রজবধ্বর্কোন যা কল্লিতা। শাস্তং
ভাগবতং প্রমাণমমলং প্রেমা প্রর্থো
মহা,-নিখং গৌরমহাপ্রভোর্মতমতস্ত্রাদরো নঃ পরঃ॥ ১॥

* এল কবিকপিণুর অলস্কার কোন্তভে ১০ম কিরণে ৭৫০ পৃঠার—'বংশ অন্মন্তরবঃ' বলিয়া এই টীকার উপক্রমের এম লোক 'ন বাদিনিগ্রহঃ সাধ্যঃ' ইত্যাদি উল্লার করিয়াছেন।

ইনিও শ্রীধরস্বামিপাদের ভাবার্থ-দীপিকার আলোকে ব্যাখ্যা করিয়াছেন (৪): এই টীকার বিশেষত্ব এই যে ইহাতে প্রীক্ষের নিতাবিগ্রহলীলছু. পরাৎপবত্ব. ভগবদভক্তির প্রাধান্ত, প্রেমৈক-প্রয়োজনত্ব এবং শ্রীমদভাগবতেরই প্রতিপাদন সৰ্বপ্ৰমাণ-চূড়ামণিত্ব পূর্বক গ্রন্থবাশ্যা হইয়াছে। স্বত:-প্রামাণ্যস্তক শ্রীমদ্ভাগবতের বচন দ্বারাই ব্যাখ্যানাবসরে শ্রীমদভাগবতের সমর্থন করিয়াছেন—কদাচিৎ অস্তান্ত পুরাণেরও সাহায্য নিয়াছেন। এই জন্ম তাঁহাকে প্রসিদ্ধার্থেরও অন্ত প্রকারে স্বকৌশলে ব্যাকরণ-নিক্ষজ্ঞি প্রভৃতির সাহায্যে ব্যাখ্যা করিতে হইয়াছে। সময়ে **স**ময়ে কিন্ত শক্টিকে ভক্তিপক্ষে ব্যাখ্যা করিতে তাঁহাকে যথেষ্ট বেগ পাইতে হইয়াছে। প্রথম শ্লোকে 'পর' শব্দের ব্যাখ্যায় তিনি লিখিয়াছেন—'পরং ক্ষরাক্ষরাতীতং পুরুষোত্তমং শ্রীরুষ্ণং ধীমছি। পালয়তি পিপত্তি বিশ্বমিতি পিপর্কেরণি সিদ্ধং। বক্ষাতি চ (১১|৬|১৪) 'কালস্ত তে প্রকৃতি-পুরুষয়োঃ পরস্থা, শং নস্তনোতু চরণঃ পুরুষোত্তমশ্রেতি' পরত্বে পুরুষোত্তমত্বং পুরুষোত্তমা হি শ্রীকৃষ্ণ এব, উক্তঞ্চ স্বয়মেব (গীতা ১৫/১৮) 'যস্মাৎ ক্ষরমতীতোহহমক্ষরাদ্পি চোত্তমঃ। অতোহস্মি লোকে বেদে চপ্রথিতঃ পুরুষোত্তমঃ ॥' ইতি. এতেন বিশেষণ-মর্যাদয়া প্রীকৃষ্ণক্রপং বিশেষ্য-মবগম্যতে। 'নিরস্তকুহকং' শব্দের ব্যাখ্যায় বলিতেছেন—'কুহকং কুং পথিবীং দ্বস্তীতি কুহনো দৈত্যাঃ

ইহার

হইয়া

कश्मापत्रः नित्रस्थः कूद्याः कः भिरता পৃথিবী-ভারাপহারকমিত্যর্থঃ। অথবা নিরাস্তানাং কুলাং কং তুখং বিষ্ণুনা হতগ্ৰ (यां एका यत्रां , কালনেমেঃ পুনঃ কংসর্রপেণ জাতত্বাৎ, অন্তর্কতহননে মোক্ষাপ্রসক্তেঃ, প্রীকৃষ্ণ-ক্বতহননেনৈবেতামুপহিত-চৈত্যুশক্তি ন্ত্রভা (१) পরত্বং স্বলিদ্ধমেব। ইনি প্রতি অধ্যায়ের প্রতি শ্লোকের ব্যাখ্যা করেন নাই; কেবল যে সব স্থলে একিষ্ণপ্রকর্ষের ব্যাঘাত মনে করিয়াছেন, সেই সকল স্থলেই গ্রীক্ষোৎকর্মস্থাপনে পরিকর হইয়াছেন। ১১।১২/৮

'রসভক্তিচন্দ্রিকা' (৽)

ম্বে

নামে অলঙ্কার গ্রন্থটি তিনি প্রণয়ন

ইনি যে ভক্তিরসামৃত বা উচ্ছল

দেখিয়াছেন, তাহা মনে হয় না।

উপসংহারে এই কয়েকটি শ্লোক—

করিয়াছেন বলিয়া

ভগবদ ব্রহ্মণো বাদো ব্রহ্মনারদ-নারদ-ব্যাসয়োঃ পশ্চাদ্ ব্যাস-তৎপুত্রয়োর্থ ॥ ১ ॥ শুকো-ত্তরেয়য়োঃ পশ্চাৎ স্থত-শৌনকয়ো-রিতি। ষটু সংবাদা ভাগবতে সর্বে ব্যাসেন গুন্দিতাঃ॥২॥ ক্লফোৎ-ক্ষাৎ কৃক্তভক্তৈবিজৈ: কৌণল-কৌতুকাৎ। চৈতন্তমতরত্বস্থ মঞ্জুবেয়ং বিচার্যতাম্॥৩॥ চৈত্ত-মতমঞ্জুষা পীয়ৃষাদপি মঞ্জুলা। তম্বাসনৈঃ সহৃদধৈয়ক্দ্ঘাট্যেয়ং বিচার্যভাম্॥ ৪॥ স্বসিদ্ধান্ত-প্রকটনে পরসিদ্ধান্ত-বাধনম্। অতা যভপরাধঃ স্থাৎ শ্রীকৃষণ্ডং হরিষ্যতি॥ ৫॥ ভ্রমাজ জ্ঞানশ্ৰ দৌৰ্বল্যাদ্ যদত্ৰ কাপি দূষণম্। শ্রীকৃষ্ণর্স-ত্বধিয়: তচ্ছোধয়ত্ত

শ্ৰীনাথপণ্ডিত-কুতা লম্পটা:॥৬॥ ক্ষেণ্ৎকর্ষ-গরীয়সী। চৈত্তমত-মঞ্বা জীয়াদ্ ভাগবতাশ্রয়া॥ १॥ শ্রীচৈতন্ত্রমহাভাগবভন্— [বঙ্গীয়-সাহিত্যপরিষৎ পুঁথি (১৬৯১) ও দক্ষিণখণ্ড শ্রীগোকুলানন্দ ঠাকুরের পুঁথি] গ্রন্থোপসংহার হইতে জানা যায় যে শ্রীবাস্থদের আগমাচার্যের নন্দন কাশীনাথ প্রীচৈতন্ত মহাপ্রভূকে ভিক্ষা দিয়া-সন্ন্যাসকালে প্রথম তুষ্ট হইয়া তাঁহার বংশ হইতে স্বকীয় কীত্তিকথা - বিস্তারিত গ্রন্থরপ প্রকাশিত হইবে বলিয়া তাঁহাকে বর প্রদান করিয়াছিলেন। এই বাস্থদেবের পুত্র (৬।৫।২২) কাশীনাথ তৎপুত্র কৃষ্ণানন্দ —তৎপুত্র কাশীরাজ, —ভৎপুত্র শ্রীরাম,ভৎপুত্র রামনারায়ণ, তৎপুত্র রামকিঙ্কর—ইঁহার তিন পুত্র রঘুদেব, ছরিদেব ও নৃসিংছ। ষষ্টিরাম আশ্রমবাগীশ-নামক জনৈক বেদ-বিভাসম্পন্ন ও সদাচার-পরায়ণ ব্রাহ্মণ বানপ্রস্থাবলম্বনে <u>শ্রীচন্দ্রশেখরে</u> (দীতাকুণ্ডে) গমনপূর্বক উগ্রতপ-শ্চর্যায় শ্রীব্যাসদেবকে ভূষ্ট করিয়া তাঁহার মুখ হইতে স্বপ্নে এগোরলীলা শ্রবণ করেন। পূর্বোক্ত রামকিঙ্করের কনিষ্ঠ পুত্র শ্রীমন্ নৃসিংহ বুন্দাবন দাস ঠাকুরের ঐ্রিচৈতন্ত-ভাগৰত এবং আশ্রমবাগীশের মুখে শ্রুত ঘটনাসমূহকে আশ্রয় করত এই বিপুলায়তন গ্রন্থ শ্রীচৈত্তমহা-করিয়াছেন। প্রেণয়ন তৎপরে খঞ্জ ভগবান আচার্যের বংশ-শস্তৃত শ্রীগোলোক নৃসিংহ-মুখে এই গ্রন্থ তুনিয়া এবং তাঁহার নিকট প্রাপ্ত

ইহাতে ভাগবতের স্থায় দাদশটি স্বন্ধ এবং প্রতি স্বন্ধ কতিপয় অধ্যায়ে বিভক্ত হইয়াছে। অধ্যায়ে প্রায় পাঁচ হাজার শ্লোক আছে।

প্ৰকাশ

করেন।

দ্বাদশস্কন্ধ দশম অধ্যায়ে ৪৯ শ্লোকে সমগ্র গ্রন্থের অমুবাদ বা বিষয়স্চী দেওয়া হইয়াছে। যথাবিধি মঙ্গলা-চরণ পূর্বক রাজা প্রভাপরুদ্রের পূর্ব কাহিনী বিবৃত হইয়াছে। অগস্ত্য-শাপে মহারাজ ইত্রহায় গজযোনি লাভ করেন, গজ-কচ্ছপের যুদ্ধকালে শ্ৰীকৃষ্ণ-কৰ্তৃ ক উদ্ধার পাইয়া এই কলি যুগে তিনি রাজা প্রতাপরন্দ্র-নামে শ্রীজগন্নাথের ভক্ত-রূপে নীলাচলে অবতার গ্ৰহণ করেন। এই প্রতাপক্ষের সহিত প্রবোধানন্দ-নামক জনৈক দণ্ডীর প্রশ্নোতরচ্ছলে এই বিরাট গ্রন্থের রচনা। ক্রমদীপিকার সপ্তম পটল-স্থিত ধ্যান ও মন্ত্র শ্রীগোরগোপাল-দেবেরই ধ্যানমন্ত্র বলিয়া এই গ্রন্থে (00-20106156) & (01616) উল্লিখিত হইয়াছে। প্রথম মন্ত্র— মারপুটিত ক্বফ এবং দিতীয় মন্ত্র— মারহোরভা মাংসাধো রক্তঞ্দেপরো মছুঃ॥ প্রথম ধ্যান—শ্রীমৎকল্পজ্জ-মুলোদ্গত ইত্যাদি এবং দিতীয়— আরক্তোন্তান-কল্পক্ষম ইত্যাদি।

গ্রন্থের বিষয়-সূচী—(২।১০)

হর উবাচ—আদে প্রতাপরুদ্রভ সংবাদো দণ্ডিনা সহ। পৃথিবী-ব্ৰহ্মসংবাদস্তৎপশ্চাৎ কথিতো ময়া ॥ ১ ॥ এক্তব্যমমুপাখ্যানং নৈল-

गाधनरमय ह। शरकत्य-नव्यसाय्कः হরিণা তম্ভ মোক্ষণং ॥২॥ অবতারামূ-কথনং ব্ৰহ্মস্থানন্ত বৰ্ণনং। গোলোক-কথনকৈব শিব-গোলোকমেব চ ॥ ৩॥ বলরামগোলোকং বিষ্ণুগোলোকমেব চ। বিধাতুর্গোলোকং প্রোক্তং রাধিকাজনিরেব চ॥৪॥ বিরাটস্থ স্মুৎপত্তির ক্লাভোৎপত্তিকং তথা ৷ ক্ষাবতার: কথিত: পাষ্ড-জননং ক্ষিতিব্ৰহ্মাদি-সংবাদে৷ তথা ॥ ৫ ॥ রাধয়া ক্ষণসঙ্গতিঃ। অদিত্যা কক্রসংবাদঃ কুবেরস্থ তপঃক্রিয়া॥ ৬॥ অহৈতজনা কথিতং বিশ্বরূপশু জনা চ। বিশ্বরূপস্থ সন্নাসং কথিতং হিম-देशनाया । १ ॥ নিতা<u>া</u>নন্দে কথিতং তেজোগমনং প্রিয়ে । মহাপ্রভু - সমুৎপত্তিস্তদ্বাল্য-চরিতাদিকং॥৮॥ হগ্নাদি-ভাওভঙ্গঞ্চ তল্লামকরণাদিকং। তঙ্গ চৌৰ্যং প্রকথিতং দ্বিজান্নভক্ষণং তথা ॥ ৯ ॥ গৌরস্থ বিজ্ঞারক্ত×চ গুরুগেছে জলক্রীড়াদিকঞ্চৈব প্রবাসনং ৷ গৌরাঙ্গশু প্রকীতিতং॥ ১০॥ পুরন্দর-স্বপ্নদৰ্শং তৎপ্ৰাণত্যাগ এব চ। তম্ৰ নির্হরণং প্রোক্তং মাত্রস্বেহন্ত বর্দ্ধনং ॥ >> ॥ নিত্যানন্দ-বাল্যলীলা যতে: সঙ্গদ তম্ম চ। তীর্থযাত্রা চ কথিতা , নিত্যানমস্থ বৈ পুরা ॥ ২২ ॥ শান্তপাঠো মহাপ্রভো: গঙ্গায়াং মহাপ্রভোবিবাহ*চ পাদপদ্মতা। কথিতং শৈলনন্দিনি ॥ ১৩ ॥ নবদ্বীপস্থ-লোকানাং স্নেহসম্বৰ্দ্ধনন্তথা। বামানন্দেন কবিনা বিচারঃ পরি-কীতিত: || ১৪ || ভিক্ষকায়ারদান-ঞোতরদেশ-গতিস্তথা। লক্ষীপ্রিয়া-বিয়োগশ্চ তরিমিত-বিলাপনং ॥ ১৫॥

বিষ্ণুপ্রিয়াবিবাহ*চ ভক্তসঙ্গস্তথৈৰ চ। গৌবস্থা মন্ত্রপ্রকাশকঃ প্রোক্রো তীর্থরিঙ্গণং॥ ১৬॥ অধ্যাপনা পুরা প্রেমোলাসস্তব্ধৈর চ। প্রোক্তা **সংযোগন্তথা** দ্বৈতেন মেলনং॥ ১৭॥ শ্রীমন্নিত্যানন্দভিক্ষা রাজরাজেখরস্তথা। দানাদিকথনঞ্চাত্র জগাই-মোক্ষণং প্রিয়ে ॥ ১৮ ॥ নিত্যানন্দাদ্বৈতয়োশ্চ বিরোধ: পরিকীর্তিত:। জলমুদ্ধং মহেশানি। রাত্রি-সংকীর্ত্তনং তথা॥ ১৯॥ অদৈত-গোরয়োর্দেবি! সংবাদঃ কথিতো ময়া। শ্রীমজুক্লাম্বরোপাখ্যা নগরে কীর্ত্তনস্তথা॥২০॥ পোলাগো গৌরচন্দ্রস্থ ভক্তানাঞ্চ বিশেষতঃ। বিষ্ণুপ্রিয়া-প্রীতিদানং তয়োঃ সংবাদ এব চ॥ ২১॥ নাট্যারন্ত কথিত: প্রাচুর্যেণ মহেশ্বরি ! গদাধরভা নাট্যান্তে গোরনাট্যং প্রকীত্তিতম ॥২২॥ দেবাদীনাং বিলাপশ্চ সম্বাদো মাতৃ-পুত্রয়ো:। বিষ্ণুপ্রিয়ায়া গৌরশু-পরিকীত্তিত: ॥ ২৩ ॥ সংবাদ: শ্রীমছান্তিপুরে গৌর-গমনং কথিতং বামাচারি-দ্বিজোপাখ্যা क्रनगानः তरेथन । । २८॥ व्यदेश -গৌরয়োন্তত্র বিচার*চ মহোৎসবঃ। মুরারি-গৌরসম্বাদে। ব্ৰহ্ম-মোছন-মেব চ ॥ ২৫ ॥ মুরারের্বারণং মৃত্যোঃ শ্বরালয়-রিঞ্জণং। পীঠোৎপত্তিশ্চ কথিতা পীঠন্ত চ নিরপণং ॥ ২৬॥ জগরাধন্ত দেবস্ত মাহাত্যাং পরি-গৌরস্থ কীত্তিতং। দেবানমেন অম্বরীবস্তা সংবাদস্তদনস্তরং॥ ২৭॥ পুরাহকথি। রাজর্ষেরুপাখ্যানং শচ্যাহদৈতভা সংবাদো গৌরাভিশাপ এব চ ॥ ২৮ ॥ ব্রতন্ত কর্পনং দেবি ৷

নুবজ্ঞ-কথনং তথা। যবন্রাজো-পাখাানং নাট্যগোপন্মের চ ॥ ২৯ ॥ ঐশ্বর্যলীলা গৌরশু শ্ৰীবাসপুত্র-গোৱেণ নির্গতিঃ। শুক্রাম্বরম্য সংবাদঃ পুনরেব চ॥ ৩ ।। বিজয়ানন্দ-সংবাদঃ সন্ন্যাস-চিন্তনন্তথা। বিষ্ণু-প্রিয়া-রতিক্রীড়া নিত্যানন্দস্থ শ্রীমচ্ছচী-স্বপ্নদর্শং সঙ্গতি: ॥ ৩১ ॥ তস্তাঃ শোকপ্রবর্দ্ধনং। শচীশান্তিঃ প্রকৃথিতা বিষ্ণুপ্রিয়া-প্রবোধনম্॥ ৩২॥ কাঞ্চনগ্রাম-গ্রমনং সন্ন্যাসস্তদনস্তরম। মুণ্ডনং নাপিতোপাখ্যা কথিতা পর্বতাত্মজে !! ৩০॥ ততঃ কাশীনাথ-গৃহে ভিক্ষা চ পরিকীতিতা। ভুক্তা বরং দত্য প্রভো-র্মনমীরিতম্॥ ৩৪॥ চক্রশেখর-সংবাদঃ मठीटनवा। मह श्रियः । कृतिया-नगदः বাসস্ততঃ শান্তিপুরে গতিঃ॥ ৩৫॥ শচ্যাঃ শান্তিপুরে যানং তন্তাঃ শোকন্ত বর্দ্ধনং। বিষ্ণুপ্রিয়া-বিলাপশ্চ নীল-পর্বত-রিঙ্গণম ॥ ৩৬॥ গুণনিধেরু-কাশীমাহাত্ম্যমেব পাখ্যানং সমুদ্রে গোরচন্দ্রস্থ ক্রীড়া চ কথিতা পুরা॥ ৩৭॥ কাশীরাজস্ত সার্বভৌমস্থ সঙ্গতি:। শ্রীমজ্জগরাথ-পুরে বহেন্যা লীলা: প্রকীতিতা: ॥৩৮॥ বক্রনাথস্থ মাহাত্ম্যাং তৎক্ষেত্রস্থ নবদ্বীপে২দৈতগতি-বিশেষতঃ ৷ মুরারেগোর-সঙ্গতিঃ॥৩৯॥ শ্রীবাস-স্থাভিশাপে চ কুষ্ঠা চাপাল-পূর্বকঃ। গোপানঃ শ্রীপ্রভুং প্রাপ্য.....॥ ৪০॥ গৌড়দেশে গৌরচন্দ্র-গমনং পুনরেব প্রতাপরুদ্র-সংবাদঃ শ্রীগৌরস্থ চ কীৰ্ত্তিত:॥ ৪১॥ নিত্যানন্দশু গমনং গৌড়দেশে প্রকীতিতম। তম্ম লীলা সমাখ্যাতা দিজগৌর-অসমতিঃ॥ ৪২॥

नौनाहरन পুনর্বাসো গৌরাঙ্গস্ত প্রকীজিত:। স্প্রাত্তেণ রূপেণ গৌরচন্দ্রশু সঙ্গতিঃ॥ ৪৩॥ ততো দেবি! প্রক্ষিতং ভৃগুপাখ্যানমেব চ। সেতৃবন্ধগতিঃ প্রোক্তা গৌরাঙ্গস্থ মহাপ্রভো:॥ ৪৪॥ পুনস্তস্ত্র গৌড়-গতি: শ্রীমদবৃন্দাবনে গতিঃ ৷ শ্রীবৃন্দাবনমধ্যে হস্ত র্মণং পরি-কীতিতম্ ॥ ৪৫ ॥ বারাণসী-গতি স্বস্থ নীলাচল-গতিস্তথা। শ্রীমন্দির-প্রবেশন্চ গৌরাক্স জগদ্গুরো: ॥৪৬॥ নিত্যানন্দ-বিবাহন্চ বীরভদ্রজনিস্তথা। গঙ্গায়া জননঞ্জৈব নিতা|নন্দপ্ত নির্গতিঃ ॥ ৪৭ ॥ বীরভদ্রস্থতোৎপত্তি-র্গঙ্গাসন্ততিরেব চ। গ্রন্থস্ত মহিমাখ্যানং

প্রিরে! ইত্যুক্ত্বা শঙ্করো যোগং
সমাস্থার স্থিতঃ প্রতো ॥ ৪৯ ॥
প্রতি স্কন্ধের সমাপ্তিতে পূলিকাবাক্য এইরূপ—'ইতি শ্রীমচৈচতত্তমহাভাগবতে মহাশ্রমাবাগীশসংহিতারাং নারসিংহিক্যাং প্রথমস্কন্ধে
প্রথমেহধ্যারঃ ॥' ইত্যাদি......
গ্রন্থের মূল প্রপ্তা—রাজা প্রতাপক্ষদ্র

অতঃপরং গৌরচন্দ্র-পদদ্বন্দ্বং ভজ

প্ৰোক্তমেভত্তৰ

প্রিয়ে ॥ ৪৮॥

ও বক্তা—দণ্ডী প্রবোধাননা। এই
দণ্ডী কে? কাশীর স্থপ্রসিদ্ধ
বৈদান্তিক মায়াবাদী সন্ন্যাসীর
কোনও প্রসঙ্গ ইহাতে নাই। প্রকট
লীলায় তিনি কথনও যে শ্রীক্ষেত্রে
স্থাগমন করিয়াছেন—তাহারই বা

এই গ্রন্থের ভাষা সরল। যে
পুঁথিখানা পাওয়া গিয়াছে—
তাহাতে বহু ক্রটি বিচ্যুতি ও
লিপিকর-প্রমাদ রহিয়াছে। অভাভ

প্রমাণ কোথায় ?

প্রসিদ্ধ গ্রন্থের সহিত ইহার ঘটনাপারম্পর্যের বা দেশকালাদিরও
অসামঞ্জ্য নিবন্ধন গ্রন্থথানা নির্ভরযোগ্য নহে বলিয়াই আমার ধারণা
হইতেছে। রায় রামানন্দ-মিলন,
সার্বভৌম মিলন ও শ্রীক্রপসনাতনাদিমিলনে দার্শনিক তত্ত্বকথা ইহাতে
স্থান পায় নাই। শ্রীহৈতক্তভাগতের
অপ্রকাশিত অধ্যায়ত্রয়ের ঘটনাগুলিও
ইহাতে বর্ণিত হইয়াছে (১০।১০—
১১।৩)।
বঙ্গীয় সাহিত্যপরিষদে প্রাপ্ত জীর্ণ

ব্যলেখি শাকে রসসপ্তচন্দ্রে নৃসিংহ-দেবেন হরিং প্রণম্য । চৈতক্সদেবস্থ মহচ্চরিত্রং পবিত্রদং ভাগবতাখ্য-মেতৎ ॥

যদি গ্রন্থকারেরই

কাহার

রচিত

পারি

পুঁথির শেষে গ্রন্থ-রচনাকাল দেওয়া

আছে (?)—

এই শ্লোকটি

তিবিষয়ে নি:শন্দেহ হইতে

হয়, তবে 'শাক' শব্দের সাধারণতঃ অতীতাক্দ ধরিলে রচনাকাল ১৭৬ চৈতভাক্দ অর্থাৎ ১৫৮০ শকাক্দা হয়; তাহা হইলে শ্রীচৈতভার সমসাময়িক বাস্থদেবের সপ্তম অধস্তন এই গ্রন্থ-কার হইতে পারেন।
চৈতভারসায়ন—স্থপ্রসিদ্ধ শ্রীলবিশ্বনাথ চক্রবন্তি-প্রনীত। শ্রীনরোত্তম-বিলাসের ত্রহোদশ বিলাসে (২০২ পৃষ্ঠায়) শ্রীবিশ্বনাথ-প্রসঙ্গে বনিত আছে—

বর্ণিতেই গ্রন্থায় চৈতক্তরসায়ন।

স্বপ্নছলে মহাপ্রভু করয়ে বারণ॥

'ওহে বিশ্বনাথ এ চৈত্রগুরসায়নে।

বর্ণিবা পৃথক কিছু করিয়াছ মনে।।

কলিযুগে মোর এই অদ্কৃত বিহার।
অনেকে জানিব যাথে মোর
চমৎকার॥ মোর লীলারদে মগ
মোর ভক্তগণ। আস্বাদয়ে নানামতে
করিয়া বর্ণন॥ যে যৈছে রূপ বর্ণিব,
সে সব তৈছে হয়। না কর সন্দেহ
—এ প্রমানন্দময়॥' প্রীচৈতন্তরশায়নে বর্ণিতেন যাহা। না হইল

প্রন্থ পূর্ণ, না বর্ণিল তাহা॥

বীটেড শুরহস্ত — শীরামদেবক
চটোপাধ্যায়-কর্ত্ব প্রকাশিত ও
অন্দিত। আকারে ক্ষুদ্র হইলেও
ইহাতে শ্রীগোরাঙ্গ-বিষয়ক জাতব্য
বস্তু নিহিত আছে। ইহার পাঁচটি
রহস্তে ক্রমশং সংকীর্ত্তন, ভক্তি,
ভক্তির কারণ, ভাগবত ধর্ম ও
শীচৈত শাবতার-সম্পর্কে বেদ, স্মৃতি ও
প্রাণাদি বিবিধ শাস্ত্রবাক্যের নাম বা
তারিথ ইত্যাদি দেওয়া নাই।

শ্রীচৈতগুলীলামৃত — খোসাল রাষপ্রণীত। বরাহনগর পাটবাড়ী গ্রন্থমন্দিরে (কাব্য ৭৬) জীর্ণ পুঁথি।
শ্রীমন্ভাগবতের অমুকরণে চারিটী
লীলায় (বিভাগে) এবং প্রতি লীলা
কয়েকটি অধ্যায়ে বিভক্ত। ভাষা
সরল হইলেও কোনই গান্তীর্য নাই
— নাতিপ্রামাণিক বলিয়াই ধারণা
হয়। শ্লোকসংখ্যা— ৯০০০, পত্রসংখ্যা— ৩০১। প্রতি অধ্যায়ের
শেবে প্রায় একইর্নপে স্যাপ্তি—ইতি

লীলায়াং সারদাদৈতসম্বাদে বিছ্র মৈত্রীয়-সম্বাদীয় - যুগসংখ্যাকথনং

সহস্র-সংহিতায়াং খৌষালিকাং প্রথম-

শ্ৰীচৈতত্মলীলামূত-ভাগবতে

नामाधासः।

বিচিন্তা বাণীচরণামুজ্বয়ং শ্রীরায় খোসাল ইদং প্র.....। খোসালের পরিচয়—চতুর্থলীলায় একপঞ্চাশ-অধ্যামে—[২২ প্রচায়]।

বিক্রমাদিতা-সংজঃ ...প্রার-বংশসম্ভবঃ। অবস্ত্যাং বদতিভূমি-শ্চক্রবর্তীব ভাবিব ? চক্রবংশ-প্রদীপঃ স দিলীপ ইব বিক্রম:। মহাবল ইতি খ্যাতো বিখ্যাতো ধরণীতলে ৷ তস্ত বংশে জগদ্দেবকঙ্কালীবরপুত্রকঃ। দানশীলো বদাক্তম্চ বিখ্যাতো ধরণী-তলে। তহংশে দলেপসিংহঃ পূর্ব-রঘুনাথসিংহস্তস্ত সস্তানসম্ভতি:। তগু হি সন্তানঃ প্রধিয়ামর:। খোসালরাজ্বিধ্রপুত্র: স্মাগতঃ। [৩২৮ পৃষ্ঠা]

শ্রীচৈত গুলীলামৃত^২ (পাটবাড়ী প্র্বিকা ১৮ক) শ্রীরন্দাবনদাস-কর্ত্ক রচিত, খণ্ডিত ৮৪ পত্রাত্মক। প্রথমেই আত্মপরিচয় দেওয়া আচে—

'অনসমঞ্জরী নাম রাইর সহোদরী। যার প্রেমের বশ কৃষ্ণ রসের মাধুরী॥ হেন প্রভূ নিত্যানন্দ মোর প্রাণনাথ। তাহার চরণে মোর কোটি দণ্ডবং॥'

নারদ পৃথিবীর ছ্র্দশা ব্রহ্মার
নিকটে গিয়া নিবেদন করিলে দেবগণের সহিত ব্রহ্মার মহাবিষ্ণুদকাশে গমন ও মহাবিষ্ণুর আশাসদান এবং স্থরধুনীর ক্লে জন্মলাভ
করিবার জন্ম আজ্ঞা। মহেশ্বর
অবৈতাচার্যরূপে গঙ্গাজল তুল্সীদারা
পূজা করেন—অন্তান্য দেবগণের
অবতারাদি। শচী-জগন্মাথ-গৃহে
বিশ্বরূপ ও বিশ্বস্তরের প্রকটন। বিশ্বরূপের অন্ত প্রকাশে নিত্যানন্দের

छेनग्र। विश्वछत व्यक्ते श्रहेश हुई দিন স্তন পান না করায় অবৈতের আগমন ও প্রভুর নির্দেশে শচী-মাতার কর্ণে ষোল নাম বৃত্তিশ হরিনাম-দান ইত্যাদি। মাধবপুরীর শিখ্য বিষ্ণানন্দপুরীর (?) তৈথিক বিপ্রক্লপে নবদীপে আগমন ও শচীগৃহে ভিক্ষাকোতৃক, ষড়ভুজ-মৃত্তির দর্শন, মৃদ্ধক্ষণলীলায় শচীকভূকি নিমাইর উদরে বিশ্বব্রহ্মাণ্ড-দর্শন. চৌরস্বন্ধে নিমাইর নগর-ভূমণ, नतीयानागतीयगरक शकाघाटे तम-চাঞ্চল্য, লক্ষ্মীপ্রিয়ার দর্শনে স্বাভাবিক ভাবোদয়, বিস্থাধ্যয়ন, বিশ্বরূপ-সন্ন্যাস, নিত্যানন্দ-মিলন, যোলনাম বত্রিশাক্ষরের ব্যাখ্যা, কলিসাম্বনা, মিশ্রপ্রস্বরের পরলোক, লক্ষী-প্রিয়ার সহিত নিমাইর বিবাহ, বত্নধা জাহ্বার সহিত নিত্যানন্দের বিবাহ. জাহবীপুলিনে মাধবীকুঞ্জে প্রীগৌরের জলক্ৰীড়া, রাসরসোৎসব B বঙ্গদেশে প্রভুর গমন ও বিজা এবং নামদান-প্রসঞ্জ, তপনমিশ্রস্থ মিলন, অপ্রাকট্য, লক্ষীপ্রিয়ার নবদ্বীপে আগমন, বিষ্ণুপ্রিয়া-পরিণয়, দিগ্বিজয়ি-জয়, গ্যাগ্মন, ঈশ্বরপুরী-সহমিলন ও দীক্ষাগ্রহণ, নবদ্বীপে পুনরাগমন। [অতঃপর খণ্ডিত]। **থ্রীটেডগুবিলাস** — ভচ্ কবি শ্ৰীযুক্ত বিমান মাধবের রচনা। বিহারী মজুমদার তাঁহার প্রীচৈত্ত চরিতের উপাদানে' ২৮১—২৯৩ পুষ্ঠায় এই গ্রন্থের সমালোচনা

করিয়াছেন।

গুপ্তের

তাঁহার মতে এই

ইনি

গ্রন্থ শ্রীলোচন ঠাকুর ও শ্রীমুরারি-

গ্রন্থের অমুরূপ।

শ্রীগদাধর পণ্ডিত গোস্বামিপাদের শিয় বলিয়া তাঁহার ধারণা।

যেতে চরিত গৌরর ব্রহ্মাশিবে
অগোচর, ঠাকুর শ্রীষুখে এহা কলে
প্রকাশ। তাহাঙ্ক ভাষাক মুহি
উৎকল ভাষারে ইহি, কহিলি প্রভু
সর্যাস রসবিলাস॥ সাধুজনে ন
ঘেন দোষ। কহই মাধব তুজ্জ
পাদরে আশ॥ (দশম ছান্দ ১৭)
এই গ্রন্থকারের মতে শ্রীমন্
মহাপ্রভু নীলাচলে বাস করিতেচেন

— (প্রথম ছান্দ)।

চৈতন্তরপরে এহা কৃষ্ণ ভগবান।
প্রকাশ করিঅছন্তি কহি শাস্ত্রমান যে॥

আবার গ্রন্থোপসংহারেও—বুন্দাবন হইতে প্রভ্যাবর্ত্তন করিয়া নীলাচলেই প্রভু বিরাজমান আছেন— ভকভত্কু ধেনি সঙ্গে বঞ্চন্তি ভাব-তরঙ্গে, তহঁ নেউটি আইলা

শীনীলাচল। কৃষণস্থে বঞ্জি দিন প্রম হরব ভক্তজনক মেন॥

শ্রীটেডগুশতক—গ্রীপাদ বাহ্বদেৰ সাৰ্বভৌম ভট্টাচার্য-নির্মিত। প্রীমন্ মহাপ্রত্বর নীলাচললীলার পার্ষদ সাৰ্বভৌম। কোটিস্থ্ময় অপূর্ব ষড়্জ মৃতির দর্শনে তাঁহার মূছ দির প্রসঙ্গ শ্রীচৈতন্ত ভাগ-বতাদিতে দ্রষ্টব্য। ইনি সর্বপ্রথম মিথিলা হইতে ভায়শাস্ত্র কণ্ঠস্থ করিয়া আনিয়া শ্রীধাম নবদ্বীপে প্রবর্ত্তন করেন বলিয়া প্রবাদ। রাজা গজপতি প্রতাপরুদ্র তাঁহাকে বহু সম্মান-দানে নীলাচলে লইয়া যান। তদবধি

তিনি নীলাচলেই বসতি করেন।

তত্ৰত্য 'গঙ্গামাতা মঠেই' তিনি বাস

করিতেন। শ্রীগোরাঙ্গের রুপায়—
সার্বভৌম হইলা প্রান্থর ভক্ত একতান। মহাপ্রান্থ বিনা সেব্য নাহি
জানে আন॥ শ্রীকৃষ্ণতৈত্ত্য শচীস্থত
গুণধাম। এই ধ্যান, এই জ্ঞান—
এই লয় নাম॥ [চৈচ মধ্য ৬।২৫৭
—৫৮] এবং—প্রভুর রুপায় তাঁর
ক্ষুরিল সব তত্ত্ব। নামপ্রেম-দানাদি
বর্ণেন মহন্ব। শত্রপ্লোক কৈল এক
দণ্ড না যাইতে। বৃহস্পতি তৈছে
প্লোক না পারে বর্ণিতে॥

[७ मधा ७।२०६—२८७]

এই শতশোকই 'প্রীচৈতক্তশতক'
বা 'দার্বভৌমশতক' বলিয়া উত্তর
কালে প্রদিদ্ধ হইয়াছে। এই
শতকে প্রধানতঃ দৈক্ত, প্রার্থনা,
বিজ্ঞপ্তি, প্রীচৈতক্তর্রপ-গুণাদি, তস্তক্ত
প্রশংসা, অভক্ত-নিন্দা, নটেক্ত গৌরচক্তের ক্রুতি প্রার্থনা (১২—৬১),
ভংকর্ত্বক হরিনাম-মন্ত্রদান (৬৪),
নমস্কার (৬৬—৭৩), নাম-মাহাত্ম্য
ইত্যাদি বণিত হইয়াছে। আকারে
ক্রুট্র ইইলেও ইহাতে বহু জ্ঞাতব্য
বিষয় লিপিবদ্ধ হইয়াছে।

চৈতগুশিক্ষামূত-- প্রীকেদারনাথ ভক্তিবিনোদ-ক্বত. সরল বঙ্গভাষায় লিখিত। ইহাতে একাধারে নীতি. ধর্ম, জ্ঞান, বৈরাগ্য, মুক্তি, ভক্তি ও প্রীতি-সম্বনীয় যাবতীয় জ্ঞাতব্য তথ্য আছে। ইহাতে ৮টি নিহিত (অধ্যায়) আছে—প্রতি অধ্যায় আবার কতকগুলি ধারাতে বিভক্ত। ক্রমশ:--সামাগ্রতঃ প্রমার্থ ধর্মনির্ণয়. গোণবিধি বা ধর্মাচার, মুখ্য বিধি বা বৈধীভক্তি, রাগামুগা ভক্তি, ভাব-ভক্তি, প্রেমভক্তি, রসবিচার উপসংহার। প্রমাণবাক্যগুলি সর্বত্র পাদটীকায় ম্ব বিগ্রস্ত হইয়াছে। যাঁহারা বৈষ্ণবশাস্ত্র আলোচনা ও তাহার পবিত্র ধর্ম শিক্ষা করিতে ইচ্চুক হন, এই গ্রন্থ তাঁহাদিগকে

অষ্ট সথী, নব মঞ্জরী, দাদশ গোপাল, ছয় চক্রবর্তী, অষ্ট কবিরাজ এবং চৌবটি মহাস্টের বিবরণাদি লিখিত হইয়াছে। পরার ও ত্রিপদী ছন্দে

প্রাথমিক উপযোগিতা দান করিবে।

চৈত্যুসংহিতা—শঙ্খকার শ্রীভগীরথ

দাস-(বন্ধু)-কতুঁক প্রণীত, গৌড়ীয়

বৈষ্ণৰ সন্মিলনী হইতে প্ৰকাশিত।

রচিত; (১৪ পুঃ) যোল নামের প্রকরণে রাধাতস্তামুসারে হ-কারাদি অক্ষরের ব্যাখ্যা। প্রীচৈতভার জন্ম ১৪০৭ শকে ফাল্পন মাসে ২২ তারিখ পূর্ণিমা পূর্বফল্পনীনক্ষত্রে (ত্তং পৃ:) —অভ্যতে ২৩শে ফাল্পন শনিবার। ব্রুহরিদাসের জন্ম স্থমতি-নামক হরিভক্ত ব্রাহ্মণের ঔরসে ও গৌরী-নামিকা নারীর গভে (৬০ পু:) পিতামাতা স্বৰ্গত হইলে প্ৰতিবাসী যবনের প্রতিপালনে ছয়মাসের শিশু হরিদাসের জীবন রক্ষা—গোরাই কাজির প্রবোচনায় : মূলক-নামক জ্মিদারের নিক্ট বাইশ বাজারে বেত্র প্রহার ইত্যাদি। **তৈত্ত্যামৃত ব্যাকরণ**—কবিকর্ণপূরে আরোপিত হইয়াছে। * [বাাকরণ দর্শনের ইতিহাস প্রথম খণ্ড]

Third Vaishnava Grammar called Chaitanyamrita is likewise mentioned by Colebrooke (Miscellaneous Essays vol. II. p. 48) Systems of Sanskrit Grammar by S. K. Belvalkar p. 114.

D

ছন্দঃকৌস্তভ—শ্রীকৈতন্ত্রপরবর্তী বুগে
কান্তকুজ-বিপ্রবংশাবতংস শ্রীরাধাদামোদর প্রভু এই 'ছন্দঃকৌস্তভ'
প্রণয়ন করত সর্বশাস্ত্রে অভিনব ও
স্বসম্প্রদায়োপযোগী গ্রন্থরচনাকারী
গৌডীয় বৈঞ্বদের বহুদিনের এক

অভাব পৃত্তি করিয়াছেন। ইনি
শ্রীমদ্বলদেব বিছাভ্ষণের দীক্ষাগুর বলিয়া এই গ্রন্থের ভাষ্মের প্রারম্ভের
বর্ণিত হইয়াছে। ছন্দঃকৌস্তভের
নয়টি প্রভা। ইহাতে যেসকল ছন্দঃ
(সংখ্যা—২৬৪) নিরূপিত হইয়াছে,

তাহাদের লক্ষণও সেই ছন্দেই নিবদ্ধ হইয়াছে বলিয়াই গ্রন্থকার পৃথকভাবে উদাহরণ দেন নাই। इनि ছদ্শোমঞ্জরীর আহুগত্যে চলিলেও ইহার সপ্তম প্রভায় (त्रानामि > ७ हि অষ্টমে ছন্দের,

বর্ণপ্রস্থারাদি હ নবমে মাত্রা অতিরিক্ত প্রস্তারাদির সলিবেশ বিশ্বমান। প্রথম প্রভায়---সংজ্ঞা-নিবন্ধ. দিতীয়ে—সমবুতভেদ, তৃতীয়ে—অর্দ্ধসমবৃত্তভেদ, চতুৰ্থে

—বিষমবুত্তভেদ, পঞ্চমে—বক্ত -নিরপণ, বঠে—মাত্রাবৃত্তে আর্যা ও বৈতালীয়, সপ্তমে—পজ্ ঝটিকাদি ও (तानानि शक्षनम इन्सः, श्रष्टिय-

বর্ণপ্রস্তার এবং নবমে—মাত্রাপ্রস্তার। শ্রীমদ বলদেব-কৃত ভাষ্যে মূল গ্রন্থ স্পষ্টীকৃত হইয়াছে। ভাষো অহুকূল, ইন্দিরা, কলগীত, কলিত-ভূঙ্গ, কাস্তিডম্বর, কুন্থমালী, কোরক, धक्रक, विभनी, ज्ञांत, गूथरन्त, হারিহরিণ, মুগ্ধসোরভ, সংফুল্লক,

কতিপয় কঠিন ছন্দের লক্ষণামুযায়ী উদাহরণও ভাষ্যে দেওয়া হইয়াছে। ছন্দ:কোস্তভভাষ্য—গ্রীমদ বলদেব

প্রভৃতি ছন্দের লক্ষণাবলী প্রকটিত

ক**লি**কাদি

হইয়াছে। আপীড়.

বিভাভূষণ-কৃত। মূল গ্রন্থকার কিন্তু শ্রীবিক্সাভূষণের গুরুদেব।

ভাষ্য প্রারম্ভে—'অচিতনয়নানন্দে। গুরুজীয়াৎ। রাধাদামোদরো বিবুণোমি যস্ত ক্লপন্না ছন্দ:কেন্ত্ৰভমহং

মিতবাক॥' অস্পষ্ট স্থলগুলির গ্রন্থের মৃল্ পরিক্টীকরণে ভাষ্যের তাৎপর্য

স্থলবিশেষে দৃষ্টান্তও হইলেও দিয়াছেন। অষ্টম প্রভায় বর্ণপ্রস্তার-বিষয়ে এবং নবম প্রভায় মাত্রা-প্রস্তারে চিত্রান্ধনপূর্বক পরিশেষে মৃলগ্রন্থে অমুল্লিখিত গুচ্ছকাদি ১৫টি সন্নিবেশও

অতিরিক্ত

ছন্দঃসমুদ্ৰ—[সংস্কৃত ছন্দঃশাস্ত্ৰমধ্যে পিঙ্গল-কৃত ছন্দঃস্ত্ৰ ও কালিদাস

কৃত ছন্দোমঞ্জরী সমধিক প্রসিদ্ধ ও প্রচারিত। এতদ্ব্যতীত বুত্তরত্বাকর প্রভৃতিও শ্রুতবোধ, প্রচলিত আছে. কিন্তু বাঙ্গালাভাষায়

ছন্দ:শাস্ত্র রচনার প্রতি যেন সপ্তদশ শকাঝার শেষ পর্যস্ত কাহারও আগ্রহ

পিঙ্গলকৃত নাই। য†য় ছন্দঃস্থত্তের টীকাকার ও 'ব্রাহ্মণসর্বস্থ'-রচয়িতা যদি একই ব্যক্তি হলায়ুধ তাঁহাকে জয়দেবের

বাঙ্গালী বলা যায়। আর ছন্দোমঞ্জরী-রচয়িতা বৈত্য গঙ্গাদাসও বাঙ্গালী বলিয়াই অনেকের ধারণা। সংস্কৃত ছন্দ:শাস্ত্রে ইংগদের যথেষ্ট দান

(দ্বাদশ

সমকালীন

শতাব্দীর)

এবং কৃতিত্ব থাকিলেও বাঙ্গালা ছন্দ:শাস্ত্র কেন যে এতকাল উপেক্ষিত ছিল, তাহার কারণ নির্দেশ করা যায় না।]

বাজালার ছন্দ:শাস্ত্র-রচনার সর্ব-

প্রথম ও ধারাবাহিক স্বচনা শ্রীমন্নর-হরিক্বত 'ছন্দঃসমুদ্র' গ্রন্থে সপ্তদশ প্রথমার্দ্ধই পাওয়া যাইতেছে। ইহাতে বাণীভূষণ,

বুত্তরত্বমালা, প্রাকৃত পিঙ্গল, বৃত্ত-চন্দ্রিকা, ছন্দঃকৌস্তভ, সঞ্চীতকৌমুদী, সঙ্গীতপারিজাত প্রভৃতির সাহায্যে লক্ষণ ও উদাহরণ দেওয়া হইয়াছে।

বুতরত্বাকর, ছন্দোমঞ্জরী, ছন্দোদীপক,

পর্ত্ত গাজি মানো এল আস্ত্মপ্ৰদাও-প্ৰণীত প্ৰথম বাঙ্গালা ব্যাকরণ ১৭৩৪ সালে রচিত এবং লিস্বনে রোমান ১৭৪৩ সালে অক্ষরে মুদ্রিত হয়। ১৭৭৮ সালে

ওয়ারেণ হেস্টিংসের শাস্ন-সময়ে হালহেড্ হুগলি সহরে বাঙ্গালায় ব্যাকরণ মুদ্রিত করেন। ইহাতেই প্রথমতঃ বাঙ্গালা ব্যাকরণে ছন্দের স্থান-নির্দেশ হয়। ইহাতে সংস্কৃত অমুষ্ট্রপ, ত্রিষ্ট্রপ প্রভৃতির সংক্ষিপ্ত দিয়া একপদী, ত্রিপদী,

তোটক ও পয়ার ছন্দের मर्हे ख দেওয়া হইয়াছে। 2402 गांदन কেরি সাহেব, ১৮২০ সালে কীথ শাহেব যে বাংলা ব্যাক্রণ লিখেন, তাহাতেও ব্যাকরণের অধাায়-

হিসাবে কয়েকটি বাংলা ছন্দের

পরিচয় দিয়াছেন। ১৭২৫ শকে খু:) কাশীনাথ 'পত্যমুক্তাবলী' প্রণয়ন করিয়াছেন [বঙ্গে নব্যন্তায়চর্চা ২৩৭ পুঃ]। তৎপরে রাজা রামমোহন রায় সালে 'গৌড়ীয় ব্যাকরণ' মুদ্রিত করেন, তাহাতে বাংলায় ছন্দঃপ্রকরণের আবশ্যকতা

যোজনা করেন নাই। তাহাতে পয়ার, ছই রকম ত্রিপদী ও তোটক ছন্দের পরিচয় ও দুষ্টান্ত দেওয়া হইয়াছিল। ১৮৬২ সালে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় মেঘনাদ বধ কাব্যের দিতীয় সংস্করণের ভূমিব1 বে লিখিয়াছেন—তাহাতে তিনি

অমিত্রাক্ষর ছন্দের একটি বিশ্লেষণ

দিয়াছেন। বাং ১২৬৯ সাল কাত্তিক

विवार हन्मः विषयः পृथक् পরিচ্ছেদ

মাসে লালমোহন বিভানিধি মহাশয় স্বকৃত 'কাব্যনির্ণয়' গ্রন্থের একটা পরিচ্ছেদে তৎকাল-প্রচলিত ছন্দঃ-সমূহের বিস্তৃত আলোচনা করেন:

কিন্তু তাহাতে বৈশ্ববপদাবলীতে

159

ছন্দের

করিয়াছেন।

মাতাবগীয় প্রাপ্ত বল চৰদ ও লোকসাহিত্যের স্বরবৃত্ত-বর্গীয় ছন্দের উল্লেখ নাই। ইহাতে গৌরবিণী, হংস্মালা, কুস্থম্মালিকা, মালতী প্রভৃতি নূতন ছন্দের নাম দেখা যায়। ১৮৬৪ খৃঃ ভুবনমোহন রায় চৌধুরী 'ছলঃকুস্থম'-নামে ছকঃশাস্ত্র তাহাতে তিনি প্রণয়ন করেন. বাঙ্গালায় সংস্কৃত ছন্দের প্রচলন করিবারই প্রয়াস পাইয়াছেন এবং গ্রন্থদৈষে ১৩টি ফারসি ছন্দের বাংলা নামকরণ করিয়াছেন, যথা—অপূর্বঞী, মহানন্দা, সন্তোষিণী. মনোহারী প্রভৃতি। গীতগোবিন্দের 'চৰ্মন-চচিত' গীতটির ছন্দঃ সংস্কৃতে 'গাথা', কিন্তু ছন্দঃকুত্মমে ইহাকে 'করকাগতি' হইয়াছে। ১৮৬৮ বলা মধুস্দন বাচস্পতি 'ছন্দোমালা' করেন—ইহাতে १०ि প্রকাশ সংস্কৃত ও বাজালা ছন্দের বিবরণ আছে এবং প্রত্যেক ছন্দের উদাহরণও সেই ছন্দেই রচিত হইয়াছে।

ছন্দঃসমুদ্রের উপক্রমে বন্দনা---**জ্রীগোরাঙ্গপদারবিন্দমমলং বিদ্বান্ধ-**কারাপহং, নিত্যানন্দপদং পর্মাহলাদাস্পদং পারদং। নতাবৈত-পদঞ্চ পঞ্চকলুষোলাসাপহং প্রেমদং শ্রীচৈত্তাগণভা পাদরজসং ধ্বত্বতি-শ্রীগোবিন্দ-পদং মাজে মুদা॥ ১॥ প্রণম্য নিতরাং মোদায় বিছাবতাং. দৃষ্টা শাস্ত্রমনেকমুজ্জলধিয়াং সনৃত্তি-ছন্দোবিদাং। নানালক্ষণ-লক্ষ্যুক্তি-কলিতৈস্তত্তৎপ্রমাণৈঃ সমং, ভাষায়াং পরিভণ্যতেহতিললিতং ছন্দ:সমুদ্রং ময়া ॥২॥

জয় জয় শ্রীগোরগোবিন্দ সর্বেশ্বর। ব্দাদি দেবতা যার চরণ-কিন্ধর॥ জয় নিত্যানন্দদেব বলরাম। করুণার মহা জয় শ্রীঅধৈত মহাবিষ্ণু অবতার। কে বণিতে পারে গুণ চরিত্র অপার॥ জয় গৌর-গোবিন্দের পরিকরগণ। পতিতপাবন সর্ব জীবের জীবন॥ জয় কৃষ্ণ-রদে মগ্রা দেবী সরস্বতী। মোর কঠে ক্ষুর, গুণ গাই যেন নিতি ॥ জয় প্রীগণেশদেব পার্বতী-তনয়। বিল্লবিনাশক, ক্বঞ্চভক্তি-রসময়। জয় এপিঙ্গল, কে বুঝয়ে তার খেলা। ছন্দ প্রকাশিল যে क्रक्षनीना ॥ ছন্দঃশাস্ত্রে আচার্য পিঙ্গল ফণীশ্বর। যার কুপা হৈলে স্ফুরে বুত মনোহর॥ রচিল অপূর্ব গ্রন্থ অশেষ কৌতুকে। বুঝয়ে পণ্ডিত, না বুঝায়ে অজ্ঞ লোকে॥ তার রূপ। ধরি শিরে করিয়া যতন। নিজ-বোধ হেতৃ করি ভাষায় বর্ণন॥ রচিল অপূর্ব গ্রন্থ বহু শাস্ত্রমতে। তুলক লক্ষণযুক্ত প্রমাণ-সহিতে। অত্যন্ত স্থগম ইথে সর্বপ্রাপ্তি দেখি। তে কারণে শ্রীছন্দঃসমুদ্র নাম রাখি॥ পাইবে আনন্দ চিত্তে চিন্ত অমুক্ষণ। কহিয়ে সংক্ষেপে এবে গ্রন্থ-প্রয়োজন ৷ বিপ্র নিষ্কারণ ধর্ম বেদাধায়ন জ্ঞান। বড়ঙ্গসহিত ইহা কহে বিভাবান্॥ সৰ্বত্ৰ সন্মান হয় ইহাতে সাঙ্গঅধ্যয়নে। किছ ना कतिह मतन॥ * [পांठेवां ड़ी পুঁথি ছ...]

 ছন্দঃশান্ত্র-সম্বন্ধে বিশেষ আলোচনা চইলে কৰিতে ইচ্ছা Dr. Krishnamachariar's Classical 897-912, Sanskrit Litt. pp 'Sanskrit Prosody' by Charles 'Chando-Philip Brown এবং M. rachana' Dr. bv Jaydaman Patwardhan এবং edited by H. D. Velankar জুইব্যা অগ্নিপুরাণের ৩২৮—৩৩৫ অংগায় পর্যন্ত ছনাঃদার বর্ণিত হইয়াছে এবং গ্রীমদ ভাগবতে ১১।২১।৪১ শ্লোকে কতিপয় ছন্দের নামকরণ আছে।

জগদীশ-চরিত্র—শ্রীজগদীশ পণ্ডিতের (শিশ্য-পরম্পরায়) পঞ্চম আনন্দদাস-কর্ত্তক এই চরিত্র রচিত শ্ৰীজগদীশ হইয়াছে। পণ্ডিতের অমুশিয়া ভাগবতানন্দের স্বপ্নাদেশে আমুমানিক ১৬৪০—১৬৫০ শকে এই রচনা সমাপ্তি হয়। ইহাতে দাদশ বৰ্ণ (অধ্যায়) আছে। প্রথম

অধ্যায়ে স্বগুরুবর্গ ও শ্রীগোরগণের বন্দনারূপ মঙ্গলাচরণ, দ্বিতীয়ে— পূর্বদেশে কমলাক্ষ-নামক ব্রাহ্মণের গৃহে তৎপত্নী ভাগ্যবতী দেবীর গর্ভে

শ্রীনারায়ণের বরে ভীম একাদশী তিথিতে জগদীশের জন্ম হইতে অন্নপ্রাশনান্ত লীলা। তৃতীয়ে— বাল্যকালে কুষ্ণনামে আবেশ. অম্লুদিনে সর্ববিত্যাভ্যাস-উপনয়ন-চতুর্থে—অধ্যাপন, लीनापि। বিভানিধি ভট্টাচার্য সঙ্গে শাস্ত্রবিচার ও তাঁহাকে ক্ষোপদেশ। পঞ্মে— কনিষ্ঠ মহেশের জন্ম-তপন-ত্বহিতা ছঃখিনীর সহিত জগদীশের বিবাহ। ষষ্ঠে—-পিতামাতার নিকট শ্রীমদভাগবত-পাঠ--তাঁহাদের স্বধাম-গমনে তুলসীকাননে শ্রাদ্ধাদিক্রিয়া— গঙ্গাতীরে বাসনিশ্চয় করত মহেশ ও হু:খিনী সহিত যাত্রা ও নবদীপে আগমন। সপ্তমে -- ত্রীশচীগৃহে চৈত্যাবতার—হির্ণ্য ভাগবতসহ মিলন ও কৃষ্ণসেবাপ্রকার চিন্তা-একাদশী ব্রতদিনে উপহৃত নৈবেছ-ভোজনে বালক নিমাইতে জগদীশের শ্রীক্লঞ্দর্শন—-মহেশের নিকট রাথিয়া জগদীশের ত্ব:খিনীকে অষ্ট্রমে--नीनाहरन গ্ৰন ৷ জগন্নাথের আজ্ঞায় বৈকুণ্ঠস্থল হইতে জগন্নাথ-কলেবরসহ যশেডাগ্রামে আগমন ও তথায় সেবাপ্রকাশ— রাজার প্রতি রূপা। নবমে-মহেশের বিবাহ ও খণ্ডরগৃহে বাস-নিত্যানন্দসহ মহাপ্রভুর যশোড়ায় আগমন-ছঃখিনীকে মাতৃ-সম্বোধন করিয়া পরমান্নভোজনে আগ্রহ— রন্ধনকালে ছঃখিনীর আবেশ ও হস্ত দিয়া প্রমান নাড়ায় মহাপ্রভু-কর্তৃক ব্যথা-স্বীকারাদি, গৌরবহিমু খ পুত্রতারের জগদীশকোপে গৌরাঙ্গে প্রবেশ। দশমে—ছঃখিনীর প্রতি গোরমতি-স্থাপনার জন্ম আক্রা ও তাহার স্থাপন প্রকার। একাদশে— মহাপ্রভুর আজ্ঞায় নীলাচলপথে জগদীশের অদ্ভত নৃত্য ও 'নৃত্য-वितामी' नामथका । निजानमत्क গৌড়দেশে ভক্তিদানের আজ্ঞা—খঞ্জ ভগবান আচার্যের প্রতি পুত্রবরদান ও তৎপুত্র রঘুনাথের দীক্ষাশিক্ষাদি-সম্বন্ধে শ্রীমুখে জগদীশের প্রতি উপদেশ-কালক্রমে জগদীশের নিকট পুত্র রঘুনাথকে সমর্পণ করত খঞ্জ-ভগবানের नीनाहरन গ্ৰমনাদি ৷ মালিপাড়ায় দ্বাদুশে—রঘুনাথের গ্মন-জগদীশের ক্ঞা রসমঞ্জরী ও পুত্র রামভদ্র—জিরাটে নিত্যানন্দ-ছহিতা গন্ধা গোস্বামিনীর গোপালবলভের সহিত রসমঞ্জরীর তৃতীয়ায় বিবাহ-পৌষী শুকু অন্তর্ধান—ব্রজের জগদীশের কলাবতী স্থীই নদীয়ালীলায় জগদীশনামে মহাপ্রভুর লীলাসহায়ক হইয়াছেন।

গ্রন্থের ভাষা অতি প্রাঞ্জল। ১৭৩৭ শকাব্দায় মুদ্রিত পুঁথির দর্শনে এই বিবরণী লিখিত হইল।

জগন্ধাথমঙ্গল—(জগৎমঙ্গল)— কাশীরাম দাসের ক্ৰিষ্ঠ ভাতা গদাধর দাস ১৭৭০ শকাকায় এই গ্রন্থ রচনা করিয়াছেন। ইহাতে উৎকলখণ্ডাসুযায়ী **শ্রিজগরাথে**র ইতিবৃত্ত ও মাহাত্ম্য বৰ্ণিত হইয়াছে। তিনি জগৎমঙ্গল-নামেই গ্রন্থ প্রচার করিবার হেতু দিয়াছেন—'জগত উজ্জ্বল জগত মঙ্গল, জগৎক মল নাম জগন্নাথ অবিরাম, বাঞ্ছে গদাধর দাসে।' পরার ও ত্রিপদী প্রভৃতি ছন্দে মদলকাব্য-ধরণে লিখিত।

২ দিজমুকুশ-ক্বত জগনাথবিজয় [ব্রহ্মপুরাণ]—>৭ অধ্যায় [ঢাকা বিশ্ববিদ্যালয় পুঁথি No. 4710, পাটবাড়ী পুঁথি কা ১৯]।

ত বিশ্বস্তবদাস-রচিত একখানা 'জগরাথমঙ্গল' আছে, ইহা মূলতঃ সংস্কৃত উৎকলখণ্ডের পছে মর্যাম্বাদ কিন্তু পদপুরাণ, শ্রীমন্তাগবত প্রভৃতি গ্রন্থেরও সাহায্য নেওয়া হইয়াছে। তিন খণ্ডে রচিত—স্ত্রখণ্ড, লীলাখণ্ড ও ক্ষেত্রখণ্ড।

হত্তথণ্ডে নীলমাধবের উপাখ্যান।
লীলাখণ্ডে ইচ্ছগুদ্ধের শ্রীক্ষেত্রগমন॥
ক্ষেত্রখণ্ডে জগন্নাথ-প্রকাশ-কথন।
বহুবিধ লীলা ইথি করছ শ্রবন॥
শ্রীব্রজনাথ-পাদপদ্ম করি আশ।
জগন্নাথ-মঙ্গল কহে বিশ্বস্তরদান।
ইহা মঙ্গলকাব্যের ভাগ্ন গীত
হইবার জন্ত রচিত; এইজন্ত লিখিত
আছে—

আরম্ভিবে পৃস্তক পৃজিয়া জগলাথে।
পূর্ণদিনে পুনঃ পৃজিবেন সাবহিতে॥
যথাযোগ্য গায়কের করিবে - সম্মান।
পূর্ণদিনে করিবেন মঙ্গল বিধান।
গ্রন্থদেযে—কীর্ত্তনন্ধপতে গৃঢ়
দারুদেহধারী। প্রকাশিলা বিশ্বস্তর
দাসে রূপা করি॥

এই কাব্য আড়ম্বরহীন; কবি সংস্কৃত ভাষায় বাুৎপন্ন ছিলেন।

8 কৰি কুমুদ-কৃত (A. **S.** B. 4064) 88 পত্ৰাত্মক পুঁথি।

৫ দিজ মধুকণ্ঠ-কৃত ক্ষুদ্র কাব্য
 (বঙ্গীয় সাহিত্য পরিষৎ ৮৪৭)।
 জগয়াথবল্পভ নাটক—প্রীপ্রতাপক্রদ্র

রাজার আদেশে শ্রীল রামানক

স্চক অভভ সংবাদে তাঁহার মুখটি

মান হইয়াছে, মদনিকা তাঁহাকে

অশোকমঞ্জরী দূর হইতে তাঁহাদিগকে

রহস্তালাপ করিতে দেখিয়া অগ্রত

প্রবোধ দিতেছেন। এমন

রায়-কত্তক আফুমানিক ১৪২৬ শ্ব व्हेर्ड ५८७२ শকের ম্ধে: রচিত। পুরীতে প্রচলিত মাদলা পঞ্জী অমুশারে ১৪২৬ হইতে ১৪৫৪ শকাৰ পৰ্যন্ত প্ৰতাপক্ত রাজ্ করিয়াছেন, ১৪৩২ শকে শ্রীমন মহাপ্রতু দাক্ষিণাতো বিজয় করিলে শ্রীরামানশের সহিত মিলন হইতে পারে। নাটকের প্রথমে মহাপ্রভুর বন্দনা নাই বলিয়া ইতাই অমুমিত হয় যে ইহা তৎপূর্বেই রচিত হইয়াছে। এত্রীগন্তীরানাথ দিন-যামিনী যে নাটক-গীতির রুদমাধর্য-আত্মাদনে বিভার থাকিতেন, তাহা তাহা কি বলিতে হইবে গ নাটকথানি পাঁচ অঙ্কে এই বিভক্ত—প্রথম অঙ্কে দ্বিতীয়ে ভাব-পরীক্ষা, তৃতীয়ে ভাব-প্রকাশ, চতুর্থে শ্রীরাধাভিসার এবং পঞ্চমে প্রীরাধাদক্ষম বর্ণিত হইরাছে। আয়তনে ফুদ্র হইলেও ইহাতে <u>প্রীরাধাগোবিন্দের</u> প্রেমলীলা স্ফুটতররূপে দেখান হইয়াছে। গতে, পতে, প্রাকৃত-ভাষায় ও গানে উক্তি-প্রত্যুক্তি লিপিবদ্ধ হইয়াছে। গানগুলি (২১) সরস ও স্থললিত, শ্রীজয়দেবের অমুকরণে রচিত। ইহাতে ২০টি বিভিন্ন রাগ (আভীর কর্ণাট প্রভৃতি) স্থচিত হইয়াছে। প্রথমতঃ—নাদীশ্লোকে আনন্দ-লীলারস-বিগ্রহ এক্রিফের নৃত্যভঙ্গি-মাধুর্য বণিত। তৎপরে 'মৃতুল-

মলয়জ-প্রন-তর্লিত-চিকুরপরিগত-

কলাপ' শ্রীশ্রামত্মনরের শ্রীমুখকান্তি-

অনন্তর অপ্রাকৃত কাবোর নিতা নিকেতন, চির-স্রস্, চির ন্বীন চির-মধুর-সীয়সৌন্দর্য-গৌরবে চির-গোরবাস্পদ শ্রীবৃন্দাবিপিনের অতুল-নীয় শোভাসমৃদ্ধির বর্ণনা হইয়াছে। 'যুবতীমনোহরবেশ' মুর্রিপুর রূপবর্ণনাটি অতিস্বাভাবিক, শক্ত-কুমুমহান্ত, চন্দ্রমা-চন্দ্রিকা, মলয়জ-প্রন, কোকিল-কৃজন, খ্রামল-কানন, আনন্দ্যনমৃত্তি গ্রামলম্মনর আর আনন্দ চিনায়রস-প্রতিভাবিত আহলাদিনী শক্তিগণের আনন্দলীলা—ইহাই এই নাটকের কবিতা-সম্পদ। প্রীবৃদ্যা-বনের মৃত্বল-প্রনাহত চঞ্চল পল্লবের নৃত্য কির্মপে ব্রজরাখালগণের হৃদ্য ও অঙ্গ নাচাইয়া তুলিতে আমন্ত্রণ করে—প্রেমিক কবি অ্নুর গোদা-বরীতটের নিভূত আবাসে থাকিয়াও পাইয়াছেন। সন্ধান প্রীকৃষ্ণদর্শনে শ্রীরাধার মদনিকা স্থীকে তদ্বিষয়ে জিজাসার উত্তরে পরিচয় দিলেন যে ইনি 'যুবতীচিত্ত-বিহঙ্গশাখী' এবং ইঁহার पर्भटन भूक्ततीटमत नीवी-वक्तन मण्डे শিথিল হইয়া যায়। দ্বিতীয়াঙ্কে—গ্রীমতীর নিস্প্রার্থা দৃতী শশিমুখী অনঙ্গপত্ৰ লইয়া শ্ৰীকৃষ্ণ-স্মীপে প্রমন করিলে তিনি অবহিখা পূর্বক 'কূলবধুদের পরপুরুষে প্রসক্তি অতিগহিত, শ্রীমতীর মদনাতুর নিদারণ অবস্থা ভাল নয়' ইত্যাদি

বলিয়া তাঁহাকে উপদেশ

তৃতীয়াঙ্গে—মাধবীকুঞ্জে বিষধ-

ভাবে শ্রীরাধা উপবিষ্ঠা, প্রত্যাখ্যান-

করিয়াছেন।

ठनिटनन । শ্রীরাধার আক্ষেপ---'সামবেদের স্থায় মনোহর বংশীনাদ-শ্রবণে, ত্রিলোকস্থদার মদনমনোহর লাবণ্যসার প্রীমৃত্তি-দর্শনে এবং যুগ-প্তুদিত স্থ-চন্দ্ৰ-সদৃশ শোভানিধান ভুবনমোহন রূপ-ধ্যানে <u> প্রীরাধার</u> মন সতত্ই তাঁহাকে তৃষানলের আর দথা করিতেছে!!' শশিমুখী বলিলেন—'স্থি হে ! অস্থানে অমুরাগ করিও না, তোমার পক্ষে ক্ষয়ধ্যানটি যে 'উৎকলিকা-কুম্বুম-বিগলিত-মধুমিশ্রিত বিষ,' স্থতরাং অন্তত্ত মনোনিবেশই শ্রেয়:। অঞ্-নিঝ'র-প্রবাহ ছুটাইয়া প্রীমতী মদনিকাকে বলিলেন—(খ্রীলোচন-ঠাকুরের ভাষায়) স্থি হে ! কি কহব সে স্ব ছথ। আমার অন্তর হয় জরজর, বিদরিয়া যায় বুক।। প্রেমের বেদন না জানে কখন, নিদয় নিঠুর হরি। কুলিশ-সমান তাহার পরাণ, বধিলে অবলা নারী। প্রেম ছ্রাচার না করে বিচার, স্থানাস্থান নাহি জানে। সে শঠ লম্পট, কুটিল কপট, নিশি দিশি পড়ে মনে॥ হাম কুলবতী নবীনা যুবতী, কাম্বর পিরীতি কাল। তাহাতে মদন হইয়া দারুণ, হৃদয়ে হানরে শেল॥ আনের বেদন আনে নাহি জানে, শুনলো পরাণ স্থি। মোর মনোত্থ তুমি নাহি দেখ, আন-

জনে কাঁহা লখি॥ কি দোষ তোমার

পরাণ আমার, সে মোর বশ নয়। কাছ-বিরহেতে বলিলে যাইতে. তথাপি প্রাণ না যায়॥ নাবীর যৌবন দিন ছুই তিন, যেন পদ্মপত্ৰের कन। विधि स्माद्ध वाम. ना रहितन শ্রাম, আমার কর্মফল ॥ (৩।৯)

মদনিকা সান্ত্রনা দিয়া বলিলেন— 'মাধবের নিকট মাধবীকে তোমার চিত্রফলক লইয়া পাঠাইয়াছি।' মাধবী আসিয়া চিত্রফলক দেখাইলেন — চিত্রফলকে একটি শ্লোক লিখিত আছে—তাহার ভাব মদনিকা বাজ করিলেন—'তোমার ভাব জানিয়া শ্রীকৃষ্ণ তোমাতে অমুরক্ত।' শ্রীরাধা শ্রীকৃষ্ণমিল্নের জন্ম অধীরা হইয়া গাহিলেন---আকুল প্রাণে 'মঞ্জ,তরগুঞ্জদলি কুঞ্জমতিভীষণং'। মদ্নিকা উৎকর্গাময়ী গীতিকা-শ্রবণে ক্ষণার্দ্ধ বিলম্ব না করিয়া শ্রীকৃষ্ণস্বিধে গমন করিলেন এবং বলিয়া গেলেন যে 'এই বকুল-বুক্তলেই আমাকে দেখিবে।'

চতুর্থাঙ্কে—শ্রীরাধাপ্রাপ্তির জন্ম শ্রীক্বফের প্রবল উৎকণ্ঠা, মদনিকামুখে শ্রীরাধার উৎকট বিরহবিধুর অবস্থা শুনিয়া শ্রীরুষ্ণ ভাবপরীক্ষার যথেষ্ট নিদর্শন পাইলেন এবং শ্রীরাধাকে কুঞ্জে অভিসার করাইবার জন্ম আকুলতা প্রকাশ করিলেন। গ্রীরাধিকা অভিসার করত সঙ্কেত-আসিলেও মদনিকার কুঞ্ অমুপস্থিতিতে নানাবিধ আশঙ্কা করিতেছেন, এমন সময় মদনিকা আসিয়া এক্রিকের বিরহবিকার বর্ণনা শ্ৰীমতীকে করিয়া কুঞ্জে প্রেরণ করিলেন। এদিকে আবার শ্রীক্লফের

উৎকণ্ঠা বৃদ্ধি হইতে হইতে ঘোরতর নৈরাশ্য ও আদলা হইতেছে, এমন সময় নৃপুরংবনির শ্রবণে শ্রীকৃষ্ণ চমকিত হইয়া দেখেন যে সন্মুখে শীরাধাচন্দ্রিকার উদয় হইয়াছে—

রাধা মাধব-বিহারা। হরিমুপ-গচ্ছতি মন্থরপদগতি লখু লঘু তরলিত হারা॥ শঙ্কিত-লজ্জিত-রুসভর-চঞ্চল-মধুরদৃগন্তলবেন। মধুমথনং প্রতি সমুপহরন্তী কুবলয়দামরশেন। ইত্যাদি। শ্রীরাধার প্রবেশমাত্রই বিদূষক ও মদনিকার প্রস্থান হইল।

পঞ্চমাঙ্কে— - শ্রীরাধামাধ্যের সম্ভোগকেলিও তৎপরে অরিষ্টাম্পর-বধের বিষয় বণিত হইয়া নাটক সমাপ্ত হইয়াছে।

প্রীজগন্নাথবল্লভ নাটকে মঙ্গলাচরণ হইতে ফলসিদ্ধি প্রভৃতি পর্যন্ত সর্ব-সাধুসমত প্রণালী ও প্রক্রিয়া দেখা যায়। এীগোরাঞ্গ-মিলনের পুর্বেই ইহা রচিত হইলেও কিন্তু উহার ভাবর্দ যে মহাপ্রভুর সম্মত-এ বিষয়ে সন্দেহলেশও নাই। এই নাটকে শুঙ্গার, বীর, হাস্তা, ভয়ানক ও রৌদ্রবের স্পষ্ট নিদর্শন আছে। কবিবর শ্রীরাধাগোবিন্দের সম্ম অতিনিপুণতার সহিত অভতরসেরও অবতারণা করিয়াছেন—

রাধামাধ্ব-কেলিভরাদহমন্ত্তমাক-লয়াম। মিলিতমিদং কিল তমু-যুগলং পুনরপি न কঞ্চন ভেদং। বিষমশরাশুগ-কীলিতমিৰ স্থি গলিত চিরস্তন-থেদম॥

ত্বই তমু মিলিয়া মিশিয়া এক হইয়া গেল—ইহা হইতে অদ্ভূত আর কি আছে বা হইতে পারে ?' 'নারী

পুরুখ কোই লখই না পারয়ে ঐছে পবিবছৰেণকি ভাতি'—পদকর্কাব এই উক্তিও এসলেই প্রমাণীকত হইল। এই মিলন বাস্তবিকই অতি অম্ভূত, মহাপ্রেমের ব্যাপার, মর্জগতে সম্পূর্ণ অসম্ভব।

এই নাটকে শশিমুখী ও মদনিকার চরিত্র বিশেষভাবে উল্লেখযোগা। পৌৰ্থমাসী (যোগমায়া) এই নাটকে মদনিকা-নামে অভিহিতা: স্মতরাং স্বত্র তাঁহার কর্তৃত্ব ও কার্যকুশলতা ম্বস্পষ্ট। উভয়ের অমুরাগের বিক্সনে ও বিবৰ্দ্ধনে মদনিকাই পর্যসহায়। মিলন-বাধক সকল অন্তরায় নিরসনপূর্বক সজমপ্তথ-সাধন ব্যাপার সম্পন্ন করিয়াই মদনিকার মহা আনন্দ। মদনিকা, বিদূষক ও শশিমুখীর চরিত্র-চিত্রণ এই নাটকে 'প্রকরী'-স্থানাভিষিক্ত হইয়াছে। এই নাটকে ললিতা স্থীর অভাব স্পষ্টতঃই অমুভূত হয়। শশিমুখী শ্রীরাধাসখা হইলেও কিন্তু মৃহস্বভাবা পরিচারিকার জায়। এই নিম্প্রার্থা দৃতীর চরিত্রে বাগ্বিভাগচাতুর্য না থাকিলেও কিন্তু ইনি সত্যংবদা এবং মিষ্টভাবিণী। শশিমুখীর কর্ত্ব্যনিষ্ঠা, স্বকীয় কার্যভারগ্রহণের উপযোগিতা ও কার্যসম্পাদনের কৃতিত্ব প্রভৃতি সম্বন্ধে মদনিকার অত্যুত্তম ধারণা ছিল। মদনমঞ্জরী প্রভৃতি স্বস্থ কার্য-সম্পাদনে নাটকীয় রসপোষণের শাহায্য করিয়াছেন মাত্র। বিদূষক সর্বত্রই সরস, সজীব ও হাস্তরসের প্রফুল্লতাময়ী মৃতিতে বিরাজমান। নাটকীয় চরিত্রাঙ্কণে ও নাটকরচনা-পেণালীর বিশ্বেদ্ধিরক্ষণে প্রীরামান্দের প্রগাঢ় নৈপুণ্যের পরিচয় এই নাটকে সর্বত্র দেখা যায়। চরিতামতোক্ত 'ভাবপ্রকটনলাম্র'-ব্যাপারটি অতিহুল্ম মনস্তত্তের উপরে প্রতিষ্ঠিত—তাহার বিবরণ ভরত-মুনি-প্রণীত নাট্যশাস্ত্রে प्तर्हे वर । জগরাথবল্পভ আকারে ক্ষ হইলেও ভাবে ও প্রকারে ভাষায় অতিস্থন্দর,গীতগুলি (পদসংখ্যা कुछ इहेल् लाज्यां ৰাধুৰ্যে ও রসে ভাবে ভক্তগণের পরম প্রীতিকর। এই নাটকের সর্বত্রই শুঙ্গার রস, উপসংহারে অরিষ্টাম্পর-বধে বীররস; বিদ্যকের উক্তিতে হাক্সরস এবং অগ্রান্ত রস্তুলি অঙ্গী রসেরই অমুগত বা অঙ্গ।

শ্রীজগন্নাথবল্লভের অক্তান্ত অনুবাদ [অকিঞ্চন দাস, (কলিকাতা বিশ্ব-বিভালয় পুঁথি ১৫১২) গোপালদাস (ঐ পুঁথি ২৫৮২, লিপিকাল ১২৩৫ সাল) ও পুরাণদাস-কৃত (ঐ পুঁথি ৩৮২০)] থাকিলেও কিন্তু গ্রীলোচন দাসের পভাত্বাদেই মুলের মর্ম যথাযথ অনুদিত হইয়াছে, স্থলবিশেষে স্ফুটতরও হইয়াছে।

শ্রীনারায়ণ কবি স্বকৃত সঙ্গীতসারে 'কুদ্রগীতপ্রবন্ধ'-নামক শ্রীরামানন্দ-রায়-ক্বত এক গ্রন্থ হইতে 'চিত্রপদ' উদ্ধার করিয়াছেন। তাহার ভণিতা এই--'জয়ত রুদ্রগজেশ-মুদিতরামা-নন্দ-কবিরায়-কবিগীতম।

জয়দেবচরিত্র— শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য গ্রন্থকার শ্রীবনমালী দাস

শ্রীগীতগোবিশ্ব-রচয়িতা শ্রীজয়দেব গোস্বামির জীবন-চরিত চিত্তিত করিয়াছেন। ভক্তের চক্ষে যেরূপ সম্ভব, তিনি সেইরূপে জয়দেবকে দেখিয়াছেন এবং তদমুরূপ চিত্রিত করিয়াছেন-ঐতিহাসিক ঘটনাবলির জন্ম তিনি তাদৃশ লক্ষ্য করেন নাই। (বঙ্গীয় সাহিত্যসেবক ৪১৮ পঃ)। জয়দেবপ্রসাদাবলী--দ্বিজ প্রাণকৃষ্ণ-গীতগোবিদের অমুবাদ। (A. S. B. 5402)1 পূজারি হৈত্ত্মদাসের বালবোধিনী টীকার অবলম্বনে ১২৫৫ সালে লিখিত সর্বসমেত ৩৮ কৌশলে (পরিচ্ছেদাংশে) দ্বাদশ সর্গ সমাপ্ত হইয়াছে। ইহাতে অমুবাদকের কল্প-কুশলতার যথেষ্ঠ পরিচয় পাওয়া যায়। 'রতিপ্রথমারে' গীতের আংশিক অমুবাদ---'চল চল রসবতি ! রতিম্বখসার।

রসিক নাগর যথা কৈল অভিসার॥ রতির সাগর দেই তরঞ্ব-বিলাস। নিভৃত মঞ্জুল কুঞ্জ রসের আবাস॥ রশবতী রসরাজ যত ইতি কেলি। বহিছে প্রেমের বক্তা অধিক উপলি॥ হেন রতিসারে ধনি ! পরসিলে ঘুচয়ে বিরহ-তাপ অন্তর বাহির॥ অপরূপ মদনমোহন করি' বেশ। তোমা লাগি বসিয়া চিস্তয়ে ন করু' বিলম্ব, শুন কমলিনী রাই ! গমন-বিলম্বে আর কিছু কাজ নাই॥ অমুসর কমলিনি!

সক্তেত-নিলয়। মিলহ ত্রায় গিয়া শ্রামের হৃদয়॥.....ইত্যাদি।

অস্তিমে—'প্রেক্ত রামচন্দ্র মোর কুপার নিধান। প্রীজয়দেব প্রসাদা-বলি প্রাণক্তঞ্চ গান॥

জাহ্বা-তত্ত্বমর্মার্থ-- জ্রীলগতি -গোবিন্দপ্রভুর রচনা। মা জাহ্নার কথাই ইহাতে আলোচিত হইয়াছে। খণ্ডিত--[পাটবাড়ী পুঁথি বি ৬২ की।

জাক্তবাষ্ট্ৰক (Madras Oriental Mss. Library 3053) এজীব-গোস্বামিতে আরোপিত স্তোত্র। জুমর-কোম্দী'—ব্যাকরণের পুঁথি

মান্ত্রাস আডিয়ার গ্রন্থালয়ে স্থরক্ষিত আছে। কাহারও মতে <u> খ্রীগোবিন্দলীলামৃত</u> હ শ্ৰীকুষ্ণ-

কর্ণামতের অমুবাদক। [ব্যাকরণ দর্শনের ইতিহাস-প্রথম খণ্ড]। **জৈবধর্ম—**শ্রীকেদারনাথ ভক্তিবিনোদ-

রচিত। সহজভাষায় সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজন-নির্ণায়ক তত্ত্বোপদেশ-দায়ক ভক্তিগ্রন্থ—প্রশোতরচ্ছলে বহু কুট ইহাতে স্বস্পষ্ট স্মাধান চল্লিশটি অধ্যায়, প্রতি বিভাষান !

ধরিয়া তাহারই অমুকূল প্রতিকূলে যত যত যুক্তিতর্ক হইতে পারে, উট্টঙ্কনপূৰ্বক অপূৰ্ব-তাহাদের

একটি বিশেষ প্রকরণ

মীমাংসা। অবিছা, অল্পবিছা বা সবিছা সকলেরই জন্ম এই গ্রন্থ।

অধ্যায়ে



তত্ত্বদীপিকা—শ্রীরামরায় গোস্বামিপ্রণীত, শ্রীগীতগোবিন্দের ব্যাখ্যাগ্রন্থ।
মঙ্গলাচরণের দিতীয় শ্লোকে
শ্রীগোরের বন্দনা যথা—

নিত্যানন্দ-রসার্ণবং স্বচরিতৈর-বৈষ্ঠভাবাস্পদং,রামানন্দযুতং সনাতন-পদং রূপেণ বিল্রাজিতম্। লীলা-লোল-গদাধরং করুণয়া প্রীবাস-বাসাস্পদং, নিত্যং সর্বহরিপ্রিয়াভি-ল্যিতং গৌরঞ্জুফ্যং ভজে॥

প্রথম শ্লোকের ব্যাখ্যাটি অপরূপ — 'কলাচিৎ জ্রীরাধামাধব-বিবাহমহা-**শ্রিচন্দ্রাবলী** মহোৎসব - প্রবৃত্তা প্রীরাধামাহ ইত্যাদি। চন্দ্রাবলী গ্রীরাধাকে বিবাহ-মন্দিরে যাইবার জগু প্রেরণা দিতেছেন। তৎপরে— 'ইখ্যমুনা দেশত: ভাবেন গ্রীচন্দ্রাবলী - স্থানতঃ শ্ৰীনন্দগৰী-নিকুঞ্জে নন্দয়তি জগদিতি নন্দ তিখিন আননঃ সোহস্থান্তীতি শ্রীমদানন্দ-তীর্থমধ্বাচার্যস্ত শ্ৰীবৃন্দা-বনস্থান্তরঙ্গনিকুঞ্জে ইতি ভাবঃ' ৷ তৎপরে তৃতীয় শ্লোকে বলা হইয়াছে এই বিবাহটী গান্ধর্বমতেই সম্পাদিত হইয়াছে।

তত্ত্ব মুক্তাবলী———গোড়পূর্ণানন্দ বিরচিতা; অন্ত নাম—'মায়াবাদশতদূষণী'। ইহাতে ১২০টি শ্লোক
আছে। শ্রীনিবাস স্থরি তদীর
শ্রীভাগবতের টীকায় (১০!৮৭।৩১)
তত্ত্বমুক্তাবলির (৮২—৮৪) শ্লোক
উদ্ধার করিয়াছেন। এই গ্রন্থে
'গ্রহং ব্রহ্মান্মি' বাক্য ভূতশুদ্ধিপর

এবং 'তত্ত্বযদি' বাক্য তদীয়ত্ব-বাচক বলিয়া প্রতিপাদিত হইয়াছে। **তত্ত্বসংগ্রহ—শান্তিপু**রের মোহন গোস্বামি-ভট্টাচার্য-রচিত ৫৪ পত্ৰাত্মক পুঁথি (I.O. p 811; শান্তিপুর-পরিচয় ৬৬০ পৃঃ)। তত্ত্বসন্দর্ভ — শ্রীশ্রীজীবগোশ্বামিপাদ-সংগ্রথিত বৈঞ্চব-দর্শনশাস্ত। প্রথম মঙ্গলাচরণ ['ক্লফ্রবর্ণং' ইত্যাদি] স্থেষ্টদেবতার निटर्मभ, প্লোকে দ্বিতীয় ['অন্ত:কৃষ্ণং'] শ্লোকে শ্রীগোরাঙ্গদেব স্বোপাস্থ ঐবজেন্দ্রনাভিন্ন-স্বরূপ তাহারই প্রতিপাদন বা প্রথম শ্লোকেরই ব্যাখ্যা-বিশেষ, তৃতীয় শ্লোকে শ্ৰীগুৰু পরমগুরুত্বযুকে গ্রন্থরচনার প্রবর্ত্তকরূপে বর্ণনা, চতুর্থ ও পঞ্চম-লোকে পূর্বাচার্য বৃদ্ধবৈষ্ণবগণ-(শ্রীমন্ মধ্বাচার্যাদি)-কৃত গ্রন্থসমূহের সার-দক্ষলনে রচিত হওয়ায় এই **গ্র**ন্থের শ্রোতসিদ্ধান্ত - অমুসরণ স্বকপোলকল্পিতত্ব-নির্মান, ষষ্ঠ শ্লোকে অধিকারি-নিরূপণ, সপ্তমে মন্ত্রগুরু ও শিক্ষাগুরু প্রভৃতির প্রণামপূর্বক গ্রন্থারন্ত-স্তুনা এবং নব্যে শ্রোতৃ-বর্গের প্রবোচনামূলক আশীর্বাদমুখে গ্রন্থের বস্তুনির্দেশ ভগবানের ব্রহ্ম-পর্মাত্ম-ভগবৎরূপে ত্রিবিধ প্রকাশ] বিবৃত হইয়াছে। মুখ্য বিষয়-সমূহ—(১) অভিধেয়-প্রয়োজনতত্ত্ব, (২) অচিন্ত্য বাস্তব বস্তুর স্বরূপ-নিরূপণে শব্দ-প্রমাণ ব্যতীত প্রত্যক্ষাত্রমানাদির

ব্যর্থতা ও ব্যভিচারিতা, (৩) তর্কের অপ্রতিষ্ঠান ও শক্ষ-প্রামাণিকতা. বেদপুরাণাদির আবিৰ্ভাব-তিরোভাব, (৫) পুরাণের পঞ্চম-শান্ত্ৰিক. রাজসিক তামিকাদি পুরাণ-বিভেদ, সাত্তিক ? পুরাণই গ্রাহ্ম, তদমুযায়ী হইলে অক্তান্ত পুরাণের প্রামাণিকতা, বেদের অক্তরিম ভাষ্যভূত শ্রীমদ্ভাগৰতের নিগুণত্ব ও প্রমাণ-শিরোমণিত্ব, (৬) প্রীকৃষ্ণবৈপায়নের শ্রেষ্ঠতা. শ্রীমদভাগবতের পরিচয়, প্রাধান্তাদি, (৮) শ্রীমন্মধ্বাচার্য, শ্রীধরস্বামি প্রভৃতি আচার্যগণের উপাশ্ত ভাগবত, **শ্রীবেদব্যা**সের **ग**মাধিলক ভাগবত (১০) ভক্তির শ্বরূপশক্তিত্ব, একজীববাদ-খণ্ডন, (১২) সাধনভক্তির প্রয়োজনীয়তা, (১৩) দেহ হইতে আত্মার পৃথক্ত, (১৪) নিবিশেষ জ্ঞান হইতে প্রেমের আদরণীয়তা, (১৫) আশ্রয়-তত্ত্ব, (১৬) সর্গাদি নির্ণয়, (১৭) স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণই মুখ্য আশ্রয় ইত্যাদি। প্রতি সন্দর্ভের উপসংহারে—'ইতি কলিযুগপাবন - স্বভজনবিভজন -প্রয়োজনাবতার - শ্রীশ্রীভগবৎকুষ্ণ -চৈতগ্রদেবচরণামুচর -বিশ্ববৈঞ্চবরাজ-সভাসভাজনভাজন-শ্রীরপ্রপ্রপাতনামু-শাসনভারতীগর্ভে শ্রীভাগবত-সন্দর্ভে' নাম প্রথমঃ সন্দর্ভ: তত্ত্বসন্দর্ভে! ইত্যাদি। **তত্ত্বসন্দর্ভ-টীকা—**শ্রীবলদেব বিচ্ঠা-

ভূষণ-কৃতা। লঘুভাগবতামৃত-টীকার

প্রারম্ভ-শ্লোকে ইহার মঙ্গলাচরণ: তৎপরে আনন্দতীর্থ, শ্রীরূপ সনাতন, শ্রীজীবপ্রস্থু প্রভৃতিকে এক এক শ্লোকে প্রণতিপূর্বক ব্যাখ্যানারস্ত। গল্পীরাশয় শ্রীজীবের অক্ষর-কার্পণ্য ও শ্লিষ্টশব্দ-প্রয়োগবাতল্যাদি নিবন্ধন কলিহত জীবের তদ্রচিত সন্দর্ভে আলস্থবণতঃ অপ্রবৃত্তি হইতে পারে, এই বিবেচনায় বিগ্যাভূষণ প্রতি শৃন্দর্ভের বিবৃতি করিতে প্রবৃত্ত হইয়াছিলেন: তত্ত্বসন্দৰ্ভ কিন্ত ব্যতীত অন্তান্ত সন্দর্ভের টিপ্পনী ত্বপ্রাপ্য। উপসংহারে—

টিপ্রনী তত্ত্বসন্দর্ভে বিস্তাভূষণ-নিমিতা। শ্ৰীজীবপাঠ - সম্প্ৰতা সম্ভিরেষা বিশোধ্যতাম।

দার্শনিক সন্দর্ভকারের গন্তীরাশয় দার্শনিক বিছাভূষণের টিপ্পনীতেই বিশ্লেষণ পাইয়াছে—ইহা वलाई निर्श्वरमां जन। (२) भाषि-পুরের রাধামোহন গোস্বামিভট্টাচার্যও এক টিপ্লনী করিয়াছিলেন, তাহা ক**লি**কাতা (চৈতগ্ৰাব্দ ৪৩৩) দৈৰকীনন্দন প্ৰেস হইতে মুদ্ৰিত ছইয়াছিল। মঙ্গলাচরণে—'চৈত্ত্যং প্রগানন্দমদৈতং দ্বৈতকারণম্' ইত্যাদি।

ত্ত্তসূত্র—শ্রীকেদারনাথ ভক্তিবিনোদ-রচিত। ইহাতে ৫০টি হত্তে পাঁচটি প্রকরণে শ্রীচৈতগ্রমহাপ্রভুর সম্প্রদায়-সম্মত অপূর্ব সিদ্ধান্তমালা গুম্ফিত প্রথম বিভাগ তত্ত্ব-হইয়াছে। প্রকরণ যথা—(>) একঃ পরো নাতঃ; (২) অগুণোহিপি সর্বশক্তিরমেয়ত্বাৎ ইত্যাদি। দ্বিতীয় চিৎপদার্থ-প্রকরণ. তৃতীয় অচিৎপদার্থপ্রকরণ, চতুর্থ

সম্বন্ধ প্রকরণ এবং পঞ্চম সিদ্ধান্ত-र्गी०८ প্রকরণ। প্রতি প্রকরণে করিয়া হত্ত। উপাস্ত্য হত্তে শ্রীমন্-মহাপ্রভুকেই বৈষ্ণব সকল সম্প্রদায়ের আদি প্রবর্ত্তক বলিয়া উল্লেখ আছে—'চৈতন্তস্ত্ৰ সৰ্বাচাৰ্যস্থা-বির্ভাবে ন গুর্বস্তরং ॥ ৪৯ ॥ প্রীচৈতন্ত্র-দেব হইতে প্রাপ্ত সারগ্রাহিমতটি এইভাবে স্থাতিত হইয়াছে—'পরে পুর্ণাক্সরক্তিরিতরেষু তুল্যা যুক্তবৈরাগ্যঞ্জি সারগ্রাহি মতম্ (৫০)। এই স্ত্রকারের বিচার-বিশ্লেষণ ও ব্যাখ্যানাদি অতি স্থন্দর, মনোরম ও প্রাঞ্জল। **তাৎপর্যদীপিকা**—মেঘদূতের উপর

শ্রীসনাতন গোস্বামিপাদ-কৃত টীকা। India Office Catalogue Vol. VII. p. 1422] এই টীকাটি প্রীযুক্ত যতীন্ত্রবিমল চৌধুরী মুদ্রিত করিয়াছেন। উপক্রমে—

উপনীতং নবনীতং কর্তল-মভিতো ব্ৰজগৃহিণীভিরদন্। মাধুক-বৃত্তির্যতিরিব করপাত্রী নন্দকে! জয়তি ॥ ১ ॥ ব্যাখ্যাঃ প্রাচাং সমালোচ্য শ্রীসনাতন-শর্মণা (१)। তমতে মেঘদূতশু টীকা তাৎপর্ঘ-দীপিকা 🎚

ভালার্থব--- শ্রীনরহরি-(ঘনগ্রাম)-ক্বত অংশ-বিশেষ। গীতচন্দোদয়ের রাজপাঠাগারে প্রাপ্ত। আগরতলা ইহা প্রীগৌরকৃষ্ণলীলামূতের অধ্যায় ৷ প্রথমতঃ তালের লক্ষণ, তালাঙ্গ-বিভাষা, গুরু-লঘু-সংজ্ঞা ও মাত্রানিয়ম, মাত্রা-প্রমাণ, ধরণ, ঘাত-স্থান, তালপ্রাণ দশটি—কাল, মার্গ (ঞ্জব, চিত্র, বার্ত্তিক ও দক্ষিণ),

ক্রিয়া (নিঃশকা ও সশকা), নিঃশকা ক্রিয়া (আবাপ, নিঃক্রাম, বিক্ষেপ ও প্রবেশক), সশকা ক্রিয়া (ধ্রুব, শম্পা, তাল, সন্নিপাত), গ্রহ (সম, অতীত, অনাগত ও বিষম), জাতি, কলা, লয়, যতি (সমা, স্লোভোগতা, মৃদঙ্গা, পিপীলিকা, গোপুজা), প্রস্তার, উদ্দিষ্ট, নষ্ট, তালঘাতন-প্রকার এবং চচ্চৎপুটাদি ১০১ প্রকার তালের লক্ষণাদি। তারপরে কবি গীতে তালোদাহরণ দিতে প্রবৃত্ত হইয়া **শ্রীগৌরগোবিন্দের** বৰ্দনা করত বলিতেছেন—

'তাহে গৌরক্ষঞ্লীলামূত গাই। ইথে যে গায়নক্রম সংক্ষেপে জানাই॥ প্রথমে শ্রীগৌরজন্মোৎসব জানাইব। তত্বপরি নিত্যানন্দাদ্বৈত-জন্ম গাবো॥ ততুপরি গৌরা**ন্দে**র (शानिकानि नीना। क्रायाल शाहेच যা' শুনিয়া দ্রবে শিলা॥ ততুপরি কিছু বলদেব-জন্ম কৈয়া॥ প্রীক্লফের বিস্তারিয়া॥ গাব শ্রীরাধিকা-জন্মোৎসব গাব তারপর। তত্বপরি হোরিকাদি যাত্রা মনোহর॥ শ্রীকৃষ্ণের জন্মোৎসব আদির প্রথমে। গাব গৌরভাবাবেশ সংক্ষেপস্থক্রমে॥ নানাতালে সংযোগ করিব গীতগণ। তালার্ণবে দেখ এই তালের লক্ষণ॥ শ্রীগুরুগোরাঙ্গরুঞ্চ-পদ ধ্যান করি। গৌরক্বঞ্লীলামুত কহে নরহরি॥' অতঃপর খণ্ডিত।

ত্রকা-পঞ্চকম্-—শ্রীপ্রতাপক্ত্রদেবের জগনোহিনী বা তুকা শ্রীকৃষ্ণদেব রায়ের পত্নী। তুকা পাঁচটি শ্লোকে এই পঞ্চৰ করেন বলিয়া প্রসিদ্ধি [Sources

প্রভৃতিও বর্ণিত হইয়াছে।

Vijaynagar History p. 143-144]। किছ Dr. Krisnamachariar তৎকৃত History of Classical Skt. Litt (p 219.

Footnote 6) বলিয়াছেন যে শমস্ত পত্ত তৃঞ্চার রচনা নহে, কেননা আফুমানিক নবম শতাব্দীর শেষভাগ ও দশম শতাকীর প্রারক্তে আলম্ভারিক মুকুলভট্ট-রচিত 'অভিধাবজিমাতকা' গ্রন্থে ইহার একটি পত দৃষ্ট হয়।

শ্রীগোবিশ্বলীলামতের আধারে কবি-

श्वपरम स्मृतिक नीनामानाई ইহাতে

দৈনন্দিন প্রতি দণ্ডের আস্বাদন-

দশম-চরিত (চৈচ মধ্য ১/৩৫) শ্রীমদ

শ্রীরাধাকুফের

বাঞ্জিত হইয়াছে।

দানেই ইহার তাৎপর্য।

দণ্ডাত্মিকা - কবিশেখর-ক্বত প্রতি पटखत नीना-पर्वना। ४२० है कविख. দোহা, দবৈয়া প্রভৃতিতে ব্রঞ্ভাষায় একথানি পুঁথি লিখিত প্রতিযামের গিয়াছে। তাহাতে দণ্ডাত্মিকা লীলা লিখিত হইয়াছে। প্রীঅদ্বৈত্রবরণ <u>শ্রীরাধারমণ্যেরায়</u> গোস্বামিজির নিকট মূল পুঁথি আছে। ইহার শ্রীমনমহাপ্রভু. প্রথমে শ্ৰীঅদৈতপ্ৰভু, শ্রীনিত্যানন্দপ্রতু, শ্রীগোপালভট্ট, শ্রীরূপদনাতন. গ্রিদাসগোস্বামী. প্রীজীবগোস্বামিজী প্রভৃতির পরে শ্রীনিবাসাচার্যপ্রভূরও প্রিয়াদাসজির আছে | বন্দনাও আছে। ইহাতে ব্ৰজবৰ্ণনায় যাবতীয় লীলাম্বলীর চিত্তচমকপ্রদ गशीनरात युशानि (तुरुन-গৌতমীয় তন্ত্রের অমুসারে) তারপরে অইয়ামের প্রতি দণ্ডের চিত্ৰোক্তৰ कतिशास्त्र। अष्टेकानीन नीनावनि সন্বুমার সংহিতার ৩৬তম পটল এবং শ্রীগোবিন্দলীলামুতের আধারেই রচনা করিয়াছেন। খণ্ডিত গ্রন্থ: অষ্টম যামের রাস্বর্ণনারভেই ক্রটি। পরিচয়াদি গ্রন্থকারের নাম বা অজ্ঞাত।

ভাগবতের দশ্য স্কল্পে বর্ণিত লীলা-মালাদারা গুন্ফিত লীলাস্তব। শ্রীসনাতনগোস্বামি-কর্ত্ত ক রচিত। प्रभाग-िश्रेनी (टेव्ह मशु ১/৩৫) বুহদবৈষ্ণবতোষণীর নামান্তর। **দশगृलत्रम - दिवशवजीवन-**>৮२> শাকে এই বিরাট গ্রন্থ শ্রীপাট বাঘনা-পাড়ার শ্রীবিপিনবিহারী গোস্বামী মহোদয় ব্ৰহ্মস্ত্ৰ, উপনিষ্ণ, বিবিধ পুরাণ ও তন্ত্রাদির অবলম্বনে বঙ্গ-ভাষায় বিবিধ ছন্দে প্রমাণপ্রয়োগ-পুর: সর বর্ণনা করিয়াছেন। ইহাতে অদ্বৈতবাদ-খণ্ডন, অচিন্তাভেদাভেদ-বাদ, ঈশ্বর, জীব, মায়া, ভক্তি, প্রীতি, প্রেম, রস প্রভৃতি বিষয়ে বিস্তারিত-ভাবে আলোচনা করা হইয়াছে। দশম মূলে প্রীবংশীবদন ঠাকুরের বংশলতা, শ্রীমনমহাপ্রভুর শ্রীমৃতি-প্রতিষ্ঠা (১৯৮ পৃঃ), জীরামচক্র প্রভুর আবির্ভাব ও শ্রীকানাইবলাইর দণ্ডাত্মকা^২—রায়শেখর-ক্বত ১২০টি প্রাপ্তি ও বাঘনাপাড়ায় আনয়নাদি, ব্ৰজবুলি-ভাষা-নিবদ্ধ পদ। প্ৰধানতঃ বংশীবটের উদ্ভব, গ্রন্থকর্তার জীবনী ノシト

দশশ্লোকী-ভাষ্য — গ্রীরাধারুফদাস গোস্বামি-প্রণীত। প্রীপ্রীগৌর-প্রেম-লক্ষী প্রীপ্রাপাধর পণ্ডিতগোস্বামি-পাদের শিষ্য শ্রীঅনন্ত আচার্য, তাঁহার গ্রীগোবিনের সেবাধিকারী শ্রীহরিদাস গোস্বামী, তাঁহার শিঘাই এই গ্রন্থকার। শ্রীকবিরাজ গোস্বামি-**প্রিগোবিন্দলীলামু**তের মূলস্বরূপ দশটি শ্লোকেরই টীকাবিশেষ —এই 'দশশ্লোকীভাষা'। ঐ দশটি শোক প্রীপাদ প্রীরূপকৃত 'মরণমঙ্গল' বলিয়া জানিতাম, কিন্তু এই গ্রন্থকার-মতে উহাও গ্রীরূপপ্রভুর আদেশে শ্রীমৎ ক্লফ্ডদাস কবিরাজ গোস্বামি-প্রভুরই রচনা (১২ পঃ)। ইহাতে প্রথম তুই শ্লোকেরই বিস্তৃত আলোচনা করত অবশিষ্ঠ শ্লোকগুলির অন্বয়ম্থে আকর-গ্রন্থের সহিত ঐ শ্লোকের সমন্বয় রাখিবার জন্ম ঐ আকর গ্রন্থের শোকাবলিরই উদ্ধার করিয়াছেন। প্রথম ত্বই শ্লোকেই যাবতীয় তথ্য অশেষ-বিশেষে ইনি আলোচনা ও আস্বাদন করিয়াছেন। এই গ্রন্থ-সঙ্গদে তাঁহার মূল উপাদান হইতেছে-—ভক্তিরসামৃত, নীলমণি ও লঘুভাগবভাযুত। প্রথম শ্লোকে বর্ণয়িতব্য বিষয়

দশশ্লোকী-ভাষা 3698 — শ্রীশ্রীগৌরস্থন্দরের ভগবন্তা-নিশ্চয়-সহকারে তদীয় উপদেশ-সারসংগ্রহে এই গ্রন্থ বচনা করায় ইহাতে তাঁহারই স্বার্ভ আছে, বুঝিতে ছইবে। গ্রন্থ-রচনার কারণ, অমুবন্ধ-চতুষ্ঠয়-নিরূপণ, চতুবর্গতিরস্কারি-প্রেমসেবার সাধাশিরোমণিত্ব-নির্ধারণ, শ্রীরাধাপ্রাণবন্ধুর চরণ-কমলে প্রেম-সেবাই সাধ্যশিৱোমণি কেন গ তদ্বিয়ে বিস্তৃত আলোচনা, আশ্বাদন ও অভূতপূর্ব বিশ্লেষণ; প্রসঙ্গতঃ প্রীক্বফের স্বয়ংভগবত্ত্ব-বিচার, পূর্ণাদি স্বরূপত্রয়ের বিচার, নিখিলগুণাবলির প্রকাশন ইত্যাদি। ব্রজে স্বাভাবিক প্রকাশ হইতেও দাস্তরদৈকভক্তদের সম্পর্কে প্রকাশাতিশ্যা-সম্বন্ধে বিশেষ বিচার: ক্রমশঃ স্থা, বাৎস্লা ও মধুর রদের প্রকাশাতিশয়ের বিস্তৃত বিচার, এতৎসম্বন্ধে বিবিধ আশ্বনার

নির্সন, শ্রীক্লফে বিরুদ্ধ ধর্মকর্মাবলির সমাবেশ, ক্ষীরোদশায়ীর অবতারাদি-ভ্রম-নিরাস, শ্রীরাধার আফুগত্যে শ্ৰীক্ষণভজনই যে সৰ্বশ্ৰেষ্ঠ তদ্বিষয়ে বিবিধ প্রমাণ ও সদ্যুক্তি-প্রদর্শন, অধিকারি-নিরূপণ, 'गाएटनोरेनाक' পদের 'এক' শব্দের পঞ্চবিধ ব্যাবৃত্তি-প্রদর্শনমুখে বিশুদ্ধ-ভজন-মার্গের বিনির্দেশ, রাগমার্গীয় পছার সম্যক্ বিনিরূপণ ইত্যাদি। দ্বিতীয় শ্লোকে——লীলাসমূহের

নিত্যভাস্থাপন, ভগবদবিগ্রহধারণের প্রয়োজন, লীলাস্থানের ও পরিকর-গণের নিত্যতা; অপ্রকট ও প্রকট লীলার সমন্বয়, লীলাপরিকরগণের পরিচয়, ঔপপত্য ও পারকীয়ত্ব-বিষয়ে বিশেষ বিচার ইত্যাদি।

শ্রীচৈতশ্রচরিতামত - রচনাকালে গ্রীহরিদাস পণ্ডিত গ্রীপ্রীগোবিন্দের সেবাধ্যক্ষ ছিলেন বলিয়া (চৈচ আদি ৮।৫৪-৫৮) প্রকাশ, স্থতরাং ১৫৩৭ শকাকায় চরিতামতের রচনাকাল ধরিলেও আমুমানিক ১৫৫০ শকাকার অব্যবহিত কাল্মধ্যেই গ্রন্থকারের শ্রীবৃন্দাবন-গমনাদি ধরিতে ফলতঃ ষোডশ শকশতাকীর মধ্যভাগে এই গ্রন্থের রচনাকাল মানিতে হইবে। ইহারই রচিত 'সাধন-দীপিকা'য় মন্ত্রময়ী উপাসনা বিবৃত হইয়াছে, ইহাতে কিন্তু স্বারসিকী উপাসনারই বিশিষ্টভাবে আলোচনা আছে।

নানকেলিকোমুদী—গ্রীক্রপগোস্বামি-

শ্রবণরসায়ন

ভাণিকার নায়ক ধুর্গুচরিত্র, বিট

অন্তর্গত

ইহা

গ্রহ |

জামাতা

নিযক্ত

<u>জীরাধা</u>

গুরুগণের

যজ্ঞমণ্ডপ্ৰে

তটে এক

রচিত উপরূপক ভেদের

চাতুৰ্যপূৰ্ণ

'ভাণিকা', একান্ধ নাটক।

এবং ইহাতে বসনাদি বেশের চাই। নায়িকাও থাকা উদাতগুণবিশিষ্টা চাই ৷ হওয়া আলোচ্য ভাণিকায় ঘট্টপাল প্রীকৃষ্ণ-দারা শ্রীরাধাপ্রভৃতি গোপীদের রস-ময়ী বিজ্বনার হর্ষময় ব্যাপারই বৰ্ণিত হইয়াছে। স্থান—গোবৰ্দ্ধন-গিরিপ্রান্তবাহিনী মানসগঙ্গার ভট। বিষয় — শ্রীবস্থদেব নিজপুল বলদেব শ্রীক্লফের শান্তি এবং মিত্তপুত্র গর্গের

কামনা করত

যজামুষ্ঠান

তাঁহার

ভাগুরিকে প্রতিনিধিরূপে

ক্রিয়াছেন।

স্থীগণসূহ

করিয়া গোবিন্দকুণ্ডের

আদেশামুসারে সেই

করিয়াছেন। এই সংবাদ নান্দী-মুখে শ্রীকৃষ্ণ পূর্বাহ্নে অবগত গোবর্দ্ধনে দানঘাটের রক্ষকরূপে শ্রীরাধিকা ও সখীগণের নিকট শুল্ক করেন-এই ঘটনা লইয়া বাদবিসম্বাদ হইতে উভয়পক্ষে লাগিল—অবশ্যে পৌর্ণমাসীর মধাস্থতায় চর্মসীমাপন্ন বাদবিবাদের নিষ্পতি হয়। এই ভাণিকা-রচনার হেতু এই—

হৈয়প্রবীন বিক্রেয় করিবার জন্ম যাত্রা

'এরাধাকুওভটাকুটারবদভি' গ্রীদাস-গোস্থামিপানের ললিত্যাধবের পাঠ-ভানিত মহাবিপ্রলন্ত্যয় ঘটনাপারম্পর্য হইতে সমুদ্ভত প্রবল বিরহ্বিধুরতার উপশ্য। শ্রীরঘুনাথ স্বয়ং বিপ্রলম্ভ-রদের প্রাকট মৃত্তি, তত্মপরি নাটকের মহাবিপ্রলম্ভাত্মক কাহিনীর পাঠে তিনি উন্মন্তপ্রায় হইয়াছিলেন, এমন তাঁহার প্রাণরক্ষাও শ্ৰীরূপ তখনই এই হইয়াছিল। मट्छाग-तमनिथान 'मानटक निटको भूमी' রচনা করত রঘুনাথকে দিয়া শোধন-ললিতমাধ্ব ফিরাইয়া ব্যপদেশে আনেন। শ্রীরঘুনাথও রসান্তরে করিয়া কিঞ্চিৎ স্থস্থ মনোনিবেশ হইলেন এবং স্বয়ংও 'মুক্তাচরিত' ও 'দানকেলি-চিন্তামণি'-নামক সভোগ-রসপ্রচুর হাসপরিহাসাত্মক ক†ব্যদ্বয় রচনা করিলেন।

এই গ্ৰন্থ ১৪৭১ শাকে (মমুশতে চন্দ্রসম্বিতে) রচিত হইয়াছে ১৪৬৩ শাকে সমাপ্ত ভক্তিরসামতে (২।৪।১০, ২৭০; ৩,৩৯৯; ৩।৫।১৮) দানকেলিকৌমুদীর শ্লোকচতুষ্টয় উদ্ধৃত হইয়াছে দেখিয়া কেছ কেছ

আপত্তি করিয়া বলেন যে দানকেলি তৎপূর্বেই রচিত—কিন্তু (মন্তুশত চন্দ্রস্থর-সম্বিতে) ১৪৭১ শাকে मानत्किनिकोश्रमीत तहना मगाश्रित তারিখ->৪৬২ শাকের পূর্বে বা তৎসমকালে আরন দানকেলির কিয়দংশ রচনার পরে প্রীপাদ ভক্তি-রুসামৃত আরম্ভ করিয়া ঐ দান-কেলির কিয়দংশ হইতেই লোক উদ্ধার করিয়াছেন। দান-কেলির ৪১৪ অমুচ্ছেদের মধ্যে ৭, ৫৫, १৯ ७ ১১१ अञ्चलका इहेर छहे পূৰ্বোক্ত শ্লোকমালা উদ্ধৃত হওয়াতে আমাদের এই যুক্তি নিতান্ত উপেক্ষিত নহে ৷ বহরমপুর সংস্করণে টীকাটি শ্রীজীবপাদ-রচিত বলিয়া উল্লিখিত হুইলেও কলিকাতা সংস্কৃত কলেজের, এসিয়াটিক সোসাইটির এবং পুণা ভাণ্ডারকার অমুসন্ধান সমিতির গ্রন্থতালিকায় (মহতী) টীকাটি প্রীচক্রবন্তি-পাদেরই নামান্ধিত দেখা যায়। যত্নন্দন ঠাকুর পয়ারাদিছন্দে পতাগ্রবাদ করিয়াছেন। দানকেলিচিন্তামণি-- প্রীরঘুনাথদাস-গোস্বামি-রচিত খণ্ডকাবা। ললিত-মাধবের বিরহস্রোতে পড়িয়া গ্রীদাসগোদ্বামির জীবন-সম্বট উপস্থিত হইয়াছিল: কিন্তু দানকেলি-কৌমুদীর হাস্তপরিহাসময় নিত্য সম্ভোগাত্মক ঘটনাবলির পাঠ করিয়া তিনি রসাস্তরে মনোনিবেশ করত ত্মন্ত হইয়া এই কাব্যপ্রবন্ধ রচনা করিয়াছেন-এই গ্রন্থেও নৈমিত্তিক দানলীলাই বৰ্ণিত হইয়াছে। কুন্দগতা ইহার শ্রোত্রী এবং স্বয়ুখী मथी-रङ्गी। शादिलकूए पश्चि

ভাগুরি যজ্ঞ করিতেছেন—গোপীগণ শীকুণ্ড হইতে নব্যগব্যাদি মন্তকে বহন করিয়া তথার যাইতেছেন— গিরিরাজের শিরোদেশে শ্রীকৃষ্ণও স্থাগণ-বেষ্টিত হইয়া অপরূপ দা**ন**-ঘাটি সাজাইয়া দণ্ডায়মান-নাগর-নাগরী উভয়ে উভয়ের রূপ মাধুরী-পানে গাতিশয় তৃপ্ত হইতেছেন— মধুমগলের ইঙ্গিতে শ্রীকৃষ্ণ শ্রীরাধাদি গোপীগণকে অবরোধ করিলেন-তখন বাদবিবাদরূপ পরিহাসাত্মক বাক্যভন্নিবিক্তাদে দানগ্রহণচ্ছলে শ্রীরাধার অঙ্গপ্রতাঙ্গ-বর্ণনা ও তত্তদঙ্গ-বিশেষের সন্তোগ-প্রার্থনা আরম্ভ হইল। যখন এই বাদবিবাদ চরম সীমায় উঠিল এবং ব্রজম্মারীগণ মুতঘটীসমূহ মস্তক হইতে উত্তারণ পূর্বক গিরিরাজের পাদদেশে অবস্থান করিতেছিলেন—তখন হঠাৎ নান্দী-মুখী আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার সমুখেও একিন্ত রসচাঞ্চা বিস্তার করিতে থাকিলে গ্রীরাধাও কপটক্রোধভরে কটাক্ষবাণে তাহাকে জর্জরিত করিলে নানাবিধ সাস্ত্রনাদানে নান্দীমুখী উভয়পক্ষের শাস্তি বিধান করিলেন, নির্জন গিরি-গুহায় মিলনাস্তে শ্রীকৃষ্ণ গোচারণে গেলেন এবং শ্রীরাধাও গোবিসকুও যজ্ঞশালায় উপস্থিত হইলেন।

শ্রীদানগোস্বামী এই গ্রন্থ শ্রীরপচরণের রূপাপ্রস্থত বলিয়া ২, ১৭৪
ও ১৭৫ শ্লোকে উল্লেখ করিয়াছেন
এবং শ্রীরপ্রাক্তরণাজমূলে স্বীয়
বিনয়পর্ভ বাক্যপৃশাঞ্জলিও বছ্শঃ
সমর্পণ করিয়াছেন। ইহার রচনা
দানকেলিকৌমুদী রচনার (১৪৭১

শাকের) পরেই বলিতে হয়। **দানলীলাচন্দ্রায়ত** —— দানকেলি-(कोश्रुमोत अञ्चराम—यजूनम्बन माम-কৃত। রচনাটি স্থললিত, অমুবাদেও মলের সরস্তা বিশ্বমান। ১৩২৫ সালে কেশবচন্দ্র দে-কর্ত্তক প্রকাশিত। দিগ দুশিনী—শ্রীপাদ গোপালভট্ট-কন্ত্র কিবিলিখিত শ্রীহরিভক্তিবিলাদের প্রমাণবচনগুলির অধিকাংশই তাঁহা-ঘারা সঙ্কলিত। 'সর্বত্র প্রমাণ দিবে পুরাণ-বচন'--এই গৌরাজ্ঞান্থসারে বুদ্ধ শ্রীসনাতন প্রবীণ ভট্টগোস্বামি-ধারা প্রমাণনিচয় সংগ্রহ করাইয়া-ছেন। শান্তসমুদ্র-মন্থনকার্য এবং লিপিকরার ভার--ভট্রগোস্বামিতে হইয়াছিল। পশান্তরে স্বভাবতঃই বিনয়ী খ্রীসনাতন ঘবন-রাজ্যের ভূত্য ছিলেন বলিয়া তাঁহার নামে স্মৃতিগ্রন্থ প্রচার না হইয়া সদাচারনিষ্ঠ অবিপ্লুত ব্রহ্মচারী ভট্ট-গোস্বামির নামেই তাৎকালীন হিন্দু সমাজে অতি সম্মানের সহিত প্রচার হয়-ইহাও তাঁহার আত্তরিক ইচ্ছা ছিল। তজ্জন 'গ্রীগোপাল-৬ট্ট-বিলিখিত' এই কথাটি প্রতি অধ্যায়ের শেষে লেখা আছে।

ইহার টীকাটি কিন্তু শ্রীপাদ

সনাতনেরই লিখিত। এই টীকা

না থাকিলে গ্রন্থাক্ত বৈষ্ণব ব্রততিথি-নির্ণয়ের মর্মে প্রবেশ করা

অতীব কঠিন সমস্তাই হইত।

যাঁহারা হরিভক্তিবিলাসের ব্রততিথিনির্গয়-সম্বন্ধে ব্যবস্থাদি প্রদান করেন,

তাঁহারাই মূলগ্রন্থের মুর্গমান্থ ও

ম্প্রবেশ্বন্থ অম্বন্ধ করেন; স্ক্তরাং

বহুস্থলেই এই দিগ্দশনী টীকাটি

শীস্তব্যবস্থারূপ ঘোরান্ধকারে আলোকবভিকার কার্য করে, অফুট বিষয়কে পরিকটে করিয়া দেয়। শাস্ত্রের স্থমীমাংসা ও দার্শনিক প্রণালীতে স্থবিচার এই টীকায় পরিক্ষুট হয়। বিশেষতঃ ১২শ— ১৬শ বিলাস পর্যস্ত ব্রততিথিকতা ও শাসকতোর সম্বন্ধে যে আলোচনা আছে, তাহা দিগ্দ্ৰিনী টীকার আলোকে পাঠ না করিলে পাঠকগণের চিত্তে প্রকৃত তথ্য সমাক্ ক্ষুত্তি হয় না।

২ বুহদ্ভাগবতামূতের টীকার माय 'मिश्रम्मिनी'-हेरा श्रीशाम সনাতন গোস্বামিপ্রভু স্বয়ং রচনা করিয়াছেন। ['বুহদ্ভাগবতামূতের টীকা দেখুন]

দিনমণিচক্রেদাদয়-প্রীল রায় রামা-নন্দের ভ্রাতা বাণীনাথ পট্টনায়কের শ্রীমনোহরদাস-বিরচিত প্রপোত্র বলিয়া গ্রন্থকারের স্বোক্তি [৮৯ পু:] হইতে জানা যায়। 'বুহৎ-राष्ट्र' >>> পृश्चीय पीरनभवाव বদনগঞ্জ মনোহরদাসের জন্ম সোনাযুখীতে ছইটি মঠ-প্রতিষ্ঠাপকরূপে বীরহামীরকে উপস্থিত করিতেছেন। তাহাতে মনে হয় এই গ্রন্থ বোড়শ খঃ শতাব্দীর শেষভাগে কিম্বা সপ্তদশ খুঃ শতাব্দীর প্রথম ভাগে রচিত হইয়াছে। এই পুন্তক প্রীবৈষ্ণবচরণ বসাক-কর্তৃক বটতলায় প্রকাশিত। ইহাতে নাতিবৃহৎ ২১টি স্থত্ত (অধ্যায়) এই ভক্ত ভাৰাবেশে আহে। বিহবল হইয়া স্বীয় মনোগত ভাবের অভিব্যক্তি করিবার জন্ম চন্দ্রম্পরপে প্রীরাধাক্তফের বর্ণনায় প্রবৃত্ত হয়েন— এইজগুই ইহার নাম—দিনমণি-**टिन्टाप्तर ।**

প্রায় প্রতি অধ্যায়ের শেষে— 'অনুসমঞ্জুরী-পাদপুলুলাভ আশে ৷ দিনমণিচক্রোদয় মনোহর ভাষে॥' এই হুই পংক্তি আছে। বিংশ স্থুতে গ্রন্থকারের সহিত শ্রীমন মহাপ্রতুর সাক্ষাৎ হইয়াছিল বলিয়া বর্ণিত। পয়ার ও ত্রিপদী ছন্দে রচিত, ভাষা সরল। ভাবটি মধ্যে গোডীয়-বৈষ্ণৰ সিদ্ধান্তের মধ্যে নহে—সহজিয়ামত। অহুকুল গ্রীগোরাঙ্গকে ইনি শিক্ষাগুরু (१)

গৌরহরি শিক্ষাগুরু বাউল গোঁসাই। তিহঁ মোর প্রীগুরু হন যে দিন দেখাই॥ (৮২ পৃ:)

বলিয়াছেন—

দিব্যোঝাদ—ভাজনগাটের স্থপ্রসিদ্ধ কবি প্রীকৃষ্ণকমল গোস্বামি-বির্চিত বাঙ্গালা গীতিকাব্য। ইহার নামান্তর —রাইউন্মাদিনী। ['ক্লফকমল' দ্ৰপ্তব্য]

দীপিকাদীপনী— প্রীরাধারমণদাস-গোস্বামি-কৃতা টিপ্পনী; শ্রীধরস্বামি-ভাবার্থনীপিকার বাাখান-বিশেষ। শ্রুতিস্কৃতি-টিগ্লনীর প্রারুছে **এ** চৈত্রগুদেবের করিয়াছেন বলিয়া মনে হয় ইনি গোড়ীয় বৈষ্ণব। ইনি 'গোবৰ্দ্ধন লালের পুত্র'ও 'ক্বফগোবিন্দের মিত্র' 'রাধারমণ-সেবক' ছিলেন বলিয়া অন্তিম শ্লোকদ্বয় হইতে অনুমিত হয়। একাদশ স্কন্ধের চিপ্পনী বহরমপুর সংস্করণে মুদ্রিত হইয়াছে।

ত্বৰ্গমসঙ্গমনী-শ্ৰীজীবপ্ৰভুপাদ-রচিত ভক্তিরসামূতটীকা—ছর্গম বা ছুপার ভক্তিরসামৃতসিক্ককে যে সেতুর সাহায্যে সম্যকরূপে প্রাপ্ত হওয়া যায় —তাহাই হইতেছে তুর্নসঙ্গননী। উপসংহারেও শ্রীজীব এই টীকাকে 'নোকা-স্বরূপ' বলিয়াছেন। বস্ততঃ প্রীজীবপাদ তুৰ্গম স্থল-কে বল গুলিকেই একটু পরিক্ট করিয়া দিয়াছেন। প্রথম শ্লোকের টীকা-শেষে স্বয়ংও বলিয়াছেন—'সিদ্ধান্ত, রস ও ভাবের এবং ধ্বনি অলকারের অনস্ত অথচ স্ফুট বহুবিধ ব্যাপার আছে বলিয়া এই গ্রন্থের যে যে স্থল ত্রধিগম্য (কণ্টবোধ্য), তাহাই ব্যঞ্জিত (স্বচিত) হইবে। এই টীকার যাবতীয় লিখনই সকল আশঙ্কা নাশ করিবে, বুথাত আশঙ্কা করিয়া যেন অবুধগণ ইহার প্রতি অপ্রদা না করে।' ইত্যাদি..... উদাহরণ-স্বরূপ সর্বাচ্চ শ্লোকে প্রতি-দ্রপ্তবা। পশ্চিম বিশ্লেষণ বিভাগ তৃতীয় লহরীর 'প্রোক্তেয়ং বিরহাবস্থা' ইত্যাদি শ্লোকের টীকার সহিত ঐ চতুর্থ লহরীর 'স্থিতি'র উদাহরণ-স্বরূপে বিদগ্ধমাধ্বের 'অহহ ক্মলগন্ধেরত্র' ইত্যাদি টীকার সহিত একবাক্যতা করিয়া পাঠ করিলে ব্রজে শ্রীকুষ্ণের স্থিতি, বিরহকাল ইত্যাদি বিষয়ে সম্যক্ জ্ঞান হইতে পারে। উত্তর কালে শ্রীচক্রবর্তি-টীকারই অনুসরণ র্জ্ পাদও করিয়াছেন, দেখা যায়। ত্বল ভসার—গ্রীল লোচনদাস ঠাকুর-শ্রীমদ্ভাগবতের কতিপয়

সন্দিগ্ধ স্থলের স্থমীমাংসা করিবার

উদ্দেশ্যেই এই গ্ৰন্থানা লিখিত প্রেচিবাদের হইয়াছে। সহিত পূর্বপক্ষ খণ্ডনপূর্বক গোড়ীয় বৈষ্ণব-শন্মত মত-স্থাপনেই উহাতে যথেষ্ঠ আগ্রহ ও আদর দৃষ্ট হয়। ইহাতে ৪টি অধ্যায় আছে। প্রথমে (সূত্র-খণ্ডে) ভক্তিমাহাত্ম্য বর্ণন পূর্বক শ্রীমন্ মহাপ্রভুর অবতারের অভিনব কারণ প্রদর্শন সহকারে সংকীর্ত্তন-মাহাত্ম ও নিজবংশের পরিচয়-প্রদান। দ্বিতীয় (মধ্যথণ্ডে) ভক্ত-পর্যায়, নিরপেক ও সাপেক ভক্ত-নির্ণয়, সম্বন্ধভক্তি বা রাগামুগা ভক্তির নির্ণয় ইত্যাদি। তৃতীয় (সন্ন্যাসখণ্ডে) মথুরা হইতে শ্রীনন্দ মহারাজের বিদার-প্রসঙ্গ, তাৎকালীন অরুত্তদ मुशावनी, बष्वामिरमंत्र প्रागविमात्रः দৈয়, আতি ইত্যাদি, শ্রীকুফের ব্রজে আবিৰ্ভাব । ব্রজত্যাগের কারণ-চতুর্থ (শেষথণ্ডে) নিধারণ। শ্রীক্ষের রাসমণ্ডল-ত্যাগের কারণ. শ্রীরাধা-পরিত্যাগের হেতু, গোপীদের ব্যভিচারিণীত্ব-খণ্ডনপক্ষে বিবিধ যুক্তি-প্রদর্শন ইত্যাদি।

দেশিকনির্ণয় – মাড়োর ত্রীরঘুনদন গোস্বামি-কৃত স্বুতিগ্ৰন্থ। ইহাতে উপদেষ্টা-(গুরু) - নির্বাচন - প্রসঙ্গে গুরুশিয়োর বহু জাতবা বিষয় বিবিধ শান্তসংকলনক্রমে লিপিবদ্ধ হইয়াছে। **দ্রবিভান্ধায়**—অহুসন্ধিৎস্থ পাঠকের জন্ম এম্বলে তামিল ভাষায় লিখিত স্থাচীন 'শ্রীজবিডায়ায়' গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হইতেছে i 'বেন্বা', 'তাণ্ডকম্' প্রভৃতি তামিল ছন্দে চারি হাজার গাথাত্মক 'দিব্য-প্ৰবন্ধ'-নামক গ্রন্থ বার জন

আল্বার বা দিব্যস্থরির রচিত প্রবন্ধ আছে। ঐ গ্রন্থ চারিখণ্ডে বিভক্ত —'মুদল-আয়িরম্'-নামক প্রথম সহস্রে বিভিন্ন রচয়িতাগণের ৯৪৭ গাথা, দিতীয় খণ্ডে ১১৩৪, তৃতীয়-খণ্ডে ৫৯৩ এবং চতুর্থ-খণ্ডে ১১০২ গাথা আছে। এই দিব্যপ্রবন্ধে প্রবন্ধ-সমূহ কালামুক্রমিক স্জিত শ্রীবেদান্তদেশিকাচার্য-ক্বত 'প্রবন্ধনার' গ্রন্থে আল্বার্গণের ক্রম দ্বাদশ আল্বারের মধ্যে নমাল্বার বা শ্রীশঠকোপই সমধিক প্রসিদ্ধ। শ্রীশঠকোপ-রচিত 'তিরু-(এীবুত্ত), তিরুব্আশি-বিরুত্তম (ছক্ষঃবিশেষ), 'পেরিয় তিক্ব্যক্ষাদি' ও 'তিক্-বায়্-মোড়ি (সত্যবাণী) নামক তামিল চতুঃ-সহস্র দিব্যপ্রবন্ধের অন্তর্গত চারিটি প্রবন্ধ ক্রমশঃ ঋক, যজুঃ, অথর্ব ও অর্থ-অবলম্বনে রচিত সামবেদের বলিয়া অনস্থাচার্যকৃত 'প্রপন্নামতে' (১০৪/৩৮—৪৫) উক্ত হইয়াছে। 'তিরুবায় মোড়ি' বা সহস্রগীতিই সমধিক প্রসিদ্ধ। উক্ত প্রপন্নামূতে ১০৭তম অধ্যায়ে শ্রীদ্রবিভায়ায়ের প্রাকট্যকথাও আছে। উহার ৭০। ৪-১৩, ১৬-২১ প্রভৃতি শ্লোকে বৰ্ণিত আছে যে শ্ৰীবিষ্ণুকত্ব ক দ্রবিড বেদের মহিমা হইয়াছে। 'দ্রবিড়বেদ-প্রমাণং' গ্রন্থে বিভিন্ন পুরাণ, আগমপ্রভৃতি হইতে উহার মহিমা সংগৃহীত হইয়াছে— বোমাই বেক্কটেশ্বর প্রেস হইতে 'দ্রবিড়ায়ায়-প্রমাণ-সংগ্রহ' - নামে এক গ্রন্থ প্রকাশ হইয়াছে। আধুনিক গবেষকগণ শঠকোপের আবির্ভাব-

কাল লইয়া বিবিধ বাদবিতগুার স্পৃষ্টি করিলেও * কিন্তু শ্রীবৈঞ্চব-পণ্ডিতগণ বলেন যে তিনি ৩১০২ পূর্বাব্দে আবিভূতি হইয়া ৩৫ বৎসর প্রকট ছিলেন এবং মধুর-কবির পরিচর্যায় সম্বষ্ট হইয়া তাঁহাকে জার্ঘ্য চারিটি প্রবন্ধ উপদেশ করিয়াছেন। শ্রীশঠকোপ শুদ্রকুলে আবিভূতি হইলেও 'ন্ডোত্ররত্বে' ব্রাহ্মণকূলভূষণ শ্রীযামুনাচার্য তাঁহাকে প্রণতি জানাইয়াছেন। সম্প্রদায় গ্রন্থবিষয়ে মহাধনী। শঠকোপ প্রথম প্রবন্ধে সংসারে ছ:সংঘ, দিতীয়ে শ্রীহরির স্বরূপাদি, তৃতীয়ে ভগবৎসাক্ষাৎকারের পরে প্রাপ্তি করিবার আশা ও চতুর্থে পরম পুরুষার্থের স্বরূপ বর্ণনা করিয়াছেন। এতদ-বিষয়ে প্রীবেদান্ত-দেশিকের 'তাৎপর্য-রজাবলীর' উপসংহারের যঠ শ্লোক এবং প্রীকৃষ্ণপাদস্বামিকৃত 'প্রীভগবদ-বিষয়'-নামক ভাষ্টের উপোদ্ঘাত দ্রষ্টবা। 'শ্রীদ্রবিডবেদসঙ্গতির' অষ্টম শ্লোকে শঠকোপ-সম্বন্ধে এই শ্লোকটি উক্ত হইয়াছে— 'পুংস্থং নিষ্ম্য পুরুষোত্মতাবিশিষ্টে,

'পুংস্থং নিয়ন্য পুরুষোত্মতাবিশিষ্টে,
স্ত্রীপ্রায়ভাব - কথনাজ্জগতোথিল্ম্ম ।
পুংসাঞ্চ রঞ্জকবপুর্গণবভয়াপি,শোরেঃ
শঠারি-যমিনোহজনি কামিনীত্ম'॥
তাৎপর্য এই যে—অথিল
জগতেরই পেরুতিপ্রায় ভাব শাস্ত্রসমুহে কথিত হইয়াছে। শ্রীবিফুই

^{*} History of Sri Vaisnavas p. 21, and Early History of Vaisnavism in South India p. 84.

নিখিল পুরুষোত্তম—আর বিশ্ব : তাঁহার প্রকৃতি। এই ভাব তিনি। অমুভব করিয়াছিলেন যে শ্রীবিষ্ণুর রূপ ও গুণরাশি নারীগণের সায় পুরুষরূপধারী জীব-প্রেক্ত তিগণেরও এইজন্য মনকে অন্তর্ত্ত করে: শঠকোপ নিজেও কামিনীভাবে বিভাবিত হইয়াছিলেন। ঐ গ্রন্থের ৬২-তম শ্লোকেও উক্ত হইয়াছে যে শঠকোপ শ্রীবিষ্ণুর বিরহে উন্মত্ত হইয়া তাঁহার নিকট সারস, শারিকা, রাজহংস, কোকিল, শুক, টিট্টিভ ও ত্রমর প্রভৃতি নিকটস্থ পক্ষিকেই 'তিরুবধপূর-নামক' দিব্যদেশস্থ শ্রীহরির নিকট দূতরূপে প্রেরণ করত তাঁহার বিরহবাথার শান্তি করিতেন। শঠকোপ বে গোপীআকুগত্য পাইয়াছিলেন. ভাহা বেদান্ত-দেশিকাচার্য - রচিত 'তাৎপর্য-রত্নাবলীর' ২৬-তম শ্লোকেও দুষ্ট হয়। সহস্রগীতির ১০০০ গাণার প্রামুবাদে শ্ৰীকন্দিনুসিংহাচাৰ্যও বলিয়াছেন যে শঠকোপ এ নীলাশক্তির (বা

গ্রীরাধার) নাথের চরণে বিনাক্তম্ভে বিক্রীত হইরাছেন। তামিল ভাষায় শীরাধাকে শ্রীনীলাই বলা হয়। গোপীর কিন্ধরীভাবে শ্রীক্রফের প্রতি শঠকোপের বজোজি—(১)৫1১). ঐভাবে প্রীরাধালিন্ধিত প্রীকৃষ্ণকে শরণ (৬।৪।২) প্রভৃতি দ্রপ্টব্য। পারকীয়-শ্রীশঠকোপ মধুরভাবে রসাশ্রিতই ছিলেন—তিক্ৰবায় -মোড়ির বহুস্থলে (৬।২।২, ১০।৩।৬) তাহা পরিবাক্ত হইয়াছে। ফলতঃ গোপীপ্রীতির ত্রই *দ্রু* বিডায়ায়ে উৎবর্ষময়ী কথা গুনিয়া স্বতঃই মনে হয় যে ভুপ্ৰাচীন কাল (আধুনিক গবেষকদের মতে খুষ্ঠীয় ষষ্ঠ বা এবং শ্রীবৈঞ্চবমতে ৩১০২ খৃষ্টপূর্ব) হইতেই গোপীভাবে ভজন-প্রথা বীজাকারে ছিল এবং শ্রীরাধা-ভাবন্ধ্যতি-স্থবলিত শ্রীশ্রীগৌর-স্থন্দরের আবির্ভাবের বহুপূর্বেই ত্রিকাল-সত্য গ্রীপ্রভু ঐ আল্বার্-গণের হাদয়েও ভাবরূপে উদিত হইয়াছিলেন।

হাদশপাট নিৰ্বয়—হামগোপাল- দাস রচিত শ্রীচৈতক্তপার্যদগণের জন্মস্থান-নিরূপক। ঽ অন্তর্রূপ নিবন্ধ श्रेटिक नीलाठनठख पाम-कृष् । (সাহিত্য-পরিষৎ পত্রিকা ৪৩১৮ পুঃ) দ্বাদশযাত্রা পদ্ধতি—কাশীনাথ বিচ্চা-নিবাদ-প্রণীত ২২-পত্রাত্মক পুঁথি। গ্রীজগরাথদেবের ইহাতে স্নান-যাত্রাদির বিধিবিধান লিপিবন্ধ গ্রন্থারন্তে—'ব্রহ্মান্দাদ-হইয়াছে। সহোদর - নির্ভর - রসমাধুরীভাঞ্জি। বিজ্ঞানিবাসস্তম্ভতে যাত্রাকর্মাণি সাত্বতাং ভর্ত্তঃ॥ কো বিধি কশ্চ নিষেধা যদ্ধীলা তথা তথা সেব্যা। ত্রিধেবিবেকাদ্বিবেকাল্পনো নিরা-কুর্ম:॥' গ্রন্থায়ুসারে দাদশ যাতার ক্রম—ভৈচন্ত্র পূর্ণিমার স্নান্যাত্রা, গুণ্ডিচাযাত্রা, শয়নোৎসব, দক্ষিণায়-নোৎস্ব, পার্শ্ব-পরিবর্ত্তন, উত্থাপন, প্রাবরণোৎসব, পুয়াভিষেক, নব-শভা, দোলযাত্রা, দমনকভঞ্জন ও সূৰ্বশেষে অক্ষয়ত্তীয়া।

িবেল নব্য- হায়চর্চা ৬৭ প্রহা]

ধাতুসংগ্রহ----- গ্রীজীবগোস্বামি -বিরচিত ভাদিপ্রভৃতি ধাতুর ছুল সংগ্রহ ও অর্থনির্ণয় হইয়াছে। প্রথম শ্লোক-কৃষ্ণলীলা- কথাবীজন্ধপ-ধাতৃ-গণো ময়া৷ সংক্ষেপাদ বক্ষ্যতে তেন কৃষ্ণো মহুং প্রসীদতু॥ শেষ (भाक—हिनामागृङ्ख्या मःरक्षभाम् ধাতু-পদ্ধতি:। ময়া ক্তা প্রযুক্তান্ত-ধাতুংস্ত্যক্তা কচিৎ কচিৎ॥

ধামালী—শ্রীলোচন ঠাকুর-রচিত। শ্রীসরকারঠাকুরের শিষ্য শ্রীচৈতন্ত-মঙ্গল-প্রণেতা শ্রীলোচনদাস স্বভাব-সিদ্ধ কবি ছিলেন। সরল স্থকর সজীব ও মধুর পদ-বিভাস তাঁহার লেখনী-ফলকে স্বদাই (য্ৰ স্বাভাবিক ভাবে প্রভিফলিত হয়, ললিতলাবণ্যময়ী পদাবলীতে সরস্বতী যেন তালে তালে নৃত্য করিয়া বেড়াইভেছেন, পদলালিভেয়র সহিত ছন্দোমাধুর্য, ভাববৈভব ও অর্থগোরবই ইছার পদাবলীকে প্ৰ'সিদ্ধ ও চিত্তরপ্তক পদসাহিত্যে তাঁহার করিয়াছে। ধামালী অপূর্ব ও অতুলনীয় বস্তুই বটে। সরল স্বাভাবিক কথ্য ভাষায় রচিত হইলেও এই কাব্য ভাবে ও মাধুর্যে পাঠকের মনপ্রাণ, কাড়িয়া

ইহার রচিত পদাবলীর श्रीत्मीत्मीना विषयक । অধিকাংশই ব্ৰজলীলাবিষয়ক পদাবলীও (যথা সামান্ত aco. ac9 ইত্যাদি) ধামালী আছে। প্রায় শতাধিক আমাদের দৃষ্টিপথে আসিয়াছে। (>996->962) পদকলভক্তে বার্মাভা' লোচনের 'বিষ্ণুপ্রিয়ার ভণিতাযুক্ত দেখা যায়। গৌরপদ-তরঙ্গিণীতে লোচনদাস-ভণিতায় ৬৮টি, ত্রিলোচন-ভণিতায় ০টি ও স্থলোচন - ভণিতায় ১টি—মোট ৭২টি পদ আছে। জগরাথবল্লভ নাটকের যে প্রাহ্বাদ করিয়াছেন তাহার নমুনা ১৫৬৮ পৃষ্ঠায় ও পদাবলীর শ্রীরায় রামানন্দ-শীর্ঘক প্রবন্ধে দ্রষ্টবা।

শ্রীগোর-পারতম্যবাদী শ্রীলোচনের একটি পদ :—

অবতারদার গোরা অবতার, কেনে
না ভজিলি তারে। করি নীরে
বাস গেল না তিয়াস, আপন করমফেরে॥ কণ্টকের তক্ত দেবিলি
সদাই, অমৃত ফলের আশে। প্রেমকল্পতক গোরাক আমার, তাহারে
তাবিলি বিষে॥ সৌরভের আশে
পলাশ ভঁকিলি, নাসায় পশিল
কীট। ইকুদণ্ড বলি কাঠ চুষিলি
কেমনে লাগিবে মিঠ॥ হার বলিয়া
গলায় পরিলি, শমন-কিল্কর সাপ।

শীতল বলিয়া আগুনি পোহালি, গাইলি বজর-তাপ। সংসার ভজিলি গোরা না ভজিয়া, না শুনিলি নোর কথা। ইছ পরকাল উভয় খোয়ালি, খাইলি লোচন মাথা।

নাগরীভাবে বিভাবিত লোচনের গোরা 'রূপের নাগর', 'রসের সাগর', 'কামের কোড়া', 'রসবস সাধের স্বরূপখান', 'রসের নেটো' 'চিতচোরা মনোহরা' ইত্যাদি— গোরার 'রূপ দেখিতে হুড পড়েছে নবযুবতীর ঘটা', গোরা 'অমুরাগের **ज़ित पिराय श्रागतक देशदा होरान।** 'গৌরচাঁদ রুদের ফাঁদ পেতেছে ঘরে ঘরে', 'নবকিশোর গাখানি তার কাঁচা ননী হেন। 'গোর রূপের ঠমক দেখে চমক লাগে গায়।' 'ঠার ঠমকা, কাঁকাল বাঁকা, মধুর-মাথা হাসি।' অধিক কি 'ত্রিভুবন-গোরাচাদ **र**हेल পারা।' তাহারই জন্ম তিনি শ্রীগোর-কলঙ্কিনীর আশাটি এইভাবে ব্যক্ত করিয়াছেন-

'মনে করি নৈদে যুড়ি এ বুক বিছাই। তাহার উপরে আমি গোরাঙ্গ নাচাই॥ মনে করি নৈদে যুড়ি হৌক্ মোর হিয়া। বেড়ান গৌরাঙ্গ তাহে পদ পসারিয়া॥'

তাই তিনি মনের সাধে আকুল প্রাণে গাহিয়াছেন—

গৌর রতন করে যতন, রাখব হিয়ার মাঝে। গৌর বরণ পরব, যেখানে যেমন সাজে॥ গৌর বরণ ফুলের ঝাঁপায় লোটন বাঁধব **इटल।** रगीत रेनटल गतन रेकरत. পথে যাব গোর চলে 1 গোরোচনায়, গোর লিখব গায়। গোর বৈলে রূপ-যৌবন, সম্পিব কুলের মূল উপাড়িয়ে ভাসাব গঙ্গার জলে। লাজের মথে আগুণ দিয়ে বেড়াব গৌর বলে॥ গ্রীবৃন্দাবনদাস ঠাকুরের লেখনীতে শ্রীগোরাঙ্গ, 'মুকুন্দ, লক্ষ্মী-কান্ত, গীতাকান্ত', কখন 'গোকুলনাথ' স্বরূপে আত্মপ্রকাশ করিয়াছেন, শ্রীকবিরাজ গোস্বামি-পাদ এই ভক্তির উপরে দার্শনিক প্রণালীর অমুসরণে শ্রীগৌরাঙ্গকে 'রসরাজ মহাভাব ছই একরূপ' বা 'শ্রীরাধাভাবহ্যতি-স্থবলিত শ্রীক্লফ-স্বরূপ' করিয়াছেন আর শ্রীলোচন-দাস ঠাকুর এলগোরাঙ্গকে শুলাররস-রাজ-স্বন্ধপে দেখাইয়াছেন, আস্বাদন করিয়াছেন এবং স্বক্ষে গৌর-কলঙ্কের হার পরিয়াছেন। **গ্যানরহসি ককো ——**শ্রীরামহরি-বিলিখিত ৩৭টি দোহায় পূৰ্ণ ক-কারাদিক্রমে শ্রীকৃষ্ণ-সবিধে প্রার্থনা,

নন্দহরণ—ভাজনঘাটের স্থপ্রসিদ্ধ কবি প্রীকৃষ্ণকমল গোস্বামির রচিত বাঙ্গালা গীতিকাব্য। নন্দী খরচ ব্রিক — ১৭৪০ শাকে তৃতীয় সিদ্ধ ক্রফদাস বাবা ইহা রচনা করেন। আনন্দর্নদাবনচম্পূ ও ব্রজরীতি-চিন্তামণি-নামক প্রাসিদ্ধ গ্রন্থরমের নন্দীশ্বর-বর্ণনার অমুসরণে এই পৃস্তিকা বঙ্গভাষায় প্রারে

বিজ্ঞপ্তি প্রভৃতি। 'চৌত্রিশা' পদের

অনুরূপ।

গ্রথিত হইয়াছে। নরহরি-শাখানির্ণয় ——গ্রীগোপাল नाम-(রামগোপাল রায়চৌধুরী)-কর্ত্তক রচিত। ইহাতে প্রথমত: শ্রীমন্তরহরির মধুমতীস্বরূপের বিবরণ, ঠাচার শাখা-প্রশাখা--(১) দাস কানাই (পূৰ্বনাম—কাঞ্চনলতা), (২) মদনরায় (মদনমঞ্জরী), (৩) শ্রীবংশী, (৪) গোপাল দাস, (৫) লোচন-(লোচনাস্থী). (৬) চক্রপাণি मजुमनात, (१) निज्यानन कीधूती. (৮) জनानम टोधुती, (३) पिश्-বিজয়ী লোকাননা (ভক্তিসারসমুচ্চয়-গ্রন্থপ্রণেতা), (১০) রুষ্ণ-পাগলিনী (এ এ বিষ্ণু প্রিয়াদেবীর সেবিকা), (১১) রামদাস, (১২) চক্রশেখর, (১৩) গোপালদাস, (১৪) লক্ষীকান্ত (১৫) গৌরাজগোপাল, (১৬) মধু-স্দনদাস, (১৭) মিশ্র কবিরত্ন, (১৮) ক্লফাকিন্ধর দাস, (১৯) যাদব কবি-রাজ, (২০) দৈত্যারি ও (২১)

নবো ব্যবিলাস—জীনরহরি -(খন-ভাম)-বিরচিত ছাদশ বিলাস বা অধ্যায়ে সম্পূর্। এই গ্রীনরহরি— শ্রীনরোত্তম ঠাকুর মহাশয়ের পরি-বারভুক্ত, বোধ হয় এই জন্মই ঠাকুর মহাশয়ের জীবনী ভক্তিরত্বাকরে সংক্ষেপে বর্ণনা করিয়া অপরিতোষ-হেতৃ পৃথক ভাবে বিস্তৃত করিয়া লিখিয়াছেন। নৱোত্তমবিলাস ইহাকে ভক্তিরত্বাকরের পরিশিষ্ট বলিলেই চলে। এই গ্রন্থে পাণ্ডিত্য-প্রকাশের চেষ্টা নাই, পরস্ক বণিত বিষয়গুলি অধিকতর স্থাপ্রালতার সহিত আলোচিত হইয়াছে। স্থল-

কংগারি।

বিশেষে রচনা এত সরল যে গছ বলিয়াই মনে হয়। বস্তুতঃ ইংহার রচনা সাদাসিধা ও প্রায়শঃই আড়ম্বর-বিহীন। [পাটবাড়ী পুঁথি কা২১,১২৬৪ সাল]

নবদীপচন্দ্র-স্তবরাজ— শ্রীমদ্ রঘুনন্দন ঠকুর-বিরচিত মালিনী ছন্দে
রচিত স্তব। ইহাতে নটেন্দ্র নবদ্বীপচন্দ্রের মধুর চরিত্রের বিশ্লেষণ
করা হইয়াছে।

প্রারম্ভে— 'কনক-রুচির-গৌরঃ সর্বচিত্তৈকচৌরঃ, প্রকৃতি-মধুরদেহঃ পূর্ণলাবণ্যগেহঃ। কলিত-ললিত-রূপঃ ক্ষুর্ক-কন্দর্পভূপঃ, ক্ষুর্তু হাদি নটেন্দ্র: শ্রীনবদ্বীপচন্দ্রঃ'॥১॥ নবদীপভাবতরঙ্গ—শ্রীকেদারনাথ

ভক্তিবিনোদ ঠাকুরের রচনা। পয়ার ছন্দে বোলজোশ প্রীব্রজাভিন্ন প্রীমন্-নবদ্বীপধাম-মধ্যবর্তী চিন্ময় স্থানাবলির স্থন্দর বর্ণনা; প্রারম্ভে—

সর্বধামশিরোমণি সন্ধিনীবিলাস।
বোলজোশ নবদ্বীপ চিদানন্দ্রাস॥
সর্বতীর্থদেব-ঋষি শ্রুতির বিশ্রাম।
ফুরুক নয়নে মম নবদ্বীপধাম॥ ১
এইরূপ ১৬৮টি প্রারে গ্রথিত,
এই পৃস্তিকা সহজ ও স্থাবোধ্য।

এইরূপ ১৬৮টি পয়ারে গ্রথিত, নবদ্বীপ-মাহাত্ম্য—(হরিবোল কুটীর পুঁথি ২৫) এগার পত্র। হরি দাসের স্বপ্নাদেশেও ক্লপায় লিখিবার শক্তি-নীলাচলে বল্লভ ভট্ট ও রাজা পুরুষোত্তমের মিলন এবং নবদ্বীপ-তন্ত্ত-তথা-সম্বন্ধে উভয়ের আলোচনা ইতি প্রথম প্রসঙ্গ । দিতীয় প্রস**ম্পে—নবদ্বীপের ঐশ্ব**র্য-মাধুর্যবতা, **সপ্তদীপে** নবখতের যাবতীয় ধানের ইহাতে অন্তর্ভুক্তি

— নবদীপের ব্যুৎপত্তি, রাধাভাব-কান্তি লইয়া গৌরাবতার, নব-দীপের সংস্থান, বৈভবাদি, পরি-করগণের গৃহাদি।

নবদ্বীপনামের মহিমা—

ভট্ট কহে—নবদ্বীপ নাম বেই
লয়। প্রেমানন্দ-সিন্ধু তার স্থদমে
উদয়॥ কাম লাগি নাম যদি লয়
একবার। কাম পূর্ণ হয় ভক্তি বাঢ়েত
তাহার॥ জ্ঞানে বা অজ্ঞানে নাম
লয় নবদ্বীপ। অবিলম্থে পায় সেই
গৌরাঙ্গ-সমীপ॥ পুনর্বার জন্ম তার
না হয় সংসারে। নবদ্বীপ নাম
লৈয়া যেই জন মরে॥ সংকীর্জনানন্দ-মধ্যে রহে সেই জন। সেইজনের নাম হয় ভুবন-তারণ॥
পুত্রভাবে নাম যদি রাথে নবদ্বীপ।
সেহ অস্তে যায় প্রীচৈতত্য-সমীপ॥

গৌরধাম-দর্শনের ফল—একবার সেধাম যে দেখয়ে নয়ানে। ব্রহ্ম-ইন্দ্র-পদ সেই তুচ্ছ করি মানে॥ প্রেমানন্দ-নীরে নেত্র হয়ত পূর্ণিত। হাসে কাঁদে নাচে, হয় দেহ রোমাঞ্চিত॥ তাহার দর্শন করে যেই যেই জন। সেইজন পায় গৌরের প্রেমামৃতধন॥

নবদ্বীপ-স্পর্শনের ফল--সে ধূলায়
ধূসর করয়ে যেই তয়। সাধাসাধন
নাহি মানে গৌর বিয়॥ ভাব হাব
হেলাদি যে ভাব-ভূষণ। হেন
ভাবভূষাতে মগুন সেই জন॥
গৌরাঙ্গের প্রেমতন্ত্র-মর্ম সেই জানে।
গৌরভক্ত সঙ্গে সদা করয়ে কীর্তনে॥
গৌরচরণ-পদ্ম সদা সেবে স্থথে।
বৈকুঠাদিপদপ্রাপ্তি ভূচ্ছ মানে
ভাকে॥

নাটকচন্দ্রিকা

অত্তে—'নবরত্বময়ীমেতাং মালাং কঠে

নবদ্বীপ-বাসের ফল-স্পর্শ কহিল, কহি যেবা করে বাস। ব্রহ্মা আদি দেব তার সদাহয় দাস॥ সে সকল লোকের আশ্রয় করে যে। অনায়াসে শ্রীক্ষণৈ চতক্র পায় সে॥ নবদ্বীপ-ৰাগীর আশ্রয় করে যারা। সৃষ্টি স্থিতি প্রলয় করিতে পারে তারা। শ্রীক্ষের প্রেমভক্তি হয় করম্বিতা। নাহি বিনা কহে লোক অবিলম্বে পায় প্রেমকথা॥ সভে সংকীর্ত্তনানন্দ। আপন সেবন তারে দেন গৌরচন্দ্র ॥ রাধাক্বঞ্চ-প্রেমসেবা চাহে যেই জন। নবদীপ-বাসে তাহা পায় সেই জন। জন্ম বা মরণ তাতে হয়েত যাহার। সেজন করয়ে সর্ব ব্রহ্মাণ্ড-নিন্তার॥ পুত্রধনজন-লোভে যদি করে বাস। গ্রীচৈতগ্রচন্দ্র তার পূর্ব করে আশ। শেষে নিজপাদপদ্ম-নিকটে রাখিয়া। প্রেমভক্তি দেন তারে পূর্ণিত করিয়া॥

নবদ্বীপশতক—শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতীতে আরোপিত এই গ্রন্থ খানিতে ১০২টি শ্লোক আছে। শ্রীনবদীপধামের মহামহিম-স্চক, এই শতকের ভাব ও ভাষা প্রায়ই <u>শীবুন্দাবনমহিমামুতের</u> অমুরূপ, কোনও কোনও স্থলে শ্রীচৈত্য-চন্দ্রামৃতের শ্লোকই কিঞ্চিৎ পরিবর্ত্তন-সংঘটনে ইহাতে উদ্ধৃত হইয়াছে। শ্রীবন্দাবনমহিমামত একশত শতকে লিখিয়াও বাঁহার ভাষা বিরামলাভ নাই-এই নবদীপশতকের একশত শ্লোক লিখিতে তিনি যে গ্ৰন্থ হইতেই যৎসামাঞ পরিবর্ত্তন ঘটাইয়া অভিপ্রেত কার্যটি করিয়াছেন—একথা সহজে বিশ্বাভ

নহে। মনে হয়. কোনও মহাশ্য গ্রীনবদ্বীপের গুণ-গরিমায় ব্যক্তি সমাকৃষ্ট হইয়া শ্রীবৃন্দাবনীয় মহামহিম-স্চক এই শতকগুলি দেখিয়া সেই ভাবে ও ভাষায় সমতা বিধান করত এই গ্রন্থ লিখিয়া শ্রীপাদের নামে চালাইয়া দিয়াছেন। ছই তিনখানা পাণ্ডুলিপি না দেখিলে সন্দেহ-নিরসন উপায়ও নাই। রচনার আদর্শ—নমামি তদ্গোক্রমচক্রলীলাং. গৌরস্থল-চিদ্বিভূতিম্। ন্মামি গৌরাঙ্গপদাশ্রিতাস্তান, নমামি নমামি গৌরং করুণাবতারম্॥ ৮৩ শ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর ইহার পরারে সরল অমুবাদও করিয়াছেন। আদর্শ—অলকাননার তটে ভ্রমিতে ন্দ্রমিতে। দেখিব সে মিশ্রাবাস অতুল জগতে॥ হ্যাতিময় পরানন্দ সচ্চিদ্ বিস্থৃতি। ফুর্লভ গৌরাঙ্গপুর চিচ্ছক্তি-বিভৃতি॥ নাহি চাই কাশীবাস, গয়াপিওদান। মুক্তি শুক্তিসম, কিবা বর্গ আন ॥ রৌরবে কি ভয় মম, কি ভয় সংসারে। শ্রীগোক্রমে বাস যদি পাই কুপাদ্বারে ॥ ১১-->০০ **নবরত্ন—**—শ্রীহরিরামব্যাসঞ্চি - ক্বত বেদান্তের প্রকরণ গ্রন্থ। ইহাতে নৰ প্ৰমেয় স্বীকৃত ও বিচারিত হইয়াছে। গ্রন্থকার শ্রীমন মাধবেন্দ্র-পুরীর শিষ্য শ্রীমাধবের কুপাপাতা। গুরু-প্রণালীর প্রথমতঃ উদ্দেশ, শ্রীমাধ্বসংপ্রদায়ভুক্তির তাহাতে কথা পাওয়া যায়। তৎপরে শ্রীমধ্ব-সন্মত 'হরি: পরতম: সত্যং জগৎ' ইত্যাদি নব প্রমেয় যথায়থ স্বীকার বেদপুরাণাদির **সাহায্যে** উহাদের যুক্তিমতার বিচারাদি এবং

বহন্ বুধঃ। সৌন্দর্যাতিশয়াৎ কুঞো দুখ্যতাং প্রতিপন্ততে॥ ৫৬॥ নাটকচন্দ্রিকা-গ্রীপাদ্রীরূপ বিদয়-মাধব ও ললিতমাধব নাটকদমের লক্ষণ, উদাহরণ ও লক্ষ্য-বিষয়ের সমন্বয়-জন্ত 'নাটকচক্রিকা'-নামে এই প্রণয়ন করিয়াছেন। <u>নাট্যশাস্তগ্রন্থ</u> ললিতমাধবে নাটকের প্রায় প্রত্যেক লক্ষণই স্থব্যক্ত থাকায় শ্রীরূপচরণ নাটকচক্রিকার উদাহরণে প্রোয়শঃই ললিতমাধবের উদাহরণ দিয়াছেন। গ্রন্থারভে তিনি বলিয়াছেন—ভরতের নাট্যশাস্ত্র এবং শিঙ্গভূপালের রসার্থব-অধাকর বিচার-পূর্বক সাহিত্যদর্পণীয় প্রক্রিয়া ভরতের গহিত মতানৈক্যে পরিত্যাগ করত এই গ্রন্থ রচনা করিয়াছেন। এই গ্রন্থে নাটকলক্ষণ, দিব্য, দিব্যা-দিব্য ও অদিব্য-নায়ক প্রকার: খ্যাত, মিশ্র ও ক৯প্ত-ভেদে ত্রিবিধ ইতিবৃত্ত, প্রস্তাবনা: আশীর্বাদ, নমক্তিয়া ও বল্পনির্দেশ-ভেদে ত্রিবিধ নান্দী, প্ররোচনা: কথোদ্ঘাত, প্রবর্ত্তক, প্রয়োগাতিশয়, উদ্ঘাত্যক ও অবলগিত-ভেদে পঞ্চবিধ আমুখ; সন্ধি, বীজ, বিন্দু, পতাকা, প্রকরী এবং প্রধান কার্য ও অঙ্গকার্য —এই পঞ্চ প্রকৃতি; আরম্ভ, যতু, প্রত্যাশা, নিয়তাপ্তি ও ফলাগম-এই পঞ্চবিধা অবস্থা; মুখ, প্রতি-মুখ, গর্ভ, বিমর্শ ও উপসংস্কৃতি-ভেদে मुक्ताञ्च. দ্বাদশ-বীজভেদ, ত্রয়োদশ প্রতিমুখসন্ধিভেদ, চতুর্দশ নির্বহণ-সন্ধিতেদ, একবিংশতি সন্ধ্যন্তর, ৩৬ ভূষণভেদ, ৪ পতাকা-

স্থান, বিষ্ণন্তক, চুলিকা, অন্ধান্ত, অহাবতার, প্রবেশকাদি অর্থোপ-ক্ষেপকসমূহ; স্থগত, প্রকাশ, জনাস্তিক প্রভৃতি নাট্যোক্তিসমূহ, অঙ্কের স্বরূপ, গর্ভান্ধ-স্বরূপ, অন্ধ-সংখ্যা, নাটকের রস, সংস্কৃত ও প্রাক্ত আদি ভাষা-বিধান—ভারতী প্রভৃতি বৃত্তি-চতুইয়, নর্ম ও তদ্বিভেদ প্রভৃতি বিষয় ইহাতে লক্ষণ ও উদাহরণ সহ বর্ণিত হইয়াছে।

নাটকচন্দ্রকা টীকা—শ্রীবলদেব বিস্থাভূষণ নাটকচন্দ্রিকারও এক টীকা করিয়াছেন বলিয়া প্রকাশ, কিছ ইহা ছ্প্রাপ্য বলিয়া তৎসম্বন্ধে কিছু বলিতে পারিনা।

লাম-দ্বাদশকম্—— শ্রীসার্বভৌমভট্টাচার্থ-রচিত দ্বাদশ-নামাত্মক স্থোত্রবিশেষ। (১) শ্রীগোরাজ-দ্বাদশ
নাম, (২) শ্রীনিত্যানন্দ-দ্বাদশ-নাম,
(৩) শ্রীঅবৈত-দ্বাদশনাম এবং (৪)
'শ্রীগদাধরপণ্ডিত-গোস্বামিনাং রতিজনক-দ্বাদশনাম' প্রভৃতি উল্লেখযোগ্য।

নামবিংশতি-স্তোত্তম্—-শ্রীদার্বভৌম ভট্টাচার্য-প্রণীত প্রীকৃষ্ণচৈতঞ্চমহা-প্রান্থার ২০টি নাম।

নামবিরুদাবলী—(বুন্দাবনীয় রাধাদামোদর-গ্রন্থাগারের পুঁথি) ইহাতে
বিরুদ-কাব্যের কোনই লক্ষণ নাই।
হরিভক্তিবিলাসের (১১।৩২৫—৫২৭)
নামমাহাদ্ম্য-প্রকরণের প্রায়শঃ
শ্লোকাবলির উদ্ধারে ইহার রচনা
হইয়াছে। ২৬১ শ্লোকের মধ্যে
প্রারন্তে ১৪ও অন্তিমের ছুইটি শ্লোক
কেবল সঙ্কলয়িতার রচনা। 'কিশোরীভ্লী' ইহার সংগ্রাহক—মনে হয়

हिन बीताशायल ही-मच्छामात्री। প্রারম্ভে—বন্দেহহং ভক্তিকপুর চামীকর-করওকম। হরিবংশার্য মার্যাণাং চূড়ামণিমহর্নিশম॥ ১॥ वः भीमश्री खक्तभः भव्यानका खुरशे यश्य। নানাভাব-রসজ্ঞং শ্রীহরিবংশং সুদা ধ্যায়ে॥২॥ দ্রব্যদেশাত্মনাং নিত্য-गलक्षवार करनी यूरा। न कर्म कनमः কিঞ্চিদিত্যাহণ্চ मनीविनः॥ ॥ ॥ জ্ঞানঞ্চ ত্বন্ধরং পুংসাং কলিকালে বহুজনাশতৈস্তদ্ধি বিশেষতঃ। কপ্সচিজ্জায়তে কচিৎ॥ ৫॥ তাভাষিপি জান-কর্মাভাাং প্রাপাতে তস্মাদেতদ্বরং হরিঃ ৷ ব্যৰ্থং স্থাদিত্যের মতং মম॥ ৬॥ ইত্যাদি-যুক্তিতঃ সমাঙ্ নামেব প্রমা গতিঃ। অতোহত্র নাম-মাহাল্যাং স্ফুটং

উপসংহারে—জগন্নাথেন রচিত।
প্রাণ-বচনৈ: শুভা। শ্রীকৃষ্ণমালেরং
সংকঠেহস্ত চিরং স্থিরা॥ ২৬০॥
মহিয়ামপি যন্নায়ঃ পারং গন্তমনীধরাঃ। মানবোহপি মুনীন্দ্রাশ্চ
কথং তং কুর্মবীর্ভজে॥ ২৬১॥

সংগৃহুতে ময়া॥ ১ ঃ॥

ইতি নামবিরুদাবলী কিশোরী অলী-কুতা সমাপ্তা॥

শ্রীনামায়তসমুদ্র—প্রাসিদ্ধ শ্রীনরহরি(ঘনগ্রাম)-দাস-কর্তৃক সংকলিত।
ইহাতে শ্রীমন্মহাপ্রত্মর সমসাময়িক
ও তৎপরবর্তী বহু বৈষ্ণব মহাজনের
নাম সমাস্বত হইয়াছে। আকারে
ক্ষুদ্র হইলেও ঐতিহাসিকের দৃষ্টিতে
ইহার যথেই মূল্য আছে। ইহারই
সংক্ষিপ্ত আকারে 'সপার্যদ গৌরাঙ্গবন্দনা'-নামক প্রবন্ধটি মৃদ্রিত আধুনিক
সাধককপ্রমালা প্রভৃতিতে দেখা

যাইতেছে। **নামামূতসার**—(হরিবোলকুটীর ১২) ৩৬-পত্রাত্মক পুঁথি। জেলা বর্দ্ধমান. যোকাম বাকুণ্ডার মালিয়াড়া গ্রাম-নিবাসী শ্রীদামোদর নুপ-কৃত সংগ্রহ। ১৭৮১ শাকের লিপি। ইহাতে পাঁচটি বিভাগ আছে। পুরাণবচন-প্রামাণ্যে পয়ার ও ত্রিপদী ছন্দে বিভাগে—নাম-প্রথম কীর্ত্তন-নিরূপণ, নামের পাপহন্ত, ছ, রোগ-নাশকত্ব ও যমভীতি-হরতাদি। দ্বিতীয়ে—হরিনামের অতিপাবনত্ব. মহাযজ্ঞফল-প্রদত্ত্ব, তীর্থাভিষেক-বেদাধ্যয়ন - তপঃ - যজ্ঞ-সর্বকাম-ফলপ্রদত্তাদি, কর্মগান্গুণ্যকরত্ব, ও কর্মকুম্বনত্বাদি। কর্মপুহাহরত্ব যোক্ষদত্বাদি। তৃতীয়ে—নামের চতুর্থে—ভক্তিপ্রদত্ব, জীবনুক্তকারিত্ব, ভগবদ্বশিকারিত্ব. নামোচ্চারণে দেশকালাদির নিয়মাভাব. উচ্চারণে <u> এরিক্ফনামের</u> সর্বথা মুখ্যফলতাদি। পঞ্চমে--- প্রীরাধা-ক্রম্ণ-নামের ব্যাখ্যা, শ্ৰীক্ষয়-নামোচ্চারণের প্রতিবর্ণে ফল, নামা-পরাধ-কথন ও ভঞ্জন, ভক্তলক্ষণাদি। নামার্থস্থধা-গ্রীবলদেব বিভাভূষণ-কত। মহাভারতের অনুশাসন-পর্বে ১৪৯-তম অধ্যায়ে ১৪৬টি শ্লোকে শ্ৰীবিষ্ণুসহস্ৰনাম বণিত হইয়াছে। বৈশস্পায়ন জনমেজমের যুধিষ্ঠির ও ভীত্মের সংবাদ-বর্ণনমুখে ইহা কীভিত। বক্তা—ভীম আর শ্রোতা যুধিষ্ঠির। কথিত আছে যে তত্ত্ব-সম্প্রদায়ের আচার্যগণ (শঙ্কর, শ্রীভগবদগীতা ও রামাত্রজাদি) শ্রীবিষ্ণুসহস্রনাম হইতে নিজ নিজ

মত সমর্থন করিতে না পারিলে সম্প্রদায়ের তাত্তিকতা স্থাপন করিতে পারেন না: তজ্জা শঙ্কর হইতে আরম্ভ করিয়া সকল আচার্যই এই তুই গ্রন্থের ভাষ্য রচনা করিয়াছেন। গোড়ীয় বেদাস্ভাচার্য প্রীমদ বিত্তা-ভূষণও সহস্র-নামের ভাষ্যরূপে এই নামার্থস্তধা প্রণয়ন করিয়াছেন। ১-১৩ শ্লোকে অবতর্ণিকা, ১৪-১১ শোকে সহস্রনাম এবং ১২১— ১৪২ শ্লোকে ফলশ্রুতি। কোনও কোনও নাম পুনরাবৃত্ত হইলেও এই ভাষ্যে ঐ ঐ নাম বিভিন্নার্থে ব্যবহৃত হইয়াছে। ভাষাটি অতি প্রাপ্তল ।

নায়িকারত্বমালা-স্কলিত কাব্য। এই কুন্ত গ্রন্থে ৬৪ প্রকার নায়িকার অবস্থা বর্ণিত হইয়াছে। ৭ জন কবির ৬৪টি পদও ইহাতে সমান্তত হইয়াছে। চক্রশেখর-কৃত ৪৫, শশিশেখর-কৃত ১৩, মনোহর দাসের ২ এবং অভাত ৪ জনের এক একটি পদ আছে। সংস্কৃত পদ-সংখ্যা—৩। অভিসারিকাদি অষ্ট নায়িকার প্রত্যেকেরই আবার অন্থ বিভেদ করিয়া উদাহরণ-স্বরূপ এক একটি 24 দেওয়া হইয়াছে। পীতাম্বর দাসের রসমঞ্জরীর অমুযায়ী অষ্ট নায়িকার বিভেদ বণিত হইলেও নৃতনত্ব যথেই আছে। কেবল যে রমশান্ত্র-নির্দিষ্ট অষ্টবিভেদ-যক্ত অষ্ট নায়িকার পরিচয়ই ইহাতে আচে. তাহা নহে: পরন্ত বহু অপ্রকাশিত পদা<লীর সমাবেশেও সাহিত্য-সেবকদের গ্রহটি यरथर्ड প্রয়োজনীয়। অভি-13

সারিকার অষ্ট বিভেদ যথা—ভ্যোৎশ্নী, তামসী, বর্ষাভিসারিকা, দিবাভিসারিকা, কুজ্বাটিকাভিসারিকা, তীর্থবাত্রাভিসারিকা, উন্মতা ও
সঞ্চরা (অসমঞ্জশা)। এই সঙ্কলয়িতার কোন পরিচয় পাওয়া
যায় না; কেবল বন্দনাশ্লোকে তিনি
যে কৃষ্ণকিন্ধরের শিঘ্য' তাহাই বুঝা
যায়।

নারদপঞ্চরাত্র—সংস্কৃত বুক্ডিপো হইতে প্রকাশিত সংস্করণকে 'জ্ঞানা-মৃতসার' বলা হইয়াছে। বেঙ্কটেশ্বর প্রেস হইতে প্রকাশিত সংস্করণ 'ভরদ্বাজ-সংহিতা'র সহিত ইহার मिल नारे। रेष्टा ठाति अधास्य সমাপ্ত এবং ইহাতে প্রপত্তি মার্গের লক্ষণাদি ও ক্রিয়াকলাপাদি বিবৃত হইয়াছে। জানামুত্সারে পাঁচটি অধ্যায়-পর্মতত্তজান, মুজি-প্রদজ্ঞান, ভক্তিপ্রদজ্ঞান, সিদ্ধিপ্রদ যোগসম্ভূত জ্ঞান এবং তামসিক জ্ঞান। ভক্তিরসামতে (>121>>, >0), লঘুভাগৰতামতে (১৪৭), হরিভজ্জি-বিলাসে, (প্রায় প্রতি বিলাসে, মোট ৩১ বার) ইহার উদ্ধার আছে। বর্দ্তমানে প্রকাশিত সংস্করণে কিন্তু বল্ত শ্লোকই পাওয়া যায় না। ব্যহতত্ত্বাদি প্রাচীন পঞ্চরাত্র-স্থলভ তত্ত্তও ইহাতে নাই। ইহাতে শ্রীকৃষ আলোচিত হইয়াছে। বল্লভাচারী সম্প্রদায়ে ইহার যথেষ্ট সমাদর দেখা শ্রীপ্তক याम् । নারদপঞ্চরাত্তে শঙ্করের নিকট হইতে নার্দ এই জানামূততত্ত্ব লাভ করিয়া এই গ্রন্থ করিয়াছেন। প্রকাশ ইহাতে শ্রীরাধাক্বফের বিবিধ মন্ত্র, নাম ও স্তোত্ৰ-ক্ৰচাদির উপদেশও আছে।
(Vide Schrader's 'Introduction to Pancharatra').

শ্রীনারায়ণভট্ট মঙ্গল — শ্রীলাড়িলীদাসকত। এই পদটি বর্ধানায় সমাজ

গানের প্রারত্তে গীত হয়। আরম্ভ--

'শ্রীনারায়ণভট্টকী বল যাউঁ।' निकुछ कि निकिक्षावनी--> > ०० শকাৰণায় জৈয়ে অমাবস্থায় প্ৰীত্ৰী-বিখনাথ চক্রবর্তী ঠাকুর মহাশয় ইহার রচনা শেষ করিয়াছেন। তিনি এই কাব্যরত্নে যে নিক্সকেলি-বিলাসাদির লীলাম্বত বর্ণনা করিয়া-ছেন, তাহা অতি রসাল ও চিত্ত-চমকপ্রদাই হইয়াছে। অরূপ-পরি-চায়ক স্বতি দ্বারা এই স্বতিকাব্যে কবি যে ধীরললিত নায়কোচিত গুণরাজির যথেষ্ট পরিবেশন করিয়া-ছেন—ভাহা বাস্তবিকই স্থরসিক কাব্যরস্পিপাম্বদেরই আস্বাগ্য। আমরা মুক্তকণ্ঠে বলিতেছি রাগাত্বগামার্গে শ্রীরাধা-যাহারা মাধবের ভজন করিতেছেন, তাঁহারা এই গ্রন্থের সাহায্যে, অনুশীলনে ও আম্বাদনে প্রতিপদেই পরম প্রেমানন্দ লাভ করিবেন—সন্দেহ নাই। গ্রীপাদ প্রীরূপ প্রীগোবিন্দ-বিরুদাবলীতে নানাজাতীয় পাঠকের বিভিন্ন রুচির দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়া গ্রন্থ প্রণয়ন করিয়াছেন, ত্মতরাং তাঁহার গ্রন্থে পূতনাবধাদি লীলারও সমাবেশ রহিয়াছে: কিন্তু শ্রীল চক্রবভিপাদ অন্ত কোনও দিকে দৃক্পাত না করিয়া কেবল নিভূত নিকুঞ্জলীলার পরম মনোজ্ঞ ছবিই

অন্ধিত করিয়াছেন। কাজেই কবি

স্বরং নিঃসঙ্কোচে বলিয়াছেন যে
এই গ্রন্থের আলোচনায় বাহান্তরসাধনদ্বয়সম্পন্ন রসিক ভক্তগণের
প্রীতি উৎপাদন করিবে এবং ইহার
সেবায় শ্রীশ্রীযুগলকিশোরেরও
প্রসন্মতা লাভ হইবে।

নিকুঞ্জকেলী-বিরুদাবলীয়ং নিকুঞ্জ-কেলী-রসিক-প্রসাদম্। স্বকীর্ত্তি-নৈপুণ্যজ্বে প্রদত্তে স্বকীর্ত্তি-নৈপুণ্য-পুষে জনায়॥ >॥

শ্রীমদ্ রূপগোস্বামির কাব্যরসলুর সজ্জনগণ ইহাতেও তজ্জাতীয় আস্বাদনা ও উন্মাদনা পাইবেন— সন্দেহ নাই। এই বিক্লদের স্থল-বিশেষের রচনা শ্রীপাদ শ্রীরূপ হইতেও সমধিক চিন্তাকর্ষক ও জাজল্যমান হইয়াছে— তাহা ক্রমে ক্রমে নিবেদন করিতেছি।

ক। প্রিয়ায়া গচ্ছন্ত্যাঃ স্বরমন্থ-পলকো বন-পথং, পরিচুর্বন্ প্রৈপ্র-র্ঘনবিউপ-বল্লীবিঘটয়ন্। স্বপাণিভ্যাং লুম্পন্ নিজচরণ-চিহ্নং চলতি য, ভদত্রে তং নৌমি প্রণয়-বিবশং স্থাং গিরিধরম্॥ ২২॥

এই শ্লোকটিতে শ্রীক্তমের স্বাভাবিক ভাব-প্রকটনে প্রিয়তমার অলক্ষিত-ভাবে গমনের ঔৎস্থক্য, বনপথের কুশকঙ্করাদির পরিষ্কৃতি, ঘন ঘন বল্লীবিটপাদির অপসারণ, বিশেষতঃ স্বকীয় চরণচিচ্ছের বিলোপ-সাধন ইত্যাদি ব্যাপার-পরম্পরা সহজ প্রীতিরই পরিচায়ক।

থ। উন্নীতবামকরপদ্মধৃতাগ্রশাথাং, রাধাং বিলোক্য কুত্মপ্রচরৈকতানাম্। পশ্চাদ্ বিবর্তিতমুখাং
সহসা বিধিৎযু,-বংশীং স্বরন্ জয়তি

গুঢ়তমুমু কুন্দঃ॥ ৪২॥

এই শ্লোকেও শ্রীরাধার তাৎকালীন প্রিয়সঙ্গজ তাববিকার-দর্শনের অভি-লাষী শ্রীক্ষের ধীরললিত-নায়ক-যোগ্য পরিহাস-বিশারদত্ব, বিদগ্ধত্ব প্রভৃতি গুণই পরিবেশিত হইন্নাছে। গ। খণ্ডিতা নাম্বিকার বর্ণনা দিতেছেন—

ৰলদ্ঘূণাপূণাক্ষণ-নয়নমাকীণচিকুরং, নবালক্তারক্তালিকমধর-সক্তাঞ্জন-রসম্। প্রেগে রাধা বাধাপ্রকুপিতসখীতজিত-মলং, হরিং যুঞ্জে কুঞ্জে হাদি কমপি ভাবং দধতি তম্॥ ৫২॥

এইরূপে কবি ৫৬তম শ্লোকে শ্রীরাধার মানের ইন্সিত দিয়া পরবর্তী বিরুদে মানের প্রকার ও তৎপ্রশমন বর্ণনা করিয়াছেন।

ঘ। ত্মরত-সমরে উৎসাহ-ত্মক বাজের বর্ণনা করিতেছেন—

ঝনজ্ঝনদিতি শ্রুতির তারিত।
রতে কিছিণী,সনৎসনদিতি স্বনাশ্সিতি
সস্তৃতির্বাং মূহ:। শ্রুমন্ত্রমর সংশ্রুমা
প্রচল সৌরভালির্বিভো, ঝলজ্ঝলতি
ভাতু মে হাদয়-সম্পুটে রত্নবং ॥ ৫৮॥
৪। শ্রীল বিশ্বনাথের সাপ্তবিভক্তিকী কলিকাটী শ্রীপাদ
শ্রীরূপের কলিকা ইইতেও অধিকতর
সহজ—

(১) মুখবিধুরিষ্টঃ স্থান্গভিমৃষ্টঃ
স্মরমদধৃষ্টঃ দ ভবতু দৃষ্টঃ। (২)
গুণমভিধেরং তমপরিমেরং জগতি
স্থানেরং রটতি বরেরম্॥ ইত্যাদি

চ। শ্রীকৃঞ্চত্তে শ্রীরাধার গণ্ডদ্বে মকরিকা-রচনার স্থান্দর চিত্র কবি অন্ধিত করিতেছেন—

স্বীয়ং কৌশল-স্চকেন কুটিলা-

লোকেন কীর্ণোপ্যলং, কুর্বন্নেব কপোলরোর্মকরিকে গান্ধবিকায়া-শ্চিরম্। প্রস্থিরাঙ্গুলিরাদিশ প্রভূবর স্বং মাং কুপাবারিধে, যেন স্থামতি বীজয়ানি বলিতানন্দাশ্রু স-প্রেয়সীম্॥ ৬৬॥

বিশ্বব্যব্য প্রীল বিশ্বনাথ চক্রবত্তি-ঠাকুর নিকুঞ্চকেলিরস্-রহশ্বপরিপুরিত 'নিকুঞ্জকেলিবিরুদাবলী'র করিয়া বিরুদ কাবোর কাঠিগুবোধ স্থগিত করিয়া যে এক অপার্থিব বিমল আনন্দ-ধারায় সামাজিকগণের চিত্তকে অভিবিক্ত করিয়াছেন— তাহা বস্তুত:ই স্মনমুভূতপূর্ব এবং অতুলনীয়। এই কাব্যখানি আমাদের হস্তগত না হইলে হয়ত আমৱাও অভাস **সমালোচকদের** জায় বলিতাম যে বিক্লদ কাব্য সাধারণ অহপ্রাসাত্মক শক্ষাড়ম্বরপূর্ণ কাবাবিশেষ: কিন্তু শ্রীল বিশ্বনাথের কুপায় এক্ষণে বেশ বুঝিয়াছি যে 'শালকাঠ নিংড়াইলেও মধুর রস পাওয়া যায়।'

নিকুঞ্জরহস্যস্তব— প্রীপাদ প্রীরপ নিকুঞ্জবিলাস-বর্ণনাত্মক ওথটি শ্লোকে নিবন্ধ এই স্তব নির্মাণ করিয়াছেন। বাঁহারা পার্থিব রূপরসাদির ভোগ-বিভৃষ্ণ হইয়া মানব কিম্বা পশুপক্ষী প্রস্তুতিরও প্রচার-বিহীন প্রীবৃন্ধা-রণ্যের নিভৃত কুটারে বাস্তব্য করত নিরস্তর প্রীগুরুক্তপালর অন্তশ্চিস্তিত দেহের স্মরণমননে অন্তথ্যম যাপিত করিতেছেন— তাঁহাদেরই উদ্দেশ্যে স্মরণোপযোগী নিভৃতনিকুঞ্জবিলাসাবলির যথাকপঞ্চিৎ দিগ্দর্শনমাত্র এই পৃষ্টিকাতে সম্পুটিত হইয়াছে।

প্রাকৃত জড় ইন্দ্রিয়বাদিগণের পক্ষে এই গ্রন্থ সর্বথাই অস্প্রভা নিভূত নিকুঞ্জের রুশরহস্থ নির্যাদ-পরিপুরিত এই গ্রন্থথানি গোপী-আমুগত্যে শুদ্ধ ব্রজোপাসকগণেরই নিতা আস্বান্ত ও আলোচনীয় প্রমাদরণীয় কণ্ঠহার। শ্রীপাদ রাধিকানাথ গোস্বামিপ্রভ ১৮২৪ শাকে 'রহস্তার্থ-প্রকাশিকা'-নামে এক টীকা রচনা করিয়া গ্রন্থ-কারের নিগৃঢ় আশয় অনেকটা নিকাসন করিয়াছেন। প্রীবংশীদাস ঠাকুর মহাশয় ইহাকে বঙ্গভাষায় ত্রিপদীছন্দে অমুবাদিত করিয়াছেন। এইজন্ম শ্রীগোর্বর্দ্ধনভট্ট গোস্বামিপাদ সতাসতাই বলিয়াছেন—

কিং শাইপ্রবিবিধৈর্মনোভ্রমকরৈদেবাদি-দোবাকরে, সংসারে পরিণামতোহতিবিরসে বংভ্রমসে মোহতঃ।
রাধামাধব-কেলিবর্ষবিপুলং প্রীকৃষ্ণতৃষ্ণাকুলং, রূপগ্রন্থচয়ং বিলোকয়
সথে! পথ্যং চ তথ্যং ক্রবে॥
[স্তোত্র ৩৬]

নিত্যানন্দপ্রভোবেশ্বর্থায়তকাব্যন্ —(পাটবাড়ী পুঁর্থি বি ৯) শ্রীরন্দাবন্দাস ঠাকুরের রচনা বলিয়া লিখিত (১২৬০ সালের লিপি)। ইহাতে

শীনিত্যানন্দপ্রভুর বিবিধ ঐশ্বর্য ও
মাধুর্যাদির বর্ণনা-প্রসক্ষে তদীয়
প্রকৃতিস্বরূপেরও বর্ণনা আছে।
সংস্কৃত বিবিধ ছন্দে ১২৮ শ্লোকে
রচিত। 'রসকল্পসারতত্ত্ব'-নামক
তাঁহাতে আরোপিত আর এক
গ্রন্থেও (পাটবাড়ী পুঁথি বি ৪৬) ঐ
ভাতীয় কথাই বিবৃত হইয়াছে।
নিত্যানন্দভাষ্য--শ্রীমলিত্যানন্দ প্রভুর
শিষ্য শ্রীরামরায়জি-প্রণীত; শ্রীশিক্ষা-

ইকের ভাষা।
নিজ্যানন্দ-বংশবিস্তার—-শ্রীবৃন্দাবন
দাস ঠাকুরে আরোপিত। ইহাতে
(১) বীরচন্দাবতার, (২) বীরচন্দ্র
প্রকাশ, (৩) বীরচন্দ্রের বংশ-প্রকাশ,
(৪—৫) মা জাহ্হবার শ্রীবৃন্দাবন
গমন এবং (৬) শ্রীবৃন্দাবন-শ্রমণ—
এই ছয়টি স্তবক আছে।
নিমাইসয়্যাস—নদীয়া ভাজনঘাটের

নির্ণয়-সংগ্রহ—রাজা প্রতাপক্রে আরোপিত গ্রন্থ, অপ্রকাশিত। নৃসিংহপরিচর্যা (হ ১৩।২৯২) শ্রীকৃষ্ণদেশচার্য-প্রণীত বৈক্ষবস্মৃতি

গ্ৰন্থ। ইহাতে

সুপ্রসিদ্ধ কবি শ্রীকৃষ্ণকমল গোস্বামি-

কর্ম্বক রচিত বাঙ্গালা গীতিকাব্য।

(অধ্যায়) আছে। প্রথম পটলে— দীক্ষা-বিষয়ক বিচারাদি, দ্বিতীয়ে —পুরশ্চরণ, একাদশী ব্ৰত্ অরুণোদয়-বিচার, দশম্যাদি-কর্ত্তব্য, পারণ-ব্যবস্থা। তৃতীয়ে—অষ্ট মহা-দাদশী, অর্ক্তরাত্রবেধ সমাধান। চতুর্থে —জন্মাষ্ট্মী-কুত্য, শিবরাত্রিতাদি। পঞ্চম—নুসিংছোপাসনা, পবিত্রা-দমনকারোপণ-বিধি। রোপণ, বর্ষ্টে—শয়নৈকাদশী, চাতুর্মাশু ব্ৰতাদি। সপ্তমে—মাঘসান, কাত্তিকব্ৰত. দোলোৎসব, অক্ষয়নবমী, ভীন্মপঞ্চক, চক্রাদিধারণ। অষ্টমে—ভগবদর্জনা, কেশবাদিমৃত্তি-ভেদ, শালগ্রাম-শিলাভত্তাদি। নবমে — বৈষ্ণব-কুত্যাদি। দশমে— বিবিধ আদনে ভগবংপূজা, তুলদী-বিহিত-নিবিদ্ধার্দি। চয়নবিধি. একাদশে—বৈশ্বদেবাদিবিধি, প্রসাদ-ভোজনাদির বিচার, জপ, মালা, মন্ত্রোদ্ধার-নিয়্মাদি। শ্রীসনাতনপ্রভ স্থলে অই গ্রন্থের মত নিয়াছেন। ন্তায়ামুড-(লঘুতোষণী ১০৮৭২) মাধ্বসম্প্রদায়ী ব্যাসতীর্থ-কর্ত্তক রচিত গ্রন্থ। তত্তসমর্ভে ও পরমাত্মসম্বনীয় সর্বসম্বাদিনীতে ইহার উদ্ধৃতি আছে।

1

একাদল

পটল

শ্রীপণ্ডিতগোস্বামি-শাখানির্ণয়ামূভ

— শ্রীযন্ত্রনাথ দাস-ক্ষত এই ক্ষুদ্র গ্রন্থে শ্রীচৈতভাচরিতামৃত আদি ১২শ পরিচ্ছেদে শ্রীগদাধর শাখার মধ্যে গণিত ৩২ জন হইতেও অধিক ক্ষেক মহাত্মার নাম সমাস্কৃত হওরায় এই পৃষ্ঠিকাটি মূল্যবান্। এই তালিকার উক্ত মহাত্মগণ কেহ কেহ বা শ্রীগদাধরের শাখা [শিষ্ম], কেহ উপশাখা [অনুশিষ্য]. কেহ বা আশ্রিত।

(১) গ্রুবানন্দ, (২) শ্রীধর, (৩)

ভাগবতাচার্য [রুফ্ণপ্রেমতর ক্লিণী]
(৪) হরিদাস ব্রহ্মচারী, (৫) অনস্ত
আচার্য, (৬) কবিদত, (৭) নয়নানন্দ
মিশ্র, (৮) গঙ্গামন্ত্রী, (৯) মামুঠাকুর,
(১০) শ্রীকণ্ঠাতরণ, * (১১) অচ্যুতানন্দ, (১২) শ্রীভূগর্ভগোস্বামী,

(১৩) ভাগৰত দাস, (১৪) বাণীনাথ বন্ধচারী, (১৫) বল্লভচৈতক্ত, (১৬) শ্ৰীনাথ পণ্ডিত, (১৭) উদ্ধব দাস, (১৮) জিতামিত্র, (১৯) কাষ্ঠকাটার শ্রীজগরাথ দাস, (২০) শ্রীহরিদাস আচার্য, (২১) সাদিপুরীয়া গোপাল, (২২) শ্রীহর্ষ মিশ্র, (২৩) ব্রজ লক্ষ্মী-নাথ, (২৪) বঙ্গবাটীচৈতভগাস, (২৫) শ্রীরঘুনাথ, (২৬) শিবানন্দ চক্রবর্ত্তী, * (২৭) জয়ানন খ্রীচৈতক্তবিলাস বা মঙ্গল], (২৮) অমোঘ পণ্ডিত, *(২৯) মাধৰ আচাৰ্য, * (৩০) গোপাল দাস, * (৩১) শ্রীমধুপণ্ডিত, * (৩২) শ্রীচন্দ্রশেখর, * (00) বজেশ্বর পণ্ডিত * (৩৪) দামোদর পণ্ডিত, (৩৫) স্বরূপদামোদর, * (৩৬) অনস্তাচার্য [দ্বিতীয়], * (৩৭) কৃষ্ণদাস. * (৩৮) প্রমানন্দ ভট্টাচার্য. * (৩৯) ভবানন্দ গোস্বামী, (৪০) যত্নাথ (গাঙ্গুলী) চক্ৰবৰ্তী, (৪১) পুষ্পগোপাল, (৪২) কৃষণদাস ব্ৰহ্ম-চারী, * (৪৩) লোকনাথ ভট্ট, * (88) অনন্তাচার্য [গঙ্গাতীরবাসী]. (৪৫) [মঙ্গল] বৈষ্ণৰ দাস, * (৪৬) (गानिस वाठार्य, * (89) व्यक्त ঠাকুর, * (৪৮) সঙ্কেত আচার্য, (৪৯) রাজা প্রতাপরুদ্র, * (৫০) * (62) ক্মলাকান্ত, শ্রীযাদবাচার্য, * (৫২) 'আয়রোল'-গ্রামী বল্লভ ভট্ট, * (৫৩) নারায়ণ পড়িহারী, * (৫৪) হাদয়ানন্দ, (৫৫) চৈতগুবল্লভ, (৫৬) হস্তিগোপাল। [শ্রীচরিতামৃতে ৩২ জন, এন্থলে তদতিরিক্ত ২৪ জন পাওয়া গেল। (১১) অচ্যুতানন্দ যে পণ্ডিত-গোস্বামির আশ্রেত, তাহা গৌর- শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈফ্ব-অভিধান (৩খ) গণোদেশ (৮৭) এবং চৈত্যভাগৰতে (অন্ত্য ৪।২০৬) 'পদাধর পণ্ডিতের শিষ্যের প্রধান' এই উক্তিম্বয়ই প্রমাণ। (৩০) ভক্তিরক্লাকর (১০২১ বহরমপুর-সং) 'গদাধর গোসাঞির শিষ্য আর । গোসাঞি গোপাল দাসাধিক অধিকার ॥' (৩১) (ঐ ১০১২ পু:) 'গ্রীগোপী-নাথাধিকারী শ্রীমধুপত্তিত। গদাধর পণ্ডিতের শিষ্য—এ বিদিত ॥' (৩৯) শ্রীমধুপণ্ডিতের সভীর্থ ভবানন্দ। গোপীনাথ-দেবায় **যাঁহা**র মহা-नका। छी। তৎপরে—গ্রীলগ্রীগোরচরণ- সেবা-সুথবিলাসিন:। পণ্ডিতশু গণাঃ সূর্বে শুঙ্গারার্থ-কলেবরাঃ॥ (¢2) ইতি শ্রীযত্বনাথদাসকৃত-শ্রীমৎপণ্ডিত-গোস্বামিগণ-শাথানির্বয়ামূতং সমাপ্তম্॥ প্রতিপাবনাবতার— শ্রীবলরামদাস মাধ্বীকৃত শ্রীমরিত্যানন্দপ্রভুর মহিম-স্থচক গ্রন্থ (গৌরাঙ্গসেবক ৭।৬)। শ্রীপতিতপাবনাষ্টকম—— [প্রবাদ আছে যে কোনও উৎকলীয়া হিন্দু গর্ভে মুগল্যান পিতার ওরদে এই অজ্ঞাতনামা কবির জন্ম ইনি মুসলমান ধর্মে অতৃপ্ত হইয়া মাতার নিকট জিজ্ঞানা করিয়া कानित्नन त्य माजा हिन्दूतमणी, এক্ষণে পতিতা; তাঁহাদের উপাস্থ — শ্রীঞ্রজগরাথদেব, তাঁহার কুপার উপরে সকলের দাবী আছে, যেহেতু তিনি পতিতপাবন। মাতার মুখে এই কাহিনী শুনিয়া কবি জগলাথের সিংহবারে গিয়া নিম্নলিখিত অষ্টকটি

* ঐতৈভম্ভারিতামৃতে অমুলিখিত।

পাঠ করিয়া পতিতপাবনজিউর দর্শন তদবধি দারে করেন। শ্রীজগন্নাথ পতিতপাবনরূপে অবস্থান করিতেছেন। মতাস্তরে ইহা সালবেগ-রচিত। সচিন্ত ইব লক্ষ্যসে সপদি চরিত্রং শ্বরন্, প্রং কলিত্সাহ্সঃ পতিত-পাবনত্বতাৎ। ন মামগণয়ঃ পুরা ন হি বিচারকালোহধুনা, ব্রতং বাথব বর্দ পাব্যেনং জনম ॥ ১ ৷ ন রাঘব ! স বায়সো ন थन कुछ । टिएणार्थार्थ, न थल्रा-জামিলো নারায়ণ। নরকনাশ পরিবৃঢ়ঞ প্রধানমপরাধিনাং পাপिनং, क्रमाञ्जनित्ध ! विषन् गर्भाष

সাবধানো ভব॥ ২॥ যহুজদঘলৈখনা-

কলন - জাগ্রদগ্রাঙ্গুলি - মিল-প্রথর -

লেখনী - মুখবিঘাতবীতোগ্যমাঃ।

অগং কিল ললজ্জিরে স্পদি চিত্র-

গুপ্তাদয়:, স এষ পতিতাগ্রণী সদয়

রক্ষ দক্ষোহসি চেৎ॥৩ । বিদর্গ হৃদস্থরে প্রতিপদং যদংহ:ক্লতে, যতে যত্নপতে ন তে বিফলতা ব্ৰতে স্থাদিতি। যতোহসি জগতো গুরু: ' স্থতিনিষেধভন্তে ততো, ন সাম চ যত্তথ বুথা ক্ৰ ধং क्थाः॥ ८॥ अनन्छ । यनचारनी- यननेर সাধনাত্মকৈ,-নিজে ছরিত-মণ্ডলে নিথিল-সাক্ষিভির্নেক্ষিতে। জগতি নির্ভয় জয় জয়েতি জলন্তামুং,

দিশং খলাঃ পতিতপাবনং মাং বিছ.-পাবয়সি চেৎ ফলং নমু.

প্রভো! খল-ধুরন্ধরং পতিতপাবন-

পানবতি চক্রবর্তী যথা, নুপানয়মসজনঃ

পতিতপাবনত্বেন হু। ইতি প্রতি-

(क्ट्रम्य ॥ ७ ॥

অনেক-পতিতাধি-

ভবেদিদং কেবলম॥৬॥ কদাপি হি পদামতং তব ময়াপি নাসাদিতং. ৰুথা ভব-কথাভরৈরপি চ নাথ! নীতং বয়:। ত্বা যদপি হেলয়া मुख्य न हि दिवस प्राप्त करें वर्ष महा ক্ষতি: পতিতপাবনতং যতঃ॥ १॥ ভবান প্রমধানিকঃ প্রকটিতাতি-কারুণাক: স্বতপ্তচরিতো যদি স্বয়ময়ঞ্চ কিং নেদৃশঃ। অলং কিমপি চেৎ স্বকং পতিতপাবনত্বাদিকং, প্রদর্শয়তু নাপ্তথা ভবতু তে যশঃ সর্বথা॥৮॥ ৰদস্কি যদি পাবিতাঃ পতিতপাবনত্ব-ব্রতং, ভবস্তমধিকং ন তৎ পর্ম-ছবিনীতোহপ্যহম। পুণাতু ন পুণাতু ৰা ভুবি যথা তথৈৰ ব্ৰুবে, গৃহাণ গুণমেব মে কুরু কুপাং সদোষা ন (T) 10

পদকল্পত্তরু-শ্রিবৈষ্ণবচরণদাস-কর্ত্তক টে জা বৈছপুর-নিবাসী সঙ্কলিত। গোকুলানন্দ সেন (বৈছা) শ্রীরাধা-মোহন ঠাকুরের শিশু। স্বকীয়া-প্রকীয়া-বিচারকালে ইনিও বিচার-সভায় তাঁহার বন্ধু কৃষ্ণকান্ত মজুমদার-সহ উপস্থিত ছিলেন। তিনি বৈষ্ণব সাহিতো ও বৈষ্ণব ইতিহাসে ব্যুৎপন্ন ছিলেন এবং একজন প্রাসিদ্ধ কীর্ত্তনীয়াও ছিলেন। প্রবর্ত্তিত স্থরকে 'টেঞার ছপ্' কছে। গৌবপদত্বক্সিণীতে বৈষ্ণবদাসের মাত্র ২৯টি পদ আছে বিফাৰচরণ-ভণিতায় ঠটি ও বৈঞ্চব-ভণিতায় ২টি সছী। তাঁহার সঙ্কলিত পদকল্ল-তক্ষতেও ২৬টি পদ ইঁহার রচনা পদামৃত-সমূদ্র वित्रा काना यात्र। দেখিয়া এবং তাহার প্রায় অধিকাংশ পদাবলি সংগ্রহ করিয়া পদকল্লতক

সজ্জিত হ**ই**য়াছে—একথা তিনি উপসংহারে স্বীকার করিয়াছেন। (२৫9৮ %)

গ্রীগ্রীগোঁডীয়-বৈফ্ব-অভিধান (৩ খ)

আচার্য প্রভুর বংশ্ব শ্রীরাধামোহন। কে কহিতে পারে তাঁর গুণের বর্ণন। গ্রন্থ কৈল পদামৃত-সমূদ্র আখ্যান। জিমল আমার লোভ তাহা করি গান। নানা প্রটনে পদ সংগ্রহ করিয়া। তাঁহার যতেক পদ তাহা সব লৈয়া॥ সেই মূল গ্রন্থ অন্নসারে ইহা কৈল। প্রাচীন প্রাচীন প্র যতেক পাইল। এই 'গীতকন্নতকু' নাম কৈল সার। পূর্বরাগাদিক্রমে চারি শাখা যার॥

'এই পদকন্নতক্ততে ৩১০৩টি পদ আছে, প্রায় ১৩০ জন কবির পদ ইহাতে শঙ্কলিত ২ইয়াছে। পদকল্প-তক ৪ শাখায় বিভক্ত, প্রথম শাখায় ১১টি, দিতীয়ে ২৪টি, তৃতীয়ে ৩১টি, এবং চতুর্থে ২৬টি পল্লব আছে। বৈক্ষব-পদাবলি-সংগ্রহের গ্রপ্তের মধ্যে ইহাই বিস্তারিত বৈষ্ণবদের অতি প্রয়োজনীয় গ্রন্থ *; বৈষ্ণবজ্বগতের পরম আদরের সামগ্রী এতজ্ঞাতীয় এবং গ্রন্থসমূহের শীর্ষস্থানীয় ৷

শ্রীবৈষ্ণবদাসের ভজন-গুরু-পরম্পর - [এব্দাবনবাসী পূজ্যপাদ

* Dr. Sukumar Sen remarks in his History of Brajabuli Litt .--(P5) This work can be said to be the most representative and exhaustive anthology of Vaisnava lvrics---a veritable Veda religious Bengali Vaisnava poetry.

শ্রীযুক্ত কুপা গিন্ধ দাস বাবাজি **মহারাজের** মুখে শুনিয়াছি] গ্রীসনাতন — গ্রীরূপ — শ্রীজীব— শীকৃষ্ণদাস কবিরাজ— শ্রীমুকুন্দ— খ্রীবিশ্বনাথ চক্রবর্তী—শ্রীনন্দকিশোর গোস্বামী (বুন্দাবনলীলামুভকার)— চক্ৰবতী (ঘনশ্যাম)— শ্রীনরহরি শ্রীবৈঞ্বচরণ দাস (ব্রহ্মকুগুবাসী ও পদকলত রুকুৎ) – জী সিদ্ধা ক্ষজনাস (গোৰ্দ্ধন) - প্ৰীসিদ্ধ নিত্যানৰ দাস বাবাজি (মদনমোহন শ্রীরন্দাবন) ইত্যাদি...। এম্বলে জাতব্য এই যে ইহা কিছ **अक्ट्रश्नानी** নহে— ভজন-শিক্ষার ধারামাতে।

পদকল্পলভিকা----শ্রীগোরীযোহন-দাস-সঙ্কলিত পদকাব্য, ১৮৪৯ খু: প্রথমতঃ প্রকাশিত হয়। ইহাতে পদকল্পতক্ষকারের পরবর্ত্তী শশিশেশ্বর ও চক্রশেখর প্রভৃতির পদাবলীও সংগৃহীত হইয়াছে। পদসংখ্যা -- 267 1

পদকৌস্তভ — শ্রীমদ্ বলদেববিচ্চাভূষণ-ক্ত। পাণিনীয় ব্যাকরণের সূত্র সমূহ লইয়া বৃত্তি-আকারে গুদ্দিত। অপ্রকাশিত।

পদচন্দ্রিকা—অমরকোষের টীকা. মুকুট রায়-কর্ত্তক রচিত।

প্ৰদিন্তামণিমালা-শ্ৰীপ্ৰসাদ দাস-(গুরুপ্রসাদ সেনগুগু)-কর্তুক সঙ্কলিত পদসাহিতা। গুরু প্রসাদ—প্রসিদ্ধ রজনীকান্ত সেনের পিতা। ইহার অধিকাংশ কবিতাই ব্ৰজবুলিতে রচিত, ১২৮৩ বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়। ইনিই সর্বপ্রথম ব্রজবুলি ভাষার স্বর-বিষয়ক ও ব্যাকরণ-সম্বন্ধে অতি

ত্বপর বিবৃতি দিয়াছেন। প্রথম পদটি—

পামর জনগণ প্রম স্থরতধন গুরুপদে ম্ঝু পরণাম। কোমল নীরজ-পটল কলেবর-সরস প্রেমময় ধাম। কো জানে তোঁহারি রূপা-বললেশ। দেহ করুণা করি ভূতল ভাবতরি সম উপদেশ॥ যোজন সোতরি বহি বহি যায়ত মিলত যুগলনিধিপাশে। স্থময় যুগল কেলির্গ রঞ্জন নিতি নিতি নির্থ উলাদে॥ স্মরণ মনন করি তুয়া-পদপত্তজ প্রসাদ দাস রস গাব। বঞ্চিত ভকত ছুরিতমতি জানিয়ে নাহি করুণা বিছুরাব॥

পদমেরু— শ্রীরুঞ্রায়-কর্তৃক সঞ্চলিত বলিয়া অমুমিত। প্রায় ১৪০০ পদ ইহাতে আছে। শান্তিনিকেতনের পুক্তকাগারে ইহার একথানি প্র্থি আছে—নং ৩০৭৩। চণ্ডীনগর-নিবাসী নিত্যানন্দ দাসের লিপি— তারিথ নাই। শ্রীরুক্ষরায়ের কোন সবিশেষ পরিচয় সংগৃহীত হয় নাই। শ্রীমন্নরোত্তম ঠাকুরের শিষ্য (প্রেম ২০, নরো ১২) এক শ্রীরুক্ষরায় আছেন। তাঁহার সঙ্কলন কিনা, সঠিক বলা যায় না।

পদরত্বাকর—১২১৩ বঙ্গাব্দে কমলাকাস্ত দাস এই 'পদরত্বাকর' সঙ্গলন
করিয়াছেন। ইহাতে ৪৩টি তরঙ্গে
১৩৫৮টি পদ সংগৃহীত হইয়াছে;
কিন্তু স্বরচিত পদ ১২।১৩টি; ১১টি
পদ অপ্রকাশিত পদরত্বাবলীতে
উদ্ধৃত হইয়াছে। এই গ্রন্থকার
একজন উত্তম কবি এবং ব্রজবৃলি
পদরচনায় সতর্ক। ইনি বোধ হয়,

ব্রজবুলি ও বাঙ্গালা পদসাহিত্যের শেষ ও উত্তম মহাজন। ইহাতে ৩৪ জন অজ্ঞাতপূর্ব কবির পদাবলিও সমাস্তত হইয়াছে। রচনার আদর্শ— (শ্রীরাধার পূর্বরাগ)

কদম্ব-কাননে উঠিছে স্মনে একি

ধ্বনি অমুপাম। শ্রুতি-পথ টিয়া অন্তরে পশিয়া চঞ্চল করিল প্রাণ॥ गरे! এ তোরে কহিলুঁ সার। (श्न क्ष्मधूत ध्वनि तमभूत, क्वरन ना শুনি আর॥ নাজানি সজনি হেন ধ্বনি তুনি কেন কাঁপে মোর গা। বসন খদিল কেশ আউলাইল চলিতে চলে পা॥ নয়নের নিবারিতে নারি বয়ানে না সরে কথা। না জানি কেমন করিছে জীবন মরমে হইল বেথা।। সঙ্গের সঙ্গিনী যতেক রমণী সভাই শুলাছে একা কেনে মোর দহে কলেবর যেমন দংশিলা হেন লয় চিতে আমারে মোহিতে পুনাগররাজ। মিশালে মন্ত্ৰ পড়ে ছলে নাশিতে ধৈর্য লাজ। এতেক শুনিয়া আশ্বাস করিয়া বিশাখা স্থন্দরী কহে। মোহন মুরলী বাজয়ে স্থনরি! অন্ত কোন শব্দ নছে॥ শুনি বেণুনাদ এত পরমাদ হৃদয়ে ভাবিছ কেনে। স্থির কর মন নহ উচাটন, কমল কাতরে (পদর্ব্বাবলী ৪৭১) পদরসসার-এনিমানন্দ দাস পদ-করতকর আদর্শে এই 'পদরস্সার' করেন। ইহাতে সঙ্কলন পদ আছে। পদকল্পতরুর অতিরিক্ত 25 खन পদকর্ত্তার পদাবলীও ইহাতে সংগৃহীত হইয়াছে।

আবার সঙ্কলয়িতা নিমানন্দের ১৪৬টি
পদও ইহাতে অন্তর্নিবিষ্ট। ২৭০০
পদের মধ্যে মাত্র ৬৫০টি পদকল্পতঙ্গতে নাই। অপ্রকাশিত পদরত্নাবলীতে নিমানন্দদাসের মাত্র ৩২টি
পদ উদ্ধত হইয়াছে। তাঁহার রচনা
অতি সাধারণ—নমুনা (যমুনা-তীরে
শ্রীরাধাক্তফের মিলন)—

বেলি-অবসানে সহচরী সনে করত विविध दन्ध। हिकूत चाहिए बनाना কবরী যতনে বান্ধিল কেশ। কিবা সে লোটন-গোটা। কুছুমে মাজল বদন উজ্জ্বল তাহাতে সিন্দুর-ফোঁটা॥ অলকা তিলকা আধ ঝলকে সাজনি বদন চাঁদে। দেখিয়া বদন ফাঁপর यपन यूतिया यूतिया कारण । किंगा তখন কহিছে বচন কলসী করহ কাঁথে। যমুনার তীরে ভরি আন নীরে দিনমণি যেন থাকে॥ শুনিয়া তখন কহিছে বচন কালিন্দীতীরেতে যায়। নিমানন দাসে আনুসেতে গিলিলা ভাগে সে খামরায়॥ (পদর্ভাবলী ৫১৯)

পদসমুদ্র—জাউল মনোহর দাসসঙ্কলিত প্রায় ১৫০০০ পদ (বঙ্গভাষা
ও সাহিত্য), কিন্তু পুঁথি
মিলিতেছেনা।

পদাস্কদূত — প্রীক্ষ সার্বভৌম-কৃত
দূতকাব্য। শ্লোক সংখ্যা— ৪৫।
১৬৪৫ শকে রচিত, প্রীরাধামোহন
গোস্বামী ইহার উৎকৃষ্ট টীকা
করিয়াছেন। ইহা তিন কারণে
জনপ্রিয় হয়—(১) ইহার বিষয়-বস্ত
গোপীগণের শ্রীকৃষ্ণবিরহে শ্রীকৃষ্ণপদচিহ্নকে দূতরূপে কল্পনা—আপামর
সকলেরই চিতাকর্ষক। (২) নব-

দ্বীপের পূর্ণান্ত্যুদয়কালে রচিত হইয়া দ্বন্ধীপ হইতে ইহা অতিসত্বর স্ব্ত্র প্রচারিত হয়। (৩) ইহার কয়েকটি শ্লোক ন্থায়ের ছাত্র ও অধ্যাপকের কণ্ঠহার ছিল, যথা—২১, ৩১, ৩২, ৪২ — ৪৫ শ্লোক। গোস্বামিপাদের টীকাসহ পাঠ করিলে সন্দেহ থাকেনা যে এই কবি স্থায়শাস্ত্রে কৃতবিগ্ ছিলেন। শেষ শ্লোকের টীকা গোস্বামী নাই. কিন্তু করিয়াছেন অপর টীকাকার গোস্বামির সমকালীন নৈয়ায়িক জয়রাম পঞ্চানন ভট্টাচার্য (বঙ্গে নব্যন্তায়চর্চা ১৯৬ পৃষ্ঠা)। ২ রামহরি-কৃত টীকা (১৬ পত্র) আছে [I. O. 3889]। পদামৃতসমুদ্র—— গ্রীনিবাস আচার্য-প্রভুর বৃদ্ধপ্রপৌত্র শ্রীরাধামোহন ঠাকুর এই গ্রন্থররের সঙ্কলন পূর্বক তাহাতে 'মহাভাবানুসারিণী' টীকাও সংযোজনা করিয়াছেন। পদামূত-সমুদ্রে প্রায় ৭৬০টি পদ আছে, তাহাতে ২২৮টি পদ স্বরচনা বলিয়া যায়। রাধামোহন তাৎ-কালীন পণ্ডিত সমাজের অগ্রগণ্য ছিলেন। কথিত আছে—স্বকীয়া ও পরকীয়াবাদ লইয়া যখন তুমুল বিবাদ উপস্থিত হয়, তখন রাধামোহন ছয়-মাস পর্যন্ত অবিশ্রান্তভাবে প্রতিবাদ করিয়া পরকীয়াবাদ স্থাপন করেন এবং সকল পণ্ডিত সমাজের দস্তথত-যুক্ত এক জয়পত্র মুশিদকুলিখার **म**त्रवादत >>२६ वाः >१ हे काञ्चन রেজেষ্টারী করা হয়। তিনি মালী-হাটিতে বাস করিতেন এবং মহারাজা নন্দকুমারের গুরু ছিলেন। <u> এীরাধামোহন ব্রজভাষা, হিন্দী.</u>

300

মৈথিলী ও বাংলা গানের সংস্কৃত ভাষায় টীকা করিয়া সর্বপ্রথম বাঙ্গালা ভাষাকে গৌরবান্বিত করেন। অবশ্ব ইতিপূর্বে শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীও শ্রীচৈতন্তচরিতামতের সংস্কৃত টীকা প্রণয়ন করিয়াছেন বলিয়া প্রকাশ আছে, কিন্তু তাহা অসম্পূর্ণ ও হুপ্রাপ্য। তিনি যে মহাদঙ্গীতজ ছিলেন, তাহা—তান, লয়, রাগ, মান, ভাব, ছনঃ, অলঙ্কার এবং প্রসাদগুণ-গুন্দিত তদীয় গীতাবলিতেই অভি-ব্যক্ত হইয়াছে। টীকামধ্যে যে সকল রাগ-রাগিণীর ধ্যান বা মৃত্তি বর্ণিত হইয়াছে, তাহা অতিপ্রন্দর এবং তাঁহার সঙ্গীতশাস্ত্রে বিভাবতার পরিচায়ক। রাধামোহন এই গ্রন্থে জয়দেব, বিভাপতি, চণ্ডী-দাস প্রভৃতি ৩৮ জন পদকর্ত্তার পদাবলি সংগ্রহ করিয়াছেন। ইংহার অধিকাংশ পদই ব্ৰজবুলিতে রচিত, ২৩টি বাংলায় ও ৫টি সংস্কৃতে রচিত হইয়াছে। ইনি গোবিন্দ কবিরাজের প্রায়শ:ই অনুকরণ ও অনুসরণ করিয়াছেন। চিত্রগীত-রচনাতেও তাঁহার নৈপুণ্য দেখা যায়—যেমন (১) যদবধি যত্নপুর তুরুঁ যাই ভোর (৩২৭ পঃ), (২) কালিন্দীকানন কুঞ্জকুটীরহি (৩৮০ পুঃ) (৩) মরকজ মঞ্জুল কান্তি মনোহর (২০১ পুঃ), (s) কালিন্দী সলিল কান্তিকলেবর (৩৭৬ পুঃ) দ্রষ্টব্য । পূর্বরাগোচিত গৌরচন্দ্রের পদ (১৫) মধুকর-রঞ্জিত মালতী-মণ্ডিত জিতঘন-কুঞ্চিত-কেশং। তিলক-যুবতি-বিনিন্দিত শশ্ধর-রূপক

মনোহর-বেশং॥

স্থি !

কল্য

গৌরমুদারং। নিন্দিত-হাটক-কান্তি-কলেবর-গবিত-মারক-মারং॥ মধুরস্মিত লোভিত-তমুভূত-মমুপ্ম-ভাববিলাসং। নিজ-নব-রাগবিমোছিত মানস - বিক্থিত-গ্ৰুগ্ৰভাষং॥ পর্মাকিঞ্চন কিঞ্চন নরগণ করুণা-বিতরণশীলং। তুৰ্যতি ক্ষোভিত त्रांधारमाञ्च नाम-निक्न भगनी**लम्॥** এই গ্রন্থে ৩৫ পৃষ্ঠায় শ্রীগোবিন্দ দাস-ক্লত 'শচীর কোঙর' পদটির **শ্রীগোরাঙ্গে**র পরপ্রকৃতি-সন্দর্শনাদি-বিষয়ে ঠাকুর বলিয়াছেন যে ঐ জাতীয় পদগুলি নাগরীদের ভাব-বিতর্ক-মূলক। (এই অভিধানের ১৫৫২ পৃষ্ঠা দ্রষ্টব্য) শ্রীকৃষ্ণরূপ-বর্ণনা (৭৯ পুঃ) অভিনৰ জলধর-ক্ষচির স্থদেহ। বরতড়িত থীর রেছ॥ পীতাম্বর জয় জয় গোবিন্দ গোকুল-ভাগি। ব্ৰজ নৰ রমণী যাক মন লাগি॥

পদাবলী

মোহন মুক্তি শিঙ্গার ॥
রাধানোহন-ভণিতাযুক্ত ১৮২টি
পদ পদামৃতসমুদ্র ইইতে পদকরতক্তে উদ্ধৃত ইইরাছে। ৬৯টি পদ
গৌরপদ-তরঙ্গিণীতেও দেখা যায়।
শাদাবলী—[যে সকল মহাজনের
সঙ্গলিত পদসমষ্টি ভিন্ন ভিন্ন নামে
গ্রন্থাকারে পাওয়া যায়, তাঁহাদের
পদাবলী গ্রন্থামেই বিগ্রন্থ ইইয়াছে।
তদ্ব্যতীত ছই, তিন, চারিটী পদ
বিভিন্ন ভাষায় নিবদ্ধ ক্রিয়াচ্ছন

াঁহারা, সেই পদকর্ত্তদের বর্ণাছ্ণ-

কত কোটি চাঁদ জিনিয়া বর মুখ।

নিরুপম জলধিরূপ অবতার। রাধা-

দরশনে মিটই সব ছখ।

বর্ষাণায় শ্রীজীর মন্দিরে গীত হয়।

ক্রমিক নামাস্থপারে এম্বলে পদ-সমষ্টির যংকিঞ্চিৎ আলোচনা দেওয়া হইতেছে। মনে রাখিতে হইবে যে ইহা কেবল দিগ্দর্শনমাত্র]।

১ : অনন্তদাস-রচিত একটি ব্রজবুলি-পদ (পদক ২৬৮) অতিস্থন্দর—

দিক্চ-সরোজ-ভান মুখ্মগুল, দিঠি
ভিন্নি-নটখন্ধন-জোর। কিমে মুছ্
মাধুরি হাস উগারই পী পী আনন্দে
আঁথি পড়লহি ভোর॥ বরণি না
হয় রূপ বরণ চিকণিরা। কিমে ঘনপ্র কুবসমদল, কিয়ে কাজর কিয়ে
ইন্দ্রনীলমণিয়া॥ অঞ্গদবলয়হার
মণিকুগুল, চরণে নূপুর কটি কিম্বিণী-

কুষ্মাবলি, শিরপর শোভে শিখিচাঁদকি ছাঁদে। অনস্তদাস পহুঁ
অপরূপ লাবণি, সকল্যুবতিমন পড়ি
গেও ফাঁদে॥
২। আকবর শাহ—গৌরপদতর্দ্ধিতি আকবর শাহ-ভণিতায়

৪|২|২৯ সংখ্যক পদটি দেখা যায়-

কলনা। অভরণ-বরণ-কিরণে অঙ্গ

চরচর, কালিন্দীজলে থৈছে চাঁদকি

কুঞ্চিতকেশ

চলনা 🏻

(ব্রজবুলিতে রচিত)
জীউ জীউ মেরে মনচে'রা গোরা।
আপহি নাচত আপন রসে ভোরা॥
খোল করতাল বাজে ঝিকি ঝিকি
ঝিকিয়া। ভকত আনন্দে নাচে
লিকি লিকি লিকিয়া॥ পদ ছই
চারি চলু নট নট নটয়া। থির নাহি
হোওত আনন্দে মাত্লিয়া॥ ঐছন
পত্তিক যাহ বলিহার। শাহ আকবর

ত। কামুরামদাস-রচিত—ইনি ।
 শ্রীসদাশিব কবিরাজের পৌল্র ও ।

তেরে প্রেমভিকারী।

শ্রীপুরুষোত্তম দাসের পুত্র এবং শ্রীনিত্যানন্দ প্রভুর শিষ্য। শ্রীগৌর-পদ-তরন্ধিণীতে ১৩।১৪টি পদ উদ্ধৃত

হইয়াছে। ইংহার অধিকাংশ রচনাই শ্রীগৌরনিত্যানন্দ-বিষয়ক। পদকল্প-

তক্ষতে ৪টি ব্ৰন্ধবৃদ্ধির পদ আছে (৩৩২, ৩৩৪, ৬৬৫, ২০৩৫)। বাসকসজ্জায় একটি পদ (৩৩২)

— পবনক পরশহি বিচলিত পল্লব, শব-দহি সজল নরান। সচকিতে সঘনে নয়নে ধনী নিরখয়ে জানল আওল কান॥ মাধব! সমুঝল তুয়া চতুরাই। তমালক কোরে আপন

সব কাননে পুন অন্ধমানয়ে চিতে।
ভূলল পছ- অন্ত নাহি পাওল, না
বুঝিয়ে নাগর-রীতে॥ নূপুর-রণিত
কলিত নব মাধুরী শুনইতে শ্রবণ-

ছাপাই॥ পুনহিঁ বিলম্বে ফিরয়ে

তন্ম ছাপসি অব কৈছে

অবলোকই, কহতহিঁ কান্থ-রামদাস॥ কান্ধ, কান্ধদাস, কান্ধরামদাস-

উল্লাস। আগুসরি রাই কাননে

তাহা কোন্ কাগুরামের রচিত— এবিষয়েও মহাসন্দেহ আছে; কারণ ৪ জন কাগুর পরিচয় চৈতক্সচরিতা-মৃত, রসিকমঙ্গল প্রভৃতির অঞ্মন্ধানে

ভণিতায় যে সব পদ উদ্ধৃত হইয়াছে,

পাওয়া যাইতেছে। (তরদ্বিণীর ভূমিকায় ৭৫ পৃ: দ্রুষ্টব্য)

8 । কিশোরীদাসজীকী বাণী—

ইহার পরিচয় অজ্ঞাত। শ্রীমহাপ্রভূ ও শ্রীরাধাক্বফের বাধাই, ঝুলন, হোরী, রাস, বর্ষাবর্ণন প্রভৃতি স্থন্দর ব্রজভাবায় বর্ণিত হইয়াছে। প্রায় ২৪০টি পদ আছে। ইহার পদাবলী

৫। শ্রীকৃফদাস কবিরাজ গোস্বামি-ক্বত অনেক গৌরপদ দেখা যায়। চরিতামৃত হইতে উদ্ধত পাঁচটি পদ ব্যতীত গৌরপদতরঙ্গিণীর অগ্রাগ্র পদাবলী ইংগ্রই রচিত নিঃসন্দেহে বলা যায় না। তর্দ্দিণীতে কুঞ্চদাস-ভণিতায় ১১টি পদ আছে, তাহার অধিকাংশই ইঁহার রচিত বলিয়া মনে হয়। मीन वा मीनशैन कुरुमाम. इःशी वा मीनइः थी कृष्णाम अञ्च वाक्ति वनिया সাহিত্যিকদের মত। পদক্ষতক্র ২৮৬০---২৮৬২ পদ ইহারই রচিত বলিয়া মনে হয়। তন্মধ্যে এই পদন্বয় গোডীয় বৈষ্ণব-সমাজে প্রাতঃ-কালে নিত্য গীত হইয়া থাকে। নৰ গোরচন্দ্র নাগর সোধর

रनशाती। ननीशां-रेन्द्र, कक्षणा-निक्र

ভকত-বৎসলকারী॥ বদ্ন অধর স্থারঞ্জ, নয়নে গলত প্রেম-তরঙ্গ, চন্দ্র কোটি ভান্ন, কোটি মুখ শোভা নিছয়ারী॥ কুত্ম-শোভিত চাঁচর চিকুর ললাটে তিলক নাসিক। উজোর, দশন মোতিম অমিয়া হাস দামিনী ঘনয়ারী॥ মকর কুওল ঝলকে গও, মণিকৌস্তভ-দীপ্ত কণ্ঠ. অফুণ বসন ক্রুণ বচন শোভা অতিভারী । মাল্যচক্ষনে চর্চিত অঙ্গ, লাজে লজ্জিত কোটি অনঙ্গ, চন্দন বলয়া রতন নূপুর-যজ্ঞ স্ত্রধারী॥ ছত্র ধরত ধরণীধরেন্দ্র, গাওত যশ ভকত-বুন্দ, কমলা-সেবিত পাদঘন্দ, বলি যাঙ বলিহারি। কহত দীন কুফদাস, গৌর চরণে করত আশ,

পতিতপাবন নিতাইচাঁদ প্রেমদান-

কারী॥ [রসালসে গোরচন্দ্র, কল্পতরু ১০৮৭]

(২) জয় রাবে শ্রীরাধে কৃষ্ণ শীরাধে জয় রাধে। नक्तनक्न ব্ৰভামু-তুলারী সকল-গুণ-অগাধে॥ নবঘনস্থন্দর নওল কিশোর নিজগুণ হীতম সাধে। চাঁচর কেশে ময়ুর শিখণ্ডক কুঞ্চিত কেশিনী জাদে॥ পীতাম্বর ওডে নীল সাডী ঘন (मोतामिनी तार्छ। काच्र-गत्न वन-মালা বিরাজিত রাই-গলে মতি সাজে॥ অরুণিত চরণে রঞ্জিত খঞ্জন-গঞ্জন লাজে। কুঞ্চদাস ভণে (মধুর) শ্রীরুন্দাবনে যুগল কিশোর বিরাজে॥ (পদক ২৮৬) ৬। শ্রীকেদারনাথ ভক্তিবিনোদ-কৃত—আত্মনিবেদনের পদটি আদর্শ-রূপে লিখিত হইতেছে—

আত্মনিবেদন তুয়া পদে করি'
হইম্ব পরম স্থখী। দ্বঃখ দূরে গেল,
চিন্তা না রহিল, চৌদিকে আনন্দ
দেখি॥ অশোক অভয় অমৃতআধার তোমার চরণহয়। তাহাতে
এখন বিশ্রাম লভিয়া ছাড়িয়্ন ভবের
ভয়॥ তোমার সংসারে করিব সেবন
নহিব ফলের ভাগী। তব স্থখ
যাহে করিব যতন, হ'য়ে পদে অম্বরাগী॥ তোমার সেবায় দ্বঃখ হয়
যত সেওত পরম স্থখ। সেবাম্থখয়ঃখ
পরম সম্পদ নাশয়ে অবিভা দ্বঃখ।
হত্যাদি

এইরপে অরুণোদর-কীর্ত্তন, নগর-কীর্ত্তন, বাউল-সঙ্গীত, কার্পণ্যপদ্ধিকা ইত্যাদির প্রতিপদই আস্বাগ্য ও উপভোগ্য। শরণাগতির ৯, ১০ সংখ্যক পদদর ঠাকুরের ব্রজবৃলি রচনার আদর্শ, কিন্তু ইহাকে খাঁটি ব্রজবুলি বলা চলে না।

কল্যাণকল্পতক্ষর ৯ সংখ্যক পদটি —প্রাণের সজীব ভাষায় লিখিত— অতির্যাল, অতিমধুর।

কবে হেন দশা হবে মোর। তাজি জড় আশা বিবিধ বন্ধন, ছাডিব ঘোর। বুন্দাবনাভেদে নবদ্বীপ্রামে, বাঁধিব কুটীরখানি। শচীরনন্দন-চরণ-আশ্রয়, করিব সম্বন্ধ गानि॥ **का**ङ्वी श्रृ लिंदन हिनाश কাননে, বসিয়া বিজনস্থলে। কৃষ্ণ-নামামত নিরস্তর পিব, ডাকিব 'গোরাঙ্গ' বলে॥ হা গোর নিতাই তোরা ছটি ভাই পতিত জনের বন্ধু। অধম পতিত আমি হে হর্জন দয়া কর কপাদিক্স॥ কাঁদিতে কাঁদিতে যোল-জাহ্নবী-উভয়কূলে। শ্ৰমিতে ৰুমিতে কছু ভাগ্যফলে দেখি কিছু তরুমূলে॥ 'হাহা মনোহর কি দেখিত আমি' বলিয়া মৃচ্ছিত হব। সম্বিৎ পাইয়া কাঁদিব গোপনে অরি তুহঁ কুপালব॥

৭। শ্রীগতিগোবিন্দ ঠাকুর-কত
—(শ্রীনিবাস আচার্যপ্রভুর কনিষ্ঠপুত্র)
দ্বইটি পদ ক্ষণদায় উদ্ধৃত হইয়াছে।
(১৫।২ এবং ২০।২) গৌরপদতরঙ্গিনিতেও এই ছুইটি পদ উদ্ধৃত
হইয়াছে, কিন্তু ক্ষণদায় ১৫।২ পদটির
প্রারম্ভ অক্সর্রপ এবং গৌরপদতরঙ্গিনীর পাঠের সহিত মিল নাই।
গতিগোবিন্দপ্রভু বীরচন্দ্র-চরিত
অবলম্বনে 'বীররজ্বাবলী' নামে
একখানা গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন—
ইহা চারি অধ্যায়ে সম্পূর্ণ এবং শেষ
প্রারটি এইর্ন্প—

মহাপ্রভু বীরচন্দ্র অমূল্য পদদ্বন্দে। শ্রীনিবাস-স্থত কহে এ গতি-গোবিন্দে॥

৮। শ্রীগোপালভট্ট গোস্বামিরচিত—গোরপদতরঙ্গিণিতে উদ্ধৃত
গোপাল ও গোপালদাসের ভণিতায়
৯টি পদের মধ্যে বোধ হয় কোনটিই
ইংগর রচিত নহে, যেহেতু পূর্বাশ্রমে
দাক্ষিণাত্যবাসী পরে বৃন্দাবনবাসী
হইয়া তিনি যে বাঙ্গালা বা বজবুলিতে পদাবলী রচনা করিয়াছেন—
একথা নিঃসঙ্কোচে বলা চলেনা।
তাঁহার পদরচনার আদর্শ—

দেখরি সখি! কঙল-নয়ন কুল্পমে
বিরাজ হে॥ বামেতে কিশোরী
গোরী, অলস অল অতি বিভোরী,
হেরি শ্রাম-বয়ানচন্দ. মন্দ মন্দ হাঁস
হেঁ॥ অলে অলে বাহে ভীড়, পুছত
বাত অতি নিবিড়, প্রেমতরলে চরকি
পড়ত কঙল মধুপ সঙ্গ হেঁ॥
শারী-শুক পিকু করত গান, ভমরা
ভমরী ধরত তান, শুনি ধ্বনি ধনী
উঠি হৈঠত, চোর চপল যাত হেঁ॥
শ্রীগোপাল ভট্ট আশ বৃন্দাহন কুঞ্জে
বাস, শয়ন স্থপন নয়ন হেরি ভুলল
মন আপ হেঁ॥ (পদক ১০৯০)

৯। শ্রীগোবিন্দকবিরাজ-রুত— বুজবুলি-কবিতার আদর্শ—

শ্রীরাধার পূর্বরাগ (জাগর্যা)—
লোচন খ্যামর বচনহিঁ খ্যামর খ্যামর
চারু নিচোল! খ্যামর হার হাদয়মণি
খ্যামর, খ্যামর স্থী করু কোর॥
মাধব! ইথে জানি বোলবি আন।
অচপল কুলবতী মতি উমতায়িল,
কিয়ে তুহুঁ মোহিনী জান॥ মরমহি

শ্বামর পরিজন পামর ঝামর মুখঅরবিন্দ। ঝরঝর লোরহিঁলোলিত
কাজর, বিগলিত লোচন নিন্দ॥
মনমথ সাগর রজনী উজাগর নাগর
তুহঁ কিয়ে ভোর। গোবিন্দদাস
কতহঁ আশোয়াসব মিলবহঁ
নন্দকিশোর॥ (৪০)

· শ্রীরাধার শ্রীকৃষ্ণদর্শন—চল চল সজল জলদ তমু শোহন মোহন আভরণ সাজ। অরুণ নয়ন-গতি, বিজুরি চমক জিতি, দগধল কুলবতী লাজ। সজনি! যাইতে পেথনু কান। তব ধরি জগ ভরি ভরল কুমুমশর, নয়ানে না হেরিয়ে আন॥ মরু মুখ দরশি বিহুসি তমু মোড়ই, ৰিগলিত মোহন বংশ। না জানিয়ে কোন মনোরথে আকুল কিশলয় দলে করু দংশ॥ অতয়ে শে মঝু মন অংশতহি অমুখণ দোলত চপল পরাণ। 'গোবিক্দদাস মিছাই আশোয়াসল অবহু না মিলল কান॥ (१०); এপ্রসঙ্গে ৭৪, ৭৫ ন্তুরা।

শ্রীরুষ্টের পূর্বরাগে ৮৫,৮৬,৮৯— ৯১, ৯৩, ১০০, ১০১, ২০৪ এর পরে

—(দূতী-সংবাদ)—

মঞ্জুল বঞ্জুল নিকুঞ্জ মন্দিরে সোঙরি
সো গুণ গাম। মরম অন্তরে জপয়ে
মন্তর একলি তোহারি নাম॥
রামাহে! তেজহ কপট ছন্দ।
মদন-হিলোলে তো বিফু দোলত
নন্দনন্দন চন্দ॥ ঞু॥ হিম হিমকর
সলিল-শীকর নিন্দই কালিন্দী তীর।
সরস চন্দন পরশে মুরছই সজল জলত
চীর॥ কবহুঁ উঠত কবহুঁ বৈঠত
পন্থ হেরত তোর। অমল কমল

নয়ন-যুগল সঘন গলয়ে লোর॥
এতহুঁ যতনে পুরুষ-রতনে চিতে
নাহি বিশোয়াস। গহন বিরহদহনে দহই কহই গোবিন্দ
দাস॥(২১৭);২১৮,২১৯ পদদ্বয়ও
দ্রুষ্টব্য এবং আস্বাত। তৎপরে
শ্রীরাধার অভিসারে স্থীমূথে
রসোদ্গার—

চৌদিকে চকিত নয়ানে ঘন হেরসি ঝাঁপসি ঝাঁপল অঙ্গ । বচনক ভাতি বুঝই নাহি পারিয়ে কাঁহা শিখলি ইহ রক্ষা সুন্দরি! কি ফল পরিজনে বাঁচি। খাম স্থনাগর গোপত প্রেমধন জানলুঁ হিয়া মাহা সাঁচি॥ঞা॥ এ তুয়া হাস মরম প্রকাশই প্রতিঅঙ্গ-ভঙ্গিম সাখী। গাঁঠিক হেম বদন মাহা ঝলকই এতদিনে পেথলুঁ আঁখি॥ গহন যনোরথে পন্থ না হেরদি জিতদি মনমথরাজ। গোবিন দাস কহই ধনি বিরমহ মৌনছি সমুঝলুঁ কাজ॥ এই সম্পর্কে २७०-२७७; শ্রীকৃষ্ণের রসোদ্গারে—২৬৩— ২৬৫ দ্রইব্য। রূপাভিসারে—২৬৯, ২৭০, ২৭৫, ২৮৭, ৩০২; বাসক-সজ্জায় গৌরচন্দ্র—৩০৪ এবং ৩০৫, oob, ood, oso-se, osa-sa, ७२६, ७७१, ७७३, ७८२, ७८६, ७८৮, ७७५, ७७२, ७७७, ७५५, ७१५, ७१५; খণ্ডিতায় ৩৭৯, ৩৮৩, ৩৯৮, ৪০০ ४०६--१, ४०३, ४२८--२६, ४७०, ৪৩১; কলহাত্তরিভায় ৪৩৩-৩৭, 880, 885, 880-84, 840-44, 869, 865, 862, 866, 865, 890, ৪৭২; মানে ৪৮৯, ৪৯০, ৫০৮,

৫०२, ৫১৯, ৫२१, ৫२৯, ৫৩১, ৫৩৬, ৫৬৮, ৫৪৮, ৫৫৩, ৫98, ৫9৮, ৫৮o. eb2, ebb, ea0, 602, 606; সঙ্কীর্ণরসোদ্গারে—৬১১; স্বয়ং-(मीट्डा—४२), ५२०-२६, ५००, ৬৩১, ৬৪৮, ৬৫০, ৬৫১; রসেদ্-গারাতুরাগে—৬৮৩, ৬৯০, ৬৯২, 628, 626, 629, 906->2, 93b; আক্ষেপাসুরাগো—৭৫১, ৭৫২, ৭৫৫, ৭৫৬, ৭৬১, ৭৬২; প্রেমবৈচিত্ত্যে 990-996; -989-990. রূপানুরাগে—१৮১, ৭৯৬, ৯০২—৪, ৯৪০, ৯৪২; অভিসারামুরাগে— ৯৮১, ৯৮৩, ৯৮৮—৯৯৬, ৯৯৮, \$005-e, \$050, \$056, \$00e; রূপোল্লাসে-->৩৬, ১০৩৭, ১০৩১ ->080, >080, >062-69; নিত্যরাসে ১০৬৭, ১০৭৫, ১০৭৮, ১০৯৩, বিপরীতরসোদগারে ১১০৮ ইত্যাদি দ্রষ্টব্য।

গোবিন্দদাস-ভণিতায় পদকরতরুতে ৩০।৩২টি শ্রীগোরপদ দেখা
যায়, তাহাতেও তাঁহার সমান
কৃতিত্ব ও রচনা-পরিপাটীর যথেষ্ঠ
পরিচয় আছে—

(১) চম্পক শোণ কুন্থম কনকাচল জ্বিতল গৌরতন্থ লাবণিরে।
উন্নতগীম সীম নাহি অন্থল জগমনমোহন ভাঙনিরে॥ জন্ম শচীনন্দন
ব্রিভুবন-বন্দন, কলিঘুগ-কালভুজগভর্মণণ্ডন॥ বিপুল পুলক কুল আকুল
কলেবর, গর গর অন্তর প্রেমভরে।
লন্থ লন্থ হাসনি গদ গদ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে॥ নিজ
রগে নাচত নয়ন চুলায়ত গায়ত কত

কত ভকতহিঁ মেলি। যো রসে ভাসি অবশ মহীমগুল গোবিন্দ দাস উঁহি প্রশ না ভেলি॥(৩)

(২) দেখত বেকত গৌরচন্দ্র. বেচল ভকত-নথতবৃদ্দ অখিল ভূবন-উজোরকারী কুন্দ-কনক কাঁতিয়া। অগতি-পতিত-কুমুদবন্ধু হেরি উছল রসক সিদ্ধু হৃদয়-কুহর তিমিরহারী উদিত দিনভূ রাতিয়া। সহজে স্থুকর মধুর দেহ আনকে আনকে ना वादस ८थ हु जि हु जि हु जि हु ज ठ न छ খলত মন্ত করিবর ভাতিয়া। নটন ঘটন ভৈ গেল ভোর মুকুন্দ মাধব গোবিন্দ বোল রোয়ত হসত ধরণী পুলক-পাঁতিয়া॥ **খ**সত শোহত অসীম মহিমা কো কহু ওর নিজ পর ধরি করই কোর প্রেম-অমিয়া হরখি বর্থি তর্খিত মহী মাতিয়া। যো রুসে উত্তম অধম ভাস বঞ্চিত একলি জানে কি গোবিন্দ দাস কো কাঠ-কঠিন খেণে কোন গঢ়ল ছাতিয়া ৷ (১০৬৫)

গৌরপদতরঞ্জিণীর নাগরীভাবের পদগুলিতেও তাঁহার অপুর্ব কবিত্ব-শক্তি দেখিয়া শুদ্ধিত হইতে হয়। (৩) জয় জগতারণ-কারণ ধাম। আনন্দকন্দ নিত্যানন্দ-নাম।। ডগমগ লোচন কমল ঢুলায়ত সহজে অথির গতি জিতি মাতোয়ার। ভাইয়া অভিরাম বলি ঘন ঘন ডাকই, গোর-প্রেমভরে চলই ন পার॥ গদ গদ আধ মধুর বচনামৃত লহু লহু হাস-বিক্সিত পাষও-খণ্ডন-গণ্ড ৷ শ্রীভুজমণ্ডন কনয়!খচিত অবলম্বন দও॥ কলিযুগকাল ভুজঙ্গম সঙ্গম দগধল থাবর জঙ্গম দেখি। প্রেম ত্থারস জগভরি বরিখল গোবিন্দ-। দাসকে কাছে উপেথি॥৪॥

গোবিন্দদাস বিভাপতি হইতে
তাঁহার কবিত্বশক্তি পাইয়াছিলেন
বলিয়া তদ্বিষ্য়ে ছুইটি পদ রচনা
করিয়াছেন—পদকরতক (১২ ও
২৩৮৬ সংখ্যক পদ) দ্রষ্টব্য। জন্মপ্রাস ও য্মকের প্রতি ইহার অতিপ্রিয়তা বহু পদাবলীতে পরিব্যক্ত
হইয়াছে। তাহার আদর্শ যথা—

কাদি—কাননে কামিনী কোই
না যায়। কালিন্দীকৃল কলপতরুছায়॥ কুঞ্জকূটীর-মাহা কান্দই
কোই। করে শির হানই কুন্তল
ফোই॥ নাদি—নলিনী নারীগণ
নাশল নেহ। নবীন নিদাঘে না
জীবই কেহ॥ নবীন নিন্দিত নব নব
বালা। নাগল বিরহ হুতাশন আলা॥
গাদি—গলত গাত গিরত মহীমাহ।
গুরুতর গিরীষ অধিক ভেল দাহ॥
গোকুলে গোপরমণী অছু ভেল।
গরল গরাসনে গোবিন্দ গেল॥১৭৩০
পদকল্লতক্বর ৩৭৯ সংখ্যক 'ধ্বজ্ব-

ব্ৰজ্ঞাস্ক্ৰ-কলিতং' পদটি সংস্কৃতভাষায় ইঁহারই রচনা। বাৎসল্য ও সখ্য-রস ব্যতীত তিনি অক্সান্ত রুসের বর্ণনায় অদ্ভূত বিশ্লেষণ সহকারে যে দেখাইয়াছেন. रेनश्रुग्र তাহাতে এবিষয়ে অপ্রতিদ্বন্দী তাঁহাকে বলিলেও অত্যক্তি হয় না৷ তাঁহার পদাবলী গীত হইলে যে কি মাধুরী বর্ষণ করে, তাহা কেবল অমুভববেছাই বটে। কবি যথার্থ ই গাহিয়াছেন-রসনারোচন প্রবণ-বিলাস। রচই রুচির পদ গোবিন্দদাস॥

১০। গোবিন্দ ঘোষ—মহাপ্রভুর

পার্ষদ ও ত্মকণ্ঠ গায়ক। ইনি গৌর-বিষয়ে ৭টা পদ রচনা করিয়াছেন। গৌরবিরহে নদীয়াবাসিদের আক্ষেপ স্চক নিম্নলিখিত পদটি খুবই স্থন্দর ও জাজ্জন্যান।

হেদেরে নদীয়াবাসী কার মুখ চাও। বাহু প্সারিয়া গোরাচাঁদেরে ফিরাও। তো সবারে কে আর করিবে নিজ কোরে। কে যাচিয়া দিবে প্রেম দেখিয়া কাতরে॥ কি শেল হিয়ায় হায় কি শেল হিয়ায়! নয়ান-পুতলী নবদীপ ছাড়ি যায়॥ আর না যাইব মোরা গৌরাঙ্গের পাশ। আর না করিব মোরা কীর্ত্তন-বিলাস॥ কাদয়ে ভকতগণ বুক বিদরিয়া। পাষাণ গোৰিন্দ ঘোষ না যায় মরিয়া॥

(পদ্ক ১৬২৪)

১১। গোবিন্দু চক্রবর্ত্তি-ক্বড— প্রীনিবাস আচার্য প্রভুর শিখ্য গ্রীগোবিন্দ চক্রবর্তী গোবিন্দদাস-ভণিতায় পদাবলী রচনা করিয়াছেন। পদাবলীও কবিরাভের গীতামূতসহ মিশ্রিত হইয়া গিয়াছে, কাজেই পদসংগ্রহকর্ত্তগণ যে যে স্থলে ইন্সিত দিয়াছেন, সেই সেই স্থলেই গোবিন্দ চক্রবভির পদ বলিয়া জানিবার উপায় আছে। যেমন পদকল্লতক্র ১৮০৮—১৮১৪ পর্যন্ত শ্রীবৈষ্ণবদাস, ১৭০৬ সংখ্যক পদটি রসবল্লীক†র আরো এবং কতকগুলি পদ পদামৃত-সমুদ্রকার ইহার রচনা বলিয়া নির্দেশ দিয়া-ছেন (কল্লতক্র ১৩৩, ২৬৭, ২৭৭, ও ১৯৫৬) বাঙ্গালা পদগুলি চক্র-

বর্ত্তির রচনা বলিয়া নিঃসন্দেহে
নির্দেশ করা যায়, যেহেতু কবিরাজ
বালালা পদ রচনা করেন নাই।
ব্রজবুলি পদগুলির মধ্যে যেগুলি
সর্বোৎকৃষ্ট সেইগুলি কবিরাজের
রচিত। আকন্মিক ভাবোলাসের
'উলসিত মঝু হিয়া আজু আওব
পিয়া' (১৭০৬) পদটি—দিব্যোন্মাদপ্রেকরণে উদ্ধৃত হইয়াছে। (২১৩১)
বালালা পদটি প্রীগোররূপের বর্ণনা,
(১৬৫৭) পদটি মাথুর বিরহে রচনা
অতি স্থন্দর ও স্বাভাবিক হইয়াছে।

(ভূতবিরহ)—পিয়ার ফুলের বনে পিয়াসী ভাষরা। পিয়া বিনে মধুনা খায় ঘুরি বুলে তারা॥ মো যদি জানিভাম পিয়া যাবে রে ছাডিয়া। পরাণে পরাণ রাখিতাম বাঁধিয়া॥ কোন্ নিদারুণ বিধি মোর পিয়া নিল। এ ছার পরাণ কেনে অবলুঁ রহিল ॥ মর্ম ভিতরে মোর রহি গেল তুখ ! নিচয়ে মরিব পিয়ার না দেখিয়া মুখ॥ এইখানে করিত কেলি রসিয়া নাগর-बाख। किया निम किया देशन क পাডিল বাজ। সে পিয়ার প্রেয়সী আমি আছি একাকিনী। এ ছার শরীরে রছে নিলাজ পরাণী॥ চরণে ধরিয়া কাঁদে গোবিন্দ দাসিয়া। মুঞি অভাগিয়া আগে যাইব মরিয়া (পদক ১৬৫৭)

১২। চম্পতি ভূপতি-ক্ত—
পদকল্পতক্ষতে চম্পতি-ভণিতায় ১৭টি
পদ, রায় চম্পতি-ভণিতায় (২০২৫)
একটি পদ, এবং (৪৮০, ৪৮২, ৫৩২,
৭২৭, ১৬৬০, ১৬৬৬, ১৬৭৬, ১৭৪৫
সংখ্যক) ৮টি পদ চম্পতিপতি-

ভণিতাযুক্ত। ইহাদের অধিকাংশই ব্রজবুলিতে রচিত। এই কল্পতকতে ভূপতি-ভণিতাযুক্ত ১২টি ব্ৰজবুলি পদ দেখিতে পাওয়া যায়। (৪৮৩, ৫৩৯, ১৭২৮, ১৮৭৯ এই চারিটি ভূপতি-ভণিতায়, ৪৭৮ ও ৪৭৯ এই তুইটি ভূপতিনাথ এবং ১৪৪, ৪৭৭, ১০৮২, ১৭০০, ১৭৫৮, ১৯৮৩ এই ছয়টি সিংহভূপতি-ভণিতাযুক্ত)। ০০১ ও ৫৩৮ **সং**খ্যক পদন্বয় গোবিন্দ দাস ও রায় চম্পতির নামে মিশ্র ভণিতাযুক্ত। 'কোন সাহিত্যিকের মতে চম্পতি ও ভূপতি একই ব্যক্তি। (ভাঃ স্থকুমার সেন কৃত 'ব্ৰজবুলি ইতিহান' ১৮৩ পু: দ্রষ্টব্য)। রচনার আদর্শ—

(১) অখিললোচন-তম তাপ-বিমোচন উদয়তি আনন্দ-কন্দে। এक निनमूथ मिन कतरा यिन ইথে লাগি নিন্দহ চন্দে। স্থন্দরি। বুঝল তুয়া প্রতিভাতি। গুণগণ তেজি দোষ এক ঘোষদি, অস্তর আহিরিণী জাতি॥ সকল জীবজন-জীব-সমীরণ মন্দ প্রগন্ধ প্রশীতে। দীপক জ্যোতি পরশে যদি নাশয়ে ইথে লাগি নিন্দহ মাক্রতে॥ স্থাবর জন্ম কীট পতঙ্গম ত্বথ দেই সকল শরীরে। কাগজ পত্র পরশে যব नाभार्य हेर्प लागि निक्र नीर्त ॥ খেনে খেনে সকল কুত্বম মন তোষয়ে নিশি রহু কমলিনী সঙ্গে। চম্পক এক যন্তপি নাহি চুম্বই ইথে লাগি নিকাহ ভালে॥ পাঁচ পঞ্জণ দশগুণ চৌত্তণ আট দ্বিগুণ স্থী মাঝে। চম্পতিপতি অতি আকুল তো বিহু বিষাদ না পায়সি লাজে ॥ (৪৮০)

(২) প্রেমক আগুনি মানহিঁ গুণিগুণি এ দিন যামিনী জাগি।
মদন পঞ্চর কুঞ্জে রোয়ই তোহারি রসকণ লাগি॥ কি ফল মানিনি!
মান মানসি কাম জানসি তোরি।
তুহঁ সে জলধর-অঞ্চে শোভিত
বৈছন দামিনী গোরী॥ নওল
কিশলয়-বলয় মলয়জ-পয় পয়জপাত। শয়নে ছটফট লুঠই মহীতলে
তো বিমু দহই গাত॥ জানহ পুন
পুন সো পিয়া পরীখণ সোই পূজে
পাঁচবাণ। রায়চম্পতি ও রস গাহক
দাস গোবিন্দ ভাণ॥ ৫৩৮॥

১৩। জগদানন্দ ঘোষ-রচিত—
শ্রীনিবাসাচার্য প্রভুর শিষ্য পদক্তা
গোবিন্দ চক্রবতির বংশধর রাধামুকুন্দদাস-কর্ত্ত্ব সঙ্কলিত 'মুকুন্দানন্দ'
নামক পদকাব্যে জগদানন্দ ঘোষের
একটিমাত্র পদ দেখা যায়।

আয় ভাই খেলাইতে যাবি
গোরাচাঁদ। শিশুগণ ডাকি বলে,
আয়ভাই গলাক্লে, নাচিব গাইব
হরিনাম॥ শিরে অবতংস, কনক
ঝুরি লম্বিত, দোলত ললাট স্থমার।
তত্বপরি চন্দন চিত্র বিচিত্রক দেখি
মুখচন্দ্র বিরাজ॥ রতন হারাবলী
বক্ষে বিলম্বিত, টাড় বলয়া দোল
করে। গউর কলেবর নীলপাটের
ধটী বেড়িয়াছে ঘাঘর ঘুলুরে॥
হেদেরে বালকগণ লঞা কেহ প্রাণধন, সকালে আনিহ গোরাচাঁদে।
ঠাকুর স্পরানন্দ, গোরালীলা
বিজ্ঞানত, গায়ত ঘোষ জগদানন্দে॥
[ব-সা-সে]

১৪। জগদানন্দ ঠাকুর-রচিত— শ্রীথণ্ডের শ্রীরঘুনন্দনবংশ্ম জগদানন্দ ঠাকুর স্বপ্নাবেশে শ্রীগোরমূর্ত্তি দর্শন করিয়া 'দামিনীদাম' (ভর্লিণী ১০১ শৃঃ) ও 'গৌরকলেবর' (ঐ ১০২ পু:) এই স্কুবিখ্যাত পদৰয় রচনা করেন। ইনি সর্বশান্তবেতা সিদ্ধপুরুষ এবং গভীরার্থক ও নানা-ভাব-প্রকাশক শ্রবণ-রসায়ন পদাবলি রচনায় সিদ্ধহস্ত ছিলেন। তরঙ্গিণীতে ২৩টি পদের মধ্যে ২২টি ব্ৰহ্মবুলিতে রচিত। শব্দশাস্ত্রে છ বিষ্ণাদেও তিনি ব্যুৎপন্ন ছিলেন— 'মঞ্জুবিকচকুস্থমপুঞ্জ' পদটি কালিদাস নাথ মহাশয়ের 'জগদানন্দ পদা-বলীতে' আছে, তাহাতে শ্রুতি-মধুরতা বর্ত্তমান। গৌরনাগরী-ভাবের (৯) পদগুলিও অতিচমৎ-কার। সজ্জনতোষণী পত্রিকায় ৮।৮, ১০, ১১ সংখ্যাতে 'প্রীপ্রীপ্রত্ন জগদা-ঠাকুরের পদাবলি'-শীর্ষক কতকগুলি সঙ্গীত প্রকাশিত হয়। তন্মধ্যে এই পদটি গৌরপদ-তর্জিণীতে নাই—'শশধর যশোহর নলিন-মলিনকর' ইত্যাদি। ইনি 'ভাষাশকার্ণব' নামে ককারাদি-অমুপ্রাসমুক্ত কাব্যরচনা করিয়া-ছেন। ইহার চিত্রপদরচনা অতি স্থার ও শ্রুতিমধুর। শ্রীধীরানন্দ ঠাকুর-সম্পাদিত 'জগদানন্দ পদা-বলীতে' মোট ৫৯টি পদ আছে। ভাষাশকার্ণবের গকার পর্যন্ত এবং বাহাচিত্রপদে ৪ ও অন্তশ্চিত্রপদে ২টি আছে। ইনি গীতগোবিন্দের অমু-বাদ করিয়াছেন (বর্দ্ধমান সাহিত্য-সভার পুথি-১৮৫)।

১৫। জ্ঞানদাস-কর্তৃক রচিত— মংজাহুবার শিশ্য জ্ঞানদাস কাঁদরায়

বাদ করিতেন। তিনি ব্রজবুলিতে ও বাংলায় বহু পদাবলী রচনা করিয়া रहेशार्ष्ट्रन। औरनक्षत-স্থবিখ্যাত পদকল্লতক্ষতে জ্ঞানদাস-ভণিতায় প্রায় ১০৫টি পদ ব্রজবুলিতে রচিত দেখা যায়। গ্রীগোবিন্দদাস ব্যতীত অক্সান্ত পদকর্ত্তদের মধ্যে ইঁহাকেই ব্ৰন্থবুলিভাষায় অতি সতৰ্ক লেখক বলিলে অত্যুক্তি হয় না। কলতক্ষর ২৩২ সংখ্যক পদটি [লহু ণহু মুচকি হাসি চলি আওলি ইত্যাদি] শুদ্ধ ব্ৰজবুলি রচনার আদর্শ। মহাপ্রস্থ-বিষয়ক পদাবলীতে শ্রীমন্নরহরি, যত্ত্বনদন বা বাস্থদেব ঘোষের স্থায় ইহার রচনায় প্রগাঢ় অন্তৰ্গ প্ৰী স্চিত না হইলেও কিন্তু ভাষা-মাধুৰ্ব্য ও শব্দ-সম্পদে সমুজ্জ্ব বলিতে হইবে। নিত্যানশপ্রভুর মহিমাস্চক পাঁচটি পদ ইংহার রচিত। শ্ৰীক্লফলীলা-বিষয়ক পদাবলীতে ইনি ভাবে ও রীতিতে চণ্ডীদাসের অমুসরণ করিয়াছেন। দান, নৌকা-বিলাস প্রভৃতি সর্ববিষয়ে তাঁহার त्रवना त्रीन्धर्यभानिनी इट्रेटन किन्न यूत्रनी भिक्षा, अञ्चत्रात्र, तरमान्त्रात ও মাথুর-বিরহের বর্ণনায় তিনি অধিকতর কৌশলসহকারে পুঞান্ন-পুঙার্মপে আস্বাদন দিয়াছেন।

তাঁথার পদাবলীর নমুনা—(১)
পহিলহি চাঁদ করে দিল আনি।
বাঁপল শৈলশিখরে এক পাণি॥ অব
বিপরিত ভেল সো সব কাল। বাসি
কুস্থমে কিয়ে গাঁথই মাল ? না
বোলহ সজনি না বোলহ আন। কি
ফল আছয়ে ভেটব কান॥ অস্তর
বাহির সম নহ রীত। পাণি তৈল

নহ গাঢ় পিরীত॥ হিয়া সম কুলিশ
বচন মধুধার। বিষঘট উপরে ত্ধউপহার॥ চাতুরী বেচহ গাহকঠাম। গোপত প্রেমস্থ ইহ
পরিণাম॥ তুহুঁ কিয়ে শঠা নিকপটে
কহ মোয়। জ্ঞানদাস কহ সমৃ্চিত
হোয়॥ (কল্পতরু ১৯৬)
(২) রূপ লাগি আঁথি ঝুরে গুণে

(২) রূপ লাগে আথি ঝুরে গুণে
মন ভার। প্রতি অঙ্গ লাগি কাঁদে
প্রতি অঙ্গ মোর॥ হিয়ার পরশ
লাগি হিয়া মোর কাঁদে। পরাণ
পিরীতি লাগি পির নাহি বাঁধে॥
সই কি আর বলিব ? যে পণ
কারিয়াছি মনে সেই সে করিব॥
—ইত্যাদি। (পদক ৭৫০)

ু গৌরপদতরঙ্গিণীতে জ্ঞানদাস-ভণিতায় ১৬টি পদ উদ্ধৃত হইয়াছে। নিমূলিথিত গৌরপদগুলি স্বিশেষ আস্বাত্য--'হেমবরণ বর স্থন্দর', 'মুই দেখিয়া গোরালচাঁদে', 'গোরাল আমার ধরম করম গৌরাজ আমার জাতি', 'সই আমার গোরাচাঁদ', 'অপরূপ গোরাচাঁদে', 'সহচর অঙ্গে গোরা অস হেলাইয়া', 'পূরবে গোবর্দ্ধন ধরিল অমুজ যার' ইত্যাদি। (৪।৪।১) পদটি ভক্তবিশেষের মতে গদাধরের নাগর ভাব-স্চক—সর্বত্র কিন্তু গদাধর নাগরীভাবেই ব্রণিত— সোণার গোরাঙ্গটাদে। উরে কর ধরি ফুকরি ফুকরি হা নাথ বলিয়া কাঁদে। গদাধর-মুখে ছলছল আঁথে চাহয়ে নিখাস ছাড়ি। ঘামে তিতি গেল সব কলেবর, থির

নেহারি॥ বিরহ-অনলে দহয়ে অস্কর

ভদম নাহয় দেহ। কি বুদ্ধি করিব

কোথা বা याहेव किছू ना বোলয়ে

5636

কেই॥ কছে হরিদাস কি বলিব ভাষ, কেনে হেন হৈল গোরা। জ্ঞানদাস ক্হে রাধার পিরীতে সতত যে রসে ভোরা॥ (কল্পতরু

ইনি অনেক 'প্রশ্নদৃতিকা' পদ রচনা করিয়াছেন, এভাবের পদ-রচনা चाककान विद्रन। জ্ঞানদাসের 'যোড়শ গোপালের রূপ'-বর্ণনা অতিচমৎকার।

১৬ ! দিবাসিংহ-রচিত—(ইনি গোবিন্দ কবিরাজের পুত্র ও শ্রীনিবাস আচার্যপ্রভুর শিশ্ব) সংকীর্ত্তনামূতের ১৯১ সংখ্যক পদটী ইহার ব্রজবুলি রচনার আদর্শ।

যব্ধরি পেখলু কালিন্দী তীর! নরনে ঝরুয়ে কত বারি অথির॥ কাহে কহব স্থি! মর্মক থেদ। চিতহিঁ না ভায়ে কুন্থমিত শেজ। নবজলধর জিতি বরণ উজোর। হেরইতে হুদি মাহা পৈঠল মোর॥ ভব্ধরি মনসিজ হানল নশ্বনে কাহ্ন বিন্তু না হেরিয়ে আন॥ দিব্যসিংহ কহে শুন ব্রজরামা। রাই কাত্ম একতমু ছহু একঠামা।

গ্রীদেবকীনন্দন দাস-গোরপদ-দ্বচিত—পাঁচটি পদ হইয়াছে -ভরঙ্গিণীতে উদ্ধ,ত সবগুলিই অতিস্থন্র ও প্রাপ্তল। পদকল্লতরুর (২০১১) 'বিপরীত পদটি ক্মলমুখী' দ্বতি-অবসানে সজ্যোগ-প্রকরণে সমৃদ্ধিশান ধৃত হইয়াছে। তরক্ষিণীর (৩।২।৫১) গোরারূপ' ইত্যাদি 'স্থুবনুমোহন নাগরীভাবের পদটি অতি রুগাল, অতিমধুর।

১৮। শ্রীনয়নানন্দঠাকুর-রচিত —[শ্রীশ্রীগদাধর পণ্ডিতের প্রাতা বাণীনাথ মিশ্রের প্রভ্র নয়নানন। শ্রীশ্রীপণ্ডিতগোস্বামির डेनि শিষ্য ছিলেন। ইহার উপরে শ্রীশ্রীগোপীনাথের সেবাভার দিয়া শ্রীগদাধর নীলাচলে মহাপ্রস্থর সহিত কবিতে গিয়াছিলেন। ভরতপুরের শ্রীপাটে ইংহার বংশধরেরা অত্যাপি বিরাজমান।] শ্রীমন্ মহাপ্রভু-সম্বেষ্টে ইনি পদাবলি রচনা করিয়া পদসাহিত্যের যথেষ্ঠ করিয়াছেন। নাম্যজ্ঞের অধিবাদে ইহারই রচিত 'জয়রে জয়রে গোরা শ্ৰীশচীনন্দন'—পদটিই সৰ্বাচ্ছে গীত হয়। শব্দবিভাবে, শ্রতি-মধুরতায় এবং ভাব-মাধুর্যে তাঁহার পদাবলি বাস্তবিকই অতুলনীয়। তরঙ্গিণীতে পদ ইঁহার নামে উদ্ধৃত 'গোরা মোর শাগর' (১০০১৫), 'কলি খোর তিমিরে' (১০০১৮), 'ও রূপ শুন্দর গৌরকিশোর' (৩)১।৭৪), 'সই চল দেখি গিয়া' (৩৷২৷২৮), গৌরাঙ্গ-লাবণ্যরূপে' (তাহাত০), ছুহুঁ ছুহুঁ পিরীতি আরতি নাহি (৪।২।৯), 'দেখ দেখ পোরা নটরঙ্গ' (৪।২।৩৩) 'নাচয়ে গৌরাঙ্গ গদাধর-মুখ চাঞা' (৪।২।৩৫), 'গদাধর মুখ হেরি কি উঠে মনে' (৪৮০)১) 'কান্দয়ে মহাপ্রভু গদাধর সঙ্গে' প্রভৃতি পদগুলি (P(1018) इनि গোরের আস্বান্তা। নাগরীভাব, নৃত্যকীর্ত্তন, ভাবাবেশ, कृमानान, বাসস্ত রাস গৌরগদাধরের মিলন-স্থন্ধে অনেক

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ)

পদ রচনা করিয়াছেন। এই পদের ভাষা ও ত্মর-ঝন্ধার অনবগ্য ও স্বজন-স্মাদৃত।

১৯। শ্রীল নরহরি সরকার ঠাকর-রচিত—অখণ্ডভাগ্য (চন্দ্রোদয় ৯١১) শ্রীখণ্ডবাসী শ্রীগোরাঙ্গভাবে বিভাবিতান্তর (মুরারির কড়চা ৪।১।৫) শ্রীমররহরি সরকার ঠাকুর মহাশয় শ্রীমনু মহাপ্রভুর সম্বন্ধে সহজ ও সরল ভাষায় বহু নাগরীভাবের পদ করিয়াছেন। গৌরপদ-তরঞ্চিণীতে ৩৮৩টি পদ নরহরি-ভণিতাযুক্ত আছে, তন্মধ্যে ১০•টি শ্রীমৎসরকার ঠাকুরের রচনা, ১৭১টি শ্রীনরহরি চক্রবর্তী (ঘনখাম দাস) মহাশ্রের এবং ১১২টি পদ নরহরি দাস' ভণিতায় আছে: অক্স কোনও নরহরি না থাকিলে এই পদগুলি কোন্ নরহরির রচিত—এবিষয়ে নিশ্চয় করিয়া বলিতে পারা যায় না। সরকার ঠাকুরের বাংলা ভাষাটি অতি সরল এবং তুখবোধ্য, কিন্তু চক্রবর্তী ঠাকুরের অধিকাংশ পদই ব্রজবুলিতে রচিত, ভাষা জটিল, শকাড়ম্বরযুক্ত (অতি বিস্তীর্ণ) অথচ নাতিমুখন। ঠাকুরের এই আত্যন্তিক গৌরামুরাগেই বিরচিত হইয়াছে---

শয়নে গোর স্থপনে গোর গোর নয়ন-তারা। জীবনে গৌর মরণে গৌর গৌর গলার হারা। হিয়ার মাঝারে গৌরাঙ্গ রাখিয়ে বিরলে বসিয়ারবা মনের সাধেতে সেরূপ চাঁদেরে নয়ানে নয়ানে থোব।। সহ। কহ না গৌর কথা। গৌর নাম অমির ধাম পীরিতি মুরতি দাতা॥

লিখিত আছে— আচার্যপ্রভুর শিষ্য

2639

শ্ৰীশ্ৰীগৌডীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ) গৌর শবদ গৌর সম্পদ যাহার ইন্দ্রে

জাগে। নরহরিদাস অমুগত তার চরণে শরণ মাগে॥ সর্বতা ও স্মুম্পষ্টতা হিসাবে সরকার ঠাকুরের গীতিকামালা সকল ভক্তনমাজে সমাদৃত হইয়াছে। খ্রীল লোচনদাস ঠাকুরও তাঁহার এই গুণ লাভ করিয়া তাঁহার পদাবলী গুক্ষন ইনি এবং শ্রীমন করিয়াছেন। মুরারিগুপ্ত শ্রীচৈতক্স-বিষয়ক গীতি-রচনার প্রবর্ত্তক বলিয়াই জানা

১৯। নবকান্ত-রচিত—মুকুন্দা-নন্দ-গ্রন্থে ধৃত দোলদীলা-বিষয়ক একটি পদ— 'অঞ্জলিভরি ফাগুলেই স্থীগণে।

যাইতেছে।

রাইকামু-অঞ্চে ফাগু দেই ঘনে ঘনে॥ দোল উপরি ছত্ত দোলত ভাগ। গাওত কোই সখী ধরি করতাল॥ বাওত কত কত যন্ত্ৰ প্ররঙ্গ। বীণা রবাব স্বরম্ওল উপাস। শোভিত তরুকুল বিকসিত ফুল। ঝঙ্করে মধুমদে সব অলিকুল। মলয় প্রন বহে যামুনতীর। নাচত শিথিকুল কুঞ্জকুটীর॥ বিলস্ই উঁহি দোলোপরি কান। ইছ নবকাস্ত ছুছুঁক গুণ গান॥

২০। নসির মামুদ--মুসলমান বৈষ্ণৰ কৰি। পদকল্পতক্ৰর ১৩৩১ সংখ্যক পদটি ব্ৰজবুলিতে (১) নসির মামুদ-ভণিতায় আছে—ইহাকে অতি উচ্চ ধরণের কবিতা বলিতে কুণ্ঠা . নাই ।

চলত রাম অব্দর ভাষ, পাঁচনী কাচনি বেত্র বেণু মুরলী খুরলী গান ति। श्रिप्त श्रीनाम स्नाम स्मिन,

তপন-তনয়া তীরে কেলি, ধবলি শাঙলি আওরি আওরি, ফুকরি চলত কান রি॥ বয়ুসে কিশোর মোহন

ভাঁতি, বদন ইন্দ জলদ কাঁতি, বদনে মদন ভাণ রি। চারু চক্রি গুঞ্জা হার আগম নিগম বেদ সার, লীলায় করত

গোঠ বিহার, নসির মামুদ করত আশ, চরণে শরণ দান রি॥ ২১। নাজীর (মুসলমান বৈফব কবি)-ক্বত—মোহন মদন গোপাল

करेत वनन मन इत्रन, विनहाती छैनरक নাম পর তেরা য়ঃ তন বদন। গির্ধারী নক্লাল হরি নাথ গোবরধন, লাথো কিয়ে বনাব হজারোঁ কিয়ে জতন। ক্রিলা থা বাঁত্বরী কে বজৈয়া কা

কা বালপন। সব মিলি জসোদা পাদ ইহ কহতি থী আকে বীর, অবতো তুমহারা কাহাউয়া হৈ বড়া শরীর ॥ দেতা হৈ হমকো গালিয়া আওর ফাডতা হৈ চীর, ছোড়ে দহী

ন তথন মাখন মহীন কীর॥ ঐসা

বালপন,ক্যা ক্যা কহু মৈ কৃষ্ণ কহৈছয়া

থা বাঁত্মরী কে বজৈয়াকা বালপন ক্যাক্যা কহু মৈ কৃষ্ণ কহৈছয়া কা বালপন। থে কাফ জী তো নন্দ জ্পোদা কে ঘর কে মাহ, মোহন नवन किर्मात की थी भवकी पिन

সো করতা থা বাহ বাহ, ঐসা তো বালপন ন কিসি কা হয়া হৈ আহ্॥ ঐসা থা বাঁস্থরীকে বজৈয়াকা বালপন কেয়া কেয়া কছ মৈ কৃষ্ণ কছৈয়া কা

মে চাহ ॥ উনকো জো দেখ্তা থা

২২। নুসিংহদেব—ইনি রাজা বীর হাম্বীরের অন্তরঙ্গবন্ধ ও শিষ্য-ভ্রাতা ছিলেন। 'সারাবলী'

বালপন॥

নৃসিংহ রাজন। পরম পণ্ডিত হয় ভক্তিপরায়ণ। পূর্বপুরুষ হৈতে মানভূমে স্থিতি। পদকর্ত্তা বলিয়া সবত্র থার খ্যাতি।' একাবলী ছন্দে রচিত তাঁহার একটি পদ— ব্ৰজনন্দকি নন্দন নীলমণি। ছেবি

চন্দন তিলক ভালে বনি॥ শিখি পুচ্ছকি বন্ধনী বামে টলি। ফুল দাম নেহারিতে কাম চলি॥ कुक्षिण कुछन नहीं हिन। मूथ नीन সরোক্রহ বেঢ়ি অলি॥ ভুজদণ্ডে বিমণ্ডিত হেম মণি। নব বারিদ বিছাত স্থির জনি॥ অতি চঞ্চল

সংযুত পীতকটি॥ পদ নূপুর বাজত পঞ্জরে। করবাদন নর্ত্তন গীত বরে॥ স্থরাম্বর লজ্জিত শান্ত মনে। পদ-দেবক দেব নুসিংহ ভণে॥ প্রমানন্দ-(কবি কর্ণপূর १)-রচিত—গ্রীসেন শিবা-

লম্বিত পীত ধটি। কলকিছিণী-

নন্দের পুত্র কবিকর্ণপূর গোস্বামির নামে আরোপিত কয়েকটি পদ-রচনা যায় ৷ অধিকতর শ্রীচৈতগ্রদেব-সম্বন্ধে পদকলতক্র ১৮৩, ১৫৮৭, ২৮৫৯. ২৮৭২, ২৯০৭, এবং ২৯৭৫ সংখ্যক পদগুলি সবই শ্রীক্ষঞ্লীলাবিষয়ক ও ব্ৰজবুলিতে রচিত। এতদ্ভিন্ন তর্ঙ্গিণীর প্রমানন্দ-ভণিতায় রচিত শ্রীগোরবিষয়ক এবং ২০টি পদ প্রায়ই বিশুদ্ধ বাঙ্গালা ভাষায় রচিত। ডাক্তার স্থকুমার সেন এই পদগুলিকে গ্রীপরমানন্দ গুপ্ত-ক**র্ত্ত**ক রচিত

বলিয়াছেন, যেহেতু গৌরগণোদ্দেশে

(১৯৯) এবং জয়ানন্দের চৈতন্ত-

203

3626

(৩পঃ) এই গুপ্তকে ' গীতিকাব্য-রচয়িতা বলা হইয়াছে। ইহাতে রচনাগত বৈশিষ্ট্য নাই।

২৪। প্রতাপরুদ্রাজা-রুত-গোপালক্ষ-পত্তাবলীতে (৮৯ প্র্চায়) উদ্ধ ত একটি ওড়িয়া (মন:শিক্ষা ২৩) 'ভজ ব্রজ্বন-দ্বিজরাজন্ম। অজ-শেষ-ভব-বন্দ্য-পদকঞ্জকু॥ নেত্রে কর লোকন, वर्त्ज, वश्मी श्राप ठाक अञ्चलकू। অমুজকুটুম্ব-কন্তা - প্রতীর-কদম্বন্তা,-নভচর রাধাস্বন্ধ - গুন্তভুজকু॥ পশুপী-নক্ষত্রাবলি হোই সর্বত্র মণ্ডলী শাব্দিছন্তি স্থরপরাজয়-স্ভকু। অথিলরস-শ্রীমৃতি কাটি এ মদনছাতি, অনাসে নব শিখগুচুড়ধ্বজকু॥ শ্রীপ্রতাপরুদ্রদেব ভাসন্তি সন্তত-ভাব-হর জন্মান্তর অহংতমপুঞ্জকু'॥

প্রীপ্রীপ্রবোধানন্দ-সরস্বতী-বির্চিত সঙ্গীতমাধ্ব-নামক গাতিকাব্যে ২৯টি গীত সংযোজিত হইয়াছে। এই গীতিকামাল। রচিত গীতগোবিন্দের অমুকরণে স্থলবিশেষের হইলেও রচনা-শব্দবিস্থাস-প্রণালী পারিপাট্য ও অধিকতর স্থললিত ও চিত্তচমকপ্রদই হইরাছে । ইহাতে গৌড়ীয়বৈঞ্দের সাধনোপযোগী বছবিধ দেদীপ্যমান আছে—এই গীতিকাব্যের সাধন-সঙ্কেতের আদর্শে অমুপ্রাণিত হইয়া সাধক ব্রজভাবে ব্রজ্ঞােপীর আমুগত্য-লাভে চরমাভীষ্ট বস্তু প্রাপ্ত পাব্নেন—ইহাতে হইতে সংশয় নাই।

শ্রীবৃন্দাবন-বর্ণন---[বসস্ত- \ রাগেণ] অদ্ভুত - স্থুরভিস্ময়-সহজোদয় - মধুরলতা - তরুজালং। নব-মকরন্দ - মহাদ্ভুত-পরিমল - মত্ত-विठलप्रानाः॥ वत्स वृन्गविशिनय-মন্দং। প্রেম-মহারস্-বেগবিজ্ঞিত-यन न यर इरिन वक न्यम् ॥ धः ॥ विक न पन-শোক-বকুলকুল - চম্পক-মাধবিকাভি-রনূনং। সহ নিজবল্লভয়া ব্রজনাগর-ললিত-লুনবিচিত্র - বিস্থনম্॥ কলিম্পস্কতা,-লহরীকৃত-মৃত্মুত্র-শীকর-বর্ষং॥ তুমুলরতিশ্রমিতালস-তমুবর রসিকমিথুনক্তহর্ষং॥ অভতরস-সরসি লসত্বপদল-মুকুলিত-কনক-সরোজং। প্রাণদমা-কুচলোচন-সংস্থৃতিকৃতহরি-তীব্রমনোজম্॥

শ্ৰীশ্ৰীগোঁড়ীয়-বৈঞ্ব-অভিধান (৩ খ)

শ্রীরাধাকুফবিহার-বর্ণনা (৩) [মালবগোড়রাগেণ] মৃগমদলিপ্ত-ক্রচিরবপুষা পরিরঞ্জিত-নবঘনপারং। বেণীভূজঙ্গীবিরাজিতয়া শিখিচন্দ্রক-চূড়মুদারং॥ স্থি হে! গোকুলরাজ-কুমারং। রাধিকয়া সহ মনোজ-রসাধিকয়া স্কুমারং॥ ঞ ॥ নবচপলাচপলাঞ্জকা রসবর্ষণ-বারিদ-জালং। কাঞ্চন-বল্লরিকোজ্জলয়া হাতিনিজিত-নীলতমালম্॥ অনিল-তরল-নলিনী-স্লুলিতয়া মদকল-মধুকরলীলং : অভিনবসঙ্গমভয়-কম্পিতয়া বহুবিধমমূনয়শীলম্॥

নাগরীবেশে স্থসজ্জিত-শ্রীকৃষ্ণ-দর্শনে জ্রীরাধা—[রামকিরী রাগেণ] नीजनजिनमज--- (कामजमूब्बजमअमिक স্কুমারং। মোহনরপ্রিদং তব বল্লবি! হরতি মমান্তরসারং! বিধুমুখি কা অমহো মধুরে! প্রিয়সখী ভব মম চারুতরে॥ ধ্রু॥ কেয়মহে। তব विश्वविद्याद्य - निन्धार्थाम्बिङ्की। জনয়তি খঞ্জন-গর্ববিভঞ্জনমতিভয়মেতি কুরঙ্গী। হাস্তমহো তব লাস্তমহো তব বচনমছো মধুধারং। স্পান-শয়ন-ভোজন-গমনা দিযু বিহর ময়া ত্রমুদারম্॥ মা কুরু 'বঞ্চনমিহ স্থি ! কিঞ্চন তব পৃচ্ছামি রহস্তং। ত্বামপি চকিতমুদৈ-ক্ষত কিমু হরিরিতি মম বাচ্যমবশ্বম্॥ রাস – (১২) [বসন্তরাগেণ] বাদয়তে মণিবেণুমুদারং। গলিত-মধুররব - নবরস্সারং॥ নৃত্যতি রসিক-হরিরিহ মোহনরাসে। যুবতিততি-রচিতবিলাসে॥ দর্শয়তে বহুহস্তকভেদং। চলতি ললিতগতি চিত্ৰমখেদং ॥ মধ্যবিল্ম্বিতফ্রত-পদচালং। কলয়তি গীতপদোচিত-গীতবাদিত্রকলাগতপারং। তালং। কিমপি প্রশংসতি বরতহু-বারম্॥ ঞ্রীরাধাসখীগণের সঙ্গীত—(১) [মঙ্গল গুজ্জরীরাগেণ] প্রণত-সকল-ত্বখদায়ক ব্রজনায়ক হে বল্লবরাজ-ক্ষুটসরসিক্**হলো**চন কুমার ! ভয়মোচন হে পালিত-নিজপরিবার॥ জয় জয় প্রাণসখে ! গ্রন্থ। ব্রজতরুণী-নবনাগর রস্পাগর হে রচিত-মহা-রতিরঙ্গ। রসিক্যুবতি-পরিহাস্ক কৃতরাসক হে ললিতানস্ভরঙ্গ॥ মণিময়বেণুলসন্মুখ নত-সন্মুখ হে মৃত্-মৃত্হাসবিলাস। কুলবনিতা-ব্ৰতভঞ্জন রিপুগঞ্জন হে নবংতিকেলিনিবাস॥ মধুরমধুররসন্তন হতপূতন নবঘন-নীলশরীর। তপনস্থতা-তট-সন্নট রতিলম্পট হে ধৃতবর্মণিগণ-হীর॥ স্ফুরদরুণাধর-পল্লব ব্রজবল্লভ হে রাধামানস-হংস। শ্রীল সরস্বতী- গীতকং হরিভাবদং ম**ঙ্গলমি**ছ বিদধাতু॥

এইভাবে লোকাতীত-মহামহিম শ্রীবৃন্ধাবনীয় সৌন্ধর্যমাধুর্যের মহাকবি-সরস্বতীর পদ-লালিত্য ও ভাষা-মাধুর্যের অন্তঃস্থলে যে রস-প্রবাহ খেলিয়া যাইতেছে—ভাহা কেবল সদ্ভাবুক ও অ্রসিকগণেরই আস্বাল্ ও অন্বভাব্য।

২৬। প্রেমদাস-কত ৩১টি পদ
আছে। তন্মধ্যে ৪৭৫, ৫৫৮, ৫৫১
৫৯২, ৫৯৬ এবং ৮০৯ সংখ্যক ছয়টি
পদ ব্রজবুলিতে রচিত। ইংহার ব্রজবুলি রচনা তত উৎকৃষ্ট নহে বলিয়া
সাহিত্যিকদের মত; কিন্তু বাঙ্গালা
রচনা অতি উৎকৃষ্ট।

- (১) মাধব, মোহে কহসি চাঁদমুখ। চাঁদক গুণ কহয়ে সব স্থাীতল,
 চাঁদে জনম ভরি ছুখ॥ জলনিধি
 উদর উয়ল শশংর, গরল সঙ্গে উপনীত॥ কেবল শঙ্কর শিরসি রহল
 যব তাহা ফণী হেরি অস্থিত॥ পুন
 যাই গগনে করল আরোহণ তাহে
 গরাসে রাহু মন্দ। দৈবে কল্পিত
 হোওত মুগধরি, অসিতপক্ষে তমু
 অস্ত ॥ কাহে মিনতি কয় কপটিহিঁ
 নাগর, হেরি বিরস মন হোয়।
 প্রেমদাস কহ, চাঁদবদন চাহচকোরে
 পীয়ুষ্ দেই সোয়॥
- (২) সই ! কাছারে করিব রোষ।
 না জানি না দেখি সরল হইলুঁ সে
 পুনি আপন দোষ॥ বাতাস বুঝিয়া
 পেলাইথু, পা বাঢ়াই বুঝিয়া থেছ।
 মাছুষ বুঝিয়া কথা সে কহিয়ে
 রসিক বুঝিয়া নেহ॥ মড়ক বুঝিয়া
 ধরিলে ঢাল ছায়ায় বুঝিয়া মাথা।

গ্রাহক বুঝিয়া গুণ প্রকাশিয়ে বেথিত দেখিয়া বেথা॥ অবিচারে ই করিলু পিরীতি কেন বৈলু হেন কাজে। প্রেমদাস কহে ধীর হ স্ক্রমরী! কহিলে পাইবা লাজে॥ (পদকল্পতক্ত ৯৫৬)

প্রেমদাসের অধিকাংশ বাংলা পদই শ্রীচৈতগুদেব-সম্বন্ধে, গৌরপদ-তরঙ্গিণীতে প্রেমদাস-ভণিতায় যে ২৯টি পদ আছে, তাহার সাতাহত পদটি প্রেমানন্দ-বিরচিত মনঃশিক্ষার প্রথম পদের প্রায় অমুরূপ (সাতঃ পদ দ্বাইব্য)।

ত্মকুমারবাবু চৈত্রভচন্দোদয়-কৌমুদীর কয়েকটি স্থানে প্রেমানন্দ নাম ব্যবহৃত হইয়াছে দেখিয়া প্রেম-দাস ও প্রেমানন দাসকে একই ব্যক্তি বলিয়া সাব্যস্ত করিয়াছেন: কিন্তু মূণালবাবু তরন্ধিণীর ভূমিকা ২০২ পৃষ্ঠায় বিভিন্ন ব্যক্তি বলিয়া সূপ্রমাণ করিয়াচেন। সে যাহা হউক, প্রেমানন্দ দাসকে বিভিন্ন ব্যক্তি ধ্রিলেও তাঁহার রচিত মনঃশিক্ষাই তাঁহাকে অমর করিয়া রাখিবে। ইনি সরল স্থললিত পঞ্চে ১০৮টি কবিতার প্রণয়নে বৈঞ্চব-জগতে এক অমৃল্য নিধি দান করিয়াছেন। একাধারে জ্ঞান, ভক্তি ও বৈরাগ্য উদ্দীপন করিতে সর্বসাধারণের ত্মপাঠ্য, সহজবোধ্য অথচ হৃদয়গ্রাহী বাংলা কবিতা অতি বিরল-প্রচার। এই গ্রন্থ ঠাকুর মহাশবের প্রার্থনা ও প্রেমভক্তিচন্দ্রিকার ক্যায় শ্রদ্ধা ও - নোযোগ সহকারে নিত্য পাঠ্য ও গেয়। এই মনঃশিক্ষায় প্রধানতঃ কলিযুগের শ্রেষ্ঠতা, মহুষ্যজ্ঞগ্নের হুর্লভতা ও ভারতবর্ধে জন্মের প্রশংসা, নামকীর্জনমাহাল্ম্য ইত্যাদি প্নঃপ্নঃ স্থূণানিখনন্তায়ে প্রতি-পাদিত হইরাছে। প্রেমানন্দের একটি পদ (৯৯)—

এ মন! ভাবিয়া দেখনা ভাই। বল কি সাধনে কোথা বা পাইবে সিদ্ধের কোন বা ঠাই॥ নন্দের নন্দন ভজন করিতে শচীর নন্দন সে। যত গোপীগণ মহাস্ত হইল সেখানে আর বাকে? ব্রজনীলা-পর কোথা এতদিনে কেবল প্রকট করিয়া এথা। বিচার বুঝিয়া দেখনা এমন আর বা কোথা ? যদি বল পুনঃ ব্ৰজেই চলিলা কহ কে দেখয়ে যাই। ত্রন্ধার দিবসে তেঁহ একবার আর কি তেমন পাই ? তবে যদি বল নিতাভাবে স্থিতি নিতাবাবলিব কারে। ব্রজ নবদ্বীপ এ তুই বিহার কি ভজ ইহার পরে ? নিতা লীলা যত আছয়ে বেকত বিচারি কেন না চাও। প্রীগুরুবৈষ্ণব তাহে অমূভব সকল কালে যে পাও॥ এখানে সাধন সিদ্ধিও এখানে ভাবের গোচর সে ৷ এখানে তা যদি দেখিতে না পাও মরিয়া দেখিবে কে
পুরহিতে জীবন এখনি সাধহ এ দেহ গেলে কি পার কছে প্রেমানন মামুষ নহিলে এ ভাব বঝিতে নার॥

২৭। বলদেব বিভাভূষণ-বির-চিত—একটিমাত্র ব্রজবুলিপদ পদ-কল্পতকতে উদ্ধৃত হইয়াছে (২৮৪৩)। জয় জয় মঙ্গল আরতি ছুঁহুকি। ভামগোরী ছবি উঠই ঝলকি॥ নব-ঘনে জয়ু থির বিজুরি বিরাজে।

তাহে মণি-আভরণ অঙ্গহি সাজে॥ করে লই দীপাবলি হেম থারী। আরতি করতহিঁ ললিতা আলী। मशीनन मन्न नाउए। সবত্ত ক্রতালি কোই (प्रश्ने. কোই বাজাওয়ে॥ কোই কোই সহচরী यनहिँ इति एथ। ত্বহু ক অঙ্গপর কুমুম বরিখে। ইহ রস কহতিছিঁ वनरम्व मारम्। ছহঁ রূপ-মাধুরী হেরইতে আশে।

২৮। বলরাম দাস-কৃত — শ্রীমরিত্যানন্দ-প্রভুর শিষ্য শ্রীবলরাম দাস্ট পদক্তা বলিয়া বিশ্বাস করা যায়; কিন্তু প্রেমবিলাস-রচ্য়িতা কিম্বা শ্রীরামচন্দ্র কবিরাজের শিষ্য বলরাম দাস পদক্রী হইলেও *দৈবকীনন্দন-*বিরচিত বৈষ্ণববন্দনায় উল্লিখিত বলরাম নছেন বলিয়া ধারণা হয়। তিনি লিখিয়াছেন-সঙ্গীতরচক বন্ধো বলরাম দাস। নিত্যানন্দচনে যাঁর অধিক বিশাস।

শ্রীচৈতক্সচরিতামতে (১।১১/৬৪) ইহারই সম্বন্ধে বলিয়াছেন-বলরাম-দাস রুঞ্জেমরসাম্বাদী। নিত্যানন্দ-নামে হয় পরম উন্মাদী॥

ইনি দোগাছিয়া-নিবাসী দিজ ব্যবাম দাস নামে প্রসিদ্ধ । পদকর-তক্তে ইঁহার রচিত ব্রজবলিপদ ৮০টি হইবে; কিন্তু জ্ঞানদাসের গ্রায় ইনিও ব্ৰজবুলি হইতে বঙ্গভাষায় পদ-রচনাতেই সম্ধিক দেখাইয়াছেন। গৌরপদ-তরঞ্চিণীতে ৫০টি পদ বলরামের রচিত বলিয়া উদ্ব হইয়াছে। (১।৩।১) পদটিতে তাঁহার শংশ্বত সাহিত্যে প্রগাঢ় পাণ্ডিতোর ছোতনা করিতেছে—

কলিযুগ-মভমতঙ্গজ মরদনে কুমতি করিণী দুরে গেল। পামর ছুরগত নাম মোতিশতদাম কণ্ঠভরি গেল। অপরপ গৌর বিরাজ। খ্রীনবদ্বীপ-নগর-গিবিক্সারে উয়ল কেশবিরাজ ॥ সঙ্কীর্ত্তনঘনলম্ভতি শুনইতে ছরিত-দ্বীপিগণ ভাগি। আকুল অণিমাদি মুগীকুল পুণবত গরব তেয়াগি॥ ত্যাগ যাগ যম তিরিথি বরত সম শশ জমুকী জরি যাতি। বলরামদাস কহ অতএ সে জগমাহ হরি হরি শবদ খেয়াতি॥

অমুরাগ ও বিরহ-বর্ণনায় বলরাম অদ্বিতীয়, এমন কি জ্ঞানদাসও বল-রামের পদ-লালিতো আকৃষ্ট হইয়া তৎসম পদ-রচনা করিয়াছেন বলিয়া মনে হয়। পদকলতক্ষর ৬৭০ ও ৬৮৪ সংখ্যক পদ্বয় তুলনা করিলেই বুঝা যাইবে যে বলরামের ভাবে ও ভাষায় জানদাস প্রভাবায়িত হইয়াছেন। আবার গোবিন্দ কবি-রাজের তার বলরাম দাসও শকা-লঙ্কার-সমুজ্জল পদ রচনা করিয়াছেন -(পদমঞ্জরী ৪৬)।

বিরহ-বেয়াধি-বেয়াকুল সো পহাঁ বরজল ধৈর্য লাজ। বাসর যামিনী বিলপি গোঙায়ই বসি বসি বিপিনক মাঝ॥ বিধুমুখি! বেদনা কি কহব আজ। বিষম বিশিখশর বরিখনে জর জর বিকল বরজ-যুবরাজ ॥ বহু বৈদগধি বিবিধ গুণ চাতুরী বিছুরল সবহঁ মুরারি। বরিথক ঠামে বোল তোহে পাবই বাউর বনমালী ॥ বিলাস বেশ বিশেষহি বিরম্ল, বিরম্ল ভোজন পান। বোলইতে বদনে ৰচন নাহি

নিক্সই বলরাম কি কহব জান॥ পদকরতক্র নিয়লিখিত পদগুলি কত সুরসাল, কত সুমধুর কত লালিত্যপূর্ণ!! 'কিশোর বয়স কত বৈদগ্ধিঠাম' (১৬৪), 'মধুর সময় রজনি শেষ' (২৪৯৮), 'অধরছাঁ মদনশর জরজর' (২৪৯৪), 'দলিত নলিনসম মলিন বদন ছবি' (২৪৯৫), 'আধ চলত খলত পুন বেরি' (২৫১০), এইরূপ ২৪৬৩, २८११, २८१४। हैनि वा९मनाउम-বর্ণনাতেও সিদ্ধহন্ত—১২১২, ১২১৫, ১২১৬, ১২১৯, ১২২০ প্রভৃতি **जिथेदा । २२७**२ **७ २२७२ श**नद्वा

্ ২৯। ভীখা সাহেব—মুসলমান বৈষ্ণব কবি। তদীয় পদন্বয়—

তৃপ্তিপ্রদ।

নিত্যানন্দের গৌড়দেশে প্রেরণস্ফক

কারুণারসের ছবিটি মনোরম ও

- (১) যা জগমে রহনা দিন চারী তাতেঁ হরি-চরণন চিত বারী॥ শির পর কাল সদা শর সাথে অবসর পার তুরত হামারী॥ ভীখা কেবল নাম ভজে বিমু প্রাপতি কণ্টনরক ভারী ॥১
- (২) নির্মল হরিকো নাম সজীবন ধন সো জন জীন্কে ওর ফারউ। জস নিরধন ধন পাই সঁচতু হৈ করি নিগ্রহ কিরপিন ধার্ড। জল বিহু মীন ফণী মণি নির্থত একে ঘরী পলক নাহি টরেউ॥ ভীথা গুঙ্গ আবর গূঢ় কৌ লেখা পর কছু কাহে বনে না পার্ড ॥২ (সন্তুসাহিত্য)

৩০। মাধবদাসজীকী বাণী— সিদ্ধ মহাপুরুষ জগরাথী মাধবদাস

বহু হিন্দী পদ রচনা করিরাছেন। ইহার বিস্তৃত জীবনী ভক্তমালে (১৯।৩) দ্রষ্টবা। পদাবলীর প্রথমে বিবিধ সঙ্গীত (সংখ্যা ৯), হোৱী (১৩ চৌপাই), গোয়ালিনী ঝগরে৷, নারায়ণলীলা (২৯২ দোহা), পর-তীত পরিচ্ছা (৪৪ চৌপাই) ইত্যাদি বণিত হইয়াছে। প্রায় প্রতিপদেই শ্রীশ্রীনীলগিরিনাথের প্রতি প্রগাঢ ভক্তির বালক আছে। প্রথম পদে —মে তিহরী শরণাগতা স্থনৌ নীল-গিরিনাথ ! মায়ানুত্য করৈ নটী মর্দতি মম মাথ। মৈ অকেল জন চুৰ্বলা বৈরী বলবন্ত। রক্ষা করত করুণাময়ী ভগবন্ত অনস্ত॥ কাম ক্রোধ মদ মৎসরা অভিযান সহায়। অনেক এক কন্ত্ৰ পীড়বৈ তুঃখ সহো ন জায়॥ বাহরি সাধু সবৈ কহৈঁ অন্তম্করণবিকার। কঠিন ব্যাধি কলি কেশবা কাসে[†] করে। পুকার॥ গৃহ বন নরক স্বর্গমে মোহি তিহরী থৈ আস। শ্রীজগন্নাথ জনি পরিহরে কিকে মাধব দাস॥

ত্ব। শ্রীমাধবী দেবী-ক্ত
বৃদ্ধা পরমবৈষ্ণবী দেবী মাধবীর ভজির
কথা (চৈচ অন্তঃ ২।১০০—১০৬)
বর্ণিত আছে। ইনি নিত্যসিদ্ধ মহা
ভাগবত, মহাপ্রেভুর অন্তরঙ্গ সাড়ে
তিন জনের অর্দ্ধজন। পদাবলীসাহিত্যে ইহার কিছু দান আছে।
পদকল্পতকতে মাধবীদাস-ভণিতাযুক্ত
চারিটী পদ (৭৭৫, ৭৭৬, ১৮৫৩ ও
২২০৯ পরিষৎ সংস্করণ) এবং মাধবীভণিতাযুক্ত (১৪০, ২২৪০) তুইটী
পদ আছে। এই পদগুলি কিছু
মাধবী দাসীর বচিত বলিয়া শ্রীযুক্ত
যতীক্রনাথ রায় 'সাধনা' পত্রিকার

১০৩৭ বাং ফাল্কন সংখ্যায় প্রকাশিত করিয়াছেন। তিনি অমুসন্ধান করিয়া জানিয়াছেন যে প্রীঅচিমাম্বা(Achimamba) কর্ত্ত্ব 'অবলাসংচরিত্র-রত্নমালা' - নামক তেলেগু হইতে কেনারিজ ভাষায় অন্দিত পৃস্তকে এই পদগুলি স্থান পাইয়াছে। * যতীক্র বাবুর এই সংগ্রহে পদকল্পতক্রর ১৪০ও ২২৩৯ সংখ্যক পদয়য় নাই, অথচ নিম্নলিখিত পদটী পাওয়া যাইতেছে—

শুামের গৌরবরণ এক দেহ। পামর জন ইথে করই সন্দেহ॥ সৌরভে আগোর মূরতি রসসার। পাকল ভেল বৈছে ফল সহকার॥ গোপ জনম পুন দিজ অবতার। নিগম না পারই নিগৃঢ় বিহার॥ প্রকট করল হরিনাম বাথান। নারী পুরুষ মুখেন শুনিয়ে আন॥ করি গৌরচরণ কমল মধুপান। সরস সঙ্গীত মাধবীদাস ভাণ॥

এই পদগুলি শুদ্ধ বাঙ্গালা ভাষায়
রচিত বলিয়া উৎকলবাসিনী মাধবী
দাসীর রচিত কিনা—এ বিষয়ে
সাহিত্যিকদের বিশেষ সন্দেহ আছে।
[সতীশ বাবুর পদকল্পতকর ভূমিকা
দ্রুইব্য]। সংস্কৃত ভাষায় ইনি
পুরুষোত্তমদেব নাটক' রচনা
করেন বলিয়া শুনা যায়।

* Indian Ladies' Magazine
নামক পত্রিকায় "The Culture of
Telegu and Kannada Woman''শীৰ্থক প্ৰবন্ধের অনুসরণে। মাধ্বী দাসী
'জগন্নাথ-দিনচ্গা'-নামে এক পুস্তকধ্
রচনা করিয়াভিদেন বলিয়া ঐ প্রবন্ধে উক্ত
হইয়াতে।

মাধুরীজি-রচিত— ७२ । গ্রী শ্রীরূপগোস্বামিপাদের শিষ্য শ্রীমাধরীজি ব্ৰজমণ্ডলে ম্থুরা-গোষর্দ্ধনের মধ্যবর্তী আডিংগ্রামের অনতিদুরে 'মাধুরীকুণ্ড'-নামক স্থানে জনাগ্রহণ করেন। শ্রীমাধুরীজির ব্ৰজ্ঞাষায় রচিত পদাবলি সাতটি ভাগে সজ্জিত—(>) বংশীবটবিলাস-মাধুরী, (২) উৎকণ্ঠামাধুরী, (৩) (क निमाधुती, (8) धीतुन्तावन-বিহারমাধুরী, (৫) দানমাধুরী (৬) মানমাধুরী ও (৭) হোরী মাধুরী এবং প্রিয়াজীকী বধাই। প্রত্যেক মাধুরীর পুরেই শ্রীগোর-চন্দ্রের বন্দনা আছে—যথা উৎকণ্ঠা-মাধুরীর উপক্রমে—

শ্রীচৈতন্ত স্বরূপকো মন বচ করোঁ প্রণাম। সদা সনাতন পাইয়ে শ্রীরন্দাবনধাম॥ গৌরনাম ঔর গৌরতন্ত অস্তর রুঞ্জরূপ। গৌর সাঁবরে ত্তুনকো প্রণামতে, সব স্থাভ জগ হোট। গৌর সাঁবরে পাই যহ, আপ আপুনো খোট॥ ১

আবার বংশীবটমাধুরীর উপসংহারে শ্রীচৈতক্তামুরাগ স্থচিত হইয়াছে—

শ্রীচৈতন্ত স্থৃদৃষ্টিতেঁ বিবিধ ভদ্ন অন্তরাগ। পিয় প্যারী মুখকমলকো পায়ো প্রেম-পরাগ॥ রূপমঞ্জরী প্রেমসোঁ কহত বচদ স্থখরাস। শ্রীবৃন্দাবনমাধুরী হোত্ত সনাতন বাস॥

কেলিমাধুরীর উপসংহারে রচনার তারিখও দেওয়া আছে—১৬৭৮ সম্বতে (১৫৪৩ শকাব্দায়) শ্রাবণ মাসে এই পদাবলী রচিত হয়।

সংব**ৎ সোলস সে অসী সাত** অধিক

১৬০২

হিষ ধার। কেলিমাধুরী ছটি লিখি শ্রাবণ বদি বুধবার॥

শ্রীরন্দাবন-মাধুরীর রচনার আদর্শ—
রন্দাবনকী বাত কছু কহত বনে
নহি বৈন। নৈন্ সমানে বিপিনমে
বিপিন সমানে নৈন॥২৩॥ মুকুলিত
মল্লী মালতী মঞ্জুল মধুর স্থবাস।
জুহী স্থহী ফুহী সবৈ অপনৈ সহজ

হুলাস॥ ২৪॥ ইত্যাদি

শ্রীমাধুরীজির বাণী মাধুরীগুণে ব্রজমগুলে, এমন কি রাজস্থান অঞ্চলেও পরম প্রীতির সহিত দঙ্গীত ও আলোচিত হইতে দেখিয়াছি। সাহিত্যহিসাবেও ইহার রচনা যে উচ্চকোটির তাহাতে সংশয় নাই। শ্রীপাদ রূপের সাহচর্যে ইনি যে প্রেসরস-মাধুরীর সন্ধান পাইয়াছেন, তাহাই প্রতিপদে ঝলক দিয়া থাকে। ৩৩। মীরাবাঈ——ভক্তমাল দ্বাবিংশমালায় মীবাবাঈর চরিত্র-বর্ণনা

দাবিংশমালায় মীরাবাঈর চরিত্র-বর্ণনা হইয়াছে। ইংহার নৃত্যগীতবাভারদে স্বয়ং শ্রীকৃষ্ণও পরম প্রীতি পাইতেন। মীরাবাঈর ভজন গান খুপ্রসিদ্ধ। শ্রীজীবপাদের সহিত ইহার রুফ্তকথা হইয়াছিল বলিয়া জানা প্রীগোডীয় তাঁচার ভজনগানে গোস্বামিদের ভায় আহুগতাসূচক থাকিলেও কথা না গোস্বামিদের প্রভাব যে তাঁহার উপর পডিয়াছিল—এ কথা স্থানিশ্চিত। ভক্তমালের টীকা ভক্তিরসবোধিনীতে ৪৮৯-সংখ্যক অমুচ্ছে দে—'বৃক্ধবন আঈ জীব গোঁসাঈজুসো মিলী ঝিলী

তিয়ামুখ দেখিবেকো পণ লে

ছুড়ায়ো হৈ। দেখি কুঞ্জ কুঞ্জলাল

প্যারী ত্বথপুঞ্জ ভরী ধরী উর মাঝ

আর দেশ বন গায়ো হৈ'। ।

থীরাবাঈর ভজনগান গীত হইলে

যে স্থারস বর্ষণ করে, তাহা

যে স্থধারস বর্ষণ করে, তাহা
আম্বাদকদেরই স্থবেতা। মীরার

একন্টিগ্রহক একটি পদ—(৫৬
সংখ্যক—'মীরাবাঈকী শকাবলী')

মেরে তাে গিরিধর গােপাল তুসরােন কােই।টেক॥ জাকে সির মাের মুকট মেরাে পতি সােল।

নোর মুকট নেরো পতি গোল।

তাত মাত ভ্রাত বন্ধু আপনা নাহি

কোল । ১ ॥ ছাঁড় দই কুলকি কান

ক্যা করিছে কোল । সন্তন্ চিংগ

বৈঠি বৈঠি লোক লাজ খোল ॥ ২ ॥

চনরীকে কিয়ে টুক টুকু ওঢ় লীন্হ

লোঈ। মোতী মুঁগে উতার বন-

মালা পোই।। ৩। অসুঁবন জল সীচঁ

দীচঁ প্রেমবলে বোঈ। অবতো বেল কৈল গঈ আনন্দ কল হোঈ॥ ৪॥ দুংকি মথনিয়া বড়ে প্রেম সে বিলোঈ। মাখন জব কাঢ়ি লিয়ো ছাচ্পিয়ে কোঈ॥ ৫॥ আঈ মে ভক্তি কাজ জগত দেখ মোহী।

দাসী মীরা গিরধর প্রভু তারো অব

যোগী॥ ৬

মীরাবাঈ- চিত শ্রীগোরপদ—
(সাংধা) অব তো হরি নাম লো
লাগী ইত্যাদি। [গোড়ীয় বৈষ্ণব
অভিধানে ১৩১৪ প্রষায় দ্বাইব্য ।]

৩৪। মুরারিগুপ্ত-ক্রত—— যে
সকল পদাবলা পাওয়া যায়,
তাহাদের অধিকাংশই শ্রীগৌরাঙ্গবিষয়ক। গৌরপদতরঙ্গিণীতে
(১।৩)৭১,২।২।৪৭,৪৮; ৩।২।৪৭,৪৮;
৪।৩।৮,৫।৩।৪০,৪২,৪৬) ৯টি পদ

উদ্ধত হইয়াছে। পদে (১) নাগরীভাবের পদ— ও ঃ

িথং।২৪, স্থই]—সথি হে!

ফিরিয়া আপন ঘরে যাও। জিয়স্তে

মরিয়া যেই আপনারে খাইয়াছে,

তারে তুমি কি আর বুঝাও॥ নয়ান
প্তলি করি, লইয় মোহনরূপ,

হিয়ার মাঝারে করি প্রাণ। পীরিতি

আগুনি জালি, সকলই পুড়াইয়াছি,

জাতি কুল শীল অভিমান ॥ না জানিরা
মৃচ লোকে, কি জানি কি বলে
মোকে, না করিয়ে শ্রবণগোচরে।
শ্রোতবিথার জলে, এ তহুটি
ভাসায়েছি, কি করিবে কুলের
কুকুরে॥ খাইতে শুইতে রইতে,
আন নাহি লয় চিতে, বল্প বিনে আন
নাহি ভায়। মুয়ারি গুপতে কহে,

পীরিতি এমতি হৈলে, তার গুণ তিন লোকে গায়॥ (পদক ৭৫৩) (২) শ্রীগোরাঙ্গ-সন্মাসের পরে শান্তিপুরে (৫।৩।৪২) [ধানশী] চলিল নদীয়ার লোক গোরাঙ্গ দেখিতে। আগে শচী আর সবে চলিলা পশ্চাতে॥ 'হা গোরাঙ্গ হা গোরাঙ্গ'—স্বাকার মুখে। নয়নে গলয়ে ধারা হিয়া ফাটে ছুখে॥ গোরাঙ্গ বিহনে ছিল জীয়তে মরিয়া।

শান্তিপুর ধার সবে হৈয়া উদ্ধান।

হইল পুরুষশৃত্ত নদীয়া-নগরী।

সবাকার পাছে পাছে চলিল মুরারি॥

এই ছইটি পদেই স্বাভাবিক
প্রেমের আকর্ষণ বর্ণিত হইরাছে,
ভাষার সহিত ভাবেরও সৌন্দর্য
বর্ত্তমান। এইরপ (৩)২।৪৮)

নিতাই-বচনে যেন উঠিল বাঁচিয়া॥

হেরিতে গৌরাঙ্গ-মুখ মনে অভিলাষ।

পদেও 'গৌরাঙ্গ প্রেমের জ্বালা' সরল ও সহজ ভাষায় বর্ণিত হইয়াছে। ক্ষণদাগীতচিস্তামণিতে (২৪।১০) উদ্ধৃত পদ্টি মানিনী শ্রীরাধার প্রতি

উদ্ধত পদটি মানিনী শ্রীরাধার প্রতি মিনতি-স্থচক—

তপন-কিরণে যদি, অঙ্কুর দগধন, কি করব জল-অভিষেকে। ত্থভরে

প্রাণ, বাহিরে যদি নিক্সব, কি ক্রব ঔষধ-বিশেবে॥ মানিনি! অতএ সমাপত্ত মান। মৃত্ত মৃত্ত ভাবে

गमानह मान। मृद् मृद् जारव माणिक मान। मृद् मृद् जारव माणावह व्यवस्था এकरव्य एम्ह जीके मान॥ प्रमुख वमरन विहिम

বরভামিনি! রচহ মনোহর বাণী। কুচ-কনয়াগিরি মধি গহি রাখহ—

অধর

ত্মধারস পান দেহ স্থি! হাদয় জুড়াওহ মোর। তুয়া মুখ-ইন্দ্

নিজভুজে আপনা জানি॥

উদয় হেরি বিলসঙ তিরথিত নয়ন-চকোর॥ নিজ গুণ হেরি পরক দোথ পরিহরি,তেজহ হৃদয়ক রোখ।

পুক্র-বধ বহু জ্থ ॥ পদকল্লতক্তে (৪।৬।১৭০১)

ভণই মুরারি প্রাণপতি-সঙ্গিনি!

উদ্ধৃত পদটিও রাধার উৎকট বিরহব্যাধিস্টক।

কি ছার পিরীতি কৈলা, জীয়ন্তে
বিধরা আইলা বাঁচিতে সংশ্য ভেল
রাই। শফরী সলিল বিন, গোঙাইব
কত দিন, শুন শুন নিঠুর মাধাই।
ঘত দিয়া এক রতি জ্বালি আইলা
ঘূগবাতি সে কেমনে রহে
অযোগানে। শুন মোর নিবেদন
শীঘ্র কর আগমন, ঝাট আসি রাখহ
পরাণে॥ ইত্যাদি

৩৫। মোহনদাস - রচিত ——
শ্রীনিবাস আচার্যপ্রভূর শিষ্য বৈছ মেহনদাস-বিরচিত ২৩টি ব্রজবুলি পদ কল্পতক্তে রহিয়াছে। শ্রীকুঞ্বের পূর্বরাগ-বর্ণনায়—(১) কান্তক শেষ
দশা শুনি রাই। কাতর বদনে
সখীমুখ চাই॥ ঐছন ইন্সিত সংচরী

পাই। আনন্দে নিমগন বেশ বনাই॥

স্থময় কুঞ্জহি করল প্রান। পছহিঁ

কতবিধ কক অফ্যান॥ আকল

কতবিধ করু অনুমান॥ আরুল নাগর হাম অতি ভীত। না জানি বভসবস পহিল পিরীত॥ ঐছন

ভাবিতে মিলল আয়। ধাই কহল

দৃতী নাগর-পায়॥ দৃর কর বিরহ আওল ধনী রাই। চমক উঠল জন্ম

জীবন পাই॥ আনন্দে আগুসরি আওল কান। কুঞ্জ-মাঝে সবে করল পয়ান॥ স্থন্দরী মুগধিনী বচন না

কহই। সহচরী আঁচর ধরি তাঁহা রহই॥ পহিল সমাগম রাধা কান। মোহন দুরহিঁ জুহুঁক গুণ গান॥৯৯॥

(২) শ্রীরাধিকার পূর্বরাগ-বর্ণনায়—সখীগণে বিভোর হইয়া। কান্দরে ধরণী লোটাইয়া॥ ললিতা

প্রবোধ করয়ে তায়। বহুমত রচিয়া উপায়। হাম অব করব পয়ান। বৈছে মিলিয়ে তোরে কান। ঐছন

কহি পুন তায়। নহে বা ধরব তছু পায়॥ ইথে সকরুণ হোই শ্রাম। আপে মিলব তুয়া ঠাম॥ এত কহি চলে তছু পাশ। কহতহিঁ

মোহন দাস॥

খণ্ডিতায় ৩৯৬—৩৯৭,৪:৮; নানে

৫৭২, ৬০২; গোষ্ঠলীলায় ১২০৩—
৪, ১২১১, ১২১৩; দানলীলায়
১৩৮৫—৮৬, বসস্তবিহারে ১৪৯৩;
শ্রীরাধাভিষেকে ১৫৮৩—৮৫; শ্রীকৃষ্ণ-

বিলাপে ১৭৬২; দশমী দশায় ১৯৬১; সমৃদ্ধিমান সম্ভোগে ২০১৭, ২০২৯: শ্রীনিত্যানন্দমহিমা-বর্গনে ২৩১৭ এবং অষ্টকালায় নিত্যলীলায় ২৬৮০ সংখ্যক পদ ইহারই স্থন্দর

কবিত্বের পরিচায়ক। ৩৬। মোহিনী বাণী——

শ্রীগণাধর ভট্টজি মহারাজ-কৃত
পদসাহিত্য। 'গদাধর ভট্ট দেখুন।
ইহার রচনায় শকালস্কার ও
অর্থালক্ষারের যথেষ্ট ব্যবহার দেখা
যায়। কুস্থম-সরোবরবাসী শ্রীযুক্ত
পণ্ডিত কৃষ্ণনাসজি মহারাজ-কৃত্ত্বিক

বোগপীঠ, উপদেশ, বিনয়, ব্রজ্জন-সম্বন্ধে বধাই [জন্মলীলা], নাম-মাহাত্ম্যা, যমুনা, বংশী, ত্মরণ, বন্দনা, অন্ত্রাগ, ক্লপমাধুরী, শ্রীরাধা-বদনশোভা, মান, দান, রাস, বিবাহ,

ভোজন, বসন্ত, শ্রীমহাপ্রভুর হোরী-

ভাবে

সজ্জিত **হই**য়াছে—

লীলা, শ্রীরাধাগোবিন্দের হোরী, বর্ষা, ঝুলন ইত্যাদি বিষয়ক পদাবলী। ইহাতে পাঁচটি উৎকৃষ্ট সংস্কৃত গীত আছে।

নামমাহাত্ম্যের একটি পদ—

হৈ হরি তেঁ হরিনাম বড়েরো।
তাকোঁ মৃঢ় করত কত ঝেরো। প্রগট

দরস মুচ্কুন্দহিঁ দীন্হোঁ, তাহু আয়ুস্থ
ভো তপ কেরো। স্থত হিত নাম

থজামিল লীনো। যা ভবমে ন

কিষো ফিরি ফেরো॥ পর অপবাদ স্বাদ জিয় রাচ্যো, রূথা করত বকবাদ ঘনেরো। তাকে দসয়ো অংস গদাধর, হরি হরি কহত জাত কহ

শ্রীজীবপাদ-কর্তৃক আস্বাদিত
পদ—[অমুরাগ-বিষয়ক]—স্থী হো
শ্রামরঙ্গরজী। দেখি বিকাই গয়ী

তেরো ॥

বহ মুরতি, স্থরতী মাহিঁ পগী॥ সঙ্গুতো অপনো সপনো সোজ রহী রুস খোর্জ। জাগেহু আগে দৃষ্টি পরে সখি, নেকু ন ন্থারী হোঈ॥ এক জু মেরি অঁথিয়নি মে নিসিছ্যোস রহো করি মৌন। গাই চরাবন জাত স্বস্তো দখি! সোধো কন্তৈয়া কালো কহোঁ কোন কৌন। ্পতিয়াবৈ কৌন করে বকবাদ। কৈসে কৈ কহি জাত গদাধর, গ্রা কো গুর স্বাদ॥ শ্রীমন্ মহাপ্রভুর হোলীপদটিও অতি স্থন্দর।

৩৭। শ্রীযত্নন্দন (যত্নাথ-দাস-রচিত-কাটোয়াবাসী শ্রীযত্ব-নন্দন চক্রেবর্তী প্রীপ্রীলাস প্রদাধরের শিষা ও অস্তরঙ্গ ছিলেন। ভক্ত পদকল্পতক্তে ইঁহার রচিত প্রায় >২টি পদ ধুত হইয়াছে। ইনি ত্মকবি ও পদকর্ত্তা ছিলেন—ভক্তি-রক্লাকরে ইংগার রচিত (১।৪৬৬) গৌরপদের ইঙ্গিত এবং দ্বাদশ তরঙ্গে প্রায় ১৪।১৫টি পদ ধত হইয়াছে। শ্রীঅহৈত প্রভুর শিষ্যও একজন यवनकन जाठार्य नाटम ছिल्नन, তাঁহার বুতান্ত শ্রীচৈতক্সচরিতামূতে (১१১०१১১৯, ১२१६५ वदः १७१८५० —১৬৯) বণিত হইয়াছে। তিনি কোনও গ্রন্থ বা পদ রচনা করিয়াছেন বলিয়া জানা যায় না; কিন্তু ত্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয় প্রেম-বিলাপ ও ভক্তিরত্বাকরের সাহায্যে সপ্রমাণ করিয়াছেন যে যছনন্দন আচার্য অদৈতপ্রভুর শিয় এবং বাঁহার ক্যাদ্যকে বীরচন্দ্রপ্রস্থ বিবাহ করেন. তিনিই বাহ্মদেব দত্তের 'কুপার ভাজন' বা অমুগৃহীত, তিনিই

এরঘুনাথ দাসের গুরু, বাড়ী রাজবল-হাটীর নিকটে ঝামটপুর। যতুনাথ রত্বগর্ভ আচার্যের পুত্র।

গৌরপদতরঙ্গিণীতে যত্ননদন-ভণিতায় ৮, যতুনাথ-ভণিতায় ৯ এবং যত্ন-ভণিতায় ১৭টি পদ সমান্তত হইয়াছে। যত্ব-ভণিতার পদগুলি যত্নশান বা যত্নাথ-কর্ত্তক রচিত হইতে পারে। আবার যতুনদনও যত্নাথ-ভণিতা দিয়া 'গোবিন্দলীলা-মূতে'র বঙ্গাহ্মবাদ করিয়াছেন। कारछ र यद्भनमन ও যত্নাথের পদাবলি ঠিক ঠিকভাবে বাছিয়া निर्दिश कड़ा कठिन ममञ्जा। यहनमन-ভণিতায় ১২টি পদ পদকল্পতকতে আছে। ১৯৪৬ পদটিও সংখ্যক ইঁহারই রচিত, গৌড়ীয় সংস্করণ ভক্তিরত্মাকর (১২৷২৮৽৭, চৈচ১।৩৷৩৩) দ্রষ্টবা। শ্রীগৌরগদাধর-বিহার-বিযয়ক একটি পদ---

গৌরগদাধর দ্বর্ছ তমু স্থব্দর, অপ-রূপ প্রেমবিথার। ছুঁত ছুতুঁ হরুষে পরশে यব বিলসয়ে, অমিয়া বরিখে অনিবার॥ দেখ দেখ অপরূপ ছুহ জন লেহ। কো অছু ভাব প্রেমময় চাতুরালী, নিমজিয়া পাওব থেছ। করে করে নয়নে নয়নে যোই মাধুরী সে। সব কি বুঝব হাম। অপরপ রূপ হেরি তহু চমকাইত অথিল অমিয়া-পুতলী ভুবনে অমুপাম। কিয়ে রসময় মূরতি কিয়ে ছহু প্রেম আকার। হেরইতে জগ জন তমুমন ভূলয়ে যত্ন কিয়ে পাওব পার॥

৫৮। শ্রীযত্নন্দনদাস (যত্ন)-রচিত—এই যতুনন্দন শ্রীনিবাস আচার্য প্রভুর কন্তা হেমলতা ঠাকু-

রাণীর প্রাতৃষ্পুত্র স্থবল চক্তের শিয়। ১৬০৭ थः गमाश्च ज्लीय 'क्लानना' নামক আচার্য প্রভুর জীবনীমূলক গ্রন্থে (২৭--২৮ পঃ) তাঁহার সংক্ষেপ-পরিচয় দেওয়া আছে। পাটবাডী পুথি का ८. ১২১৫ मन] होनि भाग-বলী-সাহিত্যেও যথেষ্ট করিয়াছেন। তদব্যতীত (১) বিদগ্ধ ্ নাটকের 'শ্রীরাধারুষ্ণ লীলারস-কদম্ব' বা 'রসকদম্ব' নামে এবং গোবিশলীলামত ও রুফ্তকর্ণা-মতের বঙ্গামুবাদ করিয়া চির্যশস্থী হইয়াছেন। অদ্বিতীয় অমুবাদক-হিশাবেই যে তিনি কৃতিত্ব লাভ করিয়াছেন, তাহা নহে, পরস্ক তাঁহার ভাষায় সরলতার সহিত স্কুক্তিতাও বিভয়ান থাকিয়া তাঁহাকে প্রুরসিক কাবাজগতে গৌরবমণ্ডিত য়াছে। 'রসকদম্বে' ৬৪টি পদরত্ব আছে। (২) গোবিশলীলামতের তাৎপর্যান্তবাদে প্রায়ই পয়ার দেখা যায়, কেবলমাত্র ২৩টি পগু ত্রিপদী ছন্দে বিরচিত হইয়াছে। ইহাকে প্রকৃত পক্ষে অমুবাদ বলাচলে না, বরং মুলগ্রন্থের পরিপোষক সংযোজনা বলিতে পারা যায়। (৩) কুষ্ণকর্ণা-মৃতের অমুবাদে তিনি মৃলের সহিত <u> একবিরাজ</u> গোস্থামির টীকারও সাহায্য লইয়াছেন। (৪) দানকেলি কোমুদীর পরারে ও ত্রিপদী ছন্দে অমুবাদটি সরস ও সরল। (৫) যুক্তাচরিত্রের অমুবাদে ১৮ বিভাগ আছে (পাটবাড়ী পুঁথি অমু ২৬); (৬) 'রদনির্ঘাস' (পাটবাড়ী পুঁথি পদা ১৪)। সংস্কৃতে অগাধ পাণ্ডিত্য, গোস্বামি-গ্রন্থে ব্যুৎপত্তি প্রগাঢ়

প্রভৃতি তাঁহার প্রতি গ্রন্থে দেদীণ্য-মান। সময়ে সময়ে তাঁহার অন্ধবাদে মৃদ হইতেও অধিকতর সৌন্দর্য মাধুর্য প্রকাশ পাইয়াছে। 'তুণ্ডে তাণ্ডবিনী' (বিদক্ষমাধ্ব ১)০০)

পদ্মের অমুবাদ—

মুখে লইতে ক্ষণাম, নাচে তুও
অবিরাম, আরতি বাঢ়ায় অতিশয়।
নাম স্থমাধুরী পাঞা, ধরিবারে নারে
হিয়া, অনেক তুণ্ডের বাঞ্ছা হয়॥
কি কহব নামের মাধুরী! কেমন
অমিয়া দিয়া, কে জানি গড়িল ইহা,
'কৃষ্ণ' এই ছুই আঁখর করি॥ আপন
মাধুরী-ওণে, আনন্দ বাঢ়ায় কাণে,
তাতে কালে অদ্ধুর জনমে। বাঞ্ছা

হয় লক্ষ কাণ. যবে হয় তবে নাম-

মাধুরী করিয়ে আস্বাদনে॥ 'রুফ্ড'

তৃষ্মাধর দেখি, জুড়ায় তাপিত খাঁথি,
অঙ্গ দেখিবারে আঁখি চায়। যদি
হয় কোটি আঁখি, তবে রুফরাপ দেখি,
নাম আর তমু ভিন্ন নয়॥ চিতে রুফ
নাম যবে, প্রবেশ করয়ে তবে,
বিস্তারিত হইতে হয় সাধ॥ সকল
ইন্দ্রিয়গণ, করে অতি আহলাদন,
নামে করে প্রেম-উনমাদ॥ যে কাণে

পরশে নাম. সে তেজয়ে আন কাম.

সব ভাব করয়ে উদয়। সকল মাধুর্য-

श्राम, भवतम कृष्णनाम, এ यष्ट्रम्मन

দাস কয় ৷

এইর্রপে (১।৬৯), (২।১৯), (২।১৯), (২।৭৪), (৩)১৭, ১৮, ২২), (৪। ৩২, ৩০), (৫।২৭,৩৭, ৪৮), (৬। ২৭), (৭।৫৯) প্রভৃতি পল্লগুলি বাস্তবিকই স্থরসাল, স্থমধুর ও স্থকৃতিজনমাত্রৈকসংবেল।
যকুনন্দন, যকুনাথ ও যক্ত্-ভণিতাযুক্ত

বহুপদ বৈষ্ণব পদাবলিতে দেখা যায়, বিহার কাহার রচিত এ বিষয়ে

যথেষ্ট সন্দেহের অবসর থাকিলেও আমরা সাহিত্যিক ও ভাষাবিদ্দের * উপর সেই বিচার ও গবেষণার ভার

উপর সেই বিচার ও গবেষণার ভার দিয়া পদমাধুর্য ও শব্দলালিত্য-সম্বদ্ধ কিঞ্চিৎ দিগ্দর্শন করিলাম মাত্র। অমুসন্ধিৎম্ব পাঠক আকর দেখিলে

যৎপরোনান্তি ত্বথ পাইবেন।
৩৯। শ্রীরাধারমণদেব-রচিত—
এই ত্বপ্রসিদ্ধ ত্বনামধ্য মহাপুরুষ

উনবিংশ শক-শতান্দীর মধ্যভাগে আবিভূতি হইরা স্থসম শিদ্মগণসমভিব্যাহারে ভারতের বহু স্থানে নামপ্রেম বিতরণ করিয়াছিলেন। ক্রতপদরচনায় ইনি সিদ্ধহস্ত ছিলেন। ভাবের আবেশে তৎকালরচিত বহু-

পদ তিনি শ্রোতৃবর্গ-সন্মুথে কীর্ত্তন

করিয়া মহাবিশায় ও আনন্দোৎসব

দান করিতেন বলিয়া শুনা যায়। নিমে ক্রতপদ-রচনার নিদর্শনরূপে তন্ত্রচিত একটি পদ উট্টস্কিত হইল। বাঁধরে বাঁধ কোমর সাজ্বে সাজ

বুদ্ধৈতে। শাসিব হরি নামে, নাশিব

রাধা-প্রেমে, আছে যত অন্তর জগতে ৷ এবে অস্ত্র না ধরিব, প্রোণে কারেও না মারিব, (আমায় প্রভূ নিত্যানন্দ বলে) হৃদয় শোধিব স্বার

প্রেমেতে। কলিরাজ যদি আসে, মাতাব নিতাই রসে, খুরাব দেশ

* শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ সম্পাদিত
শ্রীগোরপদতরন্তিনী (২০১—০০ পৃঃ) এবং
ডক্টর স্কুমার দেন-কর্তৃক প্রতীচ্য ভাষায়
লিখিত 'ব্রজবুলি সাহিত্যের ইতিহাস'
ব্যস্থের ৫২—৫৪, ১৮০—১৮০ এবং ২১৯—
২০০ পৃঠা দ্রষ্টবাঃ

বিদেশে তাহারে। ইত্যাদি

৪০। শ্রীরাধাবল্লভ দাস-রচিত —রাধাবল্লভদাস নামে তিনজন মহা-

জনের নাম পাওয়া যায়। গৌরপদচরঙ্গিণীর ভূমিকায় এতৎসম্বন্ধীয়
মালোচনা দ্রষ্টব্য। পদকল্পতকতে
গটি ব্রজবুলি পদ আছে (১৯৬,

ণটি ব্রজবুলি পদ আছে (১৯৬, ২২ , ৭৭৬, ১৩৯৪, ১৭২৭, ২০৩৭ ও ২৩২৪) গৌরপদতরঙ্গিণীতে মোট ১৮টি পদ ইহার স্তুচিত। 'মনমোহ-

নিরা গোরা ভুবন-মোহনিরা' (৩) ১৷ ৮৮) এবং 'গঙ্গার ঘাটে যাইতে বাটে, ভেটিমু নাগর গোরা' (৩)৩৷৫২) এই পদম্বয় লোচনের ধামালীর

অমুকরণে রচিত হইলেও পরম
ত্বন্দর; প্রীরূপসনাতন-সম্বন্ধে তিন,
ভট্টরখুনাথ-বিষয়ক এক, দাস রঘুনাথবিষয়ে ছই এবং জ্ঞানদাস-সম্বন্ধে একটি
পদে অনেক ঐতিহাসিক তথ্য পাওয়া
যায়। নিত্যানন্দপ্রভু-বিষয়ক পদদ্য

প্রভূ-বিষয়ক পদন্বয়ও (কল্পতরু ২৩৭৯—৮০) অতিকরুণ। এক রাধাবল্লভ দাস (মণ্ডল) বিলাপ-কুম্মমাঞ্জলির পগামুবাদ ও বহু 'স্টক'

সহজ-পাঠ্য ও ত্বখবোধ্য। আচার্য-

রচনা করিয়াছেন। শ্রীকৃষ্ণের পূর্বরাগ-বর্ণনায় (১৯৬) সজনি! অপরূপ পৌথলু বালা।

हिमकत मनन-मिनिष्ठ मूथमखन जा'-পর জলধরমালা॥ চঞ্চল নয়ানে হেরি মুঝে অব্দরী, মুচকারই ফিরি গেল। তৈখণে মরমে মদন-জর

উপজল, জীবইতে সংশয় ভেল॥

গ্রহনিশি শয়নে স্থপনে আন না হেরিয়ে, অমুখণ সোই ধেয়ান।

হোরয়ে, অন্থ্যণ সোহ ধেয়ান। তাকর পিরীতিকি .রীতি নাহি

সমুঝিয়ে, আকুল অথির পরাণ॥! মর্মক বেদন তোহে পরকাশল, তুঁত্ত অতি চতুরী ত্মজান। সোপুন মধুর মুরতি দরশাওবি, রাধাবল্লভ গান॥

85। শ্রীরামমণি রজকিণী-ক্বত —প্রাচীনা স্ত্রীকবিদের মধ্যে রামমণি শ্রীচণ্ডীদাসের সমসাময়িকা ছিলেন। ইনি রজক-ক্যা, অসহায় অবস্থায় নান্ন বে আসেন এবং গ্রামস্থ ব্রাহ্মণ-গণের ক্লপায় তত্ত্তা গ্রাম্যদেবতা গ্রীম নিদরে বিশালাকী দেবীর गार्जना निकार्य नियुक्ता इन। ইनिও যে কাব্যরচনায় পারদর্শিনী ছিলেন. তাহা তদ্রচিত পদগুলিতেই জানা যায়।

শ্রীরাধিকারপূর্বরাগে — তোহারি বেদন ছেদন কারণ পুন পুন পুছিয়ে তোয়। তুহুঁ উর ধরি ধরি মরি মরি বোলসি, স্থধ বুধ সব খোয়॥ আলিরি! হামরা তোহারি কিয়ে নহিয়ে! যো তুয়া হঃখে হুখাওত শত-গুণ,তাহারে কি বেদনা না কহিয়ে ॥ঞ্র এ তুয়া সঞ্চিনী রঞ্গী রস্কিনী, কহিলে কি আওব বাজে। ফণিমণি ধরব শমন-ভবন যাব, বৈছে শিখাঅব কাজে॥ হাম আগুয়ানী আগুণি পৈঠৰ বৈঠৰ যোগিনী-সাজে। তন্ত্ৰ মায় যত শত শত চুড়ব, বুড়ব সাগর-মাঝে। ভাব লাভ তুয়া অন্তরে অন্তরু, কহিলে কি রহে তাপলেশ। বিন্দু ইন্দুমুখি সিন্ধু উতারব, বোলহ বচন-বিশেষ॥

মাথুর——কোণা যাও ওছে প্রাণবঁধু মোর, দাসীরে উপেখা করি। না দেখিয়া মুখ ফাটে মোর বুক, ধৈরয

ধরিতে নারি॥ বাল্য কাল হ'তে। এ দেহ সঁপিছ, মনে আন নাহি জানি। কি দোষ পাইয়া মথুৱা যাইবে, বলহে দে কথা শুনি॥ তোমার এ সারথী কুর অতিশয়, বোধ বিচার নাই। বোধ থাকিলে ছখসিকু নীরে, অবলা ভাসাতে নাই ৷ পিরীতি জালিয়া यि वा यारेवा. करव वा व्यामिवा নাথ! রামীর বচন করহ পালন দাসীরে করহ সাথ।

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব–অভিধান (৩ খ)

৪২। শ্রীরামানন্দ রায়-কৃত শ্রীমন্ মহাপ্রভুর গম্ভীরালীলার নিত্যসঙ্গী অন্তরঙ্গ পার্ষদ রায় রামানক্ষের নাটকে ২১টি গীত আছে। এই পদাবলী এীমদ গৌর-বিধু বিরহ-বিধুর অবস্থায় আসাদন করিতেন বলিয়া শ্রীচৈতগুচরিতামতে বারংবার উক্ত হইয়াছে। গীত-গোবিন্দের অমুকরণে রচিত হইলেও গীতাবলিতে অধিক তর আস্বাদনীয়তা বিভয়ান আছে— শ্রীরামানন্দের 'পহিলহি রাগ নয়ন-ভঙ্গ ভেল' পদটি 'ব্রজবুলি' সাহিত্যের সর্বপ্রথম রচনা বলিয়াই সাহিত্যিক-দিগের মত। এই পদে প্রেমের সর্বোর্দ্ধতনী যে অবস্থাটি হইয়াছে. তাহা শ্ৰবণ ত্রীগোরাঙ্গরায় রামানন্দের মুখপিধান করিয়াছেন।

গীতের দুষ্টান্ত—(>) বিদলিত-সরসিজ-দলচয়-শয়নে। বারিত-সকল-স্থীজন-নয়নে॥ বলতি মনো মম সত্তরবচনে। পূর্য় কামমিমং শশিবদনে॥ অভিনব-বিষকিশলয়-মলয়জ-রসপরিষেবিত চয়বলয়ে। ত্বখয়তু কদ্ৰগজাধিপ-निन्द्र ॥

চিত্তং। রামানন্দ্রায়-ক্বি-ভ্লিত্ম॥ (श (१ (१)

মঞ্জুতর-গুঞ্জদলি-কুঞ্জমতি-(২) ভীষণং। মন্দমরুদন্তরগ-গন্ধকৃত-দৃষণং॥ সকলমেতদীরিতং। কিঞ গুরু-পঞ্শর-চঞ্চলং মম জীবিত্ম॥ মত্তপিক-দত্তরুজমুত্তমাধিকরং সঙ্গস্থ্যসঙ্গমপ তুঙ্গভয়-বনং ৷ রু**ত্ত**নুপমাশু বিদ্ধাত ভাজনং ॥ স্থ্যসন্থলং। রামপদ-ধাম-কবিরায়-কৃতমুজ্জলম্॥ (৩।৩৪)

শ্রীল লোচন দাস ঠাকুর মহাশয় এই গ্রন্থের অধিকাংশ প্রভাংশের ও গীতাবলির যে অমুবাদ করিয়াছেন— তাহার দৃষ্টান্তও নিম্নে প্রদর্শিত হইতেছে—

(১) আর নিবেদন, চন্দ্রাস্থি গুন, পুরাও মোর মনকাম। শয়ন-মন্দিরে, আনহ স্ত্রে, প্রফুল্ল নলিনীদাম। গোপত করিয়া, শেজ বিছাইয়া, দেহ না স্থলরি মোরে। যেন অগ্রজনে, না হেরে নয়নে, বিরলে বলিল তোরে॥ মন্দির-माबाद्य, मनयुष्य-मीद्य, (महन क्याला ধনি! না কর বিলম্ব, কুন্থম কদম্ব, শীর দেহ মোরে আনি॥ (২।২৪) (২) গুঞ্জ অলিপুঞ্জ বহু কুঞ্জে মন মত্তপিক-দত্তরবে ফাটে

মঝু ছাতিয়া॥ বল্লীযুক্ত মল্লীফুল গন্ধ-সহ মারুতা। কুম্বল-শৃঙ্গ অলিবৃন্দ কাঁহু নৃত্যতা॥ সখি! মন্দ মঝু ভাগিয়া। কান্তবিনা ভ্রান্ত প্রাণ কাঁহে রহু বাঁচিয়া॥ ঞ্র ॥ ভস্মতমু পুপ্রধন্থ-সঙ্গে রস পূরিয়া। অঙ্গমঝু ভঙ্গ করু প্রাণ যাকু ফাটিয়া॥ পশ্ত মঝু ছঃখ ছেরি রোমে পশু পাখীরে। বল্লী নবকুঞ্জ ভেল ওুঙ্গভয় ভাজিরে। গচ্ছ স্থি ! পুচ্ছ কিবা আনি দেহ ম্পূৰ্শ দ্ৰখ দৰ্শ লাগি নাহরে। (8010) লোচনক আশরে॥ পদকলতকতে রামরায়-ভণিতাযুক্ত একটি মঙ্গল আরতির পদ আছে। এ সুহঁ মঙ্গল আরতি কীজে। मजन नश्रत नित्रि मूथ नी एक॥ মঙ্গল আরতি মঙ্গল থাল। মঙ্গল রাধা-মদনগোপাল॥ ভাম গোৱী ত্ত্ মঞ্ল রাশি। গঙ্গল জ্যোতি মঙ্গল পরকাশি॥ মঙ্গল মঙ্গল নিশান। সহচরীগণ করু মঙ্গল গান।। মঙ্গল চামর মঙ্গল উদগার। মঙ্গল শবদে করয়ে জয়কার॥ মঙ্গল মুথে কেন্তু কান্ত বাখান। কহ রামরায় তহিঁ ভগবান ॥ (পদক ২৮৪৫)

'রামানন্দ'-ভণিতাযুক্ত সব পদই থে ইংগর রচিত—এ বিষয়ে নিশ্চয়

করিবার উপায় নাই।

কলিকাতা বিশ্ববিত্যালয়ের অধ্যাপক শ্রীপ্রিয়রঞ্জন সেন ১৩৫২ বঙ্গাব্দে 'শ্রীরায়রামানন্দের ভণিতা-युक्त পनावनी'-नामक या शृक्षक কয়েকটি পদ প্রকাশ করিয়াছেন. তাহাদের প্রামাণ্যে যথেষ্ট সন্দেহ আছে। তত্তত্য ১৩ পৃষ্ঠায় একটি পদ —সভ স্থাগণে কৃষ্ণ বোলয়ে বচন। স্বাহান বঢ়াআ। মোরে মিলব অথন॥ श्रुतः भ मिन्दित विष्क हित हन्धत्। গোপাল চলেন ঘরে তৎপর ॥ নিত্যকর্ম সারি সবে ভেটল মোহন। চৰ্দ্ ঘোষাছে কেহ

দিখাএ দর্পণ॥ মলয় কুন্থম মধু

শ্রীঅঙ্গে মণ্ডল। রামানন্দ চিন্তিরপ

আনন্দে বড়ল। ইহা ব্ৰহ্মভাষা, ওডিয়া বাঙ্গালায় মিশ্রিত পদ।

৪৩। শ্রীরামানন্দ বসু-কৃত (একিফবিজয় প্রণেতা কুলীনগ্রামবাসী মালাধর বস্থ গুণরাজ্থার পৌত্র রামানন্দ বস্থ শ্রীমন্ মহাপ্রভুর

পার্যদ ছিলেন। ইঁহার বংশ একান্ত গৌরভক্ত। প্রতিবৎসর নীলাচলে পট্রডোরী লইয়া যাইবার জন্ম ইহার৷

গ্রীগোরাঙ্গ-কর্ত্ত ক আদিষ্ট ছিলেন। বৈষ্ণবের তারতমাও প্রভ ইঁহাদিগকে শিখাইয়াছেন)। গৌর-পদতর্গ্নিণীতে বস্থ রামানদের ভণিতায় মাত্র তিনটী পদ আছে

(৬০ ও ১৭৩ পৃষ্ঠায়) 'নাচয়ে চৈত্ত চিন্তামণি পদটি ছুইবার আছে।

গ্রীগোরের বিরহাবেশের একটি পদ—আরে মোর গৌরকিশোর। সহচর-স্বন্ধে পহুঁ ভুজযুগ আরোপিয়া, নবমী দশায় ভেল ভোর॥ পড়িয়া ক্ষিতির পরে মুখে বাক্য নাহি সরে, সাহসে পরশে নাহি কেহ। সোণার

তত্ত্ব দোসর ভেল দেহ॥ থির নয়ন করি মথুরার নাম ধরি, রোঅয়ে হা নাথ বলিয়া। বস্থ রামানন্দ

গৌরহরি কহে হায় মরি মরি,

ভণে পৌরাঙ্গ এমন কেনে, না বুঝিছ কিসের লাগিয়া॥

ক্ষণদাগীতচিস্তামণি (১৫/৫) 'এনা কথা তোমারে শুনাই' পদটি ইহারই রচিত বলিয়া প্রকাশ। পদকলতকর (৬৫৪) 'মলয়জ-মিলিত, যমুনাজল

শীতল' পদটি মধুর। ৬৬১ রদালসের পদটি অতিস্বাভাবিক বর্ণনা। ৭৮৮-

সংখ্যক রূপামুরাগের পদটিও অতি ত্মকর।

পদাবলী

৪৪। রায় বদন্ত-কৃত—ইনি প্রীল ঠাকুর মহাশয়ের বন্ধু ও শিষ্য। পদকলতকৃতে ইহার ৩২টি পদ ব্রজবুলিতে রচিত হইয়াছে, দেখা যায়। তন্মধ্যে ১০৫২, ১৭২২ ও ২৪২২ সংখ্যক পদে গোবিন্দদাসের

সহিত মিশ্র-ভণিতা আছে, পূৰ্বেও স্থচিত হইয়াছে। ভক্তি-

রত্বাকরে (১৪১৭-৪২০) ইংশর রচিত একটি গীতে ঠাকুর মহাশয়ের গোড়, ব্ৰজ ও উৎকলে গমনাগমন

বৰ্ণিত হইয়াছে। ২৪৪৫—২৪৫৩ আটটি পদে শ্রীকৃষ্ণের রূপবর্ণনা অতি

चून्तत रहेशारह। २৯১५—२৯२२, २ ३२१ -- २३६१

२ ३ २ 8--- २ ३ २ ६, পর্যস্ত নিত্যরাস্বর্ণনাটি বেশ মধুর ও স্বাভাবিক।

৪৫। শ্রীরায়শেখর-ক্ত--এখিতের এরঘুনন্দন ঠাকুরের শিষ্য কবিশেখর। [১১৬৫ পৃষ্ঠায় কবিশেখর-প্রসঙ্গ দ্রষ্টব্য]। ব্রজবুলি কবিতার শ্রেষ্ঠ লেখক। 'দণ্ডাত্মিকা' গ্রন্থও

ঠাকুর-৪৬। শ্রীবংশীদাস কৃত—শ্রীপাদ শ্রীরূপ গোস্বামিপ্রত্-বির্চিত 'নিকুঞ্জরহস্ততবের' পতামবাদ করিয়াছেন। ইহা ত্রিপদী-ছন্দে ৩৩টি পল্পে রচিত হইয়াছে।

ইঁহারই লেখনী-প্রসূত।

প্রায়ই ব্রজবুলিতে রচনা—মূল গ্রন্থের রসমাধুর্য ও ভাব-গান্ডীর্য অমুবাদেও যথেষ্ট সঞ্চারিত হইয়াছে। প্রথম

শ্লোকের অমুবাদ-নিকুঞ্জ-মন্দিরে দেখ স্থনিভূত কেলি-স্থতলপ-মাঝেরে। নবীন রসে

(১) শ্রীকৃষ্ণের পূর্বরাগ—

360F

ভোরি নবীন নাগরী, নবীন নাগর রাজেরে॥ নবীন যৌবন স্থনবীন, নবীন পহিরণ বাসরে। লবণিম-পুঞ্জ-রঞ্জিত, नरीन নবরসে ভাসরে। নবীন ফুচিকর প্রেম-সরবদ ভান্ধি ভোখত রঙ্গেরে। নবীন নিধুবন কেলি-কৌতুক চপল রসময় অঙ্গেরে॥ নবীন শুকপাথী আলি-আনন্দ কেকী বোলত শ্রদ-রঞ্জিণী রজনী বাডেরে। মোহত বংশী হেরত ঠাড়িরে॥ এই বংশীদাস কর্ণানন্দে (১২ প্রঃ) উক্ত আচার্যপ্রভুর শিষ্য কিনা

নি:সন্দেহে বলা যায় না। ৪৭। শ্রীবংশীবদন-ঠাকুর-কৃত —শ্রীবংশীঠাকুর শ্রীছকড়ি চট্টের পুত্র, কুলিয়াপাহাড়পুর গ্রামে জন্ম হয়। 'বংশীশিক্ষা'-গ্রন্থামুগারে ১৪১৬ শকে মধুপূর্ণিমায় ইনি প্রকট হইয়াছেন। ইনি একজন বিখ্যাত পদকর্তা---গৌরপদতরঙ্গিণীতে উদ্ধৃত পদের মধ্যে নিম্নলিখিত পদটি তাঁহার অতুসনীয় কবিত্বশক্তির পরিচায়ক— আর না হেরিব প্রসর কপোলে অনকা তিলকা কাচ। আর হেরিব সোণার কমলে, নয়ন-খঞ্জন-নাচিবে শ্রীবাস-নাচ। আর না মন্দিরে. ভকত नहेशा। সকল আর কি নাচিবে আপনার ঘরে. আমরা দেখিব চা'য়া॥ আর কি ছু'ভাই নিমাই নিতাই নাচিবেন এক ঠাই। নিমাই বলিয়া ফুকরি স্বাই নিমাই কোখাও নাই।। নিদয় কেশব ভারতী আসিয়া মাথায় বাজ। গৌরাঙ্গস্থনরে না দেখি কেমনে রহিব নদীয়া মাঝ॥ কেবা হেন জন

আনিবে এখন আমার গৌরান্স রায়।
শাশুড়ী বধুর রোদন শুনিয়া, বংশী
গড়াগড়ি যায়॥ (পদক ১৮৫৬)
এতদ্ব্যতীত পদকল্লভক্তেও

ইঁহার ভণিতায় দশ বারটি পদ আছে। উহার (১১৫৬) 'ধাতু-প্রবাদদল নবগুঞ্জাফল, ব্রজ্ঞবালক সঙ্গে সাজে' এই বাৎসল্যলীলার পদটীও

সাজে' এই বাৎসল্যলীলার পদটীও
মনোরম। বংশীবদনের প্রপৌত্র
রাজবল্পভ-রচিত 'ছকড়িচট্টের আবাস
স্থন্দর' এই তরঙ্গিণীর (৬।৩)২৪)
পদটি বংশীর জন্মলীলা প্রসঙ্গে সেই

গৃহে গৌরাঙ্গ-কর্তুক নর্ত্তনলীলার

বৰ্ণনা হইয়াছে।

হ৮। বল্লভদাস ও প্রীবল্লভদাস
-ভণিতার পদকরতকতে মোট ১৮টি
পদ আছে। গৌরপদতরঙ্গিণীতে
১৬টি পদ ইহার রচিত, তন্মধ্যে
প্রার্থনার ৭টি, গৌরলীলার ৩টি এবং
সায়াক্ত আরতির ১টি পদ। শুচী-

বিলাপ (৫।৪।৫) পদটি হাদয়-গ্রাছী ও

ত্মকরুণ। (৬।৩।৭০) পদটি শ্রীগোবিন্দ

কবিরাজের মাহাত্ম্য-স্টক। পদকল্পতরুর ২২৫ ও ২৩৪ সংখ্যক পদে
শ্রীগোবিন্দদাস শ্রীবল্লভের নাম
করিয়াছেন—ইহাতে প্রতীয়মান হয়
যে উভয়ে পরম সখ্যভাবাপন্ন
ছিলেন। পদাবলী-সাহিত্যে ৪।৫

কাছারা যে প্রক্বত পদকর্ত্তা—ভাছার নির্দ্ধারণ করা কঠিন ব্যাপার আমরা সাহিত্যিকদের উপর সেই ভার দিয়া * কয়েকটি পদের নমুনা

বল্লভদাস আছেন.

কে বা

* ভিজাদা থাকিলে 'ব্ৰ**ন্ত**বৃলির

লিখিতেছি—

(পদক-১৭) স্থন্দরি! তুহুঁ বড়ি হাদয় পাষাণ। কাত্মক নবমী দশা হেরি সহচরী ধরই, না পারই পরাণ॥ কতয়ে ক্ষীণতমু কহই না পারিয়ে. তেজত তাহে ঘনখাসে ৷ তেজব অমুমানিয়ে, রহত ঐচে তোহারি আশোয়াসে॥ কি জানিয়ে কি খেণে নেহারল তুয়া রূপ, তব্ ধরি আকুল ভেলি। খেণে খেণে চমকি চমকি অব মুরুছয়ে. হেরি রোয়ত সখী মেলি॥ কোই তোহারি নাম কহে শ্রবণহি, তবহি নয়ন-পরকাশ। এতহঁ নিদেশ কহল তোহে প্রন্ধরি ! পামরি বল্পভ দাস॥ (২) গৌরপদতরঙ্গিণী (৬।৩।৬৭) নরে নরোত্তম ধন্তা, গ্রন্থকার-অগ্রগণ্য অগণ্য পুণ্যের একাধার। সাধনে গাধকশ্রেষ্ঠ দয়াতে অতি গরিষ্ঠ. ইষ্ট প্রতি ভক্তি চমৎকার॥ চন্দ্রিকা

পঞ্ম সার * তিন মণি † সারাৎসার

গুরু-শিষ্য-সংবাদ পটল 🗓 ত্রিত্বনে

অনুপাম প্রার্থনা গ্রন্থের নাম,হাটপত্তন

মধুর কেবল॥ রচিলা অসংখ্য পদ

হৈয়া ভাবে গদ গদ. কবিত্বের সম্পদ

সে সব। যে বা শুনে যে বা পড়ে.

ইতিহাস' এবং মৃশালবাবুর গৌরপদতরন্ধিনীর ভূমিকা ২০৬—৭ পৃষ্ঠা স্টুব্য ।

* প্রেমভক্তিচন্দ্রিকা, সিদ্ধপ্রেমভক্তিচন্দ্রিকা, সাধ্যভেমচন্দ্রিকা, সাধ্যভক্তিচন্দ্রিকা
ও চমৎকার-চন্দ্রিকা—এই পঞ্চ চন্দ্রিকা।
† স্ক্রিমণি, চন্দ্রমণি ও প্রেমভক্তি-চিন্তামণি
—এই তিন মণি।

‡ উপাসনা-পটন। [গৌরপদ-

্ৰ ডপাসনা-পটল। ৄ গোরপদ-ভরঙ্গিনীয় পাদটীকা] এই পদটি এবং ইছার এতথালি সম্বন্ধে বহু সংশ্য আছে। যে বা তাহা গান করে, সেই জানে
পদের গৌরব॥ সদা সাধু মুখে শুনি
শ্রীকৈতন্ত আসি পুনি, নরোত্তম-রূপে
জনমিলা। নরোত্তম গুণাধার বল্লতে
করহ পার জলেতে ভাসাও পুন
শিলা॥

৪৯। বল্লভরসিকজী-কৃত—
[ষড্গোম্বামির অন্ততম শ্রীল রঘুনাথ
ভট্ট গোম্বামির শিষ্য শ্রীগদাধর ভট্টের
পুত্র। ইনি প্রসিদ্ধ 'প্রেমপত্তন'রচরিতা রসিকোতংসের সহোদর।
বল্লভর্রসিকজী] ব্রজভাষার 'বাণী'
(পদাবলী) রচনা করিয়াছেন।
হিন্দোলা, পবিত্রা, বর্ষগাঁঠ, সাঁঝী,
দশহরা, দিবালী, হোলী প্রভৃতি প্রায়
লীলাবিষয়েই ইহার পদাবলী আছে।
স্থরতোল্লাসের একটি পদ—

নবল নিকুঞ্জ মহল রস পাগে।
বৈঠে দোউ পরম সভাগে॥ উছরত
ছলকি ছলকি অমুরাগ। বল্লভ
রসিক সহচরী ভাগ॥ সহজহী
অঙ্গ অনঙ্গরঙ্গে সব। উমগনি প্রীতম
পাই ছুটে কব॥ লহলহানি ছলসানি
গাতমেঁ। মিসহীঁ মিস্থ উর পরম
বাতমেঁ॥ ইত্যাদি।

৫০। শ্রীবাস্থদেব ঘোষ-রচিত — শ্রীগোবিন্দ, মাধব ও বাস্ত্রদেব ঘোষ —তিন ভাই মহাপ্রভুর অতিপ্রিয় পার্ষদ ও ত্মকণ্ঠগায়ক। তিন ভাই পদকর্ত্তা হইলেও খাম্মঘোষের পদই সমধিক প্রসিদ্ধ। বাস্মঘোষ স্বচক্ষে গৌরলীলা দর্শন করিয়া পদরচনা করেন। কবিরাজ গোস্বামী উচ্চকর্পে কবিত্বের ইঁহার উচ্চ প্রশংসা করিয়াছেন—'বাস্থদেব গীতে করে প্রভুর বর্ণনে। কান্ঠ পাষাণ দ্ৰবে 🕽

যাহার শ্ৰবণে ॥' বাস্থ্যোবের পদাবলীর ঐতিহাসিক গুরুত্ব আছে, যেহেতু ইনি অধিককাল প্রীচৈত্য সঙ্গেই অতিবাহিত গৌরপদতরঙ্গিণীতে করিয়াছেন। পদ ইঁহার রচিত বলিয়া উদ্ধৃত হইয়াছে। সরকার ঠাকুরের আফুগতো ইনি পদ রচনা করিয়াছেন. যেহেতু তিনি স্বয়ং লিখিয়াছেন 'শ্রীসরকার ঠাকুরের পদামূত-পানে। পদ প্ৰকাশিব বলি ইচ্ছা কৈল মনে ॥' বাস্থ্যবোষের পদাবলী অতি সহজ ও প্রাপ্তল। বাল্যলীলা, মহাপ্রেম্বর নাগরীভাব, **मन्नामनी**ला বিষ্ণুপ্রিয়ার বিলাপগীতিকায় ইনি যে ভাজ্ঞামান ছবি পাঠকের নয়নের সম্মুথে ধরিয়াছেন, তাহাতেই ইনি হইয়া চিরস্মরণীয় থাকিবেন। ৬টি গীত উদ্ধত ইহার হইয়াছে। নিয়লিখিত পদগুলি বিশেষভাবে আস্বাত্য--(১) নিরমল গোরাতমু ক্ষিত কাঞ্চন (পদকলতর ২৮), (২) দত্তে দত্তে তিলে তিলে গোৱাচাঁদ না দেখিলে (তরজিণী ৪।৪।১৪)। (৩) নিরবধি মোর মনে গোরারপ লাগিয়াছে (তরঙ্গিণী ৩।২।১৭)। এতম্বাতীত ইনি 'গৌরাঙ্গচরিত' ও নিমাই-সন্থ্যাস' বচনা করিয়াছেন ৷ (মেদিনীপুরের ইতিহাস ৬০৭ পু:) <u>শ্রী</u>বিছাপতি

৫১। শ্রীবিত্যাপতি ঠাকুররচিত—শ্রীবিত্যাপতি ঠাকুর মিধিলাবাসী ব্রাহ্মণ এবং মিথিলারই ব্রাহ্মণরাজা শিবসিংহের সভাসদ ছিলেন।
মিধিলায় প্রচলিত রাজপঞ্জীহিসাবে
শিবসিংহ ১৩৬৮ শকে (১৪৪৬ খুঃ)

সিংহাসনে আরু হন। কবি তাঁহার আদেশামুসারে 'পুরুষপরীক্ষা'-নামক পুস্তক রচনা করিয়াছেন। তাঁহার মৈথিলী ভাষায় রচিত পদে জানা যায়, 'অনলরন্ত্র লক্খণ নরববই দক সমুদ্দকর অগিণি সদী।' অর্থাৎ লাক্ষণাবে (১৪০০ খঃ) শিবসিংহ রাজা হইয়াছেন 'বিস্ফী'-নামক গ্রাম কবিকে দান ক্রিয়াছেন ৷ ঐ দানপত্রের কাল ১৩২২ শক তখন তিনি স্থকবি' বলিয়া শিবসিংহের 'নরজয়দেব' নিকট প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন: ভূমিদান-পত্র ও উহার কাল-সম্বন্ধে মতদৈধ থাকিলেও কিন্তু পূৰ্বোক্ত মৈথিলপদ-রচনার কালামুসারে হ া ২৫ বৎসর পূর্বে (১৩০০ শকে) কবির জন্ম স্বীকার করিতে হয়। পূর্বপুরুষগণ সকলেই বিষ্ঠাপতির বিদ্বান ও যশন্বী ছিলেন। মহারাজ গণেখনের পরমবন্ধু গণপতি ঠাকুর স্বর্চিত 'গঙ্গাভক্তিতর্ক্নিণী' গ্রন্থটি মৃত ক্ষকদের পারত্রিক মঙ্গলের জন্ম এই গণপতি উৎসর্গ করিয়াছেন। ঠাকুরই বিগ্রাপতির পিতা *। কবির পিতামহ জয়দত্ত সংস্কৃতশাস্ত্রে ব্যুৎপন্ন ও পরম ধার্মিক ছিলেন, জয়দত্তের পিতা 'বীরেশ্বরপদ্ধতি'-নামে দশকর্ম-পদ্ধতি রচনা করেন। বিচ্ঠাপতির উধৰ তন ষষ্ঠস্থানীয় পূৰ্বপুৰুষ ধৰ্মাদিত্য

^{*} জনমদাতা মোর, গণপতি ঠাকুর, মৈথিলীদেশে করু বাদ i পঞ্গোড়াধিপ, শিবসিংহভূপ কুপা করি লেউ নিজ্পাশ। বিদফিগ্রাম, দান-করল মুঝে, রহতহি র'জ্ব-দল্লিধান। লছিমাচরণধ্যানে কবিতা নিকশ্বে, বিভাপতি ইহ ভাগ॥ (পদস্যুদ্য)

হুহঁতে সকলকেই রাজমন্ত্রীর আসনে প্রতিষ্ঠিত হুইতে দেখা গিয়াছে— ইহাই এই বংশের গৌরব।

'বিছাপতি মৈথিল-কবি হইলেও তাঁহাকে আমরা বাঙ্গালার প্রাচীন কবি-শ্রেণীর অন্তত্মই বলিতে চাই, যেহেতৃ তৎকালে মিথিলা ও বঙ্গদেশে অধিকতর ঘনিষ্ঠতা ছিল। দেশের ছাত্রগণ উভয়দেশে বিচ্ঠার আদান প্রদান করিতেন। প্রসিদ্ধ রঘুনাথ শিরোমণি এবং স্মার্ক্ত রঘুনন্দন ভট্টাচার্য প্রভৃতিও মিথিলা হইতে অধ্যয়ন করিয়া ব্যুৎপন্ন হইয়াছিলেন বলিয়া প্রবাদ শুনা যায়। অনেকের মতে দেনবংশীয় রাজাদের আমলে উভয়রাজ্য অভিন্ন ছিল, সেন-রাজারা বৰ্ত্তথান দারভাঙ্গাকে (দারবাঙ্গা বা বঙ্গদার) বঙ্গরাজ্যের পশ্চিমন্বার মনে করিতেন, তৎকালে ভাষাও প্রায় একরপ্র ভিল। বঙ্গদেশের রাজা লক্ষ্মণসেন-প্রবর্ত্তিত শক এদেশে প্রচলিত না হইলেও অভাপি মিথিলায় 'ল সং' নামে প্রচলিত আছে: অতএব বঙ্গদেশ ও মিথিলায় এতদূর ঘনিষ্ঠতা প্রকাশ পাইতেছে, তখন যে কবি বাঙ্গালার বিখ্যাত কবি জয়দেবের গীতগোবিন্দের অমুকরণে শ্রীরাধাকৃষ্ণ-লীলাবিষয়ক সঙ্গীত রচনা করিয়া-ছেন-বে সকল মঙ্গীত কলিমুগ-শ্রীশ্রীগোরস্থন্তর্ পাবনাৰতার গম্ভীরালীলায় **ত্মগন্তী**র আসাদ্ৰ করিয়া বিমোহিত হইতেন—যাহা বঙ্গদেশীয় কবিগণ স্বকীয় বোধে বহুকাল ধরিয়া সঙ্কীর্ত্তন করিতেছেন— যাহাদের অনুকরণে বঙ্গদেশীয় বৈষ্ণব কবিগণ শত শত পদরচনা করিয়া।
বঙ্গভাষা-মাতৃকার সেবা করিয়াছেন
—আমরা সেই কবিকে বঙ্গদেশীয়
কবির আসন হইতে সরিয়া যাইতে
দিব না। বস্তুতঃ তাঁহাকে আমরা
বঙ্গদেশেরই প্রাচীন কবি বলিব এবং
তাঁহার রচনা বঙ্গদেশেরই আদিম
রচনা বলিয়া বোধ করিব'।

(বঙ্গভাষা ও সাহিত্য-বিষয়ক প্রস্তাব ৩১—৩৪ পৃষ্ঠা) বিল্লাপতি-বচিত সংস্কৃতগ্রন্থমালা—

(৩) লিখনাবলী, (৪) শৈবসর্বস্থ-গার, (৫) গঙ্গাবাক্যাবলী, (৬) বিভাগসার [স্থতিগ্রন্থ], (৭) গয়াপত্তন এবং (৮) তুর্গাভক্তি-

(১) কীর্ত্তিলতা, (২) পুরুষপরীক্ষা,

তরঙ্গিণী। বিভাপতি - রচিত 'গোরক্ষবিজয় নাটকে' সংস্কৃত ও ব্রজবুলি ভাষায় গোরক্ষনাথ-কর্তুক

গুরু মৎস্রেন্দ্রনাথের উদ্ধার-কাহিনী আছে । [নেপালের পুঁথি, বিগ্লাপতি-

প্রসঙ্গে শ্রীস্থকুমার দেন লিখিয়াছেন। বিশ্বভারতী ১২।৪]। বিভাপতির অনেক গীতেই তাঁহার আশ্রয়দাতা

দেবীর নামোল্লেথ আছে। 'রাজা শিবসিংহ-লচিমা প্রমাণে' (পদকল্ল-

শিবসিংহ ও তাঁহার মহিষী 'লছিমা'

তরু ২৫৩)। প্রবাদ আছে যে লছিমাদেবীর সহিত বিভাপতির

নিগৃঢ় প্রণয় ছিল এবং মহিবীকে দেখিলেই তাঁহার কবিতা

দোখণেহ তাহার কাবত। ক্ষুরিত হইত। বিন্থাপতির গীতে

গীতগোবিন্দের প্রভাব ও অমুকরণ দেখা যায়—'হুদি বিসলতাহারো

নায়ং ভুজঙ্গমনায়কঃ' (গীতগোবিন্দ্ ৩।১১) বিস্তাপতি—'কতিত্ত মদন তমুদহদি হামারি। হাম নতু শঙ্কর তুঁবরনারী॥ নহ জটা ইহ, বেণী

মালতীমাল শিরে. নহ

গঙ্গ॥' ইত্যাদি (পদকল্পতরু ৮৫৭) জয়দেব শঙ্করের সহিত বিরহী

ক্ষের সাদৃগ্য দেখাইয়াছেন, আর বিভাপতি বিরহিণীর সহিত তুলনা

করিয়াছেন। বিভাপতির প্রায় সমুদায় গীতেই বিলক্ষণ কবিত্বশক্তির

পরিচয় আছে। তাঁহার রচনা প্রগাঢ়,

ভাব-গভীর, রদাঢ্য ও মধুর—সম্পূর্ণ অর্থ না জানিলেও শ্রবণ করিলেই

মহানন্দলাভ হয়।

শ্রীমন্মহাপ্রভু-কর্তৃক আস্বাদিত বিভাপতির পদ—

(১) কি কহব রে স্থি! আনন্দ ওর। চিরদিনে মাধব মন্দিরে মোর॥ পাপ স্থধাকর যত ছ্থ

দেল। পিয়া-মুখ-দরশনে তত প্রথ ভেল॥ আঁচর ভরিয়া যদি মহানিধি পাঙ। তব হাম পিয়া দূরদেশে না

পাঠাঙ। শীতের ওড়নি পিয়া, গিরিষের বা। বরিষার ছত্র পিয়া,

দরিয়ার না॥ ভণয়ে বিতাপতি শুন বরনারি! স্থজনক ছ্থ দিন ছ্ই

চারি॥ (পদক—১৯৯৫)

আস্বাদন্যোগ্য বিভাপতির পদাবলি—(১) ধনি ধনি রমণী-জনম

ধনি তোর। সব জন কান্থ কান্থ কবি খবলে সোজ্যা জানে বিজ্ঞান ॥

করি ঝুরয়ে, সো তুর্মা ভাবে বিভোর॥ চাতক চাহি তিয়াসল অমুদ, চকোর

চাহি রহু চন্দা। তরু লতিকা-অবলম্বনকারী, মঝু মনে লাগল ধন্ধা॥

কেশ পদারি যব তুঁহ আছলি, উরপর অম্বর আধা। সো সব হেরি কান্ধু

ভেল আকুল, কহ ধনি ইথে কি

সমাধা॥ হসইতে যব তুর্ত্ত দশন দেখাওলি, করে কর জোরহি মোর।
অলথিতে দিবি কব হৃদয়ে পসারলি,
পুন হেরি স্থা করু কোর॥ এতর্ত্ত
নিদেশ কহলুঁ তোরে স্থলরি, জানি
তুর্ত্ত করহ বিধান। হৃদয়-পুতুলি
তুর্ত্ত, গো শূন কলেবর কবি বিভাপতি
ভাণ॥
(২) বেণুমাধুরী—কি কহব রে

(২) বেণুমাধুরা—াক কহব রে
সথি! ইহ ছথ ওর। বংশীনিশ্বাসপরশে তমু ভোর॥ হঠসঞে
বৈগঠয়ে শ্রবণক মাঝা তৈথণে
বিগলিত তমু মন লাজ॥ বিপুল
পুলকে পরিপূরয়ে দেহ। নয়নে না
হেরি হেরয়ে জনি কেহ॥ গুরুজনসমুথই ভাব-তরজ। যতনে হি বসনে
কাঁপিত সব অজ॥ লহু লহু চরণে
চলিল গৃহমাঝ। দৈবে সে বিহি
আজু রাখল লাজ॥ তমু মন বিবশ
খসয়ে নীবিবন্ধ। কি কহব বিভাপতি
রহ ধন্ধ॥

(0) পুরুষবৈশে **শ্রীমতী**র জ্যোৎসাভিসার—অবহঁ রাজপথে পুরজন জাগি। চাঁদকিরণ জগমগুলে লাগি॥ রহিতে সোয়াথ নাহি, নৃতন লেহ। হেরি হেরি ত্রন্দরী পড়ন সন্দেহ॥ কামিনী করল কতায়ে প্রকার | পুরুষক বেশে করল অভিসার॥ ধঝিল পোল ঝুট করি বন্ধ। পহিরণ বসন আনহি কর ছন্দ॥ অম্বরে কুচ নাহি সম্বর গেণ। বাজন যন্ত্র হৃদয়ে করি নেল॥ এছন মিলল কুঞ্জক মাঝ। ছেরি না টিনই নাগররাজ। হেরইতে মাধ্ব প্ডল্ছ ধন। পরশিতে ভাঙ্গল হৃদয়ক ধন্দ।। বিভাপতি কহ কিয়ে ভেলি। উপজল

কত মনমথ-কেলি॥

বিছাপতি ও চণ্ডীদাসের তুলনা —'বিত্যাপতি চণ্ডীদাস অপেক্ষা নানা-বিষয়ে পণ্ডিত ছিলেন সতা, কিন্তু সরস, সরল কথায় চণ্ডীদাস যেরূপ মনের ভাব, হৃদয়ের যেরূপ নিখুঁত ছবি চিত্রিত করিয়াছেন, বিচ্ঠাপতির পদাবলীতে তেমন খাঁটিভাব অতি মল্লই লক্ষিত হয় ৷ চ গুলাস মনোরাজ্যের পরিদর্শক, বিভাপতি ব**হির্জগতে**র চিত্রকর। একজন গাবুক, অপর দার্শনিক। একজন সোজা কথায় সরল ভাষায় সাধারণের

চাতুর্যে, প্রাক্ষতিক সৌন্দর্যে ও
শব্দবিভাবে যথেষ্ঠ পাণ্ডিত্য দেখাইয়া
পণ্ডিতের স্থ্যাতি ভাজন হইয়াছেন।
বিভাপতি খাঁটি মৈথিল কবি, আর
চণ্ডীদাস আমাদের স্বদেশীয় একজন
বাজালী কবি।' 'বিভাপতির
কবিতাতে ছন্দঃপতন বা যতিপাত
প্রায় হয় না, চণ্ডীদাসের তাহা
বারংবার হইয়াছে: কিন্তু পিঞ্জরক্ষ

গীতধ্বনির

নন মাতাইয়াছেন, অন্ত ব্যক্তি রচনা-

পদাবলীর সহিত চণ্ডীদাসের মর্ম
উচ্চুসিত সঙ্গীত-উল্লাসের সেইরূপ
প্রভেদ।' (ভারতী) কবীক্সরবীক্র
ঠাকুর লিখিয়াছেন—'আমাদের
চণ্ডীদাস্ সহজ্ব ভাষায় সহজ্বভাবের
কবি এইগুণে তিনি বঙ্গীয় প্রাচীন

স্হিত বনবিহজের মধুর কাকলীর

যেরূপ প্রভেদ, বিস্থাপতির স্থললিত

শিক্ষিত পক্ষীর অ্মিষ্ট

কবিদের মধ্যে প্রধান কবি। তিনি একছত্র লেখেন ও দশছত্র পাঠকদের

দারা লেখাইয়া লন।' বিভাগতি স্থথের কবি, চণ্ডীদাস কাতর হইয়া পড়েন, চণ্ডীদাসের ত্বথ নাই। বিজ্ঞাপতি মধ্যে প্রেমকে জগতের জানিয়াছেন. চণ্ডীদাস প্রেমকেই জানিয়াছেন। জগৎ বলিয়া করিবার কবি. বিভাপতি ভোগ চণ্ডীদা**স** সহা ক রিবার কবি। চণ্ডীদাস স্থথের মধ্যে ছঃখ ও ছঃখের মধ্যে স্থথ দেখিতে পাইয়াছেন.

ছঃখের কবি। বিছাপতি বিরছে

ত্বংখের প্রতিও অমুরাগ। বিচ্চাপতি কেবল জানেন যে মিলনে স্থ্য ও বিরহে তুঃখ; কিন্তু চণ্ডীদাসের হানয় আরও গভীর, ভিনি উহা অপেক্ষা

ভয় এবং

তাঁহার স্থথের মধ্যেও

আরও অধিক জানেন। চণ্ডীদাসের কথা এই যে প্রেমে হুঃখ আছে বলিয়া প্রেম ত্যাগ করিবার নহে। প্রেমের যা কিছু স্থথ সমস্ত হুঃখের

চণ্ডীদাস কছেন—প্রেম কঠোর সাধনা; কঠোর হুঃথের তপস্থায় প্রেমের স্বগীয় ভাব প্রম্ফুটিত হইয়া

যন্ত্রে নিঙ্ডাইয়া বাহির করিতে হয়।

উঠে। যখন মিলন হইল, তখন বিভাপতির রাধা কহিলেন— (পদকল্প ১৯৯৭)

'দারুণ ঋতুপতি যত ছখ দেল।
হরি মুখ হেরইতে সব ছুর গেল॥
যতহুঁ আছিল মঝু হৃদয়ক সাধ।
সো সব পূরল পিয়া পরসাদ॥ রভসে
আলিঙ্গনে পূলকিত ভেল। অধরহি
পান বিরহ দূর গেল॥ চিরদিনে
বিহি আজু পূর্ণ আশ। হেরইতে
নয়ানে নাহি অবকাশ। ভণহ
বিদ্যাপতি আর নহ আধি। সমুচিত

ঔখদে না রহে বেয়াধি॥'

1675

চণ্ডীদাসের রাধাখামের যথন মিলন হয়, তখন 'ছহুঁ কোরে ছহুঁ काँ पि विष्कृत ভाविया।' कि कूट व्हे তৃপ্তি নাই।চণ্ডীদাস জগতের প্রেমকে অধিক দেখেন। প্রাণের অপেক্ষা প্রেম অধিক—

'পরাণ সমান পিরীতি রতন জুকিছু হাদয়-তুলে। পিরীতি রতন অধিক হইল পরাণ উঠিল চুলে॥' প্রেমের পরিমাণ নাই—'নিতুই নৃতন পিরীতি ছজন তিলে তিলে বাড়ি যায়। ঠাঞি নাহি পায়, তথাপি বাচ্য় পরিণামে নাছি থায় ॥'

এত বড প্রেমের ভাব চণ্ডীদাস ব্যতীত আর কোন্ প্রাচীন ক্বির কবিতার পাওয়া যায় ? বিছাপতির সমগ্র কবিতায় একটিমাত্র কবিতা আছে, চণ্ডীদানের কবিতার সহিত যাহার তুলনা হইতে পারে:-

স্থিরে। কি পুছ্সি অহভব মোয়। গোই পিরীতি অহুরাগ বাথানিতে ভিলে ভিলে নৃতন হোয়। জনম অবধি হাম রূপ নেহারণু নয়ন না তিরপিত ভেল। (পদকর ৯৩৯)

[কেছ কেছ এই পদটিকে কবি-রচনা বলিয়া নির্দেশ পদাবলী-সাহিত্যে করিয়াছেন । 'কবিবল্লভ' শীর্ষক প্রবন্ধ দ্রষ্টব্য। ব বিত্যাপতির অনেক স্থলে ভাষার

মাধুর্য, বর্ণনার সৌন্দর্য আছে; কিন্তু চণ্ডীদাদের নৃতনত্ব আছে, ভাবের মহত্ত আছে. আবেগের গভীরতা আছে। যে বিষয়ে তিনি লিখিয়াছেন, ভাহাতে তিনি একেবারে মগ্ন হইয়া চণ্ডীদা**সে**র লিখিয়াছেন। চণ্ডীদাস প্রেম ও বিশুদ্ধ প্রেম।

উপভোগকে স্বতন্ত্র করিয়া দেখিতে পারিয়াছেন। একম্বলে চণ্ডীদাস কহিয়াছেন—

রজনী দিবসে হব পরবশে স্থপনে

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব–অভিধান (৩ খ)

রাখিব লেহা। একত্র থাকিব নাহি পরশিব ভাবিনী ভাবের দেহা॥ দৰ্শন-বাঞ্জগতের এ প্রেম স্পর্শনের প্রেম নছে। ইছা স্বপ্নের ধন, স্বপ্নের মধ্যে আরত থাকে, ইহা 👣 দ্বমাত্র প্রেম, আর কিছুই নহে॥

চণ্ডীদাস-সম্বন্ধে বিশেষজ্ঞগণ বহু

(गर्भारनाठना->२३८)

শমস্থার উদ্ধাবন করিয়াছেন। কবির একাধিক সংখ্যা, পদাবলির সংখ্যা ও পাঠভেদ এবং কবির কাল ও স্থানাদি স্ইয়। বিবিধ মতবাদের হইয়াছে। এ প্রবন্ধে ঐ সকল বিষয়ের আলোচনার অবসর নাই বলিয়া আমরা প্রিয় পাঠকদিগকে নিম্নলিথিত গ্রন্থমালার আলোচনা

করিতে অন্মরোধ করিতেছি—(১)

অক্ষয়চন্দ্র সরকার কৃত চণ্ডীদাস, (২)

নীলরতন মুখোপাধ্যায়-সম্পাদিত চ छौमाग-পদাবলী, (৩) श्रीन स्ननी ि চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায়-সম্পাদিত সংস্করণ (৪) <u>শীকৃষ্ণকীর্ত্তন</u> (শ্রীযুক্ত বসস্তরঞ্জন বিবদ্বয়ভ-সম্পাদিত), (৫) বুম্নী-**খোহন মল্লিক-সম্পাদিত** সংস্করণ

— **ठ** छी मान- शमावनी (७) क तानी (9) সিংহ ক্লত-সংস্করণ B

মণীক্র বহুর সংস্করণ, (৮) গৌরপদ-তরঙ্গিণীর ভূমিকা। (৯) ডাক্তার ত্মকুমার সেন কুত 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস'-(দশম একাদশ 8

পরিচ্ছেদ) ১২৩--- ১৯৩ পৃষ্ঠা দ্রন্থব্য।

বুহদবৈষ্ণবতোষণীতে (১০।৩৩।২৬) শ্রীপাদ সনাতন 'চণ্ডীদাসাদি-দশিত-দানখণ্ডনৌকাখণ্ডাদি'ব করিয়াছেন এবং শ্রীচৈতন্মচরিতামতে. জয়ানন্দের চৈতন্তমঙ্গলে (৩ পু:), প্রেমবিলাসে (১৯) পদামুতসমুদ্রে

বিচ্ছাপতির সম্বন্ধেও এই কথা।

(৫ পৃ:) এবং মুকুন্দদাসের নামে আবোপিত সিদ্ধান্তচক্রোদয়গ্রন্থে চণ্ডীদাস ও তৎক্বত পদাবলির ইন্ধিত যাইতেছে। পাওয়া ক্ষণদাগীত-টিস্তামণিতে ও সংকীর্ত্তনামূতে ইহার কোনও পদ উদ্ধত হয় নাই।

৫১। বীরহাম্বীর-রচিত ছইটি পদ প্রকাশ হইয়াছে। ইহার বেশী রচনা আছে কিনা, জানা যায় না। (১) প্রস্থ মোর শ্রীনিবাস. পুরাইলে মনের আশ, তুয়া পদে

কীট, ভাহাই লাগিত মিঠ ঘুচাইলা রাজ-অহস্কার॥ করিতু গরল পান, সে ভেল ডাহিন বাম, দেখাইলা অমিয়ার ধার। পিব পিব করে মন, সব লাগে উচাটন.

রাধাপদ-ভুধা

করিলে দাসী.

কি বলিব আর। আছিমু বিষয়-

গোরাপদে বাঁধি দিলা চিত। শীরাধারমণসহ, দেখাইলা কুজগেহ, জানাইলা ছুঁহু প্রেমরীত। কালিন্দীর

তোমার ব্যবহার॥

রাশি, সে পদে

কুলে যাই, স্থীগণে ধাওয়াধাই, রা**ইকাম বিহ**রয়ে **তথে।** এ বীর-হামীর-হিয়া, ব্রজপুর সদা ধিয়া,

যাঁহা অলি উড়ে লাখে লাখে॥ (পদক ২৩৭৮)

(২) শুনপো মরম স্থি, কালিয়া কমল-আঁখি, কিবা কৈল কিছুই না ভানি। কেমন করয়ে মন, সব
লাগে উচাটন, প্রেম করি থোয়ায়
পরাণি॥ শুনিয়া দেখিয় কালা,
দেখিয়া পাইয় জালা, নিভাইতে
নাহি পাই পানি। অগুরু চন্দন
আনি, দেহেতে লেপিয় ছানি, না
নিভায় হিয়ার আগুনি॥ বসিয়া
থাকিয়ে যবে, আসিয়া উঠায় তবে,
লৈয়া যায় যমুনার তীরে। কি
করিতে কিনা করি, সদাই ঝুরিয়া
মরি, তিলেক নাহিক রহি থিরে॥
শাশুড়ী ননদী মোর, সদাই বাসয়ে
চোর, গৃহপতি ফিরিয়া না চায়।
এ বীরহাম্বার-চিত, শ্রীনিবাস-অমুগত,
মজি গেলা কালাচাদের পায়॥

শ্রীপাদ শ্রীজীবগোস্বামি-প্রদত্ত
ইহার নাম — গ্রীচৈতন্ত দাস। কোন
সাহিত্যিকের মতে চৈতন্তনাসভণিতাযুক্ত (তরঙ্গিণীতে ৭টি) পদ
ইহার রচিত। কেহু কেহু আপত্তি
করিয়া বলেন যে কোনও কোনও
পদের ভাবে বুঝা যায় যে উহা
শ্রীচৈতন্তদাস-নামে মহাপ্রভুর সমসাময়িক কাহারও রচিত।

৫২। শ্রীমদ বুন্দাবনদাস ঠাকুর-ক্ত—স্বকীয় শ্ৰীচৈতগ্ৰ-কতিপয় 'গৌরপদ' ভাগবতে রচনা দেখা যায়। আদিখণ্ড দিতীয় অধ্যায়ে শ্রীগোরাবতার-স্বচক ৫টা পদ. মধ্যথণ্ড অষ্টম অধ্যায়ে হরিবাসর-কীৰ্ত্তনে ৪০টা পদ-সমবায়, ঐ ১৪শ অধ্যায়ে দেবীস্ততি, ২৬শ অধ্যায়ে শচীমার ক্রন্দন: ঐ অস্তাথও ১০ম শ্রীগোরকীর্জনের একটি অধ্যায়ে পদই শুমধিক প্রসিদ্ধ। গৌরপদ-ত রঙ্গিণীতে শ্রীবৃন্দাবনদাসের ভণিতায় ৬৩টি পদ আছে; তদ্বাভীত পদকল্পতক প্রভৃতিতে উক্ত প্রীক্তঞ্চলীলাবিষয়ক পদাবলীর সবগুলি এই
কবিরই ক্বত কিনা—এই সম্বন্ধে
সাহিত্যিক ও ভাষাবিদ্দের বিষম
সন্দেহ আছে। ডাক্তার স্কর্কার
সেন 'ব্রজবুলির সাহিত্য'-নামক
প্রুকে তিনজন এবং প্রীশিবরতন
মিত্র মহাশয় 'বঙ্গীয় সাহিত্য সেবক'
প্রুকে বিভিন্ন প্র্ঁথি ও পদাবলী
দেখিয়া কোনও পরিচয় না পাইয়া
১৮ জন 'বুন্দাবনদাস'-নামাঞ্কিত
বঙ্গীয় সাহিত্য সেবকের উল্লেখ
করিয়াছেন।

৫০। জ্রীশিবানন্দ-সেন রচিত ৬টি পদ 'তরঙ্গিণীতে' প্রকাশিত হইয়াছে। এই পদগুলি পাঠ করিলে স্বত:ই মনে হয় যে উহারা প্রতাক্ষ-দশীর লিখিত। পদগুলি চিতাকর্ষক ও স্থমধুর। (৫।৩।৫২) 'দয়াময় শ্রীগোরহরি, নৈদালীলা সাঙ্গ করি' —ইত্যাদি পদটি করুণরসে পরি-পুরিত: কিন্তু (৬৩০) 'জয় জয় পণ্ডিত গোসাঞি'. (ধাসড>) খেলত গৌরকিশোর'. (৪)০)১৪) 'সোণার বরণ গোরা', এই তিনটি পদে 'পঁহ' শব্দের প্রয়োগ থাকায় এবং (৬।৩)৫) 'জয় জয় শ্রীল গদাধর পণ্ডিত' এই পদের ভণিতার 'দাস শিবাই' নামে চিহ্নিত পদ্মের ভাবের সহিত সাম্য থাকার ঐ পদগুলি শ্রীশ্রীগদাধর পণ্ডিতের শিষ্য শ্রীশিবানন্দ চক্র-বন্ধি-কর্ত্ব রচিত বলিয়া মনে হয়; কেন্দা ইনি শ্রীগোরগদাধরের একতান ভক্ত ছিলেন এবং বিলাস- রসটি ইঁহার সমধিক প্রীতিপ্রদ ছিল।
প্রীমদ্ গদাধর পণ্ডিতের 'শাখানির্ণরামৃতে' ইঁহার বর্ণনা আছে—
শিবানন্দমহং বন্দে কুমুদানন্দনামকং।
'রসোজ্জলযুতং' স্বচ্ছং বুন্দাকাননবাসিন্মু॥২৮॥

এই চক্রবর্ত্তিপাদ-রচিত প্রীগদাধরপ্রস্থর অষ্টকটিও স্থলে স্থলে প্রীগোরগদাধরের বিলাস-মহন্ত-সংস্টচক এবং
তরঙ্গিণীর (৬৩০৫) পদের সহিত
প্রায়শঃ অভিন্ন; স্থতরাং পদকল্পতকর ১৮৫২ সংখ্যক পদ
'দৃতীমুখে শুনইতে ঐছন ভাষ' এই
শিবানন্দ-ভণিতাযুক্ত পদটি এবং
শিবাই-ভণিতাযুক্ত অপর পাঁচটি
পদও এই চক্রবর্ত্তিপাদেরই রচিত
বলিয়া বিশ্বাস করা যায়।

৫৪। শ্রীশ্রামানন্দপ্রভু (ছঃখী কুষ্ণদাস)-কৃত িউৎকলদেশে ধারেন্দাবাহাতুরপুরে ছঃথী কৃষ্ণদাস পূর্ণিমায় চৈত্ৰী শকে আবিভূত হইয়াছেন। অল বয়সেই তিনি ব্যাকরণ কাব্যাদি শাস্ত্রে ব্যুৎপন্ন হন এবং অম্বিকাকালনায় আসিয়া শ্রীহৃদয়ানন্দ ঠাকুরের নিকট আত্মসমর্পণ করেন ! তাঁহার ঐকান্তিক গুরুনিষ্ঠার ফলে শ্রীহানয়-চৈত্ত তাঁহার প্রতি প্রসন্ন হইয়া প্রীবৃন্ধাবন যাইতে আদেশ করেন। শ্রীনিবাস ও নরোত্তমের সহিত তথায় ইনি শ্রীশ্রীজীবপাদের নিকট গোস্বামি-শাস্তাদি অধায়ন করিয়া -বিশেষ ব্যুৎপন্ন হন। রাসমগুলে ঝাড়ু করিতে করিতে একদিন বাত্রিশেষে তিনি শ্রীরাধারাণীর

পরিত্যক্ত নূপুর প্রাপ্ত হন এবং ললাটে স্পর্শ হওয়া মাত্র নপুরাকৃতি তিলক রচনা হয়। 'বিন্দুপ্রকাশ' গ্রন্থে এবিষয়ে বিবরণ দ্রপ্টব্য। ইঁহার জীবনী 'ভক্তিরভাকর' গ্রন্থে দ্রপ্টবা। আধ্যাত্মিকলীলা বিষয়ে শ্রীর্সিকানন্দ-বৰ্ণিত শ্ৰীশ্ৰামানন্দশতক' আলো-চনীয়। ইনি 'রেণেটী' স্থরের প্রবর্ত্তক বলিয়া জানা যাইতেছে। পদকল্লতকতে খ্যামানন্দ-ভণিতায় তিনটি পদ, ছঃখী কৃষ্ণদাস-ভণিতায় তিনটি পদ আছে। উহা গৌরীদাস পঞ্জিতের মহিমাস্ট্রক। প্রাভাতিক কীর্ত্তন 'স্মররে নব গৌরচন্দ্র' পদটি দীনক্ষঞ্দাস-ভণিতাযুক্ত, আমি নিধারণ করিতে না পারিয়া শ্রীকবিরাজ গোস্বামির পদ বলিয়া ধরিয়াছি। 'সিদ্ধান্তচক্রোদয়'-নামক শ্রীমুকুন্দদাসে আরোপিত গ্রন্থের ১৩৩ পৃঠায় ভাষানন্দ-ভণিতায় একটি পদ দেখা যায়-

(অথ রাধিকাভিসার)—রাই
কনক মুকুর কাঁতি । শুাম বিলসিতে
অব্দর তন্তু, সাজাঞা কতেক
ভাতি ॥ নীল বসন, রতন ভূষণ
জলদে দামিনী সাজে । চাঁচর চিকুর,
বিচিত্র বেণা ছলিছে পৃষ্ঠের মাঝে ॥
নয়নে কাজর, সিঁথায় সিন্দুর, তাহে
চন্দনের রেখা । নবজলধরে অরুণ
কোণে, নবীন চাঁদের দেখা ॥ রসের
আবিশে গমন মন্থর, চুলি চুলি চলি
যায় । আধ উড়নী ঈষত হাসিনী,
বিদ্ধিম নয়নে চায় ॥ স্থার সমাজে
ভাল সে বিরাজে কলপতরুর মূলে ।
শুমানন্দের পত্তঁ আনন্দ-মন্দিরে
প্রাণবধুমার কোলে ॥ ১০

৫৫। সর্বানন্দ ঠাকুর-রচিত— িইনি দক্ষিণখণ্ড বাসী, তদ্ৰচিত ২৫টি পদের মধ্যে মাত্র দশটিপদ শ্রীধীরানন্দ ঠাকুরের সংগ্রহে আছে] হিরণ বরণ দেখিলাম গোরা ছলি ছলি ছলি যায় ঠাটে। তম্ব মন প্রাণ আপনারে লয়ে ডুবিমু তাহার নাটে॥ অচল পদ গদপদ বাক ধৈৰ্য মদ গেল। চেতন হারা বাউল পারা আগম দশা হল।। ভয় করি নয় ভয় কেনে হয় গা কেন মোর কাঁপে। নির্থি লোচন চেতন বিচল দংশিল যেন সাপে। রূপের ছটা চাঁদের ঘটা জটাধারী দেখে তুলে। নতার मातीत रेधर्य ध्वःभ माग तरह वा কুলে॥ প্রতি অংগে যদি নয়ান থাকত পুরিত মনের সাধ। একে কুলবতী তাহে ছটি আঁথি তায় ঘুঙটা বাদ ॥ চাঁচর চলে চাপার ফুলে চারু চঞ্রী চলে। ভাল ঝলমল সুরজ লুকায় তাহার অলকা লোলে। ভুরুর জ্যোতি হরয়ে মোতি শক্র ধয়ু ছু'টি হরে। অপাঙ্গ-তর্ঞ টক্ষে কুলবতীর ত্রত ভঙ্গ করে। বদন চাব্দে মদম কাব্দে হুদে মুকুভার পাঁতি। মৃত্ব মৃত্ব হাঁসি---পারা কেবা দেখ্যে ধরে ছাতি॥ স্বর্ণকপাট হানয়-তট আজামু লম্বিত ভুজা। কোন ধনি না নয়নে হেরি সিধে সিঞ্চে করে পূজা। জামুর বরণ কাঁচা সোণা জেমন সাঁচা মোচা। হেরিলে তার নাচা কোচা না যায় কুল বাঁচা॥ खन পদ চরণ যুগল নখ ইন্দু नित्न। সরবানন্দ-চিত-চঞ্চর মঞ্চরণারবিন্দে॥ ২। যথারাগ তেরতা ধানশ্রী

কৰ্কশ মান---

गानिनी, रागी गान मग हानि नहिं তাজ সুব কর্কশ মান। ছাস দশ্নে ধরি গলে পিতাম্বরী বিনৃতি ততি করু কান॥ >॥ রাই চাদ বদ্ন তুলি চাও। থরি থরি ফুকরি ধরণী তল লুঠই জাম্ব ধরই তুয়া পাউ ॥২॥ প্রন্দরী মানে কোন বল সাধবি তুহু ধনী চতুর স্থজান। গাছক ফল ফুল করে ষদি পাইয়ে কি করব আঁকুশ দণ্ড যোগান।। ৩॥ ঘর গহন জজাও ঘরে মানই কো করু তব পুন বিপিন প্রয়াস। আঁগহি বিবভাব সহজহি মানই কো করু তব মণি মন্ত্র ঝাড়ান ॥ ৪॥ যাবিমু একতিল নাহি চলই অপরাধ তাকর কি গণই। আগে বেণী যদি নগর বিধি ডহুই তব কি রাগে আগে ন মাগি আনই ॥ ৫॥ জল কুল বলে যদি জনম গমায়ই তৰ কি ন জন জল চাহি। ক্ষম অপরাধ শাধ হরিকামন বহরণ করব ইহ নাহি॥ ७॥ উনকালে জমু ফল বহুত পচালনে নিম তিত সম হোয়। কোমল নবনীত অতিশয় শীতল কঠিন হোয়ত মৃত্ব নিজগুণ খোয়॥ १॥ বছ-বল্লভ ছরি নাগর শিরোমণি বিরস বিমনে যায় বাটি। সেহ নিজ অমুমতি কামু কিবা অহ ছোড়ত কুটীনাটি॥৮॥ সোই চতুর যোগ্নি যুবতি বচনে চলে পরিণামে। ভণই সর্বানন্দ অরিয়েক নিজপরি জনম যামি সিদে মনতাপ॥ ৯॥ (পদছইটি অভদ্ধ)

৫৬। সালবেগ—মুগলমান বৈষ্ণব
কবি। পদকল্পতক্ষতে ইহার তিনটী
পদ উদ্ধৃত হইয়াছে। ১৫৪৪
সংখ্যক পদটি ওড়িয়া ভাষায় রচিত,
২৪৭৩টি বাংলা ভাষায় এবং ২৯৭৩টি

ব্রজভাষায় রচিত। সালবেগের জীবনবুতান্ত মূল ওড়িয়া ভাষায় 'দার্চাভক্তিতে' এবং অমুবাদ শ্রীযুক্ত অতুলক্ষ গোস্বামি-সম্পাদিত 'ভক্তের জয়' গ্রন্থের তৃতীয় উল্লাসে পৃষ্ঠায় দ্রপ্তব্য। মোগল >-->e পিতার ঔরদে ও হিন্দু মাতার গর্ভে ইহার জন্ম। পদর্ভাবলীর ৪৪৩নং পদটি ঝুলনলীলা সম্বন্ধে সালবেগ-রচিত।

নীলাচলচন্দ্রের স্নান্যাত্রার পদ (১৫৪৪)—হের হো নীলগিরিরাজ হিঁ। প্রভদ্রা বলরাম সঙ্গে অমুগাম সিনান মণ্ডপ মাঝহিঁ ॥ শভা ঘণ্টা কাঁশী বেণু বীণা বংশী মধুর ছুন্দুভি বাজন্তি। সেবাতি পড়ারি ঘট ভরি বারি ঢারউ তাকত্ব মাথস্তি॥ জয় জ্বয় ধ্বনি স্থুর নর মুনি স্তুতি নতি প্রণিপাতহিঁ। এীমুখচন্ত্রকু সৌরভ আউছ গভেদ্র-বেশর্ভ আপহিঁ॥ জয় যত্নপতি তিন লোক গতি বহু উপহার ভোজন্তি। মণিকোঠাচলে गानटवर्ग वटन दिवनातीराग नाहि ॥

৫৭। সূরদাস মদনমোহন-শ্রীশ্রীসনাতন গোস্বামিপাদের শিষ্য শ্রীস্থরদাস মদনমোহনজি (প্রকৃত নাম সুর্ধ্বজ)। ইনি শ্রীমদনমোছনের সেবা করিতে করিতে যে র**সাম্বাদ**ন করিতেন, তাহাই অবসর্মত গ্রন্থন করিতেন এবং সেই বাণীই এই পদা-বলীরূপে প্রকট হইয়াছে। তাঁহার কবিতা সরস ও উচ্চত্থানীয়, ইঁহার রচিত পদাবলীর কোন ধারা নাই: ১০৫টি পদ জয়পুর হইতে প্রকাশিত হইয়াছে। প্রথম পদটি উপদেশ— মেরে গতি তূহীঁ অনেক তোষ পার্ড। চরণ-কমল নথমণী উপর বিষয়-পুখ বহাউ॥ ১॥ ঘরঘর যো ডোলোঁ হরি তো তুমহি লজাউ। তুমহরে৷ কহাউ কহে৷ কৌনকো কহাউ॥ ২॥ তুম সো প্রভু ছাঁড়ি কাহি দীন কো ধাউঁ। সীস তুমহি নাইকে অব কৌনকো নবাউ॥ ৩॥ সোভা সব হানি করোঁ জগত কো হুসাউ। কঞ্চন উর হার ছাঁড়ি কাঁচকো বনাউঁ॥ ৪॥ হাতীতেঁ উতরি কইা গদহা চটি ধাউ। কুমকুমকে लिপ इं। जि की हत्र गूँव ना छैं॥ ८॥

কামধেমু ঘরমে ত্যজি অজা কোঁ৷

ত্বহাউ। কনক মহল ছাঁড়ি কোঁ।

পরণ কুটী ধাউঁ॥ ।।। পাইন জো

পেলো প্রভু তো ন অনত জাউ।

প্রীসুরদাস মদনমোহন লাল গুণ

গাউঁ॥ १॥ সন্তন কী পানহী কো বিক্ষক কহাউঁ। ক্রমশঃ লালভাকে বধাই (জন্ম-नीना), श्रीष्ट्रांक वर्धारे, পानक्रयूनान, প্রভাতী, মুরলী, অমুরাগ, রাস,

খণ্ডিতা, কুঞ্জবিহার, বসস্ত, ফুলদোল,

চন্দনযাত্রা ও হিন্দোল প্রভৃতি বিষয়ে পদাবলী রচিত হইয়াছে।

৫৮। সৈয়দ ছেদাসাহ---মুসলমান বৈফ্ডব কবি। বপুরে বিধি জাবদ হায় কুলাল সোঁ৷ অণ্ড কটাহ বনবাতে হৈঁ। হরি জ, অবতারন ধারন মাহিঁ মুহুমুহ্ছ সঙ্কট পাবত হৈঁ॥ শিব মাগত ভীখ কপার লিয়ে নভ চকর ভামু লগবাতে হৈ। হুমহ পরিহাথ মে শাহ সদা তেহি কর্মকো মাথ নবাবতে হৈঁ॥

৫৯। সৈয়দ মরতুজা—মুসলমান বৈষ্ণৰ কৰি। কল্লতক্ৰর ২৯৫৮ সংখ্যক

পদটি---

খামবন্ধু চিত্ নিবারণ তুমি। কোন শুভদিনে দেখা তোমা সনে পাসরিতে নাবি আমি। দেখিয়ে ও চাঁদ বদন ধৈর্য ধরিতে নারি। অভাগীর প্রাণ করে আন-চান দত্তে দশবার মরি॥ মোরে কর দয়া দেহ পদ-ভায়া শুনহ পরাণ কামু। কুল শীল সব ভাসাইমুজলে প্রাণ না রহে তোমা বিছা সৈয়দ মরতৃজা ভণে কামুর চরণে নিবেদন শুন হরি। সকল ছাড়িয়া রহিল তুয়া

৬০। প্রীহরিমোহন শিরোমণি গোস্বামি-বিরচিত——(১) প্রিয়াজির উক্তি (প্রশ্ন)

পায়ে, জীবন মরণ ভরি॥

দিদি । ছই ভাতারের ঘরকয়া কি বিষম দায় ! সব বিরুদ্ধ স্বভাব তায়। ঠেকেছি বিকিয়ে মাথা তুই ঠাকুরে গুরুর পায়। তায় কারো সজে নাই কারো মিশাল, একটা বাঙ্গাল, একটা দেশাল, কেহ ডাল ভাতে খোসাল,—কেহ মাখন কটি চায়॥ আবার জেতেও তারা ছ'টা ত্বতাল, একটা বামুন, একটা গোয়াল, কাজেই ছু'টোর ছুরূপ খেয়াল, আমি ঠেকলাম হু'টানায়। গোয়ালা কয় মাখন তোল, বামুনে কয় ফুল তুলসী তোল, ভোরের বেলা ছ'টার ছই বোল, আমি খাটবো কার কথায়॥ (আবার শুন দিদি! মজার কথা) গোয়ালা কয় সাজো যোডশী, আমি মেয়ে ভালবাসি, বামুনে কয় হও मन्नामी, (इँए। कांथा फिर्म गाम। নদীয়ার বামুনের ছেলে নাচে গায় হরি বলে, বুন্দাবনে রাই ব'লে

গোয়ালা বাঁশি বাজায়॥ ইতি নিবেদরতি রাইপ্রেয়সী শ্রীধাম রন্দাবন।

পদাবলী

(২) গদাই দাসীর উক্তি (উত্তর) দিদি! কলিযুগে ছই ভাতারই সত্বপায়, তুই সিদ্ধ দেহে ভজবি তায়। (একটি পুরুষ, একটি নারী) তুই বেশ করেছিস বেচে মাথা, ছুই ঠাকুরে গুরুর পায়॥ ঐ দেখ তোর সিদ্ধ দেহ আছে পড়ে (একটি পুরুষ, একটি নারী) গুরুর বাক্য-অমুসারে, ঠিক্ করে নে আগে তারে, আন্তরিক ভাবনায়। শুন ওলো প্রাণস্থ তোর সিদ্ধ দেহ হলে গই, তুই ছুই হ'য়ে ছই দেহে যাবি, গোয়ালিনীর প্রায়। দেখ প্রীরাধিকা বুন্দাবনে, রাসরস-ত্মরসনে, ললিভাদি স্থার সনে, মেয়ের দেহে কুল-কলঙ্কিনী হয়ে বাঁশীর তানে নাচে গায়। আবার সেই রাধা নদে পুরে, त्यहे त्याशानिनी त्राधा नत्त श्रुत्त. গদাধর নাম ধরে, আজন্ম সন্ন্যাস করে, মেয়ের গন্ধ নাহি গায়। তেমনি তুই মেয়ের দেহে বুন্দাবনে, —মধুর রদ ভজনে তোর গোয়ালা ভাতারের সনে, কুলশীল তেয়াগিয়ে, নাচবি লো কদম তলায়। (আবার সেই তুই) গদাইর মত পুরুষ দেহে. দাঁড়াবি শ্রীবাদের গেছে, বামুনে ভাতারের বামে, সময় বুঝে নদীয়ায়॥ গোরেশ্বর বৈষ্ণব জগতে, এরস র'সে গোপতে গদাধরের অনুগতে, অন্তে না সন্ধান পায়। আদর্শ দণ্ডক বনে, রামচক্রকে মুনি-গণে, মধুর রসভজনে, উপভোগ করতে চায় 🏽

ইতি নিবেদয়তি গদাইদাসী শ্রীধাম নবদ্বীপ। (ব্রজ্বধূবর্গেন যা কল্লিতা ইত্যবলম্ব্য লিখিতম্)।

- (৩) স্বপ্নে সঙ্গীত-শ্রবণ—আর বেওনা রাধার কুঞ্জে আমার মন, ধহা কলির আগমন॥ ধ্রু॥ রাইয়ের কুঞ্জে কলক আছে, পতি ফিরেন পাছে পাছে, ধরতে পারলে ধ'রে কেশে, নাক করবেন অপারেশন॥ রাধা রুষ্ণ ছুই এক পুরুষরূপে, গৌর গদাধর স্বস্করপে উদয় হ'লেন নবদ্বীপে, ছ'য়ের রসে ছ'য়ে করতে আস্বাদন॥ সত্য ভ্রেতা দাপর যুগে, যে রস দিতে নারেন কোন যোগে, সে রস আজ সঙ্গীউনের সমাযোগে স্বভক্তে করলেন সমর্পণ্॥
- (৪) শ্রীশ্রীগদাধর পণ্ডিত গোস্বামির সান্ধ্য আরতি ('ভালে গোরাচাঁদের' স্থারে) ভার ভার গদা-পঞ্চিত গোসাঞি। ঐচন আরতি বলিহারি যাই॥ পাট পটাম্বর শোভে পীত ধৃতি। নৰ্ম ভকত হি করত আর্তি॥ চন্দন কুত্ব্য আদি কপূর জগরাথ পরায় তিলক পূর্বযুগ স্মরি॥ কেহ দীপ কেহ ধূপ কেহ বা কুন্থমে। শাখাগণে আরতি করে মনোরমে॥ চন্দনে চর্চিত যত কুস্থমের মালা। স্বরূপাদি স্থা আনি গলে তলি मिला॥ कोमित्क বাজত করতালি। মঙ্গল গাওত ভকতগণ মেলি॥ 'শ্রীরিব' স্থব্দর মুখনোভা হেরি। মুচকি মুচকি হাসে প্রাণ গৌরহরি॥ গদাই গৌরাজপদ ভকত হি আশা। দীন হরিদাস করত ভরসা॥

রচিত পদসাহিতা। পদ্ধতি—গ্রীশ্রীগৌরেশ্বর বৈষ্ণবগণ বান্ধমূহুর্ত্তে গাত্রোজ্রান পূর্বক রাত্রিতে শ্যনাব্ধি নিবস্কব ভগবার্শর্জনা মন্নাদি অবলম্বন করিয়া কালাতিপাত করিতে সাধকগণকে উপদেশ দিয়া থাকেন। যে গ্রন্থে এই चाष्ट्रेयाभिक चर्छन, चत्रश ও मनना नित्र নিয়ম-প্রণালী লিখিত থাকে, তাহাকে 'পদ্ধতি' বলাহয়। এই সম্প্রদায়ে বল্লবিধ পদ্ধতির প্রচলন থাকিলেও তিনখানি মুখ্য বলিয়া সর্বসন্মতিক্রমে গৃহীত ও আদৃত হইয়া থাকে।

(১) প্রথম পদ্ধতি— শ্রীবক্তেশ্বর পণ্ডিতগোস্থামিপ্রভুর প্রধান
শিশ্র শ্রীমদ্ গোপালগুরুগোস্থামিজির
রচনা। ইহা ছুই ভাগে বিভক্ত (ক)
প্রণামস্মরণপদ্ধতি ও সেবাস্মরণপদ্ধতি। এই পুস্তকখানি মাদ্রাজে
গবর্ণমেন্ট পুস্তকালয়ে সংরক্ষিত আছে।
(Vide Triennial Catalogue
of Sanskrit Manuscripts,
Vol. IV Part I. Sanskrit
A No. 3050)

শ্রীগোপালগুরুকত স্মরণ-পদ্ধতির বর্ণয়িতব্য বিষয়—(২) শ্রীক্লফের স্বরূপ, (২) ব্রজে মাধুর্যসেবার প্রমাণ, শ্রীকৃষ্ণলীলার মান্তবের স্থার ক্রৎকম্পনাদি, জীবের সহিত ভেদ-বিচার। (৩) প্রকটাপ্রকট লীলা, পারকীয়ন্থ, ব্রজে তিনমাস বিরহ, দস্তবক্র-বধের পরে ব্রজাগমন, ধাম-ব্রেমে লীলানিত্যতা, গোপলীলার স্বসমোর্দ্ধতা,শ্রীকৃদ্ধাবনের গোলোকত্ব; (৪) রাগামুগাভজন—কামর্মপা ও

সম্বরূপা ভক্তি, (৫) অধিকারি-বিচার: (৬) সাধকদেহে সেবা-ঐকুষ্ণের প্ৰণালী. ৰয়স, বেশ ইতাদি। (१) মহামল্লোদ্ধার---তস্ত্রোক্তধ্যান; (৮) শ্রীক্লফের দশা-অপ্তাদশাক্ষর মন্ত্র, (১) ক্ষর ময়ন. কামগায়ল্রী, ধ্যান: (১০) শ্রীরাধাতত্ত্ব, याः । (১১) **औ**छक्रणत्नक्य. প্রীগুরুগায়ত্রী, প্রীগুরুবর্গের স্মরণবিধি. (১২) শ্রীগোরাঙ্গের অপ্টকালীয় সেবাবিধি: (১৩) সিদ্ধদেহে খ্রীগুরু-রূপা স্থীর পার্শ্বে ললিতাদিস্থী-বুন্দের শঙ্গে শ্রীরূপমঞ্জরীর সহিত (ग्रवाळागानी: (>8) यूगन महाशान, यूगन शान, (>e) यागनीर्रापण: (২৬) অষ্ট্রস্থীর পরিচয় ও তক্ষাদি হইতে মন্ত্রোদ্ধার: (১৭) স্থীদের यूथ, (>৮) मङ्जतीरमत्र शान मङ्खामि; (১৯) षष्टेकांनीय नीनांच्यत्नविधिः (২০) মন্ত্রজপ-ক্রম।

সেবাস্মরণপদ্ধতিতে প্রীগোপাল-গুরু নিজ প্রীগুরুদের শ্রীবক্রেশ্বর প্রভুকে ব্রজনীলায় 'তুঙ্গবিভা' বলিয়া বর্ণনা করিয়াছেন। যথা--বক্রেখর-শ্ৰীতৃঙ্গবিগ্যকাং। পণ্ডিতঞ্চ বৰেদ শ্রীচৈতন্তং শ্রীপুলং বন্দে শ্রীনন্দ-नस्नम्॥

(২) দ্বিতীয় পদ্ধতি — শ্রীমদ ধ্যানচক্রগোস্থামির রচনা। শ্রীগোপালগুরু প্রভুরই শিষ্য এবং তদীয় পদ্ধতির অমুসরণে এই গ্রন্থ রচনা করিলেও ইহাই স্থলবিশেষে ক্ষ টতর এবং ইহার অতিরিক্ত সন্নিবেশও সাধকগণের যথেষ্ঠ হিত-কর। উভয় গ্রন্থ প্রায়শঃ অভিন হইলেও প্রথম পদ্ধতিতে সর্বালে

শ্ৰীগুৰু, পরমগুরু, পরমেষ্ঠিগুরু, শ্রীগোরান্ত, শ্রীনিত্যানন্ত, শ্রীঅদৈত, পঞ্চতত্ত্ব ও ভক্তবুন্দের প্রণাম ও ধ্যানাদি, তৎপরে প্রীবন্ধাবন, যমুনা, নন্দীখর. রাধাক্ত, গোবর্ধন, बर्ज्यनचन, ভाश्कूमात्री, गशीवन, মঞ্জবীগণ ও কিন্তবগণের বন্দনা-নামক 'প্ৰণাম-পছতি' আছে: কিছ দিতীয়ে তাহার কিছুই নাই; দ্বিতীয়ে ক্রম-বৈপরীত্যও দৃষ্টিগোচর হইতেছে। এই পদ্ধতিই বৈঞ্চব-স্মাজে স্মধিক স্মাদর লাভ করিয়াছে, যেহেতু গোবর্ধনের শ্রীসিদ্ধবাবার পদ্ধতিও এই পদ্ধতি হইতেই যথেষ্ট সহায়তা ও সমর্থন লাভ কৰিয়াছে। উভয় পদ্ধতির বিশেষত এই যে ইহাতে স্পার্ষদ প্রীগোরাঙ্গ ও প্রীগোবিনের মস্ত্রোদ্ধার गात्रजी, अगाम ७ পृका-अगानी প্রভৃতি বিবিধ পুরাণ ও তন্ত্রাদি হইয়াছে। **শংগৃহীত** উভয়েরই অষ্টকালীয় লীলাম্বরণহত্ত সনৎকুমার-সংহিতা হইতে উদ্ধৃত হইয়াছে।

(৩) তৃতীয় পদ্ধতি—প্রীগোবর্দ্ধন නිම්-নিবাসী প্রথম সিদ্ধ কুফদানবাবাজি মহারাজ-কর্ত্ ক বিরচিত। এই পদ্ধতিও স্বইভাগে 'শ্রীশ্রীকৃষ্ণস্বরূপ-বিভক্ত—(ক) নিরূপণ'-নামক প্রথম ৰিভাগে শ্রীমদভাগবত, ব্রহ্মসংহিতা, পদ্ম-সনৎকুমার সংহিতা. পুরাণ, লগুভাগৰতামৃত, গোতমীয় তন্ত্র, ভক্তিরসামৃত, উচ্ছলনীলমণি, শ্রীকৃষ্ণ-গণোদ্দেশ ও প্রীধানচন্দ্র-পদ্ধতি হইতে সপরিকর শ্রীক্রফের স্বরূপ

বর্ণনা, বেশ, বয়সাদির যাবতীয় তথ্য যথাক্রমে স্প্রবিশ্বস্ত হইয়াছে। (খ) 'সাধনাম্ভচন্দ্রিকা'-নামক দ্বিতীয় বিভাগে সাধকোচিত অষ্ট্যামিক পূজাপদ্ধতি ও শারণ-প্রণালী সংস্চিত হইয়াছে। এই পদ্ধতিতে যুগপৎ স্বাবসিকী ও মন্তম্মী উপাসনার ইঞ্চিত দেখা যায়। যগপে মন্ত্ৰময়ী উপাসনা হ্রদৰৎ এবং স্বারসিকী উপাসনা স্রোতোবং, তথাপি স্বার-সিকীর অন্তর্ভ ত করিয়া মন্ত্রময়ী উপাসনা করিতেও এগ্রীনিদ্ধবাবার ইন্ধিত আছে। শ্ৰীশ্ৰীসিদ্ধবাবা-কৰ্ত্ত ক শ্ৰীহন্তে তদীয় শিষ্য সূৰ্যকুণ্ডবাসী শ্রীশ্রীমধুসুদনদাস বাবাজি মহারাজের নিকট লিখিত পত্ৰখানি 'সাধন-দীপিকা' গ্রন্থের পরিশিষ্টে দ্রষ্টবা। প্রীপ্রীরাধারফদাস গোস্বামী স্বকীয় 'কাধনদীপিকার' দিতীয় কক্ষায় ২৪ —২ পষ্ঠায় লিখিয়াছেন—'অথ সদাচারবিধিলিখাতে। মস্তময়ী দিধা, তত্ৰ শ্ৰীভাগৰতাদি-বর্ণিত-জন্মকর্মগোচারণাদিলীলা এক-বিধা, সা তু স্বরণমঙ্গল-শ্রীগোবিশ্ব-লীলামৃতাগুমুসারেণ,কর্তব্যা। দ্বিতীয়া व्यक्तीयमानविद्याय-(योनयुक्ताछा-প্রীবিগ্রহবিশেষসেবা। সাচ সর্ব-<u> প্রী</u>হরিভক্তিবিলাসে স্বতিস্মত্য লিখিতান্তি। তদমুসারেণ প্রেম-যুক্তরা ভক্তা। কর্ত্তব্যা।...যথা যানসীং সিদ্ধরপেণ সাধক: দণ্ডাত্মিকাং ভাবয়েৎ, তথা ভেটনৰ গুরুপরম্পর্য়া রাগামুগামতেন মৌন-মুদ্রাচ্যং, দণ্ডাত্মিকা লীলা সেবা চৈকা নামা ভেদঃ পৃথগ্ভবেং। ন্তরোরকাবুদ্ধ্যা সেবনঞ্চ। বস্তুতঃ

नौनात्रात्र मन्त्र्र्य नित्रत्यक हरेत्वछ কিন্তু শ্রীবিগ্রহসেবার সহিত লীলামু-ধ্যান অধিকতর স্থাকর ও সহজ্ঞ-সাধ্য বলিয়া বিশেষজ্ঞদিগের ধারণা; যেহেতু মাদৃশ সর্বতোবিক্ষিপ্ত কলি-কলুষহত জীবের মনোনিবেশের পক্ষে শ্রীবিগ্রহসেবার সহিত লীলা-চিন্তা চলিলে ত্বরহ ভগবদভজনও ক্রমশঃ আয়ত্তাধীন হইতে পারে। नौनाहिस्रान (करन स्वातनिनाश्वर) ক্রিয়া চলিতে থাকে. কিন্তু শ্রীবিগ্রহ-সেবার সহিত লীলাচিন্তনে কর্মেন্সিয় ও জ্ঞানেন্দ্রিয় উভয়ই ব্যাপত থাকে। এই সাধনামতচন্দ্রিকা ১৭৫০ শাকে রচিত হইয়াছে বলিয়া অন্তিম বাকা হইতে জানা যায়। শ্রীসিদ্ধ-বাবা ইহার প্রাবে বঙ্গামুবাদ কবিরা সংস্কৃতানভিজ্ঞ সাধকগণের পর্ম কল্যাণ সাধন করিয়াছেন।

সম্প্রতি 'সিদ্ধসেবা' নামে এনব-দ্বীপ হইতে প্রকাশিত একথানি গ্রন্থ দেখিলাম ৷ ইহা শ্রী চৈত্ত লাস-বিরচিত, অতি আধুনিক। ইহাতে বিশেষ ভাবে প্রাতঃ, মধ্যাহ্ন, অপ-রাহু ও সায়ংকালীন লীলার সেবা-পূজাদিতে বস্তু-বিশেষের সমর্পণ-মন্ত্রাদি স্বর্চিত সংস্কৃত পত্যে গ্রথিত হইয়াছে।

পদ্ধতিপ্রদীপ-গ্রীমদ ঘনগ্রামদাস-বিরচিত এই পদ্ধতিতে পূৰ্বোক্ত শ্রীগোপালগুরু-পদ্ধতি ও শ্ৰীধ্যান-চন্দ্রপদ্ধতিবং প্রণাম-স্মরণেরই আধিকা দেখা যায়। অধিকন্ত ইহাতে শ্রীনবদ্বীপ ও নবদ্বীপচন্দ্রের সপরি-কর প্রণামাদি বিশেষভাবে দেখা যাইতেছে। ভক্তিরত্বাকরে (১২।

৩৩৬৬, ১২/৫৪) যে শ্রীগোরাঙ্গ-প্রভুর অইকালীয় লীলাম্মরণ ও শ্রীনবদীপের ধ্যানের উল্লেখ আছে. তাহা ইহাতেও স্থান পাইয়াছে। মঙ্গলাচবংশ---

দর্বাভীষ্টপ্রদ শ্রীমদগুরুদেব দয়া-নিধে ৷ নানাবিঘ্নভয়ান্নিতাং পাহি মাং মঙ্গলালয় !! > ॥ প্রীনবদ্বীপচন্দ্র শ্রীবৃন্দাবন-বিভূষণ! শ্রীল শ্রীগৌর-গোবিন্দ ভক্ত-প্রিয় জয় প্রভো !! ২ ॥ উপসংহারে— প্রীরাধাক্ষ্ণচৈতন্ত্র-ভজনক্রমপদ্ধতিং। সাধকানাং প্রমোদায় সংক্ষেপাদ গুহুতে ময়া॥ দীনে ময়ি ঘনখামে কুপামেতৎ কুক প্রভা! শ্রীপদ্ধতিপ্রদীপন্তদগ্রন্থো ভবত জীবনম ॥ এই ঘনখামদাসই ভক্তিরত্বাকর-প্রণেতা শ্রীনরহরি-চক্ৰবৰ্তী।

পভাযুক্তাবলী—বৰ্দ্ধমান জেলার সাতগেছে গ্রামের ছলাল তর্ক-বাগীশের কনিষ্ঠ ভ্রাতা গৌরীচরণ চৌধরীর পুত্র কাশীনাথ পাঁচ পরি-চ্ছেদে ১৭২৫ শকে এই ছন্দ:শাস্ত্র প্রণয়ন করেন-২৫ পত্রাত্মক পুঁথি, লিপিকাল ১৭৩৮ শক। দ্বিতীয় পরিচ্ছেদে পুষ্পিকা—

'চট্টো বৈকড়ি-বংশজোহবসতিকো নৈক্যাবিভাধরি:, শাকে পঞ্যুগারি-সিন্ধতনয়ে মাসে শুচো ভার্মবে। কাশীনাথ-ধরামরেণ রচিতা শ্রীপ্ত-মুক্তাবলী, তস্থা যুগাপরিচ্ছেদং গত-মিদং তেনৈব প্রে (বঙ্গে নব্যস্থায়চর্চা ২৩৭ পুঃ)

পজাবলি--প্রাচীন ও শ্রীরূপ-পাদের সমসাময়িক বল বল ভক্ত-কবিগণের লীলারসভক্তিময় পত্ত এই . (কোষকাব্যে) গ্রন্থে সংগৃহীত। গ্রন্থকারেরও প্রায় ৩৪/৩৫টি পগ্ স্মান্তত হইয়াছে। স্মপ্রসিদ্ধ অপ্রসিদ্ধ কবিগণের পদ্ম সংগ্ৰহ করিবার রীতি এদেশে বহু প্রাচীন-কাল হইতেই চলিয়া আসিতেছে। (১) স্থভাষিত-রত্নসন্দোহ (অমিত-গতিনামক জৈনসাধু-কর্তৃক ১১৬ শকান্ধা), (২) প্রসন্ন-সাহিত্য-রত্নাকর (নন্দন কবি-সঞ্চলিত দশম শকাৰণা), (৩) কবীন্দ্ৰবচন-সমূচ্চয় (একাদশ শকাস্বা), (৪) সম্বজ্জি-কণামৃত (শ্রীধরদাস সঙ্কলিত *, * ১১২৭ শাকে শ্রীধর দাস-কর্তৃক

সম্বলিত এই গ্ৰন্থে বহু পূৰ্বৰতী ও সম-দাম্রিক মহাজনের প্রাবলী সংগৃহীত হইয়াছে। প্রভাবমধ্যে পাঁচটি প্রবাহ (অধ্যায়) স্চিত হইয়াছে। (১) অমর, (২) শৃক্ষার, (২) চাটু, (৪) অপদেশ ও (৫) উচ্চাব্চ-এই পাঁচটি প্ৰবাহ বীচিরাপ অবাত্তর বিভাগে সংগ্রথিত। প্রতােক বীচিতে পাঁচটি করিয়া লোক সংগৃহীত হইয়ছে। বীচি-দংখা যথাক্রমে ১৭৯, ৫৪, ৭২ ও ৭৪ ৷ ইহাতে প্রায় ৪৯০ জন ক্ৰিব ১৮৯৪টি ক্ৰিডা উদ্ধৃত হুইয়াছে, ৪৭৬টি কবিভার রচয়িতার নাম অঞ্চাত। এই সংগ্রহকার বঙ্গীয় রাজা লক্ষ্মণ দেনের অমাত্য ও অন্তরক মিত্র ছিলেন বলিয়া জানা যায়।

আদর্শ যথা—(১) ইহ নিচুলনিকুঞে মধ্যমধ্যেহতা রন্তৰিজনমজনি শ্যা কতা বাল-প্রবালৈঃ। ইতি কথয়তি বৃন্দে যোষিতাং পাস্ত যুদ্মান, শ্মিত-শ্বলিত-রাধামাধবালোকি-তানি॥ ১।৫৫।১ --- জীরপদেবস্তা

(২) জয়গ্রীবিল্যান্তর্মহিত ইব মন্দার-কুফুমৈঃ, স্বয়ংসিন্দুরেণ দ্বিপ-রণমুদ্রণ-মুদ্রিত ইব। ভূজামর্দক্রীড়াহত-কুবলয়াপীড়-করিণঃ, প্রকীর্বাস্থগ্রিন্দুর্জয়তি ভুজদণ্ডো মুর জিতঃ॥ ১१६२।8 — शिक्स सम्बद्धाः

দ্বাদশ শকাব্দা) (৫) প্রভাষিতমৃক্তাবলী (জহলনকবি-কৃত ১১৭০
শকাব্দা); (৬) শার্ক্ ধর-পদ্ধতি
(১২৮৫ শকাব্দা) এবং (৭)
প্রভাষিতাবলী (কাশ্মীরক বল্লভদেবসঙ্কলিত ত্রয়োদশ শকাব্দা) প্রভৃতি
উল্লেখযোগ্য প্রভ্রমণ্ড গ্রন্থ। †

পত্যাবলীতে প্রায় >२६ छन বিভিন্নদেশীয় বিভিন্নকালীন বিভিন্ন-মতাবলম্বী কবিদের এক্তি লীলাদি-সম্বনীয় ৩৮৬টি পতা সমাসত হইয়াছে। গ্রন্থানি বৃহৎ না হইলেও কিন্তু ভক্তগণের ত্মথপাঠ্য, অতিপ্রিয় ও গ্রেমভক্তি-বিবর্দ্ধক কণ্ঠহার। শ্রীরাধাগোবিন্দের উপাসনা, বিভিন্নরসে শ্রীনন্দনন্দনের উপাসনা অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে এবং উহা যে সাধারণ (অপ্রসিদ্ধ) কবিগণেরও কাব্যের विषयवस हरेया विताख्यान हिल, তাহার প্রমাণ এই গ্রন্থেই আছে। শ্রীরূপপাদ স্বেচ্ছাক্রমে পত্তওলিকে শ্রেণাবদ্ধ করিয়া বিহান্ত করিয়াছেন। প্রীপাদ উপসংহারে জানাইয়াছেন যে তিনি জয়দেব বা বিল্বমঙ্গলাদির কবিতা সংগ্রহ করেন নাই, যেহেতু তাহা গ্রন্থাকারে প্রসিদ্ধই কিন্ত যে সকল কবি ও মহাজনগণের শ্লোক গ্রন্থাকারে লিপিবদ্ধ ছিলনা, অথচ ইতন্তত: বিক্ষিপ্ত বা শ্রুতিধর ভক্তগণের মুখে মুখে চলিয়া আসিতে-ছিল--সেই সকলই কেবল একত্র

† অন্তান্ত কোষকাব্য-সম্বন্ধে জিজ্ঞাদা থাকিলে 'বিভাকর-সহস্রকম্' - নামক এলাহাবাদ বিশ্ববিভালয় হইতে প্রকাশিত গ্রন্থের ভূমিকা জইব্য। স্মাবেশ করিয়াছেন। শ্রীরূপপাদ সকল পতে প্রেমভক্রিময় কাবারস স্বয়ং আস্বাদন কবিয়া গৌড়ীয়ভক্তগণকে উপহার দিয়াছেন। মাড়োর বীরচন্দ্র গোস্বামি-কৃত পত্যাবলী-টীকা বছরমপুর-সংস্করণে মুদ্রিত হইয়াছে। হরিবোলকুটীর গ্রন্থাগারে ইহার একটি প্রাচীন টীকা আছে—২৭ পত্ৰাত্মক, বিস্তৃত ও রসাল। ভক্তিরসামৃত ও উজ্জ্ল নীলমণি প্রভৃতি হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে। কাহার রচিত জানা নাই। ২ [A.S. B. 8360 H. P. S.] গ্রামানকপ্রভুর পরিবারে জনৈক দামোদরের শিশ্য এক টীকা ক্রিয়াছেন—তাহা ১৭২৩ শাকে রচিত হইয়াছে।

ইহার একটি পত্তান্ত্বাদ আছে,
তাহার নাম—'ভাষারত্বমালা'—
শ্রীমন্নিত্যানন্দ প্রস্থার অধস্তন
শ্রীমাধবানন্দেব শিষ্য-কর্তৃক স্থললিত
পয়ারাদি ছন্দে রচিত।
পরকীয়াত্বনিরূপণ ——— জন্মপুর
শ্রীগোবিন্দ-গ্রন্থাগার হইতে সংগৃহীত
একখানা ২৯ পত্রাত্মক পুঁথিতে

শ্রীগোবর্দ্ধন ভট্টজি মহাশয়ের গ্রন্থশালায় রক্ষিত (৩৫।১৪৭) ২২
পত্রাত্মক পুঁথিতে পরকীয়াত্মনিরূপণ
প্রসঙ্গে শ্রীচক্রবর্ত্তিপাদকৃত সংগ্রহ

পুরাণাশহরে

শ্রীবৃন্দাবনে

বিগুমান। তাহার আগোপাত্তের অবিকল প্রতিলিপি দিতেছি—

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ। শ্রীকৃষ্ণ-লীলাপাথোধি-নিমজ্জিতমনোদিপান্। বন্দে তদ্বিপরীতাংস্ক নৈব বিদস্ত

মে

यनः ॥ । श्रीयङ्गीवश्रम्बन्दः

रियतामात्रा निष्कः। नपूष-মত্রেত্যেত্ত (১১৫) † ব্যাখ্যান্তে খ্যাপিতঃ খলু॥২॥ म যথা— 'স্বেচ্ছয়া দিখিতং কিঞ্চিৎ কিঞ্চিদত্র পরেচ্ছয়া। যৎ পূর্বাপর-সম্বন্ধং তৎ-পূর্বমপরং পরমৃ' ইতি। রালৈগৈ-বাপিতাত্মান ইত্যত্র ব্যাখ্যয়া তথা। পত্নীভাবাভিমানাত্মেত্যক্রাপি (১৪। ৪৮) চ তথা তয়া। মহাভাবভা সম্ভাবা ভাবয়োৰ্হেভুযুক্তিতঃ ৭৮)। নিশ্চিতা লক্ষণে বিবৃত্যাভ্যাসতা মূহ:॥ রসম্ভ তু পরীপাকঃ পরমক্রমলীলয়া। ভবেদ ব্যাসগুকাদীনামত্ত্রবাবেশ - দর্শনাৎ। বিদুঝমাধবাদীনাং কর্ণাঞ্চাত্র নির্ভরং। বর্ণনে চিত্তসংরম্ভাতথাছো-পান্তমেব হি। অস্তা নিৰ্বহণা-দেবেত্যুজ্জ্মশু বিবেচনং। সমৃদ্ধিমত আখ্যানে সপ্তপত্রীলিপে: পরং (১৫। ২০৮ অহচেছেন)॥ স্বান্তস্ত সর্বসংরতঃ: দশিতো সর্বাত্তে যতঃ। অতঃ পরেচ্ছালিখনে বিচারঃ ক্রিয়তে যেন পূর্বাপরালোকে লোক্যতে ভদ্বিগীততা॥ অথ সোয়ং গ্রন্থকার বিকে৷ রসিক্মণ্ডলা-শ্রীকৃষ্ণচৈতগ্য-স্বয়ংভগবতা হুদি প্রবর্ত্তনাপরবশতয়া স্বত্মসুদ্বর্গ-বিশেষতোহৰ্বাচীন-হৃদয়;নন্দনায় **क** शब्जनानामनाशारम्देनव বাঙ্খন-সয়ো: কুতাথীভাৰভাৰনয়া চ পূৰ্ব-স্মিন্ গ্রন্থে সংক্ষেপতে। বণিতমপি <u> প্রীক্ষ</u>কৈকালম্বনত্তেনৈব শুক্ষাররসং বিবৃতবান্। তত্র তাবলায়কশিরো-

[†] গৌড়ীয় সংস্করণ উজ্জ্বলের প্রকরণ ও কারিকার সংখ্যা-দেয়াতক।

রত্বস্তা যথা কথঞ্চিৎ পরিশীলয়িতৃ-র্মনোনয়নাদেঃ সম্যক কর্ষকন্ত প্রীক্ষক্ত मुथानायकत्व शीरतानाज-शीतननिज-ধীরশান্ত-ধীরোদ্ধতি: সহ পূর্ণতম-পূর্ণতর - পূর্ণেস্ত্রিভিগুণিতৈ দাদশ-পত্যুপপতিভ্যাং গুণনে চতুবিংশতিঃ। পুনশ্চামুকূল-দক্ষিণ-শঠ - ধ্বব্রিশ্চভূজি-গুণনে যগ্গবতিঃ প্রভেদা নিক্সপিতা:। এইরূপে ৩৬০ প্রকার নায়িকা-নিরূপণান্তর পরোঢ়া-উপপতিভাবের (১১১৫) টিকামুসারে প্রায়শঃ বিচার করিয়াছেন। তৎপরে (গ্রন্থান্তে)— তক্ষাৎ পরম্ধীরেষু তাদৃশেষু অজৈরৈব স্বকীয়াপক্ষপাতীতি দোষ আসজাতে। ভক্তিসন্দর্ভে রাগামুগা-প্রকর্ণে (৩২১ অমুচ্ছেদে) ভগবৎ-সন্দর্ভে গ্রীক্লফ্রসন্দর্ভে (১৮৮—৮৯) গোপালচম্পুমধ্যে (২৩ পৃষ্ঠে) চ প্রকীয়াতেনৈব প্রকটাপ্রকটয়োরপি মুহুমু হু হৈ ত্বেব স্থান শ্চিতথাৎ। দন্তবক্রবধানন্তর-প্রসঙ্গে শ্রীদশমটিপ্পতাং (৭৮١১০) প্রকটা প্রকটয়োরৈক্যে-নৈব তুপ্রথিতত্বাচ্চ। অতএবোচ্ছল-নীলমণি-টীকায়াং লঘুত্বমত্র প্রোক্তমিত্যত্র যৎ স্বেচ্ছাগরেচ্ছালিখ-নয়োঃ পূর্বাপরসম্বন্ধাসম্বন্ধত্বে স্থাশয়ঃ প্রকটীকৃতঃ. সোহপ্যপলকণত্বে সর্বেধেৰ গ্রন্থের বোদ্ধব্যম্। অত: পূর্বাপরসম্বন্ধানি ব্যাখ্যানানি তদীয়-স্বেচ্ছাকৃতানি, অগ্রানি তু পরেচ্ছা-কৃতানীত্যবধেয়ম্। অসাভিস্ভয়থা নির্দোষতে এব প্রাচীন-সম্মততে চ গ্রহীতবাানীতাপি ধ্যেয়মিতি। তত্র পূৰ্বং লিখিতৈব। কারিকা **শ্রীগোপালচম্পূমমু** Б গ্রন্থাত্তে (পূর্ব ৩৩।৪•০) কারিকা—(যথা)

সর্বা হরেলীলা: ক্রমশঃ প্রায়: স্চিতা ময়া ৷ যথাস্থং লক্ক-ক্ষচিভিরামান্তন্তাং মহাত্মভিরিতি। উজ্জলব্যাখ্যানানি যথা—(১) রাগেণৈবার্পিতাত্মান ইত্যত্র (২।১১) —অন্তরক্ষেণ রাগেণৈবার্পিতাত্মানো, ন তু ৰহিরঙ্গেণ বিবাহ-প্রক্রিয়াত্মকেন ধর্মেণ। তদেবং মিথুনীভাবে তাসাং রীতিমুক্তা শ্রীকৃষ্ণস্থাপ্যাহ—ধর্মেণ বিবাহাত্মকেনৈবাস্বীকৃতা ,রাগেণ তু শীকুতা ইতার্থ ইতি। (২) রতি-প্রকরণে 'সাধারণী নিগদিতা गमञ्जगारमी गमर्था छ। कुखानियू মহিৰীযু চ গোকুলদেবীযু চ ক্ৰম:' (১৪|৪০) ইত্যত্ৰ—তথাহি সমৰ্থা থলু সৈব ভাৎ, যা লোকং ধর্মং চাতিক্রম্য পর্মকাষ্ঠামাপরা পৃষ্টি-মাথোতি। তছ্ত্তং পর্কীয়ালকণে 'রাগেণৈবাপিতাত্মানো লোক-যুগ্মানপেক্ষিণেতি। বক্ষ্যতে (১৪/৫৭) 'ইয়মেব রতি: প্রোচা মহাভাবদশাং ব্ৰেছেদিতি। যাক্সা রতিঃ সমঞ্চসাথ্যা. সা খল লোকধর্মাপেক্ষয়া তথোচ্যতে। অতএব নাতিসমর্থা, ততএব চ নিবারণাদিনাপি ভাবান্তিমাং সীমাং ন প্রপত্মত ইতি ভাব:॥ (৩) স্মঞ্জসা-লক্ষণে (১৪/৪৮) পত্নী-ভাবাভিমানাত্মা গুণাদি-শ্রবণাদিজা। কচিদ ভেদিতসভোগতৃফা সাক্রা সমঞ্জসা। পদ্দীভাবেতি—লোকধর্মা-পেক্ষিতা দশিতা। পত্নীভাবাভিমান এবাছোবালা যস্তা ইতি তদ্ভিমান-তিরস্কারে সমর্থারা ইব স্থিত্যভাবশ্চ ষ্যক্ত ইত্যাদি। গুণাদিশ্রবণাদিজা তৎপ্রান্বভূ তৈভ্যেবার্থ:। নতৃৎপত্ত-

মানেতি 'জনী প্রান্নর্ভাব' ইতি ধাতৃ-পাঠাদিতি। (৪) মহাভাবত্বং---(১৪।১৫৪) 'অমুরাগঃ স্বস্ংবেজদশাং প্রাপ্য প্রকাশিত:। যাবদাশ্রয়-বজিশ্চেদ ভাব ইতাভিধীয়তে।' এতদ্যাখ্যায়াং—''অয়ং ভাবঃ, 'রাগঃ খলু ছঃখনপ্যধিকং চিত্তে প্রখত্বেনৈব ব্যজাতে। যতন্ত্ৰ প্ৰণয়োৎকৰ্ষাৎ স রাগ ইতি কথ্যতে' ইত্যুক্তলক্ষণঃ। তুঃখন্ত চ পরাকাঠা কুলবধুনাং স্বয়মপি স্থমর্যাদানাং স্বজনার্যপথাভ্যাং ল্রংশ এব। নাগ্যাদির্ন চ মরণং। ততশ্চ তত্তৎকারিতয়া প্রতীতো২পি শ্রীকৃষ্ণসম্বন্ধঃ প্রথার কল্লতে চেত্তহেব রাগন্ত পরমেয়তা। ততক্চ তামা-শ্রিত্যৈর প্রবৃত্তোহমুরাগো ভাবায় কল্পতে: সা চারন্তত এব ব্রহ্মদেবীম্বের দুখতে, পট্টমহিষীযু তু সম্ভাবয়িতু-মপি ন শক্যতে; আরম্ভত এবেতি ব্যঞ্জরিতৃং নবরাগহিঙ্গুগভরৈরিত্যত্র নবশব্দো দাশুতে। তদেবমেতা এবোদিশু উদ্ধবঃ সচমৎকারমাহ— 'যা হুন্তাজং স্বজনমার্যপথঞ্চ হিত্বা' (১০।৪৭।৬১) ইতি। ঈদুশোক্ত্যা চ যত্মপি ভাসাং ভদ্যাগো ন ভবতি, তথাপি কৃত ইতি কুলাঙ্গনাত্বং প্রমম্যাদাত্বং চ দ্শিতং!' তত্মাৎ সমর্থাথোব রতির্ভুরাগদশামার্কা সজী মহাভাবদশামাপ্লোতীতো-তানি। অনেন 'মহাভাব-স্বরূপেয়ং' (৪)৬) ইতি গ্রন্থকতাং হার্দমেব স্থাদিং বিধায় ব্যাখ্যানাজ্ জ্ঞাপিতং। শ্রীরাধিকাত রসে আলম্বনরপা, সা চেদীদুশত্বেন নিশ্চিত্যোপান্তা ভাততে্ব রস: সালম্ব:, নোচেদা-नश्नरेवज्ञभगरिषञ्चामरश्चमाः मृत्ना९-

ভবিতুমইতি !

বচনেতি।

ব্ৰহ্মচৰ্য-

তদীয়

পরিহরেদিতি চ শাস্তাবগতত্বাদবাচ্য-

তথাচ শ্রেতিহর্থে ছুর্বলায়াঃ স্মতের্ন

নিয়মাভাবে৷ ব্রতত্ত্বেন বিবক্ষিতঃ,

প্রতিষেধশাস্ত্র-বিরোধশক্ষেতি

(তুলনীয়—বুহজোষণী

কৰ্ম ধৰ্মো

প্রতিস্পধিতেত্যাহ —

যথোকোপাসনাৰতো

89165,65)

খাত এব। কিঞ্চ গোগালচম্পুনধ্যে চ সর্বত্রৈব পরকীয়াত্বভৈব বর্ণনং : বিশেষতঃ বড়বিংশতিমে রাশ্যারভ্য ত্রিংশৎ-পুরণ-পর্যন্তম অশেষতয়া তভৈব শ্রীভাগবতরীত্যা বিস্তারতন্ত্রদেবাস্তীতি। বিশেষতঃ **সমন্ধিমতঃ** প্রঘট্রকে সপ্তপত্রীলিপেঃ শেষে তু (১৫/২০৮) অতীৰ স্থব্যক্ততয়া সর্বোপমর্দকঃ সমগ্রগ্রন্থ নির্গলিতার্থ: স্বাশয়সার: ক্বতোহস্তি। সিদ্ধলেখঃ যথা--'পরমরসপরীপাকস্ত ক্রমলীলায়া-ত্ৰুমতে. প্রীভাগবতাদি-মেব প্রকাশক-প্রাচীনভজানাং স্ব-নাম-স্বক্তগ্রন্থে প্রকীয়াত্তেনৈব সর্বং

মাধবাদি--প্রকাশক-তাদুশগ্রন্থকৃতাঞ্চা-তৈবাবেশ-দর্শনাৎ।' অত্তব গ্রন্থে অন্তা এব নির্বহণাদিতি। তত্মাদ যে রাগাহণীয়াহুগামিনো বুভূষন্তি, তৈরস্তরঙ্গব্যাখ্যাহুগতৈর্ভবিতব্যং। তৈ: সহৈবালাপঃ স্মুচিতো নোচে-দক্তৈরলং সংলাপেন। মাধবমহোৎ-দানকেলি-কৌমুগ্রন্থসারিণি উপক্রমোপসংহার-বণিতং। দিগদর্শনং যথা—(৪।৮৩) 'কাভিশ্চিৎ পটু জটিनाং বিক্ষয়মাণাং নর্দস্তীং দধিম্বত-কর্দমেরু রাধা। খঞাং সা মহসি নিশাম্য নম্বক্ত,1 স্থেরত্বং জনহস্বিস্থ্যাপ্ত नत्य॥ ইত্যান্তা বহব এব। তত্মাৎ সর্বথা তেষামাশয় এষ এব জ্ঞাতব্যো নান্তঃ কদাচিদ-পীত্যলং বিস্তরেণেতি দিক ॥ (গ্রন্থসংখ্যা --900) এম্বলে প্রসঙ্গক্রমে ঋর্থেদে ও উপনিষদে কিভাবে 'জার' প্রয়োগ হইয়াছে, তাহা দেখান

যাইতেছে। ধার্যেদ অষ্টক ১।১২।৬৬ হুক্তে জারঃ ক্লীনাং পতির্জনীনাম'। সায়ন-কনীলাং ক্যাকানাং জার: জর্মিতা. ঘতো বিবাহ-সময়ে অগ্রে লাজাদি-দ্রবাহোমে সতি তাসাং ক্সাত্বং

নিবর্ত্ততে। অতো জরশ্বিতেত্যুচ্যতে। তথা জনীনাং জায়ানাং কুতবিবাহানাং পতিঃ ভর্কা।

'দারজারৌ কর্তুরি ণি লুক চ' পাণিনি ৩।৩।২০.१ জরয়তীতি। খক ১)১৭।১১৭ হজে ১৮ 'জারঃ কনীন ইব'। যথা প্রাপ্তযৌবনঃ কামুকঃ জার: পারদারিক: সন্ পরস্তিরৈ দর্বং ধনং প্রয়ছতি এবম..... জার আ সপতীম ১৷২০৷১৩৪৷৩ পারদারিকঃ 'আ স্পতীম উপপত্যাগমন-ধ্যানেন ঈষৎ স্বপস্তীম' এইরূপ ৬।৫৫।৪,৫ জারঃ উপপতিঃ।

১৷৯৬৷২৩ প্রিয়াং ন জারো অভিগীত हेन्द्रः। २०१३७२१८ यद्या পতিভূঁ ছা জারো ভূছা নিপগতে। ছান্দোগ্যে ২।১৩।২ 'স য এবমেতদ্ বামদেব্যং'; শাঙ্করভাষ্যে—কাঞ্চিদপি স্তিরং স্বান্মতল্পপ্রাপ্তাং ন পরিহরেৎ সমাগমার্থিনীম্; বামদেব্য-

৯।৩৮।৪ গচ্ছন্ জারো ন যোষিতম্।

প্রামাণ্যাচ্চ ধর্মাবগতের্ন প্রতিষেধ-শাস্ত্রেণাম্ম বিরোধঃ। আনন্দগিরি— 'পরাঙ্গনাং নোপগচ্ছেৎ' ইতি স্বৃতি-বিরোধমাশস্থ্যাহ - বিধিনিবেধয়োঃ

প্রসিদ্ধেতি ভাবঃ। কিঞ্চ-শান্ত্র-

প্রামাণ্যাদত্র ধর্মোহবর্গমাতে,ন কাঞ্চন

শুমান্য-বিশেষ-বিষয়তেন

সামোপাসনাজত্বেন বিধানাং।

এতস্মাদগুত্র প্রতিষেধ-স্বৃতয়ঃ, বচন-

পরকীয়ারসম্থাপন-সিদ্ধান্ত-সংগ্রহঃ —-শ্রীমন্নরহরি সরকার ঠাকুরের শিষ্য শ্রীমদ গিরিধর দাস-কৃত এই গ্রন্থে শ্রীঞ্জীবচরণেরই 'লঘুত্বমত্র যৎ প্রোক্তং' ইত্যাদি (১١১৫) শোকটীকায় স্বেচ্ছাপরেচ্ছা-প্রণোদি-তত্বের নিদর্শন-পূর্বক গ্রন্থমধ্যেই পৌর্বাপর্য বিচার করত এবং প্রাসক্রমে অগ্রান্ত গ্রন্থ হইতেও শ্রীজীবপ্রভুর আশয় বিনিশ্চয় করিয়া পরকীয়াত্তেই প্রদর্শিত স্থারশ্র শ্ৰীখণ্ডে গ্রীপ্রীমদ হইয়াছে। রাখালানন্দ ঠাকুরের গ্রন্থাগারে এই গ্রন্থ বিরাজমান। ইনি যে প্রীসরকার ঠাকুরের শিষ্য তাহাও মঙ্গলাচরণ-মধ্যে সরিবিষ্ট আছে--যঃ শ্রীখণ্ডাচল ইব ভুবি ব্যাহ্বত: শ্ৰীলখণ্ড,-স্তত্তান্তে <u>জীনরহরিরিব</u> প্রেমদো যঃ স্বপাল্যে। যক্ত স্বাস্থে প্রীলচৈতমূচক্রঃ. বিলস্তি সদা সোহয়ং শ্রীমান্নরহরিরিছ প্রেমমৃতি-র্গতির্নঃ ॥ ১৩ ইহাতে চারিটা বিরচন আছে। প্রতি বিরচনের শেষে এই ভাবের উক্তি আছে—'ইতি শ্রীমন্নরহরি-

গদাধরগৌরাঙ্গ-চরণ- নথেন্দু - কিরণ-

কেনাপি

শুত্যমূভব-প্রসাদমানসেন

সম্প্রদায় বলিয়া গণিত ছিলেন।

তাঁহাদের আচারব্যবহার, রীতিনীতি,

ক্ষুদ্রতরেণ গিরিধরদাসেন লোচন-রোচনী - ছর্গমসঙ্গমনী - সন্দর্ভান্থ্যক্ত-বাক্যান্তাহত্য রসিকভক্ত-ক্ত জনানন্দ-সন্দোহদ - পর্কীয়া- স্থাপন-'সূত্ৰ-কথনং' নাম সিদ্ধান্তসংগ্ৰহে বিরচনম ॥ এইর্ন্নপে প্রথমং 'অসাম্যাতিশ্যুসাধন-সাধ্যুক্থনং' নাম দিতীয়ং বিরচনং, 'স্বজনার্য-পথত্যাগো বাস্তবত্বেন সংস্তৃত' ইতি পূর্বাপর-সম্বন্ধো নাম তৃতীয়ং . ইত্যাদি। পরমাত্ম-সন্দর্ভ — গ্রীজীবপ্রভু-রচিত ষ্ট্সন্দর্ভের তৃতীয়। ইহাতে আছে (১) প্রমাত্ম-স্থরূপ, তদ্ভেদ; (২) গুণাবতারের তারতম্য, প্রমপুরুষের শহিত বিষ্ণুর অভেদোক্তি, ব্রহ্মাদির সহিত অভেদবোধক বাক্যচয়ের সমাধান, শিবের প্রমদেবত্ব-খণ্ডন. পুরাণের সাত্ত্বিক. রাজসিক তামসিক ভেদ, পঞ্চরাত্র ব্যতীত দ্বিবিধ শাস্ত্রকর্তা, কিঞ্জি জ সর্বজ্ঞ: (৩) জীবতত্ত্ব, শ্রীজামাত-বচনোপদেশে জীবের দেবাদিত্ব, দেহাদিও, জড়ত্ব, বিকারিত্ব ও জ্ঞান-মাত্রাত্মকত্বাদি-নিরসন; জীব একরূপ, চেতন, ব্যাপক, চিদাননাত্মক, প্রতিক্ষেত্রভিন্ন, অণু, নিত্যনির্মল; জীবের জ্ঞাতৃত্ব, কর্ত্ত্ব ও ভোক্তব, পরমাত্ত্বৈকশেষত্ব, (জীবের অংশত্ব) জ্ঞানেচ্ছুর প্রতি জীব ও ঈশ্বরের অভেদোপদেশ, কিন্তু ভক্তীচ্চুকে ভেদোপদেশ; অনস্ত জীবশক্তি ইত্যাদি। (৪) মায়াতর-নিমিত্ত নিমিত্তাংশের ও উপাদান, ছই বুত্তি—বিভা ও অবিভা। শ্বরূপশক্তিবৃতিবিশেষ, বিচ্ঠাপ্রকাশে ছার: অবিজ্ঞা—আবরণাদ্ধিকা

বিক্ষেপাত্মিকা। নিমিতাংশের জ্ঞান, ও ক্রিয়ারপো শক্তিত্রয়। উপাদানাংশে প্রধান—জগৎ মায়ার कार्य, মায়াবাদ-নিরস্ন, পরিণামবাদ-স্থাপন, [পরিণামশক্তি দ্বিধা-নিমিতাংশে মায়া. উপাদানাংশে প্রধান], কার্য কার্ণ হইতে অনন্ত হইলেও কিন্তু কারণ কার্য হইতে ভিন্ন, জগৎ সত্য কিন্তু অনশ্বরাদ-নিরসন: **শ্রীধরস্বা**মির (৫) নিগুণ ঈশ্বরের কর্ত্বযোজনা; (৬) ভক্তবিনোদার্থই ভগবানের বিবিধ লীলা ও অব-তারাদি. (৭) ভগবৎপ্রাধাম্বস্থাপনে উপক্রমাদি বড়বিধ লিঙ্গ; গায়ত্রী-ব্যাখ্যা ইত্যাদি। পাঞ্বাত্র ও সাত্ত মত— 'সাত্বত'-সম্বন্ধে পদ্মপুরাণ উত্তর

খণ্ডে ৯৯তম অধ্যায়ে বর্ণিত আছে— সন্ত্রাশ্রয়ং সত্তগুণং সেবেত কেশবং। যোহনগ্ৰস্তেন মনসা সাত্ত্ৰতঃ ममूनाञ्चः॥ विश्वास काम्यक्यांनीन् ভজদেকাকিনং হরিং। সত্যং সন্ত্র-গুণোপেতো ভক্ত্যা তং সাত্ততং বিত্যঃ॥ মুকুন্দ-পাদদেবায়াং তল্পাম-শ্রবণেহপি চ। কীর্ত্তনে চ ভক্তো নামঃ ভাৎ শ্বরণে হরে:॥ বন্দনার্চনয়োর্ভক্তিরনিশং সখ্যয়োঃ। রতিরাত্মার্পণে যভা দুঢ়া-নন্তপ্ত সাত্তত: ॥ * এই সাত্বত-সম্প্রদায় বৈদিক

বৈষ্ণবগণের মধ্যে শ্রেষ্ঠ বৈষ্ণব
* সং + ৰতুপ সহং (সন্ধাৰ্জ্ঞ, সভ্যগুণবিশিষ্ট), এই ধর্মাবলন্বিগণই সাত্তত (সহং + ফ)—'বং সাত্তাং পুরুষরূপমূশ্নিড সন্তব্ধ (ভাগ ১২৮৮৪৬)। ও উপাসনাপদ্ধতি সর্বতোভাবে উত্তম,
নিষ্কাম ও ভগবদ্ধাবপূর্ণ ছিল।
কুর্মপুরাণ চতুর্থ অধ্যায়ে আদিদেব,
মহাদেব, প্রজাপতি ইত্যাদি নামের
ব্যুৎপত্তি প্রদর্শনপূর্বক জগৎ বিষ্ণুময়
বলিয়া উক্ত হইয়াছে। ঐ কুর্মপুরাণ
পাঠে জানা যায় যে যত্ত্বংশের সম্বত্ত
রাজা এই সাম্বত ধর্মের যথেষ্ট উন্নতি
সাধন করিয়াছিলেন। সম্বত অংশুর
পূত্র, সম্বতের পূত্র সাম্বত—ইনি
নারদের নিকট সাদ্ধত ধর্মের উপদেশ
পাইয়া নিরস্কর বাস্প্দেবার্চনায় রত
থাকিতেন।

অধাংশোঃ সন্তুতো নাম বিষ্ণুভক্তঃ
প্রতাপবান্। স নারদন্ত বচনাদ্
বাস্থদেবার্চনারিতঃ॥ তম্ম নামা তু
বিখ্যাতং সাত্বতং নাম শোভনং।
প্রবর্ততে মহাশাস্ত্রং কুণ্ডাদীনাং হিতাবহুম্॥ সাত্বতম্বস্থা পুরোহভূৎ
সর্বশাস্ত্র-বিশারদঃ। ইত্যাদি [কোর্মে
পূর্বভাগে যহ্বংশাছ্কীর্জনে]
এতদ্বারা জানা যায় যে নারদক্ত্বিক উপদিষ্ট এই সাত্বত্বর্ম অতি
প্রাচীন।

প্রাচান।
পাঞ্চরাত্র মতও অতিপ্রাচীন, নারদপঞ্চরাত্রে এই 'পঞ্চরাত্র' শব্দের
ব্যুৎপত্তি আছে—রাত্রঞ্চ জ্ঞানবচনং
জ্ঞানং পঞ্চবিধং শ্বতং। তেনেদং
পঞ্চরাত্রঞ্চ প্রবদন্তি মনীষিণঃ॥ (১)১)
বাস্থদেবাদি চতুর্গৃহ, প্রেম ও
ভক্তি—এই মতের প্রধান লক্ষ্য।
মহাভারতে মোক্ষধর্যে সাংখ্য, যোগ

ও পাশুপতাদির সহিত এই পঞ্চরাত্র

মতের উল্লেখ পাওয়া যায় (মোক্ষধর্ম

৩৪৯ অধ্যায়)। ইহাদের মতে সংসার-বন্ধন হইতে মুক্তিলাভের পঞ্চবিধ উপায় আছে—(>) কায়-মনোবাক্য সংযমপূর্বক দেবমন্দিরাভি-গমন, প্রাতঃস্তব ও প্রণিপাত পূর্বক (२) ভগবদারাধনা, পুষ্পচয়ন, পুষ্পাঞ্জলি-প্রদান, (৩) ভগবৎ-**শে**বা, (৪) ভাগবতশাস্ত্রের পাঠ, শ্রবণ ও মনন, (৫) সন্ধ্যা, পূজা, ্ধ্যান, ধারণা ও ভগবানে চিত্তসমর্পণ। इय़ नौर्यापि २७ थानि পঞ্চরাত্তের নাম-উল্লেখ আছে *। এই মতা-বলম্বী বৈষ্ণবগণ গীতা, ভাগবত ও শাণ্ডিল্যস্ত্রাদিকে নিজেদের ধর্মগ্রন্থ বলিয়া মনে করেন। †

ভায়মঞ্জরীর প্রামাণ্য-প্রকরণে জয়ন্ত ভট্ট পঞ্চরাত্রের প্রামাণ্য স্থাপন 'ঈশ্বর-কর্ত্ত কত্বস্ত করিয়াছেন। শ্বত্যন্ত্রমানান্তরসিদ্ধত্বাৎ তত্রাপি মৃলান্তরশু লোভমোহাদেঃ কল্পয়িতুম-শক্যত্বাং' ইত্যাদি বাক্যে তিনি পঞ্চরাত্রের ঈশ্বর-কন্ত্র কতাই নিরূপণ করিয়াছেন। ব্রাহ্ম, বৈষ্ণব, বাশিষ্ঠ, পারাশর, পারম, বৈশামিত্র, ভারদ্বাজ, আগন্ত্য, আহিবুর্গ্না, সাত্ত ও নারদীয় —এই পঞ্চরাত্রগুলিই অধুনা দৃষ্ট হয়। প্রথমতঃ ভারতের উত্তর-পশ্চিম-অঞ্চলই বৈফ্বগণের ধর্মপ্রচারভূমি ছিল। তৎপরে প্রচার-প্রসারক্রমে

এই ধর্ম দাক্ষিণাত্যদেশে বিস্তৃত হইয়াছিল। গোদাবরী, রুঞ্চা ও কাবেরীতটে, জাবিড়দেশে, রুতমালা ও তামপর্ণী নদীর তটে বৈশুবদিগের আবাসভূমি ছিল। (ভাগ ১১।৫। ৩৯—৪০ এবং ১০।৭৯।১৩—১৪ দ্রপ্তরা)। দাক্ষিণাত্য-শ্রমণকালে শ্রীমন্ মহাপ্রভুকত্ত্ব বক্ষসংহিতা ও কর্ণামৃত-প্রাপ্তি তৎপূর্বকাল হইতেই প্রদেশে বৈশ্ববধর্মের প্রচার-প্রসারই শ্ররণ করাইয়া দিতেছে। আলোম্যারের জীবনীও এই প্রসঙ্গে আলোচ্য ও চিস্তনীয়।

শঙ্করাচার্য বন্দ্রবের ২।২।৪৩— ৪৫ স্ত্রের ব্যাখানে পাঞ্চরাত্র ও ভাগবত মতের অবৈদিকত্ব সপ্রমাণ করিলেও রামানুজ শঙ্করমত খণ্ডন করিয়াছেন। শঙ্করাচার্যের বহুপূর্বেই গুহদেব, দ্রমিড়াচার্য প্রভৃতিও বৈষ্ণব-সিদ্ধান্তসমত ব্যাখ্যাই করিয়াছেন: স্থতরাং শঙ্করাচার্যের পূর্বহইতেই পাঞ্চরাত্রনামে বৈষ্ণবধর্ম প্রচলিত ছিল। এমন কি মহা-ভারতে পঞ্চরাত্রাগম ও সাত্ত-বিধানের উল্লেখ আছে। তবেই বলা যায় যে ব্রাহ্মণগ্রন্থ রচিত হওয়ার পূর্বকাল হইতেই এদেশে সাত্তধর্ম প্রচলিত ছিল। আচার-ব্যবহারে ও উপাসনা-প্রণালীতে পরিবর্জন-সংঘটনে, ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের স্ষ্টিতে, দেশকালপাত্র ও প্রণালী-ভেদে এবং বিভিন্ন আচার্যগণের অভ্যুত্থানে বিভিন্ন সিদ্ধান্তে সংস্থাপিত হইয়া বৈফবধর্ম বহুশাখাপ্রশাখায় বিভক্ত হইয়াছে। আবার ভিন্ন ভিন্ন প্রতিবাদের তর্কনিরসনের সঙ্গে সঙ্গেও বৈষ্ণবধর্মের ভিন্ন ভিন্ন সম্প্রদায় ও সিদ্ধান্ত প্রবর্ত্তিত হইয়াছে।

আনন্দগিরি-লিখিত শঙ্করদিগ্-বিজয়-গ্রন্থের ষষ্ঠ প্রকরণে দেখা যায় যে তৎকালে ছয় সম্প্রদায় বৈষ্ণব ছিলেন। 'ভক্তা ভাগবতাশ্চৈৰ বৈষ্ণবাঃ পাঞ্চরাতিণঃ। বৈখানসাঃ কৰ্মহীনাঃ বড় বিধা বৈষ্ণবা মতাঃ॥' শঙ্করের কতকাল পূর্বে এই স্ব বৈষ্ণব সম্প্রদায় বিভ্যান ছিলেন এবং তাঁহার তিরোধানের পরে কোন সম্প্রদায়ের কিরূপ পরিবর্তন পরি-বর্দ্ধন হইয়াছে—তাহার কোনও ইতিহাস নাই, মহাভারতের রচনা-কালের পূর্বেও যে এদেশে এক্রিফ ও বাস্থদেবের অর্চনা ছিল, তাহা মহাভারতপাঠে অনায়াসে যায়; কিন্তু শঙ্করদিগ্রিজয়ে বা শান্ধর-ভাষ্মে আমরা শ্ৰীকৃষ্ণ-উপাস্কের নাম দেখিনা। [Vide গ্রীগৌরাঙ্গদেবক (১৫/১) ১৫—৩১ প্র্ঠা] 'সাত্তত'-সম্প্রদায়ের প্রাচীন-উল্লেখ আছে—Tusam Rock Inscription (Corpus Inscription, Indic Vol. III. p. 270) এস্থলে 'আর্যসাত্তত যোগাচার্য' কথা আছে। রাজ্ঞী **নাগনিকা**র নানাঘাট লিপিতে (Arch. Surv. West India. Vol. V. p. 74) 'নমো সন্কর্ষণবাস্থ-দেবানং চৰুত্মভানমৃ পাঠ হইতে শ্রীকৃষ্ণপূজার প্রমাণ পাওয়া যায়। রাজপুতানায় কবিরাজ ভামল দাস ও Dr. Hoernle A. S. B.র proceedings (Vol. VI.p. 77)

^{*} Schrader প্রণীত 'Introduction to Pancharatra' গ্রন্থে অন্যূন ২৫৭ সংবাদ পঞ্চাতের উল্লেখ দৃষ্ট হয়। ইহাতে মধেষ্ট গ্রেবণাও আছে।

[†] পরমান্মদলর্ভে (১৭) এবং ভক্তি-দলর্ভে (২২৯) শ্রীন্সীবপ্রভু পঞ্চয়াক্তের প্রামাণ্য স্বীকার করিয়াছেন।

3658

প্রকাশিত আছে যে, ভগবানু সংকংসন, বাস্তদের ও বৈফাবমন্দির ইত্যাদির উল্লেখ মিলে। (Ghasundi Stone Inscription of King Sarvatata). বুদ্ধের সময় আজীবকগণ ছিলেন,অশোক ও তৎপুত্র দশর্থ তাঁহা দিগকে গুহা প্রদান করিয়াছিলেন। ইহারা তখনকার নারায়ণোপাসক বান্দা প্রাদী (Kern, Geschichte des Buddhismus Vol I. p. 17). জৈনগণ বাস্থানেৰ ও હળ শলাকাপুরুষের অন্তর্গত কবিয়া এবং বৌদ্ধগণ ঘটজাতকে বাস্থদেবের উল্লেখ করিয়া প্রকারান্তরে নিজেকে ভাগবতধর্মে প্রভাবান্থিত প্রমাণ করিয়াছে (Vide Early History of the Vaishnava Sect' pp 71-73 ffby H. C. Roy Choudhury). পাটনির্ণয়—শ্রীরামগোপালদাস-কত।

[পাটবাড়ী পুঁথি বি ২৯] ১২৫৩ সনের লিপি। ইহাতে দ্বাদশ পাটের বিবরণ দেওয়া হইয়াছে।

পাট-পর্যটন—অভিরামদাস - কত।
এই গ্রন্থে পঞ্চধাম, দ্বাদশ পাট ও
ভক্তগণের জনস্থানাদির বিবরণ এবং
'অভিরাম ঠাকুরের শাখা-নির্ণয়'
গ্রন্থে দ্বাদশ গোপালের অক্সতম
অভিরামঠাকুরের শিশ্বগণের নামাদি
বর্ণিত হইয়াছে। [সাহিত্য পরিষৎ
পত্রিকা ১৩১৮]

পা**ন্থদূত**—টিকুরী-নিবাসী ভোলানাথ-ক্বত ১০৫টি শাদুলিবিক্রীড়িত ছন্দে রচিত দূতকাব্য।

পাষগুদলন—গ্রীরামচন্ত্র (রামাই)-প্রণীত। বহুশাস্ত্রপুরাণ-প্রমাণে গ্রীকৃঞ্জের সর্বেশ্বরত্ব, তজনীয়ত্ব, হরির নিরস্তর স্বরণের বিধিত্ব, অহৈতুকী ভক্তিনিরপণ, শ্রীক্রফের দরালুতা, ভক্তি ও ভক্তন্মহিনা, সাধুদঙ্গ, অসৎসঙ্গতাগ, বৈষ্ণবপূজার সর্বশ্রেষ্ঠতা, গুরুপাদাশ্রয়, নামকীর্ত্তনমাহাত্ম্য ইত্যাদি বর্ণিত। আরও ছই খানা পাবগুদলন শ্রীক্ষণ্দাস ও দ্বিজ ছর্লভ দাস-বিরচিত বলিয়া উলিখিত হইয়াছে। [পাটবাড়ী পুঁথি (বি, ৮০ ক, খ) এইনামে আরো বহু পুঁথি পাওয়া

যাইতেছে। বুন্দাবন দাস (বঙ্গীর সাহিত্য পরিষদের পুঁথি ৩৬৬), গোপাল দাস (কলিকাতা বিশ্ব-বিদ্যালয় ১৯৬৫), বলরাম দাস (ঐ ১৪৯৭) প্রভৃতি রচনা করেন। ইহাতে সাধারণতঃ বৈক্ষবাচারপদ্ধতি ভজন-বিষয়ক প্রসঙ্গাদি লিপিবদ্দ হইরাছে। নিজোক্তির সমর্থনে আবার শাস্তাদির বচনও উদ্ধৃত হইরাছে।

পুরাণপরিভাষা—শ্রীগদাধর শর্মবিরচিত ১৭৭৪ শকে লিখিত ৪৪
পত্রাত্মক পুঁথি। শ্রীগোরাঙ্গ-গ্রন্থমন্দির (বরাহনগর) পুঁথি সংখ্যা
বি ৩৪। ইছাতে সাতটি আকাজ্জা
(অধ্যায়) আছে। প্রথম অধ্যায়ের

শ্রীকৃষ্ণাখ্যং প্রমপ্রুষং ব্রহ্মক্রদাদিবন্দ্যং, রাধাকান্তং লিশিতক্রচিরং
সচিদানন্দর্যপ্। ধ্যানাসাধ্যং
প্রমিতিমতিনা কেবলাভক্তি-ভাব্যং,
বিশ্বব্যাপ্যং ছ্রিতদ্মনং তং প্রেশং
ভজামি॥ ১॥ শ্রীকৃষ্ণচৈতন্ত্রপদং
বিশুদ্ধং, বৈষম্যভাবং ন ছি যত্র
সিদ্ধম্। নামামৃতং যেন স্থবেন লভ্যং,

বন্দে পরং বন্দ্যজ্ঞনেন বন্দ্যম্॥ ২॥ গোস্বামিনতমালোক্য তৎপাদৈর্ঘদ্-ব্যবস্থিতন্। অত্র তৎ সংগৃহীতঞ্চ পুরাণপরিভাষ্যা॥ ৩॥

প্রথম অধ্যায়ে পুরাণ-প্রামাণ্য স্থাপন করা হইয়াছে—ইহাতে হরি-ভক্তিবিলাসাদি বৈষ্ণব শাস্ত্ৰসমূহ হইতে বহু শ্লোকের উদ্ধার আছে। দিতীয়ে ও তৃতীয়ে জ্ঞানতত্ত্ব-নিরূপণ-প্রসঙ্গে প্রকৃতিতত্ত্ব ও পুরুষতত্ত্ব ম্ববিচারিত হইয়াছে: ত্রিবিধা-পরা (ক্ষেত্রজা), অপরা (অবিভা) এবং অভা (কর্ম বা বিক্ষেপিকা)। পুরুষতত্ত্বে—জীৰতত্ত্ব ও ঈশ্বরতত্ত্ব বিচারিত। চতুর্থ অধ্যায়ে --প্রমেশ্ব-তত্ত্বে ব্রহ্ম, প্রমাত্মা, ভগবান, নারায়ণ ও স্বয়ংভগবানের বিশেষভাবে আলোচিত হইয়াছে। পঞ্চম-পরমেশ্বর-বিষয়ক প্রত্যক্ষাত্মক জ্ঞান বা বিজ্ঞান-তত্ত্বের বিচার,ষষ্ঠে—ভক্তিতত্ত্বে সাধন-ভক্তি ও প্রেমভক্তির আলোচনা এবং সপ্তমে—মুক্তিতত্ত্বে ভগবৎসেবাত্মিকা ভক্তিই স্থাপিত হইয়াছে। প্রমেয়-রত্নাবলীর প্রমাণ উদ্ধৃত হওয়ায় এই গ্রন্থকার শ্রীবলদেব বিস্তাভ্রমণের পরবর্তীই হইবেন।

পরবর্তীই হইবেন।

পুরুষোত্তমদেব-নাটক—— শিথি

মাহিতীর ভগিনী মাধবী দেবী-কর্ছ্ক

সংস্কতে রচিত। অপ্রকাশিত। ইনি

জগন্ধাথদিনচর্যা?-নামে এক পুস্তক

রচনা করিয়াছিলেন বলিয়া জানা

যায় [গোড়ীয় বৈষ্ণব সাহিত্যে ২।৬৪
পৃষ্ঠায় দ্রইব্য]।

পূর্ণতমচল্রোদয়—শ্রীবৃন্দাবতী দাসী-বচিত। ইনি উৎকলীয় গৌডীয় বৈষ্ণব-মহিলা ছিলেন এবং শ্রীক্ষের গোপলীলার পূর্ণতমত্ব প্রকাশিত বলিয়া এই 'পূর্ণতমচন্দ্রোদয়' রচনা করেন। ভাষা—ওচু দেশীয়। শৃঙ্খলালক্ষারে প্রথম চক্রিকার রচনা—(১৬২১ শকাকা)।

করিতারণ বাণা যার যারজ-খেলে এ সংসার সার্স-করে যা নিহিত হিত যে করম্ভি সমস্ত মস্তকে নাচিলে নাগর নাগর অটস্তি গোপর পরম शुक्रव गानन ननाननान आपि कना॥ প্রতাপমার্ত্ত-(কালনির্ণয়-সংগ্রহ) উডিয়ার রাজা গজপতি প্রতাপরুদ্র-কর্ত্ত্রক আদিষ্ট শ্রীরামক্রফ্ব-পণ্ডিত এই স্থৃতিনিবন্ধের রচনা করেন। ইহাতে পাঁচটি প্রকাশ আছে— (>) উপোদ্ঘাত ও সময়-নিরূপণ ইত্যাদি পদার্থ-সংগ্রহ, (২) বৎসর ও বাসরাদি-নিরপণ, (৩) প্রতি-পদাদি তিথি-নির্ণয়. (৪) প্রাসন্ধিক প্রকীর্ণ নির্ণয় এবং (৫) বিষ্ণুভক্তি-নিৰ্ণয়। তৃতীয় প্ৰকাশেই প্ৰতি-পদাদি প্রতি তিথিতে অমুষ্ঠাতব্য ষাবতীয় ব্রতের বিধান হইয়াছে। চতুর্থে আমুষঙ্গিক পুত্রোৎপত্তি, শক্রনাশন, জ্যেষ্ঠা. আদিতা, ব্যতীপাত ইত্যাদি ব্রতের স্টুচনা করা হইয়াছে এবং পঞ্চমে শ্রবণ কীর্ত্তনাদি নববিধা ভক্তির যাজন-সম্পর্কে বিধি দেওয়া হইয়াছে। ৰে সমস্ত গ্ৰন্থের সাহায্যে এই নিবন্ধ রচিত হইয়াছে, তাহাও প্রথম

হেমাদ্রিক্বত - কল্পক্র-রত্নাকরমিতা-ক্ষরাঃ। মাধবীয়ানস্তভট্ট-নিবন্ধস্মৃতি-চক্রিকাঃ॥ স্মৃত্যর্থসারাপরার্ক-পারি-

প্রকাশে স্চিত হইয়াছে—

জাতাদিকাংস্থা। কালাদর্শং দেবদাস-পরিশিষ্টকম। ম্বাদি-নিবন্ধং নির্মিতান্ গ্রন্থান চ সর্বশ:। এতান্তারিবন্ধাংশ্চ দৃষ্ট্র মূলপুরা-তনান। শ্রীমৎপ্রতাপরুদ্রেণ কাল-নির্ণয়শংগ্রহ:। প্রোচ-প্রতাপমার্ভণ্ড-সংজ্ঞকোয়ং বিরচাতে ॥ পোটবাডী গ্রন্থ্য বিদর — পুঁথি সংখ্যা স্থ ১২০] প্রভা—গ্রীঞ্জীবপ্রভুর শিষ্য বদিয়া পরিচিত * শ্রীকৃষণাস অধিকারী **এ**জীবপাদের 'প্রীরাধাকুফার্চন-দীপিকা'-অবলম্বনে যে তাহারই একটা বিবৃতি করিয়াছেন, তাহার নামই 'প্রভা'। এই বিবৃতিকার কিন্তু প্রসিদ্ধ কবিরাজ গোস্বামী নহেন। সমগ্র গ্রন্থখানাকে নয়টি প্রকরণে বিভাগ করত প্রথম প্রকরণে— প্রজদেবীগণের পুজাত্ব-নিত্যতা; দিতীয়ে—পূজাবিধি (মন্ত্ৰাদি-সন্নিবেশ); তৃতীয়ে—ভজনীয়তত্ত্বমধ্যে স্বয়ং ভগবান্ শ্রীকুষ্ণের মুখ্যত্ত ; চতুর্থে — শ্রীক্রন্মিণীর স্বয়ংলক্ষ্মীত্ব; পঞ্চমে--ব্রজদেবীগণের ষষ্ঠে--ত্বরূপ : তাঁহাদের অবভার-সময়ে মায়িক পরোচাত্ব-ব্যবহার ; সপ্তমে — শ্রীরাধার সর্বশ্রেষ্ঠত্ব; অষ্টমে—তাঁহার মহাভাবত্ব

* সাধনদীপিকার নথম কক্ষার (২৬১
পৃঃ) ই হাকে খ্রীজীবের শিষ্য না হইলেও
শিষ্য বলিয়া আবোপিত করিবার হেতু
নির্দেশ করা হইলাছে। তাঁহার মতে
খ্রীজীবপাদ আবে। শিষ্য করেন নাই।

শাস্ত্রগণ এবং মহামুভব ভক্তগণের

বিনিশ্চয় হইয়াছে। শ্রীপাদ শ্রীজীবের

শৃশ্বতিক্রমে শ্রীরাধাক্তের

পদান্ধান্তুসরণে

নবমে—শ্রীমদভাগবতাদি

শ্ৰীকৃষ্ণদাসজি

বিস্তারিতভাবে এই গ্রন্থের সঙ্কন ্রিয়াছেন। এই গ্রন্থানার শেষে লিপিকাল-সম্বৎ ১৭১৪ বৈশাখ পুদী ১৩। ইহাতে জানা যায় বে ইহার রচনাকাল শ্রীজীবপাদের পরে এবং ১৫৬৯ শকান্ধার পূর্বেই হইবে। বরাহনগর পাটবাড়ীতে একথানা পুँथिও এই नाम्बर मुद्दे इस, এই গ্রন্থানাও শ্রীজীবেরই আমুগত্যে লিখিত অথচ তাহারই সংক্ষিপ্ত गःऋत्व विनामि हान । श्रीवृन्तावान কেশীঘাটের প্রত্নুদের मन्दित जे পুঁথিখানার নাম 'জীরাধাকুফার্চন-চন্দ্রিকা'। ইহার (রচনাকাল?) লিপিকাল-'অন্তিগ্লোমাতৃগণাথ্যে শাকে

'আন্ত্রোমাত্গণাথ্যে শাকে বৃন্দাবনান্তরে। রাধারুফার্চনা স্ক্রা দীপিকা লিখিতা মরা॥' অর্ধাৎ ১৬১৮ শাকে বৃন্দাবনে এই

পুন্দা রাধারফার্চনদীপিকা লিখিত হইল। প্রমেরব্রত্বাবলী —— শ্রীমদ্বলদেব-

রচিত এই প্রকরণ-গ্রন্থে শ্রীমন্মধ্বাচার্যকে গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের
অক্তম আচার্যরূপে সংস্থাপনপূর্বক
তদীয়মতে নয়টি প্রমেয় স্বীরুত ও
বিচারিত হইয়াছে। একএকটি
অধ্যায়ে একএকটি প্রমেয় লিপিবদ্ধ

(শ্রীক্রফের পরতমত্ব) শ্রীক্রফেই পারতম্য, যেহেতু তিনিই সর্বহেতু, বিভুঠৈতন্ত, সর্বজ্ঞ, আনন্দী, প্রভু,

প্রথম

প্রমেয়—

হইয়াছে।

ত্বৰ, জানদ, মোক্ষপ্ৰদ ও মাধুৰ্যপূৰ্ব।

ভগবানে বিভুত্বাদি ধর্মরপ ভেদভাণ 'বিশেষ'-বশতঃই হয়। ভগবান

নিতা লক্ষীকর্ত্তক দেবিত হন-পরা

শক্তিই লক্ষ্মী, অপরা ক্ষেত্রজ্ঞা ও তৃতীয়া শক্তি অবিছা, পরাশক্তিই বিষ্ণুর অভিনা এবং হলাদিনী, সন্ধিনী ও সম্বিৎ—এই তিনরূপে বিরাজিতা; বিষ্ণু ও লক্ষীর অবতারসমূহে তুল্য পুত্তি থাকিলেও গুণপ্রকটনের তারতম্যামুসারে অংশাংশিভাব স্বীকৃত হয়। শ্রীধামের নিত্যত্ব; স্বরূপ, পার্ষদ ও ধামের অনন্ততা-ৰশত: লীলাও নিত্য। দ্ধিতীয় প্রমের—(শ্রীহরির অখিলামায়বেত্তত্ব) বেদান্ত সাক্ষাৎ এবং তদত্য বেদসমূহ পরম্পরারূপে শ্রীহরির গান করে —কুত্রচিৎ যে তাঁহার বেদাবাচ্যত্ত বলা হইয়াছে, তাহাতে জানাভাবই ভোতনা করে, সর্বণা অবাচ্য হইলে তাঁহাকে জানিবার উদ্দেশ্যে বেদাধায়নারত্তই নির্থক। এই জ্ঞান স্বতঃসিদ্ধ ও 'ভক্তি'পদ্বাচ্য — छान পরিশুদ্ধ হইলে বিষয় ও নির্বিষয়াত্মক দ্বন্দ পরিহার করত ওগবান্কে লক্ষ্য করে. অফুশীলন করে, অতএব শ্রীহরিই অথিলবেদ-বেশ্ব। তৃতীয়ে—(বিশ্বস্তাত্ব) এই বিশ্ব সভ্য কিন্তু নশ্বর—যে যে স্থলে অসত্য বলিয়া উক্ত হইয়াছে, তত্তৎ-श्राम देवतागा-छे९भामनहे छेएमण । স্ষ্টির পূর্বে অসছক্তি কিন্তু বনে লীন পক্ষিবৎ তাঁহার ফুক্মভাবে অস্তিত্বেরই গ্ৰেগতনা করে। চতুর্থে—(ভেদসত্যত্ব) ঈশ্বরে এবং षीरि एंड कालिक नर्ह, वाखवर : মুগুকোপনিষদের (৩)১।৩) 'প্রম-শামা', কঠ উপ° (৪)১১৪) 'তাদুগেব' এবং গীতা (১৪া২) 'মম সাধর্য'-এই সকল বাক্যে মোক্ষেও

ভেদোক্তি-বশতঃ ভেদই ভাত্তিক। চিজ্জড়াত্মক প্রপঞ্চ ব্রহ্মাধীন বলিয়া বাগাদি **हे क्रि**स्युत 'প্ৰাণ'শব্দে উপচারবৎ ঐ প্রপঞ্চেও কখনও (সর্বং খলু ইদং ব্রহ্ম, তত্ত্মিস ইত্যাদি বাক্যে) ব্ৰহ্মশব্দে ব্রহ্মক্রপ বলা হয়। আবার কেছ কেছ বলেন যে জগতে ব্ৰশ্বই ব্যাপকভাবে বিভয়ান, কোনও জাগতিক বস্তুই ব্ৰহ্মশুগ্ৰ হইতে পারে না-এইজন্তই জগতেও আরোপ করা হয়। ব্রহ্মশব্দের প্রতিবিম্ববাদে প্রপঞ্চাত্মক বিশ্বে জীবকে ব্রন্ধের প্রতিবিশ্বই যদি ধরা বিভূত্ব ও যায়—তবে ব্ৰশ্বে নির্বিশেষত্বের হানি হয়, যেহেতু কোনও সীমাবদ্ধ ও রূপবান্ বস্তর্হ প্রতিবিম্ব পড়ে। পরিচ্ছেদবাদেও অপরিচ্ছিন্ন ব্রক্ষের পরিচ্ছেদ অসন্তাব্য, পরিচ্ছেদ বাস্তব হইলে টক্ষচ্চিন্নপাষাণখণ্ডবং ব্রন্ধেরও বিকারিত অবশ্রভাবী: ত্বতরাং এই দুই মতই অগ্রাহা। অদৈত-বাদে জীব ও ব্রহ্মের ভেদ কি অভেদ ? ভেদ-স্বীকারে দৈতাপত্তি, অভেদ-স্বীকারেও ব্দাস্মি, সর্বং খল্পিদং ব্রহ্ম, তত্ত্বমসি' ইত্যাদি শ্রুতিবাক্যে সিদ্ধসাধনতা-দোষ ঘটে *। আবার নির্গুণব্রন্ধে রূপাদির অভাবহেতু উহা প্রত্যক্ষ ও অমুমান প্রমাণের অগোচর, শক-

* যে তত্ত্ব ষয়ং বা অন্ত শ্রুতির অর্থে ই
কিন্ধ হইতেছে, তাহারই অন্তথা প্রতিপাদনের
চেষ্টাকে 'সিদ্ধসাধনতা' দোষ কহে। এইছলে
'ব্রহ্ম সর্বব্যাপক' 'ব্রহ্ম বিভূ' ইত্যাদি
বাকোই যথন অভেদ সিদ্ধ হইতেছে, তথন
আবার তৎপ্রতিপাদনে চেষ্টা কেন ং

প্রমাণও হইতে পারে না, যেহেতু তাহাতেও প্রবৃত্তিনিমিত্ত জাতি-গুণ-ক্রিয়া-নামাদির আবগুকতা আছে: ভাগলক্ষণাও হইতে পারে যেহেতু অভিধাবৃত্তির অগম্য বস্ততে —ব্রন্ধে লক্ষণার প্রবৃত্তিই হয় না; স্থতরাং অবৈতবাদ সর্বথাই অগ্রাহ্ম। পঞ্চমে—(ভগবদাসত্ব) জীব ভগ-বদাসই; ব্রহ্মা, ক্রুদি দেবতারাও শ্রীহরির আরাধনা করে, স্নতরাং ভগবংকৈম্বর্যই জীবের স্বরূপ । ষষ্ঠে—(জীবতারতম্য) অণুচৈতন্ত, সীমাবদ্ধজানবিশিষ্ট, কর্মকর্ত্তা ফলভোক্তা-হিসাবে সকল জীব সমান হইলেও কিন্তু কর্মতারতম্যে ঐহিক ও ভক্তিতারতম্যে পারত্রিক ফলতারতমা বশত: জীবগণের পার্থকা-স্বীকার করিতে হয়। সপ্রমে —(ক্বঞ্চপাদপদ্মলাভই মোক্ষ)— স্বয়ং প্রস্থু ক্রফের উপাসনাতেই নিত্য স্থপ্রাপ্তি হইতে পারে। অষ্ট্রমে—(অমল ক্বন্ধভজনেই মোক্ষ চয়) নিজাম ভক্তির যাজনেই যোক্ষণাত হয়, নবধা ভক্তি-শ্ৰবণ কীর্ত্তনাদি—সংসেবা ও গুরুসেবার আবশ্রকতা — তাপাদি-পঞ্চসংস্থারী. বৈধী ও রাগানুগা ভজনে অধিকারী জনই হরিসাক্ষাৎকার প্রাপ্ত হয়। नामा পরাধবর্জন - জ্ঞান বৈরাগ্যপূর্বক একান্তভক্তি হইলেই পুরুষার্থপ্রাপ্তি অবগ্রন্থাবী। নবমে—(প্রমাণ্ত্র) তিন প্রকার প্রমাণই গ্রাহ্য-প্রতাক্ষ. অমুমান ও শাক। ঐতিহ্ প্রমাণ প্রত্যক্ষের অন্তর্ভুত; প্রত্যক্ষ ও অমুমানের ব্যভিচারিত্ব দেখা যায় বলিয়া শাব্দ প্রমাণই সর্বপ্রমাণশ্রেষ্ঠ

প্রমের-রত্নাবলীর উপ্র শ্রীকৃষ্ণদেব বেদাস্তবাগীশ - (সার্বভৌম) - রুতা 'কান্তিমালা' দীকা আছে।

শ্রীমন্মহাপ্রভুর মত উক্ত নব প্রমেয়ের অমুগত; কিন্তু প্রথম, চতুর্থ, সপ্তম, অষ্টম ও নবম প্রমেয়ে শ্রীমন্ মহাপ্রভুর সিদ্ধান্তে কিঞ্চিৎ উৎকর্ষমূলক তারতম্য আছে। (১) শ্রীমধ্বমতে 'হরি'-শব্দে বৈকুষ্ঠাদি-ধামের নায়ককে বুঝাইতেছে, কিন্তু বীমন্মহাপ্রপুর মতে 'হরি' শব্দে ব্ৰজেন্ত্ৰনন্দ্ৰই বাচ্য। (৪) মধ্বমতে বিষ্ণু হইতে জীব সর্বধা ভিন্ন, কিন্তু এই মতে ঐ ভেদ বা অভেদ অচিস্তা। (৭) মধ্বমতে বিষ্ণুপাদপদ্মলাভ মোক্ষ হইলেও এই মতে প্রেমই পঞ্ম পুরুষার্থ বা মোক্ষ। (৮) মধ্বমতে ভক্তিই মোক্ষ-হেতু, এইমতে কিছ ব্রজবধু-গণ-কল্পিতা রম্যা উপাসনাই মোক্ষরপ প্রেমের হেতু। (৯) প্রত্যক্ষ, অনুমান ও শাক—মধ্বমতে এমাণরূপে গৃহীত হইলেও এইমতে কিন্তু শক্ত-প্রমাণ বেদ বা তৎস্বরূপ ভাগৰত পুরাণই প্রমাণ। এতদ্-ব্যতীত প্রমেয়চতুষ্ট্য় যথাযথভাবে করিয়াছেন। স্বীকার মহাপ্ৰভু 'আরাধ্যো ভগবান্ ব্রজেশতনয়স্ত-দ্ধাম বৃন্ধাবনং' ইত্যাদি প্ৰীচৈতগ্ৰমত-মঞ্বার বচনেও ৪র্থ প্রমেয় ব্যতীত, ১ম, ৭ম, ৮ম ও ৯ম প্রমের গোৎকর্ষ দ্বীকৃত হইয়াছে।

শ্রীমধ্বমতের অন্তর্গত অচিস্ত্য-ভেদাভেদবাদ কেন? তাহার কারণ-নির্দেশ—ভেদ বা অভেদ সাধন করিতে হইলে প্রত্যক্ষ,

অমুমান ও শাব প্রমাণই অবসম্বন করিতে হয়। (ক) প্রত্যক্ষপ্রমাণে প্রতিযোগী ও অমুযোগির প্রত্যক্ষত্ব (ভেদের অবধিকে প্রয়োজন: প্রতিযোগী এবং ভেদের আশ্রয়কে অনুযোগী বলে)। 'ঘট পট হইতে ভিন্ন'—এই বাক্যে পট প্রতিযোগী এবং ঘট অহুযোগী। ঘটপটের পরস্পর ভেদকে প্রত্যক্ষ করিতে ছ্ইলে, ঘটপট যে কি যস্ত তাহারও প্রত্যক্ষ হওয়া চাই। দৃশ্ব বস্তুতেই প্রত্যক্ষ প্রমাণ চলে, কিন্তু পরমাণু প্রভৃতি অচাক্ষ্য বস্তুতে প্রত্যক্ষের যোগ্যতা নাই; অতএব ঐ স্থলে ভেদজানও প্রাহত। (খ) ভেদ-জ্ঞানবিষয়ে অতুমানও স্ভবপর নহে, যেহেতু অমুমান প্রত্যক্ষমূলক; প্রত্যক্ষেরই যখন ব্যভিচারিতা দৃষ্ট হইল, তখন অমুমানও যে ঐ বিষয়ে অযোগ্য, তাহা বলাই বাহল্য। ভেদজ্ঞান শাৰুপ্ৰমাণেও জনাইতে পারে না, যেহেতু শব্দ সামান্তাকারে সঙ্কেতবিশিষ্ট সামান্তাকারেই অর্থেরও ভোতক হয়। 'মধুর' শব্দের উচ্চারণে ছগ্ধ, সন্দেশাদি যাবতীয় মধুরগুণযুক্ত বস্তর মাধুর্যগুণব্যাপ্য হইলেও বিশেষধর্মফুক্ত গাঢ় মধুর, পাতলা একটি বস্তু মধুর ইত্যাদি এক উপস্থিত হয় না। পদার্থ বহু বলিয়া যেমন কোনও বিশেষ পদার্থে শক্ষের সঙ্কেত নাই, তদ্ৰপ জীবও বহু বলিয়া কোনও বিশেষ জীবে শাক সঙ্কেত হয় না। জাতি, গুণ, দ্রব্য ও ক্রিয়াতেই শব্দের সঙ্কেত বলিয়া বিশেষজ্ঞগণের মত। পকান্তরে

ঘট না থাকিলে যেমন ঘটাভাব হয় না, 'আছে জ্ঞান' না হইলে যেমন 'নাই জ্ঞান' হয় না, তজ্ৰপ ভেদজ্ঞান ना हरेरल ७ व्यप्टित छोन हम ना ; কাজেই প্রমাণিত হইল যে অভেদ-স্বতোভাবে ভেদজানেরই অপেক্ষিত। অভেদের উপজীব্য ভেদজ্ঞানে যখন প্রমাণত্রয় নিরস্ত হইল, তথন অভেদ-সম্বন্ধেও সেই কথা। এইরূপে সমস্ত পদার্থগত গভীরতম তত্ত্বের প্রক্বত বিচার করিয়া দেখা যায় যে ওধু ভিন্নত্ব বা অভিন্নত্ব-পুরস্কারে বস্তুতত্ত্ব নিৰ্ণয় বস্তুর একটা ছঃশাধ্য; শক্তি-বিশেষও অনিবার্য কারণে স্বীকার করিতে হয়, তখন ঐ শক্তিকে স্বরূপ হইতে অভিন্ন বলিয়া চিন্তা করিতে না পারিয়া ভেদ এবং ভিন্ন বলিয়া বলিয়া অভেদণ্ড চিন্তনীয় নয় বিষয়ীভূত হইতেছে। প্রতীতির অতএব ঐ শক্তি ও শক্তিমানের ভেদাভেদ অবশ্ৰহ স্বীকাৰ্য এবং তাহা শ্রীমধ্বাচার্যের ত্ববাং ভেদবাদের অনুসরণে শ্রীমহাপ্রভুর ভেদাভেদ আসিল। মরণ থেমন জন্মাপেক্ষী. তেমনি অভেদও: ভেদাপেন্দী, অতএব শ্রীমধ্বমতের ভেদকে অপেকা করিয়াই অভেদ-আসিয়াছে। ্ অচিন্ত্য:-ভেদাভেদ-শীর্ষক প্রবন্ধ এই অভিধানে ১৬—১৯ পৃষ্ঠায় দ্রন্থব্য] প্রযুক্তাখ্যাতমঞ্জরী ——এএরিরপ-গোস্বামিপাদ-প্রণীত ক্রিয়াকোর। ভট্টমল্ল-বিরচিত আখ্যাতচন্ত্রিকার

শংক্ষিপ্ত সংস্করণ। গ্রন্থের নামেই

হচনা করিতেছে যে ইহাতে কেবল

শাহিত্যে প্রযুক্ত আখ্যাতসমূহেরই বিবৃতি দেওয়া হইয়াছে। পুস্তকটি তিন কাণ্ডে (অধ্যায়ে) ও প্রতি কাণ্ড কতিপয় বর্গে বিভক্ত। প্রথম কাণ্ডে-ভাব-বিকার-বর্গ. বদ্ধিবর্গ, অন্তঃকরণবৃত্তিবর্গ, ক্রিয়াবর্গ এবং ধ্বনিক্রিয়াবর্গ আছে। बिकीरय-मञ्चार्रिशेनर्ग, बन्नरहरी-वर्त कवित्रतिष्ठीवर्त, देवशातिष्ठीवर्ग এবং শুদ্রচেষ্টাবর্গ আছে। তৃতীয়ে - शकीर्वतर्भ, मनाष्ट्रिक, नानार्थवर्भ এবং অকর্মক ধাতৃনিরূপণ হইয়াছে। গ্রন্থারত্তে ভটুমলের নামটি সপৌরবে স্চিত হইয়াহে—

'ভট্টমলৈবিরচিতা যাদ্ভতাখ্যাত-চন্দ্রিকা। তত: সংগ্রুতে প্রায়: প্রযুক্তো ধাতুসঞ্চয়: ॥ > ॥ সতায়ামন্তি ভৰতি বিশ্বতে, চাপ জন্মনি। উৎপত্ততে জারতে চ সম্ভবত্যম্ভব-তাপি॥২॥ অস্তিমে-'মুদা যথার্থ-নামীয়ং কবিসারল-রঙ্গদা। সেবাতাং কোবিদগণৈ: প্রযুক্তাখ্যাতমঞ্জরী॥' প্রশ্নদূতিকা---শ্রীল জ্ঞানদাস-বিরচিত একজাতীয় পদাবলি। এভাবের পদর্বনা আজকাল বিরল-প্রচার। প্রার্থনা '-- ঠাকুর নরোত্তমের সাধারণ 'পয়ার' ও 'ত্রিপদী' ছম্পে যে সকল 'প্রার্থনা'-রচনা দেখা যায়, তাহারা আপাততঃ দষ্টিতে কবিত্বশক্তি-রহিত বলিয়া কাহারও মনে হইলেও কিন্তু অন্ত দৃষ্টিসম্পন্ন পাঠকের বা শ্রোতার श्वनत्य ভগবদ-ভজন-বিষয়ে যে এক অভিনৰ জাগরণ, উন্মাদনা, লাল্যা ও অভিলাষ জনায়—এ কথা অস্থীকার করিবার উপায় নাই। প্রার্থন-সমূহের অস্তস্থলে গৌড়ীয়-বৈঞ্চন-

ধর্মের ফুক্ম ফুক্ম তত্ত্ব বা তথ্য নিহিত ! আছে-ইহা সাধারণের ইলিয়গোচর না হইলেও কিন্তু তাহাদের মধ্যে যে সরলতা. স্বাভাবিকতা এবং ভগবদেকতানতা প্রভৃতি বিল্লমান আছে—তাহাতেই স্কল্কে মোহিত ছইতে হয়।

চিরশ্বা রামচন্ত্রের শ্রীবৃন্দাবনধাম-প্রাপ্তি হইলে ঠাকুর মহাশয় হইয়া 'প্রেমতলির' মহাব্যাকুল নিকটবর্ত্তী ভজনস্থলীতে একাকী অবস্থানপূর্বক শ্রীভগবানের ও তদীয় পার্ষদগণের তঃসহ আলায় দৰ্শক্ষান হইতেছেন—সেই সময়েই দৈন্ত, আবেগ ও মানসিক দারুণ ব্যাকুলতায় অধীর হইয়া তাঁহার হৃদয় ফাটিয়া বে প্রেমভক্তি-মন্দাকিনীর উচ্ছাস বাহির হইয়াছে —তাহা তাহাই আমাদের নিকট 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা' প্রভৃতির আকারে আত্মপ্রকাশ করিয়াছে। শীরুদাবনীয় গোস্বামি-গণের বিবিধ শাস্ত্রসমূত্র মন্থন করিয়া ঠাকুর মহাশয় আপামর সর্বসাধারণের জন্ম এই অমৃত পরিবেষণ করিয়াছেন —তাঁহার 'প্রার্থনা' সাধারণতঃ (১) मः श्रार्थनाञ्चिका. (२) चटेम छटना धिका. (৩) गांधकरमस्त्र नानगा-ऋिका. (৪) মনঃশিক্ষা, (২) বিলাপাত্মিকা. (৬) বৈষ্ণৰ-মহিমাপ্ৰকাশিকা, (৭) গ্রীগুরু বৈষ্ণবে বিজ্ঞপ্রিরূপা. (b) শ্ৰীধামবাসে লিন্সাত্মিকা. (2) শিদ্ধদেহের লালসাময়ী এবং (১০) আক্ষেপবোধিকা-ভেদে দশ প্রকার বলা যায়। প্রার্থনা - - গোপীকান্তদাস -রচিত

দ্বাদশ পদে পূর্ণ। আরম্ভ—কুপা কর মহাপ্রস্থ পতিতপাবন। হরিবোল বলিতে কবে ঝরিবে নয়ন॥ বাসনা মোর কবে যাবে দুরে । রাধারুফ বলে' ভাকিব ক্ৰে উচ্চৈঃস্বরে ॥ কবে যোৱ দেতের স্বভাব হবে ক্ষয় ! কৰে মোরে বৈঞ্চবের দয়া হবে দ্যাময়॥ কবে মুঞি জ্ঞানকর্মে হইব উদাস। প্রার্থনা করয়ে সদা গোপীকান্ত দাস।

প্রার্থনামত-তরকিণী — গোবর্দ্ধনের প্রথম সিদ্ধ রুঞ্চদাস বাবার সঙ্কলিত বিপুলায়তন প্রার্থনা-সংগ্রহ গ্রন্থ। ইহাতে ৩০ জন ভিন্ন ভিন্ন পদকর্তার ৩২৬টি পদ বমাত্ত হইয়াছে। ্ শ্রীক্ষদাস বাবাজি মহারাজ' দেখুন]।

বি-সা-সে

প্রিয়াজুকী বধাই--- শ্রীমাধুরীজি-কৃত গ্রীরাধারাণীর জন্মসূচক্ট্র भागवनी । আসাবরী রাগিণীতে গেয় পদ। প্রীতিসন্দর্ভ—বটুসন্দর্ভের বর্চ পর্যায়. পুরুষার্থ-নির্ণায়ক দর্শন। প্রিতি অমু-চ্ছেদের বিশ্লেষণ দেওয়া হইতেছে। ী

১। শ্রীভগবৎপ্রীতিরই পরম পুরুষার্থত্ব—আত্যস্তিক ত্বথ-প্রাপ্তি ও আত্যন্তিক দ্ব:খনিবৃত্তিই পুরুষ-প্রয়োজন। শান্তপ্রতিপাত্ত সদনন্ত-পর্মানন্দই পর্মতত্ত—জীব তদীয় হইয়াও তজ্জানসংস্গাভাবৰশতঃ তনায়া-পরাভূত। পরমতত্ত্-সাক্ষাৎ-কার-লক্ষণ তজ্জানই প্রমানন্দ-পরমানশপ্রাপ্তিই প্রাপ্তি: পুরুষার্থ—অজ্ঞান দুরীভূত হইলেই অজ্ঞানকার্য নিজ স্বরূপগত অজ্ঞানের নিবৃত্তি এবং তুঃখের অত্যস্ত

[শ্রীরূপণোস্বামিপাদের স্বহত্তে লিথিত 'প্রযুক্তাথ্যাত্মঞ্জরী'—১৬২৮ পূষা]

क्षित्र का तरम्बर्धात क्षेत्रमात्र क्ष्ममात्र का का ्रकाकार) - 2 (त्रकत्ताता व्यावता asangua a agampi এই সাবামা; কান্যেয়ে এই উল্লেখ্য কৰিছিল। কৰিছিল। কৰিছিল। কৰিছিল। সামুক্তি বিশ্ব কৰিছিল। কৰিছিল। কৰিছিল। কৰিছিল কি জমাত বেছিবদাধী সুপ্ৰতি প্ৰকাশ নামানী কৰিছিল। কৰিছিল। অসামাতি মাৰ্ক্ত নামাত লাগ্ন সাম্ভিল। তিনা কৰিছিল। বিশ্ব ক portura iscressifativa,

[শ্রীরূপগোস্থামিপাদের স্বহস্তে লিখিত 'সামাগুবিরূদাবলীলক্ষণ'—১৬২৮ পূষ্ঠা]

The second of the country of the second of t From the letter of the content of th TANK HOLDER

POUR THIS TAIN THE PARTY OF (creument)

অনন্ত-

সেই

নাই—

স্ভাবতঃই হয়—স্বন্ধ-সাক্ষাৎকার্হ মুক্তি-রশ্মিপরমাণুসমূহের পক্ষ সূর্যবং জীবের পক্ষে প্রমাত্মাই অংশীরূপ। প্রম অংশদারা অংশী প্রাপ্তি দিধা—(১) ত্রন্দ প্রাপ্তি— **শগুমুক্তিব**ারা ও ক্রমমুক্তিগারা ্রবং (২) ভগবংপ্রাপ্তি—জীবনুক্তি-মুক্তিশারা; ও উৎক্রান্ত পর্মতত্ত্ব ছুই প্রকারে আবিভূতি হয়—ব্ৰহ্মাথ্য অম্পষ্টবিশেষ প্রতত্ত্ত-শাক্ষাৎকারাপেক্ষা তগবৎপরমাত্মাদি বিশেষ সাক্ষাৎকারের উৎকর্ষতা এবং পরমত্ব—ছয় কারণে প্রীতিই পরমতম পুরুষ-প্রয়োজন এবং সর্বাদা অবেষিতব্য—(১) প্রমাত্ম-শব্দ দারা প্রীতিভক্ত্যাদিসংজ্ঞ প্রিয়ত্বলক্ষণ ধর্ম-বিশেষ গাক্ষাৎকারই বুঝায়—(২) ঐ প্রীতিদারাই আত্যন্তিক ছঃখ-নিবৃত্তি—(৩) গ্রীতিবিনা তৎস্বরূপের এবং ভদ্ধগাস্তরবুদের **সাক্ষাৎকা**র হয় না; (৪) যেখানে প্রীতি সেখানে অবশ্য সাক্ষাৎকার—(৫) যতটা প্রীতি ততটা ভগবদমুস্থতি—(৬) স্বরূপাদির শাক্ষাৎকারানুযায়ী প্রীতির আধিকা—'তত্ত্বসি' ইত্যাদি বাক্য 'তুমিই অমুক' ইতিবৎ তৎপ্রেমপরই জানিবে। প্রীতির জন্ম আত্মব্যয়াদি দেখা যায় বলিয়া সর্ব প্রাণীই প্রীতিতাৎপর্যক, অতএব লোক-ব্যবহারও প্রেম-পরই—শ্রীভগবানেই প্রীতির পর্যবসান—অতএব ভগবৎ-প্রীতিরই পরম পুরুষার্থত্ব। (২) কৈবল্য অর্থাৎ ভগবৎস্বভাব অমুভং করাইবার জন্মই শাস্ত্রসকল প্রবৃত্ত— (৩) উৎক্রান্তমুক্তি দিবিধ—(১) স্থ্য এবং (২) ক্রমরীতিবার।। (৩-৪)

প্রীতিসন্দর্ভ ব্রম-শাক্ষাৎকারলকণা জীবনুক্তি ও হেতু পরমাত্মা হয় না—শ্রীমদভাগ-অন্তিমা মুক্তি (ভাগ ১।৩।৩৪)। বতেও গোপদিগের ব্রহ্মসম্পত্যনস্তরই ৫। জীবতত্ত্ব-জীবাখ্য-সমষ্টি-বৈকুণ্ঠদর্শন হইয়াছিল। গুণুময় শক্তিবিশিষ্ট পরতত্ত্বের অংশই একজীব যজাদিতে অপূর্বই নিষ্পান্ত, অগুণময় ভক্তি নিপাত্ত নয়, স্থতরাং অপূর্ববং —তেজোমগুলের বহিশ্চর প্রমাণুর ভাষ প্রমচিদৈকর্স ভগ-পূজাদিময় ভক্তির নাশিত্ব নাই; অতএব ভগ্বংপ্রসাদ লাভ হইলৈ বানের বহিশ্চর চিৎপরমাণুই জীব-হরিচন্দনবিন্দুর ভায় সর্বদেহব্যাপিত্ব-স্বরূপশক্তির বুত্তি-বিশেষত্বছেতু ভক্তির স্বয়ং আবির্ভাব হয়, জন্ম গুণদারাই জীবের সর্বদেহব্যাপ্তিহেতু বেদ-প্রতিপাদিত—জীবের হয় না এবং তাহার স্বাবস্থাতেই কর্ত্তম্বভাদি ফলশ্রুতি আচে বলিয়া স্বরূপধর্ম আছে। পরমেশ্বরের আবির্ভাবত অনন্ত-স্কাম কর্মবৎ শক্তামুগ্রহদারাই স্বরূপধর্মসকল কার্য-নিষাম কর্মও মুক্তিশাধনভূত বলিয়া তাহার প্রমার্থত্ব নাই-কিন্তু ভগ-ক্ষম হয়-জীবের প্রকৃতি-বিকারময় কর্তৃত্বাদি তদীয় মায়াশক্তিময় অমু-বংপ্রেমবিলাসরূপবশতঃ সিদ্ধদেরও গ্রহ দারা হয়—অতএব তৎসম্বন-ভক্তির অত্যাগ শুনা যায় বলিয়া হেতু জীবের সংসার—কিন্তু স্বান্থভৰ, সাধনভূতত্ব থাকিলেও প্রমার্থত্ব ব্রহ্মামুভব ও ভগবদমুভবাদি তদীয় শুদ্ধজীবাত্মধ্যানেরও পরমার্থত্ব নাই, কারণ সর্বাত্মত্বহেতু স্কুপশক্তির অনুগ্রহে হয়, অতএব যাহাকে জানিলে সকল জানা হয়, অরূপশক্তির সম্বন্ধবশতঃ মায়ান্তধান হইলে জীবের সংসারনাশ; 'আমি শ্রুতিতে তাহারই প্রমার্থত্ব আছে. ত্মথ হইব' এরূপ ইচ্ছা কেহ করে কিন্তু একজীবের তদীয় জীবশক্তি-না—'কিন্তু আমি **তু**খ লক্ষণ অংশ পরমাণুত্ররপ-ক্ষুরণের করিব'—ইহাই ইচ্ছা করে, শ্রুতি-ভেদ থাকাতে পরমার্থত্ব জীবাত্ম-পরমাত্মার স্মৃতিতেও তদ্ধপ প্রেরণাই দেখা একত্র স্থিতি-পরমার্থত্ব নাই-কারণ যায়—যথা হৈতবোধক শ্রুতি জীব ভাবনারও জীবলক্ষণ অন্তদ্রব্য পর্মাত্মলক্ষণ আনন্দরস-স্বরূপকে লাভ অক্তব্যতা প্রাপ্ত হইতে পারে না— আনন্দী হয়।' 'আত্মরতি, আত্ম-ক্রীড়' ইত্যাদি শ্রুতিবাক্য—'ব্রেম্বর উপাধিভেদে পৃথকের মত বোধ হইলেও এক ব্যাপী অনাশী সাধ্য আনন্দ জানিয়া' ইত্যাদি 'ব্ৰহ্ম হইয়া ব্ৰহ্মকে পায়', 'ব্ৰহ্মকে জানিয়া সর্ববিজ্ঞানান্তর্ভাবযুক্ত তত্ত্বের পরমাত্ম-রূপে বিজ্ঞানই প্রমার্থ—উপাধিভেদ ব্ৰহ্ম হয়'। কোথাও একত্ববোধক শব্দবারাও দৈত বুঝায়। স্বান্দে-ও অংশভেদ থাকা সত্ত্বেও বেণুর্ন্ধ্র-বিভেদে অভেদব্যাপী বায়ুর ষড্জাদি-'জলে নিক্ষিপ্ত জলের স্থায় জীব পরমাত্মার সহিত তাদাত্ম্য প্রাপ্ত স্বরভেদবৎ সেই পর্মাত্মারও হইয়াও তাঁহার স্বাতন্ত্রাদিবিশেষণ দেবাদিদেহে অন্তর্যামিরূপে অবস্থান-

হেতু তাঁহার তত্তদাকার ভেদ তদীয় বহিরঙ্গ চিদংশজীবের কর্মপ্রবৃত্তিজাত; তাঁহার দেবাদিরপতা স্বলীলাম্যীই শ্রীভগবৎ-**—(%)** অ গ্ৰ সাক্ষাৎকারেরই মুক্তিত্ব নিরূপিত इंडेन।

ভগবৎসাক্ষাৎকার—দ্বিধি 91 —(ক) অন্তরাবির্ভাব—(খ) বহি-ভগবদভক্তিবিশেষদ্বারা যোগ্যতা আবিষ্কৃত ভগবদিছাময় তদীয়-স্বপ্রকাশতাশক্তি প্রকাশেই হইয়া শুদ্ধচিত্তত্বও থাকে: তাহাতে নি:শেষরাপে সিদ্ধ হয়-নি:শেষ শুদ্ধচিত্তত্ব সিদ্ধ হইলে পুরুষের ইন্দ্রিসকল তদীয় স্বপ্রকাশতা-শক্তিসহ তাদাত্মাপন্নতাহেতৃ তৎ-প্রকাশতাভিমানবান হয়, ইন্দ্রিয়-শুদ্ধাপেকাও তংশজি-প্রতি-ফলনার্থই জানিবে-ভগবদ্ধনপ্রাপ্ত মুচকুন্দাদিতে মুগয়া-পাপাদির অস্তিত্ব শীঘ্র ভগবৎপ্রাপ্তির উৎকণ্ঠাবৃদ্ধির জন্ম প্রেমবদ্ধিনী বিভীষিকা দারাই ক্বত হইয়াছে—ভগবানে প্লেহযুক্ত যুধিষ্ঠিরাদির নরকদর্শন ইন্তমায়াময় বলিয়াই ভারতে বণিত আছে, কিন্তু ভাগবতে তাহাদের অবাবহিত ভগবৎপ্রাপ্তিবর্ণনহেতু এবং নরক-দর্শনের অবর্ণনহেতু উহা অঙ্গীকৃত হয় নাই অবতরণ-সময়ে চিত্তদের ভগবদর্শন বা সাক্ষাৎকার **ত**দাভাসই জানিবে—অনবতার-ব্যাপী হইলেও তাঁহার দর্শনাভাবই অদর্শন, কিন্তু অবতার-সময়ে প্রমাননে ছঃখদছ, মনোরমে ভীষণত্ব, সর্বস্থহদে ছন্ত্র দিও ইত্যাদি

দৰ্শন—তদপ্ৰকাশে বা বিপরীত যোগমায়াপ্রকাশে হইলেও মূল কারণ তদ্ভক্তাপরাধাদিময় পুরুষ-িচিত্তের অস্বচ্ছতা যাহা তদানীস্তন তাঁহার সার্বত্রিক প্রকাশেও চিত্তে বজ্রলেপবৎ লাগিয়া থাকে; অতএব তৎগাক্ষাৎকারাভাদের মুক্তিদংজ্ঞা হয় না ; এই কারণেই শিশুপালের দ্বেষাদি-দোষাপগমে অন্তকালেই ভগবদ্ধপের নির্দোষ দর্শন হইয়াছিল—যাহারা সচ্চতিত এবং যাহাদের তদ-ভক্তাপরাধভিন্ন অন্তদোষদারা মলিন-. চিন্ত, তাহাদের ভগবদ্দর্শনদারা ক্লেশ নাশ হয়. কিন্তু ভক্তস্থানে ভগবচ্চরণে অপরাধিদের তাহাতে ক্লেশনাশোন্মুখতা হয়। অপ্রচ্ছচিত্ত-লোক দিবিধ—(১) ভগবদ্বহিমুখ —(ক) তদ্দর্শন লাভ করিয়াও বিষয়াভভিনিবেশবান্, (খ) তদৰজ্ঞাতা এবং (२) ভগবদ্বিদ্বেষী। শ্রীগোপদের বিষয়-সম্বন্ধ শ্রীকৃষ্ণ-সেবোপযোগার্থই, স্বার্থ নয়—কোথাও লীলাশক্তি স্বয়ং **७** ज्ञीनां पार्थ-(পां यत्न त्र ज्ञ निज-অমুকূল ও প্রতিকূল উপকরণেতে তাদশ শক্তিবিভাগ ক বিয়া গোপগণের সায় প্রিয়জন-দিগেরও বিষয়াবেশান্তাভাস সম্পাদন করে, যথা-পুতনাতে এবং যশোদা-প্রভৃতিতে। এই লীলাশক্তিপ্রভাবে লীলাপরিকরদিগেরও মায়াভিভবাভাগ দেখা যায়, যথা ব্রন্স-কর্তৃক গোবৎসহরণান্তে শ্রীবল-দেবের। তৎপ্রেমাদির অনাবরণ-হেতু ব্ৰজবাসিতে স্বল্প মায়াভিভবা-ভাদ—জয়বিজয়ের

দৈত্যজন্ম-

প্রেমাদির আবরণহেতু সম্যক্ষায়াভি-

ভব—জয়বিজয়ের ভগবদিচ্ছাতেই বৈরভাব-প্রাপ্তি হইয়াছিল, মুনিক্বত নয়; কিন্ত যে স্থেছান্য ভগবান ভক্তকে ত্রিবর্গ দিতে ইচ্ছা করেন না, সেই ভগবান যে ভজে বৈরভাব দিতে ইচ্ছা করেন, ইহা সম্ভবপর নহে: এবং ভক্তও নিজাপরাধভোগ হইতে শীঘ্র নিস্তার পাইবার জন্ম যে हेका कतिरव. हेशाउ শন্তাব্য নয়; কারণ, ভক্তিবিনা দালোক্যাদিকেও ভক্ত গ্রহণ করে না —ভক্তি-সহিত নরকও অঙ্গীকার করে —অতএব জয়বিজয়ের বৈরভাবের আভাসই হইয়াছিল, বাস্তব বৈরভাব হয় নাই, তাহারা সর্বভক্ত-স্থপদ ভগবদভিমত - যুদ্ধকৌতুক-সম্পাদনের জন্ম স্বাভাবিক অণিমাদিসিদ্ধিযুক্ত গুদ্দসত্তাত্মক নিজ বিগ্রহদারা বৈর-ভাবাত্মক মায়িক উপাধিতে প্রবেশ করিয়া এবং তাহাতেই বিলীন থাকিয়া স্বায়ী ভক্তিবাসনার প্রভাবে অনাবিষ্টক্লপেই বৰ্ত্তমান ছিল—তজ্জ্য বৈরভাবে স্মরণ ও তাহাতে বৈর-ভাবের নাশ—এই উভয়ই বাহা: এই অভিপ্রায়েই শ্রীবৈকুর্গনাথ তাহাদিগকে বলিয়াছিলেন—'ভয় করিও না, তোমাদের মঙ্গল হউক।' হিরণ্যাক্ষ-যুদ্ধেও ভগবান্ দেবতাদের ভয়-নিবৃতির জহুই প্রচণ্ড মহা ও অধিক্ষেপাদির অমুকরণমাত্র করিয়া-ছিলেন—শ্রীবলদেবের স্থমস্তকোপা-অর্জ্বনের মহাকাল-পুরোপাখ্যানে, নারদাদির মৌষলো-পাখ্যানাদিতে ক্রোধাখ্যাবেশও তদা-ভাসত্ব-লেশরূপেই সঙ্গত; শ্রীবল-দেবার্জ্জনের ভগবন্মতের অজ্ঞানতা

হেত এবং নারদাদির ভগবদভি-প্রায়ের জ্ঞানবশতঃই হইয়াছিল। ভগবদ্বিদেষী पिविंধ—(क) यादाता সৌন্দর্যাদি গ্রহণ করিয়াও তাহার মাধুর্যাদিতে অক্রচিবশতঃ গ্রহণ না করিয়া দ্বেষ করে—যথা কাল্যবনাদি। যাহারা বিক্বত ভাবেই দেখে এবং ছেষ করে--यथा मलापि। এই চারি প্রকার ভেদেই খণ্ডাশীর (পিতরোগগ্রন্তের মিছরিআস্বাদনে) ग्राम किस्तारे पृष्टी छ, रेशापत সকলেরই জিহ্বাদোষ-ব্যবধানে খণ্ড-গ্রহণবৎ তদগ্রহণাভাস: সচিদা-नक्त , পার মৈশ্বর্য ও পরম মাধুর্যাদি ভগ**বংস্বভাব জ্ঞানভক্তি ও শু**দ্ধপ্রীতির অভাবহেতু গ্রহণ করা যায় না বলিয়া তাহাদের ভগবংশ্বভাবের অনমুভব যুক্তই; তাহারা তখন ভগবৎস্বভাব অমুভব করিতে অক্ষ হইলেও কালান্তরে খণ্ডদেবনবৎ তাহারা নিস্তার পায়। স্বচ্চচিত্রদের ভগবং-মুক্তিগংজক—ব্রশ্ন-**শাক্ষাৎকারই** সান্দাৎকারাপেকা ভগবৎসাক্ষাৎ-কারের উৎকর্ষ—যথা চতুঃসনের বৈকুণ্ঠদর্শন-প্রস্তাবে, নারদব্যাস-गःवारम, ध्वव ७ श्रङ्गाम-मःवारम এবং সূতদ্বারা শুকপ্রণামে।

৮। ভগবানের বহিঃসাক্ষাৎকারের উৎকর্ষ—(৯) ভগবৎসাক্ষাৎকার-লক্ষণা মুক্তি দিবিধা—(ক)
জীবদবস্থা; (১০) (খ) উৎক্রান্তাব্যাধা,
অন্তিমা মুক্তি সালোক্যাদিভেদে
পঞ্চবিধা—তন্মধ্যে সালোক্য, সাষ্টি
এবং সারূপ্যমাত্রে প্রায় অন্তঃকরণসাক্ষাৎকার, সামীপ্যে প্রায় বহিঃসাক্ষাৎকার এবং সাযুদ্ধ্যে অন্তরে

হইলেও স্বয়ৃপ্তিবং; প্রকটন্ফ্র্তিলক্ষণ ভগবৎসাযুজ্য অনতিপ্রকটলক্ষণ ব্রহ্ম-**শাযুজ্য হইতে ভিন্ন—উৎক্রান্ত**-মুক্ত্যবস্থাতেও বিশেষ ক্ষুত্তি প্রতি-সম্মত-পঞ্চবিধা মুক্তিই গুণাতীতা —সালোক্যাদির অবিচ্যুতত্ব হইলেও প্রপঞ্চান্তর্গত তন্ত্ৰামকে অপেকা করিয়া কাদাচিৎক-তল্লীলা-কৌতুকাপেক্ষা-হেতুই আবুত্তি শ্রবণ করা যায়, কিন্তু পশ্চাৎ নিতা-শালোক্যাদিই হয়, তাহাদের সাধক-দশ্যতেই নৈগু ণ্যাবেশ উল্লে উৎক্রান্তমুক্ত্যবস্থাতে হইয়াছে. তাহাদের ভগবত্তনাত্ব উক্ত আছে। >>->२। পার্ষদদেহ অক্মারক, শুদ্ধ এবং নিত্য-(১৩) প্রাকৃতী মৃত্তিই কোথাও অচিন্ত্য ভগৎচ্ছত্তি দারা অপ্রাকৃত হয়, যথা গ্রুবের। সাষ্টি —যথা দেবছুতির। মুক্ত জীবের স্ষ্টিস্থিত্যাদি-সামর্থ্য হয় সমানৈশ্বৰ্য ভাক্তই, অতএব অণিমাদি প্রাপ্তিও অংশতঃই—ভগবৎপ্রসাদ-অবিনশ্ব--(১৪) সম্পত্তি সারপ্য-গজেন্দ্রের, (১৫) সামীপ্য সাযুজ্য-অঘা-—কর্দ্দমৠষির : স্থরাদির। সাযুজ্যে ভগবল্লকণানন্দ-নিমগ্ন-ক্ষুতিই প্রধান-জগদ ব্যাপারাদি-নিষেধ হেতৃ সাযুজ্য মুক্তিতেও তাহারা প্রীভগবান্কে শম্যক্রপে অমুভব করে না; কখনও শ্ৰীভগবান তাহাদিগকে ইচ্ছা পূৰ্বক বাহিরে নিম্বাসিত লীলার ଜ୍ଞ এবং পার্যদত্তে সংযোজন করেন যথা শিশুপাল এবং দন্ত-বক্রকে সালোক্যাদিতে অনবচ্ছিন্ন ভগবৎপ্রাপ্তিরূপ তৎসাক্ষাৎকার-

বিশেষত্ব-হেতু ব্রহ্মকৈবল্যাপেক্ষা
আধিক্য—ক্রমমুক্তিবৎ ক্রমভগবৎপ্রাপ্তিতে ব্রহ্মপ্রাপ্ত্যনন্তর কোথায়ও
ভগবৎপ্রাপ্তি শুনা যায়, যথা অজামিলের—অতএব স্মভগবৎ
প্রাপ্তিরই আধিক্য।

বহিঃসাক্ষাৎকারময়ত্ব-হেতু মধো সামীপোরই গালোক্যাদির**ু** আধিক্য—ভগবৎপ্রীতিরই সর্ব্বপ্রকার হইতে আধিক্য---যন্তপি গ্রীতিবিনা কোনও প্রকার মুক্তিই হয় না, তথাপি তাহাদের মধ্যে কাহারো নিজের ছঃখহানিতে এবং সামীপ্যাদি-লক্ষণ সম্পতিতেই তাৎপৰ্য, কিন্তু ভগবানে তাৎপর্ষ নয়, অতএব তাহাদের ভগবভাৎপর্যময়ী প্রীতির অপেকা ন্যুনতা। তাৎপর্য এই-কৈবল্য মোক হইতে একমাত্র শ্রেষ্ঠ যে ভগবৎপ্রীতিলক্ষণ অর্থ—তাহাই প্রয়োজন— ভগবদ্ভক্তপ্রসঙ্গদারা অহৈতৃকী ভক্তিযোগলকণ মোক্ষ হয়, অতএৰ ভক্তিযোগই কৈবল্য-সমত পথ বা ভগবংপ্রাপ্তাপার।

১৭। এভাগবত-প্রতিপাত দশ অর্থের মধ্যে মুক্তি-শব্দের প্রীভগবৎ-প্রীতিতেই এবং পোষণ বা অনুগ্রহের স্বপ্রীতিদানেই পরাকাঠা-প্রাপ্তি---(১৮) প্রীভাগবত-শ্রবের ফলরূপে ভগবৎপ্রীতিরই পরমপুরুষার্থতা নিণীত আছে—(১৯-৩১) চতুঃ-শ্লোকীতেও 'রহশ্র'-শব্দে প্রীতিই উক্ত হইয়াছে—প্রীতিদারা অপবর্গের তিরস্কৃতি দ্বিধা—(ক) তৎস্বরূপদ্বারা—মুক্ত্যাদি সম্পত্তি ভক্তিসম্পত্তির অমুচরী বলিয়া প্রীতি-তেই সর্বার্থের পরিসমাপ্তি,

(খ) তৎপরিকরদারা—(১) তদীয়-কার্যদারা, (২) তদীয় গুণকথামু-শীলন दाता. (७) छतीय-পानरमना দারা, (৪) তদাসক্তিদারা, (৫) তদীয়-পাদসেবাদি-প্রমোৎক্ষ্ঠান্বার্যু (৬) স্বাত্মার্পণকারী ভজনীয়-বিষয়কাভিলাষ্মারা, (৭) প্রগাঢ তৎপ্রপতিবারা, (৮) গুণগান্যারা, (৯) গুণশ্রবণদারা, (১০) তদীয়-নিজ্বেবকতা - প্রাপ্তি - কামনাম্বারা, (১১) লোকপালতা-মাত্র-লক্ষণ তৎসেবাভিমানদারা. (১২) প্রীতির কাৰণমধ্যে মহাভাগৰত-সঙ্গদারা। ৩২। অক্সান্ত শাস্ত্রে প্রীতিরই প্রয়োজনীয়ত্ব নির্ণীত আছে—প্রীতি, অধৈতবাদ-গুরুগণদারাও তাদুশ প্রয়োজনরূপেই সম্মতা। প্ৰীতি. পরমভগবদমুগ্রহপ্রাপ্যা--যখন ভক্তির স্বাভাবিক কারুণ্যগুণদারাই সর্ব-পুরুষার্থের তিরস্কার শুনা যায়, তথন ভগবৎপ্রীতিম্বারা তত্তৎপুরুষার্থ-তিরস্কার অভূত নহে—সর্বতত্তামূভবি-**শ্রীশুকদেবাদি**র পর্মার্থেকনিষ্ঠ প্রীতিতেই আগ্রহ-হেতু স্বাপবর্গ হইতে ভগবৎপ্রীতিরই উপাদেয়ত্ব আছে—(৩০) অগ্রাগ্ত বৈদিক সাধনেরও প্রীতিই মুখ্য ফল—(৩৪) ভগবংপ্রীতি অপেক্ষা অধিক আর কিছুই নাই, অতএব – (৩৫) শুদ্ধ প্রীতিমান্ই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ—(৩৬— ৩৭) শুদ্ধ প্রীতিমান ভক্তের সঙ্গই মঙ্গলপ্রদ—(৩৮) নিষ্কিঞ্চন প্রীতিমান ভক্ত-পাদ-রেণুদারাই প্রীতি ভক্তি জন্ম—(৩৯) ভগবান

নিজেও পবিত্র হইবার জন্ম প্রীতিমান

ভক্তদের অহুগমন করেন, অতএব

(৪০) প্রীতিরই পুরুষার্থত্ব সিদ্ধ হইল। 'স্বমনে অনবরত ভগবন্মহিমা-মুতানন্দের অনুভবদারা একান্তী পরম ভাগবত, দৃষ্ট ও শ্রুত বিষয়সমূহের ত্বখলেশাভাস ভুলিয়া যান। ৪:। শ্রীনারদবাক্য- 'শ্রীভগবৎ-পাদপদ্মের উপগৃহণ-স্মরণকারী রস্গ্রাহী জন পুনরায় কখনও তাহ' ছাড়িতে ইচ্ছা করেন না'—(৪২) শ্রীপুথুবাক্য—'মায়াত্যাগী ভগবৎপদানুশ্বরণ ভিন্ন অন্ত কোনও ফলাভিদন্ধি নাই।' (৪৩-৪৬) অতএব তম্বংভাক্তের তৎপ্রীতি-মনোরথই উপাদেয়, তদতা সকলই হেয় | (৪৭) অতএৰ ভক্তদের অন্থ ত্বখন্থা খৈনরপেক্ষ্যবারাই শুদ্ধত্ব সিদ্ধ হয়, শ্রীভগবান্ও তথাবিধ অমুকম্প্য-দের অন্ত ত্থ্যত্থাদি দূর করেন— (৪৮) শুদ্ধভক্তদের যদি কখনও অন্ত প্রার্থনা দেখা যায়, তবে ভাহা শ্রীভগবৎপ্রীতি - সেবোপযোগিরূপেই জানিবে, স্বার্থের জন্ম নহে; (৪৯– ৫০) শ্রীভগবৎপ্রীতিবিশেষাতিশয়বান ভক্তের তৎক্রতার্ভিভরদারা অতুপ্তি তৎসামীপ্য-প্রাপ্তির জন্ম পিতৃমাতৃ-বিদূরবদ্ধ-বালকবৎ *প্ৰীত্যেক*ত্বখী ভৎপ্রাপ্তি-বিঘাতক সংসারবন্ধন-ত্রোটনের জন্ম প্রার্থনা দেখা যায়। ৫১। অতএব শুদ্ধভক্তদের শীহ শ্রীকৃষ্ণপ্রাপ্তির প্রার্থনা প্রীতিবিলাসই। একান্তী—(১) অজাত ও জাত-প্রীতিভেদে দিবিধ। জাতপ্ৰীতি ত্তিবিং-(২) তদীয়ামুভবমাত্তনিষ্ঠ শান্তভক্তাদি. (৩) তদীয়দর্শন-

সেবনাদি - রসময়-পরিকরবিশেষাভি-

মানিগণ-(৩) স্বয়ং পরিকর বিশেষ সকল; প্রীত্যেকপুরুষার্থী ভাববিশেষ-বাঞ্চা করুন বা না নিজ নিজ ভক্তি-জাতির অন্বরূপ ভক্তি-পরিকর পদার্থসকল সংসার ধ্বংশ পূর্বক উদিত হয়ই, সেই পদার্থসকলের উদয়-সম্বন্ধে কথনও ব্যভিচার হয়না—অত এব 'তৎক্রতু'-(সংকল্প)-ক্সায়ে শুদ্ধভক্তদের অন্ত নাই। পরমপ্রেমবতী কাত্যায়নীপুজক গোপীদের ভাবময় শ্রীভগবদারাধনাত্মক সংকল্প স্বয়ংই আস্বাত্ত বলিয়া প্রম-ফল্রূপ, অক্সবৎ ফলান্তরাপেক বা ফলান্তর-প্রস্থানহে, কারণ শ্রীরক্ষভির অন্ত-বিষয়ে তাঁহাদের শান্তি ছিল-মথা 'ইতররাগ-বিস্মারণং' ; কিন্তু শ্রীকৃষ্ণ-বিষয়ে তাহাদের অশান্তিই ছিল-যথা 'স্থরতবর্দ্ধনং'। পট্রমহিষ্যাদির তদ্রপ যাদবাদির গতিও সঙ্গত—সেইরূপ পাগুবাদি তদীয় নিত্যগণবিশেষের ব্যাখ্যেয়া—শ্রীবিত্বরাদির যমলোকাদি-গতি লীলাশক্তি-কর্তৃক স্বস্থাধিকার-পালনের জন্ম ওতদংশ কায়ব্যহ-দারাই হইয়াছিল—(৫০) শ্রীপরীক্ষিতের গতি—অজামিলবং. প্রীক্ষিত্রেও গতি ক্রমভগবংপ্রাপ্তি-ত্রন্ধবৈবল্য-প্রাপ্ত্যনন্তর বীতিতে ভগৰ্পাপ্তি হইয়াছিল—(৫৪) শ্রীভীশ্বেরও ঐরপ প্রাপঞ্চিকাগোচর শ্রীক্ষেরই প্রকাশান্তরে প্রাপ্তি: (৫৫) শ্রীপৃথুরাজেরও শ্রীপরীক্ষিতবৎ শ্রীকৃষ্ণলোকপ্রাপ্তি। (68-64) শ্রীমদভাগবতের অস্তে ভক্তিনিষ্ঠারই

মাহাত্ম্য স্থচিত হইয়াছে

ভক্তদের অন্ত গতি চিন্তনীয়া নয়—
যথা ভরতের। (৫৯) প্রিবিফুপ্রাণাছাক্ত জ্ঞানিভরভের গতি
করভেদে জানিতে হইবে; অতএব
অন্ত মহাভক্তদেরও প্রীতি-নিরপেক্ষা
গতি হয় না, কিমৃত বিরুদ্ধা গতি ?
(৬০) প্রীত্যন্তক্লসম্পত্তি অপ্রার্থিতাই
হয়, কিন্তু প্রীতিমান্দের অন্তাপেক্ষা
বৈশিষ্ট্য এই যে প্রীভগবান্ দারা
প্রীতির দানে বা অদানে প্রীতির্র
উল্লাসই হয়—যথা প্রীদামবিপ্রের।

(৬১-৬৬) প্রীতির স্বরূপ লক্ষণ —অবিবেকীদের বিষয়-প্রীতি লক্ষণ-যুক্ত, ভক্তের ভগক্প্রীতিও সেই লক্ষণযুক্ত, কারণ—(৬১) প্রীতি অর্থ—প্রিয়তা অর্থাৎ বিষয়ের আফুকুল্যই যাহার জীবন, যন্ধারা বিষয়ের আমুকুল্য হয়, তদমুগতভাবে বিষয়-প্রাপ্তির ভন্ত যাহাতে স্পৃহা জাগে এবং সেই স্পৃহাজন্ত বিষয়ায়-ভবহেতু যে উল্লাসময় জ্ঞান-বিশেষ উদিত হয়—তাহাকে প্রিয়তা বলে। তদাহুকুদ্যাত্মকত্বহেতৃ পুত্রাদি-বিষয়-প্রীতি ভগবংপ্রীতির সহিত স্মান-লক্ষণ—কিন্তু পুৰ্বটী মায়াশক্তিবৃতিময়, স্বরূপশক্তিগৃতিময়-পর-উত্তরটী মেশ্বরনিষ্ঠত্বহেতু পিত্রাদিগুরুবিষয়ক প্রীতিবৎ ভক্তিশব্দে ভগবংপ্রীতিও বুঝায়, কিন্তু গ্রীতি অর্থ বুঝাইলে 'ভজ' ধাতু 'প্রী'ধাতুবৎ অকর্মক হয় —অতএব শ্রীভগবদিষয়ামুকুল্যাত্মক তদমুগতস্পৃহাদিময় জ্ঞানবিশেষই ভগবৎপ্রীতি. কিন্তু বিষয়-মাধুর্যামুভববৎ ভগবৎমাধুর্যামুভব ভিন্ন –'শ্রীবিষ্ণুতে তাহা হইতে মনের স্বাভাবিকী বৃত্তিই অনিমিতা ভাগবতী ভক্তি বা প্রীতি'; ঐ ভক্তিবৃত্তির গুণাতীতত্ব, মোক্ষাপেক্ষা
ঘনপরমানকত্ব, শ্রীভগবৎ-প্রসাদদ্বারা
মনে উদিতত্ব এবং সেখানেও
তত্তাদাত্মদ্বারা তত্বৃত্তিব্যপদেশ্রত্ব
দেখান হইল।

পরমানকৈকরূপ প্রীতি <u>শীভগবানেরও</u> আনন্দ-চমৎকারিতা সম্পাদন করে—(৬৩) শ্রীভগবদানন দ্বিবিধ—(১) স্বরূপানন্দ এবং (২) স্বরূপণজ্ঞানন। দ্বিতীয়টা আবার **বিপ্রকার, (ক) মান্সানন্দ ও (খ)** তদীয় মানসানন্দের ঐশ্বর্যাননা। মধ্যেও আবার ভক্তিরই সাম্রাজ্য: স্থ্যমপানন্দ এবং ঐশ্বর্থানন্দের মধ্যেও ভক্তিই শ্রেষ্ঠ ; (৬৪) যথা উদ্ধব প্রতি শ্ৰীকৃষ্ণ—'ভক্তে আত্মা এবং শ্ৰীঅপেকা প্রিয়।' (৬৫) যথা শ্রুতি – 'ভক্তিই পুরুষের দিকে লইয়া যায়, ভক্তিই তাঁহাকে দর্শন করায়, পুরুষ ভক্তির বশ,' অভএব ভক্তিই শ্রেষ্ঠ—যে ভক্তি ভগবান্কে স্থানন্দ দ্বারা মত করে, তাহার লক্ষণ কিং শ্রীভগবানের স্বতস্থতাহেতু এবং মায়ায় অনভি-ভাব্যতাহেতু এই ভক্তি সাংখ্যবাদি-দের মত প্রাকৃত সত্তময় মায়িকানন-রূপ নহে কিম্বা অতিশয়াহুপপ্তিহেত নির্ব্বিশেষবাদিদের মত স্বরূপানন্দ্রপা নয় কিমা অত্যন্ত-কুদ্রত্বহেতু জীবের অন্ত স্বরূপানন্দ-রূপাও নয়, কিন্তু যে ভক্তি স্থানন্দ্রারা ভগবানকেও মত্ত করে, সেই ভক্তি হলাদিভাখা তদীয় স্বরূপশক্ত্যানন্দ-রূপা, যাহা দারা ভগবান স্বরূপানন্দ-বিশেষকে অন্ধুভব করেন এবং যাহা হারা অন্তকেও সেই সেই আনন্দ

অমুভব করান, সেই প্রীতিভক্তি নিত্য ভক্তবুনে বর্ত্তমান থাকে, তাহা অমুভব করিয়া ভগবানও ভক্তের প্রতি অত্যন্ত প্রীত হন, ভগবান ও ভক্ত পরস্পরে আবিষ্ট থাকেন এবং অত্যন্ত আবেশ বশতঃ একতাপত্তি-হেতু জ্বালোহাদিতে অগ্নিব্যপদেশবৎ এখানেও অভেদ নির্দেশ হয়—(৬৬) শ্রীভগবান ও ভক্তের বশব্তিত্ব—'সচিদানলৈকর্স - ভক্তি-যোগে বিজ্ঞান-ঘন আনন্দ-ঘন থাকে।' ৬৭-৬৯। প্রীতির তটস্থ লক্ষণ —স্মরণাদি সাধনভক্তিদারা প্রেম-ভক্তি জন্মে এবং 'চিতন্ত্রবতা, রোমহর্ষ এবং আনন্দাশ্রপাত বিনা আশয়-ভদ্ধি হয় না.' অতএব চিত্তদ্ৰবই প্রীতির লক্ষণ: রোমহর্ষাদি চিত্তদ্রব হইতেই হয়—কতক পরিমাণে চিত্তদ্ৰৰ কিম্বা রোমহর্ষাদি জন্মিলেও আশয়শুদ্ধি না হইলে. আবিৰ্ভাব হয় সমাক নাই বলিয়া জানিবে—অন্তভাৎপর্য পরিত্যাগপূর্বক প্রীতিতৎপর হওয়াই আশয়ভদ্ধি, অতএব 'অনিমিতা' এবং দ্বইটী ভক্তির 'স্বাভাবিকী' এই প্রভিগবল্লিঙ্গদর্শনাদিদ্বারা ভক্তের প্রেমাবেশ স্বাভাবিক—(৭০) লৌকিক শুদ্ধ প্রীতিদর্শনদারাও প্রীকৃষ্ণ স্বপ্রীতির বৈশিষ্ট্য করিয়াছেন,—(৭১) শ্রীকৃষ্ণ স্বভজের ঔদাসীন্ত দ্বারা ভজের প্রেমাতিশয়ের বৃদ্ধিই করেন, যথা শ্ৰীকৃষ্ণবাক্য—(৭২) ব্ৰহ্ণদেবীপ্ৰতি সেই শুদ্ধা প্রীতি শ্রীবতাম্বরের ছিল. যথা— তৎপ্রার্থনা 'হে **অ**র্রিকাক। আমার মন অজাতপক পক্ষির মাতৃদর্শনবৎ, কুধার্ত্ত গোবৎসের স্তম্মপানেচ্ছাবৎ এবং বিদুরপ্রোষিত প্রিয়ের অন্তোপজীবী অত্যুৎক্ষিতা প্রিয়াবৎ তোমাকে দেখিতে ইচ্ছা করিতেছে !—(৭৩) তন্মাধুর্যতাৎপর্য-দারাই প্রীতিত্ব সিদ্ধ হওয়াতে. থাকিলে প্রীতির তাংপর্যান্তরাদি অগমাক আবিৰ্ভাব হয়, ইহাই সিদ্ধ হইন। গ্রীতির অসম্যক আবির্ভাব দ্বিবিধ—(১) তদাভাসের উদয় ও (২) দিবত্বগম—(ক) কখনও বা উদ্ভবশীল প্রীতির ছবিমাত্র—(৩) (খ) প্রীতির উদয়াবস্থা, তথন অক্সাসক্তির গৌণতঃ বিবিধ নষ্টপ্রায়ত্ব—(৪) (অ) আভাসমাত্রত্ব প্রথমোদয়াবস্থা পর্যস্তই অসম্যগাবিভাব (৫) (আ) যেখানে অন্তাসক্তি নাই সেইখানে দণিত-প্রভাবনাম। আবির্ভাব। প্রীতির আবির্ভাবানুযায়ী ভক্তও ত্রিবিধ— (ক) জীবন্মুক্ত [প্রীতির প্রকটোদয়া-বস্থার আরম্ভ হইতেই] (খ) প্রমমুক্ত [ভগবৎপার্ষদতা প্রাপ্ত হইলে](গ) নিত্যমুক্ত—নিত্যপার্ষদসকল। (১) প্রীত্যাভাগ—যথা কপিলদেব-বাক্য —যোগমিশ্রা ভক্তিতে যো**গাঙ্গ**রূপে ভক্তি অমুষ্ঠিতা হওয়াতে কৈবল্যেচ্ছা-কৈতবদোষছেত প্রীত্যাভাগ— 'চিত্তবড়িশ' শক্দারা কাঠিছ. অর্গচিত্ত, কোটিল্য, দান্তিকত্ব এবং স্বার্থমাত্র-সাধনত্ব প্রকাশ পাইল। শুদ্ধভক্ত কথনও খ্যেয়কে ঐরূপভাবে ত্যাগ করেন না, শ্রীভগবান্ও কখন স্বভক্ত হৃদয় ত্যাগ করেন বুত্রাখাশক্রনাশ এবং স্বারাজ্যপ্রাপ্তি-তাৎপর্যবান দেবতাদের ভক্ত্যাভাসই হইয়াছিল।

৭৪। (২) কখনও উদয়শীল ছবিমাত্র—যথা প্রীক্ষিত প্ৰীতিৱ শ্রীশুকবাক্য--'হরিগুণরাগী হইয়া একবারমাত্র মন শ্রীক্লঞ্জের চরণে নিবেশ করিলেও তাহারা যম বা যমাদৃতদিগকে স্বপ্নেও দেখে না'। ভক্তিভাৎপর্যাভাব হেতু মাত্র' বলা হইয়াছে, তথাপি তাহারা অজামিলাদি হইতে বিশিষ্ট। (१৫) প্রথমোদয়াবস্থা——ভাগবত পরমহংমদের, যথা শ্রীস্থত-বাক্য-'শ্রীভগবদগুণাদিতে অমুরক্ত ধীর হঠাৎ লোকেরা দেহাদিতে অত্যস্তাশক্তিত্যাগ ক বিয়া পারমহংস্থাশ্রম গ্রহণ করেন, যে আশ্রমের অহিংসা এবং উপশম্ই (৭৬) [8] প্রকটো-দয়াবন্থা--- 'শ্রীভগবানে বন্ধসোহন ভাগৰত-প্রমহংস্দিগের ও বিপদে বিকার না': হয় গ্রীঅগস্থোর নিজাব্যাননা ছারা ইত্রত্তামপ্রতি কোপ হয় নাই; কিছ বৈঞ্চবোচিত মহদাদরচ্যাত্যাগ করাতেই শিক্ষার জন্ম ঐরূপ কোপ জানিতে হইবে—যথা শ্রীনলকুবর ও মণিগ্রীবকে অমুগ্রহ করিবার জন্মই নারদের শাপ--শ্রীক্লফের পরীক্ষিতকে স্বপার্শ্বে নয়নেজ্বাতেই পরীক্ষিতের ব্রাহ্মণাব্যাননা দ্বিজশাপ এবং হইয়াট্টিল-অতএব শ্রীপ্রয়রতেরও অভিনিবেশাদিতে আসঙ্গাভাসত্ই ছিল, কারণ শেষে তিনি নিজ নির্কেদ্বারাই তাহা দেখাইয়াছেন। (৭৭) প্রকটোদয়াবস্থার চিহ্নান্তর শ্ৰীপ্ৰহলাদে—(৭৮) [৫] দৰ্শিত-প্রভাব তদাবির্ভাব শ্রীশুকদেবাদিতে

দ্রষ্টব্য—এই প্রীতিভক্তিই প্রীগীতার ১০ম অধ্যায়ে স্বরূপদারা এবং গুণদারা কথিত হইয়াছে।

শ্রীভগবৎ-প্রীতিলক্ষণ বাক্যের নিম্বর্ধ-শ্রভগবান নিখিল-প্রমানন্দ্ চক্রিকাচন্ত্রমা, তিনি স্কলভূবন-সোভাগ্য-সারসর্বস্থ সত্তথেণাপ্রতীব্য অনস্তবিলাসময় মায়াতীত পত্তের অনবরত উল্লাসহেত্র অসমোর্দ্ধ মধুর ; তাঁহাতে কোন প্রকারে চিত্তের প্রবেশহেত বিধিনিরপেক্ষা প্রীতি জন্মে; ঐ ভাগবতী প্রীতি স্বর্গবশত: উল্লাসযুক্তা, স্ম্যুক অন্তবিষয়দারাঅনবচ্ছেত্যা,তাৎপর্যান্তর-অসহমানা, হলাদিনীসারবৃত্তি-বিশেষ-অরপা, ভগবদামুকুল্যাত্মক তদমু-গত-তৎস্পৃহাদিময়-জ্ঞানবিশেষাকারা তাদুশভক্তমনোবৃত্তিবিশেষদেহবিশিষ্ঠা, পীযুষপুরাপেক্ষাও মধুর স্বীয়রস দারা স্বদেহকে সরসকারিণী, ভক্তকৃতাত্ম-রহতা সকোপন্তাপ্রয়রসনী আন্বাদনীয়া কিন্তু বাষ্পমুক্ত্যাদিধারা ব্যক্তপরিকারা বা শোভাবিশিষ্টা. স্বাগুণৈকনিধানস্বভাবা, দাসী-কতাশেষ-পুরুষার্থসম্পত্তিকা, ভগবৎ-পাতিব্ৰত্যরূপ ব্ৰত্বর্ষে প্রাকৃলা বা ব্যতিব্যস্তা, ভগবন্মনোহরণৈকোপায়-হারিরপা এবং <u>শ্র</u>ভগবানের উপসেবমানা হইয়া বিরাজিত আছে ৷ ৭৮—৮০। শ্রীভগবদাবির্ভাব-তারতম্যবারা তৎপ্রীতির আবির্ভাব তারতমা—ঐ প্রীতি অথও হইয়াও শ্রীভগবানের আবির্ভাব-তারতম্যদারা আবিভূ তা তারতম্যরূপে হয়েন। একিফের স্বয়ং ভগবতাহেতু

300C

তাঁহাতেই প্রীতির পরা প্রতিষ্ঠা— যথা এক্লিঞ্জপ্রতি মহামুনিগণবাক)— 'সদগতিস্বরূপ আপনার সঙ্গণাভ করিয়া অন্ত আমরা প্রমপ্রধার্থের পুরুম অবধি লাভ করিলাম; আমাদের জন্ম, বিভা, তপ: এবং চক্ষু: সফল হইল।' (৭৯) যথা জীশুকদেববাক্য —'দারকায় ব্রন্ধাদি দেবগণ অতৃপ্ত-নেত্রে অদ্ভুত-দর্শন প্রীকৃষ্ণকে দর্শন (৮০) যথা – বিত্নর করিলেন।' শ্রীউদ্ধববাক্য — 'সচিচ্ছক্তির প্রতি বীর্য দেখাইবার জন্ম আবিষ্ণত-**সৌন্দর্যে**র নর†ক্রতি শ্রীকৃষ্ণরূপ পরাকাষ্ঠাহেতু ভূষণেরও ভূষণাদিযুক্ত এবং নিজের ও সকল স্ববৈভববিদ্বদ-গণের বিশায়জনক। **অ**তএব প্রীকৃষ্ণার্জুনপ্রতি শ্রীমহাকালপুরাধিপ-बूहे जनत्क বাক্য—'তোমাদের দেখিবার ইচ্ছাতেই দ্বিজ্ঞবালকগণকে আনিয়াছি'—উপযুক্তই হইয়াছে। (৮১) এইজন্ম শ্রীকৃষ্ণের প্রেমজনক স্বভাবও দেখা যায়,—যথা শ্রীভীম্ন-বাক্য—'গোপবধুগণ মহাপ্রেমবশতঃ যে একুফের লীলাছুকরণ করিয়া-ছিলেন, সেই প্রমপ্রবে আমার মৃত্যুসময়ে মতি হউক।' **গ্রীউজ্জ্বদনীলমণিতে** মহাভাবের উদাহরণে এরাধারক্ষ-সম্বন্ধে এরক্ষ-প্ৰতি বৃন্ধাবাক্য—(৮২) যথা শ্ৰীশুক-দেব-বাক্য---'গাঁহার নিত্যোৎসবরূপ হাস্তর্ক্ত মুখ স্ত্রী ও পুরুষগণ অতৃপ্ত পান করিয়াও নেত্রের নেত্রে নিমেষকে নিন্দা করিতেন—'(৮৩) ষ্থা রাস্প্রারন্তে ব্রজদেবীর বাক্য— 'তোমার বেণুরব-শ্রবণে এবং অপূর্ব मृতि-দর্শনে গো, পক্ষী, মৃগ ও বৃক্ষাদি

পুলকিত হইয়াছে, অতএব এই ত্রিছুবনে কোন্ স্ত্রী স্বধর্মত্যাগপূর্বক তোমাকে ভজিতে ইচ্ছা না করে ?' এবং অগ্যত্র 'বেণুরবে নিষ্পন্দতা ও স্থাবরের হর্ষপুলকাদি হইতেছিল।'—যথা প্রীনিল্প ম**ঙ্গ**া-বাক্য—'শ্রীকৃষ্ণ ভিন্ন কে পতাতেও প্রেমদ হন ?'

গুণাস্তরোৎকর্ষ-তারত্য্য-হারা প্রীতিরও তারতম্য এবং ভেদ হয়। ঐ গুণ বিবিধ—(১) ভজের চিত্তসংক্রিয়াবিশেষের হেতু গুলি, (২) তদভিমান-বিশেষের হেতু কতকণ্ডলি—(১) সংস্কারহেতু গুণ-দকল—(ক) উল্লাসমাত্রাধিকাব্যঞ্জিকা প্রীতি-রতি—বাহা জন্মিলে তদেক-তাৎপর্য এবং অগুত্র ভূচ্ছত্ব-বুদ্ধি জন্মে —(খ) প্রেম—মনতাতিশয়াবির্ভাব-ঘারা সমৃদ্ধা প্রীতিই প্রেম, যাহা অগ্নিলে তৎপ্ৰীতি-ভঙ্গহেতুসকল তদীয় উন্তম বা স্বরূপকে বাধা দিতে পারে না, (গ) প্রণয়—বিশ্রন্তাতিশয়াত্মক প্রেম্ই প্রণয়—যাহা জন্মিলে সম্ভ্রমাদি-যোগ্যভাতেও ভদভাব হয়—(ঘ) মান — প্রিয়ম্বাতিশয়াভিমান্দারা েনটিল্যাভ্যানপূর্বক ভাববৈচিত্রীধারী জন্মিলে ্রগ্রহী মান-- যাহা ্রীভগবান্ও তৎপ্রণয়কোপ হইতে প্রেম্ময় ভয় প্রাপ্ত হয়েন—(ঙ) স্নেহ—চিত্তদ্ৰবাতিশয়াত্মক প্ৰেমই স্থেহ—যাহা জনিলে তৎসম্বন্ধাভাস-দারাও মহাবাপাদিবিকার, প্রিয়-দর্শনাগুতৃপ্তি এবং তাঁহার পর্ম-সামর্থ্যাদি সত্ত্বেও অনিষ্টশঙ্কা জন্মে— (চ) রাগ—অভিলাষাত্মক স্নেহই রাগ - যাহা ভিন্মিলে ক্ষণিক বিরহেও

অত্যন্ত অসহিষ্ণৃতা এবং তৎসংযোগে পরমত্বঃখণ্ড ত্মুখ বলিয়া বোধ এবং তদিয়োগে তদিপরীত নোধ হয় —(ছ) **অনু**রাগ—দেই রাগই স্ববিষয়কে অনুক্রণ ন্বন্বরূপে অহুভব করাইয়া এবং স্বয়ংও নবনৰ রূপ হইয়া অনুরাগ হয়-যাহা পরস্পর-২শীভাবাতিশয়, জনিলে প্রেমবৈচিত্ত্য, তৎসম্বন্ধি অপ্রাণিতেও জ্যা-লাল্যা এবং বিপ্রেনম্ভে বিস্ফৃতি জন্ম। (জ) মহাভাব---অনুরাগই মস্যোদ্ধি চ্যুৎকার্যারা মহাভাব হয়— ষাহা জন্মিলে যোগে निरम्यागर्छ।, कन्नक्षक এवर विशार्थ ऋगकन्न हेजाित, উভয়ত্র মহোদীপ্ত পাত্তিক বিকারাদি জন্মে। (২) ভক্তাভিমানবিশেষহেত গুণসকল---যদ্বার প্রীতির এবং ভক্তদের ভেদ ও তারতমা হয়, যথা — শ্রীভগবৎপ্রিয়বিশেষের गञानि দারা লক্ষা প্রীতি সেই প্রিয়বিশেষের গ্রীতিরই গুণবিশেষের আবির্ভাবের হেতু ঃ ঐ ভগবৎস্বভাব-বিশেষ খাবির্ভাব-যোগ উপলব্ধি করিয়া সেই লীতি কাহাকেও (১) অমুগ্রাহারপে (২) কাহাকেও অমুকম্পিওরূপে (৩) কাহাকেও মিত্ররূপে (8) কাছাকেও প্রিয়ারূপে অভিযানী করে—অনুগ্রাহ্ত্বাভিমানময়ী প্রীতিই ভক্তি-শব্দে প্রসিদ্ধা, কারণ আরাধ্য-জ্ঞানে যে ভক্তি, তাহা প্রীতিরই ৎ মুগত।

(>) পোষণ এবং অম্বক্সারূপে অমুগ্রহের দ্বিবিধ বুতিহেতু অমুগ্রাছ-অভিমানী ভক্তও দ্বিবিধ—(ক) নির্মন—শান্ত বা জ্ঞানী ভক্ত, যথা— 5000

শ্রীসনকাদি; ইঁহারা ভগবানের প্রমাত্মা-প্রব্রন্ধ-ভাব্ধারা আনন্দ-নীয়াভিমানী; ইঁহাদের তদভি-মানিত্বসত্ত্বেও নির্শ্বমন্ত। 'ভেদ অপগত হইলেও, নাথ! তোমার আমি আমার তুমি নও, কারণ সমুদ্রেরই তরঙ্গ, তরজের সমূদ্র নয়'ইতিবং। চল্রদর্শনবৎ মমতা বিনাও তাঁহাদের ভগবদ্দর্শন প্রীতিদ হয়; ইহাদের তংক্ষত্যাদিয়ারা প্রবণত্বই আমুকুল্য জানিবে। ইহাদের প্রীতি জ্ঞান ভক্ত্যাখ্যা, বন্ধঘনত্তরপে অমুভবহেতু জ্ঞানত, এই প্রীতি শাস্ত বলিয়া কথিত হয়, কারণ এই প্রীতিতে 'শম' প্রধান; ভগবরিষ্ঠা-বৃদ্ধিই শ্ম'-ইছা এক্লিফ উদ্ধৰকে বলিয়াছেন। (খ) সমম অমুকম্প্য ভক্ত—'ইনি আমাদের প্রভু'—এইভাবে ইহাদের জনিয়াছে। ইহাদিগকে য্মতা অভিপ্রায় করিয়াই 'অনভ্যম্যতা' ইত্যাদি শ্রীভীম-প্রহ্লাদ-উদ্ধব-নারদাদির উল্লেখ ঘারা কেবল ভক্ত-গণের সম্বন্ধে বলা হইয়াছে, সনকাদি-সম্বন্ধে বলা হয় নাই; অতএব ইহারা মমতোদ্ভবহেতু অমুকম্প্য এবং তদভিমানী। উহারা আবার ত্রিবিধ— (অ) পাল্য--য়ারকা প্রজাদির আশ্রয়াত্মিকা ভক্তি—(আ) ভূত্য— দারুকাদি সেবকের দাস্তাত্মিক। ভক্তি —(ই) লাল্য—গ্রীপ্রহামগদপ্রভৃতির প্রশ্রয়াত্মিকা ভক্তি—মহৎবৃদ্ধিতে নমস্বারাদি কার্যদারা ব্যক্তা চিতাদর-লক্ষণাভক্তি প্রীতি নহে বলিয়া এখানে গণনা করা গেল না, তত্তৎভাব বিনা যদি প্রীতি কেবল আদরময়ী হয়. ভক্তি-সামাগুরূপেই ভাহাকেও

জানিবে। (্.) বাৎসল্য---'ইনি আমাদের প্ত্র'—এই ভাবদারঃ অথকম্পিত্বাভিমানময়ী প্রীতিই বাৎসল্য--যথা শ্রীত্রজেশ্বরাদির। (৩) মৈত্র্যাখ্যা—'ইনি আমার সমান मधूतभीनवान् अवः आमात्र निक्रभारि প্রণয়াশ্রয়বিশেষ—এই মিত্রত্বাভিমানময়ী প্রীতিই মৈত্র্যাখ্যা: ইহা আবার দ্বিবিধ—(ক) সৌহাদাখ্য: —পরস্পর নিরুপাধিকোপকার-রসিকতাময়ী, যথা অংশতঃ শ্রীষ্থিষ্টি? ভীগ্ম-টোপভাদির—(খ) সোখা।খা -- সহবিহারশালি - প্রণয়য়য়ৗ--শ্রীমং वर्ष्क्न ও जीनामानिए -(8) কান্তভাবাখ্য—'ইনি আমার কান্ত —এই প্রীতিই কান্তভাব, প্রীরসামত-সিম্বতে ইহাকেই প্রিয়তা বলা হইয়াছে; কামতুল্যথহেতু **এীগোপিকাদিতে** কামাদিশকভারা অভিহিত হইয়াছে। বৈলক্ষণ্যহেতু সরাখ্যকাম-বিশেষ কিন্তু অন্তবিধ। কাম সামাক্ত স্পৃহাত্মকই, কিন্তু প্রীতি-সামান্ত বিষয়ামুক্ল্যাত্মক তদমুগতবিষয়স্পৃহাদিময় জ্ঞানবিশেষ; অতএব ছুইটির সমানপ্রায় চেষ্টা শত্তেও কাম-সামান্তের চেষ্টা স্বীয়ামু-কুল্যতাৎপর্যা—ইহাতে কোথায়ও বিষয়ামুকুল্য দৃষ্ট হইলেও উহা স্বন্থ্ৰ-কার্যভূতই, অতএব কামে প্রীতিঃ গৌণবৃত্তি; কিন্তু শুদ্ধ প্রীতিমাত্তের চেষ্টা-প্রীতি প্রিয়ামুকুল্য-তাৎপর্যা, ইহাতে তদমুগতই আত্মস্থ, অতএব ইহাতেই প্রীতির মুখাবৃত্তি। স্থখ এবং প্রীতি-সামান্তের উল্লাসকত্বহেতু সাম্যদত্ত্বেও আহুকুল্যাংশদারা প্রীতি-শামান্তেরই বৈশিষ্ট্য—সেইরূপ কাম

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈঞ্চব-অভিধান (৩ খ)

এবং প্রীতি-সামান্তের স্পৃহাত্মকত্বহেতৃ শাম্য থাকিলেও বিষয়ামুকুল্যাংশদ্বারা প্রীতি-সামান্তেরই বৈশিষ্ট্য-সেইরূপ স্মরাথ্যকামবিশেষ এবং কাস্কভাবাখ্য প্রীতিবিশেষের ম্পৃহাবিশেষাত্মকত্বহেতৃ দাম্য থাকিলেও বিষয়ামুকুল্যাংশ-দারাই কাস্তভাবাখ্য-প্রীতিবিশেষের বৈশিষ্ট্য—এই কান্তভাবে 'যতে স্বজাত চরণামুরুহং' ইত্যাদি শ্রীগোপীবাক্যে স্বান্ত্রুল্য অভিক্রেম করিয়া প্রিয়ানু-কূল্য-তাৎপর্যই শুদ্ধপ্রীতি-বিশেষক্রপে দেখান হইয়াছে, অতএব স্পৃহা-বিশেষাত্মকত্বহেত তদিশেষত্ব সিদ্ধ হইল; অতএব শ্রীকৃষ্ণ-বিষয়ত্বদারা কুজাদি-সম্বন্ধি কামবৎ অপ্রাক্বত কামই যথন এই গোপীপ্রেমে অপ্রযুজ্য, প্রাক্ত-কামত্ব তথ্ন **স্থ**তরাংই অসিদ্ধ। 'বিক্রীডিতং ব্ৰজবধূভি:' ইত্যাদি শ্লোকে বিক্রীড়া নিজ-বিষয়ক শ্রবণদারা দুরদেশকালস্থিত অন্সের কাম দুর করিয়া প্রেম বিস্তার করে, সে বিক্রীড়া কখনই নিজে কামময় হইতে পারে না, তাহা নিশ্চয়ই পরমপ্রেমবিশেষ-ময়, ঝারণ প্রদ্বারা কখনও পঙ্ককালন করা যায় না: স্বয়ং অমেহ হইয়া কথনও সেহময় করা যায় না-অতএব সেই গোপীভাবের শুদ্ধ-প্রেমময়ত্ব বলিয়া শুদ্ধত্বের হেতুক্রপে শ্রীক্ষের প্রসন্নতা, রমণতা এবং বশীক্বতা দশিত হইয়াছে—অতএব শুদ্ধ প্রেমজাতির মধ্যে আবার শ্রীগোপীপ্রেম সর্বোৎকৃষ্ট বলিয়াই শ্রীউদ্ধব এবং মুনিগণ বাঞ্ছা করিয়া-ছেন—স্থতরাং জ্ঞান-ভক্তি, ভক্তি, বাৎস্ল্য, মৈত্রী এবং কান্তভাবভেদে

প্রীতি পঞ্চবিধা—এই জ্ঞানভক্ত্যাদি কোথায়ও মিশ্রাব্ধে আছে, যথা— শ্রীভীম্মাদিতে—জ্ঞান-ভক্তি ও আশ্রয়-ভক্তি; শ্রীযুধিষ্ঠিরে—সৌধ্যান্তর্ভা আশ্রয়-ভক্তি এবং বাৎসন্য: শ্রীভীমের—সোখ্যও; শ্রীকৃন্তীর— আশ্রয়ভক্ত্যন্তর্গত বাৎসল্য: শ্রীবস্থদেব-দেবকীর ——ভক্তি-সামাগ্র বাৎসল্য; প্রীউদ্ধবের—— দাস্থান্তভূতি স্থা, যথা 'তুমি আমার ভূ হ্য, ত্মহাৎ, স্থা' ইত্যাদি: শ্রীবলদেবের—ব্রজে বাল্য হইতে সহবিহারাতিশয়হেতৃ স্থ্যান্তভূতি বাৎসন্য এবং ভক্তি; যত্নপুরীতে ঐশ্বৰ্যপ্ৰকাশময় লীলাবিধারহেতৃ ভক্তান্তভূতি বাৎসন্য এবং স্থা—; ব্রজে বলদেবের অগ্রজত্ব—শ্রীবস্থদেব এবং শ্রীনন্দের প্রাতত্ত্ব-প্রসিদ্ধহেত এবং শ্রীমরন্দদারা পুত্ররূপে পালন-হেতু; ত্রীপট্রমহিষীদের— দাশুমিশ্র কান্তভাব: প্রীব্রজদেবীদের— স্থামিশ্র কান্তভাব : এই পঞ্চাব অভিমান বিনা যে প্রীতি, তাহা সামানা; তাদুশ ভাব ও অভিমান-প্রাপ্তিতে অযোগ্যদেরই সামান্তা প্রীতি হয়—যথা মিথিলাবাসিদের শ্রীকৃষ্ণ প্রতিও নির্মা প্রীতি—সামান্ত এবং শান্তদের প্রীতি তটস্থাখ্যা— এবং তাহারা তটস্থাখ্য, তদভিন্ন অন্ত পরিকরদের প্রীতি মমতা-প্রাচুর্যহেতু মমতাখ্যা। পাল্য এবং ভূত্য— অমুগত; তাঁহাদের ভক্তি সম্রম-প্রীত্যাখ্যা: লাল্যাদিরা বান্ধব, তাঁহাদের প্রীতি বান্ধবাখ্যা। প্রীতি-ভেদে শ্রীভগবান্ 'প্রিয়, আত্মা, স্থত,

ভজনীয় হন।' ইহা শ্রীকপিলদেবের! বাক্য: এই সকল ভাব বিনা শ্ৰীভগৰান সামান্তপ্ৰীতি-বিষয় হন। রত্যাদি-ভাবের be-251 উদাহরণ— শান্তাদি - ভাবভেদে ३२ । রত্যাদি-ভাবভেদ—এই প্রীতি রতি-মাত্রাত্ম। জ্ঞানিভজে---রাগ-প্রার্থনা পর্যন্ত, সাক্ষাৎ রাগ নয়, যথা প্রীসনকাদির; পাল্যে—মমতার স্পষ্টস্বহেতু প্রেমপর্যস্তই, বিদূর-সম্বন্ধারা স্বেহানোচিত্যহেতু স্নেহ-পর্যস্ত নয়; তবে দারকাবাসিদের মধ্যে নাপিত, মালাকারাদি সাক্ষাৎ তৎদেবা-ভাগ্যবান্ ভাববিশেষ-ধারিদের বাক্যরূপে—'যহু স্থ জাক্ষাপ-স্বার' শ্লোক সঙ্গত—,ভূত্ো— তদেকজীবনত্ব-মমতাধিক্যবশতঃ রাগপর্যন্ত : লাল্যে— রাগাতিশয়: বাৎসল্যে সর্বপ্রকার রাগাতিশয় : সখ্যে-প্রণয়োৎ-কর্ষাংশে রাগাধিক্য, সৌহৃত্তে — নাতিসন্নিকর্ষহেত্ প্রেমাতিশয়: প্রণয় এবং মান কাস্তভাবেই সম্ভব— পট্টমহিষীদের মহাভাবত্বে উন্মুখ অমুরাগপর্যস্তই—তাঁহাদের বিবর্ত্ত-বিশেষ প্রেমবৈচিত্যাখ্য বিপ্রলম্ভ-শুঙ্গারাধিক শুনা যায় না-কিন্ত তদভিন্ন অন্তো অনুরাগও শুনা যায় না। 'দতাময়ং সারভূতাং নিস্র্রঃ' ইত্যাদি শ্লোকে 'নব্যবং' শব্দ থাকাতে অন্তর অমুরাগ বণিত হয় নাই-কারণ অহুরাগের তাদৃশক্ষুরণমাত্র-লক্ষণত্ব-নয়, কি ৡ উল্লাসাদিত্বঃখন্থস্থভাণপর্যস্ত রত্যাদিগুণলক্ষণস্বও। এখানে কিন্তু সর্বত্র তত্তৎলক্ষণোদয়ের অসম্ভাবনা

দারা অমুরাগ নিণীত হইয়াছে। গ্রীবন্ধদেবীদের মহাভাবপর্যস্তা প্রীতি উদ্ধবপ্রতি প্রীভগবরাকো প্রেষ্ঠতম আমার সহিত তাঁহাদের মনে হইয়াছে. ক্ষণাৰ্দ্ধবৎ পুনরায় আমাবিনা সেইরাত্রি কল্পসা মনে হইয়াছে,।' শ্রীগোপীভিন্ন আর নিৰ্ণিমেষে শ্রীক্লধ্ব-দর্শনের ব্যাঘাতক চক্ষুর পক্ষদাতাকে জড়াদি বলিয়া নিন্দা করে নাই-স্বাতি-নক্ষত্রীয় জলের মুক্তাদি-জনকত্বৎ শ্রীক্ষরে তাদৃশ-ভাবজনকত্ব-স্বভাব হইলেও আধারগুণাপেকা করিয়াই আবিভূতা হন-কুরুক্কেত্র-যাত্রাতে 'গোপীরা নিত্যযুক্ত পট্ট-মহিষীদের তুর্লভ ভাব প্রাপ্ত হইয়া-ছিলেন' এই বাক্যদারা 'স্বগোপী' এই বাক্যদারা শ্রীগোপীদের পর্মান্তরঙ্গতাই প্রকাশ পাইয়াছে-প্রথমস্কন্ধোক্ত পট্মহিনীদের ভাগ্য-শ্লাঘাতেও 'ব্ৰজন্তীরা যে শ্রীক্কা-ধরামূত-পানাশায় সংমোহিতা হন'— এই বাক্যে শ্রীব্রজদেবীদেরই প্রমোৎ-এবং আস্বাদাভিজ্ঞতরত্ব প্রকাশিত হইয়াছে। 'যে অমতের স্মরণ করিয়া দেবতারাই মোহিত হয়, তাহা এই মহয়দারা হইতেছে'—ইতিবৎ; আস্বাদিত অত এব শ্রীব্রজদেবীগণেরই সর্বোত্তমা পরিকরবৎ প্রীতি। যাঁহারা ভগবন্তাবিশেষদারা প্রীত হন অথচ পরিকরাভিমান অপ্রাপ্ত, তাঁহারাও তটস্থ। শ্রীভগবানের ব্রহ্মত্তক্ষণ ও ভগবত্বলক্ষণ উভয়বিধ-সভাবযুক্ত ভক্তুও সামান্ততঃ দ্বিবিধ—তটস্থ এবং পরিবার: তটম্বেরা প্রীতিকারণ

ग्था, छक, ष्ट्रहर, देनव এवः इष्टे-क्राट्य

এবং প্রীতিকার্যের নিরুষ্টতাহেতু প্রীতিবিহীন। পরিকরাপেক্ষা প্রীতির কারণ বা সহায় দ্বিবিধ –(১) সহায় মমতালক্ষণ যে প্রীতিকারণের (२) অঙ্গ এবং ব্রহ্মত্বামূভবাদি উপায়— তাহার তইস্থদের সম্বন্ধবিশেষের অক্ষুরণহেতু মমত্ব নাই, অতএব অঙ্গের নিহীনত্ব, উপায়ের মধ্যেও তাঁহাদের ব্রহ্মত্ব-জ্ঞানই তদফুশীলনস্বাভাব্যহেতু মুখ্য —কিন্তু ভগবতাজ্ঞান তদমুগত. তাদুশ ভাবেই ভগবতালারা তাঁহাদের আকৰ্ষণ বাস্তবিকপক্ষে হয়। প্রীতির সাহায্যে ভগবতারই মুখ্যত্ব সনকাদি মুনিরা অমুভব করিয়াছেন; যথা 'তভারবিন্দনয়ন্ভা' ইত্যাদি শ্লোকে—তটম্বদের প্রীতির কার্যও নির্হীনত। প্রীতির কার্য-প্রায়শঃ ভগবচ্ছরণই, তদ্দর্শন কিন্তু কাদাচিৎ-কই হয়-পরিকরদের সাক্ষাৎ তদঙ্গ সেবাদি সহতই আছে তাঁছাদেরই ভাগ্যাতিশ্যবর্ণন শাস্তে দেখা যায়—জয়বিজয়-শাপপ্রস্তাবে মুনিদের প্রতি শ্রীভগবানের গৌরব এবং জয়বিজয়প্রতি আত্মীয়ত্বই স্পষ্ট —অতএব শাস্তভক্ত সনকাদিতে প্রীতির কারণ এবং কার্যের নির্হীনত্ব হেতু তাঁহাদের প্রীতি তটস্থাখ্যা— তটস্থদিগকে অতিক্রম করিয়াই পরিকরগণের প্রীত্যুৎকর্ষ দেখান হইল। প্রীতিতে পরিকরাভিমান কি উপাধি ? জ্ঞানাত্মিকা সামান্তা প্রীতি অপেক্ষা তদভিমানময়ী প্রীতি কি গৌণ গ প্রেমাম্পদাপেকা নিজ প্রতি কি মুমতাধিকা নাই ? না— **এ**ভিগবানের মাধুর্যস্বভাবামুভবন্বারাই

তটস্থদের, পরিকরদের এবং অন্তের
নিজস্বভাবসিদ্ধ কিম্বা তাৎকালিক
অভিমানবিশেষ উদিত হয়; সমুচ্চয়ে
কোনও বিরোধ হয় না—প্রত্যুত
উল্লাসই হয়, যথা ব্রহ্ম-কৃত বৎসহরণানন্তর শ্রীকৃষ্ণাত্মতুত বৎস এবং
গোপবালকদের প্রতি গো-গোপীদের
স্মেহাধিক্যদ্ধারা ভগবৎস্বভাবসয়ত্ম এবং
ভক্তগণের তাৎকালিক অভিমানবিশেষত্বও প্রকাশ পাইয়াছে।

৯৩। শ্রীভগবান এবং ভক্তের পরস্পর প্রতি পরস্পরের লোহচুম্বকবৎ স্বাভাবিক, আকর্ষণময় স্বভাব আছে —(৯৪) ভক্তাভিমানবিশেষ প্রেম ভগবানের স্বভাবদারাই আবিভূতি হয়: কারণ এভগবানে স্বরূপসিদ্ধ দকল প্রকাশ নিতাই বর্ত্তমান আছে: আগ্নাদিতেও নানা উপাসনাই শুনা যায়। যেখানে যতটা প্রকাশ. সেখানে ততটা অভিমানবিশেষময়ী উদয় হয়—ভক্তবিশেষের সঙ্গই প্রকাশবৈশিষ্ট্যে হেতৃ—কিন্তু নিতাসিদ্ধে নিতাসিদ্ধই তদ্ধপ প্রকাশ. প্রীতি ও অভিমান বর্ত্তমান—প্রীতিরই **বহিত উদয়হেতু তাদুশ অভিমানও** প্রীতির বৃত্তিবিশেষ; অতএব তৎ-সমবায়দারা প্রীতির হানি হয় না. প্রত্যুত অত্যন্ত সন্নিকর্ষব্যঞ্জক তত্তৎ অভিমানধারা প্রীতির উল্লাস্ট হয়। লৌকিক মমতা-বিশেষও নিজাপেকা স্বপ্রীত্যাস্পদে অধিক প্রীতি জনায় —কারণ পুত্রাদির *জন্ম* আত্মব্যয়াদি দেখা যায়: ভগবদ্বিষয়া কিন্তু স্বাত্মগত তদীয়াভিমান-বিশেষ-হেতুকাই; ভক্তে অভিমানবিশেষও ভগবৎস্বভাববিশেষহেতুক; তাহাই

প্রথম আবিভূতি হয়, তার পর মমতাবিশেষ আবিভূতি হয়, অতএব যথাতথা ভগবৎস্বভাবই প্রীতির মূল কারণ।

শ্রীভগবৎসন্নিকর্ষতা-প্রাপ্তির ক্রম —(১) ভক্তবিশেষসঙ্গ; (২) ভগবৎ-প্রকাশ-বৈশিষ্ট্যে লোভ : (৩) ভক্ত-সভাববিশেষাবির্ভাব: (৫) ভক্তাভি-মান বা প্রীতিবৃত্তিবিশেষ; (৫) ভগবদ্বিষয়া মমতা; (৬) অত্যন্ত ভগবৎসন্নিকর্ষতা। ব্ৰহ্ম কৰ্ত্তক গোবৎসহরণানস্তর শ্রীকৃষ্ণাত্মভূত বৎস এবং গোপবালকে স্বস্থ মাতার স্নেহাধিক্য-সম্বন্ধে পরীক্ষিত-প্রশ্নানন্তর শ্রীশুকদেবও শ্রীক্লঞ্গ্রীতিবিষয়ে তৎ-সভাবসিদ্ধত্বই কারণ বলিয়াছেন: শ্রীক্ষের স্বভাব-বিশেষে আবিভূত মমতাবিশেষভারা কিল্প মমতাহেতুক প্রীতি অতিক্রম করিয়াই অভিপ্ৰেত হইয়াছে: অতএব মমতা সম্বন্ধরারা সর্বপ্রকারে প্রীতির বৈশিষ্ট্য হয়: - শ্রীভগবৎ-সম্বন্ধারাই আত্মপ্রতিও প্রীতি জন্মে. ষথা দাবাগ্নি হইতে রক্ষা করিবার জন্ত শ্রীক্রম্বপ্রতি ব্রজবাসিদের বাক্য-

৯৫। শ্রীভগবংপ্রীতিরই ভক্তাভিন্যানিত্ব—(৯৬) অভিমান এবং
মমতাদারাই প্রীতির অতিশয়িত্ব—
(৯৭) শ্রীভগবতোবোপজীব্য পরিকরগণেরও ঐশ্র্য-মাধুর্যভেদে প্রীতির
তারতম্য আছে—(৯৭) ভগবতা
সামান্ততঃ দিবিধ—(২) পরমৈশ্র্যরূপা
ভগবতা—ইহা ভক্তে সাধ্বস, সম্লম
এবং গৌরববৃদ্ধি জন্মার। ঐশ্র্য—
প্রভূতা আর পরমত্ব অসমাদ্ধ্ররূপা ভগবতা—ভক্তে

উপাসনায় তাদৃশ গুণেরই ম্মাহার

প্রীতি জন্মায়। মাধুর্য অর্থ শীলাদির
মনোহরত্ব—অতএব এশ্বর্যমাধুর্বের
পরমত্ব দারাই যথাসংখ্য সাধ্বসাদির
পরমত্ব হয় এবং প্রীতিরও পরমত্ব
হয়। শ্রীবস্থদেব দেবক্যাদির—
পরমৈশ্বর্যান্থভব-প্রধান।

৯৮। পরমৈশ্বর্যবারা ভক্তিতে সম্ভ্রম গোরবাদি অবয়বের উদ্দীপন হয়-প্রমমাধুর্যধার! অবয়বী প্রীত্যংশের উদ্দীপন হয়—উভয়-সমাহার দ্বারাই জন্মে—গ্রীগোকুলে প্রমেখরভক্তি মাধুর্যাত্মভবই স্বভাবসিদ্ধ, ঐশ্বর্যাত্মভব আগন্তক; যথা গোবর্দ্ধন-ধারণানন্তর শ্রীগোপগণ-প্রশ্নে শ্রীনন্দবাক — 'আমার অর্ভক কুমার অক্লিষ্টকারী শ্রীকৃষ্ণকে গর্গবাকে। নারায়ণের অংশ মনে করি'—অতএব গোপদের প্রশ্ন-সমাধানে শ্রীব্রজেশ্বর আপ্রবাক্য-দারাই ঐশ্বর্য বলিয়াছেন, কিন্তু স্বামুভবসিদ্ধবদারা মাধুর্যই ব্যঞ্জিত হইয়াছে।

৯৯। শ্রীব্রজনাসিদের শ্রীরুষ্ণ ভিন্ন অন্তত্ত অনাবেশ, মাধুর্যজ্ঞানদারাই পর্মভগবতাঞান হইয়াছিল, যাহা আত্মারামদেরও আনন্দপ্রদ এবং অমুমোদিত, অতএব <u> একুষ্ণে</u> ব্রজবাসিদের অজ্ঞান নয় - স্বস্থাধি-ভগবতাই কারপ্রাপ্তা ভক্তদারা উপাসিতা বা অমুভূতা হয়। অনন্তত্ত্ব-হেতু এবং অমুপযুক্তত্বহেতু সর্বভগবতা • সকলের দারা উপাদিতা বা অনুভূতা হয় না ৷ অতএব বেদাক্তেও গুণো-পাসনা-বাক্যের তত্তবিভাতে গুণ-সমাহার পৃথক্ পৃথক্ ভাবেই স্তুকার দ্বারা ব্যবস্থাপিত হইয়াছে—যথা 'ঘাঁহার ষেক্রপ কাম, তাঁহার সেক্রপ

করিবে'—'মল্লানামশনিঃ' শ্লোকে একই শ্রীরুষ্ণ দর্শকের অভিপ্রায়ামুসারেই অমুভূত হইয়া-নিকট সাকলো ছিল, সকলের অমুভূত হয় নাই: শ্রীকৃষ্ণকে প্রম-তত্ত্বপে যাঁহারা জানিয়াছিলেন, তাঁহাদেরও যে ভতদ্মাধ্যবিশেষের অহুভবহেতু সম্যক্ জ্ঞান হয় নাই---ইহা যুক্তই। মাধুর্ঘানুভবী ভক্তদের স্ব্জান অনাদৃত হইয়াও সময় প্রতীক্ষা করিয়া উদিত হয়, যথা—'যস্থান্তি ভক্তির্ভগবতাকিঞ্চনা' ইত্যাদি শ্লোকে ভব্দগণের পরম হইয়াছে ৷ বিদ্বন্তাই অভিপ্ৰেত 'মলানামশনিঃ'শ্লোকে মথুরার রঙ্গছলে ত্রিবিধ জন উক্ত হইয়াছে—(১) প্রতিকুলজ্ঞান—যথা, কংসের এবং কংসপক্ষীয় লোকদের, (২) মৃচ— (অবিদান্)-সামান্ত বিরাড়ংশ ভৌতিক দেহধারী বলিয়া শ্রীক্ষেত্র অবজাতা-গণ, তাহারা শ্রীভগবদ্যাচ্ঞার অশ্রদ্ধাকারী যাজ্ঞিক-বিপ্রসদৃশ শতধন্ব-প্রভৃতি—(৩) বিদ্বান— অবশিষ্ট সকল; বিহান—— আবার দিবিধ—(ক) তৎকালদৃষ্টভাহত মমতাবিশেব-শৃতা; ইহারা আবার ত্রিবিধ--(অ) সামাত্ত ভক্তসকল--নাগরিকগণ এবং যোগিগণ—(আ) বাৎসল্যভাবময়ী ন্ত্ৰীগণ—(ই) স্মর্মিশ্রভাবময়ী স্ত্রীগণ—(খ) মমতাবিশেষযুক্ত—বৃষ্ণিবংশীয়, পিতৃ এবং গোপগণ; বুঞ্চিদের পরদেবতা-ঐশ্বৰ্যজ্ঞান স্বাভাবিক ভাবাপাদক

এবং শ্রীগোপদের বান্ধবভাবাপাদক

মাধুর্যজ্ঞান স্বাভাবিক।

১০০। ঐগোপগণেরই প্রম-মাধুর্যাতি শয়ামুভবহেতৃ পরমজ্ঞানিত্ব চতুত্ৰ জ্বাদি অত্এা অনন্ত-ভগবদাবির্ভাব - দ্রষ্টা ব্রহ্মদারাও ব্রজবাসিদের আলম্বন দ্বিভূজক্সপই নিজের আলম্বনীকৃত। প্রীব্রজবাসীদের স্থাভাবিক সকল-প্রীতিজাতি-চড়ামণিরূপা পরা প্রীতি আগন্তক অন্য জ্ঞানদারা ব্যভিচার প্রাপ্ত না হইয়া সেই জানকে তিরস্কারই করে; এবং সেই জ্ঞানরূপ অন্তরায়-প্রায়দারা বিষয়ীদের বিষয়-প্রীতিবৎ বন্ধিতাই হয়; কারণ বিষয়ীদের বিষয়ের স্বদোষাদি শ্রুত এবং দৃষ্ট হইলেও রাগপ্রাপ্ত গুণবত্তবৃদ্ধি প্রবলাই দেখা যায়। তজ্জাই বলা হইয়াছে— 'অবিবেকিদের যেরূপ বিষয়ে প্রীতি' ইত্যাদি। প্রথমশ্ব্যাদিজ্ঞানস্বভাব ভক্নদেরও প্রীতি প্রাবল্য-সময়ে তদৈশ্বর্ঘ-জানের তিরস্কার দেখা যায়, गार्थ-छारनः हे वनवरः প্রথময়ত্ব ভাপিত হওয়াতে এবং তাহাতেই গোপগণের স্বাভাবিকস্ব লব্ধ হওয়াতে ব্রহ্মণ্ডেশ্বর্জানুভবের অভিক্রমকারী ভাহাদের দেখিয়া শুকদেবের চমৎকারত্ব-প্রাপ্তি যুক্তই। শুদ্ধত্বহেতু প্রীগোকুলবাসীদের প্রীতিই প্রশস্তা। শ্রীগোকুলে পশু-দেরও পরমক্ষেহ দেখা যায়, যথা কালিয়দমনোপলক্ষে: প্রীগোকুলে স্থাবরদেরও ভদ্রূপ প্রীতি, অতএব ব্রমাও তাহা প্রার্থনা করিয়াছেন, ত্রীগোকুলেও অমুগত এবং বান্ধব তৎপ্রিয়গণমধ্যে মমতা-বিশেষধারিত্বহেতু বান্ধবেরই মহা উৎকর্ষ, যথা ব্রহ্মার—'অহো ভাগ্য-

মহোভাগ্যম' এই বাক্যে শ্রীব্রজবাদি-গণের মধ্যে কনিষ্ঠদিগকেও শ্রীক্ষের মিত্ররূপে স্বীকারদ্বারা বেন্ধাব মিত্রতারই প্রশংসা প্রকাশ পাইয়াছে. তাহাদের মধ্যে আবার স্থাদেরই উৎকর্ষ—'ইখং সতাং' ইত্যাদি শোকে বলা হইয়াছে। 'ইখং দতাং' ইত্যাদি শ্লোকে ব্ৰহ্মরূপে স্ফৃতি হুর্লভ, পরদেবতারূপে স্ফুর্ত্তি হুর্লভতর, এবং নরাকৃতি পরবন্ধরূপে ফ্রি তুর্লভতম, বন্ধুভাবে ক্ষু ত্তি তদপেক্ষাও উৎকৃষ্টা অতএৰ স্থ্যভাবাশ্ৰিত গোপবালকদের প্রীরুফ্তস্থ প্রম-বন্ধরূপে বিহার দেখিয়া শুকদেবের চমৎকৃতি যুক্তই হইয়াছে-- স্থাদের পর্মভাগ্য শ্রীঅক্রুরও বলিয়াছেন— শ্রীকৃষ্ণ নিজেও, ব্রহ্ম-কৃত গোবৎসাদি-হরণানস্তর, তত্ত্ব্য স্জ্যস্থাদিগকে দেখিয়া পরিতোষ না পাইয়া সেই পূর্বস্থাদিগকে আনাইয়াছিলেন। ১০১ | স্থাদের অপেকা শ্রীনন্দ-যশোদার প্রীতিবৈভব অধিক—

১০১। সথাদের অপেক্ষা শ্রীনন্দযশোদার প্রীতিবৈত্ব অধিক—
পিতামাতাপেক্ষাও শ্রীব্রজদেবীদেরই
অসমোর্জ প্রীতি-বৈত্ব—কারণ
ইংগদের প্রীতি মুনিগণ্যারা অতিশয়
প্রশস্তা এবং সর্বপ্রকারে সর্বাপেক্ষা
প্রেম-প্রণয়-মান-রাগ-বৈশিষ্ট্যন্বারা পৃষ্ট,
বিশেষতঃ অন্ধরাগ-মহাভাব-সম্পত্তিধারিণী স্বপ্রীতিহারা ইহারা প্রীকৃষ্ণকে
বশীভূত করিয়াছেন—প্রীউদ্ধরেরও
এই ক্রমেই অন্ধ্রুজাপন-ক্রম দেখা
যায়—(১০২) পরমাত্মা প্রীগোবিন্দে
গোপবধুদের রুঢ় ভাব থাকাতে
তাঁহারাই দেহধারীর মধ্যে স্ক্ষলজন্মা
—থাহাদের ভাব মুমুক্র, মুক্ত এবং
মাদৃশ ভক্তবিশেষগণ বাঞ্ছা করি

মাত্র, কিন্তু পাইনা; কারণ তাঁহাদের গ্রীভগন্মাধুর্য-বিশেষাস্বাদে আমাদেব যোগাতা নাই।' 'শ্রীক্রম্বে ক্রচভাববতী শ্রীবৃন্দাবনবিহারিণী গোপীগণে এবং ব্যভিচারত্বষ্ট মুনিগণ ও মাদৃশভক্তগণে অনেক পাৰ্থক্য इहेरल ७ छान বা অজ্ঞানে সেবিত হইয়া শ্রীকৃষ্ণ মহৌষধিবৎ সকলেরই প্রম্মঙ্গল বিধান করেন বলিয়া আমরা তাহা প্রার্থনা করি—' (১০৪) 'রাসোৎসবে প্রীকৃষ্ণভুজে আলিঙ্গিত গোপীগণের প্রতি যে প্রসন্নতা প্রকাশিত হইয়াছে, তাহা লক্ষী বা অন্ত বৈকুঠপুরাঙ্গনাগণের প্রতিও প্রকাশিত হয় নাই, অতএব গোপীগণের তুল্য ভাগ্যবতী আর নাই।' (১০৫) 'প্রতরাং বিজাতীয় জন্মবাসনাহেতু গোপীদের ভাবচ্ছবি-লাভাভিলাযও আমাদের বলিয়া এই প্রার্থনা করি—যে গোপীগণ হস্তাজ স্বজন এবং আর্ঘ-পথ ত্যাগ করিয়া শ্রুতিগণকত্ত্র বিমৃগ্য মুকুন্দ-পদবী প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের চরণধূলিপ্রাপ্ত শ্রীবৃন্ধাবনের গুলালতোষধির মধ্যে যে কোন একটা হইতে পারিলেও নিচ্চেকে ধন্ত মনে করিব—' (১০৬—৭) ভগবান শ্রীক্ষাের যে পাদপদ্ম স্বয়ং

শ্রীলক্ষী এবং আপ্রকাম ভক্তিযোগ-

প্রবীণ প্রীশুকাদি যোগেশ্বরগণদারা

অচিত, রাসমণ্ডলে স্বয়ং শ্রীগোবিন্দ-

দারা হুস্ত সেই শ্রীপাদপদ্ম আপন

আপন স্তানে নিহিত করিয়া আলিঙ্গন

পূর্বক যে গোপীগণ কৃষ্ণাপ্রাপ্তি-

হেতৃক নিজ হৃদয়ের আধি অনাদি-

কাল হইতে সর্বদা দুর করিতেছেন, সেই নন্দ্রজন্তীদের পদরেণ আমি বারংবার মন্তকে ধারণ করি, ঐ ব্রজন্ত্রীদের শ্রীহরিগুণামুবর্ণন ত্রিভূবন পবিত্র করে।' (১০৭) শ্রীক্লফের পরমপ্রেষ্ঠ যাদবগণের মধ্যে সর্ব-শ্রেষ্ঠ উদ্ধব-কর্ত্ত ক্র প্রীব্রজদেবীদের যশোৱাকাচল্রসৌন্দর্যদর্শনে উক্ত ঐ দৈহাবচন জাতাক বাজির চলদর্শন-বৎ মহাভুত—(১০৮) শ্রীব্রজদেবী-গণের মধ্যে আবার পর্মকাষ্ঠাপন্নতা-হেতু প্রীরাধাদেবীর ভাগ্য সর্বশ্রেষ্ঠ— (১০৯) এরাধাই সর্বশ্রেষ্ঠা—স্মৃতি শ্রত্যাত্মক্তপ্রমাণ—(>>০) অতএব শ্রীরাধার শ্রীভগবৎপ্রীতি-মাধুরীই সর্বোদ্ধ অধির চ-পরাবস্থা-প্রাপ্ত । শ্রীভগবৎপ্রীতির রসতাপত্তি-

স্থাপনা—লৌকিক কাব্যবিদ্দের রত্যাদিবৎ এই প্রীতিই কারণ, কার্য ও সহায়দারা মিলিত হইয়া রসাবস্থা পাইয়া স্থায়িভাব-নামে অভিহিতা হয়। প্রীতির কারণাদি ক্রমশঃ বিভাব, অমুভাব ও ব্যভিচারী ভাব-সকলই কথিত হয়। প্রীতিরূপত্ব-হেতুই তাহার ভাবত্ব; 'হাস্থপ্রভৃতি অবিক্লদ্ধ এবং ক্রোধাদি বিক্লদ্ধ ভাবদারা যাহা বিচ্ছিন্ন না হইয়া অন্ত সকলকে আত্মভাবাপন্ন করায়, সেই লবণাকরই স্থায়ী ভাব'-এই রসশাস্ত্রীয় লক্ষণ সঙ্গত হইল। কারণ স্থায়ী ভাবের বিভাবনাদি গুণদারাই অন্য ভাবসকলের বিভাবতাদি দেখান হইবে। তজ্জ্ঞ ভগবৎ-প্রীতিই কারণাদি ক্রুন্তিবিশেষদারা রসক্রপে পরিণতিযোগ্য ও ঐ কারণাদির

সহিত মিলিত হইয়া তদীয় প্রীতি-রসময় বলিয়া কথিত হয়: ভক্তিময় রসই ভক্তিরস হয়, যথা 'ভাবসকলই অভিসম্পন্না হইয়া রসরূপতা প্রাপ্ত ছয়।' প্রাকৃত রসিকগণ যে রস-সামগ্রী-বিরহহেতু ভক্তিতে রসতা স্থাপন করেন নাই, তাহা প্রাকৃত-দেবাদি-বিষয়ক ভক্তিতেই রসসামগ্রী ত্রিবিধ—(১) অর্থাৎ স্থায়িত্ব. স্বরপযোগ্যতা স্থায়িভাবত্ব এবং ভগবং-প্রীতিতে লৌকিক মহাস্থ্য-সমুদ্ৰ ব্ৰহ্মস্থ্ৰ হইতে অধিকতমই প্রতিপাদিত হইয়াছে। (২) পরিকরযোগ্যতা—অর্থাৎ বিভাবাদি-কারণসকল। তাহারাও অলোকিকত্বহেতু অদ্ভুতক্সপেই ভগবংপ্রীতিতে দেখান হইয়াছে এবং দেখান হইবে। পুরুষযোগ্যতা—প্রহলাদাদির মত তাদৃশ ভক্তিবাসনা ; ঐ বাদনা বিনা লৌকিক কাব্যমারাও রসনিপ্রতি হয় না। 'পুণ্যবন্ত করা যোগিবৎ রসসন্ততি লোকেরাই অমুভব করেন। রত্যাদি বাসনা বিনা রসাস্বাদ হয় না।' লৌকিক-রসের উৎপত্তি, স্বরূপ এবং আস্বাদ-প্রকার ঐক্লপই কথিত হয়। যথা— 'কোনও অমুভবী প্রমাতা তরায়তা-প্রযুক্ত সাকার বস্তর স্থায় এই রস আস্বাদন করেন, এই রস অপ্রাক্বত-সর্বোদ্রেকহেতু অথণ্ড স্বপ্রকাশানন্দ-চিনায়, বেছান্তরস্পর্শভূক্ত, ব্রহ্মাস্বাদ-সহোদর এবং লোকোত্রচমৎকার-প্রাণ।' প্রাচীন লৌকিকালৌকিক রসবিদদের মতন্বারা রস সিদ্ধ হয়-উহা সামাগ্রতঃ প্রীতগবরামকৌমুদী-

কার প্রভৃতি দারাই দেখান হইয়াছে—'মল্লানামশ্নিঃ' এই শ্লোকের **টীকা**য় <u>শ্রীস্থামিপাদও</u> অধিকারীই পঞ্চরসের রঙ্গস্তলে উপস্থিত ছিলেন বলিয়াছেন। সকল প্ৰোণ অদভূতত্ব <লিয়া বৈশিষ্ট্যাভাবে শাহতাদির অদ-ভুতত্বই নিৰ্দ্দিষ্ট হইয়াছে। যথা— বলিয়াছেন—'রসের চমৎকার সর্বত্রই অমুভূত হয়; ঐ চমৎকার-সারত্ত্ব दुञ সর্বত্রেই অদত্বত।' তজ্জ্য ক্বতী নারায়ণও রসকে অদ্ভুত বলিয়াছেন; কিন্তু মলাদির রৌদ্রাদিরস যাহা শ্রীস্থামি-পাদ অঙ্গীকার করিয়াছেন, প্রীতি-বিরোধন্বহেতু তাহা আদৃত হইল না। ইহা অলোকিক রসবিদ্দিগের মত। ভোজরাজাদি কোনও কোনও রসবিদ্গণদারাও প্রেয় এবং বৎসল রস সন্মত হইয়াছে। রত্যাদির বস্তবিচারে তুঃখপর্যবসায়িত্ব-ছেত্ত যথাকথঞ্চিৎই শ্রীভগবদ্বাক্য— ত্মথরাপত্ব—স্বয়ং 'সুখ এবং তুঃখের অনমুসন্ধানই বিষয়ভোগের বাসনাই 'আমাতে নিশ্চলা বুদ্ধিই শ্ম-' ইত্যাদি বাক্যদারা ভগবান অনাদৃত। জুগুপ্সাদির স্থ্যমূপতা লোকিক রসবিদ্যারাও দেশ। তত্তৎরদের নিকা শ্রীভাগবভরসের প্রশংসা য়পা---শ্ৰীক কাণীবাক্যে— শ্রীনারদবাকের. অতএব লৌকিক বিভাবাদির রস-শ্রমের নয়; রসজনকত্ব স্বীকার করিলে বীভংসজনকত্বই সিদ্ধ হয়। ঐভাগবতরসে কিন্তু অনিক্রিয়

খাবর হইতে মুক্ত পর্যস্ত দকলেরই আকর্ষকতা; প্রীভগবৎপ্রীত্যেকব্যক্তক প্রীমদ্ভাগবতও রসাত্মক, যথা
— 'নিগমকল্পতরোঃ' ইত্যাদি শ্লোকে।
রসামুভবী দিবিং—(ক) উপ্দেশ্যাপা
(খ) স্বতস্তদমুভবী লীলাপরিকরসকল; তাহার মধ্যে অন্তরঙ্গভৃহতু
লীলাপরিকরেরা রস্সার অমুভব
করেন; অন্তেরা বহিরঙ্গভৃহতু যংকিঞ্জিৎ অমুভব করেন।

5551 প্রীভগবৎপ্রীতিময় রস বিভাবাদি-সংযোগদারা প্রকাশিত বা ব্যক্ত হয়। লোকিক নাটারস-বিদদেরও চারি পক · (ক) অমুকার্য প্রাচীন নায়কে, (থ) লৌকিকত্ব. পারিমিতা এবং ভয়াদি অন্তরায়ত্ব-হেতৃ অমুকর্ত্তা নটে, (গ) শুন্তচিত্তে শিক্ষামাজহারা তদমুক্ত বহেতু সামাজিকে অর্থাৎ সভ্যে; (ঘ) নটের সচেতত্ত্বা আবিষ্টতা হইলে নটে এবং সভো (উভয়েই) রুসোদয় হয়। লৌকিকত্বাদি হেতৃর অভাব জন্ম শ্রীভাগবত-রুগজ্ঞদের কিন্তু তৎপ্রীতিময় রস-স্বাকার হয়। তাহার মধ্যে আবার বিশেষতঃ অমুকার্য পরিকরসকলে, যাঁহাদের হৃদয়াধ্যার্চ নিত্যই অমুকর্তাদিতে স্ঞারিত হয়, তাঁহাদের ভগবৎ-প্রীতির অলৌকিকত্ব এবং অপরি-মিতও স্বতঃই সিদ্ধ। লৌকিক রত্যাদিবৎ কাব্য-কল্পিত নহে—ইহা প্রীতির স্বরূপ-নিরূপণেই স্থাপিত হইয়াছে। ভগবংপ্রীতির ভয়ান্ত-নবচ্ছেত্বত্ব-শ্রীপ্রহলাদাদি এবং প্রীব্রজদেব্যাদিতে বাজে। ভগবৎ-প্রীতির জনান্তরাব্যবচ্ছেন্তত্ব--- শ্রীবৃত্র-

গজেন্ত্রাদিতে বা শ্রীভরতাদিতে এবং ভগবৎপ্রীতির ব্রহ্মানন্দান্তনবচ্চেল্যভূ— প্রীশুকদেবাদিতে প্রসিদ্ধ। প্রীতিকারণাদিরও ঐরূপ অলৌকিকন্ত জানিবে। আলম্বনের অলোকিক্ত — শ্রীভগবানের অসমোধর্যতিশয়ি ভগবস্তাহেত এবং তৎপরিকরেরও তত্ত্ব্যহহতু। ইহা শ্রুতি পুরাণাদির ছন্দুভি-ঘোষিত। উদ্দীপনকারণের এবং ভগবদীয়ত্বহেতৃ তদীয়দেরও অলোকিকত্ব. শ্রীভাগবতে— আগন্তকেরাও সেই শক্তিতে উদুদ্ধ বলিয়া তৎক্ষ্তিময় হইয়া অলোকিক-দশা প্রাপ্ত হয়—যথা প্রাবৃট্নী, মেঘাদি। কার্যরূপ পুলকাদিও অলৌকিক—যথা বেণুগীতে। নির্বেদাদি সহায়সকলও অলোকিক— देविष्णाविश्रमणाभिरङ्क छन्।। मानिष् লোক-বিলক্ষণ---কোথাও সকলেবট অলৌকিকত্ব—যথা প্রীব্রহ্মসংহিতাতে 'কথা, গান, গমন, নাট্য প্রভৃতি তহাৎ রসাধায়ক'--অতএব অতুকার্য রসেও রস্তাপাদন-শক্তি থাকাতে সেই প্রীতি-কারণাদিরও আলৌকিকত-ষারা বিভাবাদি-আখ্যা-প্রাপ্তি হয় মতই তাহাদের **তাঁ**†ছ†দেব বিভাবন— তত্তদাখ্যা হয় | রত্যাদির বিশেষরূপে আস্থানাঙ্কুর-যোগ্যতানয়ন। অনুভাবন— এবস্তৃত রত্যাদির স্বমনোমধো রুশাদিরূপে ভাবনা। সংগারণ--তথাভূত রত্যাদির সম্যক্ চালন— বাহিরে তদীয় বিয়োগময় ছুঃখেও প্রমানন্দ্রন ভগ্রানের এবং তদ্-ভাবের ন্দু ত্রি হৃদ্ৰ য়ে বৰ্ত্তমান থাকেই। অতএব কুধাতুরদের

অত্যুক্ত মধুর দ্বগ্ধবং সেই অবস্থায় রসত্ব ব্যাঘাত হয় না। তখন প্রম-আনন্দরূপ তদভাবেরও বিয়োগতঃখ-নিমিতত্ব চল্লাদির তাপনত্ববং জানিবে। তদ্ধপ সেই দ্বঃখও ভাবা-नमञ्जू विद्या चाराभी मः यार्थन বলিয়া সুখান্তঃপাতই : তদীয় করুণরসেরও সর্বজ্ঞ-বচনাদি-রচিত প্রাপ্তনাশা থাকায় এবং অবশেষে সংযোগ হওয়ায় সেথানেও ত্রথান্ত:-পাত্র সিদ্ধ। অতএব বিয়োগেও অমুকার্যের রসোদয় সিদ্ধ হইল। শ্রবণজ অমুরাগাপেকা দর্শনজ অমু-রাগের শ্রেষ্ঠত্বহেতু ইহাই মুখ্য। যথা— শ্রীপট্রমহিষীদের এবং শ্রী-উদ্ধবের বাক্যে—প্রীতিরসে অন্ত-কর্ত্তাও ভক্তই সম্মত, অন্তলোক সম্যক অমুকরণে অসমর্থ— প্রীতিতেও অন্নুকরণ হইতেই রসোদয় হয়, কিন্তু ভক্তিবিরোধহেতুই ভক্তে ভগবদ্-বিষয়ক ভক্তিরস প্রায়শঃ উদিত হয় না. ভজ্জন্য ভক্তও তাহার অমুকরণ তদম্বভবও করে না। ভগবৎ-সম্বন্ধিত্বরূপেই হয়, আত্মীয়তারূপে হয় না, সেই অমুভৰ ভক্তগত রগোদ্দীপনরূপেই চরিতার্থতা প্রাপ্ত হয়: অতএৰ কোথায়ও শুদ্ধভক্ত-গণের যদি ভগবদমুভাবের অমুকরণ হয়, তবে তাহা তদীয়ত্বরপেই হয় -श्रीयवक्तरण इय नाः এইक्रर्लिं সমাধান করিতে হইবে। যেখানে কিন্ধ ভক্তির বিৰোধ সেখানে তাহার উদয়ও হয়। প্রীতি-র্দে সামাজিকও ভক্তই অভী এবং তাহাতেই সিদ্ধি; দুগুকাব্যেই এই রসভাবনাৰিধি। প্ৰব্যকাৰ্য্যেও

বর্ণনীয়, বর্ণক এবং শ্রোতৃভেদে যথা-যথ জানিবে; আরও এই বিষয়ে রত্যুক্ষরবানুদেরই প্রায়শঃ বর্ণনীয়াদির অপেক। হয়। প্রেমাদিমান্দের কিন্ত যথাকথঞ্জিৎ স্মরণই রসোদয়ে হেতু হয়। ষড্জাদিময় স্বরমাত্রও এ বিষয়ে হেতু হয়। অতএব প্রেমাদিভাবই ভক্তে সর্বসামগ্রীর উদ্ভব করে, লৌকিক রসজ্ঞেরাও বিভাবাদি কোন অঙ্গের অভাবেও তত্তদঙ্গ-সমাক্ষেপহেতু রসনিপ্রতি স্বীকার করিয়াছেন ৷ ভগবৎপ্রীতিরসিক দ্বিবিধ—(**১**) তদীয়-লীলাস্তঃ-পাতিগণ এবং (২) তদম্বঃপাতিত্বা-ভিমানিসকল। তন্মধ্যে প্রথম পক্ষে প্রাক্তন যুক্তিশ্বারা রস স্বতঃই সিদ্ধ। দ্বিতীয় পক্ষে দ্বিবিধা গতি—(ক) ভগবল্লীলান্তঃপাতি-সহিত ভগবচ্চরিত শ্রবণাদিয়ারা এক এবং (খ) ভগবন্যাধুর্যশ্রবণাদিম্বারা (ক) আবার—(অ) স্মানবাসন, (আ) বিলক্ষণবাসন ও (ই) বিক্রবাসনভেদে ত্রিবিধ; (অ) তল্লীলান্তঃপাতী যদি ভজের সমবাসন হয়, তখন সদৃশভাবই স্বয়ং সেই লীলান্তঃপাতিবিশেষের বিভাবাদি তাদুশত্বাভিমানিভক্তে ভাবে প্রকাশিত করে, যথা পরের যে সে পরের নয়, আমার যে সে আমার নয়: অতএব তদাস্বাদে বিভাবাদির পরিচ্ছেদ বর্ত্তমান থাকে না। (আ) যদি কিন্তু বিলক্ষণ-বাসন হয়, তখন বিভাব, অমুভাব এবং স্ঞারী ভাবের প্রকাশ পায়. তদ্বারা তদ্তাববিশেষের উদ্দীপন্মাত্র হয়. কিন্তু রসোদ্বোধ হয় না। (ই) আবার যদি বিরুদ্ধবাসন হয়, (যথা বৎসলের সহিত প্রেয়নীভাবের) প্রীতিসামান্তেরই সেই वार्जनापिनर्गन्याता छेकीशन इश. ভাববিশেষের উদ্দীপন হয় নাঃ জন্মেনা। তৎপর রুসোদ্বোধও শেষাক্ত (খ) শ্রীভগবনাধুর্যাদি-তল্লীলাম্বঃপাতিবৎ শ্রবণাদি-বিষয়ে স্তন্ত্রই রসোদোধ হয়, অতএব শ্রীভগবং-প্রীতির রুগম্বাপত্তিসিদ্ধি-বিষয়ে এইরূপ বিচার চিন্তনীয়। তৎপ্রীতিই বিভাবাদি-সম্বলিতা প্রীতিময় রগ। যথা খণ্ডমরীচাদির সম্মেলনহেতু প্রপাণকরসে অপূর্ব কোনও স্বাদ জন্মে, তদ্ৰপ বিভাবাদি-সম্মেলনদার। এই ভগবংপ্রীতিরসেও অপূর্বাস্বাদ জন্মে এবং সেই প্রীতিরস ভগবনাধুর্যামুক্ল্যের অমুভব-লক্ষণ উদ্দীপনবিভাবরূপ আন্তাদিয়াবা স্বাংশে আস্বাদরূপ **ছ**য় ভগবদাদিলক্ষণ আলম্বনবিভাবাদিরূপে আম্বাল্যরূপ হয়। অতএব রুশকে আস্বাদন ও আস্বান্ত উভয়ই বসা হয়। বিভাব-প্রীতিরসে বিভাব দ্বিবিধ-(১) আলম্বন ও (২) উদ্দীপন; (১) আলম্বন দ্বিবিধ— (ক) প্রীভিবিষয়-রূপে স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ এবং (খ) সেই প্রীতির আধার-রূপে তৎপ্রিয়বর্গ। তত্তনাধুর্যের অনভিব্যক্তিতেও শ্রীক্বঞ্চের স্বভাবতই প্রিয়তমত্ব—'তুলয়াম লবেনাপি'— ইত্যাদিয়ারা তৎপ্রিয়বর্গ পূর্বেই দেখান হইয়াছে; তৎপ্রিয়বর্গের ভগবদ্বিষয়ক প্রীত্যালম্বনম্বও যুক্তই, কারণ যে প্রিয়বর্গ স্মরণপথে গত হইলে, তদাধারা সেই প্রীতি অমুভূতা

হয় |

১>২। অতএব যে প্রিয়বর্গকে আশ্র করিয়া শ্রীভগবানে দেই প্রীতিবিশেষ প্রবর্ত্তিত হয়, আলম্বন জানিতে প্রিয়বর্গকেও হইবে। অতএব স্বাদ্ন ও বিলক্ষণ-বাসনক দ্বিবিধ তৎপ্রোগ্নবর্গ বিষয়া যে প্রীতি হয়, তাহাও তৎপ্রীত্যা-ধারত্বরপেই হয়, কিন্তু স্বদম্বনাদিশারা হয় না। অতএব তৎপ্রিয়বর্গেও শ্বন্ধহেতুকা প্রীতি নিষেধ করিয়া শ্রীভগবানেই সেই প্রীতি অভার্থনা পুনরায় তদাধার্থ-রূপেই তৎপ্রিয়বর্গে প্রাতি অঙ্গীকার করা ্য্র—যথা শ্রীভগবানের প্রতি শ্রীকুত্তী-বাক্যে প্রথম নিবেধ-(১১৩) তৎপর অভ্যর্থনা—(১১৪) তৎপর মঙ্গীকার। ১১৫। এরপে 'বুক্ল' ইত্যাদি শ্রীভগবানের শ্লোকম্বয়ে

প্রতি শ্রীউদ্ধববাকাও সঙ্গমনীয়: শ্রীউদ্ধবের সিদ্ধত্তে এই বাক্য-সন্তাবনা হইলেও স্বর্যাজদারা অন্তকে উপদেশ দেওয়া হইল বলিয়া জানিতে হইবে; শ্রীকুম্বীবাক্যেরও অগ্ৰ অবতারিকা আছে—যথা গম্বে পা खदान्त्र व्यक्त्मन, व्यापति दृश्वित्तत्र, অতএব উভয়থা ব্যাকুলচিতা হইয়া স্বেহচ্ছেদব্যাজম্বারা <u> প্রীকৃন্</u>তীদেবী উভয়দেরই 'তোমা' হইতে অবিচ্ছেদ যাহাতে হয়, তাহাই কর-ইহাই প্রকাশ পাইয়াছে।

১১৬। তজপ গ্রীদেবকীর ষড়্-গর্জানমনে তাঁহাদের প্রতি যে স্নেহ দেখা যায়, তাহা নিশ্চয়ই স্বপীত-শেষ-স্তম্প্রপাদদারা তাঁহাদের উদ্ধারের জন্ম শ্রীভগবান্কভূ ক প্রপঞ্চিত হইয়াছে; যথা শ্রীভাগবতে —তথাপি তন্মায়া তৎসহোদরতা-ফু তিকেই অবলম্বন করিয়া শ্রীদেবকীকে মোহিত করিয়াছিল— ইহাই মন্তব্য। তদ্ৰপ শ্ৰীকৃক্নিণী-স্নেহতদ্বৈষ্ণাদি-কৌতুক-দিদৃকু খ্রীভগৰান্যারা কিয়া তল্লীলা-ণক্তিদারা তদর্থ রক্ষিত হইয়াছে – বলদেবের স্বশিদ্যীভূত চুর্বোধনের পক্ষপাতও কথনও সেহক্ষয়কর ক্রোধও দেখা यात्र, यथा नमागाहतरन-এই সকলই কিন্তু বৈচিত্ৰীপোষণের জন্ম তল্লীলা-ণক্তিদারা প্রপঞ্চিত হইয়াছে। উদ্দীপন বিভাব---যাহাদারা বিশিষ্ট হইয়া একুক আলম্বন হয়েন, সেইসকল ভাব বিভাবনহেতুত্বে পৃথক্ নিদিন্ত হইয়া উদ্দীপন নামে কথিত হয়—তাহারা (ক) গুণ (খ) জাতি (গ) ক্রিয়া (ঘ) দ্রব্য এবং (ঙ) কাল্রপ। (১১৬— ১৭) (ক) প্রণ—কায়, বাক্য এবং মানসাশ্রয়ভেদে ত্রিবিধ। তাহারা সকলেই অপ্রাক্ত যথা---শ্রীভাগবতে ৮৫ গুণ, তন্মধ্যে ১৭টী कीरवर यनचा ७ ७४ ही कीरनचा — শ্রীকৃষ্ণের গুণসকলের মধ্যে কত-পরস্পর বিরুদ্ধ হইলেও মচিন্ত্যশক্তিবশতঃ এক শ্রীকৃষ্ণকেই আশ্রয় করিয়া আছে—(১১৮—১২০) বিরুদ্ধার্থসদ্ভাবেও কিন্তু কোন দোষের সন্তাবনা নাই, কারণ শ্রুতিতে মাছে—'এই আত্মা অপহতপাপ মা' —(১১৮) অন্তদীয় গুণের স্থায়

ভগবদীয় গুণের দোষ-মিশ্রত্ব নাই;

প্রমানন্দরূপ শ্ৰীভগৰান বিষ্ণুতে গুণাদিসম্পরলক্ষণা অনন্তশক্তিবৃত্তিকা স্বরূপপক্তি বিধা বিরাজমানা আছে. অনভিব্যক্ত নিজ-তাঁচার অন্তরে বাহিরে অভিব্যক্ত ভজ্জন্ম নিজেতে প্রম-

মষ্টিতে এবং नशीनाभी मुखिनाता। अत्राप्ताकिरे মৃত্তিমতী হইয়া সর্বগুণসম্পদ্ধিষ্ঠাত্রী হয়েন। আনন্দত্তের এবং সর্বগুণসম্পত্তিব পরমপূর্ণত্বহেতু উভয়- : স্বরূপ-সিদ্ধ প্রকারের মধ্যে পৃথকভাবে স্থিতা মৃতিনতী লক্ষ্মী শ্রেষ্ঠা হইলেও তিনি তাঁহার অপেকা করেন না, যেরূপ অন্তে অপেকা করে; কিন্ত ভক্ত-বশ্যতা-স্বভাবদারা প্রেমবতী বলিয়া তাঁহার অপেক্ষাও করেন (১২১) পুর্বোক্ত গুণবিরোধন্বহেতু নাই— দোষমাত্রও প্রীভগবানে

দয়া-বিপরীতদোষ তাঁহার প্রাকৃত ত্ব:থে অস্পৃষ্টচিত্ততাহেতু পরমাত্ম-পরিহ্নত হইয়াছে। সন্দর্ভাদিতে তৎপ্রসাদদর্শনাভাবও ভজের দৈয়

বুদ্ধি করিয়া ভক্তিরস-পোষণার্থ ই

হইয়া থাকে—যথা শ্রীমদ্ভাগবতে

তদ্ৰপ

(5|4|52);

সংসারত্বঃখ হইতে অনুদারিতারূপ

নবকাদি-

ব্রন্ধ-ছারা

তাঁহার অভক্তদিগকে

ব্রজবালকদের মোহনও ব্যাথ্যেয়। যজ্ঞপত্নীগণ বাহ্মণী বলিয়া তিনি স্বীকার করেন নাই, যেহেতু তাদুশ-नीनाग्न गकलात्रहे अथीि इहेछ।

কারণ তিনি 'তাদৃশী ক্রীড়া করেন, ষাহা শুনিয়া লোকসকল হয়।' বন্ধার প্রতি সনকাদির বাক্যে

স্থির

নলিয়া

চিত

তেজীয়ান্দেরও অগমাাগমন

হইয়াছে।

শ্রীভগবান যজ্ঞপত্নীদিগকেই তাহাই বলিয়াছেন (১০/২ গ্রহ)।

১২২। এতদারা ভভ স্থগ্ৰ-বৈপরীত্যাভাসও ব্যাখ্যাত হইল। দিবিধ ভক্ত—(১) দুরস্থ

পরিকর—(১) দূরস্থ ভক্তদের জন্ম কোথাও পর্ম প্রবল সুহত্ত্ত্ত্ ব্রহ্মণ্যত্তাদির আবরণও গুণদ্বারা

প্রায় দেখা যায়-যথা শ্রীঅম্বরীষ-চরিতাদিতে। ইহাদের সম্বন্ধে আত্মীয়ত্বই দেখা যায়— যথা 'অহং

ভক্তপরাধীন:' ইত্যাদি বাক্যে—(২)

পরিকরদের প্রতি আত্মৈকত্বই দেখা যায়—জয়বিজয়শাপাদি-সম্বন্ধে এবং স্থান্দম্বারকা-মাহাত্ম্যগত তুর্বাসার তুরু ত্ত-বিশেষে—অতএব শ্রীভগবানের

প্রেমান্ত ছ—শ্রীপৃথুসম্বন্ধে, শ্রীশুক-বাক্যে—(১২৩) ভক্ত্যান্ত্র যথা

শুক্রাখ্যভগবানের

প্রেমান্দ্র ও ভক্তবশ্যস্বগুণ সর্বাচ্ছাদক।

প্রীমৈত্রেম্বাক্যে ভা° ৩৷২১/৩৮] (১২৪) বাৎসল্যান্ত ত্ব--যথা কুরুক্ষেত্রে মিলিত প্রীনন্দযশোদাকে আলিম্বন ও

শ্রীকর্দমপ্রতি

অভিবাদন করিয়া প্রীশ্রীরামক্বফের— (১২৫) মৈত্যাদ্র স্থ—যথা শ্রীকৃষ্ণের

শ্রীদাম বিপ্রকে আলিঙ্গন করিয়া— কান্তভাবাদ্র স্ব—শ্রীক্ষাক্র

রাসান্তে রতিশ্রান্ত গোপীদের বদন মার্জন করিয়া। (২৭) প্রেমবশ্যত্ব-

ভক্তিবগ্রন্থ - শ্রীবামনদেবের শ্রীবলির স্থিতিদারা (১২৮) দারিক্সপে

বাৎসন্যবশ্রত্ব—শ্রীগোপীগণের দারা স্তোভিভ হইয়া দারুযন্তবং শ্রীক্লফের

গানদারা—(১২৯) এবং মৈত্রীবশ্রত্ব—শ্রীকৃষ্ণ-কর্তু ক পাণ্ডবদের

সারথ্যাদি-করণদারা—(১৩০) কান্ত-

ভাববগ্যস্ব—শ্রীক্লফ্লের রাসপ্রসঙ্গে

তদর্থে সর্বত্যাগী গোপীদের নিকট 'ঋণ'-স্বীকার্নারা।

প্রীভগবানের ১৩১। অতএব প্রেমার্দ্র ছাদিগুণ তাঁহার ও প্রম-সাধুগণের ক্রচিকর বলিয়া কাদাচিৎক সত্যাদি-বৈপরীতাও প্রমগুণশিরো-মণির শোভাই প্রকাশ করে---

(:৩২) সত্যবিরোধীও গুণ--যথা শ্রীতীম্ম-প্রতিজ্ঞারক্ষার্থ নিজ প্রতিজ্ঞা-শোচবিরোধী—যথা ত্যাগকরণ: কুবলয়কে মারণানন্তর হস্তিদন্ত ক্ষমে করিয়া এবং রুধির ও মদ্বিন্দ্বারা

রঞ্জিত হইয়া—(১৩৩) ক্ষান্তিবিরোধী —যথা প্রভারতে এবং প্রভাগবতে. কংসের প্রতি কুপিত হইয়া—(১৩৪)

সস্থোষবিরোধী — হরিভক্তিস্থধোদয়ে এবং শ্রীভাগবতে, যশোদার স্বন্ত-অতুপ্তি ঘারা—(১৩৫) পানে আর্জবাদিবিরোধি যথা—বলি প্রভৃতির

প্রতি স্থগ্রীব হন্নুমানাদির জন্ত পক্ষ-পাত্ময় জানিবে, কারণ 'দেবের ক্রোধও সর্ব-শুভঙ্কর বরের তুল্য'—

এই স্থায় দারা উহা সিদ্ধ হইয়াছে। (১৩৬-8२) भगविदताशी

তাঁহার প্রেষ্ঠজনবিশেষ প্রেয়সীদের প্রেমবিশেষরূপই— যথা <u>এমহিবীদের</u> সম্বন্ধে। (084)

এরবুনাথচরিতে এসীতা-হরণানস্তর শোকপ্রকাশ দারা স্ত্রীসঙ্গিদের গতি এবং শ্রীসীতার পাতাল-প্রবেশানস্তর তাঁহার গুণসকল স্মরণ

ভক্তিবিশেষ-ক্র**ন্দ**নদারা অন্তরে সৌখোর তৎপ্রেমবশ্যতার **G 9** প্রকাশ এবং বাহিরে কামুকক্রিয়ার

দেখাইয়া সাম্য সাধারণজনের

এবং

গ্রীষ্মঋতুর বর্ণনে কালক্বত

ৰৈরাগ্য জনাইবার জন্মই ঐরপ বলা হইয়াছে। শ্রীভগবচ্চরিতের সর্বথাই হিতকরত্ব-হেতৃ উভয়বিধ ভাৰপ্ৰকটন যুক্তই হইয়াছে—অতএব শ্রীভগবৎকামের প্রেয়সীবিষয়ক প্রীতিবিশেষমাত্র-শরীরত্বহেতৃ নাই—যথা শ্রীমহিষী এবং শ্রীগোপী-সম্বন্ধে। ভক্তভিন্ন অন্তত্ত্বই সাম্য দেখা যায়: সর্বজ্ঞত্বাদি-বিরোধী মোহাদি — — ভক্তপ্রেম - বিশেষময় কোনও নরলীলাবেশময় প্রকাশ-বিশেষে কদাচিৎ সর্বজ্ঞতাদির বিরোধী মোহাদিও স্বেচ্ছাপূর্বক অঙ্গীকার করা হেতু এবং তাদৃশ মোহাদির তল্লীলামাধুর্যরাহিত্য হইলে বিদ্বান্-দিগেরও প্রীতিম্বখদ হয় না বলিয়া গুণই, দোষ নয়—যথা অঘাস্থরের মুখমধ্যে গোপবালকদের প্রবেশ-সময়ে এবং ব্ৰহ্মা-কৰ্ত্তক হ'ত বালক এবং বৎসগণকে না দেখিয়া-(১৪৪) কিন্তু যখন শ্রীভগবানের ইচ্ছা হয় না, তখন যদি প্রতিকৃল লোক তাঁহাকে মোহাদিলারা যুক্ত করিতে চাহে, তখন তিনি মোহাদি দ্বারা সর্বথা युक्त হন না, यथा শাল্বমায়া দারা ঐক্তের মোহাভাবই স্থাপিত হইয়াছে—(১৪৫) কিন্তু ভক্তপ্রেম শোকাদি বণিত পাববভারারা হইয়াছে, যথা শ্রীরামচরিতে এবং শ্রীক্ষণ-চরিতে শ্রীদাম বিপ্র এবং গোপীদের সহিত ব্যবহারে—(১৪৬) শ্রীভগবানের ভক্তসম্বন্ধবিনাই স্বাতন্ত্র্য —যথা 'অহং ভক্তপরাধীনঃ' ইত্যাদি বাক্যে; গোচারণাদিতেও স্থথিত্ব-গুণামুকুলাই মন্তব্য, গোচারণচ্ছলে নানাক্রীড়ায় স্থই হয়, যুগা

ক্ৰীড়াক্বত তুঃখ-নিষেধ বৰ্ণিত আছে। (১৪৭) হৈর্যবিক্ষ বাল্যাদিচাপল্য ও ওণরাপেই স্পষ্ট দেখা যায়। (১৪৮) শ্রীউদ্ধববাক্যে রক্তলোকত্ব—যথা (৩।৩।২০-২১) অত্মরদের প্রতি অপরক্তত্বের কারণ--যথা শ্রীশিববাক্য [৪।৩।১৯]। (১৪৯) যদিও খ্রীভগ-বানে এই সকল গুণের নিত্যত্ব, তথাপি তত্তৎলীলাসিদ্ধির কোথায়ও কোন গুণের প্রকাশ হয়--(১৫০) অতএব অবসর-বিশেষ হইয়া তত্তংগুণ-সমুদয়ের প্রাপ্ত বিশেষাবির্ভাবহেতু একই ভগবান্ পৃথক পৃথক ব্লপে ধীরোদাতাদি ব্যবহার-চভুষ্টয় প্রকাশ করেন--ধীরোদাত গুণ--প্রিগোবর্দ্ধনোদ্ধরণাদি শক্রসন্তাষাত্ত লীলায় বর্ণিত। ধীর-ললিভত্বাদি— শ্রীমদ্বজদেবীগণের সহিত লীলায় স্থপষ্টক্সপে ব্যক্ত হইয়াছে: ধীরশান্তগুণসকল-শ্রীযুধিষ্ঠিরাদির নিকটে তৎপালন-লীলায় ব্যক্ত হইয়াছে : ধীরোদ্ধত-গুণ সকল তাদৃশ অস্থ্রদিগকে প্রাপ্ত হইয়াই কোথায়ও উদিত হয়। অতএব रूष्टेम**७नटर**ूष्टे देशामत खगय। (থ) জাতি—তাঁহার এবং তৎ-সম্বন্ধিদের দ্বিবিধ—গোপ্ত এবং ক্ষত্রিয়ত্বাদি: এবং কিশোরত্বাদি অন্তত্ত তত্বপমাবুদ্ধি-জনক। তৎ-সম্বন্ধিদের জাতি কিন্তু গবাদিকা জানিবে। (গ) ক্রিয়া — ऍ क्ली भन-मरश नी ना है कि हा। छ हा দিবিধা-(অ) তৎসালিধ্যদারা মায়া-কর্ত্তক দশিত স্প্ট্যাদি মায়িকী এবং

(আ) তদীয় শ্রীবিগ্রহের স্বরূপা-

নন্দৈকরূপন্থহেতু তাঁহার স্মিত, বিলাস, খেলা, মৃত্য এবং যুদ্ধাদিচেষ্টা স্বরূপশক্তিময়ী; 'লীলাকৈবল্য কিন্তু লোকবং'—এই ক্লায়দারা দ্ব্যবের স্বভাবত:ই তদিছোকোতুক আছে; অতএব তত্তজ্জাতি এবং লীলাভিনিবেশ শুনা যায়।
১৫১। তিন্তুপ্রে শ্রীবিগ্রহ-চেষ্টা

আবার দ্বিবিধা—(অ) ঐশ্বর্যময়ী এবং (আ) মাধুর্ঘয়ী; তর্মধ্যে আবার নিজজনপ্রেমময়ত্বহ<u>েতু</u> মাধ্ৰময়ী চেষ্টাই বিহারাধিকো কারণ। যথা-গোপবালকদের সহিত যথেচ্ছবিহার দেখিয়া পরমবিশ্বয়ে এবং হর্ষে প্রীশুক বলিয়াছেন——'এই প্রীনারায়ণাদি স্বাবির্ভাবে প্রীলক্ষীদেবী ধাঁহার পাদপন্ন সেবা করেন, খাঁহার লীলাই তত্তল্লীলোচিত ভ্ৰঘট-তুৰ্ঘট-সর্বার্থসাধক এবং যিনি লৌকিকবৎ তিরোধানপুর্বক ব্যবহারকারী, তিনি অলৌকিক নিজজন ব্রজবাসীদের প্রতি রূপা করিয়া স্বীয়-পার্মেশ্র্যে তত্তল্লীলামাধুর্যবিশেষের আবেশ হেতু অলৌকিক গোপাত্মজত্বময় চরিতদারা লৌকিক গোপাত্মজত্বের অমুকরণ গ্রাম্যবালকদের কোনও গ্রামাধীশ-বালক যেমন খেলা করে, তদ্বৎ তিনিও লীলাকেই মাত্র প্রধান করত ঐশ্বর্যস্পর্শরহিত হইয়া অত্যন্ত আনন্দ অহুভব করেন।' এরপ লীলাবেশ অনেক স্থলেই দেখা যায়—যথা সম্পূর্ণরূপে স্কন্ত পান করিবার পূর্বে শ্রীযশোদাকর্ত্তক ক্রোড়চ্যুত হইয়া, অধাস্থরের মুখ-মধ্যে ব্রজবালকদের প্রবেশ বারণ করিতে না পারিয়া উহা

ঘটনাই মনে করিয়া: অতএব তত্তৎলালাতে শ্রীক্ষার কর্মসোষ্ঠব দেখিয়া মুনিরাও সচমৎকার বর্ণনা করিয়াছেন, যথা—জরাসন্ধ যুদ্ধান্তে শ্রীশুকবাক্য ও সময়ে বত এক গৃহে শ্রীক্ষের গৃহস্তা দেখিয়া শ্রীনারদবাক্য—এই সকল চরিতে যাহা কিছু অলৌকিক কার্য দেখা যায়, তাহা তত্ত্মীলারদ-মাত্রাসক্ত শ্রীক্ষের লীলাখাশক্তি স্বয়ং স্থভাব-সিদ্ধ ঐশ্বর্যবারা সম্পাদন করিয়াছেন. প্রীযশোদাকে যথা—মৃদ্ভক্ষণানন্তর শ্রীমুখমধ্যে বিশ্ব দর্শন করাইয়াছেন। 'যদি সত্যগিরস্তর্হি—' ইত্যাদি তদীয় সরসকৃতা লীলা এবং 'অব্যাহতৈশ্বর্যং' ইত্যাদি তত্তপ্লীলাশজ্ঞি-ক্লতা। উহা প্রীব্রজেশ্বরীর বাৎসলার্স-পোষিকা, বিশায় এবং আশন্ধাকেও পোষণ করে। 'নাহং ভক্ষিতবানম্ব' —ইত্যাদি সম্ভ্রমবশতঃ উক্ত মিথ্যা শ্ৰীকৃষ্ণ-বাক্যকেও সতাত্ব করাইল-এই প্রকারে প্রীদামোদর-পর্যন্ত শ্রীক্লফ্টের লীলাতে যে वन्नत्नष्ठा जत्म नाष्ट्रे, त्म भर्यख রজ্জুর অপেকা ঘ্যস্থলাধিকত্ব-প্রকাশ, কিন্তু যথন মাতৃশ্রম দেখিয়া তাঁহার ইচ্ছা হইল, তখন আর রজ্জু ছোট হইল না-এরপ শ্রীকৃষ্ণের কুপাদৃষ্টি-প্রভাবদারা বিষময় মোহ হইতে উদ্ধারণ-লীলাবেশদারা স্থাদের দাবাগ্নিপান করিতে ইচ্ছা হওয়া মাত্র স্বয়ং তাহার নাশ।

১৫২। রাস-প্রসঙ্গেও লীলাশক্তি-ধারাই যত গোপী, এক্লিফের তত প্রকাশ হইয়াছিল, নিজ-দারা হয় नारे। यथन औक्रस्थत मतन नकन গোপীর সহিত যুগপৎ লীলা করিবার रेष्टा रहेग्राष्ट्रिल, তथनरे लीलामिक যত গোপী তত শ্রীক্ষাের প্রকাশ করিয়াছিলেন—(১৫৩) এবস্প্রকারে মাধুৰ্যময়ী नौनात्रह উৎকর্ষ দেখান হইল। এই মাধর্য-ময়ী লীলার মধ্যে আবার বিচিত্র-লীলা-বিধান শ্রীক্বফের পূর্বদর্শিত विनाममशी नीनार युगपर व्रमाधिकाः **१ ह्या अक ए**न वा पित्र निक छे थवः শ্রীশিব-ব্রহ্মাদির নিকট প্রম্মধুর রূপে প্রকাশ পায়—ক্রীড়ামামুষরূপী প্রীক্রম্ভের অগুলোকমর্যাদাময়ী ধর্মামুষ্ঠানলীলা কিন্ত কেবলমাত্র धर्मवौतापि ভक्তप्तत निक्टिंहे मधुत-রূপে ভাসমান হয়, তাদুশ প্রীশুক-দেবাদির নিকট হয় না-যথা দারকায় প্রীনারদ প্রীক্ষরে ধর্মান্তর্গান দেখিয়। 'খেদই' পাইয়াছিলেন।

১৫৪। छेनाजीख-नौना - किर्छ নিকট মধররূপে জ্ঞানিভক্তদের ভাসমান হয়।

(ঘ) তদীয় দ্রবা —(আ) পরিষ্ঠার. (আ) অস্ত্র, (ই) বাদিত্র, (ঈ) স্থান, (উ) চিহ্ন, (উ) পরিবার ভক্ত, (ঋ) निर्भानगानि । (অ) পরিষার---ও পুষ্পাদি—ভগবদীয় বস্তালস্কার ইহারাও যে তৎস্বরূপভূত, ইহা ভগবৎ-সন্দর্ভে দেখান হইয়াছে।

১৫৫। তথাপি 'ভূষণেরও ভূষণ অল' এই ভাষদারা তাঁহার সৌন্দর্য-সৌরভ্যাদি দারা পরিক্রিয়মাণ হইয়াই বস্তালম্বারাদি তাঁহার অসশোভা বৃদ্ধি করে, কেবল নিজগুণদারা শোভা বুদ্ধি করে না। তিনিও স্বশক্তি-বিলাস তত্ত্বপ তাহাদিগকে প্রাপ্ত

হইয়া স্বীয় তত্তদগুণসকল বিশেষরূপে প্রকাশ করেন বলিয়া তাঁহারও তত্তদ-পেক্ষা সিদ্ধ হয় ৷ অতএব 'পীতাম্বর-ধর: স্রাথী সাক্ষানামথমন্মথ:' ইত্যাদি বাক্যে অসমোদ্ধ-সৌন্দর্যশালী খ্রী-ভগবানের পরিষ্কার-রূপে বর্ণিত স্রক পীতামরেরও অসমোদ্ধ সৌন্দর্যত জানা যায়। ঈদৃশ বাস তাঁহার নিতাই আছে, কিন্তু 'গিরিবনেচরা' ইত্যাদি রজকবাক্য অস্থরদৃষ্টি-হেতুই। শ্রীবিঞ্পুরাণেও লৌকিকদৃষ্টিহেতুই অবর্ণাজনচুর্ণবারাই তাঁহারা ছইজন ভূষিতাম্বরযুক্ত ছিলেন ইত্যাদি— উত্তমত্ব জানাইবার জগুই বলা হইয়াছে। মূলেও 'ভাম হিরণ্য-পরিধি' ইত্যাদি বলা হইয়াছে। ইহাভিন্ন কালীয়, বৰুণ ও ইন্দ্রাদিদত্ত অসংখ্য বিচিত্র উপহার-বস্তাদিদারা তদ্দিনে তিনি অন্তপ্রকারে প্রতীয়-মান হইয়াছিলেন: অতএব কংসাহত বাদের স্বীকারও তদীয় স্বরূপ-শক্ত্যৈক-প্রাত্মর্ভাবরূপ নরকান্তত ক্সাদের মতই জানিবে। (আ) অন্ত—যষ্টি চক্রাদি। (ই) বাদিত্র— বেণু শঙ্খাদি; (ঈ) স্থান-শ্রীবৃন্দাবন মথুরাদি; (উ) চিহ্ল-পদান্ধাদি (উ) পরিবার—গোপাদি; (ঋ) নির্মাল্যাদি —(शाशीठन्सनापि। (३৫৫) (७) কাল-তদীয় জনাইম্যাদি:(চ) ভক্তস্বযোগ্যতাও উদ্দীপনন্নপে দেখ যায়। (১৫৬) (ছ) শ্রীভগবদঙ্গবিশেষ —তজ্রপ তদ রসবিশেষে শ্রীভগবদ**দ**-বিশেষও উদ্দীপন-বৈশিষ্ট্য প্রাপ্ত হয়, যথা শ্রীস্থতবাক্য—'বক্ষঃ— (श्वित्रनीरित्र ; यूथ---वाष्त्रनाऽ-त्रत्रत्र ; বাছ-পাল্যদের; পদামুজ-সকল-

ভক্তদের।'

বিরোধী ১৫१। (ज) দ্রব্যাদিও প্রতিযোগিমুথে উদ্দীপন হয়, যেমন স্থাদিতাপ জলাভি-লাষের হেতৃ হয়। যথা শ্রীবলরামের বিপক্ষপক্ষীয় রণোভ্তম শুনিয়া শ্রীকৃষ্ণ-প্রতি (১০(৩)১৫); এইরূপ ধুলিপঞ্চক্রীড়াদিরুত শ্রীক্বফের মালিখাদিও বাৎস্ল্যাদিতে উদ্দীপন হয়—বৃদ্ধাদিকত প্রাতিকৃল্যাদিও কাতভাবাদিতে উদ্দীপন হয়। যখন উদ্দীপনসকল ভয়ানকাদি 7.8 গোণরম্ও জনায়, তখনও তাহার শাস্তাদি পঞ্চমুখ্য প্রীতিরসের পোষকতা প্রাপ্ত হয়।

১৫৮। এই উদ্দীপনমধ্যে আবার গ্রীবৃন্দাবন-সম্বন্ধি বস্তুসকল কিছ প্রকৃষ্ট। প্রীবৃন্দাবন সকলের পর্ম প্রীত্যেকাম্পদ, প্রীকৃষ্ণেরও প্রম-প্রীত্যেকাম্পদ শুনা যায়; যথা-শ্রীভাগবতে স্বয়ং শ্রীকৃষ্ণ এবং তদীয় পরমভক্তগণ বলিয়াছেন। অতএব শ্রীকৃষ্ণেরও শ্রীবৃন্দাবনম্থ প্রকাশ এবং লীলাসকল পরম বরীয়ান। তর্মধ্যে আবার বাল্যচরিতের ভক্ত্যুদ্দীপন্ত বিশেষরূপে বণিত আছে, যথ'-বৈলোকাসমোহনতন্ত্রে এবং প্রীভাগ-বতে; এই প্রকাশ ও লীলার উৎকর্ষ বহুবিধ- ঐশ্বর্গত, কারুণ্য-গত এবং মাধুর্যগত।

অনুভাব—চিতত্ব ভাবের অব-বোধক—ইহারা দ্বিধ (১) উদ্-ভান্বরাখ্য এবং (২) সাব্বিকাখ্য। (১) উদ্ভান্মর—ভাবজ হইয়াও যাহারা বহিশ্চেষ্টাপ্রায়সাধ্য; তাহারা মৃত্য, বিলুঞ্জি, গান, ক্রোশন,

গ ত্রেমাটন, হন্ধার, জ্ঞুণ, দীর্ঘধাস লোকাপেক্ষাত্যাগ, লালাস্রাব, অট্ট-হাস, ঘূর্ণা এবং হিকাদি। (২) শাত্ত্বিক কেবল অন্তর্বিকার হইতে সমুৎপন্ন, তাহারা যথা—স্তম্ভ, স্থেদ, রোমাঞ্চ, স্বরভেদ, বেপথু, বৈবর্ণ্য, অশ্র এবং প্রলয়। ইহাদের মধ্যে প্রলয়—চেষ্টালোপ; ভগবংগ্রীতি-হেতৃক প্রলয়ে বহিশ্চেষ্টানাশ, কিন্তু অন্তরে ভগবৎস্ক্যাদির নাশ হয় না। যথা উদ্ধবকে উদ্দেশ করিয়া হইয়াছে—শ্রীভাগবতের তৃতীয়ে। যথা- গারুড়ে 'যোগস্থ যোগির মনোবৃত্তি জাগ্রৎ, স্বপ্ন ও স্বৃপ্তি – তিন অবস্থাতেই অচ্যুতাশ্রয় থাকে। অতএব প্রলয়েও তত্তদ্রসকলের আমাদভেদ ফুর্তিও

সঞ্চারী ভাব-- ইহাদিগকে ব্যভিচারীও বলা হয়—যাহারা ভাবের গতিকে বিশেষক্রপে খায়ী ভাবের প্রতি (দিকে) লইয়া যায়. তাহাদিগকে मक्षांती ভাব বলে। তাহার। ৩৩, ऐष्ट्रल मुहेवा। ইহাদের মধ্যে ত্রাস-বৎসলাদি রসে ভয়ানকাদি-দর্শনহেতু প্রীত্যা-ম্পদের জন্ম এবং তৎসঙ্গতি-হানিং তর্ক দারা নিজের জন্ম আস হয়। নিদ্রা-ভগবচ্চিন্তাদারা শৃক্তচিতত্ব হেতু এবং ভগবৎসঞ্চতিতে আনন্দ ব্যাপ্তিহেতু নিদ্রা হয়। শ্রম— প্রমানক্ষয় ভগবানের জন্ম আয়াস-তাদাত্ম্যাপত্তিতে শ্রম হয়। আল্স্র —ভাদৃশ শ্রমহেতৃক ও ক্লের সম্বন্ধ ভিন্ন ক্রিয়াবিষয়ক আল্ছ বোধ-ভদ্দর্শনাদি-বাসনার স্বয়মুদ্বোধ হইয়া বোধ হয়। তাদৃশ ভগবৎপ্রীতিতে অধিষ্ঠানহতু লৌকিক
শুণময় ভাবের মত হইলেও এই
সকল নির্বেদদি সঞ্চারী ভাবগুলির
বস্ততঃ শুণাতীতত্বই জানিবে।
শতএব বিভাবাদির সম্মিলনাম্মক
ভগবংপ্রীতিময় রসও ব্যঞ্জিত হইল।
হরি—আলম্বন বিভাব; শ্মরণ—
উদ্দীপন; শারণাদি—উদ্ভাস্বরাখ্য
শাহভাব; পুলক—সাত্ত্বিক; চিস্তাদি
—সঞ্চারী।

প্রীতিসন্দর্ভ

স্থায়ী ভাব—এই ভগবৎপ্ৰীতি-ময় রস-জ্ঞান এবং ভক্তিময়, বৎসল ও দৈত্রীময় এবং উচ্ছলাখ্য ক্রমে প্রীতির পঞ্চেদ দারা পঞ্চবিধ। এই পঞ্চ স্বায়ী ভাবের ভাবাস্তরাশ্রয়ত্ব-হেতু এবং নিয়তাধারকতাহেতু মুখ্যস্থ, অতএব তদীয় রদেরও মুখ্যত্ব; কিন্তু **अज्ञ ८**य अङ्ग्रांनि इत्नत दिश्वशांनि স্থায়ী ভাব আছে, তাহারা তৎপ্রীতি-সম্মারা ভাগবত-রসান্তঃপাতী হয় বলিয়া এবং পঞ্চবিধ প্রিয়বর্গে কদা-চিৎ উপস্থিত হয় বলিয়া অনিয়তা-ধারকত্বহেতু গৌণ; অতএব তদীয় রস-সমূহেরও গোণতা। 'মুখ্যভাব সকল মধুরে সমাপ্ত হয়'--এই ' আয়গারা গোণ রসের এবং রসাভাসের বিবরণ বলা হইতেছে। (১৫৮) গৌণরদ—(ক) অদৃভূত, (খ) হাস্ত, (গ) বীর, (ঘ) রোজ, (ঙ) ভীষণ, (চ) বীভৎস ও (ছ) করণ— এই সপ্ত। (ক) আদৃত্ত—তৎ-প্রীতিময় অদ্ভুত রস, তৎপ্রীতিময় বিশয় স্থায়ী; যথা-যোলহাজার ক্যাবিবাহে-(১০।৬৯।২) (খ) হাস্য—তংগ্রীতিময় হাস, অমু-

মোদনাত্মক চিত্তবিকাশ স্থায়ী; যথা वानानीनाञ्च (>०।।।२०-२२) (:६৯--১৬০)—উৎপ্রাসাত্মক চিত্তবিকাশ— यथा वळ्ळ इत्र - नीनाम (> । २ २ । ७) পৌত্তে র উল্লিশ্রবণে এবং (>016610) 1

১৬১। (গ) বীর - স্থায়ী উৎ-চতুর্বিধ— শাহের চাতুর্বিধাহেতু (অ) ধর্মবীররস—যথা শ্রীয়ধিষ্ঠিরের রাজস্ম্মত্ত্র—(১০।৭২।৩):(আ) গ্রীরন্তিদেবের---দয়াবীররস—যথা (৯২১।৪-১০): (১৬২-৩) (ই) দানবীররস—যথা [১] বহুপ্রদান-দারা—গ্রীনন্দের এবং গ্রীবলির— (১৬৪) দানবীররস—যথা [২] সমুপস্থিত ছুরাপার্থত্যাগদারা—যথা কপিলবাক্যে সালোক্যাদি ত্যাগদার (১০|১৮|৭); (১৬৪-৫) (ঈ) যুদ্ধবীররস—(১) ক্রীড়াযুদ্ধে—প্রতি-যোদ্ধা কথনও প্রীরুষ্ণ নিজে, কখনও বা তাঁহার সমুখে তাঁহারই মিত্রবিশেষ —(১৬৬); (২) সাক্ষাৎযুদ্ধে— যথা-জরাসন্ধবধে ভীমসেনে। ১৬৭—৬৮। (ঘ) রোক্র—স্থায়ী

তৎপ্রীতিময় ক্রোধ। ক্রোধের বিষয় শ্ৰীকৃষ্ণ, আধার—তৎ-প্রিয়জন। শ্ৰীক্বঞ্চ-ছিত, গ্রীকৃষ্ণা হিত এবং নিজাছিত ক্রোথ-বিষয় ত্রিবিধ— (১৬৯-৭১) (
৪) ভয়ানক—স্থায়ী তৎপ্রীতিময় ভয়—(১৭২) (চ) বীভৎস-স্থায়ী তৎপ্রীতিময় জুগুপা —(১৭২-৩) (ছ) করুণ—স্থায়ী তৎপ্রীতিময় শোক; ভগবৎকৃপাহীন শোচনীয় জনপ্রতি তৎপ্রীতিমানের ভগবৎপ্রীতিময় করুণরস করুণাও হুয় ৷

১৭৪। এই সকল বিস্ময়াদির যদি জীক্ষণ্ট আধার হয়েন তবে তাহার৷ তৎপ্রীতিময়চিতে সঞ্চারিত হয় বলিয়া তথনও তাহারা তৎ-প্রীতিময় অন্তত্তাদি রুদ হয়: কিন্তু অজাতপ্রীতি ভক্তদের তৎসম্বরহেত্ বিস্থাদিভাব এবং অদুত্তাদি রুস দেখা যায়—তাহারাও তদমুকারী বলিয়াই জানিবে। রসাভাস—রসসকলের আভাসত্ব-

প্রাপ্তি প্রভৃতির জ্ঞানের জন্ম আশ্রয়-নিয়ম এবং পরস্পর ব্যবহার বলা হইতেছে। আশ্রয়-নিয়ম শ্রীক্লঞ্চ-সম্বন্ধা মুরূপই: যথা পিত্রাদিতে প্রাকৃত বাৎসলোর নিয়ত আশ্রয়ত্ব, তথা পঞ্চ মুখ্য রসের প্রস্প্র ব্যবহারও তদাশ্রয়জনদিগের অমুরূপ। কুলীন ভক্তলোকের মধ্যে যাহার যাহার সহিত মিলনে নর্মবিহারাদিতে যেরূপ সক্ষোচ হয়, ভগবদীয় রসসকলেরও সেই নবজনের আশ্রিত রসসকলের সহিত মিলন হইলে সেইরূপ সঙ্কোচতা হয়। যেখানে প্রীতিমান লোকদের সঙ্কোচ নাই, সেখানে নাই: যেখানে রসেরও সংশ্বেচ প্রীতিমান লোকদের উল্লাদ আছে, সেথানে রসসম্হেরও উল্লাস আছে। ভগবৎপ্রেয়সীদিগের বৎসলাদির সহিত সঙ্কোচতাদি৷ অতএব পঞ্চ মুখ্য রসে সপ্ত গৌণরসের (১) প্রতীপত্ব (২) উদাসীনত্ব ও (৩) অনুগামিত্ব যথাযুক্ত জানিতে হইবে: যথা হাস্তরসের বিয়োগাত্মক ভক্তি-**চীতে** প্রতীপত্ব,

এবং অগ্রত অনুগামিত।

রসের

রসসমূহের গৌণ

উদাসীনত্ব

গৌণ

সহিতও (本) বৈর (쓓) মাধ্যস্থ এবং (গ) মিত্রতা জানিবে; যথা হাস্তরসের করুণ এবং ভয়ানক — বৈরী; বীরাদি—মধ্যম্ব; অদভূত — যিত্র। এইরূপ দাদৰ সঞ্চারী, অন্নভাব, স্থায়ী. বিভাব এৰং বিষয়ান্তরগত ভাবাদির ও প্রতীপত্ব, ওদাসীক্ত এবং অকুগামিত্ব বিবেচনীয়। অতএব প্রীকৃষ্ণসম্মীয় কাব্যেও অযোগ্য রুগ্যন্তরাদিসঙ্গতি-দ্বারা রুসের আস্বাদন বাধ্যমান হইলে আভাসত্ব: কিন্তু যেখানে অন্তর্ম-সঙ্গতি ভঙ্গীবিশেষদ্বারা স্থায়ী রসের উৎকর্ষ সাধন করে. সেখানে রসোল্লাসই হয়। কোন কারণে অযোগ্য রসের উৎকর্ষ হইলে কিন্তু রুসাভাসেরই উল্লাস হয়। ১৭৪। মুখ্যরদের মুখ্যদন্ধতি দারা

স্বন্ধোক্ত

আভাসিত্ব যথা---১ম कोत्रतक्खीरमत नारका, (> 9 %) ৪র্থ স্বন্ধে পৃথুবাক্যে আপাতদৃষ্ট, (৭ম, ৮মে) প্রহলাদবাক্যে, (১৭৬) ১০মে শ্রীদামবিপ্রবাক্যে, (১৭৭) শ্রীরুক্মিণী-এবং (:৭৮) গ্রীগোপী-রুগাভাসিত্ব-সমাধান। বাকো শ্রীবলদেবে দাস্তা, স্থ্য এবং বাৎসল্য-হেতু শঙ্খচুড়বধের পূর্বে গ্রীক্ষের সহিত একত্র শ্রীগোপীসঙ্গে গান এবং দারকা হইতে আসিয়া শ্রীবন্ধ-দেবীর প্রতি সন্দেশ অসমঞ্জস নয়। উদ্ধবাদিব ও ঐরপ। মুখ্যরসের গৌণরস-সঙ্গতিদারা অযোগ্য আভাসিত্ব যথা—শ্রীবস্থদেব এবং দেবকীতে 'ভয়ানক' দারা আভাসিত্ব-

বশতঃ শ্রীরামরুঞ্জে আলিঙ্গন না

করায়: গৌণরসের অযোগ্য গৌণর স

সঙ্গতিদারা আভাসিত্ব—যথা কালীয়-হ্রদ-প্রবেশলীলায় শ্রীবলদেবে করুণরস হাস্তদারা আভাসিত্ব-সমাধান— অতএব প্রীত্যাভাসত্ব অবগত হইলেই রসাভাসত্ব জানিতে হইবে।

অযোগ্য-সঞ্চারিসঙ্গতি-দারা আভাসিত্ব, যথা মৈথিলরাজের ভক্তি, গর্বদারা। শ্রীউদ্ধবের শ্রীনন্দ-**একিফবিয়োগামুভব্ম**য়ী যশোদার ভক্তি, হর্ষদারা <u> এীকুজার</u> এবং উজ্জলরসচাপল্যদারা. আভাসিত্ব-সমাধান (১৮২) যুগল্গীত প্রম-রুশাবহর্রপেই মন্তব্য, চাপল্যরূপে নয়। অযোগ্যাহভাব-সঙ্গতি-দারা আভাগিত-যথা বলির শুক্রকে অধার্মিক বলায়, উদ্ধবের প্রীকৃষ্ণকে নাম ধরিয়া সম্বোধনহারা, যুধিষ্ঠিরের গ্রীকৃষ্ণকে পাদপ্রকালনে নিয়োগ-দারা, প্রীদামপ্রভৃতি স্থাগণের শ্রীরামরুফকে ভয়স্থানে গমননিয়োগ-দারা. দারকাজন-বিহারে পট্টমহিষী-দের খণ্ডরের নামগ্রহণদারা এবং অক্তর আত্মজালিঙ্গনদারা কাস্কভাবা-ভাগিত্ব-সমাধান।

১৮৮। অযোগ্যবিভাবসঙ্গতিধারা আভাসিৎ—অযোগ্য উদ্দীপনসঙ্গতিধারা, যথা প্রীঅক্রের দাক্তভিন্ত প্রীরুষ্ণপদরহস্থানিক - শ্রীকৃষ্ণপদরহস্থানীলা চিহ্নবারা এবং প্রীকৃষ্ণি প্রকর্পের উদ্দীপন দ্বারা আভাসিৎ-সমাধান। (১৮৯) অযোগ্য-আলম্বনসঙ্গতিদারা, যথা যজ্ঞপদ্ধী, প্রিন্ধী, হরিণী প্রভৃতিতে উজ্জ্লরসের তত্তজ্জাতির অযোগ্য প্রীত্যাধারম্বহেতু আভাসিত্ব এবং তাদৃশপ্রীতিবিষয়াযোগ্যন্থ যথা

বেণুগীতে 'ব্রজেশস্ত্তয়োঃ' পদদার।
উজ্জলের আভাসিত্ব সমাধান।
(১৯০—১৯১) অযোগ্য বিষয়াস্তরগত ভাবাদির সম্পতিদারা আভাসিত্ব,
যথা শ্রীকর্দ্দম ঋষির ভক্তি দেবহুতির
রূপান্থভবদ্বারা আভাসিত্ব; শ্রীবলরামের শ্রীরুক্ষকে ছাড়িয়া কিছুদিনের
জন্ম শ্রীত্বশিধনকে গদা শিক্ষাদার।
আভাসিত্ব-সমাধান।

১৯২। রুসোল্লাস——অযোগ্যসঙ্গতিও ভঙ্গীবিশেষদারা যোগ্য স্থায়ী
ভাবের উৎকর্ষদাধন করিলে রুসোল্লাস
হয়। (১৯২) মুখ্যরুসের সঞ্গতিদারা
মুখ্যরুসের উল্লাস, যথা বন্ধবাকে
জ্ঞানভক্তি বন্ধভাবদারা এবং প্রীশুকদেবের বাক্যে জ্ঞানভক্তি সখ্যভাবদারা
উল্লাসিত, প্রীকুস্তীর বাৎসল্য ঐশ্বর্ধজ্ঞানভক্তিদারা উল্লাসিত, (১৯৩—
১৯৮) প্রীহন্থমানের মাধুর্যময়ী দাহ্যভক্তি স্থারুসিব্দারা উল্লাসিত,
প্রীরাঘ্রেক্রের কেবলমাধুর্যময়ী
লীলাতেও ভক্তির একমাত্র কারণ
কারণ্যপ্রমুখ প্রম্মাধুর্য সর্বোধ্ব ।

১৯৯। এরাসপ্রারম্ভে এগোপী-দের উত্তরে নর্মালাপময় শ্লেষভঙ্গীদারা স্বীয়ভাবোৎকর্ষ হইয়াছে রদোলাসই হইয়াছে। অযোগ্য গোণরসের সঙ্গতিদারা মুখ্যরসের উল্লাম যথা—গ্রীক্রক্রিণীবাক্যে অযোগ্য **শঙ্গ**তিদ্বারা কান্তভাবের উৎকর্ষ হইয়াছে, কৌরবেন্দ্রপুরস্ত্রীদের বাক্যেও বীভংগ-নঙ্গতিদারা কান্ত-ভাবের উৎকর্মই হইয়াছে, (২০০) গোণরদেও অযোগ্যমুখ্যরসের সঙ্গতি দারা রসোলাসই হয়; যথা কালিয়-গ্রস্ত শ্রীরুফকে দেখিয়া শ্রীগোপীদের শোকাত্মক করুণরস, অযোগ্য-সন্তোগাখা উজ্জলরদের স্মিতবিলো-কাদি-স্মরণরূপ তত্তদভাবাভিব্যঞ্জন-ভঙ্গীয়ারা উল্লসিত হইয়াছে. (২০১) অযোগ্য সঞ্চারী সঙ্গতি-মুখ্যরসে দারাও রশোলাস হয়; যথা শ্রীরাস-পত্যাদি-দারা বাৰ্যমাণ প্রারজে হইয়াও গ্রীগোপীদের অভিসার-করণরূপ চাপল্যভঙ্গিদার। স্ব্াছ-সন্ধানরহিত মহাভাবাথ্য কান্তভাবের উল্লাস হইয়াছে, (২০২) অংযাগ্য-রসের উৎকর্ষে কিন্তু রসাভাসেরই উল্লাস হয়; যথা শ্রীবস্থদেব-দেবকীর বাংসলা ঐশ্বর্যজ্ঞানদারা আভাসিত্ব-श्रीवलाम्बद्ध। निर्द्धाय রুশাভাসত্ববিষয়েই এই সমাধান।

ভগবৎ-প্রীতিবিশেষময় রসসকল—
২০৩। (১) শাস্তাপরনামা
জ্ঞানভক্তিময় রস; অত্র আলম্বন—
পরব্রহ্মরূপে ফুর্ভিপ্রাপ্ত জ্ঞানভক্তির
বিষয় চতুর্ভুজাদিরপ শ্রীভগবান্।
আধার—ভগবল্লীলাগত মহাজ্ঞানী
ভক্তেসকল যথা চতুঃসনাদি। স্থায়ী—
জ্ঞানভক্তি।

২০৩—৪। (২) ভক্তিময় রস—
(ক) আশ্রয়ভক্তিময় রস; অত্র
আলম্বন—বালকরপে ক্ত্রিপ্রাপ্ত
শীক্ষণ। ব্রজবাসীভিন্ন অন্তত্র শীক্ষণ
শীমারাকারতাপ্রধান প্রমেশ্বরাকার,
কিন্তু ব্রজবাসীদের পক্ষে শীক্ষণ
প্রম মধুর নরাকারই। আধার—
তল্পীলাগত প্রমপাল্যসকল। পাল্য
দিবিধ—(ক) প্রপঞ্চার্যাধিক্বত
বহিরঙ্গ-সকল ও (খ) তদীংচরণচ্ছাব্রৈকজীবন অন্তর্গ্প-সকল।

আবার উদ্ধবেরই আধিক্য।

পুর্বোক্ত বহিরক্ষের মধ্যে আবার ব্ৰহ্মা-শিবাদি ভক্তিবিশেষবদভাবহেত্ অন্তরঙ্গ। শেষোক্ত অন্তরঙ্গ আবার (অ) সাধারণ, (আ) যত্পুরবাসী এবং (ই) ব্রজপুরবাসীভেদে ত্রিবিধ। সাধারণ যথা জরাসক্ষ-বদ্ধ ताबापि, भूनिविटनयापि, शूदवाशी, শ্রেণী (ব্যবসায়ী) জনাদি, (২০৫-২০৭) আশ্রয়ভক্তিময় রস দ্বিবিধ— অযোগাত্মক এবং যোগাত্মক। অযোগাত্মক দিবিধ—প্রথম অপ্রাপ্তি এবং বিয়োগ। যোগও দ্বিবিধ— প্রথম অপ্রাপ্তির এবং বিয়োগের পরে —সিদ্ধি এবং ভুষ্টি।

২০৭। (খ) দাস্তভক্তিময় রস; আলম্বন-প্রভুরপে ফুর্তিপ্রাপ্ত শ্রীকৃষ্ণ দাখভজ্যাশ্রয়। আধার— শ্রীকৃষ্ণলীলামুগত মধ্যে উৎকৃষ্ট তদ-ভূত্যগণ। ইহাদের নিকট পরমেশ্বর-আকার এবং নরাকাররূপে একুফের দিবিধ আবিভাব। তদ্ভৃত্যও তদমুশীলনহেতু দ্বিবিধ—তাহারা পুনরায় ত্রিবিধ—(ক) অঙ্গদেবক, (খ) পার্ষদ এবং (গ) প্রেয়। (২০৮) (ক) অঙ্গদেবক অভ্যঞ্জক তামুল-বস্ত্র-গন্ধ-সমর্পকাদি; (খ) পার্যন-মন্ত্রী, সার্থি, সেনাধ্যক্ষ. ধর্মাধ্যক্ষ, দেশাধ্যক্ষাদি, বিভাচাতৃর্য দারা সভারঞ্জকগণ, [পুরোহিতের প্রাধান্ততঃ গুরুবর্গান্ত,পাত, অংশতঃ পার্ষদত্ব]। (গ) প্রেয্য-সাদি (অশাভারোহিযোদ্ধা), পদাতি, শিল্পী প্রভৃতি—ইহারা পূর্ববৎ প্রায় প্রিয়তর। এউইব দারুকাদির কিছ অঙ্গদেবনাদি-বৈশিষ্ট্য আছে বলিয়া স্বাপেক্ষা আধিক্য; তন্মধ্যে

২০৮—২১১। উদ্দীপন—— অঙ্গদেবকে বিশেষতঃ সৌন্দৰ্য त्मीकू गाँग किया - भयन-ভোজনাদি। দ্রব্য-তৎসেবোপ-যোগ্য এবং তত্বজিষ্টাদি; পার্ষদে প্রভূত্বাদিগুণ, প্রেয্যে—প্রতাপাদি। যোগে তত্তৎকর্মতাৎপর্যই ইহাদের অসাধারণ ধর্ম, যাহা সেবাকালে কম্প-স্তন্তাদি দিগকে বিলোপ করে। অযোগেও স্বস্বৰ্থামুসন্ধান কিম্বা তদ্চাতেও তত্তংকৃতি। স্বায়ী—দাশুভক্তাখ্য: উহা অকুরাদির ঐশ্বর্যজ্ঞান-প্রধান। উদ্ধবাদির তৎসত্ত্বেও মাধুর্যজ্ঞান-প্রধান-শ্রীগোকুলভাগ্য - শ্লাঘাতেই স্পষ্ট। শ্রীব্রজন্থদের ওঁকমাত্র মাধুর্য-ময়। শ্রীব্রজরাজকুমারত, পরমগুণ-প্রভাবত্বাদি দারাই আদরস্তাবহেতু শ্রীব্রজম্বদেরও প্রীতির ভক্তিত্বই সিদ্ধ। (২১২--১৩) প্রথম অপ্রাপ্তাত্মক এবং তদনন্তর প্রাপ্তি-লক্ষণ সিদ্ধ্যাত্মক — যথা অক্রের—(২:8—১৫) গ্রীভগবদন্তধ নািনম্বর বিয়োগাত্মক এবং বিয়োগে বিল্লস্চক ভুষ্ট্যাত্মকে তৎসান্ধাৎকারতুল্য ক্ষ্ত্রাত্মক— যথা শ্রীউদ্ধবের—(২১৬) এইরূপে তদ্বিহ-ছঃখমগ্ন ব্ৰজেও কুপাপুৰ্বক ব্যবহার-রক্ষার হন্ত কোনও কোনও লোকে অবিচ্ছেদরূপেই ফুর্তি বর্তমান ছিল, শ্রীউদ্ধব-প্রবেশে কাহারও স্থপ্ত বর্ণিত আছে;---(২১৭) শ্রীউদ্ধবের সাক্ষাৎকারলকণ তুষ্ঠাত্মক দ্বতি ছিল- প্রীপ্তকদেব-দারা শ্রীমদ্ভাগবত-প্রচারের পূর্বেই শ্রীউদ্ধবের শ্রীকৃষ্ণ-প্রাপ্তিরূপা গৃতি

হইয়াছিল, শ্রীভাগবত-প্রচারানস্তর শ্রীউদ্ধবকে স্বজ্ঞান-প্রচারের জন্ম আর পৃথিবীতে রাখার দরকার হয় নাই। 'আসামহো'—ইত্যাদি শ্লোক-দারা তাঁহার ত্রজপ্রাপ্তির দুচ্মনোর্থ জানা যায় বলিয়া কায়াব্যুহম্বারা এমদ্-ব্রজেও প্রীউদ্ধবের প্রীকুষ্ণপ্রাপ্তি জানিতে হইবে। २>४—२२२। (१) श्राच्या ভক্তিময়-রসে আলম্বন---লালক-রূপে ফ্রন্ডিপ্রাপ্ত প্রশ্রন্থভিতিবিষয় গ্রীক্বফের পূর্ববৎ পরমেশ্বরাকারে ও শ্রীমরুরাকারে হিবিধ আবির্ভাব। তত্তদাশ্রয়ন্ত্রপেও লাল্য ত্রিবিধ পর্যেশরাকারাশ্রয় —(অ) বন্ধাদি, (অ) শ্রীমলরাকারাশ্রয় গ্রীদশাক্ষরধ্যানদর্শিত প্রীগোকুলের শিশুগণ; (ই) উভয়াশ্রয় শ্রীদারকাতে জন্মগ্রহণকারী পুত্র, অমুজ এবং ভাতু পুত্রাদি। পুত্রমধ্যে কেহ গুণতঃ, কেহু আকারতঃ এবং কেহ কেহ উভয়তঃ শ্রীকৃষ্ণ-সদৃশ। ২২৩। উদ্দীপন— স্ববিষয়ক শ্রীরফবাৎসল্য, স্মিতপ্রেক্ষাদি। তদ্ধপ তাঁহার কীতি, বৃদ্ধি ও বলাদির প্রমমহত্ব এবং জাতি, ক্রিয়াদিও যথাযোগ্য জানিবে। অমুভাব-বাল্যে বারম্বার একৃষ্ণপ্রতি মৃত্বাক্য-ঘারা স্থৈর-প্রাম্ন, প্রার্থনাদি, তদঙ্গুলী-বাছপ্রভৃতির আলম্বনে স্থিতি,

তহুৎসঙ্গোপবেশন, তত্তামুলচর্বিত-

প্রতিপালন, তচ্চেষ্টামুশরণ, স্বৈরতা-

वियोकाि । नकन गमरबरे जनसू-

গতি। সান্ত্ৰিকভাব ও ব্যভিচারী ভাব-

সকল-পূর্বোক্ত রূপই এবং স্বায়ী-

কৈশোরে—তদাজ্ঞা-

প্রশ্রমণ্ডক্যাখ্য; বাল্যে লাল্যতাভিমানময়ম্বরারা প্রশ্রমবীজ দৈলাংশের
সদ্ভাবহেতু তদাখ্য। অক্সময়ে—
প্রণয়াগত সাধ্বদের সহিত অহুগতি।
ইহাতেও পূর্ববং যোগাদিভেদ আছে।

২২৪। (৩) বাৎসলাময় বৎসলাখ্যরস—(২২৪—২০০) তত্ত थानश्न-नानाक्रात्र कृष्टिश्राश्च বাৎসলা-বিষয় শ্রীরুষ্ণ, তদাধার-পিত্রাদিরাপ গুরজন। তত্র শ্রীকৃষ্ণ শ্রীমন্নরাকারই. গুরুজন—ভক্ত্যাদি-মিশ্র শ্রীবম্বদেব দেবকী কুন্তী প্রভৃতি। কিন্তু শ্রীনন্দযশোদা এবং তাঁহাদের সমবয়ক্ষা বল্লবী এবং বল্লব প্রভৃতি। ইহাদের বাৎসল্যোপ-যোগী স্বাভাবিক বৈছ্য্য (বিচক্ষণতা) প্রতনাবধানন্তর রক্ষামন্ত্রহারা স্পষ্টক্রপে ব্যক্ত। উদ্দীপন—প্রথম হইতেই শ্রীক্ষরে বংসলোচিত লাল্যভাব. শৈশব-চাপল্য: অক্তসময়ে প্রশ্রয়. লজ্জা, প্রিয়ম্বদত্ব, সারল্য, দাতৃত্ব, প্রাগনৃত্য, অবয়ব এবং বয়সের কান্তি, त्रोसर्घ, সর্বসল্লক্ষণত্ব, পূর্ণকৈশোর পর্যস্ত বৃদ্ধি ইত্যাদি কিন্তু সর্রদাই বর্ত্তমান--(২৩১-৩২) জাতি-পূর্বোক্ত বৈগ্রাদি। ক্রিয়া—জন-বাল্যক্রিয়াদি: পৌগণ্ডাদিতে মাঞ্ মাননাদি: দ্রবা—-তৎক্রীডাভাণ্ড-বসনাদি। কাল—তজ্জন্মদিনাদি। (২৩৩--২৪৪) অমুভাবে উদ্ভাস্থর--আশীর্বাদ. শিরোদ্রাণ, হিতপ্রবর্ত্তনার্থ হিতোপদেশদান. তর্জনাদি, তৎমঙ্গলার্থ চেষ্টা, তজ্জা গৃহসম্পতিসংপাদনে যত্ন, তুঃখেও তৎ-প্রস্তোভনার্থ মিথ্যাহাস্থাদি, ছুইজীবাদি হইতে অনিষ্ঠশন্ধা, তচ্ছে,য়োনিবন্ধন

দেবতাদির পূজা, অভকত্ত্রি তৎ-প্রভাব সমাক নিণীত না হইলেও তৎকার্যের প্রকারাম্ব-কারণতা-ভাবনা — অগ্ৰ লোকসকল ছাবা ভগবৎরূপে দেখিলেও কিন্ত মাতা-পিতার নিজমাধুর্যভাবে নৈশ্চল্যাদি-(২৪৪-৪৮) সাত্ত্বিভাব-অষ্ট, কিন্তু মাতার স্তক্তমরণ সহিত নয়নী, সঞ্চারী —প্রসিদ্ধ। ইহারা সাক্ষাৎ শ্রীকৃষ্ণ-কুত-লীলাজাত এবং তল্লীলাশক্তিকৃত ঐশ্ব্যালীলাজাত জানিবে। স্থায়ী অপ্রাপ্তিময়, বাংশল্যাখ্য: প্রথম তদনন্তর প্রাপ্তিলক্ষণ সিদ্ধ্যাত্মক। বিয়োগাত্মক এবং তদনস্তর তুষ্ঠাত্মক যোগ ৷

২৪৯। (৪) মৈত্রীময় রস-তত্র আলম্বনরূপে ক্ষুহিপ্রাপ্ত মৈত্রী-বিষয় শ্রীকৃষ্ণ: আশ্রয়রূপ তল্লীলা-গত স্বোৎকৃষ্ট সজাতীয়ভাববিশিষ্ট তদীয় মিত্রগণ। শ্ৰীকৃষ্ণ কথনও চতুভুজ হইয়াও নরাকারক্লপেই প্রতীত, যথা—শ্রীগীতায় শ্রীঅর্জুন-মিত্রগণ দ্বিবিধ—(ক) প্রছদগণ যথা শ্রীভীমসেন জৌপদী প্রভৃতি—(খ) স্থাগণ——যথা প্রীঅর্জুন প্রীদামবিপ্রাদি। প্রীগোকুলে শীদামাদি। আগমে — বস্থদেব কিন্ধিণ্যাদি। ভবিষোতরের মল্ল-লীলাতে ত্বভদ্ৰ মণ্ডলীভদ্ৰাদি। উহাদের औक्रख-गागा-गगान छन. শীল, বয়স, বিলাস, বেশ, বৈছয় এবং বৈদগ্ধাদারা। ইহারা আবার তত্তৎ-ভাববৈশিষ্ট্যহেত ত্রিবিধ—(অ) স্থা, (আ) প্রিয়সখা, (ই) প্রিয়নর্মসখা; তন্মধ্যে প্রম্মাধুর্যৈক্ময়-প্রণয়াতি-শ্যি-বিহারলালিত্যম্বারা শ্রীদামাদিই

যথা -- শ্রীগুকবাকো। প্রধান, <u> এ</u>কুফের আলম্বত্ত — বহাপীড়ং নটবরবপুঃ' ইত্যাদিতে বণিত। **উ**न्ही পनगरश গুণ—অভিবাক্তমিত্র-ভাবতা, আর্জাব, ক্লতজ্ঞত্ব, বৃদ্ধি, প্রতিভা, দাক্ষ্য, শৌর্য, ক্ষা, কারণ্য, রক্তলোকত্ব ইত্যাদি, অবয়ব এবং বয়সের সৌন্দর্য, ইত্যাদি। সর্বসল্লকণত্ব গোহদময়ে আর্জবাদির প্রাধান্ত: স্থাময়ে কিন্তু বৈদ্ধা-সৌন্দ্র্যাদিমিশ্র আর্জবাদির এবং তত্ত্তয়াংশমিশ্রা মৈত্রীতে যথাসম্ভব অংশস্বয়ের মিশ্রণ। (২৫০--৫৪) অভিব্যক্ত-মিত্র ভাবতা যথা (ভাগ ১০।১০।১০—১৩)। (২৫৫) জাতি—ক্ষত্রিয়ত্ব—যাহাতে সৌহদ-ময়ের প্রাধান্ত ও গোপত—যাহাতে गथामरशत প्रापृधं। क्रिया-नर्भ, गान, নানাভাষা-শংসন, গৰাহ্বান, বেণু-বাছাদিকলা এবং বাল্যাদির উচিত ক্রীডাদি। (২৬০) বেশ-গোপ-বেশ, মলবেশ, নটবেশ, রাজবেশ (ইহা দারকাদিতেই প্রচুর) এবং ধার্মিক গৃহস্ববেশদারাই তত্ত্মীলা শোভা প্রাপ্ত হয়। দ্ৰব্য-বসন. ভূষণ, শঙা, চক্র, শৃঙ্গ, বেণু, যষ্টি, প্রেষ্ঠজন প্রভৃতি। কাল-তত্তৎ-ক্রীড়োচিত। (২৬১—৬২) অমুভাব-মধ্যে উদ্ভাস্থর: সৌহদময়ে--নিরুপাধি তদীয় হিতামুসন্ধান, যুক্তাযুক্তকথন, সমিতগোষ্ঠা প্রভৃতি, **স্থাম**য়ে— অসম্কুচিত প্রীতিময় চেষ্টা; শ্রীকৃষ্ণ-স্থারে জন্ম নানাক্রীড়া, সঙ্গীতাদি-কলাভ্যাস : ভোজনোপবেশন-भग्ननापि. नर्भ, तरहानीना, कर्नाकर्षि প্রভৃতি। (২৬৩) সান্ত্রিক—সৌহনে

অশ্ৰ, শ্ৰীকৃষ্ণকৈ আলিখন করিয়া শ্রীতীমাদির—(২৬৪) সখ্যে প্রণয়— শ্রীক্ষকে কালিয়দারা বেষ্টিত দেখিয়া मथारात मुर्छ। (२७৫) मक्षाती-म्बाइति इर्व धनः मृत्या इर्व (२७७— ৬৯)। স্থায়ী—মৈত্রাখ্য; উহা শ্রীদামবিপ্রাদিতে ঐশ্বর্যজ্ঞান-সঙ্গুচিত; শ্রীমদর্জ্জনাদিতে সঙ্কোচিতৈশ্বর্যজ্ঞান ত্রীগোপবালকদের শুদ্ধ— অতএব কখনও বিকৃত হয় না, যথা প্রীরামের ব্রজাগমনে—--(২৭০) শ্রীকৃষ্ণই স্থাদের জীবন—(২৭১— ৭৩) মৈত্রীময়রসের প্রথম অপ্রাপ্তিময় এবং সিদ্ধ্যাত্মক ভেদ পূর্ববৎ উহা; বিয়োগাত্মক এবং তদনস্তর তুষ্ট্যাত্মক যথা প্রীপাওবাদির—(২৭৪) প্রীবজ-কুমারদের দেশান্তরে বিয়োগাত্মোদা-হরণ এবং তদনস্তর ভুষ্ট্যাত্মোদাহরণ বাৎসল্যমুসারেই জানিবে।

२१८। (१) উজ্জ্বল, অত্ৰ আলম্বন-কান্তরূপে ক্ষ্তিপ্রাপ্ত কাস্তভাববিষয় এক্লিফ, তদাধার-সজাতীয়ভাববিশিষ্টা তদীয় প্রম-বল্লভাসকল। শ্রীকৃষ্ণ- যথা শ্রীকৃষ্মিণী-বাক্যে ভুবনস্থন্দর এবং তাপহারী-রূপে—(২৭৫) শ্ৰীকৃষ্ণ—যথা প্রিগোপীদের নিকট প্রীশুকদেববাক্যে সাক্ষানান্যথমন্যথক্তপে; তদ্বল্লভাদের মধ্যে সৈরিন্ধী সামাতা —িযিনি ছর্ভগা হইয়াও অঙ্গরাগার্পণ মাত্র-লক্ষণ ভজনদারা গুদ্ধপ্রেম-বানদের বল্পভ শ্রীকৃষ্ণকে পাইয়াও আত্মতর্পণ-তৎপরা হওয়াতে শ্রীবজ-দেবাাদিবৎ শুদ্ধপ্রেমভাববতীরূপেই দ্ৰিত হইয়াছেন। (২৭৭) স্বীয়া কৃক্মিণ্যাদির স্তুতি—(২৭৮) তদনস্তর

ব্রজদেবীগণের অসমোর্দ্ধ স্তুতি— যে ব্রজদেবীগণ বস্ততঃ প্রমন্ত্রীয়া হইয়াও প্রকটলীলাতে পরকীয়ায় মানার্রপেই প্রতীতা; যথা— শ্রীউদ্ধব এবং মাথুরপুরস্ত্রীদের বাক্যে ব্রজদেবীস্ততি—(২৭৯ – ২৮৪) শ্রীব্রজ-(मवीरमंत्र मवीरभक्ता छे९कर्ध—(२१२) (ক) ভাবত: উৎকর্ম – পরকীয়ায়-মানত্ব দারা-শ্রীভরত, রুজু, বিষ্ণু-গুপ্ত প্রভৃতি লৌকিকরস্বিদদের মতেও নিবারণ, ছর্লভত্ব এবং বামতাদারাই নায়িকাদের রসোৎকর্ম বৰ্ণিত হইয়াছে—কোনও কোনও গোপকুমারীতে কাত্যায়নীমন্ত্রজপামু-শারে পতিভাবেরই আধিক্য পাওয়া যায়। কেছ কেছ বারণাদি বশতঃই हेशापत त्थ्याधिका यत्न करतन, তাহা নয়; প্রেমের জাতিত্বহেতুই ইহাদের প্রেমাধিক্য, তাহা না হইলে খ্রীউদ্ধবাদি তাহা বাঞ্চা করিতেন প্রবনজাতিত্বহেতুই ইহার প্রশংসা। মত্তহস্তিগণের দুর্গাতি-ক্রমে বশের অভিব্যক্তির ন্তায় প্রবল-জাতিত্বহেতৃ গ্রীগোপীপ্রেমের নিবারণাদি অতিক্রমদারা তাহাদের প্রেমবল প্রকাশ পাইয়াছে মাত্র, নিবারণাদি প্রেমের উৎপাদক হয় নাই। নিবারণাদি-সাম্যেও তাহাদের প্রেমের জাত্যংশ প্রবল হওয়াতে নিজেদের ভিতরে প্রেমতারতম্য দেখা যায়: যথা—তাঁহারা নিজেই স্বীকার করিয়াছেন যে শ্রীরাধাদারা শ্রীকৃষ্ণ-বশীকরণের মহাবৈশিষ্ট্যছেতৃ শ্রীরাধার প্রেমই দর্বোৎকৃষ্ট; যথা— 'অন্যারাধিত:'—ইত্যাদি শ্লোকে। কোভসত্তেও এগোপীপ্রেমের যে

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ)

প্রফুলতা দেখা যায়, তাহা নিশ্চয়ই রুফ্সর্পের স্থায় স্বতঃই সিদ্ধতা বশতঃ. কিন্তু অপর হইতে আহার্যহেতু নয় অর্থাৎ তাঁহাদের প্রেম স্বভাবত:ই প্রবল. কিন্তু নিবারণাদি-প্রবলীকৃত নয়—কেবল ঔপপত্যেরই প্রেমবর্দ্ধনত্ত কিন্ত তাহাদের নিজেদের দারাই নিশিত হইয়াছে: যথা—'গণিকা নিঃস্বজনকে ত্যাগ করে, জারসকল ভোগান্তে রতা স্তীলোকদিগকে ত্যাগ করে'—এই বাক্যে কোনও লোক পরকীয়া স্তীলোকদের যে লঘুত্বলে, তাহা নিশ্চয়ই প্রাকৃত नाग्रकावनधना खीरनत विषयारे युक्त, কারণ উহা তথাই জুগুপিত (নিন্দিত); এই গোপীপ্রেমে কিন্তু 'গোপীনাং তৎপতীনাঞ্চ—ইত্যাদি বাক্যদারাই উহা প্রত্যাখ্যাপিত এই বাক্যেও 'তৎ-হইয়াছে। পতীনাং' এই শব্দ ব্যবহারিক দৃষ্টি-মাত্রদারাই: কিন্তু শ্রীকৃষ্ণসন্দর্ভে শ্রীগোপীদের স্বরূপশক্তিত্বই প্রকটে ও অপ্রকটে স্থাপিত হইয়াছে। সেইরূপ এই এক্রিঞ্চ-লক্ষণ নায়কের তাদৃশভাবদারা প্রাপ্তি-বিষয়ে 'এতাঃ পরং তমুভূত:' ইত্যাদি বাক্যে দর্বোদ্ধ শ্লাঘা-শ্রবণহেতু পরমগরীয়ত্তই দেখান হইয়াছে। অতএব রস-শাস্ত্রেও উক্ত আছে—শ্রীগোপীদের স্বপত্যাভাস-সম্বন্ধও বারণ করিতে প্রীশুকদেব বলিয়াছেন—'নাস্য়ন্ খলু ক্ষায়'—ইত্যাদি। এইরূপ শ্রীভগ-বল্লিত্যপ্রিয়া গোপীদের সম্বন্ধ সর্বদাই জানিতে হইবে। এক্সঞ্চের মায়ামোহিত গোপগণ মায়াদারাই নিমিতা নিজনিজ দারাকে নিজনিজ-

পার্শ্বন্থ মনে করিয়া শ্রীক্লফের প্রতি অসুয়াপ্রকাশ করেন নাই। २४०--४>। (थ) দৈহিক উৎকর্ষ — যথা প্রীরাসপ্রসঙ্গে—(২৮২); (গ) গুণবৈভবক্কত উৎকর্ম-ন্যথা (১০।৩২)৯)—(২৮৩—৮৪) (ঘ) কলাবৈদগ্দীকৃত উৎকর্ষ—১০।৩৩।৭। (২৮৫) সামান্তাদের মধ্যে সৈরিন্ধ্রীই . মুখ্যা ; স্বকীয়া পট্টমহিষীগণের মধ্যে শীক্ষিণী ও সভ্যভাষাই মুখ্যা; ব্রজনেবীগণের মধ্যে ভবিয়োত্তর ও স্কান্দ্যংহিতার মতে শ্রীরাধা, অনুরাধা (ললিতা), সোমাভা (চন্দ্রাবলী). বিশাখা, শৈব্যা, ভদ্রা, পদ্মা, ধ্যা, গোপালী, পালিকা এবং তারকাই মুখ্যা। আগমোপদেশান্ত্রপারে সর্কমোট শত কোটি প্রমদা। ইংহাদের মধ্যে শ্রীরাধাই মুখ্যা। শ্রীকৃষ্ণবল্পভাগণ ত্রিবিধা—(>) মুগ্ধা, (২) মধ্যা ও (৩) প্রগলভা; তাঁহারা নব-(योजन, वाक्टरयोजन ७ ममाकरयोजन-লক্ষিত বয়োভেদবারা এবং তত্তৎ-চেষ্টাদ্বারা বিভিন্ন। গৌতমীয়-তম্ভ্রামুদারে প্রাপ্তধোডশবর্ষই শেষ থোবন। স্বভাবভেদ্বারা ইহার। (क) धीता, (খ) अधीता এবং (গ) মিশ্রগ্রণা। প্রেমতারতম্যদারা (অ) শ্রেষ্ঠা, (আ) সমা এবং (ই) লঘু। লীলাবস্থাভেদে একজনই অভি-সারিকা, বাসকসজ্জা, উৎক্ষিতা, খণ্ডিতা, বিপ্রলব্ধা, কলহাস্তরিতা, প্রোষিতপ্রেয়গী ও স্বাধীনভত্ত কা---এই অষ্ট নাম প্রাপ্ত হয়েন। পুনরায় ভাবের পরস্পর সাদৃত্য, কিঞ্চিৎসাদৃত্য এবং অস্ট্রাদৃশ্য ও বিরোধিত্বদারা চতুর্বিধভেদ। ভাবভেদ আবার স্থী,

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (১ খ) ত্মহৃদ, ভটস্থা এবং প্রাতিপাক্ষিক হিসাবে চতুর্কিধ। ২৮৫-৮৭। স্থী, স্থন্ন, তটস্থা ও প্রতিপক্ষ যথা—রাগপ্রসঙ্গে শ্রীভাগ, শ্রীহরিবংশাদিতে: পারিজাতহরণে প্রীক্রব্যাণী ও সত্যভাষার প্রতিপক্ষতা দৃষ্ট হয়—(২৮৮) শ্রীভগবদভক্তদের মধ্যে পরস্পর প্রতিপক্ষত্ব অসন্তব এবং অন্বয়: শ্রীরাসে শ্রীভগবান্ও তাহাদের 'গৌভগমদ' দেখিয়া ভাহাদের ঈর্ষামদমানাদি দূর করিবার ইচ্ছাতে অন্তর্ধান করিয়াছিলেন: শ্রীশুকদেবও নিজে তাঁহাদের ব্যবহার দেখিয়া 'দৌরাত্মা' শব্দের প্রয়োগ করিয়াছেন। ইহার স্মাধান এই--গ্রীভগবানের সকল ক্রীড়াই প্রীতি-পোষণের জন্ম প্রবন্তিতা হয়, তিনি দেই সকল ক্রীড়া করেন, যাহা শুনিয়া লোকসকল রাগামুগাভক্তরূপে তৎপর হয়। তন্মধ্যে আবার এই শুঙ্গার-ক্রীড়ার এই স্বভাব যে ঈর্ষামদমানাদি-লক্ষণ তত্তদভাববৈচিত্রী-পরিকরক্সপেই রসপুষ্টি করে: তজ্জ্মই কবিরাও এইরপেই বর্ণনা করেন, শ্রীভগবান্ও খলীলাতে তাহা অঙ্গীকার করেন এবং নিজেও দক্ষিণ, অমুকুল, শঠ এবং ধৃষ্ঠ-চতুর্ব্বিধ নায়কর্রপে যথাযোগ্য স্থানে প্রকাশিত হয়েন: অতএব তল্পীলাশক্তিই প্রেয়সীদিগের হৃদয়ে তত্তদভাবামুরূপ তত্তদভাব থাকেন। ভজ্জগ্যখন সকলেরই বিরহ উপস্থিত হয়, তথন দৈয়বশতঃ একজাতীয় ভাবত্বাপতিদারা সর্বত স্থাই অভিব্যঞ্জিত হয়; যথা—শ্রীরাসে প্রিয়বিশ্লেষহেতু মোহিতা ও ছঃখিতা স্থীকে দেখিয়া পূর্ব্যপ্রাতিপক্ষিকা

গোপীদেরও মখ্য হইয়াছিল। বিরহ-লীলা. প্রেয়সীদের শীঘ্র শীক্ষয়-বিষয়ক তৃষ্ণাতিশয়বৰ্দ্ধনাৰ্থ হইয়া নাগরচ্ডামণীক্র থাকে—কারণ শ্রীক্ষেরও ঐ তৃঞ্চাবৃদ্ধি অত্যন্ত ক্চিক্র. যথা — শ্রীক্লফ নিজেই গোপীদের প্রশোন্তরে বলিয়াছেন-'নাহস্ত স্থ্যো ভজতোহপি জভুন্' ইত্যাদি শ্লোক। তজ্জ্য মধ্যে মধ্যে শ্রীকুষ্ণের হয়, তখন মদমানাদি-বিনোদ অতিক্রম করিয়াও অধ্যবসায় দেখা যায়, যথা-শ্রীরাসে মদ এবং মান প্রশমন করিবার জন্ম এবং স্ববিষয়ক ভূষ্ণার আতিশ্যারূপ 'প্রেসাদ' দিবার জন্ম তিনি অন্তর্হিত হইয়াছিলেন; অতএব বিরহ জন্মিলে দৈল্বশতঃই তাঁহাদের 'দৌরাত্মা'-বুদ্ধি হইয়াছিল, বস্ততঃ তাঁহাদের প্রেমৈকবিলাসরূপন্বছেতু ঐ দৌরাত্ম্য হয় নাই। প্রীশুকদেবও তদ্ভাবামু-সারেই ঐ বাক্যের অমুবাদ করিয়া-ছেন মাত্র, নিজে কিন্তু পূর্বেই তাহাতে ওদীয়নদে দোষ প্রত্যাখ্যান করিয়াছেন। (২৮৯) উদ্দীপনের मध्य ख्रथान ख्रण—नाती साहनगील छ. অবয়ব-বর্ণ--রস-শব্দ-স্পর্শ-গন্ধ--সল্লক্ষণ নবযৌবনের কমনীয়তা, নিত্যন্তনত্ব, অভিব্যক্তভাবত্ব, প্রেমবশ্রত্ব, প্রতিভা। নারীমোহনশীলভাদি--বেণুগীতে (১০।২১।২২). (২৯০) নিত্যনূতনত্ব—শ্রীমহিষী-সম্বন্ধে শ্রীস্তবাক্য—(১০।৩১|২), (২৯০-৯৪) অভিব্যক্তভাবত্ব—পূর্ব্যরাগে, মোহনত্ব দ্বিধি—স্বরূপকৃত এবং ছুদ্রািকুত যথা গোপীগীতে। (২৯৫) সম্ভোগে যথা শ্রীরাসারছে। (২৯৬-৯৭) প্রেম- প্রীতিসন্দর্ভ

বশ্যন্ত-দ্বিবিধ (夜) অক্তর্সের ভক্তপ্রেমদারা যথা ধুগল্গীতে; (খ) প্রেরসীপ্রেমদারা, পূর্ব্বরাগদারা যথা শ্রীকৃত্মিণীদূতকে শ্রীভগবান এবং শ্রীরাস প্রারম্ভে. (২৯৭-৩০০) সম্ভোগাত্মক শ্বারা (৩০১) প্রবাসাত্মকরারা যথা— শ্ৰীউদ্ধবপ্ৰতি ভগবদবাক্যে (৩০২) শ্রীগোপী প্রতি উদ্ধববাক্যে: প্রীরাজকুমারীদের পরিণয়ও তাঁহাদের **শ্রিগোপকুমারীদের** সহিত তদ্বিরহকাল-ক্ষপণার্থ একাত্মতায় তাঁহাদের প্রাণ পরিত্যাগ-এবং পরিহারার্থই। 'কৈশোৰে যাঁভাৱা গোপকলা. তাঁহারাই যৌবনে রাজকন্তকা হইয়াছিলেন।' জাতি <u> প্রীযুগলগীতে</u> —গোপত্বরূপা যথা (৩০৩) যাদবত্বরূপা শ্রীমহিঘী-বাক্যে। (৩০৪) ক্রিয়া দ্বিবিধ —ভাব-সম্বন্ধিনী যথা <u>প্রীরাসপ্রার</u>ন্তে. (৩০৫) স্বাভাবিক-বিনোদময়ী—যথা শ্রীযুগলগীতে। (৩০৬) দ্রবাসকল— তৎ-প্রেয়সীগণ যথা কাত্যায়নীরতে এবং বেণুগীতে: তৎপরিকরগণ যথা শ্রীউদ্ধবাদি. (৩০৮-৯) মণ্ডন ও বংশী. যথা বেণুগীতে একিষ্ণপদলগ্নকুষুমদারা, (৩১০-১১) পদাঙ্ক ও পদ্ধুলি, শ্রীগোপীকৃত-কৃষ্ণান্বেষণে। এখানে প্রেমই তৎপদ্যলির উৎকর্ষ জানাইতেছে; কিন্তু তদৈশ্ব-জ্ঞান তাহা জানাইতেছে না। কারণ— প্রীতি-পর্মোৎকর্ষেরই সভাব এই যে স্ববিষয়কে সর্বাপেক্ষা উৎকর্ষ-রূপে অমুভব করায়-যথা আদি-মূগপ্রেমদারা মৃগধুরস্পর্শে পৃথিবীকেও ভাগ্যবতী মনে করিয়া-শ্রীকৃষ্ণচরণস্পর্শে সেরপ ছেন,

শ্ৰীব্ৰজদেৰীগণ পৃথিবীকে ভাগ্যবতী মনে করিয়াছেন। (৩১৩) নখাঙ্ক —যথা রাদে শ্রীকৃষ্ণান্তেষণে; এইরা া প্রীবৃন্দাবন ও যমুনাদিও উদাহরণ। কাল-রাসোৎসবাদিসম্বন্ধী. খ্রীউদ্ধনপ্রতি খ্রীগোপীবাক্য, (৩১৪) यেज्ञाश जगवतीय खगानि উन्नीशन श्य. সেইরপ তৎপ্রেয়সীগুণসকলকেও তাদুশ্দেবোপ্যোগী হইলে উদ্দীপন জানিবে। তাঁহাদের এ সকল গুণ আত্মাভীষ্ট আত্মসম্বন্ধীয় এবং বল্লভাগণ-সম্বন্ধী—উভয়বিধই হয়।

অমুভাবসকল— দৈরিক্ত টাদির गश्िवीदनत এবং वजापनीरपतः দকলেরই প্রায় চতুর্বিধ অমুভাব— (১) উদ্ভাম্বর, (২) সাত্ত্বিক, (৩) অলম্বার ও (৪) বাচিকাখ্য। (১) উদ্ভাষর-নীবাতরীয়ধিমিল - অংশন, গাত্রমোটন, জৃত্তা, গাত্রের ফুল্লছ এবং নিঃখাসাদি। (৩১৭) (২) নাত্ত্বি——(৩১৮—২৪) অলম্বার—বিংশতি; (ক) অঙ্গজা ৩টী—ভাৰ, হাৰ এবং হেলা; (খ) যত্নজা-শোভা, মাধুর্য, প্রাগন্ভা छेनार्या अदः देश्यां नि मश्च ; (श) সভাবজা-লীলা. বিলাস. কিল্কিঞ্চিত, বিভ্ৰম, বিকোক, ললিত মোট্রায়িত এবং বিক্লতাদি দশ।

লীলা-জীকৃষ্ণ-চেষ্টামু-क्रवं (क्यें थायमः नीना न्या শ্রীকৃষ্ণান্তর নের শ্রীরাসে পর তদৰেষণ-ব্যাকুলা গোপীগণ যখন **এক্সিফচে**ষ্টান্নকরণ করিয়াছিলেন, তখনও তাঁহাদের নিজভাব নিগঢ়-ভাবে বর্ত্তমান ছিল। কালক্ষেপার্থ যে গোপী যে লীলা গান করিতে প্রবতা হইয়াছিলেন, প্রেমাবেশ-বশতঃ সেই লীলাই তাহাতে আবিষ্ট তাহাই তত্তদমুকরণ-হইয়াছিল. হেতু বলিয়া জানিতে বিশেষে **इ**हेर्द । উজ্জ্ञनदरम चानगानिकारभव অনালম্বর্ণতঃ উহা অঙ্গ বলিয়া স্থীকৃত নহে. কাজেই এই नीनाश्वराह्य । অমুকরণই প্রোয় প্রীতিমাত্রবিরোধি-ভাব-ত্যাধ্য বিশিষ্ট পুতনাদির এবং নিজ-প্রীতি বিশেষবিরোধী-ভাববিশিষ্টা এক্সম্ব-চেষ্টাম্বকরণ শ্রীকৃষ্ণামু-জনগ্রাদির কর্ত্রী গোপী বা স্থী সহিত বিরহ-কালক্ষেপের জন্ম মাত্র কৃত্রিমরূপে তত্তদ্ভাবপোষণের নিমিত্ত অঙ্গীকার করিয়াছিলেন, ততদ্ভাবাবিষ্ট হইয়া নাই. ইহাই অঙ্গীকার করেন সমাধেয়। কেহ কেহ এইরূপও বলেন—লোকে যেরূপ আত্ম-অনিষ্টশঙ্কাতে ভয়োন্মত হইয়া ভয়ের কারণ ব্যাঘাদির অনুকরণ করে, গোপীগণও সেইরপ <u>জীক্রম্ণের</u> অনিষ্টশস্কায় পূতনামুকরণ করিয়া-ছিলেন: ইহাতে এক্লফে আত্মবৎ প্রীতিরই স্বাভাবিক প্রকাশ পাইয়াছে. দ্বেষ প্রকাশ পায় নাই। প্রীদামোদরলীলাতেও প্রীয়শোদামু-করণকে তদ্ধপই জানিবে, তাহাতেও তত্তদভাবের পর্যাশ্রয়রূপা স্বভাবোচিতা প্রীতিই পাইয়াছে: ত্মতরাং ঐ ভাবে বিরোধ হয় नाहे। (७२७-७०) विनामानि। ৩৩১। (৪) বাচিকাখ্য অন্ত-ভাব—আলাপ, বিলাপ, সংলাপ, गत्मम, जन्दम, छन्दम, रान्दम, প্রলাপ, অমূলাপ, অপলাপ, অতি-দেশ এবং নির্দেশ। (০৩:—৩৬২) ব্যভিচারী ভাবসকল—নির্বেদাদি তেত্রিশ।

৩৬৩—৬৪। স্থায়ী—কান্তভাব। ইহার হুইটী হেতু শ্রীকৃষ্ণস্বভাব এবং বামাবিশেষস্বভাব; (৩৬৫) (১) এই স্থায়ী সান্ধাত্বপ্রোগাত্মক— সাক্ষাৎ নায়িকাদের, (২) তদমু-মোদনাত্মক—সখীদের এবং উভয়াত্মক উভয়বাপদেশিদের, তন্মধ্যে সামান্ত উপভোগাত্মক—যথা বেণু-গীতে, (৩৬৬) (১) উপভোগাত্মক —(ক) সম্ভোগেচ্ছানিদান, যথা— সৈরিন্ধ্যাদিতে, (৩৬৭) (খ) কচিদ্-ভেদিতসভোগেচ্ছা. যথা পট্টমহিবী-স্কলে (গ) স্বরূপাভিন্নসন্তোগেছা, যথা ব্রজদেবীগণে। ইহাদের এই ভাব স্বাভাবিক, অভএব ('যত্তে স্থজাত') প্রভৃতি শ্রীকৃষ্ণকৃত স্থপরি-ত্যাগেও নিজের ত্বঃখ চিন্তা না করিয়া — এক্রিফের হু:খচিন্তা করিয়া; তৎ-কথা-পরিত্যাগে অসামর্থা ইঁহাদের স্বভাব—যথা ভ্রমরগীতে। ই চাদের মধ্যে আবার বহুভেদসত্ত্বেও ছুইটী প্রধান—(অ) একটীতে মিথুনের পরস্পারের প্রতি পরস্পারের আদর-বিশেষ-প্রচর ভাব---যাহাতে তদীয়ভাভিমানাতিশয়দারা কান্তের প্রতি প্রেয়গীদের পারতন্ত্রা, বিনয়, স্তুতি এবং দাক্ষিণ্যপ্রাচুর্য বর্ত্তমান থাকে, যথা গ্রীচন্দ্রাবল্যাদির; (আ) মদীয়ত্বাতিশয়ত্ব-বশতঃ অগ্রটিতে পরতন্ত্রকান্ততা হেতৃ অন্তর্মর্ফ্রতা, নৰ্ম, কোটিল্যাভাস-প্ৰাচুৰ্য দেখা যায়,

যথা শ্রীরাধাদির—এই উভয় ভেদের প্রচরাংশ, স্বল্লাংশ এবং তৎসান্ধর্য-ভেদহারা অপর প্রেয়সী-গণেও বছবিধ ভেদ আছে: গ্রীক্রফের — শ্রীরাসপ্রস**ঙ্গে** পুনঃ শ্রীগোপীদের দৰ্শনান্তৰ ভাব। শ্রীদারকায় শ্রীসতাভাষার ভাবই শ্রীরাধার অমুগত ভাব। প্রীচন্দ্রাবলী, পন্না. শৈব্যা প্রভৃতি **এ**ীরাধার প্রতিপক্ষ নায়িকা এবং শ্রীললিতা, বিশাখাদি স্বপন্ধা: শ্রীশ্রামলা সঙ্কর-

৩৬৮। (২) তদমুমোদনাত্মক কান্তভাব — তদীয়লেশামুমোদনমাত্র যথা বিদর্ভপুরবাসিদের, (৩৬৯) সাক্ষান্তদমুমোদনাত্মক পূর্ণ কান্তভাবের উদাহরণ—শ্রীরাসে শ্রীকৃষ্ণান্ত্রেষণে মৃগপত্মাদির।

ভাবা হইলেও মদীয়ত্বাংশ-প্রাবল্য-

হেতু শ্রীরাধার প্রহুৎ এবং নাতিক্ষ্ট-

ভাবত্বহেতু ভদ্রা—তটস্থা।

৩৭০। উজ্জ্বাখ্য রদের ছুইটী ভেদ—(১) বিপ্রলম্ভ এবং (১) বিপ্রলম্ভ—বিপ্র-সন্তোগ। কর্বরূপে প্রাপ্তি-কাষায়িত বস্তে যেরূপ রং অত্যন্ত বৃদ্ধি পান, তদ্রপ বিপ্রলভ্যারা সভোগের পৃষ্টি হয়; অতএব বিপ্রলম্ভ সম্ভোগের উন্নতি-শ্ৰীভগবান্ কারক—যথা নিজে শ্রীগোপীদিগকে এবং শ্রীউদ্ধবকে বলিয়াছিলেন। বিপ্রলান্তের চারি ভেদ—(ক) পূর্বরাগ, (খ) মান, (গ) প্রবাস ও (ঘ) প্রেমবৈচিত্য—(২) সস্তোগ—শঙ্গত যুবক্যুবতীর সম্বদ্ধ-রূপে ভোগ—যুবকযুবতীর দর্শনাদি-আলিঙ্গনাদি - আমুকূল্য-নিবেষণছেতু উল্লাসময় ভাব—ইহাও পূৰ্ব-রাগাগ্রন্থরজ ভেদে চড়বিধ—(ক) পূর্বরাগ—যথা একিক্মিণীর ও এতাজ-দেবীদের, (৩৭:--৭৪) ওৎপত্তিক-ভাববতীদের মধ্যে কাহারও নিমিত্ত-বিশেষ প্রাপ্ত হইয়া কখনও বাল্যেও সভোগ বৰ্ণিত হইয়াছে। মহা-তেজস্বিতাহেতু ষষ্ঠ বৎসর হইতে আর্জ করিয়া কৈশোরাবির্ভাব পর্যন্ত অবিচ্ছেদে শ্রীক্ষে ঐ ভাব বর্তমান ছিল, অতএব তখন প্রীগোপীদের পুর্বরাগ জনিয়াছিল—যথা শ্রীভাগ —বেণুগীতে। ইহাতে পরোক্ষী-করণাশক্তি দিধা-একটাতে অজ্ঞান-বশতঃ ভাৰপ্ৰাৰল্যহেতৃই অৰ্থান্তরা-বিভাবদারা এবং অন্তটীতে ভাব-পারবভাহেত জানতঃই তছদ্ঘাটন-ছারা ।

৩৭৫। এই পূর্বরাগে কাম-লেখাদির প্রস্থাপনই সম্মত-যথা ক্রক্রিণীর; পূর্বরাগানন্তরজ সভোগ---সামান্তাকারে সন্দর্শন, সংভল্ল, সংস্পর্শ সম্প্রোগ-লক্ষণ ভেদমারা শ্রীরু ক্মিণীর সন্দর্শন. চতুৰ্বিধ। সংস্পর্শ এবং তদনস্তরজ সম্ভোগ, (১০।৫২।২৯)। (৬৭৬) শ্রীব্রজকুমারী-দের সন্দর্শন এবং সংজল্ল, যথা বস্ত্র-হরণে, (৩৭৭) যদিও কুমারীদের স্ববিষয়ক প্রেমোৎকর্ষ জানিতেন. তথাপি তদভিবাঞ্জক চেষ্টাবিশেষদ্বারা সাক্ষাৎ তাহা আস্থাদ করিবার জন্ম সনর্ম তাদৃশ-করিয়াছিলেন। বি**স্ত**ার বনিতার অমুরাগাম্বাদনে বিদগ্ধ-দিগের যেরূপ বাঞ্ছা হয়, স্পর্শাদিতে সেরূপ হয় না। পূর্বামু-

3666

রাগব্যঞ্জক লজ্জাচেছদ-নামক দশা-বিশেষ আছে! নয়ন-প্রীতি, প্রথম-শন্তোগ, শংকর, নিদ্রাচ্ছেদ, তমুতা, বিষয়-নিবৃত্তি, উন্মাদ. ত্ৰপানাশ. मुर्फ्श এবং मृज्य - এই দশটী স্মরদশা। কুলকুমারীদের ঐ স্থর-প্রকাশক দশার মধ্যে লজ্জাচ্ছেদই পরাকাষ্ঠা: কারণ কুলকুমারীগণ দশ্মীদশা মৃত্যুকে অঙ্গীকার করেন, কিন্তু বৈজাত্য অর্থাৎ উন্মাদ এবং মুর্চ্ছাকে অঙ্গীকার করেন না—অতএব অমুরাগাতিশয় আস্বাদন করিবার জন্মই ঐরপ পরিহাস করা হইয়াছে। শ্রীক্ষরে স্থাগণ তদঙ্গনিবিশেষ, যথা গোত্মীয়তন্ত্রে। তাঁহার কুষ্ণের অন্তঃকরণরূপ: অতএব বস্তব্ণ-লীলাতে ভাহাদের বর্ত্তমানতা দারা রসোলাসই হইয়াছে, রসের ব্যাঘাত হয় নাই।

৩৭৮। এবজকুমারীগণ অত্যন্ত প্রলব্ধ, তাজিতল্জ, উপহসিত, ক্রীড়নবৎকারিত হইয়াও তৎসঙ্গরারা প্রমানক্ষমগ্রাই হইয়াছিলেন।

092-b21 শ্রীযজ্ঞপত্নীদের ব্রাহ্মণীত্বশত: যোগাত নাই বলিয়া তাঁহাদিগের প্রতি শ্রীক্ষের ভাব হয় নাই, অতএব পূর্বরাগের মৃত প্রতীয়মান যে ভাব এবং তদনস্তর সন্দর্শন. সংজল্পরপ-সম্ভোগের প্রতীয়মান যে ভাব দেখা যায় তাহা কিন্তু সম্ভোগাভাসই, সেই হেমন্ত ঋতুর অনস্তর **নিদা**ঘে দ্ৰপ্তবা। (৩৮২) যজ্ঞপত্নীদের মধ্যে একজন তখনই অযোগ্য-ব্রাহ্মণ-দেহ পরি-ত্যাগপূর্বক গোপীদেহে প্রীক্লফের ব্রজের অনন্ত প্রকাশের মধ্যে কোনও

অপ্রকট প্রকাশে পূর্বরাগানন্তরজ সংস্পর্শনাত্মক সম্ভোগ পাইয়াছিলেন। তাদৃশ কণ্টের দারা শ্রীক্লম্পপ্রাপ্তি-বিষয়ে কৃষ্ণান্তসন্ধানের অবিচ্ছেদ-উৎকণ্ঠাপুষ্টিদারা তাঁহার রদোৎকর্ষহেতু সাক্ষাৎ দশমী দশা-প্রাপ্তিও দোষের হয় নাই।

শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ)

৩৮৩। তদনস্তর শরৎকালে শীব্রজদেবীসকলের সন্দর্শনাদি সর্ব-প্রকার পূর্বরাগানস্তরজ সম্ভোগ বণিত আছে, তখনও তাদৃশ প্রাপ্তিতে অক্কতার্থন্মন্ত কুমারীদের পুর্বরাগাংশ অতীত হয় নাই। বেণুগীত-ক্বত মুর্চ্ছাদির প্রশমনের জন্ম হইয়াছিল, সম্ভোগরীতিতে সেই স্পর্ণাদি স্ভাটিত হয় নাই—ইহাই মন্তব্য।

৩৮৪। (খ) মান---সহেতুক ও নির্হেতুক ভেদে দ্বিবিধ। সহেতু-প্রিয়ক্কত-ক্ষেত্র ভারুমানখারা। সহেতু ঈর্ষাই মান-এই বিলাস শ্রীক্লফেরও প্রম ত্মখদ; যথা—শ্রীরুষ্ণ রুক্মিণী-প্রতি। মানাখ্যভাব, কাঙ্ভাবাখ্য প্রীতির বলিয়া করে এবং প্রাচীন কবি-সম্প্রদায়-সম্মত বলিয়া আদরণীয়। রাসে সকলকে যুগপৎ-ত্যাগে শীব্রজদেবীদের পরিত্যাগজ ঈর্ঘাহেতুক মানলেশ হইয়াছিল— (৩৮৫) এই মান স্থত্যাদির দারাই শান্ত হয়. যথা রাসে! (৩৮৬) নির্হেত্যান-প্রণয়মান, ইহা নায়কেরও হয়; যথা রাসে এক্লিফের হেত্বাভাসজ এবং **শ্রীব্রজদেবীদে**র প্রণয়মান হইয়াছিল— অহেত শ্রীব্রজদেবীদের প্রণয়—স্থপ্রবাহাদি

উদ্রেক দ্বারা স্বরসাবর্ত্তরূপ কেটিল্য স্পর্শ করিয়া মানাখ্য প্রীতিবিশেষতা প্রাপ্ত হয়: অতএব ব্রজদেবীদেরই মানাখা বিপ্রকল্পও শুদ্ধভাবে জন্মে, উাঁহারা ভিন্ন অগ্য প্রেয়সীদের হেতুলাভেও বিষাদ-ভয়-চিস্তাপ্রায়ই মান জন্মে—যথা শ্রীক্ষের পরিহাসময় বচন শুনিয়া সর্ল-পর্ম-গান্তীর্যবতী প্রেমবতী শ্রীরুক্মিণীর। মানান্তরজ্ঞ সম্ভোগ— যথা রাসে প্রীব্রজনেবীদের।

৩৮৭—৮৮। (গ) প্রেমবৈচিত্ত্য— প্রিয়ের সন্নিকর্ষেও প্রেমোনাদ্রম-হেতু বিশ্লেষবুদ্ধিতে যে আতি হয়, তাহাকেই প্রেমবৈচিত্তা বলে—যথা পট্রমহিষীদের।

৩৮৯। (ঘ) প্রবাস-নানা-এবং তদ্নস্তর সজ— শ্রিজদেবীদিগকে অধিকার করিয়াই উদাহরণীয়। প্রবাস-লক্ষণ বিপ্রালম্ভ — সঙ্গতির জন্মই হইয়। থাকে। 'পূর্বসঙ্গত যুবকযুবতীর দেশান্তরাদি-দারা যে ব্যবধান হয়, ভাহাকেই প্রাজ্ঞ লোকেরা প্রবাদ বলেন। তজ্জগুই এই বিপ্রলম্ভ প্রবাস নামে কথিত হয়। এই প্রবাসে—'চিন্তা, প্রজাগর, উদ্বেগ, তানব, মলিনাঞ্চা, প্রলাপ, ব্যাধি, উন্মাদ, মোহ এবং মৃত্য-এই দশটী দশা হইয়া থাকে। এই প্রবাস (১) কিঞ্চিদ্রগমনময় এবং (২) স্থদূরগমনময়। পূর্বটি আবার দ্বিধি— (ক) একলীলাগত ও (খ) লীলা-পরম্পরান্তরালগত— (৩৯০) (১) ক--যথা রাসে শ্রীক্ষঞান্তধানের পর-(৩৯১-২) প্রলাপাখ্যা দশা---যথা রাসে---

প্রেমপত্তন

৩৯৩। এতদনস্তর अरख्यारशा-দাহরণ যথা রাসে শ্রীক্ষণদর্শনান্তে— ৩৯৪। (খ) দ্বিতীয় কিঞ্চিদদুর-প্রবাস — – লীলাপরম্পরান্তরালগত যথা-গ্রীগোপীদের গ্রীকৃষ্ণ গোচারণ-জন্ম বনে গেলে। (৩৯৫-৬) তথন তাঁহাদের প্রলাপাখ্যা দশা--যথা যুগলগীতে। (৩৯৭) এতদনস্তর দর্শনাত্মক সম্ভোগ—যথা যুগলগীতে। স্তুদ্রপ্রবাস—ইহা ত্রিবিধ ভাষী, (খ) ভবন ও (গ) ভূত, (ক) ভাবী যথা—শ্রীঅকুরাগমনে ব্রজবাসীদের: (৩৯৯) প্রলাপ যথা প্রতিদের প্রীক্ষের মথুরায় গমনোজমে: (৪০০) (খ) ভবন —যথা শ্রীক্ষের মথুরাগমন-সময়ে গোপীদের; (৪০১) (গ) ভূত —যথা শ্রীউদ্ধব প্রতি শ্রীকৃষ্ণবাক্যে: এই দূর-প্রবাদে দূতমুখে পরস্পর সন্দেশও দেখা যায়--ক্ষুরিত-সংখ্যাংশ প্রীউদ্ধন বলদেবাদিই দৃত-পূর্বে যে সকল গোপীগণ আকার গোপন করিয়াছিলেন, তাঁহারাই শীকৃষ্ণ-বিরহে মহার্ডা হইয়া মহাসংখাচ শ্রীউদ্ধবকে পরিত্যাগ ক বিয়া মনোত্ব:খ বলিয়াছিলেন; (৪০২) গ্রীবলদেব যখন ব্রজ্ঞ্বামে পুনরায় আদিয়াছিলেন, তথনও গোপীগণ প্রেমের্বাবশতঃ শ্রীকৃষ্ণকে উপহাদ করিয়া বলিয়াছিলেন; (৪০৩-১১) প্রীউদ্ধব-সন্নিধানে প্রীরাধার উন্মাদ-বচন, যথা—ভ্রমরগীতে উন্মাদহেত্ মানিনীভঙ্গিতে অষ্ট শ্লোক বলিয়া-ছেন; (৪১২) উন্মাদহেতু কলহান্ত-রিতা-ভঙ্গিতে ছুইটি শ্লোক বলিয়া-ছেন; (৪১৩) দৃত দারা তাঁহাদের

সান্ত্রনা দিখা করা হইরাছে—(>)
স্বকৃত স্ততিদারা এবং (২) শ্রীকৃষ্ণসন্দেশদারা—(৪১৪-২২) তদনস্তরজ
সন্দর্শনাদিময় সজ্যোগ কুরুক্তের
প্রসিদ্ধ।

৪২৩। তদনন্তর শ্রীক্বফের দারকা হইতে শীবৃদ্ধাবনে পুনরাগমন এবং তাঁহাদের সহিত প্রকটরূপে তুই মাস ক্রীড়া, তদনন্তর অপ্রকটরূপে তাহা-দিগকে নিতাসংযোগদান। একাদশ-স্বন্ধেও শ্রীউদ্ধবের প্রতি শ্রীকৃষ্ণ বলিয়াছেন-জারদ্ধপে পূর্বে প্রাপ্তি, রমণরূপে পশ্চাৎপ্রাপ্তি: অতএব <u> এরজদেবীদের</u> পরকীয়াভাসত কাল-কতিপয়ময়ত্বরপেই ব্যাখ্যাত। গ্রীরূপগোস্বামীও উচ্ছলনীলমণির উপক্রমেই এই অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। অবতারসময়ে মাত্র এরপ পরকীয়ারূপে লীলা হইয়াছে। উপসংহারে ললিত্যাধবগ্রন্থের 'দগ্ধং হস্ত দধানয়৷ বপুঃ' ইত্যাদিতে ঔপপতাল্রমের পরিহারানন্তর লীলাতেই সর্বফলরূপ সম্বিমদাখ্য সজোগ দেখান হইয়াছে। এইরূপ বি প্রলম্ভ-চতুইয়পুষ্ট সম্ভোগ-চতুষ্টয়ের সন্দর্শনাদি-ত্রয়াত্মক कानित. यथा-नीलाटोर्ग, मनान. রাস, বুন্দাবনবিহার ইত্যাদি।

(ক) লীলাচোর্য— যথা বস্ত্রহরণে, (৪২৪) (খ) সঙ্গান—যথা
রাসে এবং শঙ্খচূড়বধের পূর্বে;
(৪২৫) (গ) রাস—যথা শ্রীরাস—
পঞ্চাধ্যায়ের শেষে, (৪২৬) (ঘ)
জলক্রীড়া ও (৪২৭) (৬) রন্দাবনবিহার—রাসাস্তে, (৪২৮) সংযোগ
যথা—শ্রীরাসারতে।

হ২৯। শ্রীকৃষ্ণচন্দ্রের এই রাসসম্বন্ধিনী উচ্ছলগীলাও অনস্তর্মপে
সম্বতা — সর্বসোভাগ্যবতীমূর্দ্ধমণি
শ্রীরাধিকা-সম্বন্ধিনী লীলা-বর্ণনা, মথা
শ্রীরাস-প্রসঙ্গে; ইহাতে স্থী, স্মন্তর্দ,
প্রতিপক্ষ এবং তটস্থাদের বাক্য
উদাহত আছে।
প্রোমকদন্ধ—শ্রীললিতমাধ্ব-নাটকের

পয়ারাদি বিবিধ ছন্দে অয়বাদ।
১৭০৯ শকে প্রীপ্ররূপ গোস্বামী এই
অয়ুবাদ রচনা করিয়াছেন। ভাষা
— প্রন্দর, প্রাঞ্জল ও প্রথপাঠ্য;
মূলের ভাবরস গান্তীর্যাদি অয়ুবাদেও
অক্ষুপ্ত আছে। গ্রন্থদেযে কবির
পরিচয় আছে যে ইনি খড়দহ-নিবাসী
প্রীমরিত্যানন্দ-বংশু, ইহার পিতা
নবকিশোর ছিলেন নিত্যানন্দের
পোল্ল রামচন্দ্রের প্রপৌল্ল। ইনি
জ্যেষ্ঠ লাতা জগলাথের আদেশে
প্রেমকদম্ব রচনা করেন।

প্রেমপত্তন—ভক্তাবতংস রদিকোত্তংস প্রেমরস-পূরিত এই 'প্রেমপত্তন' নামক গ্রন্থররের রচ্যিতা। গ্রন্থকারের প্রকৃত নাম-ধামাদি অজ্ঞাত। কথিত আছে যে একদা কবি 'রসিকোন্তংসো হরির্জয়তি' পতা রচনা করত ভগবানে সমর্পণ পূর্বক নিদ্রিত হইয়া স্বপ্নে দেখিতেছেন যে তিনি প্রিয়া-প্রিয়তমের নিকটে স্মাগত হইলে তাঁহাকে দেখিয়া প্রিয়া প্রিয়তমকে বলিতেছেন—'এই রসিকোতংস আসিল।' এই কথা শ্রহণে জাগরিত হইয়া কবি প্রাত:কালে খেদসহকারে প্রিয়াজিকে বলিলেন— 'আমাকে দেখিয়া প্রিয়তমের নিকট

যে তুমি 'ছে প্রিয়! ভোমার এই কথা রসিকোত্তংস আসিদ।' বলিয়াছ, হে দেবি ! তাহাতে আমি পাইতেছি।' ম্নোতুঃথ নিরস্তর বলা বাহুল্য তদবধি কবি রসিকোত্তংস নামেই হইলেন। পরিচিত শ্রীকৃষ্ণদাসজী - সম্পাদিত শ্রীবল্লভ-রসিকজির বাণীর ভূমিকায় লিখিত হইয়াছে যে রদিকোত্তংস ও বল্লভ-রসিক ছই ভাই এবং তাঁহারা শ্রীগদাধর ভট্টের পুত্র। [:৩৩২ পৃষ্ঠায় রসিকোতংস দ্রষ্ঠব্য] এই গ্রন্থে ১০২টি পত্ত তাঁহারই নির্মিত। ১৬৯৫ বিক্রমান্দে ইনি জন্মগ্রহণ করিয়াছেন বলিয়া ঐ গ্রন্থের ভূমিকায় বিবিধ আভান্তরীণ প্রমাণ-প্রয়োগে স্থিরীকৃত হইয়াছে। এই গ্রন্থের টীকাকারও অজ্ঞাত—'অভ্তত'-নামক মহাজন, ভূমিকায় এই গ্রন্থকারেরই টীকা বলিয়া প্রমাণিত হইয়াছে। যে গৌডীয়-বৈষ্ণব শ্রীরূপান্থগ ছিলেন—তাহা তদীয় 'অন্পিত্ররীং চিরাৎ' শ্লোকে বন্দনা হইতেই জানা যায়। গ্রন্থে ও টীকায় শ্রীরূপচরণ ও শ্রীবিশ্বনাথ-প্রভৃতির স্বক্তিসংগ্রহ হইয়াছে— তাহাও বিচার্য। পুরঞ্জনের উপাথাান-বৎ এই গ্রন্থেও রূপকচ্ছলে বর্ণনা হইয়াছে।

কথাসার---গগনমণ্ডলে 'প্রেম--পতন'-নামে এক নগর বিরাজ করিতেছে—তাহার অধিপতি প্রচুর-তর আনন্দকন ভগবান্ নন্দনন্দন মুকুন্দ। তাঁহার মতি ও রতি নামে তুই যুবতী ভার্যা আছেন। উভয়ের নধ্যে সর্বোত্তমা অলৌকিক রূপলাবল্যশালিনী হলাদিনী সাররূপা রতি-শ্রীরাধাই। ভগৰান পরম-পুরুষের ঐশ্বর্যামুসন্ধানরূপা জ্ঞানবাচ্যা হইলেন—মতি। রতির লাবণ্যা-তিশয়ে আরুষ্টচিত্ত শুঙ্গারমৃতি ভগবান্ মতিকে ত আদর করিতেনই না. বরং বাক্যেও অব্যাননাই করিতেন। মাধুর্যক্রপা রতি-কর্ত্তক নিত্যতৃপ্ত ভগবান ঐশ্বর্জপা মতিকে আদ্র করিবেনই বা কেন? ক্রমে ক্রমে রতিও তাঁহাকে যথেষ্ট কদর্থনা করিতে লাগিলেন। বিজ্ঞচূড়ামণি মতি তথন কান্তগৃহ এমন কি পঞ্চ-প্রাণ হইতেও আদরণীয়া স্বীয় কলা শান্তিকেও ত্যাগ করত স্বপিত্রালয়ে করিলেন। মতির জনক কিন্তু শাস্ত্রই, সেই শাস্ত্র আবার জন্মাবধিই ধনসম্পাদিতে বৈরাগ্যই আনয়ন করে। কলাকে আসিতে দেখিয়া পিতা (শান্ত্ৰ) তাঁহাকে বেদাধ্যয়নপটু বটুগণের সহিত বনে বনে কায়ক্রেশে ভিক্ষাটন করিতে আজা দিলেন। শান্তস্থান্ত নামক ঋষি শান্তিকে বিবাহ করিয়া নিজ আশ্রমে লইয়া গেলেন।

এইরূপে সত্হিতা মতি 'প্রেমপত্তন' নামক পত্তন নিজ্ঞান্ত হইলে ভত্রত্য গৃহ-নগর-উপবনাদির যাবতীয় অধিকার শৃঙ্গার-মৃত্তি ভগবান রতির হল্তে সমর্পণ করিলেন। মতির যাবতীয় কার্যে বৃতি অস্যা-প্রকাশে সকল ব্যবহারেই পরিবর্জন করিলেন। মন্ত্রী হইতে আরক্ত করিয়া দাস-দাসীগণকে পর্যন্ত রতি পরিবর্ত্তন করিয়া দিলেন। এখন মন্ত্রী হইলেন

—ভরত। পুরোহিত হইলেন— কামশাস্ত্ৰপ্ৰণেতা ৰাৎস্থায়ন মুনি। নগর-নির্মাতা শিল্পীপ্রবর—অদ্ভূত। এই অন্তত শিল্পী রাজার আদেশামু-সারে অন্তত কৌশলে এই প্রেমপত্তন করিলেন। 'রাগামুগমন' নামক অন্তত-রচিত গোপুরদার দিয়া কোনও কোনও ভক্তপ্রবর ঐ পতনে প্রবেশ করিতে পারেন, তম্ভিন্ন আর কাহারও প্রবেশাধিকার নাই। এ নগর-প্রাকারের বহির্ভাগে গন্তীর-তোয়া মহাবিস্তার যে পরিখা আছে. তাহা কেবল তগবদ্ভক্তি-পয়ায়ণ জনগণই উত্তীৰ্ণ হইতে পারেন। পরিখামগুলের চতুর্দিকে বহু উপবন আছে—তাহার অলৌকিক ছবি, মঠিমাদি অবর্ণনীয়। পতনের অভ্যন্তর ভূমিভাগের যাবতীয় বস্তই অরুণবর্ণ—পশু-পক্ষী-মমুয্যাদি সকলই ভিতরে বাহিরে অহুরাগ-রঞ্জিত। রতি ঐ নগরে উপমন্তিরূপে যুদ্ধবীর, ধর্মবীর ও হাস-নামক মহাজনদিগকে নিযুক্ত করিয়াছেন। ঐ নগরে ঋতুসমুদয়ও যুগলের প্রয়োজনাত্রযায়ী নিয়নিত হয়। রতির 'প্রেম প্রণয় স্থেহ মানাদি' ক্রমে উত্তরোতর জ্যেষ্ঠ দশটি পুত্র আছে। শৃঙ্গারমৃত্তি রাজার পরিপদ্বী 'রৌদ্র, করুণ, ভয়ানকাদি' নিসীমায়ও আসিতে পারে না। মুর্যাদাম্য 'ভাগবত' রাজার শাসন স্থির করিয়া ঐ পুরীর পালন করেন। 'অভ্যস্তশাস্ত্র'-নামক সেনাপতি নিরস্তর নগরের বাহিরেই পরিভ্রমণ करत्न, निकर्षे चारमन ना। एग्-দর্শন ও বচনাভিজ্ঞ-নামক পরীক্ষকদয়

রতি-কর্ত্তক নিযুক্ত হইয়াছেন। 'ত্রদৃষ্ঠ, ত্রাগ্রহ, ত্রেরাগ্য ও ত্ব:সংজ্ঞ'-নামক চারিজন প্রতীহারী গোপুৱৰহিৰ্দেশে রতি-কর্ত্তক নিযুক্ত হইয়া পূৰ্বোক্ত পরীক্ষকদয়-কর্তৃক পরীক্ষিত জনগণকেই নগরাভান্তরে প্রবেশ করাইতেছেন। এইভাবে নগুৱাদির বুচনা-বিষয়ে বৈপরীতা. বিধান হইলে প্রথমতঃ মতিকর্ত্তক निर्मिष्ठे विरमय विरमय वावशादाउ রতি বৈপরীতা সংঘটন করাইলেন। মতির অধ্যক্ষতার ধর্ম নিগমানুসারে নিয়মিত হইত। এক্ষণে অধীনে সেই বিষয়েও বিপর্যয় ঘটিল -- वर्ना वर्धरे धर्म, बनाठांतरे আচার, অসত্যই সত্য, অদস্তোষই **সম্ভো**ষ হইল। কবি শ্রীমদ-ভাগবতাদি শাস্ত্রনিচয়ের প্রমাণ-প্রয়োগপুর: সর এই সব বিষয়ের যে স্থার পবিত্র রস্তবাহ্যায়ী বিপর্যয় বিভাস করিয়াছেন—তাহা একমাত্র রসিকজন-সংবেতা।

এম্বলে 'প্রেমপত্তন' বলিতে সর্বধামমূর্দ্ধন্ত জীবৃন্দাবন্ট বাচ্য; মধুরমেচক-নবজলধরকান্তি শৃক্ষার-রুসরাজ ব্রজেন্দ্রন্দ্র এবং রতি-মহাভাবাঙ্কুর-ক্লপা প্রেয়সী-মুর্ক্নন্তা শ্রীরাধাই। ধর্মবিপর্যয়সম্পর্কে এই কথাই বিচার্য--'যে ধাম হইতে পৃততর অন্ত স্থান নাই, সেই পূর্ববর্ণিত আনন্দময় ভগৰদমুগ্ৰহৈকলভ্য মহা-স্থকতিগণপ্রাপ্য ধামে যে সকল গুণত্রয়-বজিত জনমণ্ডলী বাস করেন. তাঁহাদের আচার বা অনাচারাদি আমাদের ভায় হইতে পারে না— 'মাপকাঠিতে' ওস্থানের **এস্থা**নের

রীতি-নীতি বুঝিতে যাওয়া মহা বাত্লতাই। মনে রাখিতে হইবে —যে ভগবংপদ লাভ করিবার জন্ম বিবিধ ধর্ম অমুষ্ঠিত হয়, সদাচার রক্ষা করা হয়, বিনয় সত্যবাক্য প্রভৃতি গুণাবলি অর্জন করিতে হয়—গেই পদ প্রাপ্তি করিলে তাঁহাদের আর কি অবশিষ্ট থাকিতে পারে যাহার জন্ম তাঁহার। আবার যত্ত্র করিবেন ? 'নিক্তৈগুণ্যে পথি বিচরতাং কো विधिः (का निरंबधः'। 'निरंख छर्गा। ভবাৰ্জুন' (গীতা ২।৪৫) ইত্যাদি বচনদারাও প্রতিপন্ন হয় যে ভগবৎ-প্রেম-পরিপ্ল,ত সহৃদয়গণ ধর্মাধর্মবন্ধন হইতে সর্বথাই নিমৃক্তি। এই রাগ-ভক্লিমার্গ ত্রিগুণাতীত ভগবং-প্রিয়গণেরই সমাশ্রমণীয়, কিন্তু মাদৃশ ত্রিতাপদগ্ধ জীবের এই পদ্বা নহে। 'যে স্থলে অসতাই সতা'-এই রতিক্বত বিপরীত ভাবের পুরাণবাক্যে ও আত্মকৃত পত্তে সমর্থন যথা---শ্রীগর্গ মহারাজ বলিয়াছেন (ভাগ ১০া৮) 'তোমার এই আত্মজ পূর্ব-কখনও বস্থদেব-গ্রেও জন্মিয়াছিল' এবং 'অতএব হে নন্দ। তোমার এই আত্মজ গুণে নারায়ণ-সম, ইহাকে সাবধানে রক্ষা করিবে!' এইস্থলে ঈশ্বর ও বস্থদেবাত্মজ বলিয়া জানিলেও গর্গমূনির 'পূর্ব-কালে', 'তোমার আত্মজ', নারায়ণ-তুল্য, কিন্তু নারায়ণ নহে', 'সাবধানে পালন করিবে'-ইত্যাদি বাকা মতা নহে, তাহার কারণও কেবল শ্রীকৃষ্ণবিষয়ক প্রেমই, [এস্থলে অসতা-ভাষণেই প্রীক্লফানিষ্ঠার পোবকতা হইয়াছে।] এইক্লপ সর্বত্র,

—প্রেমের গতিই গহনা! **্রেমপত্রী**—শ্রীরামহরি-প্রণীত দশটি দোহা। ইহা বিরহবিধুরা ব্রজগোপী-গণ-কর্তুক শ্রীকৃষ্ণকে মথুরানগরে লিখিত প্র।

3649

প্রেমভক্তিচন্দ্রিকা——শ্রীমন্নরোত্তম ঠাকুর মহাশয়ের রচনা। উপাদেয়. গারগর্ভ, উপদেশপূর্ণ এবং শাক্ত-শৈব বৈঞ্চব-নিবিশেষে উপাদক-মাতেরই নিতা পাঠা। এরূপ সম্ভক্তিপুরিত, সংক্রিপ্ত অথচ সাধকের প্রম হিতক্র গ্রন্থ জগতে বিরল।

প্রেমভজিচন্দ্রিকার অনুবাদ— শীবুন্দাবন দাস সংস্কৃত পতা, ব্ৰজ-ভাষায় দোহা, সোরঠা প্রভৃতিতে ২৬০ পত্তে এই গ্রন্থ অনুদিত করিয়াছেন।

প্রেমভক্তিচন্দ্রিকার টীকা—— শ্রীনরহরি দাস কাব্যতীর্থ-কর্ম্বক (৪৪৫ প্রীচৈত্যানে) প্রকাশিত গ্রন্থে এবং শ্রীনিতাম্বরূপ বন্ধচারি-কৃত গ্রায়ে শ্রীবিশ্বনাথ চক্রবর্তির নামে এই সংস্কৃত টীকাটি আরোপিত হইয়াছে। 'অদৈতপ্ৰকটীক্বতঃ' প্রভৃতি মঙ্গলাচরণ দেখা যায়, কিন্তু শ্রীবৃন্দাবন হইতে ১৩০৬ বঙ্গান্দে প্রকাশিত গ্রন্থে এই মঙ্গলাচরণ নাই। 'অজ্ঞান-তিমিরারস্তা' শ্লোকের টীকা —তথ্যৈ গ্রীন্তর্বে নম: গ্রীপ্তরুং প্রতি মম নমোহস্ত। কিন্তৃতার? গুরুণা মম চক্ষু: নেত্রমুন্মীলিতং। মম কিন্তৃতভা ? অজ্ঞানতিমিরান্ধভা অজ্ঞানমেৰ তিমিরমক্ষিরোগস্তেনাক্ষপ্ত দৃষ্টিশক্তিরহিতস্থা। কিম্বা অজ্ঞান-তিমিরমন্ধকার-মবিজা তদেব স্তেশান্ধস্ত, অজ্ঞানতম্যো নাম

কৈতবম্। যথা প্রীচৈতগ্রচরিতামূতে 'অজ্ঞানতমের নাম কহিয়ে কৈতব।… সেহ এক জীবের অজ্ঞানতমোধর্ম॥ ক্যা উন্মীলিতং জ্ঞানাঞ্জনশলাক্যা-ঈশ্বরঃ পর্ম রুষ্ণঃ সচ্চিদানন্দ-বিগ্রহঃ। थ्यमानितानित्रीतिकः সর্বকারণকারণ-মিত্যনেন চ ক্লফস্ত ভগবান স্বয়-ক্লম্ভগবন্তাজ্ঞান-মিতানেন Б মেবাঞ্জনশলাকা তয়া, ক্ষে ভগবতা-জ্ঞান সম্বিতের সার।' ইতি প্রীচৈতন্ত্র-চরিতামতোক্তে: ইত্যাদি। টীকাটি প্রথবোধ্য ও স্থলবিশৈষে মূলার্থ-পরিগ্রহণে সাহায্যকারী। সাহিত্য পরিষদের একটি পুঁথিতে মোহন মাধুরা দাস-কৃত প্রেমভক্তি-চন্দ্রিকার টীকা আছে (৩৭২ সংখ্যক পুঁথি) ইহার নাম—প্রেমভক্তি-

প্রেমভক্তিন্তোত্ত—শ্রীরামানন্দতীর্থ-স্বামি-ক্লত গত্ত-পত্তে প্রীচৈত্ত্ত্য-স্তোত্ত। স্বৰুত টিপ্পনীযুক্ত ১৪ শ্লোকে গ্ৰথিত। উপক্রমে—'নিত্যানন্দা-ভিধান: সকলত্বথকর: কেবলানন্দ-রূপো, বিফু-চাদৈতনামা নিরবধি প্রেমভাবৈক্সারে (१)। ষ্ঠা গঙ্গোত্তমাঙ্গা ক্ষিপতি শতদলং যম্ম পাদারবিন্দং, তং চৈত্যাখ্যরূপং তরুণরবিরুচিং প্রেমবীজং ভজে২হম ॥১॥ ইহাতে গ্রন্থকার শাস্ত্রপ্রমাণে শ্রীচৈতভার সর্বেশ্বরত্বাদি প্রতিপাদন করিয়াছেন।

চম্প্রিকাকিরণ ৷

প্রেমরসায়ন-(তাঞ্জোর সরস্বতী মহল লাইবেরী পুঁথি P. A. 108, D. 8236) বিশ্বনাথ পণ্ডিত-বিরচিত, তন্ত্রামৃত্যতামুখায়ি প্রকরণ গ্রন্থ। ৫০ পত্রাত্মক,লিপিকাল নাই। বৃত্তি- সহিত মূলকারিকা ২১২। প্রেমের । স্বরূপাদি-নির্ণয়েই গ্রন্থ-তাৎপর্য। ইহাতে হরিদাস-কত ভক্তিরত্বাকর, শাণ্ডিল্যস্থ্র, গুপ্তপাদ (অভিনব ?), গুণাকর-কত ভাবচন্দ্রিকা, প্রমানন্দ ঠাকুর-কত প্রেমচন্দ্রিকা, গোবিন্দ চক্রবন্ধি-কত প্রেমচন্দ্রিকা, ক্লোম্বন্দ তৈত্য গোস্বামির ভক্তিরত্ব, তন্ত্রামৃত, রসামৃতগ্রন্থ এবং শ্রীমদ্ভাগবতাদি হইতে উদ্ধৃতি আছে।

আরন্তে —কীর্ত্তিপ্রতাপ-বিধুতামুসমুজ্জলানি, ধীরেঃ কুতানি বদনানি
দিশাং প্রযক্ত। স্থব্যক্তগোপবনিতানয়নাস্তপাত,-পাত্রৈকরূপ-তিমিরাণি
ময়া তু তানি ॥ ১॥ উচ্ছলন্তাব-কল্লোলশৃঙ্গারাদি-রসাকরঃ। জয়ত্যপারগন্তীরশ্চিরং প্রেম-মহার্ণবঃ ॥ ২॥ শেষে
—আপাত-রমণীয়োহপি গলিতভ্ত পদং
গতঃ। যঃ পুমর্থায় ভবতি প্রেম্ণে
তক্ষৈ নমো নমঃ॥ ২১২॥ উপসংহারে
—চিত্ত-বৎসেন সংযোজ্য দোগ্ধা যদি
মিলিয়্যতি। তহি গৌরচ্যুত-প্রেমহগ্পমেবা প্রদান্ততি॥ ৪॥

ত্রেমবিলাস—শ্রীনিত্যানন্দ দাসকত্তি রচিত। প্রীথণ্ডের কবিরাজবংশে কবি আত্মারামদাসের ঔরসে
১৫৩৭ খৃঃ নিত্যানন্দের জন্ম হয়।
ইহার পূর্বপ্রেমের নাম বলরাম—
নৈশবাবস্থায় পিতৃমাতৃবিয়োগে ইনি
মা জাহ্লবার আশ্রয়ে আসেন ও
তাহার নিকট দীক্ষা গ্রহণ করেন।
প্রেমবিলাস গ্রন্থানি বিংশ বিলাশ
বা অধ্যায়ে বিভক্ত; কিন্তু বহরমপুর
সংস্করণে ২৪ই বিলাস দেখিতে
পাওয়া যায়। ইহা ১৬০০ গ্রীঃ রচিত
হয়। ইহাতে প্রধানতঃ শ্রীল্আাচার্য-

প্রভুর এবং প্রীগ্রামানন্দ প্রভুর জীবনী
আছে। প্রেমবিলাসে (২য়) গ্রন্থকার-কত শ্রীনিবাস আচার্যের এবং
(৯ম) শ্রীনরোত্তমের জন্মোৎসব
সম্পর্কে ছইটি বঙ্গভাষায় পদ দেখা
যায়। বঙ্গদেশে বৈফ্রবর্ধন-প্রচারের
ইতির্প্ত এই গ্রন্থে দ্রষ্টব্য।

বিশেষ ঘটনা—(>) শ্রীনিবাসের জন্মসম্বন্ধে লক্ষ্মীপ্রিয়া ও প্রীচৈতন্ত मारमञ्जू अञ्चलमामि। (8) <a> शिविकु- প্রিয়ার কুপাপ্রাপ্তি, গীতাদেবীর কুপা-লাভ। (৫) অভিরামের চাবুক বুন্দাবনে মারিয়া কুপা, গ্ৰন | (৭) শচীর পিতার বংশাবলী, ঈশ্বরপুরীর নিকট নিতাইর দীক্ষাও সন্যাসগ্রহণ (?), মহাপ্রভুর আজায় লোকনাথ ও ভূগর্ভ গোস্বামির বুন্দাবনে গমন। (৮) 'নৱোত্তম' নাম লইয়া মহাপ্রভুর পল্লাতীরে ক্রন্দন ও আহ্বান, পন্মায় প্রেম-স্থাপন। (৯) নারায়ণীর গর্ভস্ঞার, গৰ্ভমাহাত্মা 9 নরো ভ্রমের জন্মোৎসব। (১০) নিত্যানন্দের আদেশে নরোত্তমের প্রায় ও গচ্ছিত প্রেমপ্রাপ্তি, প্রেমোনাদ, বুন্দাবনে গমন, বহু উপুৰাসে অব-সন্নতা, বৃক্ষতলে শয়ন, গোরাঙ্গকত্ত ক ত্থদান, স্বপ্নে শ্রীরূপসনাতনের দর্শন-লাভ। (>>) নরোত্তমের গুরুসেবা. দীক্ষা, শিক্ষা, ভজন, হুগ্ধ-আবর্ত্তন-সেবায় হস্ত দগ্ধ হইয়াছে দেখিয়া শ্রীলোকনাথ ও শ্রীজীবের কুপা। (১২) নরোত্তমের অধায়ন, শ্রীনিবাসসহ মিলন, গ্রন্থ লইয়া গৌড়ে আসিতে শ্রীনিবাসের প্রতি আজ্ঞা, শ্রামানন্দ-মিলন, জীরাধারাণীর নুপুর-প্রাপ্তি ও

প্রেমস্থানিধি

যৎ স্বেহপূরভূতভাজন-রাজিতৈক,-

নুপুরতিলক। (১৩) বীরহামীর কভূ কি গ্রন্থরত্নচুরি, বুন্দাবনে গোস্বামি-গণের খেদ, কবিরাজ গোস্বামির অন্তর্ধান, নরোত্তম ও খ্রামানন্দের দেশে গমন। গ্রন্থপ্রাপ্তি ও সগোষ্ঠা রাজার দীকা, নরোত্তমের খেতরী-গমন, গোরাঙ্গ ও বল্লবীকাস্তের প্রতিষ্ঠা, মহাস্তগণের নিৰ্মাণ ও আগ্যন, মহাসংকীর্ত্তন, থেতরী ভাবাবেশ, মহান্তবিদায়। (১৫) মা জাহ্বার বুন্দাবনপথে খেতরী আগ্যমন ও পরে বুন্দাবনগমন। (১৬) জাহ্নবার শ্রীরাপ, দাস-গোস্বামী ও কবিরাজ গোস্বামির সহিত সাক্ষাৎকার, গ্রন্থকারের প্রতি মা জাহ্বার উপদেশ। (১৭) রামদাস ও ক্রঞ্দাস-নামক বৈঞ্ব-দ্বয়ের ভোজন, যাজিগ্রামে ও দক্ষিণ-দেশে গমন। শ্রীনিবাদের ছই বিবাহ, বীরচন্দ্রকর্ত্ত পুত্রবরদানে গতিপোবিদের জন্ম, ঠাকুরমহাশয়ের ছয়বিগ্রহ-আখ্যান, রামচন্দ্রসহ প্রীতির বর্ণনা, রামচন্দ্রের পত্নীর অন্থরোধে ঠাকুর মহাশয়ের প্রেরণায় রামচল্রের অনিচ্ছায় গৃহে রাত্রিযাপন ও প্রভাতে আসিয়া মঙ্গল-আরতি-দর্শন, নিজ অঙ্গে ঝাঁটার আঘাত করাতে নরোত্তমের অঙ্গফুলা, গঙ্গানারায়ণের দীক্ষা, প্রেমভক্তিচন্দ্রিকার প্রণয়ন। (১৮) দাসগোস্বামির ভজন-প্রণালী, নিকট দাসগোস্বামির ক্ষজদাস কবিরাজের দীক্ষাগ্রহণ, গোপালভটের काहिनी, প্রবোধানন্দের আদেশে শ্রীরূপ গোপালের বুন্দাবনগমন, সনাতনসহ মিলন, হরিভজিবিলাস-প্রণয়ন, হরিবংশের বিবরণ, চাঁদরায়ের

ব্যাধি ও মহাপ্রভুর আদেশে নর্বোত্তম-কর্তৃক তাঁহার দীক্ষা ও চাঁদরায়ের পাৎসা-কর্ত্তক কারাগারে বন্দী হওয়া ও তথা হইতে মোচন। (১৯) রাধারুষ্ণের জলক্রীডাদর্শনে খ্রীনিবাস ও রামচক্রের সমাধি, খ্রামাননের মহিমা, রসিক ও মুরারির দীক্ষা। দাসগদাধর ও নরহরির অদর্শন, ২৫৩ ও কাটোয়ায় মহোৎদব। ঠাকুর-মহাশয়-কর্তৃক ছয় বিগ্রহের স্থাপন, মহাসংকীর্ত্তনে প্রকট ও অপ্রকট-লীলা-সমন্বয়, শ্রীরাধাক্বফের আবির্ভাব ইত্যাদি। (২০) ঞীনিবাস নরোত্তম ও রামচন্দ্রের শাখাবর্ণন, স্বরূপ-নিরূপণাদি। **প্রেমসম্প.ট**—শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-প্রণীত খণ্ডকাব্য। এই গ্রন্থে সরল ভাষা-বিক্তাসে স্বরূপটি প্রেমের অভিব্যক্ত হইয়াছে। দেবাঙ্গনাবেশ-ধারী প্রীক্বফের মৌনাবলম্বন দেখিয়া কোনও রোগ নিশ্চয় করত শ্রীমতী তাঁহার রোগ-নিরাকরণের অন্ত বিবিধ প্রশ্ন করিলে কপট ক্বফ স্বমনো-রাসলীলায় তুঃখের কারণ-স্বরূপে অন্তর্ধান-জনিত ব্যাপার লইয়া শ্রীক্বফের প্রতি বহু দোবোদ্গার শ্রীমতীর করিলেন এবং উৎকর্ষ প্রতিপানন করিয়াও তাঁহার শ্রীকৃষ্ণ-বিষয়ে প্রমাস্তিতে সন্দিহান হইয়াছেন। তখন শ্রীমতীর মুখে প্রেমের স্বরূপটি অভিব্যক্ত হয়— শ্রীরাধা প্রেমসম্পুট খুলিয়া বলিলেন-একাল্মনীহ রুসপূর্ণতমেহত্যগাধে, একাস্থ-সংগ্রথিতমেব তমুদ্বয়ং নৌ। কৃষ্মিংশ্চিদেক্সর্সীব চকাস্দেক-नालाध्यक्षपूर्णलः थन् नीनशीज्य्॥

বর্ত্তাগ্রবর্ত্তামলদীপধূগং চকান্ডি। তচ্চেত্রেত্র-ত্যোহ্পমুদ্ৎ প্রোক্ষ্,-भानक्र राष्ट्रिन-शार्श्व ग्राजीः॥ (>06->03) এই ছই শোকের তাৎপর্য অব-ধারণ করিলে স্পষ্টতঃই মনে হয় যে এই যুগলকিশোরের দেহগত পার্থক্য থাকিলেও স্বন্ধপগত কোনই পার্থক্য নাই; কারণ, এক্রিফ-আনন্দ এবং শ্রীরাধাও व्लापिनीमात् । निक्क ७ निक्किमात्नत অভেদ - ইহা বৈদান্তিক সত্য। স্বরূপ ও শক্তির দিকে দৃষ্টি নিবদ্ধ রাখিলে উভয়ের অভেদ. কিন্তু পরস্পার আস্বাদন-গত লীলা-বিচারে উভয়ের প্রভেদ অমুনিত হয়। ১৪১ শ্লোকে ১৬০৬ শকাকে এই গ্রন্থ সংগ্রাপত হইয়াছে। রিসক ভক্ত এই গ্রন্থে গ্রীরাপপাদের বাক্য-মধুরিমামৃত পান করিয়া যে পুষ্টি-করিবেন—তাহা গ্রন্থশেষে ইন্ধিতে ব্যক্ত হইয়াছে। **প্রেমস্থানিধি**—উপেক্স ভঞ্জ-প্রণীত উৎকল ভাষায় নিবদ্ধ সরস কাব্য। এই গ্রন্থে ষোড়শ ছান্দের প্রথম ছান্দে আছ্যমক, দ্বিতীয়ে অবনা নেত্রবর্ণন, ছেকাতুপ্রাস মধ্যযমক, চতুর্থে অভ্ততোপমা, পঞ্চমে বিরোধা-ভাস, ষঠে রূপক, সপ্তমে অমুপ্রাস, অষ্টমে গিংহাবলোকন শৃঙ্খলা, নবমে প্রান্ত্যমক, দশমে ত্রিভঙ্গ বা ত্রিবৃত্ত-একাদৰে আগুপ্ৰান্তযমক. দাদশে আশয়, ত্রোদশে যোড়ি-যমক, চতুর্দশে দুষ্টান্ত, পঞ্চদশে

লোমবিলোম এবং ষোড়শে পুনক্ত্ত-

বদাভাস, দত্তাক্ষর, চ্যতাক্ষর, দত্ত-চ্যতাক্ষর, একাক্ষর, সরোষ্ঠক, নিরোষ্ঠক এবং মহাযমক অলঙ্কারের বাবহার করিয়া কবি নিজের কাব্যকুশলতার যথেষ্ট পরিচয় দিয়াছেন।

দৃষ্টান্ত--রামা ত্রিভঙ্গ যমকের শিশিরে ঘোরে নিশিরে তুঃখ রাশিরে ভাসি। বসি একান্ত মান্সে কান্ত স্থরূপ কান্ত ঘোষি॥১॥ রহি বিদেশ কি জন দেশ হেলা সন্দেহ নহি। কেউঁ স্থন্দরী মন্দ উদরী প্রীতি আদরি সেহি ॥ ২.॥

লোমবিলোমের দৃষ্টাস্ত-রবর বিহে কষ্ট প্রকীর তো সরোষ। রসদা দরব তুহি নাশ প্রাণে রস॥ ১॥ রসালসি তরলাই নতমু তুরিত। রম্য বহুস বেশ্ব কছু মো শপত ॥২

স্রোষ্ঠকের দৃষ্টান্ত-পূপ পবি-প্রভা প্রভ ভ্রম ভাবে ভুবি। ভীম বাষ্পত্তৰ ভাবে ভব ভাবি ভাবি॥ ১॥ ভৰ প্ৰভবী ভূমিপ প্ৰভাব বিভবে। বিভো প্রভো ভীমভব ভ্রমে ব্রমি ভাবে॥ ২॥

অর্থাৎ বজ্রতুল্য তেজস্বর পুষ্প-ধমুর অধিকারী কন্দর্প তেলোযুক্ত হইয়া পৃথিবীতে বসন্তকালে রাজা হইয়াছে। হে সজনি। তাহার প্রতাপ দেখিয়া ভয়ম্বর বিচ্ছেদতাপে ক্রেমন করিতে করিতে ভক্তিভরে মহাদেবের চিন্তায় তিনি বিভ্রমবশতঃ ভ্রমণ করত হৈ প্রভো। হে ভীম' ইত্যাদি শিবনাম ভাবিয়া গুভ-প্রাপ্তি করিলেন।

প্রেমান্নত—শ্রীনিবাস আচার্য প্রভুর

কনিষ্ঠা পত্নীর শিষ্য শ্রীগুরুচরণদাস তাঁহারই আদেশমত এই 'প্রেমামূত' রচনা করিয়াছেন। 'প্রেমবিলাসই' এই গ্রন্থের অধিকাংশ উপাদান যোগাইয়াছে। প্রেমায়ত তিনভাগে বিভক্ত, আদিলীলায় আচার্য প্রভুর दुक्तावनগমনের পূর্ব, মধ্যলীলায় গ্রন্থ সহ যাজীগ্রামে আগমন এবং শেষ-লীলায় শিষাকরণাদি ও গতিগোবিন্দ প্রভার জন্মগ্রহণপর্যন্ত বর্ণনা আছে। **প্রেমামুতর্সায়ন**—শ্রীমন্ মহাপ্রভুর মুখচন্দ্র-নির্গলিত বলিয়া এই গ্রন্থটি

বিট্ঠলনাথের টীকাসহ হইয়াছে। গ্রন্থয়া-৩৫।

প্রথম শ্লোক—'একদা ক্লফবিরহাদ-धाप्रस्त्री श्रिप्रमञ्जयम्। यत्नाराष्ट्र-নিরাসার্থং জলতীদং মুহুমু হঃ॥'

প্রেমায়তন্তোক —(ঢাকা বিশ্ব-বিভালয় পুঁথি ৫০৮ বি) ইহাতে শ্রীক্ষের ১০৯ নাম আছে। সাধন-দীপিকা নবম কক্ষায় (২৫৭ পৃষ্ঠায়) नीनाश्चमरङ श्रीनाधत পঞ্চিত গোস্বামিপাদের 'প্ৰেমামতস্তোত্ৰ' লিখিত আছে। এই স্তোত্রটি তাঁহার রচনাও হইতে পারে ৷

আরম্ভ-বিনোদী রসিকঃ ক্লফঃ সতৃষ্ণঃ সরসঃ তুখম। প্রেমানন্দময়ঃ স্নিগ্নঃ সচ্চিদানন্দ-বিগ্রহঃ ॥১॥ শেষ — যঃ পঠেৎ শুণুয়াদ্বাপি স্তোত্রমেতৎ স্থাবহম। **স্**রসং প্রেয ক্ষপ্ত ব্যবিতং লভতে ধ্রুবম্॥ ২৪॥

ইতি শ্রীকৃষ্ণপ্রেমামৃতং স্তোত্রং সম্পূর্ণম্॥ সাধনদীপিকা সপ্তম কক্ষায়

২০৩—২০৪ পষ্ঠায় লিখিত আছে যে প্রীশীগদাধর পণ্ডিত-বিরচিত এই স্তবরাজ দেখিয়া শ্রীশীমন মহাপ্রভ অন্তিমে নিজের নামটি লিখিয়াছিলেন।

প্রেমাবতার চৈত্যদেব—নর্মদা-শঙ্কর-প্রণীত (বোম্বাই 29465 সম্বং)। গুজুরাটী ভাষায় শ্রীগোরাঙ্গ-দেবের ইতিবৃত্ত, প্রায়শঃই 'অমিয়-নিমাই চরিতের' অমুগরণে লিখিত। প্রেমোল্লাস কাব্য-গ্রীনন্দকিশোর-শাদু লবিক্ৰীড়িতাদি চন্দ্রজী-ক্রত বিবিধ ছন্দে রচিত গৌরলীলাদি-বৰ্ণনাত্মক খণ্ডকাৰ্য। ১৮৮৯ সম্বতে ইহার রচনা হয়।

প্রেয়োভক্তিরসার্ণব — মঙ্গলডিহির পারুঙাগোপালের প্রপৌত্র শ্রীনয়না-নন্দ ঠাকুর ১৬৫৩ শকে গ্রীরূপ ভক্তিরশামৃতের গোস্বামিপাদের ইহার আহুগতো ইহাতে স্থ্যর্গ-সম্বন্ধে কৰেন | সবিশেষ বিবরণ পাওয়া —স্থাদের বিভেদ, রূপ, সেবাদি; ভূষণ; সাত্ত্বিক, উদ্দীপন. বয়স ব্যভিচারী স্থায়ী প্রভৃতি ; 13 অযোগ ও সংযোগাদি: স্থদাম স্থার প্রধান অষ্ট স্থা ও তাঁহাদের প্রত্যেকের আট আট করিয়া চতু:-ষষ্টি উপস্থার গণ্না ও পরিচয়াদি. স্থদামের বাসস্থানাদি, বর্ষাণা ননীখরের বর্ণনা; সখ্যরসে প্রাতঃ পূর্বাহু, মধ্যাক্ত ও রাত্রিকালীয় সেবাদি লিপিবদ্ধ হইয়াছে।

বালকৃষ্ণক্রীড়া কাব্য—গ্রীবিল্বমঙ্গল ঠাকুর-রচিত।

বালবোধিনী—— শ্রীগীতগোবিন্দের
টীকা, রচয়িতা—পূজারী গোস্বামী।
বাল্যলীলাস্থ্র—লাউড়িয়া রুফ্ডদাস(দিব্যসিংহ)-কর্তু ক রচিত। ১৪০৯
শকান্দের রচনা—শ্রীঅহৈতগ্রন্থর
বাল্যলীলাই বর্ণয়িতব্য বিষয়।
শ্লোকসংখ্যা—৩৩৩।

বৃথিবিলাস—শ্রীরামহরিজী-রুত ২৫৫
দোহাযুক্ত প্রেমভক্তিসম্বন্ধ-বিশিষ্ট
প্রস্থ। ব্রজভাবার লিখিত। গ্রন্থ
কার শ্রীগোপাল ভট্ট গোস্বামিপাদের
অরবারী এবং গ্রন্থের মঙ্গলাচরণে
শ্রীগোরাঙ্গের বন্দনা করিয়াছেন।
১৮৩২ সম্বতের রচনা।

উপক্রমে—প্রণবহু শ্রীরাধারমণ
শচীস্থন গুরুদেব। হরিজন যমুনাপুলিন ব্রজরামহরীকে সেব॥ ১॥
কচ্জল নগসব উদধি মসি লেখন
স্থ্রকাঁতার। রসা পত্র গো লিখতউ
রামহরী নহিঁ পার॥ ২॥

বৃহৎক্রমসন্দর্ভ — শ্রীফীবপাদ-রচিত শ্রীমদ্ভাগবত-টিপ্পনী। বৃহৎ ও লঘু তুই ভেদ। ('ক্রমসন্দর্ভ' দ্রষ্টব্য)

বৃহৎ সারাবলি - ১৭৪৮ খৃঃ রাধামাধব ঘোষ-কর্তৃক পৌরাণিক
কাহিনী অবলম্বনে সঙ্কলিত।
ইহাতে প্রথমতঃ ক্ষলীলা, দ্বিতীয়তঃ
রামলীলা, তৃতীয়তঃ গৌরাঙ্গলীলা
ও চতুর্থতঃ জগন্নাথলীলা বিবিধ
পক্তছন্দে সরল প্রথবোধ্য
ভাষায় অধিকাংশস্থলে পাত্রগণের

পূর্বজন্মলীলাও বর্ণিত হইয়াছে।
গ্রন্থশেষে (৯১০ পৃঃ) বলিয়াছেন যে
গ্রন্থকার—'সফুল্ল-রামের পৌত্র ও
রামপ্রসাদের পুত্র। স্থলে স্থলে
সিদ্ধান্তসমূহ রসভাব-বিরোধী
বলিয়াই ধারণা হয়।

শ্রীরহদভাগবভামত-শ্রীপাদ সনাতন গোস্বামি-প্রণীত। পূর্ব ও উত্তর এই ত্বই খণ্ডে বিভক্ত। পূর্বখণ্ডের নাম —শ্রীভগবংকুপাসারনির্দ্ধার থণ্ড এবং উত্তর খণ্ডের নাম—গোলোকমাহাত্মা-নিরূপণ খণ্ড। পূর্বখণ্ডে (১) ভৌম, (২) দিব্য, (৩) প্রপঞ্চাতীত, (৪) ভক্ত, (৫) প্রিয়, (৬) প্রিয়তম ও (৭) পূর্ণক্বপাপাত্র এবং উত্তর খতে (১) বৈরাগ্য, (২) জ্ঞান, (৩) ভজন, (৪) বৈকুণ্ঠ, (৫) প্রেম, (৬) অভীষ্টলাভ ও (৭) জগদানন্দ-ভেদে সাতটি করিয়া অধ্যায় প্রথম খণ্ডের প্রধান বর্ণয়িতবা বিষয়—মঙ্গলাচরণ, গ্রন্থ-বিবরণ, ভক্তিভত্তবিষয়ক জিজ্ঞাসা, প্রয়াগতীর্থে মুনির সমাজ, প্রয়াগ ধামের দ্বিজ্বরের বিষ্ণুভক্তি-লাভ ও তদর্ণনা, দক্ষিণদেশীয় রাজার বিষ্ণু-ভক্তি-লাভ, ইন্দ্রের বিষ্ণুভক্তি-লাভ, ব্রহ্মলোক-বর্ণনা, ব্রহ্মার বিষ্ণুভক্তি প্রাপ্তি, শ্রীবিষ্ণুপ্রিয় শন্তুর মাহাত্ম্য-वर्गना, देवकुर्थ-महिमा, अस्लाए, रूपमान, পাণ্ডবগণ, যাদবগণ ও শ্রীউদ্ধবাদি ভক্তগণের ক্রমোৎকর্ষ ও মহিমা, ব্রজবিচ্ছেদে শ্রীক্বফের বিলাপ, মায়া-বুন্দাবন, প্রীক্লফের মায়াবৃন্দাবন- দর্শন, ব্রজবেশধারী শ্রীকৃষ্ণের দর্শনে দারকাবাসিদের অধীরতা, দারকায় পুনরাগমন, শ্রীনন্দযশোদা-মাহাত্ম্য, গোপীপ্রেম, ভাগবতগণের ভক্তি-প্রাপ্তিতেও অতৃপ্ত হওয়ার হেতু-প্রদর্শন এবং শ্রীমদ্ভাগবতে শ্রীরাধার নাম-অত্বরেথের কারণ-নির্দেশইত্যাদি।

ভগবৎকৃপাসারপাত্র-নির্ধারণ-নামক প্রথম খণ্ড

(>) ভৌম – মাঘমাদে প্রয়াগে প্রাতঃস্নান করিয়া মুনিগণ পরস্পরকে ভগবৎপ্রিয়-রূপাপাত্র বলিয়া প্রশংসা করিতেছিলেন। ঐ মুনিসমাজে উপস্থিত **এ**নারদমূনি ছিলেন। হইতে দূর কোনও ভক্তিময় धनाछा ব্রাহ্মণের আচরণ-দর্শনে তিনি আবিষ্ট হইয়া শ্রীক্বফের পরমোৎকৃষ্ট কুপাভরপাত্রকে জগতে প্রকাশ করিবার উদ্দেশ্যে 'ইনিই শ্রীভগবানের পরমপ্রিয়'— বলিতে বলিতে সেই ব্রাক্ষণের নিকটে গিয়া তাঁহার ভক্তির প্রশংসা করত বলিলেন যে ঐ ব্রাহ্মণই শ্রীক্সম্বের মহানুগ্ৰহভাজন। ব্ৰাহ্মণ তখন অতি বিনীতভাবে বলিয়াছিলেন - - দাক্ষিণাত্যবাসী ক্ষত্রিয় রাজাই শ্রীক্ষের ক্যপা-শ্রীনারদ ঐ রাজার কাছে যাইয়া তাঁহার ভক্তির প্রেশংসা তিনিও করিলে দৈন্ত-সহকারে বলিলেন-স্বর্গে দেবরাজ ইন্দ্রই প্রীক্ষকের দয়াপাত।

(২) দিবা—শ্রীনারদ স্বর্গে বলিলেন— গিয়া দেবরাজকে 'আপনিই শ্রীক্ষের মহামুকম্পাপাত্র' —দেবরাজ এই বাকো লজ্জিত হইয়া বলিলেন যে তিনি অনেক ভক্তিবিরুদ্ধ আচরণ করিয়া থাকেন —কিন্তু ব্রহ্মাই এক্রিফের কুপাম্পদ। নারদ তখন সতালোকে গিয়া ব্রহ্মাকে বলিলেন যে তিনিই <u>শ্রীক্রফের</u> ক্বপাপাত্র এবং 'যো যচ্ছ,দ্বঃ স এব मः' এই जारा जिनि बीक्षकुनारे। বন্ধা তাহাতে কর্ণ আচ্ছাদন করত আক্ষেপের সহিত বলিলেন যে তিনি মায়িক বিষয়-ব্যাপারে জড়িত, ভক্তিহীন, কুপাত দূরের কথা— নানা অপরাধের জন্ম তিনি সর্বদা ক্ষমা-প্রার্থী — কিন্তু শ্রীমহাদেবই

ভগবৎ-ক্লপাপাত্র এবং ভগবৎ-স্থা: মায়ার রাজ্যে কেহই ভগবভুক্ত নহে.

যেহেতু তাহারা মায়ামুঝ; মহাদেব

কিন্তু মায়াতীতই।

(৩) প্রপঞ্চাতীত—শ্রীনারদ তথন শিবলোকে গিয়া **শ্রীসম্বর্**ষণের অর্চনানম্বর ভাষাবিষ্ট ও নৃত্যকীর্ত্তন-পরায়ণ সপরিকর শ্রীমহাদেবকে দর্শন করত আনন্দে বীণাবাদন ও প্রণাম পূর্বক বারংবার বলিলেন-'আপনিই শ্রীকৃষ্ণের প্রমান্ত্রগৃহীত।' নারদ মহাদেবের প্রীচরণধূলি লইতে উন্তত হইলে মহাদেব বলপূৰ্বক তাঁহাকে আলিঙ্গন করত বলিয়া-ছিলেন—'হে ব্ৰহ্মপুত্ৰ! এ বলিতেছ ?' স্তবপাঠ করিয়া নারদ মহাদেবের গুণকীর্ত্তন করিলে মহাদেব বলিলেন—'প্রভু গন্তীরমহিমা-সমুদ্র। সেই জন্ম নানা অপরাধ করিলেও

আমাকে তিনি উপেক্ষা করেন না. আমি সমস্ত অভিমানের আকর. প্রলয়কালে বিশ্বধ্বংস করাই আমার কার্য; কিন্তু 'বৈকুণ্ঠবাসিগণই ভগবৎরূপাসারপাত্র।' তখন পার্বতী বলিলেন—'বৈকুণ্ঠবাসীদের মধ্যেও আবার শ্রীলক্ষ্মীদেবীই শ্রীহরিপ্রিয়া।' তখন মহাদেব আবার বলিলেন— বৈকুণ্ঠবাদী এবং শ্রীলক্ষ্মী হইতেও স্নতলে অবস্থানকারী প্রহলাদই শ্ৰেষ্ঠ ।

(৪) ভক্ত-নারদ স্থতলে গিয়া

ন্তব করিতে

আবার প্রহলাদের

লাগিলে প্রহলাদ বলিলেন—'ভগবানে প্রীতিবারা ক্বপা জানা যায়, আবার ঐ প্রীতিও তদীয় সেবাপরিচর্যাদিতে অভিবাক্ত হয়। তিনি কেবল মনদারাই অরণ-রূপ সেবা করেন. হহুমান অশেষবিশেষে শ্রীরামচন্দ্রের সেবা করিতেছেন।' নারদ কিম্পুরুষবর্ষে কথায় গিয়া তাঁহার হয়ুমানের নিকট প্রশংসা করিলে হনুমান্জি ভগবদ বিরহে ব্যাকুল হইয়া ক্রন্দন করত বলিলেন—'ভগবানের প্রতি পাণ্ডব-গণের প্রীতিও যেমন সমধিক. তাঁহাদের প্রতি শ্রীপ্রভুর ক্বপাও তদ্ৰপই। ভগবানু নিজেই বলিয়াছেন যে পাণ্ডবেরা তাঁহার প্রাণতুল্য।

(৫) প্রিয়-নারদ হস্তিনাপুরে নুত্য করিতে করিতে উপস্থিত হইলেন, পাণ্ডবগণ তাঁহার পূজার জগু দ্রব্যাদি সন্মুখে আনিলে তিনি উহাদারা পাওবদের সম্মান করত বলিলেন—'শ্রীরামচন্ত্রের অবতারে কতিপয় ব্যক্তি শুদ্ধাভক্তি পাইলেও

স্বারসিক প্রেমের বার্ত্তা জগতে অজ্ঞাত ছিল। পাণ্ডবগণের মধ্যেই প্ৰেম সেই স্থারসিক লক্ষিত হইতেছে, অতএৰ তাঁহারাই শীরুষ্ণের যথার্থ রূপাপাত্র।' বলিলেন—যাদবগণের পাণ্ডবগণ সঙ্গে শ্রীকৃষ্ণের গাঢ়তর প্রীতির সম্বন্ধ আছে বলিয়া তাঁহারাই শ্রীক্ষের বিশেষ কুপাপাত্র। নারদ প্রাতঃকালে দারকায় উপস্থিত হইলেন—যাদবগণ ত্মধর্মাসভায় এক্লিফের অপেক্ষায় আছেন—দণ্ডবৎ করিতে করিতে নারদকে আসিতে দেখিয়া যাদবগণ উঠাইয়া আসন প্রদান করিলেন, কিন্তু নার্দ নীচে বসিয়া তাঁহাদের গুণ-কীর্ত্তন করত বলিলেন যে তাঁহারাই <u> একুষ্ণের</u> অমুকম্পাপাত্র। উত্তরে তাঁহারা শ্রীউদ্ধব মহাশয়কেই <u> এিককের</u> বলিয়া নির্দ্ধারণ মহা**প্রীতিপাত্র** গিয়া করিলেন এবং অন্তঃপুরে সহিত সাক্ষাৎ করত <u> এডিদ্ধবের</u> শ্ৰীকৃষ্ণকে সঙ্গে লইয়া পুনরায় ত্বধর্মায় প্রত্যাবর্ত্তন করিতে অমুরোধ করিলেন।

৬। প্রিয়তম—নারদমুনি বিবিধ ভাবভূষণে ভূষিত হইয়া অন্তঃপুরে প্রবেশ করিয়া বিশেষ কারণে বিমনস্ক উদ্ধব, শ্রীবলদেব প্রভৃতির নিকট শ্রীক্ষের মহামুগ্রহপাত্র উদ্ধবকে দর্শন অথবা তদভাবে তাঁহার পদ্ধুলি পাইতে প্রার্থনা জানাইলে খ্রীউদ্ধব অতিসন্ত্রমে মুনির চরণম্বয় ক্রোড়ে লইয়া আলিঙ্গন করত তাঁহার অভি-প্রায় অবগত হইয়া প্রেমে বিহবল হইলেও যত্নে ধৈর্য ধরিয়া বলিতেছেন

- পুর্বে মনে করিতাম যে আমিই শ্রীক্লফের মহাপ্রীতিপাত্র, কিন্তু ব্রজে গিয়া এক্স-মাধুরী, তদীয় কুপার মাধুরী, প্রেমমাধুরী ও তদীয় প্রেম-ময়-প্রেমময়ী-ব্রজবাসিদের **মাধ্**রী যথার্থ ই উপলব্ধি করিয়াছি: অতএব ব্রজবাসিগণই শ্রীক্ষরে সবিশেষ ক্লপাভাজন। এনিকে শ্রীকৃষ্ণ গত রাত্রিতে ব্রজের কথা স্বপ্নে দেখিয়া অব্ধি ক্রন্দন করিতেছেন—আপাদ-মন্তক বস্ত্রাবৃত করিয়া তখনও আছেন—নিত্যকুত্যাদি শায়িতই কিছুই করেন নাই। উদ্ধব ব্রজবাসী ও ব্রজদেবীদের প্রতি এক্সঞ্চের প্রীতির উল্লেখ করিলে মা রোহিণী বলিলেন—'ব্ৰজজনদিগকে **শ্রিক্**ষ দর্শনাদি না দিয়া যে কাঁদাইতেছেন. ইহাই কি রূপা ও গ্রীতির চিহ্ন ?' তৎশ্ৰবণে কুক্মিণী ও সতাভামা বলিলেন যে শ্রীকৃষ্ণ স্থপ্নে ও জাগরণে, আচারে ও ব্যবহারে ব্রজভাবেই বিভোর থাকেন। বলদেব তত্ত্তরে বলিলেন যে উহা তাঁহার কপট ব্যবহার মাত্র। শ্রীকুষ্ণ তথন অশ্র-মোচন করিতে করিতে শ্যা হইতে গাত্রোত্থান পূর্বক উদ্ধৰকে জিজ্ঞাসা করিলেন—'ভাই উদ্ধব। আমি কি করিলে ব্রজবাসীগণের শাস্তি হয় বল।' ব্রজে গমন বাতীত তাঁহাদের কিছুতেই শান্তি হইতে পারে না— এই বার্তা উদ্ধবমুখে শ্রবণ করিয়া তিনি ব্রজে পত্র প্রেরণ করিতে প্রবৃত্ত হইলে বলদেব বলিলেন-'পত্রশ্বার তাঁহাদের শাস্তি হইবে না। তোমার নামায়ত পান করায় স্থদীর্ঘ অনশনেও তাঁহাদের প্রাণ বাহির

হইতেছে না !!' শ্রীকৃষ্ণ তথন বলদেবের কর্ম ধবিয়া উচ্চকর্মে রোদন করিতে থাকিলেন, ক্ষণকাল্মধ্যে ত্বই ভাই মৃচ্ছিত হইয়া ধরাশায়ী হইলেন ৷ অন্তঃপুর-মধ্যে এই ঘটনায় তুমুল রোদনধ্বনি উঠিয়াছিল এবং তাহা শুনিয়া সুধর্মা সভা ত্যাগ করিয়া বস্থদেব উগ্রসেনাদি সকলেই অন্তঃপুরে আসিয়াছিলেন। (৭) পূর্ণকুপাপাত্র——ব্রহ্মা

গরুডকে ইঙ্গিত করিয়া শ্রীক্লঞ্-বল-

वागरक नववन्तावरन পाঠाইलन। বলদেব মুর্চ্ছানন্তর শ্রীক্লফকে রাখাল-নাজাইয়া এককের মূর্চ্চা অপনোদনপূর্বক গোষ্ঠ-গমনে প্রেরণা নববুন্দাবনে বিশ্বক্মা-मिटलन । নিমিত নন্দযশোদাদি, গোপীগণ, স্থাগণ ও ধেমুসকলের মৃত্তিদর্শনে প্রীকুষ্ণের ব্রজভাব উদ্দীপিত হইল। যশোদাবিগ্রহ হইতে নবনীত চুরি করিয়া ভোজন, শ্রীরাধামৃতিকে 'প্রাণেখরি !' বলিয়া সম্বোধন, মিলন-সঙ্কেত, আলিঙ্গন ও চুম্বনাদি করিয়া শ্রীকৃষ্ণ যখন মোহন মুরলীর ধ্বনি পুরবাসিনীগণের করিলেন—তখন ভাববিহ্বলতা হইল। সমুদ্রের নীলজলে যমুনাভাণ হইলেও অদুরে দারকা দেখিয়া বিস্মিত হইলে বলদেব বীরুরসের উদ্দীপনে তাঁহাকে অবস্থান্তর প্রাপ্তি করাইয়া প্রাসাদে আনিয়াছিলেন। দেবকীর ভোজনা-নয়নে এবং বলদেবের কার্যান্তরে গমনে ব্রজদেবীগণের মাহান্ব্যপ্রবণ অহয়া-বশতঃ মানিনী সভ্যভামার প্রতি লক্ষ্য করত শ্রীকৃষ্ণ স্থদয়ের কপাট উদ্ঘাটনপূর্বক বলিলেন-

'যদি সমস্ত পরিত্যাগ করিয়া ব্রজে গেলে ব্ৰজবাসিগণ ত্বথী হয়. তবে আমি শপথ করিয়া বলিতেছি যে আমি এই মুহুর্ত্তেই তাহা করিতে প্রস্তুত আছি।' মহিষীগণের নিকট বজদেবীদের মাহাত্ম বর্ণনার পরে নারদমুনি সলজ্জভাবে শ্রীকৃষ্ণ-সবিধে গমন করিলেন, তাঁহাকে তথন প্রীক্ষণ বলিলেন—'প্রিয়জনের স্মারক বাক্তিই মহা উপকারী, অতএব আপনি আমার অভ মহোপকারই माधन क्रिलिन।' नात्रन विलिलन -- 'অল আপনার মহারূপাপাত্রজনের বিজ্ঞান প্রাপ্ত হইলাম।' শ্রীগোপী-মহাকুপাপাত্র, শ্রীক্লক্ষের গণই তন্মধ্যেও আবার শ্রীরাধাই— সর্ব-আবার প্রয়াগে শ্রেষ্ঠা।' নারদ আসিয়া মুনিগণ-সমাজে প্রীব্রজদেবী-গণকেই (প্রীরাধাকেই) প্রীক্তকের মহাকুপাভাজন বলিয়া উদ্ঘোষিত করিলেন।

জ্ঞাতব্য বিষয়—— শ্রীরপপ্রভূ ভক্তিরসামৃতে (১।৪৷২০) লিখিয়াছেন 'শ্রীমৎপ্রভূ - পদান্তোজিঃ সর্বা ব্যক্তীকৃতান্তি ভাগবতামূতে। ভক্তিসিদ্ধান্তমাধুরী'॥ শ্ৰীবৃহদ্ভাগৰতামৃতে 'গুঢ়া ভক্তি-দিদ্ধান্ত - মাধুরীই' প্ৰকাশিত হইয়াছে। কাহারও মতে ভক্তি ছুই প্রকার—(১) বিহিতা ও (২) অবিহিতা (মুক্তাফল)। কাহারও মতে (১) বৈধী ও (২) রাগান্থগা *শ্ৰীজীবপ্ৰভু* (রুশামূতি সিক্সু)। ভক্তিসন্দর্ভে (৩১০) বলিয়াছেন রা**গামু**গারই নামান্তর

করিতে

উক্ত

হইয়া ভজন করিতে নির্দেশ দেন

3665 অবিহিতা। নিতাসিদ্ধ লীলাপরি-করগণের রাগাছিকা বা রাগম্যী ভক্তির ভক্তিকেই অমুগতা রাগামুগা বলা হয়: কিন্তু এক-প্রকার ভক্তি আছে যাহা বৈধীও নহে, অথচ শুরা রাগামুগাও নহে। (রসামুত ১৷২৷৬) বৈধীভক্তির লক্ষণে 'রাগদারা অনবাপ্ত' বলিভে ক্ষচিদারা অহ্বদ্ধই বলিতে হয়। অবিহিতা ভক্তিও হুইপ্রকার-(১) শ্রীকৃষ্ণমাধুর্যাবলম্বনে ও (২) তৎ-পরিকরের মাধুর্যাখলম্বনে। প্রীকৃষ্ণ-মাধুর্যাবলম্বনে যে ভক্তি—তাহা বৈধী বা রাগামুগার লক্ষণাক্রান্ত নহে। তাহা অবিহিতা মাধুর্যামুগা। ইহাকে 'মাধুর্যভক্তি' বলা যায়। জাতীয় ভক্তির লক্ষণ উদাহরণাদি শাস্ত্রে পাওয়া যায়। 'মদগুণশ্রুতিমাত্রেণ' - লক্ষণাক্রান্ত এবং আত্মারামগণের দৃষ্টান্ত যে ভক্তি —তাহাই অবিহিতা। শ্রীভাগবতা-'গুঢ়া ভক্তিদিদ্ধান্ত' বলিতে শ্রীরূপপাদ রাগামুগা বোধ হয় ভক্তিমাধুরীকেই লক্ষ্য করিয়াছেন। ব্রজবাসিদের ভক্তি বৈধী নহে. আর তাঁহাদের পদান্ধানুসরণে ভক্তিও বৈধী নহে। শ্ৰীজীবপ্ৰভু এই ভক্তিকে 'ব্ৰম্বভক্তি' বলিয়াছেন (খ্রীগোপাল-১৫)—'ব্ৰজভক্ষিত্ৰী বিরুদাবলী গ্রীদেবর্ষি' গ্রীগোপালচম্পু উত্তরখণ্ডে। ভাগৰতামূতে রাগামুগাভক্তির উল্লেখ নাই. কেবলমাত্র নামত: টীকার প্রারম্ভকালে বলিয়াছেন যে **প্রীগোপীনাথপাদপদ্মে** ব্ৰজবাসিদেব ভক্তি—তাহাই প্রেমময়ী বিধেয়া। ইহারই নামান্তর-

'অবিহিতা ভক্তি', 'ব্ৰজভক্তি' বা — 'তাসামিতি স্ত্রীত্বেনৈব নির্দেশস্তত্তদ বৰ্ণনেন তাম্বেৰ মনোহভিনিবেশাৎ গ্রীবলদেববিছাভূষণপ্রোক্ত (সিদ্ধান্ত-প্রস্তাবোচিত্যাদ বা'। শ্রীক্ষরের রত্নে ২।১৪, ও গোবিন্দভায়ে ৩৩৷ স্বমুখে (১।৭।১৩১) এবং শ্রীনারদেরও 22) 'ক্চিভক্তি'-ইহাই 'গঢ়া স্বাম্বভবে (১।৭।১৪১) গোপীগণই ভক্তিসিদ্ধান্তমাধুরী', इंश কৌশলে আখ্যায়িকামুখে শ্রীভাগ-শ্রীভগবানের করুণাসারচরমকাষ্ঠাপাত্র বলিয়া নির্ধারিত হইল। আবার বতামতে 'বাজীকতা' হইয়াছে। [শ্রীবিষ্ণভক্তিচন্দ্রোদয়ে সপ্তম কলায় গোপীগণমধ্যে সর্বশ্রেষ্ঠা শ্রীরাধা. স্থতরাং তিনিই সর্বশ্রেষ্ঠ-কুপাসারপাত্র প্রোক্ত বিহিতা ও অবিহিতা ভল্লির বিখ্যাপিত বিচার বিশ্লেষণাদি দ্রপ্তবা । ---ইহাই জগতে করিবার জন্ম নারদের এই প্রচেষ্টা এইস্থলে মস্তব্য এই যে নারদ প্রাণ্ডক্ত ব্রাহ্মণ হইতে আরম্ভ করিয়া (১।১।৪০)। প্রয়াগে পুনঃ সমাগত নারদের মুখে বুতাস্ত শ্রবণ করত যাঁহাকেই ভগবৎক্ষপাপাত্র বলিয়া যুনিগণ ব্ৰহ্ণদেবীগণকেই (বিশেষতঃ প্রশংসা করিয়াছেন-তিনিই স্বদোষরাশির উদ্ঘাটনে উৎকুষ্ঠতর গ্রীরাধাকেই) সর্বশ্রেষ্ঠকুপাপাত্র ভক্তিরপপাত্রকেই মুক্তকণ্ঠে স্তুতিমালা বলিয়া নিধারণে তদামুগত্যে ভজন দান করিয়াছেন। (>191>02-00)1 ব্রজবাসিগণের কবিয়াছেন বিরহোচ্ছাসশ্রবণে প্রিবীক্ষিৎ মহারাজ বিজ্ঞাননীকেও এবং স্বকীয় ওদাসীগ্রজনিত গোপীদান্তেচ্চায় ভজন অপ্রাথ্যন্ত্র (১৫৪—৫৫) ইঙ্গিত দিয়াছেন। এই শ্রীক্ষের আর্ত্তনাদ, মুর্চ্ছা এবং নব-বুন্দাবনে আশ্চর্য উপায়ে তরিবসন-গোপীভাবের ভজননির্দেশেই শ্রীরূপ-শ্রীপাদের প্রকারাদি 'গুঢ়া ভক্তিসিদ্ধান্তমাধুরী' অপূর্বতর পরিবাক্ত হইয়াছে। কল্পনা-কুশলতার স্মুষ্ঠ অভিব্যক্তি 'অমুষাং দাশুমিছন্তী' (১৫৫) বলাতে গোপী করিতেছে। শ্ৰীকৃষ্ণ নিজমুরে আমুগত্যে ভজনের স্থস্পষ্ট ইঙ্গিত গোপীগণের মহিমা ও প্রমোৎকর্ষ বলিতে ইচ্ছুক এবং উন্নত হইলেও যায়। টীকাপ্রারন্তে আছে যে ব্ৰজবাসিভাবে প্ৰীকৃষ্ণ-প্রম গোপাত্ম বলিয়া স্মুম্পষ্টভাবে গোপীগণের ভজনের ফল গোলোকে প্রীক্ষাের নামা দি স্বৈরবিহার। এই উল্লেখ করেন নাই ১।৬।২৭, ১।৬।৩० গোলোক ও ভৌমব্রজ সর্বথাই তুল্য টীকা, ১াঙাত্হ (অন্তাসাং)। (১। (২।৬।৩৭২—৭৪ টীকা)। শ্রীপরীক্ষিৎ १।৯৫ ीका), उज्जल्पन्य (৯১), তৈঃ (৯২), তেষাং (৯৪), তে স্বয়ং গোপীভাবপ্রাপ্তি করিয়াছেন (৯৫), তেষাং (৯৬), তৈঃ (৯৮) (২াগা>০৮ টীকা), কিন্তু মাতাকে গোপীজনের দাস্তেজু হইয়া ভজন ইত্যাদি ভাষা প্রয়োগ করিয়াছেন. করিতে বলিলেও শ্রীরাধাদাভেচ্ছ কিন্তু (১০০) শ্লোকে 'তাসাং' বলিয়া

নির্দেশের হেতু টীকায় লিখিতেছেন

নাই। উত্তরা কিন্তু দারকার স্বপ্নে শ্রীকৃষ্ণকর্ত্তক রাধানাম-উচ্চারণ (১া৬া ৫२), मात्रावृत्मावतन श्रीताधाम् छित ব্যবহার <u>জীক্ষের</u> 'প্রাণেশ্বরি' বলিয়া সম্বোধন ()।१। ৪০—৪৪) প্রভৃতিতে বুঝিয়াছিলেন যে শ্রীরাধাই সর্বপ্রধানা; স্বতরাং দেবীর (२।३१२ ५—२२) উত্তরা লোভ হইয়াছিল। বাধাদাত্তে

গোপীভাবের ভজনওবটি (১।৭।৮২) একটিমাত্র শ্লোকে ইঙ্গিত করা হুইয়াছে। পরকীয়ার ইঙ্গিত আছে— হালাচ্চ টীকায় কাশামপি চ তৎ-নিজবধুকন্তকাদীনামপি বেশাদি-পরতা। ২।৫।১৪৫ টীকায়

তাসাং —'ভার্যাশবেন কেবলং নাগ্ৰৎ ভরণমেব পতি-প্রয়োজনং, স্চিত্ৰ।' -(3/9/ কিঞ্জিদিতি শ্লোকদমে তাহার >08-00) উপদেশক্রমও বর্ণিত হইয়াছে— প্রীকৃষ্ণনাম-সংকীর্ত্তন-পরায়ণ হট্যা গোপীজনের দাস্ত-কামনায়

গোপীগণের সহিত

গোপীজনবল্লভের ভজন

তিনিও গোপীগণের রূপায় গোপী-গণের মহন্ত স্বীয় চিতে কিঞ্ছিৎ ফলে স্বীয় জানিবেন, ভজনের চিত্তে তাহা কথঞ্চিৎ ক্ষুব্রিত হইবে, তাহার ফলে ক্রমশঃ ভজনে উন্নততর স্তরপ্রাপ্তি হইবে (১।৭।১৫৯ টীকা)। নিরপেক্ষতা এই উপাসনার ভূষণ

পকে

সাধনের

দৈগ্যই এই উপাসনার মূলধন। যথাসন্তব গোপনে উপাসনা বিহিতা। অচিরে ফললাভ করিতে হইলে ভৌম ব্রজে বাসই হিতকর—এই

বাসক্রীডারত

করিলে

উপাদনায় कर्म, यোগ ও জ্ঞানাদি দুরে রাখিতে হয় (२।৫।১১৮—২১)।

দ্বিতীয় খণ্ড (প্রীগোলোক-মাহাত্ম্য-নিরূপণ) কথা-সংক্ষেপ—(১) বৈরাগ্য —শ্রীগোপকুমারের কার্হিনী—তিনি কিশোরবয়স্ক – শ্রীকৃষ্ণ-ব্ৰজ্বাসী ব্রাহ্মণের নিকট গৌড প্রেমিক

দশাক্ষর-শ্রীক্ষমন্ত্রপ্রাপ্ত-হইতে শাস্ত্রামূশীলনে জাতিতে বৈগ্ৰ. অনভাস্ত - তাঁহার গুরুদেব কিন্ত সিদ্ধ মহাপুরুষ, তাঁহার মুখে এরিক্ষ-প্রসাদরূপে জগদীশ্বরের উল্লেখ শুনিয়া গোপকুমারের গ্রুব

বিশ্বাস — জগদীশ- সম্বন্ধে

সূৰ্বজ্ঞ.

পুরুষবিশেষ ব্যতীত অন্ত কোনও বিশেষ ধারণা তাঁহার ছিল না। ভক্ত ব্ৰাহ্মণ শালগ্ৰামকে জগদীশ বলিলে তাহাতেই সরল বিখাস - গুরুবাক্যে স্থুদুচ্ বিখাস-

মন্ত্রজপের ফলে নিখিল বাঞ্ছিত-

পৃত্তির বিষয়েও অটুট বিশ্বাস।

গোপকুমার স্বভাবত:ই কামক্রোধাদি-

পরিশৃন্ত, নত্র, বুদ্ধিমান্, সর্ববিষয়ে

স্বশক্তিমানু,

কেবল

করুণাময়

সাব্ধান, অনলস এবং ভগবতৃষ্ণাযুক্ত । ভক্ত, ভক্তি এবং ভগবান্ ভিন্ন অন্ত নাই। কিছুতেই তাঁহার মন মহারূপার নীলাচলচন্<u>রে</u>র তৈথিক সাধুমুখে শুনিয়া তত্ৰ গমন ও (मवारम) क्रेब-पर्गरन मान्का ९ रमवाना

ও তাহার প্রাপ্তি এযং স্বচ্চ্ সেবা-

প্রবর্ত্তন ও পরে জগদীখরের আজ্ঞায়

মথুরাগমন।

(২) জ্ঞান—ইন্দ্রের অধিকতর

সেবাসৌষ্ঠৰ শুনিয়া মন্ত্ৰজপ-প্ৰভাবে স্বর্গে গমন—স্বর্গরাজ্যপ্রাপ্তি হইলেও ত্বথভোগে বীতস্থহ-স্ত্রীলোকসম্বন্ধে আকর্ষণ-রহিত 13 অনর্থমুক্ত ৷ বৃহস্পতির মুখে মহর্লোকের পরিচয় পাইয়া মন্ত্ৰজপ-প্ৰভাবে তত্ৰ গমন. যজেখরের সেবালাভ—জনলোকে গমন, মহবিমুখে তপোলোকের মহিমা শুনিয়া তত্ত গমন। বিশেষ

ব্যাপার এই যে শালগ্রাম, চতুত্ব নারায়ণ বিগ্রহ, শ্ৰীজগরাথ, স্বর্গে মহর্লোকে বামনদেব. যজেশ্বর প্রভৃতির দর্শনে উত্তরোত্তর আনন্দাধিকা। যাগযজে কর্মকাণ্ডে অক্বচি—তপোলোকে জীবন্মক্ত অবস্থালাভ—জগৎকে ব্ৰহ্মময় প্রমাত্মময় বলিয়া দর্শন—ভগবৎ-

স্বরূপাহুভূতি, তত্ত্ত্তানলাভ—সর্বত্র

এক অখণ্ড চৈতত্ত-সন্তার অমুভূতি-

সিদ্ধতুল্যাবস্থার লাভ ইত্যাদি--সদ্ওকর কুপার ফলে ভগবদ্রূপ দর্শনের লালসা---সভ্যলোকের উৎকর্ষ-শ্রবণে তথায় গমন, ব্রহ্মার পদলাভ দাশুভক্তি-প্রচার, মুক্তি ও ভক্তির পার্থক্যাববোধ-কর্ম, জ্ঞান, বৈরাগ্য, সমাধি ও ভক্তির লক্ষণগত অপ্তাবরণ-বিবৃতি— পৃথক্ত্যুবোধ, ভগবদাদেশে বৃন্দাবনে গমন।

উৎকর্ষ শ্রবণ, শুদ্ধাভক্তির সংকীৰ্ত্তন, ভাগবত-আলোচনা, লীলাকথাশ্রবণ—নির্গুণা ভক্তি— নিবপরাধ চিত্তে শ্রীনাম-সংকীর্তনে

প্রেমভক্তির উদয়। ব্রঞ্জে আগমন।

(৩) ভজন-মুক্তিপদে গমন ও

মতৃপ্তি—হরপার্বতীর দর্শনলাভ.

শিবলোক ও বৈকুণ্ঠমাহাত্মাশ্রবণ-

3666

পরাকাষ্ঠা দেখাইয়াছেন। গোপকুমার

কর্ছক বৈকুঠে নয়ন—যোগমায়া বা স্বরূপশক্তি, ধামতত্ব, বিগ্রহতত্ব, অর্চাবতারতত্ব, দাশুভাব (স্থামিশ্র) ঐর্থাফুভূতি, ভক্তবাৎসল্যের অহুভূতি —দাশু - সেবারস - আস্থাদন—অ্যোধ্যায় গমন ও তত্তত্য সেবারস বিশেষ—রামচন্দ্রের ক্লপায় শ্রীমদন-ব্যাপালের প্রতি চিন্তাকর্ষণ।

(৫) প্রেম—দারকায় প্রবেশ— দর্শনলাভ — উদ্ধবগৃহে অবস্থান— শ্রীনারদমুখে গোলোকবৈভবাদির শ্রবণ—গোলোক - গোকুলাদির তত্ত্বনিরূপণ—গোপীগণের সেবাতিশয়-বর্ণনা—ত্রজে গোপকুমারের বিদায়। এস্থলে জ্ঞাতব্য এই যে মন্ত্রজপদারা, স্বরূপের উপাসনাম্বারা মুক্তি লাভ হয়, বৈকুষ্ঠপ্রাপ্তি হয় না। খ্রীভগ-বানের নামকীর্ত্তন এবং রূপগুণলীলামু-শীলন-ভগবদভক্তিদারা-—গৌরব্যিশ্র-প্রীতিদারা বৈকুপ্রলাভ হইলেও গোলোক বা ব্ৰজপ্ৰাপ্তি হয় না। গোলোকপতির প্রতি লৌকিক সম্বন্ধ-বুদ্ধি করিলে, গোপগোপীর দাভেচ্ছু (অমুগত) হইলে, প্রেষ্ঠ-নামসংকীর্ত্তন করিলে ও ব্রজলীলা ধ্যানগান করিলে তবে ব্ৰহ্মপ্ৰেম বা শুদ্ধা প্ৰীতি লাভ হয় এবং তাহাতেই গোলোক বা ব্ৰজপ্ৰাপ্তি হয়। বৰ্জনীলা ধ্যান ও গানের পূর্বে ব্রজনীলার শ্রবণ ও আলোচনা প্রয়োজনীয়। এস্থলে শ্রীনারদ মুনির কুপাই গোপকুমারের ব্রজলীলাশ্রবণ-মননের হেতু হইয়া-ছিল। এীরাধার বা তাঁছার অব-

তারের অথবা শ্রীক্নঞ্চের প্রেমদান-কারী কোনও অবতার-বিশেবের দর্শনলাভ হইলেও ব্রজপ্রেমলাভ হইতে পারে।

- (৬) অভীষ্টলাভ—গোপকুমারের গোলোকে গমন—মদনগোপালের দর্শনলাভ—(মধুকণ্ঠ
 ন্মিশ্বকণ্ঠর ভাষ) প্রিয় নর্মশ্বার
- পদলাত—নিত্যলীলায় প্রবেশ,
 শ্রীগোপালের আলিঙ্গন-চুম্বনাদিলাত

 —মাথুর বিরহের অমুভূতি—
 গোলোকে ও ব্রঞ্জে সমতার অমুভূতি

 —তত্রতা লীলাবিনোদাদি।

(१) জ্বগদানন্দ শ্রীরাধার
আদেশে ও শ্রীক্তফের ইচ্ছায় জনশর্মার
মন্তকে গোপকুমারের হস্তার্পণ—
কুপাপ্রকাশ—শক্তিসঞ্চার। জনশর্মার
প্রেমলাভ শুভি, উৎকণ্ঠা ও সপরিকরে ভৌমব্রজে শ্রীকৃষ্ণদর্শনলাভ।
সিদ্ধদেহলাভ ও নিত্যলীলায় প্রবেশ
—গোপকুমারের হস্তে শ্রীকৃষ্ণকর্তৃক
সমর্পণ ও গোপকুমারের আম্বুগত্য।

উত্তরাদেবীর প্রশ্নই এই গ্রন্থের

ভিঙিশ্বরূপ। ইহা জনমেজয়ের
প্রতি মহর্ষি জৈমিনি-ক্ষিত কাহিনী
—মহাভারতের আখ্যানাংশ বলা
যায়। উভয় খণ্ডেই একজন করিয়া
পরিব্রাজকের স্বায়্বভূত কাহিনী বিবৃত
হইয়াছে—প্রথমখণ্ডে দেবর্ষি নারদ
ও দ্বিতীয়ে গোপকুমারই পর্যটক।
গোপকুমার শ্রীদনাতন প্রভুর এক
অপূর্ব স্ষ্টি। বৈফ্যবীয় সাধনার

প্রথম শোপান হইতে আরম্ভ করত

পর্যন্ত তাঁহাকে উপনীত করাইয়া

শ্রীপাদ ভজনানন্দের তারতম্য ও

চর্ম গোপান ব্রজপ্রেমের

শ্ৰীগুৰুদত্ত-মন্ত্ৰসাধনবলে যতই উন্নত-তর স্তারে যাইতেছেন, ততই সাধন-ভক্তি-কুম্বমের এক একটি দল বিকসিত হইতেছে। আবার বিকাশজনিত আনন্দ-বৃদ্ধির সহিত পূর্ণ বিকাশ না হওয়া পর্যন্ত অপূর্ণতার অপরিতৃপ্তিও বাড়িয়াই চলিয়াছে। তৃপ্তি-অতৃপ্তির মধ্য দিয়া স্কল সোপান অতিক্রম করত তিনি ব্রঞ্জে পরিপূর্ণতা লাভ করিয়া চরম ক্বভার্থও হইয়াছেন। শ্রী ওরুপ্রদত্ত প্রকৃত সাধনার ফল ও বল প্রদর্শন করাইবার জন্মই গোপকুমারের সবিস্তার জীবনী বণিত হইয়াছে। ভাগবত জীবনটি যে অক্ষয়, অব্যয়, শাশ্বত ও চির-প্রগতিশীল—ইহাই এই গ্রন্থের প্রধানতঃ লক্ষ্যরূপে বিনির্দিষ্ট হইয়া তরুণ সাধকের হৃদয়েও মহা আশা এবং শক্তি সঞ্চার করিতেছে। গোপকুমারকে সাধন-পথে পাঁচবার দর্শন দিয়া শ্রীগুরুদেবের নাই। মন্ত্ৰজপ-প্ৰভাবে সিদ্ধলোকপর্যন্ত প্রাপ্তি ঘটিলেও কিন্তু ইতঃপর নামসাধনেরই পরম সাধনত্ব

সোপানগুলি সাধারণতঃ এইভাবে
নির্ণীত হইতে পারে—
(১) অহৈতুকী মহৎকুপা, (২)
মহৎসেবা, (৩) দীক্ষা, (৪)মন্ত্রজপ,
(ভজনক্রিয়া), (৫) সৎসঙ্গ, (৬)
শ্রদ্ধায় শ্রীমৃতির দর্শন [শালগ্রাম,

নির্দিষ্ট হইয়াছে। তাহাতেও আবার

স্বপ্রিয়-নামকীর্ত্তনেই ব্রন্ধপ্রেম গভ্য। মহৎক্রপা হইলে সেই স্মন্তর্জভ

ব্রজপ্রেমও সুখলভ্য এবং সহজ্ঞসাধ্য

হয়। উত্তর খণ্ডের 'ক্রমভক্তি'র

চতুত্ব প্রীনারায়ণমৃতি, প্রীজগরাথ, শ্রীবামনদেব যজেশ্বর, তপোলোকে পরমাত্মামুভুত্তি ও সত্যলোকে সহস্র-শীর্ষা], (৭) [সত্যলোকে] মূর্তি ও ভক্তির ভেদবিষয়ক সামান্তত: শ্রবণ, (৮) স্বরূপের অমুভূতি, মুক্তিপদ, ব্রহ্মামুভূতি, শাস্তভাব, অনর্থের আত্যন্তিকী নিবৃত্তি, সর্ববন্ধ-ক্ষা। (১) ভক্তি, শ্রীভগবন্নাম-कीर्छन, क्रथधननीनात অমুশীলন. গৌঃবমিশ্রা প্রীতি, ঐশ্বর্থ-মাধুর্বের অমুভূতি, ভগবদমূতব, ভক্তিরসাস্বাদ। বৈকুঠে—ভগবৎপ্রেম, ভগবদ্ধর্শন, দাক্ষভাব, দেবারসনিষ্ঠা। অযোধ্যায় সেবারস্বিশেবনিষ্ঠা। (>0) ঘারকার গৌহার্দরসনিষ্ঠা, নিরূপাধি ভগবৎক্লপাঞ্চনিত বিশুদ্ধ দর্শনোৎক গ্রা. প্রেমে উৎপাদিত দর্শন, স্থ্য, নর্ম, সৌহদাদিশুভালায় শৃষ্টি । (১১) সতত প্রেমনদে -বিহবলতা—গোলোকে প্রেমরসনিষ্ঠা, ভদ মাধুৰ্য, ভদা প্ৰীতি; লৌকিক সম্বন্ধবৃদ্ধি--গোড়ীয়-বৈষ্ণবাচার্যগণের লকা, কামা ও অভীষ্টতম বস্তু-ব্ৰহ্মভাৰ। ভগবদমুভৃতিতে যেমন ব্ৰহজান আবৃত হয়, তদ্ধপ শুদ্ধ ্মাধুর্যের অমুভবেও ঐশ্বর্যজ্ঞান ও ্ভগবদ্বৃদ্ধি আবৃত হইয়া থাকে। প্রথম খণ্ডে শ্লোক-সংখ্যা ৭৯৮ এবং দ্বিতীয়ে ১৭১৬ = ২৫১৪ শ্লোক। শ্রীবৃহস্কাপৰতামতের ভার সিদ্ধান্ত-প্রিবুংহিত গ্রন্থ আর হয় না, হইৰারও नहर । भीभान इंहार्ड नीना, दंग, ভাৰ, সিদ্ধান্ধাদি সকল বিষয়ে দৃষ্টি নিবন্ধ করিয়া আখ্যায়িকাবর্ণনচ্চলে এই শর্বামঞ্জভামুলক বিরাট ব্যাপার

সংঘটন করিয়াছেন। কুপাময় পাঠকগণ আপনাদের শ্রীচরণে জীবাধমের করপুটে এই নিবেদন আপনারা মন্তব হইলে মূল ও টীকা অথবা অমুবাদমাত্রও পুনঃ পুনঃ পাঠ, অমুশীলন ও আস্বাদন করিয়া ইহার গুরুগন্তীর ও প্রসন্নোজ্বল তাৎপর্য অবধারণ করুন। কুদ্রবৃদ্ধি বিষয়-জড় ও অতিপ্রাক্বত মাদৃশ জীবের লেখনীফলকে এই গ্রন্থের যথায়থ বিবৃতির প্রতিফলন অতি অসম্ভব। <u>শীরুহদুভাগবভামুতের</u> 'मिश्-টীকা—টীকাপ্রারম্ভে প্রেমভক্তি ও স্বেষ্টদেব শ্রীচৈতগ্র-মহাপ্রভুকে নমস্কার পূর্বক টীকার निग्निनी नामकत्रापत বলিতেছেন—'অভীপ্সিত অর্থসমূহের একদেশ প্রদর্শিত হইয়াছে বলিয়া 'দিগ্দশিনী' নামী এই টীকাটিও স্বয়ং লিখিত হইতেছে। তৎপরে শ্রীপাদ বলিতেছেন—এই গ্রন্থরত্বে ধর্মার্থকামমোক্ষ-প্রদায়িনী ভক্তিই নিরূপিত হইতেছে। ইহার অহুশীলনে ব্রশাননা হইতেও প্রম মহান তথ্যাশির প্রাপ্তি হয়, প্রীমদ ব্রজবাসিজনের আমুগত্যে শ্রীগোপী-নাথের চরণদন্দ আশ্রয় করত সর্ব-নিরপেক প্রম মহত্তম প্রেম-সহকারেই ঐ ভক্তির অনুষ্ঠান করিতে হয়। যাঁহারা এতাদৃশী ভক্তির অমুষ্ঠান করিবেন. তাঁহারা প্রীগোলোক-শ্রীকৃষ্ণচক্রের সহিত নিত্য যথেচ্ছ বিহাররূপ মর্বোৎকৃষ্ট ফলই শ্রীবৃহদ্-করিবেন।' ভাগৰতামতের স্থায় এমন সিদ্ধান্তগ্রন্থ জগতে হয় নাই; ইহাতে একাধারে

লীলা, রস, ভাব, সিদ্ধান্ত, এক কথায় গোডীয় বৈঞ্চব সম্প্রদায়ের যাবতীয় তথ্য সন্নিহিত আছে, গ্রন্থকার হইয়া স্বয়ংই টীকা করিয়া-ছেন, ইহাতে এই মনে হয় যে এই সিদ্ধান্তপূর্ণ গ্রন্থে যেন অন্ত কাহারও মতান্তর প্রবেশ না করে। মূলে যে বিষয়টী সামাগ্রতঃ অস্পষ্ঠ রহিয়াছে, তাহাই অব্যক্ত, অ-বিস্তারিত করিয়া নিঃসংশয়িতভাবে হার্দকথাটা বুঝাইবার জন্তই টীকার অবতারণা। কোনও কোনও ভলে মূলের একটি শব্দকে শ্রীপাদ দোহন করিয়া বহু রসাল অর্থ নিঙ্গাসিত করিয়াও লিখিয়াছেন—ইতি দিক্। যথা হাতা১৮৪ শ্লোকের 'সরস' শকে ৮ প্রকার ব্যাখ্যা করিয়াও লিখিয়া-ছেন—ইতি দিক। এই সটীক গ্রন্থের অফুশীলনে যে কেবল বৈষ্ণব সম্প্রদায়িদেরই উপকার হইবে, এমন নহে. কিন্তু সর্বস্প্রদায়ের ধর্ম-পিপাত্ম ব্যক্তিমাত্রই পরম উপকৃত হইবেন। ভগবৎপ্রাণ ভজননিষ্ঠ সাধুসজ্জন-গঠন করিতে হইলে যে সকল উপদেশের অপেন্দা আছে, এই গ্রন্থে সেই সকল সর্বাঙ্গস্থন্দররূপেই হইয়াছে। স্টাক গ্রন্থানা বছদঃ পঠন-পাঠন-শ্রবণাদি করিলে না অন্তের সংক্ষিপ্ত কথায় ইহার ভাৎপর্য বঝা যায় না। জীক্সপপাদের এই সম্বন্ধে এই অভিমতই যথেষ্ট— শ্রীমৎপ্রভূপদান্তোজৈঃ সর্বা ভাগৰতামৃতে। ব্যক্তীকৃতান্তি গূঢ়াপি ভক্তিসিদ্ধান্ত-মাধুরী ॥ (সিন্ধু ১৷৪৷১৩) বৃহদভাগৰভামতকণা — বৃহদভাগ-

বতামৃতের শ্রীকানাইদাস-ক্বত অমু-

বাদ। ২ বর্জমান জেলায় বেনাপুর গ্রামে (কুলীনগ্রামের অর্দ্ধ ক্রোশ দূরে) ১৭৬৪ শকে জয় গোবিন্দ বস্থা শ্রীপাদ শ্রীসনাতনপ্রভুর বুছদভাগবতামুতের পয়ারাদি বিবিধ ছম্বে অমুবাদ **প্রীবৃহদ্ভাগবতামৃত** করিয়াছেন। ভাষায় সরল হইলেও ভাবগন্তীর ও ছুৰোধ্য, এই জন্মই শ্ৰীপাদ স্বকৃত গ্রন্থের স্বয়ং টীকাও করিয়াছেন। শ্রীজয়গোবিন্দ টীকা ও মূল বিশেষরূপে আলোচনা করিয়াই অমুবাদ করিয়া-ছেন—স্বয়ংই গ্রন্থয় বারংবার একথা স্বীকার করিয়াছেন। ১০ পুঠা (১৷১) 'মূল আর টীকাতে যে করিলা লিখন। যথামতি বিবরিয়া করিমু লিখন॥' ১৮০ পৃষ্ঠা (২।৪ শেষ) 'স্টীক মূলের অর্থ করি অমুভব। যথামতি যথাসাধ্য আমি লিখি সব ॥' ১০ অক্ষরে কোগাও বা ১২ অক্ষরে রচিত ছব্দ দেখা যার, যদিও ১৪ (পয়ার) ছন্দই বেশী। আদর্শ—[নামসংকীর্ত্তন-বচনার প্রাসঙ্গ (২।৩) ১৪৯ পৃঃ]

'মেঘৰিনা বৰ্ষাকালে চাতকের পণ। আর্তস্তরে প্রিয় প্রিয় করে আজোশন । চক্রবাকীগণ যেন বিরুচে পতির। রাত্রিকালে আর্ত্তনাদে করয়ে অন্থির । কুররীবর্গও পতিবিরহিত के (स । রাত্রে আক্রোশন আর্ত্তনাদে করয়ে॥ সেই মত আজির গৌরবের নাম সংকীর্ত্তন হয়, জানিহ কারণ। লক্ষণ॥ ইথে পরম আতিতে সংযুক্ত হইয়া। বিচিত্র মধুর গাথা প্রবন্ধ করিবেক শ্রীক্ষের নাম-করিয়া॥ मश्कीर्जन। এই ত তাৎপর্য ইথে

বুঝ করি মন॥ ইত্যাদি व्रश्न देवस्ववर्णाय शी -- श्रीयम-দশম স্কন্ধের প্রীপাদ গোস্বামি-ক্লত স্থবিস্থত টীকার নাম বুহদ বৈষ্ণবতোষণী বা वृहत्जावनी। ১৪१७ भकारक वह সমাপ্ত হইয়াছে। ইহাতে শ্রীমদভাগবতোক্ত লীলাসমহের গৃঢ়তাৎপর্য ও সিদ্ধান্তশার প্রকাশিত হইয়াছে। এীবরস্বামিপাদ তাঁহার টীকায় যে সকল কথা স্পষ্টভাবে ব্যক্ত করেন নাই, তাহা স্থব্যক্ত শরিবার জন্মই এই টিপ্লনী রচিত হইয়াছে বলিয়া শ্রীপাদের (১০) উক্তি। তৎপর বর্তি শ্লোকে আবার শ্রীপাদ বলিয়াছেন যে 'যাহাতে যাহাতে বৈঞ্বগণ সমাগ্ৰ ভাবে পরিতোষ লাভ করেন. বৈঞ্বসিদ্ধান্ত অমুসরণে তাহা তাহাও কিঞ্চিৎ লিখিত इहेन' (১১)। অধিকারী-নির্ণয় করিয়া বলিতেছেন (১৫) 'এই ৰৈঞ্চব-তোষণী প্রীরুষ্ণচৈত্র-পদক্মলগন্ধ-ঘাণে অভিজ্ঞ বৈঞ্চবগণই আস্বাদন করিতে সমর্থ হইবেন।' শ্রীধরস্বামিপাদের টাকায় স্থলে ব্ৰহ্মবাদ আসিয়া পড়ে, সেই দেই স্থলে শ্রীধরের কথাই বজায় রাখিয়া ইনি তাহারই ব্যাখ্যান্তর যোজনা করিয়া প্রকৃত বুদ্ধিমন্তার দিয়াছেন। २०१२३१३४ হইতে ২৭ শ্লোক পর্যস্ত যে শ্রীক্রম্ভ ও গোপীদের উপেক্ষাভিন্নিময়ী ও প্রার্থনাভঙ্গিময়ী ব্যাখ্যা मान করিয়াছেন, তাহা প্রকৃতই প্রীপাদের শব্দত্রসমৃতিমান প্রীগৌর-

ত্মন্দ রের 'আত্মারাম' প্লোকের ব্যাখ্যাবসরের ত্মসিগ্ধ রূপাদষ্টি-প্রস্তুই বলিব। >01691>8--8> শ্রুতিস্পতির পর্যক্ত শ্রীধবস্থামি -वर्गाशावनभाग उद्याविषया यरकिकिर বলিয়া প্রতিশ্লোকে যে ভগবৎপক্ষে ব্যাখ্যা দিয়াছেন, তাহাও অতি-ও স্থরসালই বলিতে চমৎকার শ্রীপাদের হইবে। পূকা সমুজ্জল এই তোষণীর সর্বত্রই প্রতিভা বিচ্ছরিত। তাঁহার পাণ্ডিতা প্রতি-শ্লোকব্যাখানে প্রকটিত. প্রেমভক্তির উজ্জল ভাব প্রতি-क्षार्टि উलीस । দশ্ম স্বন্ধ শ্রীমদভাগবতের গার-সর্বস্থা, এই জন্ম প্রীপাদ অভাভ স্বন্ধের টীকা না করিয়া কেবল দশম স্বন্ধের টীকাতেই মৃল্যবান্ জীবনের মহামূল্যবান্ সময় যাপিত করিয়াছেন। এই টীকায় রসমাধুর্য-ব্যঞ্জকত্ব, ভাবোৎকর্ষ. মুপাণ্ডিত্য ও মৌলিকত প্রভৃতি সর্বধাই অবিসম্বাদিত। এই প্রসঙ্গে লঘুতোষণীর শেষে উল্লিখিত স্বশ্নে ও জাগ্রদবস্থায় বিপ্রহম্ভে শ্রীভাগবত-প্রাপ্তি সর্গীয়।

লিখিত উপদেশাত্মক ব্ৰজভাষায় পদাবলী। ইহাতে ৪৮টি দোহা ও ৬টি সোরঠা আছে।

উপক্রমে—স্থমিরহু শ্রীরাধারমণ, শচীম্বন ব্ৰজ ভৌন। পাঁচ বাত নিত য়াদ করি, কহাঁতে আয়ে কৌন্ ॥১॥ কহা করন কহা করতহোঁ, কহাঁ বিচার। ওর কছ নাহিন বনেঁ, চ্যার বাত হিয় ধার॥ ২ ব্রহ্মসংহিতা[>]—শ্রীমন মহাপ্রতুর শিক্ষা ছইটি গ্রন্থে স্কুম্পন্থ বিবৃত হইয়াছে। তত্তশিক্ষা——প্রীবন্ধদংহিতায় এবং ভজনশিক্ষা--- শ্রীকৃষ্ণকর্ণামূতে। ব্রন্ধ-সংহিতা স্বরাক্ষরে ভক্তিসিদ্ধান্তের সারকথা জানাইয়াছেন। শতাধাায়ীর মাত্র পঞ্ম অধ্যায়ই দৃষ্টিগোচর ইহাতে প্রধানতঃ ধামতত্ত্ব, কামবীজ ও কামগায়ত্রীর তাৎপর্য. চতু বাহ, মায়া, যোগমায়া, শব্দবন্ধ, নারায়ণ, গায়ত্রী, মাধুর্যময় শ্রীকৃঞাদির তবু, কর্ম-জ্ঞান-যোগ-বিচার, শ্রুতিশ্বতিবিচার, শক্তিতত্ত্ব, স্বকীয় - পারকীয়, ধ্যানযোগ, পঞ্চোপাসনা-স্থ, গণেশ, শক্তি, শিব ও বিষ্ণু-নির্বিশেষ ব্রহ্ম বিধি-মহেন্দ্র, নিতামুক্ত ও নিতাবদ্ধ জীব, বিষ্ণুতত্ত্বমধ্যে <u>জীরামনুসিংহাদি</u> অবতার ও মাধুর্ঘময় শ্রীক্লকের লীলা-বৈচিত্র্যবিচার, দেবীলোক, মহেশ-লোক ও হরিলোকের তারতম্য. কর্মফল, ভজনবিচার, সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-বিচার, শরণাগতি ও প্রেমভক্তিবিচার ইত্যাদি অতিম্পন্নর. সরল ও সহজভাবে লিপিবদ্ধ হইয়াছে। শ্রীজীবপাদ ইহার একটি টীকা করিয়াছেন। শ্রীবিশ্বনাথ চক্রবর্তিঠাকুরও টীকা করিয়াছেন বলিয়া প্রকাশ, কিন্তু তাহা অদুখ হইয়াছেন।

বেক্সসংহিতা - (চতুর্দশাধ্যায়)
বক্ষোবিলাসিনী লক্ষ্মী নারায়ণকে
জিজ্ঞাসা করিলেন—'তুমি কেন
সদাকাল 'রাধাকৃষ্ণ' জপ কর ?' এই
প্রশ্নের উত্তরে নারায়ণ বলিলেন—
উত্তরটি কেবল শিববিষ্ণুরই গোচর
অতএব অক্সত্র গুহুতর; তৎপরে তিনি

গোলোকের উপরিস্থ নিত্যবৃন্দাবন ধানের অবস্থান এবং গোপীভাবেই তাহার লাভ ইত্যাদি বিষয়ে সঙ্কেত কবিলেন।

'গোপীভাবেন সততং দৃশ্যে ভক্ত্যা হনস্তায়। পূর্ণানন্দময়: ক্লফো রাধা চৈতস্তর্রপিণী॥ ন রাধয়া বিনা ক্লফো ন ক্লফেন বিনাপি সা। নিত্যা তহুদ্বী চৈষা নিত্যং বুস্থাবনাদিকম্॥'

কৃত্মিণী আবার প্রশ্ন করিলেন— 'কি প্রকারে রাধাক্ষকের চরণে ভক্তি হয় এবং কিইবা জপ করিতে হয় প' উত্তর হইল—'সর্বধর্ম পরিত্যাগ করত যুগলকিশোরের শরণাপর হইলে—'শ্রীরাধারক্ষ'-নামই সতত জপ্যরূপে গ্রহণ করিলে— প্রীত্তরুমুখে এইসৰ তত্ত্বকথা শ্রবণ করিলে— গোপীভাবাশ্রয়ে প্রেমচিকাদি প্রকাশ পাইবে। **তু**বুন্দাবনেও হগলের ও তিরোভাব হইয়া থাকে। (হরিবোলকুটীর পুঁপি ৮ ছ) ব্রহ্মসংহিতাটীকা — মললাচরণে এজীবপাদ লিথিয়াছেন—'ঋষিগণের শুতিগ্রন্থ আপাতদৃষ্টিতে ছর্যোজনা-যুক্ত মনে হইলেও কিন্তু উত্তমন্ধপে বিচার করিলে তাহা যুক্তার্থ-সমন্বিতই, অতএব সেই ঋষিগণের গ্রন্থবিচারে ঋষিদেরও ঋষি (শ্রীরূপ বা স্নাত্ন, যাঁহারা চতুঃসনের ছই মৃত্তিকে স্বান্তত্ব কির্য়াছেন) আমার একমাত্র পতি। যদিও এই বন্দ্রগাহিতা শতাধ্যায়ী, তথাপি এই অধ্যায়টি সূত্ররূপী, সম্গ্র গ্রন্থের তাৎপর্য ইহাতেই নিহিত। শ্রীমম্ভাগবতাদিগ্রন্থে স্থন্মবৃদ্ধি ব্যক্তি-

গণ যে সৰ সিদ্ধান্ত অবগত ছন. সেই সব তত্ত্বই ইহাতে প্রকাশিত। শ্রীরুষ্ণসন্দর্ভে যাহা বিস্তারিতভাবে আলোচিত হইয়াছে, এই গ্রন্থের টীকায় তাহাই পুনরায় বলিয়া আমি ব্যাখ্যা করিতে প্রবৃত্ত হইব। প্রথম তাৎপর্য-শ্রীক্ষ্ণ সকল অবতারের মূল অবতারী **স্ব**য়ং ভগবান। 'রুক্ষ' পদ্টি তাঁহার মুখ্য নাম। নামকরণকালে জীগর্গাচার্য নামই নির্দেশ প্রথমতঃ 'কুষ্ণ' করিয়াছেন। মূলমন্ত্রেও কৃষ্ণ নাম সর্বপ্রথম প্রয়োগ হইয়াছে বিধায় ইহাই মুখ্য নাম। তবে যে গ্রন্থে 'গোবিন্দ' নাম ব্যবহৃত হইয়াছে. তাহা প্রীক্ষরে গবেদ্রত্বরূপ (গো ≕ देखिय. স্থাদিগ্রহনিচয়, গো. বাক্য ইত্যাদির অধিনায়কত্বরূপ) অৰ্থ-বৈশিষ্ট্য গ্ৰোন্তনা বর্ণান্তরো হস্তু' ইত্যাদি 'আসন শ্ৰীক্ষেই কৰ্ম্বত্ব প্লোকেও সর্বোৎকর্মতত্ত্বপ থাকায় তাঁহার 'কৃষ্ণ' নামই যে মুখ্য, তাহা প্রতিপন্ন হইয়াছে। কৃষ্ণ' পদ বিশেষ্য এবং অ্যান্ত পদ ইহার বিশেষণ, গুণুমাধুর্ঘাদি দারা সর্বাকর্ষক আনন্দ-ময় মৃত্তিই শ্রীকৃষ্ণ। ইনিই পরতম তত্ত্ব স্বয়ং ভগবান ব্ৰছেন্দ্ৰনা। তিনি সর্বশক্তিমান ঈশ্বর। তাঁহার শ্ৰীবিগ্ৰহ অপ্ৰাকৃত, নিতাচৈত্য আনন্দস্তরপ। জীবাদির মত মায়িক ত নহেই। তিনি অনাদিকাল হইতেই স্বীয় নিত্যলীলাভূমি শ্রী-বুন্দাবনাদিতে নিতা বিরাজমান। তিনি গোচারণ-লীলাবিনোদী বলিয়া গোবিদ। নানাশান্তে অনন্ত ব্রহ্মাণ্ডের

মূল কারণ অনেক প্রকারে নিদিষ্ট হইলেও তিনিই সর্বশাস্ত্রসমন্বয়ে সর্বকারণের মূল কারণ বলিয়া নির্ণীত।'
এই গ্রন্থে ধামতত্ত্ব, পরিকরতত্ত্ব,
লীলারহস্ত ও শ্রীবিগ্রহতত্ত্বাদি বর্ণিত
হইরাছে। এই জন্তই কবিরাজ
গোস্বামী বলিয়াছেন—

(চৈ চ মধ্য নাং ১৯, ৩০৯)
'ব্ৰহ্মগংহিতা কৰ্ণামৃত ছুই পুঁথি
পাইয়া। মহারত্ন প্রায় আইলা সঙ্গে
লইয়া। দিদ্ধান্ত-শাস্ত্র নাহি ব্ৰহ্ম-

সংহিতা-সমান। গোবিশ্ব-মহিমা জ্ঞানের পরম কারণ॥ অল্লাক্ষরে কহে সিদ্ধাস্ত অপার। সকল বৈঞ্চব-শাস্ত্রমধ্যে অতি সার॥'

এই টীকার নাম—দিগদর্শিনী।
উপসংহারে—'শতাধ্যায়সম্পন্না এই
সংহিতা প্রীক্রন্ধকর্তৃক প্রীক্রন্ধোপনিষদের সারসমূহ সঞ্চয় করিয়া
প্রকাশিত। যভাপি নানাবিধ লোক
এই সংহিতার পৃথক্ পৃথক্ পাঠ
ও বিবিধ অর্থাদির কল্পনা করেন,

তথাপি আমি সাধুসজ্জনামুমোদিত
মার্গে যাহা লাভ করিয়াছি, তাহাই
প্রমাণরূপে ধরিয়াছি'। উত্তর কালে
শ্রীল বিশ্বনাথ চক্রবর্তীও ইহার এক
টীকা করিয়াছিলেন বলিয়া জানা
যায়, কিন্তু তাহা ছ্প্রাপ্য। পুণা
আনন্দাশ্রম হইতে প্রকাশিত 'বৃহদ্ব্রহ্মগংহিতা' কিন্তু অন্ত গ্রন্থ। ইহাত
৪টি পাদে (১৩+৭+১০+১০) ৪০
অধ্যায়ে ৪৬৫৮ শ্লোক আছে। ইহা
নারদপঞ্চরাত্রের অ্নর্গত বলিয়া উত্ত
আছে।

ভক্তচরিভামত - খৃষ্ঠীয় উনবিংশ-শতাদীর প্রথম পাদে মালদহ জিলার গিলাবাডী-গ্রামবাসী কবি জগরাথ-দাস নাভাজী-রচিত হিন্দী ভক্তমালের অবলম্বন করত এই গ্রন্থ প্রাণয়ন করেন। চারিখণ্ডে গ্রন্থটি বিভক্ত-প্রথম খণ্ডে ৯, দিতীয়ে ১২, তৃতীয়ে ৭ এবং চতুর্থে ৪ পরিচ্ছেদ আছে। পরার ছলে রচিত: চণ্ডীদাস ও বিয়াপতি-সম্বন্ধে অতিরিক্ত সংযোজনা আছে। গঙ্গাগোবিদের অত্লনীয় বৈষ্ণবোচ্ছিষ্ট-নিষ্ঠা, প্রতাপ মণ্ডলের সশরীরে বৈকুণ্ঠ-প্রয়াণ, বিঞ্পুরের রাজা গোকুল মিত্রের নিকট শ্রীমদনমোহন বন্ধক রাখার কাহিনী প্রভৃতিও ইহাতে বর্ত্তমান।

ভক্তনামাবলী—গ্রীদেবকীনন্দন দাস-কৃত সংস্কৃত বৈশুবাভিধান বা বাঙ্গালা বৈশুববন্দনার ব্রজভাষায় অনুবাদ— গ্রীবৃন্দাবন দাসজি-কৃত।

ভক্তভাগবভাষ্টক—গ্রীমদ্ রিদিকানন্দ

গোস্বামি-রচিত নবশ্লোকাত্মক। শার্দ্ লবিক্রীড়িত-ছন্দে রচনা। ভক্ত-ভাগবতগণের অপূর্ব স্তব।

ভক্তভ্যণ-সন্দর্ভ -- শ্রীনারায়ণভট্ট-বির্চিত পরিচ্ছেদ-ত্রয়াত্মক বেদাস্ত-পরিচ্ছেদের প্রকরণ। প্রেপ্য প্রারম্ভে 'নিত্যগুণাশ্রমীশং প্রকটিত-রসিকঞ্চ বিশ্বমাক্রীডম। ভজন-त्र**ग**ञ्जयमारेगर्नगाः পশ্রন জনো জয়তি ৷ ১ ৷ ভক্তানম্বত-সন্দৰ্ভে প্রোক্তং প্রকরণং ত্রম। কৃষ্ণ ভক্ত-জগরাচি ক্রমেণৈর বিচার্যতে'॥২॥ এই প্রকরণে শ্রুতি স্মৃতি প্রভৃতির **ঐক্রিক্রের** প্রমাণ-বলে প্রথমে সর্বেশ্বরতাদি প্রতিপাদন- ঐশ্বরাখ্য মণিমালা-গুদ্ধন। দিতীয়ে - ভক্ত-পরিচ্ছেদে আছা-দৈধবিচারাদিক্রমে ভক্তভেদ-নিরূপণ: তৃতীয়ে বিশ্ব বিচার-প্রসঙ্গে বিবর্ত্তবাদাদিনিরসন-ভগবদ্ধাম-নিরূপণ। মুখে দ্ৰষ্টব্য এই যে পূৰ্ণানন্দ-কবি তত্ত্ব-

মুক্তাবলী বা 'মায়াবাদ-শতদ্বণী' গ্রন্থটি এই 'ভক্তভ্বণসন্দর্ভের' আধারে রচনা করিয়াছেন। উপসংহারে তিনি তাহা ক্বতজ্ঞতার সহিত স্বীকারও করিয়াছেন—'শ্রীনারায়ণ ভট্টবর্ঘন্ধ তদ্ভক্ত-ভ্বাভিধং,সালোপাঙ্গন্ধীত্য ভক্তকপরা জাত্মা রহস্তব্রন্ধন্' ইত্যাদি।

ভক্তমাল-গ্ৰীলালদাস-(কুফদাস)-বিরচিত। ভগবদ্ভক্ত মহাত্মা নাভাজী নিখিল মানবের হিতাভি-লাবে জাতিংর্মবর্ণ-নিবিশেষে ভগবদ-ভাজের জীবনী রচনা করিয়া জন--সাধারণের উষর ক্ষেত্রেও ভগবদ-ভক্তির অথণ্ড অবায় বীজ বপন করিবার উদ্দেশ্যে এই পরম উপাদেয় গ্রন্থরত্বের প্রেণয়ন করিয়াছেন। চরিত্র-মাধুর্যে ইছার এক একটি ভক্ত সর্বথাই অতুলনীয় ও অন্ত্য মন্দার-কুত্ম। এই দেবভোগ্য কুত্মরাজি ভক্তিস্ত্রে গ্রন্থর্বক তিনি

অপ্রাক্ত মাল্য রচনা করিয়াছেন— তাহা সত্য সতাই মর্ক্তলোকে একান্ত হূৰ্লভ। নাভান্ধীক্বত ভক্তমাল, প্রিয়াদাস-কত টীকার অবলম্বনে এবং প্রীচৈতহাচরিতামৃত, সন্দর্ভ ও লঘুভাগবতামৃত প্রভৃতি শ্রীগোস্বামি-গ্রন্থরাজি হইতে বিবিধ তত্ত্ব সকলন পূর্বক ভক্তবীর শ্রীলালদাস (নামান্তর কুফদাস) মহারাজ এই বাঙ্গালা ভক্তমাল প্রকাশিত করিয়াছেন। এই গ্রন্থকর্ত্তা শ্রীনিবাস আচার্য প্রভুর পঞ্ম অধ্সন বলিয়া জানা যায়। ইহাতে মূলাতিরিক্ত সন্নিবেশ যথা— তৃতীয় মালায় গৌরগণ-তত্ত্ব ও গুরু প্রণালী, (১৩) হরিদাস বৈরাগী (১৭) গোবিন্দ কবিরাজ, চাঁদরায় ও (पवकी नमन এवः (>৮) त्रवीख-নারায়ণের চরিত্রাদি। ইহাতে ২৭টি মালাবাপরিছেদ আছে। ইহাতে প্রদক্তঃ ভগবতত্ত্ব, জীবতন্ত্র, মায়াতত্ত্ব, স্প্রতিত্ত্ব এবং সাধনতত্ত্ব প্রভৃতি বিবিধ তথ্যও ভক্তচরিত্রের আমুষন্ধিকভাবে বণিত হইয়াছে। এইজন্ম এই বাঙ্গালা ভক্তমালে চরিত্র ও তাত্ত্বিক—ছুইটি বিভাগ পরিলন্দিত হয়। চরিত্র-বিভাগটি শ্রীনাভাজীকৃত মূল ও প্রিয়াদাসকৃত টীকা হইতে এবং তাত্ত্বিক অংশটি শ্রীচরিতামৃতাদি পূর্বোক্ত গ্রন্থনিচয় হইতে সঙ্কলিত হইয়াছে। ভক্তি-ভক্ত-সঙ্গবাহনা বা ভক্ত-কুপাবাহনা বলিয়া শ্রীজীবপাদের নির্দেশ; কিন্তু এই ঘোর কলিতে ভক্তসঙ্গই স্বন্ধর্লভ। কাজেই ভক্তমালের বিবিধ ভক্ত-চরিত্রের সালিখে) আসিয়া প্রকৃত সাধুসঙ্গাস্থাদন করা যায়। তাই

কুজরার সিদ্ধ মহাজন মুক্তকঠে বলিয়াছেন--'যদি থাকে মনের গোলমাল, তবে পড় ভক্তমাল।' প্রকৃতপক্ষে ভক্তমালের এই বিশেবত্ব যে অনন্ত-রসবিলাসী ভগবান্কে অনন্তভাবে অনস্ত ভক্ত আস্থাদন করিয়াছেন, নিজের বশবতী করিয়া-ছেন—তাঁহাদের পবিত্ৰ পদাস্থ অমুসরণ করিলে আমরাও শ্রীভগবং-প্রেমভক্তি লাভে কৃতার্থ হইতে পারি। ওচ্, ভাষার 'দার্চ্যভঙ্ভি' ও হিন্দীতে রচিত ভক্তমালায় এইরূপ বহু ভক্ত জীবনী আছে। পাটবাডী পুঁণি কা ২৩,১২৫৪ সন] ইহাতে ইষ্টনিষ্ট, ভক্তনিষ্ঠ ও গুরুনিষ্ঠ — ত্রিবিধ ভক্তের কথা আছে।

প্রীচন্দ্রদত্ত-নামক জনৈক ব্রাক্ষণ শ্রীনাভাজির ভক্তমালকে সংস্কৃত-ভাষায় অহুবাদ করিয়া বোষাই নগরীতে ক্ষেমরাজ রুঞ্চদাস পুস্তকালয় হইতে (মূল ভক্তমালকে) বিষ্ণু, শিব ও শক্তিখণ্ড নামে পুথক পুথক প্রকাশ করিয়াছেন। প্রথম বৈষ্ণব খণ্ড ১৪৯ সর্নে ৬৭০০ শোকে মুদ্রান্ধিত হইয়াছে। এই গ্রন্থেমূল হইতে অতিরিক্ত সংযোজনা এবং স্থলবিশেষে স্বক্পোল-কল্লিত বল্ল অবাস্তর, অশ্রাব্য ও ভক্তগণের হৃৎকর্ণশূল বিষয় সন্নিবেশিত হইয়াছে দেখিয়া আমরা ইহার বিচার-বিশ্লেষণে বিরত হইলাম।

ভক্ত মাল - মাহান্ত্যদীপিকা— শ্রীচৈতন্ত-সম্প্রদায়ী কোনও বৈষ্ণব কর্তুক ছয় অধ্যায়ে দেব-ভাষায় সংগ্রথিত গ্রন্থ। প্রথম অধ্যায়ে ৩২ শোকে 'শান্ত্রসিদ্ধান্ত নিরূপণ', দ্বিতীয়ে

— ২৫ শ্লোকে 'ভগবদঙ্গীকার', তৃতীয়

— ৬৩ শ্লোকেও ভাহাই, চতুর্থে—

৬৪ শ্লোকে 'শ্রীক্ষপ্রশাপক', পঞ্চমে

— ২৮ শ্লোকে 'বৈষ্ণবাধরামৃত-প্রভাব'

এবং ষষ্ঠে— ৭২ শ্লোকে 'ভক্ততত্ত্ব
নিরূপণ' নিবদ্ধ হইয়াছে। [২২পত্রাত্মক প্রৃথি, ইরিবোলক্টীর—

নবদীপী।

ভক্তমালা, ভক্তলীলামূত— মাড়োর শ্রীরঘুনন্দন গোস্বামি-রচিত (বালালা সাহিত্যের ইভিহাস ১৮৯৮ পৃ:)।

ভক্তস্থমিরণী—কবিরাজ মনোহর
দাসের শিশ্ব ও ভক্তমালের টীকাকার
শ্রীপ্রিয়াদাসের রচনা; ভাবা—
হিন্দী। ইহাতে ২৩৫টি চৌপাই
আছে। প্রারম্ভ—

स्थिरितो श्रीमनहत्तन अन्तर ।
महाश्रास्ट्र देठ छ गत्रत्य ॥ भ्राश्राप्त विभागात्र ।
स्वास्त्र विभागात्र विभागात्र ।

অন্তে—প্রাত পঢ়ে ভক্তনকে নাম। তৌ উর ঝলকৈ স্থামা স্থাম॥২৩৪॥ ভক্তত্মমিরণী স্থমরন করোঁ। প্রিয়াদাস তিন পদরজ ধরোঁ॥২৩৫॥

ভক্তহর্ষিণী — শ্রীবিশ্বনাপচক্রবর্ত্তি-প্রণীত। গীতা-বিবৃতি।

ভক্তিচ ক্রিকা পটল— অথওকীর্ত্তি-থওবাসী শ্রীমন্নরহরিমুখচন্দ্র-নির্গলিত শ্রীললোকাচার্য সঞ্চলিত এই নিবন্ধ-গ্রন্থে শ্রীশ্রীচৈতন্তমহাপ্রভুর ভজন-

পদ্ধতি উপদিষ্ট হইয়াছে। এই গ্রন্থ আটটি পটলে (অধ্যায়ে) বিভক্ত। প্রথম হইতে তৃতীয় পটল পর্যস্ত ত্রীগৌর-মন্ত্রোদ্ধারপূর্বক নিত্যক্তেয়র সবিশেষ বিবৃতি, চতুর্থে দীক্ষা-প্রণালী: পঞ্চমে—অবৈতাচার্য-রচিত প্রত্যঙ্গবর্ণনস্তোত্ত: ষষ্ঠে—দ্যুক্ষরাদি মন্ত্রোদ্ধার ও সাধনবিধি, সপ্তমে-প্রণব-পুটিত ৩২ অক্ষরাত্মক মহামন্ত্রের মাহাত্মা. নামভেদ, সংখ্যানিয়ম, অর্চন-প্রকার ও পুরশ্চরণাদি বর্ণিত উপসংহারে হইয়াছে। দ্বিবিধ সাধ্য-সাধন-ভক্তির সাধনোপায়। এই গ্রন্থের পুষ্পিকাবাক্য এইরূপ— পুর্বং প্রীকৃষ্ণতৈ ভাতক্রতা মহুমুত্রমং। তত্মাদ দশার্থমাগুন্ত লব্ধবান রঘুনন্দনঃ॥ —ইতি শ্রীমন্নরহরি-মুখচন্দ্র-বিনিঃস্ত-শ্রীচৈত ক্রমন্ত্রত্বধানিকরা: শ্রীলোকা-নন্দাচার্যেণ যৎকিঞ্চিদাস্বাত্ত প্রীপ্রী-**জগরাধ**নাকাচ্ছীভাগবতোত্তম-সভায়াং প্রকাশিতা:। পূজাপাদ প্রীরাখালা-নশঠাকুরমহাশয়কৃত বিস্তৃত টীকা ও অমুবাদসহ এই গ্রন্থ ১৯২০ খু: প্রকাশিত হইয়াছে। ভক্তিতত্ত্ব-প্রকাশিকা—গ্রী চৈতগুদাস-কৃত শ্রীনাম মহিমবর্ণনাপ্রধান প্রকরণ-

ভক্তিতত্ত্ব-প্রকাশিকা—এ চৈত্তস্বাসক্বত শ্রীনাম-মহিমবর্ণনাপ্রধান প্রকরণগ্রন্থ। ১৬৮৬ সম্বতে লিখিত।
প্রথমেই শ্রীকৃষ্ণচৈত্তসম্হাপ্রভুর
বন্দনা, যথা—

'স্বাদায় নিরবছায় রতের্ঘাথ্মিয়,দেয়িবান্। তদাধারতয়া তং প্রীক্ষণতৈতন্তমাপ্রয়ে॥' ইনি সন্তবতঃ
প্রীগোবিন্দের পূজারী হইবেন;
দিতীয় শ্লোকে গ্রন্থ-রচনার প্রেরণাপ্রসক্ষে বলিতেছেন—'তৎকুপাপ্রেন
কেনাপি গোবিন্দপ্রেরিভাল্পনা।

বিশুদ্ধং তুর্বোধং ভক্তিতব্রং প্রকাশতে ॥' তৎপরে শ্ৰীনগ্ৰয়ৰ প্রভাব-বর্ণনপ্রসঙ্গে—'ভগবরামাভাস-স্থাপি শ্রদ্ধাভক্তিজ্ঞানবৈরাগ্যা-ভাাস - দেশকালাধিকারি - বিশেষ-নৈরপেক্ষ্যেণ স্কুত্রচার্মাত্রেণ মহা-পাতকাদি - সর্বপাপক্ষপূর্বক-মোক্ষ-ঞ্জীনায়ে! নির্গল-সাধক তয়া প্রভাবমাছ--'। তৎপরে ব্রহ্ম, পরমাত্মা ও ভগবানের তারতম্যাদিপ্রদর্শনমুখে সৎসঙ্গ-মহিমা, সৎপদাধ্যবিত স্থান-মহিমা, তীর্থ-সেবাফল, ভক্তি ইত্যাদি শ্রীমদ্ভাগবতাদি-প্রমাণসহ হইয়াছে। অন্তিমে--

'রসিকানাং সতাং হাস্তরসাম্বাদ-ক্তে কৃত্ম। ধাষ্ঠ্যং চৈতক্তদাসেন রিক্ষাগ্রগুণশালিনা॥' সেবাপ্রভাব-প্রীগোবিন্দ-পদাক্তয়ো:। সাহসোহত্যধমেনাপি কৃত: সাধ্বমু-বুত্তয়ে ৷ স্বান্তধ্বান্তমপাকর্ত্ত্রং প্রযন্ততঃ প্রদীপিতা। সদৃদৃষ্ট্যা ভাৎ সমুদ্দীপ্তা ভক্তিতত্ত-প্রকাশিকা॥ ইতি প্রীচৈতগুদাস-কুতা ভক্তিতন্ত্র– প্রকাশিকা। রাজস্থানের জয়পুর-निक्षेष्ठ शन्वाय द्वामाननीमटर्वे पूँ थि। ভক্তিদূতী—কালীপ্রসাদশর্ম - বিরচিত ২৩ শ্লোকাত্মক পতা। ৪টি পত্র আছে। উপক্রমে—নত্বা পাদাম্বজমতিক্ষচিরং ভোগমোকৈক-হেতুং, নিত্যানন্দ-প্রবোধং সকলম্বর-নবৈঃ সেবিতং তত্ত্বসারম্। শ্রীমান্ কালীপ্রসাদো দিজকুলবরজো মুক্তি-কাস্তাভিলাষী, ভক্তিং দুতীং হিতজাং রচয়তি চতুরাং চারুশীলাং মনোজ্ঞাম্॥ ইহাতে শ্রীকৃষ্ণভজনের মাহাত্ম্য প্রতিপাদিত হইয়াছে (শ্রীরাজেক্সলাল থিতের Notices of Skt. Mss. 1651)।

ভক্তিভাবপ্রদীপ—জয়গোপালদাসলিখিত বৈঞ্চব-নিবন্ধ। ভাষা--সংস্কৃত।
(ঢাকা বিশ্ববিভালয়ের পুঁথি ৩০৬৫
—লিপিকাল ১৬৩০ শক)। শ্রীমৎ
অ্সারানন্দ গোপালের জ্যেষ্ঠ পুজ্র
ক্ষাকিন্ধর এই গ্রন্থের অমুবাদ
করেন।

ভক্তিমাধনীকণা— (বন্ধীয় সাহিত্য পরিষৎ পুঁথি ৩৫৬) খণ্ডিত বৈষ্ণব নিবন্ধ। মঙ্গলভিহির কবি নয়নানন্দ ঠাকুর-বিরচিত বলিয়া ভাঃ স্থকুমার সেন তদীয় বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে ৬৩৭ পৃষ্ঠায় লিখিলেও কিন্ত ইহাতে শ্রীরাধারুষ্ণের রহো লীলা বণিত হওয়ায় মঙ্গলভিহির কবি নয়নানন্দের রচনা হইতে পারে না, যেহেতু এই বংশীয়গণ সখ্য-রসেরই উপাসক।

ভক্তিমীমাংসার্ত্তি—গ্রীরখুনাথ-ক্বত ভক্তিস্ত্রবৃত্তি। ১৬৬৫ শাকে লিখিত ৩৭ পত্রাত্মক পুঁথি [পাটবাড়ী পুঁথি র ১৮ ক]। বৃত্তির নাম—'ভক্ত-কণ্ঠাভরণ'। চতুর্থ অধ্যায়ের দ্বিতীয় পাদ পর্যন্ত সমগ্র গ্রন্থের টীকা।

ভক্তিরত্নাকর[>] — জয়গোপালদাস-রচিত সংস্কৃত গ্রন্থ; ১৫৫১ শাকে রচিত; ১৩২ পত্রাত্মক পুঁথি।

ভজির সাকর ^২— গ্রীনরহরি (ঘনশ্রাম)রচিত বিরাট জীবনী-মূলক গ্রন্থ।
শ্রীমন্ মহাপ্রভুর প্রকটকালে যে
সকল ভক্ত আবিভূতি হইরাছিলেন,
তাঁহাদের বুতাস্ত শ্রীচৈতন্তভাগবত,
শ্রীচৈতন্তচরিতামূত বা শ্রীচৈতন্ত-

মঙ্গ লে

অধিকাংশই পাওয়া যায়.

কিন্তু পরবর্তী মহাজনদের (শ্রীনিবাস, নবোত্তম ও শ্রামানক প্রভৃতির) জীবন-বুত্তান্ত তাহাতে নাই; অতএব প্রীগোরাকের প্রকটকালীন ভক্তদের অবশিষ্ট কাতিনী এবং প্রবর্জী কালের আচার্যদের সমাক বিবরণের একটা অভাব তাৎকালীন সমাজে অমুভূত হইত। প্রীল বিশ্বনাথ চক্রবর্তির শিষ্যপুত্র শ্রীমন্নরহরির প্রাণে সেই .বেদনা অমুত্ত হইয়াছিল--কাজেই 'তিনি সবিস্তাবে শ্ৰীনিবাদাচার্য, ঠাকুর মহাশয় ও শ্রীশ্রামানন্দ প্রভুর জীবনী লিখিতে বন্ধপরিকর হইয়া ভক্তিরতাকর, নরোত্তমবিলাস প্রীনিবাসচরিত্র ইত্যাদি লিপিবদ্ধ করিয়া জগতের অশেষ কল্যাণ সাধন করিয়াছেন।

ইহাতে পঞ্চনশ তরঙ্গ (অধ্যায়) আছে, (১) শ্রীরূপ-স্নাতন ও শ্রীজীবপাদের পূর্ব পুরুষ-গণের বিষরণ, গোস্বামিগ্রন্থাবলির তালিকা, শ্রীনিবাসাচার্যের জন্মসূত্র। (২) প্রীচৈতক্তদাসের কথা, আচার্য প্রভুর আবির্ভাব—সরকার ঠাকুরের দর্শনলাভ-শ্রীরূপ এবং শ্রীসনাতনের লপ্রতীর্থ-উদ্ধার ও সেবা-প্রাকটা। (৩-৪) আচার্য প্রভুর শ্রীকেত্র, গৌড় ও শ্রীবৃন্দাবন ভ্রমণ। (৫) শ্রীনিবাস, নরোত্তম পণ্ডিতের ব্রজপরিক্রমা-প্রদঙ্গে রাগ-বাগিনী সম্বন্ধে শান্তীয় বিচার, নায়ক-নায়িকার ভেদ ও প্রেমের লক্ষণ প্রভৃতির স্ক্রামুস্ক্র আলোচনা দারা স্বীয় অগাধ পাণ্ডিত্য. গ্রন্থকার সঙ্গীতবিন্তা-পারদর্শিত্ব ও অসাধারণ কবিত্বশক্তি প্রদর্শন করিয়াছেন।

(৬) খ্রামানন প্রভুর জীবনী, গ্রন্থ লইয়া গোডে যাতা। (৭) বীর-হামীরের গ্রন্থ চুরি ও বৈষ্ণবর্ধর্ম-গ্রহণ, (৮) ঠাকুর মহাশয়ের গৌড় ও উৎকল-ভ্রমণ, আচার্য প্রভুব গার্হস্তা-জীবন ৷ রামচক্র মিলন। আচার্যের বন্দাবনে গমন, গৌডে প্রত্যাগমন, বনবিষ্ণুপুরে অবস্থান, শ্রীথতে ও কাটোয়ায় মহোৎসব ইত্যাদি। (১০) প্রীহরিদাসাচার্যের গোবিন্দ কবিরাজের মহোৎসব. দীক্ষা, খেতরির কাহিনী, ছয়বিগ্রছ-ঠাকুর মহাশয়ের महीर्त्वान अक्टे ७ चश्रक नीनात गमाद्यभा (১১) मा জাহ্বার প্রীবৃন্দাবন্ত্রমণ, একচক্রায় গমন, নিত্যানন্দ-বৃত্তাস্ত, (১২) খ্রী-আচার্য गङ নরোভ্য ও রামচন্দ্রের নবদীপ-পরিক্রমা-প্রসঙ্গে মহাপ্রভুর জনাদি यावजीय नीना वर्गना। (১৩) मा জাহ্নবা-কর্ম্বক খড়দহ হইতে শ্রীবৃশ্বা-বলে এরাধিকা-বিগ্রহ-প্রেরণ, রঘু-নন্দন প্রভুর ডিরোভাব, আচার্য প্রভুর বিতীয়ত: দার-পরিগ্রহ, বীরচন্দ্র প্রভুর বিবাহ ও বুন্দাবনে গমন। (১৪) ব্ৰন্ধ ও গৌডদেশে পত্ৰ বিনিময়, বোরাকুলি গ্রামে মহা-মহোৎসব. (১৫) শ্রীখ্রামানন্দ-কর্ত্ত ক উৎকলে ভক্তি-প্রচার। গ্রন্থায়বাদ। গ্রন্থকারের সংক্ষিপ্ত পরিচয়। ঐতি-হাসিকদের চক্ষতে এই গ্রন্থের মৃল্য यत हरेरा कि कि रेश हरेरा শ্রীবন্দাবন ও গৌডমগুলের স্থিতি-বিষয়ক বিবরণ এবং শ্রুত বিষয়-সমূহের বৃতাস্ত অধিকাংশই গ্রাহা। বহু সংস্কৃত গ্রন্থের শ্লোকাবলি উদ্ধার
ত করিরাছেনই, কিন্তু প্রসঙ্গক্রমে
প্রীচৈতগ্রভাগবত ও চরিতামৃত
প্রভৃতি ভাষাগ্রন্থ হইতে প্রার উদ্ধার
করিয়া ইনি সর্বপ্রথম বন্ধভাষাকে
সম্রীত ও সমুজ্জল আসনে প্রতিষ্ঠিত
করিয়াছেন। [পাটবাড়ী পুঁথি কা
২৪, ১২৬৪ সন]

ভক্তিরসবোধিনী

ভক্তিরস-ক**ল্লোলিনী** — অজ্ঞাত নাম-ধামা কবির রচনা, ভক্তিরসামৃত-সিন্ধুর পয়ারাম্বাদ। শেষের দিকে খণ্ডিত।

ভক্তিরস-ভরক্ষিণী— শ্রীশ্রীমদুগদাধর পণ্ডিত গোস্বামির অহুশিয় শ্রীমন্ ইহাতে পাঁচটি নারায়ণ-ভটুকুত। উল্লাস আছে। প্রথমে সাধনভক্তি, প্রেমভক্তি ও রুসরূপাভক্তি, দ্বিতীয়ে ভক্তিরসের বিভাবাদি, উদ্দীপনাদি, তৃতীয়ে গান্তিক ব্যভিচারী 13 ভাবনিচয়; শাস্ত, প্রীতি, প্রেয়ান্ ও বংশল ভক্তির বিচার; চতুর্থে মধুররস-বিচার-পরিপাট্য এবং পঞ্চমে গৌণভক্তিসপ্তকের বিচার। গ্রন্থকার ভক্তিরশামতের (৪)১৮) শ্লোকটি উদ্ধার করিয়াছেন—এই গ্রন্থ যে শীরপপ্রস্থর আহুগত্যে রচিত. ইহাতে বিন্মাত্রও সন্মেহ কিন্তু শ্রীক্রপপাদের বিচারধারা ও হুদ্মাতিহুদ্ম বিশ্লেষণ-প্রণালী অতুলনীয় ও অনুফুকরণীয় বলিয়াই

ভক্তি**রসবোধিনী**—কবিরাজ মনোহর দাসের শিষ্য শ্রীপ্রিয়াদাসজি-কৃত। ইহা ভক্তমালের টীকা—ভাষা হিন্দী।

ধারণা হয়।

ইহাতে ৬৫০ টি কবিত আছে। নাভাষীক্বত ভক্তমালের উপর এতাদৃশ স্থরদাল, কবিত্বপূর্ণ ও

গারবান্ টীকা আর হয় নাই।
ভক্তিরসমঞ্জরী—(হরিবোলকুটীর ৮
ছ) পঞ্চপত্রাত্মক প্রৃথি, ভৃতীয়
প্রকাশের তৃতীয় অধ্যায়দাত্র আছে।
শ্রুতিগণ দাস ও দাসীর ভাব এবং
ভেদ বর্ণনা করিতেছেন—

দাসান্তদা তৎপদরেগ্বাঞ্চকা,
দান্তোহপি তত্থাধরপানবাঞ্চিকাঃ।
দাস্তন্তদা তন্ম্থচ্ছনম্পূহা দাসান্ত তাবনুথকান্তিবৰ্ণকাঃ॥

তদদসঙ্গে খলু দাসিকা রতা, দাসাস্তদস্পস্ততিকর্ম-সংয়তা:। দাস্থ-স্তথা তদ্রতিকর্মণি স্পৃহা, দাসাস্ত ভচ্চরণে বিলজ্জকা:॥

এই প্রদক্ষে ইতিহাসের অবতারণা---নারদ ও তুত্তুরুর সরস গানে প্রীক্বঞ্চের রসাবেশ ও কান্তার মুখের অদুর্শনে - দ্রবত্ব-প্রাপ্তির কারণ-নির্দেশ-মায়া-স্বন্ধপ-কথন, অপ্রাকৃত বুন্দাবনের গোপী-স্বরূপ-কথন:--'যস্ত নিৰ্ণয়. প্রিয়াশ্চ রঙ্গিণ্যো ভুজিন্মা বান্ধবাঃ क्रियः। भग्नीयाः ज्ञथ्य्यमा जीवनः ধনমেব চ॥ আগনানি চ ভোগদনি কর্মাণি স্থখসম্পদঃ। সূর্বাঃ স্মান-বয়সা বয়স্থা: কেলিলালসা:'॥ ইত্যাদি: তাছাদের—'দ্রাদামেকভাবশ্চ প্রাণা একে মনোরথা:। একো বেশো জানমেকং মনদৈচকং ক্রিয়াগতিঃ॥ একা বৃদ্ধির্মতিঃ শ্রদ্ধা বর্ণমাত্রং পৃথক্ উপসংহারে—অপ্রাকৃত পৃথক'। বুন্দাবনের অপাথিব বৈভবের কথা এবং সেই ধামে গমনকারির পুনরায় সংসার-পাতরাহিত্য বর্ণিত আছে। ভক্তিরসামৃতশেষ—শ্রীজীবগোস্বামি-প্রভু-প্রণীত অলঙ্কারশাস্ত। ভক্তি-

র্যামত-সিদ্ধতে ভক্তগণের কাব্য-রসাস্বাদনোপযোগী কাব্যালকার. গুণ, দোষ বা রীতি প্রভৃতির সমাবেশ না থাকায় শ্রীজীবপ্রভু এই গ্রন্থে <u> শাহিত্যদর্পণোক্ত</u> প্রক্রিয়ামুসারে তাহারই আলোচনা করিয়াছেন। সাহিত্যদর্পণের তৃতীয়, পঞ্চম ও ষষ্ঠ পরিচ্ছেদমাত্র প্রকৃতাত্মপ্রোগী বলিয়া পরিতাক্ত হইয়াছে। অগ্রাগ পরিচ্ছেদের কারিকাদি যথাযথ স্বীকাব করিয়াও উদাহরণগুলি ভক্তিপক্ষে দিয়াছেন। ইহাতে সাতটি প্রকাশ (অধ্যায়) আছে; প্রথম প্রকাশে-কাব্যম্বরূপনিরূপণ, দিতীয়ে—বাক্যস্থরূপ. ততীয়ে — ধ্বনিভেদ, চতুর্থে—শব্দার্থালকার, পঞ্চমে—দোষ, ষষ্ঠে—রীতি এবং সপ্তমে-প্রণ-নির্ণয় হইয়াছে। যুক্তি ও উদাহরণাদি সর্বত্রই বিভ্যমান। ভক্তিরসামতসিদ্ধ—শ্রীমন্ মহাপ্রভুর শিক্ষাপ্রাপ্ত শ্রীপাদ শ্রীরূপ এই গ্রন্থ প্রণয়ন করেন । এই গ্রন্থ সরস ও বিশুদ্ধ ভজনের উপায়-প্রদর্শক, ইংগর মর্মামুসারে জীবনের কার্য নিয়মিত হইলে সাধক আনন্দ-বুন্দাবনের মধুম্য রাজ্যে প্রবেশ করিতে পারেন। ইহাতে ভক্তিরূপা উচ্চত্যা চিদ্রুতির নিপুণতার ধৰ্ম-কৰ্মাদি বিশেষ সহিত অঙ্কিত হইয়াছে। ভক্তি-় ক্লপা চিদ্রুতির উদ্ভব, ক্রমবিকাশ ও চরম পরিণতির এমন সর্বাঙ্গস্থলার বিরলপ্রচার। বিষয় ইতিহাস

বিভাগের নৈপুণ্য, সর্স কবিত্ব, স্থন্ম

দার্শনিকত্ব, শ্রেষ্ঠতম সাধনভজনের

উপায়-প্রদর্শকস্থাদি একাধারে দেখিতে ইচ্ছা হইলে এই গ্রন্থায়- শীলনই অবশু কর্ত্তব্য। বাঁহারা বৈষ্ণবীয় ভজনের বিশুদ্ধ প্রণালী জানিতে সমুৎস্থক, তাঁহাদের পক্ষেও এই গ্রন্থ অবশু পাঠ্য।

ভক্তিরসামতসিক্ষ

গোডীয়-বৈষ্ণব সাধন যে অতীব পবিত্রতার હ **স্থুদৃ**ত্য ভিত্তিতে স্বপ্রতিষ্ঠিত, এই গ্রন্থপাঠে তাহাই বিনিশ্চিত হইবে। সাধনার প্রথমে কিপ্রকারে অসংযত টিত্ত-বুত্তিগুলিকে সংযত করিয়া বৈধী প্রীভগবচ্চরপে সাহাযো সমারুষ্ট করিতে হয়, বৈধীর ত্মবিধানে কিপ্রকারে চিত্ত ত্মনির্মল হইয়া শ্রীভগবানে রতির উদর্য় হয় এবং দেই রতিই বা কিপ্রকারে রাগামুগায় পরিণত হইয়া সংসার-ত্মথে বিত্ঞা জনাইয়া শ্ৰীকৃষ্ণ-ভজনকেই একমাত্র স্থকররূপে প্রতিভাত করায়—এই গ্রন্থরত্বে তাহারই বিবৃতি দেওয়া হইয়াছে। রাগানুগা ভক্তি কিপ্রকারে ভাব-ভক্ত্যাদিতে সঞ্চারিত হয়, কিপ্রকারে সাধক ব্রজভাব-লাভের অধিকার হয়: ভাব, অমুভাব. বিভাবাদির স্বরূপ এই সকল বিষয় সাহিত্যিক রসশাস্ত্রে দৃষ্ট হইলেও কিপ্রকারে আমরা স্বয়ং অধিল-রুগামুতমৃত্তি গ্রীভগবানের ভজন-পথে এই সকল রসশাস্ত্রের বিষয় লইয়া অগ্রসর হইতে পারি. আনন্দলীলাময় বিগ্রহের স্বরূপ. গুণাদি বহু বহু বিষয় আমরা এই গ্রন্থে জানিতে পারি। এক কথায় ইহাকে শ্রীগোড়ীয়রসসাহিত্যকল্পতরুর সর্বোৎকৃষ্ট 'গলিত ফল' ও ভক্তি-রসের বিজ্ঞানশাস্ত্র বলা যায়।

শ্রীকৃষ্ণভক্ত ও ভক্তিরগ্-সম্বন্ধি এই বিরাট গ্রন্থে পূর্ব, দক্ষিণ, পশ্চিম ও উত্তর—এই চারিটী বিভাগ আছে। 'স্থায়িভাবোৎপাদন' - নামক পূৰ্ব-বিভাগে সামান্ত, সাধন, ভাব ও প্রেমভক্তি-বিভেদে চারিটী লহরী বর্তমান। 'ভজিরস্সামান্ত-নিরূপণ'-নামক দক্ষিণ বিভাগে অনুভাব, পাত্তিক, ব্যভিচারী ও স্থায়িভাব ভেদে পাঁচ লহরী। 'মুখ্য-ভক্তিরস-নিরূপণ' - নামক পশ্চিম বিভাগে শাস্ত, প্রীতভক্তির্গ বা দাস্থ্য, প্রেয়োভক্তিরস বা বাৎসন্যু-ভক্তির্য ও মধুরভক্তির্য— এই পাঁচ লহরী এবং 'গৌণভজ্জি-রসাদি-নিরূপণ'-নামক উত্তর বিভাগে ক্রমশঃ হাস্ত, অভত, বীর, করুণ, রৌন্ত, ভয়ানক ও বীভংগ ভক্তিরস, মৈত্রবৈবন্ধিতি এবং রুসাভাস---এই নয়টি লহরী বর্তুমান আছে।

এই গ্রন্থে মোট ২১৪১ শ্লোক আছে. ইহা ১৪৬৩ শকাব্দায় রচিত। এই গ্রন্থের তিনটী টীকা আছে (১) শ্ৰীপাদ শ্ৰীজীবক্বতা 'তুৰ্গমসঙ্গমনী', (২) শ্রীমন্ মুকুন্দদাস গোস্বামিকভা 'অর্থরতাল্লদীপিকা' এবং (৩) শ্রীল বিশ্বনাথচক্রবতিকতা 'ভক্তিসার-প্রদর্শিনী'।

পূর্বেই বলা হইয়াছে যে প্রাচীন ভাগবত এবং পাঞ্চরাত্র মতের ভক্তি-গোডীয়সিদ্ধান্ত সিদ্ধান্তমধ্যে যেন নিহিত আছে। বীজরূপে লক্ষণ—গোডীয় ভক্তি-ভক্তির দিদ্ধান্তাচার্য শ্রীপাদ শ্রীরূপ গোস্বামী ভক্তিরসামৃতে বলিয়াছেন—'অগ্রাভি-লাষিতাশূভাং জ্ঞানকর্মাখনাবৃত্ম। আমুকুল্যেন ক্লফামুশীলনং ভক্তি-ইহার প্রমাণ-স্বরূপে রুত্যা'∥ পাঞ্চরাত্রশ্লোক--'সর্বোপাধিবিনিমুক্তিং তৎপরত্তেন निर्मलः। <u>ক্ষ</u>ীকেণ হুষীকেশ্**সে**বনং ভক্তিকচাতে' ॥ তৎপরে ভাগবতের (৩)২৯।১৩— ১৪) শ্লোক উদ্ধৃত হইয়াছে—

অহৈতুকাব্যবহিতা যা ভক্তি: পুরুষোত্তমে। সালোক্যসাষ্টি সারূপ্য-সামীপ্যৈক্যমপ্যত। **मीय्रमानः** গুহুন্তি বিনা মৎদেবনং জনাঃ। স ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাসত: ॥ ইত্যাদি

প্রেমের লক্ষণ ভক্তিরসামূতে— (১।৪।১) 'সমাঙ্মম্পণিতস্বাস্থো মমতাতিশয়ান্ধিত:। ভাব: স এব সাক্রাত্মা বুধৈ: প্রেমা নিগন্ততে ॥' প্রমাণ-স্বরূপে নারদপঞ্চরাত্র— 'অন্যামতা বিষ্ণৌ মমতা প্রেম-**শঙ্গতা** ভিন্তিরভাচাতে ভীম্ম-श्रञ्जारमाञ्चर-भावरेमः ॥'

গোডীয় লক্ষণই শ্রেষ্ঠ— শ্রীরূপের ভক্তি-লক্ষণ যে সর্বদোষ-বিবজিত ও সর্বোৎক্লষ্ট, প্রণিধান করিলে তাহাও সহজে বুঝা যায়। তাগবত, পাঞ্চরাত্র হইতে আরম্ভ নারদীয়ভক্তিস্তত্ত করিয়া এবং শাণ্ডিল্যস্ত্র পর্যস্ত যদি তুলনা করা যায়, তবে অবগ্ৰই দেখা যাইবে যে শ্রীরূপের লক্ষণই অপেক্ষাকুত উত্তম। নারদীয়ভক্তিস্থত্তের ভক্তিলক্ষণ— 'না কলৈচিৎ প্রমপ্রেমরূপা।' 'না তু কর্মজ্ঞানযোগেভ্যোহপ্যধিকতরা।' [৪র্থ-অমু] শাণ্ডিল্যস্ত্তে-—'গা

পরামুরক্তিরীশ্বরে।' তুলনা করিলে

দেখা যায় যে শ্রীরূপের 'ক্লফ' শব্দ —পাঞ্চরাত্রের 'হৃষীকেশ' শব্দ এবং ভাগবতের 'পুরুষোত্তন' শব্দ হইতেও উত্তম ভাবের ব্যঞ্জক। প্রেমলক্ষণে তাঁহার 'স্যাক মস্পিত' 'অতিশয়ান্ধিত' শব্দপ্র পাঞ্চরাত্তের 'অনভ্যমতা' এবং 'স্পতা ম্মতা' শব্দয় হইতে অপেকাকৃত হৃদয়-নারদস্থতের 'কল্মৈ' শব্দ এবং শাণ্ডিলাস্তত্তের 'ঈশ্বর' শব্দ হইতেও শ্রীগোসামিপ্রভুর 'রুষ্ণ' শব্দ অপেক্ষাকৃত স্পষ্টরস-ব্যঞ্জক। পুনরায় ভক্তিসক্ষণে পাঞ্চরাত্রের 'সেবন' শব্দে কেবল সেবার কথা আছে. কিন্তু শ্রীরূপ সেই স্থলে 'আমুকুল্য' শব্দ যোগ করিয়া লক্ষণটিকে আরও উত্তম করিয়াছেন। এইরূপে যত নিম্পেষণ করা যাইবে. তত্ই শ্রীগোস্বামিপাদের লক্ষণে মাধুর্ঘাধিক্য অমুভূত হইবে।

গোড়ীয় সিদ্ধান্তের উৎকর্ষ ও সর্বাবগাহী ভাব---রামামুজাচার্য 'বেদার্থসার-সংগ্রহে' মোক্ষোপায়ের সম্বন্ধে বিষ্ণুপুরাণের বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান। বিষ্ণুরারাধ্যতে নাক্ততে তোষকারণম্॥' বলিয়াছেন, কিন্তু শ্রীচৈতক্তচরিতামত মধ্য অষ্টম পরিচেছদে শ্রীমন্ মহাপ্রভু ইহাকে 'বাহু' বলিয়াছেন—গৌড়ীয় ভক্তির তুলনায় মোকোপায়কপে রামান্তজের অমুমোদিত ভক্তি-নিভান্ত বাহিরের কথা বা সর্বপ্রথম সোপান।'* 'গৌড়ীয়মতে ভক্তির বিশেষ

^{*} আচার্য শবর ও রামামুজ (৮৯৩-৮৯৭ পুঃ)

369r

কিনা, ভাষা বুঝা যায় না।' †

শান্তাদি পঞ্চ প্রকার ভক্তির বিশেষ লক্ষণ ও অবাস্তর বিভাগপ্রভৃতির জন্ত শ্রীগোম্বামিপাদগণ অলঙ্কার শাস্ত্রের সহায়তা গ্রহণ করিয়াছেন। তাঁহারা অলঙ্কার শাস্ত্রের সাহায্যে এই বিষয়টিকে এমন বিশদ করিয়া তুলিয়াছেন যে ইহার সম্বন্ধে আর অবশিষ্ট কিছুই নাই। এক কথায় তাঁহারা ভক্তি-সম্বন্ধীয় কোন বিষয়েরই কোন ক্রটি রাখেন নাই—এ বিষয়ে তাঁহাদের প্রতিভা দেখিলে পদে পদে বিশ্বিত হইতে হয়।'‡

বাঙ্গালীর ভক্তিভাব সম্বন্ধে হিন্দী ভক্তমাল—যো ভাব ওর প্রেম উস্ দেশ্কে রহনেবালোঁকা শ্রীবৃন্দাবনমে দেখা, লিখা নহী যা শক্তা। অব্ভী বৃন্দাবনমে আধে বেহী লোক হৈঁ। ভগবৎ-ভল্পন ওর কীর্ত্তনমে রহতে হৈঁ॥

গ্রন্থ-বিশ্লেষণ—[শ্রীশ্রীভক্তিসন্দর্ভ-

শীর্ষক অমুচ্ছেদে অভিধেয়ভক্তি-यत्थ्रहे সম্বন্ধে আলোচনা হইবে বলিয়া আমরা এস্থলে কেবল বিষয়-বিভাগ দেখাইব : বিচারাদি প্রায় একরূপই বলিয়া পরিতাক্ত হইল। অথিলরসামৃতসিক্স শ্রীকৃষ্ণকে কেন্দ্র করিয়াই ভক্তিরসামৃতসিদ্ধ রচিত হইয়াছে। **প্রিক্র**ফের স্বাংশভেদসমূহেও নিখিল অপ্রাক্বত

রসের একত্র সমাবেশ হয় না, স্থতরাং শ্রীরুষ্ণই পরতত্ত্ব এবং শ্রীরাধিকাই পরদেবতা: শ্রীচৈতগ্রদেবই গ্রন্থরচনায় প্রয়োত্তক কর্তা। অধিকারী— মুক্তি-ম্পৃহাবজিত কর্মজ্ঞানবিচারশৃত্ ভক্তগণই এ গ্রন্থ পাঠের অধিকারী। পূৰ্ববিভাগ—(প্ৰথম লহরী) অক্তাভিলাষিতাশৃন্ত, জ্ঞানকর্ম-যোগাদির অনাযুত, ভারা শ্ৰীক্ষ**ামুশী**লনই অমুকুলতাময় উত্তমা ভক্তি। ভক্তি দ্বিবিধা— শুদা ও অশুদা। উত্তমা ভক্তিই শুদ্ধা, অশুদ্ধা---অগ্রাভিলাব-যুক্তা, কর্মমশ্রা. জ্ঞানমিশ্রা ও যোগ-তপ্রভাদিমিশ্রা। শুদ্ধা ভক্তি ত্রিবিধা, (১) সাধনভক্তি, (২) ভাব-ভক্তিও (৩) প্রেমভক্তি। সাধন-ভক্তির উদগমে ইহা ক্লেশন্নী ও শুভদা, ভাবভক্তির উদয়ে মোক্ষ-লঘুতাক্বং ও অন্বৰ্জ্নভা এবং প্ৰেম-ভক্তির উদয়ে সাক্রানন্দবিশেষাত্মা ও শ্রীকৃষ্ণাকর্ষিণী। (দিতীয় লহরী) **নিত্য**সিদ্ধ কুষ্ণপ্রেম হইলেও শ্রবণাদি-ইন্দ্রিয়জ ব্যাপারদারা উহার আবির্ভাব হয় বলিয়া প্রথমাবস্থাকে সাধন ভক্তি বলা হয়। ইহা

विविधा-(>) देवशी ७ (२) जागा-ত্মগা। অধিকারী-অমুসারে বৈধী সাধনভক্তিও তিনপ্রকার-(ক) উত্তম, (খ) মধ্যম ও (গ) কনিষ্ঠ। এই সাধনভক্তির ৬৪ অঙ্গ। অব্যন-ভাবে ১০—(১) গ্রীগুরুপাদাশ্রয়, (২) শ্রীরফদীক্ষাশিক্ষা, (৩) বিশ্বাস-সহকারে প্রীগুরুসেবা, (৪) সাধু-মার্গামুগমন. (৫) সন্ধর্ম-জিজ্ঞাসা. (৬) কৃষ্ণপ্রীতিতে ভোগাদিত্যাগ, (৭) ভক্তিতীর্থে বাদ, (৮) যাবৎ-নির্বাহ প্রতিগ্রহ, (৯) হরিবাসর-সন্মান এবং (১০) ধাত্রী-অশ্বর্থ-গো-বিপ্রপ্রভৃতির স্থানদান ৷ ব্যতিরেকভাবে ১০—(১) বহিমুখ-সঙ্গত্যাগ, (২) অন্ধিকারী-শিষ্য-করণ-ত্যাগ, (৩) ভক্তিগ্রন্থব্যতীত অক্ত বহুশাস্তাভ্যাস-বর্জন, বহ্বাভম্বর-ত্যাগ, (৫) ব্যবহারে অকার্পণ্য, (৬) শোকাদির অবশী-ভূততা, (৭) অন্তদেবাদির নিন্দা-পরিহার, (৮) অক্তজীবের উদ্বেগ না দেওয়া. (১) সেবা ও নামাপরাধ-বর্জন এবং (১০) রুষ্ণ ও ভক্তগণের नियाविष्वधानि अवन ना कता। বৈষ্ণব-চিহ্নধারণাদি ভগবদ্ধায়ে বাসাস্ত ৪৪টি অঙ্গের মধ্যে সর্বশ্রেষ্ঠ পাঁচটি—সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত-শ্রবণ, মথুরাবাস ও শ্রদ্ধায় শ্রীবিগ্রহ-সেবা। [এই ৪৪ অঙ্গের বিবৃতি বহু বৈষ্ণবৃত্ৰন্থে আছে বলিয়া এন্থলে निथिত हरेन ना]। देवताना पूरे প্রকার-যুক্ত ও ফব্তু। একাঙ্গা ও অনেকাঙ্গা হিসাবে ভক্তির হুই ভাবে অমুষ্ঠানপ্রথা আছে। সাধনভক্তির অঙ্গসমূহ ৬৪ ভাগে বিভক্ত হইলেও

[†] আতার্ব শঙ্কর ও রামানুজ—(৮১৮ পৃ:) ‡ ঐ (১০৩-পৃ)

ভক্তিরসামৃতসিন্ধ

ভক্তিরসামৃতসিন্ধ স্থ্যাপতঃ নয়টি বিভাগ—(১) প্রাবণ— : পরীক্ষিতে,—(২) কীর্ত্তন—শুকদেবে, **(**७) স্মরণ-প্রহলাদে. (8) পাদদেবন---লন্ধীতে, (৫) অচন---পৃথুতে, (৬) বন্দ্ন—অকুরে, (৭) দাস্তা— হন্মানে, (৮) সখ্য---অর্জ্জুনে এবং (৯) আত্ম-নিবেদন-বলিতে দৃষ্ট। অনেকাঙ্গা ভক্তির যাজন—প্রীভরতে লক্ষিত। সেবা-পরাধ—আগমশাস্ত্রমতে ৩২, আবার বরাহপুরাণাদিমতে—৪০। শিবকে বৈষ্ণবোভ্য

পরাধ—দশ (১) সাধুনিন্দা, (২) না জানিয়া স্বতন্ত্র দেবতাবৃদ্ধি, (৩) প্রীগুরুতে প্রাকৃত মর্ত্তাবৃদ্ধি. (৪) শ্রুতিশাস্ত্র-নিন্দা, (৫) নামমাহাত্ম্যে অর্থবাদ-কল্লনা, (৬) নামে কল্লিভছ-বুদ্ধি, (१) नायवरन পाপে প্রবৃত্তি, (৮) ধর্মত্রতাদির সহিত নামের সাম্যমনন (৯) অশ্রদ্ধালু, বিমুখকে নামোপদেশ এবং (১০) নাম্মাহাত্মা জানিয়াও তাহাতে অমুরাগাভাব। রাগান্মিক। সাধ্যভক্তি কামরূপা ও সম্বন্ধরূপা-ভেদে দ্বিবিধা। কামরূপা—ব্রজ-দেবীগণে, কামপ্রায়া কিন্তু কুজাতে। সম্বন্ধরপা— - প্রীনন্দযশোদাদিতে। রাগান্তগা গাধনভক্তিও <u>স্থতরাং</u> কামানুগা ও সম্বনাগ্ৰ্গা-ভেদে দ্বিবিধা | কামাত্রগা দ্বিবিধা---সভোগেচ্ছাময়ীও তদ্ভাবেচ্ছাময়ী। সম্বন্ধান্তুগা—দাস্ত, স্থ্য, বাৎসল্য ও মধুরভেদে চতুবিধা। (তৃতীয় লহরীতে)—ভাবভক্তি তিনপ্রকারে আবিভূতি হয়—(১) সাধনাভি-

নিবেশজ, (২) শ্রীকৃষ্ণ-প্রসাদজ ও

শ্ৰীশ্ৰীগৌডীয়-বৈষ্ণব-অভিধান (৩ খ) (৩) ভক্তপ্রসাদজ। প্রথমটিতে বৈধ ও রাগান্থগ ছই ভেদ। দ্বিতীয়টি তিন প্রকারে হয়—বাচিক, দর্শনজ ও ভাবোদয়ের লক্ষণ—(১) হার্দ। (২) অব্যর্থকালত্ব (৩) ক্ষান্তি. (8) মানশৃহ্যতা, বিরক্তি. (0) (৬) সমুৎকণ্ঠা, আশাবন্ধ, (9) নামগানে সদাক্ষ্চি (৮) কুষ্ণগুণ-বৰ্ণনে আসন্তিন ও (১) ক্বফতীর্থে প্রীতি। ভোগেছা বা মোক্ষেচ্চা থাকিলে বাহ্যিক ভাবের আকৃতি-প্রদর্শনেও প্রকৃত রতি হয় না, উহাকে রত্যাভাস বলে। উহা প্রতিবিশ্ব **फ्र**इ <u>ছায়াভেদে</u> (চতুর্থ লহরীতে)——প্রেমভক্তি দিবিধ—ভাবোত্থ ও শ্রীক্ষের অতি-প্রসাদোখ। প্রথমটির ছুই ভেদ— বৈধ ও রাগামুগা এবং দিতীয়টিও মাহাত্ম্যজ্ঞানযুক্ত ও কেবল মাধুর্ঘময়-হিসাবে দুই প্রকার। প্রেমোদয়ের প্রায়িক ক্রম—(১) শ্ৰন্ধা. (२) গাধুসঙ্গ, (৩) ভজন-ক্রিয়া, (8) অনর্থনিবৃত্তি, (৫) নিষ্ঠা, (৬) রুচি, (৭) আসন্তি, (৮) ভাব ও (৯)

প্রেম। দক্ষিণবিভাগ (প্রথম লহরীতে) বিভাব প্রথমতঃ আলম্বন ও উদ্দীপন-দ্বিবিধ, আলম্বন-বিষয় (প্রীকৃষ্ণ) ও আশ্রয় (কৃষ্ণভক্ত), গুণ-বৈশিষ্ট্য---(১) ঐীকুফের

সুর্ম্যান্ত, (২) সর্বস্থলকণ্যুক্ত, (৩) ক্ষচির, (৪) মহাতেজা, (৬) বলীয়ান্ (৭) বিবিধ (৬) কিশোরবয়স্ক. অভুতভাষাবিৎ, (৮) সত্যবাক্য, ত্মপণ্ডিত, (১২) বৃদ্ধিমান, (>0) প্রতিভাযুক্ত, (১৪) বিদগ্ধ (50) চতুর, (১৬) দক্ষ, (১৭) স্থতজ্ঞ, (১৮) স্থূদ্রত, (১৯) দেশ-কাল-ত্মপাত্রজ্ঞ, (২০) শাস্ত্রচক্ষু, (২১) শুচি, (২২) বশী, (২৩) স্থির, (২৪) দান্ত, (২৫) ক্ষমাশীল. (২৬) গম্ভীর, (২৭) ধুতিয়ান, (২৮) সমদর্শন, (২৯) বদান্ত, (৩০) ধান্মিক, (৩১) শুর, (৩২) করুণ, (৩৩) মানদ, (৩৪) সর্ল, (৩৫) বিনয়ী, (৩৬) সজাযুক্ত, (৩৭) শরণাগতপালক, (৩৮) সুখী, (৩৯) ভব্ৰুস্থ্ৰং, (৪০) প্রেমবশু, (৪১) সর্বশুভন্ধর, (৪২), প্রতাপী, (১৩) কীর্ত্তিমান্, (৪৪) অন্তুরাগভাজন, (84) সাধুপক্ষাশ্রিত, (৪৬) নারীপণ-মনোহারী, (৪৭) স্বারাধ্য, (৪৮) সমৃদ্ধিমান, (৪৯) বরীয়ান ও (৫০) ঐশ্বর্যশালী। এই পঞ্চাশটি জীবে বিন্দুবিন্দুরূপে থাকিলেও কিন্তু শ্রীকৃষ্ণে পরিপূর্ণরূপেই আছে; অক্ত পাঁচটি গুণ শিবাদি দেবতায় অংশতঃ থাকিলেও শ্রীক্বফে পূর্ণভাবেই বিরাজমান—(১) সদা সংপ্রাপ্ত, (২) দর্বজ্ঞ, (৩) নিত্য-নৃতন, (৪) সচিচদানন্দ-স্বরূপ ও (৫) সর্বসিদ্ধিনিষেবিত। নারায়ণাদি স্বরূপেই কেবল বর্ত্তমান পাঁচটি গুণ —(>) অবিচিন্ত্যমহাশক্তি, (২)

কোটিব্রহ্মাণ্ড-বিগ্রাহ, (৩) অবতারা-(8) হত শত্রু দের वनी वीख. এবং (৫) আত্মারাম-গতিদায়ক গণাক্ষী। এতদতিরিক্ত চারিটী গুণ (৯) প্রিয়ম্বদ, (১০) বাবদূক, (১১) স্বৰূপেই নাই— কোনও

১৬৮০ ভক্তিরসামূতসিন্ধ (>) সর্বলোক-চমৎকারকারী লীলা-কলোল-সমুদ্র, (২) অতৃলনীয় শঙ্গার-প্রেমের শোভাবিশিষ্ট-প্রেষ্ঠগণ-যুক্ত, (৩) ত্রিজগতের মনোমোহিনী মুরলী-গীতকারী ও (৪) অসমোধ্ব-क्राप्र-माधुर्यभानी। আশ্রয়াবলম্বন প্রীরাধার ২৫ গুণ—ডিচ্ছলে ৪।১১ -->৮ শ্লোকে বণিত হইলেও এম্বলে স্থচিত হইতেছে] (১) মধুরা (২) নববয়া: (৩) চঞ্চলকটাক্ষা, (৪) উচ্চল শ্বিত যুক্তা, (৫) সৌভাগ্যৱেখাটা (৬) সৌগন্ধে क्रस्थामा पिनी. (१) मश्री ७-প্রান্তজ্ঞা, (৮) রম্যবাক (১) নর্মপণ্ডিতা, (১০) বিনীতা (১১) कक्रगाभूगी, (১২) विनधा, (১৩) পাটবান্বিতা. (১৪) লজ্জাশীলা. (> १) श्चर्यामा, (> ७) देश्य-भानिनी, (>१) शाखीर्ययुक्ता (>৮) অবিলাসময়ী. (১৯) মহাভাব-পরমোৎকর্ষত্যিণী, (২) গোকুল-প্রেমরস্তি, (২১) নিথিল জগতে উদ্দীপ্রযশোমণ্ডিতা, (२२) গুরুগণের পরম মেহপাত্রী. (২৩) গ্রী-थ्रगश्राधीना, (२८) क्रम्छ श्रिशाननी-মুখ্যা, (২৫) সন্ততাশ্রব-কেশবা। গুণ-প্রকটনের তারতম্যে শ্রীহরিও (১) পূর্ণ, (২) পূর্ণতর ও (৩) পূৰ্ণতম ত্ৰিবিধ আখ্যাপ্ৰাপ্ত হন। नीनाट्डप ভिनि (>) शीरतामाख,

(२) शैतननिष्ठ. (७) शैतभान्छ छ

(8) ধীরোদ্ধত-এই চতুর্ভেদবিশিষ্ট

হন। শ্রীহরিতে সত্তভেদ অষ্টগুণ-

(১) শোভা, (২) বিলাস, (৩)

भाधुर्य, (8) भाकाना, (e) टेक्टर्स,

(৬) তেজঃ, (৭) ললিত ও (৮)

ওদার্য। সহায-মধ্যে ক্লফভক্ত দ্বিবিধ — শাধক ও সিদ্ধ। সিদ্ধগণের তুই ভেদ—(১) সম্প্রাপ্তসিদ্ধ ও (২) নিত্য-সিদ্ধ। প্রথমটি আবাব--সাধনসিদ্ধ ও কুপাসিদ্ধ-ভেদে দুই প্রকার। উদ্দীপন-ত্তণ, চেষ্টা ও প্রসাধন-ভেদে ত্রিবিধ। গুণও ত্রিবিধ— কায়িক, বাচিক ও মানসিক। চেষ্টা -- त्रामानि नीना ७ ष्यप्यत्रवशानि। প্রসাধন-বসন, আকর ও মণ্ডনাদি। (দ্বিতীয় লহরীতে) অমুভাব— চিত্তস্থ ভাবের অববোধক বাহ্যিক ক্রিয়াবিশেষ। নৃত্য, বিলুপ্তন, গীত, কোশন, গাত্রমোটন, হঙ্কার, জ্ঞা, मीर्घनिः**খा**ग, नानाखान, पहेराच ঘুর্ণা, হিক্কা প্রভৃতি। রক্তোদ্গম অতি বিরল। (তৃতীয়)—গাহিক ভাবাবলী—(১) স্লিগ্ধা, (২) দিগ্ধা ও (৩) রুক্ষা। (১) স্তম্ভ, (২) স্থেদ (৩) রোমাঞ্চ, (৪) স্বরভেদ, (৫) বেপথু, (৬) বৈবর্ণ্য, (৭) অশ্রু ও (b) প্রলয়ভেদে **অষ্ট** সাত্তিক। সম্বাদক এই ভাবাবলি তারতমো ধুমায়িত, জলিত, দীপ্ত **এবং উদ্দীপ্ত হয়।** মহাভাবে উদ্দীপ্ত সাত্তিকই হদ্দীপ্ত হয়। সান্ত্রিকাভাস—(১) রত্যাভাসভব, (২) স্ব্রাভাসজ, (৩) নিঃস্ত্র ও (৪) প্রতীপ। (চতুর্থ)—ব্যভিচারী —(>) নির্বেদ, (২) বিষাদ, (৩) দৈল, (৪) প্লানি, (৫) শ্রম, (৬) মদ. (৭) গর্ব, (৮) শঙ্কা, ত্রাস, (১০) আবেগ, (১১) উন্মাদ, (১২) অপস্থৃতি, (১৩) ব্যাধি, (১৪) মোহ, (১৫) মৃত্যু, (১৬) আলহু, (১৭) জড়তা, (১৮) ব্রীড়া, (১৯)

অবহিখা, (২০) শুতি, (২১) বিতৰ্ক, (২২) চিস্তা, (২৩) নতি, (২৪) ধ্বৃতি, (২৫) হর্ব, (২৬) ঔৎস্থক্য, (২৭) ওগ্রা, (২৮) অমর্য, (২৯) অস্থা, (৩০) চাপল্য, (৩১) নিদ্রা, (৩২) স্থপ্তি, (৩৩) বোধ। ভাবাবলীর ৪ দশা (১) ভাবসন্ধি, (২) ভাবশাবলা, (৩) ভাবশান্তি ও (৪) ভাবোৎপত্তি। (পঞ্চম)—স্থায়িভাব—রসমুখ্য ও গৌণ ভেদে দ্বিবিধ—মুখ্য পঞ্চপ্রকার —(১) শান্ত, (২) দাস্ত, (৩) স্থ্য, (8) বাৎসল্য ও (৫) মধুর। গৌণ স্থ প্রকার—(১) হাস্ত, (২) অম্ভূত (৩) বীর, (৪) করুণ, (৫) রৌম্র, (৬) ভয়ানক ও (१) বীভংগ। বিভাব. অমুভাব, সাত্তিক ও ব্যভিচারী ভাব-কদম্ব থথায়থ মিশ্রিত হইয়ার্স হয় . পশ্চিম বিভাগে—প্রথম হইতে

পঞ্চম লহরী পর্যন্ত শান্তাদি মুখ্য পঞ্চ রসের বিবরণ দেওয়া হইয়াছে। এই বিভাগের সন্নিবেশ-প্রণালী প্রায়ই সমান বলিয়া চিত্রে (১৬৮১ পৃষ্ঠায়) তাহা নিবদ্ধ হইতেছে।

উত্তর বিভাগে-প্রথম হইতে সপ্রম লহরী পর্যন্ত ক্রমশ: হাস্তু, অভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস প্রভৃতি গৌণ সপ্ত রসের বিচার-বিশ্লেষণাদি অষ্ঠ প্রদর্শিত হইয়াছে। অষ্ট্রম লহরীতে রসসমূহের মৈত্রী, বৈর ও স্থিতি-বিষয়ক বিচার করা হইয়াছে। তাহা (১৬৮২ পৃষ্ঠায়) প্রদশিত হইতেছে।

রসমিশ্রণ-শ্রীবলদেবাদির সখ্য. বাংসলা ও দাভা তিন্টি মিশ্রিত: যুধিষ্ঠিরের বাৎস্ল্য ও স্থ্য, ভীমের সধ্য ও বাৎস্ল্য, অর্জুনের সংযু ও

सम् हांख हांख	ঙ্গামিভাব শান্তি শ্রীক্ষ	প্রীক্ষপ্রভাগ চ বুদ্ধি চ	বিষয়ালম্বন আশ্ৰয়া চহুত্ত্ৰি আগ্ৰাৱ নাৱায়ণামূতি তাপস	আশ্রাল্যন আগ্রারাম জাপ্রাস	উদীপন উপনিহংশবণ, নিৰ্জনস্থানে বাস, বিষয়-ক্ষয়কামনা বিষয়পদৰ্শনে আদর, গুনাম্শ-ভক্তগাণের সঙ্গ	অফ্লাৰ নাসাগ্ৰদৃষ্টি, অবস্ত-চেষ্টা, নিরপেক্জা, নিস্মতা, মৌন, নিরহহ্বার, হেফ- রাহিতা, জুজা ও	সাদ্বিকবিকার প্রলয় (ভূপতন) ব্যতীত স্তম্ভাদি	সঞ্গরিভাব মন্তব্য নির্বেদ, ধুভি, শাস্তরভি সমা ও সান্দ্রা- হর্ধ, মভি, ভেদে ফুই প্রকার, প্রথমটী স্থুভি, বিবাদ, অসংপ্রজ্ঞাত সমাধিতে ঔৎস্লকা, আবেগ, এবং হিতীয়টি নিবিকল্প	ও সান্দ্রা- 1, প্রথমটী সুষাধিতে ট নিবিকল্প
দাস্ত বা দাস্ত প্রীত (১) সম্ভ্রমগ্রীত	প্ত মুখ্য <u>গ্র</u> িত	ত্ত্ব	্গাকুলে দিভ্জক্ষষ অভাত ক্থনও দিভ্জ	 (১) অধিকত বিশ্বাদি (২) আশ্রিত কালিয়াদি (৩) পর্ষদ উদ্ধবাদি 	ইত্যাদি মুরলীধনে, শৃঙ্গধনি, সহান্তাবলোকন গুণশ্ৰবণাদি	बकरमांडेनांकि निर्किष्ट प्रकारकत्रन, व्याखा- खखामि च्यष्ट भानन, कुख-थान छत्नत थांडि देगबी, मृष्णामि डेढाप्त्र, प्रश्त वर्तित्र थांडि घानत्र, घश्य वित्रांत	उद्धा पि वाहे	বিতর্কাদি হর্, গর্ব, ধুভি, বিংলা, জরণাগত, জ্ঞানিচর, ও দৈশু, চিস্তা স্বানিষ্ঠ-ভেদে ত্রিবিং। প্রভৃতি স্রস্থিত শ্বন্দ্র, মণ্ডল, জন্মদি এবং ব্রজ্ঞিত——	সমাধিতে ত দাস— নিচর, ও ন জিবিধ। ত দাস— , মণ্ডল,
7	بر ال ال		599 6	(৪) অমুগত		J	(46	রক্তক পত্রকাদি
(২) গোরবপ্রাভি গোরবপ্রাভি সেবা	ত জাত জাত জাত		महा ७३%, महा की छि, महा दक्षि, सहा दल ७ दक्ष क		শ্রেক্টকের বাৎসুল্য ও ঈ্বৎহাজাদি	नीर्रामत स्थित्वभन, दब्छार्राज-जाभ, अभाम, दमेनवाङ्गा, मत्कार, निष्ठ थानवात्मु बाद्यानानन, ष्यास्वित्नज्ञ, श्वित्रज्ञा, काम-	No.	15	দ্ভতি এবং ছুসি,
স্থ্য রস্ বা সম্ভাশ্ প্রেয়োভজিরস বিল্ড- রতি	শথ্য রস্বা সন্ত্রমশ্র সন্ত্রম- প্রয়োভজিরস্বিল্ড-রাহিৎ রতি	সন্ধ্য- নাহিত্য	किछ्छ अध्य जी क्य न न न न न न न न न न	(১) প্রস্থ অর্জুনাদি (২) বহাহ্	1€	বাহুযুদ্ধ, কম্কজীড়া, দূাতজীড়া, আসন, দোলা, জলকেলি, বানরাদি সহ খেলা নূত্যগীতাদি	জ্জোদি অষ্ট্র দাস্ত হুইতে মাধিক ভর ফুরিত	माश्च ह्हेट (১) बक्नवांभवं, शुरुष— व्यक्षिक छत्र वन छ्यापि; मथा— तम्बद्धार्थापि, व्यिशमथा— श्चितामापि, व्यिशमर्था— खेष्क्रमापि, व्यिशमर्भाण्	क्ट्रम् — - प्रत्या — व्यापा —
ब्रु	वादमना	16/ BE	अस्ति अस्ति । श्रीकृष्ठ	ञीकृषः जीनम यदमाम द्याष्टित, माणा द्याष्टित, माणा द्याषील्ला, स्था	le re-	মজকাঙ্গাণ, আশীব্দি, আজাদান, লাল্ন পালন হিতোপ্দেশদান, চুফ্ল, আলিক্ল, তিরফার প্রভৃতি		বাৎসল্যোচিত সমস্ত ব্যভিচারী ও তৎসহ অপশার	[পৃঃ ১৬
N N	প্রিয়তা	অঙ্গদঙ্গদান নাগর	ম নাগর ()	उक्टमदौग्	মূরলীধেনি প্রভৃতি	कोकाषि, राजापि	भगस्य माहिक	সমস্ত সান্তিক আলম্ভ ও ঔগ্যাব্যতীত	b3

সমস্ত শান্তিক আলহ্য ও ঔগ্ৰাব্যতীত ভাৰই উদীপ্ত অহ্যাহ্য ব্যভিচারী ভাৰসকল

ব্ৰহ্মদেবীগণ (শ্ৰীরাধা) प्तिवकी वश्चरमव

প্রিয়তা অঙ্গদঙ্গদান নাগর শ্রীকৃষ্ণ

১৬৮২	ভক্তিরসামৃতসিন্ধু	শ্ৰীশ্ৰীগোড়ীয়-বৈঞ্চ	ব -অভিধান (৩ খ) ভক্তিরসামৃতসিকু	
রসের নাম	মিত্র	শক্ত	তটস্থ	মন্তব্য	
>। শান্ত	দাশু, বীভৎস,	मधूत, यूक्त ी त,	মিত্র ও শক্রতাবে		
	ধর্ম-বীর ও অদ্ভূত	রৌদ্র ও ভয়ানক	উদান্বত রস ব্যভীত	অক্তন্ত্ৰ	
২। দাভ	বীভংস, শাস্ত,	मधूत, यूक्तरीत	•••	•••	
	ধর্মবীর ও দানবীর	ও রৌদ্র			
৩। স্থ্য	মধুর, হাস্ত	বৎসল, বীভৎস,	•••	•••	
	७ यूक वीत	রোদ্র ও ভয়ানক		•	
8 বাৎ স	য় হাস্থ, করুণ ,	মধুর, যুদ্ধবীর,	***	•••	
	ও ভয়ভেদক	দাস্থ ও রৌদ্র			
৫। মধুর	হান্ত ও স্থ্য	বংগল, বীভংগ, শান্ত	,	কেহ কেহ যুদ্ধবীর ও	
		রৌদ্র ও ভয়ানক	•••	দানবীরকে নিত্র, কেহ	
			•	বা শত্রু মনে করেন।	
৬। হাস	বীভৎস, মধুর,	করুণ ও ভয়ানক	• • •		
	স্থ্য ও বৎসল	\ a			
ণ। অভূত	বীর, শান্ত, দাস্ত,	রৌদ্র ও বীভৎস	* * *		
	সখ্য, বাৎসল্য ও মং			t.	
৮। বীর	অভুত, হাস্থ,	ভয়ানক ও শাস্ত		কোনও কোনও মতেই	
	দান্ত ও স্থ্য			মাত্র শান্তকে বিপক্ষ বলে।	
৯। করুণ	রৌদ্র ও বৎসল	হান্ত,		1041 1	
		শৃঙ্গার ও অভুত			
১০। রৌদ্র	করুণ ও বীর	হান্ত, শৃঙ্গার	***		
		ও ভয়ানক			
১১। ভয়ান	ক বীভ ংস ও	বীর, শৃঙ্গার,	• •		
	করুণ	হাস্থ ও রৌদ্র			
১২। বীভং	স শান্ত, হাস্ত	শৃদার ও স্থ্য	•••		
	ও দ†শ্ব				
দাস্ত, নকুল	া ও সহদেবের দাস্ত ও	অধিক আস্বাদের যে	হতু হইলেই তাহা	আস্বাদন-চমৎকারিতাই সমর্পণ করে।	
সখ্য। উ	দবের দাস্থ ও স্থ্য, অকুর	অঙ্গ হইবে, নচেৎ	তাহার মিলনে	অধিরঢ় মহাভাবে বিরুদ্ধ-ভাবসমূহের	
ও উগ্রসেনাদির দাশু ও বাৎসল্য কোনই ফল হয় না। রসের সহিত মিলনে বিরোধ হয়ই না।					
	র দাভাও স্থা। অঙ্গী		1	নবম লহরীতে—রশাভাস তিন	
রস মুখ্য বা গৌণ হইলেও অন্ত রসকে আনয়ন করে। এক্লপ রসবিরোধই প্রকার—(১) উপরস, (২) অন্তরস ও					
অতিক্রম করিয়া বিরাজমান হয় এবং রুসাভাস। তবে কোনও স্থলে ় (৩) অপরস ; (১) উপরস—স্থায়ি					
	ন্সী রসেরই পোষণকারী।		দ্যুক্ত মহাপুরুষ-	বৈরূপ্য, বিভাব-বৈরূপ্য ও অফুভাব-	
মস্তব্য এই	ে যে অঙ্গীরগে অঙ্গরেশ	শিরোমণিতে বির	क्क तम-ममार्यम् ।	বৈপরীত্যেই সম্ভবপর। (২) অমুরস	

— শ্ৰীক্ষণসম্বা বজিত হইলে হাস্তাদি সপ্ত গৌণ রস অমুরস হর। (৩) অপরস —শ্রীকৃষ্ণ ও তৎপ্রতিপক্ষ হাস্থাদির বিষয় ও আশ্রয় হয়, তবে অপর্য হয়। স্থায়িবিরূপতে শান্ত-রসাভাস-—শ্রীক্ষে ব্ৰহ্ম হইতেও চমৎকারাতিশয় না হইলে: দাশু-রসাভাগ—শ্রীক্বঞ্চ-সন্মুখে কোনও দাসের অতিগ্রন্থতা প্রকট হইলে: স্থার্গা ভাস—স্থাদ্যের गरश একের সথা ও অন্সের দাখভাব হইলে: বাৎস্ল্য-র্সাভাস-পুত্রাদির वनाधिकारवार्य जाननानि ना कविरन এবং মধুর রুসাভাস-নায়ক-নায়িকার মধ্যে একের রতি-সম্পাদনে ইচ্ছা. অথচ অন্তোর ভাহা না থাকিলে। এইরূপ হান্তাদি গৌণরস্মূহও প্রীরুষ্ণসম্বন্ধহীন হইয়া উপরস্ হয়।

কলিকাতা বিশ্ববিত্যালয়ের পুঁথি ৫০৫৮ রসময় দাসের ভক্তিরপামুতের পরার পাওয়া গিয়াছে। (ভক্তিরস-কল্লোলিনী দ্রষ্টব্য)

ভিজিরসামৃতিসিন্ধুবিন্দু— গ্রীবিশ্বনাথ
চক্রবর্ত্তি-রচিত। ভজিলক্ষণ, ভেদ,
ভজনের চতৃংষষ্টি অঙ্গ, বর্জনীয় ৩২
অপরাধ, ১০ নামাপরাধ, বৈধী ও
রাগাহুগার লক্ষণ, গ্রীত্যঙ্কুর নয়টি,
প্রোমিচিহ্লাদি। রস, বিভাব, অন্ধুভাবাদি,৮ সান্ত্রিক, ৩৩ ব্যভিচারী,
স্থায়ী প্রভৃতি। শাস্তাদিরস-বিবৃতি,
রসসমূহের মৈত্রি-বৈর-স্থিতি ও
রসাভাস প্রভৃতি।

ভক্তিরসায়ন—— শ্রীমন্ মধুস্বদনসরস্বতীযতিবর - বিরচিত এই প্রন্থে
তিনটা উল্লাস আছে। গ্রন্থকার
বোড়শ-শক-শতান্ধীতে বর্ত্তমান ছিলেন

বলিয়া প্রকাশ (ভূমিকা ১১ পঃ)। ইনি পূর্বে জ্ঞানবাদী ছিলেন, পরে ভক্তিবাদী হয়েন, পূর্ববঙ্গ ফরিদপুরে বৈদিক কোটালিপাডা গ্রামে গ্রীরামচন্দ্র ভট্টাচার্যের বংশে পুরন্দর-মিশ্রের ঔরসে ইনি জন্মগ্রহণ করেন। পূর্বাশ্রমে ইনি নবদীপের হরিরাম তর্কবাগীশ হইতে তর্কশাস্ত্র বিভা, বিশ্বেশ্বর সরস্বতী হইতে সন্যাস এবং মাধব সরস্বতী হইতে ব্রন্ধবিচ্ছা গ্রহণ করিয়া কাশীতেই বাস্তব্য করিতেন। তংপ্ৰণীত অধৈতিশিদ্ধি. কল্পতা প্রছৃতি অদ্বৈতবাদ-নিরূপক গ্রন্থাবলি অগাধ পাণ্ডিত্যের পরি-চায়ক; কিন্তু শ্রীমদ ভগবদগীতার 'গুঢ়াৰ্থপ্ৰকাশিকা' টীকায় ভক্তিবাদপক্ষে ব্যাখ্যা করিয়াছেন। আলোচ্য গ্রন্থেও কেবল ভক্তিবাদেরই মাহাত্ম নিরূপণ করিয়াছেন। এই গ্রন্থ গৌড়ীয় বৈঞ্চৰ সাহিত্যের অন্তৰ্গত না হইলেও শ্ৰীগোম্বামি-গণের সিদ্ধান্ত-অমুযায়ী বলিয়া এন্থলে আলোচিত হইতেছে। উল্লাসে ভক্তিসামান্তনির্দেশ, যথা— দ্রুতন্ত্র ভগবদ্ধর্মাদ্ধারাবাহিততাং গতা। সর্বেশে মনসো বৃত্তির্ভক্তি-রিভাভিধীয়তে॥ ৩

ভগবদ্গুণাদির শ্রবণে কামক্রোধাদি উদ্দীপনম্বারা দ্রবাবস্থাপ্রাপ্ত
চিত্তের যে সর্বেশ্বরবিষয়িণী ধারাবাহিকা বৃত্তি, তাহাকেই ভক্তি
কহে। দ্রুতচিত্তে প্রবিষ্ট ভাবেরই
স্থায়িত্ব হয়, স্থায়ভাবেরই পরমানন্দক্রপতা স্বীকৃত হইয়াছে। চিত্তের
বিষয়াকার-প্রাপ্তি-বিষয়ে বেদাস্ত ও
সাংখ্যশান্তের সন্মতি—বিষয়াকারতা

নির্মনপূর্বক চিত্তের ভগবদাকারতা-সম্পাদনেই সকলশাস্ত্রের রহস্তভূত শাস্ত্রীয় উপায়ালম্বনেই তাৎপর্য। ভগবদ্বিষয়কতা সম্পাদিত হইতে পারে। উপায়সমূহ—(১) মহৎসেবা, (২) মহতের দ্যাপাত্রতা [কুপালু, অক্বড্রোহাদি (১১৷১১) ভাগবতোক্ত গুণসম্পন্নতা], (৩) মহাজনের ধর্মে শ্রীহরিগুণশ্রবণ, **当新**, (8) রত্যমুরোৎপতি, (৬) স্বরূপাধিগতি [স্থলসক্ষদেহম্বয়াতিরিক্ত প্রত্যগাত্ম-সাক্ষাৎকার], (৭) প্রেমবৃদ্ধি—(৮) প্রেমাস্পদীভূত ভগরানের সাক্ষাৎ-কার, (৯) ভগবদ্ধর্মনিষ্ঠা, (১০) অবিনশ্বর - ভগবন্তু ল্যন্তণশালিতা ও (১১) প্রেমের পরাকার্চা।

ভক্তিবিশেষ-প্রতিপাদক দ্বিতীয়-উল্লাসে —চিত্তক্রতির কারণভেদে ভক্তির বিভেন; কাম, ক্রোধ, ভয়, ন্মেহ, হর্ষ (পরানন্দময়, হাস, বিস্ময় উৎসাহ), শোক, দয়া, শমাদিই চিন্তক্রতিকারক ; এতদ্ব্যতীত অক্তান্ত ভাবে চিতক্রব হয় না : ধর্মোৎ-দাহ, দয়োৎসাহ, জুগুপ্সাত্রেয় ও শম---এই ছয়টিতে লৌকিক রস নিষ্পত্তি হইলেও ভগবদ্বিষয়ক রস-নিষ্পন্ন পারে না—শুঙ্গার, করুণ হইতে প্রভৃতি ভক্তিরস, রসের চাতুর্বিধ্য, প্রকারান্তর--ভগবদ্ভক্তির রসত্ব-স্থাপনা।

ভক্তিরস-প্রতিপাদক তৃতীয়উল্লাসে—রগম্বরূপ, রত্যাদির
সামাজিক - নিষ্ঠতা, প্রসঙ্গক্রমে
সংলক্ষ্যক্রম ও অসংলক্ষ্যক্রম ধ্বনিদ্বয়,
ব্যঞ্জনাবৃত্তির রসপ্রিচায়কত্ব, স্বপ্রকাশ
রসের বিগলিত-বেছান্তরা স্বখাত্মিকা

প্রতীতি হয়। এই ভক্তিরসায়নে (৩৫+৮০+৩০) ১৪৫টি কারিকা আছে, প্রথমোলানে গ্রন্থকারই টীকা করিয়াছেন, শেষ উল্লাসম্বয়ে শ্রীমন্ দামোদরলাল গোস্বামিশান্ত্রী মহাশয় 'প্রেমপ্রপা' নামী টীকা সংযোজনা এই করিয়াছেন। গ্রম্ভ সনকাদির অমুভৃতিকে সর্বোচ্চ আসন দেওয়া হইয়াছে ৷

ভিজিরহস্ত[>] (বরাহনগর গ্রন্থ-মন্দির পুঁথি র ১৮) ৫১ পত্রাত্মক সটীক পুস্তকে আটটি প্রকাশ আছে। প্রথমে ২৬ শ্লোকে শ্রীকৃষ্ণনামক পারকাথ্য মন্ত্র, ধ্যান, জপ ইত্যাদি; দিতীয়ে ৩০ শ্লোকে কামনাভেদে বিবিধ প্রীকৃষ্ণমৃতির ধ্যান ও জপ-সংখ্যাদি; তৃতীয়ে ৫১ লোকে চতু-বর্গপ্রাপ্তার; চতুর্থে ৩০ লোকে অক্ষয়ধনেচ্ছু ব্যক্তির জন্ত রন্ধাভিবেক-বিধি, পঞ্চমে ৩৭ খ্লোকে পরম গোপ্য ভক্তিবর্ণনাপ্রসঙ্গে প্রথম্যাম-ক্বত্য, ষষ্ঠে ২৫ শ্লোকে দিতীয় ও তৃতীয় যামের ক্বত্য, সপ্তমে ৬> শ্লোকে চতুর্থবাম হইতে রাসোৎসবাস্ত নৈশলীলা এবং অষ্টমে ৪০ শ্লোকে সেবাভাষনান্তর নির্মালান্তবাহারা কাম্যাসাধনার বর্ণনা আছে। রচয়িতার নামাদি নাই। প্রথম শ্লোক---

কুহনাত্রজপাল-বালবেশং, কলয়ন্ মানসমোহি কৃষ্ণনাম। কুরুভামুক-তাপশান্তি,-মন্তঃ করুণাপূর-করম্বিতং মহ: ॥১॥ অন্তিমে--বিভাব্য মহুজানীশঃ কলো কলাষচেত্যঃ। ক্নফাবতারং কৃতবান্ রূপয়া বিশ্বমোহনম্॥ ৩৮॥ গোপ্যাদ্গোপ্যাত্মকঃ স্ম্যক-প্রকারোহয়ং প্রকাশিতঃ। ক্রিয়তামাত্ম-

রক্ষার্থং স্থংীভিশ্চিতভূষণম্॥ ৩৯॥ প্রকাশিতঃ পারকাথ্যো মল্লোইপি করুণাত্মনা। অবতারমিমং মুক্ত 1 মুক্তামন্ত্রমিনং হৃতঃ। কলো কলুষ-চিত্তাঙ্কো হুত্যতাকৰ্ষকো ভবেৎ॥ ৪০॥ ভ**ক্তিরহস্ত**্—শান্তিপুরের শ্রীরাধা-গোত্থামি-ভট্টাচার্য-প্রণীত। যোচন শ্রীমদ্ভাগবতের শ্রুতিস্তৃতি ও ব্রহ্ম-স্তুতির ব্যাখ্যা (শান্তিপুর-পরিচয় ৬৬১ পৃষ্ঠা)।

ভক্তিসন্দর্ভ — এএজীবগোস্বামি-

সঙ্গলিত বাধন-নির্ণায়ক দর্শনশাস্ত।

ষ্ট্রান্দর্ভের পঞ্চম, প্রতি অমুচ্ছেদের

বিশ্লেষণ দেওয়া হইতেছে। ১—৯৮। অশ্যমুখে ভক্তিমহিমা —- সংক্ষেপে সম্বন্ধ, অভিধেয় এবং জীব—(ক) প্রয়োজন—দ্বিবিধ পূর্ব-সংস্কারবন্ত (খ) বৰ্ত্তমানে মহৎকুপাবস্ত; (২) ভক্তির প্রথাত্মকত্ব (৩) ভল্পনীয় স্বরূপ ও আত্মপ্রসূরতা। (৩) ভক্তির পরমধর্মছ-

জ্ঞানকর্মানি ভক্তির সচিবমাত্রত্বহেতু ভক্তিধারাই শ্রীভগবান ভজনীয়— গুরুশিয়াভাবে এ,বুত্তদেরও উপদেশ-শিক্ষাবাক্যে শ্রীমদ্ভাগবতে (১৷২৷২৭) ভক্তিমাত্রই তাৎপর্য।

শ্রীশোনক প্রতি প্রীমতোপদেশের সার্ম্-(১৮) কর্ম, জ্ঞান বৈরাগ্যে যত্ন পরিত্যাগপূর্বক ভক্তিই কর্ত্তব্য। তিন কারণে মঙ্গলকামীর ব্ৰহ্মা ও শিব বিষ্ণুবৎ উপাস্থ নয়— (২০) বিষ্ণুপাদকের দেবতাস্তরের অকর্ত্তব্য—(২১) রজঃতম-প্রকৃতির লোকই অন্ত দেবতা ভজে শ্রীনারদ-ব্যাসসংবাদের —(২৩) শারও ভক্তি—:ম স্কন্ন (২৪—৩২)

শ্রীশুক পরীক্ষিত-সংবাদের সারও—

২৭। ভক্তিযোগ না হওয়া পর্যন্তই

ভজিল--- ২য় স্কন্ধ।

কর্ম-(২য় স্বন্ধের >ম অধ্যায়ে বিরাট ধারণার কথা বলিয়া ভক্তিই কাৰ্যা 'তদপবাদে' বলা হইয়াছে। (২৮) স্তামুক্তি এবং ক্রম-

মুক্তি অপেকা প্রেম শ্রেষ্ঠ; (২৯) সর্ববেদ-সিদ্ধ- (৩১) ভক্তিযোগ

অকাম. সর্বকাম বা যোক্ষকাম সকলেরই ভক্তি অভিধেয়---

(৩২) তীব্ৰ ভক্তিই শুদ্ধা ভক্তিতে পরিণতা হয়, কিন্তু যাদুচ্ছিক ভক্তি-

দারাই কামনাপৃত্তি হয়। যজ্ঞাদি করিতে থাদিরযুপ-সংযোগবৎ ভাগ-

বতের সঙ্গ হইলে প্রেমই লাভ হয়। ৩৩। প্রীশৌনকও ব্যতিরেকমুখে

ভক্তিরই অভিধেয়ত দুঢ় করিয়াছেন --- ২৷৩৷১৭ [২য় স্কল্কে ৩য় অধ্যায়ে

স্বদেবতোপাসনা হইতে শ্রেগ্রভ-প্রবচনদারা ভক্তির অভিধেয়ত্ব];

(৩৪) শ্রীহরিগুণামূবাদকের স্ফল্—(৩৫—৪০) শ্রীহরিকথা-বিমুখজন মহাপশু— তাহার অঙ্গসকল

निश्चल ।

৪১—৪২। শ্রীব্রহ্মনারদের সংবাদের সারও বিষ্ণুভক্তি—শ্রীনারায়ণই সর্ব-বেদের তাৎপর্যরূপে একমাত্র উপাস্থ

৪৩--৪৫। শ্রীবিছরমৈত্রের-সংবাদেও ভক্তিমার্গই স্থখরূপ বল্প ; (৪৬--৪৭) শ্রীকপিলদেবহুতি-সংবাদেও পরতত্ত্ব-

—পরব্রন্ধ শ্রীভগবানেরই মহিমা।

জ্ঞানের জন্ম ভক্তিই শিব পন্থা; ৪৮— ৪৯। শ্রীপৃথুরাজপ্রতি শ্রীকুমারের উপদেশেও ভক্তিরই মুখ্য অভিধেয়ত্ব--

(৫০) শ্রীরুদ্রগীতেও ভক্তিই করণীয়

শ্রীহরি হারা রক্ষিত হইয়া বিল্লকে

সোপান করিয়া উন্নতির দিকে

ু গ্রমর হন। একরভাজন-বাক্যে—

শ্রীহরি নানাযুগে নানামার্গে পুঞ্জিত

৬৬। শ্রীভগবত্বদ্ধব-সংবাদে—ভক্ত শ্রীহরির নির্মাল্যাদি সেবা করিয়া

এবং শ্রীহরিলীলা স্মরণ ও কীর্ত্তনৱার:

অনায়ানে মায়া জয় করিয়া শ্রীহরিকে

প্রাপ্তি করেন—(৬৮) শ্রীহরিলীলা

শৃত্য বেদবাক্যও অভ্যাস করিবে

না—(৭০) ভক্তিদারাই জ্ঞান সিদ্ধ

ভক্তিদারা

৮০। প্রবণাদি

হন |

হয় |

—কর্মাভাগ্রহদারা পূজার বিচ্ছেদ[া] করা কর্ত্তব্য নহে—(৫১) শ্রীনারদ-প্রচেতাদংবাদে— ব্যতিরেকমুখে বিষ্ণুদেবাভিন্ন সকল ইন্দ্রিয়াদি বিফল —(৫২) অন্বয়মুখে—গ্রীহরিসেবা-ষারাই সকল দেবতা তৃপ্ত হয়—(৫৩, শ্রীধ্বভ দেব-কর্ত্তক স্বপুত্র-শিক্ষণে (৫ম স্কন্ধ) প্রীতিভক্তিই অকিঞ্চনের কর্ত্তব্য ; প্রীত্রাহ্মণ ও রহুগণসংবাদে -- শ্রীহরিসেবোখ জ্ঞানাগ্রিম্বারা সংসার নাশ হয়—মহৎসঙ্গদারাই হরিভক্তি হয় -(৫৪) শ্রীচিত্রকেতুর গ্রীনংকর্ষণোপদেশান্তে (৬৪ ক্বনে) পুরুষ অবশেষে ভক্ত হন (৫৪—৫৭) প্রী প্রহলাদয়ারা অন্তর্বালকামুশাসনে (৭।৭) কৌমারেই প্রিয়ম্মন্ হরির ভজন কর্ত্তব্য; (৫৮) শ্রীনারদ-যুধিষ্ঠিরসংবাদে (৭।১১।৬) ভক্তি-দারাই মন অপ্রসন্ন হয়, ভক্তিই সর্বপুরুষার্থহেতু, ভক্তিই পরা বিছা প্রমাশ্রয়—(৫৯—৬০) ত্রীজায়ন্তেয়োপাখ্যানে— (৫৯—৬১) শ্রীকবিবাক্যে—জ্ঞানাগুমিশ্র ভক্তি— শ্রবণাদিদ্বারা ভজিলেই সাধক ক্রমশঃ অভয় হয়েন এবং মন অনায়াদে নিরুদ্ধ হয়। প্রীআবিহোত্রবাক্যে— ৬২ | কর্মাদি ত্যাগ করিয়া ভক্তিই কর্তব্য, (৬৩) বেদ কর্মের মোক্ষের জন্মই কর্ম বিধান করিয়াছেন—শ্রদ্ধা বিরক্তির অমুদয় পর্যন্ত বেদোক্ত কর্ম অনাসক্তভাবে ঈশ্বরার্পণ

করাই কর্ত্তব্য—শীঘ্র দেহাত্মবৃদ্ধি-

ত্যাগেচ্ছুর বেদোক্ত এবং তন্ত্রোক্ত

বিধিপূর্বক ঐকেশবের অর্চনা কর্দ্তব্য

—(৬৫) গ্রীচমসবাক্যে—গ্রীহরিসেবক

315

যাবৎ পরিমাণে চিত্ত শুদ্ধ হয়, তাবৎ পরিমাণে শ্রীভগবৎস্বরূপ, গুণ, লীলা এবং মাধুর্য অনুভূত ৮৪। সর্বফলরাজ স্বফল প্রেম-জানবৈরাগ্যাভ্যাসের ভক্তিমার্গে প্রয়োজন নাই—ভক্তিদারাই জানাদি লভ্য সকল বস্তুর অনায়াসে লাভ হয়—(স্বর্গবাঞ্ছা) চিত্ৰকৈতুর, (মোক্ষবাঞ্ছা) শুকদেবের (বৈকুঠেছা) পার্ষদক্ষেছু ভক্তগণের —প্রেমদেবাদারাই ইহারা প্রাথিত বিষয় পাইয়াছেন। ৮৫। এই জন্মে নশ্বর মন্ত্যাদেহ দারা শ্রীহরিকে পাওয়াই বুদ্ধিমতার পরিচায়ক—যথা চাতুর্যের শ্রীহরিশচক্রাদি—(৮৬) গ্রীশুকোপ-দেশের উপসংহারে—শ্রবণাদি ভব্তিই কর্দ্রব্য—খ্রিয়মাণ ব্যক্তির ভগবদ্ধ্যান কর্ত্তব্য-নানাঙ্গবান্ ও কীৰ্ত্তনই শুদ্ধাভক্তির মধ্যেও লীলাকথা-শ্রবণই

পর্মশ্রেয়ঃসাধক--- (৮৭-৯১) শ্রীস্থতোপদেশের শেষেও—(১২)১২) প্রীভগবংকীর্ত্তনাদিতেই আদর কর্ত্তব্য --- শীরুষ্ণমরণদারাই সত্ত্ব-শুদ্ধি, জ্ঞান, বৈরাগ্য ও প্রেমভক্তি লাভ হয়— শ্রীহরিভজনদারাই তপঃআদি সম্পত্তির সার্থকত্ব হয়। ৯৩—৯৮। শ্রীমদ্ভাগবতের **দর্ব-**ইতিহাস-বাক্যেও ভক্তিমাত্রই তাৎ-স্বভূত্যপ্ৰতি যম-বাক্যে— নামাদি কীর্ত্তনদারা হরিভক্তিই জীব-পরমধর্ম—ভক্তেগুণাদির মাত্রের শ্রবণদারা বেদাদি-শ্রবণফল হয়---সদা শ্রীহরিশ্বতিই পরম কর্ত্তব্য-বেদার্পণমন্ত্রেও শ্রীজনার্দ্দন প্রীতিই উদিষ্ট—(৯৫) শ্রীব্রজদেবীর প্রতি শ্রীউদ্ধাববাক্যে—শ্রীক্লফ-ভক্তিই সকল বর্ণাশ্রমাচারবিহিত কর্মের উদ্দেশ্য-(৯৬) শ্রীভগবানের প্রতি ব্রহ্মার বাক্যে —জ্ঞান ভক্তিরই অন্তর্গত, শ্রীমদ্-ভগবংগীতায়ও ১০ম অধ্যায়ে শুদ্ধ ভক্তিই উপদিষ্ঠা—(৯৭) গ্রীদামবিপ্র-বাক্যে—অক্যান্ত পুরুষার্থসাধনও ভক্তিমূলক—ভক্তিই সর্বসিদ্ধির জীবন, কিন্তু ঐ সকল সিদ্ধি বিনাও ভক্তির সাধকত্ব আছে। ৯৮। সর্বশাস্ত্রেই ভক্তির অভি-থেয়ত্ব—অজ্ঞ লোকেরাই কর্মাদির অঙ্গরাপে বিষ্ণুর উপাসনা করে— শ্রীদেবতাদের পরস্পর বাক্যে—ভক্তিই উপাসকের স্বকামনালানানন্তর প্রম ফল প্রেম দেন। ব্যতিরেক-মুখে—(৯৯) অনাদরধারা—ভক্তির বিশ্বস্নীয়ত্ব এবং নিতাত্বহরপত্ব-স্বরায়াস

বিন্তাদি দারা সাধ্যা ভক্তি পর্মফন্দা

—(১০০) ভক্তিবিনা অন্ত কিছু হ'রি-তোষের কারণ নয়—হর্যাপিতপ্রাণ ভক্তিহীন দাদশগুণযুক্ত শ্ব পচও বিপ্রাপেক্ষা শ্রেষ্ঠ, কারণ ভক্তিহীনের ঐ সকল গুণ কেবল গর্বদ্ধি করে, চিত্তগুদ্ধি করে না—(১০২) খ্রীভগ-বদ্পিত কর্মেরও অনাদর দারা— যথা চোলদেশরাজ ও শুদ্ধভক্তের উপাখ্যানে—শ্রীগীতারও ১২শ অধ্যায়ে ভক্তির অসামর্থ্যেই কর্মার্পণ বিহিত হইয়াছে, (১০৩) যোগের অনাদর খারা--(১০৪) জ্ঞানের অনাদর খারা —ভক্তিমার্গে শ্রম হয় না, অথচ তদশীকারতারপ অপূর্ব ফল হয়, (১০৫) ভক্তিবিনা জ্ঞান হয় না।

১০৬ ৷ স্বতন্ত্র অক্স আশ্রয়-অনাদর দারা--যথা দেবগণ শ্রীআদিপুরুষকে -- ব্ৰহ্মা এবং শিবকেও বৈষ্ণব বলিয়া ভজিবে--সংবৈষ্ণবের পক্ষে বিষ্ণুকে অক্ত দেবতার সমান দর্শন ছারা ভক্তিলাভ হয় না, প্রত্যবায় হয়-অতেদ-দৃষ্টি-বচন শান্তভক্তি জ্ঞানাদিপর-শ্রীশিবও মার্কণ্ডেয়াদি শুদ্ধ বৈষ্ণবের ভজন করেন—শ্রীশিব নিজেই শ্রীহরির ঈশ্বরত্ব বলিয়াছেন— অতএব বৈঞ্ব-ভাবেই শিবের ভজন युक्त—एक देवकरवता <u> প্রী</u>শিবকে বৈষ্ণৰ বলিয়াই মানেন, কেহ বা ভগৰদ্ধিষ্ঠান বলিয়াও মানেন-শ্রীশিবকে স্বতন্ত্রভাবে ভজিলেই ভগু-শাপ লাগে: অন্ত দেবতাদিগকে ভগবানের বিভূতি বলিয়া জানিবে-দেবতান্তরের স্বতন্ত্ৰ উপাসনাম্বারা শ্রীহরিকে পাওয়া যায় ন(—-অক্স দেবতাকে অবজ্ঞা বা নিন্দা অত্যস্ত দোষকর—

কারণ তলিকাবারা পূর্বধর্মও নষ্ট হয়-শ্রীশিব-নিন্দুক একাস্তী বৈঞ্চবও নরকে যায়, যথা চিত্রকেত। খ্রী-কপিলদেব যখন সাধারণ প্রাণির অবজ্ঞাই নিষেধ করিয়াছেন, তথন শ্রীশিবাদির নিন্দার ত কথাই নাই। কনিষ্ঠ ভাগবতই <u> প্রীবিগ্রহাদিতে</u> শিলাদিবৃদ্ধি করিয়া নারকী হয় এবং বিলম্বে ফল পায়। যে পিতার ন্তায় কোন লোককে উদ্বেগ দেয় না. তাহার প্রতি শ্রীভগবান শীঘ্রই তুষ্ট হন—অজাতশ্রদ্ধেরই স্বকর্মসহায় অর্চন কর্ত্তব্য, তদ্বারা জ্ঞান হয়— एकार्टनरे यावब्बीवन জাতপ্রদের কর্ত্তব্য-ভূত-দয়া বিনা অর্চনা সিদ্ধ হয় ना-यथायुक यथानकि मानवाता এবং তদভাবে মানদারা দয়া কর্ত্তব্য —একান্তী ভক্তই সৰ্বশ্ৰেষ্ঠ জীব— ভক্তে আদর-বাহল্য এবং অন্সের প্রতি যথাপ্রাপ্ত যথাশক্তি আদর কর্ত্তব্য-প্রথমোপাসকেরই ভূতাদর বিহিত, সশ্রদ্ধ সাধকের তাহা স্বাভাবিক—জাতরতির অহিংসা এবং উপরতি স্বীয় স্বভাব-পরম পিন্ধের **সর্বভূতে** প্রেম—অন্তত্র রাগ-দেষ শীঘ্র ত্যাগের জন্মই শ্রীভগবং-সম্বন্ধে অন্তদেবতা এবং ভূতাদর কর্ত্তব্য—কেবল ভূতাদর অনর্থহেভূ যথা ভরতের। অর্চনের জন্ম পত্রপুষ্প-চয়নরূপে কিঞ্চিৎ হিংসাও বিছিত।

১০৭। পণ্ডিতলোক মুখ্য ও আত্মদ হরি ভিন্ন অন্তোর শরণ লয় না, (১০৮) শ্রীহরির অভক্তমাত্রের অনাদর দারা-(১০৯) শ্রীহরির নিষ্কিঞ্চন ভক্তকে দেবতা-গণ গুণের সহিত আশ্রয় করেন—

(১১০) কর্মাদি মার্গসিদ্ধ মুনিগণেরও অনাদর-ভাগবত ধর্মের ১২ জন মহাজন-(১১১) শ্রীভগবদভক্তিরই সর্বোর্দ্ধাভিধেয়ত্ব—শ্রবণ কীর্ত্তনাদি ভক্তি ৪ বর্ণ ও ৪ আশ্রমেরই নিত্য স্বধর্ম-জীবনুক্তও প্রীহরির অবজ্ঞা-দারা পতিত হয়।

>>২-->৩ । এদেহে এবং দেহান্তরে ভক্তি নিত্যা-তাৎপর্য-নির্ণয়ের ষড়-বিধলিপদারাও ভক্তিরই অভিধেয়ত্ব জানা যায়—(১১৫) চতুঃশ্লোকীতে ভক্তিরই অভিধেয়ত্ব কথিত—ভক্তির সর্বশাস্তাদিতে সার্বত্রিকতা—সর্ব-শাস্ত্রে—সর্বকর্ত্ত্বে— সর্বদেশে—সর্ব-করণে—সর্বদ্রব্যে— সর্বকার্যে— সর্ব-ফলে---সর্বকারকে। ভক্তির সদাতনত্ব—স্বৰ্গাদিতে— সৰ্বযুগে— স্বাবস্থাতে: ভক্তি রহস্থান্স বলিয়াই জানরপ অর্থান্তর্বারা আছন্তর বৰ্ণিত হইয়াছে।

১১৫-২৭। ব্রহ্মা নারদকে এবং নারদ ব্যাসকে হরিভক্তি সংকল্প করিয়াই ভাগবত লিখিতে বলিয়া-ছেন—শ্রীভগবানও উত্তম ভক্তিকেই 'লাভ' বলিয়াছেন।

১১৯-২০। ভাগবতধর্মই প্রম-হংসদের এবং শ্রীভগবানের প্রিয়. তত্বপদেষ্টাই সর্বোৎকৃষ্ট। (>2 >) শুদ্ধাভক্তিতে লোকসকলকে প্রবর্ত্তিত করিবার ভান্তই কর্মাদি-মিশ্রভক্তি উপদিষ্ট হইয়াছে. অতএব ভজের ভক্তিই কর্ত্তবা।

১২১। ভক্তিরই পরম ধর্মত, সর্ব-কামপ্রদত্ত, স্বান্তরায়-নিবারকত্ব: —ভক্তিমার্গে জ্ঞান্যার্গের অসহায়তা নিমিত্ত ভয় নাই. কর্ম-

মার্গবৎ মৎসরাদিযুক্ত হইতে ভয় নাই—ভক্ত সাধনমার্গ হইতে ভ্রষ্ট হয় না ; যথা-বুত্র, গভেন্দ্র, ভরতাদি —(১২৩—২৪) ভক্তির দ্বষ্টজীবাদি-কৃত-ভয়নিবারকত্ব—(১২৫) ভক্তির পাপদ্বত্ব – অপ্রারন্ধ পাপেরও নষ্ট-কারিত্ব -(১২৬) কেবলা ভক্তিই সূর্য-নিহারবং সর্বপাপ নাশ করে-(১২৭) ভক্তিই সর্বোত্তম প্রায়শ্চিত —যথা ইন্দ্রের বুত্রাস্থর-বধ-জন্তঃ মহদপরাধ ভোগের দারা কিংবা মহতের সভোষদারা নাশ পায়। (১২৮) প্রারন্ধপাপহারিত্ব, জাতি-দোষ ও ব্যাধ্যাদির হারিত্ব—(১২৯) ভক্তির তুর্বাসনাহারিত্ব—(১৩০) ভক্তির অবিস্থাহারিত্ব—(১৩১) ভক্তির সর্বপ্রীণনহৈতৃত্ব-হরিভক্তকে স্থাবর জন্ম সকলে ভালবাসে।

১৩২। ভক্তির জ্ঞানবৈরাগ্যাদি
সর্বসদ্গুণহেতৃত্ব—ভক্তির স্বর্গাপবর্গভগবদ্ধামাদিতে সর্বানন্দহেতৃত্ব, ভক্তির
স্বতঃপরমন্ত্রখদত্বহেতৃ অক্ত সাধন ও
সাধাবস্থ-বিষয়ে হেয়ত্ব-কারিতা।

১৩৩-৩৪। ভক্তির নিপ্তর্ণস্থ—
ভক্তিই নিপ্তর্ণ, অপিত কর্মাদি
সকলই সপ্তণ। (১৩৫) ভক্তি সম্বপ্তণের অপেক্ষা করে না, যথা
চিত্রকেতু—মহৎসঙ্গই পরম নিপ্তর্ণ
ভগবদ্জানের বা ভক্তির কারণ—
মহৎ নিপ্তর্ণ, তাঁহার সঙ্গও নিপ্তর্ণ
—মহৎসেবৈকনিদানস্থহেতু ভক্তিও
নিপ্তর্ণ—ব্রহ্মজ্ঞান থিবিধ—ভক্তদের আমুসন্ধিকরূপে এবং ব্রহ্মোপাসকের
স্বতন্ত্ররূপে হয়—শাস্তভক্তের ব্রহ্মজ্ঞান
শ্রীভগবানের পরাভক্তির পরিকর হয়,

যথা—শ্রীগাতার (১৮।৫৪) ও
শ্রীভাগ — ব্রক্ষজানীর জীবাভেদে ব্রক্ষজান হয়—সাধকের মতিদারাক্ষিতত্বহেতু প্রসাদাভাদোখ ব্রক্ষজানও সন্তণ। জ্ঞানশক্তি ও ক্রিয়ানশক্তি পরমাত্মচৈতত্যের, অতএব নিগুণা জ্ঞান-ক্রিয়াত্মিকা হরিভক্তিও নিগুণ—শ্রীকপিলদেবাক্ত ভক্তির সন্তণাবস্থা সাধকের অন্তঃকরণাম্বর্ণা বলিয়া ক্থিতা হইয়াছে—শ্রীভগবন্-নিকেতনে বাস নিগুণ।

১৩৬। শ্রীভগবদাশ্রয়কারক
নিপ্তর্ণ, কারণ ক্রিয়াতেই তাহার
তাৎপর্য, তদাশ্রয় দ্রব্যে নয়—(১৩৭)
ভগবৎদেবা শ্রদ্ধা নিপ্তর্ণ, (১৩৮)
ভগবৎধর্ম নিপ্তর্ণ, (১৩৯) ভক্তির স্বয়ং
প্রকাশন্থ, (১৪০) নিত্য পরমস্থব্ধ
রূপন্থ, সাধক-দশায় এবং সিদ্ধদশায়—
ভগবিষয়ক রতিপ্রদন্থ।

১৪১। ভক্তিযোগাখা পুরুষার্থতা-বিষয়ে শৈথিল্য থাকিলেই প্রীভগবান্ ভক্তি দেন না, মুক্তি দেন; কারণ কেবলমাত্র ভক্তিদারাই শ্রীভগবান তৃষ্ট হন, (১৪২) ঐ ভক্তি শ্রীভগবানেরই ফ্লাদিনী শক্তির পরম বৃত্তি, অতএব প্রীতিশ্বরূপ শ্রীভগবান ভক্তিশ্বারাই প্রীণনীয়, (১৪৩) আত্মারাম পূর্ণকাম শ্রীভগবান ক্ষুদ্র-পরিতৃষ্ট হন-সহজ বস্তব্যরাও ভগবৎপ্রীতি প্রার্থনা করিয়া যাহারা দেবা করে, তাহাদিগকেই এক্রিঞ্চ কল্পতকর স্থায় স্ব-প্রীতি দেন—(:88) কুপা-প্রাবল্যহেত শ্রীভগবান নিজ ভক্তি-শক্তি জীবে প্রকাশ করিয়া স্বদত্ত ভক্তিদারাই নিজে জীবের হন: জীবের উপকারকতা আভাসত্মাত্র।

১৪৫। গ্রীভগবদমুভবে ভক্তির শ্রীভগবৎ-অনন্তহেতুত্ব—(১৪৬) প্রাপকত্ব—(১৪৭) মনের অগোচর-ফলদাতৃত্ব, যথা শ্রীঞ্রবের। শ্রীভগবদ-বশীকারিত্ব—শ্রীমদ্ভাগবতের ১১।১৪ অধ্যায়স্থ সাধ্য এবং সাধন ভক্তির সমাধান--সাধনাবস্থায় শ্রবণকীর্ত্তন-কারী ভক্তের হাদয় অনর্থ-নিবৃত্তি খারা ক্রমশঃ যত পরিমার্জিত হয়, ততই সে শ্রীকৃষ্ণ-মাধুর্য অমুভব করে, বিষয়দারা বাধ্যমান হইলেও অভি-ভূত হয় না। সাধ্যভক্তির সংস্কার-হারিত্বহেতু বিষয়সকল বাধ্যমান হয়—(১৪৮) সাক্ষাৎ ভক্তির ত পরম-ধর্মত্ব আছেই, ভগবদপিত অলোকিক কর্মেরও প্রধর্মত্ব আছে—হরিভক্ত ভিন্ন অন্তের উপর যমের শাসন। (১৪৯) সক্তদ ভজনদ্বারাই আয়ুঃ সফল হয়—ভক্তি সর্ববিধ কর্ম-ধ্বংস-পূর্বক অল্লায়াসে প্রমগতি-প্রাপ্তির কারণ হয়-প্রীকৃষ্ণ-দীক্ষা-গ্রহণমাত্র লোক যথন মৃক্ত হয়, যাঁহারা ভক্তিপূর্বক সদা সেবা করেন.তাঁহাদের আর কথা কি ? (১৫০) আমি 'শরণাগত' वना गावर शिरति कीवत्क चक्र

দান করেন।

১৫১। কোন গর্ভস্থ জীব শ্রীভগবানের স্থাতি করে, কোন জীব করে
না; শ্রীহরিভক্ত সর্বাবস্থাতেই ভক্তিসমর্থ-শ্রীবিষ্ণুভক্ত অতীত এবং
ভবিষ্যতের শত কুল উদ্ধার করেন।
১৫২। ভক্ত্যাভাসেরও সর্বপাপক্ষয়-পূর্বক শ্রীবিষ্ণুপদপ্রাপকত্ব—যথা
দণ্ডহন্তে নৃত্যকারী উন্মত্তের ধ্বজ্ঞারোপণ কল—ব্যাধহত এবং কুকুর-

ভক্তিসন্দৰ্ভ

মুখানীত পক্ষীর মন্দির-পরিক্রমা-ফল-পূর্বজন্ম প্রহলাদের অজ্ঞানতঃ শ্রীনৃসিংই-চতুর্দশী-ব্রতের ফল --(১৫৩) অপরাধরূপে দুখুমান ভক্ত্যা-ভাসেরও মহাপ্রভাব-যথা শ্রীবিষ্ণু-মন্ত্রে রক্ষিত বিপ্রের স্পর্ণে রাক্ষ্যের নির্বেদ - প্রাপ্তি —দীপবত্তিকাচোর মৃষিকেরও রাজ্ঞীত্ব এবং পরমপদ-প্রাপ্তি-কৃতজ্মান্ত্রী দাসীর সঙ্গে কোন লোকের তহতের ফলপ্রাপ্তি — তুষ্টকার্যার্থ মন্দির-লেপনহারা উত্তমগতি-প্রাপ্তি- ব্রহ্মজানহারাও ঈদৃশ ফল নাই; প্রীভগবন্ধশীকারিতা-সম্বন্ধেও ভক্তিই কারণ—ভক্তির মাহাত্মাবুন প্রশংসামাক্র নয়, যথা অজামিলাদিতে—কেবল শ্রীহরিনামের নয়. ভক্তালমাতেরই অর্থানে দোষ —ভক্তের ভজনে ক্রমশঃ উন্নতি না দেখিলে নামার্থবাদ-কল্পনা এবং বৈঞ্ব-অনাদরাদি তুরস্ত অপরাধই প্রতিবন্ধ-কারণ বলিয়া জানিবে-ভক্তিতে অর্থবাদ-কল্পনা বারাই নুগ-রাজার দানকর্মাগ্রহ হইয়াছিল এবং যমলোকে গমনাদি হইয়াছিল— এইরূপ অপরাধে ভক্তিস্তম্ভও শুনা যায়—দেহ, ধন, জনতাও লোভের জন্ম যে পাষ্টী শ্রীগুরুর অবজ্ঞাদি দশাপরাধ করে, তন্মধ্যে নিকিপ্ত नाम भीष कल (पन ना-दिनश्वादत অনাদরকারীর প্রতি শ্রীবিষ্ণু প্রসন্ন হন নাম-কীর্ত্তনদারাই না—অবিশ্ৰান্ত নামাপরাধ বিনষ্ট হয়-নামাপরাধ-নাশের সহিত অপরাধাবলম্বন পাপ-বাসনাও নষ্ট হয়। নামাবৃত্তি— সিদ্ধদের প্রতিপদে স্থবিশেষোদয়ের জন্ম এবং অসিদ্ধগণের ফলপ্রাপ্তি

পর্যস্ত। ফলপ্রাপ্তিতে বিলম্ব দেখিলেই অপরাধ আছে, জানিতে হইবে। মহৎসঙ্গাদি-লক্ষণ ভক্তিদারাও ছনি-বার্য কোটিল্যাদি প্রাচীন অপরাধেরই চিছ-(১) কৌটিল্য-ভক্-কৃষ্ণ-বৈষ্ণবের প্রতি ভিতরে অনাদর, বাহিরে পূজাদি- যথা তুর্ঘোধনের। ১৫৪। ভক্তেরাও স্কল অজ্ঞকে কুপা করেন, কুটিল বিজ্ঞাকে কুপা करतन ना ; ङानवल-छूर्विपक्ष लाक অবিচিকিৎশু বলিয়া উপেক্ষণীয়— (১৫৫) (২) অঞ্জো—ভক্তি-দেখিয়া • গুনিয়াও ৰিপরীত ভাবনাদিলারা বিশ্বাসের অভাব-যথা ছর্যোধনের বিশ্বরূপ-দর্শনাদিতেও: শুক ভাক্তের ভগবন্মহিমা- প্রেকাশের ইচ্ছাতেই বিপদ হইতে রক্ষারূপ ভক্তির আমু-বঙ্গিক ফলও কথিত হয়, নিজ রক্ষা বা মহিমা-প্রকাশের জন্ম নয়—যথা প্রহলাদ ও শৌনক- পরীক্ষিতের উহাও ইচ্ছা ছিল না-(১৫৬) মহামূভাব-লক্ষণ আধুনিক ভক্তেও মহিমাদর্শনে অবিখাস অকর্ত্ব্য--বিশেষোপাসনাদারাও ঐ রূপ আছু-ষঙ্গিক ফলোদ্য হয়—যথা গ্রুবের। (১৫৭) (৩) ভগবন্নিষ্ঠাচ্যাবক বস্তুস্তরাভিনিবেশ – যথা প্রাচীনাপরাধাত্মক আরস্ক কারণ—(১৫৮) কেছ কেছ মনে করেন তাদৃশ ভজে সাধারণ প্রারক্তেরই প্রাবল্য শ্রীভগবান স্বয়ং ঐ ভজের উৎকণ্ঠা-বৃদ্ধির জগুই করেন-যথা ভরতের ও নারদের-(১৫৯) অপরাধহেতুই ঐরূপ অভি-নিবেশ হয়, যথা গজেক্রাদির [৮।৪।

১১-->২) (৪) ভক্তিশৈথিল্য--যদ্বারা আধ্যাত্মিকাদি অথত্বঃখনিষ্ঠাই উল্লাস ভক্তিতৎপরদের ঐ পায়. অনাদর হয়---সৎসাধকের স্মত্থ উপাদনা-বৃদ্ধির জ্গুই দেহরক্ষার ইচ্ছা হয়—ভক্তির নিকট অপরাধা-বলম্বন ভত্তিশৈথিল্য, মধ্যে মধ্যে ক্রচ্যমান ভক্তিদারাও দূর হয় না — মৃচ অসমর্থ লোকের নিরপরাধ অল্লেতেই সিদ্ধি হয়. ভৎপ্রতি শ্রীভগবংক্ষপা অধিক হয়, কিন্তু বিবেকীর অত্যন্ত দৌরাত্মাহেতুই অপরাধ হয়; বিদ্বান সমর্থ শতধ্রুর অপ্রাধহেতু পত্ন এবং মৃঢ় মৃষি-কাদির অপরাধ-সত্ত্বেও সিদ্ধি যুক্তই, দৌরাত্ম্যাভাবহেতু অপরাধ অতিক্রম করিয়া ভক্তির প্রভাব উদিত হয়। (৫) স্বভক্ত্যাদি-কৃত্যভিমানছ---—অপরাধ হেভুই হয়, তদ্বারাই रिवधवावमानना पि-लक्न অক্তাপরাধ জন্মে, যথা দক্ষের— প্রাচীন ও অর্বাচীন অপরাধের অভাবেই সক্ত ভজনে ফলোদয় হয়-পূর্ব বা ইহ জন্মে শ্রীভগবদারাধনাদি-সিদ্ধেরই মর্ণসময়ে একবারও নাম-গ্রহণাদি হয় এবং তৎসিদ্ধভাবামুসারে ভগবৎ-শাক্ষাৎকার চিন্তিত হইয়া শ্রীভগবৎ-প্রাপ্তি হয়; যথা গীতায়—অপরাধের অভাবহেতু পুনরায় তাহা ক্ষয়ের জন্ম জন্ম গ্রহণ করিতে হয় না, যথা অজামিলের; **যমদূতে**র কিন্তু নামাদি শ্রবণ কীর্ত্তন করিয়াও তাহা হইল না। ১৬০—৬২। প্রীভরতের ও প্রীঅজা-

মিলের হৃদয়ে সর্বদা শ্রীভগবদাবিভাব

মৃত্যু-সময়ে সরুৎ

বলিয়াই

ছিল

রূপার ফলোদয় দৃষ্ট হয়—জাতরুচিতে
অন্তস্পৃহাত্যাগ যথা উদ্ধবের ক্রোধ,
লোভ, মাৎসর্য এবং শুভা মতির
ত্যাগ—(১৬৪) জাতপ্রেমে কুধাতৃষ্ণা
ভারা অবাধত—যথা পরীক্ষিতের।

(১৬৩) অধিকারী-বিশেষেই ভগবৎ-

১৬৫। অন্যা ভক্তিই অভিধেয়
বস্তু—অস্থাপাসনারহিত প্রীক্ষয়ভজনই অন্যত্ত্ব—ভক্তির মহাত্ত্র্র্তিত্ব
এবং ত্র্বোধত্ব—অন্য কামনা দারা
ভক্তির অভিধেয়ত্ব খাকে না।
অকিঞ্চনত্ব ও অকামত্ব তন্মাত্রকামনাদারাই সিদ্ধ হয়—একান্তিত্ব
যথা প্রীপ্রহলাদাদির ভগবান্ ভিন্ন
সাধনসাধ্য-বিবজ্জিতত্ব।

(১৬৬) রাজা ও সেবকের মত প্রস্থ ও ভূত্য উভয়েরই কামনা নাই —(১৬৭) ভগবংস্থাে ও তদেক-জীবন ভক্তের ত্রথ ও মান —(১৬৮) সকামভক্তি স্বার্থসাধন-মাত্রে তাৎপর্যদারা ভক্তানুকরণমাত্র —সকামত্ব দ্বিবিধ---ঐহিক পারলৌকিক। প্রহলাদের মুখ্য একান্তিত্ব এবং মুমুক্ষু পুৰদের গৌণ একাত্তিত্ব—একাস্ত ভক্ত অম্বরীষের যজ্ঞবিধান লোকসংগ্রহার্থ—ভক্তিদারা জীবিকা-প্রতিষ্ঠাদির উপার্জন না করাই ঐতিক নিম্বামত।

১৬৯। নবধা নিষ্কাম ভক্তিরই সর্বশাস্ত্র-সারত্ব—সর্বভক্তাঙ্গের অন্তর্ভূতি নব প্রকার ভক্তির এক অঙ্গ দারাই সাধ্য-প্রাপ্তি হয়, তথাপি কোথায়ও অক্তাঙ্গমিশ্রণভিন্ন রুচিবশতঃই শ্রদ্ধা । হইয়া থাকে।

২৭০। অকিঞ্চনভক্ত্যধিকারি-বিশেষ-নির্ণয়; পরতত্ত্ব-সান্মুখ্য— ত্রিধা—জ্ঞান, ভক্তি ও কর্মার্পণ— (১) নির্বিশেষ পরতত্ত্বসান্মুখ্য—জ্ঞান।

(২) নির্বিশেষ পরতত্ত্বসান্ম্থ্য—জ্ঞান।
(২) সবিশেষপরতত্ত্ব-সান্ম্থ্য—ভ্ঞান।
(২) সবিশেষপরতত্ত্ব-সান্ম্থ্য—ভ্ঞান।
(৩) তদ্ধরের দ্বারম্বর্গপ—কর্মার্পণ।
(১৭২) নির্বিপ্তদের জ্ঞানে, কামিদের কর্মে এবং শ্রদ্ধালুদের ভক্তিতে অধিকার—(১৭২) কোনও পরম্যতন্ত্র জগবদ্ভক্তক্বপা-(দ্বারা) জ্ঞাত শ্রদ্ধানাত্রই ভক্ত্যধিকার-হেতু।
'ইহাই কেবলমাত্র পরম্ম মন্সলকর'—
এই বিশ্বাসের নামই শ্রদ্ধা—শ্রদ্ধাভির অনন্তা ভক্তি প্রবৃত্তিত হয় না—ক্দাচিৎ কিঞ্চিৎ প্রবৃত্তা হইলেও নই হয়—অভএব নির্বিপ্ত, নাতিসক্ত হওয়ার পরেও ভগবৎকথাদিতে শ্রদ্ধা জ্মিলেই কর্ম পরিত্যাগ বিহিত—

সিদ্ধ হয় যথা অজামিলের। দাহাদি-কর্মে বহু্যাদিবৎ ফলোদয়-বিষয়ে ভক্তিতে বিধির অপেক্ষা নাই— দৌরাখ্যাভাবে অবৃদ্ধিপুর্বক ক্ষতা

হেলায় অর্থাৎ শ্রদ্ধাবিনাও ভক্তিমাত

বাধিতা হয়, কিন্তু দৌরাত্ম্য থাকিলে জ্ঞান, বল, ছবিদগ্নাদিতে আর্দ্র

অপরাধর্মপা হেলাও

কাষ্টের বহিশক্তিবৎ ভক্তিদ্বারাও হেলা বাধিতা হয় না—যথা বেণে। শ্রদ্ধা

ও ভক্তি শব্দের অর্থ—আদর। শ্রদ্ধা ভক্তির অঙ্গ নয়—অনহা ভক্তাধি-কারীর বিশেষণমাত্র— পরপত্নী, পর-

দ্বারা বিশেষণ্যাল সর্বারা, সর্

নাই, তাহার প্রতিই শ্রীভগবান্ তুই হয়েন। ১৭২। লব্ধভক্তি লোকের পাপে স্বাভাবিক অক্রচি—ভক্তিবলে পাপে প্রেইছারা অপরাধাপাতই হয়—
গ্রীগীতার 'অপি চেৎ স্ক্রোচারো'—
শ্লোক অন্য ভক্তের অনাদর-দোষপর, ছরাচারতা-বিধানপর নয়।

ভক্তিসন্দৰ্ভ

জাতনির্বেদ বাজাতশ্রদ্ধ লোকের নিতা নৈমিভিক কর্ম করিলেই আজ্ঞাভঙ্গ দোষ হয় (১৭৪) শরণাপন্ন ভক্তের তদমুম্মরণদারাই বিকর্মের প্রায়শ্চিত সিদ্ধ অন্য ভক্তের শ্রীভগবানু ভিন্ন অন্ত-দেবতাতে তদ্ধপ ভক্তি থাকে না-জাতশ্রমের তচ্ছরণাপতিই চিহ্ন-কারণ শাস্ত্র ভচ্ছরণকেই অভয় বলে —দেবাদিতর্পণ-মাত্রতৎপরেরও পৃথক আরাধনা কর্ত্তব্য নয়—শ্রীভগবানের আরাধনা দারাই মুলসেকবৎ সকল তৃপ্ত হয়—কর্মত্যাগীর ভক্তি মধ্যে বিল্লারা স্থগিত হইলেও তত্যাগজ্ঞ অনুতাপ যুক্ত নয়, যথা শ্রীগীতায় (১৮।৬৬) এবং ভাগ (১।৫।১৭)। ভক্ত্যারছেই স্বরূপত: কর্মত্যাগ কর্ত্ব্য—ব্যাবহারিক কার্পণ্যাগ্রভাবঙ শ্রদার চিহ্—শ্রদাবান্ পুরুষের ভগবৎসম্বন্ধি কোনও বস্কতে অবিশ্বাস না—শ্রীহরিক্সরণ সবাহ্যাভ্যন্তর শুচি হওয়া সম্বন্ধে সানাদি-আচরণদারা শ্রন্ধাবানেরও সৎপরম্পরাচার গৌরবের জ্ব্যই. তদকরণে অপরাধ হয়, কারণ কদর্য-বুজি-নিরোধের জ্ঞাই মহতেরা মর্যাদা স্থাপন করিয়াছেন—শ্রদ্ধা জনিলেই সিদ্ধ অসিদ্ধ উভয় অবস্থাতেই স্বৰ্ণ-সিদ্ধি-লিপ্সুর মত সদা ভক্তামুবৃত্তি-চেষ্টাই হয়-সিদ্ধের ত্রীহরি-বিশ্বৃত্তি

হেতু দম্ভপ্রতিষ্ঠাদিময় চেষ্টালেশও হয় না বলিয়া জানকত অবজ্ঞাদিরূপ অপ্রাধ হয় না, অতএব শ্ৰীমহাদেবে চিত্রকেতুর অপরাধ ভাগবততত্ত্বে অজ্ঞানহেত্ই হইয়াছিল —শ্রদ্ধাবানের প্রারন্ধাদিবশে বিষয়-সম্বন্ধাভাস হইলেও তখন দৈলাগ্রিকা ভক্তিই উচ্চলিতা হয়—অনগুভাক্ত দারা লক্ষিতা শ্রদ্ধাও লোকপরম্পরা-শাস্তার্থাবধারণজাতা প্রাপ্তা, বিষ্ণুতোষণ-শাস্ত্র-**উ**দয়ে যাহার ু স্থন্তরাচারত্বযোগই বিরোধহেতু অসম্ভব---লোক - পরম্পরাপ্রাপ্তা শ্রদ্ধাও সান্ত্রিকী, রাজসিকী ও তামসী —যথা শ্রীগীতায় (১৭١১) ঐ শ্রদ্ধার পুর্ণাবস্থাতে সত্যাসত্য-বিচারানস্তর অসত্যত্যাগ হয়, ঐ অবস্থাপ্রাপ্ত সতের প্রতিই 'যদুচ্ছয়৷ মৎকথাদৌ' ইত্যাদি শ্লোক-বিধান—'ন বৃদ্ধিভেদং' ইত্যাদি লোকপরম্পরাপ্রাপ্ত শ্রন্ধানু नवरकः; 'खबः निःट्यबनः विदान' শাস্তার্থাবধারণজাতা-শ্রদ্ধাল সম্বন্ধে—অজজনে ঐ শ্রদ্ধা অসম্ব হইলেও প্রাচীন-সংস্কার-বিচারানস্তর উপদেশ কর্ত্তব্য। অশ্রহ্ণধান, বিমুখে এবং অশুশ্রমু জনে উপদেশ দারা অপরাধই হয় ৷

১৭৫। ক্লচ্যাদি প্রীগুর্বাশ্রয়ন্ত উপাদনার পূর্বাঙ্গরপ দাল্থ্যভেদ— কর্ম ভগবৎসাল্থ্য-দারভূত—অফল-কামী বর্ণাশ্রম-ধর্মকারী অনঘ শুচি-লোক জানী সঙ্গে জ্ঞানী কিম্বা ভক্ত-সঙ্গে ভক্ত হয়।

১৭৬। জ্ঞান এবং ভক্তি সাক্ষাৎ সামুথ্য—জ্ঞান, নিবিশেষ-সামুধ্য; ভক্তি, সবিশেষ-সামুধ্য; উহা দিবিধ—ভগবির্ম্নিত পরমাত্মনিষ্ঠত্ব

যথা শ্রীগীতার এবং শ্রীভাগবতে;
ভক্তির আফুসন্ধিক সর্বফলত্বহেত্
জ্ঞানও ক্লক্কত-স্বিশেষোপাসনারূপ
ভক্তিতেও বিফুর উপাসনা, পরমাত্মার
উপাসনা, অক্লাকার ঈশ্বরোপাসনা,
অহংগ্রহোপাসনা, সালোক্য সাষ্টি
সারূপ্যাদি ক্লক্কত হয়। নিদ্ধিঞ্চনা
ভক্তিই সর্বোধ্বা।
১৭৭। তন্মাধ্র্যামূভব হইতে

ভক্তের বিধিনিষেধক্বত গুণদোষ হয়

না-(১৭৮) অংশ জীব ভগবদাশ্রয়ক

তদেক-জীবন, অতএব অকিঞ্চনা ভক্তিই তাহার স্বভাবতঃ উচিত। প্রণবই বৈষ্ণবদের মহাবাক্য। (১৭৯) সৎসঙ্গেই ঐ অকিঞ্চনা সাক্ষাৎভক্তিরূপ সাম্ম্ব্য হয়—(১৮০) **শ্রীভগবদমূগ্রহে** জীবের সংসার-বন্ধনের শেষকাল উপস্থিত হইলেই সৎসঙ্গ হয় এবং সৎসঙ্গ হওয়ামাত্র শ্রীভগবানে মতি বা ভক্তি হয়, যথা পিঙ্গলার। সৎসঙ্গ সাক্ষাৎ উপলব্ধ না হইলেও আধুনিক, প্রাক্তন বা পারম্পরিক সৎসঙ্গ অমুমেয়---নিরপরাধ লোকেরই সংসম্পাত্রদারা ভগবৎসামুখ্য বা সন্মতি কিন্ত অপরাধীর প্রতি সতের ক্বপাদৃষ্টিসহিত বিশেষ সৎসঙ্গ তৎসান্মুখোর হইলেই কারণ হয়, যথা-শ্রীনারদের मह्य नन-কুবরের হইল, অন্তদেবতাদের হইল ন। অপরাধ-সত্ত্বেও যাহার প্রতি মহৎ ব্যক্তি স্বৈরভাবে রূপা করেন-হয়; যথা তাহারই ভগবন্মতি

উপরিচর বহুর বিশেষ রূপাদারা তদবিদেয়ী দৈত্যেরাও ভক্ত হইল—

বিশেষ প্রহলাদের কুপাদারা তচ্চেতারাট দৈত্যবালকদের মোক। অনাদিসিদ্ধ তদজ্ঞানময় তদ্বৈমুখ্যবান্ জীবের সৎসঙ্গ ভিন্ন অন্ত প্রকারে তৎসামুখ্য অসম্ভব বলিয়া সৎসঙ্গই ভক্তির নিদান বলিয়া সিদ্ধ—তদ্বিমুখ জীবে স্বতন্ত্রভাবে প্রবৃত্তিতা হয় না বলিয়া তৎসাশ্বখ্যে ভগবৎকুপাও গৌণকারণ—তেজোমালির সহিত তিমিরযোগবৎ স্দাপর্মানলৈকর্স-ভগবচ্চিত্তে তমোময় জীবত্ব:খম্পর্শের অসম্ভবহেতু ঐরূপ কুপার জন্ম অসম্ভব, লব্ধজাগরের স্বপ্নহঃখবৎ **গা**ধচিত্তে সাংসারিকের প্রতি কুপা হয়, যথা নারদের নলকুবরপ্রতি; ভগবৎকুপা শরণাগতের দৈলাত্মিকা ভক্তিসম্বন্ধেই জন্মে, যথা গজেন্দ্রাদির প্রতি; অতএব সৎসঙ্গবাহনা বা স্থ্ৰুপা-বাহনা হইয়াই ভগবৎক্রপা অগ্রজীবে সংক্রামিতা হয়—স্বতন্ত্রভাবে প্রবর্ত্তিতা না—ভগবদমুগ্রহ সতের আকারেই জগতে বিচরণ করে। সতের স্বৈরচারিতাই

১৮১। সতের স্বৈরচারিতাই
সংস্কৃত্বের, অন্ত হেতু নাই—(১৮২)
সতে পরমেশ্বর প্রমোক্তৃত্বও সতের
ইচ্ছাফুসারেই হয়—(১৮৩)
স্বোপাসনাদির অপেক্ষা না করিয়াই
সতের রূপা ত্রবস্থাদর্শনমাত্রেই
জন্মে, যথা—শ্রীনারদের নলকুবরাদির
প্রতি—(১৮৪) সংসঙ্গমই পরম্সংস্কারহেতু—কারণ সাধুরা দর্শনমাত্রে
পবিত্র করেন—(১৮৫) মহৎসেবা
বিনা ভগবংপ্রাপ্তি হয় না, অতএব
সংসঙ্গই তৎসান্ম্থানার।
১৮৬। 'সন্ত' অর্থ তৎসান্ম্থাপর,

১৮৬। সন্ত অথ তৎসাল্ব্থাপর, বৈদিকাচারমাত্রপর নয়—থেরূপ

ভক্তিসন্দৰ্ভ

শংসক, তদ্ধপ সামুখ্য লাভ হয়--বন্ধান্তভবীই জ্ঞানমার্গে মহৎ. ভক্তিমার্গে লৰভগবৎপ্ৰেমই মহৎ। (১৮৭) ভক্তসিদ্ধ ত্রিবিধ-(১) প্রাপ্তভগবৎপার্ষদ-দেহ—যথা নারদাদি, (২) নিধু ত-ক্ষায়-যথা শ্রীশুকদেবাদি, (৩) মুচ্ছিত-ক্ষায় —যথা প্রাগ্জন্মগত প্রীনারদাদি। সমান প্রেমবস্ত ত্রিবিধে পূর্বপূর্বাধিক্য —ভজনীয়ের অংশাংশিত্বভেদে এবং দাশুসখ্যাদি-ভেদে ভক্তের হয়—পুরুষ-প্রয়োজন-তারতম্য **সাক্ষাৎকারেও** যত পরিমাণে ভগবানের প্রিয়ত্বর্ধান্তব হয়, তত পরিমাণেই উৎকর্ষ হয়। স্বষ্ট জিহ্বার থণ্ডাস্বাদবৎ মাধুর্যান্নভব বিনা ভগবৎ-নিক্ষল-প্ৰেমাধিক্য, সাক্ষাৎকার ভগবৎসাক্ষাৎকার এবং ক্যায়াদি-রাহিত্যাদির এক এক বৈকল্যে ভক্ত-মহত্তার ক্রমশঃ ন্যুনতা। ১৮৮-২০১। ভক্তের শ্রেষ্ঠভার

ক্রেম-কায়িক, বাচিক ও মানসিক লিঙ্গদারা--(১৮৯) মানস বিশেষদারা উত্তম ভাগবতের লক্ষণ-সর্বভূতে প্রেম। মানস লিঙ্গবিশেষ-দারা মধ্যম ভাগবতের লক্ষণ—প্রেম. মৈত্রী, রূপা ও উপেক্ষা——ভক্তি বিষয়ে অজ্ঞ উদাসীনের প্রতি কুপা— (১৯০) নিজের প্রতি দেষকারির অঙ্গুভিতচিত্ততাহেতু ছেষদ্বারা छेनां श्री छन्। प्रश्तारन স্থজনক হিরণ্যকশিপুর প্রতি—ভগবানের বা ভক্তের দেষকারীর প্রতি চিতক্ষোভ-তত্রানভিনিবেশ—উত্তম **দত্ত্বে**ও ভগবদ্বেষীতেও নি**জা**ভীষ্ট-ভক্তের পরিক্ষুতি থাকা বশতঃ দেবের

তল্পস্থারানি — যথা উদ্ধবাদির । তুর্বোধনকে নমস্কার - কিঞ্চিনানস-লিঙ্গ-সহিত ভগবন্ধর্মাচরণরূপ কায়িক লিজ দারা কনিষ্ঠ ভাগবত দ্বিবিধ-পারম্পরিক-শ্রদ্ধাযুক্ত প্রারক্ত ভক্তিসাধক গৌণ; অজাতপ্রেম, শান্ত্ৰীয়-শ্ৰদ্ধাযুক্ত সাংক মুখ্য কনিষ্ঠ— (১৯১—৯৮) উত্তম ভাগবতের লক্ষণ—(১১/২/৪৮-৫২) মূৰ্চ্ছিত-ক্ষায়, ইহার সংস্কার আছে, কিন্তু তদ্বারা বিমোহ হয় না—(৫৩) ইনি নিধৃত - ক্ষায়-নির্চপ্রেমাঙ্কুর, নৈষ্ঠিক। ইহার ভক্তিধ্যানাথ্য: ধ্রুবামুশ্বতি হইয়াছে; ইহার প্রেমাঙ্কুর অনাচ্ছাত্তরপেই জাত হইয়াছে ৷ (৫৪-৫) সাক্ষাৎ প্রেম জন্ম হেডু প্রেমিক। অর্চনমার্গে তাপাদি পঞ্চসংস্থারী, নবেজ্যা-কর্মকারক ও অর্থপঞ্চবিদ বিপ্রই-মহাভাগবত

সদাচারী তদ্ভক্তের 1605 মধ্যেই সৎ, সত্তর, সত্তম- ত্রাচার তদ্ভক্তের সত্তাগ্রপর্যায় সাধুত্ব, তাদৃশ সঙ্গের ভক্ত্যুন্থে উপযুক্ততা নাই। অর্চনমার্গে ত্রিবিধ ভক্ত—মহৎ, মধ্যম ও কনিষ্ঠ; শুদ্ধ দাস্ত-স্থ্যাদি-ভাবমাত্রদারা সর্বোত্তম অনগ্র ভক্ত দ্বিবিধ—(১) ঐশ্বনিষ্ঠ ও (২) মাধুর্যনিষ্ঠ। ২০২ ৷ মহৎ ও সন্মাত্র দারা

(১৯৯) ঈশ্বর-বৃদ্ধিদারা বিধিমার্গের

ভক্ত ছুই প্রকার—(১) অবরমিশ্র

ভক্তিসাধক—(২০০) (২) মধ্যমমিশ্র

সাক্ষাৎ ভক্তিসাধক।

নির্দিষ্ট বৈষ্ণৰ সাধু ভিন্নও স্বগোষ্ঠীর মধ্যে অপেক্ষাকৃত উত্তম আছে; যথা কমির মধ্যে বৈষ্ণব

স্থান্দে; শৈবের মধ্যে ভাগবভোত্তম বৈষ্ণবের यथा--- बुरुना बनी त्य । মধ্যে বহুভেদ-সত্ত্বেও তাহাদের প্রভাব-তারতম্য, কুপাতারতম্য ও ভক্তিবাসনাভেদ-তারতম্যন্বারা সংসঙ্গ হইতে কালশীঘ্ৰতা এবং স্বন্ধপ-উদয় হয়। বৈশিষ্টান্থারা ভক্তির মার্গভেদবিচার--অজাত - কৃচিদের পক্ষে বিচার-প্রধান মার্গ বা সাধন-ক্রমই শ্রেয়:— প্রীতিলক্ষণ ভক্তীচ্ছদের পক্ষে রুচিপ্রেধান মার্গই শ্রেয়ঃ। ২০২—২১৩। গুরুকরণ-বিচার— উভয় মার্গেই প্রাক্তন শ্রবণ-গুরুই তত্তৎ ভজনবিধি-শিক্ষাগুরু হয়েন— বহুর মধ্যে অগুতরই অভিকৃচিত হয়৷ —×11737 ব্ৰ মন্ত্রগুরুর থাকাতে মন্ত্ৰগুক একজনই—-তাঁহার কুপাতেই ভগবদাবির্ভাববিশেষে এবং: ভজন-বিশেষে রুচি হয়। শ্রবণগুরু— অপরোক ভগবদমুভবী, ক্রোধান্তবশীভূত হইলে আশ্রয়ণীর। (২০৪) রুচিপ্রধানদিগের প্রবণাদি: বিচারপ্রধানদিগের শ্রবণ-মন্ন-জাতা শ্রদ্ধা। (২০৫) ভজন-শ্রদ্ধা— (২০৬) প্রাধ্য়শঃ শ্রবণগুরু এবং ভজনশিক্ষা গুরুর একত্বই হয়— (২০৭) মন্ত্রপ্তরু একজনই হন— তদপরিতোষদারা অন্ত গুরু করা হয়, অনেক গুরুকরণে পূর্বত্যাগই সিদ্ধ হয়। (২০৮) প্রবণগুরুর সংসর্গ-দারাই শাস্ত্রীয় ভজনোৎপত্তি হয়, অন্ত প্রকারে হয় না। (২০৯) শিক্ষাগুরুরও আবশ্যকত্ব—শ্রীগুরু-কর্তৃ ক উপদর্শিত শ্রীভগবন্তজনপ্রকার-দারা ভগবদ্ধর্মজ্ঞান জন্মিলে তাঁহার কুপাদারাই ব্যুপনানভিভূত হইয়া. 'দেবে এবং গুরুতে ভক্তিমান্কেই মহাত্মারা উপদেশ দেন।' (২১০) শ্রীমন্ত্রন্ত্রত আবেগ্রকত্ব প্রতরাংই—

ব্যাবহারিক গুরুর পরিত্যাগন্বারাও প্রমার্থ গুর্বাশ্রয় কর্ত্তব্য—অতএব যে পর্যন্ত সূত্যুমোচক শ্রীগুরুর চরণাশ্রয় না

করে. সেই পর্যন্তই তাহাদের গুর্বাদি-ব্যবহার—(২১১) স্বগুরুতে ক্মিদের দারা ভগবদৃষ্টি কর্তব্য— (২১২) স্থতরাং পরমাথিদারাও গুৰুতে ভগবদৃষ্টি কৰ্দ্তব্য—প্ৰাকৃত

দৃষ্টি ভগবতত্ত্ব-গ্রহণে প্রমাণ হয় না---(২১৩) একপ্রকার শুদ্ধ ভক্ত প্রভিগবানের সহিত গুরুর অভেদ-দষ্টি তৎপ্রিয়তমত্ব-রূপেই মনে করেন, —যথা প্রচেতাগণ নিজগুরু শিবকে। ২১৪-১৬। সাক্ষাৎ উপাসনা-

লক্ষণভেদ—(২১৪) সামুখ্য দ্বিধি —নিবিশেষময় ও সবিশেষময়— দিতীয় পুন: বিবিধ—অহংগ্রহো-পাসনারপ ও ভক্তিরপ। (২১৫)

জ্ঞান—তাহার সাধনপ্রকার—মহতের দিব্য ক্রপাবিশেষদারা লাভ করিলেই অভেদোপাসকের ভগবত্তাদিরপা চিন্মাত্র বস্তুতে

জ্ঞানের লক্ষণ—অভেদোপাসনাই

বিশেষোপলব্ধি হয়, নতুবা নিবিশেষ চিন্মাত্র-ত্রন্ধানুভবদারা ভাহাতেই লীন হয় (২১৬)

অহংগ্রহোপাসনা — 'তচ্চক্তিবিশিষ্ট ঈশ্বরই আমি'—এইরূপ চিস্তা; ইহার ফল--নিজেতে তচ্চ্জ্যাদির আবির্ভাব, ইহার অন্তিম ফল সারাপ্য সাষ্ট্রাদি—

ভক্তি অর্থ সেবা—কায়িক, বাচিক ও মান্যাত্মিকা ত্রিবিধ অনুগতি-

অতএব ভক্তিতে ভয়-দ্বেষাদির এবং। অহংগ্রহোপাসনার নিরাকরণ— তদমুগতিই শ্রীভগবল্লাভের উপায়।

২১৭। ভক্তি ত্রিবিধা—(১) আরোপসিদ্ধা, (২) সঙ্গসিদ্ধা ও (৩) সরপসিদ্ধা——ঐ ত্রিবিধা ভক্তিই আবার অকৈতবা ও সকৈতবা। (১) আরোপসিদ্ধা——নিজের

ভক্তিত্বাভাবেও ভগবদর্পণাদিদ্বারা ভক্তিরপ্রাপ্তা, কর্মাদিরাপ—(ক) লৌকিক কর্মার্পণ—কোনও প্রকারে তদ্ধসিদ্ধির জন্ম কায়মনোবাকাদারা ক্বত লৌকিক কৰ্মও ভগবানে অৰ্পণ

করিবে—ছম্বরে দ্বিবধা গতি— জ্ঞানেচ্ছদের অবিশেষ দারা এবং ভক্তীচ্ছদের ছন্ধর্মাদির অর্পণবারা ছ্র্বাসনোখ-ছঃখদর্শনহেতু করুণাময়ের করণা প্রার্থনা করা হয়, স্কর্মে বা তৃষ্কর্মে রাগ-সামান্ত সৰ্বতোভাবে

ভগদ্বিষয়ক হউক—এইভাবে প্রার্থনা

হয়। কামিদিগের সর্বথাই সর্ব-

হুন্ধ্যাপণ—(১৮) (খ) কর্মার্পণ---অক্লেশে যে কোনও প্রকারে ভগবানে কর্ম অপিত হইলে কামনা-প্রাপ্ত্যন্তর সংসার-নাশ-যথা নাভি ঋষভ ভগবান্কে পুত্ররূপে

পাইলেন। (২১) ভগবানে কর্মার্পণই

ত্রিতাপের চিকিৎসা—(২২০-১) সংসারবন্ধন-হেতু কর্মই ভগবানে অপিত হইলে রোগোষধনৎ সংসার-বন্দনাশক হয়। (২২২) ভগবদাশ্রয়ই

বাস্তবিক কর্মফল-যথা ভরত সূর্ব-দেবতাংশী ভগবান বাস্থদেবে সর্বর্ম অর্পণ করার ফলে সর্বকামশৃত্য

হইলেন——(২২৩) অন্তর্যামি-বাস্থদেবের প্রবর্ত্তকত্বহেতু মুখ্য

কর্ত্ত্ব, অতএব কর্মফলও তদাশ্র অঙ্গী বিষ্ণুর। যজের অঙ্গরূপে ভজন-(माय—दिक्थन गार्ग इटेंट्ल ख्रेड्डे পাৰভিত্ব-সর্ববেদমার্গই ভগবানে পর্যবসিত—বিশুরাস্কঃকরণ ভরতে সত্রদ্ধ শ্রবণ-কীর্ত্তনাদি-লক্ষণা বৃদ্ধিশীলা

ভক্তিরই উদয় হইল। কর্মার্পণ দ্বিবিধ —ভগবংপ্রীণনরূপ এবং তাহাতে তত্যাগরূপ—(২২৪) কর্মকারণ তিন —কামনা, নৈম্বর্যা এবং ভক্তিমাত্র: কামনাপ্রাপ্তি যথা—অঙ্গ রাজার. যথা---নিমিপ্রতি: रेनेकर्गा ভক্তিপ্রাপ্তি--- যথা ভরতের। ২২৫। (২) সঙ্গদিদ্ধা মিশ্রা

ভক্তিত্বাভাবেও

ভক্তি—নিজের

তদন্তঃপাতী হইয়া জ্ঞানকর্মানিরও ভক্তিত্ব – (ক) কর্মমিশ্রা— ত্রিবিধা (অ) সকামা; (আ) কৈবল্য-কামা; (ই) ভক্তিমাত্রকামা; সকামা প্রায় কর্মনিপ্রাই হয়—কর্ম অর্থ ধর্ম - ভগবদর্পণদ্বারা ভক্তির পরিকরত্ব-প্রাপ্ত কর্মকেই ধর্ম বলে। ২২৬-২৭! (অ) মিশ্রা সকামা —যথা ঐকর্দম ঋষির—(৩২১)

ভক্তির পরিকরক্লপে সংস্থাপনদার!

(আ) কৈবল্যকামা—কখনও কর্ম-জ্ঞানযিশ্ৰা. কখনও বা জান-(২২৮) (ই) ভক্তিমাত্র-কামা-কর্মহা ; (২২৯) (খ) কর্ম-জ্ঞানমিশ্রা (২৩০) (গ) জ্ঞানমিশ্রা।

(v) স্থরপ্রসিদ্রা---অজ্ঞানাদিদ্বারাও ভক্তির প্রাত্বর্ভাব হওয়াতে সাক্ষাৎ তদমুগত্যাত্মা ভক্তিত্বাব্যভিচারিণী তদীয় শ্ৰবণ-

কীর্ত্তনাদিরূপা—- (অ) কেবল স্বরূপসিদ্ধা—উপাস্কের (সগুণ)

শংকল্পহেতৃ তত্তৎগুণস্ববারা উপচারিত (ক) সকামা তামশী-(তা২৯৮) (২৩২) (খ) সকামা রাজগী—(৩) ২৯৯) (২৩৩) (গ) কৈবল্যকামা সান্তিকী--(থ্যহ৯।১০)।

বৈধী এবং রাগান্তুগা —(খা) অকিঞ্চনা ভক্তিমাত্র-কামা, নিষ্ণামা, নির্গুণা বা কেবলা স্বরূপসিদ্ধা——শ্রবণাদি - মার্গভেদ, দাস্তাদিভাবভেদ এবং সম্ভাদিগুণভেদ-দারা ভক্তিযোগ বিভক্ত হয়— (২৩৫; বৈধী—(ক) শাস্ত্রোক্তবিধি-দারা প্রবন্তিতা—প্রবৃত্তিহেতৃ এবং কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহেতু; (খ) অর্চন-ব্রতাদিগত—শ্রীভগবান্ উদ্ধবকে— (>>129160)1

২৩৬। বৈধীভক্তিভেদ---(১) শর্ণাপত্তি—অন্তগতিত দ্বিবিধ— আশ্রান্তরের অভাব-কথনহারা এবং কথঞ্চিদাশ্রিত নাতিপ্রজ্ঞান্বারা অত্যের ত্যাগদারা—ষ্ড্রিধ শরণা-গতির মধ্যেও 'গোপ্ত ে বরণই' অক্সাগ্রগুলি পরিকরতহেত তাহার অঙ্গ—স্বাঞ্সম্পন্না ভক্তেরই শীঘ্র সম্পূর্ণ পত্তিবিশিষ্ট ফল হয়, অত্যের যথাসম্পত্তি এবং যথাক্রম জানিবে—(২৩৭) শরণাপত্তি-হইলেও সিদ্ধ देव भिष्ठा-লিপ্তু শক্ত হইলে নিত্য বিশেষ-क्राप शुक्रामना कतित्वन-(२) শ্রবণ গুরু বা মন্ত্রগুরুর সেবা---অনর্থনিবজি-বিষয়ে এবং ভগবানের প্রমসিদ্ধি-বিষয়ে শ্রীগুরুর প্রসরতাই মূল-এ গুরুভ ক্তি দারাই সর্বানর্থ নাশ হয়-শ্রীগুরুভক্তি অস্ত ভগবন্তজনের

অপৈক্ষা করেনা—জ্ঞানপ্রদ অপেক্ষা অধিক সেব্য আর কেছ নাই —তদভজনাধিক ধর্মও আর নাই, যথা শ্রীভগবান শ্রীদামকে। (২৩৮) শ্রীগুরুর আজ্ঞাতে তাঁহার সেবার

দোষ হয়—বেদজ্ঞ ভগবদমুভবী মৎসরা দিশুন্ত, গুরু তিনি অতএব মহাভাগবতের

সংকারাদিতে শিশ্বকে অমুমতি দেন

অবিরোধে অন্তবৈষ্ণবসেবা মঙ্গলপ্রদ.

বলিয়া শিষাকে উভয পড়িতে হয় না—মহৎদেবার বিরোধী গুরু দূর হইতে আরাধ্য—বৈঞ্চব-বিদেষী গুরু পরিত্যাভ্য-যথোক্ত-লক্ষণ গুরুর অবিভামানে. গুরুবৎ শমবাসন নিজের প্রতি কুপালুচিত

একজন মহাভাগবতের নিতাসেবা

মণিসঙ্গবৎ প্রম মঙ্গলপ্রদ—অনন্তর

সেবাবিধান।

যথাযোগ্য

দিবিধ:

ভাগবতিহ্নধারীমাত্রেরই

মুখ্য — শ্রীগোপ্যাদিতে,

মহা-

ভাগবতদেবা দিবিধা—(ক) প্রসঙ্গ-রূপা: (খ) পরিচর্যারূপা—(২৩৯) প্রদঙ্গরূপা—সৎপ্রদঙ্গরা সদভক্তিরূপ ভক্তিনিষ্ঠা অন্তরঙ্গ পাওয়া যায়. তৎসঙ্গ যেরূপ বশীভূত ভগবানুকে করে. যোগাদিতে সেরূপ করে না । বৈঞ্চৰব্ৰত অবশ্য কৰ্ত্তব্য। বশীকরণ

তৎফল ফলোন্মুখীকরণতা। ২৪০। শ্রীভর্গবানের এবং ভগবদীয় ভিন্ন অগ্ৰ সাধন मुल ব্যতিরেকেও পশ্বাদি ব্রঞ্জে আগন্তুক গোপীগণ পর্যস্ত অনেকেই <u> এী ভগবানুকে</u> পাইয়াছে—(২৪১)

তৎফল প্রেম, গৌণ—বাণাদিতে—

সৎসঙ্গমাত্রদারা শ্রীগোপ্যাদির মুখ্য-বশীকরণ অন্তসঙ্গরা পাওয়া অসম্ভব **—**(२*8*२) কেবলমাত্র প্রীতিহেত ব্রজে গোপ্যাদির সংসঙ্গমাত্র-জন্ম-দারাই যোগাদিতে যদ্ধনান যোগি-প্রভৃতিরও শ্ৰীভগবানকে অলভ্য পাওয়া যায়—(২৪৩) অজ্ঞাতকৃত সং-

সঙ্গও অর্থদ হয়। २८८। (४) পরিচর্যারূপা — মহাভাগবতের পরিচর্যাদ্বার। প্রদক্ত-মাত্রাপেক্ষাও বিশিষ্ট ফল প্রেমোৎসব হয়, কারণ নিজ পূজাপেকাও ভজের পূজা ভগবানের সর্বতোভাবে অধিক প্রীতিকরী—(২৪৫) ব্যতিরেকমুখে —জড় শরীরাদিতে আত্মাদি বুদ্ধি-কারী এবং তত্ত্ববিৎ ব্যক্তিতে পূজ্য-বুদ্ধিহীন জন অতিনিক্নষ্ট—(২১৬) মহাভাগবত-সেবাসিদ্ধের তাঁহারা অতিপ্রিয় দেহের এবং দেহ-সম্বনীয় স্ত্রী-পুত্রাদির স্মরণহীন। ২৪৭। বৈষ্ণব্যাত্তের যথাযোগ্য

জন্ম বৈষ্ণবের পরিতোষণ কর্ত্তব্য-অচ্যত গোত্ৰমাত্ৰই ব্ৰাহ্মণ এবং উত্তমজাতিহেতু পৃথুরাজের আদেশের বাহিরে ছিল—'অবৈষ্ণব বিপ্রকে করিবে না'—এই শ্বপচবৎ দৰ্শন তদ্বৰ্শনাশক্তি - নিষেধপর. বাকা শ্রীযুধিষ্ঠির দ্রৌপতাদির অশ্বখামাপ্রতি তথাব্যবহারই দৃষ্ট হয়—ভক্তিবৈশিষ্ট্য-হেতৃ আরাধনের বৈশিষ্ট্যও দেখা যায়—অইবিধ-ভক্তিযুক্ত শ্লেচ্ছও বিপ্রেক্ত, মুনিশ্রেষ্ঠ, জ্ঞানী ও পণ্ডিত পূজ্য—বৈষ্ণবের

হরিব**ং**

বান্ধণমাত্রেরই

গ্রীভগবান এবং উদ্ধবাদি ভক্তবৎ

বন্দনা.

বলিয়া

পকে

আরাধন কর্ত্তব্য-বিষ্ণুর প্রসন্নতার

অবশ্য কর্ত্তব্য. অন্তথ ক রি**লে** ভগবদাদেশ লজ্মন করা হয়—বৈষ্ণব-বৈষ্ণবদের পূজকদ্বারা আচাবও বিচারণীয় নহে—ছৰ্জাতিত্ব ছুরাচারিত্বহেতুও তদ্ভক্তজন অব-মন্তব্য নয়, স্মতরাং নিজাপমানকারি-জনকেও অপমান করা কর্ত্তব্য নহে। अवगानित शूर्वरे এই মহाজनानित সেবা—অগ্নিদেবাবৎ সাধুসেবাদারা কর্মাদিজাত্য, আগামি সংসারের ভয় এবং তনা,ল অজ্ঞান নাশ হয়।

২৪৮। (৩) প্রবণ-নামরূপগুণ-লীলাময় শব্দের শ্রোত্র-স্পর্শ—(ক) নাম-শ্রবণ--(২৪৯) (খ) রূপ-শ্রবণ (২৫০) (গ) অন্বরমুথে গুণ-শ্রবণ ভাষ মহাভাগবত-—ভগবানের দিগেরও গুণ-শ্রবণ কর্ত্তব্য-(২৫১-৫২) ব্যতিরেক-মুখে--নিন্দুক, ব্যাধ-বং ইহলোক পরলোকের স্থথে বঞ্চিত—(২৫৩) (ঘ) লীলাশ্রবণ— লীলাবর্ণনার জন্মই প্রীভাগবতের আবির্ভাব (২৫৪) দীলা দ্বিবিধা— (অ) প্ট্যাদিরপা, (আ) লীলা-বতার-বিনোদরপা; (২৫৫) লীলা-বতার-বিনোদরূপা লীলা তদিতর-শ্রবণ-রাগনাশক এবং পরম মনোহর, লীলাশ্রবণ মর্ত্ত্য শরীরকেই ত্বিতমৃত্যু করিয়া পার্ষদত্ব লাভ করায়, যথা ধ্রুবের। (ঙ) তৎপরিকর-শ্রবণ।

২৫৬। সাধনক্রম—প্রথমতঃ অস্তঃকরণ-শুদ্ধির নাম-জগ্য শ্রবণ, তৎপর গুণস্ফুরণ তারপর লীলা-পরিকরস্ফুরণ ; স্কুরণ স্বর্চ হয়। কীর্ত্তন শারণেরও এরপ ক্রম।

মহনুথরিত হইলে শ্রবণ মহা-মাহাত্মাজনক হয়—জাতরুচিদের পরম ত্রখদ হয়। মহনুখরিত দ্বিবিধ শ্রবণ-(ক) মহদাবির্ভাবিত-শ্রীমদ্-ভাগবত, শ্রীকৃষ্ণকর্ণামৃতাদি: (২৫৮) মহৎকীর্দ্তামান-শ্রীপৃথুবাক্য, প্রীনারদবাকা।

২৫৯--৬১। শ্রীভাগবত - শ্রবণ তাদৃশ প্রভাবময়-শব্দাত্মকত্বহেতু এবং পর্মরসময়ত্বহেতু পরম (২৬২) স্বাস্ন মহামুভবের মুখ হইতে নিজাভীষ্ট নামাদি শ্রবণ বারংবার কর্ত্তবা—প্রীক্ষের পূর্ণ-**ভগবত্তহেতু কুফ্ডনামাদি-শ্রবণ পরম** ভাগ্যেই হয় – প্রীশুকদেবাদি মহৎ-কীতিত নামাদিই কীর্ন্তনীয়—শ্রবণ जिन्न कीर्खना नित्र ख्वान हत्र ना दलिया **শকলের পূর্বে কর্ডব্য**— মহৎক্বত কীর্ত্তনের শ্রবণ-ভাগ্য না हरेल, निष्करे भुषक कीर्जन कतित्व. বক্তা থাকিলে শুনা, শ্রোতা থাকিলে বলা এবং অন্ত সময়ে স্বয়ং গান করা কর্ত্তবা।

(৪) কীর্ত্তন—(ক) নামকীর্ত্তন— নামকীর্ত্তন সর্বপাপের প্রায়শ্চিত্ত— নামোচ্চারকের প্রতি শ্রীভগবানের মতি হয়—স্বাভাবিক ভগবদাবেশ-বশতঃ তদীয় স্বরূপভূতস্বহেতু নামের একদেশ-শ্রবণও পর্ম ভাগবতের প্রীতিকর।

২৬৩। নামকীর্ত্ত্র-ফল—নিজ-প্রিয় নাম-কীর্ত্তনদারা অমুরাগ জন্মে চিত্তদ্রবতাহেতু ভাববৈচিত্রী হয়, অতএব নামকীর্ত্তনেরই সাধক-তমত্ব—নামকীর্জনমাত্রত্বারা একজন্মে

যোগিদের বছজন্ম-ছর্লভা আর্রচ গতি লাভ হয়—ভগবানে মন আসক্ত **इ**हेरन রাত্রিদিন নির্ভয়ে তদ্রতিকর নামসকল নির্লজ্জভাবে কীর্ত্তন করিবে—সর্বদাই 'গোবিন্দ'— এই নাম বাচ্য।

শ্রিহরিনামকীর্ত্তন পাপ-ক্ষয়-করণানম্ভর ভগবদৈশ্বর্য সৌন্দর্যাদি অমুভব করায়।

₹७€ 1

শ্রীহরির নামামুকীর্ত্তনই

সিদ্ধ সকলের শ্রেয়:—উচ্চ নামকীর্ত্তনই প্রশস্ত— দশ নামাপরাধ পরিত্যাজ্ঞা—(১) সতের নিন্দা—বাচিক হিংসা—ছয় বৈষ্ণবাপরাধই ত্যাজ্য—'হস্তি নিশ্বতি বৈ ছেষ্টি বৈষ্ণবান্ নাভি-নন্দতি। কুধ্যতে যাতি নো হর্বং দৰ্শনে পতনানি ষ্টু ॥' বিষ্ণু-বৈষ্ণবের নিন্দাকারির জিহ্বা ছেতব্য, অসমর্থে অন্তত্ত গমন বা স্বপ্রাণ-পরিত্যাগ কর্তব্য—(২) শ্রীবিফুর সর্বাত্মকত্ব হেতু তাঁহা হইতে শিবের গুণনামাদি শক্তান্তব-সিদ্ধ (य मत्न करत, (म नामानताधी। (৩) শ্রীগুরুর অবজ্ঞা (৪) শাস্ত্রনিন্দন—(৫) অর্থবাদ——ইহা স্তুতিমাত্র এইরূপ মনে (৬) কল্প-নামমাহাত্মাকে গৌণ করার জন্ম অন্ম গতি চিন্তা করা— নাম-বলে পাপে বৃদ্ধি-ভগবচ্চরণ-সাধন নামকে ঘুণাম্পদ পাপনাশে নিযুক্ত করাতে নামের কদর্থ করা হয় বলিয়া মহা-অপরাধ হয়, যাহা নিরস্তর নাম কীর্ত্তনমাত্রদারাই দূর হয়—ইচ্ছের অশ্বমেধ্যজ্ঞরূপ-ভগবদ্যজন-বলে বুত্র- • হত্যা-প্রবৃত্তিতে দোষ নাই—(৮)
ধর্ম-ব্রতত্যাগাদির সহিত নামের
সাম্য-মনন—(৯) অশ্রদ্ধালু, বিমুখ
এবং শুনিতে অনিচ্ছুককে নামোপদেষ্টা অপরাধী—(১০) শ্রীহরিনামমাহাক্ষ্য শ্রবণ করিয়াও অহস্কার
বশতঃ নামে অনাদর। দশ
নামাপরাধীই পাষ্ণ্ডী—মহদপরাধের
ভোগ বা মহতের অন্তগ্রহ্বারা নিবৃত্তি
হয়।

২৬৬। (খ) শ্রীরূপকীর্ত্তন— যথা শ্রীপরীক্ষিত ও চতুঃসনবাক্যে— (২৬৭) (গ) গুণকীর্ত্তন— শ্রীব্যাসপ্রতি শ্রীনারদবাক্য-(২৬৮) প্রীভগবদ্গুণকীর্ত্তন নিত্যনৃতনোলাস-হেতু সাধক এবং সিদ্ধদের নিত্য-ক্লম্মপ। (ঘ) লীলাকীর্ত্র— সম্রদ্ধ লীলা-শ্রবণকীর্ত্তনদারা ভগবান শীঘ হৃদয়ে প্রবেশ করেন। (২৬৯) ভগবৎলীলাময় গান তদীয় রতিপ্রদ — प्रक्र थाकिल नामनीनापित গানই প্রশস্ত – গানশক্ত্যভাবে শ্রবণ, তদমুমোদন: তদাসজ্যভাবে গায়কেরা প্রাণিমাত্তের প্রম উপ-কার করে, কিমুত ভক্তদের—বহুজন मिनिত कीर्जनरकर गःकीर्जन नरन. উহা চমৎকার-বিশেষ-পোষণহেতু গানাপেকা অধিক মাহান্যযুক্ত-তৃণাদপি স্থনীচ, তরুর ন্থায় সহিষ্ণু, সংকীর্দ্ধন কবিবে।

২৭০। কলিকালে কীর্ত্তন দারা ভগবান বিশেষ তুষ্ট হন— (২৭১) কলিকালে কীর্ত্তনদারাই অভ্যযুগীয় সাধনের ফল পাওয়া যায়—(২৭২) কলিকালে সাধনাস্তর-নিরপেক্ষ

সংকীর্ত্তনদারাই সর্বস্বার্থ পাওয়া যায় —(২৭৩) কীর্ত্তনদারাই ভগবরিষ্ঠা-রূপ প্রমা শাস্তি পাওয়া যায়এবং সংসার-নাশ হয়—ভক্তিমাত্রই কাল-দেশাদি-নিয়ম-নিরপেক্ষ. কলিসম্বারা কীর্ত্তনের উৎকর্ষ নছে। সমাধি পর্যন্ত স্মরণ হইতে কীর্ত্তন গরীয়ান্, বিষ্ণুপুরাণে দেখান হইয়াছে-সকল যুগেই কীর্তনের গমান গাম্প্য হইলেও কলিতে ভগবান্ কুপাপূর্বক তাহা অবশুই গ্রহণ করেন বলিয়া তাহার প্রশংসা, অতএব কলিযুগে অন্তান্ত ভক্তিও কীর্ত্তন-সংযোগেই কর্ত্তব্য-স্বতম নামকীর্বন অতান্ত প্রশন্ত-(২৭৪) কলিতে নামকীর্ত্তন-প্রচার প্রভাবদারাই পরম ভগবৎপরায়ণত সিদ্ধ হয় – কলিতে পাষ্ণ্ড-প্রবেশদারা তদ্হিমুখ হয়— নামাপরাধিরা (২৭৫) নিজদৈন্ত, অতীষ্ট-বিজ্ঞপ্তি এবং স্তব-পাঠও কীর্ত্তনাম্ভর্ভ ত— অক্সনামাপেকা <u>শ্রীভাগবত</u>স্থিত নামাদি কীর্ত্তন অধিকতর প্রশন্ত-শরণাপত্যাদিম্বারা শুদ্ধান্তঃকরণ হইলে অপরিত্যাগ দারাই নামকীর্মনের পারণ কর্তবা। (৫) স্মরণ-মনদারা অহসকান

(৫) স্মরণ—মনদার। অহসদ্ধান
—স্মরণসামান্ত [তা ১১।১৩।১৪]
(২৭৬ ক) নামস্মরণ—ইহা শুদ্ধান্তঃকরণের অপেক্ষা করে—(২৭৭)
(খ) রূপস্মরণ—গ্রীক্রন্টে প্রেমভিক্রই
ইহার মুখ্য ফল—অন্ত সকল আফুমঙ্গিক; (২৭৮) (গ) গুণস্মরণ, (ঘ)
পরিকর-স্মরণ, (৬) সেবা-স্মরণ, (চ)
লীলাস্মরণ। স্মরণ পঞ্চবিধ—স্মরণ,

ধারণা, ধ্যান, গ্রুবামুশ্বতি

এবং

সমাধি। সমাধি—ভগবদাবিষ্টচিত্ততা প্রায়শঃ শাস্তভজের—যথা জীমার্কণ্ডেয়ের; ইহা 'অস্প্রেজ্ঞাত'নামক ব্রহ্ম-সমাধি হইতে পৃথক্—
(২৭৯) লীলাভিন্ন অন্ত বিষয়ের অন্ত্র্তিই সমাধি—যথা দাসাদিভক্তদের।

২৮০-৮২। (৬) পাদসেবা-ক্রচি এবং শক্তি থাকিলে স্মরণত্যাগ না করিয়া পাদসেবা কর্ত্তব্য, কেহ কেহবা সেবা-স্মরণ-সিদ্ধির জন্ম পাদ-সেবা করে: সেবা কালদেশাদির উচিত পরিচর্যাদি-পর্যায়—(২৮৩) তৎপরিকরত্ব-প্রাপ্তির জন্ম পাদসেবার মধ্যে শ্রীমৃত্তির দর্শনাদি এবং তদীয়-তীর্থে গমনাদি অন্তভূত। শ্রীগঙ্গা-প্রভৃতিতেই ভক্তির নিদানত্ব হেতু গঙ্গাদি এবং গঙ্গাস্থিত প্রাণ্যাদি পর্ম-ভাগৰত বলিয়া তৎসেবাতেই পর্য-হয়—নিজোপাসনা-স্থানই অধিকসেব্য—শ্রীক্বফের পূর্ণভগবতা-হেতু তৎস্থানই সকলের পূর্ণ পুরুষার্থদ হয়। তুলসীদেবা-পরম-ভাগবৎপ্রিয়ত্বহেতু তুলসীদেবা সং-সেবার মধোই গণা।

(৭) অর্চন—আগমোজ
আবাহনাদিক্রমক—যদি তন্মার্গে
শ্রদ্ধা হয়, তবে শিশ্ব মন্ত্রগুরুর নিকট
বিশেষ ভাবে জিজ্ঞাসা করিবে—
অর্চনবিনাও শরণাপত্ত্যাদির একটী
দারাই পুরুষার্থ সিদ্ধ হয় বলিয়া
যদিও শ্রীভাগবত-মতে পঞ্চরাত্রাদিবৎ
অর্চনমার্গের আবশুকতা নাই, তথাপি
যাহারা শ্রীনারদাদির বর্মামুসরণ
করিয়া দীক্ষাবিধান দারা শ্রীভগ-

বানের সঙ্গে শ্রীগুরু-সম্পাদিত সম্বন্ধ-

স্থাপন করিতে ইচ্ছুক, তাহাদের দীক্ষা-গ্রহণান্তর অর্চন অবশ্র কর্ত্তব্য। **শ্রীমন্মক্ষে** দীক্ষাদার। পাপক্ষয়, ভগবংস্বরপজান এবং তদ্বারা শ্রী-ভগবানের সহিত সম্বন্ধ-বিশেষ-জ্ঞান হয়-সম্পত্তিমান্ গৃহস্থদের পক্ষে অর্চন-মার্গই মুখ্য—উহা না করিয়া নিষিঞ্চনবৎ কেবল স্মরণনিষ্ঠ হইলে বিত্তশাঠ্য হয়, পরের দারা উহা করা ব্যবহারনিষ্ঠ এবং অলসত্ত-প্রতিপাদক ও অশ্রদ্ধাময়ত্বহেতু দীন —অত্যন্ত বিধি সাপেক্ষত্বশতঃ এবং দ্রব্যুসাধ্যতার জন্ম গৃহস্থদের পক্ষে অর্চন বা পরিচর্ঘামার্গের প্রাধান্ত। দীক্ষাগ্রহণানস্তর গৃহস্বসকলেরই মূল-দেকরূপ শ্রভগবদর্চন করা কর্ত্তব্য, তদকরণে নরকপাত শুনা যায় ৷ অশক্ত বা অযোগ্যপক্ষে পূজাদর্শন ও মানস-পূজা কর্ত্তব্য-অর্চনমার্গে কিন্তু বিধি অবশ্য অপেক্ষণীয়. অর্চনের পূর্বে দীক্ষাগ্রহণ কর্ত্তব্য শাস্তীয় বিধান শিক্ষণীয়, বৈষ্ণব-সম্প্রদায়-অত্মনারেই দীক্ষা কর্ত্তব্য-অর্চনমার্গে স্বভাবতঃ কদর্য-শীল বিক্ষিপ্তচিত্ত লোকের স্বভাব-সঙ্কোচ-করণের জতুই দীক্ষাগ্রহণাদি মর্যাদা খাবিদারা স্থাপিত হইয়াছে —দীক্ষা এবং নাম্ময় মন্ত উভয়ই ফলাদিদানে একে অন্তের অপেক্ষা করিয়া শক্তিদ. গ্রহণমাত্রে অভিবাঞ্জিত-ফলদ। **শ্রীগোপাল**মন্ত্র স্থপ্রকাশ বলিয়া সাধ্যাদির অপেকা নাই---শাস্ত্রবিধান্নসারে অর্চন করিয়া নীচলোকও শীঘ্র ফল পায়, স্বপ্নেও তাহার বিদ্ন হর না: কিন্ত বিধির অনাদর করিয়া বিদ্বান্

লোকও সিদ্ধ হইতে পারে না. যথা
পৃথুপ্রতি পৃথিবীবাক্য। অর্চন দিবিধ
(ক) কেবল— নিরপেক্ষ শ্রদ্ধাবানের,
যথা আবিহোত্র এবং নারদবাক্য—
(খ) কর্মমিশ্রা—ব্যবহারচেষ্টাতিশরবান্, শ্রদ্ধালু, প্রতিষ্ঠিতও লোকসংগ্রহপর গৃহস্থদের।

345 শ্রাদ্ধাদি-লোকাচার-বিবেকজ্ঞ সিদ্ধ গৃহস্থদেরও আমরণ রক্ষণীয়। ইহাদের কর্ম-প্রযত্ত : দ্বিবিধ—(ক) শ্রীনারদ-পঞ্চরাত্রাদির ম:ত অন্তর্যামি-ভগবদ্ধি-দারাই সর্বারাধন কর্ত্তব্য-বিষ্ণুযাগলমতে—বিষ্ণু-নিবেদিতাল্লখারা দেবতাস্তরের এবং বিহিত— পিত্রাদির আরাধনা শ্রীভগবৎপীঠাবরণ-পূজাতে গণেশ-তুর্গাদি ভগবংশ্বরপভূত শক্ত্যাত্মক ভগবংনিতাসেবক—শ্রুতিতন্ত্রাদিতেও শ্রীকৃষ্ণস্থরপভূত শ্রীমদপ্তাদশাক্ষরাদি অধিষ্ঠাতৃত্ৰপে ত্বৰ্গানামী ভগবম্বক্ত্যাত্মক স্বরূপভূত-শক্তিবৃত্তি-বিশেষ দেখা যায়, ভাহারই দাসীভুল্যা ছৰ্গা এই প্ৰাক্বত মায়াংশরূপা মন্ত্রকা-সক্ষণ সেবার্থ নিযুক্ত আছে—মায়াতীত অপ্রাক্বত বৈকুণ্ঠাদিলোকে দিকপালগণও নিত্য অপ্রাকৃত ভগবদংশরূপ- সর্বত্ত গোপবেশধর হরি দেবদেবেশ, কেবল রূপভেদে নামভেদ প্রকীন্তিত হয় মাত্র—অনগ্রভক্তগণ বিষক্ষেনাদিবৎ বিনায়কাদির এবং দিক্পালগণের ভাগৰত ও নিত্যবৈকুণ্ঠাদি-সেৰক বলিয়া সৎকার করিবে—প্রোক্ষণাদি-দারা পূজা করিবে, হরির ভুক্তাবশেষ

তাঁংগদিগকে দিবে এবং তচ্ছেষ্যারা হোমও করিবে।

২৮৬। ভগবদাবরণদেবতা নহে বলিয়া ভুতাদির পূজা তৎপূজান্ত-রূপে বিহিত হইলেও করিবে না— অবশ্য পূজ্য সন্ধর্ষণাদির পূজাও তৎ-ষীকৃত ম্ভাদিদারা করিবে না। পীঠ-পূজাতে ভগবদামে শ্রীগুরুপাত্বকা পূজন সঙ্গত, যথা যে ভগবান্ এথানে ব্যষ্টি ভক্তাবতার গুরুদ্ধপে বর্ত্তমান, তিনিই ধামে নিজবামে সমষ্টি সাক্ষাৎ অবতার প্রীগুরুদেবরূপে বর্তুমান। শ্রীরামাত্যপাসনাতে, শ্রীকৃষ্ণগোকুলো-পাসনাতে—শঙ্খচক্রাদি শ্রীক্লফচরণ চিত্ৰ, গলা—মানসগলা, খেতৰীপ— ব্ৰহ্মশংহিতায়; গোলোক , যথা তত্ত্ৰত্য অপ্ৰাকৃত সোমস্থাগ্নি-মণ্ডল অতিশৈতাতাপগুণ পরিত্যাগ করিয়া বর্ত্তমান; যথা নুসিংহ-তাপনীতে। কর্মমশ্রতাদি নিরসনের জন্ম তৎপরিকরত্বাদি ব্যাখ্যাত হইল —শুদ্ধ ভক্তদের ভূতশুদ্ধি— নিজাভি-লষিত ভগবৎসেবোপযোগি পার্ষদদেহ-ভাবনা-পর্যন্তই,তৎদেবৈক-পুরুষার্থীদের দারা নিজামুকুল্যহেতু কর্ত্তব্য। কেশবাদি-ভাস—অধ্যা**ল-**বিষয়ে তন্মতিখ্যান এবং ততন্ত্রে জপ করিয়া তত্তদঙ্গপর্শমাত্র করিবে. শ্রীভগবদ্ধাম-গতই— ধ্যান কাৰগায়ত্ৰীধ্যান এবং মানসপূজা ধামেই চিন্তনীয়; কারণ স্থ্যওলে শ্রীবৃন্দাবননাথ তেজোময় প্রতিমা-রূপেই থাকেন—সাক্ষাতে থাকেন না। বহিরুপচার দারা অন্তঃপূজাতে — বেগ্নাদিপূজা তন্মুখাদিতে ভাব্য, স্বমুখাদিতে নয়-মানসাদি পূজাতে

ভূতপুর্ব তৎপরিকর-লীলাসংবলিতত্বও কল্পনাময় নয়, যথার্থ ই; মানসপূজা-মাহাত্ম—এই মান্য যোগ জ্বা-ব্যাধি-ভয়-নাশক। অষ্টবিধা প্রতিমার মধ্যে মনোময়ী মৃত্তির স্বতন্ত্রভাবে বিধানহেতু কোথায়ও মানস পূজা স্বতন্ত্রাও হয়। পূজাস্থান বিবিধ— শালগ্রাম শিলাদিতে—মথুরাদি ক্ষেত্র श्रीकृष्णिति यहाधिष्ठीन। প্রতিমা দ্বিবিধ-চলাও অচলা। প্রতিমাকে প্রমোপাদকেরা সাক্ষাৎ প্রমেশ্বর বলিয়াই দেখেন, অতএব তৎপূজায় আবাহনাদির ব্যাখ্যা—শূদ্রাদি-পুঞ্জিত অর্চাপূজার নিষেধ্বচন অবৈঞ্ব-শুদ্রাদিপরই—ভক্তের উপাস্ত অর্চার সর্বোপরি উৎকর্ষতা—শ্রীকৃষ্ণই পূজার পাত্র, যথা যুধিষ্ঠিরের রাজস্বয়যজে।

২৮৭—৮৯। জ্ঞানাদি-পরিমাণ এবং
ভগবংবর্ত্তনাতিশয্যহেতু পুরুষে
পাত্তোৎকর্ষতা—(২৯০-৯১) ত্রেণ্ডাদি
যুগেই পৃথক প্রতিমার বিধান
হইয়াছে—(২৯২—৩) পুরুষের
মধ্যে ব্রাহ্মণই শ্রেষ্ঠ পাত্র—মুমুকুদারা
জ্ঞানিপূজাই মুখ্যা।

২৯৪। প্রেমভক্তি-কামিদের
প্রেমভক্তপৃজাই অধিক—ভগবানের
বিলক্ষণ প্রকাশস্থান বলিয়া অর্চারই
আধিক্য স্থাপিত হইল—তন্নিবাস-ক্ষ্মোদি-মহাতীর্থস্থ কীটাদিও
ক্বতার্থ।

২৯৫। একাদশ পূজাধিষ্টানভেদে পূজা-সাধনভেদ উপাসনা দ্বিবিধ — (ক) অধিষ্ঠানের পরিচর্যাদারা অধিষ্ঠাতার উপাসনা। (খ) সাক্ষাৎ অধিষ্ঠাতার উপাসনা; নিজপ্রেম-সেব্য স্বাভীষ্টক্লপ-বিশেষ প্রম- ত্বকুমারত্বাদি-বৃদ্ধি-জনিতা প্রীতিধারাই সর্বথা সেবনীয় — অগ্ন্যাদিতে
তদস্তর্বামিরপেরই চিস্তা কর্ত্তব্য—
ভক্তের ভক্তিরীতিধারাই পরমেশরেরও
ভাব-বিশেষ শুনা যায়; — পরিচর্বাবিধিতে তদ্দেশ-কালস্থ্যদ জিনিষ্
বিহিত—ইষ্টমন্ত্র-গ্রানম্ভল সর্ব্যভূতে
স্থাময় মনোহর রূপরসগন্ধাদিময়
বলিয়া ধ্যান করাই বিহিত, অভ্যথা
তত্তদাগ্রহ ব্যর্থ হয়।

২৯৬। শ্রীকৃষ্ণৈকান্তিক ভজেরা
তন্মূলমন্ত্রদারাই নৈবেত্যার্পণ করিবে;
শ্রীকৃষ্ণের নরলীলম্বহেতু ভোজনও
যথালোকসিদ্ধ—জপে মন্ত্রার্থ নানা
হইলেও নিজপুরুষার্থায়কুলই চিন্তনীয়
—শ্রীমনপ্রদেশাক্ষরাদিতে আত্মনিবেদন-লক্ষণ চতুর্থান্ত পদ যোজনীয়
—শুদ্ধভক্তি-সিদ্ধির জন্ত সকল
ভক্ত্যান্তেরই শুদ্ধাশুদ্ধত্ব দিবিধ ভেদ
সন্মত আছে।

২৯৭। নিরুপাধি প্রেমদারা পূজা করিলেই ভগবান্কে পাওয়া যায়। (২৯৮) অর্চনাধিকারী-নির্ণয়— শ্রীবিষ্ণুর আরাধনে স্ত্রী, শৃদ্র এবং সর্ববর্ণ, সর্ব আশ্রমের অধিকার— নুমাত্রেরই দীক্ষাবিধানদারা দ্বিজত্ব विधान इয়--- সর্বযুগে সর্বলোকদারা সর্ব আবির্ভাবই যথেচ্ছ (২৯৯) প্রীএকাদশী জন্মাষ্ট্রমাদি ব্রত অৰ্চনান্তভূতি--দীক্ষিত বৈঞ্চব, শৈব ও সৌরের একাদশী অবশ্য কর্ত্তব্য-দাদশীতে দিবানিদ্রা, তুলসী-চয়ন এবং বিষ্ণুর দিবাস্নান নিষেধ-অষ্ট মহাদাদশী বিষ্ণুপ্রীতিদ—বৈষ্ণব-দের অনিবেদিত দ্রব্য-ভোজন নিত্য-নিষিদ্ধহেতু মহাপ্রসাদার-পরিত্যাগই

একাদখাদিতে নিরাহারত-হরি-বাসরে জাগরণ না করিলে কেশব-পূজার অধিকার হয় না—ভক্ত্যেক-মহাপ্রসাদৈক ভুক্ অম্বরীষাদির একাদখাদিত্রত দেখাইয়া ঐ ব্রতের অন্তরঙ্গ বৈষ্ণব-ধর্মও শ্রীভাগবত-সম্মত-কার্ত্তিকব্রত একাদশীব্রত-প্রভাবে ব্ৰাহ্মণ-ক্সা সত্যভাষা হইয়াছিল—মাঘন্নান— সদাচার-কথনভারাই শ্রীরামনবনী ও ৈশাখব্রতাদির বিধান জানিবে। (৩০০) তাদশব্রতের মধ্যেও নিজেষ্ট-দেবের ব্রত স্কর্ছ বিধেয়—বৈষ্ণব মারা সেবাপরাধসকল ৫,যুত্তঃ বর্জনীয়—প্রভুত্বাভিমান হইতে জন্মে বলিয়া অপরাধ্যকল অনাদ্রাত্মক, অতএব অপরাধ-নিদান অনাদরই পরিত্যাজা।

ভক্তিসন্দৰ্ভ

৩০১-২। মহদনাদরই সর্বনাশক

(৩০৩) প্রমাদবশতঃ ভগবদপরাধ
হইলে পুনরায় ভগবৎসন্তোষণ
কর্ত্তব্য—শ্রীভগবান্ গীতাধ্যায়,
সহস্রনাম-মাহাক্ষ্য ও তুলসীন্তবাদির
পাঠদারা সেবাপরাধ-ক্ষমা করেন।
মথুরাদিসেবাদারা সাপরাধ লোক
শুচি হয়, সহস্রজন-জনিত অপরাধেরও নাশ হয়। মহতের প্রসন্নতা
বিনা মহৎঅপরাধ নাশ পায় না,
অতএব চাটুকারাদিদারা কিয়া
মহতের প্রীতির জন্ত দীর্ঘকাল নিরন্তর
ভগবন্নামকীর্ভনদারা কাঁহাকে সন্তুষ্ট
করিয়া তদপরাধ ক্ষমাপনীয়।

(৮) বন্দন—— শ্রীভগবানের অনস্থ ঐশ্বর্য গুণসমূহের শ্রবণানাস্তর তদ্গুণাস্থসন্ধান—— পাদদেবাদিতে বিধুত-দৈক্ত এবং নমস্থার-মাত্রে

ক্ষতাধ্যবসায় ভক্তদের জন্ম, যথা নারসিংহে এবং শ্রীভাগ শ্রীক্ষঞ্জতি ব্রহ্মা
—একবার নমস্কারমাত্র দারাই মুক্তিমাত্র হয়—একহন্তে, বস্তাবৃত দেহে,
ভগবদগ্রপৃষ্ঠ-বামভাগে বা অতিনিকটে
গর্ভমন্দিরে নমস্কারে অপরাধ হয়।

৩০৪। (৯) দাস্তা—শ্রীবিষ্ণুর
দাসম্বত্তব—কেবলমাত্র দাস-অভিমানদ্বারাই সিদ্ধি হয়, তাদৃশ ভজনপ্রয়াসের ত কথাই নাই। (৩০৫)
দাস্তসম্বন্ধবারা সর্বভজনই মহত্তর হয়,
তদ্ধিক অক্স কিছুই নাই; যথা
দ্বাসা অম্বরীবকে—

৩০৬—৮। (১০) স্থ্য-হিতাশংসনময় বন্ধভাবলকণ প্রেম— বিশ্রন্থবিশিষ্ট ভাবনাময় বলিয়া দাখ অপেক্ষা উত্তম এবং প্রমদেবামুকুল বলিয়া উপাদেয়—'অদেব, দেবের অৰ্চ্চনা করিবে না'—এই থাকিলেও কিন্তু বিধান শু দ্ব তদভাব ভক্তের **সেবাবিরুদ্ধ** বলিয়া উপেক্ষা করে। সাধ্যহছেতু প্রেম নবভক্তির অস্তর্ভূত নয়—ভগ-বানের সহিত জীবের নিত্য সহবাস জন্ম ভগবৎক্বত হিতাশংসন নিত্য, অতএব ভজন-বিশেষৱারা তদ্বিষয়ক বিশিষ্টরূপে হিতাশংসন্ময় সখ্য সম্পাদন করা অতি তুম্বর নয়, যথা অত্মরবালকপ্রতি প্রহলাদ। ভগবান মায়িক ও অমায়িক সম্পত্তি-দানদারা হিতাশংসী, অতএব আরোপিত নশ্বর বিষয় - সম্বন্ধে জায়াপত্যাদির উপার্জনে কি প্রয়োজন ? সংস্ত্রীদারা সংপতিবং ভক্তিদারা ভগবান্ বশীভূত হয়েন।

৩০৯। (১১) আত্মনিবেদন—

দেহাদি-শুদ্ধাত্মপর্যস্তের গো-বিক্রয়বৎ ভগবানে অৰ্পণ ৷ **সর্ব্বতোভাবে** ত্রিবিধ—(ক) নিজের তৎকার্য দেহদৈহিকচেপ্টারাহিত্য—— (খ) নিজের সাধন-সাধ্যসমূহের অর্পণ— (গ) তাঁহার উদ্দেশ্যেই কেবল চেষ্টা —কেহ কেহ দেহার্পণ, কেহ শুদ্ধ-ক্ষেত্ৰজ্ঞাৰ্পণ, কেহ দক্ষিণহস্তাদি অৰ্পণ তন্ত্রারা তৎকর্মমাত্রই করেন. করেন – অম্বরীষের সর্বাত্মনিবেদন— স্নানপরিধানাদি তৎসেবাযোগ্যভার বলিয়া জ্ঞা করা হয় তাহাতে আত্মার্পণ-ভক্তির হানি হয় আত্মনিবেদন দ্বিবিধ—(ক) ভাববিমা যথা 'মর্ক্যো যদা তাক্তসমস্তকর্মা' (১১৷২৯৷৩৪) (ক) ভাব-বৈশিষ্ট্য-সহিত যথা—'দাস্তাদিতে' (১২৷১১৷ ৩৫) (৩১০) অধিকারিভেদে ঔষধিনৎ ভক্তাঙ্গনিষ্ঠা হয়—ইতি বৈধী-ভক্তি।

রাগানুগাভক্তি-বিষয়ী লোকের বিষয়াসজ্জির আতিশ্যাবৎ ভগবৎরূপাদি বিষয়ের স্বাভাবিক সংসর্গেচ্ছাতিশয়ময় প্রেমই রাগ— বিশেষণভেদ বা শাস্ত-দাস্তাদিভেদে রাগ বহুবিধ—মায়ামোহিত শিবের মোহিনীমূর্তিতে যে ভাব, ভাগবত-সম্মত নহে ৷ দাস্তাদিরাগ প্রযুক্ত শ্রবণ-কীর্ত্তন-শ্ররণ-পাদদেবন-বন্দন-আত্মনিবেদন-প্রায়া রাগাত্মিকা: যাঁহার দাস্থাদি-রাগ-বিশেষে কটি জনিয়াছে, কিন্তু রাগ-বিশেষ জন্ম নাই, তাঁহার হৃদয়-স্ফটিকমণি তাদুশরাগ-স্থাকরের কিরণাভাসে সমুল্লসিত হইলে, তাদৃণ ভক্তির রাগাত্মিকা শাস্তাদিশ্রুতা '

পরিপাটীতেও রুচি জন্মে, অতএব ক্রচিদ্বারা তদীয় রাগামগ্যনকারী রাগামুগাভক্তি তাঁহারই হয় ৷ বিধিদ্বারা প্রযুক্ত হওয়াতে-ক্রচিমাত্রদারা প্রবৃত্ত ইহা বলা উচিত নয় হওয়াতে যে বিধির অধীন না হইলে ভক্তি সম্ভব হয় না, যথা প্রীক্ষিত প্রতি গ্রীশুকদেব—বৈধীভক্তি বিধি-সাপেক্ষা বলিয়া ছুর্বলা, রাগামুগাভক্তি স্বতন্ত্র প্রবিভিত হয় বলিয়া প্রবলা, অভএব ভক্তি ভিন্ন অগুবিষয়ে অর্থাৎ চতুর্বর্গে অনভিক্ষচিত্বাদিই রাগামুগাভজ্ঞি-জন্মের লক্ষণ—বিধি-নিরপেক্ষতাহেতু পূর্বোক্ত দাশু-সখ্যাদি হইতে রাগামুগীয় দাশুস্থ্যাদির ভেদ জানিবে, অতএব রাগামুগাভজ্ঞিতে বিধ্যুক্ত-ক্রমও অত্যাদৃত নয় কিন্তু রাগাত্মিকা-শ্ৰুত কুম্ই অত্যাদৃত। ৩১১। রাগাত্মিকাতে রুচি---

(১১)৮।০৫) ক্ষচি-প্রধান এই মার্গে
মনেরই প্রধানত্বহেতু এবং তৎপ্রেয়সীক্ষপে অসিদ্ধা পিঙ্গলার তাদৃশভজনে
প্রায়শঃ মন্ধারাই যুক্তত্বহেতু
পিঙ্গলাও মন্ধারাই বিহার-কামনা
করিয়াছে, এই দৃষ্টান্তবারা তাদৃশ
মধুরভাবাকাজ্জী ভল্কেরও শ্রীমৎপ্রতিমাদিতে ওদ্ধতা পরিহৃত হইল
— এইরূপ পিতৃত্বাদি-ভাবেও
অন্ধ্যমন্ধেয়।

৩১২। ব্রহ্মবৈবর্জোক্ত কামকলাতেও প্রেরগীন্থাতিমানমন্ত্রী
ভক্তি। সেবকত্থান্থতিমানমন্ত্রী রাগাত্মিকা ভক্তিতে ক্ষচিও রাগান্তুগা।
দাস্ত যথা—প্রহ্লাদের, বাৎসল্য যথা
ভালোক্ত প্রভাবর রাজার। 'মাত্বৎ'

প্রভৃতিতে 'বতি'-প্রতায়ান্ত শব্দবারা প্রিদিদ্ধ তন্মাত প্রভৃতির অমুগত ভাবনাই অঙ্গীকৃত,অভেদভাবনা অঙ্গী-কৃত নয়। অভেদ ভাবনা করিলে অহংগ্রহোপাদনাবং মাতৃপ্রভৃতিতেও অহংগ্রহোপাসনাদোষ হয়। পুর্ব-মীমাংশা ও শ্রুতিস্তুক্তি বিধি-লব্দনে লোষই যথন শুনা যায়, তখন বিধি-নিরপেকা রাগাত্মগা ভক্তিমারা কি প্রকারে সিদ্ধি হয় ? শ্রীভগবরাম-গুণাদিতে বস্ত্রশক্তির সিদ্ধত্বহেত্ ধর্মবং ভক্তিতেও বিধিসাপেক্ষতা নাই, অতএব জ্ঞানাদিবিনাও ফললাভ শুনা যায়-যাহার অনেক স্থলে নিজের প্রবৃত্তি নাই, তাহার জ্যুই বিধির অপেকা ও ক্রমবিধি। যদিও 'চক্ষ-নিমীলনে ধাবিত হইলেও'— ইত্যাদি ক্লায়ন্বারা যে ভাগবত-ধর্ম কোনও রূপে রুত হইলে সিদ্ধি নিশ্চয়, তথাপি রুচির অভাবে রাগাত্মিকা ভক্তিকৌশল-অনভিজ্ঞ বিষয়ে বিক্ষেপবান নানা অন্থিররূপে বল্পবেশ করাইবার জন্ম এবং ক্রমশঃ চিত্তাভি-নিবেশের জন্ম মর্যাদারূপে ক্রমবিধি নিৰ্মিত হইয়াছে। অন্তথা সন্তত তদভক্ত ানুথত্বজনক তাদৃশ কটি না থাকায় এবং মর্যাদারূপ-ক্রমবিধির অস্বীকারে সেই লোক আধ্যাত্মিকাদি উৎপাত দারা নিহত হয়—ক্ষচিদারাই ভগবননোরম রাগাত্মিকায় ক্রমশঃ বিশেষাভিনিবেশহেতু স্বয়ং প্রবৃত্তি-জন্ম মর্যাদা-নির্মাণ মান ভক্তের শ্ৰীভগবান্ নহে—যথা উদ্ধৰকে বলিয়াছেন—(১১/১১/১৩) তুরভি-সন্ধিহেতু রাগাত্মিকা ভক্তির

ভক্তিসন্দর্ভ

করিয়া যখন পূতনাও অকুকরণ ধাতৃগতি পাইয়াছে, তখন তদীয়-ক্রচিমান্ ভক্তেরা নিশ্চয়ই নিরস্তর সম্যক্ ভক্তামুষ্ঠানদারা স্বস্বভাবোচিত পাইবেন—ভক্তিনিষ্ঠা-প্রেমসেবা কুচিম্বারা বা শাস্ত্রনিষ্ঠায় আদর দারা একাস্তিত্ব জন্মে, ততুভয়ের অভাবসত্ত্বেও একান্তমানিতা দন্তমাত্র। 'শ্রুতি, স্মৃতা, পুরাণাদি'- বাক্য-দারা একান্তমানিকে উদ্দেশ করিয়াই নিন্দা: ক্তিসত্তে তাহা नियमी य নছে: 'ভগবৎপ্রীতি বা ক্ষৃতি বিনা বেদোক্ত কর্ম না করিয়া স্বতন্ত্রভাবে কর্ম করিলেই পাষণ্ডী হয়—' এই পালোত্র-খণ্ডোক্তিদারা শাস্তে অজ্ঞানের নিন্দা নয়. শাস্ত-व्यनामरत्त्र्वर निन्मा। সন্ধিশেবাদর-মাত্রাদৃতা রাগামুগাও অব্বাততাদৃশ-ক্ষতি ভক্তবারা এবং জাততাদুশ-রুচি-প্রতিষ্ঠিত ভক্তবারাও লোক-সংগ্রহার্থ বৈধী-সংবলিতাই অনুষ্ঠেয়া —মিশ্রত্বে, রাগান্তগার সহিত যথা-যোগ্যরূপে এক করিয়াই বৈধী কর্ত্তবা—যথা প্রীঅপ্তাদশাক্ষর-ধ্যান-সম্বন্ধে। বিধিনিষেধ—ধর্মণাস্ত্রোক্ত এবং ভক্তিশাস্ত্রোক্ত ভেদে দ্বিবিধ: ভগবদ্ভক্তি-বিশ্বাস বা তুঃশীলতাহেতু ধর্মশাস্ত্রোক্ত বিধি ও নিষেধ অকরণ করণদারা বৈফবভাব হইতে ভ্রষ্ট হয় না—বৈষ্ণবশাস্ত্রোক্ত আবগুক কুত্যের অমুষ্ঠান ও নিষিদ্ধকুত্যের বিফুদস্থোষার্থ ই হইয়া থাকে, স্থতরাং ক্রচিমান্ পুরুষে স্বতঃই ঐ উভয়ে প্রবৃত্তি ও অপ্রবৃত্তি হয়, যেহেতু তদীয় সম্ভোষই প্রীতির একমাত্র জীবন; অতএব তাদৃশ

প্রীতিবিষয়ে স্বয়ং যে রাগের অমু-গমন করিতেছেন, তাদুশ রাগাল্মক শিদ্ধভক্ত-কর্ত্বক কৃতত্ব বা অকৃতত্বের অমুসন্ধানও অপেকণীয় न्दर । পক্ষান্তরে তৎকর্ত্তক কৃতত্ব হইলে বিশেষ আগ্ৰহ হয়—ইহাই প্ৰভেদ। এ বিষয়ে কোনও কোনও স্থান রাগরুচিম্বারাই শাস্ত্রোক্ত ক্রমবিধির অপেক্ষা প্রবৃত্তিত হয় বলিয়া উহা কিন্তু রাগামুগারই অন্তর্গত। গাঁহারা গোকুলাদিবিরাজিত রাগাত্মিকার অনুগত ও তৎপর, তাঁহারা শ্রীক্ষের তদীয় মঙ্গল ও সংসর্গ-বিষয়ক বিঘাদির বিনাশ-কামনায় বৈষ্ণব ও লৌকিক ধর্ম-সমূহের অমুষ্ঠান করেন। রাগামুগাতে ক্রচিই সদ্ধর্ম-প্রবর্ত্তক বলিয়া 'শ্রুতি স্মৃতি আমার আজা'—এই বাকা রাগামগা ভক্তি-বিষয়ক নছে: 'অপি CBS স্বছরাচার:'—ইত্যাদি বাক্য-বিরোধ-হেতু বিধিবৰ্ম ভক্তিবিষয়ক নছে. বিধিয়ারা অপ্রবর্ত্তিতা রাগামুগা বেদ-বাহা নছে. তাহাতেও ক্রচির বিজ্ঞানতায় বেদ-বৈদিক-প্রসিদ্ধা রাগামুগা, কিন্ত-বুদ্ধাদির ব্যতিরেক-মুখে বেদের বর্ণন বেদপ্রতিপান্ত বলিয়া বিষয়-বিরুদ্ধ বেদবাহ্য-অতএব রাগামুগা, বৈধী অপেকাও অতিশয়বতী এবং সমীচীনা, কারণ মর্যাদাবচন আবেশের জন্মই, রুচি-বিশেষলক্ষণ মানসভাব-দারা যেরূপ আবেশ হয়, বিধিপ্রেরণাদারা তদ্রপ স্বারসিক না. আবেশের মনোধর্মত্ব-হেতু অমুকূল ভাব সকলের দারা ত আবেশ হয়ই, পরমনিষিদ্ধ প্রতিকৃশ ভাবদারাও শীঘ্রই আবেশ

আবেশ-সামর্থ্যবারাই এৰং প্রতিকৃণ্-দোধ-হানি এবং সর্বানর্থ-নিবৃত্তি হয়।

৩১৩। ভাবমার্গ-মাত্রেরই বলবতা দেখাইবার জন্ম যুধিষ্ঠির নারদকে প্রশ্ন করিয়াছেন—'বেণ ভগবন্ধিনা-দারা নরকে গেল, অথচ চিরদ্বেষী শিশুপালের কেন একান্তি জানিদের ছর্লভ ভগবৎ-সাযুজ্য-প্রাপ্তি (%\$8) रुहेन ?' বহু নরক-ভোগের পরই পৃথু-জন্ম প্রভাবোদয়-বশতঃ বেণের সদ্গতি শুনা যায়— ভগবংপীড়াকর বলিয়া কিম্বা স্থরা-পানাদিবৎ নিষিদ্ধ হেতু নিন্দা-শ্রবণবশতঃই নরকপাত কি ? (৩১৫ — ৩১৬) মৃঢ় পুরুষের নিন্দাদি প্রাক্কত করিয়াই ত্ৰ আদিগুণ উদ্দেশ্য প্রবৃত্তিত হয়, কিন্তু তগবানের জীব-বং প্রকৃতি-পর্যন্ত বস্তুজাতে অভিমান না থাকাতে নিন্দাদারা ভগবানের পীড়া হয় না।

৩১৭। শুদ্ধ সচ্চিদানন্দ-বিগ্রহত্বাদি-হেতৃ ভগবান্ তাদুশ নিন্দার অতীত—ধাঁহার প্রতিমা বা আভাস একবারমাত্র যে কোনও উপায়ে শ্যান করিয়া আবেশ হয়, সেই ভগবানের নিন্দাদিকত বৈষম্য না থাকাতে শত্রভাবে ধ্যান করিয়াও তদাবেশদারা নিন্দাদি-কৃতপাপের নাশ হইলে সায়জ্য-প্রাপ্তি যুক্তিযুক্তই-বৈরাম্বন্ধ, নির্বৈর, ভয়, স্নেহ এবং কামহেতু ভগবদাবেশ হয়--(৩১৮) নিন্দিত বৈরভাব দারা যেরূপ শীঘ তদাবেশ হয়, তদ্ধপ অবশ্য কর্ত্তব্য-বৃদ্ধিতে ক্রিয়মাণ বৈধীভক্তিদারা হয় না—(৩১৯) প্রাকৃত পেষস্কৎ- কীটবৎ বৈরভাবদারা নিরস্তর ভচ্চিন্তা করিয়া পাপশৃত হইয়া শিশুপালাদি পাইয়াছে— নরাক্বতি পরব্রহ্মকে (৩২০) শাস্ত্রবিহিত ভগবন্ধৰ্ম ভক্তি দারা তাঁহাতে মন আবিষ্ট করিয়া যেরূপ তাঁহাকে পাওয়া যায়, তদ্রপ তদবিহিত কর্মদারাও অনেকে তাঁহাকে পাইয়াছে।

(৩২১) দ্বেষ ও ভয়দ্বারা অঘ হইলেও নিরন্তর আবেশদারা তাহা নাশ হয়-কামকেও কেহ অঘ মনে করে। ভগবানে কাম তিন প্রকার— (১) কেবল, (২) পতিভাবযুক্ত, (৩) উপপতিভাবযুক্ত, (১) কেবল— কুজার। স্নেহবৎ কামেরও প্রীত্যাত্মকত্বহেতু দ্বেষবৎ দোষ নাই, তাদুশীদের কামই প্রেনৈকরপ— গোপীদের তুলনাতেই কুজার ভাবের নিন্দা, স্বরূপতঃ নিন্দা ন্য়; কারণ তাঁহার স্থতিই করা কার্যদারা হইয়াছে—'হে প্রিয়! আমার কাছে কিছদিন থাক'—ইহাদারা প্রীতিই প্রকাশ পাইয়াছে। যে মনোগ্রাহ প্রাক্ত বিষয় কামনা করে, সেই কুমনীষী, কুজা ভগবান্কেই কামনা করিয়াছে বলিয়া পরম স্থমনীষী, অতএব তাঁহার কামের দ্বেষাদিগণে অন্তঃপাতিত্ব এবং পাপাবহত্ব পরিহাত হইল— —কামুকত্বাভারোপণ অধরামূত-পানাদি ব্যবহার ধারাও মর্যাদার অতিক্রম করা হয় নাই. काরণ 'লোকবংই লীলাকৈবলা'-ইত্যাদি স্থায়দারা লীলা স্বভাবতঃই দিদ্ধা হইয়াছে—শ্রীবৈকুণ্ঠাদিতে শ্রী, **जु, नीना** पिশक्তिशाता তाष्ट्रभ नीन। নিত্যসিদ্ধা বলিয়া স্বতন্ত্ৰলীলাবিনোদ

তাহাতে অভিকৃচিই ভগবানের জানা যায়, অতএব ভগবভাগ্যনমু-কায়ুকত্বাদি-মননও এবং সন্ধান লীলারস-মোহজনিত ন্থাভাবিক তদভিক্ষচিবশত:ই জানিতে হইবে। তৎস্বরূপশক্তিবিগ্রহ. পরমশুদ্ধরূপ. তৎপ্রেয়দীজনদারা ভদন্যন তদ্ধরামৃত-পানাদি সঙ্গতই তদভিক্রচি-বশতঃই (२) হয় ৷ পতিভাবযুক্ত-পতিভাবযুক্ত কামে দোৰ নাই, বাস্তবিকপক্ষে স্তৃতিই শুনা যায়, যথা মহিষীদের-মহামু-ভাব মুনিদেরও তদ্ভাব শুনা যায়, যথা কোর্মে। (৩) উপপতিভাবযুক্ত যথা প্রীগোপীদের; উপপতিভাব যে দোষাবহ নয়, তাহা গোপীদের উত্তর দারা, প্রীশুকদেব দারা এবং প্রীরুষ্ণ-বাক্যদারাই প্রমাণিত হইয়াছে —তাদ্শ অন্তদেরও তদভাব দেখা যায়. যথা পালে দওকারণ্যবাসি-সম্বন্ধে—আগমাদিতে মহর্ষিদের গ্রীনন্দনন্দনের কামরূপে উপাসনার ব্যবস্থা থাকা হেতু এবং 'সাক্ষানন্মথ' নাম থাকা হেড় গোপীদের কাম এবং পুরুষদেহধারী মুনিদের অন্তরে স্ত্রীভাবে ভগবান্কে উপভোগ করিবার ভগবান-কন্ত্ৰ উদ্ভাবিত অপ্রাক্বত কামই, প্রাক্বত কামদেবোদ-ভাবিত প্রাক্বত কাম নহে—উদ্ধবাদি পরম-ভক্তগণও গোপীপ্রেমের শ্লাঘা করিয়াছেন—বুহহামনে প্রসিদ্ধ নিতাসিদ্ধ গোপীভাব শ্রুতিগণও করিয়া গোপীরূপেই অভিলাষ তদগণান্তঃপাতিনী হইয়াছেন—যথা শ্রুতিবাক্য, শ্রীভাগবতে—'শত্রুরাও ত্মরণ করিয়া ভগবানকে পাইয়াছে'

এই বাক্যদারা ভাবমার্গের শীঘ্র অর্থ-সাধনত দেখান হইয়াছে—'সমদৃশ' শব্দবারা রাগামুগারই সাধকতমত্ব প্রকাশ হইল, তাহা না হইলে সর্বসাধন-সাধ্য বিদ্বুষী শ্রুতিগণ অন্ত-ভাবেই সাধনে প্রবৃত হইতেন। বৃহদামনে প্রসিদ্ধ আছে—শ্রীক্ষার নিতাধামে নিতাসিদ্ধা গোপীগণকে শ্রুতিগণ দেখিয়াছেন বলিয়াই 'স্তিয়ঃ' भटक छांशानिशतक त्वारेन। कारम সাধকচরী গোপীগণ, ভয়ে কংস, ष्यस्य निख्नानानि, रश्वस्य वृक्षिशन, **মেহে** পাণ্ডবেরা এবং ভক্তিতে নারদাদি একিফকে পাইয়াছেন। ७२२। श्रीनात्रम पूर्वकत्म मागी-পুত্ররূপে বৈধী ভক্তিদারাই পার্যনদেহ পাইয়াছিলেন, অধুনা লক্ষরাগ তাঁহাতে বিধির অনধীনা রাগাল্মিকা ভক্তিই বিরাজিত। আধুনিকীরাও সেই গোপীদের মত তদ্গুণাদি-শ্রবণম্বারা গোপীভাব প্রাপ্ত হয়— রাগেরই বিশেষত্ব-জ্ঞাপনের সম্বন্ধ-গ্রহণ-পূর্বাবস্থা

অবলম্বন করিয়া গোপীবৎ সাধকচর বৃষ্ণি-বিশেষগণ এবং পাণ্ডবসম্বন্ধিবিশেষ-গণ সাধকত্বৈই নিৰ্দ্দিষ্ট হইল, অতএব সম্বন্ধ-জন্ম স্বেহও তদভিক্ষিমাত্রই জানিবে। (৩২৩) ভগবানের প্রতি এই পাঁচ ভাবের একভাবও বেণের ছিল না, কেবল প্রাসঙ্গিক নিন্দা-মাত্র বৈরভাব ছিল, বৈরাম্বন্ধ ছিল না, অতএব তীব্রধ্যানাভাবহেতুই তাহার পাপবশতঃ নরকই হইল — স্থরতুল্যস্থভাব লোকেরও নিজ-মোক্ষের এক্ত ভগবানে বৈরভাবাছ-কর্তব্য ষ্ঠান-সাহস করা নহে।

'অতএব যেকোন উপায়ে প্রীকৃষ্ণে করিবে'—শ্রীনারদের মনোনিবেশ এই বাক্যের তাৎপর্য এই—তাদৃশ বৈধভক্তিমার্গদারা বহুপ্রয়ত্বসাধ্য দীর্ঘকালে যাঁহাকৈ পাওয়া যায়. রাগান্থগামার্গে ভাববিশেষমাঞ্চারা শীঘ তাঁহাকে পাওয়া যায়, অতএব রাগান্থগাই উপায়। যুক্তত্য প্রীনারদ-বস্থদেব-সংবাদের (৩২৪) তাৎপর্য—ভাবমার্গমাত্রের বলবভার কৈমুত্যমারা আবার রাগামুগারই অভিধেয়ত্ব; 'অমুরক্তধী ভজেরা নিশ্চয়ই ভগবানুকে পায়'। 'বৈরামুবন্ধ ছারা যেরূপ'—এই বাক্যম্বারা বৈরাত্বন্ধের সর্বাপেকা আধিকা যোজনীয় নয়-- ভয় বিভয়ের ভগবৎপ্রাপ্তি স্বাভাবিক সিদ্ধত্ব হেতু, যুদ্ধলীল!-প্রপঞ্চনের ভাগুই তদপরাধাভাস-ব্রহ্মহেলন-রূপ ভোগছলে সংরত্তযোগাভাস-বিধান দ্বেষাদিভাবকেও কেহ ভক্তি ম্নে ভক্তি-সেবাদি-শব্দের আমুকুল্যেই প্রসিদ্ধি; বৈরভাবে তদিরোধিত্বহেতু ভক্তি সিদ্ধ হয় না, অতএব এই মত অসং. – যথা পালে। ভক্তি এবং বেষাদির ভেদই জানা যায়, ভক্তি-দারা ভগবানুকে দেখা যায়, রোষ বা মাৎসর্য দারা দেখা যায় না। তবে 'অমুরদিগকেও ভাগবত মনে করি' এই উদ্ধবের বাক্য তচ্ছোকোৎ-কণ্ঠাবশতঃ কেবল দর্শনভাগ্যাংশেই উৎপ্রেক্ষা বলিয়া যুক্তই হইয়াছে, ভাহাদের স্বয়ং ভাগবতত্ব যথা—'যে আ্মাদের অস্তিম সময়ে তন্মুখচন্দ্র-প্রদর্শনের ভাগ্য নাই, সে

হতভাগ্য আমাদের অপেক্ষা মুখচন্দ্রদর্শনকারী অস্তরগণও ভাগবত'—
অতএব দ্বোদিতে কথঞ্চিৎও ভক্তি
নাই।

८२ । जीकृष्किहे मूथा ताना हुना, কোন অংশী বা অংশেতে নয়, কারণ 'গোপীরা কামহেতু'--এবং 'দৈত্যগণ দ্বেষহেতু'—ক্বফেতেই প্রথমতঃ আবেশ করে এবং অবশেষে সিদ্ধি লাভ করিয়াছে, অতএব শ্রীনারদও বলিয়াছেন 'যে কোনও উপায়ে শ্রীক্লফেই মন নিবেশ কর।' তাদৃশ আবেশহেতু শীঘ্ৰ উপাসনা লাভ হয় বলিয়া শ্রীকৃষ্ণ নিজেও একাদশস্বয়ে নিজের প্রতি বৈধোপাসনা না বলিয়া অম্যত্র চতুর্ম্পাকারের প্রতিই বৈধী-গোকুলেই গুদ্ধরাগদর্শনহেতু মুখ্যতমা রাগাহুগা, তথায়ই স্বয়ং শ্রীভগবান্ গোকুলবাদিদের পুত্রাদিভাবে বিলাস করেন—একই স্বেচ্ছাময় ভগবান লোকের ভাবামুদারে ভিন্ন ভিন্ন রূপে একই সময়ে ভিন্ন ভিন্ন লোকদারা প্রতীত হয়েন—ভক্তকর্ত্তক নিজের ভোজন - পান - স্থান-বীজনাদি-লক্ষণ লালনের ইচ্ছাও তাঁহার অক্তবিমই হয়—সাধারণ ভক্তি-সদ্ভাব লক্ষ্য করিয়াই 'পত্র পুষ্প ফল তোয়' ইত্যাদি বলা হইয়াছে; শ্রীশুকদেবও স্থাদের দারা **শ্রীক্লফে**র সম্বাহনাদি শ্রীক্লফের আকাজ্ঞাতেই হইয়াছে বলিয়া প্রশংসা করিয়াছেন —অন্তোর সেবা-গ্রহণ-সময়ে মাধুর্য-প্রকাশাবস্থায়ও অন্তত্ত ঔষ্ঠ-ক্ষুরণহেতু এক্লপ ব্যবহারদারা এশ্বর্য-হানি হয় না-কারণ ঈশ্বরে তদ্বারা

ভক্ষেচ্চা-বিধানরপ প্রশংসনীয় স্বভাবই প্রকাশ পায়; যথা—শ্রী-ব্ৰজেশ্বনীকৰ্ত্তক তাঁহার বন্ধনাবস্থাতেই যমলার্জ্বন-মোচন করিয়াছেন, তাদৃশ ঐশর্যেও প্রীব্রজেশরীর বশ্যতাই প্রী-শুকদেব প্রশংসা করিয়াছেন। অত-তদীয় যাহারা অন্ত্রাপিও রাগামুগাপর, তাহাদেরও প্রীত্রজেন্ত্র-নৰ্মন্তাদিমাত্ৰ ধৰ্মদাৱাই উপাসনা যুক্ত; যথা, শ্রীবিষ্ণুপুরাণে আছে— প্রীগোবর্দ্ধনধারণোপলকে বিশ্বয়ান্বিত ব্ৰজবাসিগণকৈ শ্ৰীকৃষ্ণ নিজবন্ধুসদৃশ বন্ধি করিতে বলিয়াছেন-প্রীবম্ন-দেবাদির ঐশ্বর্যজ্ঞানই প্রধান বলিয়া ঐশ্বর্যাধ্বর্য বিশিষ্ঠ। ভক্তিই ভগ-বদমুমতি, পূর্বজন্মেও তাঁহাদের তপ-আদি-প্রধান ভক্তিই উক্ত হইয়াছে। শ্রীনন্দ্যশোদার মাধুর্ঘনিষ্ঠ পুত্রপালন-ক্রপ ভাগ্য শ্রীবস্থদেব দেবকীর নাই —ইহা বিস্পষ্টরূপে বলিয়া শ্রীগুকদেব এবং পরীক্ষিৎ উভয়েই শ্রীনন্দ-যশোদার ভাবেরই প্রশংসা করিয়া-एक । 'दर्भना निष्यना नारे थः' हे जा दि-षाता जीनादमञ जीवस्रामनतमविके উপলক্ষ্য করিয়া সাধককে ভাছাই উপদেশ করিয়াছেন—শ্রীভগবানকে প্রুরপে পাইয়াও এবং তিনি তাদশ-স্বাভাবিক ভাৰনাৰশ হইলেও পার্মেশ্র্য অধিকই হয়, অতএব-'জানিয়া বা না জানিয়া' ইত্যাদি শ্রীউদ্ধবপ্রতি শ্রীভগবদ্বাক্য দারা জ্ঞানাজ্ঞানের অনাদর করিয়া 'কেবল রাগানুগাভক্তিরই অনুষ্ঠান প্রশস্ত'; শ্রীগোকুলেই রাগাত্মিকার শুদ্ধত্বহেতু শ্রীগোকুলানুগা রাগানুগা ভক্তিই মুখ্যতমা — অন্তব

অসম্ভবহেতু রাগাহুগার **যাহাত্ম্য** শুনিয়া এবং পূর্ণভগবত্তা দেখিয়া জীক্ষভজনেরই মহানাহাত্ম্য সিদ্ধ হইল, তাহাতে আবার গোকুল-লীলাত্মক শ্রীক্লফের ভজনই সর্বোপরি। ৩২৬। শ্রীক্ষভজনেরই মাহাত্ম শ্রীমদভাগবতের প্রথম হইতে দেখান হইয়াছে. অস্থান্ত অবতারকথারও শ্রীক্ষে অভিনিবেশই ফল। ভক্তি নিশ্চিতফলা এবং জ্ঞানযোগচর্য। হ্মত্ব শ্চরা এবং অনিশ্চিতফলা. অতএব শ্ৰীকৃষ্ণ-স্বরূপেই ভক্তি কর্ত্তব্য-(৩২৭) শুদ্ধভক্তেরা অভিযানী হন না এবং অন্তরায়দারা বিহতও হন না. কারণ তাঁহার৷ পুরুষার্থ-সাধন বিষয়ে ভগবানের নিফুপাধি দীনজন-কুপার্ই গাধকতমত্ব মনে করেন, কিন্তু যোগি-প্রভতিবৎ স্বপ্রয়ের সাধকতমত্ব মনে করেন না। (৩২৮) যে প্রীকৃষ্ণ জ্ঞানযোগাদি পর্মফলরাপা নিজ-দ্বেধী দৈত্যগণকে দান করেন এবং যিনি নিজকে অনুস্থাৰ দাস দিগের অধীন করেন, সেই কুঞ্জের প্রতি ভক্তিই মুখ্য—(৩২৯) সর্ব-জগতের প্রাণকোটিপ্রেষ্ঠ এবং উপ-কারক শ্রীক্লফের সেবাপরায়ণ ভক্তের অভাব থাকেনা—গ্রীকৃষ্ণ বাহিরে গুরুদ্ধপে এবং ভিতরে চিত্ত-স্ফুরিত ধ্যেয়াকাররূপে ভক্তিবিরোধী বাসনা নাশ করিয়া নিজ অতুভব এবং প্রেমদেবা দেন-(৩৩০) নিজ-ভক্তির অতিশয়িত্ব শ্রীকৃষ্ণ নিজেও বলিয়াছেন কুপাপূর্বক ভক্তের স্পর্দাদি শীঘ্র দূর করিবার জন্ম এবং নিজের প্রতি তাঁহাকে

অন্তর্ম থী করিবার জন্ম অন্তর্যামিরূপে খাংশের ভজনস্থানে শ্বভজন উপদেশ করিয়াছেন—(৩৩১) 'আমার খ্রী-কৃষ্ণরূপকেই অমলাশয় ব্যক্তি সর্ব-ভতের এবং নিজের ভিতরে বাহিরে অসঙ্গত্ব এবং বিভূত্ব হেতু আকাশবৎ পূর্ণরূপে দর্শন করে।' 'স্বভূতে আমার অন্তিত্বদর্শনকারীই পণ্ডিত। (७७२) 'সর্বভূতে কৃষ্ণক্রপ-ভাবনাকারী পুরুষের সাহন্ধার ম্পর্মা, অস্যা এবং তিরস্কার শীঘ নাশ পায়।' ভগবদ দৃষ্টিসাধনে নমস্কার্ই এবং সর্বত্র প্রতিপদে या शिक नवा नवा श्रीकृष्णपृतिहे সাধনাবধি—— গ্রীগোপালতাপনীতে প্রসিদ্ধ নরাকৃতি পরব্রহ্মরূপের সর্বত্র নব্য নব্য এক্সিঞ্জুতিই দর্বোধ্ব উপাদনা; যথা ভাগবতে—'কায়-মনোবাক্যে সর্বভূতে কৃষ্ণরূপের অন্তিত্বদর্শনই সর্বশ্রেষ্ঠ উপায় বা উপাসনা।' (৩৩১) যথা প্রীগীতায় —'২৪ তত্তজান—গুহ; অন্তর্গামি-জ্ঞান—গুহাতর : শ্রীকৃষ্ণমনস্থাদি-তদেকখরণত্ব-লক্ষণ এবং তত্বপাসনাই সর্বাগুহতম: প্রীকৃষ্ণভলন সর্বাপেকা উত্তম বলিয়া হওয়াতে তদবতারের ভজনাপেক্ষাও প্রতরাং উত্তম।

৩০৪। ভরবশতঃ শ্রীক্বফভজনেও
নোক্ষমপাদকত্বহেত্ ব্যর্থ হয় না,
যথা কংসাদির—অতএব শ্রীমত্বরবৎ
শ্রীক্রইফকাত্মগতদের সাধনতে এবং
সাধ্যত্বে শ্বয়ং শ্রীক্রফক্রপই পরমোপাদেয়; যথা উদ্ধবপ্রতি শ্রীক্রফবাক্য—'আমার প্রাপ্তিই তোমার
চতুবর্গফললাভ।'

তথং। প্রীউদ্ধবও প্রীভগবচচরণে
নিত্য অচলা ভাবভক্তির প্রার্থনা
করিয়াছেন। (৩৩৬) প্রীক্ষদাশুই
পুরুষার্থ। (৩৩৭) প্রীগোকুললীলাত্মক প্রীক্ষের ভন্ধনের
মাহাত্মাতিশয়, কারণ প্তনাদি
শক্রকে ধাক্রাচিত গতিদানরূপ প্রম
শুভ স্থভাব সর্বাবতারেই অপ্রকটিত।

৩৩৮। শ্রীগোকুলেও আবার শ্রীমদ্বজবধুর সহিত রাসাদিলীলাত্মক প্রীকুষ্ণের পরম বৈশিষ্ট্য যথা— 'विक्रीिफिल्' इंलािन শ্লোকে শ্রীভকদেব। পরমপ্রেষ্ঠ শ্রীরাধ:-সম্বলিত লীলাময় তদভজনই পর্মতম্রূপে স্বতঃসিদ্ধ। প্রীরাধা-কুঞ্বহস্থলীলা-**ভজনে** অধিকারী-নির্ণয়—পৌক্ষবিকারবৎ ইন্দ্রিয়যুক্ত পিতৃপুত্র-দাস-এবং লোক দারা ভাবাপন্ন-লোকদারা স্বীয়ভাববিরোধ-উপাস্থা নয় : রহন্তলীলা হৈত লীলার কোথায়ও অল্লাংশে কোথায়ও সর্বাংশে রহস্ত জানিবে।

তত্ব। নিজামূত্ত রহস্থ কাহারও
নিকট প্রকাশ্য নয়—এই রাগামূগামার্গেও ঞ্রীগুরুর কিম্বা ঞ্রীভগবানের
প্রেসাদলক সাধনসাধ্যগত স্বীয়
সর্বস্বত্ত যে কিছু রহস্থ অমূত্ত হয়,
তাহা কাহারও নিকট প্রকাশ করা
কর্তব্য নহে।

৩৪০। সিদ্ধিক্রম—প্রতিগ্রাসে তুষ্টি, পুষ্টি, ক্ষুদপায়বৎ প্রতিবার ভজনে কিঞ্চিৎ প্রেম, ভগবদ্ধপক্ষুত্তি এবং বস্থস্তরে বিতৃষ্ণা জন্ম; অমুর্তি-দারা ভজনে বছগ্রাসভোজীর পরমতুষ্ট্যাদিবৎ পরম প্রেমাদি জন্ম—

অভিধেয় ভক্তিবিষয়ে অক্স বিশেষ বিশেষ শাস্ত্র এবং মহাজ্বন-রীতিও অম্পুসন্ধেয়।

পরিশিষ্ট—(>) পরতত্ত্ব-বৈমুখ্য-বিরোধী তৎসামুখ্যই অর্থাৎ পরতত্ত্ব-বিষয়ক জানোৎপাদক তত্বপাসনাই —অভিধেয়। প্রয়োজন—তদমুভব। (২) জ্ঞানসাধন এবং যোগাদিও আংশিক পরতন্ত্র-সাগ্মুখ্য হইলেও अवनकीर्द्धनामिनक्त माकार छिल्हे অভিধেয়। (৩) সাক্ষাদভগৰৎ-সাম্মথাই মুখ্য অভিধেয় হইলেও সর্বত্রই সাধকগণের প্রথমে ভগবৎকথাতেই রুচির উদয় হইয়া ভগবদভজনাস্তরে অপেক্ষা ভগবৎকথায় ক্রচিই শ্রেষ্ঠা। ভগবংকথায় রুচি জনিলে ক্রমশঃ আপনা হইতেই ভগবংশ্বরণ ও সামুধ্য সিদ্ধ হইতে পারে। (৪) মন্দভাগ্য জীবের ক্বফকধায় ক্লচি-লাভের 'স্থগম উপায়'— (ক্রমসন্দর্ভ) পুণ্যতীর্থ-নিষেবণাদিদ্বারা পাপ দুর হয় এবং তীর্থস্থানে ভ্রমণ বা অবস্থান-কারণ মহাতাদের দর্শনস্ভাষণাদি-লকণ সেবা লাভ হয়। তৎফলে তদ্ধর্মে শ্রদ্ধা—অনন্তর ভাঁহাদের ভগবৎকথা- (ইষ্টগোগ্নী) -শ্রবণেচ্ছা এবং তৎফলে ভগবৎ-কথায় ক্ষচির উদয় হয়। ভগবৎ কথা মহতের মুখে শ্রুত হইলেই সহসা কার্যকরী হয় |

ভক্তিসার - প্রদর্শনী——শ্রীবিশ্বনাপ চক্রবর্তি-ক্বত ভক্তিরসামৃতসিন্ধুটীকা। শ্রীলচক্রবর্ত্তিপাদ প্রায়শঃই শ্রীশ্রীজীবগোস্বামিপাদের ছুর্গম-সঙ্গমনীর অন্ধুবরণে এই টীকা রচনা করিয়াছেন, তবে স্থলবিশেষে ইঁছার
টীকাটি অধিকতর স্পষ্ট হইয়াছে;
দার্শনিক ভাষা না থাকায় সহজবোধ্যও বটে। মঙ্গলাচরণে নমস্তব্যৈ
ভগবতে ক্রফারাকুঠমেধ্যে'। এবং
'শ্রীচৈতন্তমুখোদ্গীণা হরেক্সফেতি
বর্ণকাঃ' লঘুভাগবতামূতের প্রথম ও
চতুর্প শ্লোকদ্বয় দেওয়া হইয়াছে।

ভক্তি সিদ্ধান্তরত্ব—শ্রীঘনগ্রাম- নামক জনৈক মহাজন-কত্ত্ৰ সংস্কৃত ভাষায় বিরচিত। <u>জী</u>ৱাঘৰ পণ্ডিতের 'একিন্ডভক্তিরত্বপ্রকাশ'-নামক গ্রন্থের তাদর্শে রচিত, প্রথম রত্নে শ্রীরাঘবের নামত: উল্লেখও আছে। ইহার পাঁচটি রত্বের (অধ্যায়ের) ক্রমশঃ নাম--(১) ভক্তিযোগজ্ঞানবিচারে আছ্য-প্রয়োজন, (২) প্রীনন্দনের নিত্যলীলাম্বাপন, (৩) ভক্তিকারণ, (৪) সাধ্যসাধনভক্তি ও (৫) নানোপাসনাবর্জন। গ্রন্থগানি ১৮ পত্রাত্মক, অতিজীর্ণ। (হরিবোল কুটীর ১০)

ভজের জয় — গ্রীঅতুলয়য় গোস্বামিকর্তুক সম্পাদিত ভক্তজীবনী।
বিপ্ররামদাস-কবি-য়ত ওড়িয়া ভাষায়
'দার্চ্যতাভক্তি'-নামক গ্রন্থের অমুবাদ।
ভগবৎ সম্দর্জ— শ্রীপ্রীস্তীবগোস্বামিসম্বলিত ষট্সন্মর্ভের দ্বিতীয়, ভগবতত্ত্বনির্ণায়ক দর্শন শাস্ত্র। অম্বয়্রজানতত্ত্বের ব্রহ্ম-পরমাম্ম-ভগবজ্রপে ত্রিবিধ
ক্ষুত্তি, ব্রহ্ম—ভগবানের অসম্যক্
আবির্ভাব, ব্রহ্ম-পরমাম্ম-বিচার; (২)
বৈকুপ্ঠ ও বিশুদ্ধসন্ত্-নিরূপণ, (৩)
ভগবৎস্বরূপের সশক্তিকত্ব ও বিক্লম্বল্যাশ্রম্ভ, (৪) শক্তির অচিন্তাত্ত্ব,
স্বাভাবিকত্ব ও নানাত্ব-স্থাপন, (৫)

ভগবছক্তিসার-সমুচ্চয়—

শ্রীনেরহরিশাখা-নিণর'-নামক গ্রন্থের রাজ্যরালীপ্রণেতা প্রাচীন পদকর্ত্তা গোপালদাস বলিয়াছেন যে ইনি নীলাচলে দিগ্ বিজয়ীরূপে আগমন পূর্বক শ্রীগোরের নিকট বলিয়াছিলেন যে তাঁহাকে যিনি বিচারে পরাজয় করিবেন, লোকানন্দ তাঁহার শিয়ত্ব তাঁহাকে বিচারে পরাজয় করেবেন। শ্রীসরকার ঠাকুর তাঁহাকে বিচারে পরাজয় করত শিয়া করেন। লোকানন্দ ও লোচনানন্দ শ্রীমন্নরহরির ত্ই চক্ষু—একজন

বিধিমার্গে গৌরাঙ্গ-উপাসনার মার্গ-উপদেষ্টা। অহাজন বাগমার্গে গৌরভজনের গুপ্ততত্ত্ব প্রকাশক। আলোচ্য প্রস্তের প্রথম কিরণে ভজনীয় [গৌরতত্ব]-নির্ণয়, দ্বিতীয়ে ভক্তি-নির্ণয়, তৃতীয়ে গুরুকরণ নামগাহাত্ম, পঞ্মে ভাগবত-লক্ষণ, মহাপ্রসাদমহিমা, কৃষ্ণবৈষ্ণৰ-বিমুখ-নিৰ্ণয় এবং শেষ অষ্টমে বৈরাগ্য-নিরূপণ হইয়াছে। বহু বহু শাস্ত্রের সার সঙ্কলন পূর্বক ভগবন্থপাসনা-সম্বন্ধে এই গ্রন্থে সংক্ষেপে গুরুতর বিষয়সমূহের স্থান্দর मीमारमा আছে বলিয়াই ইহার यथार्थ নাম—ভগবদ্ভক্তিদার-সমুচ্চয়। ভগবল্লামকৌমুদী — - প্রীধরস্বামি-পাদের গুরুত্রাত। শ্রীলক্ষীধর-প্রণীত। ইহাতে তিন্টী পরিচ্ছেদ আছে। প্রথম পরিচ্ছেদে মীমাংসাশাস্তাব-লম্বনে ভগবল্লাম্মাহাত্মা-প্রতিপাদক পুরাণবচনসমূহের বিচার করিয়া हेहाहे चित्रीकृष्ठ हहेन त्य नागगगृह সর্বথা স্বতন্ত্রভাবেই স্বার্থপর অর্থাৎ পাপক্ষয়হেতু। দ্বিতীয়ে –ভগবরাম-কীর্ত্তনের প্রক্ষার্থত-প্রতিপাদন, নামকীর্ত্তন স্বতম্ভাবেই পাপক্ষ-সাধন, না অন্ত কোনও সাধকতম করণের অঙ্গীভূত এই প্রশ্নের বিবিধ আশহা নিরসনক্রমে নাম-কীর্ত্তন যে অফ্র কর্মের অফ্ল-এ বিষয়ে প্রমাণ নাই, কিন্তু স্বতন্ত্রভাবে সর্বপুরাণের ঐকমত্য দেখিয়া স্বপ্রধান ভগবৎ-কীর্ত্তনই নিখিল পাপনাশন-ইহাই দাবান্ত হইল। তৃতীয়ে— কেবল (অন্তাধন-নিরপেক) নাম-সংকীর্ত্তনেরই পুরুষার্থত্ব-প্রতিপাদন

হইয়াছে। প্রসঙ্গতঃ ভক্তিশব্দ প্রীতিপর বা সাধনপর-তদ্বিষয়ক বিচার, ভক্তির আলম্বন, উদ্দীপন, অমুভাব, সঞ্চারিভাবাদি-বিচার, ভক্তি —নামকীর্ত্তনের অঙ্গ, শ্রদ্ধালু অশ্রদ্ধালু সকলেরই কীর্ন্তনে অধিকার, সঙ্কেত-চ্চলে নামগ্রহণ, নামকীর্ত্তনে শ্রদ্ধা-সাহিত্যের কোনও কথা শাস্ত্রে নাই। মহদর্শন-মাহাত্ম্য, নামকীর্তনে কোনও প্রকারেই অন্ত কিছুরই অঙ্গত্ব স্বীকৃত নহে। নামকীর্তনে দেশকালাভনপেকা, সমস্ত বা ব্যস্ত হইলেও নামকীর্ত্তন মহিমাতিশয়ারিত. অভিক্রচি-প্রার্থনা. নামকীর্ন্তনে হরিভজনকারী গুরুসম্প্রদায়বান্ ও শ্রুতির অমুগত জনের পদস্থলন হয় না। এই 'নামকৌমুদী' নামমাহাত্মপ্রদর্শনাবসরে প্রীগোডীয় বৈফবশাস্তে বছশঃ উদ্ধৃত হইয়াছেন বলিয়া উপকারকত্ব-হিসাবে ইহাকেও গৌড়ীয়-গ্রন্থমধ্যে নিবিষ্ট করা হইল। এই গ্রন্থ পঞ্চদশ শকশতাব্দীর পূর্বেই রচিত হইয়াছে। ভজনক্রমসংগ্রহ - প্রীরাধানোহন গোস্বামি প্রণীত। শ্রীকৃষ্ণ ও বৈষ্ণব-দেবগণের ভজন-রীতিনিক্সপক পুঁথি। (প্রীরাজেক্তলাল মিত্রের Notices of Sanskrit Mss. 3137) 1 উপক্রমে—'বন্দে শ্ৰীকৃষ্ণ চৈতন্ত্ৰ-

মধৈতাধৈত-বিগ্রহম।

সন্দোহবিগ্রহং নিত্যমীশ্বরম্ ॥

শ্রীমনবৈতবংশ্যেন রাধামোহন-শর্মণা।

ক্রিয়তে প্রীকৃষ্ণনি ভ্যতজনক্রম-

সংগ্রহ:॥' উপসংহারে—ভুবুন্ধাবনা-

দিকমেব নিতালীলাম্পদং ভগবতঃ

কেচিদ্বর্ণয়ন্তি, তদপানুসন্মেয়মিতি

প্রমানন্দ-

শ্ম | পুষ্পিকা—ইতি কলিযুগ-পাবনাবতার- প্রীমদকৈতবংশ্য-শ্রীরাধা-মোহনগোস্বামিভটাচার্য - বিরচিতঃ শ্ৰীক্ষভজনক্ৰমশংগ্ৰহঃ সমাপ্ত ইতি।

বিষয়বন্ত ---ভগবদবিষয়ক জ্ঞানেরই মোক্ষহেতুতা, সেই জ্ঞানও আবার ভগবদভজনমাত্রেই জন্ম। নির্বেদপ্রাপ্তি পর্যন্ত কর্মামুষ্ঠান কর্ত্ব্য। শান্তদাদাদিভেদে পঞ্চ ভক্ত; শান্ত ভগবদভজনক্রম সাযুজ্য-ভক্তের মুক্তিকামে শ্রীকৃষ্ণাভিন্নরূপে স্বান্থার চিন্তা; প্রাতঃক্ত্যাদির নিরূপণ: ভগবদ্ধনের অংশ্রকর্তব্যতা, বাহ্ন-পূজার স্থান-নিরূপণ, ব্ৰহ্মলক্ষণ, ব্রহ্মশরীর-নিরূপণ, নিবিশেষ-রূপে উপাসনাপেকায় ভগবৎরূপে আরাধনার শ্রেষ্ঠত, সকল ভগবন্ম, তিই শাস্তভক্তের ভজনীয়। শান্তভক্ত পুরুষোচিত কামাদি-রহিত হইয়া শ্রীক্ষের রহগুলীলা শ্রবণাদি করেন, তবে দোষ নাই। শান্তভক্ত দ্বিবিধ ৷

দাখভক্তের ভগবদ্ভজনক্রম— প্রেমভক্তিনিরূপণ, শাস্ত ও দাসভক্তের ভজনের অবাস্তরভেদ, কামরাগরহিত হইয়া দাসভক্তও শ্রীক্লফরাসাদিলীলা শ্রবণ করিতে পারেন। দাসদিগের অবতার-মুক্তিলাভ, ভগবানের বাহুল্যের প্রয়োজন, শ্রীসীতাদি ভগবচ্ছক্তিগণের মাতৃবৃদ্ধিতে সেবা কর্ত্তব্য। ভগবৎপরিকরের দাসীগণেও ভগিনীবৃদ্ধি কর্ত্তব্য। দাসগণ ভগবানে পিতৃত্ববৃদ্ধি করিবেন না। দাসভক্তের স্বাধিতেদ. মুমুক্ত ; মুমুকুর গুণমায়া ও যোগমায়ার নিরূপণ। ও মাধুর্যের ভাব-স্থ্য, বাৎস্ল্য

বর্ণন : ভাহাতেও हेनानी छन ভক্তগণের শ্রীক্লফবিষয়ে প্রমেশ্বরত্ব-বৃদ্ধি আবশ্যকীয়া। শ্রীক্লফের (कोगात्रनीनात माहाच्या, (कोगात-**এখ**রজ্ঞানশীল বর্ণন. ধ্যানভেদ. ব্যক্তির ভগবানে বাৎস্ল্যরাগ্রুচি কি প্রকারে হইতে পারে, তাহার নিরূপণ।

বৎসলভক্তের ভজনক্রম-স্থা-ভজনক্রম, তাহার তৈবিধ্য, শান্তাদি চতুর্বিধ ভক্তের সাধারণকর্ত্তব্যনির্দেশ। শ্রীক্ষের পৌগও ও কৈশোরলীলা। উজ্জলরস-ভক্তের ভজনক্রম,ধ্যানাদি; সাধনাবস্থায় উজ্জনভাব-প্রাপ্তির জন্ম বৈধ অর্চনাদির আবশুকতা, শ্রবণ-কীর্ত্তনাদির নিত্যামুঠেয়ম্ব, বাৎসল্য ও মাধুর্যভাবের ভজনে স্থবিষয়ে ন্ত্রীত্বারোপে ভজনোপদেশ। ভজন-সিদ্ধ মুমুক্ষর ও তদ্ভিন্নজনের প্রাপ্য श्वान-निज्ञाशनः यर्गामा ७ नन्तापित বৈকুণ্ঠ-প্রাপ্তি-বিবরণ; ভগৰল্লীলা-সমূহের নিতাত্ব-কথনে অভিপ্রায়; কোনও কোনও গোপীর যোক-শ্রীচৈতত্তসম্প্রদায়ামু-প্রাপ্তি (१)। ভজনকারিগণের স্থানাদির শ্রীক্ষক্রপ ও তাঁহার পরিচয়, বৈকুষ্ঠ ও গোলোকাদির বুন্দাবন হইতে অভিন্নতা-প্রতিপাদন, গোলোকশন্ত্রে নিরুক্তি। ভগবৎ-গোপীগণের গোপীজাতি-স্বরূপে গোপীত্ব নহে. কিন্তু অন্ত প্রকারেও গোপীত্ব-নিরূপণ। প্রেম-সেবালাভেছার সর্বধাম-মুর্ধ **অ মথু**রা-দিতে বাসকর্ত্তব্যতা। কাশীবিবরণ ও বুন্দাবন-মহিমাস্ট্রচন। ভজনচন্দ্রিকা-- শ্রীবৃন্দাবনচন্দ্র দাস-

ক্ত ৫০ শোকাত্মক কুদ্ৰ গ্ৰন্থ! শ্রীরামাই গোম্বামী এই গ্রন্থের স্থীয় প্রমাণনিচয় উদ্ধার করত 'অনঙ্গমঞ্জরীসম্পুটিকার' সমর্থন করিয়াছেন। ইহাতে শ্রীবলরামের শক্তি অনুসমঞ্জরীর স্বরূপাদি-নির্ণয় করা হইয়াছে। তদীয় নিতালীলার ত্বই ভেদ—বাহু ও আন্তর,বাহু লীলায় বলদেব পাছকা-ছত্রাদি বহুরূপী; আন্তর লীলায় তিনি প্রেয়সী অনঙ্গমঞ্জরীরূপে সেবা করেন ! व्यनक्रमञ्जतीहे बारूवा, नेश्वतशूतीत নিকটে মা জাহ্নবা দীক্ষিতা (৪৮) হইয়াছেন। মা জাহুবার আমুগতে ঞীনিত্যানন্দ-গৌর-ভজনেই পুরুষার্থ লাভ হয়।

ভজন-নিৰ্ণয়

ভজন-নির্ণয়—ছানক প্রীবন্দাবন দাস-ক্বত ক্ষুদ্র নিবন্ধ। ১৩০৮ বঙ্গাবে বলহরি দাস-কর্তৃক প্রকাশিত। এই গ্রন্থে চারিটী কর্ত্তব্য (অধ্যায়) কর্তবো প্রীগুরু-প্রথম সেবাই সাধ্যসার বলিয়া নিণীত দ্বিতীয়ে--- শ্রীচৈতম্ম-হইয়াছে। চরিত-কথনে বিবিধভাবের খেলা. পণ্ডিত গদাধরের সঙ্গে রাসলীলার আস্বাদন-কুজা-রূপে রজকী-মিলন (২৩ পৃষ্ঠা), ক্লিক্লীবেশে গদাধর-नीनाठन-नीनापि. মিলনাদি: হরিনাম-ব্যাখ্যান, বিভীষণ-প্রার্থনায় वाहेिन नकात्र वाम, वृक्षावन-भर्ष অষ্ট দম্মার উদ্ধার-প্রশঙ্গ । তৃতীয়ে— ভজন-লক্ষণে মহামন্ত্রের শাস্তাদিভাব-পঞ্চক-বিচার, প্রসঙ্গতঃ কুঞ্জ-বর্ণনা চতুর্থে-- শ্রীরাধাবিরহে প্রভৃতি। গোরের খেদাদি। এই গ্রন্থকার ভাবপ্রদীপ, ভক্তিরত্ব, প্রেমাঙ্গচলিকা, রাসাদিকোমুদী প্রভৃতির নাম করিয়াছেন। ইহা কিন্তু শ্রীচৈতক্সভাগবতকার শ্রীবৃন্ধাবন দাসে আরোপিত,
ভাব ও ভাষাদির বৈলক্ষণ্য তাহাই
সপ্রমাণ করিতেছে। এই পৃস্তকের
১২৩-১২৫ পৃষ্ঠায় শ্রীরাধা-সারূপ্য
প্রাপ্তির বর্ণনা শ্রীচৈতন্ত্য-সম্প্রদায়বিক্লম। 'রাধার সারূপ্য পায় স্থী
হয় ব্রজে' এবং 'সেই মন্ত্র জ্বপি
রাজা রাধামুজি হৈল। রাধামুজি লভি
দৈবে কৃষ্ণকে পাইল॥' ইত্যাদি
প্রারগুলি অহংগ্রহোপাসনা স্কুচক
বলিয়া ভক্তিশাস্তবিক্লম।

ভরত-মিলন—ভাজনঘাটের স্বএসিদ্ধ কবি শ্রীল কুঞ্চকমল গোস্বামি-বির্চিত বাঙ্গাল! গীতকাবা। ভীভাগবভ- প্রথম খণ্ডে ৫৪৫-৫৫২ পৃষ্ঠা দ্রষ্টব্য] লীলান্তবে (৪১২— ৪১৬) শ্রীপাদ সনাতন গোস্বামিপ্রস্থ ইঁহাকে গর্বশাস্তান্ধি-পীয়ুষ, সর্ববেদক-সর্বসিদ্ধান্তরভাচ্য, স্থফল, লোকৈকদুকপ্রদ, সর্বভাগবত-প্রাণ, কলিংবাস্থোদিতাদিতা এবং শ্রীরুষ্ণ-পরিবর্ত্তিত বলিয়া শ্রীমদ্ ভাগবতের স্বরূপটিই প্রেকট করিয়াছেন। ইহার পাঠে পরমানন্দ, প্রত্যক্ষর প্রেমবর্ষী; ইনি সর্বদা সর্বসেব্য ও অসাধুকে সাধু এবং অতিনীচ জনকেও উচ্চ

করেন। (তত্ত্বসন্দর্ভ ১৬—৭৬) খ্রী-

বেদব্যাস সর্বপুরাণ আবির্ভাব করত,

ব্রহ্মস্ত্র প্রণয়ন করিয়াও অপরিভূষ্ট

নিজকত ব্রহ্মস্তব্রের অক্তব্রিম ভাষ্য-

আবির্ভাবিত করিয়াই সম্যক পরি-

ইহাকে

তুষ্ট হইয়াছেন। ইহাতে

কুপোপদেশে

সমাধিযোগে

বাদশ

শ্রীনারদের

শ্বন, ৩৩৫টি অধ্যায় এবং আঠার হাজার শ্লোক আছে। সর্গ-বিসর্গাদি মহাপুরাণের দশবিধ লক্ষণও ইহাতে সময়িত হইরাছে (তত্ত্বসমর্ভ ৫৬, ৬০)। শ্রীভাগবত-স্বরূপ সম্বরে বলা হইয়াছে যে প্রথম ও দ্বিভীয় স্কন্ধ ইহার ছই চরণ, তৃতীয় ও চতুর্থ—ছই উরু, পঞ্চম—নাভি, বঠ্ঠ—বক্ষঃ-স্থন, স্থাম ও অধ্বম—ছই বাহু, নব্ম

—কণ্ঠ, দশম—প্রসূল

একাদশ—ললাটপট্ট ও দাদশ—

মস্তক। যিনি অপার সংসার-সমুদ্রের

সেতৃ-স্বরূপ, জগতের স্থমঙ্গলের জহুই

মুখারবিন্দ,

বাহার অবতার, যিনি তমালবর্ণ ও
কর্মণানিধান— সেই আদি দেবতা
প্রীভাগবত-স্বরূপকেই বন্দনা করি।
প্রীমদ্বিশ্বনাথ চক্রবর্তিঠাকুর (ভা
১০৷১ মঙ্গলাচরণ ১২৷১৩) আবার
দশম স্কলকে প্রীভাগবত-ক্ষেত্র
মনোজ্ঞ হাস্তই বলিয়াছেন— 'প্রীভাগবত-কৃষ্ণভ্য দশমো মঞ্জুহাভভান্'।
সিদ্ধাস্তদর্পণে (৩-৭) চারিটা অধ্যায়ে
প্রীভাগবতের

তিরিক্তত্বাদ. দেবীপুরাণের

অপ্রামাণ্যবাদ, অনার্যন্ত (বোপদেব-

রচিতত্বাদি) এবং 'বিজয়ধ্বজীয় গুণ-

ভাগবভন্থ বাদ.

শ্রীভাগবতের

বাদ' প্রভৃতির নিরসন হইয়াছে।

"ভারতীয় ধর্মশাস্ত্রসমূহ প্রায়ই
জ্ঞান, কর্ম ও ভক্তির অবলম্বনে
গ্রথিত ও ব্যাখ্যাত। এই ট্রিধারার
মূলেই বেদ। বেদান্তের বৈশিষ্ট্য—তত্ত্ব
বা জ্ঞানে, গীতার বৈশিষ্ট্য—কর্মে আর
শ্রীমদ্ভাগবতের বৈশিষ্ট্য-ভক্তিবাদে।
আর্য ঋষিগণ ভক্তির মূল উপাদানাদি
সংগ্রহ করিয়াছেন. গীতা তাহার

শাহায্যে জ্ঞান-কর্মমুচ্চয়ে ভক্তির কাঠামো প্রস্তুত করেন আর ভাগবত তাহাতে ভক্তিদেবীর পূর্ণাবয়ব গঠন করিয়াছেন। কুরুক্তের যুদ্ধমুখে গীতা আর যুদ্ধশেষে ভাগবত। ভক্তিবাদে গীতা যেখানে শেষ. ভাগবত সেইখানেই আরম্ভ। 'সভাং পরং ধীমহি' (ভা ১/১/২) দ্বারা ভাগবতের মঙ্গলাচরণ। 'প্রোজ্ঝিত-কৈতব' (১/১/২) ভক্তিধর্মের প্রচার-প্রসারই উদ্দেগ্য। ভক্তিসাধনের তত্ত্ব ও প্রণালী উভয়ই 'নিগম-মূলক' বলিয়াছেন-(১।১।৩)। নিগম তিনি 'রূপং রূপং প্রতিরূপো বভূব' (বুহদা ২।৫।১৯); তিনি 'দ্রপ্টব্য ও শ্রোতবা' (বুহদা ২া৪া৫); তিনি রস-আনন্দ-স্থ-অমৃত-স্বরূপে 'মস্তব্য' 'উপাদিতব্য': তাঁহাঘারা সম্পরিঘক্ত হইলে (বুহদা ৪।৩।২১-২২) চণ্ডাল অচণ্ডাল, পুরুষ অপুরুষ হয়। এই স্থলেই অনিমিতা প্রেমভক্তির মৃল। খ্রীভাগবত ভগবানের লীলা ও ভক্তের চরিত বর্ণনা নানাভাবে সেই 'অরূপ ও উরুরূপের' (ভা ৮।৩)৯) প্রতি অনিমিতা ভক্তির মহামহিমা প্রকটিত করিয়াছেন। ঈশ্বরারাধনা কোন হেতুবাদের

উপর প্রতিষ্ঠিত নহে, ইহা মাছবের প্রাভাবিকী বৃত্তি বাধর্ম। ইহা বহু 'আরাস-সাধ্য' নহে (ভা গাঙা>৯, গাণা-৮); বহুশাস্ত্রপার্চ, বহু ক্রিয়াছগান বা রুচ্ছু সাধন অবশ্য কর্ত্তব্য নহে। 'মন্ত্রলিঙ্গ-ব্যবচ্ছিন্ন ভীক্ষণকুশাগ্রবহুল' (ভা ৪।২৯।৪৫-৪৯) সকাম ক্রিয়া 'বিষমবৃদ্ধি-বিরচিত'

(ভা ৬।১৬।৪১)। অচা বা প্রতিমায়

শ্ৰীভাগবভ

পূজা—যতক্ষণ সর্বভূতে শ্রীহরিকে मिथिवात मिटक नका ना ताथिया কেবল একটা বিশিষ্ট গণ্ডীতে দ্ষ্টিকে আবদ্ধ ক রিয়া রাখিবে. ততক্ষণ সাধক 'ভেম্মন্যেব জুহোতি' (ভা তাহচাহহ)। সমদৃষ্টিই সেই পরম দেবের মহৎ মমর্হণ বা পূজা (ভা ণাচা৯)। 'উৎকণ্ঠা' বা অখণ্ড আগ্রহদারাই ঐহরি হৃদয়ে অবরূদ্ধ হন, তখন ভক্ত তাঁহার সহিত সত্তযুক্ততা লাভ করেন; তখন বাকামনের 'মুষা গতি' ও অন্তর্বহিঃ देखिशनात्मत जमरभार প্রবৃত্তি ক্রমশঃ তিরোহিত হয় (ভা ২।৬।৩৪)। এই আগ্রহ তপোযুক্ত ভক্তিদারা লভা। প্রবণকীর্ত্তনাদি ও 'নিষ্কিঞ্চনের পাদরজঃ' (ভা ঀা৫।৩২) এই ভপস্থার প্রধান সহায়। এই পথেই শ্রদ্ধা, রতি ও ভক্তির 'অমুক্রমণ' বা ক্রমাভিব্যক্তি (ভা ৩।২৫।২৫)। ভক্তিলব্ধ ত্বৰ ও আনন্দ যেমন জীবের ছঃখতাপ-বোধ বাড়ে. তেমনই কমে, চিত্তবৃত্তি তেমনই শাস্ত, অমৎসর ও রাগদেষশৃত হইয়া উঠে। চিত্তগুদ্ধি ভক্তিবৃদ্ধির সঙ্গে गल्हे इहेट थार्क, रयमन जात्रत প্রতিগ্রাসে 'কুদপায়, ভৃষ্টি ও পৃষ্টি' হইতে থাকে (ভা ১১/২/৪২)। দেহে অনান্মবোধ এবং ভোগে অরাগ বা অনাস্তিক এই প্রম তত্ত্ব অভ্যাসের ক্রমশঃ অঞ্চিত ও প্রতি-ক্ষণে ধর্মনশীল পরিণতি। দেহ একদিকে যেমন 'ষশুগাল-ভক্ষ্য' (ভা ২। ৭। ৪২), অপর দিকে আবার শ্রীহরির বিলাদ-নিকেতন। সংসার একদিকে যেমন 'উগ্রব্যাল-নিধেবিত' অপর্দিকে তেমন 'স্থুর্ক্ষিত ছুর্গ' (ভা ৫।১।১৮)। পরিমিত ভোগের সঙ্গে এই ভক্তিবাদের কোনও বিরোধ নাই, বিরোধ আসজির সঙ্গে। জঠর-ভরণের অভিরিক্ত ভোগ 'স্তেয় বা চৌর্য' (ভা ৭।১৪।৮). ত্মতরাং দণ্ডনীয়। (ভা থ।২।৪-৫) ত্যাগ ও বৈরাগ্যের চূড়াস্ত চিত্র প্রকটিত হইয়াছে। ভাতি, বয়স, कुन, गान, अप, मुख इंछ्यापि नर्द-বৈষম্য এই ভক্তিবাদে নিরাক্বত। ভক্তির যে আদর্শ শ্রীভাগবত ভুয়োভুয়ঃ নির্দেশ করিয়াছেন, তাহা অমূত্র ত্বল'ত। বিষয় চাহিলেও তিনি (पन ना, रदार थांकिटन कां फ़ियां (नन; ইচ্ছার দেন-সকল পিধানকারী স্বীয় পাদপল্লব (ভা ৫।১৯।২৬)। ইন্দ্র বা ব্রহ্মার পদ-অতিহেয়, মোক্ষ ও অতিশয় ফল্প ৫|>৪|৪৪), 'দীয়মানং ন পুহুন্তি' (ভা এ২১১১১)। ভক্ত চাহে কেবল তাঁহার পাদপল্লব, যে অন্ত কিছু চায়, সে ত বণিক (ভা গোপীপ্রেম—এই 915018)1 অনিমিতা ভক্তিযজ্ঞে পূর্ণাহৃতি।" [শ্রীযুক্ত গুণদাচরণ সেনের শ্রীমদ-ভাগবতের ভূমিকার ছায়া ১১-১২ शर्भा ।।

গৌড়ীয়বৈষ্ণবগণের মতে শ্রীমদ্ভাগবতই একাধারে সাহিত্য, দর্শন,
ইতিহাস ও পারমহংস-সংহিতা।
ইহাতেই জ্ঞান-বিরাগ-ভজ্জিসহিত
নৈদ্ধ্যা আবিষ্ণত। ইহা একমাত্র
রসিক ও ভাবুক জনেরই সংবেছ ও
সমাস্বাদনীয়। ইহা রসরত্বাকর বা
ভাবাকর বলিয়া—ইহার সর্বতে:-

মুখিতাবশতঃ সকল সম্প্রদায়ের সকল আচার্য মহাজনগণই সদোপান্ত শাস্তবর্গরূপে ইহাকে গ্রহণ করিয়া-ছেন। ভন্তভাগবত, হনুমদ্বাধা, বাসনাভায়, বিশ্বৎকামধেমু, সম্বন্ধোক্তি. তত্ত্বদীপিকা, ভাবার্থদীপিকা, পর্ম-হংসপ্রিয়া, শুকহৃদয়া প্রভৃতি প্রাচীন ব্যাখ্যাগ্রন্থ এবং মুক্তাফল, হরিলীলা, বিষ্ণুভক্তিরত্নাবলী ও হরিভক্তি-তত্ত্বসারসংগ্রহাদি নিবন্ধগ্রন্থরাজি গ্রীমদভাগবতাবলম্বনে রচিত হইয়াছেন। শ্রীশঙ্করাচার্য গোবিন্দার্থক, যমুনাষ্টক, প্রবোধস্থাকর ও সর্ব-সিদ্ধান্তসংগ্রহ (বেদান্তপক্ষপ্রকরণে ৯৮।৯৯) প্রভৃতি গ্রন্থে ভাগবডে दर्गिত जीनामानाई প্রপঞ্চিত করিয়াছেন। শ্রীমধ্বমুনি ইহার পরমোপাশুত্ব, বেদের শ্রেষ্ঠ-ফলত্ব, বৃদ্ধব্যব ভাষ্যরূপত্ত স্বীকার করিয়াছেন এবং 'ভাগবত-তাৎপর্য निर्वय'-नारम এক ভাষাও করিয়াছেন। তিনি আবার ঋণ্ভাষ্য, ব্ৰহ্মস্তভাষ্য ঐতবেয়ভাষা, গীতাভাষাদিতে ভাগবতের শ্লোকা-বলির প্রমাণ দিয়াছেন। জ্রীরামানুজ বেদান্তভত্ত্বসারে (ভা ১।৭।৪, ১১।৯। ১७, ১१; ১১/১१/२१, ১১/२/४ छ ১১৷২৯৷৩৭) শ্রীবিষ্ণুপুরাণকে শ্রেষ্ঠ প্রমাণরূপে স্বীকার করিয়া ফলতঃ বিষ্ণুপুরাণ-কথিত (ভা ৩।৬।২২) শ্রীভাগবতের প্রামাণ্যই মানিয়া লইয়াছেন। তৎপূর্বর্জী আলোয়ার-গণ কিন্তু শীব্রজেন্দ্রন্দরের যাবতীয় লীলাই তাঁহাদের গাথাতে লিপিবদ্ধ করিয়াছেন। এই সম্প্রদায়ের 1 Religious Lectures of India'

প্রসিদ্ধ টীকা—শ্রীনিবাস-স্থরিকত— (১) তত্ত্বদীপিকা, বীররাঘ্ব কৃত (২) ভাগবতচন্দ্রচন্দ্রিকা, স্পদর্শন স্থরি-ক্বত (৩) শুকপক্ষীয়া এবং যোগিরামান্তজা-চার্য-ক্বত (৪) সরলা প্রভৃতি। মহাভারতের টীকাকার নীলকণ্ঠসূরি গীতার (১২।১০, ১৪।২২, ১৮।৫৪) টীকায় শ্রীমদভাগবতের শ্লোকপ্রামাণ্য উদ্ধার করিয়াছেন। অভিনবগুপ্ত গীতাভাষ্যে (৫৯৪ পৃষ্ঠায়) ভাগবতের ৪---। ধরিয়াছেন। শ্লোক গৌডপাদের উত্তরগীতাভাষ্যে (ভা ১০1১৪।৪) 'তেষামদৌ ক্লেশল এব' ইত্যাদি শ্লোক উদ্ধৃত হইয়াছে। মাঠরবৃত্তিতেও (ভা ১৮৮২, ১৮ উদ্ধৃতি হইয়াছে। ইহার **এীধরস্বামী** শ্ৰীবিফুস্বামি-সম্প্ৰদায়ী 'ভাবার্থদীপিকা' টীকা করেন। শ্রীবল্লভাচার্য 'স্থবোধিনী' পুরুষোত্তম তাহার উপরে আবার 'স্থবোধিনী-প্রকাশ' রচনা করেন। बीनिश्वार्कमण्यनार्य एक एन नाग 'मिषा खर्यानीश' तहना करतन।

শ্রীগোড়ীয়গোস্বামিগণও বৈঞ্চব-তোষণী (বৃহৎ ও লঘু), ক্রমসন্দর্ভ (वृह ९ जघू), मातार्थनिनी, প্রীচৈত অমতমঞ্ধা, বৈষ্ণবানন্দিনী, হৈতত্ত্বমতচন্দ্ৰিকা (A. S. B. H. 8678), ভাগবত-টিপ্লনী (লোকনাথ চক্রবৃত্তি-ক্বতা. A. S. B. H. 3609, ভাগবততত্ত্বসার 10799C). (রাধামোহনগোস্বামী - Madras Govt. Manuscript Library. ভাৰভাৰবিভাবিকা R 2945)

by Dr. Farquhar p. 231.

(রামনারায়ণমিশ্র), ভাবার্থদীপিকা-দীপনী, শ্রুতিস্তৃতিব্যাখ্যা (প্রবোধা-নন্দসরস্বতী), সংশয়শাতনী (রঘু-নন্দনগোস্বামী) প্রভৃতি করিয়াছেন। Catalogus Catalogorum-নামক গ্রন্থতালিকা আরো বহু টীকার নাম याय। १ हिसी, खखताती, পারস্ত, ফরাদা, ইংরাজী, তেলেগু, তামিল, জাবিড়ী, মালয়ালম, কাণাড়া, প্রভৃতি ভাষায়ও ইহার ওডিয়া অমুবাদ আছে: বঙ্গভাষায় প্রাচীন প্রসিদ্ধ পতামুবাদ ছুইটি— শ্রীকৃষ্ণ-বিজয়' ও 'শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী'।

প্রীভাগবত সপ্তাহ-পারায়ণের ব্যবস্থা আছে। তাহার নিয়ম—

হিরণ্যাক্ষ-বধং যাবৎ প্রথমেইহনি ভরতস্থামুচরিতং কীর্ত্তয়েৎ। দিতীয়েহথ তৃতীয়কে ॥১॥ অমৃতমধনং যাবদ্যত্র কুর্মঃ স্বয়ং হরিঃ। চতুর্থ-निवरम टेठव मभास्य हित्रक्या **ह**॥ २॥ পঠেদ্বিদ্বান্ ক্কিন্যা 5 रुत्रगाविधम्। यद्धं टाइन्द्रवादः সপ্তমেহহ্নি সমাপয়েৎ॥ ৩॥

ভাগবতীয় চম্পূকাব্য-সমূহের তালিকা—(১) রামভদ্র-কৃত ভাগবতচম্পূ, (২) শেষশুধি এবং (৩) পরশুরাম-কৃত কৃষ্ণচম্পূ,(৪) ভুবনেশ্ব-ক্বত আনন্দদামোদ্র, (৫) গোপালক্ষ্ণকৃত বস্থদেবনন্দিনী. (৬) প্রণয়িমাধব, (৭) **মাধবভট্টকুত** শ্রীনিবাস-কৃত মুকুন্দচরিত, (৮) মিত্র

১। জিজাদা शांकित्न Cat. Cat., ত্রীচৈতক্সমতমপ্রুষার ভূমিকা এবং 'গোটীরার তিনঠাকুর' গ্রন্থের পরিশিষ্টে দ্রপ্টবা।

মিশ্র-কৃত কুষ্ণানন্দকন, (১)কেশব ও (১০) মাধবানন্দ-ক্লত বুন্দাবন, (১১) জীবনজিশ্মা-কুত বালক্ষ্ণচরিত, (২২) চিরঞ্জীব-ক্বত মাধ্বচম্পু, (>>) শ্রীর ফরুত মন্দারমরন্দ, (১৪) জীবরাজ ও কিশোর-বিলাস-ক্বত (>4) শ্ৰীক্ষণ্ডচম্পু, (১৬) লক্ষণকৃত ক্ষণবিলাস, (১৭) বীরেশ্বর-কৃত, यानवारम्भ ७ (১৮) कुक्कविक्र म, (১৯) গোবৰ্দ্ধন ক্বত ক্ষিণীচম্পু, (২০) मञ्जानरगाभानथनम, (२১) कानिमी-মুকুন্দ এবং (২২) জয়রাম পাণ্ডেক্বত —রাধামাধববিলাস। [এতদ্ব্যতীত মহাভারত ও পুরাণ-গুভৃতি-মূলক চম্পুগ্রন্থতালিকা প্রভৃতি History of Classical Skt. Litt 277 432-৫২০ পৃষ্ঠায় স্রন্থব্য।]

শ্রীভাগবর্ত

শ্রীমদ্ভাগবতের হিন্দী অনুবাদ শ্রীপ্রিয়াদাসন্ধির শিষ্য শ্রীরস্জানি-বৈষ্ণৰ দাস সমগ্ৰ দ্বাদশস্কন্ধাত্মক শ্রীমদভাগবতের হিন্দীতে অমুবাদ করিয়াছেন। রচনার আদর্শ যথা-মাহাত্মা—রসিকভূপ হরিকাপ পুন শ্রীচৈতক্সসরূপ হাদৈকৃপ অমুরূপ রস উঝল্যো বহৈ অনুপ ॥>॥ প্রীপ্রিয়াদাস রুসরাসকৌ পোল্র বৈষ্ণব তाशैको तम्बानिक कीमो नाम প্রকাস ॥২॥ শ্রীহরজীবন গুরুরুপা পায় সোই জানি। শ্রীভাগবত রস মহাত্মকী ভাষা করী ব্যানি ॥ আ অন্ত হিন্দী অমুবাদ—চতুর দাসজি-ক্বত। श्यि [অগ্রাগ্র অমুবাদের

জিজাগায় Poleman-কৃত

Census of Indic Mss. in the

শ্রীভাগবর্ত

U. S. A and Canada' দুইব্য] শ্রীমদভাগবতের উৎকলীয় অফুবাদ

- (২) ওঢ়ু কবি জগন্নাথ দাস (অতিবড়ী) সমগ্র শ্রীমদ্ভাগবতের উৎকলীয় ভাষায় নবাক্ষরে অন্থবাদক।
- (২) থাড়ঙ্গা দীনবন্ধদাস সমগ্র শ্রীমদ্ভাগবতের উৎকলীয় ভাষায় নবাক্ষরে অন্থবাদ করিয়ছেন।
 ১৯০০ শ্রোকটির অন্থবাদ যথা—
 [কৃষ্ণবর্গং দ্বিয়া কৃষ্ণং] যে কৃষ্ণ বর্ণটি কাস্তিরে, সংযুত কৌস্তভ আদিরে।
 উত্তম অঙ্গে শোভাবন,চক্রাদি-নিজায়ুধ্ মান। যে যুত স্থনন্দ-আদিরে, সে শ্রীকৃষ্ণদ্ধ এ কলিরে। নাম কীর্ত্তন মানদ্ধরে, উত্তম স্ততি মানন্ধরে।
 উত্তমবুদ্ধি সাধুজন, পূজ' করস্তি হে রাজন॥

এই কবি প্রসিদ্ধ জগরাথনাসের ,
পরবর্ত্তী—নিত্যানন্দ - পরিবার - ভুক্ত
জনৈক বৃন্দাবন দাসের শিষ্য
জয়রামদাস, তাঁহারই শিষ্য দীনবন্ধদাস—বৈতরণী-তটবর্তী মুক্নপ্রগ্রামবাসী ; যথা—

বৈশুব বৃশাবনদাস এক্সফভজিরে লালস। এনিত্যানশ পরিবার অটস্তি অভিশুদ্ধাচার। যে অটে তাহাঙ্কর শিষ্য বৈশুব জ্বরাম দাস। তাঙ্ক গ্রীতিরে বশ হেলি ভাগবতকু গীত কলি॥

(৩) ধরাকোটবাসী ভক্তকবি ক্ষণ্ণচরণ পট্টনায়ক-কৃত চতুর্দিশান্দরে উৎক্সীয় পদ্মান্থবাদ। শ্রীমন্তাগবতের ছন্দোবৈচিত্র্য —

ছন্দের

বহুস্থলে অধুনা-প্রচলিত

নিয়মব্যতায় দেখা যাঁইতৈছে—নিম্নে দিগদর্শন করিতেছি।

১। (ভা ১া২াও) শ্লোকটী—যঃ
স্বান্থভাবমথিলশ্রুতিসারমেক-মধ্যাত্ম-দীপ্যতিতিতীর্বতাং ত্যোহন্ধ্য।

ইহার প্রথম চরণটি—বসস্ততিলক-ছন্দে রচিত 'জ্বেয়ং বসস্ততিলকং তভজাজগৌগঃ' এই লক্ষণাক্রান্ত, কিন্তু

ষিতীয় চরণটি—'চেলাঞ্ল'-বৃত্তঘটিত চেলাঞ্লং 'তভসজ্গা গুরু যদা স্থাং' বিাগ্রয়ক্তে ২০৬ পৃষ্ঠা]।

২। (ভা ১।৩।৩৭) শ্লোকে আছপাদদরে 'উপেক্রবজা', তৃতীয় পাদে
'ইন্দ্রবজা' এবং চতুর্থপাদে 'ঈহামৃগী'
বৃত্ত – 'ঈহামৃগী কিল চেতো ভতে।
গৌ'—এই লক্ষণাক্রান্ত (বাগ্বল্লভ
১৬২ পঠা)।

পাদন্বয়ে 'উপেক্সবজ্ঞা', তৃতীয়ে 'বংশস্থবিলং' এবং চতুৰ্থে 'ইক্সবংশা'। ৪। (ভা ১৷১২৷১৮) শ্লোকটি অহুপ্টুপে রচিত হইলেও তৃতীয়পাদে অক্ষর নয়টি।

৩। (ভা ১া৭।৪২) শ্লোকে আন্ত-

(ভা ২। ০।২৫) শ্লোকে আছে চরণ রেয়ে 'উপেন্দ্রবজ্ঞা', চতুর্থটি কোন
 বৃত্ত
 এইরূপ ভা ২। ৪। ১৪ প্রথমপাদ
 অজ্ঞাত
 বৃত্ত ।

৬। (ভা ১।১ । ২৯) 'এবং রাজা বিজ্রেণাছজেন' ৫ম গুরু হইলে শালিনী হইত, এস্থলে 'বাতোমী' হইরা উপজাতি।

৭। (ভা ১/১৩।১•) প্রথম ছই চরণ ইন্দ্রবজ্ঞা হইলেও তৃতীয় এবং চতুর্থ চরণের ছন্দঃ অজ্ঞাত। ৮। (ভা ১০।৩৫।৯) 'বনলতান্তরব আত্মনি বিষ্ণুং'—ছলঃ অজ্ঞাত। হ্রস্বাহ্বিরতিক্রমে—৯। (ভা ১।২।৩)

'অধ্যাত্মদীপমতিতিতীর্ষতাং তমো-হল্পম্'—এইস্থলে ৮ম ও ৯ম অক্ষর যথাক্রমে দীর্ঘ ও হ্রম্ম হইলে বস্তু-তিলক হইত।

তিলক হহত।

১০। (ভা ১০।২।২৬) 'সত্যস্ত সত্যন্ত কৰে।

অক্ষর লঘু হইয়াছে; ঐ ২৭ শ্লোকের
ভূতীয় চরণে ৫ম লঘু এবং চতুর্থ চরণ
অস্ত ছল।

এইরপে দেখা যায় যে প্রীমদ্ভাগবতে ছন্দোবিষয়ে বহু ব্যতিক্রম আছে; তাহাতে ছুইটি সমাধান মনে হয়—আর্থপ্রয়োগ ত আছেই; ছন্দের পূর্বকালীন প্রচলন এবং প্রস্তারের নিয়মে নৃতন রচনাও হুইতে পারে। এক লোকে অনেক ছন্দের মিলনে বিবিধ উপজাতির প্রয়োগও

যোগ্য এই যে 'ইন্দিরা' ছন্দঃ স্ব্প্রথম শ্রীভাগবত (১০/৩১/১) হইতেই
প্রবৃত্ত। 'জয়তি তেহধিকং জন্মনা
ব্রজঃ, শ্রয়ত ইন্দিরা শখদত্রহি।'
[আদি সংস্কৃত-কাব্য রামায়ণ

আছে। একটি কথা বিশেষ প্রণিধান-

হইতে আরম্ভ করত মাঘ-সময় পর্যস্ত ক্রমশঃ কি প্রকারে ছন্দের আবির্ভাব হইয়াছে, সংস্কৃতসাহিত্যে তাহার বোধের জন্ত মহামহোপাধ্যার শ্রীরাম-তারণ শিরোমণি-কর্তৃক বিরচিত স্কীপত্র এম্বলে শ্রীগুরুনাথ বিল্লানিধি-সম্পাদিত ছন্দোমঙ্করীর ভূমিকা হইতে উদ্ধৃত হইল। ১৭১০ পৃষ্ঠা]

ছন্দঃ আবির্ভাবের স্থচীপত্র

	বামায়ণে		মহাভারতে		ভাগবতে	শিশুপালবধে*	
> 1	অমুষ্ট্ৰপ	বাল	२।১৫	দ্ৰোণ	₽8 ∘ ₽	>0 > >	२ मर्ग
२ ।	ইন্দ্ৰবজ্ঞা	উত্তর	७८।३३	আদি	२১১२	>० २ २১	৩
0	উপেন্দ্রবজ্ঞা	,,	92129	. 29	9026	201210	8 २१
8	द ःশ ञ्चनिव	বাল	२।8२	**	ঀ৽৩৬	2012124	>
«	ইন্দ্ৰবংশা	ত্থ ন্দর্	৮ সর্গ	"	७२ <i>8</i>	১ <i>০</i> ২ ২৬	>5
৬	বৈশ্বদেবী	,,	७८।२৮		٥	o	0
9	প্রহর্ষিণী	অযোধ্যা	>09129	"	F. F. O	३० ४१।३०	ь
ы	ক্ <u></u> ষচিরা	,,	२३।७०	,,	১১৭৯	२० २८ २७	১৭
৯	বস্তুতিলক	উত্তর1	००१८०	,,	७৫७	2012120	¢
> 1	পুষ্পিতা গ্ৰা	বাল	२।ह७	শান্তি	৬৬৭৬	२०।१।२५	٩
>> 1	অপরবক্ত্র	অযোধ্যা	७ ३।३७	"	१३२६	٥	0
>२ ।	ণ্ডপচ্ছ ন্দ সিক	উন্তরা	७१।२১		o	0	१ •
201	ञ्च न्दरी	>,	१७।२৫		0	३० ३० ३८	•
>8 l	রথোদ্ধতা		o	শান্তি	१५२७	۰	>8
>4	প্রমাণিকা		o	"	३२०२ ७	916186	0
১৬	भानिनी		٥	আদি	२३৮७	১০।৩।২২	১৮
591	ভূজ্ঞ প্রয়াত		•	শল্য	२७६१	8191०२	•
३४ ।	দ্ৰুতবি লম্বিত		o	দ্রোণ	४८०३	212,0	Ŀ
ৱ১।	পঞ্চামর		o	শান্তি	১২ ০৩৬	o	•
২০	মালিনী		0	কৰ্ণ	3008	১০ ৪৬ ৯	>>
२२ ।	শাদু লবিক্রীড়িত		а	"	৪৬৬৯	\$1\$1\$	2196
२२ ।	ইন্দিরা .		•		o	১০ ৩১ ১	0
'२७।	মন্দাক্রাস্তা		0		0	>०।५।२>	9 98
'२८।	শিখরিণী		c		0	8 9 80	@ & \$
२०।	নৰ্দটক		•		€'	>०१४११३३	•
२७	স্বাগতা		o		0	>0/06/>	>0
২৭	মঞ্জুভাষিণী		0		•	१।४।८७	20
२৮।	মৃগেন্দ্র মুখ		٥		۰	>२।>२।७०	o
२२ ।	স্রথিণী		0		o	9108180	8 8≷
100	শ্রগ্নর1		•		0	১০।৯০।২৪	১৪ ৯৬

^{*} निञ्जभागन्दर प्राथकानि आत्रस २० क्षकात्र छटलत्र छटल्थ आह्य।

🖺 মন্তাগবতে ব্যাকরণ-বৈচিত্র্য ১। (১।১০।২) সংরোহয়িত্বা— 'ক্তাচ্' স্থানে যপ্ হইত। এইরূপ (৪।১৯।১৫) হস্তবে = হন্তম, এবং

(৩।৫।৪৭) প্রতিহর্তবে = তুমর্থে তবেন প্রত্যয়।

'গুভীত २। (२०/४१/28) গুণাং' 'গুভীত' শব্দ বৈদিক, এইরূপ (৩।২১।২৪) সংগৃভিত। (81010, **৫।৩।২১) তমুবা=তরা।**

৩। (১০।৬।৯) 'জননী হুভিষ্ঠতাং' দ্বিতনে 'জননী'পদ আর্ধ।

৪। (১০/২৯/৪০) 'পুলকাক্ত-বিত্রন্' 'অবিভক্নঃ' স্থলে আর্ধ।

ে। (১০।১৪।৬) 'মহিমা গুণস্থ তে বিবোদ্ধ্ মহ্ত্যমলান্তরাত্মভিঃ' এম্বলে কর্মবাচো 'অর্হতি' ক্রিয়া।

৬। (ভা ১০।২৪।৩৬) 'সহ চক্রে-হল্মনা'--'আত্মনা' শব্দের আকার লোপ কেন ?

৭। (১০।২৪।৩৭) শর্মণে আত্মনো' বিসন্ধি হইয়াছে, অথচ সন্ধি করিলেও ছন্দঃপাত হয় না।

৮। (১০/২৬/২৫) বিজ্ঞাশ্যপর্শা-নিলৈ:'--'পর্শ' অর্থ কি ? 'সীদৎ-পালপশুন্তি আত্মশরণং'-বিসন্ধি; এইরূপ (১০।৩২।১৫) 'সংস্তৃত্য ঈষৎ' বিসন্ধি।

৯। (১০/৮৭/২২) 'রমস্তাহো', পলায়ন্ (১০। । २१), हेक्क ही (১०। ৯।৫) পরবৈষপদে প্রয়োগ হইয়াছে। এইরূপ ভোক্ষান্ (১০।৮।২৯), বয়ং मृत्यः (२०१८ १। १३) — मृत्रिय । ১০। সম্প্রদারণ— (১১০০১) কিমকারধীৎ, (৪।১১,৩) তস্থারধাস্তং,

(১০1১৬।৩৬) রেণুস্পরশাধিকারঃ,

(>6|86|06) আকলমার্ক্যরহন্, (৭।৯।৩৯) 'কামাতুরং হর্ষশোক-ভবৈষণার্ত্তং' (১০।১৬।২৬), এইরূপ (১০/৮/২৪) এবং (১০/১০/৩৮) (२०१२) 'वत्रहस्त्रवक' हेल्यापि । ভাগবত-কৌমুদী-----শ্রীমদ্ভাগবত দশমস্বন্ধের রাসপঞ্চাধ্যায়ী পর্যন্ত ২৫ পত্রাত্মক টিপ্পনী, রচয়িতা-রামকৃষ্ণ। ১৭৪৩ শাকে রচিত, খণ্ডিত পুঁথি [A. S. B. 3550] প্রথম শ্লোক—

প্রণম্য পরমং ব্রহ্ম তুরাহার্থস্থ সংবিদে। তম্ভতে রামক্কফেন খ্রীভাগবতকৌমুদী॥ ভাগবত-- টিপ্পনী------ প্রীলোকনাথ চক্রবন্তিকতা শ্রীমদ্ভাগবতের দশম, একাদশ ও ঘাদশ ক্ষের তুরুহ শ্লোক-नमूट्ड हिंश्रनी। [A. S. B. 3609,10779c] দশমের প্রথমে— গ্রীগোবিন্দ-পদদন্তং

নমস্কৃত্য

শ্রীলোকনাথন্তমুতে

মুদা দশম-টিপ্পনীম্॥ গোপিকা-সদয়াস্ভোজে যোহভীক্ষং স্থ্যবৃতি প্রভু:। সোহয়ং বুন্দাবন-স্বামী কুরুতাং প্রভুতাং ময়ি॥ পুঁথিতে ৫ পত্র এবং ফৃতীয়াধ্যায়

গুরুক্তিত:।

একাদশ, দাদশন্ধরেরও টিপ্পনী আছে। গোস্বামিক্ত; শ্রীমদ্ভাগবতের প্রথম

১৩ শ্লোক পর্যন্ত এবং দিতীয় পুঁথিতে

শ্লোকের ব্যাখ্যা মাত্র পাওয়া গিয়াছে (A. S. B. 4023), পঞ্চপত্ৰাত্মক

খণ্ডিত পুঁথি। আরন্তে — এক্রফচরণান্ডোজ-

পরানন্দামৃতামুধী। মনোমধুব্রতো

নিত্যং রমতাং মমতাঙ্কিত:॥ এক্সঞ্চ-ভাব-মুগ্ধেন রাধামোহন-শর্মণা। শ্রীমদ্-

ভাগবতভারং তবুদারঃ প্রকাশতে॥

জ্ঞান-বৈকল্যে ম্বাপরে অথ পুনজ্ঞ নি-বত্ম -প্রদর্শনায় ব্ৰহ্মাদি-দৈবতৈ রথিতে ভগবারারায়ণো ব্যাসত্বেনাবততার, তভ×চ বেদান বহুধা বিভজ্যাপি তজ্জানশক্তি-विशीना यन्त्रवृष्कत्यार्ज्ञायूर्या (लाकाः কলো ভবিয়ান্তীতি নিশ্চিত্য স্ত্রীশূদ্র-

পুরাণান্তরাণি রুত্বা তত্রাপি এক্বঞ্চ-গুণ-বর্ণনমগ্রধর্মাদিকমন্থ কীত্তিতমিতি চিত্ত-প্রসন্তিমলভ্যানো বেদব্যাশো

ব্ৰহ্মবন্ধু নামপি নিঃশ্ৰেয়দায় চ ভাগবত-

নারদোপদেশেন গ্রীক্লফগুণ-বর্ণন-প্রধানং খ্রীভাগবতাখ্যং স্বরূতবেদান্ত-

স্ত্রসার-ব্যাখ্যানময়ং প্রারিপ্স্তেৎ-পর্মমঙ্গলং গ্রন্থাদো প্রতিপাগ্যং

নিদিদেশ—জন্মান্তভেতি পঞ্চেন। ভাগবভমঞ্জরী— —তীর্থস্বামি-রচিত

ভাগবতীয় বিচার-সংক্ষেপ।

শোকাত্মক ৪ পত্ৰ (Notices of

Skt. Mss. 1035) | উপক্রমে—

শ্রীভাগবতশু গায়ত্র্যা সমারম্ভবাদ যং

ব্রন্ধেত্যাদি - শ্লোকস্থামূলকত্মায়াতি,

তথাপি গ্রন্থবহিভূতিত্বাৎ পাঠে ন

দোষ: (१) গ্রহণ-পুর*চরণে স্নান-

गःकन्ना पित्र । উপসং ছারে — यद्य পি নারদীয়-পূর্ত্যর্থং সপ্তসহস্তমধিকং,

স্বামিনাষ্টাদশসহস্রাণি তথাপি গণিতানি বাচনিকসংখ্যারক্ষার্থম॥

ভাগবত-ব্যাখ্যানলেশ—গ্রিগোপাল

শর্ম-বিরচিত ২৭-পত্রাত্মক পুঁথি (A.

S. B. 3547) দশমস্কলব্যাখ্যালেশ-মাত্র পাওয়া গিয়াছে। টীকাকার

শ্রীধরস্বামিপাদেরই আমুগত্য করিয়া-

ছেল | India Office Catalogue (R. 3517) এ অভ পুঁথি আছে।

১৬৮৯ শকে এই টিপ্পনী সমাপ্ত হয়।

শেষে—হাস্থায় বেদ্মি যদি মে
বচনং কবীনাং, ক্ষুদ্রাশয়স্থ রহিতং
সকলৈগুটিণ্ছি। যত্নস্তথাপি যদয়ং
হৃদয়ং বৃথায়,-চিস্তাকুলং যদি বিশুধ্যতি
কৃষ্ণকীর্ত্ত্যা॥

ভাগবত-সার—মাধবাচার্য - রচিত বাংলা কাব্য। ভাগবতের ভাবামুসরণে পরার ও ত্রিপদীছদে ইহার রচনা। মূলপুঁথি বিক্বত ও খণ্ডিত ছিল।

শ্রীভাগবভামুভকণা—— শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-ক্বত এই গ্রন্থ লঘুভাগবতা-মুতের সার-সঞ্চলন মাত্র। অসমোদ্ধ-মহৈশ্বৰ্য-মাধুৰ্যতত্ত্ব উপাক্ত বস্তুর ্ষয়ংরূপত, বিলাসত (বৈকুণ্ঠনাথ), অংশত (মংশ্রক্মাদি), আবেশত্ব (ব্যাসাদি) পুরুষাবতারত্রয়,গুণাবতার-ত্রয়, অসংখ্য লীলাবতার (চতুঃসন, নারদ, বরাহ, মৎস্থাদি), মন্বন্তরাবতার (যজ্ঞ, বিভু, সত্যসেনাদি), যুগাবতার (৬ক্ল, রক্তাদি), প্রাভব (মোহিনী, ধন্বস্তরি প্রভৃতি), বৈভব (মৎস্ত, क्शांपि), পরাবভ (नृসিংহ, রাম, কুষ্ণ), বাসস্থান (ব্রজ, মধুপুর দারকা ও গোলোক); পূর্ণত্ব, পূর্ণ-পূৰ্ণতমত্ব (যথাক্ৰমে હ ছারকায়, মথুরায় ও বৃন্দাবনে), লীলা (প্রকট ও অপ্রকট), বাল্যাদি-লীলার নিতাত্ববিচার, ভক্তগণের তারতম্যাদি-বিষয়ে সংক্ষেপ পরিচয় দেওয়া হইয়াছে। অনুবাদ তুইটি— শ্রীকৃষ্ণদাস ও শ্রীরসিক দাস-কৃত (পাটবাড়ী পুঁথি অমু ২২ ক) শ্রীমদভাগবতার্কমরীচিমালা—— শ্রীকেদারনাথ ভক্তিবিনোদ-রচিত। ইহাতে সুলতঃ সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন নির্দেশ হইয়াছে। ২০টি কিরণ (অধ্যায়) আছে—প্রতি প্রসঙ্গই শ্রীমদভাগনতের শ্লোকাবলি-দারা সমর্থিত। প্রমাণনির্দেশ-খণ্ডে —প্রথম কিরণে স্থচনা অর্থাৎ সর্ব-প্রমাণদার শ্রীমদভাগবতই; দিতীয়ে ভাগবতার্কোদয় অর্থাৎ ভাগবতের মূল তাৎপর্য এবং উদয়-ইতিহাস। তৃতীয়ে—ভাগৰত-বিবৃতি। তৎপরে সম্বন্ধজ্ঞান-প্রকরণে চতুর্থে- ভাগবত-স্বরূপ, পঞ্চমে—ভগবচ্ছক্তি, ষষ্ঠে— রস্তত্ত্ব, সপ্তমে—জীবতত্ত্ব, অষ্টমে— বদ্ধজীব, নবমে—ভাগ্যবান জীব, দশমে-শক্তিপরিণাম ও অচিন্ত্য-ভেদাভেদবাদ। অভিধেয়-তত্তপ্রকরণে একাদশে—অভিধেয়বিচার, দাদশে —সাধনভক্তি, ত্রয়োদশে—নামাশ্রয়, চতুর্দ্ধশে — ভক্তিপ্রাতিকূল্যবিচার, পঞ্চদশে—ভক্ত্যাহুকুল্যবিচার,ষোড়শে —ভাবোদয়ক্রমবিচার। প্রয়োজন-ভত্তপ্রকরণে সপ্তদশে—প্রয়োজন-বিচার, অষ্টাদশে—সিদ্ধ প্রেমরস ও উনবিংশে—রস-গরিমা এবং বিংশে —রসমধুরিমা।

শ্রমের গ্রন্থকার শ্রীমংস্বরূপদামোদর প্রভুপাদ হইতে এই গ্রন্থরচনার ইঙ্গিত পাইয়াছেন বলিয়া
স্বরংই স্বকৃত অমুবাদের উপসংহারে
জানাইয়াছেন। অমুবাদের প্রতি
অধ্যায়ে মুখবলে একটি কি তুইটি
শ্রোকে গৌরগণের বন্দনা। ইহাতে
ভাগবতের প্রায় ১২৩০টি শ্লোক
সংগৃহীত এবং গ্রন্থশেষে স্বকৃত তিনটি

মাত্র শ্লোক সংযোজিত হইয়াছে। ভানুসিংহের পদাবলী—কবীন্দ্র শ্রীরবীক্রনাথ-রচিত। ইনি বৈঞ্চব-পদাবলীর অনুসরণে ও অনুকরণে কিশোরকালে ব্রজবুলিতে কবিতাগুলি রচনা করিয়া 'মধুরেণ স্মাপয়েৎ' ভায়ে ব্রজবুলি কাব্যের যবনিকাপাত করেন। ভাবচ ক্রিকা — 'শ্রিভগবচ্চরণারবিন্দ-মধুত্রত' শ্রীচণ্ডীদাস-বিরচিত কাব্য। বোড়শ খঃ শতকের প্রথমাংশের কবি। ইহাতে রাগমার্গ (ভক্তিতত্ত্ব) ও মাধুর্যলীলার উৎকর্ষ নিরূপিত হইয়াছে। উপক্রমে—'বন্দে বুন্দা-বনাসীনমিন্দিরানন্দ-মন্দির্য। উপেন্ধং সাজকারণ্যং সানন্দং নন্দনন্দনম। (Notices of Skt. Mss. 6, 2131)|

ভাবনাসার-সংগ্রহ — গোবর্দ্ধনবাস্তব্য শ্রীপিদ্ধ কফদাস বাবাজি
মহোদয় > 9৪৩ শকে ইহার সদ্ধলন
করেন। শ্রীগোবিস্পলীলামৃত,
শ্রীক্রফাহ্লিক-কৌমুদী, শ্রীক্রফভাবনামৃত প্রভৃতি প্রসিদ্ধ প্রসিদ্ধ ৩৪খানা
গ্রন্থরত্ব হইতে প্রায় তিন হাজার
শ্রোক সংগৃহীত হইয়াছে। এমন
স্থশুগুলার সহিত শ্রীব্রজ্ঞলীলার অষ্টকালিকী ধারা স্থসজ্জিত হইয়াছে
যে কেবলমাত্র এই গ্রন্থের সাহায্যেই
তক্ষণ সাধকগণও অনায়াসে স্মরণভক্তির যাজন করিতে পারেন।

ভাবভাববিভাবিকা— প্রীমদ্ ভাগ-বতের রাসপঞ্চাধ্যায়ীর টীকা। রচরিতা— শ্রীমদ্ গোপাল ভট্ট গোস্বামির অন্ববায়ী শ্রীরামনারায়ণ মিশ্র। ইহাতে যমক, অন্ধ্প্রাসাদি শক্ষাভ্যর দ্রষ্টব্য।

ভাষ্যপীঠক

ভাবার্থদীপিকা--- শ্রীধরস্বামিপাদ-রচিত প্রীমদভাগবতটীকা। তিনি मच्छानाशास्त्रतार्थ (शीर्वाश्रम्बर्ग বেদাতস্ত্রভাষ্য শ্রীভাগবতের টীকা রচনা করেন। মঙ্গলাচরণে ও শ্রুতি-স্তুতির টীকায় তাঁহার नुगिংহ-উপাসনার ইঙ্গিত আছে।

শ্রীমন মহাপ্রভু বলিয়াছেন (চৈচ অন্ত্য ৭।১২৯--১৩১) 'শ্রীধরস্বামি-প্রসাদে সে ভাগবত জানি। জগদ-গুরু শ্রীধরস্বামী গুরু করি মানি॥ শ্রীধরের অমুগত যে করে লিখন। সব লোক মান্ত করি করিবে গ্রহণ॥' এইজন্ম শ্রীপাদ সনাতন, শ্রীজীব এবং শ্রীনাথচক্রবর্তী প্রভৃতি সকলেই ভাবার্থনীপিকার আলোকেই শ্রীমদ ভাগবতের ব্যাখ্যা করিয়াছেন। [প্রথম খণ্ড ৭৯৫ পৃষ্ঠা দ্রেষ্টব্য]

ভাষারত্বমালা——গ্রীরূপগোস্বামি-পাদ-কতুকি সন্ধলিত পদ্মাবলীর প্রাম্বাদ। শ্রীম্রিত্যানন্দ প্রভুর সপ্তম অধস্তন শ্রীমাধবানন গোস্বামির শিষ্য-কর্ত্ত্ব ত্রললিত পয়ারাদি ছন্দে গ্ৰথিত। ভাষাশব্দার্থব--- প্রীজগদানন ঠাকুর-

কর্ত্তক রচিত। ইহাতে ক-কারাদি অমুপ্রাসযুক্ত কাব্যরচনা আছে ৷ পদ-কর্ত্তারা যাহাতে সহজে মিল খুঁজিয়া পান-এই উদ্দেশ্যেই তিনি সম-ধ্বতাত্মক এই শব্দকোষ রচনায় প্রবত হইয়াছিলেন। কালিদাস নাথের সঙ্কলনে অসমাপ্ত রচনাটি হইয়াছে ৷ সংপ্রতি প্ৰকাশিত শ্রীধীরানন্দ প্রকাশিত ঠাকুরের সঙ্কলনেও তাহাই আছে।

বিস্থাভূষণ-

ভাষ্যপীঠক—শ্রীবলদেব

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৩খ) জন্ম কপিল, কণাদ, গৌতম ও রচিত এই সিদ্ধান্তরত্ব বা ভাষ্যপীঠক জৈমিনি প্রভৃতি যে সকল উপায় শ্রীগোবিন্দভাষোর পরিপোষক প্রকরণ গ্রন্থ। জয়পুরে গলতায় বিভিন্ন সম্প্রদায়ির সঙ্গে শ্রীবিষ্ঠাভূষণের যে বিচার হয়, এই গ্রন্থ তাহারই নিদর্শন। এই গ্রন্থের আটটি পাদ (অধ্যায়) আছে। প্রথমপাদে-জীবের পরমপুরুষার্থ, দ্বিতীয়ে— <u>শ্র</u>ীভগবানের ঐশ্বৰ্য, তৃতীয়ে— শ্রীবিষ্ণুর পরতমত্ব, চতুর্থে—তাঁহার সর্ববেদবেল্ডর, পঞ্চমে ও ষষ্ঠে— কেবলাদৈতবাদনিরাস, কেবলামুভূতিমতের খণ্ডন অষ্ট্রমে—পমরপুরুষার্থের সিদ্ধান্তপক্ষ স্থাপিত হইয়াছে। 'ভাষ্যপীঠক' যাথাৰ্থ্যও নামকরণের গ্রন্থকার উপসংহারে (৮।৩২) লিথিয়াছেন— বক্ষস্থতে হরিপারতম্যাদি নবপ্রমেয়-বিশিষ্ট যে কৃষ্ণাত্মক (গোবিন্দ)-

গোবিন্দভাষ্য পরিপুষ্ট ব্যতিরেকে হইতে পারে না, অতএব অত্রত্য সিদ্ধান্তরত্বাবলীর সম্যকু ধারণপোষণ পূর্বক গোবিন্দভাষ্য অধ্যয়ন করিলেই ত্মফল অবশ্রস্তাবী। অধ্যায়গুলির ক্রমশ: নাম—(>) পাঞ্জন্ত, (২) কোমোদকী, (৩) প্লদর্শন, (৪) তাক্ল্,(৫) বামন,(৬) ত্রিবিক্রম, (৭) নন্দক ও (৮) পত্মক। বিবৃতি— প্রথমপাদে হংখ-পরিহার ও তথপ্রাপ্তির জন্ম সর্ব

জীবের প্রবৃত্তি—এই উভয় সাধনের

ভাষা স্থবিরাজমান আছে-তাহার

উপবেশনের নিমিত্ত এই সিদ্ধান্ত-

রত্বাখ্য স্থবর্ণপীঠই যোগ্য হইবে।

তাৎপর্য এই যে গ্রন্থোক্ত শ্রুতিবৃক্তি-

নিরূপণ করিয়াছেন, সে সমস্তই দোষ-যক্ত। বেদব্যাস এই সব মত-খণ্ডনে বেদাস্তম্ভত্র প্রণয়ন করত জীবের আত্মজ্ঞান-সাধনপূর্বক সর্বেশ্বরের অমুভবই শিক্ষা দিয়াছেন। সর্বেশ্বর-তত্ত্তি জ্ঞানানদ-স্বরূপ, সর্ব-শক্তি-সম্পন্ন, অচিন্তা, অলৌকিক, সত্যকামাদি-গুণবিশিষ্ট পুরুষাকৃতি ভগবান্ই। তাঁহার স্বরূপে ধর্মধ্যিগত স্থগত তেদ পর্যস্ত না থাকিলেও অচিস্তা-শক্তিবলে তিনি সবিশেষ। শান্তের অভিধাবৃত্তি-বলেই তিনি ও তাঁহার বিচিত্র বিশেষ পরিজ্ঞাত হওয়। যায়। পূর্বোক্ত চরমফল্বয়-সাধনে কর্ম সাক্ষাৎ হেতৃ হইতে পারে না, কিন্তু জ্ঞান ও ভক্তির সাক্ষাৎহেতুত্ব নির্দিষ্ট হইয়াছে। তং-পদার্থামুভবই নির্ভেদ জ্ঞান, তাহাতে কৈবল্য-লক্ষণ মোক্ষ, তৎ ও ত্বং-অপাল-বীক্ষণই বিচিত্ৰ ভক্তিস্বরূপ জান। শুদ্ধ তৎপদার্থ-জ্ঞানরূপা ভক্তিদারা সালোক্যাদি শুদ্ধ সম্বন্ধ বিশেষ-মুক্তি হয়। ভক্তিদারা পরিজ্ঞানরূপ পাদপত্ম-পরিচর্যাক্সপ পুরুষার্থ লাভ হলাদিনীসার-হয়। সেই ভক্তি সমবেত স্থিৎসার্রপা—তাহা ভগ-वान ७ জीবের আনন্দবিধায়ক। ভগবানের পরা শক্তির বৃত্তিত্রয়— मितनी, मिरि९ ७ इलामिनी। জीरनत কায়াদিতে আবিভূতা হইয়া ভক্তি বিশুদ্ধানন্দতাদাত্ম্য স্বরূপে সর্বেন্দ্রিয়ে কর্মগারা চিত্তভূদ্ধির কার্য করে। করিয়াও অনেকেই 7

সাধুসঙ্গে শ্রদ্ধাসহকারে ভজনে প্রবৃত্ত
হইয়া ভগবৎ-সাক্ষাৎকার লাভ
করিতে পারেন। সালোক্যাদি মোক্ষ
ভক্তির আমুষঙ্গিক ফল। এই ভক্তি
ভগবৎ-পরিব্দর হইতে ইদানীস্তন
ভক্তগণের মধ্যে গঙ্গাস্রোতের গ্রায়
সম্প্রদায়গত। পূর্ণকাম ভগবান্
ভক্তের পূজা আদরে গ্রহণ করেন।
শ্রীক্ষঞ্-প্রসাদ অচিন্তা ও অবিতর্কা।

দ্বিতীয় পাদে—মাধুর্য ও ঐশ্বর্থ-ভেদে দিবিধ ভগবতা। জীবের জ্ঞান-ভক্তিও তদভেদে দ্বিবিধ। পরবৈশ্বর্যের প্রকাশে বা অগ্রকাশে নরলীলার অনতিক্রম হইলে মাধুর্য; হুৎকম্প-मस्यानि वाता चलावरेमधिनाकाती ধর্মকে ঐশ্বর্যজ্ঞান বলা হয়। অন্ত-নিহিত ঐশ্বর্জ্ঞান মাধুর্যের পোষক। মাধুর্য-ভজের বিশ্বয়, বিরহ ও বিপৎ-পাতে ঐশ্বৰ্য অনুভূত হয়। এই উভয় ধর্মই ব্রহ্মতত্ত্বে বিভয়ান। অষ্টাদশ-দোৰশূভ্য ভগবতন্স—মুগ্ধতা সার্বজ্ঞ্যাদি বিরুদ্ধ গুণরাজি ভগবানে সমাবেশ হয় ৷ দ্বিবিধা-এশ্বর্য-প্রকাশিনী বিধিভক্তি ও মাধুর্য-প্রকাশিনী রুচি বিধিভক্ষি—মিশ্র ও (24 P) দ্বিবিধ। মিশ্র-বিধিভক্তগণ স্বনিষ্ঠ. অচিরাদিমার্গে অবশেষে বৈকুঠে গমন করেন। শুদ্ধ ভক্তগণ ব্যাকুলতা-প্রযুক্ত কুপালু ভগবৎকর্ত্তক গরুড়স্বন্ধে তদ্ধামে নীত হন। রুচিভক্তি মাধুর্য-ময়ী বান্ধবভাব-সংযুক্তা। পুরুষোত্তম ক্লফই সর্বশক্তিময় স্বয়ং ভগবান। যে সব স্বরূপে সর্বশক্তির বিকাশ নাই. ত্বই একটি মাত্র শক্তি প্রকটিত হয়, তাহারা বিলাস, অংশ বা কলা।

<u> এরিকটে স্থাবতারী আর পর্বোম-</u> পতি নারায়ণ তাঁহার বিলাসমৃতি। লীলা, প্রেম, বেণু ও রূপমাধুরী একমাত্র অনস্তাপেক্ষী স্বয়ংরূপ গ্রী-क्रस्थ्ये विदाखमान। स्लानिनीत मात-স্বরূপা প্রেমময়ী শ্রীরাধাই পরা শক্তি। লক্ষী অর্গাদি তাঁহার ছায়াবিশেষ। ক্ষের নিতা লীলাধাম 'শ্রীগোলোক'-নামে বেদে কথিত—গোলোকের নীচে মথুরা, তলিমে দারকা, বৈকুণ্ঠ, তলিমে শিবধাম, তলিমে দেবীধাম-রূপ জড় জগৎ। সেই সেই ধাম লীলাপ্রকাশের জ্বতা ধরার আবিভূ ত তদিজ্ঞাক্রমে হয়। আবিভূতি ধামসমূহ অপ্রাক্বত হইলেও অসংস্কৃত দৃষ্টিতে প্রপঞ্সম দৃষ্ট হয়! অনন্তাকার, অনন্তপ্রকাশ, অনন্তলীলা, অনন্তব্ৰহ্মাঞ্চ, অনন্তবৈকুণ্ঠ ও অনন্ত পার্ষদগণের অভিবাক্তি অনস্থ হইলেও প্রীক্লঞ্চের সমস্ত লীলাই নিতা। ভগবৎক্লপায় এই রহস্ত ভগবদ্ধামের সুর্যচন্দ্রাদিও বোধ্য। অপ্রাকৃত। প্রপঞ্চনাশে কাদাচিৎকী লীলার অভাবেও নিতালীলার অস্তাব হয় না। বৈধ ও কৃচি-ভক্তিতেই হঃখহানি ও স্থখলাভ ঘটে। রুচি-ভজ্নিই শ্রেষ্ঠ। কৃষ্ণকূপাবাতীত ভক্তিতে প্রবৃত্তি হয় না।

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৩খ)

তৃতীয়পাদে—অনুর্দ্দমান পরশক্তিবিশিষ্ট বড়্বিকারশৃক্ত ভগবান্।
তিনি সকল দেবতার দেবতা বিষ্ণু—
মুমুক্ষ্-কর্তৃক উপাছা। কেবল
তাঁহাকেই উপাসনা করিবে, কিন্তু
অন্ত দেবতাকে অবজ্ঞা করিবে না।
বিষ্ণুভজ্ঞির বিরোধী—(১) সর্বদেবৈক্যবাদী, (২) ত্রিদেবৈক্যবাদী

ও (৩) হরিহরৈক্যবাদী। ইহারা
থণ্ড খণ্ড শাস্তবাক্য লইয়া বিকৃতে
অনম্ম ভক্তির ব্যাঘাত জন্মায়। সেই
সব শাস্তবাক্য অস্তান্ত শাস্তবাক্যের
সহিত একবাক্যতা করিলে বিকৃরেই
পারতম্য ও জীবোপাস্মতা নির্ণীত
হয়। বিকৃর অধীনে অস্তান্ত দেবতারা
কার্য করেন; অতএব ত্রিমৃতির
মধ্যে স্কেছায় অবতীর্ণ প্রুষই বিকৃ
আর তুইজন তাঁহার বিভিন্নাংশ তত্ত্ব।
তাঁহার জন্মকর্মাদি অপ্রাক্বত। স্বীয়
বিভিন্নাংশগণের সহিত তাঁহার লীলাই
নিত্য।

চতুর্থপাদে—কৈবল্যাত্মবাদ-নির-সন হইয়াছে। এইমতে শ্রুতিস্কল ছুই ভাগে বিভাজ্য, সগুণ ও নিগুণ। নিগু ণশ্রুতিই লকণাদারা সগুণশ্রুতি প্রতিপাদক ৷ ব্রন্দোর ব্যাবহারিক ভাবকে ব্যক্ত করত নিও ণ শ্রুতিসিদ্ধ শুদ্ধ চিন্মাত্র স্বাস্থাকে প্রতিষ্ঠা করিবার জন্ম অমুবাদরূপে বর্ত্তমান। এই প্রকারে শ্রুতিবিভাগ অন্তায়মূলক। ঋষিগণ কিন্তু শ্রুতি-পণকে কর্মকাণ্ডীয় ও জ্ঞানকাণ্ডীয়-রূপেই বিভাগ করিয়াছেন। জ্ঞান-কাণ্ডে শ্রুতিগণ ব্রহ্মকে সাক্ষাৎ নির্দেশ করেন, কর্মকাণ্ডে তাঁহারা জ্ঞানাঙ্গ-রূপে পরম্পরাভাবে ব্রহ্মকে নির্দেশ করেন। এন্থলে জ্ঞানকাণ্ডীয় শ্রুতি-সমূহকে পারমার্থিক ও ব্যাবহারিক-ভেদে বিভাগ করা অযৌক্তিক। প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর সন্তণ বেদবাকা এক্ষের অলৌকিক পার-মার্থিক গুণরাজির প্রতিষ্ঠা করেন. পক্ষাস্তরে নির্গুণ শ্রুতিগণ কেবল প্রাক্বত গুণের নিষেধ করেন।

ঔপনিষদ পুরুষ—শব্দবাচ্যই। ভাগত্যাগ-লক্ষণায় কল্লিত অচৈতগ্ৰ হইয়া পড়ে। माक्षी. কেবল, নিবিশেষ প্রভৃতি নিগুণ-সাধক বাক্য পক্ষান্তরে গুণেরই ত সাধক। সার্বজ্ঞাদির ন্থায় প্রভৃতি বাক্যও সমানভাবে পার-মার্থিক। বেদবাকো বিশ্বাস শিথিল হইলেই মায়াবাদ আসে। সাকলো বাচ্য না হইলেও ভগবান বেদবাচ্য, হইতে জীব ও প্রপঞ্ পুরুষোত্তমকে ক্ষরাক্ষরের অতীত জানিয়াই জীব কুতার্থ হয়।

পঞ্চম পাদে—অদৈতবাদ কথনই সিদ্ধ হয় না ৷ অদ্বৈতকে ব্রহ্মাতিরিক্ত বলিলে অদৈত থাকে না; ব্ৰহ্মাত্মক বলিলে সিদ্ধসাধনতা দোৰ আত্মাস্তরপ সিদ্ধ হয় ৷ বস্তব যখন আবরণ সন্তব অধৈতকে 래. তখন অজ্ঞান কি প্রকারে আবরণ করে? অর্থ-সাধনে অন্ধিগত শাস্তের অপ্রামাণ্য হইয়া পডে। যদি বল ব্রন্ধাতিরিক্ত অজ্ঞান আছে, দৈত হইয়া গেল। যদি অজ্ঞান নাই—তবে সিদ্ধ আত্মার মোক্ষরপ প্রয়োজনের অভাব হয়। সদসদনিব্চনীয় বলিয়া অজ্ঞানকে ক্রমশঃ কল্পনারই প্রসার হইতে লাগিল; স্থতরাং এই মত আকাশ-কুস্থমবৎ মিধ্যা। অদ্বৈতমতে যখন বিষয়, প্রয়োজন ও অধিকারীরই অভাব—তথন তাহাতে আর শাস্ত্র-সম্বন্ধ থাকিতে পারে না, যেহেতু সংবস্থর সহিতই শাস্ত্রের সম্বন্ধ।

ষষ্ঠপাদে—বেদমতে অদিতীয়

ব্রহ্মে জ্ঞাতৃ-জ্ঞেয়-জ্ঞানাদি বিশেষের দারা ভেদরূপে প্রতীত হয়। সেই প্রতীতি পারমাথিকই, মিথ্যা নহে। অভেদ পরমার্থ নয়; ব্রহ্মভাব ফল नरह, किन्छ उन्नास्थाकू ७ वर्षे कल। নাই। আত্মা ব্ৰহ্মাভেদ চিন্মাত্রময়, কিন্তু কর্তৃত্ব-ভোক্ততাদি-যুক্ত স্বিশেষ বস্তা। আত্মতে যে অস্মদর্থ ও যুম্মদর্থ—তাহাও পার-জীব-মাথিক ভেদ-প্রকাশক। অধ্যাসিত নয়, প্রপঞ্চ কিন্তু ব্রহ্ম-সম্বন্ধ পারমার্থিক বিভিন্ন বস্তা। পরস্পর স্বরূপভেদও মাথিক। উপক্রমাদি চয় লকণে বেদবাক্যসমূহে এবং ব্ৰক্ষে ভেদ স্বিশেষত্বই সাধিত হয়। ব্ৰহ্মনিষ্ঠত্ব ও ব্রহ্মবাপ্যত্ব-নিবন্ধন এই জগৎ ব্রহ্মাত্মকই। সংসার-দশায় অজ্ঞতা-প্রযুক্ত জগৎকে ব্রহ্ম হইতে স্বতন্ত্র বলিয়া ভ্রম হয়। শান্তের একদেশ-দর্শনে সিদ্ধান্ত করিয়াই এই অম. কিন্তু সর্বদেশ-সম্মত সিদ্ধান্তে আর ত্রম হয় না। ব্রহ্মশক্তিময় প্রপঞ্ মিথ্যা বলিয়া শাস্ত্রে প্রতিপাদিত হয় নাই। জনাদি-অনিত্যবাাপ্য বলিয়া জগৎকে অনিতা বলা যায়। জগৎ ত্রিকাল-মিথ্যা নহে বলিয়া সত্য হইলেও ঈশ্বরাধীন। ব্রন্ধের স্ষ্ট্যাদি শক্তি আছে, ঐশ্বর্যাদি-বিশিষ্ট ভগ-বান্ই পরব্রন্ধ, অথিল ভূত তাঁহাতে এবং তিনি নিখিল ভূতে বর্ত্তমান। তাঁহাতে হেমগুণমাত্র নাই, বিষ্ণুর বস্থসিদ্ধ. অন্তোর ভগবতা তিনি ইচ্ছাময় মাহাত্মপর. লীলাময়। তিনি নিতামুক্ত জীবেরও পরতত্ত্ব, নিগু ণতা তাঁহার ঐকদেশিক

ধর্ম বা আবির্ভাব। কেবল ব্রহ্মাত্মক বুদ্ধি হইতে অজ্ঞান-নিবৃত্তি হয় না, কিন্তু ব্রহ্ম-প্রপত্তিতে তাহা হয়। কেবল প্রাকৃতরূপগত ইয়তার প্রতিব্ধেই বেদে উক্ত হইয়াছে, অচিন্তু অপ্রাকৃতরূপের উল্লেখই কিন্তু তাহাতে বিভ্যান। 'যতো বা ইমানি ভূতানি'—ইত্যাদি বাক্যে প্রপঞ্চের মিথ্যাত্ম নিরাকৃত হইয়াছে। মারাবাদ—প্রচ্ছন বৌদ্ধনত। স্ব্বেদ-তাৎপর্যসিদ্ধ ভেদবাদই পার-মার্থিক।

সপ্তমপাদে—মায়াবাদিমতে এক অদিতীয় সত্য অনন্তশক্ত্যাদিশৃত্য এবং স্বজাতীয়াদি-ভেদত্রয়র্হিত পরতত্ত। 'জ্ঞান' শব্দ ভাব-বাচ্যে নিষ্পন্ন হইয়া নির্ভেদ সন্বিৎ-জ্ঞপ্তি-অমুভূতি-বাচক তত্ত্ব। কারকবাচ্য ধরিলে ভেদদোষ অনিবার্য—এই কথা অযৌজ্ঞিক; কেন না, অনেন ইতি জানং'—এরপে সাধিত হইলেও শক্তি স্বীকার করিতেই হয়। শক্তি আসিলেই জ্বেয়, জ্বাতা ও জ্ঞানের বিশেষগুলিও আসিবেই। শক্তি অনন্ত, জ্ঞানও অনন্ত। শক্তি আসিলে জ্ঞান অন্তরাল হয় না। অহমর্থ স্থলদেহের অমুপত নহে. জ্ঞানগুণের আশ্রয়ত্বই জ্ঞাতৃত্ব, জ্ঞান আত্মার ওৎপত্তিক ধর্ম। প্রকাশরূপ সূর্যের প্রকাশকভদারা যেমন দৈত হয় না, জ্ঞানের জ্ঞাতৃত্ব-দারাও দ্বৈত হয় না। অতএব জ্ঞানাদি অনন্ত-শক্তিযুক্ত-বন্ধ। অমুভূতিই কি? স্বীয় সভাদারা স্বাশ্ররের প্রকাশক বা স্বীয়বিষয়-সাধকই ত অমুভূতি। নিধর্মা অমুভূতি সিদ্ধ হয় না, অমুভূতি সিদ্ধ হইলে শক্তি-মাত্র হয়। অহংবুদ্ধিকে অনাত্ম বলা চলে না, যেহেতু তাহা শুদ্ধাত্মনিষ্ঠ; 'আমি জানি, আমি স্থী' ইত্যাদি জ্ঞান'স্থমহমস্বাপ্সং' ইত্যাদি শ্রুতি-বৎ স্বীকৃত। অহঙ্কার শুদ্ধজ্ঞাতৃনিষ্ঠ ধর্ম, তাহা অনাত্ম নহে। দেহের গ্রায় পুথগাত্মবুদ্ধিরূপা অহন্তা মহতত্ত্বভাত, অতএব প্রাকৃত, স্থতরাং শুদ্ধজ্ঞান নিষ্ঠ অহন্তা হইতে পৃথক্! শুদ্ধ অহংভাব সংস্তির কারণ নহে, বরং তাহার নিবর্ত্তক। প্রাক্বত অহন্ধারই यि জीবের निজ অহঙ্কার হইত, তবে মোক্ষপ্রামী কেই বাহইত? মোকে যাহার নাশ হইবে তাহার পরামর্শ রুথা; বা যত্ত্ব অহঙ্কার শুদ্ধ-ত্মতরাং মুমুকুর অহন্ধারনিষ্ঠ। বামদেবাদির বাক্য বিচারণীয়। অমুভূতির সতায় বিষয়-বিষয়ীভেদ অনুস্থাত। আত্মা অমু-ভবিতা, অমুভূতি তাহার ধর্ম। ধর্ম বিষয়প্রকাশকালে স্বপ্রকাশ এবং অন্তসময়ে জ্ঞানগমা।

অষ্টমপাদে—কর্তৃত্বাদিমান জ্ঞান ও জাতৃস্বরূপ অহংপদার্থ আত্মা— ঈশ্বর ও জীবভেদে দ্বিবিধ। ঈশ্বর স্বশক্তিদার৷ জগৎকর্ত্তা. বিভূ, প্রকৃতিদারা জগতের স্বেচ্ছাধীন. নিমিত্ত উপাদান কারণ, প্রকৃতি-জীবরূপ প্রপঞ্চ হইতে তদাশ্রয়রূপ ঈশ্বর নিতা ভিন্ন। পরাদি-শক্তিত্র-যুক্ত ব্ৰহ্ম সৰ্বদা স্বরূপানতিরিক্ত জগজনাদির হেতু; স্থতরাং জগৎ সত্য, একুফে নিত্য প্রুমার্থতঃ জীব অণুও অনেক, প্রতিষ্ঠিত। ঈশ্বরাধীন কর্ত্তা, মস্তা, বোদ্ধা ও

জ্ঞাতা। বিন্দু বিন্দুরূপে গুণসমূহ জীবে নিত্য, চৈতন্ত্ৰকণ হইলেও জীব আনস্তাধর্মের উপযোগী। অপুচৈতগ্রন প্রযুক্ত জীব ঈশ্বরাংশ। চিন্তামণি যেরূপ হেমভার প্রসব করিয়াও স্বরূপত: অবিকৃত থাকে, তদ্ধপ অনস্ত জীবকে উপদৰ্জন ক বিয়াও স্বদা অবিকৃত, স্মৃতরাং জীব ব্রহ্ম-হইতে নিত্য ভিন্ন। ব্ৰহ্মের তটস্থ-শক্তি-নিঃস্থত জীব শক্তিমানু হইতে ঈশ্বরে ম্বতরাং অচিন্তাভেদাভেদ। এই ভেদাভেদও প্ৰভিষ্ঠিত। নিতা ভেদে ব্ৰহ্মাংশ জীব ভগবদবৈমুখ্যে মায়া-ভগবৎসামুখ্য নিগৃহীত, সৎসঙ্গে হইলে বিশ্বমায়া নিবৃত্ত হয়, অবিরত ছার৷ ভগবৎস্বত্নপাবরক অবিভা নাশ হইলে তৎসাক্ষাৎকার হয়, কপাই এ বিষয়ে অভেদপ্রতীতি-নিদান। শাস্তের বাক্যসমূহ ব্ৰহ্মায়ত্তকবৃত্তি. বন্ধাধীনস্থিতি, বন্ধনিষ্ঠতা ও বন্ধ-ব্যাপ্যতারই বোধক, কিন্তু অভেদ-বোধক আদৌ নহে। কোনও স্থলে স্থান ও গতির ঐক্যে ঐক্য, কোথায় বা শক্তিশক্তিমানের অভেদবিচারে তাদুশ বাক্য প্রযুক্ত হইয়াছে, মনে করিতে হইবে। ভেদাভেদবাদ-স্বীকারে প্রপঞ্চ ব্রহ্ম হইলে বৈরাগ্যের নিফারণতা, মিথ্যা হইলে বিরুদ্ধতা প্রভৃতি দোষ আসে বলিয়া অচিন্ত্যভেদাভেদবাদই স্বীকার্য । [গোভা এহা০১ ও সৃক্ষা টীকা]। ভাষাপীঠক টীকা—গ্রীবলদেব বিভা-'সিদ্ধান্তরত্ন' -নামক ভূবণ-ক্বত বেদাস্তের স্বকৃত টীকা। মূলগ্রন্থে

যাহা অস্পষ্ট বা ছুর্গমা রহিয়াছে, তাহাই বিস্তারিতভাবে স্থুস্পষ্ট ও স্থুগম করিবার জন্ম এই টীকার অবতারণা। যেমন মুলের প্রথম পাদে ৫-১ অমুচ্ছেদে কপিল, পতঞ্জলি, কণাদ, গোত্য এবং জৈমিনির মতবাদ সংক্ষেপে স্থচিত হওয়ায় টীকায় বিস্তারিতভাবে আলোচনা করিয়াছেন। 'ঐগোবিনভায়া' যে শ্রীগোবিন্দদেবের তিনবার স্বপ্নাদেশে রচিত, তাহাও ব্যক্ত হইয়াছে। হরিপারতম্যাদি নব প্রমেয় এই নব পাদে বাক্ত হইয়াছে বলিয়া ইহাতে <u> এীমাধ্বস্বারম্ব</u> বৰ্তমান আছে. তাহারও ইন্নিত আছে। এই টীকার প্রথমাদি পাদগুলিকে পাঞ্জন্ত, কৌমুদকী, স্থদর্শন, তাক্ষ্য বামন, ত্রিবিক্রম, নন্দক, পদ্মক প্রভৃতি আখ্যা দেওয়া হইয়াছে এবং টীকা-প্রারম্ভে অধ্যায়গত বিষয়ের সহিত যাথার্থ্যও প্রতিপাদিত ইহাদের হইয়াছে ৷ হরে: প্রাপকে স্বপ্রভো: পীঠকে

য: প্রীত্যৈ সাধুনাং সংব্যধায়ি প্রবন্ধ:। দয়াসিন্ধবঃ সাধবঃ মুহুর্লোকয়ধ্বং ততঃ শোধয়ধ্বম ॥ **ভুবনমঙ্গল——** শ্রীমন্নিত্যানন্দ প্রভুর অফুচর শ্রীধনঞ্জয় পণ্ডিতের শিষ্য চুড়ামণি দাসই ইহার রচয়িতা। নিত্যানন্দের স্বপ্নাদেশে তিনি ধনঞ্জয় পণ্ডিত ও গদাধর দাসাদির মুখে এই চৈত্যুচরিত বৰ্ণনা শুনিরা মহাপ্রভুর বঙ্গদেশ-শ্রমণে ইনি তাঁহাকে শ্ৰীহটেও লইয়া গিয়াছেন। এীচৈতন্তের রামকেলি-গমনপ্রসঙ্গে কবি মহাপ্রভুকে এক

অষুত পদ্ম কিনাইয়া মন্ত্রবিধানে গঙ্গাকে নিবেদন করাইয়াছেন। যাহা দেখিয়া 'শুলুতান-ছদেন শাহা'ও বিশিত হইয়াছেন। শ্রীমাধবেক্রপুরী ও ঈশ্বরপুরীর সাম্যা, মহাপ্রস্থর সহিত অনেকবার শ্রীমাধবেক্রের মিলনাদি, নিভ্যানন্দের শ্রীথণ্ডে মৃকুন্দ দাসের গৃহে আতিথ্যগ্রহণাদি বর্ণিত হইয়া কাব্যখানিকে সন্দিহান করিয়াছে। এই কাব্যে সর্বত্র রাগরাগিণী ও তালমানের উল্লেখ দৃষ্ট হয়।
[A. S. B. 3736]।
ভাগানির্বয়-পদ্ধিত্ত——শ্রীমৎ ক্র্য-

দাস সহখেল-প্রণীত এই শ্রীগোরগে:বিদের ভোগারাধনায় পংক্তি বসিধার নিরূপিত ক্রেম रहेबाट्ड। [टिडचापि >>।२६] और्य দাস সরখেল পণ্ডিত শ্রীমননিত্যানন্দ প্রভুর শাখাগণনায় পঠিত হইয়াছেন। (ভক্তিরত্বাকর ১২/৩৮৭৫-৩৯৯৩) শ্রীনিত্যানন্দকরে আপ্ৰ ক্তাদ্মকে সম্প্রদান করিয়াছেন। ইহাতে বস্থা, জাহ্নবা ও বীরভদ্রের ভোগদমর্পণেরও ইন্দিত আছে। তাহাতে মনে হয় যে শ্রীসূর্যদাস मीर्घकोवी ছि*र्लन धवः वीत्र*ভरम्ब

আবির্ভাবেরও অনেক পরে বর্ত্তমান থাকিয়া এই গ্রন্থ লিখিয়াছেন।
এই পুস্তক গোকর্ণবাদী ৺রামপ্রদান ঘোষকত্বক প্রকাশিত হইয়াছে।
ভোগমালা—ভোগ-নির্ণয় - পদ্ধতি জাতীয় ছই তিন খানা পুস্তক পাওয়া যায়—প্রত্যেকেরই পক্তিক্রম-বিষম্মে মতভেদও দেখা যায়।
ভ্রমর্মীভার অনুবাদ—শ্রীদেবনাথ দাস-কত। ২ মহুনাথ দাস কত
[পাটবাড়ী পুঁথি অনুর্তি]
ভ্রমরদূত—ক্রদ্র স্থায় বাচম্পতি-ক্রত

দূত-কাব্য।

S

মথুরামঞ্চল-ভক্তচরণদাস-কৃত পুস্তকে
৩০ ছান্দে অক্রুর-কর্তৃক শ্রীকৃষ্ণকে
মথুরানয়নের পরে শ্রীউদ্ধব-দৌত্যাদির
সংক্ষিপ্ত বর্ণনা আছে। এই কবি
'মনবোধচৌতিশা' প্রভৃতি কবিতাও
রচনা করিয়াছেন। প্রথম কবিতায়
ককারাদিক্রমে মণুরানাগরীগণ-কর্তৃক
শ্রীকৃষ্ণ-রূপবর্ণনা এবং দ্বিতীয়ে
মনঃশিক্ষার বর্ণনা আছে।

মন:শিক্ষার বর্ণনা আছে।

মথুরামাহাত্ম্য — শ্রীমন্ মহাপ্রভুর

আদেশে শ্রীপাদ শ্রীরূপ এই মথুরামাহাত্ম্য সঙ্কলন করিয়াছেন—সর্বত্র

শাস্ত্রপ্রমাণবলে স্বকপোল-কল্লিভত্ব

নিরাকৃত হইয়াছে। 'মথুরামাহাত্ম্যা'
বলিতে সমগ্র ব্রজমণ্ডলের মহিমাই
বোদ্ধব্য। স্বয়ং শ্রীপৌরনিত্যানন্দ ও
শ্রীঅহৈত প্রভৃতি এবং উত্তরকালে
শ্রীনিবাসাচার্য, নরোত্তম ও শ্রামানন্দ
প্রভৃতি এই ব্রজমণ্ডলের পরিক্রমা

মহিমাজ্ঞান হইলেই করিয়াছেন। বস্তুর যাথার্থ্য নিরূপিত হয়, পক্ষান্তরে অলৌকিক মহিমাটিও বস্তব সর্বজনসংবেভ হইতে পারে না, কাজেই ভ্রমপ্রমাদাদি-রহিত বিদ্বজ্জন-সমাজে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তির বাকাই নিঃসংশয়ে অঙ্গীরুত হইতে পারে। ত্রীগোরাঙ্গ ত্রীবৃন্দাবন-রস-নিমগ্ন শ্রীরূপসনাতন প্রভুর প্রতি এই গুরুভারটি অর্পণ করিয়াছিলেন। ভক্তিরত্নাকর পঞ্চম তরঙ্গ (১৫১ পুঃ) বিষয়াবলম্বনে বিভিন্ন বহু বহু শাস্ত্রীয় প্রমাণ-বাক্যাবলির সমর্থনে গ্রন্থানি রচিত হইয়াছে। সর্বপ্রকার লোকের বিভিন্ন রুচির **पिटक पृष्टि निवक्ष कं**तिया श्रीशापटक এই গ্রন্থ নির্মাণ করিতে হইয়াছে। যে কোনও ভাবেই হউক না কেন শ্রীধামে বাস করিলে, গমন করিলে

বা তৎসংস্পর্শে আসিলেই যে চরম কুতার্থতা বা ভক্তিলাভ হয়, ইহা প্রতিপাদন কয়াই মুখ্য উদ্দেশ্য হইলেও প্রসঙ্গক্রমে শ্রীধামের পাপ-হারিত্ব, পুণ্যপ্রদত্ব, মোক্ষদাতৃত্ব প্রভৃতি বিষয়সমূহও নির্দিষ্ট হইয়াছে। **मधुट्किलवङ्गी**—शिशावर्कन গোস্বামি-বিরচিতা मधु रक निवली আহুমানিক সপ্তদশ শক শৃতাদীতে যেহেতু ইহার যে আদর্শ গিয়াছে—তাহার পাওয়া সম্বৎ ১৮৪৪ (১৭০৯ লিপিকাল শকাব্দা)। ইহাতে হোরিকা লীলাই বণিত হইয়াছে। প্রথমপল্লবে ৫২ শোকে 'কুমুমাসব-কৌতুক', দিতীয়ে ৬৮ শ্লোক 'গোবিন্দজয়োগ্যম', তৃতীয়ে শ্লোকে 'গোবিন্দনির্জয়', চতুর্থে ১৫ শ্লোকে 'যোগিবেষাব্বত-জ্ঞাতমাধ্ব'

এবং পঞ্চমে ১৯ শ্লোকে 'শ্রীরাধা-গোবিন্দ্ৰস্মাগ্ম' বৰ্ণিত হইয়াছে। পুষ্পিকা-বাক্য - ইতি শ্রীবৃন্ধাবিপিনে-শ্বরী-চরণারবিন্দ-মিলিন্দেন গোবর্দ্ধন-ভট্টেন বিরচিতা মধুকে লিবল্লী সমাপ্তা। গ্রন্থকার গৌড়ীয় বৈষ্ণব **শ্রীমূদগদাধর** ভট্ট গোস্বামিপাদের অন্ববায়ী। ভাবনাগারসংগ্রহে শ্লোকাবলী গ্ৰন্থ হইতে হইয়াছে। শ্লোকগুলি বিবিধ ছন্দে স্থললিত ভাষায় রচিত।

মধ্ৎসব—অজ্ঞাত-নামধামা রচনা। (বুন্দাবনে নিম্বার্ক বিভালয়ের পুঁথি) ১২৭ শ্লোকে হোলিলীলার বৰ্ণা। ১৮৭৭ অপূর্ব সম্বতের निशि। विविध ছ মে রচিত। আরম্ভ--সানন্দং ব্রজতরুণীগণেক্ষণানা.-नक्तनकरनटको । রচয়তি মুলাসং ত্মক্ষীত - স্মিতময়-কৌমুদীপ্রকাশে, মহাদাং সপদি জহেহন্তর্ক্রিরাসাম্॥ > খন:শিক্ষার অনুবাদ-গ্রীমদ্দাস-গোস্বামি-রচিত মনঃশিক্ষার ছুইটি অমুবাদ আছে। [পাটবাড়ী পুঁথি —অমু ২৪ ক, খ] গিরিধর দাস ও যতুনন্দন দাস-কর্তৃক রচিত।

মনঃসত্তোষিণী—গ্রীপ্রছায় মিশ্র-কর্তৃক গ্রীক্ষাচৈতভোদয়াবলীর বিবচিত জগজ্জীবনমিশ্র-কৃত অমুবাদ ৷ ইহাতে তিনটী দর্গ আছে—প্রায়শঃই পয়ার. স্থলে স্থলে ত্রিপদীও আছে। প্রথম गुटर्न - वन्तना, वल्लनिटर्हम, व्यामीर्वाप ও নমস্কার। মধুকর মিশ্র—উপেক্ত . মিশ্র—গুপ্ত বুন্দাবন—তদীয় পুত্রগণ —জগন্নাথ মিশ্র—পার্বদ**গণ।** দিতীয় সর্গে—জগরাথ মি*শ্রে*র নবদ্বীপে গুম্ন নীলাম্বর চক্রবর্তির কন্সার

সহিত বিবাহ—বিশ্বরূপের জন্ম—-বৈরাগ্য—পুরন্দর মিশ্রের শ্ৰীহটে পুনঃ নবন্ধীপে আগমন। তৃতীয় সর্গে—শ্রীমন্ মহাপ্রভুর জন্ম, তদীয় রূপ-বর্ণন, মহাপুরুষচিহ্নাদি, জগরাথ মিশ্রের পরলোক, মহাপ্রভুর বঙ্গদেশে গমন, লক্ষীর দেহত্যাগ, বিষ্ণুপ্রিয়াবিবাহ. সংকীর্ত্তনারম্ভ— সন্মাসগ্রহণ—শান্তিপুরে শচীমাতার সহিত সাক্ষাৎ ও প্রীহট্টেগমনের জন্ম অমুরোধ। মহাপ্রভুর বরগঙ্গা-গমন, বুন্দাবন-দর্শন—পিতামহী ও জ্ঞাতিগণের সহিত সাক্ষাৎ ইত্যাদি বর্ণিত হইয়াছে। অত্নবাদটি সরল. পাণ্ডিত্য প্রকাশের চেষ্টা নাই। মনোদৃত—শ্রীবিঞ্চাস-রচিত কাব্য। ১০১ শ্লোকে বসন্ততিলক ছন্দে রচিত। ইহাতে মনকে দুত করিয়া কবি শ্রীরুষ্ণপাদপদ্মের অখণ্ড স্মরণ প্রার্থনা করিয়াছেন। (১৮— ২৪ শ্লোকে) ভগবৎপ্রাপ্তির উপযোগী মন-গঠনে নিযুক্ত করত ইনি (২৬— ৪৫ শ্লোকে) গোকুল (৪৬-৫৩) যমুনা ও (৫৪—৬৮) শ্রীবৃন্ধাবনের বিস্তারিত বর্ণনা দিয়াছেন। মন্ত্রভাগবত—মহাভারতের প্রপ্রসিদ্ধ টীকাকার শ্রীমন্নীলকণ্ঠ স্থরি-সঙ্কলিত ২৫০টি ঋক্মন্তে চারি কাণ্ডে (গোকুল, বৃন্দাবন, অক্রুর ও মথুরা) গ্রথিত গ্রন্থ। ইহাতে তিনি ঋক্মন্ত্রগুলির শ্রীরামক্ষণীলাপর ব্যাখ্যা করিয়া-

টীকার নাম—'মন্ত্ররহস্তা-প্রকাশিকা।

মন্ত্রার্থচন্দ্রিকা —রাধামোহনদাস-ক্বত শ্ৰীকৃষ্ণমন্ত্ৰ, পয়ার-গ্রন্থ। ইহাতে শ্রীরাধানন্ত, কামবীজ, কামগায়ত্রী প্রভৃতির বিবৃতি দেওয়া হইয়াছে।

মন্তার্থদীপিকা —গ্রীবিশ্বনাথচক্রবর্ত্তি-রচিত বলিয়া উল্লিখিত। কামবীজ ও কামগায়ত্রীর বিস্তৃত ব্যাখ্যা। সাৰ্দ্ধচবিবশ গায়ত্রীর প্রসঙ্গক্রমে অন্দরের প্রত্যেকটিতে প্রীকৃষ্ণবিগ্রহের কোন কোন অঙ্গে চন্দ্র-সাম্য প্রকটিত হইয়াছে এবং অদ্ধাক্ষর-সম্বন্ধে স্বীয় শ্রীরাধা-ক্বত উট্টঙ্কনপূর্বক বণিত সন্দেহ-নির্সন-প্রকারও হইয়াছে। শ্রীপাদ প্রবোধানন্দ এই ছুইটির ব্যাখ্যান **সরস্বতী**ও করিয়াছেন (১৪৫৮ পৃষ্ঠা)। ময়ূরচন্দ্রিকা—বোড়শ শকশতাকীতে

ওচ, কবি হরিদাস-কৃত রচনা।

মহতী—শ্রীবিশ্বনাথচক্রবন্তি - রচিতা

पानक्लिको गृपी-**गैका। व**हत्र श्रुत-সংস্করণে মুদ্রিত এই টীকা---প্রীজীব-পাদের নামে আরোপিত হইয়াছে, কিন্ত ইহার কোনও পুষ্পিকা দেওয়া হয় নাই। সংস্কৃত কলেজ-গ্রন্থালায়. এসিয়াটিক সোসাইটির পুঁথিশালায় এবং পুণা ভাণ্ডারকার অনুসন্ধান সমিতিতে সংরক্ষিত পুঁথিতালিকায়

করিতেছি। উপক্রম-শ্লোক— 'मानकिकाले नुश्च-धर्मगर्गानरग्न-র্ভজে। রাধামাধবয়োঃ কামলোভ-**पछ**मपानुष्य॥ উপসংহারেও প্রায় এতাদুশ শ্লোকই দেখা যায়—

এই টীকা শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিপাদের

নামান্ধিত এবং নাম 'নহতী' দেখিয়া

আমরা তাঁহারই কর্ত্তর নির্দেশ

'দানকেলিকলেরস্তে রাধামাধবয়ো-যুগং। কামলোভমদাক্রান্তমেকাকার-মহং ভজে ॥'

মহাপ্রভার ইকালীয় - স্মরণ মঙ্গল-স্থোত্ত — প্রীবিধ্বনাথ চক্রবন্তিপাদ ১০টি শ্লোকে প্রীগোরাঙ্গের অষ্টকালীন লীলাম্মরণের একটি ধারা দেখাইয়া-ছেন। তদীয় শিষ্য প্রীক্তক্ষদাস ইহাকে প্রারে অম্বাদ করিয়া উহার 'শ্রীগোরাঙ্গলীলামৃত' নাম দিয়াছেন। মহাভাব-প্রকাশ — প্রীচৈত্যদেবের পার্ষদ শ্রীকানাইখ্ঁটিয়া-প্রণীত। ওচ -ভাষায় লিখিত। পুরী ইমার মঠে খণ্ডিত পুঁথি।

মহাভাবাত্মসারিণী — শ্রীরাধামোছন ঠকুরকৃত পদামৃতসমুদ্রের স্বরচিত টীকা। মহাবাণী — শ্রীপ্রভুচন্দ্রগোপাল-বিরচিত হিন্দী পদাবলী।

মাধবমহোৎসব —— শ্রীপ্রীক্ষীবপ্রতু-এই বিরচিত মহাকাবোর নয়টি (অধ্যায়ে) মোট ১১৫৬ উল্লাসে শ্লোক আছে। প্রথম হইতে অষ্টম উল্লাস পর্যস্ত যথাক্রমে রথোদ্ধতা. ইন্দ্রবজ্ঞা (উপেন্দ্রবজ্ঞা, উপজাতি), বসস্তুতিলক, প্রহর্ষিণী, ইন্দ্ৰবংশা. क्रजिनिश्चिल, गानिनी, जरूष्ट्रे, १ इन्हः প্রায়শ:ই ব্যবহৃত, কিন্তু নব্ম উল্লাসে কবি বল্লবিধ ছক্ষের অবতারণা এই করিয়াছেন। মহাকাবো গ্রীরাধার বৃন্দাবনরাজ্যে অভিষেকের স্পবিস্তত স্পর্সাল বর্ণনা আছে।

শ্রীরাধাগোবিন্দের অভিষেকবর্ণনায় গোস্বামিগণের প্রচুরতর
আবেশ দেখা যায়। শ্রীরূপপাদ
দানকেলিকোমুদীতে, স্তবমালায়
রাধাষ্টকে ও প্রেমেন্দুস্থ্ধাসত্রে
শ্রীমতীর বৃন্ধাবনাধিপত্যের স্পষ্টতঃ
স্টনা করিয়াছেন। শ্রীপাদ দাসগোস্বামীও মুক্তাচরিতে, ব্রজবিলাস-

ন্তবে (৬১), বিলাপকুস্থমাঞ্জলিতে (৮৭) শ্রীরাগাভিষেকের বৰ্ণনা শ্রীপাদ করিয়াছেন। পক্ষাস্তবে কবিকর্ণপুর গোস্বামী আনন্দবুন্দাবনে ১৫শ স্ববকে শ্রীশ্রীগোবিন্দাভিষেক বর্ণনা করিয়াছেন। শ্রীমদভাগবতে অধ্যায়ে **সংক্ষেপে** শ্রীগোবিন্দাভিষেক বর্ণিত হইয়াছে। 86106] পদাপুরাণীয় পাতাল কার্ত্তিকমাহাত্ম্যে 'বুন্দাবনাধিপত্যঞ্চ দত্তং তক্তৈ প্রসীদতা' এবং মংস্ত-পুরাণে 'রাধা বুন্দাবনে বনে'-এই সকল বচনেও রাধাভিষেক-সম্বন্ধে উট্টন্ধিত হইয়াছে। বুহদগৌতমীয়-<u> প্রীরাধাকে</u> **তম্ব**ত্রয়রূপিণী ক্লফময়ী বলা হইয়াছে এবং তিনিই শর্বেশ্বরী বলিয়া তাঁহাকে বুন্দাবনাধী-শ্বরী করা হইয়াছে। প্রীক্রীবপাদ সব প্রমাণমূলেই শ্রীরূপ-প্রভূর আদেশে এই বিরাট কাব্য করিয়াছেন। শব্দঘটায়. ছন্দোবৈচিত্র্যে, অলঙ্কারচ্ছটায়, ভাবরস-প্রবাহে এই কাৰাখানি অতুলনীয় ৷ শ্ৰীজীবপ্ৰাত্ ইহাকে দৈত্যবশত: 'কাব্যখণ্ড' বলিয়া নিৰ্দেশ করিলেও (006,66|6) মহাকাব্যের সকল গুণ-সমাবেশে আমরা ইহাকে মহাকাব্য বলিতেছি। শব্দবিক্সাস-প্রণালী শ্রীজীবচরণের কঠিন বলিয়া বিবেচিত হইলেও প্রতিশব্দের অস্তরালে অফুরস্ত রসের নিঝর বর্তমান থাকায় এবং ধ্বনির ধ্বগুস্তবোদগারে চমৎকারাতিশয়ত্ব হচনা করায় ইহাকে উত্তমোত্তম নির্দেশ করা যায়। কাবাসংজ্ঞায় এতীবের স্বাভাবিক অক্ষর-কার্পণ্য.

শ্লিষ্টশৰ্ক - প্ৰয়োগবাহুল্যাদি ত্রে মহাকাব্যেও বিরাজ্মান। শকাব্দে ইহার রচনা শেষ হইয়াছে। পূর্বেই উক্ত হইয়াছে যে এই মহাকাবো শ্রীরাধার অভিষেক বর্ণিত হইয়াছে। উহা মধু (চৈত্ৰ) মাসে পূর্ণিমাতিথিতে অমুষ্ঠিত বলিয়া অথবা স্বয়ং শ্রীমাধব-কর্তুক সম্পন্ন হওয়া প্রযুক্ত এই গ্রন্থ 'মাধবমহোৎসম' আখ্যালাভ করিয়াছে: তৃতীয় কারণ ইহাও হইতে পারে—(৪।৪) এই মহোৎদবে জীরাধাকক্ষের মাতৃগণের আগমনাদিতে লজা হইবার সম্ভাবনায় বাহিরে মাধবের নাম স্থচিত হইল বটে. কিন্তু শ্রীরাধাই অভিবিক্তা হইলেন. অথচ উভয়েরই সমান অধিকার স্থচনা করা হইল। অধ্যায়-সমূহেও লীলার ইন্সিত পাওয়া যায়। প্রথম উল্লাস্—ে শ্রীরাধা শ্রীশ্রাম-স্থব্দরের সহিত মিলন-সঙ্কেত পাইয়া ষ্ঠা হইয়াছেন, অতএব ইহার নাম-উৎস্থক – রাধিক। দ্বিতীয়ে— মালতীর মুখে চন্দ্রাবলীর বৃন্দাবন-রাজত্বপ্রাপ্তি কথা শুনিয়া ও বৃক্ষ-বাটিকার ছরবস্থা দেখিয়া জ্রীরাধিকার তুর্জয় মান. ইহার নাম--উন্মন্তারাধিক। ততীয়ে—বৃন্দার বিশাখা ও পোর্ণমাসীর চেষ্টায় সহযোগে শ্রীরাধার মান-প্রশমন ও শ্রীকৃষ্ণের নিগৃঢ় অভিপ্রায় ব্যক্ত হওয়ায় শ্রীরাধার প্রফুলতাবশতঃ ইহার নাম— উৎফুল্লরাধিক।চতুর্থে — অধিবাস ও অভিষেকের কৃত্যাদি-সমাধান হওয়ায় ইহার নাম উত্যোত – রাধিক। পঞ্চমে— অভিবেকের পূর্ব আয়োজন, শ্রীরাধার

রাজ্যাভিষেক-মণ্ডপে উদয়, অতএব ইহার নাম-উদিত-রাধিক। যথে —লতানিকুঞ্জরাজির স্থমা, সংস্থান ইত্যাদির পূজামুপুজা বর্ণনা, দেবী গণের আগমন, রাধাক্ষের প্রস্পর মিলিত অঙ্গ-স্থম্মা ও শ্রীরাধার নেত্রলন্মীর উল্লতি-বর্ণনায় ইহার নাম —উন্নত-রাধিক। সপ্রয়ে— অভিবেকপর্বারন্ত. গন্ধবিক্সাদের সঙ্গীত, নবনিধি-নির্মিত ঘটের জাতে অভিষেক, শ্রীরাধাক্ষাের পরস্পরের অঙ্গশোভা দর্শন-বৈশিষ্ট্য ইত্যাদি বর্ণনায় ইহার নাম—উৎসিক্ত বাধিক। অষ্ট্রমে—শ্রীরাধার বেশ-ভূষাদিদ্বারা উজ্জলতা-সম্পাদঃ ইত্যাদি বর্ণনায় ইহার নাম-নবমে—শ্রীরাধার উজ্জলরাধিক। রাজসিংহাসনে **শ্রীকৃষ্ণসাক্ষাতে** উপবেশন-যথাযোগ্য অধিকারদান ইত্যাদি প্রীরাধার সচ্চোগ ভোগোমাদ-বর্ণনায় ইহার নাম-উন্মদরাধিক।

এই গ্রন্থে পরকীয়া রস-পরিবেষণ

—(১)৬০) শ্রীবশোদাকর্তৃর
শ্রীমতীতে প্রবধৃত্ব-অভাবেও তহৎপ্রতীতি, (১)৭১) পৌর্ণমাসীকর্তৃর
শ্রীরাধার পতিত্মন্ত গোপের সঙ্গ
হইতে পৃথক্ভাবে অবস্থানের হুচনা,
(১)৬৫) শ্রীরাধা 'গুরুকুলে পরবতী',
(৪)৮৩) দহিত্মতকর্দমে বিরুষ্যমানা
শ্রশ্র জটিলার দর্শনে শ্রীমতীর নম্র
বজ্রে স্থকর হাস্ত ইত্যাদি—পঞ্চয়
উল্লাসে পদ্মাকর্তৃক উপক্রতা এবং
ফর্টোল্লাসে জটিলাও অভিমন্ত্যর হন্ত
হইতে কুন্দাকত্ত্বি স্থরক্ষিতা

শ্রীরাধাকে দেখিয়া সামাজিকগণ পরকীয়াই অবধারণ করিবেন।

মাধবসঙ্গীত—পরশুরাম রায়-কৃত।
শান্তিনিকেতনে ইহার এক পুঁথি
আছে। কবি চম্পকনগরীর মধুস্থদন রায়ের পুঞা। দাদশকলাগ্রাফে
কুমার শ্রামশিখরের আশ্রমে পাকিয়া
এই গ্রন্থ রচনা করেন। ইনি আউলিয়া
মনোহর দাসের ভেকের শিশ্য।

মাধুর্যকাদ মিনী প্রীবিশ্বনাথ চক্রবর্তি-প্রণীত প্রকরণ-গ্রন্থ। ইহাতে আটটি অমৃতবৃষ্টি। শ্রীরূপচরণের আমুগতে গ্রন্থকার ইহাতে শ্রদ্ধাদি প্রেমান্থ ক্রমের স্থললিত ও সহজবোধা ভাষায় বর্ণনা করিয়াছেন। গ্রন্থে যথেষ্ট বৈশিষ্ট্য ও মৌলিকতা অনুসন্ধেয়। প্রথমামুতবৃষ্টিতে— স্বেচ্ছায় ভগবদবতার বা তৎপ্রকাশের ন্থায় ভক্তিদেবীও স্বয়ং প্রকাশিত হন। (ভাগ ১১।২০।৮) 'যদুচ্ছা' শব্দে 'ভাগ্য' বলিতে ভগবংকপা বা ভক্তরূপা ভক্তির কারণরূপে নির্দিষ্ট হইতেছে। ভক্তির অহৈতকীত্ব-সাধনবিচার, কর্মযোগজ্ঞানাদির ভক্তিজনকত্বনির্সন, ভক্তিই পুরুষার্থ-শিরোমণি। দ্বিতীয়ে—ভক্তিকল্ল-লতার অঞ্রোদগম হইয়া সাধন-ভক্তির—'ক্লেশ্মী ও শুভদা' নামে তইটি পত্র উদগত হয়, কেশ-অবিগ্যাদি পঞ্চ। শুভ বলিতে বিষয়বিতৃষ্ণা, ভগবহুমুখতা, আহুকূল্য, क्रभापि। ভক্ত্যাধিকারির সর্বপ্রথম প্রদার উদয়ে সাধুসঙ্গ-লাভ, তৎপরে ভজনক্রিয়া হইয়া থাকে। এই ভজনক্রিয়া দ্বিবিধ—

অনিষ্ঠিতা ও নিষ্ঠিতা। অনিষ্ঠিতা
ক্রমশঃ (১) উৎসাহময়ী, (২)
ঘনতরলা, (৩) ব্যুচ্বিকল্পা, (৪)
বিষয়সঙ্গরা, (৫) নিয়মাক্ষমা ও
(৬) তরঙ্গরঙ্গিণী-রূপে পরিণত
হইয়া থাকে—ইহাদের বিস্তারিত
বিশ্লেষণ দেওয়া হইয়াছে।

তৃতীয়ে—(অনর্থনিদ্বত্তি) অনর্থ চতুর্বিধ—ছম্বতোখ, স্মরুতোখ, অপরাধোথ ও ভক্ত যুখ। ত্ত্বতোখ — ছুরভিনিবেশ, দ্বেষ বা আসক্তি প্রভৃতি পঞ্চবিধ ক্লেশ। স্থক্তোখ —বিবিধ ভোগে অভিনিবেশ। অপরাধোত নামাপরাধ ও সেবাপরাধ — নাম, স্তোত্রাদি ও সেবাদিতে নিবর্ত্তন হয়, কিন্তু নাম-বলে পাপে প্রবৃত্তিতে পাপের গাঢ়তাই বাড়ে। নামের দশবিধ অপরাধ হইতে ভক্ত ্যথ—ভক্তিদারা ধনাদি লাভ, পূজা ও প্রতিষ্ঠাদি। চতুর্বিধ অনর্থের নিবৃত্তি পঞ্চপ্রকার বহুদেশবভিনী, --একদেশবর্ত্তিনী. প্রায়িকী, পূর্ণা ও আত্যন্তিকী। নামারভেই অনর্থসকল নিবৃত হইলে ক্রমবাবকা কেন ? ত্ৰে আর নামাপরাধির প্রতি অপ্রসমূতা হেত নাম নিজ শক্তি প্রকাশ করেন না. কিন্তু ভগবন্তক, শাস্ত্র ও গুরু প্রভৃতি অকপটে সেবিত হইলে ক্রমশঃ সেই নামেরই ক্লপায় ধীরে ধীরে অন্থাদিও নাশ হয়। নামাদি সতা ফলপ্রদ না কেন্ গ নামাপরাধের প্রবলতা বহুদিন ভোগের পর কিঞ্চিৎ ক্ষীণ হইলে ভগবদভক্তিতে কিঞ্চিৎ क्रिक खान, वातःवात अवनकीर्जनानि অমুষ্ঠিত হইতে হইতে কালে ক্রমশঃ

চতুর্থে—লয়, বিক্ষেপ, প্রতিপত্তি,
কষায় ও রদাস্বাদরূপ পাঁচটি অস্তরায়
ছবার হইয়া ভজিতে নিষ্ঠার বাধা
আনয়ন করে। নিষ্ঠিতা ভজিতে
ই্বানের অভাবই সংস্কৃতিত হয়।
নিষ্ঠা ছই প্রকার—সাক্ষাদ্ ভজিবর্তিনী ও তদমুক্ ববস্তবর্তিনী।
প্রথমটি আবার কায়িকী, বাচিকী ও
মানসীভেদে ত্রিপ্রকার। তদমুক্লবস্ত হইতেছে—অমানিত, মানদত্ব,
বৈত্রী-দয়াদি।

পঞ্চম—(ক্লচি) —অবিভাদি-বিদৃষিত জীবের অন্তঃকরণে শ্রবণ-ক্লীর্ত্তনাদি ভক্তির পুনঃ পুনঃ অমুষ্ঠানের দারা অবিতাদিদোষ প্রশমিত হইলে ভক্ষিত বীকু জন্মে | বস্তবৈশিষ্ট্যাপেক্ষিণী ও বস্তবৈশিষ্ট্যান-न्निविध । পেক্ষিণীরূপে প্রথমটিতে অন্তঃকরণে দোষলেশের স্থচনা করে. দ্বিতীয়টিতে প্রীভগবানের नामखनानित अवनातरखरे अवना रत्र. বস্তুবৈশিষ্ট্য হইলে প্রোচা উল্লাসময়ী হয়, ইহাতে অন্তঃকরণের বৈগুণ্যলেশও থাকে না। ষ্ট্রে – (আস্ত্রি) ভত্তনবিষয়া

ষ্ঠে — (আগাজ) ভজনাবধ্যা
ক্রচি পরমপ্রোচ্তমা হইয়া যথন
ভজনীয়-বিষয়া হয়, তথন তাহার
নাম—আসজি। এই অবস্থায়
চিত্তয়ুকুরে ভগবংপ্রতিবিম্ব পতিত
হইতে থাকে এবং ভজ্পন স্বভাবসিদ্ধ

হইয়া যায়। কচিতে ধ্যানবিচ্ছেদ সম্ভব হয়, কিন্তু আসক্তিতে ধ্যানের গাঢ়তাই হয়। আসক্তিযুক্ত ভক্তের চরিত্র-বর্ণনা।

সপ্তমে—(ভাব) ইহাকে রতিও বলা হয়। ইহা ভক্তিলতিকার প্রস্থাটিত কুম্ম। ইহাতে সর্বজন-স্বুৰ্লভতা মোক্ষলযুতাকর্ত্ব ও বৰ্তমান। এই অবস্থায় প্রোয়শঃ শ্রীকৃষ্ণাকর্ষণ হয়—তখন সর্বেল্রিয়ে ভগবদমুশীলন চলিতে ন্দু ত্তিতে দর্শন হয়—ভাব গোপন করিলেও সাধুসমক্ষে ধরা পড়ে। এই ভাব রাগভক্ত্যুখ ও বৈধভক্ত্যুখ রূপে দিবিধ, ভক্তগণও শাস্তাদি-রসভেদে পঞ্চবিধ। অষ্ট্রম—(প্রেম) ইহাই ভক্তি

ফল—এই অবস্থায় রুম সান্তানন্দ-বিশেষাত্মক ও শ্রীরুষ্ণ কর্ষক হয়। এই অবস্থায় ভক্তে: দিন্যামিনী অপূর্ব ভগবদানদেই অতিবাহিত হয়; ক্রমশঃ ভগবানের সৌন্দর্য, সৌরভ্য, সৌস্বর্য, সৌকুমার্য, সৌরশু প্রভৃতি সর্বেন্দ্রিয়গ্রাহ্য হয় এবং তাঁহার ওদার্যও অমুভূত হয়। এই সময়ে সর্বেক্তিয়ে ভগবদানন-প্রাচুর্য আস্বাদন হয় এবং সর্বেন্দ্রিয় সর্বেন্দ্রিয়ের কার্য করিতে প্রবল ইচ্ছুক হয় এবং উন্মত্তবং বিলাপ ও মুচ্ছাদি लुक्रम করত প্রাপ্ত হইতে হইতে অলৌকিক চেষ্টার আয়ুঃক্ষয় করিতে থাকেন, সাক্ষাৎ

* 'উজ্জ্লনীলমণিকিরণলেশঃ' বলিয়া যে বছ পাওয়া গিয়াছে, তাহাও প্রায়শঃই

भित्र और अप्तर्य का नाम वर्

করিয়া ক্বতক্বত্যও হইয়া থাকেন। *

ভিক্তিঃ পূর্বিঃ শ্রিতা তান্ত রসং পঞ্চেদ্
যদাত্তবীঃ। তং নৌমি শ্রীরূপং
নাম প্রিয়পরিজনং হরেঃ। অথবা—
তং নৌমি সততং রূপনাম প্রিয়জনং
হরেঃ॥

মুকুন্দপদমাধুরী

মুকুন্দপদমাধুরী—গ্রীকৃষ্ণ সার্বভোম-প্রণীত। তিন্টী বিচ্ছিন্ন পত্র মাত্র পাওয়া গিয়াছে ৷ শেযাংশে একটি কারিকা—'সন্ত্যেব বাহ্বস্ত্রনি তেষাং ভেদস্তথৈৰ হি। বাহানাং স্থিতি-রেকত্র ভেদানামিতরত্র তু॥' বিবৃতির পরে—'ইতি ঐক্রিফশর্মবিরচিতায়াং মুকুন্দপদমাধুর্যাং প্রথমাস্বাদঃ। তৎপরে—ইদানীং প্রমাত্যানং নিরূপয়তি —— 'ব্রজন্তীস্তর্গলৈলেন-স্ফরচরণপঞ্চজঃ। নিতাজ্ঞানবিশিষ্টো যঃ প্রমাত্মা স উচ্যতে॥ নাত্মনো জানরপতা - নিরাকরণং ধর্মধর্মিণোরভেদাদিত্যত আহ--'ভিল্লো হি ধমিণো ধর্মো নো চেদেবং কথং তদা। নো গৃহাতি রসং চক্ষুরূপং বা রুসনেজিয়ম॥' নো গুৱাতীতি ধর্মধর্মিনোরভেদে রূপর্সয়োরপ্য-ভেদাদিতি ভাবঃ। এবং ভেদা-ভেদব্যবস্থান্থপপতিদ্র'ষ্টব্যা ।

এই সন্দর্ভ হইতে বুঝা যায় যে

শীকৃষ্ণ সার্বভৌম উদয়নাচার্যের
কুম্মাঞ্জলি ও বৌদ্ধাহিকার গ্রন্থের
অন্থকরণে বৌদ্ধমতনিরাস ও
ভারমতে প্রমাত্মনিরূপণ-বিষয়ে এই
প্রকরণ লিখিয়াছেন। ইহাতে মধ্যে
মধ্যে কারিকা ও গভে তাহার বিবৃতি
রহিয়াছে। এই কবির পদাঙ্কদূতের
উজ্জনীলমণিকিরণবং বলিয়া এইলে

উজ্জলনীলমণি{করণবৎ বলি⊍। এছ**লে** উল্লিখিত হইল নাা কেহ কেহ বিরণকেই 'কিরণলে**শঃ'** বলিয়াছেন। শেষ শ্লোকষয়েও [বৌদ্ধ স্থৈতন্যতবিটিপিন:] এই বৌদ্ধমতনিরাসের
প্রতিধ্বনি স্থাপষ্ট ধরা পড়ে। উদরনের
সহিত এই গ্রন্থকারের পার্থক্য এই
যে উদরনের নিকট পরমাত্মা
ছিলেন—শিবঃ; 'তন্মে প্রমাণং শিবঃ'
(কুম্মাঞ্জলির ৪ শেব) কিন্তু প্রীক্রম্থ
সার্বভৌম তাঁহার পিতৃদত্ত নাম সার্থক
করিয়া ফুটতর ভাষায় বুন্দাবনবিহারী প্রীক্রম্থকেই পরমাত্ম-স্কর্মপ
বলিয়াছেন। (বঙ্গে নব্যক্তার্যুচ্চা)।

শ্রীমুকুন্দমঙ্গল— দিজ হরিদাস-রচিত এই কাব্যের প্রারম্ভে শ্রীগুরু-গৌরাঙ্গাদির বন্দনা আছে। শ্রীভাগবত দশম ক্ষমের পয়ারে অমুবাদ বলিয়াই মনে হয়।

'ভাগবত দশম স্কন্ধের পদাবলী।
ভাষায় লিখিতে বড় করয়ে বিকলি।'
শ্রীক্ষেত্র বনবিহার-বর্ণনা—
ময়্রের বেশ ধরি কেছো কেছো
নাচে। নটবররক্ষে কেছ নাচে
কাছে কাছে॥ বানর বালক গাছ
উপরে বসিঞা। উলমিছে কেছো
কেছো লাঙ্গুল ধরিঞা॥ লাঙ্গুল
ধরিয়াকেছ গাছ-পর যায়। বানরের

মুখ করি তারে আলিকায়॥ লাফালাফি করে কেহো বানরের সনে।
অল্ল স্রোতে ঝাঁপ দেয় ভেকের
সমানে॥ নিজ্ঞছায়া দেখি ভঙ্গী করে
তার সনে। প্রতিশব্দ শুনি শব্দ
করে ঘনে ঘনে॥ কৃষ্ণ সনে কেহো
কেহো হাতাহাতি করি। নাচে
গাএ শিশুসব আপন। পাসরি॥
[কলিকাতা বিশ্ববিভালয়ের প্র্থি—
১০০২,৩৫৯২]

২ শঙ্কর চক্রবর্তির এক মুকুন্দমঙ্গল আছে (বাঙ্গালা সাহিত্যের ইতিহাস ১।৪৩১ পৃষ্ঠায়)।

মুকুন্দানন্দ গ্রন্থ শীনিবাস আচার্যপ্রভুর প্রিয়নিয় পদকর্তা শ্রীগোবিন্দ
চক্রবর্তির বংশধর শ্রীরাধামুকুন্দ দাসই
এই পদসাহিত্যের সঙ্কলয়িতা।
পদামুতসমুদ্র, সংকীর্ত্তনামৃত ও
পদকল্লতক্রর মতালম্বনে এই গ্রন্থ
গুন্দিত। ইহা পূর্ব ও উত্তর বিভাগে
এবং বোড়েশ স্তবকে গ্রন্থিত—
পদসংখ্যা—৬৫৯। স্বরচিত পদসংখ্যা
মাত্র—১৫।

শ্রীমুকুনানন্দগ্রন্থ অমুক্রমণিকা। ভক্তরসাধিকা ভক্তগণের তোষিকা॥ পূর্বোত্তর ভাগদয় গ্রন্থের বর্ণন। রুপা করি শুধিবেন রাধারুষ্ণ-জন। শ্রীমুকুন্দানন্দ - রাধামুকুন্দ -পদ্দাতা। পূর্বোত্তর ভাগদয় ভক্তিকল্পলতা। বোড়শ স্তবক ভক্তিলতাপুষ্পচয়। ষ্ট্ৰশত নব পঞ্চাশৎ পদ ফল প্ৰেমময়॥ ত্মভক্ত-কোকিল ভক্তিরস আত্মদয়। অভক্ত কু-কাক বিষ-বিষয় ভুঞ্জয় ॥ মুকুন্দোদয়——শুক্রধ্বজের রঘুদেবের উৎসাহে কবীক্স বাণীনাথ এই মহাকাব্য রচনা করেন।

(A. S. B. 8331) সর্গান্তে—
প্রীক্তরুধজ-নন্দনে নরপতে দেবদিজোপাসনো, - দঞ্চংকীত্তি-কুমুদ্বতীপরিবৃঢ়ে প্রোলাসিনি স্মাতলে।
বাণীনাথ--কবীন্ত--নির্মিত--মহাকাব্যে
মুকুন্দোদয়ে, সম্পূর্ণে হরিকেলিবর্ণনতয়া সর্গোহয়মেকাদশঃ॥

মুক্তাচরিত্র—শ্রীমদ রঘুনাথ দাস গোস্বামি বিরচিত খণ্ডকাবা। কথিত च्याट्ड (य धीमन्त्रभ शायामी महा বিপ্রালম্ভ-রসপ্রধান 'ললিত-মাধ্ব' নাটকের প্রণয়নান্তে শ্রীপাদরঘুনাপকে ক্রিতে দিয়াছিলেন। শীরঘুনার্থ ঐ গ্রন্থ পাঠ করিয়া বিরহ-সাগরে নিমজ্জিত হইয়া উন্মন্তবৎ কখনও বা ঐ গ্রন্থরত্ব বুকে ধরিয়া অঞ্ধারায় ধরাতল অভিষিক্ষ করিতেন, কখনও বা হা রাধে! প্রাণেশরি !!' বলিয়া মুচ্ছিত হইয়া অচেষ্টভাবে শায়িত থাকিতেন। বলা বাহুল্য যে প্রীপাদ দাসগোস্বামী শীরাধাকুণ্ডতটে শ্রীমতীর নিতা-সারিধ্য লাভ করিলেও ক্ষণকালের বিরহেই অতিশয় কাতর ও অস্থির হইয়া পড়িতেন। তত্বপরি নিত্য-বিরহস্কতক ললিতমাধবের ঘটনা-পারম্পর্যে মহাবিরহসাগরে নিপাতিত শ্রীদাসগোস্বামির প্রাণরক্ষাও ছবিষহ হইয়াছিল। গ্রীলরপগোস্বামী রঘুনাথের এতাদৃশী ভাব-বিহবলতা ও প্রেমোনাদনার কথা শুনিয়া হাস-পরিহাসময় নিতাসজোগ-রুসবহুল 'দানকেলিকোমুদী' নামক এক ভাণিকা প্রস্তুত করিয়া শ্রীদাস-পাঠাইয়া গোস্বামীকে শোধন-বাপদেশে ললিতমাধব ফিরাইয়া

আনেন। গ্রীদাসগোস্বামীও রসান্তরে মনোনিবেশ করিয়া কথঞ্চিৎ স্বস্থতা-লাভ করিলেন এবং তৎপরে স্বয়ংও মুক্তাচরিত্র ও দানকেলিচিস্তামণি নামক অতুলনীয় সভোগরসমাধুর্ঘ-পরিপূরিত গ্রন্থরত্বর প্রণয়ন করেন। এই গ্রন্থের প্রথম বক্তা—গ্রীকৃষ্ণ, দ্বিতীয় বক্ত ়ী পৌর্ণমাদী-শিষ্যা প্রথমা শ্রোত্রী— সত্যভাষা এবং দিতীয়া শ্রোত্রী---মহিষী লক্ষণা। প্রমবৈরাগ্যথান শ্রীমদ্দাসগোস্বামির লেখনী-প্রস্ত এই অপ্রাক্তত কাব্য-আস্বাদনের অধিকারী-বিরলপ্রচার। ভক্তগণই এই হরিচরিতামূতলহরীর আত্মাদ পাইবেন-একথা মুখবন্ধে ত্বয়ং গ্রন্থকারই প্রকাশ করিয়াছেন। প্রীমৎ প্রীজীবের আজ্ঞান্তধায় এবং প্রীপাদ শ্রীরূপের সবিশেষ উপদেশেই এই গ্রন্থপ্রনের প্রচেষ্টা হইয়াছে (উপসংহারে ২য় শ্লোক)।

সারসঙ্কলন — শ্রীসতাভাষাদেবী মুক্তাফলের লতা কোন্ ধ্যাদেশে জনায় জানিবার জন্ম শ্রীরুফকে প্রশ্ন করিলেন, একিষ্ণ পূর্ববর্জলীলা স্মরণ করত বলিতে লাগিলেন—দীপমালা-মহোৎসবে গোপগণ নিজের অঙ্গ এবং গোমহিষাদিকেও বিবিধ ভূষণে সাজাইতেছেন। শ্রীরাধাও স্থীগণ-সহ মালাহারীকুণ্ড-তীরে চতুঃশালায় মুক্তাসমূহে বেশভূষা করিতে-ছিলেন। একিষ 'হংসী ও হরিণী' নামক ধেমুদ্বয়ের নিমিত্ত কয়েকটি মুক্তা প্রার্থনা করিলে প্রত্যাখ্যাত হইয়া স্বীয় জননী হইতে মুক্তা ষ্মানিয়া গোকুলের জলাহরণ-ঘাটের নিকট ক্ষেত্রে রোপণ করত চারি-দিকে কাঠের বেডা দিলেন। কেত্রে সেচনের জন্ম ঐ গোপীদের নিকট যাচ ঞা তিনি করিয়াও হইয়া প্রত্যাখ্যাত স্বগৃহত্বপ্ধে মুক্তাক্ষেত্র সিঞ্চন করত চতুর্থদিনে অস্কুরিত করিলেন। মুক্তালতা গোপীগণ হিংস্রালতা মনে করিয়া হাসিতে লাগিলেন। ক্রমে লতা বিস্তারিত হইয়া কুম্বম সৌরভে আমোদিত দশদিক করিল। গোপীগণ শ্রীক্বফের এতাদৃশ প্রভাব-নান্দীমুখীর পরামর্শে ব্হক্ষেত্র চাস করাইয়া নিজেদের গুহে যত মুক্তা ছিল, সবগুলি রোপণ করত নবনীতাদি সেচন করিতে লাগিলেন। কয়েকদিন তাঁহারা দেখিলেন যে প্রীকৃষ্ণক্ষেত্র হইতে ভিন্ন কণ্টকাকীৰ্ণ হিংস্ৰালতাই অঙ্কুরিত হইয়াছে। এদিকে একৃষ্ণ গোপীগণের লোভ জনাইয়া বয়শু-গণকে ও পশুগণকে. এমন কি বানরগণকেও মুক্তামণ্ডিত করিলেন; গোপীগণ গৃহে মুক্তাভাব দর্শনে গুরুগণের তর্জনাদি আশস্কা করিয়া পরামর্শ করত চন্দ্রমুখী ও কাঞ্চন-লতাকে প্রচুরতর স্বর্ণ দিয়া শ্রীকৃঞ-সমীপে মুক্তাক্রয় করিবার জন্ম প্রেরণ করিলেন। অবলকে মধ্যস্থ করিয়া মুক্তাক্রয়বিক্রয়ছলে উভয়পক্ষের বাগ্রিতভা আরম্ভ হইলে স্থীদ্য গমনোশুখী इंश्लन। **ত্ম**বলের <u> এরাধাদি</u> গোপীগণ পরামর্শে মুক্তাবাটীর নিকটে আসিলেন। শ্রীরাধা স্বীয় উপস্থিতিবিষয়ে শ্রীকৃঞ-নিকট প্রকাশ করিতে স্থবলকে

কদম্বকুঞ্জে বসিয়া নিষেধ করত বুতান্ত শ্রবণ করিতেছিলেন। তুঙ্গবিদ্যা অমুপস্থিতি <u>জীরাধার</u> জ্ঞাপন করিলেও মধুমঙ্গলের ইঙ্গিতে শ্রীক্বঞ্চ তাহার ভাব বুঝিয়া বলিলেন যে যাঁহারা স্বয়ং আসিয়া মুক্তা না নিবেন, তাঁহাদিগকে চতুগুণ মূল্যে সামান্ত সামান্ত মুক্তাই নিতে হইবে। ইঙ্গিতক্রমে মুক্তাসম্পুটসমূহ প্রসারিত হইলে প্রীকৃষ্ণ তাহা হইতে একটি ক্ষুদ্রতম মুক্ত! গ্রহণ করিয়া প্রীরাধার জন্ম বিশাখার হস্তে দিতে অনুমতি পূর্বক ছবলকে বলিলেন 'বিশাখা নগদমূল্য না দিলে মাধবীকুঞ তাহাকে আবদ্ধ করিয়া রাখিবে। প্রীকৃষ্ণ স্বয়ং সমস্ত রাত্রি তাহা**তে** প্রহরীর কার্য করিবেন এবং মতদিন শ্রীরাধা স্বয়ং আসিয়া হিসাব নিকাস না করেন—ততদিনই বিশাখাকে কারাকক্ষায় থাকিতে হইবে। চিরজাগরণে তাঁহার উদ্ঘূর্ণার সম্ভাবনা নাই, কেন না তিনি শ্রীরাধার বামভুজকে উপাধানরূপে গ্রহণপূর্বক তদীয় বক্ষতল্পে বিরাজিত পীতপট্রবস্ত্রে অরুণ কর স্থাপন করত মুক্তাপণের জন্ম বাগ্যুদ্ধ করিতে করিতেই রাত্রি জাগরণ করিবেন। স্থবল-কথিত অল্লমূল্যে মুক্তাবিক্রয়ের পরামর্শেও তিনি সম্মত না হওয়ায় গোপীগণকৈ পৃথক্ পৃথক ভাবে স্বস্থ অভীষ্ট মুক্তা সাজাইতে বলিয়া স্থবল পুনরায় গ্রীকৃষ্ণকে অনুরোধ করিলেন যে গোপীগণকে ঋণস্ত্তে মুক্তা দান করিলে অচিরেই তাঁহারা বৃ**দ্ধিসহ** মূল্য দান করিবেন। যদি গোপীগণ স্বস্থ্যকৃত্ত্বল মহাপর্বতে প্রবেশ

করত মুলাদানে অস্বীকৃত হয়, তবে श्चरण्ये श्वाः वर्ष्ण्न कारिनापि সহ তথায় গিয়া তাঁহাদের ভর্তা-গণের নিকট ইহাদের স্বয়ং-গ্রহাশেষাদি মূল্যের কথা শুনাইয়া তাহা আদায় করিতে সচেষ্ট হইবে। আদান প্রদান কবিতে গেলে মিত্র-গণের সহিত বিয়োধ হইতে পারে —বিবেচনায় প্রীক্ষ্ণ বলিলেন যে প্রস্তুত মূল্য দিয়া মুক্তা নিতে হইবে। তাহাতে গোপীগণ ক্রোধ করিয়া চলিয়া যাইতে থাকিলে স্থবল তাঁহা-দিগকে ফিরাইয়া বলিলেন 'প্রথমত: মুল্য নিণীত হউক, তৎপরে দানোপায় চিন্তা করা হইবে।' ললিতার মূল্য নিধারিত হইতেছে —সমরে পৌরুষক্রমে ললিতা **য**দি পুরুষসিংহ শ্রীকৃষ্ণকে একবারও কুগীতাস্ত্র করিতে পারেন, সমক্ষে তিনি ললিতার থাকিবেন কিম্বা ইহারই পৌরুষ গান করিয়া অমুচর হইয়া থাকিবেন-हेशहे गुला। স্থবল ও মধুমঙ্গল তরুণ বয়সোচিত পোগও এবং করাইলে जीनादनि यादग বলিলেন যে তিনি ললিতার ভ্রুৎমু-টক্ষারকে বড ভয় করেন। ললিতা গৃহগমনোগ্যত স্থীগণ্সহ ক্রোধে इहेरल नान्तीयूथी जातिया विलियन যে পরিহাসপটু শ্রীক্ষের সহিত পরি হাসরস বিস্তার করত স্বকার্য-সাধনই যুক্তিযুক্ত। এক্সের প্রতি পৌর্ণ-পূৰ্বক মাসীর আজাও নিবেদন শ্রীকৃষ্ণ তিনি বলিলেন যে অল্লমূল্যে যেন আগ্রহ ছাডিয়া ছাড়িয়া রাধাদিকে মুক্তা দেন।

এই আজা পাইয়া শ্রীকৃষ্ণ বলিলেন যে ভগবতীর আজ্ঞ। শিরোধার্য করত গহিত যে মৃল্য-নির্ণয় रहेशाष्ट्र, তारा रहेए नामीयूथी যাহা কমাইতে বলিবেন, প্রীক্ষণ্ড তাহাতেই স্বীকৃত আছেন। নান্দী-মুখী তখন অঞাক্ত স্বীরও মূল্য নির্ণয় করিতে ইঞ্চিত দিলে শ্রীক্লফ জ্যেষ্ঠার মুক্তাপণ-স্বরূপে বলিলেন যে রাধা ও অফুরাধার মধ্যে উদীয়-মানা জ্যেষ্ঠা তাঁহাদিগের সহিত বা পৃথক্ ভাবে শ্রীকৃষ্ণমুখ-চুম্বন করিলেই नित्न । চম্পকলতার মূল্য-নিরূপণাস্তে তিনি যে চম্পকলতা স্থাবর-জাতি হইয়াও বুহৎফলদ্বয় ধারণপূর্বক লীলাক্রমে সঞ্চরণ করে, অতএব মেঘসদুশ ক্ষণবন্দে সম্পক্ষালা হইয়া তাঁহাকে করিলে ক্লমণ্ড নিজ-সিদ্ধিবলে তাঁহার কণ্ঠে মরকত-মালারপে এবং বক্ষোযুগলে মহেন্দ্র-নীলমণিরূপে হইবেন। নায়ক অম্বিকাবনে অজগরকে বিল্লাধ্ব-স্বরূপদানে, গোবর্দ্ধনপর্বত-উত্তোলনে. কালিয়দমনে এবং দাবানল-পানে শ্রীক্ষাের সিদ্ধিপ্রভাব পরিলক্ষিত रहेराव निवा वितालन य श्रीकृष ব্রহ্মচর্য হারাইয়া সেই সিদ্ধির একণে করিয়াছে। ললিতা স্থবল-মধ্মঙ্গলের এই সিদ্ধিবিতা এবং হিংপ্রালতা সম্বন্ধে বাদামুবাদ চলিতে লাগিল। প্রম-সিদ্ধ হইলেও মুক্তাবিক্রয়রূপ ক্ষুদ্রবৃত্তিতে প্রবৃত্ত হওয়ার কারণ শ্রীক্লম্ব্য বলিলেন যে বৈশ্যধর্মরূপে তিনি কৃষি, বাণিজ্য, গোরকা ও কুশীদরূপ বুতিচতুষ্টয়

অঙ্গীকার করিয়াছেন। ত্মবল বলিলেন-শ্রীকৃষ্ণ যে কেবল ধনবৃদ্ধি করিতেছেন, তাহা নহে; কামকোটিবিজয়ী প্রতাঙ্গে নব-তারুণ্যের, নেত্রাঞ্চলে চঞ্চলকমল মাধুরীরও সারোজ্জল বুদ্ধিলাভ করিতেছেন। ললিতা বলিলেন— 'স্বাধ্বীসমূহের অধ্রামূতোচ্ছিষ্টেরও रहेर्टि । वहेळानस्य বৃদ্ধিলাভ শ্রীরাধা, ললিতা ও বিশাখাদি যে যে তাঁহাকে দ্বিগুণ, ত্রিগুণ করিয়া মূল বস্তুর পরিশোধ দিয়াছেন, তাহা উক্ত হইলেও কিন্তু রঙ্গণবল্লী ও তুলগী কেবল অঙ্গীকুত জানিয়া মধুমঞ্চল দিতেছেনা তাঁহাদিগকে ক্তন্মতা-হেতু লোক-ধর্মভয় দেখাইলে ললিতা বলিলেন य कृष्भित वाका यनि উৎকট সিদ্ধি-ভক্ষণের গন্ধ না থাকিত, তবে পূর্বোক্ত তদীয় বাক্য প্রিয়তরই রজণমালা ও তুলসীর মৃল্য-বিষয়ে ললিতা ও বিশাখার প্রতি ভারার্পণ পূর্বক নান্দীমুখী বলিলেন যে যদিও ললিতা বিশাখা এই মূল্য নাই দেন, তবে অনন্ধমঞ্জরী-সহোদরাই ঐ মূল্য বৃদ্ধিসহ অবিলয়ে দান করিবেন। তুঙ্গবিগ্যা ইতাবসরে এক অপূর্ব বার্দ্তা নিবেদন করিলেন— কান্তদর্পাচার্যের শিষ্য শ্রামলমিশ্র কর্ত্ত গুরুত্বত স্ত্রসমূহের সন্ধি, চতুষ্টয়, আখ্যাত ও কুদ্বৃতি ব্যাখ্যাত হইয়াছে। সথীস্থলী হইতে এক মহাপদ্মা নদী শ্রামল মিশ্রের নিকট বুতিচতুষ্টয় পড়িবার জক্ম সন্ধ্যাকালে বন্তাবৃদ্ধি সহকারে সমাগতা

(9.10.14d) -11-11(1.1)(13.5.141.41

হইয়াছিল।। শ্রামলমিশ্রের অভিন্নসদয় অলীকরাজ পণ্ডিত প্রথমতঃ 'নম্-পঞ্জিকা' ও 'ক্রয়বিক্রয়-পঞ্জিকা' করিয়া সম্প্রতি 'অলীকপঞ্জিকা' ও 'আদান-প্রদান-পঞ্জিকা' প্রপঞ্চিত করিয়াছে॥ তৎপরে তাঁহারই সহপাঠী কুহকভট্ট-কর্ত্তক এই বুত্তিচতুষ্টয়ের টীকা লিখিত হইতেছে। আচার্য ও ভট্টের নিক্ষজ্ঞি ত স্পষ্টই আছে. মিশ্র ও পণ্ডিতের যাথার্থা বলিতেছেন—দোষগুণের মিশ্রণ আছে যাহাতে—সেই মিশ্র। দোষ—বৈদয়া ও অবৈদধ্যের বিচার-বিহীন হইয়া সর্বত্র প্রবৃত্তি, আর উত্তমাধ্যাদি গুণ-সরলতানিবন্ধন বিচার না করিয়া সর্বত্র সমানভাবে প্রবৃত্তি। পণ্ডিত শব্দের 'পণ্ডা' দারা সদসদ্বিচারিকা বুদ্ধিকে বুঝাইলেও ইনি প্রবিধির বলবতা

জানিয়া অসদ্ বিচারকেই সারাৎসার করত পণ্ডিত হইয়াছেন। এইরপে সন্ধি, চতু ইয়, আখ্যাত এবং রুৎ ও তাহাদের বৃত্তি পৃথক পৃথক ভাবে ব্যাখ্যাত হইল। একসময়ে চতু ছ জ্বল্ডানে তিনি টীকাচতু ইয় লিখিতে সক্ষম হইয়াছেন—বস্ততঃ শাস্ত্রকারী ব্যক্তিচতু ইয়সহ এক ব্যবসায়ের হেতু কুহকভট্ট'-নামক একই কুমারের কুহকবলে চতুর্বিধ রূপগ্রহণসামর্থ্য আছে। এইরপ বচন-বিভাসে জ্বীক্ষকে জ্বীক বিভাসিদ্ধ সপ্রমাণ

তৎপরে চিত্রার মূল্যনিরূপণকালে

করিলে তিনি তখন চম্পকলতার

কণ্ঠে মণিমালাবং বিরাজিত হইয়া

স্বসিদ্ধি দেখাইতে গেলেন এবং

চম্পকলতা কুঞ্জমধ্যে শ্রীরাধা-পুষ্ঠে

শ্রীকৃষ্ণ বলিলেন যে চিত্রার বিগ্রছে
শৃক্ষারকর্মদক্ষ বহু সম্ভার বিগ্রমান—
তাহাদারা শ্রীকৃষ্ণের প্রত্যঙ্গ ভূষিত
করাই পণ। তুঙ্গবিস্তার পণ

করাথ সাব। তুপাবভার সাব হইতেছে এই যে তিনি গুরুষরূপে শ্রীকৃষ্ণকে এমন একটি মন্ত্রদীক্ষা দিবেন, যাহাতে তিনি শ্রীরাধার

বিবিধ সেবা সাক্ষাৎভাবেই প্রাপ্তি

করিতে পারেন, তৃঙ্গবিতা তাঁহাকে
'প্রেমান্ডোজনরন্দাথ্য' গুবরাজের গুবউপদেশ দিয়া কৃতকৃতার্থ করিলে
শ্রীকৃষ্ণ শ্রীগুরু-তৃঙ্গবিতাচরণে দণ্ডবৎ

করিবেন এবং তৃঙ্গবিক্তা তথন
স্বাধরামৃত্যুক্ত চবিত ভাষুল-প্রদানেও
আপ্যায়িত করিলে উত্তম উত্তম
মুক্তা দক্ষিণা পাইবেন। বিশাখা তথন
শ্রীরক্ষকে পদ্মার অধরক্পীন্থিত পরম
পাবন উচ্ছিষ্টমধ্-পানজনিত অপরাধে

মুখীকে সাবধান করিলেন। এক্ষণে
এই অপরাধ-ক্ষালনের জন্ম উজ্জ্বন
মণি-সংহিতার ব্যবস্থায়সারে ললিতা
বিধান দিতেছেন যে অপরাধী জন
যদি সভামধ্যে স্বয়ং আসিয়া নিজপটে
অপরাধ স্বীকার করত অমুতপ্ত হয়,

তবেই তাহার

(मारी विवा मीकामान-विवास नामी-

শোধন হইতে পারে। শ্রীকৃষ্ণও তথন বলিলেন—'গৌরীতীর্থে গৌরী-সহচরী চচ্চিকা বামস্তনের আঘাত এবং মাধবীচতুঃশালায় চর্বিত তামূল প্রদানে তাঁহাকে মোহিত করিয়া-ছিল। দিতীয়তঃ মাল্যহরণ-কুণ্ডতেটে

প্রোয়শ্চিত্তবিধানে

আবার সেই চর্চিকা আসিয়া তাঁহার গণ্ড চুম্বনপূর্বক মুখে অধরামৃত দান করিয়াছে—এই ছই পাপ হইতে নিস্কৃতিজন্ম তাহার মুখকমনের উচ্ছিই মধুপানরূপ প্রায়শ্চিত্তই ব্যবস্থাপিত হউক।' এই চর্চিকা দেবীর পরিচয় লইরা মহাগোলযোগ উপস্থিত হইলে প্রীকৃষ্ণ বলিলেন যে বিশাখাই সেই চর্চিকা। চিত্রা বড়্গুণ প্রায়শ্চিন্তের ব্যবস্থা দিলেও ললিতা বলিলেন 'প্রথমতঃ পাপমোচনকুণ্ডে স্নান করিয়া তিন দিন মানসগঙ্গায় স্নান করিবে, তৎপরে ২> দিন যাবৎ মন্ত্রী ও ভুগী-নামিকা পুলিন্দ-কতার অধর-

পঞ্চামৃত পান করিয়া মুখের দোষ

অপনয়ন পূর্বক দিষড় গুণ প্রায়ন্চিত

করিতে হইবে।' শ্রীরাধা তুলসীর

যুক্তাচরিত্র

হন্তে এক পত্র সমর্পণ করিয়া
সকলকে জানাইলেন যে পরমপ্রেষ্ঠ
শ্রীক্কন্ডের কঠোর প্রায়শ্চিত্তের কথাপ্রবণে তিনি ব্যথিতা হইয়া এই
বিধান করিলেন যে রাজপুত্র মহাবিলাসী; ইহাকে ঐ মল্লীভূলীর
চরণাঘাতে অশোকলভার প্রস্থা

প্রক্ষটিত করাইয়া তাহা হইতে

ক্ষরিত মকরবেদর ২৪ গণ্ডুষে বদ্ন

প্রকালনপূর্বক স্মিত-কপূর্বর স্থবাসিত

অধরপঞ্চামৃত ধীরে ধীরে পান
করাইয়া পাপমৃক্ত করিবে।
ইন্দুলেখার মৃল্যানির্গয়-সম্পর্কে
প্রীকৃষ্ণ বলিলেন—'আমার খ্যামল
বক্ষঃআকাশে ইনি নথরাঘাতে
স্বমৃত্তি স্থাপনা করুন আর আমিও
ইহার বক্ষোজ্যগলে অর্দ্রচন্দ্ররেপ

ইহার বন্ধোজযুগলে অর্কচন্দ্ররপে
উদিত হই।' রঙ্গদেবীর পণনিরূপণে তিনি বলিলেন—'নিকুঞ্জমন্দিরাভাতরে স্বীয়বন্দোজরূপ কনককুগুদ্ব আমার বন্দে এমনভাবে
নাচাও, যাহাতে আমি অধ্রামৃত-

প্রসাদদানে তোমাকে আনন্দিত

िनीन इहेरनन।

করিতে পারি।' স্থদেবীর মুক্তামূল্য-নিৰ্ণয়ে তিনি বলিলেন—'পাশাংখলায় স্থদেবী আমাকে পরাজয় করিলে বাম বংশাজে আমার বুকে আঘাত দিয়া অধররস তুইবার পান করুক, আর যদি আমি জয়ী হই, তবে আমার দক্ষিণ কর্মারা ইহার দক্ষিণ বক্ষোজ পীড়ন করাইয়া ছুইবার অধরামৃত পান করাইবে। অনজ-বলিলেন—'নির্জন মঞ্জরীর জ্ঞ নিকুঞ্জবেদিতে ইংহার পঞ্চাশ অঙ্গে স্বহস্তে বিগ্রাস **অ**রপঞ্জরাক্ষরসমূহ করত স্বীয় অঙ্গে তদক্ষ আলিঙ্গনপূর্বক মন্ত্রদারা ব্যাপক-ভাসাদির বিধানে ইহাকে এমন সিদ্ধমন্ত দীক্ষা দিব ইনি সম্ভূপ্ত হইয়া এই যাহাতে মন্ত্রগুরুকে বিলাসর্ভাবলি উপহার **मिट्यम**।'

এই সময়ে মল্লী ও ভুঙ্গী আসিয়া ष्टेशनि পতा जूनगीत राख पिला ললিতা একখানি পড়িয়া স্থবলের হাতে দিলেন। স্থবল পত্ৰ পডিয়া জানাইলেন 'প্রীরাধা মুক্তাকৃষির জন্ম দেয় রাজকর দাবী করিতেছেন, সেই কর তিনি মথুরায় পাঠাইয়া ভাল ভাল মুক্তা আনাইয়া গুরুজনের ওলাহন হইতে আত্মরক্ষা করিবেন। যদি মুক্তাক্ষেত্রের বহুতর রাজস্ব দিতে অসমর্থ হয়েন, তবে মেন অর্দ্ধেক মুক্তা স্ভর পাঠাইয়া (पन।' কুটীনাটীতে পণ্ডিত এই গোপীরা প্রবাজাকে নিজরাজ্য বলিতেছেন দেখিয়া শ্রীকৃষ্ণ ললিতাকে জিজ্ঞাসা জানিলেন যে এরাধাকে বৃন্দাবনেশ্বরীরূপে অভিষেক করা পর্যস্তই বুন্দাবন শ্রীরাধার রাজ্য

হইয়াছে; বুন্দা আসিয়া রাধাভিষেক-কাহিনী বিবৃত করিলে এক্লিফ বলিলেন 'শ্রীরাধা বুন্দাবন-পুরন্দর আমারই রাজীরূপে আমারই ইঙ্গিতে ভগৰতী-কৰ্ত্ত্বক অভিষিক্তা হইয়াছেন! তাহাই যদি না হইবে. তবে কেন আমার বক্ষের চন্দ্রনে তাঁহার তিলক হইল ৫' বাদবিবাদ যখন ক্রমশঃ চড়িতে লাগিল, তথন মলী ও ভঙ্গী রাজকরের কথা স্মরণ করাইলেন। শ্রীরুষ্ণ ও সখীগণের মধ্যে বিবাদের মধ্যস্থ হইয়া স্থবল ও नाक्तीम्थी फाँए। हेटलन। প্রথমতঃ ললিতাকে প্রশ্ন করিলেন—'বুন্দাবন **এীরাধার রাজ্য কিরুপে হইল ?'** বুন্দা বলিলেন যে প্রত্যক্ষই ত দেখা যায় যে শ্রীরাধার সাক্ষপ্য লাভ করিয়া বুন্দাবনের সৌন্দর্য বৃদ্ধি হইয়াছে। পুরাণ-বচনে আছে—'রাধা বুন্দাবনে रमि'। यथुमञ्जल विलिद्यान एय श्रुवान-শিরোমণি গোপালতাপনীতে আছে य देश 'कुरुवनरे'। 'कुरुवन' শকের কর্মধারয় সমাসে 'রুফ যে বন' এবং বহুব্রীহি সমাসে 'যেন্ডলে ক্লম্বর্ণ বন আছে' এই ছইরূপে 'কুফুবর্ণ' শব্দে অর্থান্তর-প্রতীতি কবিলেও কিন্তু 'ক্ষের বন' এই ষ্ঠীতৎপুরুষ সমাসে শ্রীক্ষেরই জয় হইল দেখিয়া ললিতা 'ষষ্ঠীতৎপুরুষ' শব্দে ষষ্ঠী নামে (ठङावनीत) পদসেবা বে পুরষ, তাহাকেই বুঝাইলেন এবং চন্দ্রাবলীর ষষ্ঠীত্ব-সম্বন্ধেও বিবৃতি দিতেছেন—(>) কংসভৃত্য গোবর্দ্ধন—ভৈরব, (২) তাহার মাতা ভারুণ্ডা—চণ্ডী, (৩) চন্দ্রবিলীর মাতামহী করালা—চর্চিক।

(খাঁটুদেবী), (8) শৈব্যা—কালী, (৫) পদা—শঙ্খনী এবং (৬) স্থীস্থলী-বটবাস্নি চক্তাবলী ষ্ঠী যেহেতু বটবনবাসিনীরই ষ্ঠী হওয়া যুক্তিযুক্ত।

এই সব বাক্যে শ্রীকৃষ্ণ নির্বাক হইয়া স্বধাষ্ট্য প্রকাশ করিতে ইচ্ছুক ললিতা **শক্রোধদৃষ্টিতে** তাঁহাকে নিবৃত্ত করিলেন। একণে শত্যভামার এক প্রশ্নের উত্তরে প্রীকৃষ্ণ জানাইলেন যে প্রীরাধার কায়বাহ-রূপা স্থীগণ রাধার অন্তরের ভাক জানিতে পারেন। দ্বিতীয় প্রশ্নের উত্তরে মধুমঙ্গল বলিলেন যে মুগনাভি ও তাহার পরিমল যেরূপ অবিচ্ছিন্ন-ভাবে থাকে, তজ্রপ গান্ধর্বাগিরি-ধারীও পরস্পর সন্মিলিত আছেন বলিয়া শ্রীরাধার নর্মবাণীও শ্রীক্রম্ব-মানসে সঞ্চারিত হয়। মধুমঙ্গলের এই কথায় ব্ৰজবিলাসাদি স্থৃতিপটে উদিত হইয়া প্রবল বিরহ-জালায় শ্রীকৃষ্ণ প্রদাপ করিতে লাগিলেন। তৎপরে সভাভামার আগ্রহে শ্রীরুষ্ণ আবার বলিতে লাগিলেন—'যুথেশ্বরী-পরাভবই একণে প্রয়োজন' এই বলিয়া কুঞ্জাভিমুখে ছুইচারি অগ্রসর হইয়া তিনি নান্দীমুখীকে বলিলেন—'ললিতাদি স্থীগণের তারুণ্যধন হইতেও শ্রীরাধার ঐধন অনেক বেশী, জলকেলির পরে রাধাকুণ্ডতীরে তিনি কখনও ঐধন দেখিয়া অবধি লুগ্ঠন করিতে ইচ্ছা করিয়াছেন, কেন না ধনলুপ্তন হইলেই ছাড়িয়া সেনাপতি সহ শীরাধা পদায়ন করিবে।' এই রসাম্বাদন-বিষয়ে

বাকোবাক্য হইতে হইতে অনস্তর কর লইয়া মহাদৃদ্দ উপস্থিত! ললিতা বলিলেন যে খ্যামাক্ষেত্র হইতে ধাতক্ষেত্রের কর অধিক, তাহা হইতে কাপাস ক্ষেত্রের, তাহা হইতেও বাস্তভূমির, আবার তাহা হইতেও অপূর্ব অমূল্য মুক্তাক্ষেত্রের কর পরার্দ্ধণ বেশী হইবে। আবার পরিমাণ-দণ্ড বন্দা বলিতেছেন— বাস্তভূমি, ধাগ্যভূমি, তৃণভূমি, কার্পাদ-ভূমি ও মুক্তাভূমি—ক্রমশঃ অঙ্গুষ্ঠ হইতে আরম্ভ করত পঞ্চ অঙ্গুলিদারা পরিমাণ করিতে হয়। নান্দীমুখী বলিলেন যে মহাবন হইতে এই বন্দাবনে আসিয়া প্রীব্রজেন্দ্রন্দন বুন্দাবনেশ্বরীর আশ্রয় লইয়া কৃষিকার্য আরম্ভ করিয়াছেন, এই বিধানে মানদণ্ড ধরিলে তিনি কর দিতে অসমর্থ হইবেন। অতএব তাঁহারা মানদণ্ডত্যাগ করিয়া নিজের ভাগ গ্রহণ করুন। নান্দীমুখী অর্দ্ধেক ভাগ দিতে বলিলে রঙ্গণমালা বলিলেন যে শ্ৰীক্লঞ্চ ষষ্ঠভাগ পাইতে পারেন। নান্দীমুখী বিশাখা ও ললিতাকে উৎকোচ-প্রদানে বশীভূত প্রস্তাব করিলে প্রীক্লফ বলিলেন যে সন্ত্যাকালে ছুইজনকে লইয়া আসিলে তিনি মনোহভীষ্ট দান করিবেন; যদি অবিশ্বাস হয়, তবে নান্দীমুখীতেই উৎকোচ স্থাপন করিতেও ভিনি রাজী হইলেন। উৎকোচের পরিমাণ ও প্রকার-সম্বন্ধে তিনি বলিলেন যে বুন্দাবন-রাজ কুষ্ণের বনপালন ত্যাগ করিয়াবৃন্দা রাধার আহুগত্য স্বীকার করাতে প্রথমতঃ তাঁহাকেই উৎকোচ-প্রদানে

আয়ত্ত করিবেন, তৎপরে ললিতাকে চ্ছকরত্ব এবং বিশাখাকে বিচিত্র অন্ধমালা দান করিবেন। তৎপরে মধ্মঙ্গল সহ হাস্তর্স আস্থাদন করত বলিলেন—'কুদ্ৰগ্ৰামপতি নিজনিজ গ্রামের সীমার জন্ম মধ্যস্থ বরণ করে, রাজগণ নিজের ভুজ-বলেই রাজ্যদখল করেন। আমার স্হিত ইংহারা যুদ্ধ করুন, যাঁহার জয় হয় তিনিই রাজ্যভাগী হইবেন।' এই বলিয়াই তিনি যুদ্ধের জন্ম প্রস্তুত इट्टें नानी मूथी अवर हस्त मूथी विवास মিটাইবার জন্ম উভয়পক্ষে যুক্তি দেখাইলে একিষ্ণ শ্রীরাধাকুঞ্গ প্রতি সৃত্যু নয়ন নিক্ষেপ করিতেছেন নান্দীযুখী বলিলেন— 'প্রীরাধাই সমর্থাশিরোমণি, তাঁহার স্হিত যুদ্ধ করাই বাঞ্নীয়; এক্ষণে অলীক বিবাদ ত্যাগ করত অগ্রাগ্র গোপীদের মুক্তামূল্য নির্ণয় করাই ভগবতী পোৰ্ণমাসী রাজ্যসম্বন্ধে স্থায্য বিচার করিবেন। তৎপরে চন্দ্রমুখীর মুক্তামূল্য নিরূপিত হইতেছে—'আগামী কল্য বা পরশ্ব চক্রমুখী নিভৃত ভানে আসিয়া স্নাত ও পূত আমাকে কান্তদর্পাচার্য-কথিত মন্ত্র উপদেশ দিবে।' কাঞ্চনলতা-সম্বন্ধে বলিলেন — মদীয় বক্ষে যদি প্রমপ্তশার-তারাধিকা (অত্যুত্তমা) ভবৎকণ্ঠ-সমীপবর্ত্তিনী একাবলীকে, শ্লেষে— প্রমপ্রন্ধরী তোমার নিকটবাসিনী রাধিকাকে--একাবলীরূপে মদীয় বক্ষে অর্পণ কর, তবে বিনামূল্যেই মুক্তাবলী পাইবে।' তুলসীর নয়নকটাক্ষে ও হান্তের সহিত বাক্যমকরন্দ-পানে

শ্রীশ্রীগোডীয়-বৈষ্ণব-অভিধান (৩খ)

আমি বিহবল হইলে রঞ্গনালিকা স্নেহবিহ্বলা হইয়া মদীয় বক্ষে নিজ কুচকলিকাদ্বয় স্থাপন করত স্বাধ্রামৃত-দানে আনন্দান করক।'

'গান্ধবিকা ও বিশাখার' মূল্য-সম্বন্ধে বিশেষ এই যে ইহারা যখন একাত্মা, তখন উভয়ে আমার পৃষ্ঠরূপ তমালবৃক্ষ-সম্বলিত ভূথণ্ডে মম্পণতর দক্ষিণ ও বামবাহুরূপ স্বর্ণতাসদৃশ-গ্রীরাধাকুণ্ডবতি কুঞ্জমন্দিরে ইহাদের স্থিত বিলাস-বিশেষ্ট মদ্ভিপ্তেত মূল্য।' বিশাখা শ্ৰীক্বঞ্চবাক্যে কপটক্ৰোধ পূৰ্বক গৃহ-গমনে উত্ব্যক্তা হইলে নান্দী-মুখী তাঁহাকে প্রত্যাবর্ত্তন করাইয়া শ্রীকৃষ্ণকে বলিলেন—'পরিহা**স** ত্যাগ করিয়া স্থবর্ণাদি মূল্য দারা মুক্তা দান কর।' প্রীকৃষ্ণ বলিলেন-ष्ट्रेपिन मस्य ख्रुर्नालकातापि, त्रजापि ৰুষাদি ও প্ৰিয়গোআদি আমাতে গুস্ত করিয়া তদমুরূপ কয়েকটি মুক্তা লইয়া যাউক।' পুনরায় করত বলিলেন—'না, এস্তত মূল্য ব্যতীত মুক্তা দিতে পারি না।' নান্দীযুখী বলিলেন—'মোহন! এইরূপ অপূর্ব মূল্য কোথাও ত দেখি ন্তনি নাই !!' শ্রীক্বঞ্চ বলিলেন অপূর্ব মুক্তা কোথাও দেখিয়াছ, শুনিয়াছ কি? কাজেই পদার্থের মূল্যও অপূর্বই হইবে।' নান্দীমুখী কুফের ছঠ স্থীগণকে বলিলেন-'স্বীয়াভিপ্রেত মূল্য না পাইলে ২ঠী মুক্তা যথন **मिटवर्ड** ना. তখন ইহার কথিত মূল্যে কোনও কিঞ্চিন্মাত্র সম্বতি-প্রদানে চু লৈ মুক্তা গ্রহণ করিয়া গ্ৰহ

করিলে কেই বা মূল্য দিবে আর কেই বা তাহা গ্রহণ করিবে ?' তখন ললিতা সজোধ বচনে বলিলেন—

'অপূর্ব মুক্তা-কেদারিকা, অপূর্ব বীজগণ। অপূর্ব মুকুতাফল ফলিল বিস্তর। অপূর্ব বিক্রয়, তাহে বণিক্ স্থান্দর॥ বণিকের মুখেতে অপূর্ব মূল্য শুনি। নান্দীমুখীও অপূর্ব মধ্যস্থ আপনি॥ কেবল অপূর্ব তাহে নহিল আমরা। স্থথেতে বাণিজ্ঞা এবে করহ তোমরা॥' (প্রীনারায়ণ-দাসের অমূবাদ)।

'এই অপুর্ব ব্রহ্মচারী হইতে অপুর্ব ব্ৰন্মচারিণী নান্দীমুখী এখন অপূর্ব তপস্থার বলে অপুর্ব মূল্য প্রদানে মুক্তা গ্রহণ করুন—আমরা গৃহে চলিলাম—' এই বলিয়া গোপীগণ শ্রীরাধাকে লইয়া রাধাকুণ্ডে বকুল-করিলেন। কুজে গম্ন তৎপরে প্রীকৃষ্ণ বিচিত্র মৌক্তিক দারা বিচিত্র হারাদি স্বয়ং গুল্ফন করত প্রীরাধাদি প্রত্যেক গোপীর নামাঙ্কিত করিয়া করিয়া নান্দীমুখী ও স্থাগণের সাহায্যে ঐ বকুলকুঞ্জে পাঠাইতে नागित्न। मथीगन त्मरे चान्त्रन-সমূহে শ্রীরাধাকে সাজাইয়াও পরস্পর বেশভূষাদি করিয়া গুরুজনকে সন্তোষিত করিয়া আবার রাধাকুণ্ড-তীরে আগমন করিলেন এবং এই বার্দ্তাবিনোদে আৰ্নন লাগিলেন। শ্রীকৃষ্ণ শ্রীরাধার প্রীতি-করিয়া বিলাপ স্মর্ণ করিতেছেন দেখিয়া সভাভামা তাঁহাকে গোকুলে গমনের জন্ম যথোপযুক্ত ব্যবস্থা করিয়া দিলেন। निर्निष्ठे ७७ मिरन (श्रीर्गमानी, छेन्नव

ও রোহিণীর সহিত তিনি মধুম্পলকে নন্দীঘোষ-রথে লইয়া জতগামী আরোহণ করত গোকুলের নিকটে আগমন পূর্বক গোপবেশ ধারণ করিয়া শুভপুরে প্রবেশ করিলেন। লক্ষণা সমঞ্জনার মুখে এই আখ্যান যাইয়া শ্রীরাধার শুনিয়া ব্রজে স্থীত্ব করিতে ইচ্চা প্রকাশ করিলেন। এই গ্রন্থের কোনও টীকা নাই, কিন্তু সপ্তদশ শকাৰায় পদামৃতসমুদ্ৰ-সঙ্কলয়িতা শ্রীরাধামোহনের পিতা শ্রীজগদানন্দ ঠাকুরের শিষ্য শ্রীল নারায়ণ দাস ইহার যে মুমাফুবাদ করিয়াছেন, তাহা অতিহ্বন্দর ও স্থ্রসাল হইয়াছে। মূলের ভাব-মাধুর্য ও রসবতা অমুবাদেও পরিদৃষ্ট হইতেছে। প্রীনারায়ণ দাসই গ্রন্থ-কারের হার্দ্দ বিষয়টি সহজ অ্বথবোধ্য অফুবাদ করিয়া বাজালা একটি মহানিধি এই অমুবাদ্টিবে করিয়াছেন। ছয়টি স্তবকে গুম্ফিড করিয়াছেন; প্রথম স্তবকে-মুক্তা-রোপণ, দিতীয়ে ও তৃতীয়ে মুক্তা-ক্রয়-বিক্রয়নিরপণ, চতুর্থে—শ্রীকৃঞ্বের প্রায়ন্ডিত হইতে নিস্তার, পঞ্মে এীবুন্দাবন - রাজ্যনিরাপণ ও ষষ্ঠে ব্ৰজবাসিভাব - নিব্নপণ হইয়াছে। শেষ—'প্রভ স্তবকের শ্রীজগদানন্দ-পাদপদ্ম আশ। মুক্তা-চরিত্র কহে নারায়ণ দাস'--এই দৃষ্ট হয়। প্রোয়শঃই : লঘুত্রিপদীও यरश यरश ব্যবহৃত হইয়াছে, ভাষা প্রাঞ্জল। রচনাকাল ১৬২৪ খঃ বলিয়া বজীয়- ' সাহিত্য-সেবকে ৩৭৪ পঃ লিখিত হইয়াছে। ২ বছনন্দন দাদের অন্থবাদ (পাটবাড়ী পুঁথি অন্থ ২৬) ও স্বরূপ ভূপতি-কৃত অন্থবাদ (ঐ অন্থ ২৭)।

যুক্তাফল—খুষ্ঠীয় ত্রয়োদশ শতাব্দীর শেষভাগে বোপদেব এই গ্রন্থ রচনা রচনা করিয়াছেন। বোপদেব বরদা-নদীর তটে মহারাষ্ট্রদেশে সার্থনামক (বিদর্ভে বেদপদ-নামক স্থানে) কেশব চিকিৎসকের ওরসে জন্মগ্রহণ করেন। তিনি ধনেশ বা বিদ্বদ্বের শিষাত্ব ধনেশ্ব-নামক করিয়াছিলেন। মুগ্ধবোধ ব্যাকরণের শেষে তিনি নিজেকে 'বিপ্র' বলিয়া পরিচয় দিয়াছেন। 'হরিলীলাবিবেক' নামক বোপদের-কৃত 'হরিলীলামৃত' গ্রন্থের টীকার শেষে ইংহাকে 'ভুগীর্বাণশিরোমণি' বলা হইয়াছে। ভবিত্যপুরাণে প্রতি-সর্গপর্বে (দ্বিতীয় খণ্ড ৩২শ অধ্যায়ে) বোপদেবের কথা বিবৃত আছে— 'তোতান্তিবাসী বোপদেব বেদবেদাঙ্গ-পারগ রুফভক্ত ছিলেন. গোপীজনবন্ধভকে বুন্দাবনে গিয়া মানসপূজা করিলে বর্ষান্তে সাক্ষাৎ হইয়া তাঁহাকে অফুত্ৰম জ্ঞান দান করিলেন এবং তাহাতেই তাঁহার হৃদয়ে ভাগবতী কথা সমুদিত হইয়াছিল। শ্রীভগবানের আদেশে নৰ্যদাতীরে আসিয়া শুভ কথা শুনাইয়া তিনি বিষ্ণুভক্তগ**ণকে** আনন্দিত করিতেন।' ভক্তমালে (नभगगानाय) देशां क श्री-मख्यनायी বৈষ্ণব বলিয়া উল্লেখ করা হইয়াছে। সম্প্রদায়শিরোমণি সিন্ধুজা রচ্যো ভক্তিবিতান। বিধক্সেন মুনিবর্ষ

সপুন ষট্কোপ পুনীতা। বোপদেব ভাগৰত লুপ্ত উধর্যো নবনীতা ইত্যাদি। ইঁহার ভাগবত-উদ্ধারের কাহিনী (বাঙ্গালা ভক্তমালে)— স্থরনামে কাশীরাজ অস্থর স্বভাব। জীবহিংসা করে বহু তমের স্বভাবে। শ্ৰীমদ্ভাগৰতশাস্ত্ৰ নিন্দে মূঢ় তবে॥ দেশদেশান্তরে গ্রন্থ যথা ছিল। বলে আনি আনি স্ব ডারিল। প্রিয়পাত্র প্রীলবোপদেব হইল আকাশবাণী গোসাঞিরে। উপায় ত্মনরে॥ এত শুনি গোসাঞি যে প্রহার্ট অন্তরে। উঠাইল গ্রন্থ ভুবি জাহ্নবীর নীরে॥ বহু সন্মানিয়া স্থানে স্থানে পাঠাইলা। 'মুক্তাফল' নাম গ্রন্থের টীকা বিস্তারিলা॥

বোপদেব হেমাদ্রির আশ্রিত এবং সহকর্মী ছিলেন। হেমাদ্রি মহারাই-দেশে দেবগিরিরাজ্যে ১২৬০ হইতে ১৩০৯ ইং সাল পর্যন্ত মন্ত্রিত্বপদে অধিষ্ঠিত ছিলেন। ধনপ্রতিপত্তি-শালী হেমাদ্রি বোপদেবের আশ্রয় ছিলেন, এইজন্মই বোপদেব-কুতা মুক্তাফলটীকা 'কৈবল্যদীপিকা' হেমান্তির নামে প্রচারিত হইয়াছে। বোপদেব ব্যাকরণবিষয়ে ১০, বৈছা-শাস্ত্রে ৯, ধর্মশাস্ত্রে ১, সাহিত্যে ৩ ভাগবত-বিষয়ে যোট ২৬ খানা গ্রন্থ প্রেণয়ন (যুক্তাফলে গ্রন্থোপ-করিয়াছেন সংহারে ৫)। ভাগবত-বিষয়ক তিন খানির মধ্যে (১) প্রমহংসপ্রিয়া. (২) মুক্তাফল ও (৩) হরিলীলা। প্রথমখানি ব্যাখ্যাগ্ৰন্থ, দ্বিতীয় ও তৃতীয় নিবন্ধগ্ৰন্থ। তিত্ত্বসন্তে ২৩ পরমহংসপ্রিয়া অমুচ্ছেদ], বে |

বোপদেব-বচিত ভাগবতটীকা তদ্বিষয়ে সন্দেহ নাই। (কৈবলাদীপিকার প্রারন্তে) "মহাপ্রয়েজনাদয়স্ত 'ধর্ম-প্রোজ্মত' ইত্যত্র টীকায়ামুক্ত<u>া</u> ইহামুসদ্বেয়াঃ।" এস্থলে টীকা-শব্দে পরমহংসপ্রিয়াই বাচ্য। আবার ৫।৬ এবং প্রস্থাপসংহারে পর্মহংস-প্রিয়ার' নামতঃ উল্লেখই আছে। 'হরিলীলা' শ্রীমদ্ভাগবতের অমু-ক্রমণিক। মাত্র। মুক্তাফল-সম্বন্ধে বিশেষ বক্তবা এই যে ইহাতে শ্রীমদ্ভাগবতের প্রায় ৮০০ শ্লোকে 'বিষ্ণুভক্তি'-যোগ শৃঙ্খলাবদ্ধ করিয়া সজ্জিত হইয়াছে। গ্রন্থপ্রারম্ভে ৫টি ও উপসংহারে ৬টি শ্লোকমাত্র বোপদেবের স্বরচিত। তদব্যতীত তিনি ভাগবতের বিভিন্ন স্থল হইতে শ্লোকাবলি সংগ্ৰহ করত মুখ্যতঃ তিনভাগে বিভক্ত করিয়াছেন—(১) উপাস্তা, (২) সমাধনোপান্তি (৩) ও এই মুখ্যবিষয়কে উপাসক। পুনবার তিনি চারিটী প্রকরণে বিভক্ত করিয়াছেন। (১) বিষ্ণু-প্রকরণ (১-৪ অধ্যায়], ইহাতে বিষ্ণুলক্ষণভেদ, বিষ্ণুরূপ, অবতার, অধিষ্ঠান, মহিমা প্রভৃতি হইয়াছে। আলোচিত বিষ্ণুভক্তিপ্রকরণ [৫—৬ অধ্যায়], ইহাতে বিষ্ণুভক্তির লক্ষণ, ভেদ, মহিমা প্রভৃতি; (৩) বিষ্ণুভক্ত্যঙ্গ-বর্গপ্রকর্ণ [৭-->০ অধ্যায়]. ইহাতে ভক্তিযাজনে সদাচারাদি, শ্রবণ, কীর্ত্তন, স্মরণাদি এবং (৪) বিষ্ণুভক্তপ্রকরণ [১১—১৯ অধ্যায়] ইহাতে বিষ্ণুভক্তদের লক্ষণ, ভেদ ও নববিধ ভক্তির্গ-বিষয়ে হাস্তাদি

আলোচিত হইয়াছে। গ্রন্থকার স্বরচিত টীকা 'কৈবলাদীপিকাতে'ও মহামনীষা ও বিভাবতার প্রিচয় দিয়াছেন—ছান্দোগ্য, বুহদার্ণ্যক, ঈশোপনিষদ, আখলায়ন শ্রোতহত্ত্ত, রামায়ণ, মহাভারত, বিষ্ণুপুরাণ, পদ্মপুরাণ, বন্ধস্ত্র, যোগস্ত্র এভৃতি এবং নাট্যশাস্ত্র, দশরূপক, সরস্বতী-কণ্ঠাভরণ, কাব্যপ্রকাশ, কাব্যাহ-শাসন প্রভৃতি রুগশাস্ত্র আলোচনা করিয়া যে এই টীকা প্রণয়ন করিয়াছেন, তদ্বিষয়ে গ্রন্থমধ্যে ভূষশঃ দৃষ্টান্ত বিভ্যান। মুক্তাফল-সন্বন্ধে গে.ড়ীয় বৈষ্ণবগণ

উল্লেখ করিয়াছেন- (১) শ্রীপাদস্মত্ম প্রস্তু বৈষ্ণবতোষণীতে (১০।৩১)১) 'জয়তি তেহধিকং' শ্লোকের টীকায় 'বর্ণনির্বাহচিত্র'-বিষয়ে মুক্তাফল টীকা (১২।২১---৩৮) দ্রষ্টব্য বলিয়াছেন। প্রায়ই প্রত্যেক চরণে দ্বিতীয় অক্ষর সমান —ইহাই 'বর্ণনির্বাহচিত্র'।] আবার (> < 100 | > <) 'বোপদেবপাঠে (১৬:২১) মূগভূট মূগভূষ্ণা' বলিয়া উল্লেখ করিয়াছেন। এইরিভক্তি-विनारम (১১१२०७, ७१२, ७४०) মুক্তাফলের নামতঃ উল্লেখ করিয়াছেন। এরপপ্রভু উজ্জলে (১৫।১৫১) প্রেমবৈচিত্য-প্রকরণে মুক্তাফল ও বোপদেবের নামতঃ নির্দেশ করিয়াছেন। ভীপাদ শ্রীজীব তত্ত্বসন্দর্ভে (২৩) পরমহংসপ্রিয়া. মুক্তাফল ও হরিলীলার নামত: উল্লেখ করিয়াছেন এবং (২৬) 'বেদাঃ পুরাণং কাব্যঞ্চ' ইত্যাদি বোপদেবের বচনই উল্লেখ করিয়াছেন,

'নানাগ্য-স্থৃতি-পুরাণ-মহারিমধ্যা,-ত্বদ্ধতা বুদ্ধিমথনেন হরেঃ প্রসাদাৎ। বাকাানি যানি বিলিখামি বিমুক্তমেহ্হং, সম্ভদর্মনিশং পরিশীলয়স্ক ॥'

ইহাতে প্রীজগন্নাথদেবের দর্শন, নির্মাল্য-ভক্ষণাদিরূপ অন্তরক্ত ও বহিরল মোক্ষসাধনই স্থচিত হইয়াছে। 'তত্র শ্রীমৎশ্রীজগরাথদর্শন-কীর্ত্তন- নির্মালাভক্ষণান্তরঙ্গ - বহিরঞ্জ ভাবেন মোক্ষ্যাধনানি।' তৎপরে প্রমাণ-প্রয়োগদারা এইসব প্রসঙ্গই ও দৃঢ়ীকৃত সম্থিত হইয়াছে। পরিশেষে মহাপ্রসাদ-ভোজন-প্রসঙ্গে— 'বদনং পচতে লক্ষীর্ভোক্তা চ পুরুষোত্তম:। তত্তু যত্নেন ভোক্তব্যং নাত্র কার্যা বিচারণা॥ স্পৃষ্টাস্পৃষ্টার মন্তব্যং যথা বিষ্ণুস্ত থৈব তং॥' বায়ু-পুরাণে—শুষং পর্যাহিতং বাপি নীতং বা দূরদেশতঃ। তুর্জনেনাভিসংস্পৃষ্ঠং স্ব্রিথবাঘনাশনম্॥ ব্রহ্মপুরাণে— কুকুরস্থ মুখাদ্রপ্তং মমারং যদি জায়তে। ইন্দ্রাদেরপি তদ্ধশং ভাগাতো যদি ইতি লভাতে॥ গজপতি শ্রীপুরুষোত্তমদেবেন বিরচিতে। মুক্তি-'যত্ত বেতপ্রহারাণাং চিন্তামণিঃ। পাত্রমিক্তাদয়ঃ প্ররা:। মুরারি

ভবনহারি বরাকান্তত্র কে বয়ম ॥' मूत्रलीविलाम (१:-श्रीमनवःशीवनना-নন্দঠাকুরের বংগ্ৰ শ্রীরাজবল্পভ গোস্বামিপ্রণীত ২১ পরিচ্ছেদে সমাপ্ত। ইহাতে মুরলীতত্ত, প্রেমভক্তিতত্ত, বংশীবদনের জনাবৃতান্ত, রামচন্দ্রের বুতান্ত, মা জাহ্নার উপদেশ ও ভ্রমণাদি, ব্রজতত্ত্ব, গৌরগণোদ্দেশ, পুরুষোত্ম-যাত্রা রামচন্দ্রের ভ্রমণাদি, শ্রীমতী জাহ্নবার কান্যবনে অপ্রকট, প্রভুরামচন্ত্রের কৃষ্ণবলরাম লইয়া গোড়ে আগমন, ব্যাঘ্রকে উদ্ধার করত শ্রীপাট বাঘনাপাড়া স্থাপন, **শ্রিশচীনন্দনপ্রভুর** বাঘনাপাড়ায় আগমন ইত্যাদি বণিত হইয়াছে। প্রভুরামচন্দ্রের সৃহিত রায় রামানন্দের এবং বুন্ধাবনে রূপসনাতন মিলনাদির প্রদেশগুলিতে কালবিভ্রম জনাইয়া দিয়াছে। এই গ্রন্থে শ্রীবীরভদ্র প্রভুর পত্নী শ্রীমতী স্থভদ্রাদেবী কর্তৃক মা জাহুবার অপ্রকটে শতশ্লোকাত্মক 'অনঙ্গকদম্বাবলী' নামক স্থোত্ৰগ্ৰন্থের উল্লেখ আছে।

যোগসারস্তব-টীকা— যোগ-সারস্তবটি শীপদ্মপুরাণ উত্তর খণ্ডের ১২৭তম অধ্যায়ের অংশবিশেষ। দেব-ছ্যুতি মুনির মুখ-নির্গলিত স্তোত্রটি শ্রবণ করত শ্রীহরি তাঁহাবে ও বিশুদ্ধা ভক্তি দৰ্শন দান প্রীজীবচরণ কবিয়াছেন ৷ স্তোত্রের কঠিন (তাত্ত্বিক) অংশেরই টীকা করিয়াছেন, তুর্বোধ্য দার্শনিক

শব্দগুলিকে সহজ ও প্রথবোধ্য করিয়া স্তবটির সঙ্গতি রক্ষা করিয়াছেন: এই জন্তই ভক্তিরত্বাকরে হইয়াছে—'যোগসারস্তবের টীকাতে ত্বসঙ্গতি।' শ্ৰীরঘূনন্দন-শাখানির্ণয়—--শ্রীখণ্ড -বাসী শ্রীলরতিকান্ত ঠাকুরের শিষ্য শ্রীগোপাল দাসই ইহার সংগ্রাহক।

ইহাতে শ্রীরঘুনন্দনের বারটি প্রধান

শাখার নাম উদিষ্ট হইয়াছে। ইহাতে প্রথমত: শ্রীরঘুনন্দনের কন্দর্পস্বরূপের ব্যাখ্যান; তাঁহার শাখাদি->। নয়নানশ কবিরাজ; ২। শ্রীনিকেতন দাস, ৩। মহানন কবিরাজ; ৪। শ্রীমান দেন; । বনমালী কবিরাজ; ৬। হোরকি ঠাকুরাণী; १। কৃষ্ণদাস ঠাকুর; ৮। কবিশেখর রায়; ১। রামচন্দ্র; ১০। কবিরঞ্জন বৈভঃ

(৩খ) ব্সকদ্যু

>>। वित्रक्षीतः >२। ऋत्नावन ইত্যাদি। [ডাঃ স্থকুমার সেনের মতে কিন্ত ইহা রুপিক দাসের রচনা]। রঞ্জাকর—বহু বৈষ্ণব পত্রিকায় স্থবিজ্ঞ লেখক কালীহর দাস বস্থু মহাশয় ত্মশর ত্মশর পদাবলী রচনা করিয়া পদসাহিত্যের যথেষ্ঠ সেবা করিয়া-ছেন। তাঁহার লিখিত বহু প্রবন্ধ পত্রিকাদির সাময়িক কলেবর শোভিত করিয়াছে। তাঁহার পদামুক্ত মধুর, রসাল। আলোচ্য রত্নাকরে বিষায়ত গোরাপ্রেম, প্রীযুগলমাধুরী, পদপুষ্পমঞ্জরী, পদামৃত, কবিতামৃত, ব্ৰজমণ্ডল, জীবনবাৰ্ত্তা ও উৎস্ব-প্রীগোরাঙ্গলীলামুতকাব্য. প্রসঙ্গ, ব্ৰজলীলাকমল, উদ্ধব, ব্ৰজে সৌরবিরহ, অধ্যাকাব্য এবং বিরহিণী ইত্যাদি চারুচন্দ্রিকা প্ৰকাশিত হইরাছে। প্রতি প্রবন্ধই রসে ভরা। অমিত্রাক্ষর ছন্দের রচনাও অতি-পুন্দর। ইহার ভাষায় সর্বতা প্রবাহ (flow) নাই।

রচনার আদর্শ—(নিজ্রাকেলি—৩১
গৃঃ) দিব্য পালকে গোরা শুয়ে নিজা
যায়। না জাগাও সথি! না কহিও
বাণী, মৃত্ব ব্যজন কর বায়॥ নিঁদ
সময় দরশহি প্রথ নিরধ বয়ান
পরাণ ভরি। পিয় মুথ হেরি পিয়
তা না জানে স্থিরে! এ বড়
প্রথের চ্রি॥ ওরে না মশকে দংশে
ভ্রমরায় খেদায়ে দাও আঁচর নাড়ি।
সোনার চাঁদ নবনীতথগু উনায়ে
মরিছে প্রধা বারি॥ মুদিত নয়ানে
পরাণ কাজিছে চাহিলে হয় কি না
জানি। কালীহর ভণে ঘুম নয়,
সন্ধান জোড়া বাণ হানিবে এখনি॥

২। অমিত্রাক্ষরছন্দে—[সৌর-বিরহ দিতীয়াঙ্ক — স্বলোক] (৩া৫৩ পৃঃ)

অরণ—তপ্তকলগোতকান্তি ভামু-দৃতি উষে, স্মকোমলা নলিনীর পরাণতোষিণী, ভ্রমর-অধরে মধুর ভাষিণী, তালবুত্তহন্তা মুত্র বাজনকারিণী. অচেতন-জগজীব-জীবনদায়িনী: তব অপ্রপরপ্রপ-मौश्रिश्चश्चिरात्व नाहि স্ব, তাই নিদ্রাদেবী জড়সড় ভয়ে, বিধু-প্রণয়িনী কুমুদিনী-নেত্রদলে! বল দৃতী উষে, আজি কেন হেরি তব কলঙ্ক বদনে ভন্ম-বিলেপন- নালিন্সের ছায় ? ৩। পুষ্পময় গোরা—(৬৫ পৃ:)

ত্রীগোরাক মুখপদ্ম! অধরদলে অরুণভাতি দস্তরাজি কুন্থুমকুন্দ॥ উহি চঞ্চল নীলনীরজ নেত্রযুগ মনোহর। নাসা তিলফুল গোলাপ নাভি ক্মলবর॥ ক্রপদ-প্তজ চাঁদ অরুণ ভাত সমুণাল বিরাজে। ভাবকুস্থমচয় মুখমগুলে ফুটস্ত স্তবক সাজে॥ রোমকুপে কুপে পুলক দলপুষ্প থরেথরে শো পুষ্পময় রূপ-মধুপানে অলি কালিহৈর। ধায়॥ রুসকদম্ব^১—১৫২০ শকে বগুড়ার অরোড়া-গ্রামবাদী রাজবল্লভের পুত্র কবিবল্লভ-কর্ত্ব ২২ অধ্যায়ে রচিত প্রাচীন বাঙ্গালা কাব্য। আলম্বারিক भुजात, तीत, कक्ष्मामित्रत्यत छेमाहत्र দেওয়ার জন্ম ইহা লিখিত হয় নাই। অধ্যায়গুলিতেই রসের নামকরণ আছে; যথা—আদি, হত্ৰ, বৈভব, হান্ত, প্রেম, অডুত, শিক্ষা, স্তুতি,

ভেদ, শুন্ধার, প্রেম, শান্তি, ভাব, ভজন, বীভৎস, আস্থা. ভীত, বিশায়, করুণ, বীর ও দীকা। কবিবল্লভ অলঙ্কারশাস্ত্রমতে এইসব লক্ষণ ধরেন নাই; অধ্যায়ের জ্ঞাপক শব্দব্যবহারে অধায়ের বর্ণয়িত্বা বিষয়ই লক্ষা করিয়াছেন। শ্রীচৈতত্তের নমস্বার করিয়া গ্রন্থারত হইলেও (১৯) ইহাতে প্রীচৈতন্ত্র-মহিমা বা তদীয় গণের বিশেষ বর্ণনা নাই। প্রিক্লফপ্রেমই প্রধান বর্ণয়িতব্য বিষয় হইলেও ইহার ধারাটি যেন অন্ত প্রকার—শ্রীগোস্বামিগণ হইতে স্বতন্ত্র (১২।১৩ অধ্যায়); অথচ শেষের দিকে (৯৭৬--৯৭৯) বৈষ্ণব-ধর্মের সার কথাটিও বলিয়াছেন। এই গ্রন্থে জ্রীচৈতগ্রন্ধীবনী-মুলক কোনও গ্রন্থেরই উল্লেখ নাই: অপচ শ্রীকৃষ্ণসংহিতার (১৯২) উল্লেখ আছে। এীমন্তাগবত, বিষ্ণুপুরাণ, পলপুরাণ ও হরিবংশ হইতে ইহার উপাদান সংগৃহীত হইলেও কবি কোখাও ইহাদের নামকরণ করেন নাই; এইজন্ম সম্পাদক প্রীযুক্ত অভিতোষ চট্টোপাধ্যায় মনে করেন যে এমদ্ভাগবতাদি পুরাণ-সমষ্টিই কবি-প্রোক্ত 'শ্রীক্বঞ্চসংহিতা' (ভূমিকা 010-010)1 কাব্যাংশে, বৈক্ষৰতত্ত্ব-হিসাবে ও প্ৰাচীন বাঙ্গালা ভাষার নমুনা স্বরূপে ইহার অনেক মূল্য আছে বলিয়া গবেষকদের शात्रण। দশম অধ্যায়ে রুক্মিণীর প্রশ্নের

উত্তরে শ্রীকৃষ্ণ স্বয়ং নিত্যবুদাবন

এই অধ্যায়ের প্রায়শঃই পদ্মপুরাণ

করিয়াছেন।

উদ্ঘাটন

খণ্ড হইতে সংগৃহীত, ' পাতাল কোথাওবা আক্ষরিক অমুবাদই কবিবল্লভের দেওয়া হইয়াছে। মতে বিষ্ণু সদা সর্বত্রবাদী হইলেও বৈকুণ্ঠাদিই তনাধ্যে প্রধান. বৈকৃঠাদিরও আবির্ভাব তিরোভাব হয় বলিয়া উহা নিত্য নহে; কিন্তু বুন্দাবনই নিত্যস্থল (668) শৃঙ্গার-বিগ্রহ কিশোর-শেখর তাহাতে বাস্তব্য করেন। তত্ততা নায়িকা—শ্রীরাধা। নিত্যবৰ্ণনায় কৰি ষ্টকোণ কমল বৰ্ণনা করত তাহাতে ছয় কোণে ছয় শক্তির বিরাজমানতা দেখাইয়াছেন; উহার অধোদেশে ভূশক্তি ও দক্ষিণে শ্রীশক্তি; ষ্টুকোণের বাহিরে অষ্ট্রদল, ইহার উপকোণে আবার অষ্ট্রদল, তাহাতেও অষ্টরামা আছেন। এই বোলদলে বোল অন্দরী, ইহাদের প্রত্যেকের সজে আবার এক সহস্র অমুচরী আছেন। তৎপরে কনক-রচিত চতুকোণ পীঠ, চারিদারের যথাক্রমে পূর্বে ত্রিপুরাস্থন্দরী ও ১৫২,০০০ সঙ্গিনী, দক্ষিণে ভাবিনী ও ৪০,০০০ সঙ্গিনী, পশ্চিমে গ্রামা ও ৮৮,০০০ সঙ্গিনী এবং উত্তর দ্বারে ভৈরবী ও ১,২০,০০০ নারী আছেন। বর্ণনা পদ্মপুরাণে নাই। তৎপরে পদ্মপুরাণের পাতাল তিনি করিয়াছেন। **অ**ধ্যায়ের অনুসরণ নিত্যবৃন্ধাবনের 'আবরণ' আছে। চারিদিকে চারি নিতাস্থানের সরোবর, তৎপরে যোল কেশ্রদলে আঠার সঙ্গী--শ্রীদামাদি স্থাগণ। ইহাদের নাম্যকল কিন্তু কোন্ও ভক্তিগ্রন্থে উল্লিখিত নাই। প্রতি-

ঘারে আবার কল্পবৃক্ষ ছুইটি করিয়া আছে—পূর্বে হরিচন্দন, দক্ষিণে পারিজাত, পশ্চিমে সন্তান ও উত্তরে মন্দার। তাহার বাহিরে কালিনী —তাহার বাহিরে আবার অষ্টদলে অষ্ট পীঠ -- মহাপীঠ, প্রীপুর ইত্যাদি। ইহার পরে আবার অষ্ট্রদশ (?) দলে এক একটি বন—ইহার পরে প্রাচীর আছে ক্রমে সাতটি এবং উহাদের প্রতি দ্বারে বিভিন্ন দেবদেবী আছেন। ইহার উর্দ্ধে অন্তরীকে গন্ধর্ব অপুসরাদি এবং অধোদেশে অনন্ত আছেন। পদ্মপুরাণের সহিত বহু ঘটনার মিল নাই। এই অপার্থিব নিত্যস্থানে ভক্তিসাধনাদ্বারাই প্রবেশ করা যায় (৫০৭—৫০৮)। ব্রজগোপীর ভাবে প্রেমভক্তিই সাধ্য। গ্রন্থদেবে (১৯৯) কবি বলেন যে ইহাতে ১০০০টি পদ আছে এবং ৬০২০০ অক্ষর আছে। পয়ার, দীর্ঘ ও ক্ষুদ্র ত্রিপদী ছন্দঃই ব্যবহৃত হইয়াছে। রুসকদেশ^২--বিদ্যামাধ্ব নাটকের পভাত্মবাদ--- এিযত্মনন্দন দাস ঠাকুর-'শ্রীরাধাকুঞ্জীলারস-কদম্বই' সংক্ষেপে 'রসকদম্ব' নাম ধরিয়াছে। রসকলিকা^১—— শ্রীনন্দকিশোর গোস্বামি-ইচিত। ষোড়শ দল বা অধ্যায়ে বিভক্ত। ইহাতে শ্রীরাধা-ক্লফের বিলাস বর্ণিত হইয়াছে। विषक्षमाध्य चात्र. एडडलगीलम्प সার, এই ছুই রসের সাগর। নানা-मृত थाष्ट्र हेर्थ, छनि नाधु-मूथानिए আস্বাদিতে লোভ বাড়ে মোর॥

বৈষ্ণবগোশাঞি মুখে অনেক শুনিল।

সকল স্বরণ নাহি কিছু মনে ছিল॥ অভিলাষক্রমে হৈল এ গ্রন্থ-রচন। দোষ না লইবে কেহ মুঞি অজ্ঞজন॥ যদি কোন রস ক্রমবিপর্যর হয়। সে রস বৈষ্ণব সব করিব নির্ণয়॥ আমি মূঢ় ছুরাচার অতিবড় হীন। রস কিছু নাহি বুঝি, অতি অপ্রবীণ॥ শ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্মে করি আশ। রসপুষ্পকলিকা কহে নন্দকিশোর দাস॥ रेरात थारम पत्न ना मक खनवर्गना, দিতীয়ে নায়িকানিরূপণ, তৃতীয়ে নায়িকাম্বভাবভেদ-বিচার, দৌত্যপ্রকরণ, পঞ্চমে উদ্দীপন-বিভাব, ষষ্ঠে অনুভাব, সপ্তমে সাত্ত্বিক, অষ্টমে ব্যভিচারিভাব, নবমে অষ্টবিধ রতি. দশমে মোহনদশা, একাদশে স্থায়ি-ভাব, দ্বাদশে বিপ্রলম্ভ, ত্রয়োদশে সম্ভোগচতুষ্টয়, চতুর্দশে পুস্পত্রোটন ও वःभीচृति-नीना, **পঞ্চদশে** দানनीना এবং বোড়শে সম্ভোগলীলা বণিত হইয়াছে। একটি বিশেষত্ব এই যে রস্পাল্তের বিচারে উজ্জ্বলনীলমণি रहेर् हेरार नक्ष्म ७ मुद्रोस्छनि প্রদর্শিত হইয়াছে। রসকলিকা^২—নটবর দাদ-কৰ্ত্তক রচিত পদসঙ্কলন-গ্রন্থ। ইহাতে বলরাম मारगत, क्लानमारगत, रशाविन मारगत. বাস্থদেব ঘোষের ও শিবানন্দের পদও উদ্ধৃত হইয়াছে। প্রসিদ্ধ 'ঘরের বাহিরে দণ্ডে শতবারে তিলে তিলে আস্থে যায়'-পদটি নটবরের রচনা (পৃষ্ঠা ৬খ) হইলেও চণ্ডীদাসের নামে চলিতেছে। **রসকল্পবল্লী—**শ্রীখণ্ডবাসী শ্রীরঘু-নন্দনের বংখ্য শ্রীরতিকান্ত ঠাকুরের

রামগোপাল

রায় চৌধুরী

(শ্রীগোপাল দাস) এই রস্কল্পবল্লী ১৫৯৫ শকে রচনা করিয়াছেন। এই গ্রন্থ দাদশ কোরকে সম্পূর্ণ ছইয়াছে। প্রথম কোরকে মঙ্গলাচরণ, দিতীয়ে নায়ক-বর্ণন, তৃতীয়ে নায়িকা-প্রকরণ, চতুর্থে ভাব-বিচার, পঞ্চমে माशिका-वर्गन, वर्ष्ठ विश्रवाष्ट्र, मश्राम ভাব অমুরাগ, অষ্টমে অষ্ট নায়িকার ভাব. নৰমে বিরহ-উদ্দীপন, দশমে गट्छांग-विवत्। এकान्त्भ विविध-লীলা ও দ্বাদশে গ্রন্থ-সমাপ্তি। ইংহার পুত্র পীতাম্বর অষ্টমকোরক-স্ববলম্বনে রসমঞ্জরী গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। রচনার আদর্শ (খণ্ডিতা-নায়িকা)---দুরে কর মাধব! কপট সোহাগ। হাম দব বুঝলু তুয়া অনুরাগ।

ভাল ভেল অব সোই মিটল দৃদ। কবহি ভাল নহে আশা পরিবন্ধ॥ তুই গুণ আগর সেহ গুণ জান। গুণে গুণে বাঁধল মদন পাঁচ বাণ॥ আগুসর সোই পুর না কর বেয়াজ। ভ্রমর কি যাএ নলিনী-সমাজ।। হাম সব কিতব কৈতব নাহি তায়ে।

বিমুখ চলল কান গদ গদ ভাষ। পত্তে আশোয়াসল গোপাল দাস॥ [রসমঞ্জরী ৩৪ পুঃ]

पूँराति विषय चात नाहि जुशादश ॥

রসকল্পসারতম্ব—(পাটবাড়ী পুথি বি ৪৬) খ্রীমদ বুন্দাবন দাস ঠাকুরের নামে লিখিত সংশ্বত গ্রন্থ—ইহাতে প্রীমরিত্যানন্দ প্রভুর মাধুর্ঘাদিবর্ণন-প্রসঙ্গে তদীয় প্রকৃতিস্বরূপও বর্ণিত হইয়াছে।

রসকর্মাল-ওচ কবি দীনক্ষদাস-রচিত। ভাষা—উৎকলীয়। গ্রন্থের প্রথম ছান্দে শ্রীজগন্নাথের আক্রা-

প্রার্থনা, দ্বিতীয় হইতে চতুস্তিংশ ছাৰূ পৰ্যন্ত শ্ৰীমদভাগৰত এবং অন্তান্ত পুরাণ হইতে শ্রীক্লফের লীলাবলী বিবিধ ছন্দে রচিত ইইয়াছে। প্রতি ছান্দে মুখারি, কেদার, কামোদী, কণড়া প্রভৃতি রাগরাগিণীর নির্দেশে বুঝা যায় যে এই গ্রন্থ সবিত্র গীত হইবার অভিপ্রায়ে রচিত। তাঁহার উদাহরণ (৩য় ' অলঙ্কারপ্রিয়তার পৃষ্ঠায়)---কমল-সন্তব ভব ত্বরনায়ক, কউণপ

আদি লোক যাহার লোক। করুণা-সাগর সাগরজা-নায়ক, কর অভয় কষ্ট মহীধর অভয়বর-দায়ক। মহীধর-কণ্টক, কলম্ব-বার্ণ বার্ণ-অস্তক। কর আজা ত্মর ত্মর-প্রভু এতেক, কহু দীন ক্বফ ক্বফকথা অনেক ॥ এই কবির বিশেষত্ব এই যে প্রতি

রচনা করিয়াছেন। রসনির্যাস-- এয়ত্বনন্দল দাস-কর্তৃ ক রচিত। ইহাতে সংক্ষিপ্ত, সংকীর্ণাদি मरखारगद পদাবলী আছে। ১২১৫

চরণের প্রথম অক্ষর ক-কার দিয়াই

সনের লিপি [পাটবাড়ী পুঁথি श्रा >8]

রসপচীসী——গ্রীরামরায়জী - কৃত ব্ৰজভাষায় লিখিত ২৬টি দোহাত্মক পদকাবা। ইহাতে শ্রীরাধারুষ্ণের আঞ্চিক গুণবর্ণনা দেখা যায়।

রসমঞ্জরী-গীতগোবিন্দের টীকা-শঙ্করমিশ্রকৃতা। ২ পোটবাড়ী পুঁথি

রসকল্পবল্লী-প্রণেতা —পদা ১¢] গোপালদাসের পুত্র ও প্রীখণ্ডবাসী

শ্রীশচীনন্দন ঠাকুরের শিয়া পীতাম্বর দাসই এই পদকাব্যের সঞ্চলয়িতা। পিতার রচিত ১৮টি প্র স্বর্চিত একটিমাত্র ব্রজবৃলি করিয়াছেন। इ नि সংযোজনা যশোরাজ খাঁ-বিরচিত যে ব্রজবুলি পদটি উদ্ধৃত করিয়াছেন—ভাহাই স্বাপ্ত বাঙ্গালীদের মধ্যে বলিয়া সাহিত্যিকগণের মত। পদটি () E--এক পয়োধর চন্দন-লেপিত, আরে

অন্তাক্ত পদাবলীসহ তিনি তাঁহার

রসমঞ্জরী

সহজই গোর। হিম ধরাধর কনক ভূধর, কোলে মিলল জোর॥ মাধব! ভুয়া দরশন-কাজে। আধ পদচারি করত স্থমরী, বাহির দেহলী মাঝে॥ ডাহিন লোচন কাজরে धवन तहन वाग। नीन ধবল কমল যুগলে চাঁদ পূজল কাম॥ শ্রীযুত হুসন জগত-ভূষণ সোই ইহ রস জান। পঞ্চ গৌডেশ্বর ভোগ-পুরন্দর ভণে যশোরাজ

[রসমঞ্জরী ৮ পৃষ্ঠা]। পীতাম্বর-রচিত পদটি---

ছটপট কুস্থম-শয়নে। হরিহরি দর্যে স্বর্ণে। কাছে করু অভর্ণ বেশ। দরশন ভেল সন্দেশ। বিহি মোহে ছুরুমতি দেল। মনমথ হানল শেল॥ লোরে লোচন ঘন পুরে। পীতাম্বর দাস রহু দুরে॥ [রসমঞ্জরী ১৭ পৃষ্ঠা]

এই গ্রন্থে কাব্য-সন্তোষ, রসকদম্ব ও সঙ্গীতশেখর নামক প্রাচীন সংস্কৃত গ্রন্থ হইতে প্রমাণ-নির্ণয় এবং পুরন্দর থা (যশোরাজ) ও রাধিকা দাসের পদ সংগৃহীত হইয়াছে। অষ্টবিধ খণ্ডিভাদি নায়িকার প্রত্যেকের ৮টি করিয়া বিভাগ-রচনায়

৬৪ রদের বিস্তার করা হইয়াছে। ফলতঃ বসকল্পবল্লীর অষ্টম কোরকের আমুগভ্যে ইহা রচিত (১ম পুঃ)। ইহাতে সংস্কৃত, বাঙ্গালা ও মৈথিল কবিদের পদাবলীও সংগৃহীত আছে। রসমাধুরী-প্রাণবলভ দাস (পরাণ) ব্ৰজলীলা-বিষয়ক -রচিত কাব্য। ১৭০০ শকান্দে আখিনমানে রচনা শেষ হয়। ইনি ব্যাসাচার্যের বংশধর। এগোবিদলীলামত, বিদগ্ধ-মাধৰ, চৈত্ৰভাৱিতামূত, গোৰিন্দ-রতিমঞ্জরী প্রভৃতি গ্রন্থের নামতঃ উল্লেখ এবং জ্ঞানদাস, বলরামদাস, গোবিন্দ দাস ও ঘনখাম দাসের হইতে উদ্ধারও আছে। উপদংহারে-- শ্রীব্যাস-আচার্য ঠাকুর-পাদপদ ধ্যান। রসের মাধুরী কহে এ দাস পরাণ॥ ইতি এীরসমাধুরী গ্রন্থ সমাপ্ত।

রসসিদ্ধা ত্ত-চিন্তামণি - প্রীরাধাবলভী-সম্প্রদায়ী প্রীমদরসিকদাসজী শ্রীমদ্বিশ্বনাথচক্রবন্তি-কৃত ভাষায় ভাগবতামৃতকণার অন্থবাদরূপে গ্রন্থ রচনা করেন। প্রথম দোহাতে ইনি শ্রীহরিবংশের বৰ্ণ इनि করিয়াছেন। গ্রন্থ বে শ্রীসনাতন ও শ্রীরূপগোস্বামি-রচিত ভাগৰতামৃতদ্বরের উটক্ষন শ্রীচক্রবর্ত্তিঠাকুরের আহুগত্য স্বীকার করিয়াছেন। যথা-

'জে। কদাচি বিস্তারসোঁ শ্রবণ জুইছ হোই। শ্রীমহাপ্রভুকে পারবদ শ্রীরূপ লিখ্যো সো জোই॥ ভাগবতামৃত নাম ইমি খ্যাত রূপ কিয় দেখি। বৃহৎমাঁঝ বহুতে লিখ্যো লঘুতেঁ সমঝি বিশেখি॥ খ্যাত

চক্রবর্তী কি হেঁ সাধু স্থশীল অনুপ। মন অমুশীলন করি রহৈ ভজনরীতি শ্রীরূপ। ইহার অক্স 'শৃঙ্গার-চূড়ামণি'; এই পুঁ থিটি মথুরায় ব্ৰজ্যাহিত্য-মণ্ডলে রক্ষিত আছে। রসিকপ্রিয়া-গীতগোবিন্দের টীকা. রাণাকুল্ড-বিরচিতা। রুসিকমত্বল—শ্রীমৎ খ্রামানন প্রভুর গোপীজনবল্লভ 'ঐঐ-রসিকম**জল**' গ্রন্থ প্রভুর জীবনী লিখিয়াছেন। ১৫৮২ শকাবদায় এই গ্রন্থ সমাপ্ত হয়। ১৫১২ শকাবে রসিকাননের উদয় হইয়াছে। ইহাতে পূর্বাদি উত্তরাস্ত বিভাগ-চতুষ্টয়ের প্রত্যেকটিতে ষোলটি করিয়। লহরী প্রথমবিভাগে—রসিকের আবির্ভাব. বাল্যলীলা, হরি-অনুরাগ, নামনিষ্ঠা, ভাগৰত-শ্রবণে বিকার, অধ্যয়নলীলা, বিবাহ, ভামানন-মিলন। বিভাগে—সপরিবার রসিকের দীক্ষা. ব্রজে গমন, শ্রীগোপীবল্লভপুর-প্রকাশ, শিষ্যকরণ, লীলাভিনয়, ভক্তিযাজন; বলরামপুর, ভামকোলা, আলমগঞ্জ প্রভৃতিতে নামপ্রেম-বিতরণ। তৃতীয় বিভাগে—শ্রীশ্রামের বিবাহ. সূপাঘাত. লীলাভিনয়, উৎস্ব. বানপুরবিজয়,হস্তির উদ্ধার,বংশীবাদন: থুরিয়াতে ও গোপীবল্লভপুরে দেবা-খ্যামানন্দের তিরোভাব-প্ৰকাশ. মহোৎদব। চতুর্থ বিভাগে— তিংশ মহোৎসবনিষ্ঠা, ঠাকুরাণীদের কলহ. ঘাদশ মহোৎশব, পুরীধামে গমন. ভাগবতমঞ্বা-উদ্ধার, ব্যাঘ্র-উদ্ধার, কোলাধিপতির উদ্ধার, অনাবৃষ্টি-বারণ, বহুশ্রীপাট-দর্শন, ক্ষীরচোরা গোপী-

নাথের অঙ্গে প্রবেশ। গ্রন্থখনি মঞ্চলকাব্য রীতিতে রচিত এবং গীত

হইবার যোগ্য ও ইহাতে রাগরাগিণীর
নির্দেশ দেওয়া আছে।

রসিকমোহিনী—কবিরাজ মনোহর
দাসের শিষ্য ও ওক্তমালের টীকাকার
প্রীপ্রিয়াদাসজি-রচিত পদকাব্য—
ভাষা হিন্দী। ইহাতে ১১১ দোহা
আছে। প্রারম্ভ—মহাপ্রভূ চৈতক্ত
হরি রসিক মনোহর নাম। স্থমিরি
চরণ অরবিন্দ বর বরনে । মহিমা
ধাম॥॥ প্রীগুপাল রাধারমণ বিপনবিহারী প্রাণ। জুসে প্রীজুত রূপজু
দাস সনাতন নাম॥২॥ অন্তে—বাণী
মানী রসিক জন ছানী রহৈ ন মূল।
সানী বনহিত জুগল হিত গানী সব
অন্তুল॥১১১॥

রসিকরঙ্গদা-লঘুভাগৰতামূতের টীকা — শ্রীবৃন্দাবনচন্দ্র তর্কাল্কার-নির্মিতা। ইহা অতিবিস্তারিত এবং সিদ্ধান্ত-বিচারযুক্ত। এই টীকাকার কবীন্ত্র শ্রীরাধাচরণ চক্রবর্ত্তির শিশ্র বলিয়া পরিচয় দিয়াছেন। উপসংহার-শ্লোকে ঐবিভাভূষণের টিপ্পনীর নাম করিয়া-ছেন বলিয়া তৎপরবর্ত্তীকালে ইঁছার আবির্ভাব স্থচিত হয়। গ্রীরঘুনাথদাস-গোস্বামিকত **ন্ত**বাবলীর (বঙ্গেশ্বর) বিজ্ঞা-শ্রীবঙ্গবিহারী ভূষণ-বিরচিতা 'কাশিকা'-নামে টীকা আছে, তাহার উপক্রমে লিখিয়াছেন যে তিনি শ্রীরন্দাবনচন্ত্র শব্দবিভার্ণবের শিষা। টীকার তাঁহাকে শেষে আবার তর্কালঙ্কারও বলা হইয়াছে। 'রসিকরঙ্গদা' ইঁহারই রচিত হইলে

>688 (>698)

শকাব্দার পূর্বেই আবিভূতি বলিতে

তবে ইঁহাকে

কাশিকা 'শাকে হয়, কেন না বেদ-সরিৎপতে রস্বিধে (১৬৪৪ বা ১৬৭৪) শাকে রচিত।

শীরূপগোস্বামিপাদ-কর্ত্তক Ş সংকলিত প্রভাবলির উপরে শ্রীবীর-চন্দ্রগোস্বাথি-কৃত টীকা (আফুমানিক ১৮০০ শকান্দে রচিত।।

রসিকাস্বাদিনী-এপাদ প্রবোধানন সরস্বতী-বিরচিত 'প্রীচৈতন্ত-চন্দ্রামৃত'-নামক কোষকাব্যের আনন্দি-কুতা টীকা। >686 শকের রচনা। শ্রীমদ্ভাগবতের (১১।৫।৩১) 'ত্যক্তা স্থপ্তাজ' শ্লোকের <u>শ্রীগৌরপকে</u> <u>জ্ঞীবিশ্বনাথই</u> ব্যাখ্যা সর্বপ্রথম আবিষ্কার করেন; এই টীকাকারও সেই মতই আশ্রয় করিয়াছেন। নিম্লিখিত গ্রন্থ হইতে প্রমাণবাক্য ইহাতে উদ্ধৃত হইয়াছে-ললিত-মাধব (১), গ্রীদাস গোস্বামির শ্রীচৈত্যাষ্টক (১), শ্রীজীব গোস্বামির বছিগোরং' 'অস্তঃকৃষ্ণং (5). শ্রীরূপপাদের 'কলৌ যং বিদ্বাংসঃ' (>), উজ্জ্বলনীল্মণির রাগ অমু-রাগের লক্ষণ (২১), কোভলকণ (২৪), শ্রীবাম্বদেব সার্বভৌমক্রত-'বৈরাগ্যবিভা' (85), শ্লোক (৬২), হৈতভাচ জ্বোদয় নাটক ভক্তিরসামৃত (১২২)।

বৈশিষ্ট্য—শ্রীগোরগোপালের খ্যান-মন্ত্রাদির উল্লেখ (৩১), শ্রুত্যধ্যায়ে শ্রীধরস্বামির ভার প্রতি শ্লোকটীকায় তম্বাবালগত শ্লোক-রচনা। টীকাখানি পাণ্ডিত্যপূর্ণ **এ**গৌরর**সে** এবং পরিচায়ক । নিমগ্নতার মুলের প্রকরণ-বিভাগও ইংহারই ক্বত বলিয়া মনে হয়।

রহস্তমঞ্জরী – ষোড়শ খঃ শতকে ওচ্ कवि (नदर्झ अनाम-कृष्ठ। देश २8

ছান্দে বিবিধ রাগরাগিণী-সমন্বিত: মহিষীগণের সম্মুখে শ্ৰীক্বৰ:মুখে

গোপীগণের প্রোম-মাহাত্ম্য কীত্তিত প্রোঃ বিনায়ক হইয়াছে। কিন্তু এই গ্রন্থকারের নাম সম্বন্ধে

মতদ্বৈত করিয়াছেন—কবির নাম অজ্ঞাত, 'দেবত্বৰ্ল্ভ' বলিতে শ্ৰীকৃষ্ণই বাচা, কবি শ্ৰীকৃষ্ণদাস্থ প্রার্থনা

ক হিয়া

করিয়াদেন। ভাষা স্থললিত, সরল। উদাহরণ ষষ্ঠ ছান্দ (২৫ পৃষ্ঠা)— 'চারি ভক্তি মধ্যে প্রেম ভক্তি অটে সার, সে ভক্তি অটই কোঠ

গোপীমানম্বরগো। গোপীন্ধি ভজিলা

আত্মনাম

গোপন

ভক্ত প্রেমভক্তি পাই. বিনা প্রেম-ভজিরে দর্শন যোতে নাছিগো॥ প্রেমভক্তি প্রাপত গোপীন্ব পরশনে. পুংলিঙ্গ পালটি ন্ত্ৰী হোওই তৎক্ষণেগো ॥'

রহস্তার্থপ্রকাশিকা—গ্রীনিকুঞ্জরহন্ত-স্তবের টীকা—শ্রীল রাধিকানাথ গোস্বামিপ্রভু ১৮২৪ শাকে ইহার

রচনা করেন।

রাইউন্নাদিনী--ভাজনঘাটের প্রপ্রসিদ্ধ কুষ্ণকমল গোস্বামি-রচিত গীতকাব্য 'দিবোানাদ'। বাঙ্গালা ইহাতে মহাভাব**ম**য়ী শ্রীরাধার শ্রীকৃষ্ণবিরহ-জ্বালা বর্ণিত হইয়াছে। রাগলহরী—শ্রীমৎ লোচনদাস ঠাকুর রচিত গ্রন্থ (শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব b > 智:)

রাগবন্ধ চিন্দ্রকা----- ত্রীপাদ্বিশ্বনাথ চক্ৰবৰ্ত্তি-প্ৰণীত। সিন্ধুবিন্দুতে সংক্ষেপে রাগামুগামার্গের এই গ্রন্থে

বিস্তারিত বর্ণনা আছে। ইহাতে হুইটি প্রকাশ আছে, প্রথম প্রকাশে — বৈধী ও রাগামুগা মার্গের নির্ণয়. বৈধীতে শাস্ত্রশাসনাপেক্ষা, রাগাছুগায় কিন্ত লোভই প্রবর্ত্তক। জনিলেও শাস্ত্রযুক্তির অপেক্ষা আছে —লোভপ্রবৃত্তিত বিধিমার্গে সেবন্ই রাগমার্গ এবং বিধি-প্রবর্ত্তিত বিধিমার্গে সেবাই বিধিমার্গ—ইহাই বাস্তব তথ্য। বিধিশৃতা সেবায় উৎপাত হয়। রাগাহুগা ভজনের পঞ্চবিধ অঙ্গ—(১) স্বাভীইভাবময় (দান্তস্থ্যাদি); (২) ভাবসম্বন্ধী (নাম, রূপ, গুণলীলাদির কীর্তুন, শ্রবণ ও স্মরণাদি এবং একাদশী. জনাষ্ট্ৰী প্ৰভৃতি ব্ৰত ও শ্ৰীভাগৰত-শ্রবণাদি); (৩) ভাবাহুকুল (তুল্সীকাষ্ঠমালা, তিলক, নামমুদ্রা ও চরণচিহ্ণাদির ধারণ); (৪) ভাবাবিক্দ্ধ (গো, অখ্থ, ধাত্ৰী ও ব্রাক্ষণাদির সেবা)। বিশেষতঃ বৈষ্ণব-উজ্জ-সমস্থ-লক্ষণবিশিষ্ট। (৫) ভাববিকৃদ্ধ (অহংগ্রহোপাসনা.

রাগবত্বঠিন্দ্রকা

মহিধীধ্যান প্রভৃতি)। দ্বিতীয় প্রকাশে— গ্রীক্রফের এখর্য ও মাধুর্য-সম্বন্ধে বিচার; মহৈম্বরে প্রকাশে বা অপ্রকাশে যদি নর-লীলার অমুরূপ ভাব রক্ষিত থাকে— তবেই মাধুর্য; আর নরলীলার অপেকা না করিয়াই কেবল ঐশর্যের ভক্তজননিষ্ঠ স্ফুরণেই ঐশ্বর্য। ঐশ্বর্যজ্ঞান—বম্বদেব ও অর্জুনের

মুদ্রা, দারকাংয়ান

ঐশ্বর্যদর্শনে বাৎস্ল্য ও স্থ্যভাবের ঈশ্বর্দ্ধি শিথিলতা। পক্ষান্তরে

হইলেও হুৎকম্পাদি না হইয়া যদি

তাহাতে স্বীয় ভাবেরই অভিদূঢ়তা জनाय - ভাহাকেই মাধুর্যজ্ঞান বলে, ষগলগীতে ব্রজদেবীগণের. হইতে গোষ্ঠ প্রত্যাবর্ত্তনকালে ব্রহ্মাদির স্তবাদি দেখিলে স্থাগণের এবং ব্ৰুৱাজকুত গোপগণের আশাসন-বাকোও মা যশোদার ভাব-শৈথিল্য হয় নাই। এক্সঞ্চের সর্বজ্ঞত্ব ও মৌঝ্যাদির বিচার—স্বকীয়া ও পরকীয়ার তম্ব। রাগামুগীয় ভক্তের প্রেমভূমিকার আরোহণের সাক্ষাৎ স্বাভীষ্ট বস্তুর-প্রাপ্তিপ্রকার— যোগমায়ার কর্ত্তথানি বর্ণিত আছে। রাগানুগাচন্দ্রিকা--- (হরিবোল-কুটীর পুঁথি ২৮) ১১১ পত্রাত্মক, দীনকৃষ্ণদাস-কর্ত্তক রচিত। ইনি **একিফদাস কবিরাজ গোসামির শিষ্য** মুকুন্দদাসের অমুশিষ্য গ্রীগোবিন্দ-গোস্বামির শিষা।

গোসাঞি জীরফদাস, রাধাকুতে যার বাস, তাঁর গুণ গণিতে না পারি। তাঁর শিষ্য শ্রীমুকুন্দা, বন্দো তাঁর পদদন্ত তাঁর শাখা বন্দো গো াঞি চারি ॥ শ্রীনৃসিংছ, মণিরাম, শ্রীমথুরাদাদ নাম, আর যেই শ্রীরূপ কবিরাজ। তাঁর যে সব শিষা একশত পঞ্চবিংশ তিঁছো সব রসিক সমাঝ ৷৷ রূপে গুৰ অনুপাম. গ্রীনিমজি (१) গোসাঞি নাম. তার শিষ্য শ্রীগোবিন্দ গোসাঞি। তিঁহো মোর প্রাণেশ্বর, আমি হৈ তার কিন্ধর, তাহা বিনে মোর গতি না ঞি ॥

সমগ্র গ্রন্থটী অষ্টাদশ প্রকরণে বিভক্ত-প্রথমে প্রীগুর্বাদিবর্ণন, (২) স্ত্র-বর্ণন। ইহাতে রূপ কবিরাজ- কৃত 'রাগামুগা'ও 'সারসংগ্রহ' এই তুই গ্রন্থের কথা পাওয়া যায়—

'শ্রীকবিরাজগোসাঞির দাসের দাস। 'রাগান্তুগা', 'সারসংগ্রহ'---ছুই গ্রন্থ শার'॥

(৩) প্রীবৃন্দাবন-শোভাদি, (8) প্রীকৃষ্ণের নটবর বেশাদি. (0) নর্ত্তকরাসাদি, (৬) রাগান্থগালোকার্থ, (१) मिदामर्शामि, (৮) মহাপ্রভুর ভাবাদিবর্ণন, (৯) সাধকাবস্থা-স্থায়ি-কথন. (১০) 'ব্ৰজলোকান্ত্ৰসার'-শোকার্থ, (১১) মন্তার্থাদি-বিবরণ, (১২) চারিধাম-প্রাপ্তি, (১৩) স্থল তটস্থ, সুন্মতটস্থাদি, (১৪) গুরু-ভত্তাদি (১৫) সকাম-নিষামতত্ত্ব. (১৬) শ্রীরাধার মহত্ত্ব, (১৭) শ্রীরাধার ভাবাদি. (১৮) রাধাদির গুদ্ধপতি-বর্ণিত হইয়াছে। ব্ৰভাধৰ্ম-কথন ভক্তিরসামতের বহু শ্লোক উদ্ধার করিয়া গ্রন্থকার স্বীয় মতে ব্যাখ্যা করিয়াছেন। পয়ার ও ত্রিপদী ছন্দই বেশী: এরিপ কবিরাজের স্পষ্ট প্ৰভাব এই গ্ৰাহ্ম স্থা লক্ষিত হয় |

রাধাকু গুল্তব – এগোবর্দ্ধন ভট্ট-কর্তৃ ক বিরচিত। শাদুলিবিক্রীড়িত ছম্পে ১০৪ শ্লোকে শ্রীকুণ্ডের মহামহিমার উদঘোষণা।

রাধাকৃষ্ণগণোদ্দেশদীপিকা (বৃহৎ ও লঘু)—ব্রজলোকাত্মণরে শ্রীকৃষ্ণ-সেবা করিতে হইলে—ব্রজবাসিগণের আমুগতোই ঐ সেবার প্রাপ্তি হইলে—শ্রীকৃষ্ণপত্নিকরগণের ভীয় তথ্য জানিবার আবশ্যক হয়। িম্বরূপতঃ একিফস্ম্বরূবদ্ধ হইলেও জীৰ তাহা তুলিয়া মায়া-কবলে

শ্রীগুরুবৈষ্ণব-রূপায় পডিয়াছে। স্বরূপের জাগরণ করিবার, জন্মই বাহুদেহে ও অন্তশ্চিন্তিতদেহে সেবার প্রয়োজনীয়তা। ব্ৰজপরিকরগণের স্হিত নিতা সম্বন্ধ আছে—তাঁহাদের আজামুবর্তী আমরা—এই জ্ঞান পরি-পক হওয়ার জন্ত পদ্ধতি-গ্রন্থে নাংকের অন্তর্দেহের বর্ণ, বেশ, দেবা, সম্বন্ধ ইত্যাদিও নির্দেশ করা হইয়াছে।] প্রীক্রপপ্রভু শ্রীমথুরা-মণ্ডলের লোক-প্রবাদ, বিভিন্ন শান্ত্র পুরাণ, আগমাদি ও প্রীহরিভজনের নিকট শ্রুতবাকো ত্মহদবর্গের সন্তোষ-বিধান ও রাগ-মার্গকে ক্রমবন্ধ [নিয়মিত বিবরিবার জন্ম এই গ্রন্থকে প্রণালীবন্ধে গ্রন্থন করিয়াছেন [৩—৫]। প্রীব্রজবাসি গণই শ্রীকৃষ্ণ-পরিবার ; সেই পরিবার ও তাঁহাদের শাখা-প্রশাখার নাম, রূপ, গুণ, পরিকর এবং সেবা-সম্বন্ধে যাবতীয় বিবরণ ঠিহাতে লিপিবদ্ধ আছে। শ্রীরাধাগোবিন্দের ও তৎ-পরিজনের বসন, ভূষণাদি গ্রীক্সের ছত্র, শয্যা, চন্দ্রাতপ, কুঞ্জ, গৃহ, যানবাহন; অষ্ট স্থীর চরিত্র, সদ্ধি প্ৰভৃতি অঙ্গ; ৬৪ কলাবিচা, স্থীদের বিভিন্ন ভাব, দ্বিতীয় মণ্ডল ও তাহাদের সমাজ প্রভৃতি জ্ঞাতব্য বিষয়ও ইহাতে সংযোজিত হইয়াছে ৷ সমোহনতন্ত্রাভুসারে অক্ত তুইপ্রকারে অষ্ট্রসখীর নামাবলিও দেওয়া হইয়াছে। উপসংহারে [বুহৎখণ্ডের]—শ্যা, অন্ন, পানীয় তাम्न, यूनन ও দোলनीनापि. তিলক-রচনাদি এবং অন্তান্ত যাবতীয় লীলাবিশেষ আছে, তাহা বিচক্ষণ ব্যক্তিগণ বিভিন্ন শাস্ত্র বা অভিজ্ঞ

বৈক্ষবাদি হইতে জ্ঞাত হইবেন। বৃহৎখণ্ডের রচনাকাল--১৪৭২ শকাকা শ্রাবণ মাস।

লঘুগণোদ্দেশে——শ্রীকৃষ্ণের রূপ, গুণ, মাধুর্য ও বয়ঃক্রমাদি, বয়স্থাবৃন্দ ও তাঁহাদের বিভেদ, শ্রীবলরাম, বিটগণ, চেটগণ, চেটীগণ, চর, দূত, দূতী, পোর্ণমাসী, বুন্দা, नान्सीयूथी, ভৃত্যগণ, (श्रूशंग, वनीवर्ष, মুগ, বানর, কুকুর, রাজহংস, ময়ুর ও শুকপক্ষী প্রভৃতির বর্ণনা; স্থান-বিবরণ [ঘাট, পর্বত, সরোবর, বুক্ষ ও তীর্থাদির নাম ও পরিচয় . প্রীক্ষের ব্যবহার্য দ্রব্যসমূহের নাম, ভূষণাদির নাম, প্রেয়সীগণ ও যুথ. ঞীরাধার রূপলাবণ্য, পূজনীয়গণ, স্থীমঞ্জরীগণ, কিন্ধরীগণ, ধেমু,বানরী হরিণী, চকোরী, হংগী, ময়ুরী, শারিকাদি- ভূষণ, বসন, পুষ্পবাটিকা, কুণ্ড, রাগ, নৃত্য ও জন্মতিথিনির্দেশ ইত্যাদি বৰ্ণিত হইয়াছে। গ্রন্থ শেষ না হইতেই শ্রীরূপ প্রভ অপ্রকট হন বলিয়া অমুমিত হয়— যেহেত্ অগ্ৰহন্তে সংযোজিত এইরূপ— উপসংহার-বাক্যটি 'এতনো পোথি হোতে শ্রীমদ-রূপগোস্থামী নিত্যলোক পঁধারে।' কেহ কেহ বলেন যে জীরূপ প্রস্থ 'বুহং'ও 'লঘু' নামে ছুই খণ্ডে এই গ্রন্থ সম্পাদন করেন; কিন্তু পরিশিষ্ট (লঘুখণ্ড) গ্রন্থের ভাবভাষা দেখিলে উহা পরবর্তী কালের সংযোজনা व्लिश गत्न इश । ऐब्ब्लिनीलग्नित (৩)৫১) টীকায় শ্রীবিশ্বনাথ ঠাকুরও বুহদ্গণোদ্দেশের নামতঃ উল্লেখ করিয়াছেন। বিশেষতঃ 'বুহৎ' খণ্ডের উপসংহার বাক্যটিই যথেষ্ট সংশয়ের অবকাশ দিতেছে। এই গণোদ্দেশের আধারে ও সম্পূর্ণ আমুগ্যে শ্রীহরিবংশ সম্প্রদায়ী জনৈক কিশোরী দাস ব্রজভাবায় ইহার হার্দিক অমুবাদ করিয়াছেন এবং স্থলে স্থলে শ্রীক্রপ সনাতনের এতি প্রগাঢ় ভক্তি জ্ঞাপন করিয়াছেন। প্রথম দোহায়—

জয়তি জয়তি কলি-তমহরণ রসিক

মুকুন্দকো সাধুসমাজ প্রশংস। এরিপ

সনাতন জীবযুত কীনো ভক্তি-

অশরণশরণ

নুপতি হরিবংশ।

প্রকাশ। জনম জনম নিজ চরণকো কীজৈ মোকো দাস॥ প্রীক্লফদাস করুণা-বরুণালয় হিত করি আগ্যা দীনী। গণ-উদ্দেশ-দীপিকা ভাষা রচনা কো মতি কীনী॥৩॥ (১) শ্রীরাধামাধবের পরিবার, (২) শ্রীনন্দ-রায়জীকি বংশাবলী ইত্যাদি বণিত হইয়া খণ্ডিত ৷ প্রে অস্তিমে—নন্দরাই বুষভানহি ভাবে। কিশোরীদাস দিনমঙ্গল গাবে॥ মথুরা-নিবাসী শ্রীরুঞ্চদাস পণ্ডিতজীর সংগ্রহের পুঁথি]। রাধারুঞ্চকর-চরণ - চিক্তসমান্ততি শ্রীজীবপ্রভু-সঙ্কলিত। 'শ্রীকরচরণ-চিহ্ন ১৪৫৩—১৪৫৭ পৃষ্ঠায় দ্রেইব্য] রাধাকৃষ্ণযুগলপরিহারস্ভোত্র—— শ্রীমন্ মহাপ্রস্থ-কর্ত্তক রচিত। প্রথম সৌন্দর্যনিদানুরূপ' শ্লোক—'হে ইত্যাদি। রাধাকৃষ্ণরসকল্পলতা — গ্রীপাটবুধুই-শ্রীগোপালদাস-কর্ত্রক পাড়াবাসী

(প্রীবৃন্দাবনে প্রীমুকুন্দদাস গোস্বামির

উপদেশে) রচিত গ্রন্থ।

রাধাকৃষ্ণার্চনচন্দ্রিকা —— শ্রীজীব-শ্রীরাধাক্ষণর্চনদীপিকার আধারে সংক্ষেপ-সংস্করণ। [প্রীবৃন্দা-বনে কেশীঘাটের গোস্বামি-গ্রন্থাগার] রাধারুফার্চনদীপিকা—- শ্রীরাধা-সম্বলিত শ্রীক্লফের ভজনীয়ত্ব প্রতি-পাদন করাই এই গ্রন্থরের উদ্দেশ্য। তজ্জা এপাদ এজীব প্রথমতঃ লম্ব-ভাগবতামুতের 'ভক্তামৃত'-প্রকরণ-অবলম্বনে আরোহভূমিকাক্রমে গ্রীগোপীগণ-সম্বলিত প্রীক্তম্ব-ভজনের সর্বশ্রেষ্ঠতা প্রতিপাদন করিয়াছেন। দ্বিতীয়তঃ এই গ্রন্থে শক্তিতত্ত্ব-বিনিরপণ, স্বরূপশক্তি-নির্ণয়, প্রীতত্ত্ব-প্র্যালোচনা, মহিষীগণের স্বরূপ-নিধারণ, জীরুক্রিণীদেবীর স্বয়ংলক্ষীত্ব-স্থাপন, ব্রজদেবীগণের স্বরূপ-নিরূপণ ও নামকরণ ইত্যাদি,তৎপরে শ্রীরাধার সর্বশ্রেষ্ঠত্ব ও যুগল উপাসনার বিনিশ্চয় হইয়াছে। এই গ্রন্থের ভাব, ভাষা ও বিচার-ধারা প্রায়শঃ শ্রীরুফ্সন্দর্ভ, ভক্তিসকর্ভও প্রীতিসকর্ভের স্থায়। প্রীপাদ প্রীজীবের শিষা বলিয়া

প্রীপাদ শ্রীজীবের শিষ্য বলিয়া কথিত জনৈক রফদাস অধিকারী এই দীপিকার বিবৃতি শ্লোকাকারে রচিত করিয়াছেন। ইনি সমগ্র গ্রন্থটিকে নয়টি প্রকরণে বিভাগ করিয়া প্রথম প্রকরণে—শ্রীব্রজদেবী-গণের পূজ্যন্ত-মিত্যতা, দ্বিতীয়ে পূজাবিধি ও মন্ত্রাদির সন্নিবেশ, তৃতীয়ে ভজনীয়তন্ত্র-মধ্যে স্বয়ং ভগবান্ শ্রিক্রফের মুখ্যতা, চতুর্থে শ্রিক্রিণীর স্বয়ংলক্ষ্মীত, পঞ্চমে ব্রজদেবীগণের স্বরূপ, ষঠে তাঁহাদের অবতারকালে মায়িক পরোচান্থবাদ-বিচার, সপ্তমে শ্রীরাধার সর্বশ্রেইতা.

অষ্ঠিনে তাঁহার মহাভাবত্ব এবং নবমে
প্রীমন্ভাগবতাদি শাস্ত্রসমূহে ও
মহান্থতৰ ভক্তভাগবতগণের সম্মতিক্রমে প্রীরাধার্কক্ষের ভক্তন-বিনিশ্চয়
করিয়াছেন। এই বিবৃত্তির নাম—
প্রভা। বরাহনগর শ্রীগোরাঙ্গ-গ্রন্থমন্দিরের একখানা প্র্রিও প্রীপাদ
শ্রীজীবের পদান্ধান্মসরণেই রচিত ও
তাহারই সংক্ষিপ্ত সংস্করণ। প্রীবৃদ্ধাবনে কেশীঘাটের গোস্থামিদের
মন্দিরে ও পুর্ণিখানার নাম আছে—

শ্রীরাধাকৃফার্চনচন্দ্রিকা।
রাধানোবিন্দকাব্য শ্রীরিদিকানন্দ প্রভুর জ্যেষ্ঠপুল শ্রীরাধানন্দদেব-প্রণীত ষোভ্রশ-সর্গাত্মক গীতিকাব্য:

শ্রীগীতগোবিন্দের অন্ধকরণে রচিত।
বিবিধ রাগরাগিণীর সঙ্কেতও গ্রহমধ্যে
দেওয়া আছে। প্রথম চারি সর্বে
গ্রহকার শ্রীকৃন্ণের রূপ, লীলা,
প্রিয়াধিক্য ও বেণুর মাধুরী পরিবেষণ
করিয়াছেন। তৎপরে পঞ্চম হইতে
শোড়শ সর্ব্ পর্যন্ত জয়দেবের আন্থগত্য করিয়াছেন। আদর্শ যথা—

পরিমল - বলদতিমৃক্তলতা - পরিরস্ত-মৃত্বল-পবনে। অলিকুল-কোকিল-মৃত্বকল-মঞ্জ-কুঞ্কুটীর-বিতানে॥ ১॥

গীত ১৪ (পঞ্চম সর্গ) বদস্ত রাগেণ---

বিলস্তি হরিরিছ কেলিবনে। বিরহি-ছ্রত্তে স্রস-বস্তে ঘুব্তিভি ্রতিক্মনে॥ গুল

এই গ্রন্থের টীকাকার—শ্রীমোহন কবি, ইঁহার বিশেষ বিষরণ অজ্ঞাত।

শৈয় রাশভিক্তিমঞ্বা—প্রছায় ভটের শিয়্য রামক্রঞ পণ্ডিত-কর্ভৃক সংকলিত। রন্ধাবনে নিয়ার্ক মহা-বিল্লালয়ের পুঁথি—১৮২২ সম্বর্ণ। ১৭ অধ্যায়ে ২৪৮ পত্তে গ্রন্থকার ব্রজ ও নিকুঞ্জ উপাসনার ভেদ দেখাইয়াছেন। অবিবিক্ত-স্বকীয়া-পরকীয়া বলিয়াই ধারণা হয়। এই

প্রত্যে অলম্বারকৌপ্তভ, প্রীকৃষ্ণসন্দর্ভ, উচ্জলনীলমণি, ভক্তিরসামৃতদিন্ধু, বুন্দাবন-মহিমামৃত, বুহদ্ভাগবভামৃত,

আনন্দ-রৃন্ধাবন, স্থধানিধি, সংগীত-রত্নাকর এবং গোবিন্ধলীগামৃত প্রভৃতির উদ্ধার আছে। রঘুপতি

উপাধ্যারের 'শ্রাম এব পরং রূপং'

গ্রন্থ-বিশ্লেষণ (৮৬ পত্রাঙ্কে):--

অয়মের বিশেষোক্তি ব্রজনীলা-

ইত্যাদি শ্লোকটি ভক্তিভাবপ্ৰদীপের বলিয়া উদ্ধৃত হইয়াছে।

নিকুজ যোঃ। মুখ্যা গোণ্যা ব্রক্তে দর্বে
নিকুজে শুদ্ধ এব সং॥ ব্রক্তে স্থারদিকী
লীলা নিকুজে মন্ত্রময়তঃ॥ ইতি, এবাং
মুখ্যতা চ স্থায়িনাং ভাবান্তরা প্রয়ন্থাগ্রিয়তাধার ছাচ্চ জ্রেয়া, গোণ্ডাচ্চ
তেমু কদাচিৎকো দ্ভবছেনা নিয়তাধার ছাদিতি। নক্ন স্থার দিকী
লীলোৎকুটা দৃটা ব্রজে হি স্থার সৈঃ
প্রেপোষিকা শুদ্ধৈনিতা। গল্পাপ্রবাহবং। ইয়ং মন্ত্রময়ী কুজনিষ্ঠতাদেকদেশগেতি— মৈবং, ত্রাপ্যেক-

দেশস্থাধিক্যং তীর্থরাজ্বৎ শিরোভূতা
স্বারসিক্যা ইয়ং মন্ত্রময়ী বরা। সন্থ
সর্বে রসাঃ কিতৈরাস্বাগ্নত্ত্বক এব হি।
আস্থাদনে বহুনাং হি রসাভাসঃ
পরো ভবেং। বস্তুতস্ত ব্রজ্ঞগা
স্বারসিকী নিকুঞ্জগা মন্ত্রময়ীতি ন
নিয়মঃ, বিনিগমনাবিরহাৎ, বালে।পি
ভগবান্ কৃষ্ণঃ কৈশোরং রূপমাশ্রিতঃ। রেমে বিহারেরিবিবিধঃ

স্হ

প্রিয়য়া

রাধয়েত্যাত্মক্তি-

দিশোভরারা এব স্বারসি**ীত্বমব-**গম্যতে। নিত্যাবস্থিতৈঃ **সর্বত্রাস্থ-**গতে*চ যথাবসরং বিবিধ-স্বে**ছ্টা-**বিহারমূরী স্বারসিকীতি **তল্লক্ষণশ্র** তত্রাপ্যযুগতত্বাদিতি দিক্।

(১৫১ পত্রাক্ষে) তছ্তং

গ্রীপ্রবেগ্যাক্ষপাটিকঃ— — 'তত্তিব্যস্থনায়িকাবিলসিতৈঃ প্রাণেশ্বরী মে
সদা, ভত্তরায়ক-দিব্যরপলিতাহৈত্বকাহুগপ্রেহ্না। দিব্যাক্তথেলনহতা ফুলাবনেহত্ত্বে তৎ (?) স্বেচ্ছারূপিণি তদ্বিনা ম্য ম্নো বস্তেব নো
মন্ত্রেগ্য

(১৫১ পৃঃ) নিত্যম্বাদম্ম দেশম্ম ক
বিবাহঃ ক বা ন সঃ। অতঃ স্বীয়া
পরোঢ়া বা কৎ্যতে কেন রাধিকা॥
(১৫২ পৃঃ ক) অনোচিত্য-প্রহাণায়
প্রাপ্তকঃ স ব্রজান্নগঃ। নিকুষ্ণে
নিত্যদৈবাসো স্থীনামিছয়া ভবেৎ॥
(উপসংহারে ২৪৮ পর্তাহে —
শ্রীপ্রজ্যমং গুরুং বন্দে যদমুগ্রহভাজনম্। জনোহয়ং পামরোহপ্যকচিত্রকচৈত্রগায়তি রাধিকাম্॥ বন্দে

শ্রীবংশিকাং রাধাচরণামুজ-হংসিকাম্।

শংসিকাং রাধিকাকীর্তেঃ স্থীযুথা-

বতংসিকাম ॥ নেত্রেন্দ্বস্থচন্দ্রাথ্যে

বংশরে শুক্রশ্রেক। শ্রীরাধাভজিমঞ্জুবা রামর্ক্ষেন নির্মিতা॥
এই গ্রন্থকার নিম্বার্ক-সংশ্রেদায়ী
হইলেও কিন্তু গোড়ীয়-বৈক্তর-প্রভাবে
প্রচুরতর আবিপ্র ইইয়াছিলেন।
ছুইশত বংসর পূর্বেও শ্রীরুন্দাবনে যে
গোড়ীয়-গণের প্রচুরতর প্রভাব
প্রতিপতি ছিল, এই গ্রন্থই তাহার
প্রক্রপ্র সাকী। শ্রীহরিবাসদেবজী-

কৃত সিদ্ধান্তকুত্মাঞ্চলি, সিদ্ধান্ত-

রত্বাঞ্জলী ও মহাবাণী পঞ্চরত্বাদি প্রস্থে
শ্রীনিম্বার্ক-প্রপঞ্চিত মত হইতে
ভিন্ন ভাবে শ্রীবলদের বিভাভূমণের
দিদ্ধান্তরত্বাদির অন্তকরণ ও প্রভাব
দেখা যাইতেছে। বিশেষ জিজ্ঞাসায়
শ্রীস্থানানাদ বিভাবিনোদ-ক্বত
গ্রীজীয়ার ভিন ঠাকুর' ৩৫২—৩৫৬
পঠা দ্রপ্টবা।

রাধানাধব ভাষ্য—ব্রহ্ণতের উপর
শ্রীরামরায়জী যে 'গৌর-বিনোদিনী
বৃত্তি করেন, সেই বৃত্তি অবলম্বনপূর্বক
তদীয় অন্তল লাতা শ্রীপ্রভূচন্দ্রগোপাল এই ভাষ্য রচনা করেন।
চতুঃস্ত্রী পর্যন্ত পাওয়া গিয়াছে।
ইহাতে অচিস্তাভেদাভেদবাদই
সমর্থিত হইয়াছে। প্রারম্ভ শ্লোক—
শ্রীরাধানাধবং বন্দে জয়নেবং শতাং
গুরুম্। গৌরং নিত্যানন্দ-শিব্যং
রামরায়ং নিজেইদম্॥

ইনি শ্রীমরিত্যানক্ষপ্রভার শিষ্য—
'ভজে নিত্যানকং গুরুমথ স্কুটেতন্যসহিতন্' (বন্দনা ৩)। অন্তিমে—
'রামরায়ামুজঃ শ্রীমদ্গৌরগোপালবালকঃ। ভাষ্যমলাক্ষরৈশ্চক্রে রাধামাধ্ব-নামকম্'॥

রাধামাধবাদেয় — প্রীরঘুনন্দন
গোস্বামি-প্রণীত প্রীকৃষ্ণলীলাত্মক
বাঙ্গালা কাব্য। রচনাকাল—১৭৭১
শকান্দ। ইহাতে ৩৪টি উল্লাস আছে
—গ্রন্থ-শেবে অমুবাদে সকল উল্লাসের
বিষয়বস্তার নির্দেশও আছে। প্রতি
উল্লাসের প্রথমেই একটি সংস্কৃত
স্লোকে বর্ণয়িতব্য বিষয়ের ইন্ধিত
দেওয়া হইয়াছে। প্রীরাধামাধবের
প্রায় লীলাই ইহাতে ত্রিপদী, লঘুত্রিপদী, প্রার, ললিতা, একাবলী,

কাঞ্চীষ্ট্রক (পৃ ৬৩), তোটক (পৃ ৬৫), মালবাঁপে (পৃ ২৬৯)
ইত্যাদি ছন্দে এবং ছেকাম্প্রান (পৃ ১১) প্রভৃতি অলঙ্কারে স্থসজ্জিত হইয়াছে। ভাষাটিও প্রাঞ্জল এবং আড়ম্বরহীন। তৎপ্রণীত 'নীভ্রমালা'ও প্রাবলী-বিষয়ক গ্রন্থ।
রাধামানতর্প্নিনী— শ্রীনন্দকুমার

বিহাভূষণ-ক্ত ৭৩ শ্লোকাত্মক কাব্য ৷

১৭৬৬ শকে রচিত। উপক্রমে— রসিকচন্দ্রো মিশ্রবংশারি-ठकः, ञ्रजनकृष्त्रहतः की छिन्न्यूर्न-দিতিজঝনলচন্দ্ৰোইজান-তামিঅচক্রো, ধরণিস্করভিচন্তঃ ত্রী-নবদ্বীপচন্দ্র:॥' বিষয়বস্ত -- শ্রীরাধা-কুল্গ হইতে হঠাৎ শ্রীকৃষ্ণের চন্দ্রাবলীর নিকটে গমন হইলে শ্রীরাধার মান। ই,ক্লের পুনরায় শ্রীরাধাকুঞ্জে আগমন, বুন্দাকর্ত্তক শ্রীক্লফের ভর্পনা, শ্রীরাধার মানভঙ্গ ইত্যাদি। ্যাধারমণরস্কাগর—মনোহর দাস-ইনি শ্রীগোপালভট্ট গোস্থামির পরিকর এবং শ্রীরামশরণ চট্টরাজের শিষ্য ছিলেন। ভক্তমালের টীকাকার প্রিয়াদাসভির গুরু ৷ ১৭৫৭ সম্বতে এই গ্রন্থ রচনা ইহাতে ছয় ঋতুর বিবিধ শৃঙ্গার, ভোগ, শ্রম, বিলাগাদির স্থরসাল বর্ণনা আছে। শারীগুকের হন্দও ইহার পরম আসাত প্রসঙ্গ। ছপ্পৈ, কবিত্ত, ত্রিপদী, অরিল্ল প্রভৃতি ছন্দে ব্ৰজভাষায় লিখিত। াধারসমঞ্জরী—শ্রীমন মহাপ্রভুতে আরোপিত ভোত্ত-কাব্য। প্রথম

শ্লোক—'কুচকলসভরার্ত্ত্যা কেশরী-

ক্ষীণমধ্যা' ইত্যাদি।

শীরাধারসম্থানিধি —— শীপাদ প্রবোধানন্দ সরস্বতী-ক্বত স্থোত্র-কাব্য। * ইহাতে ২৭২টি শ্লোক আছে। প্রধানতঃ শীরাধার পাদ-পন্ন-ভজননিষ্ঠা, শীরাধা-উপাসনার উৎকর্ম ইত্যাদি বিষয় ইহাতে অতি স্থানিপ্রবার সহিত অন্ধিত হইরাছে। এই গ্রন্থের শীরাধা—

व्यामारिमक्त्रीमा श्रमत्र**म्म** कार्देडकनीया, त्रीमदेशकनीया कियानि न व व दशक्त भवा च व गुनी मा । की वा माधुर्य-गोभा निष्कषन-পর্মোদার্ঘবাৎসন্মানা, দা রাধা সৌখাদীমা জয়তি রতি-क्नाटकिनाधूर्यभीया॥ ১৩১॥ 🗞 🛪 – প্রেমবিলাসবৈভবনিধিঃ কৈশোর-শোভানিধি,- বৈদগ্দীমধুরাঙ্গভঙ্গিমনিধি র্লাবণ্যসম্পরিধিঃ। শ্রীরাধা জয়তানাহা-उनिधिः कन्मर्भनीनानिधिः, त्नोन्तरेर्यक স্থানিধির্মধুপতেঃ সর্বস্বভূতো নিধিঃ॥ এইরপে শ্রীরাধার গাত্রে কোটি-বিছাতের ছবি, মুখে বিপুল আনন্দের ছবি, ওঠে নব বিক্রমের ছবি. করে সংগল্পের ছবি. স্তন্যগুলে স্বর্ণক্ষল-কোরকের ছবি (৯৯)। তিনি লাবণ্যের সার, রুসুসার প্রীরুঞ্চন্দ্রের স্থবৈকসার, কারুণ্যসার, মধুরচ্ছবি-বৈদ্যাসার, রতিকেলি-রূপদার. বিলাসসার এবং অখিল সারাৎসার (२७)। তাঁহার জনর্তনে চাতুরী, ष्रठाकृत्नवाकृत्व नीनारथनन-ठाजुती, খামের ভার বাক্চাতুরী, সঙ্কেত-কুঞ্জে অভিলাব-চাতুরী, নবনবায়মান

 এলাটা-সংস্করণ-অবলম্বনে লিপিক।
 রয়পুরে ছইখানা পুঁথি আহে—একখানা আভতলোক্ষরহীন হইয়। 'য়হরিবংশ-রচিত' বলিয়া উক্ত হইয়াহে। রাধিকামঙ্গল

ক্রীড়াকলা-চাতুরী এবং স্থীগ**ণস্**হ পরিহাসোৎসবচাতুরী সর্বোপরি বিরাজিত। এই গ্রন্থের শ্রীরাধা কথনও অভিসারিকা (২০, ২১, ৩২,১৫২) প্রেমবৈচিত্ত্যাপরা কখনও ১২৮), কখনও উৎকন্তিতা (৩৮) (২৩১)-রূপে খণ্ডিতা কখনও বর্ণিতা। ১৭০ শ্লোকে মানের কেবল ইঙ্গিতমাত্র আছে এবং ২১৫ শ্লোকে শ্রীমতীর প্রেমবৈচিত্য-অবস্থা দেখিয়া স্থীভাবে বিভাবিত কবির মুর্চ্ছা ও তৎপরে অমুশোচনার বর্ণনায় তাঁহার বিচ্ছেদভীক্তা ও দেবাক্রটি-প্রকাশের সঙ্গে সঙ্গে স্ব-স্বভাবটিও পরিব্যক্ত উজ্জলনীলমণিগ্ৰম্থে হইয়াছে। প্রীপ্রবোধানন্দের ব্রজলীলায় তুঙ্গবিত্যা স্থীর স্বভাব—দক্ষিণা প্রথরা নায়িকা, মাননির্বন্ধানহা, নায়কভেন্তা ও লম্ব প্রথরা বলিয়া কীতিত হইয়াছে। যুগলের বিচ্ছেদাভাদেও ইংহার বাহ আভান্তর জালা হয়। ম্বধানিধি? শ্রীকৃষ্ণ শ্রীরাধাতেই অন্তানিই প্রীবৃন্দাবনমহিমামূতে? (२७७); (১৫।৭৪—৭৬) স্থায় এই গ্রন্থেও প্রভাব-প্রতিপদ্ধি <u> প্রীরাধানামের</u> (86-26) এবং <u>জীরাধাদান্ত</u> লাভের উপায় (১৪২) বণিত (>91>06), হইয়াছে। * তক সঙ্গীতমাধ্ব (২।৭) এবং এই গ্রন্থের >০ম শ্লোকে কুট্টমিত-অল্পারবতী শ্রীমতীকে উপস্থাপিত করত কবি এই ভাবের প্রতি তাঁহার অতিপ্রিয়ত: দেখাইয়াছেন বলিয়া মনে রাধিকামঙ্গল-কৃষ্ণরামদত্ত - রচিত। ভবানন্দের হরিবংশের সহিত ইহার ভাবভাষায় মিল আছে।

উদ্ধবানন্দ-রচিত (সাহিত্য-পরিষৎপত্রিকা ৩পুঃ ২১৭)। রাধিকাটোত্তরশতনাম স্তোত্তং — আরোপিত মহাপ্রভুত<u>ে</u> (শ্রীবিফুপ্রিয়া-গৌরাঙ্গ)। প্রথম-শোক-শ্রীমদ্রাধা রসময়ী র**সিকা তথা। রাসেশ্বরী রসভৃক্তিঃ** রসপূর্ণা রসপ্রদা॥ রামচরিত্রগীত-শিখরভূমির হরিনারায়ণের প্রেরণায় শ্রীমদগোবিন্দ দাস-ক্বিরাজ এই গ্রন্থ রচনা করেন। রামরসায়ন-নাড়োর <u> প্রীরঘুনন্দন</u> গোস্বামি-প্রণীত বাঙ্গালা ইহা সাতকাণ্ডে ও কতিপয় অধ্যায়ে বিভক্ত। ভাষা-মাধুর্যে ও ছন্দোবৈভবে ইনি অদ্বিতীয়। করুণরস-পূরিত এই কাব্য সকলেরই বিশায় ও আনন্দো-করে। রচনাকাল আমুমানিক ১৮৩১ খুঃ ৷ বিষয়বস্ততে অভিনবত্ব আছে, রচনাও স্থললিত। রামশরণচট্টরাজ- গুণলেশসূচক— শ্রীমনোহরদাস-কর্তৃক রচিত ১১টি শ্লোক। অনুরাগবল্লীর ৮ম মঞ্জরীতে সংকলিত। মনোহরদাস ইহাতে স্বগুরু চটুরাজের গুণগরিমাই কীর্ত্তন করিয়াছেন। রামাইচরিভায়ত-প্রন্দাস্বাবাজি-বিপিনবিহারী গোস্বামি-কৃত। সম্পাদিত (১৮৭৬ খুঃ)। রাসপঞ্চাধ্যায়—(অমুবাদ) শচী-নন্দন-ক্বত (কলিকাতা বিশ্ববিভালয় ১০১২), দ্বিজপীতাম্বর-ক্বত (১৭৪২ শকে মুদ্রিত) এবং হরেক্ষণাস-ক্ত (বিশ্বভারতী ১৯৫)। া**সলীলা**—দিজ গঙ্গানারায়ণ-ক্বত কৃষ্ণলীলাকাব্য (কলিকাতা বিশ্ব-

বিন্তালয় ২৭৩১)। ্র**্কিনী-স্বয়ম্বর**—গ্রীপাদ ঈশ্বরপুরী-বিরচিত 'শ্রীকৃঞ্লীলামৃত' কাব্যের নামাকর ! র**পচিত্রামণি** — বৃহদ্ভক্তিতত্ত্ব-সারে চতুর্থথণ্ডে ৩২১৭ পুঠা হইতে শ্রীনিত্যানন্দচরণ-চিহ্ন ও শ্রীগোরাঙ্গ-চরণের ৩২ চিক্লের বিবরণ ক্রমশঃ ২০ ও ১৪ শ্লোকে দেওয়া আছে। বৈষ্ণবাচারদর্পণের মতে রূপচিন্তামণি শ্রীবিশ্বনাথ-রচিত। শ্রীরাধারুষ্ণের চরণচিহ্ন-বিবরণাত্মক রূপচিস্তামণিও শ্রীবিশ্বনাথ চক্রবর্তি-পাদের স্তবামৃতলহরীর অন্তর্গত। **এ এ**রপসনাতন-তেগত্তম — শ্রীমদ গদাধর ভট্ট গোস্বামিপাদের বংশীয় গোবৰ্দ্ধন ভট্টজি ৪৯টি শ্লোকে শাদুলি-বিক্রীডিত ছম্মে এই স্থোত্রাবলী রচনা করিয়াছেন। ইঁহার রচিত মধু-কেলিবল্লী-সম্বন্ধে ১৭১৭ পৃষ্ঠা দ্ৰষ্টব্য। ভোত্রপ্রারভে কবি শ্রীকৃষ্ণ, শ্রীকৃষ্ণ-চৈতন্ত, শ্রীগদাধর পণ্ডিত গোস্বামী, গৌরভক্তবৃন্দ এবং শ্বীয় শিক্ষাগুরু পিতৃদেবকে বন্দনা করত শ্রীরূপস্নাতনের বিবিধ গুণরাজির পরিবেষণ করিয়াছেন। গ্রন্থপৈষে কবি জন্মে জন্মে শ্রীরূপপাদাক্ত্যুগলের ধুলি হইবার সকাকু প্রার্থনা পূর্বক সংস্থেদন মনকে গ্রীরূপচরণাশ্রয়ের সবিশেষ অপেকা উপযোগিতার বৰ্ণনা **ज्**र्छ দিয়াছেন। আকারে ক্ষুদ্র হইলেও ইহা মণিবৎ শিরঃকণ্ঠধারণোপযোগীই বটে। রচনার আদর্শ---কছামেকাং দধানঃ করক্যুতকরো

রাধিকাকান্ত লীলাং, গায়ন্

সংমাদং জ্ৰুণ্ডল-বস্তিঃ রুঞ্চনামানি গুহুন। কুর্বন্ রোলম্বভিক্ষাং কচিদপি প্রমাদ্ ব্রাহ্মণাৎ স্থুলবৃত্তিং, রূপো নীচন্ত্রেভ্যক্তর্রিব সহনো রাজতে কাননান্ত:॥ ১৭॥ অভোন্তে সমবাপ্য

লঘু ক্রমসন্দর্ভ—গ্রীজীবপ্রত্নর রচনা,

শ্রীমদভাগবতের টিপ্পনী। তৎপ্রণীত

মমুজাঃ পূর্ণা নিজাভীপ্সিতং, শ্রীরাধা-কুচকুট্রলান্তরমণে! গোবিন্দ ! নন্দাত্মজ! ধৃত্বা দস্ততলে ভূণং मूछ्तिनः याटठ प्रशास्त्रा नना, शुनिः

স্থানিহ জন্মজন্মনি বিভো! শ্রীরূপ-

পাদাক্তয়োঃ॥ ৪৪॥ কাব্যতীর্থ-ক্বত ত্রীগোবিন্দ চন্দ্র পয়ারাদি ছন্দে অমুবাদসহ গ্রন্থথানি বরাহনগর শ্রীভাগবতাচার্যের পাটবাড়ী হইতে প্রকাশিত হইয়াছে।

লঘু ভাগবভামুত

SA

'বৃহৎক্রমসন্দর্ভের' সংক্ষিপ্ত সংস্করণ I লঘু নামাবলী---- প্রীরামহরিজীকৃত ব্ৰজভাষার কোশ। ইহাতে শ্ৰীকৃষ্ণ, কমল, ব্ৰহ্মা, মহাদেব প্ৰভৃতি নাম সমূহের অভিধান লিখিত হইয়াছে। > ২টি দোহা; অমরকোষ, ধনঞ্জয় ও নন্দদাস প্রভৃতির আলোচনা পূর্বক ইহার সঙ্কলন। প্রারম্ভে কবি ত্রীরাধারমণ, ত্রীগোপাল শ্রীশচীকুমারকে বন্দনা করিয়াছেন। **লঘু ভাগবতামৃত—**শ্রীরূপপ্রভূ-কৃত। পুরাণ, বেদ, বেদান্ত, দর্শন, মহাভারত, রামায়ণ ও তন্ত্রাদি নিখিল

শাস্ত্রের প্রতিপাগ্য—এক

পর্মতত্ত্ব শ্রীকৃষ্ণ। অসংখ্য অবতার *

* जीमन् मध्या अर्थ उनी स त्यना खडारग (২া৬।৪৮—৪৯) সপ্রমাণ করিয়াছেন যে মৎশু, কৃম'াদি অবতারদকল বৈদিকই-অপ্রাকৃতই। শহপথ ব্রাক্ষণে (১৮৮১২---১০) মৎস্তাবভার, তৈতিরীয় আরণ্যকে

অদ্বিতীয়

(১৷২০৷১) ও শতপথ ব্ৰাক্ষণে (৭৷৪৷০৷৫) कुम विखात, टेक खित्रीय मः हि खाय (१। १८।১), তৈভিরীয় ব্রাহ্মণ (১/১/৩)৫) ও শভপথ ত্রাক্ষণে (১৪/১/২/১১) বরাহাবভার, ঋক্ সংহিতায় (১৷২২৷১৭) ও শতপথ ব্ৰাক্ষণে

এবং জীবগণ .তাঁহারই স্থাংশ পরমাত্মার তটস্থাশক্তি ও প্রীভগ-বানের বিভিন্নাংশস্বরূপ। এই গ্রন্থে অবতারগণের যে শ্রেণীবিভাগ করা

হইয়াছে, তাহা স্থপ্রণালীবন্ধই বটে।

এই গ্রন্থের পূর্বখণ্ড 'ক্বফামৃতে'—

শ্রীক্লফের বিবিধ স্বরূপ-নিরূপণ,—

তদেকাত্মরূপ, তদেকাত্মরূপ আবার বিলাস স্বাংশভেদে বিপ্রকার। আবেশ ও প্রকাশ, অবতারতত্ত্ব, অবতারের লক্ষণ-পুরুষাবভার, গুণাবভার ও

লীলাবতার; পুরুষাবতার- প্রথম,

দিতীর ও তৃতীর পুরুষরূপে ত্রিবিধ।

গুণাবতার তিন্টী—ব্রহ্মা, রুদ্র ও বিষ্ণু। লীলাবতার ২৫টির বিস্তৃত আলোচনা, চতুর্দশ ময়স্তরাবভার ও চারিটী যুগাবতার। অগ্যপ্রকারে আবার চতুর্বিধ অবতার গণিত

হইতেছে——আবেশ,

বৈভবাবস্থ ও পরাবস্থ।

অনতিবিস্তৃত - কীর্তিবৈভবারিত;

আবার দিবিধ, অল্পকালব্যক্ত ও

(১৷২৷৫৷১—৭) বামনাবভার, ঐভরেয় ব্রাহ্মণে রামভার্গবের, তৈত্তিরীয় আরণ্যকে (১•।১,৬) ৰাহ্দেব কৃষ্ণের বিবৃত্তি আছে।

দিতীয় প্রকার প্রাভব দীর্ঘকালব্যক্ত, শান্ত্ৰকৰ্ত্তা ও মুনিজনবৎ সচেষ্ট ও কার্য-বিশিষ্ট। প্রাভবাবস্থার অবতার ১১, ২১টি অবতার— বৈভবাবস্থার অবতারগণের ধান-পরব্যোমে, পরাবস্থ অবতার তিনটি—নুসিংহ, দাশরথী রাম ও শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের পূর্ণতম্ব, ধামচতুষ্টয়—ব্রজ, মধুপুর, দারকা ও গোলোক। শ্রীক্বফের হতারিগতিদায়কত্ব ও মাধুর্যচতুষ্টয়ত্ব-নিমিত্ত শ্রীরাঘবেন্দ্রাদি-স্বরূপ হইতেও মাহাত্ম্যাধিক্য—ভগবদবতারমাত্রেরই

পূর্ণতা, ভগবচ্ছজিবিচার, অংশিতা,

ভগবানের বিরুদ্ধ অচিন্তা শক্তির

বিচার, কেশাবতারত্ব - খণ্ডন, ব্যুহ-

বিচার, বাস্থদেবাবতারত্ব-নিরাকরণ,

স্বয়ংভগবত্ত্ব-বিষয়ক বিশেষ বিচার,

٩

বিষয়ে

আশ্রয়ত্ব,

প্রাভব.

প্রাভব

যেমন মোহিনী ও হংস। যুগাবতার

নিবিশেষ ব্রহ্ম হইতেও স্বয়ংভগ-বানের শ্ৰেষ্ঠতা, ভগবদগুণের অপ্রাকৃতত্ব, শ্রীকৃষ্ণ ও শ্রীনারায়ণ-রামান্থজীয় মতের-খণ্ডন, সম্বন্ধ

শ্রীক্লম্বের বিগ্রহের অতুল্যতা, মনুষ্য-

দেহদেহিভেদ-লীলার শ্ৰেষ্ঠতা,

লক্ষীর শ্ৰীকৃষ্ণপ্ৰহা, गिउँगुन. শ্রীকুফেরই স্বয়ংরূপত্ব-বিষয়ক বিচার. নারায়ণাদি শ্রীক্ষের অন্তর্ভু ক্র, শ্রীরুষ্ণণীলার নিত্যতা, প্রকট ও অপ্রকট লীলাবিচার, আবির্ভাব-তত্ত্ব, শ্রীকৃষ্ণধান-তথ্য,গোকুলে মাধুর্যাধিক্য, শ্রীকৃষ্ণবয়স-বিচার ও মাধুরী-চতুষ্ঠয়ের বিবরণ। দ্বিতীয় খণ্ড 'ভক্তামুতে' —ভক্তপূজার প্রয়োজনীয়তা, ভক্তের শ্রেণীবিভাগ: প্রহলাদ, পাণ্ডবগণ, যাদবগণ, উদ্ধৰ, ব্ৰজগোপীগণ ও তাঁহাদের মহিমাধিকা, প্রীরাধিকার সর্বশ্রেষ্ঠত্ব-প্রতিপাদন ইত্যাদি বর্ণিত হইয়াছে। বস্তুতঃ গ্রীপাদ গ্রীদনাতন প্রভু বৃহদ্ভাগবতামৃতে যে সকল সিদ্ধান্ত উপস্থাস্ভলে বিস্তারিতভাবে লিপিবদ্ধ করিয়াছেন, তাহাই শ্রীপাদ-শ্রীরূপ এই লঘু (সংক্ষেপ) ভাগ-বতামৃত গ্রন্থে দরিবদ্ধ করিয়াছেন। সমস্ত শ্রীমদ্ভাগবতের ও পুরাণশাস্ত্রের পরিভাষা গ্রন্থ এবং ইহাতে স্থাপ্য সিদ্ধান্তসমূহ শব্দপ্রমাণ-মূলে প্রতিষ্ঠাপিত করা হইয়াছে।

উত্তরকালে শ্রীলবলদেব বিখাভূষণ স্থবিচারিত ও সিদ্ধান্তপূর্ণ 'সারজ-রজদা' নামে এবং শ্রীবৃদ্ধাবন তর্কালন্ধার 'রসিকরঞ্জদা' নামে ইহার ছুই টীকা করিয়াছেন।

লযু বৈশুবতোষণী—(ভাগ°—১০।
৯০।৫০) শ্লোকে শ্রীজীবপাদ বংশপরিচয় দিয়া শ্রীপাদ সনাতনের গ্রন্থাবলির নামকরণ করত বলিতেছেন যে
'সেই বৈশ্বতোষণী শ্রীপাদ সনাতনের
আজ্ঞায় তিনি সংক্ষেপ করিয়াছেন।'
ইহাই বর্জমান কালে পঠন পাঠন
হয়; এই লঘুতোষণী ১৫০৪ শকান্ধে

সমাপ্ত হইয়াছে বলিয়া লঘুতোষণীর উপসংহার হইতেই জানা যায়। **लघू भव्यावली**—— श्रीतामहतिबी-कृष ব্ৰজভাষায় ১০০ দোহাত্মক শব্দকোষ-বিশেষ। **लघूनागावली** त ভায় প্রারন্তে প্রীরাধারমণ. ইহাতেও শ্রীগোপাল ভট্টের শ্রীগোরাক છ বন্দনা আছে এবং অনেকার্থক শব্দের অর্থরাশি লিখিত হইয়াছে। 'হরি' শব্দের অর্থে—হরিচন্দন চাতগ কিরণ শুক্র সত্য শুক্র কীল। দাছুর তরু জন ভয় মিটে হরি ভজি গছি মন-भीन ॥७॥ এফলে ১১টি অর্থে হরি-শব্দ ব্যবহৃত হইতে পারে।

লঘু হরিনামায়ত ব্যাকরণ—
প্রীহরিনামায়ত ব্যাকরণের টীকাকার
হরেরুক্ষ আচার্য বলেন যে প্রীপাদ
প্রীসনাতন গোস্বামিপ্রভুই প্রথমতঃ
প্রীরুক্ষনামদারা 'লঘুহরিনামায়ত'
প্রণয়ন করিয়াছেন।ইহাতে ব্যাকরণশিক্ষার্থীর বিশেষ কল্যাণ হুইবে
না, অথচ অন্ত ব্যাকরণের অপেক্ষা
আছে জানিয়া প্রীজীবপাদ এই
স্ত্রেকে অবলম্বন করত বৃহদায়তন
'হরিনামায়ত' রচনা করেন। ঢাকা
বিশ্ববিভালয়ের এক পুঁথিতে 'লঘু
হরিনামায়ত' কিন্ত প্রীরূপপ্রভুতে
আরোপিত হুইয়াছে।

লঘু হরিভক্তিবিলাস—শ্রীগোপালভট্ট গোস্বামি-লিখিত প্রোকারে
নিবদ্ধ বৈষ্ণব স্থৃতি। জয়পুরে
শ্রীগোবিন্দগ্রস্থাগারে, শ্রীবৃন্দাবনে
রাধারমণ-দেবাইতগণের গৃহে এবং
রাজসাহী বারেল্র অমুসন্ধানসমিতিতে পুঁধি বর্তুমান। এই গ্রন্থসাহাথ্যে শ্রীপাদ সনাতনপ্রস্থু যথেষ্ঠ

পরিবর্ত্তন-পরিবর্দ্ধন করিয়া দিগ্র্দ্ধনী টীকাসহ বৃহদায়তন 'হরিভজ্জিনিলাস' গ্রন্থন করেন।

ললিতমাধব নাটক — শুশ্রীরূপগোস্থামি-রচিত অপ্রাক্ত রসরহস্থপরিপ্রিত দৃশ্য কাব্য। প্রলীলাকে
ব্রজ্ঞলীলার আবরণে রাখাই এই
এন্থের উদ্দেশ্য। নাটকীয় সম্পূর্ণাঙ্গতায়,
কি তত্ত্বৈশিষ্ট্যে, কাব্যমাধুর্ষে কি
রসবভায় এই নাটকখানি সংস্কতসাহিত্যে অতুলনীয় র্ত্নই বটে।
আয়তনে ও ঘটনাসন্নিবেশে ললিতমাধব বিদশ্বমাধব হইতেও বৃহত্তর,
পাত্রপাত্রীর সংখ্যাও ইহাতে
অধিকতর।

প্রথমাক্ষে---(সায়মুৎসব) স্থ-বিখ্যাত কলানিধি শ্রীক্লফের বিবাহ-ব্যাপার-সম্পর্কে অশ্রুতচর পৌরাণিক গুহাতত্ত্ব লইয়া এ নাটকের আরম্ভ। গোরী-জনক হিমালয়ের সৌভাগ্যে বিশ্বাপর্বত হঃখিত হইয়া ক্যাসোভাগ্য লাভের জ্যুই বন্ধার আরাধনা করত ধুর্জটিবিজয়ী নিখিল-मोलागामानिनी प्रदेषि লাভ করেন। এদিকে রাধা ও চন্দ্রা-বলী-বুষভাম ও চন্দ্রভাম-নামক গোপহয়ের স্ত্রীর গর্ভ ইইতে আরুষ্ট হইয়া বিদ্যাপর্বতের স্ত্রীর গর্ভে স্থাপিত হন। কলা প্রস্তা হইলে পৃতনা গ্রীরাধাকে গোকুলে আন্য়ন করে —গ্রীরাধার ছিল ন ম তারা ৷ ক্ৰিষ্ঠা ক্তা বিন্ধ্যাচলের অপহৃতা হইলে বিস্ক্যাচলের পুরোহিত রাক্ষ্যনাশক মন্ত্র পাঠ করিলে ভয়-সম্ভা পৃতনার হস্ত হইতে জ্যেষ্ঠা विष्र्धान्यशामिनी नदीकाल ক্তা

পতিত হয়েন। ভীম্মক এই চন্দ্রা-বলীকে নদীসোতে প্রাপ্ত হইয়া নিজ গহে লালন পালন করেন। চন্দ্রা বলীই পরে গোকুলে আনীতা হইয়া চক্রভামুর ক্ঞারূপে প্রসিদ্ধি লাভ করেন। পৌর্ণমাসী পৃতনার ক্রোড় হইতে ললিতা, পদা, ভদ্রা, শৈব্যা ও খ্যামাকে প্রাপ্ত হন। বিশাখার জন্ম গোকুলে নয়—বিশাখা যমুনা-ভাগিতেছিলেন—জটিলা क्टल কাঁহাকে ত লিয়া আনেন। গোর্জনাদি সহিত গোপগণের চন্দ্রাবলী প্রভৃতির বিবাহ কংসবঞ্চনার্থ যোগমায়ার ছলনামাত, বাস্তব নহে। মধুমঙ্গলের সহিত কথাপ্রসঙ্গে শ্রীকৃষ্ণকর্ত্তক গোপীদের গুণাবলি-আসাদন, চন্দ্রাবলীর সহিত মিলন, কুন্দলতা ও চন্দ্রাবলী সহ রসরজ-বাংগ দিয়া ভারুণ্ডার আগমনে চন্দ্রাবলী প্রভৃতির পলায়ন, যশোদার নিকট বাৎসল্যভাব-প্রকাশ: বাণীরকুঞ্জে এরাধাকৃষ্ণ-মিলন।

দিতীয়াক্ষে— (শঙ্কচ্ড্বধ) বুন্দা
দধিমন্থন-বর্ণনা করিলেন, স্থপ্জা
করাইবার জন্ম বিপ্রবেশধারী
শ্রীক্ষের আগমনে জটিলার সন্মুখে
স্থপ্জানির্বাহ, রত্নসিংহাসনে
শ্রীরাধার উপবেশন, শৃঙ্কাচ্ড্কর্তৃক
সিংহাসনসহ শ্রীরাধার অপহরণে
শঙ্কাচ্ড্বর ও শুসন্তক্ষণি-আহরণ।

তৃতীয় ও চতুর্থাক্ষের পূর্বাভাষ
—- শ্রীকৃষ্ণ মথুরায় গমন করিলে
শ্রীরাধা প্রবল বিরহে দেহত্যাগ
করিবার উদ্দেশ্যে ষমুনাজলে প্রবেশ

করিলে ললিতা তাঁহার অমুগমন এই যমূলা রাধাকে স্বপিত্রালয়ে (সূর্যমন্দিরে) লুইয়া সত্রাজিতের আরাধনায় শস্ত ইহয়া সূর্য সত্রাজিৎকে শুমস্তক মণিসহ যে ক্তারত্ব দান করেন-তিনিই (ব্রজের রাধা) দারকায় এই সময়ে ভীম্মক স্বপুত্র দারা নিজ ক্তা চন্দ্রাবলীকে) আনয়ন করত শ্রীক্লক্ষের সহিত বিবাহ দেন—ইনি রুক্মিণী। ভূগুপাত-কালে বিরহে ললিতাকে জাম্বান প্রাপ্ত হন এবং ইনি 'জাম্ববতী'-নামে প্রাসিদ্ধিলাভ করত পরে শ্রীক্লফ-হচ্চে সম্পিত ব্রজের কাত্যায়নী-ভ্রতপরা কুমারীদিগকে চরি নরকান্তর করিয়াছিল—শ্রীরুফ তাহাকে বধ করিয়া এই কুমারীদিগকে বিৰাহ करतन-देशहार ३७०० महिनी। ঞ্জীরাধার দিব্যোন্মাদ, বিরহবিভ্রমের নিদারুণ অবস্থা আগ্রেয়গিরির উচ্ছাদের ন্থায়।

ভূতীয়াছে——(উন্মন্তরাধিক)
প্রীক্তফের সহিত প্রীরাধার বিরহ,
প্রীরাধার সহিত স্থীগণের বিরহ,
স্থীগণের পরম্পর বিরহ—অহো!
এই অছে প্রীপাদ কি নিদার্কণ—কি
অকত্তদ বিরহের চিত্র অভিত
করিয়াছেন!! উপসংহারটি বিয়োগান্ত
ব্যাপার—বৃন্ধাবনের রসময়ী গোপকিশোরীগণ যেন প্রবল-বিরহে প্রকট
লীলা হইতে অপ্রকট হইলেন!!

চতুর্থাঙ্কে—— (শ্রীরাধাভিসার) উদ্ধব ও পৌর্ণমাসীর প্রযক্তে মথুরায়

ব্ৰজলীলা নাটক অভিনীত হইতেছে। উদ্ধব ও গাগীর কথোপকথন হইতে বুঝা যায় যে পৌর্থমাসী ভরত মুনির নিকট প্রার্থনা করত এক অপূর্ব 'রূপক' নাটকের হুষ্টি করেন। নারদ উহা তুমুরুকে দান করিলে তুষুক গন্ধৰ্বগণকে শিখাইয়াছিলেন —গন্ধর্বগণ লীলাভিনয় করিতেছেন —স্বয়ং শ্রীকৃষ্ণ এই নাটকের দ্রষ্টা. তিনি স্বীয় রূপমাধুর্যে বিমোহিত হইয়া উহা আস্বাদন করিবার জন্ম শীরাধাস্বারূপা বাঞ্চা করিয়াছেন। বুন্দার যুক্তিপূর্ণ বাক্যে একুন্ধে কামুকত্ব-দোষারোপ-পরিহার, জটিলা স্বপুত্র অভিমন্ত্যুকে কৃষ্ণ মনে করিয়া যে বিভয়না আনয়ন করিয়াছে এবং অভিময়া তাহাতে যে অপদন্ত হইয়াছে—তাহা সকলেরই হাভো-বলিলেন দ্দীপক। ভারুণ্ডা জটিলাকে ভূতে পাইয়াছে, অভিমন্থ্য লজ্জায় ও ছু:খে মিয়মাণ হইয়া সকলের হান্ত দেখিয়া ভটিলা ব্যাপার বুঝিলেন অপ্রতিভ হইয়া পড়িলেন। এদিকে স্বয়ং মাধব আসিলে তিনি ভাঁহাকে অভিমন্থ্য মনে করিয়া বধুসহ মিলনের সহায়কারিণী হইলেন। এইরূপে শ্রীরাধাগোবিন্দ-মিলনে উদ্ধবেৰ কল্লিত ব্ৰুলীলা-নাটক শেষ হইল।

পঞ্চনাক্ষে—— (চন্দ্রাবলী-লাভ)

দারকার চন্দ্রাবলী ক্ষমিণীক্ষপে এবং

শ্রীরাধা সত্যভামাক্ষপে প্রকাশিতা;

নারদের মুথে ব্রজপুর-ললনা-সম্বন্ধে

একটি রহস্থ উদ্ঘাটিত হইরাছে।

(৫০) 'এই সকল পুররমণী ও

ব্ৰজেন্দ্ৰ এই কথাটি প্ৰকাশিত হইলেও

ব্ৰজ্বমণীগণ অভিন্ন তন্ত্বাংশে ভিন্নাই: হইলেও দেহা দিতে মধ্যকালে ইঁহারা মায়া-কর্ত্র অভিনা হন, সম্প্রতি ত্রজে সেই রমণীগণ প্রেম্যুচ্ছিত হইয়া আছেন, কিন্তু বিরহবেলায়ও যাহাতে পুখলাভ হইতে পারে. যোগমায়া ব্ৰজ আজাদন করত পুরনীলার রমণীগণমধ্যে স্বীয় স্বীয় অভেদ-অভিমানে আবিষ্ট করিয়া দীর্ঘম্বপ্লের জায় প্রতীতি করাইতে-ছেন।' পঞ্মাঙ্কের দৃশ্রস্থান-বিদর্ভনগর, প্রধান ঘটনা-ক্রিণীর বিবাহোছোগ। এীমদ ভাগৰতোক্ত ঘটনার সহিত নাটকের মূল ঘটনারও মিল আছে।

ষষ্ঠাকে——(ললিতা-উপলিক)
কলিলীরপা চন্দ্রাবলীর বিবাহ।
শেষভাগে শ্রীরাধা তীরবিরহ-বিধুরা,
তীর ঔদাসীন্তে ও বিয়োগযাতনায়
তাঁহার হৃদয় বিষাদপূর্ণ, নির্জনস্থানে
বাথের প্রার্থনা করায় বিশ্বকর্মা-রচিত
(দারকায়) নববৃন্দাবন শ্রীরাধার
বাসস্থান নির্দিষ্ঠ হইয়াছে! মধুমঙ্গল
ক্ষেত্রর হস্তে শুমস্তক্মণি দেখিয়া নানা
প্রশ্নের অবভারণা করিলে কৃষ্ণ
ভাষবতীরূপী ললিতার প্রাপ্তি বর্ণনা
করিলেন। শ্রীকৃষ্ণের শ্রীরাধাবিরহে
প্রবল ব্যাকুলতা।

সপ্তমাঙ্কে— (নবরশাবনসঙ্গম)

শীক্ষাবিরহিণী শ্রীরাধার নবর্দাবনে
প্রবেশ, তত্রতা দৃশ্য তাঁহার মনে
শ্রীকৃষ্ণকেই মূহ্মুহ্ স্বরণ করাইয়া
অধিকতর বিরহবিধুরতা দান করিল।
বকুলার মুখে দ্বারকার রাজেক্সই যে

পূর্বশপথের কথা স্মরণ হইলে বকুলা কথাটা চাপা দিলেন। বিরহিণী রাধা কিন্তু কিছুতেই শাস্তি পাইতে-ছেন না। তিনি বকুলাকে বলিলেন যে তাঁহার একটা 'নিতাকর্ম' আছে তিনি নিতা কোনও খ্যামলকিশোর দেবতার আরাধনা করেন। বকুলা বিশ্বকর্মার সাহাযো ইন্দ্রনীলমণি-নিমিত গোবিন্দমতি প্রস্তুত করাইয়া শ্রীরাধাকে বলিলেন—'এই তোমার ইষ্টদেবের পূজা কর।' প্রতিমাদর্শনেই শ্রীরাধার চিত্তবিভ্রম হইল। মনের অন্তস্তলে লুকায়িত শতশত সাধ ভাগিয়া আলিঙ্গনের জন্ম ব্যাকুল করিয়া ফেলিল—তিনি যেই স্পর্শ করিলেন, তৎক্ষণাৎ তাঁহার প্রথম্বপ্র ভাঙ্গিয়া গেল !৷ মাধবী আসিয়া দেখিলেন যে এরাধা সজল নয়নে মৃতিটীকে সাজাইতেছেন। নববুনা ও বকুলা গ্রীরাধাকে মানার্থ লইয়া গেলেন। এদিকে মধুমঙ্গলকে শ্রীক্লফ ইঙ্গিত করিয়া প্রতিমাখানি সরাইয়া স্থাং প্রতিমারূপে তথায় অব্সান लाशिलन। मधीषयम् করিতে শ্রীরাধা এইবার গুতিমা দেখিয়া বিস্মিত হইলেন। উভয়ের দর্শনে উভয়েই স্বন্ধিত, বিশ্বিত ও নিপান হইলেন !! পরস্পার মিলনের তীব্র আকাজ্জাসত্ত্বেও হঠাৎ চন্দ্রাবলীর আগমনে এবং তাঁহার অস্থাসূচক নৈরাগ্য-সহকারে মধুমঙ্গলসহ প্রস্থান করিলেন।

অষ্ট্রমাঙ্কে— (নবরন্দাবন-বিহার) অভিমানবতী চন্দ্রাবলীর সহিত শ্রীকৃষ্ণের কথোপক্ষন, অভিমান-

ভঞ্জন, শ্রীক্ষারর পুনর্বার নববুন্দাবনে প্রবেশ, শ্রীরাধার সহিত কথোপকথন, বিশাখার জন্ম শ্রীরাধার ব্যাকুলতা, শ্রীক্লফ-কত্ত ক বিশাখার বার্তা-জ্ঞাপন. নববুন্দা ও শ্রীকৃষ্ণকর্ত্তক নৈস্গিক-শোভা-বর্ণন – নববুন্দাবনে পূর্বাচ্নভব-দংস্মরণ ইত্যাদি বণিত হইয়াছে। শ্রীরাধার শৃঙ্গারার্থ মাধ্বী ও মাল্ডী পুষ্পাচয়নের জন্ম অগ্রসর শ্রীকৃষ্ণ শশ্বথবর্ত্তী মণিময় ভিত্তিতে স্বমূত্তির দর্শন করিয়া চমৎকৃত হইলেন। (অপরিকলিতপূর্ব: কশ্চমৎকারকারী) — এই সময়ে চক্রাবলী আসিয়া শ্রীরাধাকে দেখিতে পাইলেন এবং অস্থা প্রকাশ করিতে থাকিলে শ্রীরাধার সবিনয় উক্তি।

নবসাস্কে—(চিত্রদর্শন) প্রীক্বঞ্চ,
মধুমঙ্গল ও প্রীরাধার কথোপকথনের
মধ্যে ব্রজলীলার চিত্রপট-দর্শন—
ইহাতে প্রীক্ষের শৈশবলীলা হইতে
মথুরালীলা পর্যন্ত বছবছ লীলাস্থৃতি
অন্ধিত আছে। রাত্রি প্রহরাতীত
ছইলে সকলের প্রস্থান। অতঃপরে
নববৃন্দা, চন্দ্রাবলী, মাধবী ও ক্ষের
কথোপকথন, চন্দ্রাবলীর কথায়
অস্থ্যারই উদ্গার এবং তৎপরে
প্রস্থান।

দশমাঙ্কে—(পূর্ণমনোরথ) ব্রজ্ঞপরিকর ও দারকাপরিকর-গণের
মিলন-মাধুরী বণিত হইয়াছে। নন্দ,
যশোদা, রোহিণী, শ্রীদাম, স্থবল,
মুখরা, ললিতা ও বিশাখা প্রভৃতি
নবর্ফাবনে সমাগত হইয়া স্থদীর্ঘ
বিরহের পরে আনন্দোচ্ছাসবহল
আলাপ সম্ভাষণাদি করিতে

লাগিলেন। চন্দ্রাবলীর অনুমোদনে নন্দ্যশোদাদির সমক্ষে শ্রীরাধাক্ষের বিবাহ সম্পাদিত হইল। এই বিবাহে ইন্দ্রাদি দেবতাগণ স্বস্থপত্নীর সহিত যোগদান করিয়ানে। নাটকান্তে চট্লচপল - স্বচ্ছন্দ লীলাভিলাম্বতী গোপীদের সহিত মিলন, বংশীবাদন প্রভৃতি পূর্বক বুন্দাবনে নিত্য শ্রীরাধা প্রার্থনা বিহারাদির জ্ঞা করিলে একিফ তাহাতেই সমতি জ্ঞাপন করিলেন। এদিকে আবার বিন্ধাবাসিনীও বলিলেন—'ভোমৱা ব্রজের ধন ব্রজেই আছু, আমি কেবল কালক্ষেপের জন্ম তোমাদের এই লীলাব্যাপার অনুথ প্রপঞ্চিত করিয়াছি। শ্রীকৃষ্ণ ব্রজেই আছেন এবং ব্রজেই ছিলেন।' সকল অম ঘুচিয়া গেল। যোল আনা নাটক-খানি একটি नीर्घ স্বপ্নের মত সামাজিকদের চিতক্ষেত্রে স্থবর্ণরেখা অন্তিত করিয়া শেষ যবনিকায় পরিসমাপ্ত চইল।

বিদগ্ধমাধব ও এই নাটক স্থুলতঃ
নীলাচলে শ্রীমন্ মহাপ্রভুর সমক্ষে
সার্বভৌম-রামানন্দ-স্বরূপাদি ভাগবতগণের সভায় আলোচিত হইয়াছিল।
চমৎকারিতায় ও রসমাধুর্য-বর্ষিতায়
শ্রীরায় রামানন্দের মুথে ইংহারা
বলাইয়াছিলেন—

কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক-লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেম-পরিপাটী এই অভুত বর্ণন।
শুনি চিন্তকর্ণের হয় আনন্দ-ঘূর্ণন॥
শ্রীরাধাকুণ্ডে শ্রীদাসগোস্থামিতে
ললিতমাধ্বের বিরহ-পরম্পরার যে
প্রভাব-প্রতিপত্তি প্রতিফলিত

হইরাছিল—তাহাও ইঁহার উজ্জ্বলতা ও লিখন-চাতুরীরই প্রকট দুষ্ঠান্ত।

ইহার রচনাকাল ১৪৫৯ শকাকা। প্রাম্বাদ-১৭০৯ শাকে নিত্যানন্দ-বংশ্ব শ্রীম্বরূপ-গোম্বামিকত প্রেম-টীকাকার—শ্রীজীবপাদের কদম্ব । শিয়া শ্রীরাধারক দাস বলিয়া প্রকাশ। ই ললিভমাধবনাটক টিপ্পনী—(१) এই টিপ্লনী শ্রীবিশ্বনাথের রচিত কিন তৎসম্বন্ধে নিঃসন্দেহ হইতে পারি নাই। আদি বা অন্তে কোন স্থানে কোনরূপ বর্ণনা বা পুষ্পিকাদি নাই: কেবল মূল গ্রন্থেরই ব্যাখ্যা দেখা যাইতেছে: কেহ কেহ প্রীজীবপাদের শিষ্য প্রীরাধারুষ্ণ দাস-ইহা বিরচিত; কিন্তু তদ্বিষয়েও বিশেষ কোনও প্রমাণ নাই। লীলামভরসপুর—শ্রীখণ্ডের গোপাল ঠাকুর-রচিত শংস্কৃত বৈষ্ণব নিবন্ধ। ইহার বৃত্তি লিখেন—হরিচরণ ঠাকুর এবং অনুবাদ করেন-রিসিকানন (বাঙ্গালা প্রাচীন পুর্থির বিবরণ ৩।১৩৫-১৩৬ পৃষ্ঠা)

লীলান্তব—শ্রীপাদ সনাতন প্রভু এই গ্রন্থরে শ্রীমদ্ ভাগবতের দশম স্কল্পের প্রথম ৫৫ অধ্যায়ের লীলাস্থর নামাকারে গ্রন্থিত করিয়াছেন। তাঁহার প্রাণকোটিপ্রিয়তম শ্রীমদ্ভাগবতের শ্লোকসমূহদারাই এই গ্রন্থানি স্থকোশলে ও স্থরসালভাবে শ্রীপাদ রচনা করিয়াছেন। কোথাও পাঁচ সাতটি শ্লোকের আশ্ম একটি শ্লোককেই উপজীব্য করত সাত আটটী শব্দ যোজনা করিয়া তিনি শ্রীকৃঞ্বের নাম্যালা গুল্ফন

করিয়াছেন। শ্রীমদ্ভাগবতের - > >।
২০ ৭২৬ শ্লোকের 'শিরো মৎপাদয়োঃ
কথা' ইত্যাদি শ্লোকে যে অভীষ্টদেবের শ্রীচরণতলে দণ্ডবৎ প্রণতি
করিবার ব্যবস্থা দিয়াছেন—ভাহাই
অবলম্বনপূর্বক শ্রীপাদ ৪৩২ শ্লোকে
২০৮ দণ্ডবৎ প্রণামের ইঙ্গিত
দিয়াছেন। প্রতি চারি শ্লোকে একটি
দণ্ডবৎ অথবা প্রতি প্রকরণে একটি
দণ্ডবৎ করাই অভিপ্রেত। বলা
বাহুল্য যে শ্রীপাদ স্বরংই প্রকরণরচনা করিয়াছেন।

প্রথমতঃ শ্রীক্ষের বন্ধ, আত্মা ও ও ভগবান – এই ত্রিবিধ প্রকাশের বন্দনা করা হইয়াছে। ভৎপরে মহাবিষ্ণু-স্বরূপকে বন্দনা করিয়া চতুর্দশ মন্বস্তবের ও লীলাবতারাদির বন্দনা করা হইয়াছে। অতঃপর যুগাবতার ও এক্রিফের পরাবত্ব-স্বরূপদ্বরে (নুসিংহ ও রামচন্দ্রের) পুনরায় বন্দনা করিয়া শ্রীদশমের প্রথমাধ্যায় হইতে আর্ভ ক্রমশঃ প্রতাল্লিশ অধ্যায়ে প্রীনন্দ-বিদায় পর্যন্ত যাবতীয় লীলাস্ত্রাবলি গ্রথিত হইয়াছে। তৎপরে বিভিন্ন প্রকরণে শ্রীনীলাচলচন্দ্রের, শ্রীগৌরাঙ্গ-দেবের, এভগবৎ-বিভৃতিসমূহের এবং ভগবদর্চামৃত্তিসমূহের বন্দনাপূৰ্বক সর্বশান্ত্রমুকুটমণি শ্রীমদ্ভাগবতের ভূষ্মী স্তুতিমাল্য সংযোজনা করিয়াছেন। উপসংহারে গ্রন্থের প্রাণস্পর্নী ভাষায় নিজের মহাদৈত্ত-স্থচক শ্রীক্লফের করুণামাহাত্ম্যের বন্দনা করিয়াছেন। যাঁহারা প্রীমদ্-ভাগৰত নিত্য পাঠ করিতে ইচ্ছা বিশালতা গ্রস্থের করেন. অথচ

দেখিয়া সম্কৃচিত হন, তাঁহাদের পক্ষে এই গ্রন্থ সবিশেষ উপযোগী। রচনার আদর্শ—(শ্রীমদ্ভাগবতের বন্দনা ৪১২—৪১৬)

সর্বশাস্ত্রান্ধিপীযুষ সর্ববেদৈকসংফল।
সর্বসিদ্ধান্ত-রত্নাত্য সর্বলোকৈকদৃক্প্রদ॥ সর্বভাগবত-প্রাণ শ্রীমদ্ভাগবত প্রভা। কলিধ্বান্থোদিতাদিত্য শ্রীকৃষ্ণ-পরিবর্ত্তিত॥ পরমানন্দপাঠার প্রেমবর্ধ্যক্ষরার তে। সর্বদা
সর্বদেব্যায় শ্রীকৃষ্ণায় নমোহস্ত মে॥
মদেকবন্ধো মৎসঞ্জিন্ মদগুরো

মনাহাধন। মলিস্তারক মছাগ্য মদানক নমোহস্ত তে॥ অনাধু-সাধুতাদায়ি-ন্নতিনীচোচ্চতাকর। হা ন মুঞ কদাচিনাং প্রেম্ণা হৃৎকণ্ঠয়োঃ স্ফুর॥ **(लाठनद्वाठनी —**— উष्क्रननी नम्पित প্রীজীবকৃত টীকা: উজ্জ্বলনীলমণি যে ভক্তিরসামতের পরিশিষ্টই—ইহা তত্ত্ববিদ্গণ একবাক্যে করেন। স্বয়ং গ্রন্থকারও এবিষয়ে (উ° ১।২) শ্লোকে ইঙ্গিত দিয়াছেন। টীকার প্রীজীবপাদ প্রারজে বলিয়াছেন যে প্রাচীনকালে এইরি- ভজিরশামৃতিসিন্ধ যথন ছ্রালোক
অর্থাৎ বিদ্মাণ্ডলীতে যথোচিত
আলোচিত হইতেছিল না, তখন
এই উজ্জলনীলমণির 'লোচনরোচনী'
(নয়নরশানন) এই বিবৃতি রচিত
হইয়াছে। 'লঘুছমত্ব যৎ প্রোক্তং'
এই শ্লোকের ব্যাখ্যায় শ্রীজীবপাদের
'স্বকীয়া' ব্যাখ্যা এবং শ্রীচক্রবর্তিপাদের 'পরকীয়াব্যাখ্যা' প্রভৃতি
শহন্দে বিস্তারিত আলোচনা এই
অভিধানের প্রথমখণ্ডে ৯০০—৯০৫
পৃষ্ঠায় দ্রেইব্য।

-

বংশীলীলামূত—বংশীবদন ঠাকুরের শিষ্য জগদানন্দ-ক্বত জীবনী (বংশী-শিক্ষা—৮১ পৃঃ)।

বংশীবটমাধুরী—গ্রীমাধুরীজি বিরচিত
৩০৮ দোহা, চৌপাই, কবিত
প্রভৃতিতে পূর্ণ ব্রজভাষায় লিখিত।
পদাবলী।

উপক্রম—চারুচরণ চৈতগুচন্দ্র মন বচ কর ধ্যাউঁ। সদা সনাতনরূপ বাস বুন্দাবন পাউঁ॥ ১

বংশীবিলাস—শ্রীরাজবল্পত গোস্বামিরিত। ইহাতে বংশীবদনের মহিমা বিস্তারিতভাবে প্রকাশিত হইরাছে। বংশীশিক্ষা——শ্রীচৈতস্তচন্দ্রোদয়-কোমুদীর পরে ১৬৩৮ শকে প্রেমন্দাস (পুরুষোভ্য মিশ্র সিদ্ধান্তবাগীশ) প্রণয়ন করেন। বংশীশিক্ষায় চারিটী উল্লাস। তন্মধ্যে প্রথম তিন উল্লাসে ও চতুর্থের কিয়দংশে শ্রীমন্মহাপ্রস্থু-

কর্তৃক বংশীবদনকে শিক্ষাদান-বিষয়ক
তত্ত্বকথা এবং শেষভাগে শ্রীগোরাক্ষের
সন্ন্যাস ও কবির পুত্তপোত্রাদির
ইতিবৃত্ত বর্ণিত হইয়াছে। ইহাতে
স্বর্নচিত ৩টি পদ এবং বংশীবদনাদি
পূর্ব কবিক্বত ৪০টি পদ সমান্ত্রত হইয়াছে।
বনবিহারলীলা —— শ্রীগোপালভট

গোস্বামির অহবায়ী দক্ষস্থী ১৮৩৫
সম্বতে ৭২ পদে (ব্রঞ্জাবায় দোহা
ও চৌপাই ছন্দে) রচনা করেন।
বল্লভলীলা—বাঘনাপাড়ার রামচন্দ্র
গোস্বামির ভ্রাতুষ্পুত্র শচীনন্দনের
দ্বিতীয় পুত্র শ্রীবল্লভ-কর্তৃক রচিত
পদাবলী—(বংশীশিক্ষা ২৩২ পৃঃ)

বস্তুবোধিনী— প্রীবন্ধগোপালজী-কৃত বন্ধহত্তের গৌরবিনোদিনী বৃত্তি ও প্রীরাধামাধব-ভাষ্য অবলম্বনে রচিত টিপ্পনী। বিচিত্রবিলাস—ভাজনঘাটের ত্ব-প্রসিদ্ধ কবি শ্রীকৃষ্ণকমল গোত্থামি-রচিত বাঙ্গালা গীতকাব্য।

বিদশ্বচিন্তামণি—ওচ দেশীয় অভিমন্তা সামস্ত সিজার মহাপাত্র-কন্ত্রক রচিত। ৯৬টি ছান্দে বিবিধ শ্ৰীকৃষ্ণলীলা বৰ্ণিত হইয়াছে। গ্রন্থে মঙ্গল, সিন্ধুড়া, রসকোইলি, কল্যাণ আহারী, কেদার ও কামোদী প্রভৃতি রাগরাগিণী স্থচিত হইয়াছে। অলম্বার - পরিপাটিও দ্রষ্টবা : অ-কারাদি ক্রমে অনুপ্রাস, শৃঙ্খলাবন্ধ বহুবিধ ছন্দ প্রভৃতি কবির কাব্যরচনা-কুশলতার পরিচায়ক। কবি ১৬৭৯ শকে কটকে বালিয়া গ্রামে জন্মগ্রহণ করিয়াছেন। আদর্শ--রচনার (চতুৰ্দশ ছাব্দ)

(>) শ্রবণে ধীরে শ্রবণে ধীরে লভিব মহানন্দ। ভাবি নিরত ভাবিনী ्रिम्मण्डमधी विश्वात । उर्दाण्डमधी विश्वात । उर्दाण्डमधी विश्वात । विश्वात

রত হোই পরমানন। ১॥ ভাসস্তি রসে ভাষন্তি রসে মিত আগরে বসি। গুণীতিলক গুণিতিলক যুগ হইলা আসি॥২

৫২' ছাব্দে 'দৃতীযুগল অনুরাগ-কথন', ৬৭ ছান্দে 'বাৎসল্যমেহে যশোদা' এবং ৭৬ ছালে 'সখাস্ক শ্রীক্বঞ্চর ছলোক্তি' প্রভৃতি অত্যাপি উৎকলে সমাদরে গীত হইয়া থাকে। विषयमाधव नाउँक->४८८ भारक এই নাটক-রচনা সমাপ্ত প্রায়িকী ও কাদাচিংকী লীলার সমাবেশে একখানা নাটক করিবার অভিপ্রায় থাকিলেও খ্রীসত্যভামা-দেবী এবং শ্রীমন্মহাপ্রভুর আদেশে শীরূপ তুইখানি নাটকই করিয়াছেন। প্রায়িকী লীলায় শ্রীরুঞ্চের পরিকর ও পুর-পরিকর ভিন্ন ভিন্ন। পরিকরগণ ভিন্ন হইলে শ্রীকৃষ্ণ ত্রজ হইতে যখন পুরে গমন করেন, তখন ব্রজবাসীদের যে বিরহ উপস্থিত হয়, শ্রীকৃষ্ণের ব্রজে পুনরাগমন ভিন্ন সেই বিরহের অব্যান না হওয়ায় রসের পুষ্টি হয় না। এইজম্মই ভাগবতগণ সিদ্ধান্ত করিয়া থাকেন যে শ্রীকৃষ্ণ অপ্রকটপ্রকাশে শ্রীকৃষাবন ত্যাগ না করিয়া স্দাই ব্ৰঞ্জে ক্রীড়া করেন এবং প্রকটপ্রকাশে শীবুন্দাবন ত্যাগ করিয়া পুরে গমন ও পুর হইতে ত্রজে প্রত্যাগমন করেন। ব্রজ হইতে পুরে গমন করিলে ত্রজে তিনমাস্ব্যাপী বিরহ হয়। ঐ বিরহ-জনিত ক্লান্তির উদ্রেকে ব্রজবাসিদের চিত্ত যখন অত্যন্ত অধীর হইয়া যায়, তখন প্রীকৃষ্ণ উদ্ধবাদিদারা নিজ সমাচার প্রেরণের সহিত ব্রজে আবিভূতি হন। তাঁহার আবিভাব হইলে ব্রজবাদিগণ তাঁহার পুরগমন-বুডান্ড স্বপ্ন বলিয়া অফুভব করেন। পরে শ্রীরুষ্ণ ব্রজে আগমনানন্তর মাসদয় প্রকট বিহার পূর্বক নিতালীলায় অবস্থান করেন। তৎকালে অর্থাৎ যথন শ্রীবৃদ্ধাবন লীলা অপ্রেকট হয়, তখন পুরলীদা প্রকট থাকে: কিন্তু শ্রীমদভাগবতে ইহার স্পষ্ট বর্ণনা না নিবতিশ্য থাকায় ব্রজোপাসকের वर्ष्ट इया थे वर्ष्ट्रेत বারণার্থই গ্রীগোস্বামী কাদাচিৎকী লীলা-বলম্বনে নাটক রচনা করিতেছিলেন। কাদাচিংকী লীলায় ব্রজপরিকর ও ও পুরপরিকর একই, অতএব ঐ লীলায় শ্রীকৃষ্ণ ব্রজ হইতে পুরে আগমন করিলেও ব্রজবাসিরা পুরেই শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া বিরহ-সন্তাপ হইতে মুক্তি পাইয়া থাকেন। এইরূপে রসেরও যথেষ্ট পোষণ হয়: কিন্তু সত্যভাষা দেবী ব্ৰজ্গীলার ব্রজেই এবং পুরলীলার পুরেই পরি-সমাপ্তি করিতে আদেশ করিলেন। প্রায়িকী লীলার অমুসরণ ভিন্ন বজ-লীলার ব্রজে পরিসমাপ্তি হয় না: অতএব প্রায়িকী লীলার অনুসারে ব্ৰজ্লীলাময় নাটক ও কাদাচিৎকী লীলার অনুসরণে পুরলীলাময় নাটক রচনা করিতে হইয়াছে। [প্রীগৌর-স্থব্দর-- ৪৬১ পৃষ্ঠা] আবার প্রেমাতিশয্যনিবন্ধন ব্রজধামে শ্রীকৃষ্ণ পূর্ণতম আর মথুরায় বাহ্মদেব পূর্ণতর এবং দারকার পূর্ণ। যদি

বিরহাপনোদনের জন্ত নিত্য বুন্দাবনে

অবস্থানই স্বীকার্য হয়, তাহাতেও

লীলাশক্তির অচিন্তা শক্তিতে বিরহ সম্ভাবিত হয়, কিন্তু যদি বলি এই ব্রজেন্দ্রনার কার্যবিশেষে লীলাবিশেষ-সাধনার্থ মথুরাদিতে গমন করিয়াছেন, তাহাতেই হানি কি গ এ সম্বন্ধেও নৈষ্ঠিক ভক্তগণের বিচিত্র সিদ্ধান্ত এই যে শ্রীবৃন্দাবনেই প্রেমমাধর্ষময় শ্রীভগ-বানের স্বয়ংরূপ নিতা বিভ্যান। অন্তত্ত এই আকার, এই বেশ ও এই ভাব অতীব অস্বাভাবিক। একস্থানের বস্তুকে অম্বত্র রাখিয়া ভাবিতে গেলে ভাববিরোধ অনিবার্য। এই যুক্তিতে**ই** শ্রীরূপের নাটক-বর্ণনার ঘটনা পরি-বর্ত্তিত হইল। 'তুণ্ডে তাওবিনী' শ্লোক পাঠ করিয়া শ্রীমহাপ্রভুর অপূর্ব ভাবাবেশ এবং শ্রীহরিদাস ঠাকুরের আনন্দোচ্ছাসের পর হইতেই ইঁহার গ্রন্থের শ্লোকমাধুর্য নিজে আস্থাদন করিতে এবং রামানন-সাৰ্বভৌমাদি স্বগণকেও আস্বাদনঃ করাইতে মহাপ্রভুর যে তীব্র বাসনা হয় এবং তাহা কিরূপে ফলবতী হয়, সেই শব বুতান্ত চরিতামৃত (অন্ত্য ১ম) হইতে জানা যায়। এই নাটকে ধীরোদাত ও লালিতা

এই নাটকে ধীরোদান্ত ও লালিত্য গুণযুক্ত প্রীক্ষণ্ডই নায়ক। প্রীপাদ সাতটি অঙ্কের প্রত্যেক অঙ্কে বিবিধ কল্পনা-কুশলতায় নাটকখানিকে দর্শক ও শ্রোত্বর্গের আনন্দ-বর্দ্ধক করিয়া তুলিয়াছেন। প্রথমাঙ্কে—বেণুনাদ-বিলাস, দিতীয়ে মন্মথলেখ, তৃতীয়ে শ্রীরাধাসঙ্গম, চতুর্থে বেণুহরণ, পঞ্চমে শ্রীরাধা-প্রসাদন, ষঠে শরদ্বিহার এবং সপ্তমে গৌরীতীর্থবিহার বণিত্ত হইয়াছে। একে ত শ্রীক্ষপের কবিছ্ব- মাধুর্য, তাহাতে আবার শ্রীরাধাক্তফের অনস্ত সৌন্দর্যমাধুর্য-ময় রসসিদ্ধর অনস্ত তরঙ্গ, কাজেই বহুল অপূর্ব চিত্রচমক-প্রদ উপভোগ্য বস্ত এই নাটকে পরিলক্ষিত হয়।

প্রথমান্তে—নাটকীয় লক্ষণ-সমূহের যথারীতি नानी. অনুসারে व्यद्वाहनानि ; नान्तीमूथी ७ (शोर्न-মাসীর কথোপকথনে শ্রীক্ষের প্রতি শ্রীরাধার প্রগাচ অনুরাগসূচনা, শ্রীকৃষ্ণনামের অপূর্ব মহিমা-উট্টক্ষন (তুত্তে তাণ্ডবিনী), পদ্মপ্রশাশলোচন পীতাম্বর বনমালী গ্রামস্থনরের গোষ্ঠ-প্রবেশ, নন্দযশোদার বাৎসল্যাদি-বর্ণনপূর্বক অপরূপ বৃন্দাবনশোভা-সমৃদ্ধি-দর্শনে শ্রীক্লফের মোহন বংশীবাদনে বস্তুনিচয়ের স্বভাবব্যতায় — (কৃদ্ধন্মুভূতঃ) জলধরের গতি-রোধ, তুত্মুরুর চমৎকারিতা, স্মাধিভঙ্গ, ব্রহ্মার সনকাদির বিশ্বয়োৎপাদন, বলিরাজের অস্থিরতা, নাগরাজের মস্তকঘূর্ণন এবং ভ্রন্ধাণ্ড-কটাহের আবরণ ভেদপূর্বক অপূর্ব মুরলীধ্বনি উথিত হইল। বুন্দাবনে বাসন্তী সুষমা (কচিদ্ভঙ্গীগীতং), পৌর্ণমাসী-কর্ত্তক শ্রীরাধায় শ্রীক্লফের পুর্রাগ-পরীক্ষা, 'রাধানাম'-শ্রবণে শ্রীক্লফের ভাববিকার; প্রিবাধার স্থীগণ সহ কাননে প্রবেশ, মুরলীধ্বনি-শ্রবণে এগন সময় অপূর্ব আনন্দবেদনা, <u>প্রীরাধার</u> বিশাখার হস্তে চিত্রপট দেখিয়া ঐ বেদনার বৃদ্ধি।

দ্বিতীয়াক্ষে—নিদারুণ চিন্তা দেখিয়া বিশাখার প্রশ্নের উত্তরে শ্রীমতী বলিতেছেন — 'সেই i

মুরক্তরুচি-বিনিক্তি শিখিশিখ্ওধারী নবীন্যুবা' চিত্রপ্ট হইতে বাহির হইয়া আমাকে কটাক্ষবাণে বিদ্ধ করিয়াছে। শ্রীরাধা স্থপ্ন কি জাগরণ, দিবা কি রাত্রি—সেই বোধও এক্ষণে হারাইয়া বলিতেছেন—'কদম্বতরুমলে দেই কামুকচ্ডামণি আসিয়া নিষেধ-সত্ত্বেও আমার হস্তধারণ করিয়াছে —তাহার স্পর্শে আমার মহা বিক্লবতা আসিয়াছে !! স্থি ! আমার এক্ষণে মুর্জ্ছাই তুঃখমোচন করুক, আমার এই ব্যাধি-মোচনের জন্ম তোমরা কোনও চেষ্টা করিও না- এক্ষণে মরণই মঙ্গল।' তৎপরে বলিতেছেন — 'লজ্জার কথা! আমার তিন পুরুষে রতি হইয়াছে !! (একশু শ্রুতিমেব) 'কুফ' এই নামধারীতে, বংশীবাদকে এবং চিত্রপটে অন্ধিত রতি, কি এককালে স্ব্নাশ !!!' 'এই তিন পুরুষ্ট এক শ্রীকৃষ্ণই' এই কথা-শ্রবণে শ্রীমতীর নান্দীমুখী আসিয়া সুস্তালাভ। দেখিয়া <u> খীবাধার আক্লের ভাব</u> পৌর্বমাসীকে নিবেদন করিতে প্রস্থান করিলেন: অনন্তর পৌর্ণমাসী ও কথোপকথনে শ্রীরাধার পর্বরাগ-জনিত হৃদয়ের ভাব দৈহিক চেষ্টা স্পষ্টদ্ধপে প্রকাশিত • ইয়াছে। তাঁহারা দেখিলেন শ্রীরাধার চিত্তভূমিতে কোনও এক নবীন গ্রহ প্রবেশ করিয়াছে; ইহাই ন্ধান্তুরাগ-বীরের অতি তুৰ্গম গভীর বিক্রম-বৈচিত্র্য। এই প্রগাঢ় অমুরাগ-বিবর্ত্ত স্ভ্য-সত্যই বৃদ্ধির অগোচর, কেন্না (পীড়াভির্নবকালকূট) নন্দনন্দন-নিষ্ঠ

প্রেমের এমনই স্বভাব যে উহা একাধারে বক্ত ও মধুর !! পৌর্ণমাসী-কর্ত্তক শ্রীরাধার উৎকট ভাবদর্শনে 'অনঙ্গলেখ' প্রস্তুত করিতে নির্দেশ দান। ইহার পরে শ্রীকুফের পূর্বরাগ —ললিতাকত্ৰ শ্রীরাধা-রচিত ক্রিকাকুস্থমকোরকপত্র-সমর্পণে শ্রী-কৃষ্ণ ব্রহ্মচর্যের ভাগ করত প্রতিকূলে উদাসীনতা অব্লেম্পন করিলে ললিতাকে নিরাশ করিয়া স্বন্ধু ক্বিতা-বোধে পশ্চাতাপ করিতেচেন—(শ্রুতা নিষ্ঠুরতাং) ভৎপরে প্রীরাধার উৎকণ্ঠা, ব্যাকুলতা છ নিদারুণ বিশাখার বিবিধ সাত্তনাদানেও শ্রীমতী বলিলেন (যভোৎসঙ্গস্থাশ্যা) 'যাহার সজ-প্রাপ্তিকামনার ধর্মনাশ করিয়াও গুরুজন-লজ্জা প্রভৃতি স্ব ত্যাগ করিয়াছি, সেই যখন নিরাশ করিল, তখন আমার মরণই শ্রেয়ঃ' এই বলিয়াম্চিতা হইলে বিশাখা অঙ্গম্পৃষ্ঠ বিলেপন. মাল্যাদি ও নাম ছারা তাঁহার চৈত্ত্য-সম্পাদন করিলেন। অতঃপর প্রীরাধা কালীদহে প্রবেশ পূর্বক প্রাণত্যাগ করাই স্থির করত বিশাখাকে লইয়া ঘাদশাদিতা ভীর্থের উদ্দেশ্যে গমন করিতেছেন। এদিকে শ্রীক্লম্ভও মধ্ব-মঙ্গলসহ ভামতীর্থে উপস্থিত হইয়া শুনিলেন ও দেখিলেন যে তাঁহার প্রাণসর্বস্থা শ্রীমতী সখীর নিকট চির বিদায় গ্রহণ করিতেছেন, (গৃহান্তঃ খেলস্ত্যো) শ্রীকৃষ্ণকে উদ্দেশ করিয়া শ্রীমতী বলিতেছেন—'যাহার জন্ত আমরা গৃহখেলাদি ত্যাগ করিয়া কুপথচারিণী হইয়াছি. তাহার কি এক্ষণে উদাসীন হওয়া

মাত্রেই আঁধারে ডুবিয়া গেল !! তৃতীয়াঙ্কে—খঞ্জনাক্ষী শ্রীরাধার বিশাসমঞ্জরী-কর্ত্তক শ্রীক্ষণ্টের চিত্ত-অমরের মুগ্ধতাপাদন দেখিয়া পৌর্ণ-

নিপুণতার সহিত শ্রীরাধাকে আসর

মরণ হইতে ফিরাইয়া আনিলেন,

কিন্তু প্রেমলীলার ছুর্টেনস্বরূপা জরতী

জটিলা আসিয়া অন্তরায় ঘটাইলেন।

অমাপ্রতিপদী চাঁদের রেখা উদয়-

মাসী শ্রীরাধাবিষয়ক কথার উট্টন্তন করিলে শ্রীক্লফের অবছিখা-মধু-মঙ্গলের মুখে কিন্তু শ্রীক্ষাঞ্চর জাগর্যা প্রভৃতির শ্রবণে পৌর্ণমাসী আশ্বন্ত হইয়া শ্রীরাধার মুর্জান্ত বিবিধ ভাব-विकारतत विवत् पिरल श्रीकरकात অমুমতি-স্চক দক্ষিণ নয়নের নিমীলন দেখিয়া পোৰ্থমাসী সঙ্কেতস্থান নির্দেশ পূর্বক প্রস্থান করিলেন। এদিকে শ্রীরাধা বিশাখার শ্রীক্ষমিলনের জন্ম তীর উৎকর্পা প্রকাশ করিতে থাকিলে পৌর্ণমাসী আসিয়া তাঁহাকে বলিলেন—'বল্ল-চেষ্টাতেও প্রীক্ষের উদাগীতা দুর করিতে পারিলাম না. অতএব অস্ত উপায় অবলম্বন কর।' পৌর্ণমাসীর এই বাকো শীরাধার উতাননয়ন দেখিয়া পুনরায় আখাসদানে শ্রীক্বফের প্রোচ প্রেমের অভিব্যক্তি ললিতাকে বলিলেন 'তুমি সঙ্কেতিত কর্ণিকার কুঞ্জে শ্রীরাধাকে অভিসার করাও।' শ্রীরুফ্ট কিন্তু যথানিদিষ্ট মাকন্দকুঞ্জে আসিয়াও বিশাখাকে না দেখিয়া ব্যগ্র হইলেন. কিয়ৎক্ষণ পরে বিশাখ! আসিয়া বলিলেন 'অভিমন্তা শ্রীরাধাকে মথুরায় পাঠাইয়া দিয়াছে। ' একথা শুনিয়া শ্রীকৃষ্ণের মূর্চ্চা হইলে বিশাখা আবার শ্রীরাধার অপূর্ব অমুরাগ প্রকটনে (দুরাদণ্যমুসঙ্গতঃ) তাঁহাকে সান্থনা দিয়া সঙ্কেত কুঞ্জের দিকে লইয়া গেলেন। এদিকে আবার বিশাখার বিলম্বে শ্রীরাধার নানা আৰম্ভা, উদ্বেগ, খেদ ইত্যাদি। সঙ্কেত কুঞ্জে উভয়ের সাক্ষাৎকার, मथीरात तक्षतम, नवमक्राय श्रीताशात লজা-ভয়াদি পরিহারজক্ত স্থীদের চেষ্টাদি— এমন সময়ে মুখরার দর্শনে এক্ষের বনান্তরালে প্রবেশ, মুখরার নিদ্রাবেশে গৃহমধ্যে গমন, শ্রীক্লফের পুনরায় কুঞ্জে আগমন, ললিতা বিশাখার পুষ্পচয়নচ্ছলে বহির্দেশে গমন, নিকুঞ্জচন্দ্রশালিকায় উভয়ের গ্যনাদি ৰণিত হইয়াছে।

চতৃর্থাক্ষে-পূর্বরাগ ও সম্ভোগাদি দ্বারা স্বপশীয় রস বিবৃত করত একণে রুস-পৃষ্টির জন্ম বিপক্তিদ বর্ণনা করিতে প্রবৃত্ত হইয়া শ্রীপাদ বৈশাখী পূর্ণিমা হইতে চারি রাত্রির করিতেছেন। নান্দীমুখীর সহিত বিপক্ষ প্রাস্থীর কথোপ-কথনে প্রকাশ পাইল—'এফণে नाशवी ध्रुष्ट नयुना नम श्रीनमानमान গোবর্জনক করা-মন্দিরে গমন করিয়া-ছেন।' স্থবলের নিকট একফের **हलावनी-पर्यन्नालमा छापन এবং** गुत्नी-निनाम। गुत्नी-खरान हता-বলীর আক্ষেপ-চন্দ্রাবলীকে সমুখে দেখিয়া স্থাতি—এম্বলে শ্রীক্লফের বল্ল-নিষ্ঠ প্রেমের অভিব্যক্তি বলিয়া মনে হইতেছে। এীরাধাবিষয়ক প্রগাঢ় প্রেমোৎকণ্ঠা বছন করিয়াও তিনি চক্রাবলীর কুঞ্জে গমন পূর্বকও নেইরূপ ভাবই প্রকাশ করিলেন, কিন্তু ইহা শঠতা ব্যতীত অপর কিছুই মছে। কেন না. তিনি বলিতেছেন —'ए लाहरनकी-वत्रहिका हसा-বলি। তোমার বিরহে আমি অতান্ত অবসর হইতেছিল্মি: অক্সাৎ বন মধ্যে মধুর-রসা, শীতলম্পর্শা, অমৃত-ময়ী 'রাধা' মিলিত হইয়া আমার ভাপনির্বাণ করিয়াছে। এই কথা

ৰলিতে না বলিতেই সমন্ত্ৰমে বলিয়া উঠিলেন—'ধারা, ধারা'। গোত্রস্থালন ছইল দেখিয়া চন্দাবলীর অস্থা-প্রকাশে শ্রীক্ষাের সহিত তাঁহার ও পন্মার বিদগ্ধতাপূর্ণ প্রণয়-কলহ আরম্ভ হইল। তৎপরে ভদ্রকালী-দর্শনের ছলে শ্রীক্বফের প্রস্থান. কেশরকুঞ্জে শ্রীরাধাকে আন্যন্জন্ত স্থুবলকে প্রেরণ, শ্রীরাধার কেশর-কুঞ্জে আগমন, শ্রীক্ষাের চতুরতাপূর্বক বনমধ্যে আত্মগোপন, ক্রীড়াকুঞ্জে শ্রীরাধার বাসকসজ্জা-নির্মাণ; কিন্তু রাত্রি ক্রমশঃই অধিক হইতে থাকিলে শ্রীমতীর হৃদয়ে উৎকণ্ঠাও বুদ্ধি হইতে লাগিল। যুগপৎ নির্বেদ চিন্তা, খেদ, মুৰ্চ্চা ও নিশাসত্যাগ প্রভৃতি বিপ্রবন্ধা নায়িকার লক্ষণ প্ৰকাশিত इहेन। <u>শ্রীরাধাতে</u> শ্রীরাধিকা ভাবিলেন—'পদ্মা বোধ হয় তাঁহাকে কোথাও অবরোধ করিয়াছে।' বিরহব্যাকুলা শ্রীরাধা তখন ললিতা ও বিশাথাকে লইয়া কিয়দ্দুর **এ**কিফাবেষণে তাঁহাকে দেখিতে পাইলেন—তথন উভয় পক্ষে বিবিধ পরিহাস-বাক্য আরম্ভ হইল: অতঃপরে চন্দ্রাবলীর কথার উত্থাপনে এরাধার অসমা इट्रेन, किंख छाहात क्रोक्नारन সমোহিত হইয়া এক্সঞ্চ পুষ্পপৃটিকার সহিত মুরলীও অজ্ঞাতদারে শ্রীরাধার বস্লাঞ্চলে সমর্পণ করিলেন। এক্সঞ-গাত্তে রতিচিক্লাদির দর্শনে শ্রীরাধার খণ্ডিতাভাব হইলে তাঁহার সম্ভোষার্থ শ্রীরাধার রূপবর্ণনাছলে দশাবতারের দেখাইতেছেন, **সহিত** <u> শাদৃশ্</u>য দলিতাও আবার তৎপ্রত্যুত্তর দান

করিলে প্রীকৃষ্ণ মধুমঙ্গলের रुटेट यहीयांना है नहेश विभाशात्क জ্ৰদক্ষেতে অমুকুল করিলেন। বিশাখা মানপরিহারের চেষ্ট্র করিলেও যখন শ্রীরাধার মান গেল না, তখন স্বয়ং মন্তক্ত ময়ুরপুচ্ছ-চড়াটিকেও ধূলি-ধূসরিত করত প্রণামপূর্বক জীরাধার কটাক্ষ-মাধুরী ভিন্ধা করিতেছেন। এমন মুখরা আসিয়া রসোল্লাসে বাধা বংশী-অৱেষণ শীরাধায় চৌর্যাপবাদ দিলে মুখরার গ্রীরাধাকে লইয়া প্রস্থান। পঞ্চমাঙ্কে—পোর্ণমাসীর মুখে শ্রীবাধামাধবের নৈস্গিক প্রেমের লক্ষণ প্রকটিত হইল। (স্তোত্রং যত্ত্ৰ ভটস্বতাং) যেস্থানে প্ৰশংসায় खेनामीछ-পূर्वक मत्नात्वमना নিন্দায় পরিহাস মনে করাইয়া উৎপাদন করে, অপরস্ক দোষেও অল্লভা পায় না বা গুণেও বৃদ্ধি হয় না—তাহাই নৈস্গিক প্রেম। প্রীক্ষের শঠতায় কিয়ং-ক্ষণের জন্ম যদিও ললিতার বাকা-কৌশলে প্রীরাধার হৃদয়ে মানের ভাব আসিয়াছিল, কিন্তু প্রগাঢ ব্যায় তাহা আর তিষ্ঠিতে পারিল না, তিনি কলহাস্তরিতার তাবে বিভোর হইলেন। তাঁহার রুষ্ণ-विखंग इंटेंटि नाशिन, यत इंटेन কুষ্ণ যেন বলাৎকারে তাঁহাকে আলিখন করিতেছেন। नान्नीमूत्री খভাবতঃ মৃত্বলা শ্রীরাধার শ্রীকৃষ্ণপ্রতি কাঠিতপ্রকাশের কারণ জিজাসা कतिरान । नानीयूथीत पूर्य शक्रिक्छत যোগিবৎ ভোগবিলাসত্যাগের বার্দ্তা-

শ্রীরাধা সখীদের শ্রবণে কারুণা করিলেন। এমন সময়ে শ্রীরাধা বংশীটিকে হাতে নিয়া প্রশংসা ও নিন্দা করিলে বিশাখা বলিলেন যে উহার আশ্চর্য গুণ এই যে বায়ুমুখে ধরিলে উহা আপনিই বাজে: এই কথায় শ্রীরাধা পরীক্ষা করিতে গিয়া বিপদ ডাকিলেন— বংশীনাদ-শ্রবণে জটিলা আসিয়া তৰ্জন গৰ্জন করিতে नांशिन। ললিতা ও স্থবলের বাক্চাতুর্যে মুরলী নিকেপ করিয়া প্রস্থান করিলেন। জ্রীরাধাকে পৌর্ণ-মাসী অভিসার করাইলেন, এক্রিঞ ধাানের তীব্রতায় সর্বত্রই রাধাময় জটিলার ভগিনী-দেখিতেছেন। পুত্রী সারঙ্গী অভিসারিতা রাধাকে জটিলাকে বলিয়া জটিলা ভীষণ ক্রোধে শ্রীরাধাকে ভংসনা করিতে করিতে হাত ধরিয়া টানিয়া লইয়া গেলেন। অভিমন্তা-প্রীরাধার বিবিধ লাঞ্চনার আশস্কায় শ্রীকৃষ্ণ বিষয়চিতে বিলাপ করিতেছেন, এমন সময় মধুমঙ্গল আসিয়া বলিলেন—'যখন জটিলা রাধিকাকে তাড়ন করিতেছিলেন. তখন শ্রীরাধা ঘোমটা খুলিয়া সর্ব-সমক্ষেত্ৰল হইয়া গেলেন এবং ললিভাও বুন্দা হইয়া গেলেন। জটিলা লজ্জায় পলায়ন করিয়াছে।' দখীদের চিত্তচমৎকারি-নৈপুণ্যে বজ-বাস্তবিক্ই সময়ে সময়ে এইরূপ অভতরসের লীলাম্বলী হইয়া থাকে। কিয়ৎক্ষণপরে ললিতা ও রাধা আসিলে শ্ৰীকৃষ্ণ-মধুমঙ্গল তাঁহাদিগকৈ বুন্দা ও স্থবল মনে

*করিয়া সম্বোধন করিতে লাগিলেন। আবার কতক্ষণ পরে প্রকৃত বুন্দা আসিলেও তাঁহাদের ভ্রম অপনোদন হইতেছে না দেখিয়া বৃন্দা বলিয়া দিলেন যে ইনিই প্রকৃত রাধা। শ্রীক্ষের ভ্রম ভাঙ্গিল, শ্রীরাধা মানিনী श्रेश कांनिए नाशितन। क्रक কাতরতা প্রকাশপূর্বক অমুনয় বিনয় করিতেছেন—ললিতা বলিলেন (ধারা বাষ্পময়ী ন যাতি বিরতিং) 'যে ব্যক্তি নন্দনন্দননিষ্ঠ প্রেম ধারণ করিতে ইচ্ছা করে, তাহার কখনও অশ্রধারার বিরতি হয় না।' শ্রীরাধা প্রসলা হইলে যেমন মিলনেব আনকোলাসময় বনবিহারের কথোপ-কথন হইতেছে, তথনই আবার জটিলা আসিয়া উপস্থিত হইলেন দেখিয়া শ্রীরাধা ললিতা ও বুন্দা ভয়ে প্রস্থান করিলেন বটে, কিন্তু ভটিলা রাধাকে স্থবল বলিয়াই মনে শ্ৰীকৃষ্ণ ও মধুমঙ্গল করিলেন। গোকুলে চলিয়া গেলেন।

ষষ্ঠান্তে-ভটিলা-কর্ত্ ক শ্রীরাধাঙ্গে পীতবসনদর্শনে মহাপোলযোগ এবং বিশাখাকত্ত্র তাহার শ্যাধান ! ললিতা, বিশাখা ও পদার আপন আপন যুথেশ্বরী-ছয়ের গৌরবে কলছ--বুন্দাবনে প্রবেশ করিয়া একুফের মুরলীধ্বনি-স্থীষয় সহ প্রীরাধার তত্র প্রবেশ এবং অপান্নভন্নিতে শ্রীকৃষ্ণরূপ-পান; এম্বলে শ্রীরাধা-কুষ্ণের কথোপকথন-বিলাসাদি অতি ত্মনিপুণতার সহিত শ্রীপাদ অঙ্কিত করিয়াছেন। ইহাতে প্রণয়িনীর কথায় কথায় অভিমান, বনাস্তরে পলায়ন, এক্লিঞ্চকত্ত্ব অন্বেষণ,

ললিতাবিশাখার স্থন্মর, সরল, সজীব ও মধুময় বাগ্বিভাস এবং স্বার্থসৃত্ত ব্যবহার ইত্যাদি এই অঙ্কের বৈশিষ্ট্য। সপ্তমাঙ্কে—পোর্ণমাসীর বাক্যে হইয়া অভিমন্থ্য-কন্ত ক আশ্বস্ত স্থগিত শ্রীরাধার মথরায় প্রেরণ সৌভাগ্য-পূর্ণিমার দিনে **ब्ब्रे**ग। গোপীরা উৎসবে মত্ত হইয়াছেন। চক্রাবলীর সহিত রুফ্ট ও প্রা-শৈয়ার কথাবার্তা হইতেছে, এমন সময় ললিতা ও বুন্দার উপস্থিতি, উভয়পক্ষে বাক্কলহ, হঠাৎ করালা আসিয়া চলাবলীকে লইয়া প্রস্থান করিলে শ্রীরাধা অভিসারিতা হইলেন. উভয়ের মিলন হইল। একিফমুখ হইতে 'চল্লে' বলিয়া সংখাধন শুনিয়া শ্রীরাধার কোপ. ললিত! বিশাখার আতান্তিক চেষ্টাতেও মানের অনুপশম-শ্রীকৃষ্ণ 'নিকুঞ্জ-শাজিয়া গৌরীগৃহে বিছাদেবী' অবস্থান করিতে লাগিলেন- ললিতা-বিশাখার সাহচর্যে শ্রীরাধার সহিত নিকুঞ্জবিত্যাদেবীর মিলন-হঠাৎ গৌরীগৃহে জটিলা ও অভিমন্থ্য প্রবিষ্ট হইয়া দেখিলেন যে সাক্ষাৎ মহেশ-শ্ৰীবাধা আরাধনা করিতেছেন। অভিমন্থার জীবনসন্ধট জানাইয়া গৌরী ও বৃন্দার বাক্-চাতুরীতে এীরাধার মথুরায় যাওয়া স্থগিত হইল। পৌর্ণমাসীর আগমন ও অখণ্ড নিকুঞ্জবিলাসের ইঙ্গিত। এই বিদ্যমাধ্য নাটক—প্রেমানন-রুসের উতাল ত্রঙ্গময় মহাসাগর.

শ্রীরাধার বিলাস ও বিচ্ছেদে চিহ্নিত:

এই ७४ कनाशाती श्रीविषयगाधवतक

সজ্জনগণই অমুশীলন করিবেন।

वर्ष नाठेटकत वकि नैका चाटह, ভাহা শ্রীবিশ্বনাথের নামে আরোপিত হইলেও প্রকৃতপ্রস্তাবে তদীয় শিষ্য শ্রীকৃঞ্চদেব-সার্বভৌমকৃত। শ্ৰীয়ত্ব-নন্দনঠাকুর 'রসকদম্ব' নামে ইহার একটি পদ্মান্তবাদও করিয়াছেন। বিদশ্বনাধ্ব-নাটক-বিবৃত্তি---এই বিরুতিটী শ্রীবিশ্বনাথের নামে বছরম-পুর সংস্করণে আরোপিত হইলেও কিন্তু তাঁহার রচনা বলিয়া ধারণা হইতেছে না। **শ্রীচক্রবর্ত্তিপাদের** ভাষার সহিত থাঁহাদের স্বন্ধাত্রও পরিচয় আছে, তাঁহারা জানেন যে তাঁহার লেখনীফলকে কেবল রসময় চিত্রই অঙ্কিত হয়; দানকেলি-কৌমুদী, ললিতমাধৰ বা বিদগ্ধমাধৰের সকল শ্লোক উজ্জ্লাদিতে ব্যাথ্যাত হইয়াছে. সেই সেই স্থলের টীকার ভাবভাষার সহিত এই সৰ টাকার ভাবভাষার বিচার করিলেই রচনাগত পার্থকা ত স্বাচ্ছেই অমুভূত হইবে। আলোচ্য এই বিবৃতিতে আর একটি সন্দেহের অবকাশ রহিয়াছে—শ্রীক্লফভাবনা-মৃতের টীকার মঙ্গলাচরণের সহিত এই বিবৃতির মঙ্গলাচরণের প্রায় স্বাংশে মিল আছে; কেবল পুর্বোক্ত টীকায় দ্বিতীয় চরণে 'শ্রীবিশ্বনাথ-গুণস্চক-কাব্যরত্বম' ন্থ্য 'শ্ৰীৰূপনাম-গুণসূচক-বিবৃতিতে কাব্যরত্বম' লিখিত আছে মাত্র; কাজেই এই অনুমান করা অসঙ্গত নহে যে যিনি শ্রীকৃষ্ণভাবনামতের টীকাকার, তিনিই এই বিবৃতি-নিৰ্মাতা। যদিও মুদ্রিত এক্ল ভাবনামৃতটীকায় নির্মাতার নাম

নাই, বিশ্বস্তস্থত্তে জানিয়াছি যে তাহা শ্রীবিশ্বনাথের শিষ্য শ্রীমৎ ক্বঞ্চদেব সার্বভৌম কর্তুক-রচিত। তবে এই বিবৃতিকারও শ্রীক্বঞ্চদেব বলিয়াই আমাদের বিশ্বাস।

विष्कृविदमानिमो-मृहिका - - अमन्-উপর অনুপ্নারায়ণ ভাগবতের তর্কশিরোমণি-কৃত কথাসার-ব্যঞ্জক শ্রীধর স্থামিপাদের শ্লোকমালা। ভাবার্থদীপিকার গ্রায় ইহাতেও প্রতি অধ্যায়ের সার্মাত্র কেবল শোকমধ্যে গুন্ফিত হইয়াছে। ইহাতে প্রীয়নাতন, প্রীরূপ, প্রীতুলগীদাস, এপ্রিয়াগ দাস-প্রভৃতি সাধুগণের নাম লিপিবদ্ধ আছে। পুষ্পিকাৰাক্য—

শ্রীসনাতনরপাতান্তলগীদাস মুখ্যকা:। প্রয়াগদাসমুখ্যাঃ সন্তঃ
সন্ত সদা হদি॥

[বন্ধীয় এদিয়াটিক্ দোদাইটীর পুঁথি—A. S. B. Mss. III. E. 209]

বিন্দুপ্রকাশ—১৬২৮ শকাকায় প্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য প্রীমুরারি আচার্য তাঁহারই আদেশে (১৪৪ শ্লোকে) তাঁহারই মুখপল-বিনিঃস্ত (১৪) কথা এই গ্রন্থে লিপিবদ্ধ এই মুরারি কিন্ত করিয়াছেন। প্রসিদ্ধ রসিকানন্দ নছেন, কেননা তাঁহার তিরোভাব ১৫৭৪ শকাকায়, আর এই গ্রন্থের রচনা তাঁহার তিরোভাবের ৫৪ বৎসর <u> এতি</u> প্রামানন প্রত্যুর ব্রজবাসকালে সিদ্ধদেহে শ্রীরাধারাণীর শ্রীচরণচ্যুত নূপুরপ্রাপ্তির কাহিনী ইহাতে বর্ণিত হইয়াছে। ইংহার অপূর্ব ভজন-বৃত্তান্ত ও রাসস্থলী এবং কুঞ্জাদির মার্জনাদির

কথা রহস্থনিবন্ধন এতাবৎকাল কেহ বিস্ততভাবে আলোচনা করেন নাই. কেহ কেহ বা অতিসংক্ষেপেই উট্টম্বনমাত্র করিয়াছেন। শ্রীশ্রামাননা-পরিবারগণের বিন্দুশোভিত নূপুরাক্বতি তিলকের মূল ব্যতীত খ্যামানক প্রভুর অভাভ জীবন-বৃতান্তও সংক্ষেপে প্রেদত্ত হইয়াছে। গ্রন্থ-শেষে গল্প আছে; পভাংশ বছবিধ কাব্যগুণে অলম্বারে মণ্ডিত হইয়া কবির পাণ্ডিত্য স্থচনা করিতেছে। বিরুদ-কাব্য—১। ব্যুৎপত্তিগত

অর্থ---'বিরুদ'-শব্দ বি-পূর্বক ব্ৰুন্ ধাত হঞৰ্থে ক-বিধানে নিপায় 'বিশেষরাপে হইয়া রোদন তাহারই প্রতি-করায় যাহা পাদন করে। পূর্বে বন্দিগণ শত্র-বাস করত অনিচ্ছাসত্ত্বেও গ্ৰহ অশ্রপাতপূর্বক বিজেতার স্তৃতিগান করিত, তাহার সাক্ষ্য মিলে জগরাথ পণ্ডিতের 'রসগঙ্গাধরে' (বোষাই সং ১৩৫, ১৭৯ পৃষ্ঠায়) 'পঠন্তি বিরুদাবলীমহিতমন্দিরে বব্দিনঃ'। পরবর্তী কালে জমশঃ এই শক্টি বিশেষরূপে উচ্চ ঘোষণা, স্তুতিমালা প্রভৃতি অর্থেই ব্যবহৃত হইয়াছে। প্রতাপরুদ্র-যশোভূষণ-নামক গ্রন্থের 'উদাহরণ' ও 'কবিপ্রোঢ়োক্তিসিদ্ধ' অন্তান্ত কুদ্রপ্রবন্ধ-সম্পর্কে কুমারস্বামী দীকায় ইহাকে 'চাটুপ্ৰবন্ধ' বলিয়া স্থতিকাব্যেরই অন্তর্গত করিয়াছেন।

২। বিরুদকাব্যের প্রাচীনতা
—খৃষ্ঠীয় দিতীয় কি তৃতীয় শতাব্দীর
অহিবুর্গিয় সংহিতায় (Adyar Edn.

২৯।৬৫—৬৬) দেবপ্রশন্তিতে 'ভোগাবলীর' উল্লেখ পাওয়া যায়। বিরুদাবলীর সংজ্ঞায় ইহার উল্লেখ না থাকিলেও বস্তুস্থিতি ও রচনা-শৈলীতে ইহাদের সাজাত্য প্রমাণিত হয়।

বিভানাথ-কৃত প্রতাপক্রম্যশোভূষণ-নামক অলঙ্কারনিবদ্ধের কাব্য-ক্ষুদ্রপ্রবন্ধ-নির্ণয়-প্রসক্ষে প্রকরণে 'উদাহরণ', 'চক্রবাল','ভোগাবলী' 'বিরুদাবলী'-নামক প্রবন্ধ-বিশেষের তুলনা-মূলক লক্ষণ-বিভাগাদি আলোচিত হইয়াছে। প্রতাপক্ষদ্রীয়ের কুমারস্বামি-ক্বত निकात गाशाया देशापत नक्षगापि লিখিত হইতেছে। (>) চঞ্চৎপুটাদি যে কোনও তালে যাহা গীত হয়, বিভক্তি ও বিভক্তির আভাসযুক্ত বাক্যকদম্বারা রচিত কলিকা বা উৎকলিকা -নামক গগুভেদে এবং প্রতি আদিতে বাকোর বাক্যের সমানবিভক্তিযুক্ত নায়কনামান্ধিত শ্লোকমালায় গুন্ফিত প্রারা যাহা গঠিত হয়, যাহাতে 'জয়তি' শব্দ সর্বাচ্ছে প্রযুক্ত হয়, মালিনী প্রভৃতি বৃত্ত ও অর্প্রাস-যমকাদি শকালকার হারা যাহা বিচিত্রিত হয় এবং যাহাতে সম্বোধন-সহিত সপ্তবিভক্তির রচনা থাকে, তাহাই উদাহরণ । কুমারস্বামির মতে প্রবন্ধান্তে আবার সর্ববিভক্তি-যুক্ত একটি শ্লোক-রচনাও চাই। ইহাদের সান্ধিশোক 'সাহিত্যচিস্তা-(১৪০৯ খঃ) আবার কাব্যান্তে কবিপ্রবন্ধনামান্তিত পছবিশেষও রচনা করিতে হয়;
কেননা, 'চাটুপ্রবন্ধসমূহের সাধারণ
বিধি এই যে উহাদের অস্তেকবি
ও তাহার ক্বতির নামযুক্ত অস্টুপ
যা আর্থারতে শ্লোকরচনা করিতে
হইবে'। কালিদাদের বিক্রমোর্যশীর
(২০১৪ শ্লোকে) 'তুল্যামুরাগ-পিশুনং
ললিতার্থবন্ধং, পত্রে নিবেশিতুম্
উদাহরণং প্রিয়ায়াঃ' এই বাক্যে
এবং শকুন্তলার (৭০০) 'সঞ্চিন্তা
গীতিক্ষমর্থবন্ধং' ইত্যাদি শ্লোকে
যথাক্রমে উদাহরণ এবং গীতিবন্ধ
রাজস্বতির পরিচয়্ব পাট।

(২) সংবাধনবিভক্তি-বহুল যে প্রবন্ধটির আদিতে পদ্ম থাকে (গছ-গুলি কলিকারপে অমুপ্রবিষ্ট হয়) এবং যাহার ছই কি তিনটী অক্ষর-পদ শৃজ্ঞলারুষ্ট হইয়া দলের আদিতে ও অস্তে বিশুদ্ধ হয়, তাহাই 'চক্রেবাল'। বিশেষ দ্রন্থবা এই যে চক্রেবাদপ্রবন্ধে গছাও পদ্ম উভয়ের দলই আর্ভ হয়।

(৩) যে প্রবন্ধের আদি ও অস্তে পত্ত থাকে, যাহা সংশ্বত ও প্রাক্তত ভাষায় নিবদ্ধ হয়, যাহাতে আটটি বা চারিটি বাক্যে পরিচ্ছেদ-ভেদ হয়, প্রতি পরিচ্ছেদে দেব ও ও রাজার পরাক্রমাদি-স্চক বিভিন্ন বাক্যভঙ্গী থাকে এবং দৰ্বত্ৰ দ্বৰ. বীরাদি শব্দ ব্যবহৃত হয়, তাহাকে 'ভোগাবলী' বলে। কুমার স্বামী ভোগাবলীতে এই বলেন যে প্রায়শ:ই ভোগোপকরণ, উত্থান, वमञ्ज ७ नाश्रदकत छनानित वर्गनाहे বিছিত।

ভোগাবলীর নামতঃ উল্লেখ

পাই--(১) অহিবু গ্রিসংহিতায় (২৯।৬৬). (২) শিশুপালবং (৫।৬৭) 'বৈতালিকা: স্ফুটপদ-প্রকটার্থমুচৈডোগাবলী: কলগিরো-হবদরেষু পেঠ:'। (৩) রাজানক রত্বাকর-রচিত হরবিজয়ে (৪৪।৫৯) 'ভোগাবলীভিক্পলক্ষিত নামধেয়ঃ': অলক-কত টিপ্পনীতে 'ভোগাবলী বন্দিনাং পাঠঃ'। (৪) রাজদেখর-কৃত বিদ্ধশালভঞ্জিকায় (৪ উপক্রমে) 'ऋग गरतस्मवस्मित्। कश्च तह धम्म পভাদভোত্থাবলিম'। (৫) ধনপাল-কৃত তিলক্মঞ্জরীতে (৩৭৪ প্র্চার) 'প্রকৃতি-কলকণ্ঠন্ত মঙ্গল-পাঠকন্তেব পঠত: ত্ৰুকবিহন্নস্থ প্ৰসন্ধাগতৈৰ্ভোগা-दनीवृरेष्ठः श्रनः श्रनकंनिष्ठ-वित्राया বিষয়াবহৈকৈকবন্ত - বিস্তারিতা-ভাবহারতর্যং'। (৬) সোমদেব স্থরি-রচিত যশস্তিলকে (নির্ণয়শাগর সং, ২ ১৯ পৃষ্ঠায়) 'ভোগাবলী-পাঠকেষু, (৩৫১ পু:) 'দোৎকণ্ঠমুৎকণ্ঠস্ব ভোগাবলী-পাঠেযু',(৩৯৯ শৃঃ) 'জামি-র্ভোগাবলী-পার্টিন:। ইহার রচনায় বিক্রদাবলী-কাবাঘটিত কলিকাদি-বিক্তাদেরও ইন্ধিত আছে। (৭) নৈষ্ধে (১০।১০৬) 'তদঙ্গ-ভোগা-বলি-গায়নীনাং'। এই শ্লোকের মলিনাথ ও নারায়ণকতা টীকা দ্রষ্টবা। (৮) মন্তাককবিকত প্রীকণ্ঠচরিতে— (৬।৫৫) 'অনঙ্গভোগাবলিপাঠবন্দী'। (৯) শ্রীরূপপ্রস্থ-কৃত ললিতমাধ্বেও (৫।২২) 'ভোগাবলী' শব্দের উল্লেখ পাই। শ্রিরপগোস্বামি-বাতীত] খু: ৮ম হইতে ১২শ শতাকী পর্যস্ত কাব্যসাহিত্যে ভোগাবলীর প্রভূত উল্লেখ মিলে। এই गময়ে বিরুদ-

নামে কোনও কাব্য প্রচলিত ছিল কিনা তাহা এখনও নির্ণীত হয় নাই। তবে ২২শ—২৩শ খৃ: শতকে বিরুদকাব্য নিশ্চয়ই বর্তমান ছিল, সাহিত্যচিস্তামণি ও তাহার পূর্বের প্রভাপরুদ্রযশোভূষণ (১৬২০ খৃ: এর পরে নছে) ও টীকা হইতে তাহার সাক্ষ্য মিলে। প্রাদেশিক ভাষার সাহিত্যে কেবল মৈথিলীতে (১৫শ, ১৬শ শতক ও তাহার পরে) বিরুদ্যকীর ভূরি প্রচলন ছিল। লালদাস ও ঋদিনাথ বাঁর বিরুদ্যকলী স্প্রস্তা। [History of Maithili Literature p. 75 by Jaykanta Mishra]।

(৪) পূর্বোক্ত ভোগাবলীই 'বিরুদাবলী'রূপে গণ্য হইবে যদি তাহাতে স্ববিক্রম ও কুলক্রমাগত প্রচুরতর স্তুতিমালার **অতিরিক্ত** সন্নিবেশ এবং বাক্যাড়ম্বর থাকে। বিশেষ দ্রষ্টব্য এই যে ইহাতে ২৭টি প্ত থাকিলে তাহাকে 'তারাবলী' वर्णः मनात्रमत्रक छेक चाह् य >৪টি এই বিক্লদাবলী 'বিশ্বাবলী', ১টি পছে 'রত্নাবলী' এবং পাঁচটি পছে 'পঞ্চাননাবলী' আখাায় অভিহিত হয়। ভোগাবদী-অহিব্যুগ্নসংহিতা, উক্ত প্রসঙ্গে যাৰতীয় শিশুপালবধাদি খৃষ্ঠীয় দিতীয় হইতে দাদশ শতালীতে রচিত; ত্মতরাং বিরুদ-কাব্যঞ্চাতীয় কুত্ৰ প্ৰবন্ধ যে অৰ্বাচীন নছে, তাহা প্রমাণিত হইল। ভোগাবলী-লক্ষণে তুইটি শব্দ প্রণিধানযোগ্য, প্রথমতঃ —সংশ্বত ও প্রাকৃত ভাষায় ইহার বিরুদ-কাব্য

রচনা হইতে পারে এবং দিতীয়তঃ এই জাতীয় কাবা দেব ও রাজগণের শোর্যবীর্যাদি-সংস্কৃতক হইবে: অতএব ভোগাবলী ও বিরুদাবলী রাজপ্রশক্ষি-রূপে ও দেবপ্রশন্তিরূপে সমানভাবে রচিত হইতে পারে। শ্রীধর-কৃত কাব্যপ্রকাশ-বিবেকের (A. B. G. 4738) পুল্পিকাবাক্যে পঞ্চনশ খুষ্টশতকে মিথিলাধিপতি শিবসিংহের প্রশস্তিরূপেও বিরুদাবলীর উল্লেখ আছে। 'ममस्विक्षनावनी-विवाक्रमान-মহারাজাধিরাজ- শ্রীমৎশিবসিংহদেব-সংযোজ্যমান-তীরভুক্তো শ্রীবিস্থাপতীনামাজয়া লিখিতা এবা হন্তাভ্যাম'। তারিখ-ল সং ২৯১ (১৪১• খু:)| <u>সাহিত্যদর্পণে</u> গত্যপত্ময়ী রাজন্পতিকে বিরুদ বলিলেও অন্তত্র কিন্তু দেবস্তুতিরও বহুশঃ উল্লেখ মিলে। এ প্রসক্ষে শ্ৰীবলদেৰবিত্যাভূষণ-ক্বত গোবিন্দ-বিরুদাবলীর টীকায় উল্লিখিত দান্দিণাত্য-কবি-কত দেববিরুদাবলীর কথা স্মর্ণীয়।

উৎসাহ-কাব্য--কাব্য-01 মশ্বটভট্টেরও (খুব প্রকাশ-কার সম্ভবত:) পূর্ববর্ত্তী শঙ্কর—বাণভট্টের করিয়াছেন। হর্ষচরিতের টীকা তাহার (১১৮) টীকার 'উৎসাহ' কাব্যের যে উল্লেখ মিলে, তাহাতেও বিরুদ-লক্ষণের সাজাত্য উপলব্ধ হয়। নুতে 'উৎসাহে! তাল-বিশেষঃ, উদীর্থমান-গীত্যাধারভূত-পদোপচারাৎ কাব্যমপ্যৎসাহ ইতি কেচিৎ। যত্ৰ পূর্বং শ্লোকেনার্থ উপক্ষিপ্যতে, পশ্চাৎ স এব গল্পেন বিতম্ভতে, মধ্যে বুত্ত-নিবন্ধণ্ড ভবতি, স পরিসমাপ্তার্থ

উৎসাহ উচ্যত ইত্যন্তে॥' স্থতরাং এই 'উৎসাহ' বিরুদকাব্যরূপে প্ঠিত হইলেও তজ্ঞাতীয় বলিতে কাহারও আপত্তি থাকিতে পারে না। 8। রচনা-প্রণালী—বিরুদকাব্য গন্ত, পদ্ম ও বর্ণনাত্মক প্রায়শঃ প্রাকৃত ও সংস্কৃত ভাষায় নিবদ্ধ হইত। হইয়া ইহা সঙ্গীতরূপে ব্যবস্থত থাকে। গভটিকে কিন্তু 'বুত্বগন্ধি' বলিতে হইবে। সংস্কৃত ও প্রাকৃত ভাষা ব্যতীত 'অসম্ভাষার'ও উল্লেখ পাই মৈথিল চন্দ্রদত্ত-ক্বত ক্রফবিক্লা-উপসংহার-শ্লোকে 'যন্তক্তা জগদীশ্বরভা চরিতং শ্রুত্বাপ্যসম্ভাষয়া', এম্বলে 'অসং' শব্দে তামিল ভাষাকে লক্ষ্য করা যায়, কেননা স্থপ্রাচীন-কালে দিব্যস্থিগণ বেণ্ৰা, তাণ্ডকম প্রভৃতি তামিল ছন্দে চারিহাজার 'দিবাপ্রবন্ধ' গাথাত্যক আলবারের করিয়াছেন ৷ হাদশ মধ্যে শঠকোপই সমধিক প্রসিদ্ধ, তৎকৃত 'তিকৃবায়মোডি' বা সহস্র-গীতি তামিল ভাষায় মহাসম্পং। শঠকোপ গোপী-আমুগত্যে (তাৎপর্য-রত্নাবলী ২৬) শ্রীনীলাশক্তি-নাথের চরণে বিক্রীত হইয়াছিলেন (সহস্র-গীতি থাতাত)। শ্রীনীলা বলিতে <u>ত্রীরাধাই</u> গোপীভাবে বাচ্য । শ্রীক্লফের প্রতি শঠকোপের বক্রোক্তি শ্রীরাধালিঙ্গিত >101>). শ্রীক্ষরে স্মরণ (৬।৪।২) প্রভৃতি এবং তাঁহার মধুরভাবে পারকীয়-র্বাশ্রয় (তিরুবায়মোড়ি ৬।২।২, ১০া৩া৬) প্রভৃতি লক্ষ্যীতব্য: ত্বতরাং বলিতে পারি যে মৈথিল চন্দ্ৰদত্ত অসদভাষা-শব্দে তামিল ভাষায়

গাণাত্মক ত্মপ্রচারিত দিব্যপ্রবন্ধেরই ইঙ্গিত দিয়াছেন এবং আমুবঙ্গিক-ভাবে ভাহাতে বিরুদকাবো দক্ষিণ-দেশের সহিত **শম্বরের**ও স্থচনা করিয়াছেন।

বিরুদকাব্যের ছন্দঃ— ১১৪০ খুঃ জৈন হেমচন্দ্র কাব্যামুশাসন রচনা করেন; তাহাতে ক্ষুদ্রপ্রবন্ধের गर्था विक्रानत नाम नारे। ज्लीय (615-82) ছন্দোইফুশাসনে অপ্রংশ ছন্দের নির্ণয়-প্রসঙ্গে তিনি উৎসাহ, রাসক, অবতংসক, কুন্দ, কোৰিল, কুসুম, আমোদ, অড়িলা, যশোধবল, কীর্ত্তিধবল, গুণধবল. ভ্রমর, অমর, মঙ্গল, ফুল্লডক, ঝঘটক প্রভৃতি ছন্দের লকণ দিয়াছেন। তত্ৰতা ৪৭-তম অঙ্গুত লক্ষণে তিনি ভাষাগানে উৎসাহধবল, यहनश्यम, ट्रांश्यन, দোহকধবল, উৎসাহমলল, বদনমঙ্গল ইত্যাদি বিবিধ ভেদেরও ইঞ্চিত করিয়াছেন। ৪৮-তম অঙ্কে আবার 'দেবগানং ফুলড়কম্' বলিয়া স্বকৃত বুত্তিতে বলিয়াছেন যে উৎসাহাদি যে ছন্দে দেবতার গান হয়, তাহাই 'ফুল্লড্ক' (ফুল্লরা) নামে কথিত হয়। উদাহরণাদি তৎকৃত বৃত্তিতেই আলোচ্য। সঙ্গীতরত্বাকরে (৪।৩০২) শাঙ্গ দেব বলিয়াছেন যে প্রবন্ধগান-হিসাবে ধ্বলগানে ধ্বলাদিপদান্তিত আশীর্বাদস্চক শ্ববিভাসের সহিত রাগ ও তাল থাকা চাই। প্রবন্ধ-গানের তিনটা বিকাশ আছে— কীভি, বিজয় ও বিক্রম; চারি চরণে কীভিধবল, ছয় পদে বিজয়ধবল এবং

আট চরণে হয় বিক্রমধবল। ইহাদের
মাত্রাবৈচিত্র্যেও স্থীকার্য। আবার
মঙ্গলপ্রবন্ধগানের সম্বন্ধে শাঙ্গদৈব
(সর ৪।৩০৩) বলিয়াছেন যে
বিলম্বিত লয়ে বা মঙ্গলছন্দে কৈশিক
বা বোট্টরাগে মঙ্গলপ্রবন্ধ গান করা
হয়। সিংহভূপাল টীকায় আবার
জানাইয়াছেন — 'মঙ্গলবাচকপদও
মঙ্গলপ্রবন্ধে অবগুব্যবহার্য। [মঙ্গলগীত-সম্বন্ধে জিজ্ঞাসায় গৌড়ীয়বৈষ্ণব
অভিধান বিতীয়্বওও ১৯২৮ পৃষ্ঠায়
'মঙ্গলগীত' শব্দ দ্রষ্টব্য]। এতদ্বারা
সপ্রবাদ হইল যে বিক্রদকাব্য
পূর্বকাল হইতেই নির্দিষ্ট তালে ও
রাগে গীত হইত।

৬। বিরুদাবলী-লক্ষণে সলক্ষণ
চণ্ডবৃত্তের অবাস্তর ভেদ নথের
বিভেদে প্রোক্ত রণ, বীরভদ্র, বেষ্টন,
মাতস্থেলিত, তুরগ, কন্দল,
অত্মলিত এবং বিশিথ প্রভৃতি সংগ্রামসংক্রান্ত শক্ষবিস্তাস এবং দিগাদিগণবুত্তের অবান্তর কোরক, গুড়,
সংক্র্র্ন, কুন্ত্ম, গদ্ধ এবং চণ্ডবৃত্তের
বক্ল প্রভৃতি নূপোচিত ভোগোপকরণ-বিষয়ক পারিভাষিক লক্ষণকরণে স্বতঃই অমুমিত হয় যে এই
কাব্য প্রধানতঃ রাজার স্তৃতিরূপে
কীর্ত্তিত হইত।

সাহিত্যদর্পণে (১০।৪৮) 'সৌজ্ঞায়ুমক্ত্মলী' ইত্যাদি পত্তে রাজ্ঞাবলী
হইতেও শূলী মহাদেবের সেবার
অনারাস-সাধ্যত্ব প্রতিপাদনে দেববিক্লদের ইঙ্গিত পাওরা যায়।

৭। কাব্যহিসাবে ইহার স্থান
 —বিরুদকাব্য যমক ও অন্ধ্র্প্রাসাদির
 বাহল্যে চিত্রকাব্যের অন্তর্ম্ব হয়;

কেননা ইহাতে শক্চিত্ৰই বিশেষ-ভাবে রূপায়িত হয়। আনন্দবর্ধন দেবীশতকে চিত্রকাব্যকে 'বন্ধকাব্যে' পরিণত করিয়াছেন। ত্রিভঙ্গীবত্ত কলিকার অমুপ্রাসরূপ বর্ণাবৃত্তি (ভঙ্গ) লক্ষা করিয়া ইহাকে 'ভঙ্গকাব্য'ও বলা চলে। বাজার্থ-রহিত এজাতীয় চিত্র-কবিতা নীরস্ কৰ্কণ রুণাভিব্যক্তির অনুপ্রোগী হইলেও —কেবল শক্তি-জ্ঞাপনেই ইহার উপযোগিতা স্বীকার্য হইলেও— ভগদিষয়ক হইলে ইকুপর্বচর্বণের ন্তায় কথঞ্চিৎ সর্ম হইতে পারে (অকে १।२১৪)। 'চিত্রং নীরস-মেবাহর্ভগবদ্বিষয়ং যদি। কিঞ্চিচ রস্বদ্যথেকোঃ পর্বচর্বন্ম॥' শ্রীচৈতগুষুগে ও তৎপরবর্তী কালে পাঁচখানি বিক্লকাব্য পাওয়া গিয়াছে। শ্রীমন মহাপ্রস্থর সমগ্র জীবনটাই নামসংকীর্তনের এক विश्रृण ইতিহান। नाम, क्रश, গুণ ও লীলা—সমস্তব্ৰে গ্ৰথিত হইলেও. নিরপেক্ষ নামসংকীর্ত্তনের কথা मन्मर्जामिए वहमः ऐक इरेटन ७, লীলামালা-গুন্দিত <u>নামাবলিই</u> স্তোত্রকাব্যের বিষয়ীভূত কৃষ্ণ' প্রভৃতি মহামন্ত্রাত্মক নামাবলি যেরূপ সম্বোধনান্ত, তক্রপ বহু স্তোত্রকাব্যই সম্বোধনাস্ত দেখা যায়। বিরুদকাবাও প্রায়শঃ সম্বোধনান্ত বলিয়া সহজেই অনুমান করা যায় যে গৌড়ীয়বৈঞ্চবগণ নৃতন ছাঁচে नामनीना প্রচারের জন্ম এই ভাতীয় কাবোর আদর করিয়াছেন। **নায়কচুড়ামণি** ব্রজনবযুবরাজ

তাঁহার অভিন-প্রকাশ নবগীপচন্দ্রই

তাঁহাদের বিরুদ্ধাবোর বিষয়বস্থ হইরাছেন। স্বয়ং গ্রন্থকার শ্রীরূপও শ্রীগোবিন্দবিরুদাবলীর প্রারজ্ঞে দিতীয় শ্লোকে বলিয়াছেন—'কর্তব্যা তম্ম কা তে স্কৃতিরিহ ক্কৃতিভিঃ প্রোজ্ব্য লীলায়িতানি'? তাৎপর্য এই যে লীলাবিরহিত স্তৃতি স্কৃতি-গণ-সমাদরণীয় নহে।

৮। অধিকারী ও ফন--সামান্ত বিরুদাবলীর উপসংহারে শ্রীরূপপাদ জানাইয়াছেন যে যিনি ব্যাকরণাদি শাস্ত্রে ব্যুৎপন্ন, ভুন্থির-মতি, প্লানি-শৃন্ত, স্থকণ্ঠ এবং ক্লফ্ড-ভক্ত, তিনিই এই কাব্যাহশীলনে অধিকারী। ফলশ্রুতিতে আছে যে যথোক্তলক্ষণান্তিত রুমা বিক্লাবলী-'দারা স্তত হইলে বাম্বদেব ভুষ্ট হইয়া প্রচুরতর কল্যাণবিধান করেন ; পকান্তরে সলক্ষণ-রহিত তদ্মারা ন্তব রচনা করিলে বা তাহা পাঠ করিলে এইরি তাহা আদৌ গ্রহণ অলম্বারকৌস্তভের করেন না। প্রথম কিরণের উপসংহারে বলা হইয়াছে যে 'যশঃ, সম্পত্তি, অশুভ-শাস্তি, পরমনিবুতি প্রভৃতি কাব্য-নির্মাণের ফলস্বরূপে প্রকাশাদিতে নিরূপিত হইলেও তাহা আহুষ্টিক ব্যতীত প্রকৃত ফল নহে, কিন্তু নির্মাণাবসরে প্রীক্লফের কেলিকলাপে চিত্তের অভিনিবেশ-বশতঃ যে সাক্রানন্দলয় হয়, তাছাই কবির ও পাঠাবসরে আস্বাদকের পরম লাভ বলিয়া গণ্য হয়'।

যা ব্যাপারবতী রসান্ রসয়িতুং কাচিৎ কবীনাং নবা, দৃষ্টির্ঘা পরি-নিষ্টিতার্থবিষয়োন্মেষা চ বৈপশ্চিতী।

ব্যাকরণাদি শাস্ত্রে ব্যুৎপন্ন, স্থস্থির-

তে বে অপ্যব্যাস্থ্য বিশ্বমথিলং
নির্বর্গরক্তো বয়ং, প্রান্তা নৈব চ লব্ধমবিশয়ন! অভ্যক্তিত্বাং স্থেম্।

3966

িধ্বভালোক-কার্ভ]। ৯। পূর্বেই উক্ত হইয়াছে যে বিক্ল-জাতীয় কাবা দ্বিতীয় বা তৃতীয় খুঠ শতাব্দী হইতে শ্রীচৈতন্ত্র-(ষোড়শ শতাব্দীর শেষ) পর্যন্ত পাওয়া যায়। বিক্লদকাবা বলিয়া তাঁহাদের নামকরণ কিন্ত ত্রয়োদশ খুষ্ট শতাকী হইতে পাওয়া যাইতেছে। এই কাব্য লুপ্ত হয় কেন ? ইহার উত্তরে এইনাত্র বলিতে পারি যে অগ্রতা নিরম্বুশ হইলেও এই কাব্যে কবির স্বাতন্ত্র্য থাকেনা। এই কাব্যরচনায় প্রতিটি অক্ষরই লক্ষণামুদারে নিয়মিত করিতে হয়; পুতরাং অতিমাত্রায় কাকুকার্য (artifice) অর্থাৎ অপ্রতীততা, হুর-ম্বয়, কষ্টকল্পনা প্রভৃতির উপর নির্ভর করিতে হয় বলিয়া এ কাব্যের সমধিক প্রচার ও প্রসার হয় নাই। গোবিন্দবিরুদাবলীর টীকা-প্রারম্ভে শ্রীবিত্তাভূষণ ইহাকে 'শির্নজিয়া' ্বলিয়াই নিরূপণ করিয়াছেন। দিতীয়তঃ ভৎসমকালীন লীলাস্তব, স্তবমালা, স্তবাবলী প্রভৃতি স্তোত্র-कावा ଓ कृष्ण्यक्रम, शाविक्यक्रम ইত্যাদি মঙ্গলকাব্য সর্লতা, ভাষা-বৈভব, ছন্দোমাধুরী এবং সর্বোপরি ভাবহিলোলাদিম্বারা চিত্তচমৎকারিতায়

যতটা

জ্মাইয়াছে. বিরুদকাব্য স্থলবিশেষে

কুত্রিমতাহেতু মুষ্টিমেয় রসজ্ঞেরই

দৃষ্টি আকর্ষণ করিয়াছে এবং সেই

্লাতিমধুর ছইলেও কিন্তু অতিশয়

. জনগণ-মানসে

কারণেই উত্তর মুগে এই শ্রেণীর কাব্যরচনার শৈথিল্য বা অনাদর লক্ষিত হইতেছে। 'অকে চেন্মধু বিশেত কিমর্থং পর্বতং ব্রক্তেং' এই ভারে বিকদকাব্য অপ্রয়োজনীয়ও হইয়াছে। *

গোড়ীয় বৈষ্ণবগণ কতিপয় বিৰুদা-বলী রচনা করিয়া স্থরসিক কাব্য-জগতে যে এক চিরম্মরণীয়, অতুলনীয় পরম সন্মাননীয় কীভিস্তম্ভ শংস্থাপন করিয়াছেন, তাহাই আমরা ক্রমশঃ আলোচনা করিতেছি। প্রথমতঃ বিরুদ-রচনা সম্পর্কে শ্রীপাদ শ্রীরূপ গোস্বামি-বির্চিত 'সামান্ত-বিরুদাবলী-লক্ষণং' নামক প্রসিদ্ধ গ্রন্থের ছায়াবলম্বনে সংক্ষেপে कृष्टे अक्षी कथा निद्यमन क्रित्। পূর্বেই উক্ত হইয়াছে যে ব্রজনবযুব-রাজের গভপভময় স্ততিমালাই বিরুদ অভিহিত। বিরুদাবলী নামে विविध नक्ष्माकान्छ (>) कनिका, (২) শ্লোক এবং (৩) বিরুদযুক্ত হওয়া চাই। তাহাতে নায়কের কীৰ্ত্তি, প্ৰতাপ, বীৰ্য, সৌন্দৰ্য ও মহস্তাদির বর্ণনাপ্রাচুর্য থাকা চাই। কলিকার আদিতে ও অস্তে একটি করিয়া নির্দোষ পছা (ম্লোক) রচনা করিতে হয় এবং শকাড়ম্বর-পরিপূর্ণ রচনা-পারিপাটা হওয়া कार्ड । বিরুদাবলী-পাঠকেরও আবার কতকগুলি গুণ থাকা চাই—তিনি

* পরমশ্রদাম্পন শ্রীযুক্ত শিবপ্রদাদ ভটাচার্ব এম এ, মহাশর-কর্তৃক ১৯৫৫ ইং নবেম্বর মাদে কলিকাত। এদিরাটক দোদাইটীতে পঠিত প্রবন্ধের ছায়াবলম্বনে। (১) কলিকা—তালয়ারা নিয়মিত थम-गम्हरक 'कना' वरन। कना-সমষ্টি দ্বারাই এই কলিকা রচিত হয়। ইহার প্রধানত: ছয় প্রকার ভেদ স্বীকৃত হইয়াছে। যদি ছুই বা তিনটি প্রভেদযুক্ত কলিকা দ্বারা ইহারা রচিত হয়, তবে ইহাদিগের নাম হয়—মহাকলিকা। কলিকা হইতে মহাকলিকার এইমাত্র विस्थ य महाकनिकांत भूर्व पृष्टि করিয়া শ্লোক রচনা থাকিবে এবং কাব্যের শেষাংশেও ছুইটি শ্লোক রচনা করিতে হইবে। ৬৪ কলার অধিক বা ১২ কলার কমে কলিকা রচনা হইবে না-ইহাই প্রায়িক নিয়ম।

দিগাদিগণ-বৃত্তক, (৩) ত্রিভলীবৃত,
(৪) মধ্যা (৫) মিশ্রা ও (৬)
কেবলা। ইহাদের প্রত্যেকের
বিভেদগুলি গণনা করিলে সর্বসমেত
৪৯ সংখ্যা হইবে; কিন্তু এই
প্রকারে গঠিত পাঁচ ত্রিক হইতে
ত্রিশ ত্রিকের মধ্যেই বিরুদাবলী রচিত
হইবে, কলিকা-পরিমাণ এই
সংখ্যার নাুন বা অধিক হইতে

মহাকলিকা—(১) চণ্ডবুত, (২)

পারিবে না। *

(২) শ্লোক—কলিকার আদি ও
অন্তে গুণোৎকর্ষবর্ণনাত্মক পদ্মকেই
প্লোক বলা হয়। মহাকলিকার
আরন্তে দুইটি করিয়া শ্লোক রচনা
থাকিবে। (৩) বিক্লদ—ইহার
রচনা প্রায়ই কলিকার তুল্য। তবে
বিশেষ এই যে কলা-পরিমাণ ছুই
হুইতে দশ সংখ্যাতেই সীমাবদ্ধ।
বিরুদ বা কলিকার অন্তে বীর, বীর,
শ্রীল, দেব, নাথ প্রভৃতি শব্দ প্রয়োগ
করিতে হুইবে।
প্রশক্ষমে অন্তান্য বিরুদ কাব্যেরও

সামাকত: নির্দেশ করা হইতেছে। শীযুক্ত রাজেন্দ্রণাল মিত্র মহাশর 'Notices of Sanskrit Manuscripts'-নামক পুস্তকে ছুইখানা বিরুদ কাব্যের ও একখানা চীকার সন্ধান দিয়াছেন। 2305. वीत-বীরবিক্লদটীকা বিঞ্চদম. 2306. parise of poem in the supreme as divinity by Chandra Dutta of Mithila. The commentary is also by the author of the poem. Beginning :-**ত্ববিকটদশনে** বিমলাজিনবসনে

ভীমরবে।

* (ক) চণ্ডবৃত্ত (১) সামাশ্য—(অবান্তর

করবালে রণবিকরালে নগবরবালে

কর্মগ্রত-

শলিতদিবে॥ জয় ঘনস্থার নমিতপ্রন্থার নন্ধিত চরণতলাগত নিজ
শরণাগত বন্ধিত ... ইন্ড্যাদি।

End,:—জয় জয় দিতিস্থত লক্ষ

থক বিকেপ বিধায়ক পর জন * * *

* জলচানদায়ক শায়কাল-কলিকা ।

Colophon: — ইতি বীর্নীরুদ্রং চক্রদন্ত-নির্মিতং। প্রীক্রকণ্ড ভোক্র-ব্যাখ্যান-রূপগণাদিমাহাস্ক্যবর্ণনং॥

2361. द्वीकृक्षितकृतावणी—— A hymn in praise of Krisna, describing in course of his form, his merits and his leveliness. By Chandra Dutta of Mithila. Begin-

ning:--- বিমলাজিত-বস্নে

ইত্যাদি......End:——এষা
মৈধিলচন্দ্ৰদত্ত - রচিতা ক্রফস্ততিইত্তপি, কাব্যালঙ্কৃতি - বর্জিতাপি
স্থাধরাং সংকারমেবাইতি।
যদ্ভক্তা জগদীখনশু চরিতং
শ্রুতাপাসদ্ভাষয়া, হর্ষাশ্রুপ্রতিক্রগদ্-

সংক্ৰতি ॥

মৈথিলচক্র

Maithila

দত্ত-কুভা শ্রীকৃষ্ণবিদ্রদাবলী সম্পূর্ণ। ।
কলিকাতা সংস্কৃত কলেজ
লাইত্রেরীতে চারিখানা বিক্রদ
কাব্যের সন্ধান পাওয়া গিয়াছে।
[Cal. Skt. College Cat cf
Mss. Kavya] 128. বিক্রদাবলী
—Beginning:— শ্রশঞ্জাশ্বাসন

গদগিরস্তামেব

Colophon :--ইতি

চক্রচকাপন ইত্যাদি। ইদং বীরমূপতে: প্রং। 139. A different work in the same style
and under the same name

by Raghudev, a

484-61d)

140—141. Other works of the same name, the former being anonymous, the last one by Kalyan,

poet of the Harita family, .

Bodlien University Catalogued विक्रपावनी-मचटक निम्न-লিখিত extract পাওয়া যাইতেচে। এই গ্রম্বথানা কাশীতে ১৯৬০ সম্বতে বিবুধরাজিরঞ্জিনীবিবৃতি সহ মৃদ্রিত श्रेगाडिन। किश्वनश्री ও অভি-প্রাচীন ইতিহাসের অবলয়নে বিবৃতিকার শ্রীচক্রধরশর্মা যে ভূমিকা ণিবিয়াছেন, তাহাতে জানা যায় যে এই গ্রন্থকার খুষ্টীয় ১৭শ শতকে সাহাজানের রাজত্কালে বিরাজমান ছিলেন। রাজাজা পাইয়া বিরুদরচনায় তাঁহার প্রবৃত্তি হয় এবং মহেশঠকুরের অস্তেবাসী রঘুনন্দনস্রী হইতে ভিন্ন বলিয়া ইনি মৈথিল-শুপ্রদায়ে গণিত হইয়াছেন। ২৯টি ত্ৰিকে (কলিকা, শ্লোক ও বিক্লে) এই প্রম্ব রচনা হইয়াছে; বিবৃতি-কার প্রথম ছয়টি ত্রিকের নামকরণ করিয়াছেন, তৎপরে অক্ষরমন্ত্রীর ইঙ্গিত দিয়াই গ্রন্থসমাপন হইরাছে। এই গ্রন্থ রাজস্বতিবিষয়ক বলিয়া रेशंत विस्थ आलाहनाम निवुष्ट

रहेनाम। Virudabali :-- (Cata-

corum) by Raghudevas

Viswesvar Misrae et Kumu-

dinis filius, Mithilae regem

Codicum Sanskriti-

চঞ্চলরসনে

ভেদ বহ) ও (২) দলক্ষণ — > (অ) নধ ২০;
(আ)) বিশিধ — পদা ৬ কুন্দ ১ চন্দক ১
বঞ্জুল > বকুল — ভাহৰ > মঞ্চল > তুল ১;
(অ) বিগাদিগণবৃত্ত ৫; (গ) বিভলীবৃত্ত
৬; (ঘ) মধ্যা >; (৬) মিশা ২; (চ) গভ
(কেবল) ২ = ৪৯।

^{*} It may be the same work as noticed in Aufrecht's Oxford Catalogue of Skt, Mss. no. 224.

বিরুদ-কাবা

† Viruda vocabuls practer eam, quam supra dedi, significatinem, carmen laudatorium sive panegyricus intelligitur. cf অজ্ঞাগরীত্তঃ বিকলৈ এব জহাসি দিলামশিবৈঃ শিবাকতৈঃ Kalyanraja stuti 11-52; বন্দীরিতবিশ্বদাবলিরোচন in carmine nostro fol. 27a et supra. (р 117a)

initic-exaratus est. (Wilson 519) This book is refered to in the Cat. of Mss. in Mithila edited by K. P. Jayswal, Vol. II. Patna 1933.

গোডীয় গোসামিগণের রচিত বিরুদকাব্য— ১) শ্রীরূপপাদ-কৃত শ্রীগোবিন্দবিরুদাবলী, (২) শ্রীজীব-পাদ কৃত প্রীগোপালবিরুদাবলী. গ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিপাদ-রচিত নিকুঞ্জকেলিবিরুদাবলী. এরঘুনন্দন গোস্বামিকত প্রীগৌরাঙ্গ-বিরুদাবলী এবং শ্রীকৃষ্ণশরণ-কৃত শ্রীকৃষ্ণবিরুদাবলী। এতদ্যতীত শ্রীকবিকর্ণপুর আনন্দবৃন্দাবনে (১৫) ২২০--২৫৬) এবং শ্রীজীব গোপাল-চম্পুর শেষপুরণে বিরুদচ্ছন্দে স্তুতি রচনা করিয়াছেন। এই গ্রন্থাবলির বিবরণ গ্রন্থ-নামে নামে আলোচা। বিলাপকুস্থমাঞ্জলি—গ্রীমৎ রঘুনাথ দাস গোস্বামি-রচিত ১০৪টি শ্লোকে গ্রথিত। ইহার প্রতি শ্লোক, প্রতি-প্রতি অক্ষরই অপ্রাক্বত বিরহানল-সম্ভপ্ত শ্রীমদদাসগোস্থামির বিষম-জালা-সঙ্কুল হৃদয়ান্তঃস্থলের মহাপ্রতপ্ত বহ্নিশিখার ছটা। 'অত্যুৎ-কটেন নিতরাং বিরহানলেন पन्सक्यानक्षयां (१), 'छःथकून-লাগরোদরে দুয়মানমজিত্বর্গতংজনং' (७), 'वनलाकनकानाहिनःरेनदान মৃতং জনম্' (৯), এবং 'বিপ্রয়োগ-ভরদাব-পাবকৈঃ দশহুমানতর-কায়বলরীং' (১০) ইত্যাদি বাক্যের তাৎপর্যাবধারণ করিলে বুঝা যায় যে গ্রীগোস্বামিপাদ অন্তরের অন্তরতম স্থলে কি নিদারুণ বিরহ্জালামালা বহন করিয়াছিলেন !! তত্ত্বপরি প্রতিপত্তে সেবা-প্রার্থনা, উৎকণ্ঠা, দৈন্ত, আবেগ প্রভৃতির প্রাক্টো যে ভাবোচ্ছাস উদ্গীর্ণ হইয়াছে, ভাষা কেবল সহাদয়-সংবেগ্রই বটে !! ভিবাবলী দ্রষ্টবা]।

বিলাপকুস্মাঞ্জলির অনুবাদ—
বঙ্গভাষায়—(>) শ্রীরাধাবরত
দাস-রুত পরারে অন্থবাদ, এলাটিতে
মুদ্রিত। (২) শ্রীরসিক চন্দ্র দাস-রুত
এই অন্থবাদে মুলের স্বারস্থ ও গান্তীর্ধ
অনেকটা বিভ্যান আছে। তবে
অন্থবাদকের ধাম বা তারিথ কিছুই
জানিতে পারি নাই। এলাটি
(হুগলি) হইতে শ্রীমধুস্থন তব্ববাচম্পতি এই অন্থবাদটি প্রকাশ
করিয়াছেন। ইহার পভগুলি স্থললিত
ত্রিপলীচন্দে রচিত।

- (৩) 'বিলাপবিবৃতিমালা' নাম দিয়া শ্রীখণ্ডের শ্রীমুকুন্দ ঠাকুর বংশীর কৃষ্ণচন্দ্র দাস ১৭৯৩ খৃঃ পভান্থবাদ করিয়াছেন।
- (৪) গোরমোহন দাস-ক্বন্ত প্রারাম্থ্রাদ (হরিবোলকুটার পুঁথি ১৭)।

ব্রজভাষায়—(৫) শ্রীর্ন্ধাবন
দাসজি ১৮১৪ সম্বতে দোহা,
উপদোহা, চৌপাই, সোরঠা ইত্যাদি
ছন্দে ব্রজভাষায় ইহার অমুবাদ
করেন। আদর্শ—

'রপমঞ্জরী সখী তুম প্রম্সতী বিখ্যাত। বদি যহি পর প্রপ্রুষমুখ তুমহি ন কবহু স্থহাত॥ পতি অন্তিথিমে কত অহো। বিশ্বঅধ্য ্ছিত জাত। শুকশাবক নিজচঞ্চো কিয়ো কয়ুঁ আঘাত॥১

বিলাপবিরতিমালা —— প্রীমদাস -গোসামিকত 'বিলাপকুস্মাঞ্জলির' ১৭১৫ শকে শ্রীখণ্ডের অফুবাদ! শীরতিকান্ত ঠাকুরের প্রপৌত্র ক্লঞ্চন্দ্র দাস এই অমুবাদ করেন। বিবরণমণি মঞ্জুষা — শ্রীমদ্ভাগবতের हिश्रनी। উৎকলাক্ষরে দশ্মস্ক €8 পর্যন্ত । অধ্যায় চীকাকারের নাম নাই। [A. S.

B. 4.95, 4095 A]

বিবিধ সঞ্চীত— শ্রীজগদন্ প্রভ্-রচিত
পদকাব্য। ইহাতে ৩১টি গীত
আছে। খ্যামাসলীত, বিবিধ স্থোত্র,
প্রভাতি, প্রার্থনা, দৈন্ত, দেহতত্ত্ব,
গোধুলি-মিলন, ফিরা গোষ্ঠ, মিলন
বিরহ, রূপামুরাগ, ভোত্র ও রসালস
প্রভৃতি বিষয়ে পদমালা গুন্দিত
হইমাছে। প্রতি গীতে রাগ ও
তালের নির্দেশ দেওয়া আছে।
পদগুলি স্থপাঠ্য ও হল্য।

বিশেষ্করসদীপিকা---শ্রীমংকিশোর প্রসাদ-কতা রাসপঞ্চাধ্যায়ী-টীকা ৷ ইনি যে গোড়ীয় বৈষ্ণৰ ছিলেন— छाहा रेवस्थ्वरजावनी. উच्छननीनमनि, আনন্দর্কাবনচম্পু, রাধারস-স্থগ-निश् (६७, 97, to, ১১২, ১১৪, ১৩৬, ২১৬, ২৩৬) বুৰুবাখনম্ভিমা-গোবিশলীলায়ত. মৃত, অলঙ্কারকৌস্তভ প্রভৃতি গেড়ীয় গোস্বামিগণের এম্বরাজির নামতঃ উল্লেখেই অনুমিত হয় এবং উাহাদের অনুগত ব্যাখ্যাদেও তাহাই প্রমাণিত হইতেছে। রাসলীলার (১)১ শ্লোকের) ব্যাখ্যায় ইনি

কৃষ্ণবামলামুসারে মুনিচরী ও শ্রুতি-চরী গোপীগণের নাম, মৃত্যুঞ্জর যোগমায়ার ধ্যান. তঙ্গোক **সরস্বতী**ক্বত শ্রীরাধা-<u> প্রীরাঘবেক্ত</u> গোপীগণের শতকের মতে গান্ধর্ববিবাহ: (২।৮) কৃষ্ণ্যামলোক্ত নামাঙ্গি উল্লেখ দাসীগণের করিয়াছেন। বিশ্বসার তন্ত্র—(হরিবোলকুটীর ২৯খ)

গোলোক হইতে গোলোকনাথের
কলিবুগে গূঢ়াবতার-দহরে পার্বতীকর্ত্ক পৃষ্ট সদাশিব বলিতেছেন—
'গঙ্গারা দক্ষিণে ভাগে নবদীপে
মনোহরে। কলিপাপ-বিনাশার
শচীগর্ভে সনাতন:॥ জনিয়তি
প্রিরে! মিশ্র-প্রন্দরগৃহে স্বরম্।
ফাল্কনীপোর্বমাস্যান্থ নিশারাং গৌরবিগ্রহং'॥ ইত্যাদি

বিষ্ণুভজ্জিকল্পলাতা—পুরুষোত্ম-রুত (Adyar Library Mss. 679) ইহাতে আটটি স্তবকে গ্রীবিষ্ণুর স্তব রচিত হইয়াছে। উপক্রমে—

'অতিস্থৃদ্মগাতাং হর্ষমদৈকভাবা দধিকতমমুমেশো যং তথালৈক-যোগাং। তদধিকমিব যাতৌ যং স্থৃতং বীক্ষমাণো, সফলয়ভু স দেবো বঃ ক্রভুং ৰক্রভুগুঃ॥

পৃষ্পিকা—ইতি শ্রীবিক্তুক্তিকল্পলাথ্যে প্রবন্ধে কবিকুলোজমপ্রবোজম-পণ্ডিত-বিরচিতে চিত্তপ্রবোধো নামাইমঃ স্তবকঃ॥ সটীক
গ্রন্থাকারে বোলাই কাব্যমালার (৩১)
মুদ্রিত হইরাছিল।

বিষ্ণুভজ্জিচন্ডোদয় (হ ৯/২ টা) শ্রীদৃসিংহারণ্য-নিরচিত বোড়শ-অধ্যাহাত্মক বিরাট স্থতিগ্রন্থ।

[তাঞ্জোর পুস্তকাগারে প্রাপ্ত পুঁথি] প্রথম কলায়—শ্রীনুগিংছ ও শ্রী**জ**গ-ন্নাথের, বেদব্যাস ও নারদাদির এবং ভারত্যণের বন্দনা—নিস্থাদিতা ভা বিষ্ণুস্বামির নামতঃ উল্লেখ ও বন্দনা —পূর্বাচার্যগণের (অথবা কেবল প্রীবিফুস্বামির) গ্রন্থালোচনা করত এই গ্রন্থের প্রবৃত্তি—শ্রীগুরুকরণ-মন্ত্রদাধন-প্রকারাদি। বিচার. দ্বিতীয়ে—ব্ৰাহ্মমূহুর্তে গাত্তোত্থান ও সন্ধাদি নিত্যক্ষতা। তৃতীয়ে— প্রীগুরুবন্দনা ও পূজা, অমুজ্ঞাক্রমে শ্রীলক্ষীনরসিংহারাধনার জন্ম খাব্যাদিন্তাস, করগুদ্ধি ইত্যাদি শছাস্থাপন, শালগ্ৰাম-করত মহিমা. ঐ লক্ষণ. ম্বারকাচক্র ও চতুর্বিংশতি মৃত্তিগণের লক্ষণ। চতৃর্থে—ঘারপূজা, পীঠার্চন, মুন্তা-ন্নান, [ঘণ্টা-প্রদর্শন, দেবতার মাহাত্মা], চন্দন-পুষ্পাদির সংগ্রহ, তুলসীতত্ত্ব, পুষ্পাদির মহিমা, ধুপ, मीश. रेनरवर्ण. नीताखन, প্রার্থনা,পাদোদক-মহিমা। পঞ্চমে-তুলগীকাননে গ্রীবিফুপূজা, নির্মাল্য-धातन, मरमञ्ज, भररामना। यर्छ-শ্রীভাগবত-মহিমা, ভাগবতধর্মামুষ্ঠান, লীলাকথা-নিষেৰণ। প্রেমভক্তি, সপ্তমে—বিষ্ণুভক্তিলক্ষণ, বিহিতা ও অবিহিতা, অবিহিতা চতুর্বিধা---কামজা, দেবজা, ভয়জাও সেহজা। বিহিতা ভক্তিও দিবিধা-ফলরপা ও সাধনরপা। সাধনরপা—জানাঙ্গা ও স্বতন্ত্রভাবে মুক্তিদা-ভেদে দিবিধা। জ্ঞানাকা ভক্তি আবার সগুণা ও निर्श्व गाल्डिए दिविधा। मध्या कृष्टि ত্রিবিধা—ভক্তিমিশ্রা, জ্ঞানসিশ্রা ও কর্ষমিশ্রা। ভক্তিমিশ্রাও আবার উন্তমা, মধ্যমা ও কনিষ্ঠাভেদে ত্রিবিধা। জ্ঞানমিশ্রাও तिविशा। **ভ**জপ কর্মমিশ্রা-সন্ত, রজঃ ও ত্যোগুণ-মিশ্রিতা হইয়া ত্রিবিধা হয়। ভক্তি-অষ্ট্রমে---মহিমা. ভক্তমহিষা। মধ্যাহৃপুজা--বিফুতে নিবেদিত দ্রব্যদারা পিতৃদেবতার্চনা, নৈবেছ-মহিমা. নামকীর্ত্তন, উপচারাদি। একাদশীব্ৰত-নব্যে—পক্কতা: মহিমা, বিদ্বাত্যাগ, ঘাদশীযুক্ত একাদশী ব্রতই করণীয়, একাদশীত্যাগে মহাদাদশীলাভে উপবাসাদি। দশমে—দশমীকতা, ব্ৰতাকরণে (माय. हियातानि-नावश्रा, धकाम्भी-নিয়ম, উপবাস-নিয়মাদি। একাদশে — चहे बहादार्भी, ऐग्रीमनी, रक्षमी, ত্রিস্পুশা, পক্ষবদ্ধিনী। দ্বাদশে-জাগর-মহিমা, दानभी-नियम । ত্রয়োদশে—মাসকত্য; চৈত্ৰমানে त्मांग. বৈশাখে **ल्यनटकार्**गत. জল্যাত্রা, আষাঢ়ে চাতুৰ্যান্তৱত, खारण পविजारतान्यानि । हर्ज्न्स —ভাজে জন্মাষ্ট্ৰমীত্ৰত, সপ্তমীবিদ্ধা-ত্যাগ, নিম্ম-মন্ত্র, পূজামন্ত্র: জয়ন্ত্রী-विषया-महावामनी, वामन-षापनी. खब्दी। পঞ্চদশে—जाधिन गाम সীমাতিক্রমোৎসব ও শমীপূজা, কাতিকে কাতিকবভাদি। কাতিক-यहिया, मीशनात्नाष्त्रव, প্रবোধনी-यश्या, রথ-মহিমা, রথবাত্রা ৷ বোড়শে—অগ্রহায়ণে তুলগীবনে প্রপ্রপূর পূজা; মাঘমাসমহিমা, তত্ত ञ्चानगाराष्ट्रा, ज्यागराषापणी, क्रास्ट्रन

আমলকীত্রত, পাপনাশিনী মহা-ঘাদনী।

গ্রন্থমধ্যে শ্রীনৃসিংহদেবে গ্রন্থকারের প্রচুরতর আবেশ থাকার মনে হয় ইনি শ্রীবিফুম্বামির অফুগত। বিষ্ণুভক্তিপীয়ুষবাহিনী-পঞ্চালিকা

নকুভাজপায়ুৰ্বাহেশা-স্কালক।

— শ্রীমদ্বিফুপুরীগোস্বামি - কর্ত্তক
রচিত 'বিফুভক্তিরত্বাবলীর' পদ্মারে
অমুবাদ। রচমিতা—লাউড়িয়া
রুষ্ণদাস।

শ্রীবিষ্ণুভক্তিরত্নাবলী — - [বিষ্ণুপুরী গোসাঞি বন্দো করিয়া যতন। বিষ্ণুভক্তি-রত্নাবলী যাঁহার গ্রন্থন ॥ (দেবকীনন্দনের বৈষ্ণুববন্দনা)। শ্রীমান্বিষ্ণুপুরী যস্ত ভক্তিরত্নাবলী ক্লতিঃ॥'

জীবনপ্রসঙ্গ আছে। শ্রীনরহরি
চক্রবর্তির ভক্তিরত্বাকরে—'জয়ধর্ম
মূনি তাঁর অভ্ত চরিত। ইহার
গণেতে বিষ্ণুপুরী শিষ্য হৈল।
ভক্তিরত্বাবলী গ্রন্থ প্রকাশ করিল।'
(ধা২১৪৪) শ্রীপাদ শ্রীজীব তত্ত-

ভক্তমালে (১৩শ মালা) देंशांत

সন্দর্ভের ২৩ অম্লডেদে বিষ্ণৃতক্তি-রত্মাবলীকে 'নিবন্ধ' গ্রন্থমধ্যে ধরিয়াছেন।

ৰিফুপুরীর পূর্বাশ্রমের নাম— বিষ্ণুশর্মা। মিথিলায় ত্রিছতে তরৌণিগ্রামে তাঁহার বাস, 'করমহ' বংশে তাঁহার জন্ম, সমং বেদ্জ্ঞ ও ক্রিয়াকা থেনিষ্ঠ ছিলেন। পত্নীর গৃহত্যাগপূৰ্বক **তু**ৰ্ব্যবহারে ডিনি শিবালয়ে আশ্রয় লইয়া একান্ডচিতে মহাদেবের ধ্যান করিতে লাগিলেন। দেখানেও গ্রামবাসিদের গৃহপ্রত্যাবর্ত্তন করিবার প্রীড়াপীড়িতে অতিষ্ঠ ছইয়া তিনি প্রাম ত্যাপ করত জনকপুরীর আটক্রোশ ব্যবধানে বিন্দসরোবরে কঠোর ব্ৰহ্মচৰ্য-শিলানাথ মহাদেবের ব্ৰতাবলম্বনে করিতে আরাধনা লাগিলেন। বর্ধান্তে মহাদেব প্রসন্ন হইয়া দ্বাদশাক্ষর বিষ্ণুমন্ত্রদান করিয়া পুনরায় দারপরিগ্রহের ইঞ্চিত করিলেন। কিছদিন পরে তিনি গ্রামে প্রত্যাবর্ত্তন করত নৃতন সংসার পাতিলেন। কয়েক বংসর গার্হস্তাংম পালন করিয়া গৃহিণীসহ পুরুষোত্মক্ষেত্রে যাত্রা করিলেন। সে ভানেই তিনি ভাগবত-সমুদ্র আলোডন এই 'রড়াবলী' উদ্ধার তিনি করিয়াছেন। ইহার পর কাশীতে আসিয়া বিন্দুমাধবের নিকট ক্রিয়াছিলেন। প্রীপ্রজগরাথদেব স্বপ্নাদেশে রাজাকে ও পুজারীদিগকে বলিলেন যে বিষ্ণুপুরীর নিকট যে রত্বমালা আছে, তাহাই তিনি পরিতে ইচ্ছা করেন। পুরী হইতে পত্র দিয়া পুরীগোস্বামির নিকট লোক পাঠাইলে তিনি ঐ ভক্তিরভাবলী পাঠাইয়া দিলেন। ক্ষিত আছে যে এই ভক্তিরত্বাবলীর একটি শ্লোক এক আবদ্ধ করিয়া **मट्**श পূজারীরা সেই গুলিকামালা শ্রীজগরাপকে পরাইতেন।

প্রাধ্যের পরাহতেন।
প্রীমদ্বিফুপ্রী মাধ্যসম্প্রদায়ের
অন্তত্ম আচার্য জয়ধর্মের শিল্প
[কাহারও মতে ইনি শ্রীমাধ্রেক্ত্রপ্রীর শিল্প । শ্রীক্ষাইচতন্ত হইতে
ওক্ষবলীর উপরের দিকে ইনি
সপ্রস্থায়ভুক্ত; অত্এব ইনি

শ্রীগৌরাবির্ভাবের আমুগানিক ১৫০ বৎসর পূর্বের লোক।

বিষ্ণুসংহিতা

शृर्वरे वला इहेशारछ य इंहात সমস্ত শ্লোকই শ্রীমদ্ভাগবত হইতে সমুদ্ধত। তবে প্রারম্ভে (১।৬-১) (প্লাক পর্যস্ত এবং উপসংহারে (১৩)১১—১৪) শ্লোক—সর্বসমেত ৮টি শ্লোক স্কৃত। এই শ্লোকগুলিও রচনা-পারিপাট্যে অভিমধুব ভাবগম্ভীর। এতদ্ব্যতীত হরিভক্তি-ष्ट्र(शामम इहेट्ड (७।०२, ६।८६) ছুইটি শ্লোক এবং অক্তান্ত পুরাণ रहेरछ 8ी (১৮১,১१००,६२৯, ে। (১) শ্লোক গৃহীত হইয়াছে। সর্বসমেত ১৩টি বিরচন ইহ:তে (অধ্যায়) আছে: প্রথম বিরচনে মঙ্গলাচরণ, গ্রন্থপ্রোজনাদি-নির্দেশ ও ভক্তিসামাঞ্চলকণ, বিতীয়ে সংসঙ্গ, তৃতীয়ে—নববিধা ভক্তি, চতুর্থ হইতে হাদশ পর্যন্ত শ্রবণাদি আত্মনিবেদন পর্যন্ত নববিধা ভক্তির পৃথক্ পৃথক্ সন্ধিবেশ এবং ত্রয়োদশে শরণাগতি ও গ্রন্থকর্তার নিবেদন। ইহাতে মোট ৪০৭ শ্লোক আছে—অতিরিক্ত ২টি শ্লোক সন্নিবেশও দেখা যায়। গ্রন্থকার ১৫৫৫ শাকে 'কান্তিমালা'-নামিকা টীকাও রচনা করিয়া ইছার সৌষ্ঠব সর্বথা বৃদ্ধি করিয়াছেন। বিষ্ণুসংহিতা --- (গোগ ૨૨) প্রীব্যাসতীর্থ-রচিত গ্রন্থ। বিষ্ণুপ্ততি -- বিশ্বমঙ্গল-রচিত (Arlyan Library Mss. 681) | apata আদর্শ — কম্পপ্রতিমল কান্তিবিভবং कापिनी-वाक्तवः, वृत्सात्रगाविकानिनी-ব্যসনিনা বেধেণ ভূষাময়ম। মন্দ্রের-মধুরিম-ব্যামৃষ্ট-বিশ্বাধরং, মুখাযুক্তং

কন্দলিতাদ্র যৌবনভরং ব্যন্দ কৈশোরকং শার্কিণঃ॥' অস্তে— মার मा वम मनीय मानतम, माध्येकनिन्दर যদচ্যা। হে র্মার্মণ। ধার্যতাসয়ং কঃ সহেত নিজবেশ-লুগ্ঠনম্॥' এই পুঁথির ১৫টি শ্লোক ব্যতীত অগ্রাগ্র গুলি কৃষ্ণকর্ণামত দিতীয় ও তৃতীয় স্তবকে পাওয়া যায়। বীবচম্ফচবিজ-প্রেমবিলাস -বচ্যিতা নিত্যানন্দ দাদের রচনা (প্রেম ১৯)। বীররকাবলী—— শ্রীনিবাস আচার্য প্রভুর পুত্র খ্রীগতিগোবিন্দ প্রভুর রচনা বলিয়া জানা যায়। ইহাতে চারিটি অধ্যায়ে শ্রীবীরচন্দ্র প্রভুর লীলা সমান্তত হইয়াছে। প্রারম্ভে— শরদবিধুবদাস্ভো দেবদেবো মুরারিঃ, অবিরতজ্পধার: প্রেমপূর্ণাবতার:। নিজগণ-ত্বখদায়ী নিত্যগোলোক-শায়ী, প্রবিশত হৃদয়ং মে শ্রীকৃষ্ণানন্দ-**5₩:** II

শ্ৰীনিত্যানন্দ, সূত্ৰ - অধ্যায়ে অদৈতাদি বন্দনা করত বীরচক্র প্রভুর অবভার—গ্রীগোরাল ও প্রীবীরচন্দ্রের অভিন্নতাখ্যাপন, প্রথম অধ্যায়ে গুপ্ত-বুন্দাবনের বর্ণনা: দ্বিতীয়ে—জনৈক ভজের প্রতি শক্তিসঞ্চারণের প্রসঙ্গ. হরিদাস-নামক প্রেসদান-প্রসঙ্গ. জনান্ধের অকিদান, মলরাজ বীর-হামীরকে তিন চাপড়দানে শক্তি-সঞ্চারণ, যমুনাদর্শন ও তৎপ্রতি কলিপ্রদঙ্গ-বর্ণনে বীরচন্দ্রের দ্বিতীয়-বার অবতার-কথা, চতুর্থে—প্রভুর নিতালীলাস্থানে গ্ৰন-ছাদশ বন-ভ্ৰমণ-কালাচাদ-দৰ্শন. পিঙ্গপীঠ বুজান্ত (?), জীবন-মহোৎসব, বিষ্ণু-পুরস্থাপন, বনবিষ্ণুপুর হইতে বিদায়

ইত্যাদি। প্রতি অধ্যায়ের উপ-সংহারে—'মহাপ্রভু বীরচক্র **অমূল্য** পদদ্বন্দে। বীররত্বাবলী কছে এ গতিগোবিন্দে' ॥ ১৭১০ শকে লিখিত ৫২ শ্লোকে গ্রথিত কাব্য। ইহাতে শ্রীবৃন্ধাবনের লীলামালা বিবিধ ছনে রচিত হইয়াছে। খণ্ডিত বলিয়া মনে হয়। [পাটবাড়ী পুঁথি কাব্য ১৮৫]। বৃন্দাবন-পদকল্পতরু--- শ্রীমদ্ রসিক-মুরারির ষষ্ঠ অধস্তন ত্রিবিক্রমানন্দ-দেব-কন্ত্ৰক উৎকলীয় ভাষায় রচিত গীতিকাবা। বৃন্দাবন-পরিক্রমা—ছ:খী কৃষ্ণদাস-রচিত ি সাহিত্যপরিষৎপত্রিকা ৫। 9: २००] । বৃন্দাবনমহিমামত—শ্রীপাদ প্রবোধা-

নন্দ সরস্বতী-বিরচিত এই গ্রন্থথানি একশত শতকে সম্পূর্ণ ছিলেন বলিয়া জানা গেলেও মাত্র ১৭টি শতক পাওয়া গিয়াছে। প্রমপৃজ্যপাদ গ্রন্থকার যে লোকাতীত-মহামহিমময় শ্রীবৃন্দাবন-সৌন্দর্য-মাধুর্যের মহাকবি —তিঘষরে অণুমাত্র সন্দেহ নাই। এই গ্রন্থানি ভাব-প্রাচুর্যে, ভাষা-गाधुर्य, वर्गनारगोन्सर्य, वस्त्रदेवज्दव এবং কল্লনা-গৌরবে সংস্কৃতসাহিতা-ভাণ্ডারে এক নিরুপম রত্নই বটে। এই গ্রন্থ সকল সাধকেরই নিরতিশয় ফল্যাণ প্রস্ব করিতেছে দেখিয়া বিশিত হইতে হয়। শ্রীপাদের দেখনীতে **এীবৃন্দাবন**∙বৰ্ণনা অতি-চমকপ্রদ, অতিস্থন্দর ও অতিমধুর। **এীবুন্দাবনীয় স্থাবরজঙ্গমান্মক যাবতীয়** বস্তুর প্রতি সম্মানজ্ঞাপন, চিদানন্দ

কুলাবনের স্বরূপ - সাক্ষাৎকার,
কুলাবনবাসির নিকট অপরাধসত্ত্বে
তত্ত্তের অফুলি, তাঁহাদের সেবা,
কুলাবন-বাসামুরোধে কর্ত্তব্যাকর্ত্তব্য,
বাসনিষ্ঠা, বাসফল, গু:তত্ত্ব, আত্মতত্ত্ব
ইত্যাদি বিষয়ে পুনঃ পুনঃ স্থুণানিখননভাষে যে বিস্তারিত আলোচনা
করিয়াছেন—তাহা অতি প্রগাচ,
ভাবৈকগম্য, কুপাল্ভ্য এবং
অফুরাগৈক-সংবেত্ত।

স্থল আলোচনা—(>) এই
শতক সার্বজনীন গ্রন্থ, সম্প্রদার-সীমার
স্বতীত; শ্রীসরম্বতীপাদের পদ্ধায়সরণে দৈক্ত-বৈরাগ্য, নামগ্রহণ ও
রূপচিস্তা ইত্যাদি করিতে করিতে
ক্রেমনঃ চিত্তক্ষি হইয়া শ্রীবৃদ্দাবনের,
শ্রীকৃষ্ণের, শ্রীরাধার ও তৎপরিকরগপের সিদ্ধ দেহের তত্ত্ত্তুরণ হইবে
এবং তাহাতেই রাগাফুগীয় ভজনের
পথ পরিষ্ণার হইবে।

- (২) এই গ্রন্থে লীলাবিলাস
 অপেক্ষা সম্প্রয়োগের প্রতি অধিকতর
 আবেশ দেখা যায়। শ্রীকৃঞ্জভাবনামৃতে (২০।২৬) শ্রীচক্রবন্তিপাদের এবং শ্রীনিকৃঞ্জরহশ্রস্তবে স্বয়ং
 শ্রীরূপপাদেরও সম্প্রয়োগ-সম্ভোগবর্ণনায় আবেশ দৃষ্ট হইতেছে।
- (৩) শ্রীসরস্বতীপাদ ফ্রদবৎ
 লীলারই পক্ষপাতী; স্রোতোবৎ
 লীলা এবং ফ্রদবৎ লীলা উভয়ই
 আস্বান্ধ, উভয়ই উপাস্ত। ক্রচি-ভেমে সুইই উন্তম। 'মেনেটং ভেন
- (৪) অজাততাদৃশক্ষচি সাধক রাগাহগা-মার্গে বৈধীসম্বলিতভাবে ভুজন করিবেন—ইহাই শ্রীজীব-

পাদের নির্দেশ। পক্ষাস্তরে জাততাদৃশরুচি সাধক কি ভাবে
রাগামুগীয় ভজন করিবেন—তাহারই
উন্নত উদ্ধল আদর্শ জলস্ত অক্ষরে
জীবহুভাবে দেখাইয়াছেন—শ্রীপাদ
সরস্বতীঠাকুর। তাঁহার প্রতি অক্ষরে
বৈহ্যাতিক শক্তি (fire) নিহিত
আছে—তিনি যেন অগ্নিমন্তেরই
উপাসক ছিলেন।

- (৫) এইগ্রন্থ একবিষয়াত্মক কাব্য
 বলিয়া—অত.ব বিস্তৃত আকারে
 গঠিত বলিয়া—ইহাতে আপাততঃ
 পুনক্ষজিদোষ দেখা গেলেও ভজিবিভাবিতচিত্তে কাব্যরস-পারদশী
 সাধক এই পুনক্ষজিকে গ্রাহ্য না
 করিয়া ইহাতে স্বার্থকতা ও বৈশিষ্ট্য
 দেখেন। 'স্থানিখনন-স্থায়ে' কোনও
 বস্তুকে হারক্ষেত্রে দৃঢ়রূপে সংস্থাপিত
 করিতে হইলে এইরূপ বাক্যভঙ্গীতেই লিখিতে হয়।
- (৬) এই গ্রন্থের স্থলে হুরাচারত্ব, হুঙ্কার্যত্ব ও জঘতা পাপাত্র-ষ্ঠানত্ব প্রভৃতির প্রতি ওনাসীন্ত দেখাইয়া ত্রীবুন্দাবনেরই মহামহিমা কীৰ্ত্তিত হইলেও ত্ৰমৰশতঃ যেন কেহ এরপ মনে না করেন যে কোনও ব্যক্তি শ্রীধামে বাসকালে যদি কুপ্রবৃত্তি ও ছঃস্বভাব-প্রণোদিত হইয়া পাপাম্ঠানে রত হয়, তাহা गार्जनीय वा त्मरे मुक्न प्रकर्मत চিন্তা ৰা কর্মের অমুষ্ঠান করিলে চিত্তবৃত্তিতে ভগবদভক্তির প্রতিষ্ঠার বাাঘাত হয় না; ফলতঃ মনে ঐক্লপ কুধারণার স্থান দেওয়াও মহাপাপ। শীরম্বার নিজেই স্বকীয় প্রোচি-বাদের বিক্তন্ত্রে (व्रा१६) हि

স্থানিদ্ধান্ত করিয়াছেন—তাহাও স্থা-গণের আলোচ্য ও দুইবা।

(৭) এই গ্রন্থের ধারাটি অষ্ট-কালীন নহে, ইহা বিশেষভাবে ধারা— যাহা শ্ৰীকৃষ্ণ-অফুরাগের কৰ্ণামতে. উৎকল্লিকাবল্লরীতে ও বিলাপ-কুত্মনাঞ্চলি-প্রভৃতিতে প্রকটিত হইয়াছে—ইহা সেই উৎকটলাল্যা-ময়ী ধারা। মাধুর্ঘকাদ্ধিনীকারের মতে 'আগক্তি'-ভূমিকালাভের পর সাধক আর বিধিবদ্ধভাবে চলিতে পাবে না। শ্রীজীবচরণ বলিয়াছেন-'রুচি: বুদ্ধিপূর্বিকা, আসক্তিস্ত স্বার্টিকী'। আস্ত্রির পর হইতে স্বভাবে পরিণত <u>শ্রীচক্রবর্</u>তিপাদ কপিলোপাখ্যানের টীকায় লিখিয়াছেন যে রাগামগীয় শাধক প্রথম হইতেই স্বতঃপ্রণোদিত হইয়া ভজন করেন, স্থপূর্বক, আনন্দের সহিত—শ্বভাবের প্রেরণায় বোগীর ভজন করেন। আস্বাদনের দুটাস্ত রাগামুগীয় সাধক সম্বন্ধে প্রয়োজ্য নহে। যথাৰ্থ থাগামুগীয় সাধক অতি বিরল— 'রুচের্বিরলত্বাৎ' [ভক্তিসন্দৰ্ভ]: অতএব শ্রীসরস্বতীপাদের এই ভজন —বিশেষভাবে অমুরাগের ভজন। গৌডীয় শ্ৰীরূপের সম্প্রদায়ে আহুগত্যেই ভজন, শ্রীশরস্বতীপাদের আমুগত্যে নহে--গ্রিরপমঞ্জরীর কিন্তু আহুগত্যে শ্রীতঙ্গবিত্যার আমুগত্যে নহে। উচ্ছলনীলম্পিতে আছে বে তুক্তবিদ্যাদি দক্ষিণা প্রথরা —কাজেই পূর্বস্বভাবান্নুসরণে **সরম্বতীপাদকে** 'দক্ষিণা' নায়িকা ৰলিতে হয়; বেহেতু তিনি মান,

বামা ইত্যাদির বিশেষ পক্ষপাতী মিলন. অমুরাগ নহেন, অথচ ইত্যাদির সবিশেষ পক্ষপাতী. কাজেই শতকগুলির ঝোঁক নিতা-বিহারের দিকে, নিতা নিকঞ্জ-মিলনের দিকে-- শ্রীগোবিন্দলীলা-মৃতাদির স্থায় অষ্টকালীন ধারা নহে। কথায় বলিতে গেলে— শ্রীসবস্থতীপাদের ভাবধারায় ভজন-পদ্ধতিতে তীব্ৰ অমুরাগ, তীব ভজন, তীব্র বৈরাগ্য, নিরস্তর স্মরণ, নিরন্তর স্ফুর্তি, নিরন্তর আবেশ এবং আত্মহার৷ ব্যাকুলতা ইত্যাদি ম্পষ্টই অমুভূত হয়। 'সাদল ভজন' —আসক্তিযুক্ত ভজন—প্রাণের ভজন না হইলে—তীত্র ভক্তিযোগ না থাকিলে মুত্নমন্তর ভজনে কোন কালেও ফললাভের আশা নাই। ধস্ততঃ শতকের রস্তন্ময়তা, আনন্দ-বিহবলতা ও অমুরাগোনাদনা প্রচরতর আস্বান্ত ও উপভোগ্য।

বৃন্দাবনমহিমামৃতের হিন্দী
(ব্রজভাষায়) অনুবাদ—শ্রীগোবিন্দের দেবাধিকারী প্রসিদ্ধ
শ্রীহরিদাস গোস্বামিপাদের শিষ্য
বলিয়া হিন্দী ভক্তমালে উল্লিখিত
শ্রীভগবস্তমুদিত শ্রীবৃন্দাবনমহিমামৃত
সপ্তদশ শতকের অনুবাদ করিয়াছেন।
রচনানৈপ্ণা প্রশংসনীয়। বোড়শ
শক-শতাক্ষীর প্রথম পাদে ইহার
আবিন্ডাব হইয়াছিল।

মঙ্গলাচরণ— শ্রীক্বফটেচতন্ত জৈ জৈ
বিহারী। নাগরী রূপগুণ আগরী
বিধি সবৈ ভাগরী ভক্তিকো দয়াকারী॥ ভজন হো অগম সো হুগম
কিয়ো সহজহী শ্রীরাধিকাকস্তকৌ

হিত হিয়ারী॥ মুদিত ভগবন্ত রসবন্ত জে রসিকজন চরণরজ রহসি
কৈ শীশধারী। কিয়ো উচ্চার মৈ
দয়া অমুসার তে প্রীক্কটেততা জৈ
জৈ বিহারী॥ >

দোহা—শীবৃন্ধাবনরতি শত কিরো বাণী মোদ প্রবোধ। ভগবস্ত সো ভাষা করোঁ সাখা মনকী সোধ ॥ প্রথম শ্লোক—নমো নমো ভাকো

অথম স্লোক—মনো নমো ভাবে।
কাকো পুরুষ অভূত জাকো মহিমা
অপার জাকী পারহু ন পায়ো হৈ।
কনক রুচির ধাম রাজেঁ ছবি
অভিরাম করুণা কৌ গ্রাম নাম
মঙ্গল কৌ গায়ো হৈ॥ ভক্তি নিসম্ব
দেত স্থপচ সমস্ক আদি বচন ময়স্ক
অন্ধ তম কো মিটায়ো হৈ। বাণী
হুঁতে নেতি নেতি ভগবন্ত-গতি
দেতি জগত মেঁ বিদিত প্রকাস
প্রেম আয়ো হৈ॥

बीत्रकारमनीनाग्रुड —— वताह-সংহিতার প্রমাণমূলে পরারাদি ছন্দে শ্রীনন্দকিশোর দাস-কর্ত্তক রচিত। इंशारा ७० है व्यथाय আছে ৷ শ্রীরুষ্ণধামই বর্ণয়িতবা রিক্মারি**ত** ভাবে সংযোজিত হইয়াছে। বিশেষ বর্ণন!—মুক্তালতার विवत्रण, हानिएयना, लावर्कनपृष्ठा, মানসগজায় বিহার, (माननीना, দেতৃবন্ধন, গেণ্ডুখেলা যোগিয়াস্থানে উদ্ধব-আগমন, প্রীরাধার দিব্যোনাদ, চরণণাহাড়ী ও শিল্পারবট-বৃতান্ত, গোবৎসহরণ, চীরঘাটে বস্তহরণ, नत्मारमव ७ वानामिनीना, वरमीवहे, বেণুকুপ, যোগপীঠ, दाग**लीला** पित्र বর্ণনাদি। শেষ অধ্যায়ে গ্রন্থায়বাদ।

ভাষায় সরলতা ও অফচিতা বর্তমান, কষ্টকল্পনার অবসর নাই। (বঙ্গীয়-সাহিত্যপরিষদে ১২.৩ নং পুঁথি) বন্দাবনবিনোদ-ক্রদ্র ন্থায়বাচস্পতি-রচিত ৭৫০ শ্লোকাত্মক কাবা। ব্ৰভানুকা নাটিক:— শ্রীমখুরাদাস-বিরচিত চতুরক্বাত্মক নাটকা। শ্রীরাধারুষ্ণের প্রেমলীলাই বর্ণরিভব্য বিষয়। প্রথমাছে--বনরক্ষিকার নিকটে বুন্দার রাধাক্ষ্ণমিলনোপার-কথন. প্রিয়ালাপ করিতে করিতে শ্রীক্লফের বন-প্রবেশ, তথায় রাধা-সকাশে চম্পকলতা-কর্ত্তক খীয় স্বপ্নবৃত্তান্ত্র-ঐকুষ্ণের कथन। बै.दाधानर्भन । দ্বিতীয়ে—মদনার্চন-কালে রাধার হঠাৎ ক্লফের উপশ্বিতি मभी ल ও পরস্পরের প্রণয়ামুকুল মন্দর্শন। তৃতীয়ে—পরম্পরের পূর্বরাগ। চতুর্থে —মিলিত যুগণের বিলাস বর্ণনা। বেদান্ত-শুমন্তক ——শ্রীমদ্-বলদেব বিভাভূষণ-বিরচিত বেদান্ত-প্রকরণ। এই গ্রন্থটি মণিবৎ আকারে ক্ষক্ত কিন্তু স্বস্তৃণ-গরিমায় क्रमग्रधारी। देश खीरगाविन्मजारम् ব্যুৎপত্তি-লাভেচ্চু এবং তদ্রহন্ত-জিজ্ঞান্তদের উপকারাথে ই প্রীপাদ রচনা করিয়াছেন। ইহা অতি সতা কথা যে এই পুস্তক বেদান্ত্রিদ্ধান্ত-র্ভরাভিমধো ভামভাকরৎ বিবাজ্মান হইয়া গোড়ীয় বৈষ্ণবজ্বগতের গৌরব-দায়ক হইয়াছে। ইহাতে ছয়টি কিরণ (অধায়) আছে। প্রথম কিরণে—প্রমাণবিনা জনেয়সিদ্ধি হয় না বলিয়া ভজ্জান্ত প্রত্যক্ষ, অনুমান উপমান, শাব্দ, অর্থাপত্তি, অনুপ্লবিং সম্ভব ও ঐতিহা—এই আটপ্রকার বেদান্ত-শ্রমন্তক

প্রমাণসমূহের উল্লেখ করত প্রত্যক্ষ, অমুমান ও শাক্তামাণ স্বীকার-পূর্বক অন্তান্ত প্রমাণবৎ প্রত্যক্ষ অমুমানেরও ফচিৎ किंदि९ ব্যভিচারিতাদর্শনে শাকপ্রমাণেরই ভত্তনির্ণায়কত্ব নিরূপিত হইয়াছে। দ্বিতীয় কিরণে—(দর্বেশ্বরতত্ত্ব)— ঈশ্বর, জীব, প্রকৃতি, কর্মাভাদ পঞ্চবিধ প্রমের। প্রথমতঃ ঈশ্বরতন্ত্র-নিরূপণ, শ্রীহরির পারতম্য-স্থাপন, বিরূদ্ধমত-নির্সন, শক্তিতত্ত্ব-বিচার, ব্রহাধর্মগুণসমূহ প্রতীত হইলেও তাহারা প্রম मुखाई—बाखात इं एक्स्वान হয় মাত্র—ইহাই 'বিশেষ' শব্দবাচ্য। निर्विष्यवाप-नित्रमन. পুরুষোত্তম হরির চতুভুজিখাদি, লক্ষীতত্তবিচার ও শ্রীরাধার স্বয়ং-লক্ষীত্বস্থাপন। ততীয়ে— (জীবতত্ব) জীব অণুচৈত্য, নিত্যজ্ঞানবিশিষ্ট, (অস্মবর্থ), দেহাদিবিলক্ষণ, বড্ভাব-বিকারশুন্ত, ভগবদ্দাস, শ্রীগুরুচরণাশ্রয়ে ছরিভক্তিদার। কুতার্থ হইতে পারে। ভক্তি শাস্তজানপূর্বক অমুঠেয়। ঈশ্বর ও জীবের ভেদ যে নিত্যসিদ্ধ —এ বিষয়ে বিচার। চতুর্থে— (প্রকৃতিতত্ত্ব) সন্থাদিগুণভারময়ী নিত্যা প্রকৃতি, গুণত্রয়ের সাম্যে ७ देवसमा एष्टि इस। প্রকৃতির প্রথম পরিণাম-মহতত্ত (সাত্ত্বিক, রাজিসক ও তামসিক), তৎপরে অহঙ্কার, তাহাও সাত্রিকাদি-ভেদে ত্রিবিং—সান্তিক অহস্কার হইতে ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃদেবতাগণ এবং মন উৎপন্ন হয়, রাজস অহস্কার হইতে দশটি বাছেজিয় এবং ভামস হইতে তন্মাত্রদারা আকাশাদি পঞ্মহাভূতের স্ষ্টি হয়। জ্ঞানে স্ক্রিয় ও কর্মেন্ত্রিয় প্রত্যেকেই পাঁচটি-ইহাদের বিভিন্ন দেবতা ও কর্ম-পঞ্চীকরণ-ব্যাপার—পঞ্চীরুত ভূত-সমূহ হইতে চতুর্বশভুবনাত্মক-ব্ৰহ্মাণ্ডসমূহ জন্ম। যতান্তরে— চতুর্বিংশতি-তত্ত্বনিরূগণ। পঞ্চমে-(কালতত্ত্ব) কাল—গুণত্রমুক্ত জড়দ্রবাবিশেষ। ভূত-ভবিদ্যাদাদি-বাবহারের ও স্ষ্টি-প্রলয়ের কারণ কাল সদাই পরিবর্তমান—এই কাল নিতা ও বিভূ হইলেও ভগৰদ্ধামে কালের প্রভাব নাই। ষষ্ঠে— (কর্মনিরূপণ) কর্ম অনাদিসিদ্ধ, ওড ও অভভভেদে ছুই প্রেকার কর্ম। কাম্য, নিভা ও নৈমিত্তিক ভেদেও ত্রিবিধ কর্ম—জ্ঞানোদয়ে সঞ্চিত ও প্রারন্ধ কর্মের বিনাশ ও বিশ্লেব হয়। ঐ জ্ঞান পরোক্ষ ও অপরোক্ষভেদে শাস্তজানই দিপ্রকার। পরোক ভক্তিই অপরোক। ঈশ্বাদিতত্ত্ব-পঞ্চাত্মক-বিবেকী ব্যক্তি অধিকারী, ভক্তি অভিধেয় এবং শ্রীহরিপাদলাভই প্রয়োজন।

বৈষ্ণবধর্মের আমুপূর্বিক বিবরণ—

(ক) বৈদিক্যুগে বৈষ্ণবধৰ্ম— 'শ্রীবিষ্ণু ও বৈষ্ণব' শব্দ আমরা বৈদিকবুগ হইতেই দেখিতে পাই। প্রাচীনতম ঋক্মঞ্জে ঋষিরা বিফুর করিতেন, ভোগৈশ্বর্য-উপাসনা কামনায় বিষ্ণুর প্রার্থনা করিতেন, আপদে বিপদে বিষ্ণুর শরণ করিতেন, ক্থনও বা নিষ্কাম ভক্তিভাবে তাঁহার মহিমাও কীর্ত্তন করিতেন। ঋথেদের প্রথম মণ্ডল ২২ হড়ের ১৬ হইতে ২১ ঋক্ পর্যন্ত তাৎকালীন বিষ্ণু-আরাধনার প্রভাব, প্রসার প্রতিপত্তির যথেষ্ট আভাস পাওয়া যায়। (১) অতো দেবা অবস্থ নো যতো বিফুর্বিচক্রমে পৃথিব্যা: সপ্ত ধামতি:। (২) ইদং বিফুবিচক্রমে ত্রেধা নিদধে পদং সমুলক্ত পাংক্ষরে। (৩) ত্রীণি পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্য: অতে। ধর্মাণি ধারম্ব। (৪) বিফো: কর্মাণি পশুত: বতো ব্রতানি পস্পশে ইন্দ্রস্থ যুজ্য: স্থা। (৫) তদিফোঃ পরমং পদং সদঃ পশুন্তি স্রয়ঃ দিবীব চকুরাততম্। (৬) তদিপ্রাসো বিপণ্যবো জাগুবাংসঃ সমিদ্ধতে বিফোর্যৎ পরমং পদম॥ নিক্তের টীকায় ছ্র্গাচার্য স্থকেই বিষ্ণুনামে প্রতিপন্ন করিলেও কিন্ত এই মত সর্বান্মত নছে; যেহেতু বেদবিভাগকর্তা ও ব্রহ্মস্থত্র-রচ্য়িতা ব্যাসদেবও বিষ্ণুকে সুর্য হইতে পুরক্ বলিয়াছেন—(গীতা ১৫।২২) 'যদা-তেজস্ততেজো বিদ্ধি দিত্যগতং মামকম।' আবার নারারণের ধাানেও প্ৰত:ই জানা যায়—'ধ্যেয়: সদা সবিত্রীমণ্ডলমধ্যবর্জী ইত্যাদি। পৌরাণিকগণও বলেন— 'জ্যোতিরভাস্তরে রূপং দিভুজং শ্রাম-স্থন্ত্রম'। এতহাতীত আলোচ্য --क्क ३१३६६।०,३१३६८।८७,११३००।७ এবং তৈতিরীয় ব্রাহ্মণ ২।৪।৩।৫, ৯। শাকপুণি ও ওর্ণবাভ প্রভৃতি ব্যাখ্যাতৃগণও 'বিষ্ণু' শব্দের বিভিন্ন ব্যাখ্যা দিয়াছেন। সায়ণের ভাষ্য বাদ-রায়ণের ভাব-সমত। মহীধর শাক-পুণির অনুসরণে বলেন যে অগ্নি, বায়ু ও সূর্যরূপে বিষ্ণু ত্রিবিক্রম অবভারে

ত্রিপাদ সঞ্জরণ করেন। বাদরায়ণ, মহীধর ও সায়ণ প্রভৃতির মতেই হিন্দুস্মাজ বিষ্ণুকে স্বতন্ত্র বলিয়া দেবতা পথক অর্চনা করিয়াছেন। স্থা বিফুরই তেজে জ্যোতিখান। ঋগুবেদ ১ম মণ্ডল ১৫৪ স্থাক্তের

৫-৬ থাকে বিষ্ণুর বলবিক্রমের কথা বর্ণিত। বিষ্ণু 'উরুক্রম ও উরুগার', বিশ্ববন্ধাণ্ড তাঁহারই ত্রিপাদসঞ্চরণ-স্থানের অন্তর্গত। তাঁহার বিধাম মধু-(মাধুর্য)-পূর্ণ ও আনন্দময়। সে স্থানে গোধন আছে। তথাছি-তদন্ত প্রিয়মভি পাথো অন্তাং নয়ো দেব্যবো মদ্ধন্তি। উক্তক্মশু সৃহি वक्षितिथा विरक्षाः भटन भत्रम मध्वा উতে॥ তাবাং বাস্তুহাশ্সি গমধ্যৈ যত্র গাবে। ভূরিশৃঙ্গা অয়াসঃ। অতাহ তদরুগায়স্থ বুষ্ণঃ পর্মং পদ্মবভাতি ভুরি॥ এই হুই মন্ত্র 'বর্হাম্ফ রিডক্চি গোপবেশ' বিষ্ণুর মাধুর্যময় ধাম গোলোক-বুন্দাবনের মাধুর্যপ্রদর্শক। পরবর্ত্তিকালে প্রীব্যাসদেব সমাধিতে विकुत (य माधुर्यमशी नीना मन्तर्भन করত বিষ্ণুপুরাণে ও শ্রীমন্ভাগবতে বর্ণনা করিয়াছেন— বিস্তারিত বৈদিক ঋষিরাও প্রিয়তম মাধুর্বের উৎস গোলোকের সেই জ্রুত

কতাৰ্থ হইয়াছেন। এই মল্লে উৎকণ্ঠা ও গোলোকধাম-প্রাপ্তির বাগ্ৰতা প্ৰকাশিত। এই ঋষিরা তৎকালে 'বৈঞ্চব' নামে অভিহিত না হইলেও 'বৈঞ্ব'-সংজ্ঞায় অভিহিত হুইবার যোগ্য। ঋক (১।২২।১৭) মন্ত্রে বামনাবভার,

গতিশীল বহুশুরু গাভীর স্বর্শনে

শতপথব্ৰাহ্মণে (১৷২৷৫৷৭) ইহার বিস্তৃতি, শতপথ (৭।৪।৩।৫) ও তৈত্তিরীয় আরণ্যকে (১/১৩/৩১) কুর্মাবতার, তৈতিরীয় সং (৭।১)৫।১) ঐ বান্ধণ (১)১।৩৫) ও শতপথে (১৪।১।২।১১) বরাহাবতার, ঐতরেয় বান্ধণে পরশুরাম, ছান্দোগ্য উপ° (৩) >৭) তৈত্তিরীয় আরণ্যক (১০।১।৬), **थग_रवम थिनप्ररक्त रमवकीनम्मन** বাস্থদেব কৃষ্ণ ও রাধার উক্তি আছে। অথর্ববেদে (২।৩।৪।৫) বিশ্বস্তর নাম পাওয়া গিয়াছে—'বিশ্বন্ধর বিশ্বেন মা ভরদা পাহি স্বাহা'। শ্রীমদ রসিকমোহন বিভাভূষণ মহোদয় ইহাকে প্রাচীন বৈদিক গৌরমন্ত্র বলিয়াই প্রতিপন্ন করিয়াছেন। খক (১০।১৫৫।৩) দারুত্রহের অপৌরুবেয়ত্ব ও অনাদিত্ব প্রকটিত।

ভিত্তি প্রতিষ্ঠিত হইয়াছে। শ্রীমদ-ভাগবতের দশমস্বন্ধের ক্বফলীলার হত্ত ঋগ্বেদ হইতে প্রদর্শন করিয়া নীলকণ্ঠভট্ট এই গ্ৰন্থ করিয়াছেন। বিষ্ণুর ব্রাহ্মণ-গ্রন্থেও প্রাধান্ত যথেষ্ট কীত্তিত হইয়াছে। ঐতরেয় বান্ধণে (১া৫) 'অগ্নিশ্চ হ বৈ বিফুশ্চ * বিষ্পুক্ত, পুরুষস্থক (১০)১১) প্রভৃতি ঋক্, অথব (১৯।১।৬) ন তে বিফো জার-

ठातिरवर्षाष्ट्रे विकृत উপাসনা पृष्टे

হয় *। 'মন্ত্রভাগবত'-নামক গ্রন্থে

২৫০ ঋকে শ্রীরামক্বফলীলার বেদমন্ত্রে

মানো ন জাতো দেব মহিমঃ পরমভ্যাপ॥ (सर्थम) व्या कृष्णन त्रक्रमा वर्त्तमानः, কুঞ্চেন রজদা আমুণোতি স্বিতা, কুঞা রজাংদি দধান (ঋথেদ ১।৩৫১) মধ্যে বামন-মাদীনং বিখে দেব। উপাদতে (কঠ)।

(पियानाः पीकाशादनीः সায়ণা-চার্য ইহার ভাষ্যে লিখিয়াছেন-যোহয়মগিঃ সর্বেষাং দেবানাং প্রথমঃ, য*চ বিষ্ণুঃ সর্বেষামুত্তমঃ, তারভৌ দেবানাং মধ্যে দীক্ষাখ্যস্ত চ ব্ৰত্স পালয়িতারো।' অগ্নিই সকল দেবতার প্রথম (মুখন্তরূপ), বিফুই শকল দেবত! হইতে উত্তম। ইঁহারাই नौकानारमङ व्यक्षिकाही: যজাদি বৈদিক ব্যাপারে বিষ্ণুরই প্রাধান্ত স্বীকৃত হইয়া 'যজ্ঞেশ্বর' বলিয়া চির প্রশিদ্ধি লাভ করিয়াছেন। প্রান্ধতত্ত্তে 'যজেশ্বরো হ্বাসমস্তক্বাভোক্তা-ব্যয়াত্মা হরিরীশ্বরোহত্র' ইত্যাদি। শতপথ বান্ধণেও বিষ্ণুর প্রাধান্ত ও মহিমা স্থচিত হইয়াছে। তৎ বিষ্ণুং প্রথমং প্রাপ, স দেবতানাং শ্রেষ্ঠোহভবং। তশাদাহঃ 'বিষ্ণুঃ দেবতানাং শ্রেষ্ঠঃ' ইতি (১৪।১।১।৫) ঐতরেয় ব্রাহ্মণের প্রথমপঞ্চিক। তৃতীয় অধ্যায় চতুর্থ খণ্ডে—'বৈঞ্বো ভৰতি বিষ্ণুৰ্বৈ যজ্ঞঃ স্ববৈয়বেনং তদ্দেবতায়া স্বেনচ্ছন্দ্দা সমর্দ্ধয়তি। বিষ্ণুই সাক্ষাৎ যজ্ঞমৃতি, যাজ্ঞিকেরাই বৈঞ্চব। বিষ্ণু নিজেই স্বেচ্ছাক্রমে দীক্ষিত বৈঞ্চবকে সম্বন্ধিত করেন। 'বিষ্ণুৰ্দেৰতা যম্ম স বৈষ্ণবঃ' এই রূপেই বৈদিক সাহিত্যে 'বৈঞ্ব' পদ ব্যবহৃত হইয়াছে। পাণিনির (৪।২।২৪) 'দাশু দেবতা' এই অর্থে

এইরূপে অন্তান্ত বান্দণেও বিষ্ণুর শ্ৰেষ্ঠতা **স্থিরীকৃত** হইয়াছে। ম্বতরাং ব্রাহ্মণগ্রন্থ প্রচলন-সময়ে এদেশে বৈদিক বৈঞ্চবগণের প্রভাব,

'বৈষ্ণব'-শব্দের ব্যুৎপত্তি পাওয়া যায়।

প্রাংভাব ও প্রতিপত্তি ছিল।

উপনিষদেও বিষ্ণুর মাহাত্মা-কীর্ত্তন হইয়াছে-->। বিষ্ণুর্বোনিং কল্লয়তু (বুহুদারণাক ৬।ঃ।২১); ২। শংনো বিভূরব্যক্রমঃ (তৈত্তি° ১।১।১): ৩। তদ্বিক্ষোঃ পর্মং পদং (कर्ठ णागर, रेमबी धार७); 81 তরো বিষ্ণুঃ প্রচোদয়াৎ (মহানারা°— ৩।৬); ৫। স এব বিষ্ণুঃ স প্রাণঃ (কৈবল্য); ७। যশ্চ বিষ্ণুস্তবৈশ্ব নমো নমঃ (নুসিংছ পূর্ব); १। এব এক বিষ্ণুবেষ হে বধোৎক্বষ্টঃ (মৃসিংহোত্তর) ৮। বিষ্ণু ভগবান দেবঃ (ব্ৰহ্মবিন্দু); ৯। য এব বেদ স বিষ্ণুরেব ভবতি (নারায়ণ); ১০। (ছান্দোগ্য ৩। ১৭ ৬) কৃষ্ণায় দেবকীপুত্রায়; ১>। আদিত্যানামহং বিষ্ণুঃ (গীতা 1 (5 510 5

এই সব উপনিষদ্ ব্যতীত
গোপালতাপনী, রামতাপনী, রুঞোপনিবৎ, মহোপনিবৎ, বাহ্মদেবোপনিবৎ, ছয়গ্রীবোপনিবৎ ও
গারুড়োপনিষদাদি বৈঞ্ব-সাম্প্রদায়িক বলিয়াই প্রসিদ্ধ।

শতপথ ব্রাহ্মণে 'নারায়ণ' নাম,
অথর্ববেদান্তর্গত বৃহন্নারায়ণোপনিষদে
'হরি, বিষ্ণু ও বাহ্নদেব' নাম প্রাপ্ত
হইতেছি। মহোপনিষদে 'নারায়ণই'
পরমত্রহ্ম, অথর্বশিরঃউপনিষদে
দেবকীপুত্র মধুস্থদন, নারায়ণোপনিষদে
(৪) 'ব্রহ্মণ্যো দেবকীপুত্র' প্রভৃতি
নাম পাওয়া যায়। সাম্প্রদায়িক
উপনিষদ্গুলি অপেকাক্বত অপ্রাচীন
হইলেও উহারা পাণিনির পূর্বে রচিত
বলিয়া অনুমান করা যায়।
'জীবিকোপনিষদাবৌপন্যে' (পাণিনি

১/১/৭৯) স্থত্তের ভট্টোজি দীক্ষিত-কৃত ব্যাখ্যানে জানা যায় যে এক-শ্রেণীর পঞ্জিত উপনিষ্ রচনা করিয়াই জীবিকা নির্বাহ করিতেন ! 'উপনিষৎকুতা' অর্থ উপনিষদ্গ্রন্থ-তুলা গ্রন্থ-করণান্তর-এই অর্থ সর্ব-বৈয়াকরণ-সমত। 'উপনিবত ল্য' কথাৰাৱাই তৎপূৰ্বকালীন প্ৰাচীনতম উপনিষদেরই স্মুপ্তাষ্ট ইঞ্চিত বুঝা যাইতেছে। 'পারাশর্যশিলালিভ্যাং ভিক্ষনটম্প্রয়োঃ' (পাণিনি ৪।৩)১১০ এই স্ত্রেয়ারাই জানা যায় যে বেদাগুদর্শনের বীজভূত উপনিষ্-অবশ্বনে এথিত ভিক্ষুস্ত্র সম্বন্ধে পাণিনি স্থবিদিত ছিলেন। পোণিনি (৪) ১৯৮ – ৯৯) স্থত্তেও 'বাস্থদেব' শব্দের ভগবদর্থে ই ব্যবহার হইয়াছে বলিয়া ভাষ্যকার পতঞ্জলি জানাইতেছেন ।।

পাণিনির পূর্বতন যাস্ক (নিরুক্ত থাং।৬) 'ইত্যুপনিষদ্বর্ণা ভবতি' এই-এইরূপ উক্তি ছারা 'উপনিষ্ণ' শব্দের সাক্ষা দিতেছেন। ত্ত্তরাং প্রাপ্তক্ত উপনিষৎসমূহের প্রাচীনতায় সন্দেহ করা অযৌক্তিক। ভবে একথাও স্বীকার্ঘ যে সব উপনিষদ এখন পাওয়া যাইতেছে. ইহারা সকলগুলিই বেদোপনিষৎ না হইলেও উপনিষত্ল্য বলিয়া উপনিষদনামে কিন্ত গ্রাহ্য: ভৈ জিরীয় সংহিতার অন্তর্গত নারায়ণোপনিষৎখানি যে অতি-প্রাচীন তদ্বিষয়ে সন্দেহনাত্রও নাই। বেদ ও গৌড়ীয় বৈষ্ণবধর্ম— ভগবানের নাম, রূপ, গুণ, লীলা,

পরি**ক**র প্রভৃতি

কৰ্মজড়

নিবিশেষ-জ্ঞানিদের মতে গৌণ ও অনিত্য; কিন্তু বেদে স্থস্পষ্ঠভাবে উহাদের নিতাত্ব প্রতিপাদিত হইয়াছে। ফলতঃ গৌড়ীয় বৈষ্ণব-ধর্মের অচিস্তাভেদাভেদবাদও বেদের পরম মুখ্যবৃত্তিতে সম্থিত হইতেছে I গোডীয় বৈঞ্চব-ভজ্জনে নামই সর্বশ্রেষ্ঠ সাধন—তৎসম্বন্ধে খ্রেদ (১৷১৫৬৷০)—'ওঁ আহম্ম জানৱো নাম চিদ্বিক্তন্ মহস্তে বিষ্ণো স্মতিং ভজামহে ওঁ তৎসৎ' শ্রীজীবপাদের ব্যাখ্যা—হে বিষ্ণো। তোমার নাম চিৎস্বরূপ, স্বপ্রকাশ-স্থতরাং নামের সম্যক উচ্চারণাদি-মাহাত্ম না জানিয়াও—ঈষনাত্র জানিয়াও যদি সেই নামাক্ষরগুলিরও অভ্যাদমাত্র করি, তবেই আমরা স্থমতি (ভদ্বিয়ক বিভা ভজন-রহস্ত) লাভ করিব, যেহেতু সেই প্রণব-ব্যঞ্জিত বস্তু স্বতঃসিদ্ধ. অতএব ভয়দ্বোদিস্থলেও প্রীমৃতির শ্বৃত্তি হয় বলিয়া 'নাঙ্কেত্য' প্রভৃতি স্থলে নামোঞারণের মুক্তিপ্রদত্ত জানা যাইতেছে। (ভগবৎসন্দর্ভ ৪৯) লীলা, ধাম ও পরিকর সম্বন্ধে —ঋক (১/৫৪/৬) 'তাং বাং বাস্ত্যুশ্সি ইত্যাদি। ব্যাখ্যা— গ্রীক্বঞ্চবলদেবের (লীলাভূমি) প্রাপ্তির ভন্ত কামনা: করিতেছি। তথায় বহুশুঙ্গ শুভলক্ষণ কামধের বাগ করে। এই ভূমিতে সেই লোকবেদ-প্রসিদ্ধ সর্বকাম-

পরিপুরক-চরণারবিন্দ

প্রপঞ্চাতীত 'গোলোক'-নামক প্রম

পদ (ধাম) স্থপ্রকাশিত আছে।

যজুর্বেদ মাধ্যন্দিনী

ঐক্তের

শাখায়

বান্কে সর্বস্ব বলিয়া জানিলে আত্ম-

আত্মানন্দ এবং স্বরাট হইতে পারে।

আত্মমিথুন,

ংতি আত্মক্রীড,

ধানের নিত্যত্ব — যা তে ধামস্ক্রাশ্বদীত্যাদে) বিক্ষোঃ পরুমং পদমবভাতি ভুরি'। পিগ্ললাদ শাখায় 'যত্তৎ সূক্ষ্' পরমং বেদিতব্যং, নিত্যং পদং বৈফ্যবং হামনস্তি' ইত্যাদি। **ঋথেদে (১।২২।১৬৪—৩১)** 'অপশ্যং গোপামনিপ্তমান্মাচ প্রা চ পথিভিশ্চরন্তম' ইত্যাদিতে শীক্ষাকর লীলানিতাতা প্রতিপাদিত: এইরূপে রূপগুণাদিও যে নিতা, তাহাও বেদসংহিতায় দেখা যায়। 'উপনিষৎ' শব্দের ত্রিবিধ অর্থ— (১) যাহা ছারা ব্রেক্তর বিষয়ে আস্ক্তিনাশ হয়, (২) যাহা দারা পাপ, পাপবীজ ও অবিভা উন্লিত হয় এবং (৩) যাহা দারা নিঃসংশয়ে ব্ৰহ্মসামীপা লাভ হয়—তাহাই উপনিষৎশব্দ-বাচ্য। ক্লটি, যোগ, যোগরটি, মহাযোগ ও বিদ্বদ্-রাঢ়ি—এই পঞ্চ মুখ্যশক্বৃত্তি-বলে এই 'উপনিষং' শব্দের দারাই উপগ্যা, উপগস্থা ও উপগ্যন —এই ত্রিবিধ বস্তু ও ক্রিয়া নির্দিষ্ট হইয়া জীব ও জ্রন্ধের নিত্য অবস্থান এবং তাহাদের ্নিত্য সম্বন্ধ বুঝাইতেছে। নামাল্লক শক্রক্ষমধ্যে রূপ, গুণ, ক্রিয়া ও স্বরূপাদি অন্তভু ক্ত থাকে। উপগন্তা (জীবের) উপগম্য (ভগবানের) নিকট উপগমন ক্রিয়াটি একমাত্র শ্রবণের দারাই সাধিত হয়, [আত্মা বা অরে দ্রষ্ঠব্যঃ, শ্রোভব্যঃ] প্রবণের ফলে · **কীর্ত্তন—শ্রী**মদুগোরাঞ্চেরও অভিপ্রেত অভিধেয়—শ্রবণ-কীর্ত্তনই। গৌডীয় বৈষ্ণৰ সিদ্ধান্তে আয়ায়-বাক্যই

প্রমাণরপে গৃহীত—তাহাই শ্রীমদ

বলদেব বিভাভূষণ নবপ্রমেয়-রূপে বিরত ক্রিয়াছেন। আয়ায় বাক্যের মৌলিক প্রমাণত্ব এবং ব্রহ্মস্প্রদায়ের সনাতন্ত্-স্থান্ধে মুগুক (১) ১) ১, ১া২া১৩) উপনিষ্দে—ব্ৰহ্মা দেবানাং প্রথমঃ সম্বভূব বিশ্বস্থা কর্ত্তা ভূবনস্থা গোপ্তা। স ব্রহ্মবিভাং স্ববিভা-প্রতিষ্ঠানথর্বায় জ্যেষ্ঠ-পুত্রায় প্রাহ। যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং প্রোবাচ তাং তত্ততো ব্ৰহ্মবিভাষ্॥ বৃহদারণাক (২।৪।১০) অভা মহতে ভৃতভা নিঃশ্বসিতমেতদুগ্রেদে। যজুর্বেনঃ শামবেদাথর্বাঙ্গিরস ইভিছাসঃ পুরাণং বিতা উপনিষদঃ শ্লোকাঃ স্ত্রাণ্যমূ-ব্যাখ্যানানি স্বাণি নিঃখ্সিতানি ॥ শীকৃষ্ণের পরতত্ত্ব—(গোপাল-তাপনী) ভিম্মাৎ ক্লফ্ট এব পরো দেবন্তং ধ্যায়েৎ তং রসেৎ' ইত্যাদি। একো বশী সর্বগঃ রুফ ঈডাঃ... ছালোগ্য (৮।১৩।১)--শ্রামাজ্বলং প্রপত্তে.. [ঐ ৮/১/২ দল্লে 'ব্দাণুরে পদ্ম পুষ্প-সন্মিভ ধামের' ইঞ্জিত] ব্ৰহ্মপংহিতা—(াহ) সহস্ৰপ্ৰং কমলং গোকুলাখাং মহৎপদম। তৎক্রিকারং ভদ্ধাম তদন্তাংশ-সম্ভবম ॥ খেতাখতর উপনিষদে (৩৮, ১৬, ১৯; ৪া৫, ৪.২০, ৬া৭ প্রভৃতিতে) শ্রীভগবানের স্বতঃপ্রকাশত্ব, প্রকৃত্য-তীতত্ব, শ্রেইতত্ত্ব, সর্বশক্তি-সম্পন্নত্ব, সর্বব্যাপিত্ব, অবিচিম্থাশক্তিমন্ত্র প্রভৃতি প্রতিপাদিত হইয়াছে।

তৈতিরীয় (২া৭ অন্থবাক) 'রসো

বৈ সঃ' ইত্যাদিতে শ্রীকৃঞ্জেই

অখিলরসামৃত-সমুদ্র বলা হইয়াছে।

ছান্দোগ্য (৭।২৫।২) জীব শ্রীভগ-

অভিন্তাভেদাভেদবাদে বেদাভের উভয়নিষ্ঠ শ্রুতি-সমূহের যুগপৎ প্রামাণ্য স্বীকৃত হইয়াছে; যথা— (১) অভেদ-পক্ষে—সর্বং খরিদং ব্ৰহ্ম (ছান্দোগ্য ৩)১৪।১); আবৈ-বেদং মর্বমিতি (...৭।২৫।১); সদেব-সোন্যেদমগ্র আগীৎ (.. ৬।২।১) ইত্যাদি ইত্যাদি। (২) ভেদপক্ষে—ব্ৰন্ধবিদাপ্নোতি পরং (তৈতিরীয় ২।১); মহাত্তং বিভুমাত্মানং মতা ধীরো ন শোচতি (কঠ ১/২); যো বেদলিছিতং গুহায়াং পর্যে ব্যোষন্। সোহশুতে স্বান্ কামান সহ ব্ৰহ্মণা বিপশ্চিতা॥ (তৈ° আ° > অফু); যত্মাৎ পরং নাপরমন্তি কিঞ্ছিৎ (শ্বেতাশ্ব° ৩) ; প্রধানক্ষেত্রজ্ঞপতিগুর্বিশঃ (খেতা°— ৬।১৬): তথৈষ আত্মা বিরণুতে তমুং খাং (কঠ ২া২৩, মু ৩া২) ; দিত্যো নিভ্যানাং (কঠ ২।১৩); অয়মাত্মা সুবেষাং ভূতানাং মধু (বৃহদা থালা ১৪) ইত্যানি। (খ) পৌরাণিকযুগে বৈষ্ণবধর্ম মহাভারতে মোকংম-অধায়ে 'নারায়ণীয়' নামক অন্তর্ধাায় আছে। এই সকল অধ্যায়ে প্রাচীনকালের নারায়ণোপাণক বৈষ্ণবগণের বিবৃতি দেওয়া আছে। শান্তিপর্বের ৩৩৫ অধ্যায়ে ১৭—১৯ শ্লোকে উপরিচর রাজার ইতিবৃত্তে দেখা যায় যে তিনি নারায়ণের পর্মভক্ত ছিলেন। ইনি সূর্যমুখনিঃস্ত সাত্ত বিধির

অফুষ্ঠানে প্রথমতঃ দেবেশ নারায়ণকে

ও তদুচ্ছিষ্টদারা পিতামহ (ব্রহ্মা) প্রভৃতিকে পূজা করিতেন। 'সাত্বত' শব্দে টীকাকার নীলকণ্ঠ লিখিয়াছেন 'সাত্তানাং পাঞ্জাত্রাণাং হিতং'। শান্তিপর্ব (৩৩৫।২৫) পাঞ্চরাত্র মুখাব্রাহ্মণুগণ ভগবংপ্রোক্ত ভোজ্যাদি গ্রহণ করিতেন। মহাভারতের এই আখ্যানপাঠে জানা যায় যে 'দান্তত' বিধানই প্রাচীন বৈষ্ণব্যত। মরীটি অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ—এই সপ্তৰ্ষিই 'চিত্ৰশিখণ্ডী' বিখ্যাত ও সাত্তবিধির প্রবর্ত্তক। রাজা উপরিচর বৃহস্পতির নিকট এই চিত্রশিখণ্ডিজ শাস্ত্র পাঠ করেন এবং তদমুসারে যাগযজ্ঞাদিও করিতেন। শান্তিপর্বে (৩৩৭:৩— জানা যায় যে * 'অজেন যষ্টব্যমিতি' এইবাক্যে 'অজ' শব্দে ছাগ না বুঝাইয়া বীজকেই বুঝায়। নীলকণ্ঠ-টীকায়—'যদা ভাগবতো **২ত্যর্থমিত্যাদিরধ্যায়ো** देवखदानाः হিংস্ৰযজ্ঞ-বৰ্জনাৰ্থঃ' ইত্যাদি দ্ৰষ্টবা। ৩৪৬ অধ্যায়ে (৪৭) ভক্তা

যুক্তৈৰ্মনোবাককৰ্মভিন্তদা' এবং (৬৪) 'নারায়ণ-পরো ভুতা নারায়ণ-জপং জপন্' वहे दूरे বচনে যে ভক্তির কথা বলা হইয়াছে. এই ভক্তিই বৈষ্ণবংর্মের উপাসনার প্রধান বৈশিষ্ট্য। ইহাই সাত্তবিধি —স্বাং শ্রীভগবান্ই এই ধর্মের আদি উপদেষ্টা (মহাভারত শাস্তি

000 | 08 - OF) |

শ্রীমদভাগবতেও **সাত্ততন্ত্রের** প্রকাশ-সম্বন্ধে পৌরাণিক ইতিহাস আছে। (ভা° ১৷৩৷৮) তৃতীয় ঋষিদর্গে নারদর্রপে নিম্বর্ম লক্ষণ 'সাত্বত তন্ত্র' প্রকাশ করিয়াছেন। উক্ত শ্লোকের টীকায় শ্রীধর স্বামী বলেন-সাত্ততং বৈষ্ণৰ-তন্ত্ৰং পঞ্চবারোগ্যমাচ্ট্র। সাত্বতংৰ্মকে শ্ৰীমদ্ভাগৰতে 'ভাগৰত-ধর্ম'ও বলা হইয়াছে। স্বয়ং ভগবান ব্ৰহ্মার নিক্ট প্রথমতঃ ভাগবতধর্ম উপদেশ করিয়াছেন, ব্রহ্মা নারদকে, নারদ ব্যাসকে এইভাবে পরম্পরাক্রমে চলিয়া আসিতেছে।(ভা° ২।৯।৪২— ৪৩) তৃতীয় স্বন্ধের চীকাপ্রারম্ভে শ্রীধর ভাগবত-সম্প্রদায়ের প্রবৃত্তি-বলিয়াছেন—'দ্বেগ হি ভাগবত -সম্প্রদায়-প্রবৃতি:। একত: সংক্ষেপতঃ শ্রীনারায়ণাদ্ ব্রহ্মনারদাদি-ঘারেণ। অগুতম্ব বিস্তরতঃ শেষাৎ गन १ क्यां त्र मार्था । वर्ष-স্বন্ধে (৩।২০—২১) ব্ৰহ্মা, ক্বন্তু, সনৎ-কুমার প্রভৃতি দাদশলনই 'ভাগবত-ধর্ম -বেত্তা'।

এতদ্বারা প্রমাণীকত হইল যে প্রাচীনতম কাল হইতেই এই বৈষ্ণব ধর্ম 'দাত্বত ধর্ম', 'ভাগবত ধর্ম' ও 'পাঞ্রাত্রধর্ম' নামে অভিহিত হইয়া আসিতেছে। পুরাণ স†ত্তিক আলোচনা করিলে এই ধর্মের বিস্তারিত বিবরণ জানা স্থতরাং পুরাণাদি-সম্মত সাত্বত ধর্ম वा दिख्य धर्म व्यदिनिक नटर, আধুনিক নহে। পুরাণগুলিও শ্রুতি-সন্মতই-এতদ বিষয়ে ব্ৰাহ্মণগ্ৰন্থ-সমূহে প্রমাণ আছে। মধ্যভারতে গোয়ালিয়র রাজ্যের দক্ষিণ সীমান্তে

বেশনগরে ১৯০৯ খঃ ভারত গবর্ণমেণ্টের প্রত্নতত্ত্বিভাগের অধ্যক্ষ ভার জনু মার্সালু এক শিলালিপি করিয়াছেন--তাহার আবিষ্কার কিয়দংশ-[J. R. A. S.]

দেবদেবস বাস্থদেবস গরুড়ধ্বজে অয়ং কারিতে ইয়…হোলিওডোরেণ দিয়ন-পুত্রেণ তক্ষ-ভাগবতেন শিলাকেন যোনদাতেন আগতেন মহারাজস অন্তলিকিত্য ••• উপস্থা... অৰ্থাৎ দেবাদিদেব বাস্থদেবের উদ্দেশ্যে এই গরুডধ্বজ অন্তলিকিতের নিকট হইতে স্কাশরাজ কাশীপুত্র অধীনস্থ 'ত্রাতার' ভাগভদ্রের চণ্ডসেন রাজের সহিত সমাগত দিয়নপুত্র 'যোনদাত' তক্ষশিলা-নিবাসী ভাগবত হোলিওডোর-কর্ত্তক উৎস্প্ট হইল। উক্ত প্রত্নতাত্তিকের হিনাবে খুষ্টপূর্ব ১৭৫ হইতে ১৩৫ পর্যস্ত গ্রীকনরপতি অন্তলিকিতের রাজত্বকাল—এই শিলালিপির অক্ষরগুলিও ঐ কালেরই পরিচয় বাৰ্ণে ট সাহেবও শিলালিপির বিষয়ে বলিয়াছেন যে খুষ্টপূর্ব বহু কাল হইতেই এক্লিঞ্চ বাস্থদেবের ভগবদ্বৃদ্ধিতে ভক্তিমার্গে যে মুখ্য উপাসনা হইত—এ বিষয়ে এই শিলালিপিই জ্বন্ত অক্ষরে সাক্ষ্য দিতেছে।

ঐতিহাসিক প্রমাণ—খৃঃ পৃঃ ১৫০ অবে পতঞ্জলির মহাভাষ্যে উপাশ্ত বাস্থদেবের কথা আছে। Buhler (Sacred Books of the East. Vol. XIV) দেখাইয়াছেন বৌধায়ন-ধর্মস্ত্তের পূর্বেও দামোদর ও গোবিন্দের উপাসনা সাধারণের

^{*} वीटिमर्वाङक् यष्ट्रेताभिकि देव देविषकी শ্ৰুতি:। অজ-সংজ্ঞানি বীজানিচ্ছাগং न হস্তমর্হথ। নৈষ ধর্মঃ সভাং দেবা যত্র বধ্যেত বৈ পশুঃ।

মধ্যে প্রচলিত ছিল এবং ত্রিবিক্রম বামন-বিষ্ণু বাস্থদেব বলিয়া পৃঞ্জিত इहेटिन (२-६।३।३०)। १००-৬০০ পূর্ব খুঠাব্দেরও পূর্বে যে বৈষ্ণব-ধর্মের অস্তিত্ব ছিল, তাহার প্রমাণ আছে। এই সময় ত্রিবিক্রম বিষ্ণুর পূজা প্রচলিত ছিল। আর ইংহার উপাসনায় লোকে বিষ্ণুপাদেরই পূজা করিত। বুদ্ধের পদচিত্তের পূজার পূর্বে গয়াধামে বিফুপাদেরই পূজা হইত। যাস্বোদ্ধত উর্ণবাভের 'সমারোহণে বিষ্ণুপদে গয়শির-দীত্যোৰ্থাভঃ' বচন হইতে পণ্ডিত কাশীপ্রসাদ জয়স্বাল তাহা প্রমাণিত করিয়াছেন।

বৌদ্ধংর্মের প্রচারের পূর্বেও যে বৈষ্ণবধর্মের প্রসার ছিল, তৎসম্বন্ধে—

অদো যদার প্লবতে সিন্ধোঃ পারে অপ্রুযম্। তদা রভস্ব ভুর্হণো তেন গচ্ছ পরস্তরম্॥ ঋগ্বেদ (১০।১৫৫।০)

সায়নাচার্যকৃত - ভাষাম - — অদে বিপ্রকৃষ্টদেশে বর্তমানমপুরুষং নির্মাত্রা পুরুষেণ রহিতং যদাক দারুময়ং পুরুষোত্তমাখ্যং দেবতাশরীরং সিন্ধোঃ পারে সমুক্ততীরে প্লবতে জলস্থোপরি বর্ততে তদ্ধারু হে চুর্হণো ছঃখেন হননীয় কেনাপি হন্তমশক্য স্তোতরারভন্স আলম্বস্থ উপাসত্থেত্যর্থঃ। তেন দারুময়েন দেবেনোপাজ্যানেন পরস্তরমতি-শ্বেন তর্ণীয়মুৎকুষ্ঠং বৈষ্ণবং লোকং গচ্ছ অর্থাৎ অনাদিকাল হইতে স্থদূর দেশে যে অপৌরুষের দারুময় পুরুষোত্মদেব সমুদ্রতটে বিরাজমান আছেন, তাঁহার উপাসনা হইতেই
সর্বোৎক্স্ট বৈষ্ণবধামে গতি হয়।
এই মন্ত্রটি স্পষ্টতঃই জানাইতেছে
যে শ্রীশ্রীজগন্নাগদেবের উপাসনাদি
অনাদিকাল হইতেই প্রাপ্ত।

(গ) সাত্বত ও পাঞ্চরাত্র-মত—
সম্বন্ধে ১৬২২—১৬২৪ পৃষ্ঠায় দ্রন্থবিয় ।

(ঘ) বর্ত্তমান বৈষ্ণব-সম্প্রদায়—
পদ্মপুরাণে (গোতমীয় তন্তে)
চারিটী বৈষ্ণব সম্প্রদায় উক্ত হইয়াছে,
—অতঃ কলো ভবিষ্যস্তি চত্তারঃ
সম্প্রদায়িনঃ। শ্রীপ্রহ্মরুদ্রসনকাঃ
বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ॥ কলিকালে
শ্রী, ব্রহ্ম, রুদ্র ও সনক-নামে চারিটী

বৈষ্ণৰ সম্প্রদায় ক্ষিতিপাবন হইবেন।
এই সম্প্রদায়-চতুষ্টয় অধুনা আচার্যদের
নামেই সমধিক প্রসিদ্ধি লাভ
করিয়াছে। রামামুজং শ্রীঃ স্বীচক্রে
মধ্বাচার্যং চতুর্মুখঃ। শ্রীবিঞ্সামিনং
কর্মো নিম্নাদিত্যং চতুঃসনঃ॥ অর্থাৎ
শ্রী রামামুজকে, ব্রহ্মা মধ্বাচার্যকে,
কল্র শ্রীবিঞ্সামিকে এবং চতুঃসন

ছেন। এই চারি সম্প্রদায়ের বৈঞ্বই এক্ষণে ভারতবর্ষে দৃষ্টি-গোচর হইতেছে; কিন্ত

প্রবর্কক বলিয়া অঙ্গীকার করিয়া-

অভিনব

নিম্বার্ককে স্বস্থ্যদায়ের

লীগোরাঙ্গদেব মধ্বাচার্য-সম্প্রদায়-ভক্ত হইয়াও বৈহ্যবধর্মের অভিনব

সমূজ্জন সিদ্ধান্ত প্রকটন করিয়াছেন বলিয়া কোন কোন গৌডীয় বৈষ্ণব

ইহাকে মধ্বাচার্য সম্প্রদার হইতে বিভিন্ন এবং শ্রীগোডেশ্বর-সম্প্রদার

নামে খ্যাত বলিয়া থাকেন। সমগ্র বন্ধ ও উডিয়া। এই সম্প্রদায়ের বৈষ্ণবগণের বাসভূমি। স্থনামধন্ত শ্রীল রাজেন্দ্রনাথ ঘোষ মহাশর স্বকৃত 'আচার্য শঙ্কর ও রামান্তুজ' গ্রন্থের ৮৯৩ পৃষ্ঠায় লিখিয়াছেন—

পাঞ্চরাত্র সম্প্রদায়ের 'রামামুজ শিঘ্য, গোড়ীয় বৈষ্ণবমার্গ ভাগবত সম্প্রদায়-সমত। রামামুজ অধৈত-বাদের বিরুদ্ধে মহাসংগ্রাম করিয়া নিজ পাঞ্চরাত্র মত উদ্ধার করিলেন বটে, কিন্তু তদবধি ইহার উন্নতি অপ্রতিহতগতিতে আসিয়াও আজ গোডীয় বৈঞ্ব সিদ্ধান্তের স্থায় জগৎকে কোন অসূত্যয় সিদ্ধান্ত দিতে সমর্থ হয় নাই। মধ্বাচার্যের মতকে প্রাচীন ভাগবত সম্প্রদায় বলা চলে, কিন্তু ভাহাও গৌড়ীয় সম্প্রদাযের আয় উৎকর্ম লাভ করিতে সমর্থ হয় নাই। এই ভক্তিসিদ্ধান্ত-কুমুদিনী এমন্ মহাপ্রভুরূপ পূর্ণশশির কিরণে সুজলা সুফলা শভাগামলা বঙ্গভূমির স্বচ্ছদলিলা স্নিগ্নসরসী মধ্যে প্রস্কৃটিত হইয়াছে; অথবা বলিতেও পারা যায় যে, সেই পূর্ণচক্তের স্থিপ্ৰেছন জ্যোতিতে অনুমতগুলি নির্মল গগনে তারকাসম বিলীন হইয়া গিয়াছে। এইজন্ম পাঞ্চরাত্র বা প্রাচীন ভাগবতের অবগ্রস্তাবী গতি—সাগরে নদীর গতির স্থায় গোডীয় সম্প্রদায়ের মধ্যে, অগ্রত্ত নছে। তাহার পর গৌড়ীয় সম্প্রদায়, ভাগৰত বা পাঞ্ৱাত্ত মতকেই আশ্রয় করিয়া তাঁহাদের ভক্তি-সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। তাঁহারা পাঞ্চবাত্র ও ভাগবত উভয় মতের সামপ্রস্থা রক্ষা করিয়া ভক্তিতত্ত্বের

অপুর্ব সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।'

শ্রীসম্প্রদায় বিশিষ্টাদৈতবাদ---যগুপি শ্রীরামান্তলাচার্য হইতেই সমধিক **ত্রী**সম্প্রদায় প্রসার প্রতিপত্তি লাভ করিয়াছে, তথাপি তৎপূর্বেও বৌধায়ন, দ্রুমিড়, টঙ্ক, গুছদেব, শঠকদমন, নাথমুনি এবং যামুনাচার্য প্রভৃতি প্রাচীন মনস্বীগণ বিশিষ্টাদৈতবাদেরই সমর্থন পৃষ্টিদাধন করিয়াছেন। এই মভটি রামাত্মজর কল্পনাপ্রস্থত নহে, বরং তিনি সেই মতটিকে বিবিধ প্রমাণ

3990

ও যুক্তির সাহায্যে দৃঢ়তর ভিত্তির করিয়াছেন। <u>ত্মপ্রতিষ্ঠিত</u> আচার্য শঙ্কারের বিরুদ্ধে যতজন দ্ভায়মান হইয়াছেন. তন্মধ্যে রামান্বজের আসনই যে সূর্বোচেচ. অবিসংবাদিত সভ্যা ক পা রামাফজের অভিমত দিদ্ধান্তের নাম —বিশিষ্টাহৈতবাদ। বিশিষ্ট অৰ্থ— চেতন ও অচেতনবিশিষ্ট ব্ৰহ্ম ৷ দ্বৈত

অৰ্থ ভেদ.

অদৈত-অভেদ বা

ব্রকোর

বা একত্ব-নিরূপক সিদ্ধান্ত। আবার কাহারও মতে— ব্ৰহ্ম দিবিধ-এক স্থুলচেতনাচেতন-বিশিষ্ট, অপর সৃশ্রচেতনাচেতনবিশিষ্ট —এই উভয়বিধ ব্রঙ্গের অদ্বৈত বা একত্ব-প্রতিপাদক সিদ্ধান্তের নাম বিশিষ্টাদৈতবাদ। এইমতে প্রদার্থ তিন প্রকার—(১) চিৎ (জীব).

একত্ব। মিলিত অর্থ এই —

চেতনাচেতন-বিভাগবিশিষ্ঠ

(২) অচিৎ (জড়) ও (0) ঈশর। 'ঈশরশ্চিদ্চিচ্চেতি ত্রিতয়ং হরিঃ ৷' এই পদার্থ তিন্টী 'তত্ত্ত্ত্র্য' নামে প্রেসিদ্ধ। তন্মধ্যে চিৎ অনন্ত জীবাত্মা, অচিৎ জডজগৎ এবং নিহিলকল্যাণ-গুণগণাকর সর্বজ্ঞ সর্বশক্তি স্বপ্রকাশ জগৎপ্রস্থ বাস্থদেবই

এই তিনই পুরুষোত্তম শ্রীহরির রূপ। বিষ্ণুপুরাণের জগৎ সর্বং শরীরং তে' এই অনন্তজীবজগৎ যে ভাঁচারই শ্রীর. হইয়াছে। এই সপ্রমাণ তত্ত্ত্ত্যু-সমর্থনের জগ্ৰ বামাহজ ভাষামধ্যে নিম্লিখিত **শিদ্ধান্ত**চয়

(>) স্থলস্ক্ষ চেতনাচেতনবিশিষ্ট একত্ব। (২) বৈত ও অদ্বৈত শ্রুতির বিরোধ। (৩) সন্তণত্ব ও বিভুত্ব প্রভৃতি স্বিশেষভাব। (৪) ব্রন্ধের নিগুণ্ড ও নিবিশেষবাদ-খণ্ডন। (৫) জীবের

অণুত্ব, ব্রহ্মস্বভাবত্ব ও সেবকত্ব।

(৬) জীবের বন্ধ ও তাহার কারণ

অন্তর্নিহিত করিয়াছেন—

—অবিছা। (৭) জীবের মোক্ষ ও তত্বপায়—বিজা।(৮) উপাসনাত্মক ভক্তির শ্রেষ্ঠত্ব ও মোক্ষ-সাধনত্ব। (৯) মোক্ষদশায় জীবের ব্রহ্মভাব-প্রাপ্তিনির্সন। (১০) শঙ্করাভিমত-

যায়াবাদ-খণ্ডন। (১১) অনির্বচনীয়তা-

(১২) জগতের

বাদ-খণ্ডন।

সময়ে

তুচ্ছত্বখণ্ডন ও সত্যতাস্থাপন। (১৩) ব্রহ্মশরীরত্ব-জগতের নিরূপণ প্রভৃতি। রামামুক্ত শ্রীভায়ে শ্রুতি, খুতি, যুক্তি ও অমুভবাদির

সাহায্যে এই বিষয়গুলি উত্তমরূপে মীমাংসা করিয়া আলোচনা ও স্বাভাবিক বিশিষ্টাদ্বৈতবাদের

বিশিষ্টতা প্রতিপাদন করিয়াছেন। আচাৰ্ষ শঙ্কর বৌদ্ধ-প্রভাবান্বিত আবিভূতি হইয়াছিলেন,

কাজেই তিনি বৌদ্ধবিজয়ে বন্ধ-পরিকর হইয়াছিলেন. কিন্ত বামাহজকে সেরূপ কোনও বহিঃশক্র সন্মুখীন হইতে হয় নাই; তিনি আচার্য শঙ্করকেই প্রবল প্রতিপক্ষ্যপে সন্মুখে রাধিয়া তাহারই মত-খণ্ডনে অসীম শক্তি ও সাহসের

মধুর ও গভীর এবং চিতাকর্ষক; কিন্তু রামান্তজের শ্রীভাষ্য অধিকতর সুত্রামুসারী ও স্মীচীন। স্বমত-সমর্থনে কষ্টকল্লনা করিয়াছেন. রামামুজকে ভাহা করিতে হয় নাই। রামানুজ বিচার্যল্লতা ও ভাব-প্রবণতায় যেরূপ পটুতা দেখাইয়া-ছেন, ভাষাবিস্থাসে সেরূপ চতুরতা

পরিচয় দিয়াছেন। শান্ধরভাষ্ম সরল.

দেখাইতে পারেন নাই। তাঁহার ভাষা এত জটিল স্হজে বে তাহার সার সংগ্রহ করা স্থকঠিন বটে। ব্যাপারই শস্কর রামামুজের মত-বৈষ্ম্য, ভাবধারা ইত্যাদি স্বিশেষ জানিতে হইলে

ঘোষ-ক্লত

ব*লিতে*

'আচার্য শঙ্কর ও রামান্থভ' দ্রষ্টব্য। ঈশ্ কেন. কঠ, গ্রেপ্ন, মুওক, মাণ্ডুক্য, তৈত্তিরীয়, ঐতরেয়, ছান্দোগ্য, বুহদারণ্যক, কৌষিতকী ও শ্বেতাশ্বতর—এই দাদশ উপনিষদ প্রস্থানতয়ের অন্তর্গত ও বেদান্তিগণের

প্রীযক্ত রাজেন্দ্রলাল

সমাদত । উপ্নিষদ্, বেদাস্তস্ত্র ও ত্রীমদ-ভগবদ্গীতাই বাচ্য—ইহারা ক্রমশঃ শ্তিপ্রস্থান, স্থায়প্রস্থান ও স্থৃতি-

প্রস্থানত্রয়

প্রস্থান-নামে সংজ্ঞিত হয়। প্রত্যেক বেদান্তিসম্প্রদায়ই এই প্রস্থানত্রয়ের ভিন্ন ভিন্ন ভাষা রচনা করিয়াছেন।

বৈষ্ণবধর্মের বিবরণ একছ ব্ৰহ্ম যেমন উপাসকের

শাংনামুশারে ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পান, তদ্ৰূপ একই বেদান্ত ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের প্রবর্ত্তকদের জান, বন্ধি ও পাণ্ডিত্য-কৌশলে বিভিন্ন-

রূপে ব্যাখ্যাত হইয়াছে। শঙ্কর পূর্বে, এমন কি বা রামাপ্লের

ব্রহ্মত্ত্র-সংগ্রহের পূর্বেও বেদান্ত শাস্ত্র লইয়া ঋষিদের মততেদ ছিল ; আত্রেয়ী, আশর্থ্য, ঔড্লোমি,

কাষ্ণ জিনি, কাশরৎম, জৈমিনি ও বাদরি প্রভৃতি ঋষিগণ প্রধান প্রধান বৈদান্তিসিদ্ধান্তেও একমত নহেন *;

প্রতরাং শক্ষর বা রামামুজকে ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের আদি প্রবর্ত্তক বলা পুর্বেও যায় না. তাহা বলা হইয়াছে। ইংগারা স্বন্ধতের প্রচার

ও প্রসার করিয়াছেন এইমাত বলা যায়। শঙ্কর, রামান্ত্রজ, মধ্বাচার্য প্রভৃতি সকলেই প্রস্থানত্ররের ভাষ্য করিয়াছেন। শঙ্কর শারীরক ভাষ্য,

রামানুজ শ্রীভাষা, বল্লভাচার্য অনুভাষা, শ্ৰীমধ্বাচাৰ্য দৈতভাষ্য (পূৰ্ণপ্ৰজ্ঞদৰ্শন) নিম্বার্ক বেদান্তপারিজাতসৌরভ, ত্রী-বলদেব বিভাভূষণ শ্রীগোবিন্ভায়

প্রেণয়ন করিয়াছেন। এতদ্যতীত বিজ্ঞানভিক্ষুকৃত বিজ্ঞানামৃতভাষ্য, শ্রীকপ্রাচার্যকৃত শৈবভাষ্য এবং

পঞ্চানন তর্করত্ব-ক্বত শক্তিভাষ্যও পাণিনিকৃত (৪)০)১৪০) আছে ৷ 'পারাশর্যশিলালিভ্যাং ভিক্ষুনটস্ক্রয়োঃ

স্থপদ্মব্যাকরণ

পারাশর্যাভ্যামিন্ ভিক্ষুস্তরে' † এই

* বৃদ্ধত ১/৪/২০--২২: ৪/৬/৭. ১৪; ৪|৪|৫--৭ সূত্র

দ্ৰষ্টব্য । † রামানুজীয় গীতাভাষা ১৩।৪

ত্বই স্ত্ৰ হইতে জানা যায় পরাশর ও কর্মন উভয়েই পথব পৃথক ভিক্ষুস্থ রচনা করিয়াছেন। ভিক্ত-শব্দ কোষে সন্ন্যাসিপদবাচ্য।

ভাগ (৭।১৩।৩,৭; ১১।১৮) শ্লোকে ভিশ্বর কর্ত্তব্যতানির্দেশ হইয়াছে। বেদান্তদর্শনে চারিটা পাদে স্থ্র-সংখ্যা---৫৫৫.

মভাস্তরে সমন্ত্র, অবিরোধ, সাধন ও ফল চারিপাদে বিবৃত। প্রত্যেক পাদে শাক্ষরদর্শনের চারিটী অধায়। জগিন্মিথ্যা তাৎপর্য---'ব্রহ্ম अखाः

জীবো ব্ৰহ্মৈৰ নাপরঃ।' রামান্ত্র ব্ৰহ্মকে চিদচিদবিশিষ্ট বলিয়াছেন, এই বিশেষ পদার্থও ব্রহ্মের শরীর.

নিতা। রামামুজের ব্রহ্ম নিখিল-কল্যাণদ্রব্যকর্মগুণবিশিষ্ট বাস্থদেব। 'বাস্থদেবঃ পরং ব্রহ্ম কল্যাণগুণ-

জীবনিয়ামকঃ।' খ্যান ও ভক্তি-দারাই বাহ্মদেব লভ্য। 'ধ্যানঞ্— তৈলধারাবদবিচ্ছিন্নশ্বতি - সন্তানরূপা ঞ্বামুশ্বতিঃ। ভক্তিঃ—'নিরতিশয়া-

নন্দপ্রিয়ান্যাপ্রয়োজন -- সকলেতর-

সংযুতঃ। ভুবনানামুপাদানং কর্ডা

বিতৃষ্ণাবদ্জ্ঞানবিশেষ এব ।' 'গীতাভাষা' শঙ্কর ও রামানুজ উভয়েই অবৈত-বাদী, সাংখ্যের স্থায় প্রস্কৃতিপুরুষবাদী বা আয়ুবৈশেষিকবৎ বহুপদার্থবাদীও

রামামুজ - চিদ্চিদ্বিশিষ্টব্রহ্মবাদী। শঙ্করের মতে চিদেকর্ম ব্রহ্ম-ভিন্ন সকল পদার্থ মিথ্যা ইন্দ্রজালবৎ প্রতীয়মান; রামামুজও 'সর্ববন্ধময়'

্শঙ্কর—চিন্মাত্র-বাদী,

স্বীকার করেন, কিন্তু এই ব্রহ্ম সঞ্জাতীয়বিজাতীয়ভেদরহিত হইলেও স্বগতভেদযুক্ত। শঙ্করের মতে জগৎ যায়া-কল্লিত, রামাগুজ-মতে বাস্তব;

শঙ্করের ঈশ্বর মায়াশবলিত; রামা-হুজের ঈশ্বর সর্বজ, সর্বশক্তিমান, সূর্ব-কর্ত্তা। শঙ্করের মতে মায়া-উপাধি ব্যতীত জীব ও ব্রহ্মের ভেদ নাই.

রামান্থজমতে প্রত্যেক জীবই চিৎকণ ও ব্রেক্সর অংশস্করণ। ইহাদের পৃথক সত্য চিরদিনই আছে.

থাকিবে। শহুরের মুক্তি ব্রহ্মকৈবল্য আর রামান্তজের মতে ভগবদ্ধামে নিত্যপ্রতিষ্ঠাই মুক্তিন রামাহজ

শঙ্করের স্থায় নিগুণ ও সগুণভেদে

ব্রহ্মতির স্বীকার করেন না। শঙ্কর বিবর্ত্তবাদী, রামাত্রজ পরিণামবাদী। শ্রীরামাত্মজীয়মতে ভগবান্ পঞ্জপে

আত্মপ্রকট করেন—(১) (প্রতিমা), (২) বিভব (মৎস্থাদি অবতার), (৩) ব্যুহ (বাস্থদেব,

বলরাম, প্রহায় ও অনিকল্প), (8) হক্ষ (বাস্থদেবাখ্য পরব্রহ্ম) ও (৫) অত্র্যামী। ইহাদের ছয় গুণ---বিরজ, বিমৃত্যু, বিশোক, বিজিঘিৎসা

(ফুৎপিপাসাভাব), সত্যকাম সত্যসম্ম। উপাসনাও পঞ্জাকার —(>) অভিগমন (দেবতাগ্রহ-পথমার্জনা ও অমুলেপনাদি), (২)

উপাদান (পূজোপকরণাদি-আহ্রণ), (৩) ইজ্যা (ভগবৎপূজা), (৪) স্বাধ্যায় (অর্থবোধপূর্কক মন্ত্ৰজপ, বৈফবহুক্ত ও ভোত্রপাঠ, নামসঙ্কীর্ত্তন ও শাস্ত্রাভ্যাসাদি) এবং (৫) যোগ

বৈকুণ্ঠপ্রাপ্তি। এই সম্প্রদায় গ্রন্থবিষয়ে ধনী।

(शान, शांत्रणा ও সমাধি)। ফল-

শ্ৰীভাষ্য, দ্রমিড়ভাষ্য, ভাগদিদি. **ऽ**वंवर

সিদ্ধিত্রয়, শ্রুতপ্রকাশিকা, বেদান্ত-বিজয়, তত্ত্বত্তয়, গীতাভাষ্য ইত্যাদি বত্রপ্ত আছে। রামান্তজের বত্রণাথার কতকগুলি প্ৰসিদ্ধ—(১) মধ্যে

রামানশী, (২) কবীরপন্থী, (৩) থাকি, (৪) भूनुकनामी, (c) দাহরপন্থী, (৬) রয়দাসী, (৭) সেনপন্থী. (৮) রামসনেহী প্রভৃতি।

প্রায়শঃই ইহারা <u> প্রীরামচন্দ্রের</u> উপাদক। শ্রীসম্প্রদায়ের গুরু-প্রণালী ভক্তমালে বৰ্ণিত আছে (দশ্ম মালা দ্রপ্তব্য) । আলোয়ারগণের

শ্রীযুক্ত রগিকমোহন বিস্তাভূষণ-প্রণীত 'শ্রীবৈঞ্চব' নামক গ্রন্থে আলোচ্য। [অভিধান প্রথম খণ্ডে ৭২৭—৭২৮

পৃষ্ঠা দ্রষ্টব্য]। ২। শ্রীমধ্বাচার্য ও দ্বৈতভাষ্য— আনন্দতীর্থ বা পূর্ণপ্রক্ত মধ্বাচার্যের हे नि *বৈতভাষ্যের* নামান্তর। প্রবর্ত্তক: ইহার ব্ৰহ্মপুত্ৰভাষ্যে দার্শনিকতত্ত্বের প্রগাঢ় আলোচনা না থাকিলেও অণুভাষ্যে পাণ্ডিত্যের পরাকাষ্ঠা দেখা যায়। আছুমানিক

দাদশ শক-শতাকীতে * ইঁহার প্রাত্ত-র্ভাব। ইনি জীবের অণুত্ব, দাসত্ব, বেদের অপৌক্ষেয়ত্ব, স্বতঃপ্রামাণ্যত্ব, ও পঞ্চরাত্র-উপজীব্যন্থ প্রমাণত্রয় প্রভৃতি বিষয়ে রামান্থজের সহিত হইলেও একম্ত প্রায়শঃ (রামান্তজের) তত্ত্তায়ের সহিত

* শ্রীযুক্ত স্থন্দরানন্দ বিভাবিনোদ-বিরচিত 'বৈঞ্বাচার্য শ্রীমধ্ব' পঞ্চমাধ্যায়ে বিবিধ যুক্তি-ভর্কের সাহায্যে আবিৰ্ভাব-কাল **এ**মধ্বাচার্যের শকান্ধা নিরুপিত হইয়াছে (পুঃ २৯-৩৭)।

ইহার মতানৈকা আছে। তাঁহার

মতে তত্ত্বপদার্থ ছইটি—(তত্ত্ববিবেক) 'স্তন্ত্রমস্তন্ত্রঞ্চ দ্বিবিধং মিষ্যতে। স্বতন্ত্রো ভগবান বিঞ্-निर्दिश्याभ्राम्यमम् छनः।'

সর্বদর্শনসংগ্রহে এই সম্বন্ধে উক্ত হইয়াছে—পরমেশ্বর জীব ভিন্ন, কেননা তিনি সেবা. যাহার দেব্য, তিনি সেবক হইতে

ভিন্নই হইয়া থাকেন 🕂, যেমন ভূত্য হইতে রাজা ভিন্ন। শাকল্যসংহিতা পরিশিষ্ট ও তৈত্তিরীয় উপনিষদ হইতে এই দৈতবাদের সমর্থক শ্রুতির উদ্ধার হইয়াছে। এই সম্প্রদায়ের মতে ভেন পঞ্চবিধ—(১) জীবেশ্বর-

कोरन कीरन एक, (8) करफ कीरन ভেদ ও (৫) জড়ে জড়ে ভেদ। জীবেশ্বরভিদা চৈব জডেশ্বরভিদা তথা। জীবভেদো মিথদৈচৰ জড়জীৰ-ভিদা তথা॥ মিথশ্চ জডভেদোযঃ প্রপক্ষো ভেদপঞ্চকঃ। *শে*হয়ং

ভেদ, (২) জড়েশ্বরভেদ, (৩)

সত্যোহপ্যনাদিশ্চ সাদিশ্চেরাশ-(বিষ্ণুতত্ত্ব-নির্ণয়) মাপ্রুয়াৎ॥ শ্রীমন মধ্ব তিনটি ব্রহ্মস্ত্রভাষ্য রচনা করিয়াছেন। (১) এ। মদ-ব্ৰহ্মসূত্ৰভাষ্যং বা স্ত্ৰভাষ্যং—এই ভাষ্যটি দ্র্বাপেক্ষা বৃহৎ, ইহাতে

পঞ্চরাত্রাদির প্রমাণ দারা শ্রীব্যাদের সমস্ত স্থতই যে একস্থতে গ্রথিত ও শুদ্ধবৈত-তাৎপর্যপর, তাহাই প্রতিপন্ন হইয়াছে। ইহাতে অন্তয় স্পষ্ঠ খণ্ডন নাই—কেবল শ্ৰুতি-স্মৃতি-

শ্ৰুতি,

স্মৃতি, পুরাণ ও

† পরমেখরে জীবাদভিলঃ, তং প্রতি দেব্য হাৎ, যো যং প্রতি দেব্য: স তত্মাদ্-ভিলো যথা ভূত্যাদ রাজা।

প্রমাণমূলে সিদ্ধান্ত ও সঙ্গতি দেখান হইয়াছে। (২) অনুব্যাখ্যানং বা অনুভাষ্যং-ইহা শ্লোকাকারে নিবন্ধ —ইহাতেই পূর্বাচার্যদের মতবাদ খণ্ডনপূৰ্বক স্বমতস্থাপন হইয়াছে।

(৩) অণুভাষ্যং—চতুরধ্যায়াত্মক প্রত্যেক অধিকরণের বৃদ্ধতার তাৎপর্য ইহাতে শ্লোকাকারে গুম্ফিত হইয়াছে। গীতাভাষ্যে আচার্য মধ্বের মতবাদ সংক্ষিপ্তরূপে বর্ণিত আছে। মহাভারত-তাৎপর্যনির্ণয়ে অদ্বৈত-প্রতিপাদিত অসারতা হইয়াছে। ভাষ্যে উদ্ধৃত ব্ৰহ্মতর্কের শ্লোক-কতিপয়ে অচিন্ত্যভেদাভেদ-

বাদের স্পষ্ট ইঙ্গিতও পাওয়া যাইতেছে —'নারায়ণে অবয়বী ও অবয়ব-সমূহ, গুণী ও গুণসমূহ, শক্তিমান্ ও শক্তি, ক্রিয়াবান ও ক্রিয়া এবং অংশী ও অংশ—ইহাদের পরস্পর নিত্য অভেদ বর্ত্তমান। জীব-স্বরূপে ও চিদ্রপা প্রকৃতিতেও ঐরপ অভেদ বিভ্যান; অতএব অংশাদির সহিত

অভাবহেতু এবং অংশী ও অংশাদির নিত্যম্বহেতু তাহারা (অংশি-প্রভৃতি) অগুণ, অক্রিয়াদি শব্দে অনংশ, কথিত হয়। ক্রিয়াদির নিত্যতা. প্রকাশ ও অপ্রকাশভেদ, অস্তিত্ব ও

অংশিপ্রভৃতির অভেদহেতু, গুণাদির

গুণিপ্রভৃতি হইতে পৃথক্ অবস্থানের

অনস্তিত্বরূপে ব্যবহার এবং বিশেষ ও বিশিষ্টের অভেদও তদ্রূপেই সিদ্ধ হয় ৷ অচিন্ত্যশক্তিত্বনিবন্ধন প্রমেশে সকলই সঙ্গত। আর তাঁহার শক্তিহেতু জীবসমূহে এবং চিদ্রূপা

প্রকৃতিতেও তত্তদ্বিষয়গত ভেদ ও অভেদ যুগপৎ বর্ত্তমান; যেহেতু অন্তত্ত্ব ভেদ ও অভেদ উভয়ই দৃষ্ট হয়। নিমিত্ত কারণ ব্যতীত কার্য ও কারণের মধ্যেও এইরূপ ভেদাভেদ স্বীকার্য !' মধ্বভাষ্য হাতাংচ—২৯

জাইবা।

শ্রীভগবদ্গীতাতে কর ও অকর

দিবিধ প্রুবের উল্লেখ আছে।
ইহার মতে তত্ত্বমন্তাদি-বাক্য

তাদাল্মা-প্রতিপাদক নহে, 'আদিত্যো

যুপবং' এই বাক্যবং কেবল গাদুশ্রের

স্থাতনা করে। মুক্তাবস্থাতেও জীব
পৃথক্। 'জীবেশরো ভিনো সর্বদেব

বিলক্ষণো।' জগৎ করনীল বটে,

কিন্তু মিধ্যা বা ব্রহ্ম হইতে অভিন্ন

নহে। সিদ্ধান্তসার—সদাগনৈক
বিজ্ঞেয়ং সমতীত-করাক্ষরং। নারান্ত্রণং
সদা বন্দে নির্দোবাদেশবসদ্গুণন্।

্রামাহজ ও মাধ্বসম্প্রদায় বৈষ্ণব

হইলেও উপাসনা এবং সাম্প্রদায়িক

চিহ্নাদিতে যথেষ্ট বৈলক্ষণ্য আছে।

মারাবাদশতদ্বদী বা তত্ত্ব্যুক্তাবলী
প্রভৃতি গ্রম্থে দৈতবাদের সমর্থনপূর্বক
অবৈতবাদ খণ্ডন করা হইয়াছে।

সক্ষানারায়ণ—উপাত্ত দেবতা,
বৈক্ষেধার নারায়ণ—লক্ষা, ভূমি ও

জীলাদেবী সহ বিরাজ করেন।
ইহারা সারূপ্যাদি চত্র্বিধ মুক্তি
স্বীকার করেন। বিক্তুর প্রসাদলাভই
উপাসনার প্রয়োজন। এই ধর্মের
মর্ম শ্রীবলদেব বিন্তাভূষণ ব্যক্ত
করিয়াছেন—[প্রমেয়রত্বাবলী ১]

ত্রীমন্ মধ্বমতে হরিঃ পরতমঃ

সত্যং জগজরতো, তেলো জীবগণা

হরেরমূচরা নীচোচ্চভাবং গতাঃ।

মৃক্তির্নৈজম্বধামভূতিরমলা ভক্তিশ্চ

তৎসাধনমক্ষাদিত্রিতয়ং প্রমাণমবিলা-

শ্রীগুরুপরম্পরা যথা, শ্রীরুঞ্চ— ব্রহ্মা—নারদ—বাদরায়ণ''' মধ্বাদার্য

भारेयकर्वरणा हिंदेः।

—পদ্মনাভ— নরহুরি —— মাধব—

অক্ষোভ্য—জয়তীর্থ—জ্ঞানসিন্ধ— দয়ানিধি— বিভানিধি — রাজেন্দ্র—

জয়ধর্ম—বিফুপুরী ও পুরুষোত্তম।
পুরুষোত্তম হইতে ব্যাসতীর্থ—লক্ষীগতি — মাধবেক্সপুরী — ঈশ্বরপুরী,

প্রীঅবৈত-প্রভূ। ঈশ্বরপূরী হইতে প্রীগৌরাঙ্গ। এই গুরুপ্রণালী-অমুসারে

গৌড়ীরসম্প্রদায়কে মাধ্ব-সম্প্রদায়ভুক্ত বলা যায়।

'মধ্ববিজয়' গ্রন্থে মধ্বাচার্যের

বিন্তারিত বিবরণ দ্রষ্টব্য। দক্ষিণা-পথের বহু স্থান এই সম্প্রদায়ের আবাস-স্থান। উড়ুপী (নামান্তর— রঞ্জতপীঠপুর) গাদী। ইংহাদের বহু

শাখাপ্রশাথা আছে।

া শ্রীবল্লভাচার্য ও বিশুদ্ধাদৈতভাষা

বিশুদ্ধাবৈতবাদের আলোচনা করিয়াছেন। কেবলাদৈতবাদী শঙ্কর ব্রহ্মকে নির্ধর্মক, নিরিশেষ, নিরাকার

এীমদ্বল্লভাচার্য অণুভাষ্যে

ও নির্গুণ প্রতিপন্ন করিয়াছেন; কিন্তু ব্রহ্মস্থত্তের 'সর্বধর্মোপপত্তেশ্চ' (২।১/৩৭) এবং 'সর্বোপেতা চ

তদ্দর্শনাৎ' (২।১।৩০) ইত্যাদি স্থত্রের

তাৎপর্য-নিধরিপে বলভাচার্য অঙদ্ধ কেবলাবৈতবাদ নিরসনপূর্বক বিশুদ্ধাবৈতবাদ স্থাপন করেন।

এই ভাষ্যে ব্রংশর সর্বধর্মবন্ধ, বিরুদ্ধ-সর্বধর্মাশ্রয়ন্ধ, সর্বকর্ত্ব, ব্রহ্মগতবৈষম্য-নৈম্মণ্য-দোষ-পরিহার, ব্রহ্ম হইতে জগতের অন্যান্ধ, জীবস্বরূপ, জীধের অংশত্ব, জীবব্রন্ধের অভেদত্ব, জগৎপত্যত্ব, জগৎসংসারতেদ, অবিকৃত
পরিণামবাদ, আবির্জাববাদ, তজিসাধনত্ব ও পৃষ্টিমার্গ প্রভৃতি
আলোচিত হইরাছে।

নিত্যতা, জাতৃত্ব, পরিণাম, ভোক্তত্ব,

ইংগাদের মতে পরব্রহ্ম সর্বংর্ম-বিশিষ্ট, সচিদানন্দ, ব্যাপক, অব্যয়, সর্বশক্তিমৎ, স্বতন্ত্র, নিগুণ (প্রাক্তত-গুণরজিত), দেশকালাদি দারা অপরিচ্ছিন্ন, সজাতীয়-বিজাতীয়-স্বসততেদবজিত। নিগুণ হইয়াও তিনি সপ্তণ, নিরাকার হইয়াও সাকার ইত্যাদি। শুদ্ধাইত্তবাদে ঈশ্বরের

নহে। নির্গুণ ব্রহ্মের জগৎকর্তৃত্ব অসন্তব, সগুণ ব্রহ্ম পরতন্ত্র, পরতন্ত্রেরও বর্তৃত্ব থাকিতে পারে না; কাজেই ব্রহ্মের সর্বকর্তৃত্ব স্বীকার করিতে হয়। 'জনাগ্রন্থ যতঃ' (ব্রহ্মস্ত্র ১।১।২),

কর্ত্ত্ব মায়াক্বত নহে, আরোপিতও

এই ভাষ্যে জীব চিংকণ, স্ক্র্রপ। পরিচিছ্ন, চিংপ্রধান ও আনক্ষত্ত্বরপ। জীব নিত্য,কিন্তু এই নিত্যতা অলীক। মায়াবাদিরা জীবকে ব্রহ্ম বলেন.

'অহং সর্বস্থ জগতঃ ৫ ভবঃ প্রেলয়স্তথা'

(গীতা ১০া৮)।

ইহাদের মতে জীব বিষ্ণু, কিন্তু বিশুদ্ধাবৈত্বাদে জীব অণু। জীবের কর্তৃত্ব, ভোকৃত্বাদি ও অংশত্বাদি আলোচিত হইলেও জীব এবং ব্রহ্মের অভেদ কল্লিত হইয়াছে।

ত্রন্ধ চিৎ ও পূর্ণপ্রকটানন্দ, জীব তিরোহিতানন্দ হইলেও শুদ্ধজীব এবং ত্রন্ধ বস্তুতঃ একই পদার্থ।

শঙ্করমতে জগৎ মিথ্যা, কিন্তু শুদ্ধাইদ্বভাদে জগৎ সত্য ও নিভ্য,

ভগবদরূপও ভগবান হইতে অন্য। চোপলরেঃ' (২)১/১৫) 'ভাবে ইহাদের মতে ভক্তিই দ্ৰপ্তবা। প্রীকৃষ্ণ-সাক্ষাৎকারের পর্যতন্ত বিশিষ্টাদৈতবাদে সুল ও সাধন। সুন্দ্র অচিৎ পদার্থ প্রলয়েও সুন্দ্রাকারে অচিদ্ভাবেই বর্ত্তমান থাকে, স্থূল ও সুন্দ্ৰ জীব-সম্বন্ধেও এই কথা-কিন্তু শুদ্ধাবৈতবাদে এই ছই পদাৰ্থ ব্ৰহ্ম ্চইতে অভিন্ন নিতা সতা। বিশিষ্ঠা-বৈতবাদে গালোক্যাদি চতুর্বিধ মোক, কিন্তু ভদ্ধাবৈতবাদে সাযুজ্যমোক্ষও স্বীকৃত হইয়াছে।

ক্ষুদ্র হইতে এই সম্প্রদায় প্রবর্ত্তিত এবং ইহার প্রথম আচার্য হইয়াছেন – विकुत्राभी, बक्तमच्यनारमञ्जूषा ক্রদ্রসম্প্রদায়ও যে প্রাচীন, এই বিষয়ে সন্দেহ নাই। ৪২০।৪২৫ বৎসর পূর্বে বল্লভাচার্য এই সম্প্রদায়ে প্রাসিদ্ধ আচার্য পদবী লাভ করেন বলিয়া 'বল্লভাচারী'-নামেও ইহা খ্যাতি লাভ 'মাকতশক্তি'-নামক করিয়াছে। গুরু-প্রণালী টীকা-গ্রন্থে ইহাদের লিপিবদ্ধ আছে *। শাণ্ডিল্যসংহিতা ভক্তিথণ্ডের পঞ্চমাধ্যায় উদ্ধার করিয়া উক্ত টাকাকার সপ্রমাণ করিয়াচেন যে শ্রীভগবানের বদন হইতে উদিত স্বশ্রতিবিশারদ বল্লভাচার্য প্রাত্নভূতি হইয়া স্বসম্প্রদায়ের প্রভূত কল্যাণ এই বল্লভাচার্য-প্রসঙ্গে করিবেন। শ্রীচৈতন্তচরিতামৃত [মধ্য ১৷২৬৩,

আদৌ গ্রীপুরবোত্তমং পুরহরং শ্ৰীৰাবদাতাং মুনিং, কৃষ্ণং ব্যাসগুলং শুৰুং তদত্ব বিঞ্পামিনং জাবিড়ম্। তচ্ছিষাং কিল विवायक्षत्रवाहर वाल बहारयाणिनः, अभवहाछ-দাম ধাম চ ভজেংৎস্মদক্ষদায়াধিপদ্।

১৯।৬১ ১১৩, অস্ত্য ৭ম পরিচ্ছেদ] দ্রপ্রা, বুন্দাবন ও কাশীতে ইংগদের মন্দির আছে; উদয়পুরের নিকটবন্তী <u>জী</u>নাথদ্বারে মাধবেন্দ্র পুরী গোস্বামির প্রকটিত গ্রীগোপালদের এক্ষণে ইছাদের সেবা অঙ্গীকার করিতেছেন। পুষ্টিমার্গ ও মর্যাদামার্গ ভেদে ইছাদের উপাসনা-ल्यनानी विविध।

8। শ্রীনিম্বার্ক ও দৈতাদৈতভাষ্য--ফুদর্শনাবতার (ফুর্যাবতার ?) শ্রীনিম্বাদিত্য (পূর্বনাম—নিম্নমানন্দ) ওড়লৌমি-প্রণীত বেদাস্তম্ত্রবৃত্তি-অবলম্বনে 'বেদাস্ত-পারিজাতসৌরভ' প্রণয়ন করেন। ইহা বাক্যার্থগ্রন্থ-মাত্র। এই সম্প্রদায়ের প্রকৃত ভাষ্য কিন্তু প্রীশ্রীনিবাসাচার্যক্রত 'বেদাস্ত-শ্রীনিমার্কেরই শিষ্য শ্রীনিবাস অসাধারণ পাণ্ডিত্যে এই গ্রন্থ রচনা করেন। কেশবকাশীরী প্রণীত 'কৌম্বভপ্রভারত্তি'খানি আরও বিস্তৃত ও বহুল বিচারপূর্ণ। মাধব-মুকুন্দ-রচিত 'পরপক্ষগিরিবজ্ঞ' গ্রন্থও মহাপাণ্ডিত্যপূর্ণ। ব্রহ্ম—ভগবান বাস্থদেব পুরুষোত্তম এক্রিফ, ইহাদের

মতে তত্ত্ব ত্রিবিধ—চিৎ, অচিৎ ও

ভিন্ন চইয়াও

জ্ঞানই ব্রহ্ম-সাক্ষাৎকারের উপায়।

প্রভৃতিই জ্ঞানশব্দের পর্যায়। শ্রবণ.

অভিন্ন।

শ্বতি ও পরাভক্তি

নিদিখ্যাসন—তৎপ্রাপ্তির

ব্ৰন্ধ: কিন্তু চিৎ ও অটিৎ

ঞ্বা

হইতে

ম্ৰন ও

উপায়।

জীবের লকণ-অচিদবর্গভিন্ন জ্ঞাতৃত্ব-কতৃত্বাদি-ধর্ম-জ্ঞানস্বরূপ, বিশিষ্ট. তগবদায়ত্তস্বরপন্থিতি-

প্রকৃতিশীল, অণুপরিমাণ, প্রতি শরীরে ভিন্ন, মোক্ষার্ছ চিৎপদার্থই জীব। অচিৎ পদার্থ-প্রাক্বত, অপ্রাক্বত ও কালভেদে ত্রিবিধ। গুণত্রয়াশ্রয়ভূত দ্রব্য প্রাক্বত,ইহা নিতা ও পরিণামাদি-বিকারী। অপ্রাকৃত অচিৎ পদার্থ— ত্রিগুণা প্রকৃতি ও কাল হইতে অতান্ত ভিন্ন ও অচেতন। প্রকৃতি-মণ্ডল-ভিন্নদেশবর্তী নিতাবিভৃতি-সম্পন্ন পরব্যোম, পরম্পদ, ব্রহ্ম-লোকাদিই অপ্রাক্তত অচিৎ পদার্থ। এই ধামসকল অপ্রাকৃত ও কালা-তীত। প্রাকৃত ও অপ্রাকৃত-ভিন্ন কাদ পদার্থ নিত্য ও বিভু। ইহারা ব্যশ্রুতি-প্রেমাণে ভেদাভেদবাদের সয়ে জিকতা প্রতিপাদন করিয়াছেন। ইংহাদের মতে ভেদা-ভেদাশ্রর শ্রীক্লফট বেদাস্কের বিষয় গ্রীভগবদ্ধাব-লক্ষণ মোক্ষই ভক্তিই মোক্ষের প্রয়োজনতত্ত। সাধন এবং ধ্রুবা স্মৃতিই ভক্তি নামে <u> এরাধাক্বফই</u> অভিচিত। সম্প্রদায়ের উপাক্ত। নিম্বার্ক**ক**ত দশশ্লোকীতে যে উপাস্তের বর্ণনা ভাহা প্রণিধানযোগা ! পুরুষোত্তমাচার্য - প্রণীত বেদান্তরত্ত্ব-মঞ্বা-টীকায় ক্রিণী, সত্যভামা ও শ্ৰীরাধামিলিত শ্রীকৃষ্ট উপাস্থ বলিয়া নিধারিত। 'কুক্মিণী - সতাভামা-ব্ৰজন্তীবিশিষ্টঃ শ্ৰীভগৰানু পুৰুষোত্তমঃ সম্প্রদায়িভিবৈঞ্চবৈঃ উপাসনীয়ঃ।' দ**শলোকীতে পাঁচটি** विषएमत निर्दा पाम (১) উপাস্ত, (২) উপাসকের স্বরূপ, (৩) সাধনভক্তি, (৪) ভক্তিরস িপ্রেমলকণা

ভক্তি] এবং (৫) উপাক্তপ্রাপ্তির অন্ত-

রায় (মায়া)। হরিব্যাসীগণ স্থীভাবে রাগমার্গে উপাসনার কথা বলেন। মহাৰাণীতে প্ৰেমভক্তি-সাধনা স্থীভাবে ক্লফসেবার স্পষ্ট ইঞ্চিত পাওয়া যায়। পরপক্ষগিরিবজ তৃতীয় অধ্যায়ে আছে—প্রথম্ত: ভগবানে অপিত নিষ্কাম-কর্মযোগ হারা চিত্তসংস্থার, তৎপর বৈরাগ্য ও তত্ত্বজ্ঞাসা-তাহা হইতে প্রবণাদি-লকণ সাধনদারা স্বরূপাদিবিষয়ক পরোক্ষজ্ঞান—তাদুশ জ্ঞানের পরে ধাান পরিপাক হইলে পরাভক্তি-পর্যায়রপা গ্রুবা স্থৃতি জন্মে। এই অবস্থায় ভগবদমুগ্রহে শাক্ষাৎকার ঘটে, তাহা হইলেই মোক্ষপ্রাপ্তি হয়। নিম্বাদিতোর হরিব্যাস ও কেশবভট্ট নামে ছই শিশ্য হইতে শাখার উৎপত্তি হইয়াছে। ইঁহারা উদাসীন ও গৃহস্ব ছুই ভাগে বিভক্ত। নিম্বাদিতোর বিবরণ ভক্ত-মালে (১০) অতুসদ্ধের।

কেহ কেহ নিম্বার্ক-মতের কাল-সম্বন্ধে সন্দেহ করিয়া বলেন যে এই মত পঞ্চদশ শক-শতান্দীর পরে প্রচার-প্রসার হইয়াছে: কির রামান্তজের বেদার্থসংগ্রহে 'পরো-· পाशानी**ए**ः বিবশমশুভস্তাম্পদং' ইত্যাদি বাক্যে ভাস্কর ভাষ্যের ইন্সিতই বুঝা যায়। হিন্দী ভক্ত-বাত্তিকপ্রকাশে, মালের দোঁহায়. লালদাসকৃত অমুবাদে, প্রেয়ে-রত্নাবলীর (১া৬) শ্লোকে, ভক্তি-(612220-00. 221 রত্বাকরের ২২৫৬-- ৫৭) পয়ারে প্রাচীনকাল হইতে এই সম্প্রদায়ের অস্ক্রিত অমুমিত িনিম্বার্ক-রচিত হয় ৷

দশশ্লোকী ও পারিজাতভাষা প্রাসিদ্ধ গ্ৰন্থ প্ৰাচীন সাত্ত-সম্প্ৰদায়-চতুষ্টবের অক্তম নিম্বার্ক—তৈলঙ্গ-দেশের বৈত্র্পপত্তনে (মুঙ্গেরপত্তন বা মুক্লিপাটনে) আকৃণি নিমাদিত্য আবিভূ ত নিয়মানন্দ-নামে হন। তিনি সনংকুমারের শিঘ্য নিকট উপদেশ-লাভে নারদের জগতে যে মত প্রচার করিয়াছেন, তাহা বহু পূর্বেই লুপ্ত হইয়াছিল বলিয়া সায়ন মাধব তদীয় স্বদর্শন-সংগ্রহে বিফুস্বামী প্রভৃতির **মতের** উল্লেখ করিলেও নিম্বার্কের নাম উল্লেখ করেন নাই।' (গোডীয় 30180)1

বিষ্ণুযানলের — 'নারায়ণমুখান্ডো-জানান্তস্থষ্টাদশাক্ষর:। আবিভূ ত: কুমারৈল্প গৃহীত্বা নারদায় বৈ॥ উপদিষ্ট: স্বশিষ্যায় নিম্বার্কায় চ তেন ত। এবং পরম্পরাপ্রাপ্তো মন্ত্রন্তী-দশাক্ষর: ॥' ইত্যাদি বচনে নিমার্ক আচার্যের চভুঃসন সম্প্রদায়িত্ব স্পষ্টই শ্রীকমলাকর ভট্র 'নির্ণয়-সিন্ধু গ্রন্থের প্রথম পরিচ্ছেদে বেধ-প্রস্তাবে শ্রীনিম্বার্কীয় কপালবেধ মতের উট্রন করিয়াছেন। তিথি-নিৰ্ণয়ে প্রীভাটাজি দীক্ষিতে/ও জনাষ্ট্রমী-প্রসঙ্গে এই মতেরই প্রতি-ধ্বনি স্থচিত করিয়াছেন। নিম্বার্কীয়-'হুদর্শনো ভবিষাোগুরীয় দ্বাপরাস্তে . নিম্বাদিত্য ইতি খ্যাতঃ প্রীনিম্বার্ককে ইত্যাদি বচনবলে দ্বাপ্রশেষেই অবভীৰ্ণ বলিয়া কিন্ত এই পুরাণ-সম্বন্ধে অনেকেরই বিশেষ সন্দেহ আছে। [ভেদাভেদ-সম্বন্ধে প্রথম থণ্ডে ৫৬৭,

৯১৪ প্রষ্ঠা আলোচ্য ।।

৫। শ্রীগোড়ীয়সম্প্রদায় ও অচিস্তাভেদাভেদবাদ

এইরপে ভারতবর্ষের বিভিন্ন পণ্ডিতাগ্রণী সম্প্রদায়-সম্প্রদায়ের প্রবর্ত্তক আচার্যগণ ব্রহ্মস্থতের ভাষা অসমপ্রদায়ের দার্শনিক ভিত্তি প্রতিষ্ঠিত করিলেন। বিশুদ্ধা-দ্বৈতবাদ - প্রবর্জনের সমকালেই বঙ্গদেশেও এক অভিনব ধর্মজাগবণ আদিয়াছিল--নদীয়ার কলিযুগ-পাবনাবতার শ্রীশ্রীগোরত্বনরই ঐ আন্দোলনের মুখ্যতম নেতা হইলেন। পুরাতনে ও নৃতনে, একেতে ও বহুতে, অমুকুলে ও প্রতিকৃলে এক অচিন্তা অত্যম্ভত সামঞ্জ্ঞ বিধান করিয়া তিনি বছল বেদাস্ততত্তের এক সুমীমাংসা স্থাপন করত প্রাচীন আধুনিক বৈদান্তিক সমাজের পঞ্চিতগণের সর্বকলোল-সমক্ষে কোলাহল-নিরাসক অভিসমীচীন বেদায় দিছান্ত ভাপন করিয়াছেন। শ্বয়ং ভগবান মহাৰতারী ঐচগোরাঞ্চ স্বসম্প্রদায়সহস্রাধিদৈব হইয়াও স্বয়ং বেদাস্কভাষ্য প্রণয়ন করেন নাই. সে কার্যও তাঁহার নহে, বা তিনি প্রয়োজনীয়তাও বোধ করেন নাই: যেহেড় তাঁহার মতে শ্রীমদ-ভাগবতই ব্রহ্মপ্রবের অক্বত্রিম ভাব্য। গরুড়পুরাণে আছে—'অর্থোহয়ং ব্ৰহ্মসূত্ৰাণাং ভারতার্থবিনির্ণয়ঃ। গায়ত্রীভাষ্যরূপোহসে বেদার্থ-পরিবংহিতঃ'॥ এই জহুই শ্রীপাদ প্রীজীব তত্ত্বসমর্ভটীকার লিখিয়াছেন —ব্লুস্তাণামর্থ; তেয়ামুরুত্রিম-

লিখিয়াছেন--বিছারপং ভূষণং মে

ভাষ্যভূত ইত্যৰ্থ:৷ তস্মাতদ্ভাষ্য-ভূতে স্বতঃসিদ্ধে তত্মিন সত্য-র্বাচীনমন্তদন্তেষাং স্বস্ত্রকপোলকল্পিতং. তদমুগতমেবাদরণীয়মিতি গ্যাতে অর্থাৎ শ্ৰীভাগবতই ব্রহ্মসূত্রের অক্বত্রিম ভাষ্যভূত, স্থভরাং এই শ্বতঃসিদ্ধ ভাষ্যভূত শ্রীভাগবতের অৰ্বাচীন অগ্রাগ্ ভাষা সমকে স্বকপোলকল্লিতমাত্র, কিন্তু ভাগবতের অমুগত ভাষ্যমাত্রই আদর্ণীয়। এই জ্ব্যু প্রীগোরাঙ্গণও কেহ বেদান্ত করিতে ভাষ্য প্রেণয়ন প্রয়াসী হন নাই; কিন্তু স্বয়ং মহাপ্রতু তাৎকালীন প্রধানতম বেদান্তিদের সমক্ষে অচিন্তা ভেদাভেদবাদই প্রচার করিয়াছেন। কাশীধামে মায়াবাদী পণ্ডিতবরেণ্য প্রীপ্রকাশানন্দ সরস্বতী ও নবদ্বীপের অদ্বিতীয় নৈয়ায়িক শ্রীবাম্বদেব গার্বভৌম প্রভৃতির নিকট তিনি যে বেদাস্কম্বত্তের অভিনব ব্যাখ্যান ও সিদ্ধান্ত দিয়াছেন. তাহাতে তাঁহারা মন্ত্রমুগ্ধবৎ তাঁহার করিয়াছেন। চরণে আত্মসমর্পণ এই সব সিদ্ধান্ত শ্রীপাদ সনাতনাদি নিজ নিজ গ্রন্থরত্বে যথা কথঞ্চিৎ উদ্ধার করিয়াছেন বটে, কিন্তু শ্রীপাদ

বদ্ধ করিয়াছেন। 'তৰ্কাপ্ৰতিষ্ঠানাৎ' তু 'অপরে (ব্রহ্মস্থ ২।১।১১) ভেদেহপ্যভেদেপি-নির্মাদদোষ-স্স্তুতি-দর্শনেন ভিন্নতয়া **চিন্ত**য়িতুমশক্যত্বাদ্ভেদং সাধয়ন্ত: চিন্তয়িতুমশক্যত্বাদ-তম্বদভিন্নতয়া ভেদমপি সাধয়স্তোহচিন্ত্যভেদাভেদ-वापः चौकूर्विछ।' (गर्वमधापिनी)

বিশেষভাবে সর্বসম্বাদিনীতে লিপি-

ক্রমসন্দর্ভে ও ষ্ট্রন্দর্ভে,

অর্থাৎ এক সম্প্রদায়ী বেদান্তিরা বলেন তর্কের অপ্রতিষ্ঠাহেতু ভেদেও এবং অভেদেও নিখিলদোষ-দর্শনে

ভিন্নতারূপে চিস্তা করা অসম্ভব, এই জন্ম যেমন ভেদসাধন করা ছন্ধর, তেমনই আবার অভিন্নভাব চিন্তা করিয়া অভেদসাধন করাও চুষ্কর। এইরূপে ভেদাভেদ উভয়ই সাধন করিতে যাইয়া ইহারা ভেদাভেদ-সাধনে চিন্তার অসমর্থতা-উপল্কিতে অচিস্তা-ভেদাভেদবাদই স্বীকার করিয়াছেন। পর্যতন্ত্র অচিন্ত্য-শক্তিময় বলিয়া স্বমতে অচিস্তাভেদা-হইয়াছে ৷ ভেদবাদই সৈদ্ধান্তিত িগোডীয়-বৈষ্ণব-অভিধান ১৬---১৯ পৃষ্ঠ! আলোচ্য]। উত্তরকালে কিন্তু গোডীয় বৈষ্ণব-গণের মধ্যে স্বসম্প্রদায়ে একখানি ব্ৰহ্মপ্ৰত্ৰ-ভাষ্য নিভান্ত আবশুক বলিয়া

মনে হইল। কথিত আছে জয়পুরে

গলতার গাদির রামান্ত্রীয় মহাত্রগণ

তত্ত্রতা প্রীগোবিস্ক্রীর সেবায়েত

বহিভূতি জানিয়া সেবাচ্যুত করেন।

বুদ্ধবয়সে শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ এই

সম্প্রদায়ের

বাঙ্গালীগণকে চারি

পাইয়া নিজের উপযুক্ত গ্রীকৃষ্ণদেব সার্বভৌম ও শিষ্যন্ত্র <u> </u>প্রীবলদেব বিগ্যভূষণকে জয়পুরে পাঠান। ইংগরা জয়পুরে বিচার করিয়া প্রতিপক্ষগণকে পরাজয় সেবাধিকার করেন এবং তত্ত্রত্য রাখেন। প্রতি-পুনরায় বজায় পক্ষগণ ভাষ্য দেখিতে চাহিলে শ্রীল একমাস সময় শ্রীগোবিন্দের স্থপাদেশে এই ভাষ্য রচনা করেন। গ্রন্থোপসংহারে তিনি

প্রদায় খ্যাতিং নিঞে তেন যো শ্রীগোবিন্দ-স্থপ্রনির্দিষ্ট-মামদার:। ভাষ্যো রাধাবন্ধর্বন্ধরাঙ্গঃ স জীয়াং॥ টীকা চ--- গোবিন্দনিরপকত্বাৎ গোবিদেন প্রয়োজকেন সিদ্ধত্বাদবা গোবিশভাষ্যমিত্যুক্তমিতি অর্থাৎ এই ভাষ্য গোবিন্দতম্ব-নির্ণায়ক বা গোবিন্দই ইহার প্রযোজক বলিয়া 'গোবিশভাষ্য'-নামেই খ্যাত। শ্রীগোবিন্দভাষো—ঈশ্বর. জীব, প্রকৃতি, কাল ও কর্ম—এই পঞ্চত্ত্ব স্বীকৃত হইয়াছে। (১) এক্সফুই প্রতম বস্তু। হেতৃত্বাদ বিভুচৈত্তা-নন্দতাদি-গুণাশ্রয়াৎ। নিতালক্ষ্যাদি-মজাচ্চ কুফঃ প্রতমো মতঃ॥ (२) তিনি নিখিলনিগমবেছ, (৩) বিশ্ব সভ্য, (৫) ব্রহ্ম ও বিখে ভেদ সত্য, (৫) জীব অণুচৈতম্য, সত্য, নিত্য ও শ্রীকৃঞ্চদাস, (৬) জীবের সাধনগত ভেদ স্বীকার্য, (৭) শ্রীকৃষ্ণ-

অনুমান ও শাক্ত এই তিনটীই প্রমাণ। বলা বাহল্য ইহা শ্রীমন্ মধ্বমতেরই শ্রীবলদেব-ক্লত প্রতিধ্বনি। প্রমেয়-त्रज्ञावनी ()() ज्रष्टेवा । श्रीत्राविन्त-ভাষ্যে উক্ত পাঁচ তত্ত্ব ও নয়টি প্রমের স্বীকত হইয়াছে। শ্রীবলদেব ব্রহ্মস্থত্রভাষ্যে (১/১/৩) निथियारहन—व्यथ क्राञ्जमानिरह्जू:

চরণ-প্রাপ্তিই মোক, (৮) পরা

ভক্তিই সাধন এবং (১) প্রত্যক্ষ,

পুরুষোত্তমোহবিচিস্তাত্বাদ্ বেদান্তেরৈব বোধ্যো, ন তু তর্কিঃ। এপ্রসঙ্গে গোবিন্দভাষ্য ৩৷২৷৩১ এবং তত্ৰত্য স্কার্তি আলোচ্য। তিনি (১।১। ১৬, ১৭, ২১, ১৩০, ২) প্রভৃতি

স্থত্তে ভেদবাদের বিচার করিলেও গৌদ্ধীয় বৈষ্ণবগণ হৈতবাদী নহেন। এই সিদ্ধান্তের সারমর্ম প্রীচৈত্ত্য-চরিতামতে আদি সপ্তম, মধ্য ষষ্ঠ ও বিশেষভাবে বিংশ অধ্যায়ে আলোচিত হইয়াছে। শ্ৰদ্ধাল राक्टिर (वहास-व्यक्तिती. श्रीकृष्टरे উদ্দেশ্য, ভক্তিই সাধন এবং প্রেমই প্রয়োজন তত্ত্ব। সর্ববেদান্তগার শ্রীমদ্ভাগবতাদি ভক্তিবাচক গ্রন্থ। ভারতে স্ষ্টিতত্ত্ব-সম্বন্ধে সাধারণতঃ তিন প্রকার মতভেদ আছে, আরম্ভ-বাদ, পরিণামবাদ ও বিবর্ত্তবাদ। ভায় ও বৈশেষিক—আরম্ভবাদী; এই মতে পার্থিব, জলীয়, তৈজ্ঞস ও বায়বীয় চতুবিধ প্রমাণু দ্যুকাদিক্রমে ত্রহ্মাণ্ড পর্যস্ত জগৎ আরম্ভ বা স্পৃষ্টি করে। উৎপত্তির পূর্বে কার্য অসৎ, কারক-ব্যাপারের পরে তাহা উদ্ভূত হয়। ষ্মাৎ হইতে সতের উৎপত্তি হয়। অবয়ব হইতে অবয়বী দ্রবোর উৎপত্তি হয়, যেমন স্থ্র হইতে বস্তের উৎপত্তি। অবয়ব ও অবয়বী ভিন্ন বস্ত--শোদ্ধা কথায় এইমতে অভাব হইতে ভাবোৎপত্তি স্বীকৃত হয়। দিতীয় পরিণামবাদ—এই মতাবলম্বি-দিবিধ, প্রথমত:—সাংখ্য, পাত্রণ ও পাশুপতাদি। এইমতে সম্বরজন্তমোগুণাত্মক প্রধান প্রকৃতিই মহৎ, অহন্ধার ইত্যাদি ক্রমে জগদাকারে পরিণত হইয়াছে। উৎপত্তির পূর্বে কার্য কারণে হক্ষক্সপে বিঅমান পাকে। ইঁহার। অভাব হইতে ভাবোৎপত্তি স্বীকার করেন না, প্রাগভাব ও ধ্বংসাভাব---ইহাদের স্বীকার্য নহে। আবির্ভাব

ও তিরোভাবই ইহারা অঙ্গীকার ইহাদের মতে কারণে কার্য অনভিব্যক্ত অবস্থায় থাকে, অভিব্যক্ত হইলেই তাহা কার্য হয়। এইমতে কারণ ও কার্য অভিন ! দ্বিতীয়তঃ--- বৈষ্ণবাচার্যগণ, ইহাদের মতে ব্রহ্মই জগদাকারে পরিণত হইয়াছে। विवर्छवामी वर्णन-স্বপ্রকাশ প্রমানন্দ ব্রন্মই স্বমায়াব-লম্বনে মিথ্যা জগদাকারে কল্লিত হন। শঙ্কর ও তন্মতাবলম্বিরাই এই

মতের পরিপোষক। বেদাস্তদর্শনের

প্রতিপাত্য—তত্ত্তান, তদমুকৃদ কর্ম-

তত্ত্ব ও স্প্তিতত্ত্ব। ব্ৰহ্মসূত্ৰে তত্ত্বজ্ঞান-

সম্বন্ধে সম্বিক আলোচিত হইলেও

স্ষ্টিতত্ত্ব এবং কর্মতত্ত্ব গৌণভাবে আলোচিত হইয়াছে। (বেদাম্ভ-দর্শনের ইতিহাস (২ পঃ) শ্রীজীবপাদ মধ্বাচার্যের দৈতবাদ স্বীকার করেন নাই, রামামুজের বিশিষ্টাদৈতবাদও তাঁহার অভিমত নহে. ভাস্করাচার্যের (নিম্বার্কের) কথঞ্চিৎ স্বীকার ভেদাভেদবাদ করিয়াও স্বীয় সিদ্ধান্তকে আরো

ভিত্তিতে

দৃঢ়তর

করিয়াছেন।

সংস্থাপিত

শ্রীহরিভজিবিলালে ও রুগামূত সিন্ধতে এই সম্প্রদায়ের বৈধ-ভক্তির উপাসনা-প্রণালী বিস্তারিত-লিখিত আছে: ব্রহরসের উপাসনাই মুখ্য উপাসনা। 'রসো বৈ সঃ', 'আনন্দং ব্রন্ধেডি ব্যজানাৎ', 'মধু ব্ৰহ্ম', 'ভূমা ব্ৰহ্ম' প্রভৃতি শ্রুতিপ্রতিপান্ত পদার্থ পর্ম-তত্ত্বপে স্বীকৃত হওয়ায় ইঁহারা জ্ঞানসাধনের উপরেও প্রেমভক্তির

বৈষ্ণবধর্মের বিবরণ 1999 দার্শনিক ভিত্তি প্রতিষ্ঠাপিত করত এই লীলারসময় প্রেমভক্তিকেই আনন্দ্রাধুর্যময় প্রীশ্রীগোরগোবিন্দের উপাসনার চরম উপায় বলিয়া নির্দেশ করিয়াছেন। এই নিমিত্ত ভক্তি-রসামত ও উচ্জলনীলমণি প্রেমদর্শন (Psychology of Divine Love) নামে অভিহিত হইতে পারে। শ্রীচৈতক্সচরিতামৃত মধ্য অষ্ঠম ও ২২শ পরিচ্ছেদে এশম্বন্ধে বহু জ্ঞাতব্য বিষয় লিপিবদ্ধ হইয়াছে। পঞ্চদশ শক-শতান্দীর প্রারম্ভে প্রীগোরাঙ্গ আবিভূত হন। ইহার বহুপূর্ব হইতেই বঙ্গদেশে বৈষ্ণবধর্ম প্রচারিত ছিল। প্রীজয়দেবের প্রীগীতগোবিন্দ, চণ্ডীদাসের পদাবলী বালালী হৃদয়ের অনভিব্যক্ত ভাব-রাশির আবেগময়ী অভিব্যক্তি। মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে বঙ্গের রাজধানী নবদীপের অৰ্থ বৈভব, বিভাবৈভব ও ধর্মের অবস্থাদির স্থন্দর চিত্ৰ প্ৰীচৈতগুভাগৰতে আদিখণ্ড विजीय व्यशास्त्र जहेता। शत्न, जत्न

ও বিভায় সমৃদ্ধ হইলেও তথন ধর্মের

অবস্থা যে অতি শোচনীয় ছিল,

जनविषया के व्यशास्त्रहे विवृजि

ভাগবতগণের

একান্ত অভাব হয় নাই। থেহেতু

'স্বকার্য করেন সব ভাগবতগণ।

ক্বঞপূজা, গঙ্গামান, ক্তঞ্চের কথন।'

বিশুদ্ধ বৈষ্ণৰ পণ্ডিত শ্ৰীষ্ঠবিতাচাৰ্য,

পুণ্ডরীক বিভানিধি, শ্রীরূপদনাতন,

হরিদাস, মুরারিগুপ্ত, মুকুন্দ প্রভৃতি

পণ্ডিত,

মহাপ্লানি

শ্ৰীনিত্যানন্দ.

তখনও

আছে: কিন্তু ধর্মের

নিতাপ্রেমময়কলেবর

শ্রীমদগদাধর

হইলেও

বহুভক্ত তথন নবদ্বীপে ও বঙ্গের অন্তর প্রেমভক্তির যাজন, প্রচার ও প্রসার করিয়াছেন।

नीका. গুরুপদেশ ও শাস্ত-পাঠ--- সাধারণতঃ এই সকল উপায়েই ধর্মপ্রচার হয় বটে, কিন্তু তাহা অতিধীরে সম্পাদিত হয়। অভুত ব্যাপার বা অত্যস্ত প্রীতিজনক কিছু না পাইলে লোকের চিত্ত তাহাতে সহসা আরুষ্ট হয় না। প্রীগোরাক্ষের প্রবর্তিত ধর্মে সমাজের সকল শ্রেণীর লোকই সমভাবে আরুষ্ট হইয়াছে। ইহাতে সার্বভৌমের ক্রায় ভুবনবিজয়ী পণ্ডিত, প্রকাশানন্দের ক্যায় কাশীবাসী मायानाणी नवानिक्न अक, मूननमान-ধর্মনিষ্ঠ নিরক্ষর ছবিনীত পাঠানসৈত্র বিজ্ঞলী খাঁ, অতি অকিঞ্চন খোলাবেচা শ্রীধর এবং বিপক্ষরপতিকুলকালাগ্রি-ক্তম্ব প্রতাপক্ত, নবদীপের শাসন-কর্ত্তা চাঁদকান্তি এবং গৌডের শাসনকর্ত্ত। হোসেন সাহ, নবদীপের মহাতুর্ত জগাই মাধাই—এই বিপরীতভাবাপর সর্বশ্রেণীর লোকই ৰুগপৎ প্রীগৌরচরণের আমুগত্য স্বীকার করিয়াছেন। তীক্ষবৃদ্ধি নৈয়াম্বিক রমুনাথ, সরলবৃদ্ধি বিফুভক্ত গ্রীবাস, রাজনীতিতে মহাপণ্ডিত শ্ৰীসনাতন, সংসারজ্ঞানলেশশুক্ত গোপালভট্ট ও রমুনাথভট্ট, বিপুল জমিদারীর অধীশ্বর যুবক রঘুনাথদাস ও রাম রামানন — শ্রীগৌরান্সের গুণে আরুষ্ট হইয়া চিরতরে আত্মসমর্পণ করিয়াছেন! শ্রীগোরাঙ্গের অলোকিক গৌন্দর্য, স্থতীক্ষ প্রতিভা, অলোক-সামাত পাণ্ডিত্য-প্রকর্ষ, স্বভাবত্মলভ মধুর বাক্যালাপ প্রভৃতি সদ্গুণকদম্বই গ্রীগোরালের চিত্তাকৰ্ষক ছিল। দর্শনপ্রভাবেই সকলের মনে এক অভূতপূর্ব প্রবদতর ভক্তিভাব উদয় হইয়া সকল বিরোধ, সকল আপত্তি ভাসাইয়া লইয়া যাইত। সম্প্রদায়ারার্য বল্পভারার্যও ঠঁহার গুণে আরুষ্ট হইয়াছিলেন। প্রীচৈতগ্র-চরিতামত অস্তালীলা ৭ম পরিচ্ছেদ म्रष्टेवा ।

গ্রীগোর আজন্ম হরিনামরূপ সাধন-সক্ষেত স্বতঃ পরতঃ আচরণ করিয়া সকলের নিকট উচ্চকণ্ঠে প্রচার করিয়া করাইয়াছেন। আজকাল ভারতের বিভিন্ন প্রদেশে যে যুগধর্ম-রূপে নামসম্বীর্ত্তন প্রথা হইয়াছে— শ্রীগৌরই ইহার আদি প্রবর্তক, 'সংকীর্ন্তনৈকপিতা'। বম্বতঃ শ্রীগৌর-লীলাই নামদন্ধীর্তনের এক অভিনব বিপুল ইতিহান। সদাচার-সম্বন্ধে 'ছরিভজিবিলাস' নামে এক বিরাট শ্বতিগ্রন্থ ইহাদের উদ্ভাবনা ও মহাকৃতিত্ব: উপাশু দেবতা—শ্ৰীকৃষ্ণ ও শ্রীগোরাম। শ্রীরাধাক্ষফ-যুগল-মৃত্তিবৎ বহুস্থানে আমরা এগৌর-গদাধর, শ্রীগৌরনিত্যানন্দ, শ্রীগৌর-বিফুপ্রিয়া যুগল বিগ্রহ দেখিতে পাই। এীবাসের গ্রহে সর্বপ্রথমে গ্রীগৌরচন্দ্র প্রীশ্রামত্মন্দরের আসনে সমাসীম হইয়া পুজিত হইয়াছেন। শ্রীচৈতগুচন্দ্রোদয়ের তৃতীয়াঙ্কে [অবৈতপ্রভুমমনে উক্ত] শ্রীবাসের বাক্যে—'অত্মাকমিদমেৰ বপুঃ প্ৰেম-পাত্ৰমত্ৰ কঃ সন্দেহঃ' জানা যায় যে অদৈতাচার্য ও প্রীবাস শ্রীগৌররূপেরই ধ্যান করিতেন। বাস্তদেব সার্বভৌম-

সম্বন্ধে—'দার্বভৌম হৈলা প্রভুর ভক্ত একতান। মহাপ্রস্থ বিনে সেবা **প্রকিষ্ণ**চৈতগ্র নাহি জানে আন॥ শচীম্বত গুণধাম। এই ধ্যান, এই खन, এই नम्र नाम।' (टेठ° ठ° मश्र ৬।২৫৭—২৫৮) এইরূপে শ্রীহরিদাস ঠাকুর, প্রকাশানন্দ সরস্বতী প্রভৃতিও যে অন্তর্গোরভক্ত ছিলেন-তদ্-বিষয়ে যথেষ্ট প্রমাণ বিভাষান আছে। 'সম্প্রদায়' বলিতে 'গুরুপরম্পরাগত 'শিষাপরম্পরাব-াসহপদেশঃ'; তীর্ণোপদেশ: সম্প্রদায়:' ইতি ভরত:। 'আমায়: সম্প্রদায়:' ইতি অমর:। আদি গুরু ব্রহ্মা হইতে গুরুপরম্পরাপ্রাপ্র ব্ৰহ্মবিছা-নায়ী শ্রুতিই আয়ায়। সেই আয়ায়বাক্য বা শিষাপরম্পরাবতীর্ণ উপদেশ একমাত্র मरमञ्जाताह नजा। मुखक छेन° (১)১১, ১)২।১৩) প্রভৃতিতে গুরু-পারম্পর্যগত উপদেশ বা সৎসংপ্রদায়-স্বীকারের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হইতেছে। উদ্ধবগীতায় (১১।১৪। ৩—৮) শ্রীভাগবতসম্প্রদায়-প্রবর্ত্তক-ক্লপে ব্রন্ধাকেই লক্ষ্য করা হইয়াছে; অতএব 'ব্ৰহ্মসম্প্ৰদায়' নৃতন নহে, অবৈদিকও নহে। 'সংশ্ৰেহিত্ৰ স্মাগর্থ: প্রপ্রকৃষ্টার্থ এব চ। দায়: সংপর্ক ইত্যুক্ত: সম্প্রদায়-বিচক্ষণৈ:'-গৌরগণ-স্বরূপতত্তৃচন্দ্রিকা। বৈদিক সম্প্রদায়-বিশেষই গৌডীয় देवक्षव-मच्छानाम् । श्रमः ভগবান গ্রীগোবিন্দ যে সম্প্রদায়ের আরাধ্য. তদীয় আবির্ভাব-বিশেষ শ্রীগোরাঙ্গ যে সম্প্রদায়ের প্রাণ (স্বসম্প্রদায়-সহস্রাধিদেব), অনাদি বেদকল্পডরু হইতে যাহার আবির্ভাব, শুক-

নারদাদি পরমহংসগণ যে সম্প্রদায়ের প্রবর্ত্তক, ব্রহ্ম-শিব-গ্রুব-প্রহলাদাদি যাঁহার পথ-প্রদর্শক এবং জগৎপূজ্য শ্রীরূপসনাতনাদি গোস্বামিগণ যে সম্প্রদায়ের আচার্য—্সেই সম্প্রদায়ের উৎকর্ষ স্বতঃসিদ্ধ।

বৈদিক সম্প্রদায় কি. তাহাই ৰলিতেছি। যাঁহারা বেদ ও বেদমুলক श्रुवागानि भारञ्जत অপৌক্সবেয়ত্ত স্বীকার করেন ও তত্তৎশাস্ত্রবাকো যাঁহাদের অচল বিশ্বাস, অলৌকিক তত্তের স্বরূপ-নির্ণয় ও উপাসনাদি বিষয়ে একমাত্র বেদই বাঁহাদের মুখ্য প্রমাণ, লৌকিক প্রত্যক্ষাদি-প্রমাণ-নিচয়ের অতাম্ভ অবিষয় প্রমত্ত্রই যাঁহাদের আরাধ্য ; কর্ম, জ্ঞান ও ভক্তি -এই বৈদিক তত্ত্ত্ত্রেবা তাহাদের অক্সতমে বাঁহারা একাস্ত পরিনিষ্ঠিত, বৈদিক আচার্যের চরণাশ্রয়ই বাঁহারা ত্তজ্ঞান-লাভের প্রধান উপায় বলিয়া অবগত,—তাঁহারাই বৈদিক সম্প্রদায়, फिषिभत्रीण इंहर्लंह छ इविकानवाषी नास्तिक ও অবৈদিক। বৈষ্ণবপ্রিয়া —গ্রীচেতম্বচরিতামতের

বেক্টবাত্রর। —এচেড্ডচারভারতের শ্লোক্যালার টীকা—জগন্মোহনদাস-কুতা।

বৈষ্ণবমক্তল—ভরতপণ্ডিতের প্রহলাদ নামান্তর। চবিত্রের দৈতাগবের উৎপত্তি ও জয়বিজয়-কাহিনী ইহাতে জ্বন্তঃপ্রেবিষ্ট । ভণিতায় আছে— চিস্তিয়া চৈতভাচাঁদের চরণ-কমল। বৈষ্ণবরহস্ত (বরাহনগর শ্রীগোরাঙ্গ-গ্রন্থমন্দির পুঁপি-সংখ্যা বি ৬২) প্রথমপ্রকাশে--শ্রীমন্মহাপ্রত্ন গয়ার দরিধানে শ্রীপাদ ঈশ্বরপুরীকে প্রশ্ন শ্রিরা তাঁহার মূখে কলিকল্পষ্ছত

জীবগণের কর্তব্য-বিষয়ে শ্রীহরি-নামোপদেশই নির্ণয় করাইতেছেন। দিতীয়ে—গুরুপাদাশ্রয়-প্রসঙ্গে গুরুর বৈবিধা ও ক্রমনির্ণয়, গুরুপূজা ও তৃতীয়ে— গুরুসেবাদির বিবৃতি: আরাধানির্ণয়-প্রসঙ্গে <u>শীরাধারুক্</u>টের পরতমত্ব-স্থাপন এবং চতুর্বে—সাধ্য-সাধনাদি-নিণীত হইয়াছে। নবধা-ভক্তিমধ্যে কীর্ত্তন-ভক্তির প্রাধান্য, কলিযুগাবতার-বর্ণনায় প্রীগোরাঙ্গের রহস্ত-নিরূপণাদি ও তৎপরে ঈশ্বর-পুরী হইতে দীক্ষাগ্রহণ বণিত হইয়াছে। সমগ্র গ্রন্থে ২০৯ ল্লোক, ১৪ পত্র। গ্রন্থকারের নাম নাই। বৈষ্ণববন্দনা-শ্রীদেবকীনন্দন দাস-রচিত। ২ মাধবদাস-রচিত (পাটবাড়ী शूँथि वि ১০০), © वृक्तावननाम-त्रिष्ठ (ঐ বি ১০১)। বৈষ্ণব-মহাত্মা বা পদকর্তদের কালনির্ণয়ে ইহারা ब्रुवान् छेशानान । **বৈষ্ণববিধান** - শ্রীবলরামদাস-রচিত (পाটবাড़ी পুँ थि वि ১০২)। देवक्षद তান্ত্ৰিক নিবন্ধ। গোপালভট - গোস্বামি - বিলিখিত গ্রীগ্রীহরিভক্তিবিদাসের সার্মর্ম অবলম্বনে শ্রীশ্রীগোডীয় 'বৈষ্ণবদের

তান্ত্রিক নিবন্ধ।

বৈষ্ণবেত্রতিদিন - ব্যবস্থা—— প্রীপাদ
গোপালভট - গোসামি - বিলিখিত
প্রীশ্রীহরিভজিবিলাসের সারমর্ম
ম্বলম্বনে প্রীশ্রীগোড়ীয় বৈষ্ণবদের
যাবতীয় ব্রতদিন-নির্ণয়ের স্থাম
পন্থারূপে শ্রীশ্রীহরিমোহন শিরোমণিপ্রেম্থ প্রীশ্রীবৈষ্ণবেত্রতিদিন-ব্যবস্থা
নামে এই গ্রন্থ প্রশন্ধন করেন।
ইহাতে জন্মবাসর-ব্যবস্থা, তিথির
ক্ষয়-পূর্ণাদি সংজ্ঞা, বিদ্ধা-তিথি-নির্ণয়,
জন্মবাসরের পারণ রামনবনী প্রভৃতি
জন্মবাসর-নির্ণয়, হরিবাসর, পারণ,
মহাঘাদশী ও বিজয়ামহাঘাদশীর

বিশেষ কথা আলোচিত হইয়াছে। শ্রীহরিভক্তিবিলাস সংস্কৃত ভাষায় লিপিবদ্ধ. কিন্তু বহু গোডীয় বৈষ্ণব এই ভাষা জানেন না, বিশেষতঃ এই দাৰ্শনিক গ্ৰন্থ গানি প্রগালীতে লিপিবন্ধ থাকায় সংস্কৃতভাষাবিদদেরও সময়ে সময়ে অর্থবোধে কট্ট হয়। এই অস্থবিধা দূর করিৰার শ্রীপাদ বঙ্গভাষায় স্থত্রগুলির অমুবাদ অহপাতপূৰ্বক ञ्ज-निर्देश দিয়া করিয়া গ্রন্থখানিকে উপাদেয় ও প্রথবোধ্য করিয়াছেন।

বৈষ্ণবব্রতনির্ণয় - (হরিবোলকুটীর ৮জ) মাড়োর শ্রীরঘুনন্দনগোস্বামি-ক্বত ৭৯ পত্রাত্মক পুঁথি। লিপিকাল —১৭৮৯ শাক। ইহার ছইটি খণ্ড —প্রথম খণ্ডে শ্রীহরিভক্তিবিলাগোক্ত একাদশী, শিবচতুর্দশী, রামনবমী, দোলোৎসব, নৃসিংহচতুর্দশী, শয় নৈকা-দশী. বামনদাদশী এবং কাত্তিকক্বত্য-বিষয়ে ব্যবস্থা এবং দিতীয় খণ্ডে শ্রীহরিভক্তিবিলাগে অমুক্ত দোলযাত্রা. রথযাত্রা, হিন্দোলা ও রাস্যাত্রা-বিষয়ে যথায়থ নিরূপণ হইয়াছে। বৈষ্ণবত্ততিধান—বর্দ্ধমানের নিকট-বায়াণ-গ্রামবাসী ক্ষেত্রনাথ তর্কবাগীশ-প্রণীত। ইহা প্রীহরিভক্তি-বিলাসের সংক্ষিপ্ত প্রতামবাদ। বৈষ্ণব-সাহিত্যে বিরহ-ভত্ত-সঙ্গম ও বিরহ-বিকলে বিরহেরই কাম্যতা দেখা যাইতেছে, যেহেতু

নায়ক ও নায়িকামাত্র থাকে, আর

সাহিত্য। বিরহে সেবার পরাকাষ্ঠা

চর্ম কথা- বিরহ।

জীবন - বিরহেরই

'বির্ছে ভশায়ং জগং'।

সাহিত্যের

বৈষ্ণবের

বৈঞ্চৰ

প্রকাশিত, বিরহ সম্ভোগেরই
পৃষ্টিকারক। মহাভাব-স্বরূপা
শ্রীরাধাতে এই বিরহ মূর্ত্ত হইয়া
দিব্যোন্মাদ, উদ্মূর্ণা, চিত্রজন্ন প্রভৃতিরূপে আত্মপ্রকাশ করিয়াছে। আর
শ্রীগোরান্সের চরিত্রেও এই
ব্রজবিরহিণীর ভাবটী ক্ষুট্তর হইয়া

ব্ৰজবিরছিণীর ভাবটী ক্ষুট্তর হইয়া গন্তীরালীলায় প্রকটিত হইয়াছে। 'ক্লফের বিরহে মুঞি বিক্লিপ্ত হইয়া।

বাহির হইন্থ শিখা-স্ত্র মূড়াইয়া॥' —ইত্যাদি উক্তিই তাহার প্রমাণ। শ্রীমন্ মাধবেন্দ্রপুরীতে সর্বপ্রথম এই

বিপ্রলম্ভময়ী মধুরাভক্তির বীজ দেখা গিয়াছিল—তাঁহার সিদ্ধিপ্রাপ্তিকালে

হুদয়ের অস্তন্তন ফাটিয়া এই শ্লোকটি বাহির হইয়াছিল—

'অয়ি দীনদয়ার্দ্র নাথ হে মথুরানাথ करावानाकारम ? श्रुवा परानाक-কাতরং দয়িত! প্রামাতি করোম্যহম॥' 'দীন' শব্দে বিরহ-বিধুরতাই ধ্বনিত, 'প্রেমধন বিনা বার্থ দরিদ্র জীবন।' গ্রীগোরকর্মো জিতে কুষ্ণদেবাস্থ্ৰ-তাৎপর্যতা-বিহীন জীবনই দীন। কৃষ্ণবিরহকাতর ভক্তগণ অনুক্ৰণ ঐ কুষ্টকথা শ্ৰবণ, কীৰ্ত্তন ও আলোচনাতে রত থাকেন—'তব কথামৃতং তপ্তজীবনং।' ভজন-রাজ্যে বির্হের আবশ্যকতা অতিমাত্রায়

স্বীকৃত—অভাববোধ না থাকিলে

(২) অহংপ্রতায়, (৩) একজীববাদ-খণ্ডন, (৪) জীবের অণুত্ব. (৫) জীবের জাতৃত্ব ও কন্তব্য; (৬) জীবের পর্যাত্মত্ব, (৭) পরিচ্ছেদাদিমতত্ত্রয়-বিচার; (৮) ব্রহ্ম হইতে জীবচৈতন্ত্র-সমহের ভেদ: (৯) বিবর্ত্তবাদ-খণ্ডন: (১০) পরিণামবাদ: (১১) অচিস্ত্য-ভেদাভেদসিদ্ধান্ত; (১২) চতুৰ্ ্ছ-বিচার, (১৩) পঞ্চরাত্রমত-সমর্থন इंजापि । *শ্রীকৃষ্ণসন্দর্ভের* অমু-ব্যাখ্যায়—(১) অবতারতত্ত্ব-বিচার: (২) শ্রীক্ষের কেশাবতারত্ব-খণ্ডন; (৩) শ্রীকৃষ্ণনামের শ্ৰেষ্ঠতাপ্ৰযুক্ত তাঁহার স্বয়ংভগবতা; (৪) এক্সঞ্-ভজনেরই সর্বগুহৃত্যতা; (৫) শ্রীচরণচিহ্ন; (৬) শ্রীগোপীভজ্বনের সর্বশ্রেষ্ঠতা ইত্যাদি। সর্বাঙ্গস্থন্দরী-গীতগোবিন্দের উপর শ্রীনারায়ণ কবিরাজের টীকা। এই টীকাটি রসনিষ্কাসনে অত্যুৎরুষ্ঠ। সর্বাপরাধভঞ্জন - স্থোত—শ্রীসার্ব-ভৌম ভট্টাচার্য মহাশয়-রচিত ২৩টি গ্রীকৃষ্ণচৈতন্ত্র-শোকে মহাপ্রভুর ১০৮টি নামময় স্তোত্র। প্রারন্তে 'নমস্কতা প্রবক্ষ্যামি দেবদেবং জগদগুরুম | <u>নামাম</u>প্তোতরশতং চৈত্যস্থ মহাত্মনঃ॥১॥ বিশ্বজ্ঞরে। জিত ক্রোধো মায়ামায়ুষ-বিগ্রহঃ। অমায়ী মায়িনাং শ্রেষ্ঠো বরদেশো দ্বিজ্বোত্তম:॥ ২॥ **সহস্রনামস্তোত্তম**——পুরাণাগমাদি শাস্ত্রে মুনিগণ-রচিত 'গোপালসহঅ-

নাম', 'রাধিকাসহস্রনাম', 'বিষ্ণুসহস্র-

নাম', 'ললিতাসহস্ৰ নাম' ইত্যাদি

পাওয়া যায়। সহস্রনাম নিতাপাঠ্য

ও তাহাতে নামরপগুণলীলাদির

হত্র থাকায় সহচ্ছেই প্রেমপ্রাপ্তি হয়।

শ্রীগোড়ীয়গুরু-গোস্বামিগণ শ্রীকবিকর্ণপূর, শ্রীরূপগোস্বামিগাদ এবং
শ্রীমন্নরহরি সরকার ঠাকুর পৃথক্ভাবে তিনখানি শ্রীরূফটেতভ্য-সহস্রনাম প্রণয়ন করিয়াছেন। বরাহনগর
পাটবাড়ীতে ও অভাভ গ্রন্থাগারে
ইহার পাণ্ডুলিপি পাওয়া যায়।

সংপ্রতি (৪৭০ গৌরান্ধে) কুস্কমসরোবরবাগী শ্রীরূফদাসজি এই
তিনটীই মুক্রিত করিয়াছেন।

সাক্ষিবােপাল-মাহাত্ম্য — ওচ্ব
কৰি বিজ চৈতন্ত বা দীন চৈতন্ত্যবিরচিত ৪৩ অধ্যায়াত্মক ওচ্বভাষার
পৃস্তক। শ্রীনিত্যানক প্রস্থ শ্রীমন্
মহাপ্রভুর নিকট সবিস্তারে ছোট
বিপ্র ও বড় বিপ্রের কাহিনী বর্ণনা
করিতেছেন। এই গ্রন্থকারের অন্ত কোনও পরিচয় পাওয়া যায় না।
ছোট বিপ্র গোপালকে সাক্ষিরপে
আহ্বানের প্রসঙ্গটি এইরপ—
(চতুর্থ অধ্যায়)

এহি ত্রিভঙ্গরাপ ঠানি বেণু অধরে
বেণুপাণি। এহি পয়রে বিজে করি
সভার মধ্যরে শ্রীহরি। এহি রূপরে
শ্রীবদনে কহিলে সত্য সভাজনে।
যেবে করিব প্রভো হেলা নিশ্চে
বুড়িব ধর্মভেলা। আপনি চলি
শ্রীচরণে নহিলে অটে তুর্ঘটনে।

শ্রীচরিতামৃত-বর্ণিত . ঘটনাবলি হইতেও বহুতর কাহিনী ইহাতে স্থান পাইয়াছে। রচনাও অতি প্রাঞ্জল, নবাক্ষরে গ্রথিত।

সাত্তত্ত্ব — শ্রীনারদের প্রশ্নের উত্তরে শ্রীশিব-ক্থিত তন্ত্ব। ইংচতে শ্ৰীমদ ভাগবতের সিদ্ধান্তরাজির: পরিবেষণ আছে। व्यर्थमामा ७ वाष्ट्रहे. भक्मामा७ যথেষ্ঠ আছে। (ভাগ ১১।৫।৩৮) 'কুতাদিষু প্রজা রাজন্', অত্রত্য (৫।৪২) 'অতঃ কৃতাদিষু প্রজাঃ' ইত্যাদি, (ভা ১১/৫/৩৫) অত্ৰত্য (৫।৪৫) ইত্যাদি। বিশেষ কথা-প্রথম পটলে বেদাস্তিমতের ব্রহ্মতত্তই সাত্ত-মতে ভগবান্ (>0). কার্যকারণ-ক্লপিণী গুণত্রয়া ত্মিকা শক্তিই প্রকৃতি (১২), গুণত্রয়ক্ষোভ-হেতৃক পুথক্ভূত কালই হরির চেষ্টা —পুরুষ কাল-কর্ম-ম্বভাবস্থিত **হ**ইয়া প্রকৃতির প্রেরক (১৭), তৎপরে মহদাদিক্রমে জগৎস্ঞ্চি (১৮—৩৩), বিরাট (৩৩—৩৮), গুণাবতার (৪১-৪২), অংশাবতার (৪৩—৪৯)। षिठीरत दश्नीर्य, ह्यू:मन, नांत्रप, বরাহ, শেষ, কমঠ, শুক্ল, ত্ম্যজ্ঞ, কপিল, দত্ত, নরনারায়ণ, থাষভ, হংস, পৃথু, দক্ষ প্রভৃতি অবতার(১—৩২), রামচন্দ্র (৩৩—৪১), বেদব্যাস (৪৬), বলদেব (৪৭), একিক্ষ ও তল্পীলাদি (৪৮—৬০), প্রহ্যম (৬১), অনিকদ্ধ (৬২), ভকোৎপত্তি(৬৩), কৰি (৬৬), মন্বস্তরাবতার (६.৭—৭৩)। তৃতীয়ে অংশকলাদি-বিচার (৩—৩৬), অবতারি-স্বরূপাদি (৩৬-৫৪)। চতুর্থে ভক্তিভেদ, (৩-১৩), নিগুণভক্তি ভক্তি (১৪), কর্মজ (>0), লীলাভজি (১৬—৩৯), ভজিস্তম্ভন (৪৪--৪৯), গুরুদেবা (e>),

ভূতদয়া (৫০) ইত্যাদি।

ভাগবত (৭৮), মধ্যম

উত্তম

ভাগবত

(৭৯), প্রাকৃত ভাগবত (৮০), প্রকারেও ভাগবত-ভেদ (৮১-৮৩)। পঞ্চমে যুগামুরূপ সেবা, সত্যে (৪-২৮), ত্রেতায় (২৯-৩২), (৩৩-৩৬), কলিতে (৩৭-৫২); কীর্ত্তনের প্রাধান্ত (88-৫0)। যপ্তে- বিষ্ণুসহস্রনাম (>০-২ >২), ফলশ্রুতি (২১৩— ২২০)। সপ্তমে নাম-মহিমা (১১-->৫), ह्यूर्विश देवतागा (>७---२०), নামাপরাধ (২৮—৪৯)। অষ্ট্রমে শ্রীকৃষ্ণপদাশ্রয়-মহিমা (২), অন্তদেব-পুজা ও কাম্য কর্ম ত্যাগ করিয়াও হরিভজন (৪—১৫), শ্রীকুফের শর্বেশ্বরম্ব (১৬—২০), গৃহস্থ-কর্ত্তব্য (২৪—২৬), ভক্তসঙ্গ (২৭—৩৪)। নবমে অন্তদেব-ভজনে হেতু-প্রদর্শন (২—১০), শিবক্বত **শ্রীকৃষ্ণস্তৃতি** (১৩-১৯), গ্রীকৃষ্ণ-স্বরূপ (২০-২১), হিংসা-নিষেধ (৩২--৩৪), প্রবৃত্তি-নিবৃত্তি-ভেদে কর্ম (৩৫ – ৩৮), অহিংসা পরম ধর্ম (৪০)। সাত্ত-সংহিতা— পঞ্বিংশতি-পরি-চেছদাত্মক পাঞ্চরাত্র শাস্ত্র। ইহা মাত্বতন্ত্ৰ হইতে পৃথক্। ইহাতে ত্ব্পিন্দোদার, সাধারণতঃ চাতুরাত্মারাধন, ব্রতবিধি, সংবৎসর-বিধি, বিভবদেবতান্তর্যাগ ও অর্চন, यागकुछ-विधि, विভবদেবতার धान, ভূষণাত্তস্ত্রদেবতা-ধ্যান, পবিত্রারোপণ-বিধি, পবিত্রস্থান, অঘশান্তি, নুসিংহ-कन्न, अधिवान-मीकाविधि, मीकाविधि,

অভিষেকবিধি, সময়বিধি, অধিকারি-

মুদ্রাভেদ, মন্ত্রোদ্ধার-বিধি, প্রতিমা

প্রাসাদ-বিধি এবং প্রতিষ্ঠাদিবিধি

সাধনচিন্তামণি লিপিবদ্ধ হইয়াছে। নারদ প্রষ্ঠা ও সম্বর্ধণ উত্তবদাতা। সাধনচিন্তামণি—(পাটবাড়ী পুঁথি বাংলা বি ১৭৭) শ্রামদাস-বিরচিত শ্রীগুরু-চরণে অসমোর্দ্ধ নিষ্ঠার কথা, বৈষ্ণবে যথোচিত সম্মান, প্রসঙ্গতঃ বৈষ্ণবাপরাধ-ফলে প্রহলাদের বৈকুণ্ঠশ্বরের সিংহাসনে উপবেশন এবং প্রভুর আজ্ঞায় বৈষ্ণবাপরাধ-काननानि: अक्रशास्त्राप्तक. চরণামত. বৈঞ্চবচরণামত গঙ্গোদক—সমান এবং ইহাদের গ্রহণে রুঞ্চ্জি হয়। সংকীর্ত্তন-মহিমাদি, গুরুবৈফবাদির নিশার বিষময় ফল, নববিধা ভক্তি। ১২০০ ও ১২৩৭ সনের লিপি ছুইটি। সাধনদীপিকা-শ্রীমৎ রাধারফদাস গোস্বামি-কৃত। ইনি স্বকৃত দশশ্লোকীভাষ্যে স্বার্সিকী ভজন-পরিপাটি অশেষ বিশেষে প্রদর্শন করিয়াছেন : মন্ত্ৰময়ী উপাদনা-না পাইয়া 'সাধনদীপিকা'-নামক

সম্বন্ধে তাহাতে কোনও অবকাশ গ্রন্থে বিশেষতঃ এই বিষয়েই বর্ণনা করিয়াছেন। শ্রীমদ গোবিন্দজীউর দেবাধিকারী প্রীপণ্ডিত গোস্বামির স্থপ্র সিদ্ধ প্রীলহরিদাস অফুশিধা পণ্ডিতের শিয়ারূপে গ্রন্থকার তত্ততা বাষিক প্রাক্তিক ও রীতিনীতি সাক্ষান্তাবে দেখিয়া ও আচরণ করিয়া যে সবিশেষ জ্ঞান লাভ করিয়াছেন—তাহাই এই গ্রন্থে

করিয়াছেন।

মস্ত্রোদ্ধার এবং স্তবকবচাদির সমাবেশে

গ্রন্থের প্রয়োজনীয়তা বৃদ্ধি

বিবিধ

হইয়াছে। প্রীগোরলীলার উপা-সনাতেও শ্রীগদাধবপথিত গোস্বামি-আহুগতো ভজনেরই পাদের সর্বশ্রেষ্ঠত প্রতিপাদন দারা গ্রন্থের স্বারম্ভও স্থপ্রকাশিত হইয়াছে। রাগামগাভজনেও পরকীয়ার শ্রেষ্ঠতা প্রদর্শন পূর্বক শ্রীরূপাফুগামিদের হাদ বিস্তার করিয়া প্রসঙ্গক্রমে প্রীজীবপাদের স্বকীয়াবর্ণনে পরেচ্ছা-প্রণোদিতত্বেরই হেতৃত্ব প্রদর্শিত হইয়াছে: অতএব এই গ্রন্থের আলোচনায় শ্রীগোরগোবিন্দের উপাসকদের সবিশেষ উপকার হইবে বলিয়াই আমাদের বিশ্বাস। সাধনদীপিকা দশটি কক্ষায় (व्यशास्त्र) विज्ञ । (>) धर्वानि-বন্দনা, গ্রন্থসূচী, সেবাপ্রকাশন ইত্যাদি। (২) ব্রজেলনন্দনের মৌনমুদ্রারূপত্ব, প্রকট ও অপ্রকট লীলা, মন্ত্রোপাসনাময়ী ও স্বার্সিকী লীলা, যোগপীঠ-প্রকাশন, সদাচার-মুখপ্রকালনাদি সেবাপ্রসঙ্গ, মঙ্গলারাত্রিকাদি নিত্যসেবা বসস্ভোৎসবাদি বার্ষিকীসেবা, শ্রীক্লফের ৩২ লক্ষণ, কর্ধ্যানাদি। (৩) শ্রীক্ষের মধ্যকৈশোরস্থিতিবর্ণনা। (৪) শ্রীগোপালমন্ত্রোদ্ধার, মাহাত্ম্য, ভাগাদিবিধি. ত্রৈলোক্য-মঙ্গল কবচ. (c) ধ্যানাদি. স্মরণমঙ্গল। প্রীবন্দাবন-মাহাত্ম্য, বুহদ্ব্যান, পদ্মপুরাণীয় বুন্দাবন-বর্ণনা। পুরুষবোধনীর মতে বৃন্দাবন-বর্ণনা। শ্রীরাধার (७) প্রাকট্য-কথা. তাঁহার প্রেমোৎকর্যাদি, অষ্টোত্তর গোপেখরীসাধন. শতনাম-মস্ত্রাদি,

পঞ্চবাণেশ্বরী মন্ত্রাদি, দীপদানবিধি.

কপাকটাক্ষন্তোত্র, তৈলোকাবিক্রম কবচ, করচরণচিহ্নাদি, আভরণাদি। (৭) শ্রীগদাধর পণ্ডিতগোস্বামি-পাদের আমুগতো শ্রীগৌরভজনের সর্বোৎকৃষ্টতা-প্রতিপাদন, প্রসঙ্গক্রমে তাঁহার তত্ত্বাদি-নিরূপণ; শ্রীনিত্যানন্দ শ্ৰীঅদ্বৈত প্রভূর তত্ত্বথা. (৮) শ্রীরূপ-গৌরগণোদেশ। গোস্বামিপাদের বৃত্তান্ত, মহিমা ও অষ্টকাদি। (৯) রাগাত্মিকা ও রাগামুগা ভক্তির নিরূপণ, প্রদঙ্গক্রমে পরকীয়ার রসোৎকর্মস্থাপন, পরকীয়া-স্থাপনের প্রমাণরূপে শ্রীম্বরূপ-রামাননাদি-ভাগবতগণের গ্রন্থরত্বের উল্লেখ. প্রীজীবপাদের পরেচ্ছা-প্রণোদনের হেড়। (১০) সাধন-ভক্তি-প্রভৃতি নিরূপণ। ইতিহাস পর্যালোচকদের গবেষণার উপযোগী কয়েকটি বিষয় ইহাতে অন্তৰ্নিহিত আছে এবং Anthology হিসাবেও ইহার কতকটা মূল্য আছে বলিয়া বিশেষজ্ঞদের ধারণা। সাধনাত্তচন্দ্রিকা---- এগোবর্দ্ধন-বাস্তব্য প্রথম সিদ্ধ বাবা এক্রিঞ-দাসজ্বি-কর্ত্ত্ব রচিত। ইহাতে শাধকোচিত অষ্টকালীন পূজাপদ্ধতি ও স্মরণ-প্রণালী সম্পুটিত হইয়াছে। ইহাতে যুগপৎ স্বারসিকী ও মন্ত্রময়ী উপাসনার ইঙ্গিত দেখা যায়। ১৭৫০ শকে রচিত। সাধ্যসাধনকোমূদী—— (পাটবাড়ী পুঁথি র ২৪), ইহাতে মধুররগে

ভক্তদশভেদ, সাধ্যবস্তু ও সাধনবস্তু

নিরূপণ করা হইয়াছে। ভক্তি-

রসামৃতসিন্ধুর আমুগত্যে গ্রন্থকার

ভক্তবিত্যা

প্রথমতঃ

নিরূপণ

রাধাক্ষ্ণমন্ত্রোপাসনায়

প্রতিপাদন

এই

করত ক্রমে ভক্তিরস বিরচন করিয়া উজ্জলের আমুগত্যে মধুররদের বিভাবাদি নিরূপণ করিয়াছেন। তিনি অবতারভেদ-নিরূপণ-প্রসঙ্গে আবার লঘুভাগবতামুতের সাহায্য লইয়াছেন। পরে আবার উচ্ছেল হইতে প্রেমাদি মাদনাখ্য মহাভাব পর্যন্ত দেখাইয়াছেন। সখীগণের ভেদ, স্বভাবাদিও প্রতিপাদন করত চতুর্থ অধ্যায়ে সাধনবস্ত-নিরূপণ-প্রসঙ্গে গুরুপাদাশ্রয়াদি বৈধী এবং রাগামুগা ভক্তি নিরূপণ করিয়াছেন। পত্রসংখ্যা---২০।

সামালুবিরুদাবলীলক্ষণ — এএী-রূপগোস্বামিপাদ-বচিত বিরুদকাবোর লক্ষণ-নির্ণায়ক গ্রন্থ। [১৭৫৬ পৃষ্ঠায় 'বিরুদকাব্য-প্রসঙ্গ' দ্রপ্টব্য]।

সারাৎসার**ভত্ত**—(হরিবোলকুটীর ১ ঙ) ২১-পত্রাত্মক সংস্কৃত পুঁথি। রচয়িতার নাম নাই, লিপিকালও নাই। পাঁচটি বিবেক (অধ্যায়) প্রথমে—গ্রীগুরু-লক্ষণ, আছে। দিতীয়ে—গ্রীকৃষ্ণতত্ত্ব, তৃতীয়ে— কৃষ্ণনাম-মাহাত্ম্য, চতুর্থে—ভক্তিতত্ত্ব এবং পঞ্চমে—বৈষ্ণবতত্ত্ব এবং শ্রীকৃষ্ণ ও তম্ভক্তি বহিমুখ-নিন্দা। এই গ্রন্থে শ্ৰীমদ্ভাগৰতাদি পুৱাণ, পঞ্চরাত্র. ব্ৰহ্মতৰ্ক, বিষ্ণুরহস্ত, উৰ্দ্ধামায়, গোতমীয়াদি তন্ত্ৰ হইতে উদ্ধৃতি দেখা যায়। প্রথম বিবেকের অন্তিমে রচয়িতার প্রমগুরুর নামোলেথ আছে—

'ইতি (ᆁ) নন্দত্বলালাখ্য-প্রভোশ্চরণপঙ্কজে। সদা তদ্দাসদাসশু ভক্তিরক্ত মমাধিকা॥' সারঙ্গরঙ্গদা— এক্রিঞ্চকর্ণামৃত-টীকা। প্রীক্ষাদ্রাস কবিবাজ গোস্থাসি-বচিত। শ্ৰীকৃষ্ণকর্ণামৃত সাহিতা-**সংস্কৃত** ভাণ্ডারে এক অলোকিক অয়ত। অত্যুজ্জন বিশুদ্ধ মাধুর্যরসে এই কাব্য গঠিত: কিন্তু গুরূপদেশ ভিন্ন এই গ্রন্থের প্রাকৃত মর্ম হাদারক্ষম হয় না: পার্মক সাধারণ সাহিত্য-বসিক ইহার পদ-লালিতো এবং কখনও বা উচ্চতম ভাবের যথাকথঞ্চিৎ স্ফুরণে ক্বতার্থস্মন্ত হইয়া এই কাব্যের ভূয়দী প্রশংসা করিতে পারেন, কিন্তু ইহার প্রকৃত রস গৃঢ় গন্তীর হাদয়-গুহায় অবস্থিত, উহা সাধারণ একেবারেই দুর্লক্য; এই জন্তই ভক্ত পাঠকগণের প্রতি শ্রীপাদ কবিরাজ রূপা কবিয়া গোস্বামী এই বসম্যী টীকার অব-তারণা করিয়াছেন। এই টীকায় (চতুর্থ পছে) গ্রন্থোক্ত শ্লোকগুলির একটি স্চী-নির্দেশ করিয়াছেন। শ্রীমৎ কবিরাজ গোস্বামির ব্যাখ্যাই এই গ্রন্থ-আস্বাদনের প্রধানতম উপায় --ইহা বিশেষজ্ঞগণ এক বাক্যে স্বীকার করিবেন ! এতদব্যতীত শ্রীচৈতম্য-চরিতামৃতে (মধ্য ২।৫৯, ৬২—৭৬) শ্রীপাদ যেখানে কর্ণামূতের শ্লোক উদ্ধার করিয়াছেন, সেখানে বঙ্গ-ভাষায় তাহার একটা চমৎকার আস্বাদন দিয়াছেন।

২ লঘুভাগবতামৃতের টিপ্পনী-বিভাভূষণ-রচিত। <u> প্রীবলদেব</u> প্রারম্ভে—ভক্ত্যাভাবেও मञ्जूष्टे. ধর্মাধাক্ষ ও বিশ্ব-নিস্তারক নামযুক্ত নিত্যানন্দাদ্বৈত্তৈ তন্ত্ৰরূপ তত্তে (সচ্চিদানসময় ও অধৈত-সম্বিত শ্রীচৈতন্তমহাপ্রভুতে) নিতাই

আমাদের মতি হউক। তৎপরে এক শ্লোকে শ্রীরূপপাদকে বন্দনা-পূর্বক প্রকৃত গ্রন্থ-ব্যাখ্যান আরম্ভ হইয়াছে। দিতীয় শ্লোকের টীকায় বিজ্ঞাভূষণ শ্রীমন মহাপ্রভুর অবতার-সপক্ষে ও বিপক্ষে বাদসম্পর্কে যুক্তিতর্কের দারা স্থয়ত ত্বা প্ৰ করিয়াছেন। ল্ঘভাগ্রতামূতের দুৰ্বোধ্য স্থলগুলি এই টিপ্পনীর সাহায্যে অনায়াসে স্থগন হয়।

সারার্থদর্শিনী—শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-ক্বতা। শ্রীমদ ভাগবতের সর্ব-নিগুঢ়ার্থ প্রকাশিকা এবং সর্বরসিক-মণ্ডলী-তোষণী এই সারার্থদর্শিনী টীকাটি ঠাকুরের প্রগাঢ় ভাষা-লালিত্য, রসভাব-মাধুর্যবত্ত্ব সমুজ্জল এবং প্রতিভা-বিশিষ্টতেরই প্রচরতর পরিচায়ক। মৌলিকতা, নব নব ভাবোন্মেষক প্রতিভা এবং ভাগবতের টীকাসমূহের মধ্যে সমূজ্জলভায়, এই টীকা বিচার-প্রিয় ও কাব্যরস-লোলুপ পাঠকমাত্রেরই প্রীতিজনক ও আনন্দ্ৰক্ষিক। দশ্য টীকাপাঠে মনে হয় যে শ্রীশ্রীশনাতন প্রভুর প্রতিভা-কিরণে অনেক স্থলেই উদ্ভাসিত ও পরিপুষ্ট। বিশ্বনাথ শ্রীপাদের ভাবমাধুর্য ও রসমাধূর্য-দোহন-প্রণালী অবলম্বনে স্বীয় টীকাকে সমুজ্জল করিবার করিতে লোভ সম্বরণ পারেন नाइ । এপর্যস্ত <u>শ্র</u>ীভাগবতের ১৩০টি **টীকা**ব সন্ধান পাওয়া গিয়াছে. আমরা যতগুলি টীকা অপ্রকাশিত) (প্রকাশিত বা দেখিবার স্থযোগ-সোভাগ্য পাইয়াছি.

তাহাতে

এই

ধারণাই

হইয়াছে যে শ্রীপাদ সনাত**নে**র বৈষ্ণবতোষণী এবং শ্রীচক্রবর্ত্তিপাদের गातार्थनर्भिने गर्ताष्ठशास्त्र नारी এই কবিকে পারে ৷ **টীক**াব মঙ্গলাচরণে সপরিকর প্রীশ্রীগৌরাঙ্গের বন্দনা ও তৎক্বপা প্রার্থনাপূর্বক তিনি যে শ্রীসনাতন, শ্রীজীব ও শ্রীধরস্বামিপাদের টীকাদি আলোচনা করত তাঁহাদের আশ্যামুসরণে এই টীকাটি লিখিতেছেন, তাহাও ব্যক্ত করিয়াছেন। প্রতি স্কন্ধে ও প্রতি অধ্যায়ের আরছে ও অন্তে তিনি মঙ্গলাচরণ ও উপসংহাররূপে শ্লোক রচনা করিয়াছেন। প্রতি অধ্যায়ারজ্ঞে টীকামধ্যে সেই অধ্যায়ের সংক্ষিপ্ত বিবরণও দেওয়া হইয়াছে। যথা— প্রারম্বে= দ্বিতীয়ে ১৷২ টীকায় ত্বভিধেয়া খ্রীভক্তিঃ প্রেমা প্রয়োজনম। বিষয়ো ভগবানত্রেত্যর্থত্রয়নিরূপণম্॥ দ্বিতীয় হইতে নবম স্কল প্রতি স্কন্ধের টীকা-প্রারম্ভে ছুইটি প্রকার শ্লোকই দুও হয়। প্রথম স্কলের উপসংহারে—'সারার্থ-দর্শিনী'-নামকরণে হেতু বলিয়াছেন— শ্রীধরস্বামিপাদ, আমার প্রভূগণ (খ্রীরূপসনাতনাদি) এবং এগুরুদেবের শ্রীমুখ হইতে শ্রুত বা ব্যাখ্যাসমূহের সার-সঙ্কলনে টীকাও 'সারার্থদর্শিনী'-নামে পরিচিত তৃতীয় হইতে একাদশ স্কন্ধ পর্যন্ত প্রতি স্কন্ধের উপ-সংহারে একটা শ্লোকে সেই সেই স্বন্ধের চীকা রচনা-সমাপ্তির ও দিন-নির্দেশ করিয়া সর্বশেষে ১৬২৬ শকাবেদ মাঘমাসে 'কগু ষ্ঠীতে এই টীকা সমাপ্তি হইল.

বলিয়াছেন। দশম স্কল্পের প্রারম্ভে এবং রাসলীলার প্রারম্ভে বভুগ্লোকে মঙ্গলাতরণ করিয়াছেন এবং 'ব্যাখা বৈষ্ণবতোষণী - প্রকটিতা' ইত্যাদি শ্লোকটিতে শ্রীসনাতনের বদননিঃস্ত ছই তিন কণা ভক্তিরস-রহ্যায়ত আস্বাদন পূৰ্বক জন্ম-সাফল্যের কথাও বলিয়াছেন। প্রসঙ্গতঃ দশম স্কলের নকাই অধ্যায়ের জন্মাদি লীলাবলীর সংক্ষিপ্ত বিভাগও প্রদ শিত হইয়াছে। * শেষ উপসংহারেও তাঁহার খ্রীগুরু গৌরাঙ্গ প্রভৃতির প্রার্থনামুখে শ্রীগোপালকে বলিতে-ছেন—'হে প্রীগোপাল। আমার এই বাক্যাবলীরূপ ধেহুসমূহকেও তুমি অদীকার করত পালন কর, স্বয়ং ইহাদের ছগ্ধরূপ তত্ত্ব পান করিয়া ভক্তগণকেও পান করাও। সারার্থবর্ষিণী — প্রীবিশ্বনাথচক্রবর্ত্তি-পাদ-প্রণীত শ্রীমদ্গীতার টীকা। গ্রীগোরাঙ্গের বন্দনাপূর্বক স্বামী যতিরাজের আমুগত্যে টীকা রচনা হইতেছে বলিয়া ইঙ্গিত দেওয়া আছে। টীকা-প্রারম্ভে গ্রন্থোদেখাদির বর্ণনা---'গাঁহার চরণ-ভজনই সকল শাস্ত্রেই একমাত্র সমূদ্দিষ্ট, স্বয়ং ভগবান, নরাক্বতি পরবন্ধ, সেই শ্রীবাম্মদেব সাক্ষাৎ গোপাল-পুরীতে অবতরণ করত প্রাপঞ্চিক লোকলোচনের গোচরীভূত ভবসমুদ্রে নিমজ্জমান জগজ্জনকে উদ্ধার পূর্বক স্বসৌন্দর্য-মাধুর্যাসাদন-দানে সীয় প্রেমসমুদ্রেই নিমজ্জিত * ১০/১/৪ টীকাপ্রারস্তে—শ্রীধরস্মিভিঃ শ্রীমৎপ্রভৃতিশ্চ স্নাতনৈ:। ঋজুবাত্যক্ত-

মুচ্ছিষ্টং ভুজিয়েংহমুপাদনে॥

করিয়াছেন। শিষ্টরক্ষা ও ছণ্টনিগ্রহ ব্রত ধারণ করিলেও তিনি ধরার ভারত্বঃখাপনোদনচ্ছলে নিজ বিদ্বেষ্টা তুষ্টগণকৈও—মহাসংসাররূপ কৰ্ত্তক গ্ৰন্তপ্ৰায় অশিষ্টগণকেও— মুক্তিদানরূপ প্রমরক্ষাই করিতেছেন; কিন্ধ নিজ অন্তর্ধানের পরে জনিয়ামান অবিগ্রানিবন্ধন শোকমোহাদি-বশীভূত জনগণেরও উদ্ধার করিবার ইচ্চায় শাস্ত্রকার-মুনিগণ-কর্ত্তক গীয়মান যশোরাশিও প্রকটন করিবার নিমিত <u> এরপ স্বেচ্ছাক্রমেই রণ-প্রার</u>ম্ভে শোকমোহে নিজ প্রিয়স্থা অর্জ্জুনকেও অভিভূত করিয়া তাঁহার কাগুত্রয়ুক্ত সর্ববেদ-তাৎপর্য-সারার্থ-মণ্ডিত মৃতিমতী অধাদশ বিভাকেই যেন ক্রোডীকৃত করিয়া অপ্টাদশ-অধ্যায়াত্মক শ্রীগীতাশাস্ত্রের প্রবর্তনে প্রম পুরুষার্থ আবির্ভাবিত করিয়া-ছেন। প্রথম ছয় অধ্যায়ে নিদ্ধাম কর্মযোগ, দ্বিতীয় ছয় ভক্তিযোগ এবং তৃতীয় ছয় অধ্যায়ে জ্ঞানযোগ বিচারিত হইয়াছে। ভক্তি-বাদকে মধাবর্তী করিবার কারণ এই যে উহা অতিরহন্ত, কর্মজ্ঞান যোগের সঞ্জীবক এবং সর্বছর্লভ। কর্ম ও জান ভক্তিরহিত হইলে বিফল হয় বলিয়া উভয়ের ভক্তি-মিশ্রণ আবশ্রক। ভক্তিও আবার প্রধানীভূতা দ্বিবিধা— কেবলা ও (গৌণী); কেবলা ভক্তি স্বতঃই পরম প্রবলা, স্বতন্ত্রভাবেই বিশুদ্ধ প্রভামণ্ডিতা; অন্তা, অহৈতুকী প্রভৃতি এই বিশুদ্ধা ভক্তিকেই লক্ষ্য করিয়া বলা হয়। প্রধানীভূতা কৰ্মজ্ঞানমিশ্ৰা—এই ভক্তি

সিদ্ধান্তই এই টীকায় পরিবাক্ত হইবে ॥' শাঙ্কর ভাষোও আনন্দগিরির টীকায় অদৈতবাদ, শ্রীধরস্বামিপাদের টীকায় ব্ৰহ্মবাদ প্ৰাধান্ত লাভ না করিলেও তাহাতে শুদ্ধাবৈতবাদের গন্ধ আছে। এীমধুস্থদন সরস্বতীর টীকাটি ভক্তিপোষক হইলেও চরম সিদ্ধান্তে কল্যাণপ্রদ নহে: শ্রীরামান্তজের ভাষ্য ভক্তিসম্মতই বটে, গ্রীমন্মহাপ্রভুর আছুগত্যে অচিন্তভেনাভেদবাদের শিক্ষা-সমুজ্জ্বল ত্ইটী টীকা আছে—শ্রীপাদ বিশ্ব-নাথের ও এল বলদেব বিভাভূষণের। গীতাভাষ্য—বিচারপর বলদেবের (দার্শনিক), কিন্তু চক্রবন্তিপাদের টীকা বিচার ও প্রীতিরসপূর্ণ এবং কাব্যবৎ সহজবোধ্য অথচ প্রচুরতর আনন্দ-দায়ক। বিচারটি সরস. ভাষাটি প্রাঞ্জল—সাধারণ পাঠকেরও তাহাতে অনায়াসে মতি-প্রবেশ হয়। সাহিত্যকোম্দী-- শ্রীবলদেব বিভা-ভূষণ-বিরচিত-বৃত্তিযুক্ত অলঙ্কারশাস্ত্র। সাহিত্য-কৌমুদী-বৃত্তি —ভরতমুনি-ক্বত স্ত্রাবলম্বনে রচিত ও কাব্য-প্রকাশ-নামক অলম্বারশান্ত্রের মূল কারিকাসমূহের বৃত্তিই—এই সাহিত্য-কৌমুনী। দশম পরিচ্ছেদের শেষে বলদেব স্পষ্টতঃই বলিয়াছেন—

মম্মটান্থ্যক্তিমাশ্রিত্য সাহিত্যকৌমুদীং। বৃত্তিং ভরত-স্ত্রাণাং শ্রীবিষ্ঠাভূষণো ব্যধাৎ॥

উপক্রমে—কারুণ্যাদ গজপতিরাশ্ত যস্ত ভেজে, নিধু তাখিলবুজিনঃ পরং প্রমোদম। চৈতকাকতিমজিতং জিতং স্বভক্তৈ,-ন্তং বন্দে মধুরিম-সাগরং মুরারিম্॥

সাহিত্যকৌমুদীর প্রথম পরিচ্ছেদে —কাব্যপ্রয়োজনাদি. তৎস্বরূপ, উত্তমাদি-কাব্যভেদ। দ্বিতীয়ে— শব্দার্থভেদ, বাচকাদির স্বরূপবিভেদ। তৃতীয়ে—অর্থব্যঞ্জকতাদি। চতুর্থে— ধ্বনিভেদ. রসস্বরূপ. রসবিশেষ. স্থায়িভাব, ব্যভিচারী, রসাভাসাদি, লক্ষ্যব্যঙ্গ্যক্রমবিভাগ। পঞ্চম— গুণীভূতব্যঙ্গাভেদ। ষষ্ঠে—শব্দার্থ-চিত্রকাব্য। সপ্তমে— দোষনিরূপণ। অষ্ট্রমে— গুণবিচার। নবমে---শব্দালন্ধার। দশ্যে—অর্থালন্ধার। একাদশে—ভরত-কর্ত্তক অহুক্ত কতিপয় শকার্থালন্ধার। এই প্রস্তের বৈশিষ্ট্য এই যে ইহাতে ভরত-সূত্র, বৃত্তি ও ভগবৎপক্ষে উদাহরণ— এই তিনটীই যুগপৎ বর্ত্তমান আছে। বৃত্তির নাম—'শ্রীকৃষ্ণানন্দিনী'।

সিতাগুণকদম—বারভালা মিথিলা গ্ৰীহ্নবীকেশ কলেজের অধ্যাপক বেদান্তশান্ত্ৰী মহাশয়-কৰ্ত্তক সম্পাদিত সিতাগণকদম্বের রচয়িতা বিষ্ণুদাসাচার্য। ইনি প্রীমন্ মাধবেন্দ্র-পুরীর (আচার্যের) তনয় (?) বলিয়া গ্রন্থয় পরিচয় দিয়াছেন। ইহাতে অনেকগুলি নৃতন তথ্য (?) আছে। অদৈতগৃহিণী সীতাদেবীর চরিত্র প্রধানভাবে আলোচ্য বিষয় হইলেও ইহাতে সিতার জন্মতারিখ. মহাপ্রভুর জন্মতারিখ, জঙ্গলী ও নিদানী (যজেশ্বর দিজ ও নন্দাল भुक्त)-नामक बङ्गलीलाय वीतावुन्ना-সখীদ্বয়ের সাধনবলে স্ত্রীত্বলাভ ইত্যাদি বিষয়ও সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থানি পয়ার ও ত্রিপদী ছন্দে লিখিত, ভাষাও সরল; কিন্তু তুঃখের বিষয় মুদ্রিত গ্রন্থানি কেন যে শাস্ত্রীমহাশয় এতগুলি লিপিকর-প্রমাদসহ মুদ্রিত করিলেন, তাহা বুঝিতে পারি না। এই গ্রন্থ বিদগ্ধমাধবের পরে রচিত, কেন না গ্রন্থকার বিদগ্ধমাধবের অনেক শ্লোক ইহাতে উদ্ধার করিয়াছেন। সম্পাদকের মতে ইহা তিনশত বর্ষ পূর্বে রচিত (१)। এই গ্রন্থ নাতিপ্রামাণিক বলিয়া বিমানবাব তাঁহার ঐচৈতন্তচরিতের উপাদান ৪৮০—৪৮৩ পৃষ্ঠায় সপ্রমাণ করিয়াছেন। বিশেষ কথা এই যে ইহাতে ঈশানের তিন পুত্রের উল্লেখ আছে (৯৫ পৃষ্ঠা) অথচ রচনারম্ভ-কাল হইতেছে ১৪৪৩ শকান্দ (১০৫ পুষ্ঠা) যাহা কোনও প্রকারেই সম্ভবপর নহে |

সিদ্ধনাম—(হরিবোলকুটীর ৪৩) ৪-পত্ৰাত্মক পুঁথি। ঐক্তিফদাস কবিরাজ গোস্বামিতে আরোপিত পরার গ্রন্থ। এীগৌরাঙ্গ অবতারের পার্ষদগণের পূর্বসিদ্ধ নাম-প্রকাশেই ইচার তাৎপর্য।

সিদ্ধান্তচক্রিকা — 'গ্রীরামচন্দ্রদাস'-নামান্ধিত 'সিদ্ধান্তচন্দ্রিকা'র একখানা পুঁথি পাইয়াছি। ইনি কোন্ 'রামচন্দ্র' বুঝিবার উপায় নাই। ইহাতে পাঁচটি প্রসঙ্গ আছে— িপ্রথম প্রসঙ্গের কোনও উল্লেখ নাই (?)] প্রথম ও দ্বিতীয় প্রসঙ্গে — ছুৰ্লভামূত (?) ও প্ৰছাবলী (৩>২ ক, খ, গ, ঢাকা বিশ্ববিভালয়

সংস্করণ) গ্রন্থে নিত্যলীলা বলিতে

প্রকট ও অপ্রকটলীলার ইন্ধিত

বুঝাইতেছে। কিন্তু **সন্দেহ—'**ব্ৰজভূমি

চাডি কুষ্ণ কোথাছ না যায়। রাধিকার মাথুর দশা কৈছে তবে হয় ?' এই সন্দেহের নির্দন-প্রসঙ্গে শ্রীরাধার ভাবের পর্ম কাষ্ঠা প্রতি-পাদন এবং প্রসঙ্গতঃ সঙ্গীর্ণাদি চতুর্বিধ সম্ভোগ-বিবরণ। ব্রজভূমি-অত্যাগের আর একটি কারণ উদ্ধব-সন্দেহ: মথুরার অট্টালিকায় আরোহণ করত শ্রীকৃষ্ণের বনশোভাদর্শনে শ্রীকুমাবনের छेषीयन এवः वृन्तावटन यगूना, त्राय, গোপী, পশুপক্ষী, বুক্ষলতাদির পর্যন্ত শ্রীকৃষ্ণ-বিয়োগবিধুরতাখ্যাপন করত উদ্ধবকে বুদাবনে প্রেরণ, কিন্তু আশ্চর্যের ব্যাপার এই যে যমুনা হইতে আরম্ভ করিয়া সর্বত্রই মহানন্দের ছবি দর্শন-পূর্বক উদ্ধবের মনে সন্দেহ হইল এই যে শ্রীকৃষ্ণগত-প্রাণ এই ব্রজবাসিদের মহানন্দ হয় কিরপে প্তাহার সমাধান এই— 'নিশ্চয় জানিল রুষ্ণ আছে বুন্দাবনে।' তবে মাথুর দশা কেন? 'পূর্বে যে कश्लि गाथुत्रमभात विकात। छेकी शन বিনা দশা নাহয় তাহার ॥' অর্থাৎ ব্রহ্মবাসিগণ কৃষ্ণ লইয়া বিভারই থাকেন, কিন্তু মাথুর-বিরহের কোনও উদ্দীপন দেখিয়াই প্রেমপরাকাণ্ঠা-নিবন্ধন কল্লিত কুঞ্চ-বিরহ ভোগ করেন। 'পুন উদ্ধবের রথ ব্রজেতে দেখিয়া। পূর্ববৎ দশা হৈল ভদ্রাপ হইয়া॥' ইহা হইল গৌণ সিদ্ধান্ত; মুখ্য সিদ্ধান্ত বলিতেছেন—'মথুরার ছলে कृष्ण नीना-मरमाপन । পরিবার সহ কৈল এই বুন্দাবনে। প্রীচৈতন্ত-চরিতামৃতে—'রসিকশেখর ক্লফ পরম করণ। এই ছ্ই হেতু তাঁর ইচ্ছার উদ্গম।' (>) ইহাতে বুঝিয়ে পূর্বে

আস্বাদন ছিলা। প্রকট হইয়া ব্যক্ত আস্বাদ করিলা॥ অর্থাৎ রসিকশেখর রসাম্বাদনলোলুপ হইয়া প্রকটলীলায় অবতীর্ণ হইয়া অশেষবিশেষে নিজ কার্যসিদ্ধি করত লীলাসঙ্গোপন করিয়াছেন। দ্বিতীয় হেতু—তাঁহার পরমকারুণ্য, ঐশ্বর্যরহিত শুদ্ধ মাধুর্য-नीम প্রকট করত वानाफि কৈশোরাস্ত যাবভীয় রুমাম্বাদনদার' অমুগৃহীত ভক্তবুন্দকে করা ৷ অনাদির আদি হইয়াও প্রপঞ্চে নিতাবিহারী হইয়াও অচিত্যপ্রভাবে নিতাকিশোৱেও বাল্যাদি লীলামূভব হয়। 'পুন যুগে যুগে বালানা হয় তাহার। কিন্তু পূর্বে একবুগে সেই नौनामकात् ॥' श्रमान—'शृद्वं बद्ध कृरकृत जिनिध नरबाधर्य'। त्कोमात. পোগও. কৈশোর-লীলা অতিমর্ম॥' (চরিতামূত আদি ৪।১১২)।

তৃতীয় প্রবেদ্ধ—গোলোক বৃন্দাবনে ভেদ নাই বলিয়া শাস্ত্রের নির্দেশ থাকিলেও উপাসনাক্রমে ভেদ আছে। লঘুভাগবতামূতে ব্রজ, মধুপুরী, হারাবতী ও গোলোক—এই চারি ধাম নির্ণীত—অতএব গোলোক বৃন্দাবনের অন্তর্গত। 'গোলোক বৃন্দাবনে আছয়ে স্বদা।'

চতুর্থে—ক্ষেচ্ছায় ব্রহ্মাণ্ডে প্রকাশিত বৃন্দাবনে প্রপঞ্চ দর্শন হইলেও তাহাতে প্রপঞ্চম্পর্শ নাই। দিব্য ও ভৌম বৃন্দাবনে কৌনই ভেদ নাই।

পঞ্চমে—বুন্দাবন ত্যাগ করিয়া রুষ্ণ যদি কোথাও না যান, তবে নদীয়ায় শচীনন্দনরূপে অবতার হইলেন কি প্রকারে ? তিন বাঞ্ছার
অপৃত্তি হেড় প্রীক্ষের চিতে ক্ষোভ।
ছইরূপে ক্ষৃত্তি—স্বয়ংরূপ (গোপমৃত্তি)
স্বয়ংপ্রকাশ (হৈতক্সগোসাঞি)।
ছই মৃত্তিতে ভেদ নাই। [বঙ্গীয়সাহিত্যপরিষদে একথানা পুঁথি
(১৬৫৭ নং) আছে। পাটবাড়ী
পুঁথি—বি ১৮৪]।

সিদ্ধান্তচক্রোদয়— - প্রীমুকুনদাস গোস্বামিতে আরোপিত এই গ্রন্থে অর্টাদশ প্রকরণ আছে। ইহাতে গ্রীগৌরকৃষ্ণতন্ত্র, নিতালীলা. রাগভক্তি, নামমাহাত্মা ও বৈফ্বাচার প্রভৃতি আলোচিত হইয়াছে। এই গ্রন্থ যদি শ্রীমুকুদ্দদাস গোস্বামিরই হয়, তবে নিয়লিখিত অংশকে প্রাক্তির বলিতেই হইবে, ১০০—১২০ পূষ্ঠা পর্যন্ত যে পরকীয়া নায়িকাসঙ্গে ভজনপ্রসার-সম্বন্ধে ইঙ্গিত দেওয়া আছে, তাহা কবিরাজ গোস্বামি-পাদের শিঘা-সঙ্গত বাকাই নছে। ১০৮ পৃষ্ঠার 'নিজভাবে রুফ্কভাব'টি কিন্তু ২২৩ পৃষ্ঠায় 'আপনাকে সেব্য-জ্ঞান না পারে মেবিতে' ইত্যাদি চারি পংক্তির সহিত একবাক্যতা করিয়া পাঠ করিলে স্বগ্রন্থেই বিরোধ হইতেছে। উপসংহারে গ্রন্থের সক্তলয়িতা জানাইতেছেন যে ডিনি ছুইখানা পুঁথিতে ৬ গ্র প্রকরণ পর্যন্তই পাইয়াছিলেন এবং তৎপরের আর একথানি পুঁথিতে অষ্টাদশ পর্যন্ত পাওয়া গিয়াছে। ষষ্ঠ পূরণেই যখন অধিকাংশ উপাসনা-সিদ্ধান্ত পাওয়া যাইতেছে এবং ইহাতেই গ্রন্থ-পর্যাপ্তি দেখা যাইতেছে, তখন এই অংশই মূল এবং তৎপরবর্তী অধ্যায়গুলি

প্রক্ষিপ্ত বা পরবর্তী কালে কোনও মৎসর ব্যক্তির সংযোজনা মনে হয়। বরাহনগর পাটবাড়ী পুঁথি (বি ১৮৫) ও ঢাকা বিশ্ববিভালয় গ্রন্থাগারে ইহার একখানি পুঁথি আছে (৩৫৯-এ নং ; ২৪ পত্রাত্মক)। এই গ্রন্থের অপ্তম প্রকরণে ৬১টি পদ আছে। গোবিন্দদাস, বিভাপতি, খামানন্দ, তরুণীরমণ, জগরাথদাস, লোচন, জ্ঞানদাস এরং শেখর রায় প্রভৃতি বিরচিত পদাবলির মধ্যে তরুণীরমণেরই ৪৩টি পদ ইহাতে উদ্ধৃত হইয়াছে। এই গ্রন্থে তক্ষণী-রমণ-ভণিতায় ৬টি পদ ক্ষভাষায় এবং ৩৭টি ব্ৰজবুলিতে পাওয়া যাইতেছে। পদকল্পতকৃতে ৩৫৪ সংখ্যক গীতটি ইঁহার রচিত বলিয়া লিখিত আছে। ডাঃ স্থুকুমার সেন কলিকাতা বিশ্ববিভালয়ের 'রত্বদার' নামক (১১১১ নং) পুঁথিতে দেখিয়াছেন—'ইহা জানি চণ্ডীদাস-তরুণীরমণ। গীতছকে গাহিলেন প্ৰীতি সে ধন॥' কাজেই তিনি অনুমান করেন যে তরুণীরমণ চণ্ডীদাস-ভণিতা দিয়াও বাঙ্গালাপদ রচনা করিয়াছেন।

বিপরীত বিলাসের পদ—ভূতলে ত্মতলি মেঘের কোড়া। উপরে কামিনী দামিনী মোড়া॥ ঘনের উপরে শিখির নাচ। অরুণতা রুক তমিছে কাছ ি । টাদ কমলে সঘনে মেলি। শ্রমর চকোর করয়ে কেলি॥ উলটা স্থমের ফণির মুখে। কখন চাপয়ে মেঘের বুকে॥ একি অপরপে রসের কথা। তরুণীরমণে कानित्व (कार्था॥ [। । ८৯]।

সিদ্ধান্তচি ন্তামণি— গ্রীকৃষ্ণদার্বভৌম-রচিত ক্রায়-প্রকরণ। প্রথম ছয় পত্র পাওয়া গিয়াছে। প্রাপ্ত পুঁথিতে ত্বইটি পরিচ্ছেদ—প্রত্যক্ষ দীধিতি অমুমানদীধিতি। প্রতি-প্রীয়শোদানন্দন পরিচ্ছেদারত্তে শ্রীক্ষের বন্দনা আছে। ইঁহার স্প্রসিদ্ধ পদান্ধদূতের ভায় এই সিন্ধান্তচিন্তামণিও রঘুরাম পৃষ্ঠপোষকতায় রচিত হইয়াছিল। (বঙ্গে নব্যন্তায়চর্চা ১৯৮—১৯৯ পৃষ্ঠা) সিদ্ধান্তদর্পণ-শ্রীমদ্বলদেব বিভা-ভূষণ-কৃত খেদাস্ত-প্রকরণগ্রন্থ। ইহাতে গাতটি প্রভা (অধ্যায়) আছে। প্রথম প্রভায় বেদের অপৌরুষেয়ত্ব প্রতিপাদন পূর্বক সাংখ্যবৌদ্ধাদির মত-নির্সন এবং বেদাদির সর্বত্র পূজামানতা প্রদর্শিত হইয়াছে। দ্বিতীয়ে—শ্ৰীব্যাসকৰ্ত্বক প্ৰকটিত ইতিহাস পুরাণাদিরও অপৌক্ষেয়তা স্থাপিত হইয়াছে। তৃতীয় হইতে সপ্তম প্রভায় প্রীমদভাগবতের বিরুদ্ধে অন্তান্ত পুরাণে বা তার্কিকগণের যত প্রকার ত্বরুক্তি আছে—তাহাদের উট্টম্বন পূর্বক সরল ভাষায় স্থ্রোকারে খণ্ডন করিয়া শ্রীমদ্ভাগবতেরই সর্ব-প্রমাণচ্ডামণিত্ব ও শীহরিপারতম্য স্থাপিত হইয়াছে। টীকাকার শ্রীমরন্দ মিশ্র মহাশয়ও স্বগুরু শ্রীবলদেবের অভিপ্রেত সংশ্বিপ্ত বস্তুটির সম্যক প্রকারে বিস্তারিত করিয়া সবিশেষ কৃতিত্বের পরিচয় দিয়াছেন। সিদ্ধান্তরত্ন- শ্রীমদ্বলদেব বিভাভূষণ-বেদান্তের প্রকরণ-গ্রন্থ। [ভাষাপীঠক দেখুন] টীকাটিও ইঁহারই রচিত।

সীতাচরিত্র-খ্রীলোকনাথ দাস-কর্ত্তক রচিত শ্রীঅদৈতভার্যা সীতাদেবীর **की**वनी-मःकाल हरेल ७ গ্রীসীতা-চরিত্রে শ্রীশচীমাতার পরিচারক ঈশান এবং সীতা দেবীর ও নন্দিনী জঙ্গলী-নামিকা শিষ্যাদ্বয়ের ইতিবৃত্ত ও মহিমা বিশেষভাবে বণিত হই-য়াছে। নন্দিনী ও জঙ্গলী পুরুষ হইয়াও সাধনার প্রভাবে স্ত্রীত্বপ্রাপ্তি করিয়া বা স্ত্রীবেশ ধারণ পূর্বক যে ভজন করিতেন—এই গ্রন্থে ইহা প্রতিপাদিত হইয়াছে। প্রামাণিক চরিত গ্রন্থের সহিত বিরোধ হওয়ায় এই গ্রন্থ ঐতিহাসিকদের নিকট অনাদৃত, থেহেতু ইহাতে চৈত্ত্য-চরিতামতের নাম, শ্লোকোদ্ধার ও কবিরাজ গোস্বামির নাম আছে। এইশ্লোকে শ্রীলোকনাথ গোস্বামী বলিতেছেন—তবে গুরু-গায়ত্রী দশবার। শ্রীপাদ-পদ্ম জপিয়া পূজিবে বিবিধ প্রকার। তবে বিশ্বজ্ঞর থাান করিছ মানসে। শ্রীচৈতগ্রগায়ত্রী জপিহ বার দশে॥' সীতাশতক—অনূপনারায়ণ শিরোমণি-রচিত, শ্রীজানকী-সম্বন্ধে লিখিত শতক কাব্য (কাশী গ্ৰৰ্ণমেণ্ট সংস্কৃতকলেজের পুঁথি প্রা—৩৩)। উপসংহারে—

তর্কালম্বতি - পণ্ডিতেদ্রপদবী -মাসাদিতো দৈবতো, যো বর্ষান্তর-নায়কৈরপি গতে। বিভাবহাত্র্গিরা। কাশীনাথ-বিচক্ষণশু সদসি স্থিতা-করোচ্ছ্যীমতঃ,- শ্রীসীতাশতকাভিধা-মৃতকৃত্যানূপনারায়ণঃ॥

এন্থলের 'বর্ষান্তর-নায়ক'-পদে Political Resident Duncan সাহেবই লক্ষ্য, তিনি Lord Cornwallis সময়ে (১৭৮৬—১৭৯৩ খৃঃ) এদেশে ছিলেন এবং তাঁহার উত্যোগে কাশীর সংস্কৃত কলেজ স্থাপিত হয়। সর্বশাস্ত্রগুরু তর্কালস্কার পণ্ডিতেন্দ্র বিভাবাহাত্বর উপাধিধারী কাশীনাথ ১৭৯১—১৮০১ পর্যন্ত কলেজের Principal, Director বা Rector ছিলেন। অনুপনারায়ণ কাশীনাথের সভাসদ্ বলিয়া উল্লেখ করায় তিনি কাশীনাথের সমসাময়িক। এই গ্রন্থের রচনা কাল ১৮৬২ সম্বৎ (১৮০৬ খৃঃ)।
স্থখবোধনী——শ্রীগোপালতাপনীর

স্থববোধনা—-- শ্রাগোপাল্ভাপনার টীকা—গ্রীজীবগোপামি-রচিতা।

স্থেবর্ত্তনী-মানন্দরন্দাবনচম্পুর টীকা শ্রীচক্রবর্ত্তিপাদ কুতা। এই টীকার প্রারম্ভে বলিতেছেন—'হে বংগ! নিজ জিহ্বা দারাপুনঃ পুনঃ আস্বাদন পূর্বক দেবগণহুর্লভ বস্তুটিকে তুমি সংকাব্যরূপে পরিণত করত ভাবি ভগবজ্জনমণ্ডলীকে দান করিবে। এই আজা দিয়াই যেন বালক কর্ণ-যিনি নিজের পুরের বদনমধ্যে শ্রীচরণাঙ্গুষ্ঠায়ত দান করিয়াছেন— সেই প্রীচৈতক্তচন্দ্র আমাদের গতি হউন !!' উপসংহারেও বলিতেছেন — 'সাধুগণ সর্বনা সকলেরই সাধু চেষ্টার মজলারভের সমাদর করেন: আমি তাঁহাদের প্রীপাদপলে সর্বক্ষণ মস্তক অবনত রাখিয়াছি এবং নিজের কাৰ্যে লজ্জিতই আছি। এই টীকাটি কি এক ক্ষণের জগুও তাঁহাদের দর্শনাবসর লাভ করিবে না ? আশা করি-বুদ্ধিমান্ জন-গণের অভিমতা সংশুদ্ধি লাভ করিয়া

টীকা শোভাসম্পন্ন **হই**বে।' এই তৎপরবর্তী শ্লোকেও সাধুজন-সমা-শ্রমেরই কথা বলিয়া সমাপ্তি করিয়া-এই টীকার সাহায্য ব্যতিরেকে মূল গ্রন্থের স্বারস্থ-গ্রহণ কষ্টসাধ্যই বটে। খ্রীকবি-কর্ণপূরপাদ আনন্দবৃন্দাবনে মানবোচিত অথচ অভিমৰ্ত্ত্য লীলা-কদম পরিবেষণ করিয়াছেন, তাহার নিগৃঢ় তাৎপর্য ও মাধুর্য শ্রীচক্রবর্ত্তি-চরণই সকলের সমক্ষে ধরাইয়া দিয়াছেন—এই টীকাতে। পূতনাবধ (৩)৫ কারিকা) এবং জ্রুণলীলায় (৫)১ কারিকা) প্রভৃতিতে শ্রী-বিশ্বনাথের পরিবেষণ-দক্ষতা স্থধী-গণের দ্রপ্রতা, আস্বান্ত ও সমাদরণীয়। টীকার রচনাকাল নির্দিষ্ট না হইলেও 'রাধাকুগুবাস-কালে' নির্মাণ হইয়াছে বলায় ইহা যে সপ্তদশ শক-শতাকীর প্রথমে রচিত হইয়াছে, ইহাতে সন্দেহ নাই। স্থবোধিনী-গীভার চীকা; রচনা করেন—শ্রীশ্রীধরস্বামী। ২ ঐচৈতগ্ৰদাস-কৃত শ্রীক্লম্বঃ-

২ প্রীচৈতন্তদাস-কত প্রীক্ষণবর্ণামৃত-টীকা। ডাঃ স্থানীলকুমার
দে-সম্পাদিত সংস্করণে প্রকাশিত
হইয়াছে। এই চৈতন্তদাসের সম্বন্ধে
কোনই সন্ধান পাওয়া যায় ন।।
তবে এই টীকার উপসংহারে
'প্রীগোবিন্দ-পাদদেবা-প্রভাবাছদিতা
স্বয়ং' এই উক্তি-বলে অন্থমান
করা যায় যে ইনি প্রীগোবিন্দের
পুজারি ছিলেন। যদি এই অনুমান

ঠিকই হয়, তবে একথাও বলা চলে

যে ইনিই শ্রীচৈতভাচরিতামত-লিখনে

অমুমোদনকারী वृन्सायनवामी विक्वय-

দের অন্ততম এবং শ্রীভূগর্ভ গোস্বামি-পাদের শিষ্ম (চৈ° চ° আদি ৮।৬৯) করিরাজ গোস্বামী এই টীকার गाहाया वहेबाएइन-हेहा हिश्रनीत আকারে রচিত, সংক্ষেপ; রসশাস্ত্রে বা সিদ্ধান্ত-বিষয়ে প্রগাঢ় আলোচনা ইহাতে না থাকিলেও ইহা সরল শ্রীগোপালভট্ট-ক্বত ও প্রাঞ্জন। টীকা হইতে আকারে ও বস্তবৈভবে ন্যন। পূজারি গোস্বামিক্বত 'বাল-বোধিনী'-নামী গীতগোবিনের টীকায় উপসংহারে এই টীকার উপসংহারবৎ—-'শ্রীগোবিন্দপদসেবা-প্রভাবাছদিতা স্বয়ং। চৈত্রস্পাদতো (চৈত্তমাদেন) বালবোধিনী স্থাৎ গতাং মুদে' আছে॥ J. Eggeling গীতগোবিদের টীকাকে শ্রীচৈতগুদাস-বিরচিত বলিয়াই মত দিয়াছেন। বালবোধিনীতে **উ**ष्ड्वननीनग्रि হইতেও উদ্ধার করিয়াছেন বলিয়া টীকাকার ১৫৪১ খৃঃ পূর্বে এই টীকা র5না করেন নাই জানা গে**ল।** কেহ কেহ বলেন শ্রীসেন শিবানন্দের পুত্র প্রীচৈতগুদাসই এই টীকাকার। ৩ অলম্বার-কৌস্তভের টীকা— শ্রীবিশ্বনাথ চক্রবর্তির, কেহ কেহ বলেন ইহা ক্ষণেব সাৰ্বভৌম-কৃত। আরম্ভ:—'অদৈতপ্রকটীক্বতো নর-হরিপ্রেষ্ঠ:' ইত্যাদি প্রসিদ্ধ শ্লোক।

কোনও কোন পুঁথির উপসংহারে—

সৈদাবাদ - নিবাসি - গ্রীবিশ্বনাথ
শর্মণা। চক্রবর্তীতি নাম্নেয়ং কৃতা

টীকা স্থবোধিনী॥

ইহাতে অলম্বারকোস্তভের দশটি কিরণেরই টীকা আছে। রচনাকাল দেওয়া নাই। **স্থমঙ্গলস্তোত্ত ——** বিল্বমঙ্গল-কৃত স্তোত্তকবিত্ত।

স্থুরতকথামৃত—(আর্যাশতক) শ্রী-মদ্বিশ্বনাথ চক্রবন্তি-বিরচিত। প্রীপাদ শ্রীরাপগোস্বামি-ক্লত উৎকলিক!-বল্লরীর ৫২তম শ্লোকটিকেই মাত্র নিভৃত-নিকুঞ্জ-উপজীব্য করত রসরহস্ত-পরিপূরিত এই অবতারণা। গ্রন্থকর্ত্তা এই শ্লোকে উট্টক্ষিত রুসুসাগরে নিমজ্জিত হইয়া গোপীভাব-বিভাবিত চিত্তে শ্রীষগলকিশোরের যে মহারসময় **স্থরতসংলাপস্থা** <u>শ্রীগুরুরপালর</u> অপার্থিব শ্রুতিপুটে পান করিয়াছেন —তাহাই শত শ্লোকে বিনাইয়া বিনাইয়া গাহিয়াছেন। শ্রীরাধামাধব নীরব নিঝুম নিশীথে নিভূত निकुञ्जनिलास निजाकूनिहास নির্ন্তকুত্ম-শ্যায় ত্থশ্যন করিয়া কোথাও ইঙ্গিতে, কোথাও বা অর্দ্ধ অর্দ্ধ উচ্চারিত বাণীতে পরম্পর রুগোলার করিতেছেন। ইহাই এই গ্রন্থরভের প্রতিপাগ্র বস্তু। সাধারণতঃ রুসোদগার বলিতে রসগ্রন্থে বা পদাবলীতে দেখা যায় যে সখীজন-সবিধে বা একাকী নিজমনে প্রীরাধা বা প্রীশ্রাম প্রিয়তম বা প্রিয়তমার বিষয়ে রসোদগার করেন: এম্বলে গ্রীকৃষ্ণ ও শ্রীরাধাই কিন্ত স্বয়ং পরস্পর রসোদ্গার করিতেছেন, অথচ এই সংলাপ-কালেই বর্ণনীয় বস্তুর রুসাতিরেক-সহকৃত অবিশ্রান্ত সম্ভোগ বা অভিনয় চলিতেছে। ব্রজরদলোলুপ সাধকের মানস-পটে যে কি এক অমৃতময়

মধুর রদ-প্রস্রবণের স্ষ্টি হয়, তাহার

সাধ্যাতীত। বৰ্ণনা বস্ত্বতঃ শ্রীচক্রবন্তিপাদ যেরূপ একটিমাত্র **सारक्रे** क्सीजृठ আস্বাদন-মুখে বহু নিগৃঢ় রস-প্রসঙ্গের অবতারণা করিয়াছেন—তদ্রপ এই প্রতি স্থ্যতকথামুতেরও প্রতি ছত্র ও প্রতি বাকাই. অতুলনীয় ও আসাদনীয় রস-প্রবাহ দান করিবে। শ্রীরূপের কাব্যামৃতলোভী ভক্তবৃন্দ ইহাতেও তজাতীয় আস্বাদনা, উন্নাদনা ও সর্মতা পাইবেন। ১৬০০ শাকে জৈাষ্ঠমালে ইহার রচনা হইয়াছে। স্ববর্ণ চম্বক —শ্রীকৃষ্ণকর্ণামূতের উপর পাপযল্লয়-রচিত টীকা। সূত্রমালিকা — এজীবপাদ-বিগ্রস্ত হরিনামায়ত ব্যাকরণের হত্রসমষ্টি। সূত্রসার—শ্রীশ্রীঅদৈত প্রভুর পিতা <u> একুবেরোপাধ্যায়</u> বা তর্কপঞ্চাননে আরোপিত বাাকরণ— স্থানীয় বিভার্থীগণকে শিক্ষা দেওয়ার जहेंग्र জন্ম কাতন্ত্রের সারাংশ বর্দ্ধমান-কৃত স্ত্রসার-প্রক্রিয়ার আদর্শামুসারে রচিত ব্যাকরণ দর্শনের ইতিহাস প্রথম খণ্ড] সৃক্ষাত্মা বৃত্তি-ব্রহ্মত্ত্রের রচনা করেন – শ্রীরামনারায়ণ (চক্রভাগা)। ইনি শ্রীরাধারমণ-সেবায়েত শ্রীগোপীনাথ পূজারির কনিষ্ঠ ভ্রাতা গ্রীদামোদর প্রত্র ত্রীহরিনাথের শিঘা। বুত্তির কেবলা দৈতবাদ-খণ্ডন আছে। 'ব্ৰহ্ম' শব্দে ইনি বিষ্ণুকেই লক্ষ্য করিয়াছেন, কুত্রাপি কুফ্যবোধকও বলিয়াছেন। জীবের সহিত বিষ্ণুর ভেদাভেদ-সম্বন্ধ

(৩।২।২৭—৩০)। এইমতে বিষ্ণুর অংশবৎ অংশই জীব, মুখ্য অংশ অসন্তব-এই কারণে জীব স্বরূপতঃ অভিন্ন হইলেও ঔপাধিক ভেদহেতু অংশই জীব (২।৩।৪৪)। মতে জীব-বিভু, জ্ঞানস্বরূপ ও বিফাল্লক (২০০৩); আবার বলিয়াছেন জীব—বিফু হইতে অভিন্ন, ভেদ--ঔপাধিক (২।১।২৩)। জগৎ – কারণ হইতে অভিন্ন, কার্য-বাচারজণমাত্র, কারণেরই সভাতা (২।১।১৪)। এই মতটি গোড়ীয় বৈঞ্চব-সিদ্ধান্তের প্রতিকূল। **সুক্ষা**— শ্রীগোবিন্দভায্যের স্বকৃত টীকা; প্রথমতঃ শ্রীশ্রামস্থদর, শ্রীকৃষ্ণ-চৈত্ত্য, প্রীব্যাস, প্রীরূপসনাতন, শ্রীজীব প্রভু, পুনরায় শ্রীচৈততা মহা-প্রভুকে বন্দনাদি করত শ্রীআনন্দ-তীর্থের আশীর্বাদ প্রার্থনাপূর্বক গুরু-পরম্পরা-কীর্ত্তন করিয়াছেন। এই টীকারচনার আশয়--'আল্ভাদপ্রবৃত্তিঃ স্থাৎ পুংসাং যদ গ্রন্থবিস্তরে। গোবিশ-ভাষ্যে সংক্ষিপ্তা টিপ্পনী ক্রিয়তেইত্র ইত্যাদি, উপসংহারেও শ্রীগোবিন্দের বন্দনাপূর্বক শ্রীগোবিন্দ-ভাষ্য-পাঠের জন্ম অনুরোধ ও তৎপরে গোড়েন্দুর বন্দনা করত 'সুক্ষা' টীকা সমাপ্ত হইয়াছে। Oriental Library তে একখানা হন্দা টীকার পুঁথি আছে।

২ তদ্রচিত সিদ্ধান্তরত্বের টীকার

স্তবমালা—শ্রীরসামৃতকার শ্রীশ্রীরূপ-

গোস্বামিপাদকর্ত্ত্ব বিরচিত বহু স্তব

ইতস্ততঃ বিক্ষিপ্ত অবস্থায় ছিল.

নামও--'স্পা।

খ্রীজীবপ্রাষ্ট্র তাঁহাদিগকে একত্র করিয়া / (৫) কুন্দদর্শন

মালার আকারে গুল্ফনপূর্বক স্তব-মালা নাম দিয়াছেন। প্রথমতঃ প্রীতৈ তথ্যাইক তিনটি, প্রীক্তম্ভের ১৫টি,

প্রীরাধার ৬টা, প্রীষ্ণলকিশোরের ৪টি, প্রীগোবিন্দবিরুদাবলী, অপ্তাদশ-

ছদঃ (নশোৎসবাদি কংসবধাস্ত-লীলা), প্রীগোবর্দ্ধনোদ্ধার, পুনর্বস্ত্র-

হরণ, প্রীরাসক্রীড়া, স্বয়মুৎপ্রেক্ষিত-লীলা, খণ্ডিতা, প্রীললিতোক্ত তোটকাষ্ট্রক, চক্রবন্ধাদি চিত্রকাব্য, গীতাবলি (সংখ্যা ৪২, রাগ-সংখ্যা

भारतीय (गरवा) ४२, प्राम-गरवा)
२२; नत्या९मव, वमस्यभिक्षी, त्मान
७ ताम; जन्मतथा प्रहेनांत्रिका),

লীলাইক, যমুনাইক, মথুরাইক, গোবর্দ্ধনাইক ছইটি, প্রীরুন্দাবনাইক, এবং প্রীকৃষ্ণনামাইক। উৎক্লিকা-

বল্লধীর শেষে রচনার তারিখ দেওয়া

আছে—১৪৭১ শকাকা। শ্লোক সমষ্টি ৭•৩, গ্রীঞীবকৃত শ্লোক ৮,

বিরুব ৭৬, গীত ৪২।
ছনেদাবৈশিষ্ট্য—এই শুবমালায়
ছন্দোইষ্টাদশকে উদাহত ছন্দঃসমূহের

জনশ: নাম—(>) গুচ্ছক, (৩) কোরক, (৩) অনুক্ল, (৪) প্রফুল্লকুম্বমালী, (৫) অশোক-

প্রফুলকুম্বালা, (৫) অশোক-পুপ্রমঞ্জরী, (৬) কলগীত, (৭) অনঙ্গণেখর, (৮) দিপদিকা, (৯) হারিহরিণ, (১০) ইন্দিরা, (১১)

হারিহরিণ, (১০) ইন্দিরা, (১১) মন্তমাতঙ্গলীলাকর, (১২) মুগ্ধ-মোরত, (১০) সংফুল, (১৪)

(১৬) মুখদেব, (১৭) গুচ্ছকভেদ, (১৮) ভূঙ্গার। এতদ্ব্যতীত (১)

ললিতভূঙ্গ, (১৫) কাস্তিডম্বর

অমলকমলরুচি, (২) অম্বর, (৩) উত্তদ্বিদ্যুৎ, (৪) করুণাপরিমল, (८) कूमनमन, (७) नमकूनहम्म,

(৭) নন্দরাজ, (৮) পদ্মগদলন, (৯) পিছে, (১০) পুরুষোত্তম, (১১) প্রপদ্মনন্দন, (১২) বল্লব-

লীলা, (১৩) ভাবিনী, (১৪) মদনরসঙ্গত, (১৫) বীরবর, (১৬)

শম্পা, (১৭) সংনীত, (১৮) শঞ্জা, (১৯) সম্পদক্ষনক, (২০)

সরসিক্ষ্লোচনা, (২১) স্থজন-কলিত, (২২) সৌরভগঞ্জিত এবং

কালত, (২২) গোরভগাঞ্জত এবং
(২৩) গৌরীতট্টর প্রভৃতি শ্রীরূপপাদকর্ত্তক উদ্ভাবিত বিবিধ্ছন্দঃ.

মন্তান্ত ছন্দোগ্রন্থসমূহে ছন্দ:কতিপন্নের নামান্তর, আকর-গ্রন্থের
সমূল্লেথ এবং পগ্রন্থাননির্দেশদি

শ্রীশ্রীগৌড়ীয় - গৌরব - গ্রন্থগুটিকায় প্রকাশিত সংস্করণে [২/০ হইতে ২॥/০] দ্রষ্টবা। গীতাবলিতেও বারটি বিভিন্ন রাগ স্থচিত হইয়াছে।

এই স্তবমালা শ্রীরূপপাদের একাধারে অসাধারণ ছন্দোবিত্ত, কাব্যকুশলতা

ও সঙ্গীতবিত্যাপারদর্শিতা স্থচনা করিতেছে। আশ্চর্যের বিষয় এই যে 'চক্রবন্ধ' কবিজের উদাহরণে

কণিকা অক্ষর ছইতে বহিশ্জে-

পক্ষন্থিত সপ্তম ও চতুর্থ বর্ণসমূহ ক্রমশঃ মিলিয়া 'কৃষ্ণস্ততিরদৌ রূপ-বিরচিত' এইভাবে কবির নামও স্চিত ইইয়াছে। চিত্রবন্ধসমূহের

র5না প্রণালীও উক্ত সংস্করণে আকর এন্থের প্রমাণসহ উদ্ধৃত হইয়াছে *। গীতাবলির সমস্ত গীত মাত্রাবৃত্তে রচিত হইলেও ২নং গীতটি 'বিপ্রবৃক্ত'

* চিত্ৰকাৰোর ইভিযুত্ত-জিজানার History of Classical Skt, Litt. 369 —383 pages উষ্ট্যা । ইত্যাদি অক্ষরবৃত্তে 'নন্দরাজ' নামক ছন্দঃ বলিয়া ছন্দোরচনায় উল্লিখিত হইয়াছে।

ষ্ঠৰ্বমালা-বিভূষণ-

হইয়াছে।

এই স্তবমালা ভক্তগণের নিত্যপাঠ্য ও কণ্ঠহার। একেত শ্রীক্রপের
কাব্য স্বভাবতঃ সৌন্দর্য-মাধুর্যে

পরিপূর্ণ, তত্বপরি ইহা ভক্তিরসে নামক্রপে বিভাবিত। ইহাতে শীব্রজেক্সনন্দনের রূপগুণলীলাদিরই যথেষ্ট পরিবেশন হইয়াছে।

প্রীবলদেব টীকার উপসংহারে বলিয়াছেন—'কফ্রণৈকসিন্ধু প্রীরূপ-দেব যদি এই স্তবমালা রচনা নাই করিতেন, তবে ভক্তগণ প্রীব্রজরাজ-

শু**বমালা-বিভূষণ-ভাষ্য**— প্রীপাদ শ্রীজীব-কর্তুক সঙ্কলিত প্রীপ্রীক্রপ-গোস্বামিপাদের স্তবমালার প্রীবলদেব

বিখ্যাভূবণ-কৃত ভাষা। প্রারম্ভে

'সনাতনং রূপমিহোপদর্শয়ন' ইত্যাদি

नन्सरमत छन. ज्ञान ७ नीना हि-विषय

কিছুই জানিতে পারিতেন না।'

মঙ্গলাচরণ, ত্রীরূপ-বন্দনাদি করিয়া প্রক্ত গ্রন্থের স্বারম্থ-উদ্ঘাটনেই ইহার কৃতিত্ব। যদিও মৃল গ্রন্থের রচনাকাল কোথাও প্রদত্ত হয় নাই, যেহেতু ইতস্ততঃ বিদ্যিপ্ত স্তব-

গুলিকেই কেবল শ্রীজীবপাদ একত্র

শমাছার করিয়াছেন, কিন্তু উৎকলিকাবররীর শেষে ১৪৭১ শাকে রচনাব্দ সমাপ্তির তারিথ আছে। শ্রীবিজ্ঞাব্দ ভূষণও তত্ত্বতা টীকায় ১৬৮৬ শাকে

'শ্রীরূপদেবঃ করুগৈকসিন্ধু-স্তবালিমেতাং যদি নাকরিষ্যৎ।

টীকানিপত্তি হইয়াছে বলিয়া লিখিয়া-

ছেন। উপসংহারে-

ভক্তা যথাবদ্রজরাজস্থনো-देन्द्रांशियान खनज्ञलनीनाः'॥ এবং—'বিচ্চাভূষণ-রচিতে মালাভূষণে ভাষ্যে। পরিভূষাতু ধনমালী বরক্তিশালী বতৈতিমান্'॥ স্তবামৃতলহরী — শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-প্রণীত। ২৮টি স্তব আছে, স্তবমালা ও স্তবাবলীর অমুকরণে রচিত। (১) প্রীপ্তরুতভ্রাষ্টক, (২) প্রীপ্তরু-চরণশারণাষ্টক. (৩) শ্রীপরমগুরু-প্রভুবরাষ্ট্রক, (৪) শ্রীপরাৎপর-গুরু-প্রীগঙ্গানারায়ণাষ্টক, (¢) শ্রীনরোত্তম প্রভুর অষ্টক, (৬) শ্রীলোকনাথাষ্টক, (৭) শ্রীশচী-নন্দনাষ্টক, (৮) শ্রীস্বরূপচরিতামৃত, (৯) শ্রীশ্রীম্বপ্লবিলাসামূত *, (১০) শ্রীগোপালদেবাষ্টক, (১১) শ্রীমদন-(গাপালদেবাষ্টক. (১৩) গোবिन्माष्टेक, (১৩) ত্রীগোপীনাথাষ্টক, (১৪) ত্রীগোকুলানন্দ-গোবিন্দাষ্টক, (১৫) স্বয়ংভগবত্তাষ্ঠক, (১৬) জগন্মোহনাষ্টক, (১৭) অন্তুরাগবল্লী শ্রীভগবৎসেবায় — অষ্ট শ্লোকে অতৃপ্ত অমুরাগোৎকণ্ঠা-বিজ্ঞাপক কোটি কোটি কর্ণ-বদন-জিহ্বা-কর-চরণাদি সেবোমুখ ইন্দ্রির প্রার্থনা] (১৮) শ্রীবৃন্দাষ্টক, (১৯) শ্রীরাধা ধ্যান, (২০) শ্রীরূপচিন্তামণি

প্রিথম ১৬ শ্লোকে ও দ্বিতীয় ১৬ শ্লোকে ক্রমশঃ শ্রীক্ষরেও শ্রীরাধার কেশান্ত ব্লপশাব্ৰ বৰ্ণনা।] (২১)

সঙ্কল্পকল্পড়েম—গ্রীজীবপাদের সঙ্কল কল্পদেরই অমুরূপ, ইহাতে নিগৃঢ় সেবাপ্রার্থনা ১০৪টি শ্লোকে বণিত

আছে। (২২) নিকুঞ্জকেলি-বিরুদাবলী [১৬০০ শকাবে রচিত, প্রীযুগলকিশোরের অন্তরঙ্গ উপাসক-

আস্বাদন-বিষয়ক বিরুদ এই গ্রাম্বের সবিশেষ এই অভিধানের আলোচনা দ্রপ্তব্য। ১৫৮৩ পৃষ্ঠায় (20) শ্রীসুরতকথামৃত (আর্যাশতক)

—[আর্যানামক মাত্রাব্রতে ১০৫টি শ্লোকে যুগলকিশোরের নিভৃত-নিকুঞ্জ-বিলাসের রসোদগার বর্ণনা হইয়াছে। গ্রন্থেরও আলোচনা অভিধানের >4c8 পূষ্ঠায়

(২৪) নন্দীশ্বরাষ্টক,

(२७)

<u> এ</u>ষ্টব্য ী

(২৫) বুন্দাবনাষ্টক,

গোৰ্দ্ধনাষ্ট্ৰক, (২৭) গীতাৰলী— [এগারটি স্থললিত গীত আছে] স্থলাক্ষরে লিখিত প্রবন্ধগুলি স্বয়ং পুস্তিকাকারে প্রকাশিত হইয়াছে।

স্তবাবলী——শ্রীল দাসগোস্বামি

পাদের রচিত ২০টি স্তব-সমষ্টি।

ক্রমশঃ তাহ। নিবেদন করিতেছি--(১) শ্রীশচীসূরপ্টক, (২) শ্রীগোরাঙ্গস্তব-কল্পতক্ত, (৩) মন:শিক্ষা, (৪) প্রার্থনা, (৫) গোবর্জনাশ্রয়দশক. (৬) গোবর্জন-বাদ-প্রার্থনাদশক, (৭) শ্রীরাধা-

কুণ্ডাষ্টক, (৮) ব্রজবিলাস্স্তব, (১) বিলাপকু মুমাঞ্জলি, (১) প্রেম-পূরাভিধন্তোত্র, (১১) প্রার্থনা, (১২) স্থনিয়মদশক, (১৩) শ্রীরাধিকার অষ্টোত্তরশতনামক্টোত্র. (84) গ্রীরাধাষ্টক, (১৫) প্রেমান্ডোজ-মরন্দাখ্যস্তবরাজ, (১৬) স্বদঙ্কন-প্রকাশস্থোত্র, (১৭) জীরাধা-

কুফোজ্জলরসকেলি, (১৮) প্রার্থনা-মৃত, (১৯) নবাষ্টক, (২০) গোপাল-রাজ্ভোত্র, (২১) শ্রীমদনগোপাল-ন্তোত্র, (২২) শ্রীবিশাখানন্দক্তোত্র, (২৩) মুকুন্দাষ্ঠক, (২৪) উৎকণ্ঠাদশক, (२৫) नवयुववन्दिष्णिकाष्ट्रेक, (२७) অভীষ্টপ্রার্থনাষ্টক, (২৭) দাননির্বর্তন-কুণ্ডাষ্টক, (২৮) প্রার্থনাশ্রয়চতুর্দশক এবং (২৯) অভীষ্টস্থচন।

মৃতের উপাদানরূপে গৃহীত বলিয়া তাহাতে উক্ত হইয়াছে। চৈতন্ত্র-লীগারত্বসার স্বরূপের ভাণ্ডার তেঁহো থুইলা রঘুনাথের কঠে। তাঁহা কিছু যে শুনিলু, তাহা ইঁহা বিস্তারিম ভক্তগণে দিলু

এই ভেটে ॥'

ইহাদের মধ্যে প্রথম তুইটি অপ্তক

শ্রীকবিরাজগোস্বামিপাদের শ্রীচরিতা-

মনঃশিক্ষার একাদশটি শ্লোক শীরূপামুগ সাধক্মাত্রেরই নিত্যারাধ্য ও নিত্যপাঠ্য। ব্ৰজবিলাসে २०७ हि स्थाटक नीनान्यान, कान छ পাত্রের वक्तनामि । বিলাপ-কুসুমাঞ্জলি ১০৪টি শ্লোকে গ্রথিত —ইহার প্রতিশ্লোক প্রতিচরণ,

প্রতিঅক্ষরই অপ্রাক্ত বিরহানল-সম্বপ্ত শ্রীদাসগোস্বামির বিষমজালা-সঙ্কুল হৃদয়াস্তঃহলের মহাপ্রতপ্ত বহ্নিখার ৰ্ছটা, ভূধর-প্রোথিত আগ্নেয়গিরির হৃদয়বিদারণ অগ্ন্যুদ্গার কিম্বা রত্নাকর-বিলসিত বাড়বানলের

^{*} ইহার একটা অনুবাদ আছে— (১) 'নিধুবনৈ হুহু জনে' ইভ্যাদি জগদানন্দ-রচিত, (২) 'শুনইতে রাই বচন অধরামৃত'ও (৩) 'শুনহু ফুলরি! মুবা অভিলাষ'-এই পদ্দর ৰলরাম দান-বির চিত এবং (৪) 'এত শুনি বিধুমুখী, মনে হয়ে অতি হথী'-পদটি বৈঞ্বদাস-বিয়চিত।

উচ্ছাস অথবা পুঞ্জীভূত মহাকালকূটের প্রোচ্চুলন। 'অত্যুৎকটেন নিতরাং বিরহানলেন, দন্দহ্যানহাদয়া' (৭) 'তঃখকুলসাগ্রোদরে দুয়মানমতি-ত্বৰ্গতং জনং' (৮), 'ত্বলোকন-কালাহি-দংশৈরেব মৃতং জনং' (৯) 'বিপ্রয়োগভরদাবপাবকৈঃ দন্দ্স্মান্তর-কায়বল্লরীং' (00) প্রভৃতিবাক্যের অর্থ-নির্ধারণ করিলেই বুঝা যায় যে শ্রীদাস গোস্বামিপাদ অন্তরে কি ভীষণ অরুন্তদ বিরহ-জালা নিরন্তর বহন করিতেছিলেন !! তাহার পরে যে সেবাপ্রার্থনা, উৎকণ্ঠা, দৈন্ত, আবেগ প্রভৃতি প্রকটিত হইয়াছে—ভাহা বিশ্ব সাহিত্যরাজ্যে এক অভিনব সামগ্রীই वटछे : মোট কথা—এ সকল পত্তে শ্রীরঘু-নাথের অন্তর্নিহিত ভাবোজ্বাস নির্মল নিঝ'রের ভায় নিরস্তর প্রবাহিত হইতেছে। যদি কোনও ভাবুকের হৃদয়ে এই ভাবকণা স্পর্শ করে, তবে যে তিনি কুতকুতার্থ হইবেন-এ বিষয়ে সন্দেহ করিবার किছूई नाई। ज्ञाविध प्रथा यात्र এই বিলাপকুত্মাঞ্জলি পাঠ বা শ্রবণ করিয়া বহু ভাগ্যবান্ ব্যক্তি নয়নজলে মুখ বুক ভাসাইতেছেন।

প্রেমান্ডোজমরন্দাখ্য স্থবরাজের দাদশট শ্লোকে শ্রীরাধার ক্লপগুণাদি-সম্পৎ বৰ্ণনা হইয়াছে। স্বসংকল্প-প্রকাশস্তোত্তের ২০ প্লোকে শ্রীকৃষ্ণেন্দ্রিরতর্পণময় স্বীয় সংকল্ল-প্রকাশপূর্বক একবিংশ শ্লোকে রঙ্গণ-লতা স্থীর আহুগত্যে ও অমুক্পায় দেই সঙ্কল্ল বাস্তবতায় পরিণত করিবার আকাজ্জাও প্রকাশ করিতেছেন।

শ্রীরাধাকুফোজ্জলকুমুমকেলি পথে শ্রীক্বফের ৪৪টি শ্লোকে শ্রীরাধাস্থীগণের প্রণয়-কলছ পরস্পর বাক্যচাতুরীর প্রতিযোগিতা বৰ্ণিত। <u>জীবিশাখানন্দদাভিধ</u> স্তোত্রে ১৩৪টি শ্লোকে প্রথমতঃ <u>ই</u> বিশাখার কুপা প্রার্থনাপূর্বক <u> এ</u>ীরাধার অঙ্গ-প্রভ্যঙ্গ-বর্ণনাত্মক জোত্র, শ্রীরাধার আধ্যাত্মিকরূপ, শ্রীকৃষ্ণের মনোবাঞ্ছাপৃতিরূপ সেবা, শ্রীরাধাদেহে ষড্ঋতুকৃত সেবার উপকরণ—শ্রীরাধান্দে কামসংগ্রাম-गांगशी, नाननीनानि विदिध विनाम-স্চনা, এই স্তোত্তটি লীলাও নামে অন্ধিত। সকল প্রবন্ধেই শ্রীপাদ দাসগোস্বামির শ্রীরূপানুগত্য ঝলক দিতেছে। শ্রীপাদের সকল গ্রন্থই প্রসাদগুণ-গুন্ফিত ও নাধুর্যমন্ডিত, ভাবগন্তীর ও শব্দার্থালক্ষারে পরিপূর্ণ, সর্বোপরি স্বতঃপ্রবোদিত হৃদয়াবেগে ও রসভাবের ব্যঞ্জনায় শ্রীগ্রন্থানি সন্তুদয়গণেরই একমাত্র আস্থাননীয় ও উপভোগ্য চিরবাঞ্ছিত সামগ্রী। স্মরণচমৎকার (পাটবাড়ী পুঁথি গ্রীরামচন্দ্রদাস-वि ३४१) বিরচিত। লিপিকাল->২>৭, ও কলি ও যমের ১২৪৭ সাল। কথোপকথনচ্চলে শ্রীগোরের রূপায় পাতকিতারণলীলার উট্টঙ্কনপূর্বক শ্রীনামের প্রতাপ-বর্ণনা, কিন্তু নামের হেলনে জীবের অধোগতি, পাপে মতি ইত্যাদি। মহাপ্রভুর শ্রীমুখে ভূণাদপি শ্লোক-যাজনেও প্রোক্ত অনাস্থা |

শ্ৰীগুৰু বৈষণৰ ছুঁত পদ না ভজিছু। মহামায়াজালে পড়ি নিশ্চয় ডুবিছু॥

পতিত-পাবন প্রভু চৈতন্ত-নিত্যানন। তাহাকে ভজিলে ভাই ছুটে ভববন্ধ॥ অস্তে রামানন রায়ের স্হিত মহাপ্রভুর প্রশোতরাবলির উদ্ধার পূর্বক উপসংহার।

প্মরণ-মঙ্গল >

স্মরণদর্পণ—শ্রীঠাকুরমহাশয়ের প্রেম-ভক্তিচক্রিকার আদর্শে শ্রীরামচন্দ্র কবিরা*জ-কত্* ক রচিত। রচনার আদর্শ---

সাধুমুথে কথামৃত শুনিয়া বিমল চিত তবে গুরুদেবে হয় রতি। নিত্য নিত্য বাড়ে রতি গুরুপদে হয় ভজন-শক্তি॥ গতি তবে হয় কুষ্ণেতে অপরাধ হয়, তাহাতে নিস্তার পায় গুরু অপরাধে নাছি ত্রাণ। তাহে বড় পরমাদ বৈঞ্বেতে অপরাধ গুরুদেবে না করে মার্জন॥ ইথে না করিও আন বৈষ্ণৰ গুরু সমান অভেদ ছই একই পরাণ। যেই বৈঞ্চৰ সেই গুরু সেই ক্বঞ্চ কল্লতরু গুরু মুখ্য করিল বিধান॥ (স্মরণদর্পণ ৪ পুঃ)

বঙ্গীয়সাহিত্যপরিষদে ১০৬৬ সালে লিখিত পুঁথি-সংখ্যা—২৮৮১।

স্মরণ-মঙ্গল '- প্রীপ্রীরাধাগোবিশের অইকালীন লীলাচিন্তনোপযোগী শ্লোকদশক। শ্রীগোবিন্দলীলামতের সূত্র বা মূলীভূত বীজ। শ্রীরাধারফদাসগোস্বামী স্বীয় দশ-শ্লোকীভাষ্যে (১১—১২ পৃষ্ঠায়) এই স্মরণমঙ্গল স্তোত্রটিকে শ্রীরূপ-প্রভুর আদেশে শ্রীকবিরাজ গোস্বামি-রচিত বলিয়া নির্দেশ দিয়াছেন, কিন্তু গোবিশ্ব-লীলামূতের টীকাকার দশশোকী গ্রীপাদশ্রিরপেরই রচনা বলিয়া ইন্ধিত করিয়াছেন।

প্রথমে— 'শ্রীরাধা-প্রাণবদ্ধোশ্চরণকমলয়োঃ কেশশেষাত্তগম্যা, যা সাধ্যা
প্রেমসেবা ব্রজচরিত-পরির্গাঢ়লৌল্যৈকলভ্যা। সা স্থাৎ প্রাপ্তা যয়া
তাং প্রথয়িতুমধুনা মানসীমস্ত সেবাং,
ভাব্যাং রাগাধ্ব-পাইন্থর্রজমন্থ চরিতং
নৈত্যিকং তন্ত নৌমি॥'

শ্বরণমঙ্গল²—— গ্রীরূপগোস্বামিপ্রত্ন প্রীগ্রীগোরাঙ্গমহাপ্রভুর অষ্টকালীন লীলা ইহাতে পরিবেষণ করিয়াছেন। ইহা কিন্তু ভাবাচ্য লীলা এবং রাধা-কুষ্ণের পূর্বোক্ত শ্বরণমঙ্গলে কথিত প্রতিটি লীলার পূর্বকালেই ভাব্য।

সারণ মঞ্চল ত — গ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিপ্রণীত শ্রীনবদ্বীপ-বিলোদী শ্রীগোরাঙ্গ
মহাপ্রভুর প্রাত্যহিক (অষ্টকালীন)
লীলাকদন্থের স্বতম্বভাবে (ভাবাঢ্যব্যতীত) স্বরণ-মনন-প্রধান শার্দ্রলবিক্রীড়িত ছন্দে একাদশ শ্লোকাত্মক
স্থোত্ত।

শ্বরণমঙ্গল 8— শ্রীনরোত্তম দাগ ঠাকুর
মহাশর শ্রীরাধাক্তকের অপ্টকালীন
'শ্বরণমঙ্গলের'এগারটি শ্লোকের পরার,
দীর্ঘত্রিপদী প্রভৃতি ছন্দে সরল
বঙ্গাহ্রবাদ করিয়াছেন। প্রত্যেক
শ্লোকের শেষে—'শ্রীরূপমঞ্জরী-পাদপদ্ম
করি ধ্যান। সংক্ষেপে কহিল এক
কালের আখ্যান॥'

স্মরণমঙ্গল⁶—শ্রীগিরিধর দাসও

একখানি 'ম্বরণমঙ্গল' রচনা
করিয়াছেন (পাটবাড়ী পুঁথি বাংলা
বি ১৮৯) লিপিকাল—১০৮৮ সাল।
স্মরণমঙ্গলণ্ড—ব্রজভাষার অন্ধরাদ
করিয়াছেন—শ্রীগুণমঞ্জরী। পাটনা
গুলজারবাগে শ্রীরাধারমণ মন্দিরে
শ্রীকৃষ্ণটৈতন্ত গোস্থামিজীর পুস্তকালয়ে

পুঁথি আছে।

সারণমঙ্গল-স্তোত্ত্ত্বং — প্রীকেদারনাথ ভজিবিনোদ-রচিত >08 বিবিধ ছন্দে সংস্কৃত ভাষায় শ্রীগোরাঙ্গ মহাপ্রভুর জন্মাদি যাবতীয় লীলা গ্রথিত হইয়াছে। মহামহোপাধ্যায় শিতিকণ্ঠ-বাচস্পতি-কৃত 'বিকাশিনী' টীকাও বজাত্বাদ সহ প্রকাশিত। গ্রীগোরাঙ্গ-লীলাম্মরণোপযোগী —গোড়ীয়গণের কণ্ঠহার **প্রীবন্দা**বনীয় গ্রীযুক্ত মধুহদন গোস্বামী সার্বভৌম ইহার হিন্দী পতান্তবাদ করিয়াছেন। স্বকীয়াত্বনিরাসবিচার 🛏 জন্মপুরের গ্রন্থাগারে ১৩ পত্রাত্মক একথানা খণ্ডিত পুঁথি এবং শ্রীবৃন্দাবনীয় শ্রীগোবর্দ্ধন ভট্টজির গৃহ-সংরক্ষিত (৩৫)১৪৭) ৬ পত্রাত্মক পুঁথিতে স্বকীয়াবাদ নিরাস করিয়া পরকীয়াত্ব স্থাপিত হইয়াছে। গ্রন্থবিস্তার-ভয়ে বিচার-বিদ্নেষণাদি দেওয়া হইল না। ['পরকীয়াত্ব-নিরূপণ' দ্ৰষ্টব্য 1

স্বপ্পবিলাস—১৭৬৪ শকে ভাজন-ঘাটের স্থপ্রসিদ্ধ কবি শ্রীল কৃষ্ণকমল গোস্বামি-রচিত পদ-সাহিত্য। শ্রীবিশ্বনাথ চক্রবর্তি-কৃত 'স্বপ্রবিলাগা-মৃতের' ছায়া বলিলেও হয়।

স্থ রূপক দ্বাভক্ষ — শ্রীনরোত্তম দাস ঠাকুরে আরোপিত [পাটবাড়ী পুঁথি বি ১৯২] বৈঞ্চব নিবন্ধ। বৈঞ্চব-রস-সাধনার তত্ত্ব আহে, চৈতন্ত-চরিতামূতের কোন কোন ছত্ত্রের আধ্যাত্মিক ব্যাখ্যাও আছে।

শ্রীষ্ণরপদানোদরের কড়চা—
শ্রীমন্ মহাপ্রভুর অন্তরঙ্গ দিতীয় স্বরূপ
নদীয়াবাসী পুরুষোত্তমাচার্য

(मन्त्रारम् व नाम-चन्न्रभाषात्र) গম্ভীরা লীলার নিত্যসঙ্গী ছিলেন নদীয়ালীলাতেও তিনি যে সহচর ছিলেন (চৈ ভা অস্তা ১০। ৫২) তাহাতেও সংশ্র যেহেতু প্রভুর সন্ন্যাস-লীলায় বিক্ষিপ্ত হইয়াই তিনি কাশীতে সন্ন্যাস-গ্রহণান্তে পুরীতে গিয়া মহাপ্রভুর মিলিত হইয়াছিলেন। কবিরাজ গোস্বামী মুরারি ও স্বরূপের কড়চামুদারেই যে তাঁহার চরিতামৃত বর্ণনা করিয়াছেন, বিশেষতঃ মধ্য ও শেষ লীলায় দামোদরের কড়চাই অবলম্বনীয় ছিল, তাহা নিমু প্যার গুলিই সপ্রমাণ করিতেছে।

ভাগং গপ্রমাণ কারতেছে।

(১) দামোদর স্বরূপের কড়চা
অহুসারে। (চৈচ মধ্য ৮।৩১২)

(২) প্রভুর মধ্য শেষ লীলা স্বরূপ
দামোদর। স্থ্র করি গ্রন্থিলেন
গ্রন্থের ভিতর॥ (চৈচ আদি ১৩।
১৬) (৩) দামোদর স্বরূপ আর
গুপ্ত মুরারি। মুখ্য মুখ্য লীলাস্ত্র
লিথিয়াছে বিচারি॥ (চৈচ আদি
১৩।৪৬)

১৩।৪৬)
শ্রীচৈতস্থচরিতামৃতের আদিলীলার প্রথমে (৫—১২) শ্লোকগুলি
অরূপ দামোদরের রচনা বলিয়া
কোনও কোনও মুদ্রিভ পুস্তকে দেখা
যায় । চজোদয় নাটকের (৮।১০)
'হেলোদ্ধূলিতখেদয়া' শ্লোকটি
অরূপেরই রচনা । অরূপ—বৈফ্লবতম্ব-সিদ্ধান্তে ও সদাচার প্রভৃতিতে
অপ্রতিপ্রিত ছিলেন—রঘুনাথ দাসগোস্বামির শিক্ষার যাবতীয় ভার
ভাহার উপরেই সম্পিত ছিল ।
গৌরগণোদ্দেশে (১, ১৩) কথিত

আছে যে শ্রীগোরাল নিত্যানন্দাদি
পঞ্চতত্ত্বরূপে আবিভূতি হইয়াছেন—
ইহাও স্বরূপেরই ওভিমত। ছংথের
বিষয়—এই কড়চাখানি বহু
প্রচেষ্টাভেও হস্তগত হইল না !!
স্বরূপনির্গয়-শ্রীকবিরাজ গোস্বামিতে
আরোগিত। ১১৭৫ সালে
লিখিত গুঁথি [পাটবাড়ী পুঁথি বি

১৯৪ বিষয়—গোরগণোদ্দেশবং । শ্রীগোর এবং তদীয়
পার্ষদবর্গের স্বরূপ-নির্ণয়ে তাৎপর্য।
স্বরূপ-বর্ণ ন-শ্রীকবিরাজ গোস্বামিতে
আরোপিত। 'নিত্যানন্দদায়িনী'
পত্রিকায় ছাপা হইয়াছিল। ডাঃ
স্কুমার দেনের গ্রন্থাগারে ২৫৭ নং
পুঁথিটা ১০৮৩ সালে লিখিত, বিষয়—

গৌরগণোদেশবং। নিবন্ধের শেষে
যে কবি-পরিচয় ও গ্রন্থ-রচনার
ইতিহাস আছে, তাহাতে দেখি যে
গ্রন্থকারের গুরু ছিলেন—রঘুনাথ
ভট্ট এবং কৃষ্ণদাস শ্রীনিভ্যানন্দপ্রভুর
সাক্ষাৎ কুপালাভ করিয়াছিলেন
(বাঙ্গালা সাহিত্যের ইতিহাস ৪১৮
পৃষ্ঠা)।

2

হংসদূত—মহাকবি কালিদাস কৃত মেঘদূত-নাম্ক খণ্ডকাব্যের এদেশে অনেক সংগ্রত কবি বিরহ-কাব্য রচনা করিয়াছেন। পদান্ধ-(শ্রীকুষ্ণ সাৰ্বভৌম), কাকদৃত, পাদপদৃত, মনোদৃত (বিষ্ণু-দাস কবি), প্ৰনদূত (ধোয়ী কবি) প্ৰনদৃত কাব্য (বাদিচন্দ্র), ভ্রমরদৃত, উদ্ধংদূত (মাধৰ কৰীক্ৰ) কোকিলদূত প্রভৃতি। কথনও কথনও এই দৃতকাব্যকে 'সন্দেশকাব্য'ও वना इश, यथा-(काकिन-मत्मम, **চ**रकां द्रमरस्म, (यघमरस्म, इश्ममरसम (বেদান্তাচার্য), কোক সন্দেশ (বিষ্ণু-ত্রাতা) এবং উদ্ধবসন্দেশ প্রভৃতি। শ্রীপাদ শ্রীরূপ-প্রণীত হংসদৃত্ত এই জাতীয় খণ্ডকাব্য। প্রায় সমস্ত দৃতকাব্যই মেঘদূতের স্তায় মন্দাক্রান্ডা লিখিত হইলেও এই গ্রন্থ শিখরিণী ছন্দে রচিত হইয়াছে। ইহাতে ১৪২টি প্রমধুর পত্ত আছে। যদিও এই কাব্য (এবং উন্ধব-সন্দেশ ় শ্রীপাদকর্ত্তক শ্রীমন্-

মহাপ্রভুর ক্বপালাভের পূর্বেই রচিত रहेशाए, लाहा हहेला हेशाल শব্দার্থালন্ধার-প্রাচুর্য, পদ-লালিতা, মাধুর্য - গুণগরিমা, মহাগন্তীর রস-ভাববন্তা-নিবন্ধন ইহা কাব্যের সকল গুণে ভূষিত হইয়াছে, স্বয়ং গ্ৰন্থ-কারও এ বিষয়ে উপসংহার-শ্লোকে দৈগুবিনয়-সহকারে ইঙ্গিত দিয়াছেন। 'বিপ্রলম্ভ ব্যতিরেকে সম্ভোগের গৃষ্টি হয় না'--এই স্থায়ের অনুসরণে শ্রীপাদ এই গ্রন্থে অপ্রাক্ত স্বদুর প্রবাদের বিপ্রদন্ত-শৃঙ্গার-বর্ণনায় অপূর্ব রস-পারিপাট্য দেখাইয়াছেন। শীরূপপ্রভু যে আজন্মই ছড়-রুসবিমুখ ও অমুক্ষণ ভব্তিরস্শাস্ত্রের অমুশীলন কারী ভজনানন্দী ভাগবত-প্রধান ছিলেন তাথা শ্রীগোরাঙ্গের বাছতঃ কুপা-প্রাপ্তির পুর্বেও এই গ্রন্থে শীরাধার অধিক্রঢ মহাভাব**ম**য়ী সর্বোত্তমা দিব্যোন্থাদ্যয়ী উদঘূৰ্ণা দশার সংস্কানেই পরিব্যক্ত হইয়াছে। শ্রীগৌরের নিত্যসিদ্ধ অন্তরঙ্গ মহাজন ব্যতীত এইরূপ অপ্রাক্কত বিপ্রবৃদ্ধ শৃঙ্গারের মধ্য দিয়া জ্রিক্ষ-ভতনের গুচ্-রহক্ষ-প্রবটন অক্টের পক্ষে সম্পূর্ণ অসম্ভব।

প্রীহংসদূতের মঙ্গলাচরণে প্রীমন্মহাপ্রভুর বন্দনা ন! থাকায় এবং
উপাস্ত্য শ্লোকে প্রীসনাতন প্রভুর
পূর্বনাম 'সাকর মল্লিক' উল্লিখিত
থাকায় এই গ্রন্থ প্রিগৌরের সহিত
গিলনের পূর্বেই রচিত—এ বিষয়ে
সন্দেহের অবসর নাই।

কথাসার-মথুরাগত শ্রীক্বফের বিরহে এরাধার দিব্যোমাদ দেখিয়া राथिত। वानिजात यमूनाविशाती কোনও হংদকে দূত করিয়া শ্রীমতীর দশা-বিজ্ঞাপন পূর্বক ব্রজপুর হইতে পুনরায় ঐীকৃষ্ণকে আনয়নের ছন্ত গোপীহৃদয়মদন শ্রীকৃষ্ণ আবেদন। শ্রীঅক্রুরের অন্তুরোধে শ্রীনন্দভবন হইতে মথুরা গমন করিলে বিরহিণী শ্রীরাধা একদিন অন্তর্দাহ প্রশমন করিবার জন্ম যমুনাতটে গমন করিয়া পূর্বপরিচিত কুটীরাদির দর্শনে অধিকতর শোকাবেশে মৃচ্ছিত হইয়া

পড়েন। স্থীগণ শ্রীমতীর এই দশা দেখিয়া নানাবিধ উপায়ে তাঁহার জন্ম চেষ্ট্রা করিতে প্রোণরকার লাগিলেন। পদ্মপত্রনিমিত শ্যায় শ্রীমতীকে স্থাপন করত ললিতা যথন গোপানশ্রেণীতে পদার্পণ করিয়াছেন—তথনই দেখিলেন যে একটি শুল্ল হংস আসিতেছে। তিনি ঐ হংসটিকে মথুরায় শ্রীকৃষ্ণের গভায় দৌত্যকর্মে নিযুক্ত করিতে সংকল্প করেন। শ্রীকৃষ্ণ-বিরহে শ্রীমতীর যে যে অবস্থা হইয়াছে, তাহা তাহাই বর্ণনা করিয়া শ্রীললিতা হংসটিকে সম্বোধনপূর্বক মথুরা গমন করত শ্রীক্লফ-সবিধে নিবেদন করিবার ভন্ত নিযুক্ত করিলেন। মপুরাগমন-কালে হংসের কোন কোন नौनाञ्जी पर्मन-व्यर्भन र्हेरव-তাহারও একটি স্থন্য চিত্র অন্ধণ করিয়া ললিতা হংসকে বলিতেছেন —কঠিনমতি দানপতি (অক্রুর) যে যে পথ দিয়া সেই কিশোরশেখর পশুপযুবতী-জীবিতপতিকে িয়াছে, সেই সকল জগৎপ্ৰসিদ্ধ পথ ধরিয়া হংসবরকে মথুরায় যাইতে इहेरन, (১২-১৪), क्रा करम চীরঘাটের কদম্ব-বৃক্ষবর (১৬), রাসস্থলী (১৮), বাসস্তী-বিরচিত অনঙ্গোৎসব-কলাচতুঃশালা (\$\$), গিরিগোবর্দ্ধন (২১-২৩), শ্রীকৃষ্ণ-স্মর্ম্মর্ধাটী-পুল্কিতা কদম্বাটী (২৪), অরিষ্টাস্থর-মস্তক (২৫), ভাণ্ডীরবট (২৭), ব্রহ্মস্ততিস্থলী (২৮), কালীয়হ্রদ (২৯-৩০), জীবুন্দাদেবী (৩১), কেকাধ্বনি মুখরিত একাদশ বন. তৎপরে বুন্দাবন (৩২) দেখিয়া

মথুরায় প্রবেশ, তত্রত্য শোভা ও ঐশ্বৰ্যনা (৩৩-৩৪), প্ৰসঙ্গতঃ ঐক্ষ-প্রবেশে মপুরা-নাগরীদের উল্লাস ও বিহবলতা (৩৫-৩৯), মথুরায় শ্রীক্ষরে অন্তঃপুর (৪১-৪২), উদ্ধব-হস্তে সম্পিত শুক্ষুগলের শ্রীরাধা ও স্থীসংবাদ (৪৩-৪৪), কেলিগৃহ (৪৬), অমুকূল অবসরে গ্রীগোপীদের বার্ত্তা-নিবেদন জন্ম উপদেশ (৪৭), এীকুষ্ণের অসমোর্দ্ধ-রাপমাধুরী (৫৩-৬২), শ্রীক্লফের মনে বৃন্দাবন-খারক পিককুহুরুত-শ্রবণ বা গিরিমলীপরিমলাদি - আদ্রাণাদির কালই ছু:খিনী গোপীদের বার্ডা নিবেদনের প্রকৃষ্ট কাল (৬৪), অতীত ব্রজ-শ্বতির উদ্দীপক বস্তুনিচয়ের উট্টক্ষন – কপিনা ধেমু (৬৬).আত্রতক্র-বিজড়িত বাসন্তীলতা (৬৭) ইত্যাদি যাহা বুন্দাবনে বাসকালে শ্রীকৃষ্ণের প্রিয় ও আকাজ্ফিত ছিল, তাহা তাহাও স্মরণ করাইতে নির্দেশ (৬৭-৬৮), এক্রিফ্র-বিরহে ব্রজবাদী বা ব্রজবাসিনীদের ছুরবস্থা থাকুক, লতাশ্রেণীও বিষময়ী হইয়াছে (৬৯), সূর্বত্র অশুভ চিহ্ন দেখা যাইতেছে, চত্বর-সমূহ তৃণপুঞ্জপুর্ণ এবং সমগ্র ব্রজমণ্ডল শৃন্থ হইয়াছে (৭০), এরাধার সঙ্গস্থথের আশায় যামিনী অন্ধকার যাহার সমগ্র বুক্ষতলে অতিবাহিত হইয়াছে---(৭১) সে যে কি প্রকারে রূপণ, 'রাধা' নামটিও বিশ্বত হইতে পারে. ইহাই আশ্চর্যকর বিষয়! (৭৩), শ্রীরাধার তুর্ভাগ্যাবধি বর্ণনা (৭৪) শ্রীরাধার নয়ন-জলে নদী-কৃষ্টি (৭৬). তাঁহার প্রেমানলে দেহসন্তাপ (৭৭).

নিজ্বদোষে তাঁহার এই বিরহ-ব্যাকুলতা-স্বীকার (৭৮) ইত্যাদি বিষয়ে বর্ণনা: তৎপরে ত্রিবক্রার সৌভাগ্য স্থচনা (৭৯) পূর্বক শ্রীরাধার অবস্থাদর্শনে গুরুগণের বিবিধ বিতর্ক (৮০), শ্রীকৃষ্ণের জন্ম শ্রীরাধার ব্যগ্রতা, ভাবী অকুশল চিস্তা (৮১), প্রীক্লফদর্শন-কামনায় হরগোরীর আরাধনা (৮২-৮৩), ছঃসাধা বিরহ-বাধা (৮৪৮৭), ঐক্রিফের বিবিধ নাম-সংকীর্ত্তনে শ্রীমতীর বিলাপ (৮৮), দশমী দশা (৮৯), উদ্ধব-প্রেরণে বিরহ-ব্যাধির কোটিগুণে বর্দ্ধন (৯১), রাজকার্যে ব্যস্ত মন্ত্রী উদ্ধব বা যমের ভগিনী যমুনা শ্রীরাধার দিব্যোন্মাদ-নিবেদনে অসমর্থ জানিয়া হংসবরকে প্রেরণ (৯২) অন্তর্নিগৃঢ় সন্থাপে বিরহিণী শ্রীরাধা (৯৩-১০৮), তৎপরে যুগলকিশোরের পুনর্মিলন-দর্শনাশায় উৎকণ্ঠাভোতক বহু বিষয়-সন্নিবেশ (১১০-১১৭) মকরকুগুল, কৌস্তভ বন্মালা, ও শঙ্খ প্রভৃতিকে সম্বোধনপূর্বক ভাগ্য-প্রশংসা-সহকারে তাহাদের তাহাদের সহাত্তভূতির আকর্ষণ (১১৮—১২৬), মৎস্তা-কমঠাদি-লীলাক্রমানুসারে দশাবতার-বর্ণনচ্ছলে ব্রজদেবীদের প্রণয়-ক্রোধ-বিজ্ঞাপন ইত্যাদি (১২৮—১৩৭)। দশ শ্লোকে শ্রীপাদ শ্রীনন্দনন্দনের স্বাবতারিত্ব, স্বাশ্রয়ত্ব ও শ্লেষক্রমে প্রণয়-ক্রোধাদির ব্যঞ্জনাদারা গৌড়ীয়-বৈষ্ণবগণের ভজন-রহগুই স্থব্যক্ত করিয়াছেন। শ্রীক্বঞের নিগৃঢ় রসময় লীলাবিষয়ক শ্লোকমালায় গ্ৰপিত এই প্রবন্ধ অখি**লভু**বনবন্ধু

3673

নায়কচ্ডামণি শ্রীকৃঞ্বের হৃদয়ে নিবিড়

ও রসাল আনন্দতরঙ্গ বিস্তার করুক

—এই প্রার্থনাতেই গ্রম্থোপসংহার।

ইহার পাঁচটি টীকা আছে বলিয়া

(১) শ্রীবিশ্বনাথ জানা যায়। চক্ৰবতিক্বতা. (২) শ্রীগোপাল-চক্ৰবন্তি-ক্বভা এবং (৩) মধু-মিশ্ররচিতা টীকা (Madras Oriental Mss. Library Catalogue, Vol. IV. Part I. 199I)। (8) শাব্দিক-নরসিংছ শ্রীপুরুষোত্তম মিশ্র-কুতা (পাটবাড়ী পুঁথি কা ২২৮) এবং (৫) শ্রীকণ্ঠাভরণ কবিরাজ-ক্বতা টিপ্পনী (ঐ কা ২৩৩) বিশ্বনাথের টীকাটি A. S. B. p. 57. No. 2947] প্রারন্তঃ - বন্দে গৌরং কুপাসিক্সং স্বগুণৈ গ্রথিতং স্বয়ং। খ্রামচিন্তামণে-হারং যোহজিগ্রাহদিদং জগৎ॥>॥ বন্দে শ্রীরাধিকাপাদান শ্রীকৃষ্ণ-প্রেমদর্শকান্। ভবদিক্সমিনং মভো গোষ্পদং যৎসমাশ্রয়ঃ॥ ২॥ অথ নানাপ্রকার-শ্রীভগবল্লীলাবর্ণনং প্রারিপ্ত: শ্রীরূপগোস্বামী হংস-দুতাখ্যং কুর্বাণো বিহিতাচার-পরম্পরাপ্রাপ্তং মঙ্গলং স্বেষ্টদেবতা-স্মরণরাপমিত্যাদি পুষ্পিকা—ইতি শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তি-বিরচিত। ঐহংসদৃতটীকা সমাপ্তা॥ হংসদূতের প্রতামবাদ — নরসিংহ দাস-নামক জনৈক কবি প্রীরূপ-গোস্বামিপাদের হংসদৃতের প্রান্থবাদ (?) করিয়াছেন। আমার নিকট এবং বঙ্গীয়সাহিত্যপরিষদে (৩০০-००৫ मःখ্यक) य भूँ थि चाह्य. তাহাতে কিন্তু শ্রীদান গোসাঞির (গ)

রচিত হংসদৃত বলিয়াই অমুবাদকের ধারণা। প্রারম্ভে—(> পৃঃ) গ্রীদাস-গোদাঞির কথা শিরেতে বন্দিয়া। ভাষাছন্দে বুঝি রচি তত্ত্ব না পাইয়া॥ আবার (৩ পৃঃ)—হংসদূত ভাই কেবল বিরহের কথা। জীদাস গোসাঞি ইহা কৈল শ্লোকগাথা। আমার মনে হয় যে ইহা লিপিকর-প্রমাদ, তাহা না হইলে অমুবাদকের এত বড় ভ্রম হওয়া অসম্ভব। এই অমুবাদ কিন্তু আন্দরিকও নহে, ভাৎপর্যামুবাদও নহে . তবে 'হংসদৃতের' ছায়া অবলম্বন করিয়া যথামতি রচনামাত্র। গোপীগণের থাকিলেও বার্মাস্থা মূলে না ইহাতে সংযোজনা হইয়াছে— কহিয় কহিয় ক হিয় হংস কামস্থানে। অভাগিনী গোপীগণ নাহি পড়ে মনে॥ শুন শুন হংগবর कति निरवन्त। বার্মাদের ছঃখ তারে করাইহ স্মরণ ॥ পহিলে नरीन পিরিতি। অদ্রাণ মাসে পাইমু কুঞ কাতাায়নীত্রত করি

বিরহ-জ্ঞাপন, একিফসহ আলাপ, এক্ষণতা লইয়া পুনরায় গোপী-সকাশে আগমন ইত্যাদি বর্ণনাত্তে তিনি উপসংহার করিয়াছেন। ২ অপর অমুবাদ-নরোত্তমদাস-রচিত [A S B. 3628]

श्रात सथुदांश क्षेत्रककारन गमन,

পতি ৷ ইত্যাদি

इम्रगीर्घभक्ताज-इहात जानिकाटड পঞ্চরাত্রের ২৫টি গ্রন্থের নাম, দেশিক-লক্ষণ, প্রাসাদোপযোগী ভূমির নিৰ্দেশ. শল্যোদ্ধার, বলিদান, অর্ঘ্যদান, পাতাল্যাগ, প্রাসাদ-লক্ষণ

ইত্যাদি। পঞ্চদশ পটলে শিলালক্ষণ। ষোড়শে বন্যাগ, সপ্তদশে দিকশান্তি, অষ্টাদশে প্রতিমা-লক্ষণ, উনবিংশে পিণ্ডিকালকণ, বিংশে খ্রী-লক্ষণ, একবিংশে বৈনতেয়-লক্ষণ, দাবিংশ দ্বাত্রিংশৎপর্যন্ত হইতে কেশবাদি, দশাবতার, নববাহ, গ্রহ, মাতৃগণ, লোকেশ, কন্ত্র, গৌরী, লিঙ্গ ও পিণ্ডিকালক্ষণাদি বিবৃত হইয়াছে। অন্তান্ত পটলে প্রতিষ্ঠাবিধি বিস্তারিত ভাবে বণিত। সন্ধর্ণ, লিঙ্গ ও সৌরকাণ্ড এখনও অপ্রকাশিত আছে। ইছাতে সাধারণতঃ প্রতিষ্ঠা-বিধি, স্থাপত্য এবং 1conography সম্বন্ধে আলোচনা আছে। হরিভক্তি-विनारम हेश हहेरा थांग्र थांज বিলাসেই শ্লোক উদ্ধার বিলাসে ত **ब्हे**शहा >>---२० শোকই উদ্ধার হইয়াছে। ভক্তিসন্দর্ভেও (২৫৫, ৫৬২—৫৭৪, ৫৮২, ৯১০) ইহার উদ্ধৃতি আছে। হরিকথা— শ্রীজগবন্ধপ্রভু-কর্তৃক রচিত পদাবলী। ইহাতে তালরাগাদির স্থচনাও আছে। স্থলে স্থলে দুর্বোধ্য। হরিনামকবচ—(পাটবাড়ী পুঁথি বি ১৯৯) গোপীকৃষ্ণদাস, ২ (ঐ বি ২০০) কৃষ্ণদাস-রচিত। হরিনাম

দারাই তম্রোক্ত মতে বিল্ল-নিরাসক প্রক্রিয়া-বিশেষ। হরিনামচিন্তামণি-বাংলা প্রারাদি ছন্দে রচিত। পনরটি পরিচ্ছেদে ক্রমশঃ শ্রীনাম্মাহাত্মা, নামগ্রহণ-বিচার, নামাভাসপ্রসঙ্গ, নামাপরাধ-বিচার এবং ভজন-প্রণালী বণিত

নির**পরাধে**

শ্ৰবণ

শ্রীহরি-

ও স্মরণরাপা

হইয়াছে।

নামকীর্ত্তন,

ইরিনামামূত-ব্যাকরণ

ঐকান্তিকী ভজনপদ্ধতি ইহাতে এমন স্থব্দর সরল ভাষায় লিখিত হইয়াছে যে ইহা স্ত্ৰাবালকাদিও অনায়াসে বুঝিতে পারে। হরিনামপটল (পাটবাড়ী পুঁথি

वि२०२) হরিনামমন্ত্রার্থ--(হরিবোলকুটীর ২০ গ) একপত্র। লিপিকাল ১২৭০ সাল--আষাচ।

হ অক্ষরে হয় রাধা কন্দর্পমোহিনী। রে অক্ষরে ক্লফচন্দ্র ত্রিভুবন জিনি॥ কু অন্দরে রাধিকার ক্রমে অষ্ট স্থী। কৃষ্ণচন্দ্র-অষ্ট্রস্থা লেখি॥ ষ্ণ অক্ষরে রা-কারে রাধিকার জন্ম ম-কারে কুশুবীজ। রাম ছ্অক্সরে রাধাক্ষ হয় নিজ॥ হরে হরে পদ শ্রীরাধিকার নাম। কৃষ্ণ কৃষ্ণ নাম তত কৃষ্ণগুণধাম॥ রুমণ করায়ে কৃষ্ণ রাম নাম পায়। সেই রামনাম তভু হরিনামে গায়॥ হরিনাম মহামন্ত বেদচূভামণি। ত্রিমল্লভটেরে

মন্ত্ৰাৰ্থ সংপূৰ্ণ। হরিনাম-ব্যাখ্যা — শ্রীজীবগোস্থামি-পাদ-বির্চিত ৰলিয়া কথিত ১৬ শ্লোকাত্মক হরেকুফাদি নামবোড়শীর ব্যাখ্যান। মথুরায় শ্রীকৃঞ্চদাসজী-কর্তৃক প্রকাশিত ঐচিতগ্রচন্ত্রামৃতের ৫০— মুদ্রিত। প্রারম্ভে— পৃষ্ঠায় কৃষ্ণস্তস্থ 'সর্বচেতোহরঃ চিত্তং হরত্যসো। বৈদগ্দীসার-বিস্তারেরতো রাধা হরা মতা॥ ১॥ কর্ষতি স্বীয়-नावगु-मूबनीकन-निःश्वरेनः। श्रीदाशाः

(गार्न-खनानङ्गठः कृष वर्षर् ॥ २॥

হরিনামামভ-ব্যাকরণ-প্রা হইতে

কহিলা আপনি॥ ইতি প্রীহরিনাম

করিয়া <u>শ্রী</u>মন প্রত্যাগমন মহাপ্রভু যে হুত্র, বৃত্তি ও টাকায় কেবল হরিনামই ব্যাখ্যা করিতেন—

এই কথা শ্রীচৈতন্ত-ভাগবত (মধ্য ১।১৪৭) হইতে জানা যায়। এই বিচার-ধারায় অনুপ্রাণিত শ্রীজীবপ্রভু

জাবের পরম হিতৈষণায এই হরিনাম ব্যাকরণ রচনা করিয়াছেন।

টীকাকার শ্রীহরেক্সফাচার্ঘ বলিতেছেন গ্রীপাদ সনাতন গোস্বামিপ্রভূই <u> এক্র</u>ক্তনামন্বারা প্রথমতঃ হরিনামামৃত' নামে এক সংক্ষিপ্ত

করিয়াছিলেন। বাাকরণ রচনা ইহাতে ব্যাকরণ-পাঠার্থীদের বিশেষ হইবে না, অথচ ব্যাকরণের অপেক্ষা রহিতেছে বুঝিয়া

প্রীপাদ প্রীজীব এই স্ত্রকে অবলম্বন করত এই বৃহদায়তন ব্যাকরণ প্রণয়ন করিয়াছেন। সংপ্রতি গৌড়ীয় মঠ

হইতে প্রকাশিত সংস্করণে পরিশিষ্ট-রূপে এই লঘু (সংক্ষেপ) হরি-নামামূত ব্যাকরণ মুদ্রিত হইয়াছে, (>-- ৪৪ পৃষ্ঠা) পরিশিষ্ট ক্রষ্টব্য।

গ্রন্থরচনার প্রধান উদ্দেশ্যও শ্রীজীবচরণ করিয়াছেন। বাক্ত মঙ্গলাচরণে প্রীক্ষের উপাসনার জন্ম যেমন ভক্তগণ তুলসীমালিকা-সহযোগে

শ্রীনাম গ্রহণ করেন, তদ্ধপ শ্রীকৃষ্ণের

নামাবলি হত্ত-সাহাযো গ্রন্থন করিতে ইচ্ছা করিয়াছি। ইহাতে স্তাই শ্রীকৃষ্ণসঙ্গজনিত আনন্দ বিতরণ করিবে অথবা একিঞ্চনাম গ্রহণ পূর্বক

ব্যাকরণ-পরিজ্ঞানের জন্ম (অপ্রাক্ত) জানবিশেষ উৎপাদন করিয়া শ্রীমদ্-অপ্রাক্বত সাহিত্যামু-ভাগবতাদি

भीजात अधिकात पान कतिरव।

কলাপাদি বাকরণ নির্থক (শুভাদৃষ্টজনকতাশূভা) বাগাড়ম্বরপূর্ণ

দেখিয়া বৈষ্ণবদের জন্ম শ্রীছরি-নামাবলি-সম্পুটিত এই ব্যাকরণ রচন। করিতেছি। ইতর ব্যাকরণ-রূপ মরুপ্রদেশে যাঁহারা

জীবনরূপ জল-লাভের জন্ম লুক হইয়া সতত নানা ক্লেশে পতিত হইতেছেন,উাহারা এই হরিনামামূত-

ব্যাকরণরূপ স্থধা পান করুন এবং শতশত বার অবগাহন করুন অর্থাৎ প্রমাদ্রে অনুশীলন করত ইহাতে

সর্বথা অত্যাসক্ত হউন।

এই ব্যাকরণে মোট ৩১৮৬টি স্থত্রে নিয়লিখিত বিষয়াবলি হইয়াছে।(>) সংজ্ঞাপ্রকরণ,(২)দন্ধি-

প্রকরণে—সর্বেশ্বর, বিষ্ণুজন বিষ্ণুসর্গ-সন্ধি। (७) বিষ্ণুপদ-প্রকরণে—দর্বেশ্বরাস্ত ও বিফুজনাস্ত,

পুরুষোত্তম, লক্ষী ও ব্রহ্মলিঞ্চ, (৪) বিশেষণ লিল, (৫) কুফানাম-প্রকরণ, (৬) আখ্যাতপ্রকরণ, (৭)অচ্যুতাদি-অর্থ, (৮) আত্মপদ-পরপদপ্রক্রিয়া,

(৯) কুদন্তপ্রকরণ, (৩০) সমাস্প্রকরণ, ও (১১) তদ্ধিতপ্রকরণ। ইহাতে বৈদিক প্রক্রিয়া বা

অপ্রচলিত রাচ শব্দ-বিষয়ে লিখিত হয় নাই। প্রীগোপাল দাস-নামক জনৈক মিত্রের শিক্ষার্থেই এই ব্যাকরণ লিখিত হইয়াছে বলিয়া সাধনদীপিকার ২৬০ পৃষ্ঠায় প্রকাশ। এই ব্যাকরণের টীকাকার ছই জন।

জিলায় দোণামুখী-গ্রাম-নিবাদী ছিলেন বলিয়া তৎসমসাময়িক দিতীয় টীকাকার শ্রীগোপীচরণ দান বেদান্ত-

প্রথমতঃ শ্রীহরেকৃষ্ণ আচার্য বাঁকুড়া

ভূষণ তদীয় টীকাপ্রারম্ভে [সমাসপ্রকর্ত্রণ ৩৫৯ স্থত্তের পরে] ব্যক্ত
করিয়াছেন। প্রথম টীকাকারও
ক্রুলস্তপ্রকরণের শেষে লিখিয়াছেন—
শ্রীপাট-সোনামুখীগ্রামে ইয়ং
টীকাভূং'। দ্বিতীয় টীকাকার

টীকাভূথ'। দ্বিতীয় টীকাকার বীরভূম জেলায় কেন্দ্বিল্পে এই টীকা শেষ করেন; তাঁহার সময়— (সমাস-প্রকরণের শেষে আত্মরংশ

পরিচয়-প্রসঙ্গে) ১২৫৩ সন (১৭৬৮

শকান্দ)।
ভরতমন্নিক-রচিত 'কারকোল্লাস'
শ্রীহরিনামামৃত-ব্যাকরণের কারকপ্রকরণের আদর্শে লিখিত বলিয়া
কাহারও ধারণা—এই গ্রন্থ কলিকাতা
সংস্কৃত সাহিত্য পরিষৎ হইতে

বর্ত্তমান। শ্রীহরিনামামৃতের বৈশিষ্ট্য—

প্রকাশিত হইয়াছিল। অমুষ্ট্রপ্,ছন্দে

কারিকা

১০৭টি

পণ্ডিত-স্মাজে ব্যাকরণ 'বালশাস্ত্র'-নামে কথিত, কিন্তু এই নামামূতের গ্রন্থন-কৌশল ও উদ্দেশ্য অবগত হইয়া কেহ ইহাকে 'বালশাস্ত্ৰ' বলিতে পারেন না। সঙ্কেতাদিক্রমে হরিনাম-গ্রহণের সহিত শব্দশাস্ত্রের বাৎপত্তি লাভ হয় বলিয়া অন্তান্ত ব্যাকরণ হইতে ইহার মহাবৈশিষ্ট্য। বাকেরণ অন্তাৰ অধ্যয়ন-ফলে প্রাক্বত কাব্যাদিতে ব্যুৎপন্ন হইলেও কিন্তু অপ্রাক্বত বৈকুণ্ঠবস্তু দুর্হেই থাকে, কিন্তু ইহার পঠনপাঠনে শ্রীভগবরামেরই অসক্বৎ আবৃতিহেতু ভাগৰত-সাহিত্যস্থ্ৰই আস্বাদিত হয়৷ বেদান্তশান্তে সকল শব্দেরই সার্ধিত হইয়াছে বিষ্ণুপরতা

(মধ্বভাষ্য ১।৪।৯, ১০, ১৬, ১৭ ও ২৪

দ্রষ্টব্য)। বর্ণক্রম—পাণিনি শিব

হইতে ডমরুবাছে উদ্ঘোষিত চতুর্দশ

স্ত্রাধার অ ই উ ৭ ইত্যাদি পাইয়াছিলেন—এইভাবে অক্ষরগুলি কিন্তু

মাতৃকাক্রমে বা উচ্চারণ-স্থানামুসারে
উদিত না হইয়া স্ত্র-গঠন বা

প্রত্যাহার-নির্দেশে গঠিত হওয়ায় আরোহমার্গে শিক্ষাদান করিয়া স্বভাৰকে বিপরীত দিকেই চালনা দিতেছে, কিন্তু এই নামামতে 'নারায়ণাত্বদ্ধতোহয়ং বৰ্ণক্ৰমঃ।' **শাভূকাক্র**মে স্বরব্যঞ্জনাদি বৰ্ণ শ্রীনারায়ণ হইতে উদ্ভত হইয়া স্বাভাবিক উচ্চারণের পর্যায়ে নিদিষ্ট

'প্রচোদিতা যেন' (২।৪।২১) ইত্যাদি বচনে জানা যায় যে নারায়ণই স্বনাভিক্মলজ ব্রহ্মার মুথ হইতে শন্বব্রহ্ম প্রকটিত করিয়াছেন। নারায়ণ-স্কাশে প্রাপ্ত নাদ্বহ্ম

হইতে বন্ধা যে অন্তঃস্থ, উন্নাদি

'তেনে

ব্ৰহ্মহাদা

(ভা সাসাস)

হইতেছে।

আদিকবয়ে'

ইহাতে

অক্ষরসমষ্টি ক্ষি করিয়াছেন, তাহাও ভাগ ১২।৬।৪৩ হইতে অবগত হওয়া যায়। ব্রহ্মা হইতে নারদ ব্যাসাদিক্রমে এই শব্দব্যম বহুভাবে (অস্তব্যস্তর্মণেও) আজকাল পর্যস্ত চলিতেছে। প্রাকৃত ভাষায়

'শ্বরবর্ণ,' নামামৃতের 'সর্বেশ্বর'—
নিখিল ঐশ্বর্যের পূর্ণ প্রকাশক
ঈশ্বর বস্তুই সর্বেশ্বর, অক্সান্ত বস্তুই
তদধীন। তদ্ধপ ব্যঞ্জনবর্ণমাত্রই
শ্বরবর্ণ ব্যতিরেকে উচ্চারণীয় নহে
বলিয়া শ্বরবর্ণেরই সর্বেশ্বরথ স্থিরীক্বত

ব্যঞ্জনবর্ণ

নামামূতের

इरेन ।

'বিফুজন'—ব্যঞ্জনবর্ণ যেরূপ স্বরবর্ণের অধীনতায় বৰ্ত্তমান থাকিয়া বিভিন্নার্থক শকাদির উৎপাদনে বিফুজন-সহায়ক: তদ্ৰপ (ভক্ত) গণও বিষ্ণুর অধিনায়কছে তাঁহার সর্ববৈভব-প্রকটনের সহায়তা ব্যঞ্জনবর্ণই করেন—অতএব বিফুজন। পাণিনির 'বিভক্তি' ও 'পদ' এম্বলে 'বিফুভক্তি' ও 'বিফুপদ' নামে অভিহিত; পুং, স্ত্রী প্রভৃতি निष প্রযোত্ম, निष्मी ও বন্ধনিষ নামে, লটু লোটাদি অচ্যুত, বিধাতা ইত্যাদি অপ্রাক্বত ভাষায় যথার্থক কথিত হইয়াছে। সমাস-প্রকরণেও तामकृष्ण (वन्य), जितामी (वि छ), অব্যয়ীভাব কৃষ্ণপুরুষ (তৎপুরুষ), পীতাম্বর (বহুব্রীহি) ইত্যাদি হইয়াছে। **সং**জ্ঞিত ভগবন্নামে ফলকথা এই যে কৃষ্ণপাদপদ্ম-সেবা-

লাভই যথন মুখ্যতর উদ্দেশ্য এবং

চরম ফল নির্দিষ্ট হইয়াছে, তখন

যাহাতে প্রথম হইতেই শ্রীক্তফের নাম.

বিষয়ে চিত্ত-প্রবণতা আসে, সেই

এইরিনামামৃতব্যাকরণই আলোচ্য,

যেহেতু ব্যাকরণে লব্ধব্যুৎপত্তি না

হইলে দর্শন, স্থৃতি প্রভৃতি শাস্ত্রে

পরিকর ও লীলাদি

বিভার

শ্রীমদ্-

৮৪০টি শ্লোক

রূপ, গুণ,

প্রবেশাধিকারই হয় না।

হরিনামার্থদীপিকা (পাটবাড়ী পুঁথি
বি ২০৭) শ্রীহরিনামের ব্যাখ্যানবিশেষ।

হরিভক্তিত্ত্বসারসংগ্রহ——শ্রীপুরুষোত্তম শর্ম-কর্তুক সঙ্কলিত

শাস্তবর্ষ

শ্লোক।

প্রায়

ভাগবতের

যে শ্রীমন

উদ্ধার করিয়া গ্রন্থকার ইহাতে মুখ্যত: শ্রীহরিভক্তির পরমপুরুষার্থত্ব, ন্মনাধ্যত্ব, পূর্ণার্থত্ব, সর্বপূজ্যত্বাদি প্রদর্শনক্রমে জ্ঞানের বৈফল্য, কর্ম-যোগের দোষাদ্যম্ব. স্বর্গাদিলোকের বৈফল্যাদি প্রতিপাদন করত ভক্ত-গণের অভয়ত্ব নির্ণয় করিয়াছেন। তৎপরে ভক্তির লক্ষণ, সাধুসঙ্গ-মহিমা, সাধু-লক্ষণ, সৎসঙ্গলাভের উপায়, শ্রীগুরুপ্রপত্তি ইত্যাদির যথাযথ বর্ণনা করত ভক্তজীবনে উত্থানপতনাদির সকারণ নিদেশ-পূর্বক শ্রবণাদি নববিধা ভক্তির নিরূপণ করা হইয়াছে। প্রীমদ্বিষ্ণপুরী-পাদের 'বিফুভক্তিরত্বাবলীর' আদর্শে ইহা রচিত বলিয়া অমুমিত হইলেও ইহাতে গোৎকর্ষ বৈশিষ্টাও দ্রপ্টবা। শ্রীবিষ্ণুপুরী প্রথম বিরচনে ভক্তি-সামাত্ত-লক্ষণ, দ্বিতীয়ে সৎসঞ্চ-বর্ণনা করিয়াই তৃতীয় হইতে হাদশ বিরচনে শ্রবণাদি নবধা ভক্তির সুন্নিবেশ করিয়াছেন; ইহাতে কিন্তু ভক্তিরই পরমপুরুষার্থত্ব-স্থাপনে গ্রন্থকার শ্রীমদ্ভাগবতের বহু শ্লোক উদ্ধার করিয়াছেন, অন্বয়-ব্যতিরেকমুখে দৃঢ়তা সম্পাদন করত কর্মজ্ঞান যোগাদির নির্দন করত ভক্তিদেবীর মহামহিমা মুক্তকণ্ঠে উদুঘোষিত করিয়াছেন। বিষ্ণুভক্তিরত্নাবলীতে শ্লোক ৪০৭, ইহাতে ৮৫২ ; তন্মধ্যে মঙ্গলাচরণে ও স্বরুত শ্লোক উপসংহারে দশটি। হরিভক্তি-ভর্জিণী—শ্রীবিপিনবিহারী

গোস্বামি-রচিত তরঙ্গ-ত্রয়াত্মক স্মতি-গ্ৰন্থ। মূল সংশ্বত ভাষায় এবং অমুবাদ তদীয় পুত্র ললিতারঞ্জ

নক্তকৃত্য; রাগামুগাদি বিবিধভঞ্জি গোস্বামি-ক্লত। শ্রীমদভাগবত, বিষ্ণু-পুরাণ, পদ্মপুরাণ, নৃসিংহ-পরিচর্যা, প্রভৃতি সপ্রমাণ বিগ্রস্ত আছে। **শ্রীহরিভক্তিবিলাস**— শ্রীচৈত্যু-গৌতমীয় তন্ত্ৰ. ময়াদি-সংহিতা, রামার্চনচক্রিকা, সনৎকুমার-সংহিতা, চরিতামৃত মধ্য ২৪।৩১৯ ক্রমদীপিকা, গীতা, উজ্জ্বল, গোবিন্দ-হইতে জানা যায় লীলামৃত, সংকল্পকল্ম প্রভৃতির মহাপ্রভু শ্রীসনাতন প্রভুকে 'বৈষ্ণব-আধারে এই সংকলন করিয়াছেন। স্থৃতি' প্রণয়ন করিতে আজা দেন প্রথম তরঙ্গে সদাচার, ভক্তিভেদ, এবং তিনিও দৈল্ল-বিনয়-সহকারে প্রেমাভ্যুদয়ক্রম, শরণাপত্তি, ভক্ত-প্রীপ্রভূচরণ হইতে তদ্বিষয়ক 'সূত্র' প্রাপ্ত হন (২৪।৩২৪—৩৩৯)। লক্ষণ ও আচার; দ্বিতীয়ে—নিত্য-এই আদেশ প্রাপ্ত হইয়া শ্রীপাদ কুত্য, প্রাতঃস্মরণকীর্তনাদি, শৌচবিধি, প্রাণায়াম, অঙ্গন্তাস, স্নানবিধি. স্নাত্ন স্বয়ং অন্তান্ত গ্রন্থরচনায় ব্যাপত থাকায় প্রীমদ গোপালভট্ট সন্ধ্যাবিধি, দেবাদিতর্পণ, মন্দিরাদি-প্রভুকে শ্রীমন্মহাপ্রভু-কর্তৃক স্থচিত সংস্কারবিধি; তৃতীয়ে—দাদশশুদ্ধি, স্ত্রামুগারে একথানি বৈষ্ণব-শ্বতি অর্চনবিধি, আচমন, তিলকবিধি, রচনা করিতে ইঙ্গিত করেন। আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, ভূতাপসারণ, ভট্টগোস্বামীও তাঁহার ভূতশুদ্ধি, অজ্ঞাসাদি। খ্রীগোরার্চনে কুপাদেশে উদ্বন্ধ হইয়া 'শ্ৰীশ্ৰীহরি-ধাম, ধ্যান, মন্ত্র, গায়ত্রী, স্তুতি, ভক্তিবিলাস' প্রণয়ন করিয়াছেন। প্রণামাদি. তজ্ঞপ শ্রীনিত্যানন্দ, উহা 'লঘু হরিভক্তিবিলাস' নামে শ্রীঅদৈত, শ্রীগদাধর [এই স্থলে কথিত হয়েন এবং অগ্তাবধি জন্নপুরে নৈবেতার্পণে বিশেষ—শ্রীবিশ্বস্তর-গ্রীগোবিন্দ-গ্রন্থাগারে এবং শ্রীবৃন্দাবনে ভুক্তাবশেষই শ্রীপণ্ডিতগোস্বামিকে শ্রীরাধারমণ-সেবাইত গোস্বামিদের নিবেদন করিতে হইবে], প্রীবংশীবদন, গ্ৰহে ও রাজসাহী বরেন্দ্রামুসন্ধান-্প্রীবাস; শ্রীবিষ্ণুপ্রিয়া [শ্রীগৌর- 🕽 সমিতিতে বর্ত্তমান আছে। এই বিফুপ্রিয়ার পুথক ধ্যানমন্ত্রাদি] শ্ৰীপাদ প্রভৃতিকেও পৃথক্ পৃথক্ মন্ত্রধ্যানে গ্ৰন্থ-সাহায্যে পূজা করিবে। খ্রীগোরের অষ্ট্রকালীন পরিবর্ত্তন-পরিবর্দ্ধন সহকারে বর্ত্তমান আকারে 'দিগ্দশিনী' টীকা সহ नीना। ञीतृसावन-शान, ञीकृष्ट বুহদায়তন 'হরিভক্তিবিলাস' প্রণয়ন নীরাজন, পূজাদি, কর্মার্পণাদি, করিয়াছেন। প্রত্যেক বিলাসের শেষে মূলমন্ত্ৰজপ; শ্রীবালগোপাল.

্কেমারগোপাল, পৌগওগোপাল,

শালগ্রামার্চন, জীরাধাক্ষণর্চন,বলদেব-

রেবতীর অর্চন, গোপীশ্বরার্চন

বৈষ্ণবদেবা, মহাপ্রসাদসেবা, ভক্তসঙ্গ,

शानानि :

নামাপরাধাদি:

কৈশোরগোপালাদির

गानानिर्गानानि.

ভটবিলিখিতে ইত্যাদি। শ্রীহরিভক্তিবিলাসে লেখ্যপ্রতিজ্ঞা (হ ১ie-২৭) I (১) স্কার্ণ শ্রীগুরুর আশ্রয়-গ্রহণ, (২) শ্রীগুরু-লকণ, (৩) শিষ্যলকণ (৪) গুরুশিষ্য-

লিখিত আছে—ইতি শ্রীগোপাল-

তত্ত্ব-

পরীক্ষাদি, (e) ভগবানের

गाराज्या पि. (७) मञ्ज-माराज्या, (१) মন্ত্রাধিকারী, (৮) সিদ্ধাদি-শোধন (৯) মন্ত্রসংস্কার, (১০) দীক্ষা, (১১) নিতা বান্সমূহর্তে শুভ কৰ্মজন্ত গাঝোখান, (১২) নিত্য পবিত্রতা [হস্তপাদ-প্রকালন, **দ** खशावन. আচমনাদি শুচিতা], (১৩) শ্রীক্লফের প্রাতঃস্থরণ, (১৪) বাভাদি সহকারে প্রবোধন, (১৫ নির্মাল্য-উন্তারণাদি. (>७) मझनातां जिक, (>१ निष्य मन-মুত্রাদি ত্যাগ, (১৮) শৌচ, (১৯) আচমন, (২০) দন্তধাবন, (25) মান, (২২) তান্ত্রিকসন্ধ্যা, (20) मिनत - मःश्वात, श्वास्त्र किमाना नि. (২৪) পুষ্পতুল্দী প্রভৃতির আহরণ, (२৫) वहिर्फ र्म छीर्थाि ना थाकिरन নিজগৃহে স্নান অথবা ভগবন্মনির-মার্জনাদির পরে পূজার জন্ম পুনঃ মান, তাহাতে উষ্ণ জল ও আমলক ইত্যাদির ব্যবস্থা স্বীকৃত। (২৬) স্নানাম্বর স্বীয পরিধেয়-ব্যবস্থা, (२१) जाठमनापित जन निजामन. (२४) छेर्षश्र्ध, (२३) लाशीहन्सनापि. চক্রাদিমুক্রা, (৩১) মালা, (৩২) গৃহে সন্ধ্যা, (৩৩) শ্রীগুরুর व्यर्চना, (७৪) श्री छक्त माराष्ट्रा, (৩৫) তৎপরে শ্রীক্লফমন্দিরের দার-দেশ ও মধ্যগৃহের বন্দনা, (৩৬) পূজার্থ স্বীয় আসন, (৩৭) অর্ঘ্যাদি-স্থাপন, (৩৮) বিদ্মবারণ, (৩৯) শ্রীগুরু, পরমগুরু প্রভৃতিকে নতিস্তৃতি, (৪০) ভৃতশুদ্ধি, (৪১) প্রাণায়াম, (৪২) স্থাস, (৪৩) পঞ্চ মুদ্রা, (৪৪) শ্রীকৃষ্ণধ্যান (৪৫) শ্রীকৃষ্ণের অন্তর্রচন [অন্তর্যাগ], (৪৬) পূজাস্থানাদি,

(৪৭) শ্রীভগবদ্বিত্রহ ও শ্রীশালগ্রাম শাধুগণ (১০২) সাধুসঙ্গ, (১০৩) শিলাদির লক্ষণ, (৪৮) দারকোন্তব অসংসম্পত্যাগ, (১০৪) অসংলোকের গতি, (১০৫) বৈষ্ণবগণের উপহাস ও চক্রাদি, (८०) ক্ষালনাদিশুদ্ধি, (৫০) পীঠপুজা, (৫১) শ্রীমৃতি প্রভৃতির নিশাদিজাত কুফল, (১০৬) শাধু-গণের সম্মানন, (১০৭) বিষ্ণুশাস্ত্র, আবাহনাদি, (৫২) মুদ্রাদি, (৫৪) व्यामनामित्र ममर्भन, (৫৫) ज्ञान, (৫৬) (;04) শ্রীমদভাগবত, (১০৯) শভাঘণ্টাদি বাছা, (৫৭) সহস্রনাম, লীলাকথা, (১১০) ভাগবত ধর্ম, (৫৮) পুরাণপাঠ, (৫৯) বসন, (৬০) (১১১) সন্ম্যোপাসনাদি ক্রিয়া, (১১২) বৈষ্ণবদের কর্মপাত-পরিহার অর্থাৎ উপবীত, (৬১) বিভূষণ, (৬২) গন্ধ, তদ্দোষ-নিরাকরণ-সিদ্ধান্ত, (১১৩) (७०) जूनगीकार्ष्ठत हमान, (७४) পুষ্প, (৬৫) বিল্লাদিপত্র, (৬৬) তুলসী, কালত্ত্রে পূজাবিধি-বিশেষ, (১১৪) রাত্রিক্বত্য, (১১৫) পূজাফল-সম্পূর্ণতার (৬৭) অঙ্গ, উপাঙ্গ ও আবরণাদির অর্চনা, ৬৮) ধূপ, (৬৯) দীপ, (৭০) প্রকার, (১১৬) পূজা বা এীমৃতির দর্শন, (১১৭) প্রীবিষ্ণুর প্রীতি-উদ্দেশ্তে নৈবেজ, (৭১) পান, (৭২) হোম, কপিলাদি দান, (১১৮) নানা উপচার (৭৩) বিম্বক্সেনাদি ভক্তগণকে (১১৯) উপচারের অলাভে পূজা-ভগবছচ্ছিষ্টদানরূপ বলিক্রিয়া, (৭৪) সম্পাদন, (১২০) শর্মবিধি, (১২১) গণ্ড, ষার্থ জল, (৭৫) লবক্তাঘূলাদি প্রীভগবানের পূজা-মাহাত্ম্য, (১২২) মুখবাস, (१७) পুনরায় দিব্যগদাদি, শ্রীনামের অভুত মাহাত্ম্যা, (১২৩) (৭৭) রাজোপচার ছত্র চামরাদি, নামাপরাধ, (১২৪) ভক্তি, (১২৫) (৭৮) গীতবাঅনুত্য, (৭৯) মহা-প্রেম, (১২৬) শরণাগতি, (১২৭) নীরাজন. (৮০) তৎকালে শঙ্খাদিবাত্ত. একাদশী, (১২৮) অষ্ট (৮১) मुख्य भद्धावाता नीताखन. পক্ষয় (৮২) স্ততি, (৮৩) নতি, (৮৪) মহাঘাদশী. (১২৯) ঘাদশ মাদের প্রদক্ষিণ, (৮৫) জপ, (৮৬) প্রার্থনা ক্বত্যাদি, (১৩০) পুরশ্চরণ বিধি, (১৩১) মন্ত্রসিদ্ধির লক্ষণ, (১৩২) অপরাধ-মার্জনা, (৮৭) নানাবিধ ভগবানের মৃত্তি-নির্মাণ ও সংস্থার অপরাধ, (৮৮) নির্মাল্যধারণ, (৮৯) শ্রীমৃত্তি-প্রতিষ্ঠা, (508) (500) ভগবন্ধীরাজিত শঙ্খজল. গ্রীবিষ্ণুমন্দির, (১৩৫) জীর্ণোদ্ধার, শ্রীচরণ-জল, (১১) তুলসী-পূজা, (১৩৬) প্রীতৃলসী-বিবাহ এবং (১৩৭) (৯২) তুলদীতলম্থ মৃত্তিকা, (৯৩) जूननीकार्थ, (28) आयनकी-माहाजा, একান্তিভক্তগণের কৃত্য | সকল বিষয়ের বিস্তৃত আলোচনা (२६) स्नात्मद निर्मिक काल, (३७) <u>শ্রীহরিভক্তিবিলাসে</u> প্রমাণাদিস্হ জীবিকার্জন. (৯৭) মধ্যাক্তকালে লিখিত হইয়াছে। বৈখদেবাদিশ্রাদ্ধ, (১৮) শ্রীবিষ্ণুকে ভক্তিরসামূতে (পূর্ব ২।৭২,২০১) অর্পণাযোগ্য বস্তু, (১৯) হরিভক্তিবিলাস হইতে প্রমাণ ব্যতীত ভক্ষণ ও অনিবেদিত ভক্ষণের সংগৃহীত হওয়ায় বলিতে হইবে যে দোষ. (১০০) নৈবেগ্যভক্ষণ. (১০৯)

ইহা তৎপূর্বে রচিত। ভক্তিরগামৃত
১৪৬০ শকাস্বায় রচিত হইলে

শ্রীহরিভক্তিবিলাস ১৪৬১ শকে রচিত
বলিয়া অন্থ্যান করা যায়।

হরিভক্তিবিলাসলেশ — শ্রীকানাই
দাস-কত।

বারভাজন্বলাগলেশ — আকানাং দাস-ক্বত। হরিভক্তিবিলাসের প্রায়ুবাদ (ঢাকাবিশ্ববিভালয় পুঁথি-সংখ্যা—১২৩১)।

২ বর্জনানের নিকটবর্তী রায়ানগ্রামবাসী দিজ ক্ষেত্রনাথ তর্কবাগীশ
বঙ্গভাষার শ্রীছরিভক্তিবিলাসের
পত্যায়বাদ করিয়াছেন। ইহাতে
একাদশী ব্রত, অষ্ট মহাদাদশী,
জন্মাষ্টমী, রামনবমী, নৃসিংহ চতুদ শী,
শিবরাত্রি, মাসক্বত্য, চাতুর্মাস্ত-নিয়ম,
ভীল্মপঞ্চক ও অধিমাসক্বত্য লিখিত
আছে। শেষ—'মূল টীকা দেখিয়া
যথামতি ভাষাছন্দে। শ্রীক্ষেত্রনাথ
দিজ্ফ করিল প্রবন্ধে॥ সংক্ষেপে লিখিল
এই বৈশুব ক্বত্যবিধি। রায়াননিবাসী তর্কবাগীশ উপাধি॥' প্র্বির
লিপিকাল—১২৩৭ (বঙ্গাক ?)।

হরিভক্তিস্থধোদয়—নারদীয় মহা-পুরাণের অন্তর্গত বিশ অধ্যায়ে ও ১৬২৩ শ্লোকে গুল্ফিত প্রকরণ-বিশেষ। হরিভক্তিবিলাস, রসামৃত, চৈচ (আদি ৭।৯৮, মধ্য ১৯।৭৫, २०।७১, २२।८२, २०।२०, २८।२७८) এবং রঘুনন্দনের অষ্টাবিংশতিতত্ত্ত ইহা হইতে ভুরি ভুরি প্রমাণ সংগৃহীত **इ**हेबारह। हेहारु ध्व श्रह्मानानि ভাগবতের চরিত, অশ্বত্থ ও তুলগী-মাহাত্মা, জ্ঞানযোগ ও ভক্তি প্রভৃতি বর্ণিত হইয়াছে। প্রথম অধ্যায়ে গোমতীর তীরে নৈমিবারণ্যে মহর্ষি-শৌনক-দর্শনে গণের আশ্ৰমে

নারদমুনির আগমন, দ্বিতীয়ে— নারদ-কর্তৃক কপিল-মুখে শ্রুত नात्रनीय श्रुतारणत माताःभ-वर्गनात প্রতিজ্ঞা, তৃতীয়ে—প্রায়োপবেশনে কুত্দংকল্প পরীক্ষিতের সভায় শুক-দেবের আগমন ও শ্রীহরিভজনের সর্বোৎরুষ্টতাদি প্রতিপাদন। চতুর্থে —রাজা পরীক্ষিতের ইষ্টপ্রাপ্তি: পঞ্চমে — বিষ্ণু-ব্ৰহ্মসংবাদে তীর্থ. অশ্বথবৃক্ষ, ধেম্ব, বিপ্র ও ভক্তরূপ প্রীহরের পঞ্চ শরীরের বর্ণনা,ভক্তগণের সর্বশ্রেষ্ঠত্ব, কর্মচক্রথণ্ডনে ভক্তগণের অকিঞ্চিৎকরত্বাদি; ষষ্ঠে ও সপ্তমে —শ্রুবচরিত্র : অষ্ট্রম হইতে সপ্তদশ অধ্যায় প্রহলাদ-চরিত, পর্যস্ত **अष्ट्रीमरम**—देवक्षव, जूनगी এवः অখথাদির মাহাত্ম্য, উনবিংশে-যোগোপদেশ এবং বিংশে পরমভক্তি-(याग-वर्गनानि ।

হরিলীলা - শ্রীমদ্ভাগবতের নিবন্ধ-বিশেষ, বোপদেব-কর্ত্ত্র **সংস্কৃত** ভাষায় গ্রথিত। ইহাকে শ্রীমদ-ভাগবতের অফুক্রমণিকা বলিলেও শ্ৰীমদভাগৰত স্থামুক্ৰমণি-কাত্মকং হরিলীলামূতং নাম শ্রীমদ-ভাগবত-গৃঢ়তত্ত্ব-প্রতিপাদকং প্রকরণং যত্ৰ প্ৰথমং ভাগৰতাৰ্ধং, তভ হরিলীলাভিধায়িতাং তত্র প্রমাণ-লক্ষণে চোপগ্ৰস্ত হাদশত্ব স্বন্ধের প্রথমস্বন্ধে বক্তুপ্রোতৃণাং, দিতীয়ে শ্রবণবিধেঃ, তৃতীয়ে সর্গস্থ, চতুর্বে বিসর্গক্ত, পঞ্চমে স্থানস্ত, উতে:, অষ্টমে পোষণস্ত, সপ্তম মবস্তরতা, নবম ঈশাতুকথায়াঃ, দশমে নিরোধন্ত, একাদশে মুক্তেঃ, ঘাদশ

নির পণ্পর্ত্বমভিধায় আশ্রয়প্ত প্রতিস্কন্ধনায়প্রকরণসঙ্খ্যে নিরুচ্য প্রতাধাায়ং প্রতিপাল-নিরূপণঞ্চ সংস্তবেশি। সম্যক শব্দতোইন্ন-তরোহপায়ং নিবন্ধ আয়াসমস্তরা-২ল্লীয়সা কালেন প্রীমদভাগবত-তত্ত্বং জিজাসমানানামলসমতীনাং মমুজ-সংহতীনাং **সপ্তাহং** বাচয়তাং চোপকারাতিশয়ং বিপশ্চিতাং ন্নমাধাশুতীতি ---- 'হরিলীলা'-ভূমিকায়াং।

হরিলীলা^২—বন্ধগোপালজি-প্রণীত,
বজ্জাবার ৫৫ পদে শুদ্দিত অষ্টযামিক লীলাচিত্র। ইহাতে প্রত্যেক
পদের পূর্বে একটি করিয়া দোহা
আছে। আর একটি বিশেবত্ব এই
যে ইহাতে যুগলের অষ্ট্র স্থীর কুঞ্জে
কুঞ্জে ক্রমশঃ লীলামালার সজ্জা
হইয়াছে। ['শ্রীব্রহ্মগোপালজি'
ক্রেইয়া]

হরিবংশ>—মহাভারতের বিশেষ। ইহা তিন খণ্ডে বিভক্ত। প্রথম হরিবংশ-পর্বে ৫৫ অধ্যায়ে ভূতকৃষ্টি, পৃথুমাহাত্ম্য, মন্বস্তরাদি-ক্থন, মুমুস্তগণের বংশাবলির বিবৃতি এবং বহু রাজগু-সন্ততি, দেবাস্থরযুদ্ধাদি, দিতীয় বিষ্ণুপর্বে ১२৮ व्यशास প্রীক্ষের জনাদি উষাহরণ পর্যন্ত যাবতীয় ব্যাপার এবং তৃতীয় ভবিষ্যপর্বে ১৩৫ অধ্যায়ে জনমেজয়-পুত্র - পর্যায়কথন হইতে নন্দ যশোদার সহিত এক্সঞ্সমাগম এবং ফলশ্রুতি প্রভৃতি হইয়াছে। ইহার টীকাকার নীলকণ্ঠ স্থরি বিষ্ণুপর্বের কতকগুলি লোকের ব্যাখ্যায় ঋক্ মন্ত্র উদ্ধার

করত একিঞ্চলীলা সমর্থন করিয়া-(হরিবংশ ছেন। २।३२।७६. থা২০।২৫, থা ২১।২৫ প্রভৃতি দ্রপ্টব্য)। **হরিবংশ** (পাটবাড়ী পুথি বাং পুরাণ ২৫) 'শিবানন্দ স্থত' ভবানন্দ-কৃত ১১৪৮ সনে লিখিত ৮০ পত্ৰাত্মক এক পুঁথি আছে। ইহাতে শ্রীরাধা-ক্লফের প্রেমময়ী আখ্যানমালা বঙ্গ-ভাষায় বিবৃত হইয়াছে। এই গ্রন্থ ঢাকা বিশ্ববিত্যালয় হইতে প্রীসতীশ-চন্দ্র রায় মহাশয়ের স্থযোগ্য সম্পা-১৩৩৯ সালে প্রকাশিত দ্ৰায় হইয়াছে। ইহা ১০৯৬ সালে লিখিত পুঁথির অন্ততঃ একশত বর্ষপূর্বে রচিত বলিয়া সতীশ বাবুর ধারণা। এই ভবানন্দ পুর্ববঙ্গের কবি। ইহাতে ১২৯টি বিবিধ রাগরাগিণীযুক্ত পদ चार्ह, ४५ है नीर्च विश्रनी ७ नघ ত্রিপদী এবং অন্তত্র পয়ার আছে। চণ্ডীদাসের শ্রীক্লফ্ষকীর্ত্তন ও ভবানন্দের रतिवः भ-्था हीन वाका नात नियुँ छ আদর্শ। আভ্যন্তরীণ বস্তু-বৈভব—

ভবানন্দের শ্রীরাধা প্রাক্তন সংস্কার-বশতঃ আবাল্য শ্রীক্নফে অমুরক্তা (বংশ ৪৬২--৪৭৭)। তিনি শ্রীকুফের স্বাভিলাষ দেখিয়াই লজ্জা-ভ্যাগে একুষ্ণকেই আত্মসমর্পণ করিয়াছেন (ঐ ৬২০—৬২৫, ৬৩২— ৬৪৫)। এম্বলে শ্রীরাধাকে বশীভূত করিতে শ্রীক্ষাের কোনই বেগ পাইতে হয় নাই। পূর্বরাগের পরে শ্রীরাধা শ্রীক্ষের জন্ম মহাব্যাকুলা ও মুর্চ্চাপ্রাপ্ত হইলে শ্রীমতী দখী ও মাতামহী বড়াইর যজে গ্রেই রজনীতে শ্রীক্ষাের সহিত

মিলন ঘটাইয়া ভবানন্দ প্রথম স্বকাব্যে সম্পূর্ণ নৃতন প্রেমচিত্র অঙ্কিত করিয়া অসামান্ত সহ্বদয়তা ও দিয়াছেন। কবিত্তশক্তির পরিচয় কুষ্ণকীর্তনে 'অচির' বিরহের পরে যতবারই বুন্দাবনে শ্রীক্বঞ্চের সহিত এরাধার মিলন হইয়াছে, প্রত্যেক বারেই বড়াই বা অগ্রাগ্ গোপীদের সহিত দধিবিক্রয়াদি করিতে মথুরাগমনই প্রধান ছল हहेग्राट्स, এই हतियाल पश्चितिव्हराव স্থােগ ত আছেই, তাহা ছাড়া স্থী গ্রীমতী বা ননদী মহোদার সঙ্গে যমুনায় জল আনিতে যাওয়ার স্থযোগ ঘটয়াছে। ক্বঞ্চকীর্ন্তনে রাধার শাশুড়ী ও নদদী চিরকালই উহার শক্র, হরিবংশে রাধা ও ক্লফের অপূর্ব কৌশলে প্রথম মিলনের किছूकान পর হইতেই ননদী कृषः-প্রেমের অংশভাগিনী হওয়ায় ননদীর বাক্য-জালা তত সহা করিতে হয় নাই; পক্ষান্তরে শাশুড়ীও যথোচিত শান্তি পাইয়া যশোদা ও মহোদা ক্সাদ্যের প্রামর্শে রাধার সম্বন্ধে উদাসীন হওয়ায় সময়ে মিলনের অসময়ে বাধা ঘটে

নাই। আবার 'হৃচির' ভবানন্দের রাধা রুফ্তকীর্ত্তনের রাধা হইতে অধিকতর সরলা. কোমলা এবং প্রেমবতী হইলেও শ্রীকৃষ্ণ কাতর বাক্যে মপুরায় যাওয়ার জন্ম বিদায় মাগিলে ভবানন্দের রাধার তেম ও শোকের সাগর একেবারে উদ্বেলিত হইয়া উঠে (৬৯৬৯--- ৭০৫৭), পরে তিনি মৃত্যুত্বরে 'তুরিতে আগিও, মাত্র

না করিও ব্যাজ' বলিয়া বিদায় দিলে এক্লিঞ্ড প্রীরাধার গলা ধরিয়া আলিঙ্গন দিলেন। এস্থলে ভবানন্দ <u> এরাধাকে</u> প্রতিজ্ঞামুসারে স্থদীর্ঘ এক বৎসর বিরহভোগ করাইলেও কিন্ত তদানীস্তন অসহ বিরহেও (মথুরাগমনের পূর্ববর্তী স্বয়ং ভগবতা-বিষয়ক স্বপ্ন দেখাইবার क्(न) উহা সঙ্গোপনের বিড়ম্বনা ভোগ করান নাই। এম্বলে শ্রীরাধার বিলাপে ছুইটি স্ক্রণ পদ কতকগুলি পয়ারে ভবানন্দ শ্রীরাধার বিরহদশার চিত্তচমকপ্রদ অরুন্তদ বর্ণনা দিয়াছেন। শ্রীমতী স্থীর <u> প্রীক্ষঞ্চানয়ন</u> জন্ম মথুরায় গমন, পথে ব্রাহ্মণের সহিত আলাপ-পরিচয়ে উভয়ের দারকাযাত্রা, দ্বারকানাথকর্ত্তক শ্রীমতীর শ্রীরাধার সন্দেশ-(৮২৯২--৮৩৬০)-শ্রবণ, শ্রীরাধার আনয়ন জন্ম উদ্ধবকে ব্রজে প্রেরণের ব্যবস্থা (৮৩৬৬) শ্রীরাধার দ্বারকায় গমন ও শ্রীকৃষ্ণ-(b8>8-b660), **সাক্ষাৎকার** শ্রীকৃষ্ণাঙ্গে শ্রীরাধার লীনতা (৮৬৬১ —৮৭২৫) ইত্যাদির বর্ণনায় কবি পুরাণ-বর্ণিত বা বৈষ্ণব মহাজনদের উল্লিখিত ঘটনা হইতে ভিন্ন পদ্বা ধরিয়া বিরহাত্মক মিলনের ব মিলনাত্মক বিরহের অপূর্ব চিত্র অন্ধিত করিয়া কাব্যের উপসংহার করিয়াছেন। প্রসিদ্ধ মহাভারতের অন্তর্গত

হরিবংশের অমুবাদ কিন্তু এই গ্রন্থ নহে — ইহা কবি ভবানন্দের স্ষ্টি-মাত্র। প্রসিদ্ধ হরিবংশে শ্রীরাধার নাম কুত্রাপি নাই, এন্থলে কিন্তু

বস্তুর সন্নিবেশে বাজালা পয়ার গ্রন্থ।

ভবানন্দ (৭৪৫৯--৭৪৮৬) বলিয়াছেন

হইয়াছেন—গ্রীরাধা।

রহস্তকথন-প্রস্তাবে

নিষেধহেতু প্রসিদ্ধ

3636

নায়িকাই

হরিবংশের

যে ঐকুফের

অমুরূপ

পয়ার পাওয়া

পদাবলী।

वर्णना ।

রচিত

বিরচিত

হোরীলীলার

ঠাকুরে

হরিবংশে শ্রীব্যাসদেব শ্রীরাধার প্রেমের কাহিনী বলেন নাই; অথচ বৈশম্পায়ন-কথিত হরিবংশে সেই नीना ना अनिशा. আবার পরে ব্যাদদেবের মুখে সেই প্রেমলীলা-শ্রবণে সন্দেহান্বিত হইয়া জনমেজয় প্রশ্ন করিয়াছেন। ব্ৰহ্মবৈবৰ্ত্তাদি পুরাণের কাহিনীর অবলম্বনে কবি ভবানন্দ কিন্তু শ্রীরাধাকুঞ্চের ব্রজ লীলা হরিবংশ-সম্মত মনে করিয়। তদ্বণিত সমস্ত লীলা-প্রসঙ্গকেই হরিবংশের 'বাখান' (২৮৫)-রূপে প্রচার করিয়াছেন। হরিবাসরদীপিকা — শ্রীরাধামোহন

মিত্র- (মোহন দাস)-কৃত সাত সর্গে শ্রীহরিবাসর-সম্বনীয় যাবতীয় জ্ঞাতব্য

১৭৩৭ শাকে রচিত। মংসম্বলনে ও পাটবাড়ী পুঁথি বি ২০৮ ।। হরেক্ষমহামন্তার্থ - নিরূপণ--শ্রীরূপগোস্বামিতে আরোপিত হুই

পত্ৰাত্মক পু'থি (Notices of Skt. Mss. 2966) উপক্রমে—'স্থমেরুঃ কুষ্ণচন্দ্র*চ সাক্ষী প্ররতধর্ময়োঃ।

হরেরুঞ্জমহামন্ত্রং জপেদ্ ভাগবতো-ভন: ॥' উপসংহারে—'আগত্য ত্র:খং

गर्বिষাং ব্ৰজবাসিনাম <u>স্তবান্</u> শীরাধাহারিচরিতো হরিঃ শ্ৰীনন্দ. नम्तनः ॥'

আরোপিত ফুদ্র প্রবন্ধ। রূপকের মধ্যে নিহিত তথ্যগুলি শ্রীগোরগণের नीनाग्र यथायथ मामञ्जन रुप्त ना বলিয়া কেহ কেহ ইহাকে অগ্ৰকত্ত ক

হাটপত্তন-শ্রীমন্নরোত্তম

বলেন। বঙ্গীয় রচিত

সাহিত্য পরিষদে (১৮২৩ নং) রামেশ্বর দাস-

যাইতেছে, অপচ তাহার নাম— 'হাটবন্দনা'। (পাটবাড়ী বি ২০৯) ইহার একখানি প্রতিলিপি আছে। হাটবন্দনা—-প্রেমবিলাস - রচয়িতা निज्ञानम पारमत রচনা বলিয়া কথিত। ২ নরোত্তমদাস-ভণিতায় অন্ত পুঁথি (সাহিত্যপরিষৎ পত্রিকা ৮, 9: ৩৩- ৩8)। হোরীমাধুরী-- এরপ-শিষ্য এমাধুরী-

উপক্রমে—হো হো হোরী বোলহী নওল কুঁবর মিলি খেলেঁ ফাগ। আগম স্থানি ঋতুরাজকো উপজ্যো মনমেঁ অতি অনুরাগ॥ ১॥ অস্তে--যাহী রস নিবছো সদ রহ কেলি তিহারী হো। নিরখী মাধুরী

সহচরী ছবিপৈ বলিহারী হো।

ব্ৰজ্জাধায়

বিবিধ রাগরাগিণীযুক্ত বসস্তকালীন

স্থরসাল

শ্রীশ্রীগোরগদাধরে বিজয়েতাম্

सीसीर्गीफ़ीश-रिवस्व-वार्षिधान

চতুর খণ্ড

ठीर्थावलो

'তীর্থ'-শব্দের তাৎপর্যাদি— 'ভ্ প্লবন-ভরণয়োঃ'+ থক্ 'পা-ভূ-তুদি-বচি-রিচি-সিচিভাস্থক (উণাদি) উত্তীর্ণ যাহালারা হওয়া যায়. তাহাই 'তীর্থ'। অমর কোষে তীর্থ শব্দে নিদান (আদিকারণ), निপान (क्लां श्रांत, नहीं পারের श्रांत) শাস্ত্র, ঋষি-সেবিত জল এবং গুরু (উপাধ্যায়) প্রভৃতিকে বুঝায়। বিশ্বপ্রকাশে—শান্ত, যুজ্ঞ. ্উপায়, গুরু, মন্ত্রী, অবতার এবং ঋষি-দেবিত জল (প্রভাস পুষরাদি)। তীর্থ ত্রিবিধ—জন্ম, যানগ ও ভৌম। শাতাতপ শ্বৃতিতে (১।৩৪) উক্ত হয় যে সাধু সজ্জন (ব্ৰাহ্মণ) গণই জন্মতীর্থ। 'ব্রাহ্মণা জন্মং তীর্থং নির্মলং সার্বকালিকম। যেষাং বাকোাদকেনৈব ভাগ্যন্তি মলিনা खनाः॥' जूनशी नामधी वनिशाहन —'মুদমঙ্গলময় সন্তসমাজূ। যে। জগ জঙ্গম তীর**প**রাজূ॥' 'মানস তীর্থ' विनाट में मा, क्या, हे सिय-निश्रह, দয়া, সারল্য, ব্রহ্মচর্য, দান, ধৃতি প্রভৃতিই বাচ্য। মনের শুদ্ধিই

সর্বোক্তম তীর্থ। 'ভৌম তীর্থ' শব্দে পৃথিবীর মধ্যে মহন্ত্বপূর্ণ স্থান-विटमबर्च (शक्रायमूनामि, অर्याशा মথুরাদি) লক্ষ্য। ভূমির অদ্ভত প্রভাব, জলের তেজ (গুণ) এবং শাধুগণের সমাশ্রয়—এই তিনটীই ভূমিবিশেষের পবিত্রতার (মহা° অহু° ১০৮।১৯)। বিভিন্ন বেদে তীর্থের অদ্ভুত মহিমা বর্ণিত हरेब्राटइ—श्रग्टवटम (स॰ ১०१४ १८। ৫) গঙ্গা, যমুনা, সরস্বতী প্রভৃতি নদীগণের স্তুতি আছে। ঐ ১০।১০৪।৮ মন্ত্রে ইক্সন্ততি-প্রসঙ্গে গঙ্গাদি সপ্ত নদীর তীর্থক্সপে প্রবহমানতা ও তত্রত্য তটদেশে যজ্ঞাদি-সম্পাদকতার ইঞ্চিত মিলে। ঋক (১০।১৬১।৯) 'আপো ভূষিষ্ঠা' মন্ত্রে মন্ত্রেষ্ট্রের পকে 🖰 কল্যাণের জন্ম তীর্থসেবনই প্রশস্ত। ঋক্পরিশিষ্টের 'সিতাসিতে সরিতে' ইত্যাদি মল্লে গঙ্গাযমুনার সঙ্গমে মানকারী ব্যক্তির মর্গপ্রাপ্তি ও মৃত জনের মোক্ষপ্রাপ্তির বর্ণনা আছে। অথর্ববেদে (১৮।৪।৭) 'তীর্ব্বেস্তরস্তি প্রবতো' মল্লে তীর্পাশ্রয়ে বিপত্তি- ু ১৬ ইত্যাদি।

পাপ-নাশন এবং পুণ্য-যোচন, লোকপ্রাপ্তির স্টনা আছে। যজুৰ্বেদে (১৬।৬১) তীর্থগেবির প্রতি রুদ্রের আমুকূল্য-বিধানের কথা পাওয়া যায়। মহাভারত^১ও ধর্ম-শাস্ত্ৰসমূহে^২ বহুত্ৰ তীর্থমাহাল্য কীর্ত্তিত হইয়াছে। বস্তুত: চঞ্চন মনের একাস্ত সংযমের উদ্দেশ্যে তীর্থাটনই বিহিত বলিয়া শ্রীমন্ মহাপ্রভূও ইঙ্গিত দিয়াছেন (রুচ)। শ্রীমদ্ভাগবতে (১।১৩। ১০) উক্ত হইয়াছে বে ভাগবতগণই স্বয়ং মহাতীর্থ ; তীর্থসমূহ মলিনজন-সম্পর্কে 'অতীর্থন্মন্ত' হইলে সাধু-স্বান্তরম্ব গদাধারী বিষ্ণুর শান্নিধ্য দিয়া তাঁহাদিগকে স্বস্থানে স্থাপিত করেন। অগ্যত্রও (ভা ১। হইয়াছে--'দাধবো বলা ত্যাসিনঃ শাস্তা ব্রহ্মিগ্ন লোকপাবনাঃ। হরন্তাবং তেইদসঙ্গাতেঘান্তে ভিদ্ধরিঃ॥ भश्याकीयत्नत উদ্দেশ্যই

১। বনপর্বে ৮২।১৭, ১৯, ৮৫।৯**০;** ২। বিজ্^স° **৩**থা**৬, ৩**৬।৮; অক্রিস° ৫৫, ৬ইত্যাদি।

2650 হইতেছে—ভগবৎপ্রাপ্তি বা প্রেম-সেবাপ্রাপ্তি। ত্র:খদ নশ্বর জাগতিক বস্তু ত্যাগ করত যাহাতে ভগবৎ-সম্বন্ধে মনঃসংযোগ হয়, তাহাই সর্বথা করণীয়, 'তঙ্খাৎ কেনাপ্যুপায়েন गनः क्रटकः निर्वेशस्य । ভগবরাম কিন্তু সর্বোপরিতন তীর্থ। স্বান্দ দারকা-মাহাত্ম্যে (৩৮।৪৫) প্রহলাদ বলেন-যিনি প্রত্যহ 'ক্বফ্ট কৃষ্ণ' উচ্চারণ করেন, তিনি অযুত যজের ফল ও তীর্থ-श्रुगा श्रीश्रि करत्न। কোটির धेरैकार नाम-महिमाও বহু পুরাণে লিপিবদ্ধ হইয়াছে (পান্ম উত্তর ৭২।

৩৪, ভা ৩।৩৩।৭; নারদ পূর্ব ৪১। >>२-->>8. श्वांस देवछव. देवभाध-মাহান্তা ২১।৩৬--৩৭ ইত্যাদি)। ভগবান শ্রীরামচন্দ্র (আনন্দরামায়ণে যাত্রাকাণ্ড), শ্রীবলদেব (ভা° ১০।

৭৮ ৭৯) শ্রীগোরাঙ্গ (চৈচ মধ্য ৭, ৮, ৯, ১৭—২৫ পরিচ্ছেদ) এবং শ্ৰীনিত্যানন (চৈভা আদি ১)১০৬

—২০৪) প্রভৃতিও তীর্থাটন করত তীর্থসমূহকে মহাতীর্থ করিয়াছেন। তদমুবন্তি-সাধুসজ্জনগণও তীর্থধাত্রা করিয়া তীর্থসমূহে স্বচরণরেণু রাখিয়া

আমরাও তাঁহাদের

করিলে তাঁহাদের পূত রজঃকণার

পদাঙ্কের অমুসরণক্রমে তীর্থভ্রমণ

গিয়াছেন।

স্পর্শে নিশ্চয়ই পরমাভীষ্টপথে অগ্রসর হইতে পারিব, দন্দেহ নাই। প্রীভগবানের লীলা-কথা-নিষেবণ্ট

তীর্থফলপ্রদ। কেননা क्र्यय হইয়াছে—তবৈত্ৰৰ গলা যমুনা চ বেণী. গোদাবরী সিদ্ধুসরস্বতী চ। সর্বাণি তীর্থানি বসস্তি তত্ত্র, যত্রাচ্যতোদার-

কথাপ্রসঙ্গ: ॥ ১ ॥ কথা ভাগবতস্থাপি নিত্যং ভবতি যদগ্যহে। তদগৃহং তীর্থক্লপং হি বসতাং পাপনাশনম্॥२॥ আবার একথাও মনে রাথিতে হইবে—ন হুময়ানি তীর্থানি ন দেবা মুচ্ছিলাময়াঃ। তে পুনন্ত্যক্ষলালেন पर्मनात्मव भाषवः॥७॥ (ভा ১२।

२०१२०)।

ভা

অক্র-নন্দগ্রামের নিকটবর্তী স্থান। শ্রীকৃষ্ণ-বলরামকে মথুরায় লইয়া

à->0, 9>1>9, 20-2>, 00-

যাইবার জন্ম অকুর এখানে এক্লিফের চরণচিহ্ন দর্শন করিয়া করিয়াছিলেন। তথায় শিলাখণ্ডে প্রীক্ষরে চরণ-চিহ্ন বিরাজমান। এখানেই শ্রীকৃষ্ণবলরাম অকুরের সঙ্গে

প্রথম মিলন করিয়া সাদর স্ভাষণ 'পূর্বক অক্রুরকে মথুরার বার্ত্তা জিজ্ঞানা করিয়াছিলেন।

· **অক্রুরতীর্থ**—শ্রীবৃন্দাবন ও মধুরার মধ্যপথে যমুনাতীরে অবস্থিত---্রত্রখানে অক্রুর শ্রীকৃষ্ণবৈভব দর্শন

করেন। গ্রীগোরপদাঙ্ক-পৃত ((ठेड° ड° यश ३४।१०)। र्यं बहन, कार्किकी एका अकाननी,

দাদশী ও পূর্ণিমাতে অক্রেঘাটে মাহাত্মাধিকা। কার্তিকী স্নানে

একাদশীতে ঐ তীর্থে ন্নান করত শ্রীগোপীনাথকে পরিক্রমা ত্বতপ্রদীপ দান বিধেয়। কার্ত্তিকী

শ্রীকুষ্ণের ভোজনলীলা উপলক্ষে ভাতরোলে निधि मत्मभापि नूहे इय ।

পূর্ণিমায় যাজ্ঞিক পদ্মীগণের নিকট

অক্ষয়বট---মথুরায় রামঘাট হইতে ভাণ্ডীর বনে যাইবার পথে অবস্থিত। (ভক্তি° ধা>৫৬৭)। ২ প্রয়াগে অবস্থিত। ৩ নীলাচলে শ্রীজগরাথ-

৪ গয়াধানে ব্ৰহ্মকুণ্ড-मन्मिद्द । मभौপে। অগন্ত্যাশ্রম—— প্রীগৌরনিত্যানন্দ-

পদাঞ্চিত (চৈ° চ° মধ্য ৯৷২২৩, रेंड° जा° जा २।२०३)

(ক) তাঞ্জোর জিলা—কলিমিয়ার পয়েণ্টে বেদারণ্যমের নিকটে অগস্ত্য পল্লীগ্রামে অগন্ত্য মুনির মন্দির আছে। (খ) মাছরা জেলার শিবগিরি

শিখরে অগস্ত্য-নির্মিত একটি স্থবন্ধণ্যের (স্বন্দের) মন্দির আছে।

কুমারিকা (旬) অস্তরীপের নিকটবর্ত্তী পঠিয়া-পর্বতকে অগস্ভ্যের 'বাসস্থান' বলে।

(ঘ) তাম্রপর্ণী নদীর উভয় পার্স্বে মোচাকৃতি শুঙ্গটি অগস্ত্যমলয় নামে বণিত হয়। (७) यश (इंग्लंड स्वामित्क त

নিকটবর্ত্তী মনমাড্ ষ্টেসন হইতে ১ মাইল দূরে অনকই ষ্টেমন, তাহা হইতে ৩ মাইল অগস্ত্যাশ্রম।

শ্ৰীনন্দলাল দেৱ—(Ancient and Mediaeval Geography of India) গ্রন্থে—

(>) নাসিক হইতে ২৪ মাইস দক্ষিণ-পূর্বদিকে অগস্তিপূরী। (২) নাসিকের পূর্বদিকে অকোলাতে অগস্ত্যাশ্রম।

(৩) বোছাই প্রদেশে কোলাপুর।

(৪) যুক্তপ্রদেশে সঞ্চিশা হইতে এক মাইল উত্তর-পন্চিমে এবং ইটা হইতে ৪০ মাইল দক্ষিণ-পশ্চিমে

সবৈরাঘাট। (৫) তাম্রপর্ণীর উদ্গম-স্থানে,

তিরেবেলী জেলায় অগস্ত্যক্ট।
(৬) (গারোয়াল জেলায়)
ক্ষদ্রপ্রয়াগ-হইতে >২ মাইল দুরে

সম্প্রাণ-হহতে সং নাহল দুন্ম অগস্তামূনি-গ্রামে আশ্রম ছিল। (৭) (মহা বন° ৮৮) বৈদুর্য

বা সংপুর পর্বতে। **অগস্ত্য কুণ্ড—**ব্রজ্মণ্ডলে, মধুরায়

অবস্থিত কংসকুপের নৈর্মত কোণে।

[হৈচ° ম° শেষ ২।১১৪]

অগ্রন্থীপ—কাটোয়ার তিন ক্রোশ

দক্ষিণে। অগ্রন্থীপ ঘাট প্রেশন

হইতে অগ্রন্থীপ একক্রোশ উত্তর।

তথায় শ্রীগোবিন্দ, শ্রীমাধ্য ও

প্রীবাস্থদেব খোবের বাস ছিল।

অপ্রবীপে প্রীগোবিন্দ ঘোবের সমাধি।

অনতিদুরে কাশীপুর গ্রামে বৃদ্দতলে

বোষ ঠাকুরের বাটী ছিল। ভাঁছার

জ্ঞাতিবংশ বর্তুমান।

'কিতীশ-বংশাবলী-চরিত' ১৮শ

'শিতীশ-বংশাবলী-চরিত' ১৮শ
অধ্যায়ে আছে—শ্রীচৈতভ্যের শিষ্য
শ্রীগোবিন্দ ঘোষ ঠাকুর অগ্রন্থীপে
শ্রীশ্রীপোপীনাথ-বিগ্রহ প্রতিষ্ঠা
করেন। তিনি শ্রীচৈতভ্যদেবের সঙ্গে
শঙ্গে থাকিতেন। একদিন শ্রীচৈতভ্যদেব আহারাক্তে মুখবাস-নিমিত্ত

হরীতকী চাহিলেই ঘোষঠাকুর প্রভূকে হরীতকী প্রদান করেন। ইহাতে সঞ্চয় করিয়া রাখা হইয়াছে জানিয়া শ্রীশ্রীমহাপ্রভূ শ্রীগোবিন্দকে

জানের। আত্রামহাপ্রস্থু আগোনিনকে বর্জন করেন। আগোনিনক ঘোষ কাতর হইলে তাঁহাকে আগোপীনাথ প্রতিষ্ঠা করিয়া দেবা করিতে

প্রতিষ্ঠা করিয়া সেবা করিতে আদেশ দেন। কথিত আছে যে বাক ঠাকুর স্বপুত্রের মত শ্রীগোপীনাথের সেবা করিতেন। পুত্রের বিয়োগে ঘোষঠাকুর অধীর হইলে গোপীনাথ তাঁহাকে সান্ধনা দিয়া বলেন যে শ্রীবিগ্রহই উাহার শ্রাদ্ধাদি করিবেন। চৈত্রমাসীয় ক্বফা একাদশীতে শ্রীশ্রীগোপীনাথ শ্রাদ্ধীয়

বাস ও কুশাঙ্গুরি পরিয়া শ্রাদ্ধ করিয়াছিলেন। এখনও প্রতিবৎসর ঐ দিনে শ্রীগোপীনাথ যথারীতি শ্রাদ্ধ করেন। রাজা ক্ষচন্দ্র মন্দির করিয়া দেন।

প্রাচীন স্থান গঙ্গাগর্ভে অর্দ্ধকোশ দুরে। তাহার নিকট শ্রীশ্রীরাধাকান্ত-জীউ। নাটোরের মহারাজের বৃত্তি আছে। অগ্রবন—আগরা।

অঘবন—(মথুরায়) অঘাম্বর-বধের ভান, বর্তুমান নাম—'দপোলী'।

ভা**স্কপাদ——** (সান্দীপনির আশ্রম) উজ্জায়নীর কিছু দ্বে অবস্থিত। এস্থানে শ্রীকৃষ্ণবলরাম এবং স্থদামা

সান্দীপনি মুনির নিকট অধ্যয়ন করিয়াছিলেন। গোমতী সরোবরের তীরে এক উপবনে সান্দীপনির গাদী আছে। মন্দিরে সান্দীপনি.

তাঁহার পূল, প্রীক্ষণ-বলরাম ও জ্বদামের মৃতি আছে। নিকটেই বিষ্ণুসাগর ও পুরুষোত্তম-সাগর।

এস্থানে বল্পভাচার্যের বৈঠক আছে।

অঙ্গ — গঙ্গা সর্যু-সঙ্গমস্থলস্থ দেশ—

বিহার প্রদেশ: ২ আধুনিক

ভাগলপুর ও মুঙ্গের জেলা। ও মগধরাজ্য—শ্তিনগমতন্তে বৈছনাথ হইতে জ্রীক্ষেত্র পর্যস্ত বিস্তৃত

ভূভাগকে 'অঙ্গ'দেশ বলা হইয়াছে। [চৈ° ভা° আদি ১৩।১৬১] **অজন্তা**—বোঘাই-দিল্লী লাইনে মনমাদ হইতে ১৯৯ মাইল দুৱে

জলগাঁও টেসন। এখান হইতে নোটর বাসে ৩৭ মাইল অজস্তা গুহা। চতুর্দিকে প্রবৃত্তেতি এ গুহা। প্রবৃত্তি আবার অর্দ্ধচন্দাকার, নীচে বাঘোরা নদী। প্রবৃত্তের মধ্যদেশ কাটিয়া ২৯টি গুহা নির্মিত হইয়াছে। এই গুহাগুলি ভিত্তি-

চিত্রের জন্ম বিশ্ববিখ্যাত। এইসব

বৌদ্ধগুহার মধ্যে বিশেষ দ্রষ্টব্য-

১, ২, ৯, ১০, ১২, ১৬, ১৯ও ২৬ নং গুহা।

তাজয় নদ—কুগ্রাম বা কোগ্রামের
উত্তর পার্ষে প্রবাহিত নদ। শ্রীলোচন
দাস ঠাকুরের শ্রীপাটের নিকটে।

চণ্ডীদাদের জনস্থান নাহ্বও ইহারই

আটল বন—গ্রীর্ন্ধাবনের দক্ষিণে।
আটলতীর্থ ও অটলবিহারী বিগুমান।
ভাতরোলে যজ্ঞপত্নীগণের হস্তে অন্ন
ভোজন-বিষয়ে পুট হইয়া এস্থানে

শ্রীকৃষ্ণ 'অটল হইয়াছে' বলিয়া-

। ৰ্হান্ত

ছিলেন। অত গ্রাম—(মথুরায়) পালিগ্রামের নিকটবর্তী শ্রীক্লফলীলাছল।

অব্বৈত-বট—শ্রীবৃন্দাবনে যে বটবুক্ষের

শ্রীঅদৈতপ্রস্থ অবস্থান তলে করিয়াছিলেন। শ্রীমদনমোহনপাড়ায় আদিতাটিলার নিকটে অবস্থিত। অধিরাচ ভীর্থ-স্থুরান্থিত যমুনার ঘাট, অবিমুক্ত ঘাটের निकर्ग অবস্থিত।

অনন্তন্যর বা অনন্তপুর-খানাকুল ক্ষণগরের নিকট। শ্রীঅভিরামের শিষ্য শ্রীহীরামাধ্বের শ্রীপাট। অনন্ত পদ্মনাভ--ত্রিবান্ত্রম্ জেলায়

বিষ্ণু-মন্দির। শ্রীগোরপাদান্ধ-পূত (চৈ° চ° মধ্য ৯।২৪১)।

অনন্তপুরম্ - [তিরু অনন্তপুরম্ বা পন্নাভ-ক্ষেত্র] বিষ্ণুমৃত্তি— প্রীঅনস্ত প্রনাভ অনন্ত-শ্য্যাশায়ী; ঐ স্থানের বর্ত্তমান নাম-ত্রিবান্তম। শ্রীগৌরনিভ্যানন্দ ঐ স্থানে গমন করিয়াছিলেন [চৈ° চ° মধ্য ৯।২৪১, চৈ° ভা° আদি ৯।১৪৮]।

অন্তর্দ্বীপ (আতোপুর)—শ্রীনবদ্বীপের অন্তর্গত নয়টি দ্বীপের অক্ততম, পূর্ব-কালে গঙ্গার পূর্বদিকে অবস্থিত ছিল িভক্তি° ১২।৫০]।

অব্বোপ-ত্রজের উত্তর-পশ্চিম সীমান্ত গ্রাম।

অমুকুট গ্রাম——গ্রীগোবর্দ্ধন গিরি-প্রান্তবর্তী রাজের আনোয়ার। শ্ৰীব্ৰজেন্দ্ৰনন্দন-কৰ্ত্তৃক এস্থানে গোবর্দ্ধন-যাগের প্রবর্ত্তন হয়। (চৈ° চ° মধ্য ১৮।২৬] গ্রীগোবর্দ্ধন পর্বতের শ্ৰীপাদ মাধবেন্দ্রপুরীর গোপালের মন্দির। স্থানীয় লোক এই গোপালকে শ্রীনাথজি বলেন। যতিপুরাগ্রামে গিরিরাজের মুখার-বিন্দ। অন্নকৃট গ্রামের সাধুপাড়ের গুহের নিকটে **শ্রীগোর্ব্দ্দনশিলা**য় শ্রীকৃষ্ণের দ্ধিকটরা ও ক্মল্চিফ্ আছে। গ্রামের দক্ষিণে শ্রীনাথজির প্রাকট্যস্থান—তৎপার্শ্বেই অনুকৃট স্থান।

অপ্সরা কুও-[মথুরায়] গোবর্দ্ধন-প্ৰান্তৰতী।

অভিরামপুর-(१) শ্রীদামোদর পণ্ডিতের বাসস্থান। **অমরকণ্টক** – মধ্যভারতে কটনী

হইতে ১৩৫ মাইল পেড্রা রোড্ ষ্টেদন। তথা হইতে মোটর বাদে যাওয়া যায়। অত্ত্য জালেশ্ব মহাদেব, কেশ্বনারায়ণ, মৎস্তেন্ত্রনাথ-মন্দির প্রভৃতি জ্বইব্য। পুরাণ-মতে অমরকণ্টক হইতে নৰ্মদা-সঙ্গম যাবং দশ কোটি তীর্থ আছে এবং এই পর্বতে শঙ্কর, ব্যাস, ভৃগু, কপিল প্রভৃতি তপস্থা করিয়াছেন। অম্বর (আমের) রাজস্থানে জয়পুরের

প্রাচীন রাজধানী—এখনো পুরাণ আছে। কিল্লার পাশেই সরোবর, মহলে কালীমন্দির ও স্থ-নিবাসের পাশে বিষ্ণু-মন্দির। গলতা টিলায় গালব মুনির তপোভূমি, শঙ্কর-মব্দির।

অম্বিকানগর—গ্রীগোরীদাস পণ্ডিত শ্রীসূর্যদাস পণ্ডিতের গ্রীপাট [কাল্না]। পরমানন্দ গুপ্তের বাসস্থান (१)।

অমিকা বন-মথুরার উত্তর পশ্চিমে অবস্থিত ভীর্থ। সরস্বতী-তীরে অম্বিকাদেবী (মহাবিছা), সরস্বতী কুণ্ড ও গোকর্ণ মহাদেব এই বনের অন্তর্গত। একদা ব্ৰজরাজ শিবচতুর্বশী ব্রতোপলক্ষে অম্বিকাবনে আসিয়া গোকর্ণেশ্বর দর্শন করত

রাত্রিকালে সরস্বতীকুণ্ডের তীরে শয়ন স্থদৰ্শন-নামক বিস্থাধর শাপভ্রপ্ত হইয়া সর্পদেহ ধারণ করিয়া-ছিল। সেই সূপ্রজরাজের চরণ করিতে থাকিলে শ্রীক্ষ সংবাদ পাইয়া উহার উপরে স্বচরণ স্থাপন করিলে সর্প দেহ ত্যাগ করত বিতাধর-স্বরূপে **এক্রিফকে** করিয়া স্বধামে গমন করিল। শ্রীচৈতন্ত্র-পদান্ধিত ভূমি [চৈ° ম° শেষ ২। ৩২৬]। ২ গুর্জর-দেশস্থ সিদ্ধপুর-নিকটবর্তী তীর্থ- সনা জী। অমুয়া মুলুক—'প্যারিগঞ্জ' দ্রুইব্য । **অমূলিজ ঘাট**—চব্বিশ পরগণার অবস্থিত, ছত্রভোগে গঙ্গার ঘাট, শ্রীগোর-পদাঙ্কপৃত (চৈ° ভা° অস্ত্য 2160-60)1 অবোধ্যা-ক্ষজাবাদ টেশন হইতে

व्ययाध्याचा छे एहे ना ना निया प्रहे মাইল--- সর্যু তীর প্রভৃতি। (हৈ ভা আদি ১০১২) যুক্ত প্রদেশের জেলা —শ্রীশ্রীরামচন্দ্র-জন্মস্থান। নিত্যানন্দ-পদান্ধিত। ২ (রসিক পূর্ব ১২)—মেদিনীপুরের এই গ্রামে

শ্রীশ্রীশ্রামানন্দ প্রভু ও শ্রীরসিকানন্দ-প্রভু বাস করিয়া যাত্রা মহোৎসবাদি করিতেন। অযোধ্যা কুণ্ড—ব্রজে, কাম্যবনে

অবস্থিত (ভক্তি ৫।৮৭৮)। অরিষ্টকু ও—বজে, রাধাকুও বা আরিট গ্রামে অবস্থিত খ্যামকুণ্ড (অরিষ্টান্তর-বধের স্থান)।

অবোড়া-বগুড়া জিলায়, মহাস্থানের কবিবল্লভের मभी (भ। জন্মস্থান (त्रमकन्छ २२१)।

অর্কলোল (ভক্ত ২।৪) বৃন্দাবনে

মদনটেরের সন্নিকটবর্ত্তী জান— শ্রীসনাতন প্রভুর সর্বাচ্চ নিবাসস্থান। অর্ঘ্যকুণ্ড---(মথুরায়) কাম্যবনে অবস্থিত (ভক্তি ৫।৮৭৯)। অদ্ধচন্দ্র তীর্থ-মথুরায় অবস্থিত (ভক্তি° ৫।১৯৮ - ২০২) মথুরা-বাহিনী যমুনার অর্দ্ধচন্দ্রাকারে অবস্থিত চব্বিশ ঘাই। অলকানন্দা-গলা। ২ প্রীধাম নব-

দীপের এককোশ পূর্বে গঙ্গার খাল। অবন্তা-মালবরাজ বিক্রমের রাজ-ধানী, শিপ্রানদীর তটে অবস্থিত: मानवरमरभत প্রাচীন নাম—উজ্জ্বিনী। শ্রীনত্যানন্দ-পদান্ধিত [চৈ° ভা° वाि ।। २३७ ; ऐब्बिशिनी सहैया ।। অবিমুক্ত তীর্থ-মথুরায় অবস্থিত যমুনার ঘাট [ভক্তি ৫।২৪৯—৫০] অশোকবন-- শ্রীব্রজমণ্ডলম্ব গিরি-গোবর্দ্ধশোপরি ব্রহ্মকুণ্ডের তীরে শ্ৰীকৃষ্ণকেলিকানন। অবস্থিত শ্রীগোরাঙ্গ-পদান্ধিত ভূমি (১৮° ম° (শ্ব ২|২৪১—২৪৬) |

অশ্বক্রান্ত-গোহাটীর নিকটবর্তী উচ্চ পাগড়ের উপরে অনন্তশায়ী বিষ্ণুমূর্ত্তি ও কুর্যরূপী জনার্দদের মৃতি আছে। পাহাডের পাদদেশে অখক্রান্ত কুণ্ড। ও কালিকাপুরাণে যোগিনীতস্ত্রে ইহাকে মন্ত্ৰ-সিদ্ধির ক্ষেত্র বলিয়া কথিত প্রবাদ--নরকাম্বরের বা বাণাস্থরের সহিত যুদ্ধার্থী ক্রফের অখ এই স্থানে বিশ্রাম করত ক্লান্তি দুর মতান্তরে ক্রিণীকে কবিয়াছিল . হরণ করিয়া পলায়নকালে শ্রীক্রফের অশ্ব ক্লান্ত হইয়া এখানে বিশ্রাম করিয়াছিল বলিয়া নাম হয়---একটি অখুক্রান্তা। পর্বতগাত্তে অশ্বর অঙ্কিত আছে।

তীরবর্ত্তী ঘাট ভিক্তি এ২৮৬—২৮৭, ৩২৬—৩০]। এই ঘাটে চতুর্দশী ও অমাবভায় সংযত ভাবে স্নান করিয়া বরাহ,বামন, হনুমান ও গণেশের দর্শন বিধেয়। কার্ত্তিকী শুক্লা একাদশী ও দাদশীতে স্নান বিশেষ ফলপ্রদ।

অসিকুণ্ড ভীর্থ-মথুরায় যমুনার

অহোবল - (অহোবিলম মনির) দাক্ষিণাত্যে কর্ণুল জেলার সার্বেগ তালুকের অন্তর্গত। পার্শ্ববর্তী অক্সান্ত আটটি নৃসিংহ বিগ্ৰহ যুক্ত মন্দির মিলিয়া 'नव नृजिःश-मिलत' नारम কথিত। প্রধান মন্দির চৌষ্টিটি স্তান্তের উপর নিশ্মিত। ঐ স্কন্তগুলির প্রত্যেকে আবার ক্ষুদ্র ক্ষুদ্র স্বস্তে খোদিত। মন্দিরের সম্বরে তিন ফিট-ব্যাসবিশিষ্ট ও প্রচুর স্থাপত্য-কাক্ত-কার্যের নিদর্শনরাপে শ্বেত-প্রস্তর-নিশ্মিত প্রকাণ্ড-স্বস্তব্যক্ত অসম্পূর্ণ অথচ অতিবিচিত্র মণ্ডপ বিরাজ করিতেছে। (কণুল-ম্যামুয়েল)। প্রীগোরাঙ্গ-পদাঙ্কপুত িচৈ° চ° মধ্য ৯।১৬]। প্রবাদ— এই স্থানে হিরণ্যকশিপুর রাজধানী ছিল এবং এইস্থানেই শ্রীনৃসিংহদেব-প্রকট হইয়া প্রহলাদের রক্ষা করেন। শ্রীরামচন্দ্রও বনবাস-কালে এস্থানে আগিয়াছিলেন। ইহা রামান্ত্রজ সংপ্রদায়ের একটি মুখ্য পীঠ।

四, 是, 茅

আইটোটা----শ্রীপুরুবোত্তমক্ষেত্রে গুণ্ডিচা-মন্দিরের প্রাক্তবর্জী উন্থান-রথযাত্রার বিশেষ : শ্রীশ্রীমন্মহাপ্রভুর বিশ্রামস্থান (চৈ° চ° মধ্য ১৪/৬৫) | আউড়িয়া---বর্মান জেলায়

কাটোয়ার ৬।৭ মাইল मिक्टन. নিগন ষ্টেশন হইতে ৬।৭ মাইল পূর্বে । শ্ৰীকেশব ভারতীর প্রাতৃবংশীয়গণের বাসস্থান।

আউলে গ্রাম-বর্দ্ধমান জেলায়। একাংশে গোবিন্দ ঘাট। খ্রীগোপাল বিগ্রহ আছেন। কমলাকাস্ত-রচিত 'সাধকরঞ্জন'-পুঁ থিতে আছে,—শ্রীপাট গোবিন্দঘাট গোপালের স্থান। প্রভ চল্রদেখর গোস্বামী মহাজন'॥ আকনা-মাহেশ-ভগলী জেলায়, বল্লভপুরের দক্ষিণে গঙ্গার তীরের উপরই প্রাচীন স্থান ছিল; এক্ষণে

শ্রীপাটের চিহ্ন এবং নাম পর্যান্তও

নাই। একবিচন্দ্র ঠাকুরের এপাট। আকাইহাট-বর্দ্ধমান জেলায় দাই-হাটের এক মাইল পূর্ব-দিকে, মাধাই-তলা শ্ৰীপাট হইতে আধমাইল দক্ষিণে। ইহা দ্বাদশ গোপালের অন্তত্য শ্রীল কালাক্বঞ্চ দাসের শ্রীপাট; ইহাকে 'পাটবাড়ী' বলে। এস্থানে গ্রীকালাক্বঞ্চাদের সমাধি আছে। একটি ছোট পুষ্করিণী আছে, ইহাকে 'নৃপুরকুণ্ড' বলে। সেবায়েতগণের

আরও কতকগুলি সমাজ আছে। প্রাচীন বিগ্রহ কুড়ইগ্রামে গিয়াছেন। বারুণীতে উৎসব হয়। [এ প্রসঙ্গে 'সোণাতলা' দেখন]।

আগরতলা--খ্রীনিত্যানমপ্রভুর পৌত্র শ্রীগোপীজনবল্লভের বংশধরগণের বাস। রাজবাডীতে মহারাজ যুধিষ্ঠির-কতু ক প্রদত্ত হস্তিদন্ত-সিংহাদন আছে (রাজমালা ১।৩২৫)। (ব্ৰন্থে) আগিরারো মুঞ্জাটবী বলিয়া প্রসিদ্ধ। মতাস্তরে—ভাণ্ডীরবন হইতে ৬ মাইল অগ্নিকোণবর্তী আরাগ্রামই প্রসিদ্ধ মুঞ্জাটবী।

আগ্রা-যমুনাতীরে অবস্থিত প্রাচীন নগরী, প্রীগোরাঙ্গ প্রীরুষ্ধাবন-গমন-কালে এই স্থানে যমুনা পার হয়েন [১চ° ম° শেষ ২।৩৯]। ইহার নিকট রেণুকা-নামক গ্রামে পরশু-রামের আবির্ভাব হয়। ২ শ্রীহিত-হরিবংশের জন্মস্থান।

আজই—ব্রজে, চৌমুহার এক মাইল দক্ষিণে। ব্রহ্মমোহনের পরক্ষণে ব্রজশিশুরা এস্থানে আগমন করত বলেন—'এীকৃষ্ণ আজই অঘাত্মরকে বধ করিয়াছেন।' তদৰধি স্থানের নাম—'আকই'।

আঁজনক—ত্রজে, যাবটের দক্ষিণে ও নন্দীর্থারের পূর্বে। ইন্দুলেখার জনস্থান, [মতান্তরে পেশাইতে] গ্রামের দক্ষিণে অঞ্জনশিলা আছে। শ্রীকৃষ্ণ স্বহস্তে এস্থানে শ্রীরাধার নেত্রে অঞ্জন পরাইয়াছেন। ভিক্তি @|>>6|--96]

আজমীর-এই সহরে 'থাজা সাহেব' নামে এক প্রভাবী পীর আছেন। হিন্দু মুসলমান সকলেই ওখানকার

याकी। अञ्चादन हज्जनाथ-नादम अक অনাদি শিব ছিলেন। তাঁহার নিকট এক বটগাছে ভিস্তীওয়ালা জলসমেত ভিস্তী রাখিয়া আহার করিতেছিল—ভিস্তীর জলবিন্দু শিবের মস্তকে পড়িতে থাকিলে মহাদেব সম্প্র ও প্রকট হইয়া।ভিন্তীওয়ালাকে বর দিলেন যে সেইদিন হইতে ঐ স্থানে শিবের নাম গুপু হইয়া তাহার নামই প্রকাশিত হইবে—শিবের উপর মদজিদ কবর হইবে এবং ভাহার নাম 'খাজা সাহেব' হইবে। তত্ত্ত্য দেবাইতগণ কিন্তু ওখানে করিতে আহার পারিবে না। ঐ স্থানে ফকির দেহতাগৈ করিলে তাঁহার কবর দেওয়া হয়। তাঁহার পরিবারগণ ফকির হইরা শুদ্ধাচারে থাকেন। ঐ ফকির শিবের পূজা ও খাজা সাহেবের 'শিল্পি' ছুইই প্রতিদিবস দিতেছেন। হিন্দু মুসলমান সকলেরই মনস্বামনা দিদ্ধ হয়। মদজিদের সন্মুখে নাটমন্দির, নর্ত্তকীগণ নৃত্য-গীতবাছাদি করে, বাটির সদাব্রতের গৃহ, স্থন্দর ব্যবস্থা [তীর্থ-चम् १५६--१६५ थृः]।

২ আজ্মীরের তারাগড পাহাডের এক কোণে যে মসজিদ আছে, তাহা हिम्मू-मन्मिरतत मान-হইয়াছে। প্ৰস্তুত মদজিদগাত্তে পাথরের উপর তুইখানি সংস্কৃত নাটক খোদিত আছে, তাহার একথানি সোমদেব-'ললিতবিগ্রহরাজ' নাটক বচিত এবং অন্তথানি বিগ্রহপাল-রচিত 'হরকেলি-নাটক'। শেষোক্ত নাটক[া]

১১৫৩ খুঃ রচিত। হিন্দুরা**জগণ** নাটকের কিরূপ আদর করিতেন. তাহা ঐ খোদিত লিপি মারাই পরিবাক্ত হইতেছে।

তারঙ্গজেব হুকুম দিয়া বছ মন্দির ধ্বংশ করাইয়াছিল (প্রবাসী ১৩২৮ আখিনে ভার যতুনাথ সূরকার-লিখিত প্রবন্ধ) এবং সেই সব মন্দিরের মালমসলায় মসজিদ প্রস্তুত হইয়াছিল (ঐ প্রবাসী এরমেশ বন্দ্যোপাধ্যায়-লিখিত)। বস্থমতী ১৩৩০ পৌষ-সংখ্যায় শ্রীরাখাল দাস বন্দ্যোপাধ্যায় লিখিয়াছেন—নিম্ন-निथिত मनिकमर्थन हिन्दूमन्दित्त উপকরণে প্রস্তুত হইয়াছে।

(১) দিল্লীতে কুত্বমিণারের নিকটবর্ত্তী মসজিদ, (২) আলাউদিন খিলজির মসজিদ, (৩) আজমিরে আড়াই দিলকা ঝোপড়া, (8) व्याश्यनावारन जुमा ममिकन, (৫) খামা ফতের মসজিদ, (৬) বাঙ্গালায় পাণ্ডুয়ার আদিনা মসজিদ, (१) পেঁড়োর মসজিদ. (৮) ত্রিবেণীতে জাফর খাঁর মসজিদ। ভজেপ মানসী ও মর্মবাণী ১৩৩১ সনে ভাত্র-সংখ্যায় মুনীন্দ্রনাথ দেবের প্রবন্ধ এবং চুঁচুড়া সমাচার পত্রিকা ১৩৩৯।৭ম সংখ্যা দ্রষ্টব্য।

আটপুর--- 'তড়াআঁটপুর' দ্রপ্টব্য। আটস্থ-(মথুরায়) মঘেরার নিকটবর্তী, অষ্টাবক্র মুনির তপস্থাস্থান।

আটিশেওডা গ্রাম—হগলী জেলায় বলাগড়ের পার্যবর্তী ভাগীরথীতীরস্থ গ্রাম। বাঁশবেড়িয়ার রাজা রখুনন্দ্ন ১১১৪ সালে আটিশেওড়া নামের

পরিবর্ত্তে শ্রীপুর নামকরণ করেন !

তদবধি 'বলাগড় শ্রীপুর' নাম চলিয়া
আসিতেছে। ঐ স্থানে শ্রীচৈতক্সদেব
একটি কুঁচিলা গাছের নীচে বিশ্রাম
করিয়াছিলেন (সম্ভবতঃ পুরীযাত্রাকালে); এজন্ম ঐ স্থানটি
বৈক্ষবদিগের একটি তীর্থে পরিণত
হইয়াছে।
আটিসারা—(২৪ প্রগণা) বাক্ইপুর
ষ্টেশন হুইতে বাজারে শাখারিপাড়ার

হংয়াছে।

আটিসারা—(২৪ পরগণা) বাকইপুর

গ্রেশন হইতে বাজারে শাখারিপাড়ার

পূর্বদিকে শ্রীঅনস্ত আচার্যের শ্রীপাট।

মহাপ্রভু পুরীগমনকালে এই স্থানে
শুভাগমন করিয়াছিলেন [চৈ ভা ভা অস্তা ২।৫০—৫১)। কট্কি পুন্ধরিণীর
উপরেই দেবমন্দিরে মন্থব্য-প্রমাণ
শ্রীশ্রীনিভাই - গৌর-বিগ্রহ আছেন।

ঐ প্রুরিণীটি প্রাচীনকালের। ঐ পুরুরিণীই পূর্বে গঙ্গার ঘাট ছিল।

আটোর—(মধুরায়) নন্দগ্রামের নিকটবর্তী, প্রীকৃষ্ণ-লীলাত্তল (ভক্তি থে৮৮৬)।

আঠারনালা— শ্রীপ্রীধানে প্রবেশপথের আঠারটি খিলানযুক্ত সেতু।
(চৈ চ চ মধ্য (১৯৪৭)। ইছা
২৯০ ফিট লম্বা। স্থানীর কিংবদন্তী
এই—মহারাজ ইন্দ্রছায় প্রথমত: এই
সেতু নির্মাণ করাইয়াছিলেন।
সেত্বন্ধনের কালে পুনঃ পুনঃ বিফলপ্রমন্থ হইয়া শ্রীজগন্নাথের আজ্ঞা-

করেন। মতাস্তরে—ইহা রাজা মংস্তকেশরী নির্মাণ করেন। প্রাচীন হিন্দ-স্থাপত্যের বিলক্ষণ আদর্শ

ক্রমে স্বীয় অষ্টাদশ পুত্রের মস্তক

নদীগর্ভে দান করিয়া এই সেতৃবন্ধন

O' Malley 1929, p 337. Asiatic Researches.)

(Puri Gazetteers by L. S. S.

আঠাস—ত্র**জে, অ**ষ্টাবক্র মুনির তপস্থাস্থান (আটস্থ দেখ)।

আড়াইল—— এরাগে গঙ্গাযম্নার নিকট, যম্নার অপর পারে আড়েলী বা আড়াইল গ্রাম। শ্রীবক্কভ ভট্টের

বা আড়াংশ আম। প্রবন্ধ ওড়ের বাসস্থান। এস্থানে বল্লভী-সম্প্রদায়ের একটি প্রাচীন বিষ্ণু-মন্দির আছে (১৮° ৮° মধ্য ১৯।৬১)।

আড়াঙ্গাইল—পাবনা, চাটমোহর থানা হইতে ছই মাইল। শ্রীঅদৈত

প্রানা ২২তে ধ্ব বাবল। আঅবেত প্রান্থর শিষ্য দিজ গুভানন্দের শ্রীপাট। (ইনি পূর্বলীলায় মালতী স্বী

বংশধরগণ পাতিয়াবেড়া ও নন্দ-বেড়া গ্রামে বাস করেন। উহা উল্লাপাড়া ঔেশন ও লাহিড়ী মোহন-

রেলষ্টেশনের

পুর

निकरहे।

ছিলেন)। শ্রীশ্রীরম্বনাথশিলা সেবা।

শুভানন্দের অক্ত নাম—মালতী নীলাম্ব। আড়াঙ্গাইল হইতে ১২ মাইল দূরে চুনাপুখুরিয়া গ্রামে

শ্রীশ্রীরাজা রঘুনাথজীউ সেবা প্রকাশ করেন। ইনি বিশেষ ভাবে মহা-প্রভুর ধর্ম প্রচার করিয়াছিলেন। শ্রীরামদাসক্রভ গৌরগণোদ্দেশে

আছে—
'মালতী বলিয়া পূর্ব নাম ছিল বার।
এবে তার নাম কহি ঠাকুর নীলাম্বর॥'
প্রীপাদ কর্ণপূরের গণোদ্দেশে আছে

—মালতী (১৯৪) শুভানশাহিজঃ

(১৯৯)। **আড়িয়াল**—ঢাকা জেলার বিক্রমপ্র পরগণায় অবস্থিত, শ্রীশ্রীগদাধর

পণ্ডিত গোস্বামির শাখা-সন্তান কাষ্ঠকাটা খ্রীঞ্জিগরাথদাস গোস্বামি-

পাদের শ্রীপাট। ইঁহার সেবিত বিগ্রহ শ্রীশ্রীয়শোমাধবজীউ। এই পরিবারের পণ্ডিত প্রভুপাদ প্রীক্রীহরিমোহন শিরোমণি গোস্বামী।
বর্ত্তমানে প্রীমশোমাধব বিগ্রহ
নবদ্বীপের প্রীশচীনন্দন গোস্বামির
বাটীতে গেবিত হইতেছেন।
আতোপুর — (রত্না ১১/১৩৬)

অন্তর্গীপ দ্রষ্টব্য। আদাপাসা গ্রাম—শ্রীহট্ট চৌয়াল্লিস

পরগণায়। এই স্থানে ও শিবানন্দের বংশীয়গণ বাস করেন। **আদিবদরী**—উত্তরাখণ্ডে**.** কথি

আছে যে বদরীনাথের মৃত্তি প্রথমতঃ ভিন্নতীয় ক্ষেত্রে ছিলেন। আদি শঙ্করাচার্য জম্বল হইতে এই

বিগ্রহকে ভারতে আনিয়া যে স্থানে

স্থাপন করেন, তাহাই 'আদিবদরী' নামে খ্যাত হয়; তিব্বতে ঐ স্থানের নাম—'ধুলিঙ্গ মঠ'। বদরীনাথ হইতে মাতাঘাটী পার হইয়া এক

রান্তা আদিবদরীর দিকে গিয়াছে, ইহা অতিকঠিন ও কইপ্রেদ পথ।

আদিবজীনাথ—ত্রজে, কাম্যবনের
দশ মাইল দক্ষিণ-পশ্চিমে। এ
স্থানের প্রাকৃতিক দৃশ্র অভিরমণীয়।
চতুদিকে পর্বতমালার বিজ্ঞানতায়

স্থানটি স্থর্গম। ইহা শ্রীনরনারায়ণের তপস্তাম্থান। এই স্থানে নারায়ণ স্থীয় বাম উক্ল হইতে উর্বনীর স্থাষ্টি করেন। তপোবনের দক্ষিণে গন্ধ-

মাদন পর্বত, পশ্চিমে কেশর পর্বত, উত্তরে নিষধপর্বত ও পূর্বদিকে শঙ্মকূট পর্বত।

আনন্দবাজার— গ্রীকেত্রে 'বড়-দেউলের' উত্তর-পূর্ব দিকে অবস্থিত

মহাপ্রসাদ-বিপণি। এইস্থানে শ্রী-জগন্নাথের বিভিন্ন প্রকার ভোগের সংখ্যয়া ॥

অন্নব্যঞ্জনাদি মহাপ্রসাদ বিক্রের 🟟। আনন্দবাজারে মহাপ্রসাদের স্পর্শ-দোষ বা উচ্চিষ্টাদির বিচার নাই।

(চৈ° চ° অস্তা ১১।৭৩) পূর্বে সিংহ-

ছারেই মহাপ্রসাদ বিক্রয় হইত। এখন কেবল শুক্ষ মহাপ্রসাদ ও মিষ্ট

প্রসাদই সিংহদারে পাওয়া যায়। আনন্দারণ্য—দান্দিণাতো কেরজ

দেশে অবস্থিত। এ স্থানে অর্চামৃত্তি— শ্রীবাস্থদেব বিরাজমান। (চৈ° চ°

मशु २०।२३७)।

আনয়ার—(বা বৈকুণ্ঠম্)—তিঞ্-নগরীর চার মাইল দুরে তামপ্ণীর অপর তীরে শ্রীবৈকুগঠধান।

আনিয়োর—(মথুরায়) শ্রীগারি-রাজ-সন্নিহিত গ্ৰাম, প্রসিদ্ধ

অন্নকৃট-স্থান।

আৰুল—(হাওড়া) স্বনাম-প্ৰসিদ্ধ ষ্টেশন, খুব প্রাচীনগ্রাম। সরস্বতী-নদীর তীরে। কথিত আছে—গ্রীনিত্যানন্দ প্রভু সাঁকরাইল-(এখন S.E.R

একটি প্টেশন আছে)- হইতে সুরুষতী নদী বাহিয়া আন্দুলে ফুঞানন্দ চৌধুরীর বাটিতে অতিথি

रुरेग्राছिलन। পূর্বে হিজলী প্রদেশ হইতে শাল্তি করিয়া লবণ লইয়া

যাইবার জন্ম বদরশাচরের স্মুখস্থ ডাঙ্গ। হইতে সাঁকরাইলের নিকট সরস্বতী নদী পর্যন্ত একটি

কাটা হইয়াছিল। 'নিমকীর খাল'-নামে পরিচিত ছিল। অতি অল্প দিনে ঐ পথে

উড়িয়ায় যাওয়া হইত।

শ্রীচৈতগ্রদেব ঐ পথেই পুরীর দিকে যাত্রা করিয়াছিলেন। আন্দুলের দত্তবাবুদের গ্বৃহ হুইতে

১৫০৯ খঃ

ক্ষেক ছত্র সংস্কৃত শ্লোক পাওয়া গ্রিয়াছে —

মহামতিঃ। অবধৃতঃ সমায়াতো বৈষ্ণবৈঃ পরিবারিত:॥ ক্রফানদস্ত

ক্লাচিমগুপে তম্ম নিত্যানন্দো

তান্ ভক্তা। পূজ্যামাস পুণাবান্। জ্ঞাত্বা প্রভুং পরং তত্ত্বং বলদেব-স্বরূপকম। প্রভুন্তং কুপরা প্রাদাৎ

কৃষ্ণনামানি তানি বৈ। প্রসিদ্ধানি যানি তারকব্রন্ধ-সংজয়া॥ সম্পত্তিং গ্রন্থ কন্দর্পে * সোহগচ্ছৎ

তত্ত্বৈ কার্যামাস পুরুষোত্তম। চাপুল-মঠমুত্তমম্॥ মৌনভাবে তীর্থ-সন্ন্যাসমাগ্রিত:। বসংস্তত্ত বর্ষাণি যাপয়ামাস ত্রিলক্ষনাম-

আমলিতলা —— (দান্দিণাত্যে) ক্যাকুমারী হইতে প্রত্যাবর্তনকালে শ্রীগোরাঙ্গ এই স্থানে শ্রীরামচন্দ্র-

বিগ্রহ দর্শন করেন। (১চ° চ° মধ্য

৯২২৪)। ২ শ্রীধাম বুন্দাবনে প্রসিদ্ধ ভেঁতুলতলা (চৈ° চ° মধ্য ১৭।৭৫--৭৮)। ও অধিকা কালনায়

প্রসিদ্ধ তেঁতুলতলা যে **এগোরীদা**স **শ্রীগৌরের** সহিত মিলন হয় ('কালনা' পণ্ডিতের उद्देश)। আমাইপুরা (?)—দ্বিতীয় শ্রীচৈতত্ত-

মঙ্গল-প্রণেতা প্রীজয়ানন্দ বাড়ী, আর কোন পরিচয় পাওয়া যায় না। আম্বুয়া মুলুক—বৰ্দ্ধমান জেলায়

অম্বিকা কালনার নিক্টবর্তী বর্ত্তমান প্যারীগঞ্জ—শ্রীনকুল ব্ৰহ্মচারীর

* কুঞানন্দের পুত্র।

শ্রীপাট (চৈ° চ° অস্তা ২।১৬)।

আয়োরে—(মথুরায়)। আলিপুর গ্রাম প্রীকৃষ্ণ দস্তবক্র-বধের পর যমুনা পার হইয়া শ্রীনন্দাদির তাৎকালীন বাসস্থান

গোরবাই বা গোরাইয়ে আসিয়া (ভক্তি ৫।৪০৯—৪২১) এই স্থানে

আরমণা—রেমুণা হইতে প্রায় তিন মাইল পশ্চিমে অবস্থিত গ্রাম।

সকলের সহিত মিলন করেন।

ছিলেন।

পুষ্করিণীতে অত্তত্য 'অন্ভাগির' কালাপাহাডের অত্যাচারাশকায় সেবকগণ প্রিগোপীনাথকে লুকাইয়া-

তৎপরে

প্রভু স্বপ্নাদিষ্ট হইয়া 'অনন্তসাগর' হইতে শ্রীমৃত্তিকে উত্তোলন করত এক মন্দিরে স্থাপন করেন। আরবন্দীগ্রাম —নদীয়া

<u> প্রীর্গিকানন্দ</u>

জেলা।

এস্থানে শ্রীলবাস্থদেব সাৰ্বভৌম মহোদয়ের বংশধরগণ বাস করেন। আরবাডী—(আলয়াই) ——ব্রজে,

শাখির দেড মাইল উত্তরে; এস্থানে শ্রীক্ষার সহিত হোরি থেলিবার জন্স সখীগণ-সহ শ্রীরাধা অভিযান করেন।

আরাগ্রাম——(মথুরায়) ভাণ্ডীর-

বনের ছয় মাইল অগ্নিকোণে, কেহ কেহ এই গ্রামকে মুঞ্জাটবী বলেন। আরিং--ত্রজে. গোবর্ধ নের ৪ মাইল পূর্বে, প্রীবলদেবস্থল। গ্রামের উত্তর-

শ্রীক্ষের দানগ্রহণ-স্থান। আরিট —মথুরা জেলায় বৰ্ত্তমান রাণাকুও গ্রাম। এস্থানে প্রীকৃষ্ণ-কর্ত্তক অরিষ্ঠান্তর নিহত হইয়াছিল

বলিয়া 'অরিষ্ট বা আরিট্' নামে

शृर्त किल्लानक्ख; रगानीरमत निकछ

প্রসিদ্ধ ছিল। আৰ্যা—'দৈপারনী আর্ঘা' দেপুন আলতা পাহাড়ী——ব্রজে উচগাওনামক গ্রামের নৈঋ তি কোণে অবস্থিত
'বিহাবলী' বা আলতা পাহাড়ী।
আলমগঞ্জ—মেদিনীপুরে শ্রীশ্রামানন্দ
প্রভূর (যবন-রাজা হরবোলার ব্যয়ে)
মহোৎসবক্ষেত্র (র° ম° দক্ষিণ
১১।১১)।
আলোলনাথ—শ্রীনীলাচলধান হইতে

আলালনাথ—শ্ৰীনীলাচলধাম হইতে বালুকাময় পথে ৬।৭ ক্রোশ পশ্চিমে এই গ্রাম অবস্থিত। আলালনাথ-চতুত্ব জনার্দন বিগ্রহ। বনমধ্যে একটি গওগ্রামে মন্দির। এই স্থানে শ্রীশ্রম মহাপ্রভুর সাষ্টাঙ্গ দত্তবৎ প্রণামের চিহ্ন বুহৎ প্রস্তরথত্তে অন্তাপি বিরাজমান। (চৈ° চ° মধ্য ১। ১২২) দিবাস্থরিগণকে তামিল ভাষায় 'আলোয়ার' বা 'আলুবার্' বলে। আল্বারগণের নাথ বা প্রস্থ বলিয়া শ্রীনারায়ণের নামও 'আল্বার্নাথ' বা 'আলালনাথ' বলিয়া খ্যাত হইরাছে। দাক্ষিণাত্যের কয়েকজন স্থাপন করিয়াছিলেন। ইহার পরে 'কোমা'-ব্ৰাহ্মণগণ দক্ষিণদেশীয় আল্বারনাথের দেবা ভার গ্রহণ করেন। কথিত হয় যে তত্ত্রত্য এক পুজারী ব্রাহ্মণ কার্যোপলকে বিদেশে প্রাক্কালে অপ্রাপ্ত-বয়ম্ব পুত্রের উপর সেবাভার ফ্রন্ড করিয়া সর্ল-ছদয় বালক তৎপর ভোগাদি রন্ধন করত আল্বার্নাথের নিকট উপস্থিত করত নিবেদন-মন্ত্র না জানায় ঠাকুরকে ভোগ-গ্রহণের জন্ম প্রার্থনা জানাইয়া যথারীতি ভোগমন্দিরের দার রুদ্ধ খেলিতে গেলেন। মাতার অমুরোধে

ভোগ মন্দিরের দার খুলিয়া বালক দেখিলেন যে ঠাকুর সমস্ত ভোগই গ্রহণ করিয়াছেন। জননী পুত্রের মুখে বার্ত্তা জানিয়া বিশ্বাস করিলেন না; অথচ ক্রমাগত কয়েকদিন এই ঘটনাই চলিতে লাগিল। পূজারী ব্রাহ্মণ বিদেশ হইতে আসিয়া পুত্রের ব্যাপার শুনিয়া সন্দিগ্নচিত্তে মন্দিরের লুকায়িত থাকিয়া কোণে বালককে ভোগ নিবেদন করিতে **मित्नम। विश्व**रशत ব্যাপার এই যে পূর্ববৎ শ্রীনারায়ণ চারি হস্তে সমস্ত ভোগই গ্ৰহণ করিতেছেন দেখিয়া পূজারী ঠাকুরের হস্তধারণ করিয়া বলিলেন 'আপনি যাবতীয় ভোগ অঙ্গীকার করিলে আমরা কি খাইয়া বাঁচিব' ? শ্রীআল্বার্নাথ বলিলেন—'যখন আমার প্রাপ্য ভোগেও তোমার দাবি আছে. তথন অন্ত হইতে আর তোমার দ্রব্য গ্রহণ করিব না এবং অচিরাৎ তোমার পুজব্যতীত সকলেই নির্বংশ হইবে।' ইহার পরে দ্বাদশ শত-ঘর কোমাব্রাহ্মণ বিনষ্ট হইয়া গেলেন। পুরীর রাজা পুরুষোত্মদেবকে স্বপ্নে আদেশ করিয়া আল্বার্নাথ অগ্রাগ্ত ব্রাহ্মণ আনাইয়া সেবাগ্রহণ করিতে লাগিলেন। আর পূজারীর ভক্তটিকে প্রভু বৈকুপ্তে লইয়া গেলেন। আলালনাথের মন্দিরটি প্রায় ৫০ ফিট উচ্চ, স্থন্দর কারুকার্যে খচিত। লক্ষ্মী, সরস্বতী, ক্রক্মিণী, সত্যভাষা, ললিতা ও বিশাখা দেবী বিরাজিতা আছেন। আলালনাথের পদতলে অঞ্জলিবদ্ধ গরুড় উপবিষ্ট। এস্থানেও অক্ষম ভৃতীয়া হইতে ২১ দিন

চন্দনপুকুরে বিজয়বিগ্রহ শ্ৰীমদন-মোহনের বহিবিজয় হয়। জৈঞী পূর্ণিমায় পতিতপাবন জগলাথের স্থান হয় বটে, কিন্তু এস্থানে রথযাত্রা নাই। প্রাবণী পূর্ণিমায় শিবিকারোহণে উন্মুক্ত স্থানে বিজয় করিলে পরিক্রমা, নুত্যগীতাদি ও ভোগরাগ **आ**रगी ज्यात्रशांत जानाननार्थत রাজবেশ হয়, কান্তিকমাসে ২৫ দিন मारमाम्बर्यम. ८ मिन जन्मीनादास्य-বেশ এবং একদিন রাজবেশ হয়। উৎসবাদিও যথারীতি স্থানপার হয়। ওয়ের আহমদাবাদ-দিল্লী

আবু-(অবুদাচল) পশ্চিম রেল-আবুরোড্। ঔেসন হইতে আবুপর্বত ১৭ মাইল দূরে। এই শিথর ১৪ মাইল লমাও ২০৪ মাইল চওড়া। কৰিত হয় যে ইহা হিমালয়ের পুত্র। এস্থানে বশিষ্ঠ এবং গৌতম ঋষির আশ্রম মথুরা হইতে দারকা আছে। যাওয়ার কালে শ্ৰীকৃষ্ণ এখানে রাত্রিতে বিশ্রাম করিয়াছিলেন। এই ভানকে 'দারকার দার' বলে। ইটিকমিচনী—মথুরায় কাম্যবনে, প্রীরাধাক্তফের স্থীগণসহ লুকলুকানি (थमात सान (वृनी ১৫)।

হইতে

একথানি কম্বলের

যাইবার পথে যমুনার তীরে ভালন

পুজা হয়। পুজারীরা বলেন-এ

কম্বলথানি শ্রীসনাতন গোস্বামিপাদ

দরিক্র

দিয়াছিলেন। এই মন্দিরের বায়-

নির্বাহার্থ জাহাঙ্গীর ছইখানি আম

পরগণার অন্তর্গত ইটোজা

মথুরা

গ্রামে

ইটোজা—প্রয়াগ

একটি মন্দিরে

কাৰীতে

জায়গীর দেন।

ইন্দ্রকুণ্ড—মথুরামণ্ডলে অবস্থিত গিরিরাজের উপরি বিগুমান। শ্রীগোরাঙ্গ-পদাঙ্কিত ভূমি (চৈ° ম° শেষ ২।২৩৯)।

ইন্দ্রতীর্থ—(মথুরায়) শ্রীগিরিরাজের প্রান্তবর্তী ব্রহ্মকুণ্ডের পূর্বপার্শ্বে অবস্থিত।

ইন্দ্রপুদ্ধ সরোবর—শ্রীপুরুষোত্তম কেত্রে শ্রীনদির হইতে এক জোশ দূরে ও গুণ্ডিচা মন্দিরের নিকটে অবস্থিত। ব্রহ্ম ও নারদ পুরাণ-মতে ইন্দ্রগ্রের বজ্জাজ্য হইতে, কিন্তু উৎকল্পপ্ত-মতে রাজা ইন্দ্রগ্রয়-কর্তৃক যজ্ঞের দক্ষিণাস্বরূপ প্রদত্ত গোসকলের পুরাগ্র-খনিত গর্জ হইতে ইহার উৎপত্তি। ইহা দৈর্ঘ্যে ৪৮৬ ফিট্ ও প্রস্থে ৩৯৬ ফিট্। গুণ্ডিচা মার্জনের পরে শ্রীগোরাঙ্গ সপরিকর ইহাতে স্নানকেলি করিয়াছেন। (ঠে° চ° মধ্য ১৪।৭৫—৯১)।

ই স্রদ্বাপ—ভারতবর্ষস্থ নয়টি দ্বীপের অন্যতম।

ইন্দ্রধ্যক্ত বেদী—(মথুরার) শ্রীগিরিরাজের নিকটবর্তী শ্রীনন্দ মহারাজের ইন্দ্রপূজা-স্থান।
ইন্দ্রপুর—(১৮° ভা° আদি ২।২৩০)
অমবাবতী। ইন্দ্রানী—বর্দ্ধমান জেলার কাটোরার
নিকটবর্ত্তী প্রাচীন নগর। হিমালর
হইতে গলা অবতরণ করিয়া আদিলে
ইন্দ্র এই স্থানে গলালান করেন
বলিয়া ইহার নাম হয়—ইন্দ্রেশ্বর বা
ইন্দ্রানী। প্রাচীন কালে ঐ নগর
অতিসমৃদ্ধিশালী ও বহু-বিস্তৃত
ছিল। এখন সেই সকল স্থান
'ইন্দ্রাণী পরগণা' বলিয়া বিখ্যাত।
[ৈচি° ভা° মধ্য ২৮।১০]

শ্ৰীশ্ৰীগৌডীয়-বৈষ্ণব-অভিধান (৪)

ইক্সেশ্বর ঘাট — বর্জনান জেলার কাটোয়ায়। প্রীশ্রীমহাপ্রস্থ কাটোয়ায় সন্ন্যাস-গ্রহণের পরে ভাগীরপীর তীরে যে স্থানে কিছুক্ষণ বিশ্রাম করিয়াছিলেন, ঐ স্থানের নাম—ইক্রেশ্বর ঘাট। ঐ ঘাটের শেষ চিহ্ন একথণ্ড প্রস্তর কাটোয়ার পরলোক-গত কালিদাস কর্মকারের বাড়ীতে রক্ষিত আছে। ইক্রঘাদশীর দিন ঐ ঘাটে স্নানার্থী বহু লোকের স্মাগম হয়।

ইক্রোলি—(মথুরায়) আদিবদরির
নিকটবর্ত্তী—ইক্রকর্তৃক শ্রীক্রঞ্ব। দের
স্থান [ইদ্রোলি]। এম্বলে ক্রমুনি
তপস্থা করিতেন।

ইেলারা—মধ্য রেইলওয়ে ঔরদাবাদ টেশন হইতে মোটর বাদ যোগে ১৮।১৯ মাইল। পর্বত কাটিয়া

অত্তা গুহাগুলির নির্মাণ হয়। ১৩টি পর পর গুহা বৌদ্ধর্থর-সংক্রান্ত— বিশাল গুহাটিতে মহাযান-সংপ্রদায়ের বহু মৃত্তি আছে। ১৪-১৯ দংখ্যা গুহাগুলি পৌরাণিক। ইহাদের মধ্যে সমধিক কৈলাস-পর্বত লীলা-মতি ইহাতে শঙ্করের অন্যান্ত অবতার-চরিত খোদিত আছে। ইহার কলা 13 রামেশ্বর সীতানহানীর কলা অত্যুত্তম। ৩০---জৈনদিগের সংখ্যক প্তহা অধিকৃত ৷ ই**সলামপুর—**জেলা মুর্শিদাবাদ। শ্ৰীল শ্ৰীনিবাস-শিষ্য <u> প্রীরামচক্ত</u> তৎ শিষা শ্রীহরিরাম কবিরাজ্ঞ, আচার্য। এই হরিরাম সৈদাবাদের শ্রীকৃষ্ণরায়ের বাটির আদি পুরুষ। (উক্ত শ্রীক্ষারায়জীউ ছইবার ভগ হয়,বর্ত্তমানে প্রতিরূপ মুক্তি আছেন) I

জৈষিকাটবী—(মধুরার) ভাণ্ডীর-বনের নিকটবর্তী, দাবানল-পানের স্থান [মুঞ্জাটবী]। কেহ কেছ আগিরারো গ্রামকে, কেহবা আরা-গ্রামকে মুঞ্জাটবী বলেন।

ঐ সৈদাবাদের রাধাদামোদর ঠাকুর-

র্মণ বিগ্রহ ও শালগ্রাম শিলা লইয়া

জনৈক

ইসলামপুরে বাস করেন।

ভক্ত শ্রীশ্রীরাধা-

등, 등, 의

উচ্চহট্ট (হাটডাঙ্গা)—নদীয়া জিলায় বামনপুখ্ রার নিকটবর্তী গ্রাম (ভক্তি ১২।৩৫১—৩৭১)। উজানি—'কোগ্রাম' দেখ। ২ মপুরায়,।

পয়গ্রামের চারি মাইল ঈশান কোণে; এ স্থানে শ্রীক্তফের বংশী গানে যমুনা উজ্ঞান বহিয়াছিল। উজ্জায়িনী—শিপ্রানদীর তটে অবস্থিত অবস্তীনগর [অবস্তী ক্রপ্টব্য]; দাপরে শ্রীকৃঞ্বলরাম এস্থানে সান্দীপনি মূনির আশ্রমে অধ্যয়নার্থ আশিষ্কাছিলেন। বিক্রমাদিত্যের রাজা ক্ষেমকান্তের সময়

পর্যন্ত

রাজধানী বলিয়া ইহার সম্বিক গৌরব। ভারতীয় জ্যোতিষশাস্ত্রে দেশাস্তরের শৃন্তরেখা উজ্জারিনী হইতে আরম্ভ হয়। মোক্ষপ্রদ সপ্তপুরীর প্রতি বার বর্ষ পরে একতম। এস্থানে কুন্তমেলা হয়। প্রতি ছয় হয়। দ্রপ্টব্য— বর্ষে অর্দ্ধকুম্ভও महाकाल-मन्दित, इति कि (परी, বড গণেশ, গোপাল-মন্দির, কাল-ভৈরব, সান্দীপনি আশ্রম, সিদ্ধবট, শিপ্রা প্রভৃতি। উ চু পী — দাক্ষিণাত্যে তিবাস্থ্র রাজ্যে মঙ্গলোর হইতে ৩৭ মাইল। পাপ-नामन ननीत जीरत श्रीश्रीमध्वाठार्य-স্থাপিত শ্রীশ্রীউড়ুপীকৃষ্ণ বিগ্রহ। ইহাই সর্বাদি শ্রীকৃষ্ণ-বিগ্রহ; অর্জ্জুন-কর্তৃ ক দারকায় স্থাপিত হইয়াছিলেন। দারকার পার্খবর্তী স্থান সমুদ্রগত হইলে বহু শতাকী পরে হরিচন্দন-(তিলক করিবার মৃত্তিকা, বলে) - বোঝাই 'গোপীচন্দন'ও

একখানি জল্যানের মধ্য হইতে শ্রীমধ্বাচার্য ইহাকে প্রাপ্ত হয়েন। শ্রীগৌরপদাঙ্কপৃত স্থান (চৈ° চ° মধ্য ৯।২৪৫)। উড়ুপিগ্রামের উত্তরাদি মঠে যে শীরামশীতার বিগ্রহ আছেন, তাঁহার সম্বন্ধে জানা যায় (অধ্যাত্ম-রামায়ণে)--- জীরামচন্দ্র জনৈক রাম-ভক্ত বান্ধণকে স্বীয় যুগলমূরি প্রদান জন্ত লক্ষণকে আদেশ করেন। লক্ষণ ঐ বিগ্রহদয় ভক্ত ব্রাহ্মণকে প্রদান করেন। উক্ত ব্রাহ্মণের পর মহাবীর ঐ বিগ্রহ প্রাপ্ত হয়েন ও পরে তিনি ভীমসেনকে প্রদান করেন। ভীমদেনের পরে ঐ দেশের শেষ

শ্ৰীবিগ্ৰহ রাজপ্রাসাদে ছিলেন। উৎকলের গজপতি তৎপরে श्रुष আইসে ৷ রাজগণের শ্রীমধ্বাচার্যকে তদীয় শিষ্য নরহরি তীর্থ রাজভবন হইতে আনিয়া ঐ শ্রীবিগ্রহকে সেবা করিবার স্থযোগ দেন। খ্রীমধ্ব-তিরোভাবের তিন-মাস যোল দিন পূর্ব হইতে ঐ বিগ্রহম্বর উভূপী মঠে আছেন। উচ্বদেশ—(ওচ্) সমগ্র উৎকল-প্রদেশ [চৈ° ম° শেষ ২।১৪]। উৎকল —প্রাচীন কলিকের দক্ষিণ ভাগ, ওচ্, বা ওড়িষ্যা। তামলিপ্রের দক্ষিণে অবস্থিত, পূর্বে কপিশা নদীর তীর পর্যন্ত বিস্তৃত ছিল। প্রধান নগর-এক্ষণে ভুবনেশ্বর, কটক ও পুরী। [চৈ°ভা° অস্ত্য এ২৬৯]। **উত্তর কাশী**—উত্তরাখণ্ডে যমুনোত্তরী হইতে উত্তরকাশী ৪২ মাইল। ইহা উত্তরাখণ্ডের প্রধান তীর্থস্থল। অনেক প্রাচীন মন্দির আছে: বিশ্বনাথের মন্দির, একাদশ রুদ্রের গোপেশ্বর, পরশুরামাদির মন্দিরাদি এই স্থানটি ভাগীরথী, অসি ও বরণা নদীর মধ্যভাগে অবস্থিত, পূর্বদিকে বারণাবতপর্বতে বিমলেশ্বর মহাদেবের এস্থানে জড়ভরতের আশ্রম আছে. উহার পাখে বিশ্বকুগু। উত্তর মানস-প্রাধামের অন্তর্গত তীর্থবিশেষ। শ্রীগোর-পদাঙ্কপূত (टेठ° छा° षापि ५१।१8)। উত্তরা যমুনা—হিমালয়ের যেন্ডানে (বানরপুচ্ছ পর্বতে) যমুনা আবিভূতি

হইয়াছেন। জ্রীনিত্যানন্দপদান্ধিতা

শ্রীলউদ্ধারণ দত্ত ঠাকুরের ভজন-স্থান পাচুন্দি ষ্টেশন হইতে এক ক্রোশ) মন্দিরের পশ্চিম দিকে শ্রীদত্ত ঠাকুরের সমাধি এবং পূর্বদিকে একটি প্রাচীন নিনগাছ। প্রবাদ—শ্রীনিত্যানন্দপ্রভু উক্ত বৃক্ষতলে উপবেশন করিয়া-নিকটে বেণেপাডায় উদ্ধারণ ঠাকুরের স্বজাতীয়গণের বাস ছিল। এক্ষণে কতকগুলি বৈষ্ণব আখড়া আছে। গোণী পোষী ক্লফা ত্রয়োদশীতে দত্তঠাকুরের তিরোভাব উধার্যাম—(মথুরায়) নন্দীগ্রামের নিকটবর্তী স্থান-শ্রীউদ্ধব মহারাজ এস্থানে অবস্থিত হইয়া নন্দালয়ে গিয়াছিলেন।

(চৈ° ভা° আদি वार्य)। [यग्रत्नाख्ती (मर्थ]। **উথ্লি**—(ঢাকা) শ্রীশ্রীঅদৈতবংশীর্ম-গণের অন্ততম শ্রীপাট।

উদয়গিরি—ভুবনেশ্বর হইতে তিন-কোশ পূর্বদিকে অবস্থিত গওগৈল। ইহাতে বৌদ্ধ ও জৈন যতিগণের বহু গুহা আছে। হাণিওস্ফার শিলালিপি সম্ধিক প্রসিদ্ধ। **উদ্ধারণপুর** — वर्षमान । কাটোয়ার ष्ट्रे गारेन উछत्त शक्तात जीत्तरे। গঙ্গাতীর হইতে ঈষৎ পশ্চিমদিকে

এবং দেবমন্দির ছিল। এখন স্ব ভগ্ন, জঙ্গলে পূর্ণ। খ্রীসন্দিরে খ্রীদত্ত ঠাকুরের যে শ্রীবিগ্রহ ছিলেন, তাহা বনোয়ারীআবাদের দানিসমন্দ বাহাত্বরের রাজবাটিতে (বনোয়ারী আবাদ **इ**हेशां ছिन ।

ছিলেন। উৎস্ব হয়।

উধে ক্রিয়া—(मथुताय) नन्तान स्थत

নিকটবর্ত্তী, শ্ৰীউদ্ধৰ মহারাজের বিশ্রামস্থান, ডিন্ধব-কেয়াডী যেস্থলে ভাবমুদ্রাদি দেখিয়া গোপীগণের তিনি নিজেকে ধন্ত মানিয়াছেন। উনাই গ্রাম—(মথুরায়) বৎসবনের নিকটবর্ত্তী, স্থাগণসঙ্গে প্রীক্বফের ভোজনরঙ্গের স্থান (ভক্তি ৫।১৬০২)। উমরাও—(মথুরায়) ছত্রবনের नामाखत (जिल क्षा ३२२० - क्ष्म)। ছত্রবনে প্রীকৃষ্ণ রাজা হইলে পৌর্ণ মাদী এস্থানে শ্রীরাধাকে 'বুন্দা-বনেশ্বী' করেন। **শ্রীললোকনাথ** গোস্বামিপাদ-কর্ত্তক শ্রীরাধাবিনোদ-প্রাকট্য-স্থান।

উচগাঁও—ব্রজমণ্ডলে বর্গানার বায়ু-কোণে অবস্থিত। গ্রামের পশ্চিমে দেহিকুণ্ড, ঐ ঘাটের উপরে শ্রীরাধার চরণ-চিহ্ন বিরাজমান। শ্রীনারায়ণ ভট্টজির সমাধিস্থান। গ্রামের পূর্বদিকে শ্রীবলদেব-মন্দির। উষীমঠ-কেদারনাথ হইতে প্রত্যা-বর্ত্তন-কালে গোরীকুণ্ড, রামপুরাদি हहेशा नामाठिति जामिशा ३ दे गाहेन पृदत मन्ताकिनीत পात्त छेवीमर्छ। শীতকালে কেদাবক্ষেত্র ব্যুফাচ্চাদিত হয় বলিয়া এস্থানে কেদারনাথের বিজয়বিগ্রহ পৃঞ্জিত হন। এস্থানের বদরীনাথ, मन्ति त তুঙ্গনাথ, ওঁকারেশ্বর, কেদারনাথ প্রভৃতি মূর্ত্তি আছেন।

ঋণমোচনকুগু-[ভক্তি ৫।৬১৭) মপুরায়, গোবর্দ্ধন-প্রান্তবর্তী।

ঋতুদ্বীপ—(রাতুপুর) নবদ্বীপান্তর্বর্তী অন্তত্তম দ্বীপ (ভক্তি ১২/৫২, ৪৮২— ৪৯৭) গলার পশ্চিম তীরবর্ত্তী बीरगीतनानाष्ट्रनी। ছয় ঋতু মৃতিমান্ পরস্পর কথোপকথনচ্চলে শ্রীগোরলীলা প্রকট হইবার জন্ম আবাধনা করে।

খাষভ পর্বত—মান্বরান্থিত

পর্বতমালা—মলয় পর্বতের উত্তরদিকে অবস্থিত। **মিহাভারত** বনপর্ব ৮৫ অধ্যায়ে 'পাগুলেশে' অবস্থিত।] নাম—বরাহ পর্বত। শ্রীনারায়ণের অর্চাপীঠ ও শ্রীগৌর-নিত্যানন্দ-পদাঙ্কপৃত (চৈ° চ° মধ্য

পল্লি

৯।১৬৭. চৈ° ভা° আদি ৯।১৩৮)। **অবিতীর্থ ঘাট**—মথুরায় যমুনার ঘাটবিশেষ। বিশ্রাম-তীর্থের দক্ষিণ অবস্থিত। শ্রীগোরপদায়-পুত [চৈ° ম° শেষ २।५०४]। তত্রতা টিলার উপরে সপ্রবি-মৃতি আছে ৷

ঋষ্যমূক পর্বত-তুক্তন্ত্রা নদীর তটে অনাগুণ্ডি হইতে ৮ মাইল দুরবর্তী পর্বত, বেলারি জেলায় হাম্পিগ্রামের নিকট তুলভদ্রা-নদীতীরস্থ সর্বাপেক্ষা অপ্রশস্ত গিরিপথটির পার্শ্ববর্তী যে পর্বতটি নিজামরাজ্যে গিয়া পডিয়াছে. উহাই ঋষ্যমূক পর্বত। গ্রীগোরপদাক্ষ-পূত (চৈ° চ° মধ্য ৯।৩১১)

ঋষ্যমৃক পর্বত হইতে পম্পানদী বাহির হইয়া অনাগুণ্ডির নিকটে মিলিত হইয়াছে। [মতান্তরে— (>) মধ্যপ্রদেশে অবস্থিত। বর্ত্তমান —'রাম্প'। (২) ত্রিবাঙ্কুর রাজ্যের অন্মলয় ৷ ী

ঋয়াশৃঙ্গ--পর্বত, বালির ভয়ে **স্থগ্রীবের** পলায়ন-স্থান (বিজয় ৮১।৫৩)।

9, 9, 9

এই (এওরী)—ব্রজে, তরলীর দেড় মাইল পূৰ্বভাগে অবস্থিত।

এক আনা টাদপাড়া—মুশিদাবাদ জেলায় জঙ্গী সাবডিভিসনের মধ্যে স্থিত গ্রাম। এই স্থানে স্থবন্ধি রায়-নামক সমন্ধ জমিদার বাস করিতেন। হুসেন শাহ ইহার অধীনে কর্মচারী ছিলেন, ভাগ্য-পরিবর্ত্তনে ইনি যখন গৌড়েশ্বর হন, তখন প্রাক্তন প্রভু ত্মবৃদ্ধি রায়কে ইনি চাঁদপাড়া গ্রাম करतन-किन्छ यवरनत्र मान লইতে অম্বীকৃত হওয়ায় ভ্লেন উহার এক আনা কর ধার্য করেন। সেই হইতে ঐ গ্রাম 'এক আনা চাঁদপাড়া'-নামে অভিহিত (যশেহর খুলনার ইতিহাস >। ৩৪৮ পৃঃ)

একচক্রাধাম— (বীরচন্ত্রপুর,

গর্ভবাস)। জেলা বীরভূম, মহকুম। —রামপুরহাট; ইষ্টার্ণ রেলওয়ে— লুপ লাইনে মলারপুর ষ্টেশন হইতে ৮ মাইল পূর্বে। রামপুরহাট ষ্টেশন হইতে ৫ জাশ।

(১) মলারপুর হইতে একচক্রা-ধানে গমন-সময়ে উত্তর-বাহিনী 'মারকা' নদী অতিক্রম করিতে হয়। (এই নদীর পূর্বতীরে বশিষ্ঠাশ্রম ও

৬তারামার বিখ্যাত মন্দির। নদীর পূর্বপারে কিয়দ,রে ৮ডাবুকেশ্বর মহাদেবের মন্দির। এই স্থান হইতে একচক্রা-ধাম ত্বই মাইল।) পাওবের অজ্ঞাতবাস স্থান।

- (২) একটি মন্দিরে প্রস্তরবেদী আছে—উহা খ্রীশ্রীনিত্যানন্দ প্রস্থুর স্থৃতিকা-গৃহ।
- (৩) হতিকাগ্রের পার্শ্বে বৃহৎ একটা বটবৃক্ষ—উহা প্রভুর ষষ্ঠীপূজার স্থান।
- (৪) যমুনা—গর্ভবাদ ছইতে তিন ক্রোশ দক্ষিণ-পশ্চিমে পেঁড়োল শিবগ্রাম হইতে বহিৰ্গত হইয়া बीतहक्तभूत ७ शर्खवारमत यशा पिशा ক্রমে মারকা ও ময়ুরাক্ষী নদীতে পড়িয়া গন্ধায় মিলিত হইয়াছে।
- (c) প্রাবতী— পুন্ধবিণী । वीनिज्ञानम-जननी भगारजी এই পুষ্করিণীতে প্রস্বের ২১ দিন পরে শ্বান করিয়াছিলেন ['পঝাতলাও']।
- (৬) গর্ভবাস মন্দিরের প্রবেশ-ছারে অবস্থিত একটি অশ্বথবুক্ষের শাখায় প্রীচৈতগ্রদেব মালা রাখিয়া-ছিলেন বলিয়া প্রবাদ আছে—এতভ এই বৃক্ষকে 'মালাতলা' বলে। মূল বুক্ষের একাংশমাত্র বর্ত্তমান।
- (৭) স্থতিকাগার-মন্দিরের অপর পার্শ্বে ত্রীগোরাঙ্গ ও ত্রীনিত্যানশপ্রভুর শ্রীবিগ্রহ বিরাজমান। গোবর্দ্ধন-বিলাগী শ্রীরাঘব পণ্ডিত-কর্ত্বক স্থাপিত বলিয়া প্রশিদ্ধ।
- (৮) সিদ্ধবকুল-প্রকাণ্ড বৃশ। বড়ই মনোরম ও পবিত্রস্থান। ইহারই তলে শ্রীনিত্যানন্দ প্রত্ন

বারালীলা করিতেন। এস্থলে শ্রীশ্রীরাধাকান্তদেবের বিগ্রন্থ বিরাজ করিতেছেন। ইহার শাখা-প্রশাখা অবিকল সার্পের নায়।

- (৯) হাঁটুগাড়া— বারবিঘা জমির মধ্যস্থানে একটি গর্জ আছে। এই গৰ্ত্তে বা কুণ্ডে জলবেষ্টিত একটি, কুদ্র মন্দির আছে। প্রবাদ-প্রীশ্রী-विश्वयान अथारन हाँ है गाष्ट्रिया-ছিলেন।
- (১০) একচক্রায় চোঙাধারী বাবাজীর সমাধি আছে।

একচক্রা উত্তর-দক্ষিণে ৮ মাইল. ইহার মধ্যে বীরচন্দ্রপুর। এল বীর-ভদ্রপ্রভুর নামামুসারেই ঐ গ্রাম। খ্রীল নিত্যানন্দ প্রাভুর আবির্ভাব ও বাল্যলীলাকেত্ৰ-গৰ্ভবাস।

(১১) বীরচন্দ্রপুর—শ্রীমন্দিরের দিকে যাইবার অগ্রেই কতকগুলি বিপণী ও বকুল বৃক্ষ। তৎপরে বৃহৎ মন্দির, নাট্যমন্দির এবং প্রাচীর-বারা বেষ্টিত সমতল প্রালণ। এই মন্দিরের পার্ষে একটি গৃহে সিংহাসনে খ্রীবীরভদ্র-প্রতিষ্ঠিত প্রীশ্রীবন্ধিমদেব বা বাঁকা রায় এবং ইহার দক্ষিণে প্রীপ্রাক্তবা মাতা এবং বামভাগে রাধিকা। বাঁকারায়ের মহিষমৰ্দিনীও মন্দিরে দশতুলা পূজিত হন।

অগ্রন্থানে শ্রীশ্রীমুরলীধর ও শ্রীশ্রী-রাধামাধৰ আছেন। বুহৎ মন্দির-गर्या औ औ मतारमाहम की छ । এই শ্রীবিগ্রহ মুর্শিদাবাদ জেলার বিপ্রবাটী श्रदेख আগমন করিয়াছেন। শ্রীশ্রীবন্ধিম রাম্বের

দক্ষিণের সিংহাসনে যোগমায়া আছেন। ১৩৩১ সালে বৃহৎ মন্দিরে বজ্রপাত হওয়ায় মন্দিরের বিশেষ ক্ষতি হইয়াছে। গোষ্ঠান্ট্রমী, রথযাতা ও নিত্যানন্দ-জন্মোৎসবই অত্ৰত্য বিশেষ পর্ব।

এই বীরচন্ত্রপুরের পূর্বদিকে সামান্ত

पृत्त यमूना-नामक धकि कृख नती

একচক্রাধাম

বা কন্দর। উহা পার হইলেই গৰ্ভবাস ধাম। শুৰা যায়—উক্ত যমুনার কদমখণ্ডি ঘাট হইতে শ্রীল নিত্যানশ প্রভু প্রীত্রীবিষ্ণমদেবকে জলমধ্যে প্রাপ্ত হন ও বীরচন্ত্রপুরের সামাক্ত দূরে ভড়োপুর-নামক স্থানের একটি নিম্ববৃক্ষমূল হইতে শ্রীমতীকে প্রাপ্ত হন। প্রোচীনেরা এখনও উজ প্রীমতীকে 'ভড্ডাপুরের শ্রীমতী' বলিয়া থাকেন। একচক্রার শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর জ্ঞাতিপুত্র 'মাধব' ছিলেন। এীঞী-ভাহ্যবা-মাতা যথন একচক্রায় গমন করেন, তখন তিনি বর্ত্তমান किलन।

দ্বিতীর মন্দিরে **শ্রিকাানন্দ** প্রভুর পিতৃদেব শ্রীহাড়াই পণ্ডিত এবং মাতা প্রীপদ্মাবতী দেবী, যোগ-गाया এবং श्रीवाधामाधन, श्रीमृतनीधन, ঘাৰশ গোপাল ও অনেক শিলা আচেন।

মূল মন্দিরের কিঞ্চিৎ উত্তরে ভাতীরেশ্বর তলা ও শ্রীজগরাথের মন্দির। ঐ স্থানে একটি পুন্ধরিণীর উপরে বৃহৎ বটবৃক্ষ, উহাতে বহু প্রাচীনকালের মাধবীলতা বেষ্টিত আছে এবং ঐ বৃক্ষতলে একটি ভগ্ন-বেদী আছে। ঐ স্থানে এবিদ্ধিমদেবের গোষ্ঠলীলা হয়। প্রবাদ—উক্ত স্থানের ভাণ্ডীরেশ্বর শিবকে শ্রীল হাড়াই পণ্ডিত দেবা করিতেন।

একব্বরপুর

(>২) কুগুলতলা—ময়্রেশ্বর-দাঁইথিয়া হইতে উত্তর-পূর্বে ছ্বই ক্রোশ। মন্দিরে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর 'কুগুল' আছে।

একব্দরপুর—শ্রীখণ্ডবাদী শ্রীল নরহরি সরকার ঠাকুরের শাখা রামদাস ঘোবালের বাসস্থান।

একান্তক গ্রাম, একান্তক বন, একান্তনগর—ওড়িয়ার অন্তর্গত শ্রীতুবনেশ্বর ক্ষেত্র (চৈ° ভা° ২।৩৬৫-৩৯৫, চৈ° ম° মধ্য ১৫।৭৭—১১০)। এস্থানে মহাদেব 'কোটিলিফেশ্বর'

বিরাজমান। ইহাকে 'গুপু বারাণসী'

বলে। অতি প্রাচীনকালে বিশাল

নাম। অষ্টাদশাক্ষর মন্ত্রাজন্বারাই

শ্রীভূবনেশ্বরের ভোগরাগাদি হয়।

বলিয়া

আম্রবৃক্ষ ছিল

শ্রীগোরনিত্যানন্দ-পদাঙ্কপত তীর্থ। 'লিঙ্গকোটি-সমাযুক্তং বারাণদী-সমং গুভম। একামকেতি বিখাতং তীৰ্থাষ্টক-সমন্বিতম ॥' 'একামবৃক্ষ-স্তবাসীৎ পুরা কল্লে দ্বিজোত্তমাঃ। নায়া তভৈব তৎক্ষেত্রমেকান্রকমিতি শ্রুতম ॥' [ব্রহ্মপুরাণে ৪১/১১—১২] এগারসিন্দুর—ত্রহ্মপুছতীরবর্তী দেশ, প্রবাদ—গ্রীগোরাজ এ স্থান দিয়া শ্রীহট্টে গিয়াছেন (প্রেম ২৪)। এটোমুহা - (মথুরায়) ব্রহ্মা অশেষ বিশেষে শ্রীক্লঞ্চর স্কৃতি করিয়াছেন (ভক্তি থা১৬০৮)। এ প্রসঙ্গে ব্রজবিলাসের ৯৭ শ্লোক দশু। এ**ডিয়াদহ**—২৪ প্রপ্রা। দক্ষিণেশ্বর হইতে হুই মাইল উত্তরে। শ্রীল

দাসগদাধরের প্রীপাট। গঙ্গাব ধারে

দেবালয়। শ্রীল দাস গদাধরের সমাধি

বেদী আছে। পূর্বে সিদ্ধ শ্রীভগবান্

দাস বাবাজী মহোদয় এই স্থানে

থাকিতেন। ১৩১২ সালে শ্রীনিতাই গৌর বিগ্রহ এবং শ্রীরাধারুষ্ণ বিগ্রহ স্থাপিত হন। শ্রীজাহ্নবা মাতার <u> এীমৃত্তি</u> আছেন। শ্রীগোপেশ্বর মহাদেবও একথানি <u>শ্রীমহাপ্রতুর</u> সংকীর্ত্তনের অপরূপ তৈলচিত্র আছে। এরাবত কুণ্ড-যতিপুরার দক্ষিণে, শ্রীগিরিরাভের প্রান্তবর্তী। ঐরাবত দাঁডাইয়া ঐকুফের এস্থানে অভিষেকার্থ আকাশগঙ্গার আনিয়াছিল। কুণ্ডতীরে কদমখণ্ডী —শ্রীরাধাক্ষাের বিলাসস্থলী। ওকড়সা গ্রাম—(বর্দ্ধমান)— শ্রীশ্রীবন্দাবনের শ্রীশ্রীগোবিন্দ জীউর সেবায়েতগণের আদিবাসস্থান। ও**ঢ়**, —সমগ্র উৎকল-রাজ্য (চৈ° ভা° আদি ১৩৷১৬১, অস্ত্য ২৷১৪৯— >60)1

७७ मोमा— स्वर्गत्त्रथा नहीं रक्ष ७

উৎকলের সীমা।

₹5

কংসকূপ— মথুরায় অবস্থিত কংস-খনিত কুপ। শ্রীগৌর-পদান্ধিত (চৈ ° ম° শেষ ২।১১৩)।

কংসখালি—মথুরায় অবস্থিত স্থান—
যে গ্রামের মধ্য দিয়া হত্যার পরে
কংসকে আকর্ষণ করা হইয়াছিল
(ৈচ° ম° শেষ ২।৩৭৫)। গতশ্রমের
নিকটবর্তী খাল, অদূরেই 'কংসখালি
ঘাট' (ৈচ° ম° শেষ ২।১০৬)।

কচ্ছবন—(মথুরায়) রামঘাটের নিকটবর্তী, এ ছানে গোপশিশুগণ কচ্চপের ভায় খেলা করিয়াছেন (ভক্তি ১০১১ ১) ৷

কটক — কাঠজ্ড়ী ও মহানদীর মধ্যবর্তী, উড়িন্থার প্রাক্তন রাজধানী ও অন্ততম প্রধান নগর। বিজ্ঞানগর হইতে প্রীপুরুষোত্তমদেব-কর্তৃক আনীত প্রীসান্ধিগোপাল প্রথমতঃ এই কটকেই স্থাপিত হইয়াছিলেন। শ্রীগোরাঙ্গ কটকেই সান্ধিগোপালের দর্শন পাইয়াছেন। কটকে 'মহম্মদীয়া বাজার'-নামক পল্লীতে প্রীজগরাথ বল্লভ উল্লানটি প্রীরায় রামানন্দেরই বলিয়া প্রসিদ্ধ। অল্লাপি সেই স্থানে

একটি প্রাচীন তোরণের ভগ্নাবশেষ
দৃষ্ট হয়। তোরণের শত গজ দৃরে
একটি বেদী আছে। কথিত হয় যে
এই স্থানে বকুলবুক্দের তলে মহাপ্রস্থ বিশ্রাম করিয়াছিলেন। মহানদীর
তটে গড়গড়িয়া ঘাটে মহাপ্রভু স্নান
করিয়াছিলেন। ঐ স্থানে প্রতাপরক্দ নির্মিত স্মৃতিস্কন্তটি লুপ্ত হইয়াছে।
নিকটবর্তী প্রাচীন মন্দিরে
শ্রীগোরান্দের শ্রীচরণচিক্ত আছে।
প্রবাদ ঐ চরণচিক্ত ও মন্দির
প্রতাপরক্ষের ইচ্ছায় তাঁহার সমাধির উপরে নির্মিত হইয়াছে। ঐ স্থানে কার্তিকী পূর্ণিমায় বার্ষিক উৎসবাদি হয়। তোরণের পশ্চিম দিকে প্রীচৈতন্ত মঠে পঞ্চতত্ত্বের কীর্ত্তন-বিনোদী মূর্তি আছেন। গড়গড়িয়া ঘাটের এক ফার্লং দক্ষিণ-পশ্চিমে প্রতাপক্ষদ্রের প্রাচীন ছর্গের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। উহার নাম—প্রতাপক্ষদ্রগড়। মহা-প্রস্থু এই প্রাচীন ছর্গের নিকটেই 'সাক্ষিগোপাল' দর্শন করিয়াছিলেন বলিয়া কথিত হয়। তত্রতা রামগড়-নামক স্থানে শ্রীরামানন্দের প্রাসাদ ছিল বলিয়া শুনা যায়, আজকাল কিন্তু চিহ্ন নাই।

অত্তত্য ধবলেশ্বর মহাদেবের প্রাচীন মন্দির দ্রষ্ঠব্য।

গঙ্গবংশীয় রাজা অনঙ্গ ভীমদেব-কৰ্দ্ধক কটক নিৰ্মিত। শ্ৰীমন্ মহাপ্ৰাভু পুরী হইতে গোড়ে আগমনকালে कठेटक य घाटि ज्ञान कतिशा नहीं পার হইয়াছিলেন, ঐ ঘাট কটকের প্রাচীন ছর্গের সমুখে বিগুমান। ঐ ঘাটের বা নদীর পরপারে (উত্তরে) চতুদ্বার (বর্তমান নাম চৌদারা), ত্রীগৌর-পদাঙ্কপুত স্থান (চৈ চ ° চ ° মধ্য ৫।৫)। প্রীল কবি-কর্ণপুর-ক্বত শ্রীচৈতক্সচরিতামৃত মহাকাব্যে (১৯১০০) আছে— চতুর্ঘারম্থ প্রাচীন <u> এ</u>মনাহাপ্রত্র জগন্ধাথ মন্দিরের নাট্মন্দিরে রাতে অবস্থান করিয়া প্রাতে স্নান ও মহাপ্রসাদ সেবা করত গমন করেন। কড়ই---থ্রীগোকুল কবীন্দ্রের বাসস্থান, ইনি পরে পঞ্চকুটে সেরগড়-বাসী হয়েন (ভক্তি ১০।১৩৯)। কণ্টক-নগর---বর্দ্ধমান জেলায়

কাটোয়া; শ্রীমন মহাপ্রভু এ স্থানে শ্রীকেশব ভারতীর নিকট সর্যাস ° 35) গ্ৰহণ করেন ভ†° यश २৮। >०२)। जीनामगनाधरत्रत শ্রীপাট ও শ্রীশ্রীমন মহাপ্রভু শ্রীনিত্যানন্দ প্রভুর সেবা। 'কাটোয়া' स्रष्टेवा (देठ° म° मधा ১२।১२७)। কণ্ঠাভরণ-মজ্জন--মথুরায় দশাখমেধ ঘাটের দক্ষিণে অবস্থিত। প্রীগৌর-পদান্ধপূত (চৈ ম শেষ ২।১৩৫)। ক**তুলপুর**——বাঁকুড়া জেলায়। শ্রীমঙ্গল ঠাকুরের শ্রীপাট। ইঁহার বংশধর গোস্বামিরা আছেন। কনখল তীর্থ-মপুরায় অবস্থিত যমুনার ঘাট। কলোয়ারো—(মথুরায়) কাম্যবনের নিকটবর্ত্তী; কঃ মুনির তপস্থাক্ষেত্র

(ভক্তি ১৮৩১)।
কন্মকানগরী—কুমারিকা অন্তরীপ—
দাক্ষিণাত্যে সর্ব দক্ষিণ সীমান্তে

শ্রীনিত্যানন্দ-চরণাঙ্কপৃত (চৈ° ভা°

অবস্থিত।

ত্রিবা**ন্ধ**র রা**জ্যে**

আদি ৯1>৪৭, মধ্য ৩1>>২)
কন্মাকুমারী— (কুমারিকা অন্তরীপ)
মাদ্রাজ হইতে সাউথ রেলে ৪৪৩
মাইল তিনেভেলী, তথা হইতে ৬২
মাইল। মাদ্রাজ এগ্নোর প্রেশন
হইতে ত্রিবান্ত্রম এক্সপ্রেশে মাত্রা
হইয়া তিনেভেলী কুইলন্ হইয়া

যায়। ত্রিবান্ত্রম্ হইতে নাগেরবাইল ৪৩ মাইল; তথা হইতে ১২ মাইল দক্ষিণে কুমারিকা অন্তরীপ বা ক্যাকুমারী। তিনেভেলী তাম্রপর্ণী

নদীর উত্তর তীরে।

ত্রিবাঙ্কুরের রাজধানী ত্রিবান্দ্রম যাওয়া

শ্রীনেলী আপ্নাদেব (ধ্যানেশ্বর)

ও শ্রীকান্তিমতী দেবীর বৃহৎ মন্দির
আছে। ৯৫০ খৃঃ খোদিত শিলালিপি
আছে। ইংরাজ গভর্গমেন্ট মন্দিরে
আঠার হাজার টাকা বৃত্তি দিতেন।
তামপর্ণী নদীর তীরে অগস্ত্য শ্ববি
আনক তীর্থ প্রতিষ্ঠা করেন। খৃঃ
২য় শতাব্দীতে গ্রীস-দেশীয় এরিয়ান্
আসিয়া দেবীমূর্ত্তি (ছুর্না) দেখিয়াছিলেন। শ্রীগৌরপদাঙ্কপৃত (১৮°
৮° মধ্য ৯২২৩)।
চিপিলেশ্বর—উডিয়ায় যাজপ্রে

ক পিলেখর—উড়িয়ায় যাজপুরে
বিরজ্ঞাদেবীর মন্দির ইইতে এক
মাইল দূরে কপিলেখর শিবের
মন্দির। ভত্রতা মনিকর্ণিকা কুণ্ডের
বায়ুকোণে বটবৃক্ষমূলে শ্রীগৌরালনিত্যানন্দ বিশ্রাম করিয়াছিলেন।
কপোতেখর—(চৈচ মধ্য ৫।১০২)
ভাগী বা দণ্ডভালা নদীর নিকটবর্তী
শিবের স্থান। উৎকল খণ্ড-(১০)-

মতে মহাদেব বিষ্ণুসদৃশ পৃজ্যতালাভ
করিবার জন্ম এই নীলাচল-সন্নিহিত
কুশস্থলীতে বায়ুভোজী হইয়া স্বন্ধুশ্চর
তপশ্চর্যা করত কপোতের স্থায়
কুশ্ম হইয়াছিলেন বলিয়া তিনি
কপোতেখর আখ্যা লাভ করেন।
শ্রীগৌরাক্ষ সপার্যদ এই গ্রামে

কভুর—গোদাবরীর পশ্চিম তটে।
মহাপ্রভুর সহিত রায় রামানন্দের
ফিলন-স্থান।

্বিজয় করিয়াছিলেন।

কমলপুর—দণ্ডভাগ। নদীর তীরে অবস্থিত। মালতীপাটপুর টেশন হইতে নিকটবর্তী গ্রাম। পুরীগমন-সময়ে শ্রীমহাপ্রস্থ এই স্থানে আগমন করেন (১৮° ৮° মধ্য ৫।১৪১)।

িকয়**লো ঘাট**—মহাবনের নিকটবর্জী

উদয়াদিতা ও তৎপুত্র লক্ষদেবের

যমুনার ঘাট, যেস্থান দিয়া প্রীবস্থদেব পুত্ৰকে কোলে লইয়া হইতেছিলেন। তথন যমুনা শ্রীকৃষ্ণচরণ · স্পর্শ পাইবার জ্বন্ত বৃদ্ধি পাইতে थाकिरन श्रीवञ्चरप्त भूजतकात जग ব্যাকুলভাবে 'কোই লেও, কোই লেও' বলিয়া চীৎকার করিয়াছিলেন दनिश्च 🗗 ঘাটকে কয়*ল*ো ঘাট বলে এবং দক্ষিণতীরবর্তী গ্রামকেও 'क्यरना' वरन। घारहेत छूटे मिरक উপলেশ্বর ও পাড়েশ্বর মহাদেব বিরাজমান। করভোয়া-বগুড়া জেলার নদী। করতোয়া নদী লজ্মন করিতে নাই।

'কর্মনাশা-জলম্পর্শাৎ করতোয়াবিলজ্মনাৎ। গণ্ডকী-বাছতরণাদ্ধর্মঃ
খলতি কীর্ত্তনাৎ ॥'
করালা—(মপুরায়) বরসানের
পূর্বদিকে; শ্রীললিতা স্থীর জন্মস্থান।
চন্দ্রাবলীর মাতাম্ছী করালার গ্রাম।
করেলকুণ্ড—(মপুরায়) নন্দীখনে

করেলকুণ্ড—(মথুরায়) নন্দীখরে অবস্থিত; 'করিলের বন' (ভক্তি ৫।১০১৩)।
করোলী—রাজস্থানে, হিণ্ডোনসিটি হইতে নয় জ্যোশ—শ্রীসনাতনপ্রভুর

শ্রীশ্রীমদনমোহনের সেবা।
কর্ণ গড় — মেদিনীপুর হইতে ছয় মাইল
উত্তরে। রাজা মহাবীর সিংহের
নির্মিত একটি ছুর্গের ভগ্নাবশেষ
এখনও দেখা যায়। ছুর্গমধ্যে একটি
সরোবর ও একটি প্রস্তর-নির্মিত
প্রাসাদ দ্রষ্টব্য। প্রবাদ — কর্ণগড়ে
দাতাকর্ণের বাড়ী ও ভোজরাজার
রাজধানী ছিল। কেহ কেহ অহমান

করেন যে কবি সন্ধ্যাকর-রচিত

কাব্যে ।

'রামচরিত'-নামক সংস্কৃত

উল্লিখিত উৎকলাধিপতি কর্ণকেশরী এই নগরের প্রতিষ্ঠা করিয়াছিলেন। গড়ের দক্ষিণে অনাদিলিক দণ্ডেশ্বর শিব ও মহামায়ার মন্দির আছে। কর্ণগড়ের রাজা যশোবস্থ সিংহের সভায় ১৬৩৪ শকে ১৭১২ খৃষ্টাব্দে ভক্ত রামেশ্বর থাকিতেন। রামেশ্বর-কৃত 'শিব-সংকীর্জন' গ্রন্থ ঐ স্থানে রচিত হয়। পূর্বে পুরীষাত্রীগণের ঐ স্থানে

রাজারা সালোপক্ল-সস্তৃত। মহা-প্রাভুর সময়ে সন্তবতঃ লক্ষণ সিংহের রাজত্ব-কাল ছিল। লক্ষণ সিংহ, রাজাখ্যামসিংহ, ছত্র সিংহ, রতুনাথ সিংহ, রামসিংহ, যশোবস্ত সিংহ,

অভিত সিংহ-পদ্মী ভবানী। এই

রাজবংশ নি:সন্তান হওয়ায় নাডা-

রাজ্ছাড়পত্র লইতে হইত, নতুবা

কেছ যাইতে পারিত না। এখানের

জোলের রাজারা ইহার মালিক হয়েন। কর্ণলার—(বৃলী ১৮) নন্দীখরের নিকটবর্তী বিহার-স্থান।

কর্ণস্থবর্ণ — রাচ়দেশে। খৃঃ ষষ্ঠ
শতাব্দীতে বৈঞ্চব রাজা বিজয়নাগ
দেবের রাজধানী।
কর্ণাট—দাক্ষিণাত্যে অবস্থিত রামনদ
হইতে সেরিঙ্গপটম পর্যন্ত বিস্তৃত

ভূখণ্ড। মতাস্তরে বিজয়নগর রার্জ্যই
কর্ণাট (Imperial Gazetteer
of India IV) প্রীক্রপসনাতনাদির
পূর্বপুরুষ শ্রীসর্বজ্ঞের বাসস্থান।
কেহ কেহ বলেন যে চেদীরাজ
কর্ণদেবের সংস্রবে কর্ণাটকগণের

সঙ্গে রামামুজীয় ভক্তিবাদ পরবর্ত্তী

কালে বাঢ়ে প্রবিষ্ট হয়। মালবরাজ

শিলালিপি হইতে জানা যায় যে কর্ণাটকগণ চেদীবংশু গাঙ্গেয়দেব ও তৎপুত্র কর্ণদেবের দক্ষিণহন্ত-স্বরূপ ছিলেন। সেনরাজগণও কর্ণাটক-গণের অন্থরক্ত ছিলেন, কেননা কর্ণাটলক্ষী-লুঠনকারির দও বিধান করত হেমন্তদেন একাসবীরক্ষপে

খ্যাত হইয়াছিলেন'। কণাটভূমি বে ভক্তিবাদের প্রতিষ্ঠাক্ষেত্র—তাহা নিম স্নোকেও উট্টকিত আছে— 'উৎপন্না দ্রাবিড়ে ভক্তিবৃদ্ধিং কণাটকে গতা। কচিৎ কচিৎ মহারাথ্রে গুর্জরে বিলয়ং গতা॥'

স্বৰ্গন্ৰ জিশক্ষ লালা হইতে স্বাত

विषयां अहे नजीत कलम्भार्मे वर्ध-

হানি হয়। ['করতোয়া' দেখুন]
কলবর্স (জ ১০) কণাটদেশের
নগরী 'গুলবর্গা' Gulbarga । ১৪৯৯
থঃ উৎকীর্ণ নিলালিপিতে আছে—
'বীর প্রীগজ্ঞার গউড়েশ্বর নবকোটী
কর্ণাট কলবগেসর বিরবর প্রীপ্রভাপ
ক্রদেব'।
কলিকাতা বাগবাজার—প্রীপ্রীমদনমোহনজীউ। এই প্রীবিগ্রহকেই

নোহনজীউ। এই শ্রীবিগ্রহকেই
বিফুপুরের রাজা বীরহাদীর সেবা
করিতেন। রাজবংশীরগণ বাগবাজার-নিবাসী গোকুলচন্দ্র শিত্রের
নিকট এক লক্ষ টাকার শ্রীবিগ্রহকে
বন্ধক দিয়া যান। এ বিষয়ে
নোকর্দ্দমাদিও হইয়াছিল। বিফুপুরের
ইতিহাসে তাহার উল্লেখ আছে।
আরও প্রবাদ—হগলী জেলার

চাতরা গ্রামে মহাপ্রস্থর সেবায়েত শ্রীল কাশীখর পণ্ডিতের বংশধর চৌধুরীগণ পূর্বে শ্রীমদনমোহনের সেবক ছিলেন। রাজা বীরহাষীর তাঁহাদের নিকট হইতে শ্রীমদন-মোহনকে প্রাপ্ত হয়েন। পরে বীরহাম্বীরের অধস্তন কোন রাজার নিকট হইতে গোকুল মিত্র ঐবিগ্রহ প্রাপ্ত হয়েন।

ক**লিন্ত--**বর্ত্তমান যাজপুরাঞ্চল,উড়িয়ার অংশ-বিশেষ।

কলিন্দ পর্বত—হিমালয়ের অন্তর্গত বানরপুচ্ছ পর্বতমাল।—এম্থান হইতে যমুনা নদীর উৎপত্তি হয়।

কল্পবট—গ্রীক্ষেত্রে শ্রীজগরাথদেবের
নাটমন্দিরের দক্ষিণদ্বারে প্রবেশ
করিবার চত্বরোপরি উচ্চবেদীতে,
মৃক্তিমগুপের সংলগ্ন স্থবিশাল বটবৃক্ষ।
এই কল্লবুক্ষের নিমভাগে বহু ফলকামী নরনারী বস্ত্র প্রসারণ করত
বিদ্যা থাকেন।

অন্ততম।
কাউগাছি—২৪ পরগণা জেলা।
ভামনগর প্রেশন হইতে এক ক্রোশ।
পূর্বে ইহা নদীয়া জেলার অন্তর্গত
ছিল। এখানে শ্রীল বিভাবাচম্পতি

কশেরু—ভারতবর্ষের নব দ্বীপের

থাকিতেন।
কাউপুর——বালেখর জেলা, ভদ্রক
হইতে ৭।৮ মাইল, নদীর ধারে প্রীল
রামচন্দ্র খানের বংশধরের প্রীপাট।

এই বংশীয়গণ বালেশ্বর জেলায়
ভাকপুর, লক্ষণনাথ, দেউড়দা প্রভৃতি
ভানে আছেন। হুগলী উত্তরপাড়ার
নিকট কোতরং গ্রামে শ্রীলরামচন্দ্র
থানের জন্মভূমি। এখন লুপ্ত।
কাউপুরে শ্রীশ্রীরাধাগোবিন্দ ও

শ্রীপ্রীজগরাথদেবের সেবা।

কাকটপুর—প্রীজেলার, দেবীর নাম
—মঙ্গলা। ইহার প্রত্যাদেশ না
পাওয়া পর্যন্ত শ্রীজগন্নাথের নবকলেবরের মহাদারুসংগ্রহে সেবকগণ
নির্গত হন না।
ক্রিক্রেক্সী—মুগ্রুষ্ট্র চুইছে মেইব

কাঁকরোলী—নাধদার হইতে মোটর বাসে ১১ মাইল রাস্তা। নাধদারের পরে কাঁকরোলী ষ্টেসনও ৯ মাইল, এই ষ্টেসন হইতে নগর ৩ মাইল। মুখ্যমন্দির—দারকাধীশেরই। প্রবাদ —এই মৃত্তিকে মহারাজ অম্বরীষ আরাধনা করিয়াছেন। মন্দিরের নিকটে রায়সাগর সরোবর।
কাঁকুটীয়া—বীরভ্য জিলায় দেউলির

দাকু গরা—বারভূন । জলার দেও। গর নিকটবর্ত্তী। এই গ্রামে শ্রীলোচন-দাসের শ্বশুরালয় ছিল। অত্রত্য বৈষ্ঠগণের বাড়ীতে শ্রীলোচনের প্রতিষ্ঠিত শ্রীগোপীনাথ ও শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গ-বিগ্রহ বিরাজমান। (বীরভূম-

বিবরণ হাহ৩---২৪ পৃষ্ঠা)

কাগজপুকুরিয়া—যশোহর জেলায় বেনাপোলের নিকটবর্ত্তী প্রাম।
ইহাতে ছবুজি ও বেখাশক্ত রামচন্দ্রগা বাস করিতেন। রামচন্দ্র প্রীপ্রীহরিদাশঠাকুরের সাধনায় বিদ্ন উৎপাদন করিবার জন্ম হীরা বেখাকে নিযুক্ত করেন, কিন্তু সেই বেখাও ঠাকুরের ক্রপায় পরে 'পরম মহান্তা' হইয়াছিলেন।

কাঙরিগ্রাম—(বুলী ২৪) চরণ পাহাড়ীর নিকটবর্ত্তী শ্রীক্ষলীলাস্থান। কাঁচড়াপাড়া——(কাঞ্চনপল্লী—২৪ পরগণা জেলার শেষ উত্তর সীমায়)। (ক) শ্রীল বাস্কদেব দন্ত ঠাকুরের

(ক) শ্রীল বাস্থদেব দত্ত ঠাকুরের শ্রীপাট। আদি বাস-–চট্টগ্রামে। প্রথমে নবদ্বীপ ধামের নিকটে মামগাছীতে সেবা প্রকাশ করেন। পরে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরকে ঐ সেবাভার দেন।

(খ) গ্রীশবানন্দ সেনের জন্মভূমি বর্জমান কুলীন গ্রামে; শ্বশুরবাড়ী— কাঁচড়াপাড়ায়। বংশধরগণ প্রীহট্টের চৌয়াল্লিশ পরগণার আদাপাসা গ্রামে আছেন।

কাঁচড়াপাড়া প্রভৃতি পূর্বে রাজ।
প্রতাপাদিত্যের রাজ্যভুক্ত ছিল।
ভামনগর ষ্টেশন হইতে এক মাইল
জগদ্দলে উহার গড় ও প্রাসাদের
ভগ্নাবশেষ দৃষ্ট হয়।

কাঁচড়াপাড়ার 'ক্লফপুর'-মামক স্থানে কবিকর্ণপুরের স্থাপিত প্রীশ্রী-ক্লফরায়জী বিগ্রহ আছেন। বৃহৎ শ্রীমন্দিরের গাত্তে লেখা আছে ১৭০৮ শকে প্রীমন্দির নির্মিত হইয়াছে। শ্রীবিগ্রহের শ্রীপাদপদ্মের নিম্নে একটি শ্লোক আছে তাহাতে শ্রীশবানন্দ সেনের শ্রীগুরু শ্রীনাধ

পণ্ডিতের নাম দুষ্ট হয়, যথা—

স্বস্থি শ্রীক্ষদেবার (বো)
প্রাধ্রাদীৎ স্বরং কলো। অনুগ্রহার
বিজং কঞ্চিৎ শ্রীলশ্রীনাথ-সংজ্ঞকম্॥
ঐ শ্রীবিগ্রহ প্রথমে শ্রীনাথ আচার্যের
দৌহিত্র মহেশ্বর আচার্যের নিজ
বাটিতে থাকিতেন। পরে মহারাজা
প্রতাপাদিত্যের খুল্লতাত-পূল্ল রাঘব
বা কচু রায় বহু অর্থব্যয়ে শ্রীমন্দিরাদি
নির্মাণ করিয়া দেন, পরে কিছ উক্ত
মন্দির,গঙ্গাগর্ভে গত হয়। তৎপরে
কলিকাতার বদান্ত ও দানশীল

শ্রীনিমাইচরণ মল্লিক ও

মল্লিক মহোদয় ১৭০৮ শকে শ্রীক্লয়-

রায়জীর প্রকাণ্ড মন্দির নির্মাণ

(ইনি অষ্ট কবিরাজের একতম)।

কাছাড় কবিষা, দিয়াছিলেন। শ্রীমন্দিবের দারের উপরে উর্দ্ধে একটি ইপ্টক-লিপি আছে। এরূপ বৃহৎ মন্দির এ অঞ্চলে পরিদুষ্ট হয় না। রথযাত্রাই এখানকার প্রধান পর্ব। বীরদর্পনারায়ণ কাছাড—রাজা ১৫৫৩ শাকে দশাবতার মৃত্তি চিহ্নিত এক শঙ্খ করিয়াছিলেন। কাজলীগ্রাম - (বর্দ্ধমান) খ্রীঞ্রী-নিত্যানন্দ প্রভুর জননী প্রীপ্রীপদাবতী মাতার জন্মভূমি। ইহার পিতার নাম—শ্রীশ্রীমহেশ্বর শর্মা। কাজির নগর-নবদীপের অন্তর্গত, গঙ্গা ও খডিয়ার সঙ্গম হইতে তিন মাইল উত্তরে অবস্থিত ছিল। উহার বাটীর ভগ্নাবশেষ অভাপি দেখা যায় [চৈ° ভা° মধ্য ২৩।৩৫৯ –৩৭৯] কাজির সমাধি – বর্ত্তমান গঙ্গার পরপারে বাজারের নিকট। গঙ্গা ও খডিয়া নদীর সঙ্গম হইতে প্রায় তিন মাইল উত্তরে। ইহার নাম চাঁদকাজি ছিল। কেহ বলেন-ইনি গোডের বাদশাহ হুসেন শাহের মতান্তরে ইনি দৌহিত্র ছিলেন। হুদেন শাহের গুরু—ঐ প্রদেশের শাসনকর্তা বা দওমুণ্ডের বিধাতা ছিলেন। কেছ কেছ বলেন ইনি নবদ্বীপের ফৌজদার ছিলেন। ইঁহার বাটির বহিভাগে একটি গোলক চাঁপার গাছ আছে। উহারই তলে কাজির সমাধি। স্থানটি চারিদিকে প্রাচীরে ঘেরা**। ইহা**র না ত্যুচ্চ পশ্চাতে তাঁহার বাটী ছিল। সমাধি বুক্ষের প্রাঙ্গণে কাজির বাটির

চিহ্নস্বরূপ একখণ্ড প্রস্তর পড়িয়া

আছে। পূর্বে ঐ স্থান মুসলমানদের

অধিকারেই ছিল। তাঁহারা কাজির বংশধর বলিয়া প্রিচয় দিতেন। প্রীচৈত্তরভাগরত ও প্রীচৈত্তর-চরিতামতে বিস্তৃত বিবরণ আছে। এই স্থানের কিঞ্চিৎ উত্তর-পশ্চিমে বল্লালন্ত্রপ এবং বল্লাল-দীঘি আছে। কাঞ্চনগভিয়া-মুনিদাবাদ জেলায় কাঁদি সাবডিভিসনে। বাজারসাত ১। এছরিদাস আচার্যের প্রীপাট। দ্বিজ হরিদাশের পুত্রদায় শ্রীদাস ও শ্রীগোকুল দাস এখানে বাস করিতেন। ইহারা ছয় চক্রবন্তীর মধ্যে দুই জন; আচার্য প্রভুর শিখা। বৃন্দাবনে দ্বিজ হরিদাস ঠাকুরের দেহরক্ষা হইলে তাঁহার আনিয়া কাঞ্চনগডিয়াতে সমাধি দেওয়া হয়। তিরোভাব--একাদশী। প্রীপ্রী-কুষ্ণ মোহনরায়জীউয়ের সেবা আছে। বর্ত্তমানে গোকুল দাসের বংশ টেঁয়া বৈষ্ণপুরে এবং শ্রীদাসের বংশ বেলডাঙ্গার নিকট সাটুই গ্রামে বাস করিতেছেন। ২। প্রীরাধাবল্লভ দাস মণ্ডলের প্রীপাট। ইনি শ্রীদাস গোস্বামিকত বিলাপকুস্থমাঞ্জলির অমুবাদ করেন। ৩। প্রীশীনিবাস-শিষ্য শ্রীবৃন্দাবন চট্টরাজের শ্রীপাট। 8। এমতী ফুলরাণী ঠাকুরাণীর শ্রীপাট (ইহার পিতা-কুমুদ চটোপাধ্যায় এবং স্বামী—রামেজ্র व्याभाषाम्)। ে। শ্রীনিবাস-শিষ্য শীনৃসিংহ কবিরাজের শ্রীপাট। । এরিঘুনাথ করের এপাট

কাঞ্চননগর-বর্দ্ধমান হইতে তিন কোশ, দামোদর নদের কাছে। শুনা যায়—'গোবিন্দের করচা'-নামক রচয়িতা শ্রীলগোবিদ গ্রান্থের কর্মকারের ইহাই জন্মভূমি। ইহার পিতার নাম-ভামাদাস কর্মকার। মাতার নাম-মাধবী, পত্নীর নাম শশিমুখী। ২ শ্রীলভূগর্ভ ঠাকুরের প্রীপাট, ইনি সম্ভবতঃ প্রীবন্দাবনবাসী ভূগর্ভ ঠাকুর হইবেন। ৩ কাটোয়ার নামান্তর (চৈ° ম° মধা ১২।৩৮)। কাঞ্চনাগ্রাম—চট্টগ্রাম। সাতকানিয়া থানার অন্তর্গত। এই শ্রীবাম্বদেব দত্ত ও শ্রীমুকুন্দ দত্ত ছই ভাইয়ের জন্মভূমি। শ্রীনারায়ণ দত্ত (বোধ হয় পিতা) রাচ দেশ হইতে গিয়া এখানে বাস করেন। বংশধরগণ ঐ গ্রামে আছেন। নদীয়া শ্রীবাম্বদেব দত্ত পরে কাঁচডাপাডায় গিয়া বাস করেন। ইনি সেন শিবানন্দের বিষয়-সম্পত্তি দেখিতেন। এই বাস্থদেবই মহা-প্রভুকে বলিয়াছিলেন-'জীবের পাপ লঞা মুঞি করি নরক-ভোগ। সকল জীবের প্রতু ঘুচাহ ভব-রোগ॥ (देठ° ठ° मध्य ५०।५७०) কাঞ্চীনগ্র—দান্দিণাতো ভিজাগা-পটমের নিকটবর্ত্তী প্রীগৌর-পদান্ধিত ভূমি [চৈ° ম° শেষ ১৮৩-৮৪]। কাঞ্চীপুর-(দক্ষিণ কাশী) মাদ্রাজ হইতে ২৩ ক্রোশ দক্ষিণ-পূর্বে। আর্কানাম লাইনে কাঞ্জিভরম (ष्टेषन । শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপৃত িচে° ভা° আদি ৯।১৩৬]।

শিবকাঞ্চী ও বিষ্ণুকাঞ্চী হুই ভাগে
নগরট বিভক্ত। প্রীবরদস্বামির মন্দির
আছে। এই স্থানে গাতটী বারের
নামে গাতটী তীর্থ আছে—রবিতীর্থ,
গোমতীর্থ, শনিতীর্থ ইত্যাদি।
কাঞ্জিভরম্—চিম্পেলপুট জেলা।
কাঁটালপুলি—চাকদহের নামান্তর—

শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাট [চাকদহ
মাষ্টব্য]।
কাট্ট্নিয়া রাজবাটী —— জেলা
যশোহর। রাজা প্রতাপাদিত্য-কর্তৃক
উড়িষ্যা হইতে আনীত শ্রীশ্রীগোবিন্দদেব বিগ্রহ এবং উহার পিতদেব রাজা

শ্রীশ্রীরাধাকাস্তজী উ এই মন্দিরে আছেন। পূর্বে ঐ শ্রীবিগ্রছ গোপালপুরে ছিলেন। সেথানকার মন্দির ভগ্ন ও জঙ্গলাকীর্ণ।
প্রতাপাদিত্যের পিতামহ ও

বিক্রমাদিত্যের পৈত্রিক কুলদেবতা

বিক্রমাদিত্যের পিতা রামচক্ত গুচ উক্ত শ্রীশ্রীরাধাকাস্ত-বিগ্রহের দেবক ছিলেন। শ্রীশ্রীবিগ্রহ অর্দ্ধহস্ত দীর্ঘ। এই রামচক্ত গুহু হালিসহরে বাস

করিতেন।

দ্বারা নির্মিত।

ভামরাইল পরগণার মথ্রেশপুরের মৃস্থাফাপুরে কালিন্দীতীরের কিছু দূরে একটি ভগ্ন মন্দির আছে।
ঐ মন্দিরের গর্ভমন্দিরের পশ্চিম দিকের বাহিরের প্রাচীরে বঙ্গান্ধরে
একটি ফলক আছে। ঐ মন্দির প্রতাপাদিতোর পিতা বিক্রমাদিতোর

সংমিতে। ময়েদং স্বর্গ-সোপানং শ্রীক্তফেন কতং স্বয়ম্॥ দারের কিঞ্চিৎ উপরের দেওয়ালে

भारक रवप-ममायुरक विन्यूवारणन्यू-

গরুড়-স্কল্কে শ্রীরাধা-কৃষ্ণ যুগলমূর্তি আছে।

ষসন্তপ্রে প্রতাপাদিত্যের থ্লতাত পরম বৈষ্ণব বসন্ত রায় রাজ্য স্থাপন করিয়াছিলেন। প্রতাপাদিত্যের যশোরেখরীর মন্দির ঈশ্বরীপুরে। প্রাচীন মন্দির নাই। তত্বপরি মন্দির আছে। ১৭৩১ শকে

উচা নির্মিত।

মন্দিবের

যশোরেশ্রী দেবীর নাট্যমন্দিরে
পিত্তল ফলকে লিপি আছে।
উহাতে নির্মাণ-শক আছে—
সংস্কতে। যশোরেশ্রী ৫০ পীর্টের
অন্তর্গত। চূড়ামণিতন্ত্রে ইহার
বিবরণ আছে। এখানের ভৈরব
যণ্ডেশ্র মহাদেব, দেবীর মন্দিরেই
এখন আছেন। দেবী কৃষ্ণপ্রস্তরনির্মিত। মুখ্মগুল দেখিতে পাওয়া

বামদিকে গঙ্গাদেবী

আছেন। উহা প্রতাপাদিত্যেরই।

মন্দিরে রোপ্য-নির্মিত কোষা ও
কুণ্ডের গাত্তে 'শ্রীকালী' লিখিত
আছে। উহা রাজার সময়েরই।

যশোরেশ্বরী দেবীর মন্দিরের
চণ্ডীপাঠক ও সভাসদ শ্রীঅবিলম্ব

সরস্বতী শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাস-গুরু

শ্রীলকেশব ভারতীর বংশীয় ছিলেন

(यखि) ও नक्षीकनार्फन

বলিয়া প্রবাদ।
প্রতাপ খুলতাত বসস্ত রায়ের
আদেশে উৎকল হইতে উৎকলেশ্বর
শিব আন্মন করেন। উপ্রবীপরের

শিব আনয়ন করেন। ঈশ্বরীপ্রের পূর্বদিকে বছদুরে কপোতাক্ষী নদীর তীরে ঐ শিবের মন্দির ছিল। এক্ষণে ধবংশ হইয়াছে। উহাতে একখানি ফলক ছিল, তাহাতে বসস্ত রাম্বের নাম আছে। উডিয়া হইতে প্রতাপাদিত্য

ভাড়ন্তা হহতে প্রতাগাদিত্য প্রীগোবিন্দদেবকে আনিয়া খ্লতাত বসন্ত রায়কে প্রদান করেন; কিন্ত যুগলম্ভি আনয়ন-সময়ে ত্বর্ণরেঝা নদীতে প্রীমতীর বিগ্রহ হারাইয়া যায়। এজন্ত রাজা বসন্ত রায় প্রীমতীর মৃতি নির্মাণ করেন, কিন্ত অপ্রে জানিতে পারেন যে উহা প্রীমতীর মৃতি হয় নাই, এজন্ত একে একে

অনেকগুলি শ্রীমতীর মৃর্ত্তি নির্মিত
হয়, কিন্তু মনঃপৃত হয় নাই দেখিয়া
মহারাজা প্রতাপাদিত্য ঐ সকল
শ্রীমতীর সহিত এক একটি কৃষ্ণমৃত্তি
নির্মাণ করত নানাস্থানে যুগল বিগ্রহ
স্থাপনা করেন।
কাটোয়া (কল্টকনগর)—[অক্ষাংশ

২৩।৩৭, দ্রাঘিনাংশ ৮৮।৭] বর্দ্ধনান জেলা ইষ্টার্প রেলওয়ে ব্যাণ্ডেল বারহারোয়া শাখার ষ্টেশন কাটোয়া। ষ্টেশন হইতে গঙ্গার পার এক মাইল। এই স্থানে শ্রীদান গদাধরের প্রতিষ্ঠিত শ্রীমন্মহাপ্রান্থর শ্রীমন্দির। দর্শনীয় স্থানঃ—(১) মহাপ্রান্থর

দশনীয় স্থান ঃ—(১) মহাপ্রভুর
মন্দির। মন্দিরের সীমানায় প্রবেশ
করিয়া পশ্চিম দিকে মহাপ্রভুর
শ্রীকেশমুগুনের স্থান। (২) ইহার
পূর্বদিকে শ্রীকেশের সমাধি ও (৩)
শ্রীল গদাধর দাসের সমাধি। (৪)
এই সমাধি ছাড়াইয়া বামদিকে ঘেরা
প্রাচীর-মধ্যে শ্রীশ্রীকেশব ভারতীর
সাধনা ও সিদ্ধির স্থান: (৫) ইহার

(৬) ইহার পশ্চিমে মহাপ্রভুর বাটীর সেবায়েত বেণীমাধব ঠাকুরের

সম্বাথে শ্রীমধু নাপিতের সমাধি।

বাটীর তৎপরে (৭) সমাক্ত। মধ্যে প্রকোষ্ঠমধ্যে খ্রীল গদাধরদাশ-প্রতিষ্ঠিত মহাপ্রত্বর অপরূপ শ্রীবিগ্রহ পরবর্তীকালের প্রতিষ্টিত এবং শ্ৰীশ্ৰীনিত্যানন বিগ্ৰহ। (৮) কাঠ-গোলা-কাটোয়ার কাঠগোলা-পশ্চিমে মালী নামক স্থানের পুষরিণীর পূর্ব পাড়ে যে ভক্ত নর-ত্বন্দর সন্ন্যাস-পূর্বে প্রভুর ঞীকেশ-মুণ্ডন করিয়াছিলেন—তাঁহার ভজন স্থান। এই স্থানকে 'বিম্ব দাসের আৰডা' ও 'সখীর আখড়া' বলে। এই স্থানের একটি বৃক্ষতলে বসিয়া তিনি অবিরত গ্রীগোরাঙ্গ-ধ্যান করিতেন। আখড়াতে একটা মৃতি আছে (বৃদ্ধমৃতি বলিয়া বোধ হয়); তাহাকে উক্ত নরস্থন্দরের বিগ্রহ 'বিম্বাষ্টক'-নামক বলা হয় এবং একখানি প্রাচীন পুঁথি আছে। মন্দিরের অনতিদুরে গঙ্গা-অজয় সঙ্গম ও গ্রীগোরাজ-ঘাট। নবমন্দির ১২৮৮ দালে নির্মিত।

মহাপ্রভুর সন্ন্যাসের কালে ক্ষের-কারের নাম ভিন্ন ভিন্ন গ্রন্থে বিভিন্ন (प्रथा यात्र-कगांश्त्र, (प्रवनाथ, इतिमान ও বিপ্রদাস। মন্দিরে গ্রীরাধাগোবিন্দ-জীউ আছেন। মহাপ্রত্বকে ক্ষৌর করার পরে এই নরম্বনরগণ ক্ষৌর-ভ্যাগ করেন। উহাদের বংশধরগণ 'মধুনাপিত' নামে অভিহিত হয়েন।

কাটোয়া--বর্ত্তমান নাম, কন্টক-नगत-शाहीन नाम। এডিয়াদছে এই শ্ৰীল দাসগদাধর স্থানে থাকিতেন। ১৪৫৮ শকে অন্তর্থান। ইহার শিষ্য যত্নন্দন চক্রবর্তী (বট- ব্যাল, শাণ্ডিল্য গোত্র)। ইহার কাটোয়ায় শ্রীল দাস বংশধরগণ গদাধরের স্থাপিত শ্রীশ্রীমহাপ্রস্থর সেবায়েত।

পূর্বে শ্রীশ্রীমহাপ্রভুর বাটী দেউলা-কারে ছিল। ১৩-৪ সালে ভূমিকম্পে ধ্বংস হওয়ায় রাজ্যবি বন্মালী রায় বাহাছর প্রভৃতি 7004 বর্ত্তমান মন্দির নির্মাণ করিয়াছেন।

কাটোয়ার প্রীয়ত্বনন্দন আচার্য প্রভুর কন্সা হেমলতা দেবীর শিষা ছিলেন। তিনি 'বিদগ্মমাধব'. 'গোবিন্দলীলামৃত' প্রভৃতি গ্রন্থের অমুবাদক।

কাণাডাজা---বর্দ্ধমান জেলায়, কৈচর ষ্টেশনের অনতিদুরে এনিত্যানন্দ-বংশ্রদের ধাস। প্রীশ্রীবলরামের সেবা [কাননডাঙ্গা দেখুন]।

কাথিয়ার--গুজরাট-প্রদেশস্থ উপদ্বীপ-পঞ্চদশ শকশতান্দীতে কাথিয়াবার হইতে উত্তম वामनानी रहेख, उद्यादा हाँदनाया প্রস্তুত করিয়া শ্রীগৌরাঙ্গের নাট্য-গৃহ সজ্জিত হইয়াছিল (চৈ° ভা° মধ্য 25126)1

কাঁদরা—(বর্দ্ধমান) কেতুগ্রাম থানার व्यशैन। व्यारमपूत-कारहाया द्वारा রামজীবনপুর ষ্টেশন। প্রীল জ্ঞান-দাসের ও প্রীযত্ত্বনন্দন দাসের প্রীপাট। এখানে প্রীজ্ঞান দাসের মঠ আছে। পৌষী পূর্ণিমাতে তিন দিন মেলা ১৫৩১ খুঃ অব্দে মঙ্গল ঠাকুর-বংশে কাঁদড়াতে জ্ঞানদাসের জন্ম হয়। এস্থানে কবি চল্লশেখর, শশি-শেখর, মঙ্গল ঠাকুর ও আউল মনোহর দাস প্রভৃতি থাকিতেন।

জ্ঞানদাসের প্রতিষ্ঠিত শ্রীবাধাগোবিন্দ-জীউ আছেন। ঐ স্থান 'জ্ঞান দাসের মঠ' বলিয়া অভিহিত হয়। পুকুর-ধারে একখানি পাথর আছে. উহাতে শ্রীল বীরভন্ত প্রস্থু উপবেশন করিয়াছিলেন বলিয়া খুনা যায়। কাঁদরার 'দাস ঠাকুর' উপাধিধারী কায়স্থ বংশও এক সময় প্রসিদ্ধ-হইয়াছিলেন। ইঁহাদের আদিপুরুষ বলরাম দাস স্বকুল-দেবতা শ্রীক্বঞ্চ-রায়ের সহিত এ গ্রামে প্রতিষ্ঠিত হন। বলরামের পিতা জয়গোপাল শ্রীকৃষ্ণবিলাস ও জ্ঞান-প্রদীপাদি গ্রন্থের রচয়িতা। জয়গোপাল শ্রীস্থন্দরানন্দ গোপালের আশ্রিত।

কাঁদরা 'মনোহরসাহী' কীর্ত্তনের জন্মও বিখ্যাত। খেতরীর উৎসবের পরে শ্রীখণ্ডে ও কাটোয়ার উৎসবে মনোহরসাহী কীৰ্দ্বনে কাঁদরার মঙ্গল-ঠাকুর-বংশীয় বংশীবদন অগ্রণী

ছিলেন ৷ কাদলা গ্রাম-মজফরপুর জেলায়। ঐ স্থানে ভক্তমালের অমুবাদক লছ্মন দাসজী (?) ১১০০ হিজরীতে

জনগ্রেহণ করেন।

কাঁদিখালি—ভাগীরথী-তটে। শ্রীপ্রী-অবৈত-শিষ্য শ্রীবিফুদাস আচার্যের পাট। বংশধর গোস্বামিগণ-রাচী

শ্রেণীয় ['মাণিক্যডিহি' দ্রষ্টব্য] ! কাননডাজা (বর্জমান) —বর্জমান-

কাটোয়া লাইট রেলের কৈচর ষ্টেশন হইতে আধ মাইল পূর্ব দিকে। শ্রীনিত্যানন্দ-বংশীয় প্রভুদের বাস।

শ্রীবলরামজীউর সেবা।

কানসোণা-শ্রীনিবাসাচার্যের শিষ্য প্রেমী জয়রামের এপাট (অমু ৭)।

কানাইর নাটশালা (বা কানাইয়া ছান)—গাঁওতাল পরগণা ত্মকা জেলায়, ডাকঘর তালঝরি। ই, আর তিনপাহাড়ী জংশনের পর তালঝরি ষ্টেশন হইতে হাঁটাপথে (বর্ষাভিন্ন) ছুই মাইল মাত্র।

অভ পথ-তিনপাহাড়ী জংশন হইতে রাজমহল ষ্টেশন, তথা হইতে পাঁচ-মাইল নাটশালা। পথে মঞ্চল-হাট-নামক স্থান পডে। গভীর জন্মল মধ্যে উচ্চভূমিতে দেবালয়। নিকটেই পাহাড। গ্রীমন্দির হইতে গলা (प्तरी चिंकित्र के । मिन्न के के एक গঙ্গা-দর্শন হয়। প্রীমন্দিরে ধাতুময় শ্রীশ্রীরাধামাধব বিগ্রহ ও শ্রীশালগ্রাম আছেন। এগৌর-নিত্যানন্দপাদান্ধ-পুত ৷ [চৈ° ভা° মধ্য ২।১৭৯] শ্রীমন্মহাপ্রভু গয়া হইতে প্রত্যাবর্ত্তন-কালে ও (চৈচ মধ্য ১৷২২৭) বুন্দাবন-যাত্রা-কালে এই স্থানে আগমন করিয়া শ্রীকৃষ্ণ-দর্শন করিয়াছিলেন। পরে কোন ভক্ত ঐ স্থানে মহাপ্রস্থর শ্বতি-শ্বরূপ ঐগোরচরণ প্রতিষ্ঠিত করেন।

কানাইর নাটশালা হইতে রাজমহলের পাহাড়শ্রেণী প্রাচীরের মত দেখিতে পাওয়া যায়। উক্ত শৈলশ্রেণী বিহার ও গোড়রাজ্যের সীমা নির্দেশ করে।

কান্দী—মুর্শিদাবাদ জেলায়,
প্রীগোরাক সিংহ (জন্ম ১৬৯৯ খৃঃ)
প্রীরাধাবলভ বিগ্রহ প্রতিষ্ঠা করেন।
দেওয়ান গঙ্গাগোবিন্দ সিংহ
(১৭৩৯—১৭৯৯) নবদ্বীপে শ্রীগোবিন্দ
গোপীনাথ-মদনমোহনের প্রতিষ্ঠা
করেন; অধুনা স্থানটি গঙ্গাগর্ভে লুপ্ত

(Vide Territorial Aristocracy of Bengal pp. 6-7)।

শ্রীকৃষ্ণচন্দ্র সিংহের (লালা বাবুর)
ভক্তিময় ও বৈরাগ্যপূর্ণ জীবনী
সর্বজন-বিদিত (১৭৭৫—১৮২১ খঃ)
ইনি শ্রীকৃষ্ণাবনে শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রজীউর
প্রতিষ্ঠাপক।
কান্যকুজ-পঞ্চগৌড়ের অন্ততম।

কাশুকুজ—পঞ্চগোড়ের অঞ্চতম।
[কাশুকুজ, সারম্বত, গোড়, মৈথিল
এবং উৎকল—এই পঞ্চগোড় ব্রাহ্মণ;
আন্ধু, কর্ণাট, গুর্জর, দ্রাবিড় ও
মহারাষ্ট্র—পঞ্চদাক্ষিণাত্য ব্রাহ্মণ]।
কান্তনগর—(দিনাজপুরে) রাজা
প্রাণনাথরায়-কৃত শ্রীকান্তজির মন্দির
অতিপ্রসিদ্ধ, কাক্ষকার্য অতিরমনীয়।
অত্য রাজগণ পরম বৈঞ্চব,
সেবাপরিপাটিও প্রশংসনীয়।
মন্দিরের গাত্র-সংলগ্গ ইষ্টকে রামায়ণ
ও মহাভারতের বিবিধ চিত্রাবলী
উৎকীর্ণ আছে।

কামকোষ্ঠিপুরী—শ্রীশেল ও দক্ষিণ
মথুরার (বর্ত্তমান 'মাছ্রা') মধ্যবর্ত্তী
স্থান; শ্রীগৌরনিত্যানন্দ-পদাঙ্কপ্ত
(চৈ° চ° মধ্য ১।১৭৮; চৈ° ভা°
আদি ১।১৩৬)।

তাঞ্জার জিলায় কুন্তকোণম্।
এ স্থানে চারিটি বিঞ্-মন্দির ও বারটি
শিব-মন্দির আছে। 'মহামোক্ষম্'
কুণ্ড আছে। প্রতি মাঘ মাসে মেলা
বসে ও প্রতি বাদশ বৎসর পরে
বৃহস্পতির সিংহরাশিতে গমনে
মহামাঘোৎসব অফ্টিত হয়। কুন্তেশ্বর
শিবের মন্দির সমধিক প্রসিদ্ধ।
S. Ry. ষ্টেশন—কুন্তকোণম্।
কামনাকুণ্ড—(মপুরায়) কাম্যবনের

অন্তর্গত [ভক্তি লে৮৫০)।

কামরিপ্রাম—(কামের) ব্রঞ্জে কুশীর
পশ্চিমে অবস্থিত। এস্থলে কামাতৃর
শ্রীকৃষ্ণ শ্রীরাধার পথে দৃষ্টি নিবদ্ধ
করিয়াছিলেন। গ্রামের উন্তরে দুর্বাসা
মূনির আশ্রম, তথার দুর্বাসা কুণ্ড ও
মূনির বিগ্রহ আছে। এখানে গোপীগণ
শ্রীকৃষ্ণের কম্বল গ্রহণ করিয়াছেন।
(ভক্তি ৫।১৪০৮)

কামসরোবর--(কামসাগর) মধুরাস্থিত কাম্যবনাস্তর্গত রুফকেলিস্থান (ভক্তি ৫৮৬৯—৭১)।

(ভাজ ৫।৮৬৯—৭১)।

কামাই—(মপুরায়) বরসানের
পূর্বদিকে—শ্রীবিশাখা সখীর জন্মস্থান।
কাম্পিল্ল—পূর্বোতর বেলওয়ের
আগরাফোর্ট-পোরখপুর লাইনে
হাপরাস জংসন হইতে ৮৩ মাইল
দূরে কায়মগঞ্জ ষ্টেসন। এস্থান
হইতে ছয় মাইল পাকা রাস্তা।
পূর্বকালে ইহা ছিল—মহানগর।
রামেশ্বরনাথ ও কালেশ্বরনাথের
মন্দির, কপিল মুনির কুটা ও দ্রোপদী-

কাম্যবন—মথুরা মণ্ডলান্তর্গত, হাদশ বনের অন্ততম। শ্রীবৃন্দাজি, শ্রীকামেশ্বর শিব, বিমলা কুণ্ড, সেতৃবন্ধ, শ্রীচরণচিহ্ন, ব্যোমাম্মর-গুহা ভোজনস্থলী, 'চৌরাশি-খান্ডা' প্রভৃতি বহু দর্শনীয় স্থান। বিমলা-কুণ্ডতীরে

কুণ্ড প্রভৃতি দ্রষ্টব্য।

মহারাজের সমাধি।

কারণ-সমুদ্র—পরব্যোমের বাহিরে
জ্যোতির্ময় ব্রহ্মধাম, তাহারও বাহিরে
কারণ-সমুদ্র বা বিরজা নদী।

বাবাজি

मिक छीछी जसक्रक मां म

জগৎ-কারণ 'কারণান্ধিশায়ী' এই সমুদ্রে শায়িত থাকেন। প্রধান বা মায়িক তত্ত্ব এবং পরবোম

—এই ছুইয়ের মধ্যে বিরক্তা নদী—। ইহা পুরুষের ঘর্মজ্বলে পূর্ণ। বিরজ্ঞার অমৃত, শাৰ্যত, পারে পরব্যোমের সংস্থান, ত্রিপাদবিভৃতির ব্যাপার-মাত্রই আলয়: মায়িক প্রকৃতিগত ও পাদবিভূতির অন্তর্গত। কারাষ দেশ-বক্সার ও তল্লিকটবর্তী দেশ, দ্বাপরযুগে এদেশের রাজা পৌণুক (মিথ্যা বাহ্নদেব) প্রীকৃষ্ণ-হস্তে নিহত হন।

কার্য্য দেশ

কালনা—বৰ্জমান জেলায়। প্ৰাচীন নাম-আবুয়া মুলুক। বর্ত্তমান নাম —অম্বিকা কালনা। ইষ্টার্গ রেলওয়ে হাওড়া ষ্টেশন হইতে ৫১ মাইল কালনা। ষ্টেশন হইতে শ্রীপাট দেড মাইল। শ্রীগৌরীদাস পণ্ডিত দাদশ গোপালের একতম। ইনি পূর্বলীলার স্থবল স্থা।

দর্শনীয়-তেঁতুলর্ক্ষ, মহাপ্রভু, প্রাচীনপুঁথি ও শ্রীলমহাপ্রভুর শ্রীহন্তের একখানি বৈঠা বা হাল। শ্রাবণী শুক্রা ত্রেয়াদশীতে শ্রীগোরী-দাস প্রত্নর তিরোভাব তিথি।

কালনাতে—(১) **ঞীগোর**,দাস পণ্ডিত (২) ঐ ভ্রাতা শ্রীসূর্যদাস পণ্ডিত (৩) প্রীক্ষরটৈতক্স িপ্রীক্ষামানন্দ প্রভুর গুরু] (৪) প্রীপরমানন্দ গুপ্ত এবং (৫) গ্রীকৃষ্ণদাস সরখেল প্রভৃতির গ্রীপাট। শ্রীপাটে প্রবেশ করিতেই একটি প্রাচীন তেঁতুল বুক্ষ দৃষ্ট হয়। মুল বুক্ষ পড়িয়া গিয়াছে, কিন্তু আশ্চর্যভাবে গুঁড়ি হইতে একটি ঝুরি নামিয়া পুনরায় বুক্ষটি বুৎদাকার হইয়াছে। তেঁতুল গাছের ঝুরি কোথাও দেখা যায় না।

সেবায়েতগণ বলেন ঐ বৃক্ষতলে

শ্রীগোরীদাস ও শ্রীমন মহাপ্রস্থর প্রথম মিলন হয়। তেঁতুল বৃক্ষতলে একটি ফলকে লিখিত আছে--শ্রীশ্রীমহাপ্রভুর বিশ্রামন্থান আমলিতলা শ্রীপোর ও গৌরীদাসের সম্মিলনস্থান। ইছার পরে ও নিকটে রাস্তার ডানহাতি একখানি ৪ হাত উচ্চ পিতলের রথ দেখা যায়। উহাতে '১১৬৫ সাল' খোদিত আছে। উহার পরেই নাটমন্দির ও মূল মন্দির।

প্রীপাটে একখানি প্রাচীন (গীতা) পুঁথি আছে, উহা মহাপ্রভুর শ্রীহন্তের লেখা বলিয়া সেবায়েতগণ বলেন। একটি বৈঠা বা হাল আছে। উহাও মহাপ্রভুর হণ্ডের বলিয়া কথিত হয়। (শ্রীঅমূল্যধন রায় ভট্টের দ্বাদশ-গোপালগ্রন্থে শ্রীপাটের বিস্তৃত বিবরণ আছে)।

শ্রীলসূর্যদাস পণ্ডিতের শ্রীপাট <u>— ञ</u>ीन গোরীদাস পণ্ডিতের শ্রীপাটের নিকটেই পশ্চিম দিকে শ্রীল স্থাদাস পণ্ডিতের শ্রীপাট। সেবায়েত মহাশয় কুলবুক্ষ দেখাইয়া रातन य थे शान श्रीन र्यमान পণ্ডিতের কলা শ্রীবন্ধধা মাতা ও জাহ্নবা মাতার বিবাহ হইরাছিল।

শ্রীভগবান দাস বাবাজীর আশ্রম—এই স্থানে সিদ্ধ মহাত্মা ভগবানু দাস বাবাজী মহারাজ-স্থাপিত প্রীপ্রীনাম ব্রন্মের সেবা আছে এবং বাৰাজী মহারাজের সমাধি আছে। প্রাঙ্গণের একধারে একটি ইদারা আছে. উপর হইতে জল পর্যস্ত নামিবার জন্ম সিঁডি আছে। বাবাজী মহারাজ ইন্দারার শীতল স্থানে সিঁডি

দিয়া নামিয়া ভজন করিতেন। আর একটি পুরাতন কামরাঙা গাছ আছে। গোণী কান্ধিকী রুফার্ট্মীতে শ্রীল-ৰাবাজী মহারাজের তিরোভাব উৎসব হয় | কালিকাপুর—(বর্দ্ধমান) কাটোয়ার প্রীপ্রিগঙ্গামাতা গোস্থামি-নিকট বংশীয়দের রাধামাধবজীর সেবা। कालिनो-यमूना नही। কালিয় হ্রদ—(কালীয়দহ) প্রীরন্দাবনে অবস্থিত বৰ্ত্তমান 'কালিদহ'। কাবেরী-দাক্ষিণাত্যের নদী (বর্ত্তমান নাম-অর্দ্ধগঙ্গা)। (ইশন-মায়া-ভরম ও ত্রিচিনোপলী। ত্রীগৌর-নিত্যানন্দ-পদান্ধিত তীর (চৈ° চ° मधा ১।১०७, टेठ° ভा॰ 21276)1 কা**শিমবাজার**—অত্রত্য মহারাজ भगीक्षठक नन्ती (शीष्ट्रीय देवश्ववश्दर्भव উন্নতি-কল্পে মহাবদাগুতার পরিচয় দিয়াছিলেন। টীকার বহু সহিত শ্রীমদ্-ভাগবতের প্রণয়ন —তাঁহার এক অপূর্ব কীতি। হরিসভা স্থাপন করত দেশবিদেশে গৌডীর-বৈষ্ণবধর্মের প্রচার প্রসারের প্রচেষ্ঠা তাঁহার প্রশংসনীয়। তিনি ১৩১২ সালে অগ্রহায়ণ-পৌষ-সংখ্যায় লিখিয়াছেন —'প্রসারতার গৌডীয় - বৈঞ্চবধর্ম ক্ষদ্র ১ইলেও উৎকর্ষতায় ইহা জগতের সর্বোচ্চ স্থান অধিকার করিয়া আছে। অদুর ভবিষ্যতে ইহা যে সমগ্র শিক্ষিত সমাজ-কর্ত্ত্ব সমাদৃত ও গৃহীত হইবে, তাহার স্বস্পষ্ট আভাস এখনই যাইতেছে'। পাওয়া

শ্রীবিষ্ণুপ্রিয়াগৌরাঙ্গে ১৩৩৫ জ্যৈ

যাইয়া

মুষ্ট্যাঘাতেই

সংখ্যায়--- 'মহাপ্রভু বাংলার দেহ, মন, আত্মা: বাংলাকে বুঝিতে হইলে বৈফ্বধর্মে অবগাহন করিতে হইবে। বাংলাকে জাগাইতে হইলে रुट्रेट्ड বৈষ্ণবধর্মের রসভাণ্ডার সঞ্জীবনী প্রেমবারি সিঞ্চন করিতে হইবে, কারণ তাহার প্রাণশক্তির উৎস-এই ধর্মের ভিতরেই লুক্ষায়িত। कामी-(वातानभी) वकाश्म २६।२०, দ্রাঘিমাংশ ৮৩।২। ষষ্ঠ খঃ শতান্দীতে চীন-পরিব্রাজক হিউএন্সিয়াং আসিয়া কাশীধামে শতাধিক দেব-মন্দির দেখিয়াছিলেন। তন্মধ্যে শতহস্ত উচ্চ তাম্র্যর শ্রীবিশ্বেশ্বরের মন্দির ছিল। আওরঙ্গজেব মূল মন্দির ভাঙ্গিয়া ভত্নপরি মসজিদ নির্মাণ করে। বর্ত্তমান মন্দির ৩৪ হাত উচ্চ। মহারাজ রণজিৎ সিং ইহাকে সংস্কার ও তাম্রমণ্ডিত করিয়াছেন।

জ্ঞানবাপী—-শিবপুরাণে ইহার কালাপাহাড়ের বাপীজন। ध्वःमनीनात मगर्य श्रीविरश्यत्व व কুপে রাখা হইয়াছিল। ইহার ছাদটি ১৮৮২ খুঃ গোয়ালিয়রের বৈজবাই নিৰ্মাণ করেন।

নিকটে নেপালরাজ-দত্ত পাঁচ হাত উচ্চ একটি প্রস্তরের বুষভ আছে। ঐ স্থানের উত্তর-পশ্চিম দিকে আদি বিখেখরের ৪০ হাত উচ্চ মন্দির আছে ও নিকটে কাশীকর্বট-নামক পবিত্র কুপ। তৎপরে শনৈশ্চরের মন্দির ও তাহার নিকটে অন্নপূর্ণার মন্দির ! বর্ত্তমান মন্দির রাজা নির্মাণ করিয়াছেন।

কাশীতে চৈতক্ত-(যতন)-বটের শ্ৰীশশিভূষণ নিকট কলিকাতার

নিয়োগী মহাশয় শ্রীগোর-নিতাই সেবা প্রকাশ করিয়াছেন।

শ্ৰীশ্ৰীগোডীয়-বৈষ্ণব-অভিধান (8)

কাশীতে পঞ্চনদী ও পঞ্চাঙ্গা। উত্তরবাহিনী বৰ্ত্তমানে কেবল গঙ্গাদেবীই আছেন। পঞ্চনদী পুতপাপা, কিরণা, সরস্বতী, যমুনা ও গলা। কাশীতে প্রাচীন স্থান:-(১) মণিকণিকা ঘাট ও মন্দির। (২) দশাখ্যেধ ঘাট ও মন্দির। (৩) ৬৪ যোগিনী। (৪) কেদার ঘাট ও (৫) হরিশ্চন্দ্র ঘাট ও মন্দির। (৬) প্রহলাদ ঘাট ও মন্দির। (৭) নারদ ঘাট ও মন্দির। হমুগান ঘাট ও মন্দির। (৯) তুলসী ঘাট ও মন্দির। (১০) পঞ্চললা। (১১) मानमन्द्रित । (১২) অহল্যাবাইর ঘাট। (১৩) শিবানীর ঘাট। (১৪) ভোঁসলাঘাট। (১৫) কপিলধারা। (১৬) কোণার্ক কুগু। (১৭) অগস্ত্য (১৮) সারনাথ (দুরে)। (১৯) जूननीमानी वाथण। (२०) পঞ্জোশী পথ। (২১) কবির চৌরা। विभूगांधव- अधूना (वनीगांधव।

মন্দির-মধ্যে লক্ষীনারায়ণ. শ্রীরামগীতা. লক্ষণ ও হনুমান আছেন। সাতরা জেলার করদরাজ্য আউন্ধের শ্রীমন্তরাণীসাহেব মহারাজা এই মন্দিরের ব্যয় নির্বাহ করেন। ২০০ বৎসর হইতে ঐ রাজবংশের হাতে সেবা আছে।

কাশীকুণ্ড--ব্ৰজে কাম্যবনান্তর্গত (७कि बाम्बर)। কাশীপুর—(মেদিনীপুর) নয়াবসানের

সন্নিকট এই কাশীপুর গ্রাম। খ্রীল-ভামানন্দ প্রভুর শিষ্য শ্রীরসিকানন্দের জ্যেষ্ঠ প্রতা কাশীনাথ দাসের

স্থাপিত। ময়ুরভঞ্জের রাজা **এই** কাশীপুর হইতে বলপূর্বক ইংহাদের শ্রীবিগ্রহ লইয়া গিয়াছিলেন, কিন্তু রিসকানন্দ পরে ময়ুরভঞ্জ হইতে ঐ আনয়ন করিয়া গোপীনাথজীউ নামে কাশীপুরে পুনঃ প্রতিষ্ঠিত করেন। প্রীশ্রামানন্দ প্রভুর নির্দেশে কাশীপুর গোপীবল্লভপুর নামে পরিবর্ত্তিত হয়। ্র° ম° দক্ষিণ ৩।৪৯—৮৬]

কাৰীয়াড়ী—(র° ম° দক্ষিণ ১২।৫) মেদিনীপুরে শ্রীশ্রামানন্দ ও প্রীরসিকা-নন্দপ্রভুর পদাঙ্কপৃত স্থান। [কেশীয়াড়ী स्ट्रेग ।

কাশ্রট—ব্রজে, অক্ষরবটের পশ্চিমস্থ গ্রাম। একদা শ্রীকৃষ্ণবলরাম ভাঞ্জীর-গোচারণ করিতে গোপবালকগণ সহ খেলিতে থাকিলে উপস্থিত প্রলম্বাস্থর স্থারূপে र्ह्या जिल् । তখন তাঁহারা এমন এক খেলা আরম্ভ করিলেন যাহাতে পণ হয় যে জেতাগণ পরাজিত-গণের স্বন্ধে আরোহণ করত ভাগ্ডীরের যাইবেন ৷ **শ্রীদামের** নিকট প্রীক্রফ ও বলরামের নিকট প্রলম্ব পরাজিত হইয়া শ্রীদামকে ও বলরামকে বহন করিতেছিলেন— এমন সময় প্রলম্ব বলদেবকে বিভিন্ন করিতে স্থানে লইয়া পলায়ন

খেলার পর হইতে অক্ষয় বটের নিকটবর্জী গ্রামের নাম হয়—কাশ্রট কাষ্ঠকাটা বা কাঠাদিয়া—ঢাকা বিক্রমপুরে। কাষ্ঠকাটা—গ্রীজগরাপ

বলদেব

তাহাকে বধ করেন। এই কশরৎ

থাকিলে

আচার্য প্রস্থর শ্রীপাট। ইহার বংশধরগণ আড়িয়াল, কামারখাড়া, পাইকপাড়া প্রভৃতি গ্রামে বাস করেন। ঠাকুর জগন্নাথ আচার্য-কর্ম্ভ্ ক ঘাসিপুকুরে প্রাপ্ত ও সেবিত শ্রীশ্রীযশোমাধব বিগ্রহ—বর্ত্তমানে নবদ্বীপে আছেন।

নবদ্বাপে আছেন।

কিরীটেশরী (কিরীটকণা)

মূর্শিদাবাদের পরপারে। ডাহাপাড়া
গ্রাম হইতে এক মাইল পশ্চিমে।
মহাপীঠ। দেবীর কিরীট পতিত হয়।
দেবী বিমলা, ভৈরব সম্বর্ত্ত। পৌষমাসে
মঙ্গলবারে মেলা হয়।
ভৈরব-মন্দিরের সম্মুথে একটী

ভেরব-মান্দরের সন্মুখে একটী
প্রান্তরফলকে শ্লোকে ১৬৮৭ শক
লিখিত আছে। নবাব মীরজাফর
এই দেবীর চরণামৃত পান
করিয়াছিলেন।
(Seir Mutagherin Vol

II p. 342) এই স্থানে সাধকপ্রবর রামক্তফের

প্রস্তর-আসন আছে। গ্রামমধ্যে
নবনির্মিত মন্দিরে বা গুপ্ত মঠে
বর্ত্তমানে দেবীর রোপ্যকিরীট রক্তব্যে আচ্চাদিত হইয়া আছে। শ্রীশ্রীমহাপ্রস্তুর সমসাময়িক মঙ্গল

শ্রেশ্রনথাপ্রপুর সম্পামারক মঙ্গল বৈষ্ণব ও তাঁহার পরবর্তী বংশধরগণ এই দেবীর সেবায়েত ছিলেন। এই মঙ্গল বৈষ্ণব শ্রীল গদাধর প্রভুর শিঘ্য ছিলেন এবং বর্জমান জেলার কাঁদরা গ্রামে পরে বাস করেন। মঙ্গল ঠাকুরের পৌত্র বদনচাঁদ ঠাকুর প্রাসিদ্ধ মনোহরসাহী কীর্জনের

কিশোরীকুণ্ড—ব্রজে, ছত্রবনের বিকটবর্তী উমরাও গ্রামে অবস্থিত।

কিশোরনগর—'জালালপুর' দ্রপ্টব্য।

এ স্থানে শ্রীলোকনাধ গোরামি-প্রান্থর প্রাণধন শ্রীশ্রীরাধাবিনোদ প্রকট হন।

কিষ্ণিক্ষ্যা—বালি ও প্রত্তীবের রাজধানী, দাক্ষিণাত্যে (বিজয় ৮১।৫১)।
কীচক—মহাস্থানগড়ের প্রায় তিনক্রোশ উত্তরে শিবগঞ্জ ধানার
অন্তর্গত। করতোয়া নদীর তটে
অবস্থিত মহাভারতের কীচক এই
স্থানে বাস করিতেন।

কীর্ণাহার ষ্টেশন।
(ক) এখানে চণ্ডীদাসের
সমাধি আছে। ষ্টেশন হইতে ৭।৮

কীর্ণাহার-বীরভূম জেলা। কাটোয়া

इडेरड A. K. R. (डां देवा

(থ) পূর্ব সেবায়েতের সমাধি। (গ) দেবালয়ে আধুনিক স্থাপিত

প্রীপ্রীমদনমোহন-

মিনিটের পথ।

শ্রীবিগ্রহ আছেন। '

কীর্ণাহারের

মন্দিরে নারুর হইতে চণ্ডীদাস নিত্য সন্ধ্যায় আগমন করিয়া কীর্ত্তন করিতেন। রামী রজকিনী সঙ্গে থাকিতেন। উক্ত মন্দিরের ভগ্ন

ন্তুপ আছে। ঐ স্তৃপ খুঁড়িতে একটি ত্রিশূল বাহির হইয়াছিল।
শুনা যায় চণ্ডীদাসের হস্তাক্ষরযুক্ত একখানি পুঁথি ছিল, উহা বোলপুরের বিশ্বভারতী আশ্রমে গিয়াছে। এই স্থান হইতে চণ্ডীদাসের জন্মস্থান নারুর ৪ মাইল।

কুঞ্জঘাটা—(রাজবাড়ী, মুর্শিদাবাদ)
— বৈঞ্চব-চূড়ামণি মহারাজ নন্দ-

কুমারের বাটী, এখানে মহারাজ-সংগৃহীত লক্ষ-বৈঞ্চব-পদরজঃ এবং পুরীর 'নরেন্দ্র-সরোবরের তীরে মহাপ্রভুর ভাগবত-শ্রবণের' প্রাচীন
চিত্রথানি আছে। লক্ষ বৈশ্বব
ভোজন-সময়ে যে যে কাষ্ঠাসনে
বিস্মাছিলেন, তাহার কিছু কিছু
এখনও আছে। মহারাজা মুর্শিদাবাদ
জেলার (বর্তুমানে বীরভূম জেলার)
আকালিপুর-নামক স্থানে
শ্রীপ্রীভন্তকালী মাতা স্থাপন করেন।

চন্দ্র ও প্রীপ্রীলক্ষ্মীনারায়ণজ্ঞীউ প্রতিষ্ঠা করিয়াছিলেন। এখন ঐ সব বিগ্রহ কুঞ্জঘাটায় আছেন। কঞ্জঘাটায় নন্দকুমারের দৌহিত্র

ঐ ভদ্রপুরে নবরত্ব-মন্দিরে প্রীবৃন্দাবন-

জগচ্চজ্রদেবের পুত্র রাজা মুকুন্দ পরমবৈষ্ণব ছিলেন। তিনি কুঞ্জ-ঘাটাতে প্রীশ্রীগোরাঙ্গ ও প্রীশ্রী-রাধামোহন বিগ্রহ প্রতিষ্ঠা করেন।

সম্বন্ধে জানা যায়— উড়িখ্যার স্বাধীন নরপতি মহারাজা

রাজভবনে রক্ষিত মহাপ্রভুর চিত্র-

প্রতাপরন্দ্র পুরীধানে নরেক্তর
সরোবরের তীরে পারিষদসহ শ্রীগোরাঙ্গের যে চিত্রখানি অঙ্কিত
করিয়াছিলেন, ঐ চিত্রখানি তিনি
শ্রীগোরাঙ্গের বিরহে কাতর শ্রীনিবাস
আচার্য প্রস্থু পুরীধামে গমন করিলে

তাঁহাকে প্রদান করেন। শ্রীনিবাস

আচার্যের বংশধর শ্রীল রাধামোহন

ঠাকুর (ইনি মহারাজা নন্দকুমারের গুরু) উক্ত চিত্রখানি মহারাজকে প্রদান করেন। তদবধি ঐ চিত্র কুঞ্জঘাটাতে রহিয়াছে। চিত্রখানি প্রায় সওয়া ফুট স্কোয়ার আকারে

চারিশত বৎসরের অঙ্কিত হইলেও উহা মলিন হয় নাই, যেমন রং তেমনই আছে। কুঞ্জরা—ব্রজে, রাধাকুণ্ডের দেড়্যাইল
উত্তরে অবস্থিত। এস্থানে কুঞ্জরবেশধারিণী নয়টি গোপীর সহিত
শ্রীকৃষ্ণ বিহার করিয়াছেন।
কুড়ইগ্রাম—কাটোয়া বর্দ্ধমান লাইট
রেলের কৈচর ষ্টেশন হইতে ৭ মাইল।
কাটোয়া হইতে ৫ ক্রোশ।
প্রবাদ—এখানে শ্রীশ্রীনিত্যানন্দ-

প্রবাদ—এখানে প্রীক্তীনিত্যানন্ধপ্রভুর মতান্তরে প্রীরঘুনন্দন ঠাকুরের
নূপ্র পতিত হইয়াছিল। অভাপি
সেই নূপ্র রক্ষিত আছে। প্রীপ্রীগোপীনাধ ও প্রীশ্রীরাধাগোবিন্দজীউর
সেবা। এই বিগ্রহ আকাইহাট
প্রীপাট হইতে এস্থানে আনীত
হইয়াছেন।

কুণ্ডলতলা— (কুণ্ডলীদমন স্থান)
বীরভূমে, সাঁইথিয়া ষ্টেশন হইতে ত্ই
কোশ। শ্রীনিত্যানন্দ প্রভুর কর্ণের
কুণ্ডল এই স্থানের মন্দিরে আছে।
এই স্থানের কোটপুর-নামক স্থানে
বকাস্থরের সহিত ভীমসেনের যুদ্ধ
হয়। গ্রামের দক্ষিণে কুণ্ডলীতলায়
শ্রীপৌরীদাস পণ্ডিতের জ্ঞাতিপুত্র
নাধব বাস করিতেন। জাহ্ণবী
মাতাকে ইনি অন্নভোজন করাইয়াছিলেন।

কুণ্ডবন (রত্না ৫।৯৪০) নন্দীখরের
চত্র্দিকে অবস্থিত ক্ফবিলাদের স্থান।
কুণ্ডলীদমন (রত্না ৪।১৬৬) বীরভূম
জিলায় মৌড়েখর গ্রামের দমীপে
অবস্থিত। প্রবাদ—বকাম্মর-নিধনে
নিক্ষিপ্ত সর্পবাণ এস্থানে সর্পর্রপে
অবস্থান করিয়া লোকের অনিষ্ঠ
করিত। শ্রীনিত্যানন্দপ্রভুর স্বকর্ণস্থিত
কুণ্ডল নিঃক্ষেপ করাতে সেই সর্প্
চিরতরে ভূগর্জে বিলীন হয়।

কুতুলপুর—বাকুড়। জেলায়। এ গ্রামে প্রসিদ্ধ পদকন্তা জ্ঞানদাসের বংশধর বলিয়া কথিত কয়েক ঘর গোস্বামী থাকেন। কুতুবপুর - (কুড়োদরপুর) [প্রেম ৮]

কুপুবরুর - (কুড়োদরপুর সংশ্রেম চা
নাটশালা হইতে প্রত্যাবর্ত্তনকালে
শ্রীপৌরনিত্যানন্দ পদ্মাতীরে এই
গ্রামে বাস করেন এবং মহাসংকীর্ত্তন করিতে করিতে শ্রীপৌরাঙ্ক নরোভ্যমের জন্ত পদ্মার নিকটে প্রেম গচ্ছিত রাখেন।
কুদরীকুগু—মথুরায় শান্তমু কুণ্ডের এক মাইল পূর্বে। এছানে শ্রীকৃষ্ণ

গোপীগণের সহিত জলকেলি করিয়াছিলেন। কু**ত্তলকুণ্ড**—ব্রজে ছোট বৈঠানগ্রামের নিকটবর্ত্তী। শ্রীকৃষ্ণ স্থাগণ-সঙ্গে এস্থানে কেশবিস্থাস করেন। (রত্না

কুমরপুর—শ্রীনরোত্তম ঠাকুরের প্রশিষ্ম এবং শ্রীরামক্বঞ্চ স্বাচার্যের শিষ্য গোপাল চক্রবর্তির বসতি-স্থান।

1 (640613

[নরো° ১২]
কুমারনগর—সম্ভবতঃ মুশিদাবাদে।
শ্রীনরোত্তমের শিষ্য শ্রীলবিষ্ণুদাস

কবিরাজের শ্রীপাট। ২ ভাগীরধীর তীরবর্তী গ্রাম—এম্বানে শ্রীচিরঞ্জীব সেনের বসতি ছিল। (ভক্তি° ১।২৪৯)।

কুমারপাড়া [বা কোঁয়ারপাড়া]—

মূর্শিদাবাদ সহরের আধক্রোন পূর্বে

মতিঝিলের পূর্বতীরে।

শ্রীজীবগোস্বামির শিষ্যা শ্রীমতী হরিপ্রিয়া দেবী শ্রীরন্দাবন হইতে আসিয়া কুমারপুরে শ্রীরাধামাধব বিগ্রহ প্রতিষ্ঠা করেন। পুরাতন মন্দির ভগ হইলে শ্রীবিগ্রহ এখন নূতন মন্দিরে আছেন। স্নান্যাত্তায় উৎসব হয়।

কুমারইট্ট

ডৎসব হয়।
প্রবাদ—আলিবর্দির প্রাতৃপুত্র
মন্দিরের শঙ্ম-ঘন্টা-রবে বিরক্ত হইয়া
সেবকদিগকে বিতাড়িত করিবার
জন্ম হিন্দুর অথান্ত পাঠাইয়া দেন,
কিন্ত পরে উহা যুঁইফুলে পরিণত
হয়, তদ্র্শনে মহম্মদ খাঁ প্রদায়িত
হইয়া মতিঝিলের ৪ ঘাটে জীবহিংসা

নিবারণ করিয়া দেন এবং মন্দিরের

সিংহ-দরজা নির্মাণ করিয়াছেন।

মুসলমানগণ অনেক সম্পতি

বিগ্রহকে দান করিয়াছিলেন।

শ্রীমতী হরিপ্রিয়াক্বত অতিথিশালার
ভগ্নাবশেষ দেখা যায়। প্রাচীনকালের একটি মাধবীবৃক্ষ অ্যাপি
আছে।

শ্রীপৌরাঙ্গনেবক ষোডশবর্ষ দ্বিতীয়

সংখ্যায় আছে যে এজীবগোস্বামির শিষ্য ফরিদপুর জেলার খান্খানাপুর গ্রামের নিক্টম্ ফুলতলা-গ্রাম্বাদী বংশীবদন ঘোষই শ্রীবৃন্দাবন হইতে শ্রীশ্রীরাধামাধব বিগ্রহের কুমারপাড়ায় আসিয়াছিলেন। ১১১৩ হিজরীর মহমদ শাহর মোহরযুক্ত বাদশাহী ফারমান শ্রীমাধবের সেবক-নিকট আছে. ভাহাতে শাহাবাদপরগণার ছজা শিকাব ও नक् मत्रभूत এই ছই মৌজা नामान পণে পুরস্কার দেওয়া হয়। এ স্থানের স্নান্যাত্রার মেলা প্রসিদ্ধ। কুমারহট্ট-২৪ পরগণা জেলায়।

শ্রীঈশ্বর পুরীর, শ্রীনিবাস পণ্ডিতের ও শ্রীশ্বঞ্জ ভগবান্ আচার্যের শ্রীপাট। ('হালিসহর' দ্রেইব্য) শ্রীগোর- পদাকপৃত [ৈ চ ° চ ° মধ্য ১৬।২০৫]
কুমুদবন—মথুরা-মণ্ডলে, দাদশ বনের
অক্সতম। ইহা তালবনের ছই মাইল
পশ্চিমে অবস্থিত। কুমুদকুণ্ড ও
কপিলদেব দর্শনীয়।

কুন্তকোণম্— (কুন্তকর্ণ-কপাল)
তাঞ্জার জিলায়। কুন্তকর্ণের
মন্তকের থুলিতে সরোবর হয়।
তাঞ্জার হইতে বিশ মাইল উত্তরপূর্বে। এখানে বারটি শিবমন্দির,
চারিটি বিষ্ণুমন্দির ও একটি ব্রহ্ম-মন্দির
আছে। (তাঞ্জোর গেজেটিয়ার)।
গ্রীগোরপদান্ধিত ভূমি (১৮° ৮° মধ্য
১।৭৮)। এস্থানে 'মহামোক্ষম্'-নামে
সরোবর আছে।

কুস্তমান—প্ররাগে, হরিষারে, উজ্জয়িনীতে ও গোদাবরীর তটে প্রতি তিন বংসর পর পর ক্রমশঃ কুন্তযোগ বা পৃক্ষরযোগ হয়।
'মোক্সপ্রদাপগতীর্থ' ক্রষ্টব্য।

কুরুকেত্র [অকাংশ २३/६४, ক্রাঘিমাংশ ৭৬।৫১] থানেখনের প্রাচীনতম তীর্থ । নিকটবর্ত্তী পুরাকালে কুক্র-নামক রাজ্যি এই ক্ষেত্র কর্ষণ করিয়াছিলেন বলিয়া এই নাম (মহা° শল্য ৫৩।২)। ঋথেদীয় ঐতরের ব্রাহ্মণ (৭।৩০), শুক্র-যজুর্বেদীয় শতপথ ব্রাহ্মণ (১১/৫/১/ ১৪). কাত্যায়ন শ্রোতস্ত্র (২৪।৬।৪), পঞ্বিংশ ব্রাহ্মণ, শাঙ্খায়ন ব্রাহ্মণ (১৫।১৬।১২), তৈত্তিরীয় আরণ্যক (৫)১) প্রভৃতি বৈনিক গ্রন্থে কুরুকেত্রের নাম আছে। অপর নাম---'সমন্তপঞ্চক'। দৃশদ্বতীর উত্তরে ও সরস্বতী নদীর দক্ষিণে এই ক্ষেত্র বিভয়ান। ইহার পরিমাণ ৪৮ কোশ। এই স্থানে ৩৬৫টি তীর্থ
আছে। শ্রীনিত্যানন্দ পদান্ধিত [ৈচ°
ভা° আদি ৯৷১১৯] ভক্তমাল-মতে
শ্রীগৌরপদান্ধপ্ত। দ্রপ্টব্য—ব্রহ্মসর,
(সমস্তপঞ্চকতীর্থ), সন্নিহিত, পানেশ্বর,
বাণগন্ধা, প্রাচীসরস্বতী, সোমতীর্থ,
দৈপায়নহ্রদ, বিষ্ণুপদতীর্থ প্রভৃতি।
কুরুক্ষেত্রে স্থ্রাহণে বিশাল মেলা
বসে। সোমবতী অমাবস্থায়ও মাত্রীসমাগম হয়।

কুরুয়া— গ্রীহট জেলায় অবস্থিত,
প্রীনারায়ণদাস বিস্থাবাচস্পতির পুত্র
মনোহর রায়ের শ্রীপাট। শ্রীশ্রীরাধাগোবিন্দ-সেবা। শ্রীনারায়ণদাস ৬৪
মোহান্তের অক্সতম। (১৮° চ° আদি
১২।৬১) ইনি শ্রীম্রাইত প্রভুর শাখাসন্তান।
কুলনগর—(যশোহর)

শ্রীপ্রেমদাস সিদ্ধান্তবাগীশ বা পুরুষোত্তম মিশ্রের শ্রীপাট। ইনি কবিকর্ণপূরের সংস্কৃত শ্রীচৈতন্ত-চন্দ্রোদয় নাটকের পয়ারে অমুবাদ করেন।

কুলাই (বা কুছই গ্রাম)—বর্দ্ধমান জেলা। কাটোরা হইতে পাঁচ জ্রোশ উত্তর-পশ্চিমে অজয়-তীরে। কুলাই যাইবার পথে কাটোরা হইতে ২ই জ্রোশ দ্রে শ্রীবিষ্ণেশ্বর শিব আছেন। তন্ত্রচূড়ামণিমতে ইনি অট্টহাসের শ্রীকুল্লরাদেবীর ভৈরব।

এই কুলাই গ্রাম শ্রীগোবিন্দ, মাধব
ও বাস্থানেব ঘোষের জন্মভূমি।
অজয়-তীরে মহাপ্রস্থার বিশ্রামের
স্থান। ইহার এক পোয়া উত্তরে বাস্থা
ঘোষের ভজনস্থান। বাস্থা, গোবিন্দ
ও মাধ্বের বাস-চিহ্ন আছে।

বাহ্মদেব ঘোষের পিতৃদেব গোপাল ঘোষ ফতেসিংহ পরগণার রসোড়া গ্রাম হইতে উঠিয়া কুলাই গ্রামে বাস করেন। শ্রীযুক্ত গোপাল ঘোষের তিন বিবাহ। প্রথমা পদ্ধীর গর্ভে বাহ্ম, গোবিন্দ ও মাধব। বিতীয়া পদ্ধীর গর্ভে দমুজারি, কংগারি, মীনকেতন ও মুকুন্দ। তৃতীয়া পদ্ধীর গর্ভে— জগল্লাপ ও দামোদর। ইংগারা সকলেই মহাপ্রভুর ভক্ত।

কুলিয়া পাট—নদীয়া জেলা। ই,
আর কাঁচড়াপাড়া টেশন হইতে
>ই জোশ পূর্বে। পৌষী কৃষ্ণা একাদশীতে বিরাট মেলা হয়।

শ্রীল দেবানন্দের শ্রীপাট। ইহা প্রাচীন কুলিয়া নহে। ৮০।৯০ বংসর পূর্বে জনৈক উদাসীন ভক্ত এই স্থানে **এএীনিতাই**গৌর বিগ্ৰহ প্ৰতিষ্ঠা করেন। তৎপরে খডদহের জনৈক গোস্বামী ঐ সেবা প্রাপ্ত হন, কিন্তু ঐ স্থানের জমিদার মাধবচাঁদ বাবু খড়দহের গোস্বামী প্রস্তুকে দেবাচ্যুত বলাগড়ের অচ্যুতানন্দ গোস্বামীকে দেবা প্রদান করেন। ইহার পরে কলিকাতা মললা লেন-নিবাসী কিষণদয়াল ধর মহাশয় মন্দিরাদি নিৰ্মাণ করিয়া দেন। শ্রীনিতাইগৌরের শ্রীমৃতি অতীব রমণীয়।

কুলিয়া বা সাতকুলিয়া—('কুলিয়া পাহাড়পুর') এথানে মাধ্ব ছिन। দাসের বাস ইঁহার গৃহে মহাপ্রভু অবস্থান করিয়া~ ছিলেন। (কেহ কেহ বলেন-এই মাধব দাস কুলীন গ্রামের শ্রীল শ্ৰীকৃষ্ণবিজয় গুণরাজ খান-ক্বত

मञ्जूर्य भूर्विष्टिक शांभान पीषि-नाटम

গ্রন্থকে 'শ্রীক্ষমঙ্গল' নাম দিয়া স্বীয় নামে প্রচার করিয়াছিলেন)। ইহা কবিদত্ত ও সারঙ্গ ঠাকুরের শ্রীপাট। বংশীবদনানন্দ ঠাকুরের পূর্বপুরুষ-গণের এই স্থানে বাস ছিল, তাঁহাদের সেবা—গ্রীশ্রীগোপীনাথ বিগ্ৰহ। বংশীবদন ঠাকুর এখানে প্রাণবল্লভ-বিগ্রহ প্রতিষ্ঠা করেন ও উত্তরকালে বিল্পগ্রামে বাস করেন। নবদ্বীপ ধামে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া মাতার অমুমতি লইয়া শ্রীগোরাঙ্গ বিগ্রহ প্রতিষ্ঠা করেন। বর্ডমানে দেবীর পিতবংশীয় যাদৰ মিশ্রের বংশধরগণই উক্ত বিগ্রহের সেবায়েত। ঐ বিগ্রহই নবদ্বীপে 'শ্রীশ্রীমহাপ্রভূ'-নামে প্রসিদ্ধ। এই স্থানে প্রীকেশব-ভারতী (প্রেম ২৩) এবং প্রেমদাস বা পুরুষোত্তম দাসের শ্রীপাট ছিল। **শ্রীমন্মহাপ্রভু** পরে কুলিয়ায় আগমন করত খ্রীশচীদেবী প্রভৃতির সহিত মিলন করেন [চৈ° ম° শেষ ৩।২৩—৫০] এবং পরে নবছীপের বারকোণাঘাটে বাডীর সমীপে গিয়া শ্রীশুক্রাম্বর

্রি শেষ ৩।৫১—৫২]।

কুলীন প্রাম—বর্দ্ধমান জেলা। ইটার্ণ
রেলপথে নিউ কর্ড জোগ্রাম টেশন
হইতে তিন মাইল পূর্বে।

(১) শ্রীবস্থ রামানন্দের ভিটা
—কলীনগামের চৈত্য-পর পটি বা

ব্রহ্মচারীর গৃহে ভিক্ষা করিয়াছিলেন

—কুলীনগ্রামের চৈতন্ত-পূর পটি বা পাড়াতে। বর্তমানে পরলোকগত ভোলানাথ বন্ধর বাড়ীর দক্ষিণে ও চৈতন্তপুরের ভিতর দিয়া যে রাস্তা গিয়াছে, তাহার উত্তরে ছিল। এখনও ইইক-ক্ষুপ আছে। ঐ

5105

বাসভবনের দক্ষিণ, পশ্চিম ও উত্তর দিক্ষের কতকাংশ গড়খাত ছিল। অভাপি সামান্ত সামান্ত চিহ্ন আছে।

শ্রীরামানন্দ বস্থ শ্রীচৈতক্ত মহাপ্রভূর নামাহ্নসারে স্বীয় বাসভবনের নাম-করণ করিয়াছিলেন—চৈতক্তপর।

(२) শিবানী মাতা——এই
মৃতিটি বহুপ্রাচীন। পাল-বংশীয়
তান্ত্রিক রাজগণের সময়েও ইনি
বর্তমান ছিলেন। প্রাচীন মন্দির ভগ্ন
হইবার পর বর্তমানে মৃত্তিকা-মন্দিরে

ইনি সেবিত হইতেছেন। প্রাচীন

মন্দিরের দার দেশের উপরিভাগে

একটি ইপ্টক-मिপি আছে, উহার

অনেক স্থান ভগ্ন হওয়ায় পাঠোদ্ধার করা যায় না। উহার মধ্যে 'শুভমস্ক শকে' এই তিন শব্দ বুঝা যায়। শিবা দীঘি-নামে দেবীর একটি বৃহৎ পুদ্ধরিণী আছে, উহা শ্রীমদনমোহনের মূল মন্দিরের দক্ষিণে।

শ্রীশ্রীজগন্নাপ, স্বভদ্রা, বলদেব এবং ধাতৃময় শ্রীরাধাগোবিন্দ ও একটি শালগ্রাম আছেন। শ্রীশ্রীজগন্নাপ-দেবের রথযাতা হয়।

(৩) শ্রীজগন্নাথ-মন্দির----

(৪) শ্রীরঘুনাথ-মন্দির

মন্দিরের অভ্যন্তর ভগ্গ হওয়ায়
বাহিরে জগমোহন-মধ্যে শ্রীরামসীতা
ও শ্রীহমুমানজীর দারুময় বিগ্রহ
আছেন। ভ্রনেশ্বরী দেবীর মন্দির
ভগ্গ হওয়ায় তিনিও ঐ স্থানে সেবিত
হইতেছেন।

(৫) শ্রীমদনগোপাল-মন্দির— ইহাই এ স্থানের প্রধান মন্দির। বৃহৎ মন্দির, জগমোহন ও নাটমন্দির।

বুহৎ পুষ্করিণী। সিংহাসনে প্রীমদন-গোপাল, বামে প্রীমতী রাধিকা, দক্ষিণে শ্রীমতী ললিতা দেবী। পূর্বে প্রভু একক ছিলেন, বহু পরে এমতী বয় প্রতিষ্ঠিত হইয়াছিলেন। ইহা नाष्ट्रांभान, ठछीत्परी, জগন্ধাত্রী ও ৮টি শালগ্রাম আছেন। रेशारात्र मर्या अवि औरत. रेनि সত্যরাজ থানের পূর্ববর্তী এবং আরও একটি শিলা মহাপ্রভুর সময়ে ঐ ক্ষদেব আচাৰ্য-নামক বর্তমানের সেবায়েতগণের পূর্বপূরুষ-গণের সেবিত। ঐ স্থানে পৌষ পূর্ণিমা হইতে মাঘী পূর্ণিমা পর্যস্ত উৎসব হয়। বত্ম রামানন্দের বিস্তৃত বংশ বাংলায় ও কটকে বৰ্তমান আছেন। কুলীনগ্রামে—(>) প্রীহরিদাস

বিত্যানন্দ ও (৬) বাণীনাথ বস্থ প্রভৃতির শ্রীপাট।
(৬) শ্রীগোপেশ্বর শিব-মন্দির—

ঠাকুর, (২) শ্রীসত্যরাজ বম্ম, (৩)

শ্রীরামানন্দ বন্ধ, (৪) শঙ্কর, (৫)

শ্রীসত্যরাজখাঁনের সেবিত একটি
ক্ষুমাকৃতি শিবলিন্ধ আছেন, উহার
নাম—গোপেশ্বর শিব। মন্দিরে
একটি বৃষ আছে, উহার গলদেশে
লিখিত আছে—'শাকে বিশতি বেদে
থে মনো হি শিবসন্নিধো। খান
শ্রীসত্যরাজেন স্থাপিতোহয়ং ময়া
বৃষ:॥'

(৭) শ্রীহরিদাস ঠাকুরের ভজনস্থান-শ্রীমদনগোপাল মন্দির হইতে এক পোয়া পথেরও কম मिन मिरक। এই স্থানকে 'शका-রামপটি' বলে। এই স্থানটি বুহৎ বৃহৎ বকুল বুক্ষে আচ্ছাদিত।

শ্রীলহরিদাল ঠাকুরের ভজনাশ্রমের পার্ম্বে প্রাচীন বৃহৎ বটবুক্ষ। ঐ বুক্তলে যে স্থানে শ্রীহরিদাস প্রভু জপ করিতেন, তথায় একটি বেদী ছিল। ১৭৩৩ শকে বৈগ্রপ্রবাসী দীননাথ নন্দী মহোদয় উহার উপরে একটি ছোট মন্দির করিয়া দিয়াছেন। মন্দিরের দর্জার উপর ইপ্রক-লিপি আছে।

এই স্থানে নিতা লক্ষনাম-জপ-- কারী শ্রীজগদানন্দ পাঠকের বাড়ী हिन। উহার গৃহে ঠাকুর হরিদাস করিতেন। শ্রীহরিদাস ঠাকুরের বিগ্রহ সত্যরাজ ও রামানন্দ বস্থ প্রতিষ্ঠা করেন—দারুময় বিগ্রহ, मूजनभान किरतंत (तभ ; के शान শ্রীগোরাঙ্গদেব ও শ্রীগ্রামস্থদরের আছেন। কুলীনগ্রামে বিগ্ৰহ মাকরী সপ্তমীতে ও ভীমাইমীতে উৎসব হয়। মাঘী শুক্লা প্রতিপদ হইতে উৎসব আরম্ভ।

कुलीनशाष्ट्रा—(थड़नर, २८ পরগণা) প্রদিদ্ধ কামদেব পণ্ডিত এই স্থানে বাস করিতেন। ইহার স্তীর নাম প্রীমতী রাধারাণী দেবী। ইনি সীয় পিতা কমলাকর পিপলাইকে বলিয়া শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুকে খড়দেহে বাস করান।

কামদেবের প্রপৌত্র চাঁদ শর্ম। ইনি প্রতাপাদিত্যের বিশিষ্ট কর্মচারী ছিলেন। তিনি খড়দহে কুলীন পাড়ায় শ্রীরাধাকান্ত বিগ্রহ ও মন্দির প্রতিষ্ঠা কুলীনপাড়ায় করেন।

<u>শ্রীরাধাকান্ত</u> বিগ্ৰহ যশোহরের রাজা প্রতাপাদিতোর সেবিত। মানসিংহ প্রতাপাদিতাকে বন্দী করিয়া লইয়া গেলে ঐ বিগ্রহ চাঁদ শর্মা স্বগৃহে সইয়া আসিয়া প্রতিষ্ঠা করেন। তদবধি ঐ স্থানে কামদেব বংশীয়গণদারা ঐ সেবা চলিয়া আসিতেছে।

कृरवत्रडीर्थ-बाख, त्रावर्धन-निक्छे-বর্ত্তী ব্রহ্মকুণ্ডের উত্তর পার্শ্বে অবস্থিত। কুজাকুপ-ত্রজে মথুরায় কংসখালির নিকটবর্তী।

কুশভদ্রা—উড়িয়ায় প্রবাহিতা देवज्वनीत क्वम ननी, श्रानीय नाम 'কুশী'। ইহার তীরে কুশলেখর মহাদেবের মন্দির আছে।

কুশরদা (রসিক° উত্তর শ্রীরসিকানন্দ প্রভুর পদাঙ্কপৃত গ্রাম। কুশাবর্ত্ত-পশ্চিমঘাট বা সহাদ্রির কুশট্ট-নামক প্রদেশ হইতে গোদাবরীর মূল ধারাসমূহ উত্তত হয়। নাসিকের নিকটবর্তী, কাহারও মতে বিন্ধ্যের পাদমূলে। শ্রীপৌর-পদাঙ্কপৃত (চৈ° চ° মধ্য ১০১৭)। কুণী বা কুশন্তলী—ব্রজে ধনশিসার **চারি মাইল উত্তরে।** শ্রীকৃষ্ণ শ্রীনন্দরাত্বকে হারকাধাম

গোমতী নদী। ২ দারকার প্রাচীন नाम--कुभञ्जी (तम ८७)। কুস্থম-সরোবর-মণুরায়, গোবর্দ্ধন ও রাধাকুণ্ডের মধ্যস্থানে অবস্থিত প্রকাণ্ড কুণ্ড। ত্রীরাধারাণীর পুল-

দর্শন করান।

এই গ্রামের পশ্চিমে

কুর্মবেড় --- ত্রীজগরাধদেবের

দেবের স্থইটি মন্দির।

চয়ন-স্থান। পশ্চিমতীরে শ্রীবল-

মন্দিরের বহিঃপ্রাকারের পরে দিতীয় প্রাকার।

कृषंचान-गञ्जाम किना। S. Ry. চিকাকোল ষ্টেশন হইতে আট মাইল পূর্বে। তেলেগুভাষিগণের সর্বশ্রেষ্ট তীর্থ। এগোরনিত্যানন্দ-পদাঙ্কপূত (ৈচ° চ° মধ্য ১/১০২ : ৈচ° ভা°আদি ১।১৯৭; চৈ° ম° শেব ১।৪)। গ্রীকুর্মদেব বা শ্রীকুর্মমৃতি আছেন। হুই পার্যে এ ও ভূদেবী বিরাজমানা।

এই মন্দির মাধ্ব্যমঠের তত্ত্বাবধানে विজয়नগরের রাজার অধীনে ছিল। नवाशोकी श्रेष्ठत-फलाकत नवम শোকে সিখিত আছে—'গুভ ১২০৩ শকাব্দে বৈশাখী শুকুপক্ষে একাদশী তিথিতে বুধবারে কামতদেবের শন্মধে শ্রীমন্দির, নির্মাণপুর্বক অশেষ कन्गानमाञा याजानम नृजिः इरम्रदत्र উদ্দেশ্যে সানন্দে উৎসগীকৃত হইল। ইতি' (कीनहर्व गारहव ১२४) शुः ২৯ মার্চ শনিবার)।

শ্রীরামামুজ যে কালে একাদশ শতাকীতে কুর্মাচলে শ্রীজগন্নাথ-দেব-কর্ত্তক নিক্ষিপ্ত হন, তখন কুর্ম-মৃতিকে শিবমৃতি জ্ঞান করিয়া একদিন উপবাস করেন, পরে উহা বিষ্ণুমৃত্তি জানিয়া কুর্মদেবের সেবা প্রকাশ করেন (প্রপন্নামৃত ৩৬তম অধ্যায়)।

কুডমালা-(দাক্ষিণাত্যস্থিতা নদী)। বৈগাই বা ভাগাই নদীর একটি ধারা। 'প্রকলী', 'বরাহনদী' ও 'বটিলগুড় নদী'—এই ধারাত্রয় বৈগাই বা ভাগাই নদীতে পড়িয়াছে। শ্রীগোর-নিত্যানন্দ-পদাঙ্কিত (5º°

চ° মধ্য ৯।১৮১, চৈ° ভা° আদি ৯।১৩৮)।

কৃষ্ণকুণ্ড—ব্রজে আরিট গ্রামে শ্রামকুণ্ড, কাম্যবনে (ভক্তি ৫।৮৬৬),
নন্দীশ্বরের নিকট (ঐ ৫।৯২৭),
বাবটে (ঐ ৫।১০৮৪) বৈঠানে (ঐ ৫।
১৩৮৯) এবং বিশ্ববনে (ঐ ৫।১৬৯২)
অবস্থিত।

কুষ্ণগঙ্গা—মথুরার নিকটবর্তী যমুনার
শাখা-বিশেষ। ইহাতে স্নান করিয়া
তত্রত্য মহাদেবের দর্শন বিধেয়।
জৈয়ী শুক্লা দাদশীতে স্নান বিশেষ
ফলপ্রদ।

কৃষ্ণনগর—(খানাকুল কৃষ্ণনগর)
ছগলী; ছারকেশ্বর নদীর তীরে।
হাওঢ়া আমতা রেলের চাঁপাডাঙ্গা
ষ্টেশনে নামিয়া ছারকেশ্বর নদী পার
ছইয়া ৯ মাইল পথ নদীর বাঁকেবাঁকে
যাইতে হয়।

খ্রীল অভিরাম গোপালের শ্রীপাট। তিনি দ্বাদশ গোপালের একতম। কুষণ অন্থমীতে উৎসব। চৈত্ৰী অভিরাম-স্থাপিত শ্ৰীল නිනි-গোপীনাথজ্ঞীউ বিগ্ৰছ অতীব মনোহর। অভিরাম কুণ্ড, প্রাচীন বকুল বুক্ষ (প্রায় ৪া৫ শত বৎসরের) তদ্ভিন্ন রাসমঞ্চ, দোলমঞ্চ প্রভৃতি বহু দর্শনীয় স্থান আছে। স্নান্যাত্রা, রথযাত্রা ও রাসে এবং সেবা-প্রাকট্য-তিথি গোপীনাথের চৈত্রী কৃষ্ণা সপ্তমীতে উৎসবাদি অমুষ্ঠিত হয়। নাটমন্দির ১২৬৩ সালে মেদিনীপুর জেলার ধীবরগণ করিয়া দিয়াছিলেন। নিৰ্মাণ পরে উহা ভগ্ন হইলে ঐ সকল ধীবরের বংশধরগণ ১৩২০ সালে পুনরায় সংস্কার করিয়া দেন। নাট্যযন্দিরের প্রস্তরফলকে ভক্ত ধীবরগণের নাম আছে।

ধাবরগণের নাম আছে।
বর্ত্তমান মন্দিরের দক্ষিণে প্রাচীন
নবরত্ব মন্দির আছে। উহা ১১৮১
গালে নগীরামিসিংহ নির্মাণ করিয়া
দেন। মন্দিরের বাহিরে বা প্রবেশপথের বামদিকে একটি বছ প্রাচীন
সিদ্ধ বকুল বৃক্ষ উচ্চ বেদীর উপর
আছে। ঐ স্থানে শ্রীঅভিরাম
উপবেশন করিতেন। শ্রীরাধাবল্লভজির
মন্দিরও অত্যতা দ্রস্টব্য।

শুনা যায়—শ্রীঅভিরাম ঠাকুরের জ্বয়মন্ত্রল চাবুক শ্রীপাটে রক্ষিত আছে। শ্রীপাটে ও৬ ঘর অভিরাম-বংশীর গোস্বামিগণের বাস। স্থানের পূর্ণ বিবরণ শ্রীল অমূল্যধন রায়ভট্ট-প্রণীত 'দ্বাদশগোপাল' গ্রন্থে আছে। খানাকুল কৃষ্ণনগরের দেবমন্দির হইতে একজ্রোশ দক্ষিণে শ্রীঅভিরাম-শিষ্য কৃষ্ণদাসের শ্রীপাট ছিল। এক্ষণে লুপ্ত। এই গ্রামের স্বাধিকারী-বংশ বিশেষ প্রসিদ্ধ।

কৃষ্ণপুর > — ছগলী। সপ্তগ্রাম
পাটবাড়ী হইতে এক পোরা দক্ষিণ
দিকে। প্রাচীন সরস্বতী নদীর
পূর্বতীরেই প্রীলরঘুনাথ দাস গোস্বামী
প্রভুর জন্মস্থান। এইখানেই রাজা
হিরণ্যদাস মজ্মদার ও গোবর্ধন
দাস মজ্মদারের প্রাসাদ ছিল।

E. R. আদিসপ্তগ্রাম টেশনে
নামিয়া :
ই মাইল মধ্যে পাটবাড়ী।
দেবমন্দিরে এক জোড়া কার্চপাছকা
এবং একখানি পুরাকালের পাথর
আছে; শুনা যায়—উহার উপর
শ্রীরত্বনাথ প্রভু উপবেশন করিতেন।

কৃষ্ণপুর^২—(গোপালপুর) ব্রজে,
দীর্ঘ বিরহের পর যে স্থানে ব্রজবাসিগণ শ্রীকৃষ্ণবলরামকে পাইয়া
আনন্দোৎসবে ব্রজকে পরিপূর্ণ
করিয়াছিলেন।
কৃষ্ণবেধা নদী—কৃষ্ণবীণা, বেণী.

কেদারনাথ >

সিনা ও ভীমা। সহাদ্রিস্থ মহাবলেশ্বর হইতে ক্ষণা নদীর ধারাঘ্যের উৎপত্তি হইরা মছলিপটমের কিঞ্চিদ্দক্ষিণে বলোপসাগরে পতিত হইরাছে। এই নদীর তীরে শ্রীবিল্বমঙ্গল ঠাকুরের বাড়ী ছিল। এস্থানে শ্রীমন্ মহাপ্রভূ শ্রীকৃষ্ণকর্ণামৃত প্রাপ্ত হন। [চৈ° চ° মধ্য ১০০০—৪]।

ক্লফবেদী—(ভক্তি ৫।৬৬৭) গোবৰ্দ্ধন-পাৰ্শ্বস্থ দানঘাটী।

কেওনাই——(ভক্তি ৫।৭৮৯) 'কোনাই' দেখুন।

কেতুথাম— বর্দ্ধনান জেলায়।

দ্বাদশগোপালের অন্ততম শ্রীল
পরমেশ্বর দাসের জন্মস্থান বলিয়া
কৈহ কেহ বলেন। মতান্তরে হুগলি
জেলার গরলগাছায়।

কেদার-গৌরী— তুবনেশ্বর-মন্দির
হইতে প্রায় ই মাইল দূরে পূর্বোত্তর
কোপে গৌরীকুণ্ড (৭০´×২৮´);
গৌরীকুণ্ডের জল অতিনির্মল,
তুশীতল ও স্বাস্থ্যপ্রদ। শিবপুরাণমতে ইহা গৌরীদেবীর স্বহস্তখনিত। কেদারেশ্বরের মন্দিরটি
অতিপ্রাচীন। শীতলা ষ্টার দিন
শ্রীভ্রনেশ্বের বিজয়মূর্ত্তি শ্রীগৌরীদেবীকে বিবাহ করিতে এস্থানে
আসেন।

কেদারনাথ'— ব্রজে, পশপোগ্রাম হইতে পাঁচ মাইল পশ্চিমে উচ্চ- পর্বতোপরি ঐতিকদারনাথ মহাদেব বিরাজ্মান। ছুর্গম পথ, স্থানের দৃগ্র মনোরম।

কে দারনাথ^২—ক্তপ্রগ্রাগ हरेटल ৪৮ মাইল। ঐকেদারনাথ দ্বাদশ জ্যোতিলিঙ্গের একতম। স্তাযুগে উপমত্যু এস্থানে শঙ্করের আরাধনা করেন। হাপরে পঞ্চপাণ্ডব এখানে তপন্তা করেন। এই কেদারক্ষেত্র অনাদি বলিয়া খ্যাত। এস্থানে শঙ্করের নিতাসালিখা আছে। কেদারনাথের কোনও বিগ্রহ নাই: তবে বিশাল ত্রিকোণ পর্বতখণ্ডবৎ দেখায়। যাত্রী স্বয়ং পুজা করে। মন্দিরটি প্রাচীন ও সাধারণ। দ্রষ্টব্য স্থান-ভৃগুপন্থ (মধ্রগঙ্গা), ক্ষীর গঙ্গা, বাম্মকিতাল, গুপ্তকুণ্ড ও ভৈরবশিলা। এম্বানে পঞ্চপাণ্ডবের মৃতি আছে। অতিশীতের জন্ম যাত্রী-গণ রাত্রিকালে এখানে থাকে না। মন্দিরে উষা, অনিরুদ্ধ, পঞ্চপাণ্ডব, শ্রীকৃষ্ণ ও শিবপার্বতীর মুর্ত্তি আছে। বাহিরে অমৃতকুণ্ড, ঈশানকুণ্ড, হংসকুণ্ড ও রেতসকুণ্ড।

কেন্দুঝুরি – মেদিনীপুরে, বর্জমান কেন্ঝোর রাজ্য। শ্রীরসিকানন্দ প্রভুর শিশ্য শ্রীগোকুলদাসের নিবাস (র° ন° পশ্চিম ১৪।৯০)।

কেন্দুবিজ্ব—বীরভূম জেলার। নিউড়ী
হইতে ২০ মাইল দক্ষিণে, অজর
নদীর তীরে। ইষ্টার্ণ রেলপথে
ছুর্গাপুর ষ্টেশন হইতে মোটরবাসে
শিবপুর, শিবপুর হইতে পদবজে
ছুই মাইল অজর নদী। পরপারেই
কেন্দুলি বাজার। কেন্দুবিজ্বের পশ্চিমে
অনতিদুরে বিজ্বমঙ্গলের নিবাসভূমির

ধ্বংসাবশেষ। পূর্বে ইতিহাস-প্রসিদ্ধ 'লাউসেনভলা' ও দক্ষিণে অজ্বয়ের অপর তটে 'ঘোষের দেউল।'

কেন্দ্বিল্ব—শ্রীজয়দেবের শ্রীপাট। ইনি লক্ষণ সেনের রাজসভায় যা**ডা**য়াত করিতেন। পিতার নাম—ভোজদেব ও মাতার নাম—বামাদেবী।

'ভামারপার গড়' বা 'দেন পাহাড়ী'—লক্ষণ দেন এই স্থানে বহুদিন অভিবাহিত করিয়াছিলেন। এই স্থানে তিনি স্বয়দেব-সহ পরিচিত হন।

জয়দেব অজয় নদ ছইতে শ্রীরাধামাধব বিগ্রছ প্রাপ্ত হয়েন। পরে পদ্ধীসহ ইনি শ্রীবৃন্দাবনে গমন করেন। ছাদশ বৎসর পরে উভয়েই বৃন্দাবনে দেহরক্ষা করেন।

কেন্দুবিছের শ্রীবিগ্রহ—বর্দ্ধমানের রাণীমাতা সেন-পাহাডী হইতে শ্রীশ্রীরাধাবিনোদ বিগ্রহ আনিয়া এই খানে খাপন করেন) লক্ষণ সেনের পরে রাজা বিনোদ রায় স্বীয় নামে ঐ বিগ্রাহ এই স্থানে প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইনি ঐচৈতগ্রদেবের সমসাময়িক। মন্দিরের শিলালিপিতে ১৬১৪ শক লিখিত ছিল। মন্দিরের নিকটে অজয়তীরে কুশেশ্বর শিব আছেন। এই স্থানে জয়দেব বিশ্রাম করিতেন। শিব-সমীপবর্তী একখণ্ড প্রস্তারে অষ্ট্রদল পদ্ম অক্ষিত আছে। এটিকে 'ভুবনেশ্বরী যন্ত্র' বলে। ঐ যন্তে জয়দেব সাধনা করিতেন।

কুশেখর শিবের মন্তক হইতে
১৪ই আশ্বিন (১৩১৬) হইতে তিন
ধারায় অবিরত সলিল-উৎস
উঠিয়াছিল। ১৩২০ সালেও প্রত্নপ

জলধারা দেখা গিয়াছিল।

সেনপাহাড়ী বা শ্রামারূপার গড়ে বাঁহারা বিগ্রহের সেবায়েত ছিলেন, কেন্দুবিল্পে উক্ত বিগ্রহ আগমন করাতে তাঁহাদের পরিবর্ত্তে কেন্দুবিল্পবাসী অধিকারী-বংশীয় ব্রাহ্মণগণকে বিগ্রহের সেবক নিযুক্ত করা হয়।

মুল মন্দিরের নিকটে অন্ত একটি দেবালয় আছে; বহুপূর্বে প্রীবৃন্দাবন হইতে আগত রাধারমণ গোস্বামী শ্রীরামচন্দ্র, শ্রীনিতাইগৌরাল রাজরাজেশ্বর শিলা ঐ স্থানে প্রতিষ্ঠা এই দেবালয়ের মধ্যে গোস্বামিজীর সমাধি আছে। উহার এইরূপ :—শ্রীরাধার্মণ, শিষ্যধারা ভরত দাস, প্যারীলাল, হীরালাল, ফুল্টাদ. রামগোপাল. সর্বেশ্বর. মহান্ত দামোদর. রাস্বিহারী ব্রজবাসী। সন্ন্যাসী রাধারমণ গোস্বামী এই স্থানে পরে জমিদার হয়েন। এই দেবালয় দেখিতে রাজপ্রাসাদের স্থার। ফুলচাদ গোস্বামী ঐবিত্রহের রথ নির্মাণ করেন। পৌষ সংক্রাস্থিতে এবং রথের সময়ে মেলা হয়।

এবং রপের সময়ে মেলা হর।

'জয়দেব-চরিত্র' তিনশত বৎসর
পূর্বে বনমালী দাস ভাষা পয়ারে
রচনা করেন। বজীয় সাহিত্য-পরিষদ
ঐ গ্রন্থ মুদ্ধিত করিয়াছেন।
শ্রীজয়দেবক্বত শ্রীতগোবিন্দের
পূজারী গোস্বামি-ক্বত বালবোধিনী
টীকা, শ্রীপ্রবোধানন্দ সরস্বতী-ক্বত
গ্রীতগোবিন্দ-ব্যাখ্যান, শ্রীশঙ্কর-মিশ্র-ক্বত রস-মঞ্জরী, রাণাকুন্ত-ক্বতরসিকপ্রিয়া প্রভৃতি বহু টীকা আছে।
জয়দেবের ত্বই মাইল দক্ষিণে

বিশ্বমঙ্গল গ্রাম। উহার দক্ষিণে অজয়পারে জামদহ চিস্তামণি ভিটা। প্রবাদ—বিশ্বমঙ্গল ও চিস্তামণির বাড়ী এই খানে ছিল। এখন একটি আখড়া আছে।

খ্যামারূপার গড়—(ইছাই ঘোষের দেউল) শ্রীখ্যামারূপার গড়ের অধীখর ইছাই ঘোষের বিরুদ্ধে অভিযান করিয়া গোড়েখরের সেনাপতি লাউসেন শিবির করেন। ঐ শিবিরের খ্যানকে 'লাউসেন, ভলা'বলে।

সেনপাহাডী বা সেনাচল. ত্রিষষ্ঠিগড় বা ঢেকুর ৮।১০ মাইল বাাপিয়া দণ্ডায়মান আছে। পাহাড়ের পূর্বে অনতিমুরে ইছাই ঘোষের দেউল। একটি প্রাচীন নগরের ধ্বংসাবশেষ। সেনরাজাদের প্রতিষ্ঠিত গড বলিয়া উহার নাম 'সেন-পাহাডী'হইয়াছে এবং ইছাই ঘোষের প্রতিষ্ঠিত শ্রীগ্রামারপাদেবীর জন্ম 'ভাষোরপার গড' নাম হইয়াছে। উপরে উত্তর-পশ্চিমাংশে প্রাচীর ও পরিখার বহিৰ্দেশে প্রীপ্রীখ্যামারপা মাতার মক্দির। मिस्ति (पवी এখন नाई। प्रकाजिशांत অপত্রংশ খ্রামারপা।

ঐ গড়ের অদ্রে ইসলামপুরের বাজারের নিকটবর্তী দেবীপুরের পার্থে স্থক্ষেশ্বরী দেবী আবিষ্কৃত হইয়াছিলেন। দিভুজা বৌদ্ধ তারাম্তি—কুদ্র মন্দিরে আছেন। মুখ হইতে উদর পর্যস্ত ভগ্ন। দেবীর পাদপীঠে আছে—'যে ধর্মা হেতু-প্রভবা হেতুং তেষাং তথাগতাহ্ন-বদং। তেষাঞ্চ যো নিরোধঃ এবং

বাদি মহাশ্রমণঃ' 🏾 ই, আর সীতারামপুরের ষ্টেশন শালানপুর, তথা হইতে এক মাইল দুরে ভাঁড়ার পাহাড়ের সানিধ্য সেনপাহাডী গডের অধিষ্ঠাতী শ্রীশ্রামারপা দেবী এখন 'কলাাণেশ্বরী দেবী' নামে অভিহিত। এবাদ-শেখর ভূমের রাজা কল্যাণেখর বল্লাল সেনের কন্তাকে বিবাহ করিয়া যোতৃক-স্বরূপে উক্ত দেবীকে লইয়া নিজনামে দেবীর নামকরণ করেন। কেরল দেশ---ক্সাকুমারী হইতে গোনর্দ (গোয়া) পর্যন্ত ভৃথও। শ্রীনিত্যানন্দ-পদান্ধিত [চৈ° ভা° वानि वात्रहवी

কেশবপুর—বর্দ্ধনান জেলায়, কুলীনগ্রামের নিকট। প্রীবিষ্ণুদাস
আচার্যের বাসস্থান। এই বিষ্ণুদাস
গীতাগুণকদম্বের রচমিতা বলিয়া ডাঃ
হুষীকেশ শাস্ত্রীর অভিমত। ইনি
নাকি শ্রীমাধবেন্দ্রপুরী গোস্বামিপাদের
পূর্বাপ্রমের পূল্র এবং জয়রুষ্ণদাস
বিষ্ণুদাসের পূল্র। [পরে মাণিক্যডিহি' ক্রষ্টব্য]।

কেশিতীর্থ— যমুনার ঘাট, এস্থানে শ্রীকৃষ্ণকর্ত্বক কেশী দৈত্যের বধ হয়।

কেশীয়াড়ী—মেদিনীপুর জেলার।
খড়াপুর ষ্টেশন হইতে মোটরে যাওয়া
যার। S. E. Ry কণ্টাইরোড
ষ্টেশন হইতে ১০ মাইল পশ্চিমে।
এই স্থানে শ্রীল গ্রামানন্দ প্রেছুর
চারি শিয়—কিশোর, উদ্ধব,
প্রধাতম ও দামোদর—ছিলেন।
কেশীয়াজীর নিকটে তলকেশরী
পদ্মীতে শ্রীশ্রজগরাধ দেবের পুরাতন

মন্দির আছে। উহার অর্ককোশ
দ্বে প্রীপ্রীজগন্নাপদেবের গুণ্ডিচা
বাড়ী। রথের সময় মেলা হয়।
এতদ্ব্যতীত এস্থানে সর্বমললা
(বিজয়মঙ্গলা), কালতৈরব প্রভৃতি
বিগ্রহ আছেন। এই স্থানে প্রীশ্রামাননন্দ প্রভু অন্নক্ট উৎস্ব করেন।
[কাশীয়াড়ী দ্রষ্টব্য]

কৈলাস

কৈয়ড়—(বর্দ্ধনান জেলায়) গ্রীল বেদগর্ভ প্রন্থর প্রীপাট। প্রীপ্রীমদন-গোপাল এবং প্রীবিজয়গোপাল, প্রীমতী নাই। প্রীবেদগর্ভ প্রন্থর পূর্ব পূরুষের সেবিত প্রীপ্রীলক্ষীজনার্দ্ধন

গ্রীবেদগর্ভপ্রস্থর অধস্তন বংশে প্রীল আউলিয়া গোস্বামি সিদ্ধ মহাপুরুষ তদীয় উ হার এবং किलन। সহধর্মিণীর সমাধি হুগলী জেলার (সোণালুক) বনের মধ্যে আছে; ভাঁহার পাত্তকা গোণালুকে শ্রীশ্রীগোপীনাথ-মন্দিরে আছে। তারকেশ্বর হইতে সোণালুক তিন ক্রোশ পশ্চিমে। কৈলাস-খনাম-প্রসিদ্ধ

মহাদেব ও কুবেরের বাসস্থান [ৈচত মত কুত্র দিকে ইহা নির্ণীত। মহস্তপুরাণে — (২১৪ অধ্যায়ে) ইহার দক্ষিণে এলাশ্রম, উত্তরে সোগন্ধিক পর্বত, দক্ষিণ-পূর্বে শিবগিরি, পশ্চিমোন্তরে করুলান্ এবং পশ্চিমে অরুণ পর্বত অবস্থিত। বর্ত্তমান তিব্বতদেশে মানস-সরোবর হইতে ২০ মাইল দুরে

रिक्नाम। देश इटेए निक्, में छक

ও ব্রহ্মপুত্র বহির্গত হইয়াছে। ইহার

বর্তমান নাম---গাঙ্গরি। বরাহ-

3600

পুরাণাদিতে उत्रष्टेवा। **মাহাত্ম্য** देकनामनाथ-- आठीन मुखि। इतिवः भ ২৬৪-২৮১ অধ্যায় দ্রপ্টব্য।

কোকিলা বন—ব্রজে,নন্দগ্রামের তিন गारेन উত্তরে (ভক্তি ৫।১১৫१— ১১৬৮)। এস্থানে শ্রীকৃষ্ণ কোকিলের ধ্বনি করিয়া শ্রীরাধার সহিত মিলিত

হইয়াছিলেন। উজानी--वर्क्तमान কোগ্ৰাম বা নিকট। মঞ্চলকোটের জেলায় শ্রীচৈতগুমঙ্গল-রচয়িতা শ্রীল লোচন-ঠাকুরের শ্রীপাট। ইঁহার হস্তাক্ষর ঐ স্থানের রাজেন্দ্রলাল মলিক মহাশয়ের গৃহে আছে। কেহ কেছ বলেন—ঐ গ্রন্থ গুস্করা ষ্টেশনের নিকট কাঁকডা গ্রামের প্রাণবল্পত চক্রবর্ত্তির গৃহে আছে। তাঁহার বাটীতে ফুলগাছতলায় যে প্রস্তারের উপর বসিয়া ঐচৈত্যুমঙ্গল গ্রন্থ লিখিতেন, এই প্রস্তর্থানি **প্রীলোচনদাস** এখনও আছে। ঠাকুরের শুশুরালয়——আমেদপুর কাকুট গ্রামে ছিল। এই স্থানে

চুড়ামণি-তন্ত্ৰমতে উজানী-পীঠন্থান। বর্তমান পীঠন্থান প্রাচীন नरह। छेहा मलनरकारहे दुर्शमरहा ছিল। এখানে দেবী—মঙ্গলচ্তী ও ভৈরব-কপিলেশ্বর শিব।

বিক্রমকেশরী নামে রাজা থাকিতেন।

উহা চণ্ডীকাব্যের ধনপতি, শ্রীমন্তদন্ত

ও খুলনার ধাম ছিল।

ঐ মন্দির হইতে উত্তর-পূর্ব কোণে খ্রীল লোচনদাস ঠাকুরের খ্রীপাট। শ্রীলোচনদাসের ইপ্টক-নির্মিত সমাধি আছে। উহার উত্তর দিকে এ-নিতাইগৌরের মুশ্মর বিগ্রহ আছেন। মকরসংক্রাস্তিতে শ্রীলোচন ঠাকুরের আবিৰ্ভাব উৎসব হয়।

শ্রীলোচনদাস ঠাকুরের শ্রীপাট হইতে নিকটেই অজয় নদ এবং **अहा**न्दत अकार-कृष्ट्रदत गन्नम । धे সঙ্গম-স্থানের পশ্চিমে মহাশ্মশান। শ্মশানের এক পার্শে 'খড়ু গ্রোক্ষণ'-

নামক পবিত্র তীর্থকেত্র। গঙ্গামঞ্জল-রচয়িতা দ্বিজ কমলা-এই গ্রামে বাস ছিল। यञ्चलकार्छ यूगनमानत्मत य कीर्छ

ছিল, कानकारम गर धराम हहेश। গিয়াছে। বড়বাজারের মসজিদ বা হোসেন সার মসজিদ ধ্বংসোমুখ। এই মসজিদের মধ্যে প্রবেশ-দারের বামদিকে স্তত্তের পাদদেশে 'প্রীচল্র-দেন নুপতি' এই নামটি প্রাচীন বঙ্গাক্ষরে লিখিত আছে। ঐক্লপ লেখাযুক্ত আরও চার খানি প্রস্তর-ফলক মদজিদের ভিতরে আছে। মুসলমানগণের নিদারুণ অত্যাচারের ঐ সব প্রতাক প্রমাণ। আরও মঙ্গলকোটের রাজা বিক্রমাদিতাকে গজনবী মিঞা যুদ্ধে পরাস্ত করে ও সমুদয় অধিবাসীগণকে মুসলমান

চুণীকৃত দেবদেবী কোটের হইয়াছিল। কুমুব নদী হইতে জৈন, বৌদ্ধ ও हिन्दूरमत रमवरमवी मूर्जि অনেক পাওয়া গিয়াছে। (সাহিত্য পরিষৎ পত্রিকা)।

ক্র

সময়ে মঙ্গল-

করিয়া দেয়।

এই গ্রীনারায়ণচন্দ্র স্থানের মণ্ডলকে শ্ৰীশ্ৰীজাহুবা মাতা কুপা করেন।

[বীরভূম জেলার নলহাটি আজিম-গঞ্জ রেলের তকিবপুর ষ্টেশন হইতে এক মাইল উত্তরে এক কোগ্রাম আছে। উহা কিন্তু শ্রীলোচনদাদের শ্রীপাট নছে।।

কোটবন —ব্রজে, কুশীর উত্তর-পশ্চিমে অবস্থিত। স্থাস্হ **একফের** বিলাসস্থলী। কোটরবন (বুলী ২৫)—ব্রন্থে,

বাসোলীর নিকটবন্তী, শ্রীকুষ্ণের হোলী খেলার স্থান।

কোটরা—(হুগলী) খানাকুল থানার নিকট। শ্রীঅভিরাম-শিশ্ব শ্রীঅচ্যত-পঞ্জিতের শ্রীপাট। কোটাস্থর-শাইথিয়ার পাঁচ মাইল

পূর্বে অবস্থিত, প্রবাদ এই যে এস্থানে পুরাকালে হিড়িম্ব ও বকরাক্ষমের বাসস্থান ছিল। কোটিভীর্থ-মথুরায়, বিশ্রাম ঘাটের

দক্ষিণে অবস্থিত যমুনার ঘাট। কোণার্ক বা কোণারক—চক্রভাগা নদীর নিকট। ইহা সূর্য-মন্দির. পুরী হইতে বিশ মাইল। কোণা-রকের প্রায় হুই মাইল मिक्दि । মিলিত নদী সমুদ্ৰে চন্দ্রভাগা

হইয়াছে।

উডিয়ার রাজা দ্বিতীয় নরসিংহদেব (১২৭৮—১৩০৬ খৃঃ) তাঁহার এক তামশাসনে স্বীয় পিতামহ প্রথম নরসিংহ দেবের (১২৩৮—১২৬৪ খঃ) সম্বন্ধে লিখিয়াছেন যে তিনি প্রসিদ্ধ 'কোণাকোণে' হুর্যদেবের জন্ত একটি কুটীর নির্মাণ করাইয়াছিলেন। কোণাকোণের অধিষ্ঠাতা এই [Vide অৰ্কদেবই কোণাৰ্ক

Nrisinhadeva II of Orissa. dated 1217 Saka' l ৷ মতান্তরে

'Copper-plate Inscription of

'চক্রকেত্র' বা পুরীর ঈশান কোণে 'অর্কক্ষেত্র' বা পদ্মক্ষেত্রের অবস্থান-হেতু উহা কোণার্ক নামে অভিহিত (Orissa and Her Remains by M. M. Ganguly, p 439). বর্জমানে যাহা দৃষ্ট হয়, তাহা প্রকৃত পক্ষে লুপ্ত মন্দিরের জগমোহনের মন্দিরের অংশমাত্র. কেননা অংশে সূর্যমন্দির ছিল, তাহা বহুদিন পুর্বেই ভূপতিত হইয়াছে; স্র্য-मुर्छिष्टि नुष्ट, माज दन्तीष्टि यथाञ्चादन वर्षमान चारह। थे (वनी > 1 × 2 । ইহার গাত্তে শাম্বের চিত্র, কথিত হয় যে <u> প্রীকৃষ্ণনন্দন</u> শাম্ব যে স্থারাধনায় রোগমুক্ত হইয়াছিলেন, কোণার্কে সেই মূর্ত্তিই অধিষ্ঠিত ছিলেন। শাঘ পুরাণে ৪১১-তম কপিল সংহিতা ষষ্ঠ অধাায়ে ও অধ্যায়ে এবিষয়ে বর্ণনা আছে। উক্ত জগযোহনটি উচ্চে প্রায় ১৪০ । বালিয়া পাণরে নির্মিত হইলেও কারুকার্য-সমন্বিত দরজার চৌকাঠ ও মন্দিরগাত্রস্থ চিত্রসমূহ ক্বফপ্রস্তরে খোদিত এবং দুর হইতে মন্দিরাগ্রভাগ ক্ষুষ্ণবৰ্ণ দেখায় বলিয়াই হয়ত পাশ্চাত্য পণ্ডিতেরা উহাকে 'Black Pagoda' নাম দিয়াছেন ৷ মন্দিরটি হর্যরথের আকারে পরি-কল্লিত, উহার গাত্রে বিবিধ কারু-'আইন-ই-আকবরী' গ্রন্থে কার্য। লিখা আছে যে তদানীস্তন উড়িয়ার ছাদশ বর্ষের রাজস্ব উক্তমন্দিরের নিৰ্মাণে ব্যয়িত হইয়াছে। 'Antiquities of Orissa' পুস্তকের ১৫৬ পৃষ্ঠায় মাদ্লা পাঞ্জী হইতে লাঙ্গুলা নরসিংহদেবের একটি লিপি

উদ্ধার করত বৃলা হইয়াছে যে এই স্থ্যন্দির ১২০০ শকান্দে নির্মিত মনোমোহন গাঙ্গুলীর হইয়াছিল। মতে ১২৭৮ খুষ্টাব্দে না হইলেও ১২৭৬ খঃ উহা নিমিত হইয়াছিল এবং তখনকার ওডিব্যার আয় চিল বাৰ্ষিক তিন কোটি টাকা। ঐ মন্দিরের চূড়ায় একটি স্থবৃহৎ চৃত্বক পাথর ছিল, উহার আকর্ষণে বহু অর্ণবপোত ঠেকিয়া বিপর্যস্ত হইত। युगनमानगर छेहा थूनिया नियाटह, মন্দিরটিও নষ্ট করিয়াছে। তৎপরে স্ব্যুত্তিও পুরীতে স্থানান্তরিত হয়েন। মহারাষ্ট্রীয়গণ কোণার্কের মন্দ্রির শ্রীক্ষেত্রের প্রাচীরাদি ভাঙ্গিয়া কয়েকটি মন্দির নির্মাণ করে।

শ্রীকৃষ্ণ চৈতন্ত মহাপ্রভু নীলাচলে অবস্থানকালে যে একদা দিব্যোন্মাদ-বশতঃ যমুনাজ্ঞানে সমুদ্রে ঝম্পপ্রদান করিয়া তরঙ্গে ভাসিতে ভাসিতে কোণার্কের দিকে গিয়াছিলেন, ভাহা (চৈচ অস্ত্য ১৮।৩১--১১৮) আস্বান্ত। মাঘী শুক্লা সপ্রমীতে ঐ স্থানে মেলা হয়।

কোভরং-(হুগলী, কোর্ট একতিয়ার-পুর-প্রাচীন নাম) গঙ্গাতীরে. কোনগর ষ্টেশন হইতে এক মাইল দক্ষিণ-পূর্ব কোণে, বালি উত্তর পাড়ার উত্তরে। এই গ্রামে পূর্বে শ্রীল রামচন্দ্র খানের বাস ছিল। এই রামচন্দ্র খান মহোদয় মহাপ্রেকুর পুরী-গমনের ছত্ৰভোগ সময়ে হইতে নৌকা করিয়া দিয়াছিলেন। থাকিয়া **ছত্রভোগে** দেখা শুনা শ্রীচরিতামতে ইহার করিতেন। ৰিবরণ আছে। বংশধরগণ বর্তমানে

লক্ষণনাথ, দাঁতন, কাউপুর, ডাকপুর, দেউড়দা প্রভৃতি স্থানে বাদ করেন। দকলেই ধনী ভমিদার ও গণ্য মান্ত ; ইহাদের খ্যাতি—'মহাশ্য'।

ইংাদের খ্যাতি—'মহাশয়'।
কোনাই—(কেঙনাই) ব্রজে, রাধাকুণ্ডের উত্তর-পূর্ব কোণে অবস্থিত
গ্রাম। একদা শ্রীরাধা-বিরহে শ্রীকৃষ্ণ
দৃতীকে জিজ্ঞাসা করিয়াছিলেন
'কেঁও না আই ?' এই জন্ম এস্থানের
নাম হয়—'কোনাই'।

কোন্দলিয়া— মথুরামগুলস্থ কুমুদ বন।

এস্থানে শ্রীদামপ্রবলাদি পরস্পর
কোন্দল করিয়াছিলেন (১৮° ম°
শেষ ২।২২৫)।

কোলদ্বীপ--কুলিয়াপাহাড়পুর, নবদ্বীপের অন্তর্গত--বর্ত্তমানে গঙ্গার
পূর্বতীরে অবস্থিত 'গাতকুলিয়া' এবং
পশ্চিমদিক্ত্ম কোলেরগঞ্জ প্রভৃতি।
[ভক্তি ১২।৩৭২ — ৪০২]।

কোলাপুর—বোষাই প্রদেশের
অন্তর্গত দেশীয় রাজ্য। উত্তরে
দাঁতারা, পূর্ব ও দক্ষিণে বেলগাম,
পশ্চিমে রত্নগিরি, উর্ণানদী আছে,
কোলাপুরে পূর্বে ২৫০টা মন্দির
ছিল।

প্রধান মন্দির—(১) অম্বাবাঈ
বা মহালন্দ্রীর মন্দির, (২) বিঠোবার
মন্দির; (৩) টেমরাইর মন্দির; (৪)
মহাকালীর মন্দির; (৫) ফিরাফুই বা
প্রত্যান্ধরার মন্দির; (৬) য়্যাল্লাম্মার
মন্দির (বোদাই গেজেটিয়ার)।
শ্রীগোরপদাঙ্কপৃত (১৮° ৮° মধ্য
৯০২৮১)।

কোবারি বন—গ্রীরন্দাবনে, তথার দাবানল কুণ্ড আছে। কালীয়দমনের দিন রাত্রিকালে শ্রীরুষ্ণবলরামকে

সলে লইয়া ব্ৰহ্ণবাসিগণ এ স্থানে শয়ন হঠাৎ করিয়াছিলেন। দাবাগ্নি প্রজ্ঞানত হইলে প্রীকৃষ্ণ ব্রজ্বাসি-গণের ভয় ও আতি দূর করিবার জন্ম তাঁহাদিগকে চক্ষু নিমীলন করিতে বলিয়া নিমিষে অগ্নি নির্বাপণ করিপেন। পুনরায় তাঁহারা চকু উন্মীলন করত দাবাগ্নি দেখিতে না পাইয়া পরস্পর বিতর্ক করত বলিয়া-ছিলেন—'কো বারি' অর্থাৎ অগ্নি কে নিবাইয়াছে ?—সেই সময় হইতে এই বনটি 'কোবাবি বন' আখ্যা লাভ কবে এবং অগ্নিনির্বাণের স্থানটিও 'দাবানল-কুণ্ড' নামে প্রসিদ্ধ হয়। [চলুতি কথায়—'কেবারিবন'।]

কোশল—নগ্নজিতের রাজধানী।
কাশীর উত্তর সীমা হইতে হিমালয়ের
পাদদেশ পর্যস্ত বিস্তৃত অযোধ্যাপ্রদেশ।
কৌশিকী——মগধের মধ্য দিয়া
প্রবাহিতা ভাগীরথীর শাখা নদী।

উত্তর ভাগলপুর ও পশ্চিম পূর্ণিয়ার মধ্য দিয়া দারভাঙ্গার পূর্বে প্রবাহিতা কুশী নদী। খ্ৰীনিত্যানন্দ-পদান্ধিত! (চৈ° ভা° আদি ৯।১২৬)। ক্রীড়াকুণ্ড—(মথুরায়) কামাবনে চরণ-পাহাডীর নিকটবর্ত্তী (ভক্তি e16e9)1 ক্ষীরগ্রাম—দাইহাট হইতে দক্ষিণ-পশ্চিম ১০ মাইল দুরে ক্ষীরগ্রাম। ঐখানে সতীর দক্ষিণ চরণাকুষ্ঠ পতিত চইয়াছিল। প্রতি বর্ষে বৈশাথ সংক্রান্তিতে উৎসব হয়। ক্ষীরসাগর, ক্ষীরোদ্ধি--- লবণ সমুদ্রের দক্ষিণ দিকে অবস্থিত,সর্বাশ্রয় শ্রীবাপ্সদেব তত্ত্বের নিবাস। कौरतानभागी विकृष्टे जग९भानक। ক্ষাহার সরোবর—ত্রজে নর্গ্রামের নিকটবর্ত্তী শ্রীকৃষ্ণকেলিকুও। এম্বানে

শ্রীক্ষেত্র——পুরুষোত্তম, नीलांठल. শঙ্খকেত্র ইত্যাদি নামে স্থপরিচিত नीलगांशरवत श्राक्षा-इंडि-হাসের জিজাসায় (এই অভিধান প্রথম খণ্ড ৩৯৩--৩৯৪ পৃষ্ঠা) রথ-যাত্রা-সম্বদ্ধে (ঐ ৬৪০—৬৪২ পৃষ্ঠা) এবং নবকলেবর-সম্পর্কে (ঐ ৩৬৪--৩৬৫ পৃষ্ঠা) দ্রপ্টব্য। দ্রপ্তব্য স্থান-শ্রীজগরাথমন্দির, মহাসাগর, স্বর্গদার, ইন্ত্রতাম সরোবর, মার্কণ্ডেম সরোবর, চন্দ্র-সরোবর, শ্বেতগঙ্গা, লোকনাথ, চক্রতীর্থ, গুণ্ডিচা, কপালমোচন শিব, গন্তীরামঠ, সিদ্ধ বকুল, টোটা গোপীনাথ, প্রীহরিদাস-সমাধি-মন্দির, শাতাসন প্রভৃতি। শ্রীজগরাথমন্দির মধ্যেও নুসিংহদেব, ষড্ভুজ মহাপ্রভু, রোহিণীকুণ্ড, অক্ষর্বট, মুক্তিমণ্ডপ, বিমলা, লক্ষ্মী, সরস্বতী, নৰগ্ৰহ, প্রীগোরাঙ্গের চরণচিহ্ন, আনন্দবাজার প্রভৃতি অবশ্য দ্রপ্টব্য।

2

তপস্থা করিয়াছেন।

শ্রীনন্দবাবার পিতা পর্জন্ম গোপ

খড়গ্রাম (?)—গ্রীনিবাসাচার্য প্রভুর পরিবারভুক্ত গ্রামদাসের ভবন (কর্বা ২)।

খড়দহ—২৪ পরগণা। ইটার্ণ রেজওয়ে খড়দহ টেশন হইতে গুই মাইল
পশ্চিমে শ্রীমন্দির। গঙ্গার নিকটে
অবস্থিত। শ্রীমন্দিরের শিথরদেশে
একটি ভগ্ন ইটক-লিপি আছে, উহার
কিছু কিছু পাঠ করা যায়—শ্রীক্লফায়
নমঃ শুভমস্ত ১৬৭০ শকাক শিল্পিকার
শ্রীরামভদ্র দাস। শ্রীমন্দির-মধ্যে
মধ্যস্থলে সিংহাসনে—

>। গ্রীমতী ও প্রীশ্রামম্পুন্দর প্রস্তু: ২। প্রীজগরাথ; ৩। বহু শালগ্রাম; প্রীপ্রিনিত্যানন্দ প্রভুর বকঃস্থিত শ্রীঅনম্ব চক্ৰবিশিষ্ট ঝোলায় স্থাপিত মরকত-শিলা. নীলকণ্ঠ শিব. মস্তকে অবস্থিত শ্রীশ্রীত্রিপুরাস্থন্দরী যন্ত্র —(তাম ফলকের) আর হস্তের যষ্টিখণ্ড আছে। বহুকাল হইতে এক-খানি শ্রীমন্তাগবত পুঁথি আছে। কেহ কেহ বলেন—উহা শ্রীশীবীরভদ্র প্রস্থুর লিখিত, কেছ বলেন উহা শ্ৰীশ্ৰীনিত্যা-


নন্দ প্রভুর লিখিত (?)। সিংহাসনের উত্তর ভাগে শ্রীশিবের ঘর।
উহার মধ্যে চতুভূ জ বিষ্ণুমৃতি এবং
বহু শিবলিন্দ প্রভৃতি আছেন।
পূর্বে এই মন্দিরের কুলুন্দীতে দারুময়
শ্রীনিতাই-গৌর বিগ্রহ, অইখাত্রর
শ্রীরাধারুক্ষ বিগ্রহ ও বিস্তর শালগ্রাম
ছিলেন। বর্তমানে তাঁহারা ল্পু।
প্রাচীন মন্দির এখন আর নাই।
যাহাকে প্রাচীন মন্দির বলে, ঐ
স্থানে প্রভুর বাস-ভবন ছিল।

পরিবর্তন

ব্হু

বৰ্তমানে

१ इंड इ



[শ্রীশ্রীগৌড়ীয়-বৈষ্ণব-অভিধান—১৮৫২ পৃষ্ঠা]

গিয়াছে। ঐ স্থানেই শ্রীশ্রীরভদ্র প্রভূ ও শ্রীশ্রীগঙ্গামাতা দেবীর স্থতিকা গৃহ ছিল। বর্তমানে ঐ স্থানে একটি বড বেদী হইয়াছে, উহার উপত্রে ত্বইটি তুলসী-মঞ্চ। উহাই সেই 'আঁতুড় ঘরের শ্বৃতি'। খডদহে খ্রীল খ্রীনিবাস আচার্য ও শ্রীল নরোত্তম প্রভুর আগমন ठहेशां छिल । বর্তমান মন্দিরের উত্তর-পূর্বের

পুষ্করিণীর নাম—'শ্বেতগঙ্গা' এবং ঐ খেতগঙ্গার পূর্বদিকের পুন্ধরিণীর নাম -- 'ययूना' । গ্রীলবীরভদ্র প্রভুর আনীত প্রস্তরে

শ্রীবিগ্রহ নির্মিত হয়। সে কাহিনী অনেক স্থানেই বিবৃত আছে। গঙ্গার যে ঘাটে প্রস্তর আসে. সেই ঘাটের নাম 'খামকুন্দর ঘাট'। শ্রীলবীরভদ্র প্রভুর আনীত প্রস্তরখণ্ডে তিন বিগ্রহ-শীশামম্বনর, শ্রীরাধাবলভ ও শ্রীনন্দত্বলালজীউ নির্মিত হইয়া যে অবশিষ্ট প্রস্তর থাকে, উহা ত্র স্থানের গঙ্গার ধারের দিকে একটি

উহার আকার একহাত দীর্ঘ ও

ও একহাত প্রস্থ। উহাকে 'ডহর-

আছে ৷

অশ্বথবুক্ষতলে অভাপি

কুমারী' বলে। প্রাচীন রাসমন্দির-পঙ্গার ধারে লালু পালের বাঁধা ঘাটের উপরে রান্তার পূর্বদিকে ছিল। ১২৮৪ সালে গোস্বামিপ্রভুদের মধ্যে গৃহ-বিবাদ হওয়াতে ঐ স্থানে বিগ্রহের রাস্যাতা। বন্ধ হইয়া যায়। তৎপতে রাসমব্দির নৃতন হয়---খড়দহ খেয়াঘাটের পূর্বদিকে।

শ্রীপ্রীগ্রামম্বন্দরের বার মাসে জেব পাৰ্ম্বণ তন্মধ্যে ठ स

ফুলদোল ও রাস্যাত্রাই বিশেষ প্রীশীনিত্যানন্দ প্রেসিদ্ধ। প্রভুর আবির্ভাব-উৎসবও হইয়া পাকে। ভোগে ছোলা. গুড ও कमनी

দিবার বিশেষ প্রথা। উহা শ্রীবীরভদ্র প্রস্থ হইতেই প্রবৃতিত হইয়াছে। শ্রীবীরচন্ত্র প্রভুর সময় হইতে

নিতা ১৯০ মণ ধান্তের চাউল ও সেই উপযুক্ত উপকরণ নিরূপিত ছিল। পূজারীরা পূর্বে বেতন পাইতেন না। দেবমন্দিরে সোনা-রূপা ছাড়া পডিত, তাহাই প্রণামী

তাঁহাদের প্রাপ্য ছিল। উহাতে

তাঁহাদের বেতন অপেক্ষা প্রচুর

পাওনা হয় দেখিয়া ১২৮৪ সাল হইতে বেতনের ধন্দোবস্ত হয়। বহুপূর্বে প্রণামী কড়ি দিয়া সাধারণে দশুবৎ করিতেন। প্রাচীন ফার্সি দলিলে জানা যায় যে প্রীপ্রীগ্রাম-

স্থনবের শ্রীমন্দিরে প্রণামী কটির

ভাগ-বাটোয়ারা লইয়া গোস্বামিদের मर्द्या विवाप इस धवः छमानीसन মুসলমান বিচারকের নিকট মোকদমা रय। थे साकर्ममा कुछ करतन শ্ৰীনিত্যানন্দ প্ৰভূ হইতে ৪।৫ পুৰুষ

বংশধর-শ্রীমদনগোপাল

গোস্বামী। সেই দলিল কলিকাতাঃ গোস্বামি-গৃহে আছে। উক্ত ফার্সি দলিলের ইংরাজী অমুবাদ বরাহনগরে গৌরান্গগ্রন্থ-মন্দিরে রক্ষিত আছে। খডদতের বিবরণ Hunter's

Statistical Account Bengal Vol I. P. 107-84 **গ্রি**হরিমোহন পণ্ডিত আছে।

বিষ্ঠাভূষণ লিখিয়াছেন—বৰ্তমান মন্দির করান-শ্রীবীরভদ্র-প্রভ ষষ্ঠ-সংখ্যক **শ্রী**হরিরাম গোস্বামির স্ত্রী শ্রীমতী পট্টেশ্বরী মা গোস্বামিনী, ইঁহার পুত্র লালবিহারী গোস্বামী নবাব-কর্ত্তক বন্দী হন এবং এক লক্ষ মূদ্রার পরিবর্তে নবাব

খডদই

তাহাকে মুক্ত করিতে চাহিলে মা গোস্বামী শিষাগণের নিকট হইতে লক্ষ টাকা সংগ্রহ করিয়া নবাবের নিকট পাঠান: কিন্তু নবাবের মতি পরিবর্ত্তন হয় ও বিনা অর্থে লালবিহারীকে মুক্তি দেন। মা গোস্বামী উক্ত লক্ষ টাকা শিষাদিগকে

রাজি হন নাই। ঐ অর্থে তিনি খডদছের মন্দির নির্মাণ করান। গ্রীল নিত্যানন প্রভুর সঙ্গে যে অনস্ত শিলা ও ত্রিপুরাত্মনরীর যন্ত্র থাকিতেন, উহা শ্রীনিত্যানন্দ প্রভুর চক্ৰকেত বংশ-পর্যায়ে ঠাকুরের পিতার দেবিত ছিলেন।

ফিরাইয়া দিতে চাহিলে তাঁহারা

চন্ত্রকেতৃ পরম বৈষ্ণব ছিলেন। তাঁহার প্রতিষ্ঠিত—শ্রীবন্ধিম দেব। শ্রীবঙ্কিমদেবকে গোপীজনবল্লভ ও রামক্বঞ্চ প্রাপ্ত হন। (নিত্যানন্দ-বংশবল্লী ৭৮ পুঃ) শ্রীধাম খড়দহে শ্রীপুরন্দর পণ্ডিতের

তিনি ঘোর শাক্ত ছিলেন, কিন্তু

দেবালয়ে প্রীপ্রীনিত্যানন্দ সর্বপ্রথম আগমন করেন; কিন্তু ঐ দেবালয় এখন কোথায় গ অত্ততা গোস্বামিপাডায় অবস্থিত শ্রীমদনমোহন, শ্রীগোপীনাথ শ্রীমহাপ্রত্বর নবরত্বমন্দিরাদিও দ্রষ্টবা।

গ্রামের দক্ষিণে কুলীনপাড়ায় স্থিত

শ্রীরাধাকান্ত-বিগ্রহ কামদেব পণ্ডিত-কৰ্ত্তক স্থাপিত বলিয়া ক্ষিত হয়। তিথিতে মাঘী হুকাত্রয়েদশী শ্রীনিতাানন্দ-জন্মোৎসব উপলক্ষে শ্রীনিত্যানন্দপ্রভুর প্রাচীন বসতি ক্লবাড়ীতে নামকীর্ত্তন ও মহোৎসব <u>প্রীগ্রামস্থদর</u> বাস্থাতায় ক্রমাগত তিন রাত্রি সপ্তদশরভবিশিষ্ট রাসমঞ্চে যাইয়া নিশিযাপন করেন এবং চতুর্থ দিনে গোষ্ঠবিহার করত ত্ম মন্দিরে প্রত্যাবর্ত্তন করেন | এইসময় প্রায় একমাস মেলা হয়। খণ্ড -- বর্দ্ধমান জেলায়, 'এ। খণ্ড' দেখুন। খণ্ডগিরি—ভূবনেশ্ব হইতে ছয়মাইল পূর্বদিকে অবস্থিত গণ্ডশৈল। উদয়গিরি ও খণ্ডগিরিতে বহু গুহা আছে। পাহাড় কাটিয়া গৃহাকারে নির্মিত এই গুহাগুলিতে বৌদ্ধ ও জৈন যতিগণ বাস করিতেন। স্প্র্পাচীন শিলালিপিও বিভয়ান। (খায়রো)—শ্রীব্রজ খদির বন

খদির বন (খায়রো)— প্রীত্রজ

মণ্ডলের অন্তর্গত দাদশ বনের

অন্ততম। শ্রীক্রফের গোচারণ স্থল।

খন্তহর— ত্রজের উত্তর দীমায় অবস্থিত

শ্রীক্রফ-গোচারণ-স্থলী (ভক্তি

া১৪৩০)।

খ্যারাশোল— বীরভূম জেলায়।

খ্য়রাশোল—বারভূম জেলায়।
অণ্ডাল সাঁইখিয়া লাইনে পাঁচরা
ট্রেশন হইতে দেড় মাইল। ছবরাজপ্রের নিকট।
মঙ্গলিডিহির ভক্ত পাছুয়া গোপালের

পাঁচটি পোষাপুত্র ছিল। অনস্ত-নামক পুত্রের বংশধরগণ পান্ত্রয়া গোপালের সেবিত শ্রীবলরামজীকে খ্যুরাশোলে প্রতিষ্ঠিত করেন।

আভাত করেন। **খররেগ**—ব্রক্তের উত্তরদিকে যমুনার তীরবর্ত্তী গ্রাম।
খাটুন্দি—কাটোয়ার অন্তর্গত—
শ্রীকেশবভারতীর পূর্বাশ্রম ছিল
বলিয়া কেহ কেহ বলেন। (প্রেম
২৩) কিন্তু কুলিয়ায় উঁহার শ্রীপাট

বলা হইয়াছে।
খাড়গ্রাম (ভক্তি ১৮৮২) গ্রীসনাতন
গোস্বামির পুরোহিত বিপ্রকুমারের
বাসস্থান।
খাড়িয়া—ব্রজে, বহুলাবনের একমাইল

মহাদেব দর্শনীয়।
খাতড়া—(বাঁকুড়ায়) রাজবাটী।
মহারাজা জগন্নাথ ঢোলের প্রতিষ্ঠিত শ্রীশ্রীগ্রামস্থদর বিগ্রহ। রাজারা দাস

গদাধর-বংশের শিষ্য।

'কুঞ্নগর' দেখুন।

দক্ষিণে; অত্রত্য স্থপ্রাচীন পঞ্চানন

খানচোড়া—(খানাজোড়া, খালাছড়া বা খানাচোড়া) নবদীপের নিকট বন্ত্রী গ্রাম—শ্রীনিত্যানন্দের বিহার-ভূমি (১৮° ভা° অন্ত্য ৫।৭০৯) খানাকুল—দারকেশ্বর নদীর তটে—

শ্রীল অভিরাম গোপালের পাট।

খাঁপুর—এজে, ভাদাবলীর এক মাইল
দক্ষিণে; রণবাড়ীতে ফাগুবৃদ্ধের পর
প্রীরাধাক্ষ এখানে ভোজন করেন।
খামাগ্রাম—এজের উত্তরলীমান্ত
'খছহর'। প্রীবলদেবস্থল—এখানে
প্রীবলদেবের হস্তে প্রোথিত 'খাম'
অভাপি আছে। প্রীলক্ষ্মীনারায়ণ ও
মহাদেব দ্রপ্রা।

অভাগে আছে। প্রাণন্ধানারায়ণ ও
মহাদেব দ্রাষ্টব্য।
খালগ্রাম—(বাকুড়া) ব্রজরাজপুরের
নিকট (মলভুম), বাকুড়া ষ্টেশন
হইতে সিমালপালের মটরে
ভেণ্ডায় নামিয়া ঐ খালগ্রাম।
শ্রীক্রীগদাধর-১ৈচতক্য ও শ্রীরাধা-

গোবিস্পজীউর সেবা। গ্রীদাসগদাধরবংশীর মথুরানস্বের পোত্র ব্রজ্ঞকিশোর গোস্বামি-প্রতিষ্ঠিত।
বেখুড়ী—ব্রজে, মহাবনের চারি নাইল
কিশান কোনে, গণ্ডগ্রাম। প্রাচীন
নাম—গরুই'। দন্তবক্র-বধের পরে
গ্রীকৃষ্ণ যমুনার পারে এই গ্রামে
আসিয়া পিতা নস্বের সহিত মিলিত
হইয়াছিলেন।

दश्याहरणना

दश्यक्री—बाक्रमारी क्वाय बामपूर

दश्याविषात एव क्वाम मृद्र।

रेष्टार्भ द्रवलारित्व नियालमर

रेरेक लालगालापाठ, छथा रहेरक

श्रीमाद्र भाव रहेश एक्या है।

হইতে ছই মাইল দূরে খেতুরী। খেতুরী শ্রীলনরোত্তম ঠাকুরের শ্রীপাট। ইং ১৮৯৭ খৃঃ ভূমিকম্পে শ্রীমৃতির অঙ্গহানি ঘটে। বর্তমানের মন্দির শ্রীলঠাকুর মহাশয়ের সময়ের মব্দিরের ক্র গোপালপুরের রাজা সন্তোষ দত্ত-কর্তৃক নির্মিত বৃহৎ মন্দির ছিল। এখনও তাহার ভিত্তি দেখা যায়। উহার দক্ষিণে শ্রীরাধাকুণ্ড ও উত্তরে শ্রীশ্রামকুণ্ড। শ্রীনশ্রীনিবাদ আচার্য প্রভুও প্রীন নরোত্তম ঠাকুর যে প্রস্তরের উপর উপবেশন করিতেন (৫×২×২ ফুট) তাহা এখনও আছে। মধ্যে একটি ফাটা ঐ মন্দিরের দেখা যায়। **पिटक दाक्रवाठी हिल।** श्रीनगद्वाउम ঠাকুরের প্রসব-স্থানটি এখনও আছে। **रहेर्ड > ३ माहे**न ঐ মন্দির উন্তরে শ্রীল ঠাকুর মহাশয়ের 'ভজনটুলি'। প্রকাও বটবৃক্ষ ও

তেঁতুল গাছ আছে।

ভজনটুলির

পশ্চিম পার্শ্বে শ্রামসাগর দীঘি। তক্ত রামদাস বাবাজীর সমাধি আছে। প্রেমতলীতে একটি প্রাচীন তমাল বৃক্ষ আছে।

থেতুরীতে—আসনবাড়ী, আমলীতলা, দাঁতন ও প্রেমতলী। আসনবাড়ীর মধ্যে প্রস্তর। কিছু দূরে চারি
শত বংসরের আমলীতলা হইতে
ভজনটুলিতে যাইবার পথে একটি
প্রাচীন গাছ আছে। প্রবাদ—ঠাকুর
মহাশরের দাঁতন হইতে ঐ বৃক্ষ
হইরাছে। থেতুরির দক্ষিণে এক
ভৌশ দূরে পদ্মাতীরে প্রেমতলী।
এই স্থানে প্রীমহাপ্রতুর আগমন
হয় ও তিনি ঠাকুর মহাশয়ের জন্ত

শ্রীল ঠাকুর মহাশয় ছয়টি বিগ্রহ গ্রহিষ্ঠা করেন। শ্রীগোরাঙ্গ, শ্রী-বল্লবীকান্ত, শ্রীব্রজমোহন, শ্রীকৃষ্ণ

শ্রীরাধাকান্ত এবং শ্রীরাধামোহন।

শ্রীগোরাঙ্গের বামে শ্রীলক্ষ্মীপ্রিয়া, দক্ষিণে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী, সর্বদক্ষিণে শ্রীবল্পৰীকান্ত, শ্রীকৃষ্ণ, শ্রীরাধামোহন ও শ্রীরাধাকান্ত।

শ্রীল নরোত্তম প্রস্থার ছয়টি
বিগ্রহের মধ্যে শ্রীরাধারমণ বাল্চরে
গোকুলানন্দ গোস্থামির গৃহে আছেন,
শ্রীব্রজমোহনকে রাজসাহীর বারিয়াহাটি-নিবাসী গৌরস্থার সিংহ
শ্রীবৃন্দাবনে স্থাপিত করেন।

শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্যবংশের রাধা চৌধুরাণীর পরে বাল্চরের গোকুলানন্দ চক্রবর্তী সেই
সেবা প্রাপ্ত হন। ইঁহার পোষ্যপ্ত
সচিচনানন্দ চক্রবর্তী ১৩১৫ সালে
উক্ত সেবাভার খেতুরীর পূর্ণচন্দ্র ও
রাখালচন্দ্র চট্টোপাধ্যায়কে দানপত্র
করেন। পরে রাখালচন্দ্রের পত্নী

(পুটিয়ার) <u>জীনরেশচন্দ্র</u> রায় বাহাতুরকে ১৩২৬ সালে সমর্পণ করেন। শ্রীল ঠাকুর নরোত্তম ১৫০৪ শকাবে ফাল্লন মাসে ঐ বিগ্রহ প্রতিষ্ঠা করেন, তখন নানাদেশ হইতে ঐ সময়ে ভক্তগণ আগমন করিয়াছিলেন। প্ৰিভাহবামাতাও শুভাগমন করিয়াছিলেন। খেতুরির ঐ উৎসবই বৈষ্ণব-জগতের প্রসিদ্ধ মহোৎসব। শ্রীনরোত্তমবিলাস গ্রন্থে তাহার বিবরণ আছে।

গোচারণস্থান। **খেলন বন**—(খেলাতীর্থ) ব্রজে সেরগড়ের উত্তরে অবস্থিত, শ্রীক্ষয়-বলরামের ক্রীড়াস্থলী (ভক্তি° এ।

>808-00)|

খেরর—এজে, শেষশায়ীর চারি

মাইল দক্ষিণে 'থেরট', প্রীক্ষারের

5

शका-नानरगाना घारहेत छेकारन রাজমহল পর্বত্যালার কিছু ভাঁটিতে জয়রামপুর ও ধুলিয়ানের মধ্যে ছাপ-ঘাটির মোহনা দিয়া গঙ্গা হইতে ভাগীরথী বাহির হইয়া বহিয়া গিয়াছে। এই মোহনার পর হইতেই গঙ্গা পদ্মা-নামে অভিহিত। মুশিদাবাদ ও নদীয়া জেলার মধ্য निया ভাগীরথী দক্ষিণ মুখে বহিয়া গিগ্নাছে। পদা হইতে আরও ছুইটি শাখানদী বাহির হইয়া ভাগীরথীতে মিশিয়াছে। একটি

छन्जी. অগুটি মাথাভাঙ্গা। জলম্বী নবদীপের কাছে, ছাপ-হইতে ঘাটির মোহনা >68 মাইল নীচে ভাগীরথীতে মিশিয়াছে। এই স্থান হইতে ভাগীর্থী হুগলী নদী নামে পরিচিত। মাথাভাঙ্গা— নবদ্বীপের আরও ৩৯ মাইল নীচে চাকদহের নিকটে হুগলী নদীতে হইয়াছে। মিলিত আসিয়া মুর্শিদাবাদের দক্ষিণে ভাগীরথীর পূর্ব বা বামপারে পলাশীর যুদ্ধক্ষেত্র। পরে ভাগীরথীর পশ্চিম বা দক্ষিণপারে

কাটোয়া। আরও দক্ষিণে কালনা,
হুগলী নদীর পূর্ব বা বামপারে
শান্তিপুর, শান্তিপুরের পরে ভাগীরথীর
পশ্চিম পারে হুগলা; ইহার ২৫
মাইল দক্ষিণে কলিকাতা।

কলিকাতা হইতে ৩৫ মাইল ভাটার দিকে দক্ষিণ পারে দামোদর নদ আসিয়া হুগলীতে মিশিয়াছে। ঐ মোহনার ৬ মাইল ভাঁটি পথে ক্ষপনারায়ণ নদও হুগলী নদীতে মিশিয়াছে। এই ছুইটি নদ ছোট-নাগপুরের পার্বত্য প্রদেশ হুইতে

ইহাকে 'সাগরদ্বীপ' বলে।

প্রতি

বাহির হইয়া মানভূম, বর্দ্ধমান, হুগলী ও মেদিনীপুর জেলা বিধোত করিয়া হুগলী নদীতে মিশিয়াছে। গঙ্গানগর——গ্রীধাম নবদ্বীপের পার্যবর্তী, 'ভাকইডাঙ্গার' স্নিহিত গ্রাম, অধুনা অন্তহিত। [চৈ° ভা° মধ্য ২৩।০০০ ী কাটোয়ার Ş নিকটবর্তী। তত্ত্রতা ভাগ কোলার কংগারি ঘোষ-কর্ত্ত নির্মিত মধ্যম গোরমৃতি এই গ্রামে **গে**বিত হইতেন।

গঙ্গামাত। মঠ--- শ্রীপুরুষোত্তম-ধামে শ্রীগোড়ীয় বৈষ্ণব মঠের অন্ততম। সাৰ্বভৌম শ্বেতগঙ্গার তটে শ্রীল প্রীক্ষেত্রবাসস্থান। ভটাচার্যের মহাভাবে বিভাবিত **শ্রীগোরাঙ্গ** नीनाठान मर्वथाय देंशात्रे ग्रह আতিথ্য গ্রহণ করিয়াছেন। পুঁটিয়ার **এ**বুন্দাবনস্থ রাজকন্তা শচীদেবী শ্রীহরিদাস গোস্বামির আশ্রয় গ্রহণ শ্রীগুরুদেবের করেন। আদেশে তিনি শ্রীরাধাকতে গিয়া তদীয় গুরুভগ্নী শ্রীলন্ধীপ্রিয়ার সহিত কয়েক বৎসর বাস করিয়া পরে প্রীপ্তকর আদেশেই ক্ষেত্রসন্ত্রাস গ্রহণপূর্বক শ্রীসার্বভৌম ভট্টাচার্যের ভবনে সেবা প্রকাশ করিবার জন্ম প্রীনীলাচলে আসেন। তৎকালে স্থানটি লুপ্তপ্রায় হইয়াছিল- কেবলমাত শ্রীরাধা-দামোদর শালগ্রামই বিরাজমান শচীদেবী শ্রীমদভাগবত ছিলেন। পাঠ করিতেন, তাহাতে বহু শ্রোতা হইত। রাজা মুকুন্দদেব শ্রীজগন্নাথের স্বপ্নাদেশে তাঁহাকে কিছু সম্পত্তি দান করেন। শচী ভিক্ষা দ্বারা চালাইতেন। সেবা একবার মহাবারুণী-স্নান্যোগে ইনি করিতে থাকিলে স্নান গঙ্গাস্ত্রোতে চালিত হইয়া শ্রীমন্দিরে উপনীতা হন-তথন অর্দ্ধরাত্র। সমবেত স্নানার্থীদের কোলাছলে প্রহরীগণ দার খুলিয়া শচীদেবীকে চৌর্ঘাপবাদে বন্দিনী করেন। পরে প্রজিগন্নাথের স্বপ্নাদেশে প্রীমুকুন্দদেব পডিচাগণসহ ইহার নিকট দীকা গ্রহণ করেন। ঐজগন্নাথ স্বচরণ-নিহত গঙ্গাজলে শচীদেবীকে স্নান করাইয়াছেন বলিয়া সেই হইতে তিনি 'গলামাতা' আখ্যাপনে এবং তত্ত্তা মঠটিও 'গলামাতামঠ'-নামে পরিচিত হয়।

গঙ্গাবাস—শ্রীধান নবদীপের এক
কোশ পূর্বে, অলকানন্দার তীরে।
কৃষ্ণনগর নবদীপঘাট লাইট রেলের
আনঘাটা ষ্টেশনের নিকট। এস্থানে
রাজা কৃষ্ণচন্দ্রকৃত শ্রীহরিহর-মন্দির
আছে। হরিহর মন্দিরের গাত্রের
গিপিতে আছে—'পামর সকল শ্রীনিব
ও শ্রীবিষ্ণুকে পৃথক্ পৃথক্ জ্ঞানে
কথনও বিদ্বেষ করে,সেই সকল নিরয়গামী ব্যক্তিগণের ল্রান্ডি-নিরাকরণার্থ
ভূবনবিদিত বাজপেরী মহারাজা
কৃষ্ণচন্দ্র-কর্তৃক ১৬৯৮ শকে (১৭৭৬
খুঃ) গঙ্গাবাদে এই মন্দির ও
শ্রীহরিহর মৃত্তি—লক্ষ্মী ও উমার সহ
স্থাপিত ছইলেন।'

রাজা কৃষ্ণচন্দ্র ১১৮৯ সালের ১২ই
আবাঢ় পরলোক গমন করেন।
শ্রীজগরাথাচার্যের বাসভূমি (?)
(১৮° চ° আদি ১০।১০৮)।
গঙ্গাসাগর—সাগর-সুল্ম, যেস্থানে

গঙ্গা বজোপসাগরে মিলিত হইয়াছে,

বংসর মকর-সংক্রান্তিতে মেলা হয়। শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপুত (চৈ° ভা° वापि ३।२०२)। গজোতারী —— উত্তরাখণ্ডে. ভগবৎপাদস্লিলা গলা যেস্থান হইতে প্রকট হইয়াছেন, তাহাই 'গস্বোত্তরী' বা 'গলোদভেদ' তীর্থ। উত্তরাখণ্ডের চারিটা প্রাসন্ধ তীর্থ গমনে ইচ্ছুক হন, তাঁহারা যমুনোত্রী ও উত্তরকাশী হইয়া গঙ্গোত্তরী যান. তৎপরে কেলারনাথ হইয়া বদরীনাথ দৰ্শনে যান। হাবীকেশ হইতে টিহরী হইয়া যমুনোত্রী ১৩১ মাইল এবং দেবপ্রাগ হইয়া ১৫১ মাইল, তথা গলোত্রী ১১ মাইল। গঙ্গোত্তরী সমুদ্রস্তর হইতে প্রায় ১০.০২০ ফুট উচ্চ, অত্ৰত্য মুখ্য मिन्द्र-शिशकादिनी चाहिन, ७९-পার্ষে রাজা ভগীর্থ, যমুনা, সরস্বতী এবং শঙ্করাচার্যের মৃত্তি আছে। গঙ্গামন্দিরের পার্শ্বে ভৈরবনাথের সূর্যকুণ্ড, বিষ্ণকৃত্ত ব্রহ্মকুণ্ড। নিকটে বিশাল ভগীরথ-শিলা যাহার উপর রাজা ভগীরথ তপন্তা করিয়াছিলেন। যাত্রী এই শিলায় পিগুদান করে। এখানে শীতকালে বরফাচ্ছন্ন হওয়ায় পাণ্ডাগণ চলম্ভিগণকে মার্কণ্ডেয়-ক্ষেত্রে আনিয়া সেবা করেন। গঙ্গোত্তরীর নীচে কেদার-গলার সঙ্গম—ইহার এক ফার্লং উচ্চ হইতে শিবলিক্সের গঙ্গাধারা পড়িতেছে—এই স্থানকে 'গৌরীকুণ্ড' বলে। 'গোমুখ' কিন্তু এম্বান হইতে ১৮ মাইল দুরে ছুর্ম ও অত্য

কঠিন পথ বলিয়া অনেকেই গলোত্তরী হইতে ফিরিয়া আসেন। গলোত্তরী হইতে গোমুখ যাতায়াতে তিন দিন লাগে।

গজাগ্রাম—(বাঁকুড়া)— রাজপুতনার করোলী এবং বৃন্দাবনের শ্রীমদন-মোহনজীউর সেবায়েত ভট্টাচার্যগণের গজাগ্রামে বাস ছিল।

গজেন্দ্রবাক্ষণ—(বা গজেন্দ্রনাক্ষম্)
নগরকৈল হইতে ২ই মাইল
দক্ষিণে। শ্রীগৌর-পদাক্ষপ্ত ভূমি
(১৮° ৮° মধ্য ৯।২২১)।

একটি খালের ধারে হাজার বংশরের প্রাচীন শুচিক্রম্ বৃহৎ শিবমন্দির। গৌতম-কর্তৃক অভিশপ্ত
ইক্র এই তীর্থে পাপমুক্ত হয়েন।
ভক্তগণের বিশ্বাস—ইক্রদেব এখানে
আসিয়া নিত্য শ্রীশিবপূজা করিয়া
যান। অনেকে স্থাণ্লিজ বা দেবেক্রমোক্ষণকে শিব মৃত্তি বলেন, উহা
কিন্তু বিষ্ণুমৃত্তি।

গড়গড়িয়া ঘাট—কটকে মহানদীর তীরে শ্রীগোরাঙ্গের স্নানার্থ ঘাট (চৈচ মধ্য ১৬1১১৫)।

গড়বেডা—— বগড়ীর নিকটেই গড়বেতা। মেদিনীপুর (ছল।। S. E. Ry. একটি ষ্টেশন। হাওটা মাইল। इहेर्ड ३०३ ইহা বিক্রমাদিত্যের বেতাল-সিদ্ধির স্থান। গড়বেতার রায়কোট হুর্গের উত্তর প্রান্তে উত্তরমুখী পাষাণ-মূর্ত্তি সর্ব-মঙ্গলা আছেন। বগলাযন্তে ইহার দেউল নিমিত। এই স্থানে কামেশ্বর মহাদেব ও শ্রীরাধাবল্লভজীউর মন্দির আছে। বগড়ীর রাজা হর্জয়সিংহ মল প্রীরাধাবলভজীউর মন্দির নির্মাণ করিয়াছেন।

গড়বেতার নিকট শ্রীল কাছ-ঠাকুরের একটি শ্রীপাট আছে। কার্তিকী পূর্ণিমায় শ্রীপাটে সমাধি-মন্দিরে উৎসব হয়।

গড়িদার—কানাইর নাটশালা হইতে রাজমহলের পাহাড়শ্রেণী প্রাচীরের স্থায় দৃষ্ট হয়। এই শৈলরাজি বিহার ও গৌড়রাজ্যের সীমা নির্দেশ করিতেছে। উহার মধ্যে তেলিয়াগড়িও শক্রীগলি-নামক গিরিপথ। ইহাদিগকে গড়িধার বলে। এই নির্জন শৈলপথে শ্রীলসনাতন প্রভু কাশীর পথে গমন করিয়াছিলেন। গড়িপা (সংস্কৃতে—গুরুপাদগিরি)—গয়া জেলায় অবস্থিত, বোধগয়া হইতে প্রায়্ন পঞ্চাশ কোশ। অপর নাম—কুকুটপাদ গিরি।

গ্রাওকর্ড লাইনে 'গুরপা' ষ্টেশন হাওড়া হইতে ২৬৫ নাইল। গয়া ফল্পতীর্থ হইতে ২৮ নাইল, নহাপ্রভূ পিতৃকার্য করিবার জন্ম গয়া-গমন-কালে এই স্থান দিয়া গিয়াছিলেন। শ্রীসনাতন গোস্বামী পাতোড়া পর্যত পার হইয়াছিলেন, সম্ভবতঃ উহা ঐ গড়িপার নিকটে হইবে। গড়ুই (খেড়িয়া)—বজে রাবেলের চারি নাইল পূর্ব-দক্ষিণে। কুরুক্ষেত্র-মিলনের পরে বজরাজ ননীখরে না গিয়া এখানে শ্রীকৃষ্ণাগমন প্রতীক্ষা করেন।

গড়ের হাট—পরগণাবিশেষ, রাজগাহী জেলায়, শ্রীনরোত্তম ঠাকুর
মহাশয় এই স্থানে আবিভূতি হন।
তৎপ্রবর্তিত স্থরের নাম—গড়েরহাটী
বা গরাণহাটি (প্রেম ৮)।

গণিসিংহ — অগ্রদ্বীপের নিকটবর্তী,
গঙ্গাতটে অবস্থিত। এই গ্রামে
'জগৎমঙ্গল'-রচয়িতা কমলাকান্ত দাস
ও তাঁহার জ্যেষ্ঠ লাতা, মহাভারতের
অমুবাদক কাশীরাম দাসের বাস।
গণেশ ভীর্থ—মধুরায় অবস্থিত,
গতপ্রমের সর্ব-দক্ষিণের তীর্থ,
শ্রীগোরপদান্ধিত (চৈ ° ম ° শেষ ২।
১১০)।

গণেশ্রো—ব্রজে, দাঁতোয়ার এক
মাইল দশানে অবস্থিত গ্রাম। ইহার
বায়ুকোণে গদ্ধেশ্বী কুগু। শ্রীকৃষ্ণ
এই স্থানে গদ্ধত্ব্য ব্যবহার
করিয়াছেন।

গণ্ডকী—নেপাল হইতে প্রবাহিতা গঙ্গার উপনদী। মুক্তিনাথ কাঠমপু হইতে ১৪০ মাইল। গোরখপুর হ**ইতেও এক রাস্তা আছে। মুক্তি-**নাথকে 'শালগ্রামতীর্থ' বলে। তত্ততা শ্রীভগবংশ্বরূপ, मकन भिनाई চক্রাঙ্কিত শিলার ত কথাই নাই। পুরাকালে এস্থানে পুলহ ও পুলস্ত্যের আশ্রম চিল। সোমেশ্বর লিক ও রাবণ-প্রকটিতা বাণগঙ্গার দেইবা। ব্রাজবি এম্বানে ভরত এম্বানে তপস্থা করেন এবং দিতীয় মুগজনোও কালপ্তর ত্যাগ করত এস্থানেই বাস করেন। দামোদর কুণ্ড হইতে গণ্ডকী নদীর উদগম .হইয়াছে। যুক্তিনাথের অন্তর্গত নারায়ণী নদীতে গরম জলের সাতটি ঝরণা আছে, তন্মধ্যে অগ্নি-

কুণ্ড-নামক ঝরণাটি এক প্রত

হইতে নিৰ্গত হইয়াছে এবং পাৰ্শ্বন্তী

পর্বতে অগ্নিজালাও দৃষ্টিগোচর হয়।

দামোদর কুণ্ড

মুক্তিনাথ হইতে

ইংলিশ বাজারের

গ্রেসপুর-মালদহে। মালদহ

উত্তর

আতিথা স্বীকার

করিয়াছিলেন

প্রান্তে

১৬ মাইল পথ হইলেও কিন্তু ' তৃষারাবৃত পথে তিন দিন চলিলে তবে দামোদর কুণ্ডে যাওয়া যায়। অত্ত্য লোকের বিশ্বাস যে দামোদর কুত্তেই প্রভাবশালী শালগ্রাম পাওয়া যায়। গ্রীনিত্যানন্দ-পদান্ধিতা (চৈ° ভा° वानि २। २२१)। নিকটবর্তী। খ্রীনিত্যানন্দ-পদান্ধিত স্থল (চৈ° ভা° আদি না৮৬-৮৮)।

গন্ধমাদন—তিক্ততে, মানসস্বোব্যের গন্ধর্বকু ও---- ব্রজে, চন্দ্রসরোবরের নিকট ও কামাবনের অন্তর্গত (ভক্তি 61499) I গদশিলা—-ব্রজে, আদিবদ্রির

নিকটবর্তী স্থান। গল্পেশ্বর – মথুরা নগরীর পশ্চিমে অবস্থিত স্থান (ভক্তি ৫।৪৪৯)। বহুণাবনের নিক্টবর্তী এই কুণ্ডে শান্তমু মুনি তপ্তা করেন (বুলী ৭)।

গম্ভীরা-- এংাম নীলাচলে প্রকাশী মিশ্রের বাটির অভান্তর প্রকোষ্ঠ। (ওচ্ৰভাষায় 'গন্তীরা'-শব্দে ভিতরের কুদ গৃহই বাচ্য)। ध शास **শ্রীশ্রীগৌরম্বন্দর** শ্রীব্রজ-বির্হিণীর বিভাবিত হইয়া ক্ষণে মহাভাবে ক্ষণে যে অপরূপ *नी ना* विरमान আবিফার করিয়াছেন, তাহা শ্রীচৈতগ্রচরিতামত গ্রহে ক্ষপ্ত অভিব্যক্ত হইয়াছে। ভাষায় সৌভাগ্যবান ভক্তগণই ভাহা

গয়া- অকাংশ ২৪।৪৮, ভাষিমাংশ ৮৫।১ বি ফল্পনদীর তীরে অবস্থিত পিতৃতীর্থ। স্থনাম-প্রেসিদ্ধ পাদপদ্ম বিরাজমান। গদাধরের

নিদিখ্যাসন

অমুভব, আস্বাদন ও

করিতে পারেন।

গয়শির, অক্ষয়বট. ফিলজানিক। রামশিলা, প্ৰেভশিলা. ব্রহ্মকুণ্ড, ফল্পতীর্থ ধেমুকতীর্থ, যোনিদার,

গ্যাতে প্রান্ধকালে প্রদেষ বস্ত অনসং :

প্রভৃতি উল্লেখযোগ্য দ্রষ্টব্য স্থান। বায়ুপুরাণে, মহাভারতে দ্রোণপর্ব হরিবংশ ১০ম ৬৪ অধায়ে ও অধ্যায় প্রভৃতিতে মাহাত্ম্য বণিত এই কেত্রে ৪৫ বেদী

ভীর্থ আছে। বিষ্ণুপদ-মন্দিরটি রাণী অহল্যাবাঈ-কর্ত্তক নয় লক্ষ মুদ্রাব্যয়ে নির্মিত। রাম-শিলা পাছাড়ে মহাদেব ও পার্বতীর মন্দির আছে। ব্রহ্মযোনি পাছাডের

বলে। এই ক্ষেত্ৰকে 'পিতৃতীৰ্থ'ও শ্রীগোরনিত্যানন্দ-পদাঙ্গিত ভূমি (कि° ठ° खानि) १।৮,२०७. চৈ° ভা° আদি ৯।১০৭) * গয়াকুণ্ড——ব্রজে, কামাবনের

অন্তর্গত।

শ্রীপাদ

করিয়াছিলেন।

উপরে অভুত গহ্বরটিকে 'ভীম গয়া'

পূর্বদিকে। গোপকুয়া হইতে কুণ্ডে যাইবার সময় এই ঘাট দর্শন হয়। ঘাটের উপরে শ্রীহরিরাম ব্যাদের ঘেরা। গোপকুয়ার উত্তরে চবুতারায়

মাধবেন্দ্রপুরী

উপবেশ্ন .

গয়াঘাট——ব্ৰুডে, শ্ৰীখানকুণ্ডের

গয়েজপুর (মালদহ) প্রীশ্রীনিত্যানন্দ-গাদি. প্রভুগণের প্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পৌত্র শ্রীল রামচন্দ্র প্রভু এই গয়েজপুরে গাদি স্থাপন করেন।

ত্রিগয়া ষ্থা – (>) গয়াতে ত্রীগ্রাশির, (২) যাজপুরে – নাভিগগ এবং (৩) অবস্থিত-মন্দ্রামনা রোড. ইহার উত্তর প্রান্ত হইতে গয়েসপুর রোড

বাহির হইয়া গয়েসপুরে গিয়াছে। প্রবাদ—হোগেন সার বাজকর্মচারী কেশব ছত্রীর ঐ স্থানে বাড়ী ছিল।

> ঐ কেশব ছত্রীর বাড়ীতে শ্রীকৃষ্ণ-চৈত্ত মহাপ্রভু করিয়াছিলেন। পরে গয়েসপুরের একটি আম্র-বাগানে শ্রীশ্রীরারভদ্র

প্রভু কেশব ছত্রীর পুত্র তুর্লভ ছত্রীর

বিস্থমতী ১৩৩৩ ফাল্পন ।। গ্রলগাছা--- হগলি জেলায়, এই গ্রামে দ্বাদশ গোপালের একতম

পর্মেশ্বর দাসের জন্ম হয় বলিয়া কেহ কেহ বলেন। মতান্তরে বর্দ্ধমান জেলায় কেতুগ্রামে তাঁহার

গ্ৰহণ

জন্ম হয়। (তড়া আঁটপুর দেখ) গরিফা-২৪ প্রগ্ণ্য নৈহাটির নিকট। বাণ্ডেল-নৈহাটি

রেলের টেশন। পরিফার রংকলের <u> প্রী</u>শকম্পর্ বাহিরে রাভার থারে সেনের সমাধি: ভগ্নাবস্থায় কতকগুলি ইষ্টক মাত্র আছে। পরিফায় গৌরভক্ত বাস করিতেন।

গ্রামের পূর্বনাম গৌরের পাট। এই কন্দর্প সেন-জীনিবাস-পরিবার। ইনি প্রসিদ্ধ কেশব সেনের পূর্ব-

পুরুষ ছিলেন। গরুত গোবিন্দ - ব্রজে, প্রীবুন্দাবনের

স্থানে প্রীগোবিন্দ গরুডরাপী এদামের ক্সন্ধে আবেছিণ করেন প্রবাদ এই যে শ্রীরামচন্দ্র ইন্দ্রজিতের

পশ্চিম-দক্ষিণ কোণে অবস্থিত।এ

নাদিক গোদাবরীতে পাদগয়া।

নাগপাশে আবদ্ধ হইলে গরুড 🕝 শ্রীরামের বন্ধন মোচন করিয়া তাঁহার ভগবতা-সম্বন্ধে সন্দিহান হইলেন। তৎপরে দ্বাপরযুগে গরুড় শ্রীরুঞ্চক দর্শন করিতে আসিয়া ব্রজের সর্বত্র শ্রীক্ষের বিভৃতি দেখিয়া বিশ্বিত হইলেন এবং প্রীক্ষের মায়া জানিয়া আর্কনাদে তাঁহার চরণে শরণ লইলে প্রীক্ষা গরুভকে আখাদ দিয়া তাঁহার স্কমে আরোহণ করিয়া বলিলেন— অ্যাব্ধি তোমার নাম আমার নামের चाला উচ্চারিত হইবে এবং এই বিগ্রহটিও 'গরুড়গোবিন্দ'-নামে প্রচারিত হইবে। গর্ভবাস-বীরভূম জেলায় মলারপুর ষ্টেশন হইতে ৫।৬ নাইল দূরে। প্রীপ্রীনিত্যানন্দ প্রভুর জনায়ান। অনতিদূরে পাণ্ডবদের অজ্ঞাত-वामञ्जी, मिष्कवकून वृक्क, यसूना नणी ও कनवथ्छी। यमूनात खंशत शादत শ্রীবীরভদ্র-স্থাপিত বীর**চন্দ্রপু**রে প্রীপ্রীবাকারায়। (একচক্রা দেখ) গলতা—রাজস্থানের প্রানিদ্ধ জয়পুর শহরের স্থপোলের বাহিরে পূর্ব-দিকস্থ পাহাড়ের মধ্যে অবস্থিত। এখানে পয়হারী বাবার মন্দির ও धूनी चारह। नीरहत कुछ रे शनजा। এস্থানে গাল্ব ঋষি তপস্থা করেন বলিয়া প্রবাদ। নিকটবন্তী পর্বতের শিখরে হুর্য-মন্দির।

গহমগড়—(?) গ্রীরদিকানন্দ প্রাহুর বহু শিষ্যের নিবাস বি°ম°পশ্চিম 1 [086186 গহবর বন-এজে, বর্গানার অন্তর্গত পর্বত-গহরবর্ত্তী নিবিড় কানন। शादिशानी-लावर्शनत इहे माहेन

পশ্চিমে। গোপালপুর বা বিলছুর मिक्किवेवर्छी, এ श्वारन खब्बनवयुव-দদ্বের প্রণয় গ্রন্থি বদ্ধ হইয়াছিল (ভক্তিরত্নাকর 61927-b00)| গ্রীগোপানজীউ মধ্যে মধ্যে শ্লেচ্ছভয়ে এই গ্রামে আগমন করিতেন (চৈ° চ° মধ্য ১৮।৩৬)। গ্রামের অগ্নিকোণে গুলাল্-কুণ্ড। তীরে প্রীমন্মহাপ্রভূ ও বল্লভাচার্যের উপবেশন-স্থান। গান্ডিব নগর—(নদীয়া), কুঞ্চনগর मर्त्र इहेरज পूर्विं एक ১৪ माहेल। পলদ। নদীর ধারে। এম্বানে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর বিহার-ভূমি। শ্রীনিত্যান্দতলী-নামক একটা প্রাচীন স্থান আছে। প্রীশ্রীনিত্যানন্দ বিগ্রহ আছেন।

নবদ্বীপের পূর্বদিকে অবস্থিত স্বব্ধপ-গঞ্জ, মহেশগঞ্জ প্রভৃতি গ্রাম [চৈ°ভা° মধা ২০।৪৯৮ ।। এ স্থানে বাণীনাথ পণ্ডিতের শ্রীপাট (१)। গান্তীলা বা বালুচর—মুনিদাবাদ জেলায়। ইষ্টার্ণ রেল লাইনের জিয়াগঞ্জ ষ্টেশন হইতে এক মাইল. গঙ্গাতীরে। অথবা ঐ লাইনের মাজিমগঞ্জ (সিটি) ষ্টেশনের মপর পারে যাইতে হয়। প্রাচীন শ্রীপাট গঙ্গাগর্ভে। শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্য শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্তী (বারেক্র) ঠাকুরের শ্রীপাট। এ

স্থলে যে শ্রীরাধারমণজী আছেন,

তিনি খেতুরীর শ্রীল নরোত্তম ঠাকুরের

শ্রীপাটের শ্রীবিগ্রহ। শ্রীগঙ্গানারায়ণের

পুত্র শ্রীকৃষ্ণচরণ, তৎপুত্র রাধারমণ

চক্রবর্তী, ইনি শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী

কাত্তিকী অমাবস্থাতে উৎসৰ হয়।

গাদিগাছা—গোক্রমন্বীপ.

ঠাকুরের প্রীগুরুদেব।

শ্রীগলানারায়ণ চক্রবর্তীর ক্সা শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী। শ্রীশ্রী-নন্মহাপ্রভু শ্রীল দাস গোস্বামিকে যে শ্রীগোবর্দ্ধনশিলা প্রদান করেন, ইনি তাঁহার গেবিকা ছিলেন।

খ্রীগঙ্গানারায়ণের ছুই বিগ্রহ সেবা — গ্রীপ্রীগোবিন্দ ও শ্রীরাধারমণ। শ্রীগোবিশজীউ বালুচরে আছেন। শ্রীবিগ্রহের পদতলে শ্রীরাধারমণ 'গন্ধারাম দাস' খোদিত আছে। বর্তমানে ঐ বিগ্রহ কাশিমবাজার রাজধানীতে আছেন।

গায়ঘাট--বাঁকিপুরে গঙ্গার নিকটেই, শ্রীচৈতন্ত মঠ। চারিশত বংসর পূর্ব ংইতে এই স্থানের একটি মন্দিরে হিন্দুসানী বেশে গাত্রে জামা ও মাথায় টুপীপরা শ্রীচৈতগ্র শ্রীনিত্যানন্দের শ্রীবিগ্রন্থ আছেন। মন্দিরের সেবায়েতগণ হিন্দুস্থানী। মন্দিরের দরজার উপরে ফলকে লেখা আছে—'শ্রীল শ্রীশীরাধারমণ ভট্ট-গোপাল শ্রীবুন্দাবন নিত্যলীলা'। গারোপাহাড় – (ভক্ত হাজং জাতি)

বা সেরপুর টাউনের উত্তরে গারো পাহাড়। দেরপুর হইতে পাহাড় দেখা যায়, জললপূর্ণ। এই সব স্থানে গারো, কোচ, ভামু, বলাই এবং হাজং প্রভৃতি পার্বত্য জাতিগণের বাস। সেরপুরের ১০ মাইল উত্তরে বনগ্রাম। এই স্থানে মালঝি কান্দারে

মৈমনসিংহ জেলার সেরপুর প্রগণার

ভক্তবর রাধাবল্লভ চৌধুরী মহাশয়দের জ্মিদারী ও কাছারী আছে। উক্ত

কাছারী হইতে উত্তর-মুখে ৬ মাইল ভাল পথ, তার পরে জঙ্গল। ধারে ধারে গারোদের বাড়ী, তৎপরে হাজং পাড়া, ঐস্থানের নাম ধোপাকুড়া।

এই পাহাড়ী হাজং জাতিগণ

लाहीनकान इटेट्ड देवछवर्धरावनश्री।

ইহাদের গুছে গুছে বিগ্ৰহ-সেবা আছে। এই স্থানের নারায়ণ অধি-

কারী-নামক জনৈক হাজংয়ের গ্রহে রাধাক্ষ বিগ্রহ প্রতিষ্ঠিত আছেন। এই হাজং জাতিমধ্যে প্রাচীন সময়ে ভক্তবর শ্রীল পাথর হাজং ১৪৪০ শকে পুরীধামে গমন করেন। যানো-কালে ভাহাকে জলমগ্ন হইয়া বহু পথ সাঁতরাইতে হইয়াছিল। তিনি পুরীধামে গিয়া শ্রীমন্মহাপ্রভুর দর্শন পান এবং পতিতপাবন এী-নিত্যানন্দপ্রভুর নিকট দীক্ষা গ্রহণ করিয়া স্বদেশে প্রত্যাবর্তন করেন এবং দেশে পার্বতা জাতির মধ্যে মহাপ্রভুর প্রেমধর্ম প্রচার করেন। সেই হইতে ঐ সব স্থানের অধি বাসিগণ শান্ত ও ভক্ত হয়েন। কালধর্মে লোপ পাইতে স্ব বসিলেও এখনও কিছু কিছু পূর্বভাব লক্ষিত হয়। উক্ত পাথর হাজংয়ের বংশধরগণ অভাপি বিভাষান আছেনঃ উহাদের উপাধি—'পাথর', বাঙ্গালী নাম-অফুকরণে তাঁহাদের নামকরণ হয়। বর্তমান পাথর হাজংএর বংশধর যিনি আছেন, তাঁহার নাম শ্রীহরিচরণ পাধর। ইহারা লুকোর শ্রীনিত্যানন্দ-বংশীয়গণে গাদির শিখা। আর মৈমনসিংহ অ্লেস ছর্গা भूदत्रत हाकश्गन देवकवर्धावनही। মুদলকরতাল-যোগে ইহারা কীর্ত্তন এই হাজংদের মধ্যে করেন। পদবী—অধিকারী বাহাদের

তাঁহাদের গৃহে খ্রীশ্রীরাধারুফ ও গোপাল বিগ্রহ আছেন। সের-পুরের হাজংগণও বৈষ্ণব, তাহারা এই স্থান্ধ হইতেই বৈফবভাবাপন্ন হইয়াছে।

দাউধারা গ্রামের হাজ্য অধিকারীর গৃহে শ্রীশ্রীনিতাইগৌরাঙ্গ মহাপ্রাষ্ট্ দেবিত হয়েন।

গুণ্ডিচামন্দির—ক্ষেত্রধামে অবস্থিত ত্বনরাচলের নামান্তর। এ স্থানে রথযাত্রার নয় দিন শ্রীপ্রীজগন্নাথদেব বিশ্রাম করেন। শ্রীগৌর-প্রেমলীলা-নিকেতন।

গুজরাট-পঞ্জাব প্রদেশের একটি **(जना। श्राम नगর- ७ ज**ता है. জালালপুর, কুঞ্জা ও দিঙ্গা। সংশ্বত নাম—গুর্জর। (চৈ°ভা° আদি ১৩। ১৬০, मध्य ১৯।१७)।

গুপ্তকাশী'—ভুবনেশ্বর (চৈ° ভা° অস্তা ২।৩০৭)।

গুপ্তকাশী^২—উত্তরাখণ্ডে, ক্রন্দ্রপ্রয়াগ হইতে প্রায় বার ক্রোশ দুরে। পূর্বকালে ঋষিগণ এ স্থানে শ্রীশিবের আরাধনা করিয়াছেন। মন্দাকিনীর অপর পারে সন্মুখে উধী মঠ—কথিত হয় যে উহাই বাণাম্মরের ক্তা উষার মন্দির। এস্থলে অর্দ্ধ-নারীশ্বর শিবের মৃত্তি নন্দীর উপরে বিরাজ-মান। একটি কুণ্ডে ছুই ধারাপাত हश-छेहां निशरक 'शका यसूना' वरन। এস্থানে কেদারনাথের পাণ্ডা পাওয়া যায় ৷ ख्युकुख-बद्ध, नम्यारमत भूर्व ७

যমুনার পশ্চিমে। (ভক্তি ৫।১০৬৭) শ্রীক্রফের গুপ্ত বিহারস্থলী।

গুপ্তপুরী ভাটপাড়া—ভৈরৰ নদের

তীরে। এই গ্রামে প্রায় সাড়ে চারিশত বৎসরের পূর্ব হইতে **প্রীজগরাপদে**বের মব্দির আছে। ক্ষিত হয় যে শ্রীচৈত্যুদের যথন পুরীতে করিতেছিলেন, অবস্থান তখন ভাটপাড়া-নিবাসী দ্যাবাম গোস্বামী পুরীতে গিয়া ঐচৈতন্ত ও শ্রীজগন্নাথ দর্শন করিতে অভিলাষী পদরজে চলিতে চলিতে ওড়িব্যায় সম্কটাপন্ন ব্যাধিতে অসহায় অবস্থায় পথে পডিয়া থাকেন। তাঁহার ভক্তিনিষ্ঠায় প্রাহ্মণ-বেশে শ্রীজগরাথ তাঁহাকে দর্শন দেন এবং দেন যে তাঁহার জগরাথ গমন করিয়া চিরদিন তাঁহার সেবা গ্রহণ করিবেন। দয়ারাম স্বগ্রামে প্রত্যাবর্ত্তন পূর্বক নির্দিষ্ট দিনে দেখিলেন যে ভৈরব নদের উজ্ঞান স্রোতে ভাসিয়া একটি নিম্ব-বৃক্ষ ভাটপাড়ার ঘাটে লাগিয়াছে; তুমুল হর্ষধ্বনি সহকারে দয়ারাম ঐ বৃক্ষ হইতে তিনমৃত্তি বিগ্রন্থ নির্মাণ ক বাইয়া প্রতিষ্ঠা করিলেন। চাঁচডার রাজগণ দেবসেবা-নির্বাহের জ্ঞা তিন হাজার বিঘা জমি দান করেন। প্রায় সত্তর বৎসর পূর্বে জনৈক ভক্ত প্রীচৈতন্ত, প্রীনিত্যানন্দ ও প্রীঅধৈতের বিগ্রহও প্রতিষ্ঠা করিয়াছেন। পুরী হইতে এস্থানে আগমন করত জগরাথ আছেন বলিয়া গ্রামটিও উত্তরকালে 'গুপুরী ভাটপাড়া' আখ্যা লাভ করে। স্থানযাত্রা, রথযাত্রা, ঝুলন ও দোলে এখানে মেলা বদে।

গুপ্তিপাড়া (বর্দ্ধমান) গ্রীল ক্লফদাস ব্রন্মচারির স্থাপিত শ্রীবৃন্দাবনচক্রজীউ

পার্জর আছেন। শ্রীল বক্রেশ্বর পণ্ডিতের শ্রীপাট। ইহার জন্মস্থান সেটেরী গ্রামে (१), মহাপ্রভু ইংহাকে পুরী-ধামে কাশী-মিপ্রালয়ে জীরাধাকান্ত মঠ বা শ্রীগম্ভীরা মঠের দেবাভার অর্পণ করেন। এই স্থানে কংসারি গেনের প্রীপাট ছিল (१)। প্রর্জর—গুজরাট। গুলালকুণ্ড-ব্ৰজে, গাঠলি গ্ৰামে অবস্থিত ফাগু-খেলার স্থান (ভক্তি el 102) 1 ভহক চণ্ডাল রাজ্য-শৃলবেরপুর (এলাহাবাদ হইতে ২২ মাইল উত্তর-পশ্চিমে গঙ্গাতীরবর্তী 'শিঙ্গরোর'গ্রাম)। ২ বর্ত্তমান চণ্ডাল-গড় বা চুনার। ৩ এলাহাবাদ 'বান্দা'-নামক (नर्भ । জিলার শ্রীনিত্যানন্দ-চরণস্পৃষ্ট ভূমি (১৮° ভা° আদি ৯।১২৩)। গুহতীর্থ---মপুরায়, বিশ্রামঘাটের দক্ষিণে অবস্থিত যমুনার ঘাট। গেড়ো, গেণ্ডখোর, গেছখোর— ব্ৰন্থে. নন্দীশ্বরের বায়ু-কোণে অবস্থিত গেছখেলার স্থান (ভক্তি e1:008-00)1 গোকৰ্গ—বোম্বাই প্রদেশ কানারায় কারওয়ারের ২০ মাইল দক্ষিণ-পূর্ব দিকে। এন্থলে মহাবলেশ্বর শিব আছেন (বোদ্বাই গেজেটিয়ার)। প্রীগোরনিত্যানন্দ-পদান্ধিত (চৈচ মধ্য ৯।২৮০, চৈ° ভা° আদি ৯।১৪৯)। ২ মথুরার সন্নিহিত তীর্থবিশেষ (रेह° ह° यश ५१।५৯५)। **গোকুল**—মথুরায়, যমুনার পূর্বতীর-বৰ্ত্তী প্ৰদেশ. গ্রীকৃষ্ণ-বলরামের वालालीलात आन्।

গোদাবরী---দাক্ষিণাতোর नদী। করেন। নাগিক হইতে দশ ক্রোশ দুরে বন্দগিরি হইতে উৎপন। শ্রীগৌর-নিত্যানন্দ-পদান্ধিত তীর (চৈ° চ° यथा ১।১ ॰ ৪. रेठ° ভা° चानि २।১৯৬)। গোক্তম দীপ-সীমন্তদীপের পর্ব-মন্দির দর্শনীয়। দক্ষিণে গাদিগাছা। গোপকুও—ব্রজে, কাম্যবনে অবস্থিত । (বহিৰ গ্ৰুভি)। **গোপকূপ**—গোকুলে অবস্থিত (ভক্তি 612969)1 গোপালকুও--- ব্রজে, কাম্যবনে অবস্থিত (ভক্তি ৫।৮৮০)। গোপালটিলা—গ্রহটে; গ্রহট সহর रुटेट २ हे गारेन পूर्वितिक मानिপूत মহলার প্রাত্তে। শ্রীনিত্যানন্দ প্রভুর 'গণের' শিষ্য অবধূত নরোত্তম বাউল রাচদেশ হইতে এস্থানে আসিয়া শ্রীপাট করেন। এীগ্রী-গোপাল ও শিলা সেবা। নাথের গোপালপুর-রাচদেশে। এরাঘব হইয়াছে। চক্রবর্ত্তির কন্তা শ্রীগোরাঙ্গপ্রিয়া বা শ্রীপদ্মাবতী দেবীর সহিত শ্রীনিবাস আচার্য প্রভুর দিতীয় বার বিবাহ হয় (ভক্তি ১৩।২০৪)। ২ পদার তীরে অবস্থিত, রাজা ক্রফানন্দ দত্তের রাজধানী (ভক্তি ১।৪৬৪)। ৩ শ্রীনরোত্তমের শাখা কৃষ্ণ আচার্য ও ভট্টাচার্যের গুরুদাস বাসস্থান গোপীবল্লভপুর। (প্রেম ২০)। গোপিকারমণ—(রত্বা (६५५१) নামান্তর--কাম্যবনের সরোবর। কামসরোকর।

গোচারণ বন—গ্রীবন্দাবনে, গ্রী-গোপীঘাট—শ্রীব্রজমণ্ডলে চীরঘাটের বিরাজমান। এস্থানে উত্তরে অবস্থিত যমুনার বরাহদেব গৌতম মুনির আশ্রম আছে। এম্বানে গোপীগণ কাত্যায়নীত্রত গোপীতলাউ—ভেটমারকা রনিকটে সরোবর। এস্থান হইতে গোপীচন্দন ভারতের সর্বত্র সরবরাহ গোপীনাথ-মন্দির ও শ্রীরাধাক্ষণ-(गांशीनाथश्व - वा (मना (गांशी-নাপপুর (বগুড়া জিলায়); বগুড়া সাঁড়া স্থীমার ঘাট হইতে E. B. R. আকেলপুর ষ্টেশন, তথা হইতে ৫ মাইল পূৰ্বদিকে শ্ৰীশ্ৰীঅবৈত-গৃহিণী দীতা দেবীর শিষ্যা শ্রীমতী নন্দিনী-প্রিয়ার শ্রীপাট। শ্ৰীশ্ৰীগোপীনাথ-জীউর সেবা। দোল-যাত্রায় উৎসব সেবায়েত বংশধরগণের উপাধি—'প্রিয়া'। ২ পুরী জিলায় বেণ্টপুরের সংলগ্ন গ্রাম। প্রবাদ— এম্বানে শিখি মাহিতীর ভগিনী শ্রীমাধবীদেবী-প্রতিষ্ঠিত শ্রীগোপী-নামাত্রসারে ঐ নাম গোপীনাথশী——(চৈকা ২০।৩১) শ্রীগোরপদাঙ্কপৃত স্থান। গোপীবল্লভপুর—(মেদিনীপুরে)— মেদিনীপুর সীমার প্রান্তভাগে। S. E. Ry সর্ভিছা ষ্টেশন হইতে আট ক্রোশ মটরবাসে, তথা হইতে চারিকোশ পদব্রজে বা গোগাডীতে। তৎপরে স্থবর্ণরেখা নদী পার হইয়া <u> প্রীরসিকানন্দপ্রতু</u> ময়ুরভঞ্জের রাজার নিকট হইতে যে বিগ্রহ প্রাপ্ত হন, এলগ্রামানন্দপ্রভু তাঁহার নাম

বাখেন—গ্রীঞ্রীগোপীনাথ এবং যে স্থানে প্রতিষ্ঠা করেন. ঐ **স্থানে**র নাম হয়—গোপীবল্লভপুর।

প্রীগ্রামাননের শিষা প্রীরসিকানন ७ मधुरुम्दनत श्रीभाषे। এখানে গ্রীগোবিশজীউ—গ্রীগ্রামানশ প্রত্নর প্রতিষ্ঠিত। প্রীর্গিকানদের বংশধর-গণই গোপীবল্লভপুরের গোস্বামী। পুরীতে প্রীর্বিকানন্দ প্রভু ফুলটোটা বা কুঞ্জমঠ স্থাপন করেন। ঐ স্থানের বিগ্রহের নাম—শ্রীবটকুষ্ণ। খ্যামানন প্রভুর সমাধি সাউথ ইপ্তার্ণ রেলওয়ে রূপশা ষ্টেশন হইতে ১০৷ ১২ মাইল সমুদ্রের ধারে রামপোবিশ্ব-পুর- বর্মপুর মঠ হইতে তিন ক্রোশ श्रुर्व मिटक। मन्मिट्र नक्क देवश्वरवत्र পদর্জঃ ও পদজল আছে।

প্রাচীন কালের বহু মুদ্রা, বাদসাহী আমলের দলিল, শ্রীল রসিকানন্দ প্রভুর গলদেশের মালা, ব্যবহৃত কছা ছুই খানি, শ্রীমন্তাগবত পুঁথি, প্রাচীন মাটির ভাঁড ও মৃত্তিকা, বাঁশী ৩।৪টি এবং মোহাস্ত প্রলোকগত নন্দনন্দনানন্দ গোস্বামির গৃহে একটি বুহৎ সিন্ধুকে নানা আকারের হস্তলিখিত রাশি রাশি পুঁথি আছে। (शामडी-वर्षाशावाहिनी नही

খ্রীনিত্যানন্দ-পদাঙ্কিতা (চৈ° ভা° আদি ৯।১।২।৭)। (शामडी कू७-वाष, कागावतन

অবস্থিত (ভক্তি ধাদধধ) ৷

গোমাটিলা—- এরন্দাবনের যোগপীঠ-যোগপীঠে <u> এবিদাবনে</u> ন্তান। **শ্রীগোবিন্দদে**ব বজ্ৰনাভ-নিমিত বিরাজ করেন—ইহা শাস্ত্র-প্রসিদ্ধ

শ্ৰীমন মহাপ্ৰস্থ-কৰ্ত্ব কথা। আদিষ্ট ও লুপ্ততীর্থ-বিগ্রহাদি উদ্ধারে গ্রীরূপগোস্বামিকে অক্সাৎ বতী কোনও ব্ৰজবাসী আসিয়া বলিলেন যে গোমাটিলায় যেখানে পূর্বাছে একটি গাভী আসিয়া ছগ্মক্ষরণ করে, সেই স্থানই যোগপীঠ এবং তাহারই নিম্নদেশে প্রীগোবিন্দবিগ্রহ আছেন। শ্রীরূপপাদ ইন্সিত পাইয়া ঐ স্থানটি খনন ক্রাইয়া গ্রীগোবিন্দদেবকে আবিষ্কার করেন (সাধনদীপিকা 4 = 20)1 বিগ্ৰহ পাইয়াই শ্রীরপপ্রভু পত্রসহ একজন লোককে সকাশে মহাপ্র**পুর** পাঠাইলেন (রত্না ২।৪৩৬—৪৩৭)। পত্রী পাইয়া মহাপ্রভু আনন্দে অধীর হইয়া কাশীশ্বকে 'শ্রীগৌরগোবিন্দ-মৃত্তি' দিয়া <u> এীরূপের</u> নিকটে পাঠাইয়াছিলেন। এই গ্রীগোর-গোবিন্দ শ্রীরূপাবিষ্ণত শ্রীগোবিন্দের সরিকটে স্থাপিত হন। তথনও পর্ণকৃটীরেই বিগ্ৰহগণ সেবিত হইতেছিলেন। উত্তরকালে এরঘু-নাথভট্ট গোস্বামির শিঘ্য গোবিন্দের यिन्त्र, जगत्याहनां निर्माण कताहेश বংশী মকরকুগুলাদি অলঙ্কারদারা বিগ্রহকে ভূষিত করেন। খুঃ অম্বরাধিপতি রাজা মানসিংহ লাল পাথর দিয়া অপুর্ব কারুকার্য-খচিত এই মন্দিরটি সংস্কার করেন। এই বিরাট মন্দিরটি মোগল আমলের ভারতীয় হিন্দুম্বাপত্যের অতুলনীয় দৃষ্টান্ত। Growse উাহার 'Mathura' গ্রন্থে বলিয়াছেন— 'The temple of Gobinda Dev is not only the finest of

particular series, but the most impressive religious edifice that Hindu art has ever produced, at least in upper India'. এই মন্দিবটি গোমাটিলার উপর অধিষ্ঠিত। উহা পার্শ্বর্তী ভূমি रहेरड >०।>२ र् ड छिछ। अहे মন্দির কভিবরগার সাহায্য ব্যতীতও খিলানের উপর গঠিত এবং গুম্বজে আবৃত। মন্দিরটি পূর্বমুখী এবং পূর্ব পশ্চিমে বিস্তৃত। পশ্চিম প্রান্তে मृन मिन्दित हिरू এथन कि कूछे। আছে। উহার পূর্বদিকে উত্তরপার্মে वुक्तारमवीत मन्दित अवश मिक्निनशास्त्र যোগপীঠ ছিল। এই উভয়ের সন্মুখে বা পুঠভাগে জগমোহনটি দৈর্ঘাপ্রন্থে ১০০'; জগমোহনের পূর্বদিকে নাটমন্দির—উহার সমুথে তোরণদ্বার। নাটমন্দিরের বাহিরের বারান্দার দেওয়ালগুলি বিবিধ কারুকার্যখচিত। সম্বাধে ছিল--নহবংখানা, তাহাতে প্রাতঃকালে ও শায়াহে স্থমধুর বাছা বাজিত। এই মন্দিরগুলি চারিদিকে আবার প্রাচীরদারা বেষ্টিত যৎকিঞ্চিৎ ভগ্নাবশেষ এখনও দেখা যায়। যোগপীঠের ক্ষদ্র মন্দিরটিতে সিঁড়ি দিয়া ভুগর্ভে নামিলে অষ্ট-ভূজা দেবীমৃতি পাষাণগাত্তে উৎকীৰ্ণ দেখা যায়—ইহাই 'যোগমায়া' বলিয়া সপ্তদশ খুষ্ট শতাকীর তৃতীয় পাদ পর্যস্তও এই মন্দিরে জাঁকজমকে নিত্যোৎসৰ স্থসম্পন্ন হইত। মন্দিরের প্রধান চূড়াটি এত উচ্চ ছিল যে তত্ত্ত্য আলোকমঞ

হইতে দেখা যাইত। আগরা আওরক্ষেব ঐ উত্তুক চূড়া হইতে বিচ্ছরিত আলোক-রাশি দেখিয়া क्षिणात পाठाईया शावित्मत गुन মন্দির ও তৎসংলগ্ন বিপুল সৌধের পাঁচটি চড়া ভাঙ্গিয়া ছিলেন। পৌছিবার ফৌজদার ব্ৰজমণ্ডলে পুর্বেই এগোবিন্দদেবাদি প্ৰধান প্রধান বিগ্রহগণকে জয়পুরের রাজা জয়সিংহ <u>স্থানাম্বরিত</u> করেন | ১৬৬৬ খঃ গোবিন্দজী প্রথমতঃ কাম্য-वरन यान, ১१०१ थुः लाविन्मभूता বা রোফাডায়, পরে ১৭১৪ খঃ অম্বরে এবং সর্বশেষে ১৭১৬ খঃ জরপুরে বিজয় করেন। এ বিষয়ে ভত্রতা গোবিন্দ-মন্দিরে কামদারের নিকট স্থরক্ষিত 'জয়নিবাস দলিলাদি' 2490 খুঃ মথুরার क्ट्रेया। তদানীস্থন কালেক্টর Mr. Growse জয়পুর মহারাজের পাঁচ হাজার টাকা সাহায্যে Archaeological Department কৰ্ম্বক বহু টাকা ব্যয়ে এই মন্দিরটির পুনঃ সংস্থার ও সংরক্ষণের ব্যবস্থা করিয়াছেন।

গোমুখ

প্রীগোবিন্দমন্দির-স্থাপত্য সম্বন্ধে ভিজ্ঞানায় Growse's Mathura এবং 'ব্রজলোক-সংস্কৃতি' (১০৫— ১৫২ পৃষ্ঠা) গ্রন্থটির (হিন্দী ভাষায়) 'ব্ৰজ্বকি কলা-স্থাপত্য, মৃত্তি, চিত্ৰ তথা সঙ্গীত'-শীৰ্ষক প্ৰবন্ধটি বিশেষতঃ আলোচা।

গোম্খ-উত্তরাখণ্ডে, যেস্থান হইতে গঙ্গাদেবীর উদ্গম হইয়াছে, উহা शक्षाखती श्रदेश ३५ मार्टन मृदतः রাস্তা অত্যস্ত কঠিন, বস্ত জন্তুর ভয় *খাছে। খরস্রোতা পার্বত্য নদী

এবং বরফাচ্চাদিত পর্বতের উপর যাওয়া আসা বড়ই সাহসিকতার কাজ। গঙ্গোত্তরী হইতে প্রায় ১০ মাইল पूरत 'रिवशाए' नामक नि গলার সহিত মিলিত হইয়াছে, তাহা **रहेर** 8डे मारेन पृत्त '**চी**एं।वान' (চীড়বক্ষের বন) : এম্বানে রাত্রিবাস কবত যাত্ৰী প্ৰাত:কালে প্ৰায় ৪ মাইল পথ হাটিয়া গোমুখে যান। গোমুখেই হিমধারার নীচে গঙ্গাধারা হইয়াছে—স্থানের শোভা অতৃলনীয়। দারুণ শীতের প্রকোপে জলে হাত লাগিলেই অসাড় হইয়া যায়। গোমুখ হইতে শীঘ্ৰ শীঘ্ৰ ফিরিতে হয়, নতুবা স্থাতাপে বরফ গলিতে থাকিলে তিমশিখর হইতে ভারী ভারী শিলা-থণ্ড পড়িতে থাকে—তাহাতে জীবন বিপর হইতেও পারে। এইজন্ত দিপ্রহরের চিড়োবাসে প্রত্যাবর্তন করিতে হয়। এইভাবে গঙ্গোতরী-গোমুখ যাতায়াতে তিন দিন লাগে। গোয়ালপুকুর—–বভে, সরোবরের দক্ষিণে। এস্থানে মধুমঙ্গল হইতে স্থাগণ স্থপূজার নৈবেছ লুঠন করিয়াছিলেন। গোয়াস-কাশিমবাজার ষ্টেশন হইতে शृर्द २० मार्टेग। मूर्निनाराप জেলায়। চক ইসলামপুর হইতে ছুই মাইল উত্তর-পূর্বে। গোয়াস শ্রীনিবাস-শিষ্য শ্রীল বলরাম কবিরাজ ও গ্রীল রামকুষ্ণ কবিরাজের শ্রীপাট। একণে জঙ্গদে পরিপূর্ণ। এগোকুল-চাঁদ শ্রীবিগ্রহ মুর্শিদাবাদ ভগীরথ পুরের নিকট শ্রীরামপুর গ্রামে ও

বিনাখালিতে আছেন। উক্ত শ্রীল

রামকৃষ্ণ আচার্যের নিকট মণিপুরের রাজারা দীকা গ্রহণ করেন। প্রিগোকুলচাঁদের অঙ্গনে প্রীনিবাস আচার্য প্রভুর আদি 'বাইশভোগ-মহোৎসব' হয়।

ধোল মাইল দূরে অবস্থিত। প্রীগৌর-পদাঙ্কপৃত গ্রাম বলিয়া প্রবাদ। এস্থানে প্রীজগরাপদেবের আছে। তৎপার্শ্বন্থ পিরিজিপুর গ্রামে শ্রীগোরনিত্যানন্দের সেবা আছে। গোরী—(রজা ৫/৫২৭) যে ধান্ত

গোরাপুর—আলালনাথ হইতে

ক্ষেত্রে প্রীরাধাকুণ্ড অবস্থিত ছিল, তাহার নাম ছিল—গোরী। এমন মহাপ্রভু তাহাতে মান করিয়া রাধা কুণ্ডের স্তব করিলে সকলে বুঝিল যে উহা শ্রীরাধাকুও।

গোলোক--স্বোধ্ব তন প্রীকৃষ্ণ-ধাম —ইহা গোকুলের বৈভব-বিশেষ; শ্রীকৃষ্ণ ও তৎপার্ষদগণের দীলাক্ষেত্র। **গোবর্দ্ধন** — মথুরামণ্ডল-মধ্যবর্তী প্রীগরিরাজ, বছবিধ প্রীকৃষণীলা-বিনোদের স্থান। ঐহরিদেবের অর্চাপীর্ম।

গোবিন্দ কুণ্ড--- এগিরিরাজ-থাত-বর্ত্তী সরোবর, ইহার **এ**গোবিন্দাভিবেক হইয়াছিল। কুণ্ডের পূর্বতীরে শ্রীগোবিন্দ-মন্দির। দক্ষিণ তীরে শ্রীনাথজীর মন্দির ও প্রীপাদ মাধবেন্তপুরীর উপবেশন-ঐস্থানেই ব্ৰজবালকবেশে **এগোপাল এপুরীপাদকে ছগ্ম দান** করিয়াছিলেন—পরে স্বপাবেশে স্বপরিচয় দিয়া কুঞ্জ হইতে প্রকটিত হইয়াছিলেন। কুণ্ডের পশ্চিমে প্রীগোবর্দ্ধন শিলার উপরে প্রীক্ষের হস্তাক্ষর ও ছড়ির চিহ্ন আছে। ২ শ্রীবৃন্ধাবনে।

গোবিন্দ ঘাট-জীরাধাকুণ্ডের পূর্ব-ঘাট-বিশেষ। তীরস্থিত শ্রীগনাতন গোস্বামী গোপীগণের श्रष्टितर्भ व्यानाञ्चना-क्लाक्रम द्योव দর্শন করেন (ভক্তি ৫।৭৫২—৭৬৫)। গোবিন্দপুর-মেদিনীপুর জেলায়, (র° ম° দক্ষিণ ১২।১০): ভীমধন ভূঞা-কর্ত্তক প্রদত্ত এই গ্রামে শ্রীখামানন্দ প্রভু কিছুদিন সপত্নীক বাস করেন। এখানে জীরসিকানন্দ প্রভু শ্রীগুরুর মহোৎসবে বহু বৈষ্ণব মহাজনকে সমবেত করিয়াছেন। ২ স্থতামূটি কলিকাতা। সপ্তগ্রামের শেঠেরা এখানে বাস করেন। তাঁহাদের আনীত ও সেবিত শ্রীশ্রী-গোবিন্দদেবের নাগান্তসারেই গোবিন্দপুর নাম হয়।

রোবিন্দস্বামী-তীর্থ ——— বৃন্দাবনে অবস্থিত (ভক্তি ৫।৩৭৫৮)।

নেশালা—(মধুরার) নন্দগ্রামের
নিকটবর্ত্তী, গোপগণসহ শ্রীক্বঞ্চবিলাসের স্থান (ভব্জি ৫।১০৪৪)।
নেশাসম!জ—কাবেরী-তটবর্ত্তী নৈবতীর্ব। শ্রীগোর-পদান্ধিত ভূমি
(চৈ° চ° ম ৯।৭৫)।

গোসাঞি গ্রাম—(মুর্শিদাবাদ) ত্রীহেমলতা দেবীর (প্রীনিবাস আচার্য প্রভুর কন্তার) শিশ্ব প্রীবল্লতদাসের ত্রীপাট।

নোস্বামী তুর্গাপুর— নদীয়ায়,
আলমডাঙ্গা ষ্টেশন ছইতে পূর্ব-উত্তরে
ছই ক্রোশ। প্রীপ্রীরাধারমণজীউর
সেবা। কার্তিকী পূর্ণিমায় এক পক্ষ
মেগা হয়। খঃ বোড়শ শতাব্দীতে

কমলাকান্ত গোস্বামি-নামে জনৈক
সন্ধানী হুর্গাপুরের অরণ্যে দহ্যগণের
নিকট হইতে শ্রীবিগ্রহ প্রাপ্ত হইয়া
প্রতিষ্ঠা করেন। পরে ছুর্গাপুরের
১৪ জ্রোশ দক্ষিণে জয়িনিয়াগ্রামনিবাসী রাজা মুকুট রায় মৃগয়া
করিতে আসিয়া উক্ত বিগ্রহ-সেবক
গোস্বামির দর্শনে প্রীত হন, স্বীয় কতা
ছুর্গাদেবীর সহিত তাঁহার বিবাহ
প্রদান করেন এবং অরণ্য পরিকার
করিয়া স্বীয় কতা ও গোস্বামীর
নাম-যুক্ত ঐ স্থানকে গোস্বামী ছুর্গাপুর
নাম প্রদান করেন।
পরে মুকুটরায়ের পুত্র রাজা

পরে মুক্টরায়ের পুত্র রাজা
ক্বফরায় ১৫৯৩ শকে প্রীপ্রীরাধারমণের
শ্রীমন্দির করিয়া দেন। মন্দিরের
প্রস্তরফলকে আছে:—
কালায়-বাণেন্দু-মিতে শকান্দে,

জ্যৈষ্ঠে শুভে মাসি ত্মনির্মলাশয়ঃ। শীক্ষরবায়ঃ শুভ-সোধ্যাক্রিরং


শ্রীকৃষ্ণরায়: শুভ-সৌধ্মন্দিরং, শ্রীযুক্তরাধারমণায় সন্দর্দো॥


গোস্বামিরামপুর—পাবনা জেলা। শ্রীশ্রীসীতাম্বাদত-বিগ্রহ-সেবা।

েগাহনা—ত্রজে, বদরীনারায়ণের এক মাইল দক্ষিণে। শ্রীস্থলামের জন্মস্থান।

গৌড়দেশ—শক্তিসঙ্গমতন্ত্র-মতে বৃঙ্গদেশ হইতে আরম্ভ করিয়া তুবনেশ্বরপর্যন্ত বিস্তৃত ভূমিখণ্ড। ক্র্ম ও
লিঙ্গপুরাণমতে—অঘোধ্যা প্রদেশের
গোণ্ডা নামে যে বৃহৎ জেলা আছে,
তাহারই প্রাচীন নাম—গৌড়দেশ।
যোগবাশিষ্ঠ রামায়ণে গৌড়ের ও
গৌড়ভট্টগণের লগুড়বুদ্ধে পারদর্শিতার
বর্ণনা আছে। গৌড়সারক্ষ, গৌড়ী
প্রভৃতি রাগ-রাগিণীর নাম হইতে

অমুমান করা যায় যে পুরাকালে এই স্থানের সংস্কৃতিগত উৎকর্ষও যথেষ্ট ছিল। যুক্ত প্রদেশের বড়বাকী জেলার হড়াদা গ্রামে আবিষ্কৃত শिनानिभि हरेए जाना यात्र (य थुः ষষ্ঠ শতাক্ষীর মধাভাগে মৌখরীবংশ্র রাজা ঈশান বর্মা সমুদ্রতীর পর্যস্ত বিস্তত গোডরাজ্য জয় করিয়াছিলেন। ঐ শিলালিপিতে গৌড়গণকে 'সমুক্রান্ত্যান্' বলায় বুঝা যায় যে গৌড়গণ নৌবলে বলীয়ান ছিলেন। ফরিদপুর জেলায় আবিষ্ণত চারিখানি তাম্রলিপি হইতে জানা যায় যে ঐ যুগে দক্ষিণবঙ্গে ধর্মাদিত্য, গোপ-চক্র ও সমাচারদেব-নামে রাজা ধর্মাদিভ্যের তাম্রশাসনে পাওয়া যায় যে তাঁহার সময়ে গোডের অংশবিশেষের শাসক ছিলেন-স্থাণু দত। ইহার পর রাজা শশাস্ক খঃ সপ্তম শতকে গৌড়াধি-পতি হইয়াছিলেন। বরাহমিহির (খঃ সপ্তম শতাকী) গোড়, পোও, বঙ্গ ও বর্ত্তমানকে স্বতন্ত্র জনপদরূপে উল্লেখ করিয়াছেন। হিতোপদেশে গোড়দেশে 'কোশাছী' নগরীর উল্লেখ আছে— কোশাখী (বর্তমান কোনাম)। এলাহাবাদ জেলার প্রবোধচন্দোদয়-মতে (খুঃ একাদশ শতাকী) বর্ত্তমান বর্দ্ধমান প্রভৃতি গোড় রাজ্যের অন্তর্গত। নবম হইতে একাদশ শতাকীতে উৎকীর্ণ রাষ্ট্রকট. চেদিরাজ-গণের ভাষ্ট্রশাসন 13 শিলা-লিপিতে জানা যায় যে চেদি, মালব রাজ্যের সীমান্তে বেরার 'গৌড়দেশ' ছিল। দণ্ডীর কাব্যাদর্শে





শুক্ত আদায় হইত। রামকেলিও

(১৷২৫) 'গোড়ী' প্রাক্বতভাষারূপে নির্দিষ্ট। কৃষ্ণ পণ্ডিতের প্রাকৃত-চন্দ্ৰিকায় অপভ্ৰংশ-গণনাতে 'গৌড়' ও 'ওঢ়' নাম আছে (Third Report of Operations, March 1886 by P. Peterson p. 347) | 347-পুরাণে 'পঞ্গোড়ের' উল্লেখ আছে। রাজতরঙ্গিণীতেও (৪।৪৬৫) আছে যে জয়াদিত্য পঞ্গোড়ের রাজগণকে জয় করেন। 'পঞ্চগোড়' বলিতে সারস্বত, কাত্যকুজ, উৎকল, মৈথিল ও গৌডদেশবাসিগণই লক্ষ্য। ইহার মধ্যে মিথিলা ও বঙ্গের মধাবর্তী সমধিক পরিচিত। গৌডরাজাই সেনবংশীয় প্রথম রাজা বিজয় সেন দাক্ষিণাত্য (কর্ণাট) হইতে আসিয়া গৌডাধিপতি হন। তদ্বংশীয়েরা 'গোড়েশ্বর'-নামে খ্যাত। বিজয়ের পুত্র বল্লাল সেন গলাতীরে 'গোড়'-নামক নগরে রাজধানী করেন। বল্লালের পুত্র লক্ষণ দেন উহার নাম রাখেন-লক্ষণাবতী। নবন্ধীপেও তাঁহার দিতীয় রাজধানী ছিল। একণে মালদহ জেলার মধ্যে গজার প্রাচীন গর্ভে প্রাচীন গৌড় অবস্থিত (অক্ষাংশ ২৪° ৫২´ উত্তর, দ্রাঘিমা ৮৮° ১০´ পূর্বে)। লক্ষণের পুত্র

লিখিয়াছেন।
পুরাকালে বঙ্গদেশবাসী বা
আর্থাবর্ত্তবাসীগণই গোড়ীয়শক্ষে
অভিহিত হইতেন। শ্রীশ্রীগোরের
আবির্ভাবের পরে তদীয় ভক্তগণই
'গোড়ীয়' শব্দের বিশেষ বাচ্য

'প্ৰাচীন

বখ্তিয়ার

কারিকায়'

করেন

বলিয়া

কেশবের রাজত্বকালে

অধিকার

গৌড

হরিমিশ্র

হইয়াছেন (চৈ° চ° আদি ১।১৯)। গৌড়নগরে বহু বহু মুসলমান-কীত্তির ধ্বংশাবশ্বে এখনও বিভয়ান। কদম-রস্থল, কোতোয়ালী দরজা, দাখিল দরজা, ফিরোজ মিনার, সোণা মসজিদ প্রভৃতিতে শিল্পদৈপুণ্যের পরাকাষ্ঠা প্রদর্শিত শ্রীগৌরনিত্যানন্দ-হইয়াছিল। পদাঙ্কপৃত স্থান (১৮° ১° মধ্য 31366)1 গোড়ে কদমরত্বল মসজিদ-(উহাতে একখানি ইষ্টকে মহম্মদের পদচিহ্ন আছে। নবাব সিরাজ-

উদ্দৌলার রাজত্ব-সময়ে ঐ ইষ্টক

থানীত ও মীরজাফর-কর্ত্তক উহার

উক্ত মসজিদ ১৫৩৩ থাঃ নসরত

মধ্যে স্থাপিত হয়।)

সাহ-কর্ত্তক নির্মিত হয়। মধ্যদারের উপরে একটি লিপিতে লেখা আছে —(বঙ্গামুবাদ) 'এই পবিত্র বেদী ও তাহার প্রস্তর যাহার উপর মহাপুরুষের পদচিহ্ন আছে, সৈয়দ আসরফউল হোসেনীর পোত্র হোদেন সাহের পুত্ৰ প্রতাপশালী ও সওদাগর নরপতি নাছিরউদ্দিন আবুল মজাফর নাছের হোদেন কৰ্ত্তক স্থাপিত।' ৯৩৭ हिष्पती (১৫৩०--৩১ थुः) সরকারী রিপোর্টে প্রকাশ—

মুর্শিদাবাদের নিজামত দগুরে 'কিমাৎ খিস্তকার'-নামক একটি পৃথক্ বিভাগ ছিল। উহাতে গৌড়ের হর্মাগুলি ধ্বংস সাধন করিতে দিয়া প্রতিবংসর পার্ষবর্তী জমিদারগণের নিকট হইতে নাম্মাত্র মূল্য আদায় করিয়া বাৎসরিক ৮০০০ টাকা

গোডের অন্তর্গত। Grant's Fifth Report p. 285. J. A. S. B (1874) p. 303 note]| ইংরাজ আমলে মুশিদাবাদ, রাজমহল, মালদহ ও রঙ্গপুর প্রভৃতি আধুনিক শহরগুলি প্রায় সম্পূর্ণই গৌড়ের ধ্বংসাবশেষ হইতে গঠিত হইয়াছে [Ravenshaw's Gour p. 2) 1 গৌড়রাজ হুসেন শাহ ও তৎপুত্র নসরংশাহের সাহায্যে ও উৎসাহে বাঙ্গালা সাহিত্যের যথেষ্ঠ উন্নতি হইয়াছিল। হুদেন শাহ 'শ্ৰীকৃষ্ণ-বিজয়'-রচয়িতা মালাধর বস্থকে 'গুণরাজ্থাঁ' উপাধি দান করেন। ইহারই রাজত্বকালে ১৪৮১ খুঃ বিজয়গুপ্তের ও ১৪৯৫ খৃঃ বিপ্রদাসের 'মনসামঙ্গল' রচিত হয়। নসর**ং শাহ** 'ভারত-পাঞ্চালী'-নামে মহাভারতের কবীন্ত অমুবাদ করাইয়াছেন। পরমেশ্বর তাহা স্বীকারও করিয়াছেন

—'শ্রীযুত নায়ক সে যে, নসরৎ थान। बठाईन পाकानी त्य खरनत्र নিদান॥' কৃতজ্ঞ বাঙ্গালী কবিগণ পদাবলীতে সগৌরবে এই ছুইজনের করিয়াছেন। নামকীর্ন্তন 'ঐয়ত হুসন জগতভূষণ, সোই এ রস জান। পঞ্চগোড়েশ্বর ভোগপুরন্দর যশোরাজখান ॥' 'সে যে নসিরা শাহ कारन। यादत शानिन मननवारन॥' [বঙ্গভাষা ও সাহিত্য]। গৌড়ের অক্সান্ত দ্রষ্টব্য স্থানগুলির বিষয়ে 'রামকেলি' আলোচ্য। গোতমীগঙ্গা-গোদাবরীর বিশেষ। রাজমহেন্দ্রীর অপর তটে। এখানে গৌতম ঋষির আশ্রম ছিল।

গোরবাই (গোরাই)—ব্রজে, গোকুলের ঈশানকোণে অবস্থিত (থেড়ি); এস্থানে ঢানার জমিদার শ্রীনন্দমহারাজকে কুরুন্দেত্র হইতে প্রত্যাবর্ত্তনকালে গৌরবসহকারে বাস করাইয়াছেন (ভক্তি° ৫।৪২২—৪৩০)। গৌরবাজার—বাঁকুড়া হইতে গাঁচ ক্রোশ দক্ষিণে। শ্রীনিতাইগৌরবিগ্রহ

—শ্রীল যতুনন্দন গোস্বামি-কর্ত্ব

প্রতিষ্ঠিত।
ক্যোরহাটী—(?) শ্রীলঅভিরাম
গোপালের শিষ্য শ্রীহরিদাস ঠাকুরের
বাসস্থান।
ক্যোরাঙ্গপুর—(হুগলী) থানাকুল
কৃষ্ণনগর হইতে এক মাইল উত্তরে।
নদীর ধারে শ্রীঅভিরাম-শিষ্য
শ্রীক্মলাকর দাসের সমাধি আছে।
কাল্পনী পূর্ণিমাতে উৎসব হয়।
এখানে শ্রীলগদাদাস ঠাকুর বাস

করিতেন।

২ গোপাল ঠাকুর ও কোকিল
গোপালের বাসস্থান।

৩ শ্রীমাধব ঘোষের শ্রীপাট।
গোরীভার্থ—অজের পৈঠগ্রামের
তিন মাইল দক্ষিণে। (ভক্তি
।৬৩০—৩২)। গৌরীপৃজাছলে
শ্রীক্ষের সহিত চন্দ্রাবলীর মিলনস্থান। কুণ্ডের তীরে নীপর্ক্ষ ছিল
বলিয়া কণ্ডকেও 'নীপক্ত' বলা হয়।

ঘ, চ

ঘণ্টশিলা—(ঘাটশিলা) [অকাংশ २२।७६. **দ্রা**ঘিমাংশ **४७**१२४] त्मिनिनेश्रुत किनाय श्वर्गदत्था ननीत তীরে পাণ্ডবদের বিশ্রামন্থান ও শ্রীরসিকানন্দ প্রভুর দীক্ষাস্থান (ভক্তি° >6100-84)1 ঘণ্টাভরণভীর্থ—মথুরায়, যমুনা-ভীববর্তী বিশ্রাম ঘাটের উত্তরে ঘাট (ভক্তি° ধাহন8--৯৫)। ঘাটি—রাজস্থানস্থিত জয়পুরে, শ্রীজয়-দেবের প্রীপ্রীরাধামাধববিগ্রহ এস্থানে বিরাজমান (ভক্তমাল ১২।১)। चिचिनिनी-(वृनी > e) कामावरनत ছোট পৰ্বতে অবস্থিত, এইস্থানে উঠিয়া শ্রীকৃষ্ণ স্থাগণ সহ পিছলাইয়া নীচে পড়িতেন। **ঘোষরাণীকুগু—**মথুরার কাম্যবনে অবস্থিত (ভক্তি ।।৮৫৮)। ঘোড়াঘাট-দিনাজপুর জেলায়. এইস্থানে মহাভারতোক্ত বিরাট রাজার অখশালা ছিল বলিয়া প্রবাদ। চক্রতীর্থ-(১) কুরুক্বেত্রস্থিত রামহদ,

(২) প্রভাবে, গুজরাটে গোমতী-নদীতটে, (৩) গোদাবরীতটে, ত্র্যম্বক্ গ্রাম হইতে তিন ক্রোশ দুরে, (৪) কাশীধামে মণিকণিকাঘাটের কুও। (৫) রামেখর সেতৃবল্পে ফান্স ব্ৰহ্মথণ্ড সেতু-মাহাত্ম্য ৩]। (৬) প্রীক্ষেত্রে সমুদ্রতটে, চক্রতীর্থ— পুরী ষ্টেসনের পূর্বদিকে ও শ্রীমন্দির হইতে প্রায় হুই মাইল দূরে 'বলগণ্ডি-'বাংকি মুহাণার' এই স্থানেই দারুত্রন্ম অবস্থিত। ভাসিয়া আসিয়াছিলেন। প্রস্তরময় অদর্শনচক্র একটি বেষ্টনীর মধ্যে এই স্থানে পুজিত হন। অদুরবর্তী কুতে শ্রাদ্বাদি করা হয়। (१) কুৰুক্ষেত্ৰে [ভা° 20194120 বৈষ্ণৰতোষণী]। (৮) ব্রজের চাকলেশ্বর (গোবর্জন-মান্স-গঙ্গাতটে)। (১) মথুরায়, যমুনার তীরবর্তী (ভক্তি° ১।৩০৩--১)। চব্বিণ প্রগণার অন্তর্গত ছত্রভোগের নিকটবর্তী অমুলিঙ্গতীর্থের

নিকটে। চক্রদহ-(চাকদহ) গঙ্গাতীরবর্ত্তী স্থান (ভক্তি° >21929-926. চাকদহ দেখ) চক্রবেড্--গ্রাধামে অবস্থিত. যেস্থানে শ্রীবিষ্ণুপদ বিগ্ৰমান। শ্রীগোরপদাঙ্কপৃত (চৈ° ভা° আদি ১৭।৩২)। ২ পুরীতে জগন্নাথদেবের মন্দিরের চতুর্দিকে অবস্থিত। চক্রশালা—(চট্টগ্রামে) শ্রীপুণ্ডরীক বিভানিধির জনস্থান ['মেখলা' मध्या । চটক পর্বত-- এপুরুষোত্তম ক্ষেত্রে সমুদ্রতীরে বালুকার স্তুপ। ইহারই নিকটে টোটা গোপীনাথ—শ্ৰীপ্ৰী-গদাধর পণ্ডিতের সেবিত বিগ্রহ। চতুরপুর-মালদহ জিলায়, গৌড়ের নিকটবর্ত্তী গ্রাম। শ্রীগোরের সহিত শ্রীরপদনাতনের মিলন-স্থান। (প্রেম° ৮) **চতুঃসামুদ্রিক কূপ**—মথুরায় অবস্থিত যমুনার তীরবর্তী (ভক্তি ১৩৩১)

চতুত্ব কুণ্ড-(মথুরায়) কাম্যবনে অবস্থিত শ্রীকৃঞ্বিলাস-স্থলী। (ভক্তি° el690)1

চতুমুখ স্থান-(মপুরায়) কাম্য-উত্তরে অবস্থিত এস্থানে ব্ৰহ্মমোহনলীলা (ভক্তি° ঘটে e1669)1

চন্দননগর--গোঁসাই ঘাট-- শ্রীথুন্তির মেলা। জগদীশ তীর্থ। প্রবাদ— আকবর (মতান্তরে বাদশাহ সংকীর্ত্তনে কোন হোগেন না) মুসলমান বাধা দিতে পারিবে না বলিয়া নিজ পাঞ্জাকৃত একথানি খুন্তি বা পাশচিহ্ন প্রদান করেন। বর্ত্তমানে সংকীর্ত্তনের অগ্রে অগ্রে ঐ পুত্তিকে লইয়া যাওয়া হয়।

প্রবাদ---নবদ্বী পধামের জগদীশ পণ্ডিতের নিকট একখানি ঐরপ খুস্তি বা পাশ ছিল। তিনি উহা পরে এরঘুনাথ গোস্বামীকে (মালপাড়ার) প্রদান করেন। ঐ খুন্তি লইয়া এীবীরভদ্র প্রভুর সহিত বিবাদ হইলে, বীরভদ্র প্রভু খুন্তিকে

গঙ্গায় নিক্ষেপ করেন। পরে ঐ অগ্ৰহায়ণী পূর্ণিমাতে খুন্তিখানি চন্দননগরে একটি ঘাটে দেখা দেন। ঐ ঘাটকে 'গোঁসাইঘাট' ও 'জগদীশ-তীর্থ বলা হয়। উহা চন্দননগর সহরের উত্তরাংশে। রঘুনাথ উহা প্রাপ্ত হইয়া ঐ খুস্তিকে পূজা করিতে উক্ল গোস্বামিদের আদিদেবতা শ্রীশ্রীরাধাবন্নভন্গীউ এই স্থানে শ্রীমন্দিরে আছেন। ১২৯২ **গাল হইতে উক্ত খুন্তির মহোৎস**ব প্রতি বৎসর পূর্বোক্ত মাসে ও यन्तिद्वत निक्छे यहा-সমারোহে হইয়া থাকে।

বিবরণ— মালপাড়ার গোস্বামীদের আউল-নামক আদি নিত্য মালপাড়া হইতে পদব্রজে গঙ্গাম্বান করিতে আসিতেন। ক্ষীরপাডার পরপারে পুষরিণীতে তিনি শ্রীশ্রীরাধাগোবিন বিগ্রহ প্রাপ্ত হইয়া ঐ চন্দননগরে প্রতিষ্ঠা করেন।

গোঁসাইঘাটার গোস্বামিদের গৃহবিবাদ জন্ম এখন ছুই স্থানে মেলা হয়। নৃতন মেলায় এীরাধাবলভ এবং পুরাতন মেলায় জ্রীরাধাগোবিন্দ আগেন।

বর্ত্তমানে ঐ খুস্তিখানি দেখিতে পাওয়া যায় না। ঐরপ প্রাচীন খুস্তি হুগলী ভেলা তড়াআটপুর শ্রীল ঠাকুরের শ্রীপাটে পুৰুষোত্তম একখানি ও শ্রীলঠাকুর কানাইয়ের স্থাগ্য বংশধর **শ্রীলকা মুপ্রি**য় গোস্বামীর নিকট একথানি আছেন। ত্রিবিধ সংকীর্ত্তনে আকারের পুস্তি দেখিতে পাওয়া যায়। খুস্তি

সাধারণতঃ পিডল-নিমিত रुग्र । গোস্বামি-গৃহে কোন রৌপ্যেরও আছে। খড়দহে অৰ্দ্ধচন্দ্ৰ মুসলমান-রোপ্যের খুস্তি। জাতীয় প্রতীক। পূৰ্বে গণের রোমক বাদসাহগণের চিহ্ন জাতীয় থাকিত। পতাকাতে খঃ তুরস্কের স্থলতান দ্বিতীয় মোহত্মদ খাঁন রোমকদিগকে জয় করিয়া ঐ পতাকা কাড়িয়া আনেন। তদবধি উহা সমগ্ৰ জাতীয় মুস্ল্মান জগতের হইয়াছে। চন্দ্রসরোবর-এজে, পরাসলি গ্রামের

চম্পারণ্য

নিকটবর্ত্তী, পরাসোলিতে বাসস্তরাস করিয়া শ্রীকৃষ্ণচন্দ্র এস্থানে বিশ্রাম করেন (ভক্তি° (।৬২০) এবং স্বহস্তে বেশ রচনা সরোবরের নৈখতি কোণে শিক্ষার-মন্দির এবং অগ্নিকোণে শ্রীরাসমণ্ডল। নিকটে প্রীবলদেব-মন্দির ও সম্বর্ধণ-কুণ্ড। নৈঋত কোণে গন্ধৰ্ব কুণ্ড-শ্রীক্লফের স্থতি এস্থলে গন্ধর্বগণ করিয়াছিলেন।

চক্রদেন পর্বত-ত্রজের কাম্যবনে স্থিত, এম্বানের পিছলিনী শিলায় শ্ৰীকৃষ্ণ 'পিছলি' স্থাগণসহ থেলিতেন। **ঢম্পকহট্ট**—(চম্পাহট্ট) 'চাঁপাহাটী'

চম্পারণ্য—মধ্যভারতে, রামপুর হইতে ৭৩ মাইল নওয়াপাড়া রোড ষ্টেশন। ভাহা হইতে পদত্রত্বে যাওয়া যার। এস্থানে বল্লভাচার্যের হয়৷ (এই অভিধানে

পৃষ্ঠায় 'ৰল্লভ ভট্ট' দেখুন)।

3053

सर्थेगा।

:**চয়ন ঘাট**—চীরঘাটের নামান্তর (ভক্তি° ধা২৩৫৯)।

চরণকু ও--ত্রজে, কামাবনে অবস্থিত (ভজ্জি° ৫।৮৩৯)।

চরণ-পাহাড়ী--এজের বৈঠানগ্রামে ্ অবস্থিত (ভক্তি° ৫।১৩৯১) ; ২ ঐ নন্দীশ্বর পর্বতে। ৩ কাম্যবনে।

চলনশিলা—(ব্ৰজে) পাইগ্ৰামের নিকটে (ভক্তি° ৫।১৪০৭)। চাকটা-মুশিদাবাদ জেলায়, সালার ষ্টেশন হইতে নয় মাইল। শ্রীবৃন্দাবন-দাস ঠাকুরের শিষ্য শচীনন্দন এস্থানে শ্রীবৃন্দাবনচন্দ্রের মৃত্তি প্রতিষ্ঠা করেন। শচীনন্দনের পুত্র রামগোবিন্দ ও मागहति এই গ্রামে বাস করেন; এখন তাঁহাদের বংশধরগণ তথায় আছেন। তদীয় কনিষ্ঠপুত্ৰ অনন্ত-্ছরি কিন্তু সন্তোর গ্রামে উঠিয়া যান। **চাকদহ**—নদীয়া জেলায়। মহেশ পণ্ডিতের শ্রীপাট। চক্রদহ ও প্রত্যায়নগর-প্রাচীন নাম।

তাঁহার রুপচক্র এই স্থানে ভগ্ন হয়। এই স্থানে শ্ৰীকৃষ্ণপুত্ৰ প্রেছ)য় শমরাত্মরকে বধ করিয়া নিজ-নামে নগর স্থাপন করেন। তৎপূর্বে ইহার

নাম ছিল-রথবর্ত্ব নগর। এখানে

প্রত্যন্ত্র-হ্রদনামে একটি থাত আছে।

চাকদহ, মনসাপোতা, কাজীপাড়া,

প্রবাদ শ্রীভগীরথের গঙ্গা-আনমনকালে

যশোড়া প্রভৃতি গ্রামকে 'প্রদ্রায়নগর' বলিত। ইহা পাঁজনোর বা পাঁজি-নগৰ প্ৰগণাৰ মধ্যে। চাকদহ ষ্টেশন হইতে তিন ক্রোশ

পুর্বদিকে কামালপুর। এই স্থানে একটি ভগ্ন মন্দিরে একহস্ত পরিমিত পোড়া মহেশ্ব-নামক শিব আছেন।

প্রবাদ—ঐ শিবের মস্তকে পরশ পাথর ছিল। জনৈক সন্ন্যাসী ঐ শিবকে পোড়াইয়া ঐ মণি লইয়া পলায়ন করে।

চাকুন্দী—(জেলা নদীয়া) দাঁইহাট ষ্টেশনে নামিয়া যাইতে হয়। অগ্ৰ-দীপের দেড ক্রোশ উত্তরে। বর্দ্ধমান ও নদীয়া শীমার মধ্যস্থানে পাটুলী ষ্টেশন হইতে দেড় ক্রোশ। চাকুন্দীর অনেক অংশ গঙ্গাগর্ভে যাইলেও বহু প্রাচীন স্থৃতিচিহ্নাদি এখনও আছে। গ্রামটি বর্ত্তমানে স্থানান্তরে কাত্তিকী গোষ্ঠাইমীতে এখানে ও যাজিগ্রামে উৎসব হয়।

ইহা খ্রীলখ্রীনিবাস আচার্য প্রভুর আবির্ভাব-স্থান। তৎপিতা শ্রীগঙ্গাধর ভটাচার্য বা প্রীচৈতগুদাসের প্রীপাট। চাকুন্দীতে শ্রীল আচার্য প্রভুর সমাধি ছিল, বর্ত্তমানে সরাইয়া দেওয়া

চাকুলিয়া-মেদিনীপুর জিলার, শ্রীগ্রামানন্দপ্রভুর শিষ্য দামোদরের বাসস্থান [র° ম° দক্ষিণ ১।৫০]।

হইয়াছে।

চাটিগ্রাম—চট্টগ্রাম জিলা, প্রীপুণ্ডরীক বিচ্ছানিধি, চৈতগুবল্লভ, বাহ্বদেব দত্ত ও মুকুন্দ দত্ত প্রভৃতির জন্মস্থান ি চৈ° ভা° আদি ২।৩১, ৩৭]।

চাতরা—(হুগলী) জীরামপুর ষ্টেশন इहेट एए माहेन, श्रीमनित कोधूती পাড়ায় অবস্থিত। শ্রীশ্রীকাশীশ্বর পণ্ডিতের শ্রীপাট ও দেবালয়, ইহা শ্রীশঙ্করারণ্য পণ্ডিতেরও শ্রীপাট। শীনিতাইগোর, শীরাধারুঞ, স্থাদেব ও একটি কুণ্ড আছে। বারুণীর ও দোলযাত্রায় এস্থানে উৎসবাদি হইয়া পাকে।

চাঁদ কাজীর সমাধি—বাহ্মণপুষরিণী গ্রামে। প্রাচীন গোলক চাঁপার গাছ আছে। একখানি পুরাকালের প্রস্তর আছে। নিকটে বল্লাল সেনের ধ্বংসাবশেষ। অনতিদুরে বাটীর বল্লালদীঘি—একমতে ইনি হোসেন সার গুরু ছিলেন। ইহার নাম— মৌলানা সিরাজুদ্দিন (অক্তমতে-হবিবর রহমন)। একঘর মুসলমান ইহার বংশধর বলিয়া পরিচয় দেন। **চাঁদপাড়া**—মুশিদাবাদ ষ্টেশন হইতে চারি ক্রোশ উত্তরপূর্বে শ্রীস্থবৃদ্ধি রায়ের জন্মস্থান। ন্ত্রীর হোসেনসাহ শ্রীস্থবৃদ্ধি রায়ের মুখে করোয়ার পানি দেন। ইহাতে ইঁহার জাতি নাশ হয়। ব্রাহ্মণগণ ইহার জন্ম তপ্ত ঘত পান করিয়া প্রাণত্যাগ করিবার পরামর্শ দেন। শ্রীমন্মহাপ্রভুর শরণাগত হইলে প্রভু ইংহাকে শ্রীরন্দাবনে গিয়া শ্রীহরিনাম করিতে আদেশ দেন। স্থবৃদ্ধি রায় বৃন্দাবনে গমন করেন। একপ-গোস্বামী প্রভুর সহ ইঁহার সাক্ষাৎ হয়। (চরিতামৃত মধ্য ২৫ পরি-চ্ছেদে স্থবৃদ্ধি রায়ের বিশেষ পরিচয় আছে)। এক আনা কর ধার্য করিয়া হোশেন সাহ স্থবৃদ্ধি মিশ্রকে গ্রাম দান করে। 'এক আনি চাঁদপাড়া' বলিয়া উহার

নাম হয়। **চাঁদপুর**—হুগলী জেলায়, সপ্তগ্রাম যে সাত্টী গ্রাম লইয়া, তাহার মধ্যে চাঁদপুর একটা। এখানে সপ্তগ্রামের রাজা গোবর্দ্ধন দাসের পুরোহিত ও

কুলগুরু যত্নন্দন আচার্যের প্রীপাট

ছিল। বাল্যকালে রঘুনাথ এই প্রম

मधा भाररर)।

বামেশ্বর।

চারিধাম—বদরীনাথ, দারকা, পুরী ও

বরসানায় বিহার কুণ্ডের উন্তরে;

প্রীম্পচিত্রাস্থীর জন্মস্থলী। প্রীরাধার

ব্ৰজে.

চিক্শোলি—(চিত্ৰশালী)

ভাগবতের সংস্রবে আদিয়াই পরে গ্রীনিতাইগোরাঙ্গের চরণ লাভ করেন। ঠাকুর হরিদাস প্রভু যত্তনন্দন আচার্যের ভবনে আগমন করিয়া-ছিলেন। চাঁছড়ে—সিমুরালি ঔেশন হইতে অনতিদূরে গঙ্গার ধারে। এই স্থানে প্রীপ্রাফ্রা মাতার গাদি। হাদশ গোপাল-পর্যায়ের শ্রীল পুরুষোত্তম ঠাকুরের এপাট স্থ্যসাগর ধ্বংশ হইলে তদীয় শ্রীবিগ্রহ শ্রীপ্রীরাধাকৃষ্ণ এম্বানেই সেবিত হইতেছেন। সুধ্যাগর গ্রাম গঙ্গাগর্ভে গত হইলে দেব-বিগ্ৰহ প্ৰথমে বেলেডালায় নীত হয়েন। তৎপরে উহাও ভাঙ্গিলে বেডিগ্রামে, তৎপরে উহাও গঙ্গাগর্ভে যাইলে উক্ত চাঁহড়ে গ্রামে আনীত হরেন। মতান্তরে স্থ্যাগর গ্রাম ধ্বংসোমুখ হইলে খ্রীল ঠাকুর কানাই তদীয় পিতা ও শ্রীশ্রীপ্রাণবল্পভ সহ প্রথমত:ই বোধখানায় গমন করেন। **চাম্পোড়া**— हुड़ाधाती याधवाहाटर्यत বংশধরগণ নৈমনসিংহ চান্দোভা ও যশোদল গ্রামে আছেন। চাঁপাহাটী-বর্দ্ধমান জেলায়। নব্দীপ হইতে ছুই মাইল পশ্চিমে। সমুদ্রগড় ষ্টেশনে নামিয়া যাওয়া যায়। প্রীবাণীনাথের শ্রীপাট। ইনি ব্রজ লীলায় কামলেখা সথী (গৌর-शर्वारक्ष २०४)। अर्थात श्रीवांगी-নাথের প্রতিষ্ঠিত শ্রীশ্রীগোরগদাধরের সেবা বর্তমান।

বেশ-রচনার স্থান। **ठिल्कृ** छे -- ज्यानश्त नाहेत गानिक-পুর ষ্টেশনে নামিয়া ঝাঁদির গাড়ীতে যাইতে হয়। মাণিকপুর হইতে ছই ষ্টেশন পরেই কবরী ষ্টেশনে নামিতে হয়। ইহার পরেই চিত্রকট ষ্টেশন আছে। ভরদ্বাজ ঋষি চিত্রকুটকে 'গন্ধমাদন সন্নিভ' বলিয়াছেন। ইহার তলদেশ ঘিরিয়া কতগুলি মন্দির আছে। কামদানাথ পর্বতের পরিধি প্রায় > ই মাইল, ইহাকে পরিক্রমা করিতে হয়। এইস্থানে ভরত-সঙ্গে শ্রীরাম-চলের মিলন হয়। এই স্থান হইতে গ্রীরামচন্দ্রের কুটির এক মাইল দূরে মন্দাকিনী-নামক ক্ষুদ্রনদীর তীরে। 'রামঘাট' অত্রত্য প্রসিদ্ধ। চিত্রোৎপলা নদী—কটক হইতে বহিৰ্গত হইয়া যে স্থানে মহানদীকে পাওয়া যায়, তাহারই নাম-চিত্রোৎপলা। তন্তে আছে—'কলো চিত্রোৎপলা গঙ্গা'। চিন্তাহরণ ঘাট—ব্লাণ্ড ঘাটের অল পূর্বে। এচিন্তেখন মহাদেবজি। চিদাসর্যু—(চরিতায়তোক্ত নাম— পীতাম্বর)। শ্রীগোরপদাঙ্কপূত (চৈ° চ° মধ্য ৯।৭৩)। চিদাম্বর মাদ্রাজ হইতে রামেশ্র-পথে ১৫১ মাইল

দূরে। কুডালোর নগর হইতে ২৬

মাইল দক্ষিণে। এখানে 'আকাশ-

লিঙ্গ' নটরাজ শিব আছেন। এই মৰিবৰ ৩২ একর জমির উপর অবস্থিত। চারিদিকে ফিট 60 প্রশস্ত রাস্তা দ্বারা পরিবেষ্টিত (দক্ষিণ व्यार्क्षे गाम्यसन्)। S. जिहित्नाश्रमी लावेटन हिमायदम्। চিয়ডতলা—'ছেরতলা'. ত্রিবা**শ্ব**র রাজ্যে নগরকৈলের নিকট: এস্থানে প্রীরামলক্ষণের মন্দির আছে ৷ শ্রীগোর-পদান্ধপৃত তীর্থ (চৈ° চ° মধ্য 21220)1 **डिता नही**—गणश्रात्मवाहिनी मनात পর্বতের নিকটবন্তিনী। মহাপ্রভু মন্দারে গমনের পূর্বে এ নদীতে স্নান कतिशार्कितन। मन्तातत कृष्टे निर्क ष्टे नही- िहता ७ ठन्सना I **চিরায়ু পর্বত**—পুরীতে, চটক পর্বত। চিন্ধান্তদ-ত্রীমন্মহাপ্রত্ন এই স্থানে গমন করিয়াছিলেন। শ্রীল বীরভদ্র-প্রভু এই স্থানে পুরীর এক রাজাকে দীকাদান করেন। অত্যাচারী কালাপাহাড় যবনের ভয়ে শ্রী-জগন্নাথদেবকে ইহার নিকটে লুকাইয়া রাথা হইয়াছিল। তথন উড়িগ্রায় মহমদ তকির শাসন ছিল। মুশিদকুলি পরে আদেশ দিয়া পুনরায় স্বস্থানে গ্রীজগন্নাথদেবকে স্থাপন করান। **চীরঘাট**—গোপীঘাটের তুই মাইল দক্ষিণে—ঘাটের উপর প্রাচীন কদম্ব বৃক্ষ আছে; কাত্যায়নী ব্রতের উদ্যাপন-দিবসে এক্রিফ বস্ত্র হরণ করত এই কদম্ব-ব্রক্ষে আরোহণ নিকটে—শ্রী-করিয়াছিলেন। কাত্যায়নীদেবীর মন্দির।

গ্রামের

नाग-'निशादता'।

চামটাপুর-ত্রিবান্ধ্র রাজ্যন্থিত

চেঙ্গামুর। শ্রীরাম-লক্ষণের মন্দির

আছে। এগোরপদাঙ্কপূত (চৈ চ°

চুঁচুড়া—(হুগলী) কামারপাড়া বাজারে পঞ্চানন তলায় প্রীপ্রীখাম-স্থানর বিগ্রহ আছেন। ইহা প্রীপ্রী-লাস গোস্বামী প্রভুর পৈতৃক বিগ্রহ। সপ্তগ্রামে যবন-উপদ্রব হইলে, গোবর্দ্ধন মজুমদার (রঘুনাথ-পিতা) চুঁচুড়া নিরাপদ বুঝিয়া ঐ বিগ্রহকে এখানে রক্ষাকরেন। তদবধি প্রীবিগ্রহ ঐ স্থানে আছেন। চুঁচুড়া চৌমাথা—(হুগলী) শীল-

শ্ৰীল

শ্ৰীবাস

বাবুদের দেবালয়ে

পণ্ডিত প্রভুর শ্রীনিত্যানন্দগৌরাঙ্গ শ্রীবিগ্রহ। এই শ্রীবিগ্রহ হালিসহরে শ্রীবাস পণ্ডিত-দারা সেবিত হইতেন। পরে সেবার অভাবে বহু দিন ধরিয়া একটি গৃহে থাকেন। বহু পরে ঐ স্থানে আনীত হয়। চুনাখালি (१)—শ্রীল অভিরাম-গোপালের শিশ্য শ্রীনন্দকিশোর দাসের শ্রীপাট। কৈভন্ত-মণ্ডপ,—মণ্ডল—প্রীতে শ্রীজগরাথের শ্রীমন্দিরের দিতীয় প্রাকারের মধ্যে চতুর্দিকে যে বিরাট
চত্বর আছে, তাহাকে চৈত্তুমণ্ডপ
বা চৈত্তুমণ্ডল বলে। এই বিরাট
চত্বরের সর্বত্ত সকলেই জাতিধর্মবর্ণনির্বিশেষে প্রীবিগ্রহাদির দর্শনার্থী
হইয়া প্রমণ বা উপবেশন করিতে
পারেন।
চৌমুহা—ত্রজে, জৈতের চার মাইল
বায়ু কোণে, এস্থানে ব্রহ্মা প্রীকৃষ্ণকৈ
স্তুতি করত চরণে প্রণাম করিয়াছিলেন।

ছ, জ

ছত্রভোগ (খাড়ি)—২৪ পরগণা জেলা, থানা মথুরাপুর। পূর্ব রেলওয়ে মগরা হাট প্টেশন হইতে জয়নগর মজিলপুর, তথা হইতে ছই ক্রোশ দক্ষিণে শতমুখী গঙ্গা।

শ্রীমন্মহাপ্রভু পুরী-গমন-সময়ে এই
স্থান হইয়া গমন করিয়ছিলেন।
ভাগীরপীর আদিম প্রবাহের স্থান।
চিহ্নস্করপ নানাপুরে শঙ্খ-দোলা ও
কাশীনগরে চক্রতীর্থ-নামে স্থুইটি
গঙ্গাসম্বন্ধীয় ভীর্থস্থান আছে।

শঙ্খদোলা-সম্বন্ধে প্রবাদ—ভগীরথ
গঙ্গাকে লইয়া যাইতে যাইতে হঠাৎ
আর দেখিতে পান নাই। এ জন্ত
চিন্তিত হইলে দেবী স্বীয় হস্ত
উত্তোলন করত হস্তের শঙ্খবলয় এই
স্থানে দর্শন করাইয়াছিলেন।

চক্রতীর্থে ভাগীরথীর শুক্ষ গর্ভের উপর চক্রকুণ্ড, গোপালকুণ্ড ও মণিকুণ্ড নামে তিনটি পুক্ষরিণী আছে। যাত্রীগণ প্রাচীন গঙ্গাদেবীজ্ঞানে ঐ জলাশয়ে তীর্থ-ক্রিয়াদি করিয়া থাকেন। প্রতি বংসর চৈত্রী শুক্লা-প্রতিপদে ঐ স্থানে একটি 'নন্দাস্থান' মেলা হয়।

শ্রীচৈতত্যভাগবত অস্ত্য দিতীয়
অধ্যায়ে (৭২) মহাপ্রভুর এই স্থানে
আগমন-কাহিনী বিস্তৃতভাবে বর্ণিত
আছে—'জলময় শিবলিঙ্গ আছে সেই
স্থানে। অমুলিঙ্গ ঘাট করি' বলে
সর্বজনে'॥

ঐ ছত্রভোগের অম্ব্লিঙ্গ শিব

এক্ষণে ভাগীরথীর পশ্চিমক্লে

বড়াশীতে আছেন। বর্ত্তমান নাম—

বদরিকানাথ। বড়াশী—দারির

জাঙ্গালের পশ্চিমে। প্রাচীন মন্দির

ভূমিকন্পে ধ্বংস হইয়া গিয়াছে।

ছত্রভোগে ত্রিপুরাস্থলরী ও অন্ধর্মনি
নামে প্রাচীন বিগ্রহ আছে। প্রাচীন

তীর্থ জির্ম ও মাদ মাসে হুই

বার মেলা হয়।

ত্রিপুরাস্থন্দরীকে ত্রিপুরাবালা

বলে। দারুময় বিগ্রহ। পুরোহিতগণ বলেন—ইহা একটি পীঠস্থান। দেবীর বক্ষঃস্থল এই স্থানে হইয়াছিল। দেবীর ভৈর্ব--ঐ বড়াশির বদরীনাথ। ত্রিপুরাত্মন্দরীর মন্দিরে প্রস্তরময় নুসিংহদেব ও শিবলিঙ্গ আছে। এখানের পুন্ধরিণী প্রভৃতি হইতে বহু দেব দেবীর বিগ্রহ পাওয়া গিয়াছে। ছত্রভোগ কুণ্ড হইতে ৮৯৭ শকে উৎকীৰ্ণ রাজা চন্দ্রের ও দিতীয় লক্ষণাকে লক্ষণ সেনের প্রদত্ত তুই খানি তামশাসন পাওয়া গিয়াছে। রামগতি ভা**য়-**রভের 'বঙ্গভাষা ও সাহিত্য-বিষয়ক প্রস্তাব' গ্রন্থে উহার চিত্র আছে।

পূর্বে লিলুয়া (হাওড়া জেলা)
হইতে কালীঘাট পর্যন্ত গঙ্গার ধারে
ধারে একটি অগম পথ ছিল। ঐ
পথ দিয়াই মহাপ্রাত্ম ছত্রভোগে গমন
করিয়াছিলেন বলিয়া মনে হয়।
ছত্তভোগ হইতে রায়দীঘি পর্যন্ত

হইতে)

ভাগীরথীর পশ্চিম ক্লের স্থানে স্থানে একটি প্রাচীন রাস্তার চিচ্ছ দেখা যায়, উহাকে 'ঘারির জাঙ্গাল' বলে। (এই দ্বারিরজাঙ্গাল-নামক প্রাচীন রাস্তা—বাংলার অনেক স্থানে কিঞ্চিৎ আছে; যুক্ত করিলে বরাবর প্রী পর্যস্ত একটি সড়কর্মপে পরিগণিত হইতে পারে।) শুনা যায় প্রাচীনকালে দ্বারিকা দেবী নামে জনৈক বিধবার অর্থেই ঐ পথ নির্মিত

কবিকল্পণ-চঙীতে ছত্রভোগে অম্বুলিপ্ন, ত্রিপুরা দেবী, নীলমাধব ও সঙ্কেতমাধব বিপ্রহের ও তীর্থের নাম আছে। উক্ত নীলমাধবজীউ ঐ স্থানের খাঁড়ির উত্তরে মাদপুরপ্রামে ভূতনাথ চক্রবর্তির গৃহে আছেন। খাঁড়ির এক মাইল দক্ষিণ-পূর্বে সঙ্কেতমাধব ও সোণার মহেশের মন্দির ছিল।

হইয়াছিল।

ছত্ত্বন—(ছাতাই) ব্রজে অবস্থিত উমরাও গ্রাম—এ স্থানে এক্টিঞ্চ রাখালরাজা হইয়াছিলেন (ভক্তি° ৫।১২২০—৫৮)। কুণ্ডতীরে প্রী-দাউজির মন্দির। উত্তরাংশে শ্রীনারায়ণের মন্দির।

ছনহর। গ্রাম—(চট্টগ্রাম জেলার)
নেখলা হইতে ১০ ক্রোশ দ্রে,
পটিয়া থানার অন্তর্গত। ঐ স্থানে
মহাপ্রভুর পরিকর শ্রীল বাস্থানেব
দত্ত প্রীমন্ মুকুন্দ দত্তের পূর্ববাদ।
ছাত্তনা চণ্ডীদাস—(বাকুড়া)—
S. R. বাকুড়ার পরের ষ্টেশন।
এক মতে এই খানে প্রসিদ্ধ
চণ্ডীদাসের জন্মস্থান, (বীরভূম)
নার,রের মত এখানেও চণ্ডীদাসের

ভিটার ভগ্নাবশেষ, রামী রজকিনীর ঘাট, বাল্থলীদেবীর মন্দির প্রভৃতি সবই আছে। দ্বিতীয় মন্দিরের শিলাফলকে-'ব্রহ্মাশেষস্থরেশ-বন্দ্যচরণ শ্রীবাস্থলী-প্রীতয়ে' এই পংক্তি আছে। দ্বিতীয় মন্দির রাজবাটীর গড়ের মধ্যে বিবেক নৃপতি-কর্তৃক ১৬৬৫ শকে নির্মিত হয়। প্রথম মন্দিরে রাজা উত্তর হাদ্বীরের নাম ও ১৪৭৬ শক লিখিত আছে।

ছাপথাটি—জঙ্গীপুর হইতে অনতিদ্রে অবস্থিত গ্রাম। এস্থানে বৈঞ্চব
পদকর্ত্তা ফকির সৈয়দ মর্জুজা ও
আনন্দময়ীর সমাধি আছে।

ছাহেরী—এজে, ভাণ্ডীরবনের নিকটবর্ত্তী, যমুনাতটে-অবস্থিত গ্রাম (ভক্তি°
৫।১৬৮৫)। ভাণ্ডীরবনে খেলার
পরে শ্রীকৃষ্ণবলরাম সখাসঙ্গে এস্থানে
ছায়ায় বসিয়া ভোজন করিয়াছেন।
ছুনরাক্—বৃন্দাবনের এক মাইল
পশ্চিমে অবস্থিত সৌভরি মুনির
আশ্রম।

জথিনগাঁও—বজে, আরিং হইতে আড়াই মাইল উত্তর-পূর্বে, শ্রীরাধার দাক্ষিণ্যভাব-প্রকাশের স্থান। শ্রীরেবতী-বলদেন, বলভদ্র কুণ্ড, রেণ্ককুণ্ড দর্শনীয়।

জগতীমগুলপুর—(१) প্রীপাট, চৈত্রী পূর্ণিমায় প্রীবংশীবদনানন্দ গোস্বামির আবির্ভাব উৎসব।

জগন্ধাথ কেত—পুরী দেখ।

জগন্ধাথবন্ধভ--পুরী শ্রীজগন্ধাথ-ধামে। গুণ্ডিচাবাড়ী ও শ্রীমন্দিরের প্রায় মধ্যস্থলে অবস্থিত উচ্চানবাটিকা। তত্রত্য দমনকভঙ্গনলীলা প্রসিদ্ধ। শ্রীগৌরপদাঙ্কপূত ভূমি (চৈ° চ° यश >8|>०৫)

জনাই

জঙ্গলীটো — নালদহ শহর হইতে
তিন ক্রোশ। শ্রীপ্রীঅবৈত-গৃহিণী
সীতা নাতার শিয়া শ্রীমতী
জঙ্গলীপ্রিয়া দেবীর গাদি। শ্রীশ্রীগোপীনাথফীউর সেবা (প্রেম ২৪)।
জঙ্গীপুর — হগলী জেলায়, খানাকুল
কঞ্চনগরের নিকট। যাত্রার পালারচয়িতা গোবিন্দ অধিকারীর
জন্মস্থান। ২ মুর্শিদাবাদ জেলায়,

সৈয়দ মর্ভার বাসস্থান।

জনকপুর- (দারভানা

<u> বারভাগা</u> জয়নগর লাইনের ষ্টেশ্ৰে নামিয়া জয়নগর নেগাল-জয়নগর-জনকপুর রেলওয়ে জনকপুর। নেপাল-সীমার মধ্যে, ঐ স্থানে জনক রাজার বাড়ী ছিল। ওখানে ছুইটা প্রীরামচন্দ্রের মন্দির আছে। টিক্মগড রাজার নির্মিত বা প্রাসাদটি দর্শনযোগ্য। ষ্টেশন হইতে ঐ মন্দির এক মাইল। রামনব্মীতে এবং অগ্রহায়ণ মাসে প্রীরামচন্দ্রের বিবাহ উৎসব-উপলক্ষে ধুনুয়া— জনকপুর হয় ৷ হইতে তিন মাইল দূরে। এখানে প্রীরামচন্দ্র হরধত্ব ভঙ্গ করিয়াছিলেন। হরধহুর এক-তৃতীয়াংশ আজিও দৃষ্টিগোচর হয়।

জনতী—ব্রজে, ভোষের ছই মাইল বায়ু কোণে অবস্থিত।

জনাই—ব্রজে, বাজনার দেড় মাইল
দক্ষিণে, অঘাত্মর বধ করিয়া শ্রীকৃষ্ণ
এ স্থানে স্থাগণসহ ভোজন করেন
এবং এ স্থান হইতে ব্রহ্মা
গোপশিশুগণকে হরণ করেন।
('জেওনাই' ক্রইব্য)

জনার্দন—ত্রিবান্ত্রন্ জেলার ২৬
নাইল উত্তরে বিষ্ণুমন্দির। বর্কালা
প্রেশন হইতে ছুই মাইল দূরে পর্বতের
উপরে মন্দির। পর্বতের নিমে
'চক্রতীর্থ'-নামক কুগু। S. Ry
ত্রিবান্ত্রম্ ব্রাঞ্চ লাইনে বর্কালা
প্রেশন।

জন্মুন্তীপ—(১৮° ভা° আদি ১৩৩২) সমগ্র ভারতবর্ষ ও এশিয়ার কিয়দংশ। মতান্তরে সমগ্র এশিয়া।

জয়পুর—[অক্ষাংশ ২৬।৫৬, দ্রাক্ষিমাংশ ৭৫।৪৮] প্রাচীন রাজধানী
অম্বরে পাহাড়ের উপরে শিলাদেবী
আছেন। অম্বরে যাইতে হইলে
জরপুর হইতে পাশ লইতে হয়।
ঐ শিলাখণ্ডে কংস-কর্তৃক দেবকীর
সন্তানদিগকে আছ্ড়াইয়া মারা
হইত বলিয়া প্রবাদ।

যশোহরের প্রতাপাদিত্য ঐ শিলা লইয়া তাহাতে অৰ্গ্ৰভুজা দেবীমূৰ্ত্তি করান। দেবীর মুখ বামদিকে ঘূর্ণিত: দেবী বলি দর্শন করিতে পারেন না। পরে মানিসিংহ ঐ মৃত্তি লইয়া গিয়া স্বীয় অম্বরে স্থাপন করেন। মতান্তরে ले निनारमवी প্রতাপাদিত্যেরই বিগ্ৰহ প্রচারিত ছিল, কিন্তু ঐতিহাসিক নিখিলনাথ রায় প্রমাণ করিয়াছেন— উহা চাঁদ রায় ও কেদার রায়ের রাজধানী শ্রীপুরের অধিষ্ঠাত্রী দেবী ছিলেন। মানসিংহ কেদার রায়কে পরাজিত করিয়া ঐ দেবীকে অম্বরে আনয়ন করেন। দেবী অষ্টভুজা यश्चियां किनी यूखि; पिक्रण इरख খড়া, তীর ও ত্রিশূল।

>। শ্রীগোবিন্দজীর মন্দির

—চন্দ্রমোহন-নামক প্রাসাদের নিকট উত্তানের অপর প্রান্তে। *

২। জ্বপুর হইতে দেড় মাইল
দূরে পাহাড়ের উপর স্থাদেবের
গলিতা (গল্তা)-নামক মন্দির
আছে। এস্থানে শ্রীবলদের বিভাভূষণ
অন্ত সম্প্রদায়ীকে পরাক্ত করিয়া
বাদালীর গৌরব অক্ষ রাখেন।
গলতার নীচে শ্রীবলদেব বিভাভূষণস্থাপিত শ্রীবিজয়গোপাল মর্ভি

মন্দির।

৩। জয়সিংহের মানমন্দির ও
প্রাচীন যন্ত্রসমূহ দর্শনযোগ্য।

ভক্তরাজ-বংশ-ভগবান্ দাস

অগ্রদিকে

প্রীরামানন্দি-সাধুদের

বিরাজমান।

সেবা ।

—মানসিংহ—ভবসিংহ — (১৬৭২)
মহাসিংহ—(১৬৭৭) জয়সিংহ—
(মানসিংহের ভ্রাতুপুত্র)—রামসিংহ
—বিফুসিংহ—সবাই জয়সিংহ—
(১৭৫৫) ঈখরী সিংহ—(১৮০০)
মধুসিংহ (১৮১৭) পৃথ্বীসিংহ—
(১৮৩৩) প্রতাপ সিংহ—(মধুসিংহের
দিতীয় পুত্র ১৮৩৩) জগৎ সিংহ—
(২) [১৮৬০] মোহন সিংহ—
(১৮৭৫) জয়সিংহ—(৩) [১৮৭৬]
রামসিংহ—(১৮৯২) মাধো সিংহ—
(দত্তক) ১৯৩৭ সহতে অভিষিক্ত
হন।

শ্রীগোপীনাথজীউ—মহল হইতে এক ক্রোশ দূরে শ্রীশ্রীগোপীনাথজীউর মন্দির।

শ্রীরাধাদামোদর — ত্রিপোলিয়া বাজারের নিকট শ্রীজীবগোস্থামি-সেবিত শ্রীবিগ্রহ ও শ্রীগিরিরাজ শিলা বিল্লমান। তরেতা দলিলে দেখা যার যে ১৭৯০ সমতে ভাদ্রী শুক্রাষ্ট্রমী বুধবারে শ্রীগিরিরাজ-চরণচিহ্ন সর্ব-প্রথম প্রীবন্দাবন হইতে জয়পুরে আসেন। এ বিষয়ে তিন বার পাট্রা হয়। ১৮১৭ সম্বতে মাঘী কুফা নবমীতে মাধব সিংছজির রাজত্বকালে দৈনিক তিন টাকা ভোগের বরাদে গ্রীরাধাদামোদর জয়পুরে আসেন। ১৮৫৩ সম্বতে পুনরায় সকল বিগ্রহই শ্রীবৃন্দাবনে যান এবং ১৮৭৮ সম্বতে জ্যৈষ্ঠ মালে শুক্লা নৰমীতে পুনরায় আগমন করেন। ১৮৮৩ সম্বতেই এই বিবয়ে শেষ পাটা হয়। ১১১২ হিজরীতে মুসলমানী পাটা আছে। ্রিসব দলিলাদি জয়পুর প্রীরাধা-

শ্রীরাধাবিনোদ——— ত্রিপোলিয়া বাজারের নিকট বড় রাস্তার উপরে শ্রীরাধাবিনোদ-মন্দির।

দামোদর-মন্দিরে দ্রন্থবা ।

শ্রীবৃন্দাবনচন্দ্র—১৮২২ সমতে কাতিকী শুক্লা তৃতীয়ায় মাধব দিংহের রাজথকালে বার্ষিক ৮০০১ টাকা ভোগের জন্ম ও ১০০১ পোষাকের বাবৎ বরাদ্ধ ছইলে শ্রীবৃন্দাবনচন্দ্র জয়পুরে আদেন।

ঘাট দরজাতে শ্রীজয়দেবের

ঘাট দরজাতে প্রীজয়দেবের প্রীরামাধবজীউ আছেন। জয়পুর প্রীগোবিন্দজীর মহল হইতে বা সহর হইতে এই স্থান তিন ক্রোশ দুরে। ২ প্রীহটে, তরফপরগণায় অন্তর্গত। প্রীশ্রীনীলাম্বর চক্রবর্তির প্রীপাট।

ইনি এীশ্রীশচীমাতার পিতৃদেব।

 ^{*} ১৯৬৬ খ্র: গ্রীগোবিলের কাম্যবনে গমন, ১৭০৭ খ্র: গোবিলপুরা বা রোফাড়ার, ১৭১৪ খ্রঃ অম্বরে, ১৭১৬ খ্র; জয়পুরে (জয়নিবাস দলিল ডেইবা]।

 গোয়াস পরগণায়, নারায়ণ চৌধুরীর নিবাস।

জয়েৎপুর (জৈৎগ্রাম)—শ্রীবৃন্দাবনের পশ্চিমে অবস্থিত—এস্থানে অঘাস্থর-বধের পরে দেবগণ জয়ধ্বনি-সহকারে শ্রীক্ষারে উদ্দেশ্যে পুষ্পবৃষ্টি করেন (ভক্তি ৫।১৬১২)।

জলঙ্গীনগর--প্রান্দী হইতে যেস্থানে খড়িয়া নদী বাহির হইয়াছে, ঐ স্থানে বা মোহনাতে পূর্বে জলঙ্গী নামক এক নগর ছিল। এখন উহা

জলন্দী-বীরভূমে, বোলপুর ষ্টেশন इहेर्ड हा (ক্ৰোপ পূর্বে। শ্রীধনপ্তর প্রতিতর প্রতি (শিষ্য) সঞ্জয় পণিতের শ্রীপাট।

গঙ্গাগর্ভে।

জলাপন্থ—অত্রত্য জনিদার দ্বসুবৃত্তি হরিশ্চন্দ্র রায়কে শ্রীলঠাকুর মহাশয় শিষ্য করিয়া পর্ম ভক্ত করেন (প্রেম ২০)।

জলেশ্বর—উৎকলে বালেশ্ব জেলায় অবস্থিত, প্রাচীন নগর; জলেশ্বর শিবমৃত্তি আছেন। শ্রীগোরপদাঙ্কপৃত (চৈ° ভা° অন্ত্য হাহ৬৩)।

জবলপুর—মধ্য রেলওয়ের ষ্টেশন ও বিখ্যাত নগর। প্রবাদ—এম্বানে পূর্বে জাবালি ঋষির আশ্রম ছিল। আজকাল আশ্রমের চিহ্নাত্রও নাই। অত্রত্য সরোবরের তীরে বহু মন্দির আছে।

জহ্ন,দ্বীপ—'জারগর' দ্রপ্টব্য। জাগুনিগ্রাম—তালখডি হইতে ছয় ক্রোশ পূর্বদিকে। প্রবাদ-মহাপ্রভু ঐ স্থানের বারাঙ্গণা নদীর তীর দিয়া সংকীর্ত্তন করিয়া যাইতে যাইতে

লোকনাথকে ডাকিয়াছিলেন।

জাড়গ্রাম-চট্টগ্রাম জিলায়, ধনঞ্জয় পণ্ডিতের পূর্বনিবাস।

জান্নগর-নবদীপের পশ্চিমে। ইহার উত্তরে মামগাছি বা মোদজমদীপ।

ও মাউগাছি জান্ত্রনগর গ্রামের সীমার মধ্যে একটি জল-নির্গমনের প্রণালী ছিল। মাউগাছি গ্রামের

উত্তর সীমায় ব্রহ্মাণীমাতা বা ব্রহ্মাণী-তলা। ব্ৰহ্মাণীমাতা হইতে ২০০

इस राउधारन राग्नुरकारन शृद्ध कानी গোস্বামী নামে এক সিদ্ধপুরুষ বাস করিতেন। ব্রহ্মাণী বেদীর পূর্বভাগে

ত্ইশত হন্তের মধ্যে ছাড়ি গঙ্গার

তীরে 'রামবট' নামে প্রাচীন বট-বৃক্ষ। প্রবাদ-বন্দ্রমণকালে খ্রী-রামনীতাও লক্ষণ ঐ স্থানে কিছু-

কাল ছিলেন। ব্রহ্মাণীতলার উত্তরে পোলের

হাট। শ্রাবণী সংক্রান্তিতে ব্রহ্মাণী দেবীর পূজা-উপলক্ষে ৭া৮ দিন ব্যাপী মেলা হয়। ঐ পোলের হাটের অনতিদুরে উত্তরে ভাগীরথী তীরে

একডালা বা অর্কটিলা গ্রাম।

জারগরের এক ক্রোশ দুরে-শ্রীনিতাই-গৌর-সেবা বিজানগর। বর্তমান। প্রীমীমহাপ্রভু এই স্থানে অধ্যয়ন করিতে আসিতেন। জান্নগর

গ্রামে ছাড়ি গঙ্গাতীরে জহ্মুনির আশ্রম ছিল। উহার কিছু দক্ষিণে ভীশ্বদেবের টিলা ৷ জারগরের পশ্চিমের অর্দ্ধক্রোশ দূরে রাক্ষ্সী-পোতা-রাজা চন্দ্রসিংহের রাজপুরী ছিল। ঐ স্থানে একটি রৌপ্যযুদ্রা

পাওয়া যায়। উহার একদিকে 'শ্ৰীশ্ৰীচন্দ্ৰকাস্ত সিংছ—নরেক্তপ্ত'

বাংলায় ও অপর্দিকে মৈথিলী

অক্ষরে 'শকে ১২৪৩' লিখিত চিল ৷ বাজা লক্ষণের পরেই রাজা চন্দ্রকাস্ত সিংহ প্রান্নভূত হয়েন। মামগাছী গ্রামে তিনটি শ্রীপাট-

১। এীসারঙ্গমুরারি প্রভুর শ্রীপাট —গ্রীরাধার্গোপীনাথ।

২। প্রীবাস্থদেব দত্ত ঠাকুরের

শ্রীপাট-শ্রীথ্রীরাধামদনগোপাল। ৩। শ্রীমালিনী ঠাকুরাণীর শ্রীপাট —শ্রীশ্রীগোরনিতাই।

জালালপুর-বা কিশোরনগর (২৪ পরগণ!) টাঁকি পোঃ। পুর্বে লাইট রেলে কলিকাতা খ্যামবাজার ষ্টেশন

হইতে জালালপুর যাওয়া হইত; যাওয়া বাগে যায় ! শ্রীনিবাস-শিষ্য

ভাইয়া দেবকী-নন্দনের পূর্বনিবাস ২৪ পরগণার গরিফা গ্রামে ছিল। ইনি কাটোয়ার ফৌজদার ছিলেন। ভক্তমালে (>१।

৩) ইহার ইতিকথা আছে। জাবট-ত্রজে, 'বাবট' দেখুন।

জাক্তবা ঘাট—ব্রুজ, রাধাকুণ্ডের উত্তর দিকে। গ্রীজাহ্নবা মাতা শ্রীকুণ্ড-দর্শনে আসিয়া এইস্থানে উপ-

বেশন করিয়াছিলেন এবং যেস্থান দিয়া একুণ্ডে স্থান করিয়াছিলেন, তাহা তাঁহার নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। ঘাটের উপরেই মা

জিয়ড় নুসিংহ--- মাজাজের বিশাখা-পত্তন জেলার তীর্থস্থান। দক্ষিণ-পূর্ব

জাহ্নবার উপবেশন-স্থান।

রেলওয়ে ভিজাগাপটম্ হইতে পাঁচ মাইল উত্তরে 'সিংহাচলম' ষ্টেশন। পর্বতের উচ্চ-প্রদেশ শ্রীনৃসিংছ-

মন্দির। প্রীগোরনিত্যানন্দের পদান্ধ-পুত ভূমি। [চৈ চ মধ্য ১।১০৩, ঠৈচ° ভা° আদি ৯।১৯৬]।
প্রস্তরফলকে আছে—'রাজা
তৃতীয় গোঙ্কারের এক ভক্তিমতী

মহিবী শ্রীবিগ্রহকে স্বর্ণমণ্ডিত করিয়াছেন।' (ভিজাগাপটম গেজেটিয়ার)।

গেজেটিয়ার)।

শ্রীবিগ্রহের বিজয়মূর্ত্তি বাহিরে
এবং মূল মৃত্তি অভ্যন্তরে বিরাজ
করেন। রামান্তজীয়গণের গেবা।
বিশেষ বিবরণ প্রথম খতে ২৮৬ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

জিয়াগঞ্জ-(বা বালুচর), গাছিলা (বা গমলা) মুশিদাবাদ জেলায় বুধুইপাড়ার নিকট। জিয়াগঞ্জ ८४मन इटेट छूटे गांटेल। ग्रमिना-বাদ হইতে তিন মাইল উত্তরে গদাব প্রপাবে আজিমগঞ্জ টেশন। জিয়াগঞ্চ বালুচর-নামে খ্যাত। শ্রীলনরোত্তম ঠাকুরের শিষ্য গঙ্গা-নারায়ণ চক্রবতির শ্রীপাট। শ্রীশ্রী-রাধাবিনোদ ও শ্রীগোকুলানন্দের एमवा वर्खमान। **এই** স্থানে श्रीन ঠাকুর মহাশয় গঙ্গা-নরোত্র নারায়ণের প্রার্থনায় চিতাশ্যা হইতে উঠিয়াছেন এবং এই স্থানেই গঙ্গাজনে মিশিয়া যান। এবিষয়ে ্নৱোত্ত্য-বিলাসে উক্ত আছে—

'বুধরী হইতে শীঘ্র চলিলা গান্তীলে। গলালান করিয়া বদিলা গলাক্লে॥ আজ্ঞা কৈল রামকৃষ্ণ গলানারায়ণে। মোর অল মার্জন করহ ছুইজনে॥ দোহে কিবা মার্জন করিব, পরনিতে। ছুগ্ধপ্রায় মিশাইল গলার জলেতে॥'

শ্রীশ্রীগোবিন্দ-বিগ্রহের পাদপদ্মে 'শ্রীগঙ্গারাম দাস' খোদিত আছে। এ স্থানের প্রীশ্রীরাধারমণ - বিগ্রহ কাশিমবাজার রাজধানীতে নীত হইয়াছেন।

জিরাট—বলাগড় (হগলী), নবদীপ লাইনে জিরাট ষ্টেশন আছে। শ্রীশ্রীগোপীনাথজীউর সেবা।

(গিরনার) — পশ্চিম জুনাগড রেলওয়ের স্থারেন্দ্রনগর-মারকা-ওখা-লাইনে রাজকোট হইতে ৬৩ মাইল দুরে জুনাগড় ষ্টেশন। ইহার পূর্বনাম — রৈবতগিরি। শ্রীবলরাম এস্থানে দিবিদকে বধ করেন। শ্রীক্ষের षात्रका-रामकारण यानवगरनत देशाह ক্রীড়াভূমি ছিল। দতাত্রেয় এখানে গুপ্তরূপে নিতা নিবাস করেন। সৌরাষ্ট্রের শ্রেষ্ঠ ভক্ত নরসী মেহতার ইহাই জনভূমি (ভক্ত ২২!১)। নগরের পূর্বদিকে গিরনার পর্বত, ইহার পূর্বনাম ছিল-গিরিনগর। পুরাতন কেল্লায় গোফাসমূহে বহু (वीक्षपृष्ठि चाट्छ। প্রবেশ-ছারে विशाल श्नुसान् मृष्ठि । पारमापतक् छ, রেবতীকুণ্ড, লম্বা হমুমান্; গিরনার পর্বতে ভর্ত্তহরি গোফা, রাতুলগোফা, গোরকশিখর, দত্তশিখর, নেমিনাথ শিখর, মহাকাণী শিখর, পাত্তব গোফা, হন্মান্ ধারা, জটাশঙ্কর, ইক্রেশ্বর প্রভৃতি দর্শনীয়। প্রতিবর্ষে কাত্তিকী শুক্লা একাদশী হইতে পূর্ণিমা পর্যস্ত পরিক্রমা হয়। **জেওনাই**—ব্রঞ্জে, অঘাস্থর-বধের

জেওনাই—বজে, অঘাত্মর-বধের পরে শ্রীকৃষ্ণ এস্থানে স্থাগণসহিত ভোজন করেন ['জনাই' দ্রুষ্টব্য]। কৈত—ব্রজে, মঘেরা হইতে ঈশান কোণে জনতিদ্রে। অঘাত্মর-বধের পর এস্থানে দেবগণ 'জয়জয়'ধ্বনি

করিয়া শ্রীক্ষের উপরি পুষ্পবর্ষণ করেন। ('জয়েৎপুর' দেখ) (जारुनार -- नीत्रष्ट्रम (जनाय। জয়দেব হুইতে তিন মাইল পশ্চিমে ৷ ত্বরাজপুর থানা, অজয়তীরে। কবি জগদানদের বাসস্থান। শ্রীখণ্ডের শ্রীরঘুনন্দনের বংশে ইহার জনা। পিতার নাম--নিত্যানন। ইনি শ্রীখণ্ড হইতে কালীগঞ্জের অন্তর্গত আগবড়িছিতে বাস করেন। জগদানন্দ ১৭০৪ শকে (১৭৮২ খুঃ) ভই আখিন বামন-খাদশীতে দেহরকা করেন। ভিন্নতে জন্ম ১৬২৪ শকে, তিরোভাব ১৭৪৪ শকে। ইনি শ্রীশ্রীমহাপ্রভুর পরম ভক্ত ছिल्न। ইश्रंत श्रादनी मधुत হইতেও অমধুর। ইনি জোফলাই গ্রামে শ্রীশ্রীমহাপ্রভুর সেবা প্রকাশ করেন। মন্দির মধ্যে শ্রীশ্রীমহাপ্রভ **শ্রীগোপীনাথজী**উ একক আছেন। শ্রীমতী নাই। অপর কয়েকটি বিগ্ৰহ ও বহু শিলা আছেন। মন্দিবেব দক্ষিণ-পশ্চিম কোৰে ছিল। ভিটা প্রীজগদানদের জগদানন আতিথেয় ছিলেন। এক সময়ে পশ্চিমদেশীয় কয়েকজন আসিয়া পথশ্রমে ও অতিথি পিপাসায় কাতর হইয়া ব্রাহ্মণ-প্রতিষ্ঠিত কূপের জল-পানাথী হইলেন। তখন ঐ গ্রামে কুপই ছিল না। জগদানন্দ শ্রীমন্ মহাপ্রভুর স্মরণ করত একটি লোহদণ্ডদারা মৃত্তিকা খনন করিতেই পাতাল ভেদ করিয়া অল উঠিয়া সাধুদের তৃষ্ণা নিবারণ করিল। ইহাই উত্তরকালে 'গোরাঞ্চ

সায়ের' নামে অভাপি বিরাজমান।

জোলকুল—ডাক্ষর ভাস্তাড়া, জেলা হগলী, কুলীনগ্রাম হইতে পাঁচ এই স্থানে বস্থ मार्चेन पिक्ति। রামানন্দ-প্রতিষ্ঠিত শ্রীশ্রীঅনস্ত বাস্থদেব (চতুত্রজ নারায়ণ বিগ্রহ) আছেন। অনন্ত চতুর্দদীতে উৎসব হয়। জোণীমঠ-হুবীকেশ হুইতে ১৪৫ মাইল; ক্তপ্রধাগ হইতে বদরীনাথ যাওয়ার পথে। শীতকালে ছয়মাস এস্থানে বদরীনাথের বিজয়ম্ভির প্রজাদি হয়। জ্যোতীশ্বর মহাদেব ও ভক্তবৎসল ভগবানের মন্দির এম্বান হইতে একরাস্তা আছে। নীতীঘাট হইয়া যানসসরোবর নুসিংহমন্দিরে গিয়াছে। অত্ৰত্য শালগ্রাম শিলায় নুসিংহের অদ্ভূত

মৃত্তি দ্রষ্টবা, ইহার এক হস্ত অত্যস্ত পাতলা: প্রবাদ শুনা যায় যে যখন थ रुष पृथक हहेत्व, महिनन বিষ্ণুপ্রয়াগের পরে নরনারায়ণ পর্বত মিলিত হইয়া বদরীনাথের পথ বন্ধ হইবে এবং ঐ দিন হইতে কেছ বদরীনাথে যাইতে পারিবে না। তৎপরে যাত্রী ভবিষ্য বদরীতে যাইবে।

ঝারিখণ্ড

리, 등, ড

ঝাঁকপাল—ঢাকা জেলার মাণিকগঞ্চ মহকুমার অবস্থিত। যমুনা ও পদ্মা নদীর সঙ্গনের উপরে এই গ্রাম। শ্রীঅবৈতপ্রকাশ-প্রণেতা শ্রীল ঈশান নাগরের শ্রীপাট। ঈশান শান্তিপুর হইতে এই গ্রামে আসিয়া শ্রীবৃন্ধাবন চন্দ্রের সেবা প্রকাশ করেন। ৰ্মাকরা—কটক শহর হইতে পনর

মাইল পূর্বদিকে প্রাচীন গ্রাম— সারলাদেবীর প্রসিদ্ধ মন্দির আছে। २ यामिनीशूरत, এস্থান হইতে শ্রীদানগোস্বামিপাদের অন্বেষণকারী লোকগণ শ্রীশিবানন্দ সেনের নিকট তাঁহাকে না পাইয়া প্রত্যাবর্ত্তন করেন।

ঝাটীয়াডা--মেদিনীপুরে, গ্রীগ্রামানন্দ প্রভুর বিহারস্থলী। [র°ম° দক্ষিণ >21671

ঝামটপুর—জেলা বর্দ্ধমান। ত্রীল-কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রত্ন ও প্রীমীনকেতন রামদাসের প্রীপাট।

ইষ্টার্গ রেল লাইনের কাটোয়া হইতে সালার ষ্টেশনে নামিয়া তুই गारेन। গলাটিকুরী হইতে মাইল। বর্তমানে বাহরাণ হণ্ট (Flag Station) হইয়াছে। তথা হইতে ১৬ মিনিটে শ্রীপাট-ৰাড়ীতে যাওয়া যায়। पर्मनीय — श्रीमित्र (क)

শ্রীশ্রীগৌর - নিতাই-বিগ্রহ, গ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর কাৰ্ছপাছকা, (গ) একখানি প্ৰাচীন তেরেট পত্রের জীর্ণ পুঁথি, (খ) একটি ক্ষুদ্র মনিরে শ্রীশ্রীনিত্যানন্দ-শ্রীচরণযুগল, এই স্থানেই শ্ৰীশ্ৰীনিত্যানন্দ প্ৰতু **একবিরাজ** গোস্বামীকে দর্শন দান করেন। (ঙ) **জীগোসাই**দাস পূৰ্বতন মহান্ত বাবাভির সমাজ-মঞ্চ। বিজয়াদশমীর পরের দ্বাদশীতে এ স্থানে উৎসব হয়। গ্রামের প্রান্তে 'জগরাথ আথড়া' আছে। প্রবাদ—শ্রীশ্রীনিত্যানন্দ প্রভূ একবিরাজ গোস্বামীকে এই

২ হুগলি জেলার ঝামটপুরে শ্রীবীরভদ্র প্রভুর শ্বস্তর শ্রীবছ্বনদন

স্থানে দীক্ষা দান করেন।

আচার্য, প্রীগঙ্গাদাস পণ্ডিত ও শ্রীশ্রামদাস কবিরাজের শ্ৰীপাট। শ্রীযত্নদান আচার্যের কলা শ্রীমতী নারায়ণী দেবীকে শ্রীবীরভদ্র প্রভ বিবাহ করেন।

ঝারিখও (বুণ্ডু) — রামগড় রাজ্যের মধ্যে; ছোটনাগপুরের মধাভাগে ও রাঁচির মধ্যভাগে – রামগড। এই রামগড় গ্রাম দামোদর নদের তীরে এবং একটি ছোট পার্বত্য নদীর মোহনার মুখে। শাল, মহুয়া, চির প্রভৃতির বনভূমি। ইহাই ঝারিখণ্ড-নামে প্রসিদ্ধ। বর্ত্তমান আটগড়, एकानान, वाकून, नाहाता, दक्षत्र, বামড়া, বোনাই, গাঙ্গপুর, ছোট-নাগপুর, যশপুর, সরগুজা প্রভৃতি পার্বতা রাজা। মহাপ্রভু ঝারিখণ্ড পথ দিয়া শ্রীরুন্দাবন গমন করিয়াছিলেন—

निर्जन राम हालन श्रेष्ट्र कृष्णनाम লঞা। হস্তী ব্যাঘ্র পথ ছাড়ে প্রভূরে (निर्या॥ शाल शाल वाघ, रुखी, গণ্ডার, শৃকরগণ। তার

আবেশে প্রভু করিলা গমন॥ (চৈ° চ°

3696

मधा १११२६-२६)

প্রবাদ—মহাপ্রভু প্রীরন্দাবনে গ্যনকালে বাঁচি হইতে ২৭ মাইল দুরবর্তী বুভুগ্রামে বিশ্রাম করিয়া-ছিলেন (রাঁচি জেলার পূর্বভাগে

বুণ্ডু, তামার প্রভৃতি ৫টা পরগণা) এবং ঐস্থানের অরণ্যবাদিগণের মধ্যে করিয়াছিলেন। হরিনাম প্রচার

এখনও সেই স্বৃতি জাগরক আছে। প্রতি বংসর মহাপ্রভুর জন্মতিথি

ফাল্পনী পুৰ্ণিমাতে ঐস্থানে উৎসব ও মেলা হইয়া থাকে। মহাপ্রভূ—

" মথুরা ঘাইবার ছলে আসেন ঝারিখণ্ড। ভিল্লপ্রায় লোক তাঁহা প্রম পাষ্ড॥ নাম-প্রেম দিয়া কৈল শবার নিস্তার। চৈতত্ত্বের গূঢ়লীলা বুঝিতে শক্তি কার॥ (চৈ° চ° মধ্য >9160-68)

শ্রীসনাতন প্রভু মহাপ্রভুর নিকট হইতে ঝারিখণ্ডের পথের বিবরণ निश्रिया नहेया के पर पिया पूरी হইতে বুন্দাবনে গমন করিয়াছিলেন। এখনও ঐ স্থানের কোন কোন মুণ্ডা পরিবার বৈঞ্চব্মত অকুগ্র রাখিয়াছে এবং তত্ত্বস্থ কুড়মী কোন কোন জাতির মধ্যে বৈষ্ণবমত ও প্রাধাক্তফ-বিষয়ক অসংখ্য ঝুমুরপদ প্রচলিত আছে ও রচিত হইতেছে। কুড়মী প্রভৃতি জাতির মধ্যে

বৈষ্ণবমত এরূপ বদ্ধমূল হইয়াছে যে কালীপূজার পরিবর্ত্তে তাহার পর দিবস উহারা জীগিরিগোর্হ্মন পূজা করে। ওবাঁও প্রভৃতি জাতিরা বৈষ্ণব গুরুদের প্রভাবে গঠিত হইয়াছে। ছোটনাগপুরের পূর্বভাগে

গোডীয়বৈষ্ণৰ বাজালা দেশের সম্প্রদায়ের এবং মধ্য ও পশ্চিম-রামানন্দী সম্প্রদায়ের মত ভাগে অধিক প্রচলিত। (আনন্দবাজার (0806 **টাকী**—২৪ পরগণার বিখ্যাত স্থান। অত্রত্য জমিদারগণ যশোহর-রাজ প্রতাপাদিত্যের খুলতাত রাজা বসস্ত

বৈত্যপুর—(বর্দ্ধমান) টেএগ কাটোয়ার নিকট, ঝামটপুর হইতে তিন ক্রোশ দূরে। ঐীবৈঞ্চবানন্দের পাট বলিয়া জানা যায়। পদকল্প-তরু গ্রন্থের সংগ্রহকর্ত্তা শ্রীবৈষ্ণব-**চরণ দাসের লীলাভূমি।** বৈষ্ণবচরণ যে স্থারে কীর্ত্তন করিতেন, তাহাকে

(छेत्रकम्य-नक्शास्त्र निक्रवर्षी।

তথায় ময়ুরকুণ্ড ও এক্রিপগোস্থামির

কিঞ্চিৎ হ্রগ্ধ পাইলে ক্ষীর করিয়া

শ্রীরূপপাদ

রায়ের বংশধর।

'টেঞার ছপ্' বলে।

ভজনকুঠরী। একদা

গ্রীসনাতনকে ভোজন করাইতে ইচ্ছা করেন। এদিকে প্রীরাধা বালিকা-বেশে ছগ্ধ, তত্ত্বল ও চিনি দিয়া গেলেন। গ্রীসনাতন প্রসাদী ক্ষীর মুখে দিয়া প্রেমে অধীর হইলেন; শ্রীসনাতন শ্রীরাধার ক্লেশ বুঝিয়া শ্রীরপকে রন্ধন করিতে নিষেধ করেন। নন্দীশ্বর ও যাবটের মধ্যবর্তী স্থলেই এই টেরকদম্ব অবস্থিত। **(छोडेाथाम-- प्**रती। श्रीनमूताती মাহাতির প্রীপাট। ২ এম্বানে প্রীল-

গরুড় পণ্ডিতও বাস করিতেন।

ডাককোণ (গ্রাম)—বগুড়া জেলা,

বগুড়া হইতে ১২ মাইল। ঐ গ্রামে

শ্রীলনরহরি সরকার ঠাকুরের স্থাপিত

শ্রীশ্রীনিতাইগোর-বিগ্রহ আছেন। ডাকোর-পশ্চিম রেলওয়ের আনন্দ-গোধালাইনে ডাকোর ষ্টেস্ন হইতে একমাইল দূরে নগর। রণছোড়-রায়জির মন্দিরের সন্মুখে গোমতী সরোবর আধ মাইল লম্বা, এক ফার্লং চৌড়া। তত্ৰত্য প্রলের কিনারে ছোট মন্দিরে রণছোডজীর চরণ-পাত্বকা আছে। ডাকোর-মন্দিরে রণছোড়রায়ের চতুভূজি পশ্চিমাভিমুখী। মন্দিরের দক্ষিণে তাঁহার শয়নগৃহ। গোমতীর কিনারে 'মাথনিও আরো'-নামক রণছোড়জী যখন ডাকোরে আসেন, তথন ভক্ত বোড়ানার পত্নীর হস্তে এস্থানে মাখনমিছরীর ভোগ গ্রহণ করেন: তদবধি রথযাতার গোপালজী এখানে আসিয়া মাখন-মিছরীর নৈবেত গ্রহণ করিতেছেন। এই রণছোড়রায় দারকাধীশ-রূপে বারকার মুখ্য মন্দিরেই ছিলেন। ডাকোরের অন্ত ভক্ত শ্রীবিজয়সিংহ বোডানা এবং তাঁহার পত্নী গঙ্গাবাঈ প্রতিবর্ষে ছইবার ডান হাতে তুলসী লইয়া দারকায় গিয়া রণছোড়জীকে নিবেদন করিতেন। ৭২ বংসর পর্যন্ত এইভাবে চলিলে যখন ভক্তের চলচ্ছজি ছিল না—তখন ভগবান বলিলেন—'এখন আর তুমি এখানে আসিও না, আমিই স্বয়ং তোমার নিকটে যাইব।' আজ্ঞান্তুসারে বোড়ানা গরুর গাড়ী লইয়া দারকায় গেলেন-রণছোড়জী ১২১২ সম্বতে কাত্তিকী পূর্ণিমায় ডাকোরে

আসিলেন।

প্রথমতঃ বোড়ানা

শীমৃতিকে গোমতীর জলে ডুবাইয়।

রাখিলেন। ছারকার পূজারী
যথাস্থানে মৃত্তি না দেখিয়া ডাকোরে
আসিলেন কিন্তু লোভবশে মৃত্তির
ওজনে স্বর্ণ লইয়া প্রদান করিতে
স্বীকৃত হইলেন; ভক্তপত্মীর নাকের
নথ ও তুলসীদলের মাপে মৃত্তি
পরিমিত হইলেন এবং পূজারীকে
স্বপ্রযোগে প্রভু বলিলেন—'অব লোট
জাও; বহাঁ ছারকামে ছঃ মহীনে
বাদ প্রীবর্ধিনী বাউলীসে মেরী মৃত্তি
নিকলেগী'। বর্ত্তমান ছারকাতে ঐ
মৃত্তিই বিরাজ করেন। ডাকোর
গুজরাতের বিখ্যাত তীর্থ। প্রতি
পূর্ণিমার এখানে যাত্রী সমাগম হয়।

শরৎপূর্ণিমায় কিন্তু অত্যন্ত ভীড় হয়।

ডাভারো (ডভরারো)—ব্রজে, বর
সানার দক্ষিণে অবস্থিত—এস্থানে

শ্রীরাধার দর্শনে শ্রীক্তফের নয়ন

অশ্রপূর্ণ হইয়াছিল (ভক্তি ১৯১১—

৯১২)। শ্রীতুঙ্গবিভার জন্মস্থান।

ডাহাপাড়া—(মুর্শিদাবাদ জেলা)

গঙ্গাতীরে।

এই স্থানে শ্রীশ্রীজগদ্ধ প্রভূ ১২৭৮
সালে ১৭ই বৈশাথ সীতানবমীতে
আবিভূতি হন। পিতা—দীননাথ
চক্রবর্তী, মাতা—বামাস্থন্দরী দেবী।
ডাহাপাড়ার এক মাইল দূরে প্রসিদ্ধ
কিরীটেশ্বরীর মহাপীঠ।

ভূমুরাবন—বীরভূমে, স্থপুর গ্রামের উত্তরে ৪ ক্রোশ দ্রে। এস্থানে মেধস মুনির আশ্রম ছিল। ডেরাবলি—ব্রজে, রাধাকুণ্ডের বায়ু-কোণে অবস্থিত, এস্থানে শ্রীনন্দ মহারাজ ষঠিঘর। হইতে নন্দীশ্বর যাইতে 'ডেরা' করিয়াছিলেন (ভক্তি লেবচহ)।

(ডালম্ব নদী — মেদিনীপুরে প্রবাহিতা নদী, ইহার তীরে 'বারায়িত' গ্রামে শ্রীরামচন্দ্র রামেশ্বর শিব স্থাপন করেন (১৫।২৩—২৪)। ইহারই তীরে রোহিণী গ্রামে শ্রীরসিকানন্দ স্থাবিভূতি হন।

ত, ত

ঢাকা— শ্রীচাকেশ্বরীপীঠ। দেবীর
মস্তক-ভূষণ পতিত হয়। ভৈরব—
বৃদ্ধশিব আছেন। এই দেবীকে
বল্লাল সেন অরণ্যমধ্যে প্রাপ্ত হয়েন।

বিক্রমপুরের চাঁদ রায় ও কেদার রায়ের পূর্ব পুরুষাম্বক্রমে সেবিত এএলক্ষীনারায়ণ শিলা ঢাকা নগরে चाह्यन। खे भिना ३५२ गाल ঢাকার কৃষ্ণদাস মুচ্ছুদি মহাশয় প্রাপ্ত হয়েন। নবাবপুর আখড়াতে প্রাচীন শ্রীনিতাইগৌর বিগ্রহ আছেন। বিক্রমপুরের অন্তর্গত বজ্রযোগিনী গ্রামে দীপঙ্কর বা চন্দ্রগর্ভ শ্রীজ্ঞান ৯৮০ খৃ: জন্মগ্রহণ করেন। ইহার নামে তিব্বতীয় লামাগণ ভক্তিভরে ঢাকাতে করেন। মস্তক নত শ্রীলবীরভন্ত প্রভু গমন করেন।

তাঁহার শ্বতিস্থান আছে।

ঐ সময়ে ঢাকার নবাব (হোসেন সার পুত্র বা আত্মীয়) শ্রীলবীরভদ্র প্রভুর উপর বিদ্বেষভাব পোষণ মহিমায় পরে প্রভুর তৎপ্রতি আর্ক্ট হয়েন। কথিত আছে—ঢাকা রাজবাটির তোরণের উপরিভাগে একখানি স্থচিহ্নিত প্রস্তার বীরভন্ত প্রাভু নবাবের নিকট প্রার্থনা করায় নবাব প্রভুকে উহা প্রদান করেন এবং ঐ প্রস্তর হইতেই প্রভু শ্রীশ্রামম্বন্দর প্রভৃতির বিগ্রহ নির্মাণ করেন। গৌড়ের বাদসাহের তোরণ হইতেও প্রস্তর আনয়নের প্রবাদ শুনা যায়।

শ্রীলবীরভদ্র প্রভুর ঢাকায় অবস্থান কালে ঐ অঞ্চলের সকলেই তাঁহার প্রতি আরুষ্ট হয়। ঐ সময়ে প্রাম্থ নবাবের কারাগার হইতে ১২ শত কয়েদিকে উদ্ধার করেন এবং তাঁহা-দিগকে হরিনাম দিয়া খড়দহে (মতাস্তরে বলাগড়ে) লইয়া আসেন। উঁহারা পরে প্রবল হইয়া প্রভূত ক্ষমতাশালী হয়েন। প্রভূ ইহা-দিগকে বিবাহ করিতে আজ্ঞা দেন। উহাদিগকেই ১২ শত নেড়া বলে। ঐ নেড়াদের মধ্যে সকলেই বিবাহ করেন—কেবল ৪ জন ঘোষিৎসঙ্গভরে পলায়ন করেন। উহাদের

আউল বা আত্র—রাচ্দেশে
মনোহর দাস—পূর্বাঞ্চলে
গোকুলানন্দ—স্থন্দরবন অঞ্চলে।
চাকাতে বহুদিন হুইতে শ্রীশ্রী-

নিত্যানন্দ-বংশীয়গণের বাস আছে।

ঢাকা দক্ষিণ—শ্রীহট্ট টাউন
হইতে ১৫ মাইল দক্ষিণে।

(ক) বৃদ্ধ গোপেশ্বর শিব। (খ) ইক্ষ্ নদী—বর্ত্তমান নাম কুইসার। তীরে কৈলাস বন, ইহার ভিতরে অমৃতকুগু। (গ) মহাপ্রভুর সন্ন্যাসমূর্তি।

শ্রীশ্রীজগরাপ মিশ্র ও তৎপিতা
শ্রীউপেন্দ্র মিশ্রের জন্মহান। মহাপ্রভ্ পূর্ববঙ্গে শ্রমণসময়ে যে বাটিতে গিয়া
পিতামহীকে দর্শনদান করিয়াছিলেন, সেই স্থানে মহাপ্রভুর শ্রীবিগ্রহ স্থাপিত হইয়াছিল। পরে ১১২৫ সালে সে বাটি হইতে অক্তন্ত্র বিগ্রহকে লইয়া যাওয়া হয়। পূর্ব বাটি জঙ্গলে পূর্ণ হয়। পরে উক্ত প্রাচীন স্থান উদ্ধার করত ১৩২১ সালের ৯ই চৈত্র দোল পূর্ণিমায় পূর্ব মন্দিরে মহাপ্রভুর সন্মাস-বিগ্রহ স্থাপিত হইয়াছে। প্রাচীন কালের ভিটা ও প্রাচীর অস্তাপি আছে।

ইহা প্রসিদ্ধ তীর্থস্থান—'গুপ্ত বুন্দাবন' নামে খ্যাত। একই সিংহাসনে একধারে শ্রীগোরাল মহাপ্রস্থার সন্ত্যাস-বিগ্রহ; অন্তদিকে শ্রীকৃষ্ণবিগ্রহ বিরাজমান। 'ঠাকুরবাড়ী' হইতে ছুই ক্রোশ দুরে কৈলাস-নামক ক্ষুদ্র পাহাড়ের উপর গোপেশ্বর শিব আছেন। ইহার পার্যে অমৃতকুগু ছিল, বর্তুমানে নাই।

The place which is held by the Vaishnavites in most respect is the temple of Chaitanya at Dhaka Dakshin or Thakurbari. Assam District Gazetteers II (Sylhet) Chap III p.87.

ঢানাগ্রাম—ব্রঙ্গে আয়োরে-গ্রামের নিকটবর্তী গৌরবাই গ্রাম। এস্থানের বিশিষ্ট জমিদার শ্রীনন্দ মহারাজকে কুরুক্ষেত্র হইতে প্রভ্যাবর্ত্তনকালে যথেষ্ট গৌরব করিয়াছিলেন (ভক্তি ধা৪২৩—৪৩০)।

তিকিপুর (বর্দ্ধমান)—কাটোয়ার
নিকট বেলগ্রামের কাছে। শ্রীশ্রভিরাম
গোপালের শাখা বলরাম দাসের
বাসস্থান। শ্রীঠাকুরগোপাল দেবা।
রামনবমীতে উৎসব। ২ শ্রীমন্নরহরির
শাথা দ্বিজগোপালদাস ঠাকুর শ্রীখণ্ড
হইতে তকিপুরে বাস করেন।
তত্রত্য একটি বাটীর ব্রহ্মদৈত্যকে
ইনি প্রসাদ দিয়া মুক্ত করেন।
(নরহরিশাখানির্ণয়)।

তড়াআঁটপুর (আহুরবাটীও বলে)— হুগলী, চাঁপাডাঙ্গা লাইট রেলের আঁটপুর ষ্টেশন निकटिं ६ मिनिटिंत १थ। वापन-গোপালের একতম শ্রীলপর্মেশ্বর দাসঠাকুরের শ্রীপাট। দর্শনীয়— **এ** প্রীত্রী খান স্থান বিপ্রাহ . গ্রীরাধা-গোপীনাথ ও প্রীগোরাঙ্গদেব। প্রাচীন বকুল ও কদম্বুক্ষ একত্র, সমাধি এবং প্রাচীনকালের **সংকীর্ত্তনে** ব্যবহৃত তদীয় শ্রীখৃন্তি, (স্তবতঃ ইহা জ্রীনিত্যানন্দ প্রভুর)। বকুল-বক্ষটি শ্রীলপরমেশ্বর দাস ঠাকুরের দস্তধাবন-কাষ্ঠে উৎপন্ন বলিয়া প্রবাদ। বৈশাখী পূর্ণিমায় তদীয় তিরোভাব উৎসব হয়। ঐ তিথিতে খুন্তিটি **ज्ही स मगिश- शार्थ रहा न इस ।** এই দেবমন্দিরের সামান্ত দুরে 🕽 দেওয়ান রুফকুমার মিত্র মহোদয়ের গেবিত প্রীক্রীরাধাগোবিন্দ-মৃত্তি আছেন। [কেতুগ্রাম ও গরলগাছা দেখ]

ভড়াগ ভীর্থ—(মধুরায়) নন্দপ্রামে অবস্থিত (ভক্তি ৫।৯৫৪)। পর্জন্ত গোপের বাসস্থান। পর্জন্ত শ্রীনারদের উপদেশে শ্রীলন্দ্মীনারায়ণমন্ত্র জ্বপ করত নন্দাদি পঞ্চ পুত্র লাভ করেন।

ভড়িৎগ্রাম (বর্দ্ধমান)—উদ্ধবদ্ত-প্রণেতা মাধব গুণাকরের জনভূমি। ইনি গজসিংহ রাজার সভাসদ্ হিলেন।

ভন্তবায় নগর—নবদীপান্তর্গত পল্লী-বিশেষ [চৈ° ভা° মধ্য ২৩।৪৩৩]। ভপকুণ্ড— (মথুরায়) কাম্যবনে অবস্থিত (ভক্তি ৫।৮৫৬) মুনিগণের ভপস্থাস্থান।

তপোবন—ব্ৰজে গোপীঘাটের নিকট**-**বর্ত্তী, গোপীগণের তপঃস্থান (ভক্তি° ৫।১৫৮৭)।

ভমলুক——--[অক্ষাংশ ২২।১৮,

ক্রাঘিমাংশ ৮৭।৫৪] মেদিনীপুর
ভেলার। রূপনারায়ণ নদের তীরে।
শ্রীমন্মহাপ্রভুর সময়ে শ্রীমন্ত রায়
তমলুকের রাজা ছিলেন। ইনি
ময়ুরধ্বজ-বংশীয় রাজাদিগের দৌছিত্র।
তমলুকে রাজবাড়ীর নিকটে একটি
বৃহৎ পুক্ষরিণীর পাড়ে প্রস্তব্বের
একথানি কাপড়কাচা (রজকদের)
পাটা আছে। প্রবাদ—উহা নেতা

রজকিনীর কাপড়-কাচা পাটা। বেহুলা সতী মৃত লখিন্দরকে ভেলায় লইয়া ঐ স্থানে আসিয়াছিলেন

এবং স্বহস্তে কাপড় কাচিয়াছিলেন।

শ্রীমন্মহাপ্রস্থু পুরীর পথে তমলুকে পদপুলি দিয়াছিলেন। (চৈ° ম° মধ্য ১৫।১, শেষ ৩।৬২)

কথিত আছে যুধিষ্ঠিরের অখ্যেধ-যজ্ঞকালে অর্জুন ও শ্রীক্লম্ব যজের অশ্বটিকে ঐ স্থানে আনয়ন করিলে তত্ততা রাজা তামধ্যজ এই অখ ধরিলেন, সেইজন্ম এক যুদ্ধ হয়। পরে রাজা উহাদিগকে চিনিতে পারিয়া ক্ষমা চাহিয়া শ্রীক্ষণমীপে প্রার্থনা করেন যেন চিরদিন তিনি তাঁহাদের ঐ যুগলমৃতি দর্শন করিতে পারেন। সেই হইতে তমলুকে 'জিফুহরি' বিগ্রহ স্থাপিত হয়েন। জিফু—অর্জ্বন ও হরি—গ্রীকৃষণ। প্রাচীন মন্দির ৫।৬ শত বৎসর পূর্বে ক্লপনারায়ণ নদের গর্ভে গত হইলে তৎপরে নির্মিত মন্দিরে প্রভুদ্ধ এখন বিরাজমান আছেন।

এখানে বর্গভীমা দেবীর মন্দির খুব উচ্চ। কথিত হয় যে ভামধ্বজ-বংশীয় রাজা গুরুড্থবঞ্জ দেবীকে প্রাপ্ত হইয়া স্থাপিত করেন ও মন্দির निर्माण करतन। मिलारदत निकाछ কপাল-মোচনতীর্থ ছিল। নারায়ণে গত হইয়াছে। দেবীমৃত্তি —প্রস্তারের। পদতলে শিব আছেন। তমলুকের পূর্ব নাম তমোলিগুী, তামালিপ্তি, তাম্রলিপ্ত—এক সময়ে উৎকল ও রাচদেশ পর্যন্ত উহা বিস্তৃত ছিল। জৈনকল্লস্ত্রে উল্লেখ আছে যে খুষ্ট পূর্ব অষ্ট্র্য শতকে ত্রয়োবিংশ তীর্থন্ধর পার্শ্বনাথ বৈদিক

কর্মকাণ্ডের বিরুদ্ধে পুগু,, রাঢ় ও

প্রচার

তাত্রলিপ্তে চাতুর্গাম ধর্ম

করেন। বৌদ্ধগ্রম্ভেও তাত্রলিপ্তের নাম পাওয়া যায়। প্রসিদ্ধ বৌদ্ধ-গ্ৰন্থ মহাবংশে আছে যে খুইপুৰ্ব ৩০৭ অব্দে তামলিপ্ত একটি প্রসিদ্ধ সামুদ্রিক বন্দর ছিল এবং ঐস্থান হইতে পৰিত্ৰ বোধিক্ৰম সিংহলে প্রেরিত হইয়াছিল। বৌদ্ধভারতের সজ্যারাম তৎকালে এই স্থানেই ছিল। সমাট অশোকের সময় ইহা মোর্যসাদ্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। অশোক বৌদ্ধর্মে দীক্ষিত হইয়া তাম্রলিপ্ত নগরে অশোকস্তম্ভ স্থাপন করেন। হর্ষবর্জনের কালে খঃ সপ্তম শতকে চৈনিক প্ৰ্যটক হিউয়েন্সাং উহা দেখিয়াছেন। গুপ্ত-প্রাট দিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের কালে ফাহিয়ান্ ভারত-ভ্রমণে আসিয়া (४३५–४३३ ४३:) তাত্রলিপ্তে অবস্থান করত বহু বৌদ্ধগ্রন্থের প্রতিলিপি ও দেবমৃত্তির চিত্র গ্রহণ করেন। তিনি তৎকালে তাম্রলিপ্তে ২৪টি সজ্বারাম ও বহু বৌদ্ধশ্রমণ দেখিয়াছিলেন। তাহার পরে ৬৭৩খঃ ই-চিং নামক বৌদ্ধপর্যটক সমুদ্রপথে তামলিপ্তে আসিয়াছিলেন সংস্কৃত শিক্ষার জন্ম কয়েক বং**স**র নালন্দায় কাটাইয়া আবার তাত্রলিপ্তে আদেন এবং তখনও পাঁচ ছয়টি ধর্মনন্দির দেখিয়াছেন। ६२७ शुः আচার্য বোধিধর্ম তাত্রলিপ্ত হইয়া সমুদ্রপথে ক্যাণ্টন যাত্রা করেন। প্রজ্ঞাপারমিতহাদয়স্ত্র ও উষ্ণীষ-বিজয়-ধারিণী-নামক বঙ্গাক্ষরে লিখিত ত্ইটি গ্রন্থ তাঁহার সঙ্গে ছিল।

জাপানের হোরিউজি মঠে ছুইটি

গ্রন্থই আবিষ্ণত হইয়াছে। ব্যার

পেণ্ড জেলায় কল্যাণীগ্রামে আবিষ্কৃত শিলালিপি হইতে জানা যায় যে খঃ দাদশ ত্রয়োদশ শতকে তামলিগু হইতে বৌদ্ধ ভিক্ষুগণ পেগুতে গিয়া ধর্মপ্রচার করিয়াছেন।

তমাল-কার্ত্তিক

তমলুকে শ্রীলবাস্থদেব ঘোষের গ্রীপাট। প্রকাণ্ড মন্দির। প্রীশ্রীগৌর-বিগ্রহ। গ্রীলবাম্বদেব ঘোষের পরে তাঁহার শিষ্য মাধ্ব দাস সেবায়েত স্থামুটা হন। তমলুক, ময়না, প্রভৃতির জমিদারগণ দেবসেবার জন্ম বিস্তর সম্পত্তি দান করেন। তৎপরে উহা গোপীবল্লভপুরের গোস্বামিগণের হন্তে যায়।

গ্রীল বাস্থদেব ঘোষ গ্রীমন্মহা-গৌরহীন প্রভুর সন্মাদের পরে পারিয়া নদীয়ায় থাকিতে না তমলুকে গমন করেন ও প্রীমন্মহা-প্রভুর শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। বর্ত্তমানে প্রীমন্দিরে—প্রীপ্রীখামটাদ. শ্রীমনাহাপ্রভু, শ্রীজগরাধ এবং বছ শিলা আছেন। (Vide Statistical Account III pp 62-67)

তমাল-কার্ত্তিক———তিনেভেলি-জিলায় ভাদাকুভেলিয়র নগরে কার্ত্তিকেয়ের অবস্থিত ম কিরে। তিনেভেলি হইতে ত্রিবান্ত্রন যাইবার রাস্তায় তীর্থস্থান। ২ ঐ জেলায় কালগুমলয়ের মন্দির। S. Ry ব্রাঞ্চ-লাইনে বিরুদ্ধ-নগর-তেনকাশী ষ্টেশন-শঙ্করনারায়ণ-ত্রিবাক্তম। কোভিল। ৩ মহীশুরের উত্তরে সাস্তার-নামক রাজ্যের রাজ্ধানী। পর্বতের উপরে কুমারস্বামী কার্ত্তিকেয় বিজ্ঞমান। M.S.M. Ry-ছাবলি লাইন, তৎপরে হস্পেট্-সামিহালি

नार्रेत रहेमन-त्रमणहर्ग। তরোলী—(মথুরায়) জৈতপুরের পশ্চিমে অবস্থিত। ভর্ত্তিবপুর-পদানদীর তীরবর্ত্তী, কানাইর নাটশালা হইতে ফিরিবার কালে শ্রীগৌরাল এই ঘাটে পদ্মাপার হন (প্রেম°৮)।

डनवन्मी—(वा ताम्रभूत)—नाटहाटत সরকপুর তহুগীলের অন্তর্গত ইরাবতী নদীর তীরে। প্রীগুরু নানকের জন্মস্থান। ইনি শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর নিকট দীক্ষা গ্রহণ করেন বলিয়া 'গ্রন্থদাহেবে' শেষখণ্ডে নামমাছাত্ম্য-প্রদঙ্গে জানা যায়। [বঙ্গের বাহিরে বাঙ্গালী ১।৪৩৫ পুঃ]

ভাড়াশ-পাবনা জিলায়: অত্ত্য রায়-বংশ্র জমিদারগণ প্রেসিদ্ধ। এস্থানে বহু দেবমন্দির আছে। একটি শিবমন্দিরে উৎকীর্ণ লিপি নারায়ণ দেব-কর্তৃক খুঃ প্রতিষ্ঠিত এবং ১৭১১ খৃঃ বলরাম দাস-কর্ত্তক সংস্কৃত হয়। অত্রত্য রাজ্যি শ্রীবনমালী রায়বাহাত্র শ্ৰীব্ৰজনওলে বৈষ্ণবগণের প্রভৃত বৈষ্ণৰ গ্ৰন্থ সেবা করেন। বহু প্রকাশ করিয়া বিনামূল্যে বিতরণ করেন। তিনি অতুলনীয় ভজন-निष्ठे छिलन।

(তাপ্তি)—মধ্যভারতের ভাপী মুলতাই গিরি হইতে বহির্গত হইয়া সৌরাষ্ট্রে উত্তরাংশে পশ্চিমসাগরে পতিত হইয়াছে। মতান্তরে— বিদ্যাপাদ পর্বত (সংপুরা রেঞ্জ-বৰ্ত্তমান নাম) হইতে উদ্ভূত হইয়া পতিত হইয়াছে। আরবসাগরে শ্রীগৌরনিত্যানন্দ-পদাঙ্কপুত ভট ়

(চৈ° চ° মধ্য ৯০১০, চৈ° ভা° আদি ১।১৫০)। **ভামড়**—(বঁাকুড়ায় ?) বনবিঞ্-

নিকটবর্ত্তী স্থান--এস্থান পুরের বীরহামীর-কর্ত্তক হইতে রাজা প্রেরিত দ্ম্যু-সমাজ শ্রীনিবাসাচার্য-প্রমুখ ভাগবতগণের পশ্চাদমুসরণ করে (রত্বা ৭।৪৬)।

তাত্রপর্ণী—তিনেভেলী নদীর বামতটে। ইহাকে পরুণৈ বলে। পশ্চিম ঘাট পর্বত হইতে বাহির হইয়া বঙ্গোপদাগরে পডিয়াছে। শ্রীগোরনিত্যানন্দ-পদান্ধিতা চ° মধ্য ৯।২১৮; চৈ° ভা° আদি ৯।১৩৮)। বৃহস্পতি বৃশ্চিক বাশিতে করিলে এই তামপর্ণীতে পুকরযোগ হয়। S. Ry ব্রাঞ্চ তিরুচেন্দর, ষ্টেশ্ন— আলোবর তিরুনগরী। তালখড়ি (যশোহর)—মাগুরার

অন্তর্গত। যশোহর হইতে ছয় ক্রোপ উত্তরে দীমাখালি। তথা হইতে তিন ক্রোশ পদত্রজে তালখডিগ্রাম অথবা যশোহর ঝিনাইদহ লাইট রেলে শিবনগর প্রেশন, তথা হইতে পূৰ্ব-দক্ষিণ কোণে ছয় ক্ৰোশ। শপ্তগোস্বামী-মধ্যে শ্রীল লোকনাথ

আৰিৰ্ভাবস্থান গোস্বামীর শ্রীপাট। ইনি শ্রীপমনাভ চক্রবর্তির তৃতীয় পুত্র। পূর্ববন্ধ-যাত্রাকালে মহাপ্রভু এই স্থানে শুভাগমন (অদৈতপ্ৰকাশ করিয়াছিলেন পৃষ্ঠা)। **শ্রিলাকনাথ** শ্ৰীল নরোত্তম ঠাকুরের हेनि बीबी द्रांशिव ह्नाफ-জীউর সেবা প্রতিষ্ঠা করেন এবং ছত্রবনের পার্শ্বে উমরাও গ্রামে কিশোরী কুণ্ডের নিকটে ক্তর্ভ শ্রীরাধাবিনোদের সেবা করেন। শ্রীচৈতক্সচরিতামত-রচনার সময়ে

প্রতিষ্ঠাকে নরকবৎ ত্যাগকারী এই গ্রীলোকনাথ প্রভু স্বীয় নাম উক্ত শ্রীগ্রন্থে সন্নিবেশিত করিতে নিবেধ করিয়াছিলেন।

উহারা 'তালখডির ভট্টাচার্য' নামে খাত। এই বংশেই মহাভাগবত ও পর্ম পণ্ডিত মহামহোপাধ্যায় ফণি-ভূষণ তর্কবাগীশ জন্মগ্রহণ করিয়া-

ভ্রাতৃবংশধরগণ ঐথানে বাস করেন।

ছিলেন। তালবন-- প্রীব্রজমণ্ডলম্ব দাদশ বনের অক্সতম। মধুবন হইতে ত্বই মাইল নৈখতি কোণে, ধেলুকাত্মর-বধের স্থান। গ্রামের পশ্চিমে তালবনকুও, কুণ্ডের পূর্বতীরে এীবলদেব দর্শনীয়। বৰ্ত্তমান নাম—তাসি।

ভিন্দুকঘাট-মুথুরায় প্রায়াগ ঘাটের দক্ষিণে অবস্থিত তীর্থ—শ্রীগৌর-পদান্ধপুত (চৈ° ম° শেষ হা২০৭)। नागाल्य--वाकानी घाटे।

তিরুপতি (তিরুপটুর)—উত্তর আর্কটে চন্দ্রগিরি তাপুকের অন্তর্গত। এই সম্বন্ধে 'ত্রিপতী' দ্রপ্টবা।

মতান্তরে ইহা তিরুবাদী S. Ry. ধহুকোটি লাইনে তাঞ্জোর ষ্টেশন হইতে সাত মাইল দুরে কাবেরী নদীর উত্তর তীরে অবস্থিত। অপর নাম--তিক্সভেয়র, সংস্কৃত নাম-'शक्षनम्म'। कारवत्री, त्कारलक्ष्म, কোডামুর্তি, ভেতার ও ভেরার—এই নদীপঞ্চ স্মান্তরাল হইয়া তিন

কোশের মধ্যে এই স্থানে প্রবাহিত

নদীশ্বর' শিবের মন্দির।

তিরুমলয়—তাঞ্জোর বা তৌগুর

মণ্ডলের মধ্যে। শ্রীগৌরপদাঙ্কপৃত

(চৈ° চ° মধ্য ৯।৭১)।

তিলকাঞ্চী—(তেনকাশী) মাদ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত তিনেভেনী সহর হইতে ত্রিশ মাইল উত্তর-পূর্বে, শিব-মন্দির আছে। প্রীগোর-পদান্ধপৃত (চৈ° চ° মধ্য ৯।২২০) S. Ry ত্রিবান্দ্রম্ লাইনে তেনকাশী ষ্টেশন।

তিলোয়ার—(মপুরায়) কামরি গ্রামের নিকটবর্তী (ভক্তি ৫।১৪১১)। এ স্থানে শ্রীরাধারুষ্ণ এরূপ নিপুণতার সহিত জ্রীড়া করিতে থাকেন, যাহাতে তাঁহাদের তিলমাত্রও অবসর ছিল না। ইহা বজের সীমান্তগ্রাম।

তুঙ্গনাথ—উত্তরাথণ্ডে কেদারনাথ হইতে বদরীনাথ যাওয়ার পথে। অত্যন্ত উচ্চ পর্বত। পঞ্কেদারের তৃতীয় কেদার। এই মন্দিরে শিবলিঙ্গ আছে। এস্থানে পাতাল-গঙ্গায় অতি শীতল জলধারা প্রবাহিত হয়। তুঙ্গনাথশিখর হইতে পূর্বদিকে नन्हारपती, शक्ष्णणी ७ खानावन-শিখর: উত্তর দিকে গলোত্তরী, यमूटनाखती, टक्नातनाथ, हजुःखख, বদরীনাথ ও ক্রন্ত্রনাথের শিখর: দক্ষিণদিকে চন্দ্রবদনী পর্বত, স্থারখণ্ডা-দেবী শিখর দেখা যায়।

তুক্তজা—কৃষ্ণা নদীর উপশাখা, ইহার তীরে কিন্ধিন্ধ্যা। তুক্ত ও ভদ্রা নামক নদীন্বরের সঙ্গমন্ত্রল—এই কুইটিই মহীশৃরের দক্ষিণ-পশ্চিম- প্রাপ্ত হইতে উদ্ভূত হইয়াছে।
উৎপত্তিস্থানের নাম—গঙ্গামূল (Ind.
Ant. I. p 212.), শ্রীগোরপদান্ধিত তট (১৮° চ° মধ্য ৯।২৪৪)।
বৃহস্পতি মকররাশিতে গেলে
ভুঙ্গভন্রায় 'পুন্ধর যোগ' হয়।
চলসীচত্তর বা তলসী চৌরা—

তুলসীচন্তর বা তুলসী চৌরা— মালতীপাটপুরের নিকটে ভার্গবী নদী পার হইয়া দেড মাইল পরে ঐগ্রাম। (পুরীর দিকে যাইতে) ভক্তবর তুলসী দাস এই স্থানে জ্ঞীজগরাথের দর্শন করেন। প্রাচীন মন্দির আছে। মহাপ্ৰভু পুরী যাত্রাকালে এই স্থান হইতে শ্রীশ্রীজগরাথ-মন্দিরের চক্র করিয়া প্রেমে বিহবল হইয়াছিলেন। গোকুলানন্দ গোস্বামীর সন্মানার্থে

তেওতা—ঢাকা, ঝাঁকপালের নিকট। শ্রীশ্রীঅবৈত - পত্নী শ্রীশীতামাতার শিষ্য শ্রীজগদানন্দের শ্রীপাট।

এথানে এক মেলা হয়। *

ভেজপুর—— আসামে দরং জেলার প্রধান শহর। ইহা ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত। তেজপুরের প্রাচীন নাম—শোণিতপুর (অসমীয়া ভাষায় তেজশব্দে শোণিত বুঝায়)। শ্রীক্ষমপৌত্র অনিক্রদ্ধ ও বাণরাজার কল্যা উবা পরম্পার প্রেমে আবদ্ধ হইলে বাণরাজা অনিক্রদ্ধকে বন্দী করেন; শ্রীকৃষ্ণ সংবাদ পাইয়া

* Vide Hunter's Statistical Account Vol. Ill, p 152. Tulsichaura—on the bank of the Kaliaghai river in honour of a celebrated spiritual preceptor named Gokulananda Goswami.

বাণরাজার সহিত যুদ্ধ করেন।
পরে অনিরুদ্ধ ও উষার বিবাহ হয়।
তেজপুরের নিকটবর্তী উষাপাহাড়
রাজকঞা উষার স্মৃতি বহন
করিতেছে।

তেঁতুলভলা—'আমলিতলা' দ্রপ্টব্য। তেলিয়া বুধরি—মূর্শিদাবাদ জেলায় 'বুধুরী' দ্রপ্টব্য। তেহাটা (বা ত্রিহট্ট)—[নদীয়া]

মেহেরপুর সাব-ডিভিসনে। নদীয়ার মহারাজার স্থাপিত প্রীশ্রীক্বঞ্চরায়জীউ আছেন। পৌষ-সংক্রাস্তিতে তিন দিবস উৎসব হয়।

তৈলঙ্গ—গোদাবরী ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী গঞ্জাম হইতে রাজমহেন্দ্রী-পর্যন্ত বিস্তৃত ভূভাগ। [১৮° ভা° আদি ১৩।৬১]

তোষ—জখীনগ্রামের ছই মাইল ঈশান কোণে—প্রীক্ষণবলরামের তোষস্থান। তোষণ-কুণ্ড দর্শনীয়। ত্রিকালহন্তী—তিরুপতি হইতে বাইশ মাইল উত্তর-পূর্বে স্থবর্ণমুখী

নদীর দক্ষিণ তটে। প্রীকালহন্তী বা কালহন্তী নামেও খ্যাত। বায়ু-লিঙ্গ শিবমন্দিরের জন্ম বিখ্যাত

(উত্তরে আর্কট্ ম্যামুয়েল্)। খ্রী-গৌরপদান্ধিত [চৈ° চ° মধ্য ১।৭১],

এস্থানে চতুকোণাক্বতি 'বায়ুরূপী মহাদেব' বিরাজমান। কোন দিক্ দিয়া বাতাস প্রবেশের পথ না থাকিলেও

শিবের মন্তকোপরি যে দীপালোক ঝুলিতেছে, তাহা সর্বদাই ঈষৎ

দোছল্যমান, অন্ত কোন দীপই সেইরূপ আন্দোলিত হয় না। M.

S. M. Ry (ইশন—কালছন্তী।

ত্তিগর্ত-नारहात ज्वनात किव्रमःभ,

2445

জলন্ধর রাজ্য। [Ep. Ind. I. pp 102, 116], 'ত্রিগর্জ' বলিতে" রাবি, বিপাশা ও (শতক্র) সাতলেজ নদী দারা প্লাবিত দেশ। (Arch. S. Rep. Vol. V. p 148)। ২ মতাস্তরে উত্তর কানারা। শ্রীনিত্যানন্দ-পদান্ধিত িচি ভা' আদি ১১১১ ব

হানার। শ্রানত্যানন্দ-পদান্ধত [চৈ ভা লার । শ্রানত্যানন্দ-পদান্ধত [চৈ ভা লা লার নাম্বার পশ্চিম ভিপক্লে ত্রিচ্র বা তিরুশিবপুর নগর। শ্রীগোরনিত্যানন্দ-পদান্ধ-পৃত স্থান—বিশালান্দী-মন্দির। প্রবাদ—পরশুরাম এই নগরের প্রতিষ্ঠা করত শিবমন্দির স্থাপন করেন। S. Ry. ষ্টেশন—ত্রিচ্র। [চৈ চ মধ্য হাং ২০ ; চে ভা লা লি হাং ২০] ২ সরস্বতী নদীর তীরবর্তী কুপ [ভা ° ২০ ৭৮ ৮০ তেবিণী]

কুপ [ভা° ১০।৭৮।১০ তোষণী]

ক্রিপত্তী—(তিরুপতি, ত্রিমঙ্গ, তিরুমলয়)—উত্তর আর্কটে চন্দ্রগিরি
তালুকের অন্তর্গত প্রসিদ্ধ তীর্ধ।
ব্যেষ্টেশবের নামামুসারে ব্যেষ্টগিরি বা ব্যেষ্টান্দ্রির উপর আট মাইল
দূরে 'শ্রী' ও 'ভূ'-শক্তিসহ চতুর্ভ জ
বালাজী (বিফুবিগ্রহ) আছেন।
ইহাকে ব্যেষ্টক্লেত্রও বলে। নিয়তিরুপতি ব্যেষ্টাচলের উপত্যকায়
এবং তিরুমল্লয় উর্জ্বতিরুপতির প্রাচীন
নাম বলিয়া ধারণা হয়। M. S. M.
Ry. তিরুপতি ওয়েই ও তিরুপতি
ইই। শ্রীগোরপদান্ধিত (চৈ॰ চ॰
মধ্য ১)১০৫, ১।৬৪)।

ত্তিপদীনগর – মাদ্রাজে, উত্তর আর্কট জেলায়। ঐ স্থানে ত্বলু বা ত্বলিভ গোসাই-নামক জনৈক বাঙ্গালী বৈঞ্বের সমাধি আছে। গোকণ গিরিতে ঐ সমাধি—গিরির উপরেই। হর্লভ গোস্বামী মহাপ্রভুর শ্রীবিগ্রহ সেবা করিতেন। তিনি পরলোক গমন করিলে ঐ বিগ্রহ কুন্তকোণমে জনৈক ব্রাহ্মণগৃহে নীত হন। অভ্যাবধি ঐ বিগ্রহ ঐ স্থানেই আছেন। হুর্লভ গোস্বামীর নিত্য পাঠের শ্রীচৈতভাচরিতামৃত গ্রন্থের (পুঁথির) করেক পৃষ্ঠা ত্রিপদীর বৈঞ্চবাচার্যগণের গ্রহে স্যত্ত্বে রক্ষিত আছে।

ত্রিপুরা-ধন্ত মাণিক্য (১৪৬৩-১৫১৫

উৎকল্খণ্ড. शाँठानी ७ জ্যোতিষের যাত্রারত্বাকরের বঙ্গামুবাদ করাইয়াছেন! অমর মাণিক<u>ের</u> পুত্র রাজধর মাণিক্য গৌড়ীয় বৈষ্ণব ধর্মে দীক্ষিত হন (১৬১১---২৩ খুঃ)। তিনি সার্বভৌম ও বিরিঞ্চিনারায়ণ-নামক পর্ম বৈষ্ণ্যব পুরোহিত ২০০ ভট্টাচার্যের সহিত সর্বদা <u>শ্রীমদভাগবতাদি</u> শাস্তালোচনা করিতেন। রভু মাণিকোর কালে (১৭১২খুঃ) কুমিলার প্রসিদ্ধ '১৭ রতন' মন্দির নির্মিত হয়। দ্বিতীয় ধর্ম মাণিক্য (১৭১৪-৩২) অপ্তাদশ পর্ব মহাভারতের অমুবাদ করান। উনকোটি তীর্থের শিব ३५० इह লম্বা ও এক কর্ণ হইতে অপর কর্ণ

গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ভূক্ত ছিলেন—
বছতর কীর্ত্তনগীত রচনা করিয়া
তিনি শুদ্ধভাবে বছকাল উপাসনা
করিয়াছেন — গোস্বামিবৈষ্ণবিদিগকে
সময়ে সময়ে সাহায্য করিয়া
বৈষ্ণবধর্ম-প্রচার সম্বন্ধে অনেক
উপকার করিয়াছেন—অনেকগুলি
টীকার সহিত শ্রীমদ্ভাগবত মুদ্রিত

২> ফুট। 'মহারাজ বীরচক্র মাণিকা

করিয়াছিলেন। বল্ ভক্তিগ্ৰম্থ-প্রচারকার্যে তিনি বিশেষ সহায়তা করিয়াছেন' (সজ্জনতোষণী ৮।১০) । রাধাকিশোর মাণিক্য ও তাঁহার প্রাইভেট সেক্রেটারী রাধার্মণ ঘোষ মহাশয় বহু অর্থব্যয়ে বহরমপুরে বাধারমণ যন্ত্রালয় স্থাপন করত শ্রীরামনারায়ণ বিভারত্বারা অনেক অপ্রকাশিত বৈষ্ণবগ্রন্থ-মুদ্রনের যথেষ্ট ত্ববিধা করিয়াছিলেন। ত্রিপুরাবাদিরা মহাপ্রভুর দর্শনে নীলাচলে গিয়া-ছিলেন। [চৈ° ভা° অস্তা না২১৪] ত্রিপুরার চতুর্দ্দশ দেবতা---भिन, छूर्ना, हति, नन्त्री, नाग्राप्तिनी, কাত্তিক, গণেশ, ব্ৰহ্মা, পৃথিবী, সমুদ্ৰ,

গঙ্গা, অগ্নি, কামদেব ও হিমান্তি।
ইংবারা ত্রিপুরা-রাজবংশের কুলদেবতা। ঐ সকল দেবদৈবীর ১৪টি
মস্তক অর্চিত হইয়া থাকে।
মহাদেবের মস্তকটি রক্ষত-নির্মিত।
ইহাদের প্রতিষ্ঠাতা—মহারাজা
ত্রিলোচন। ইনি প্রায় চারি সহস্র
বংসরের লোক। প্রথমে এই সকল
বিগ্রহ ত্রিপুরার প্রাচীন রাজধানী
উদয়পুরে স্থাপিত ও তৎপরে আগরতলায় নীত হন। আযাটী শুক্লা

অষ্ট্রমীতে দেবতাগণের বিশেষভাবে

অর্চনা হয়। ঐ দিন আগরতলায়

'খারচীপূজা' হয়।

ক্রিমঠ—হায়দরাবাদের নিকটবর্তী
ভান। প্রীবামনদেবেরমূর্ত্তি—প্রীগোরপদাঙ্কপূত (চৈ° চ° মধ্য ১।২১)।
কেহ কেহ কাঞ্চীপুরকে 'ত্রিমঠ'
বলেন, যেহেতু এস্থানে বৈশ্বনিগের
বরদরাজ বিষ্ণুর মন্দির, শৈবদিগের
একামনাথের মন্দির গবং বৌদ্ধদিগের

বৌদ্ধবিহার আছে। S. Ry কঞ্জিভেরাম্ ষ্টেশন।

ত্রিমলয় -কঞ্জিভেরাম বা কাঞ্চীর তিরুমালপুর। ২ ষ্টেশন পরের তিরুমালা— যাদ্রাজ প্রেসিডেন্সীর উত্তরে আর্কট জিলায় পার্বতা নগর। M. S. M. Rv তিরুপতি ইষ্ট **८ हेमन। अञ्चारन प्रबन्धनारमरवत्र मृ**र्छि ছিলেন। প্রবাদ-শ্রীলরামান্সচার্যের সম্বুথে উহা চতুভূজি বিফু মৃতিরূপে প্রকটিত হন। ('তিরুপতি' দেখন) তিমল (তিরুমলয়)—তাঞ্জোর জিলা। (ত্রিপদী —ভিক্লপতি বা ভিক্লপট্টুর) উত্তর আর্কটে। বোঙ্গটাচলের উপতাকায় অবস্থিত। শ্রীরামচন্দ্রের মন্দির আছে। উপরে বালাজির মন্দির। প্রীগৌরনিত্যানন্দের পদান্ধ-পুত (চৈ° চ° মধ্য ৯।৬৪, চৈ° ভা°

व्यक्ति वात्रव)। ত্তিযুগী নারায়ণ—ক্তপ্রয়াগ হইতে কেদারনাথ যাওয়ার পথে অবস্থিত। এস্থানে ভূ ও লক্ষীদেবীর সহিত নারায়ণ বিরাজ করেন। সরস্বতী গলার এক ধারায় এন্থলে চারটি কুও হইয়াছে—বন্ধকুও, ক্দ্ৰকুও, বিষ্ণুকুও ও সরস্বতী কুণ্ড। কন্দ্রকুণ্ডে ম্বান, বিফুকুণ্ডে মার্জন, ব্রহ্মকুণ্ডে অাচমন এবং সরস্বতী কুণ্ডে তর্পণ করিতে হয়। মন্দিরে অথও ধুনী षनिতেছে। যাত্রী ধুনীতে হোম ও স্মিৎ প্রকেপ করে। কথিত হয় যে উহা শিবগোরীর বিবাহ-স্থান। দ্বই মাইল চড়াই করিয়া শাকগুরী (মনসা) দেবীর মন্দির পাওয়া যায়। ক্রিবেণী—হগলী জেলায়। হাওঢ়া কাটোয়া লাইনে ত্রিবেণী টেশন হইতে সামান্ত দুরে ঘাট। সপ্তগ্রামে অবস্থানের সময় ত্রিবেণীর ঘাটে শ্রীঞ্জীনিত্যানন্দ প্রভু স্নান করিতেন। সপ্তগ্রাম হইতে ৫।৬ মাইল। ত্রিবেণীর উত্তরে বংশবাটীতে শ্রীহংসেশ্বরীদেবীর একটি বৃহৎ মন্দির

ত্রিবেণী—গঙ্গা, যমুনা ও সরস্বতীর সঙ্গন। ইহা 'মুক্তবেণী' বলিয়া বিশেষ তীর্ব। যুক্তবেণী কিন্ত গুয়াগে।

আছে।

উড়িয়ার নৃপতি শ্রীযুকুন্দদেব ত্রিবেণীতে একটি গঙ্গার ঘাট করিয়া-ছিলেন। (উহার রাজ্যপ্রাপ্তিকাল —১৫৫২ খৃঃ অঃ)। ঐ ঘাট চাঁদনীহীন।

১৫৬০ খৃঃ তেলেঙ্গা বংশের হরিচন্দন মুকুন্দদেব উড়িন্দার সিংহাসনে
আরোহণ করেন। মোগল সমাট
আকবরের সহিত গৌড়ের পাঠান
হুলতান সোলেমান কোরবাণীর
বিরোধের হুযোগে মুকুন্দদেব আকবরের সহিত সন্ধি করিয়া ১৫৬৫
খৃঃ গৌড়রাজ্য আক্রমণ করেন এবং
ত্রিবেণী পর্যস্ত রাজ্যবিস্তার করেন।

বেছলা সতী মৃতপতি লখিদরকে
লইয়া ভেলায় ভাসিতে ভাসিতে এই
ত্রিবেণীতে নৃত্য বা নেতা রন্ধকিনীর
কাপড়কাচা ঘাটে আসিয়াছিলেন।
পূর্বোক্ত মুকুন্দদেবের ঘাটের কিঞ্চিৎ
উত্তরে বা ত্রিবেণী ও কান্দাপাড়ানামক স্থানের মধ্যে একখানি প্রস্তর
আছে। উহাকে উক্ত রঞ্জকিনীর
'কাপড়কাচা পাটা' বলে। তমলুকেও
একাপ রক্ষকিনীর পাটা আছে ও

বেহুলা সতী তথায় গিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে।

ত্রিবেণীঘাট হইতে দক্ষিণদিকে রাস্তার উপরে জাফর খাঁর মদজিদ। थे शाम शूर्व हिन्दूमनित हिन। ঐ জাফর খাঁ (দরাফ খাঁ) গঙ্গাভক্ত গলাদেবীর মহিমাস্চক ছিলেন। ম্ব রচনা করিয়াছিলেন। (Hunter's Statistical Account of Bengal vol III page 311) বিবরণ আছে ও ঐ মসজিদের উহাতে যে আরবীলেখাগুলি আছে. তাহা হইতে জানা যায় যে তুরস্ক-দেশীয় মহম্মদ জাফর থাঁ-কর্ত্তক ৬৯৮ হিজরী ১২৯৪ খঃ মসজিদ নিমিত হয়। ত্রিবেণী মসজিদের লিপির পশ্চাতে কৃষ্ণমৃত্তি আছে। ২ ব্রঞ্জে, ব্রসানার নিকটবর্তী ক্ষুদ্রা স্রোতস্বতী (ভক্তি° (।৯১৯)। ত্রিশবিঘা-১৪২৯ শাকে বলে ভীষণ

ছভিক্ষ হইলে সপ্তথ্যামের উদ্ধারণ দন্ত
ঠাকুর অন্ধ্যক্র খুলিয়া অকাতরে
অন্নবিতরণ করিতেন। ঐ দরিম্রগণের জক্ষ যে ত্রিশ বিঘা জমির
উপর রন্ধনশালা নির্মিত হইয়াছিল,
তাহাই 'ত্রিশবিঘা' নামে কথিত হয়।
ইষ্টার্প রেলওয়ে আদিসপ্তথ্যাম ষ্টেশন।
ইষ্টার্প রেলওয়ে আদিসপ্তথ্যাম ষ্টেশন।
ত্রিহুত—ঘারতাঙ্গা সীতামারি
মহকুমার অন্তর্গত। মহাপ্রভুর ভক্ত
শ্রীল রঘুপতি উপাধ্যায়ের জন্মন্থান।
শ্রীল পরমানন্দপ্রীও এইস্থানে
আবিভূতি হয়েন। বর্ত্তমান সারণ,

চম্পারণ, মজফরপুর ও দারভাঙ্গা

ত্র্যম্ক-নাসিক হইতে ১৭ মাইল

দক্ষিণ-পশ্চিম কোণে

[है है जि जा नि २। ह ७]

অবস্থিত

3668

শৈবতীর্থ। পর্বতের সামুদেশে ত্রাম্বকেশ্বর-নামে শিবলিঙ্গ আছে। ভারতের নানাস্থানে যে প্রসিদ্ধ ঘাদশ শিবলিক আছেন—এই ত্রাম্বকেশ্বর শিব, তাহাদের মধ্যে নবম-স্থানীয়।

2, 7

৯।১৭৯, চৈ°ভা° আদি ৯।১৩৮)।

থ,রিয়া-নেদিনীপুরে প্রীগ্রামানন্দ-প্রভুও গ্রীরসিকানন্দের লীলাভূমি। প্রীবুন্দাবনচন্দ্রের সেবা। রি° ম° प्रकिष > > । । (থের্ট --- (থেরর) ব্রজে, শেষশায়ীর চারি মাইল দক্ষিণে, শ্রীক্রফের গোচারণ-স্থান ! দইগাঁও—'দ্ধিগ্রাম' দেখুন। **দক্ষিণখণ্ড---**মালিহাটীর নিকট। শ্রীযাদবেন্দু ঠাকুরের বংশধরগণের वाम । ३ च्छान् छिम्तत निक्ठेवर्छी । এন্থানে শ্রীখণ্ডের ঠাকুরবংশ করেন। দক্ষিণ গ্রাম——(মপুরায়) বসতি গ্রামের নিকটবর্তী, ব্ৰুলাবনে অবস্থিত। (ভক্তি ৫।৪৭৩) দক্ষিণ মথারা——(বা মাছরা) [অক্ষাংশ ৯।৫৫, দ্রাঘিমাংশ ৭৮।৭] —ভাগাই নদীর তীরে, শৈব-ক্ষেত্র। প্রীরামেশ্বর, প্রীম্মনরেশ্বর ও প্রীমীনাক্ষী দেবীর বৃহৎ মন্দির আছে। পাণ্ডাবংশীয় রাজাদের শাসনাধীনে এই নগরী বহুকাল ছিল। মুসলমান-আক্রমণে 'স্থন্দরলিঞ্চের' বহু অংশ বিধবস্ত হয় ৷ ১৩৭২ খৃঃ 'কম্পন্ন উদৈয়র' মাছরার সিংহাসন দথল করেন। বহুপূর্বে রাজা কুলশেখর এই পুরী নির্মাণ পূর্বক এস্থানে ব্রাহ্মণ উপনিবেশ স্থাপন করেন। এগৌর-

নিত্যানন্দ-পদাঙ্কিত (চৈ° চ° মধ্য

S. Ry মাছরা লাইনে মাছরা ∂ष्टेगन । দক্ষিণ মানস-গ্যাধামে অবস্থিত তীর্থবিশেষ। বিষ্ণুপদ - মন্দিরের কিঞ্চিদ্ধরে মৌনার্কনামক স্থ্যন্দিরের নিকটবর্ত্তী সরোবরে কনখল, তাহারই দক্ষিণে 'দক্ষিণমানস'। এথানে স্নান মৌনার্কের পূজা ও শ্রাদ্ধাদি কৃত্য। শ্রীগোর-পদান্ধিত স্থান (চৈ° ভা° व्यापि >१।७१]। **দক্ষিণ সাগর**—সেতৃবন্ধ রামেখরের মারার নিকটবর্ত্তী উপদাগর। শ্রীনিত্যানন্দ-দৃষ্টিপুত (চৈ° ভা° व्यापि वाऽ८९)। **দক্ষিণেশ্বর**—কলিকাতার উপকর্থে, চারিমাইল উত্তরে, ভাগীরথীর পূর্ব তীরে। রাণী রাসমণির কালীবাড়ী। **এরামক্বফ পরমহংসদেবের সিদ্ধি-**স্থান। শ্রীরাধাকান্ত, শ্রীভবতারিণী ও নিত্যপূজা **প্রীমহাদেবের** হয়. অতিথিসেবাও আছে। দণ্ডকারণ্য—উত্তরে 'থান্দেশ' হইতে দক্ষিণে আহম্মদ নগর এবং মধ্যে পর্যস্থ নাসিক ও আরঙ্গাবাদ গোদাবরী-নদীর তীরবর্তী ভূভাগ বা বিস্থৃত বনভূমি [চৈ° ভা' মধ্য ৩৷ ১১১]। পূর্বকালে দণ্ডক-নামে জনৈক রাজা ব্রহ্মশাপে সপরিজন ও সরাজ্য ভঙ্গীভূত হন; তাঁহার রাজ্য

অরণ্যানীতে পরিণত হইয়াছিল বলিয়া 'দ গুকারণ্য' নাম হইয়াছে। দণ্ডভাঙ্গা নদী—ভাগা নদীর আধুনিক নাম। অনতিদুরে 'দাওসাহি'-পল্লীতে 'দণ্ডভাঙ্গা গোপীনাপ' বিরাজমান। व्याग-- (शाद्यका) দঙ্গেশ্বর মেদিনীপুরে, স্থবর্ণরেখা নদীর ভীরে। প্রীপ্রীশ্রামানন্দ প্রভুর এই স্থানে পিতৃদেব শ্রীকৃষ্ণ মণ্ডলের বাস। দতিহা-- মথুরার পশ্চিম দিকে দারদেশে; দস্তবক্ত-বধের স্থান। **पखतांगी वाम**— छीहरहे, ঢাকাদকিণ মহাপ্রভুর পিতামহ পরগণায়। শ্রীল উপেন্দ্র মিশ্রের শ্রীপাট। এই-মহাপ্রভুর পিতদেব শ্রীপ্রীজগরাথ মিশ্র জন্মগ্রহণ করেন। শ্রীশ্রীশচীমাতা গর্ভাবস্থায় এই গ্রামেই ছिলেন, পরে औধাম নবদীপে গমন গমন করেন। দত্তরাণীগ্রামে প্রীচৈতক্যবিগ্রহ ও শ্ৰীকৃষ্ণবিগ্ৰহ সেবিত হইয়া আসিতে-ছেন। উহাকে 'ঠাকুর বাড়ী' বলে। **দধিগ্রাম**—(মথুরায়) কোটবনের নিকটবর্তী, শ্রীকৃষ্ণ-কর্তৃ ক গোপীগণের দধিলুঠের স্থান (ভক্তি ৫।১৪১৮)। দধিকুত্ত, মধুহদনকুত্ত, শৃলারমন্দির, শীতলকুণ্ড ও সপ্তবুক্ষমণ্ডলী দর্শনীয়। দর্ভশয়ন---S. Ry রামনাদ হইতে সাত মাইল। মনিংরে কুশশ্যাশায়ী

ভগবানের দ্বিভুজ বিশাল বিগ্রহ। প্রবাদ-বিভীষণের সম্ভিক্রমে গ্রীরাম এস্থানে কুশাসন পাতিয়া

তিন দিন ব্রতাচরণপূর্বক লক্ষা যাইবার জন্ত সমুদ্রকে পথ যাচ্ঞা করিয়া

শ্রন করেন। দশ্রাম—(মেদিনীপুর) সবস থানার,

গ্রীগোকুলানন্দ গোস্বামির সমাধি। >লা মাধ ঐখানে বিরাট মেলা হয়।

ঐ উৎসবের নাম 'তলসীচোরা যাত্রা'। গোকুলানন্দের সমাধির উপরে যাত্রিগণ এক মৃষ্টি করিয়া মৃত্তিকা নিক্ষেপ করে—ইহাই প্রথা।

এজন্ত ঐ সমাধিটী ক্রমেই উচ্চ স্তুপে

পরিণত হইতেছে। দশঘরা—হগলী জেলায়। শ্রীল-অদৈত প্রভুর সেবক শ্রীকমলাকান্ত

বিশ্বাসের শ্রীপাট। শ্রীশ্রীগোপীনাথের সেবা আছে।

দশাশ্বেধ্যাট-প্রাগে গলাতটে, শ্রীগৌরপদাঙ্কপুত ভূমি (চৈ° চ° मश २२। २ छे ९क (न,

যাজপুরে বৈতরণীর তটে, ঐ (হৈ° ভা° অস্তা ২।২৮৭)। ৩ মথুরাস্থ সরস্বতী-কুণ্ডের নিকটবর্তী, ঐ (চৈ° ম° শেব ২1১৩৪)। ৪ কাশীতে

গঙ্গাতটে।

দাঁহিহাট-(দণ্ডীহাট); বৰ্দ্ধমান জিলায় ব্যাণ্ডেল বারহারওয়া রেলের

ষ্টেশন আছে। গ্রাম—ষ্টেশন হইতে ২।৩ মাইল। কাটোয়া হইতে ৪ই

খোষের ভ্রাতা শ্রীমুকুন্দ ঘোষের প্রীপাট। তাঁহার সেবিত প্রীর্গিক রায় বিগ্রহ অন্তত্ত্র (শ্রীনিবাস আচার্য

প্রভুর প্রধান শাখা শ্রীল্যামাদাস

শ্ৰীবাস্থদেব

দানগড়—বর্মানায় অবস্থিত শাকরী-খোরের পশ্চিমে সংলগ্ন পাহাড়ের

বলিয়া প্রবাদ। এখানে শ্রীগোপীনাথ

চক্ৰববিব মতান্তরে শ্রীরামচরণ ঠাকুরের বংশধরগণের গ্রহে) আছেন। এস্থানে প্রীলগদাধর ভাস্কর এবং

নয়ান ভাস্কর ও গায়ন মুকুন্দ দতের শ্রীপাট। কাহারও মতে এল-

दःभीवननानम श्रीकृत्वत श्रीभावे छिन। দাঁইহাট এক সময়ে ইন্দ্রাণী পরগণার মধ্যে ছিল। কাটোয়া হইতে

र्ति।इड्राप्त যাইতে ঘোষহাটে ঘোষেশ্বর, পাতাইহাটে পাতাইচণ্ডী,

আকাইহাটে একাইচণ্ডীর স্থান। দাউজি—ব্রজের দক্ষিণগীমান্ত গ্রাম

নামান্তর—'রীড়া'। শ্রীমন্দিরে শ্রীরেবতী-বলদেব। দাক্ষিণাত্য-বিদ্যাচলের मिक्न-

দিগবতী ভারতের অংশ, দক্ষিণাপথ। **দাঁতন**—পূর্বদক্ষিণ রেইলওয়ে ষ্টেশন। ষ্টেশন হইতে এক মাইল দুরে। প্রবাদ-শ্রীমন্মহাপ্রভু এই

নিম্বভালের দাঁতন করিয়াছিলেন। সেই প্রাচীন নিমগাছ বক্ষতলটি মাটি দিয়া বাঁধান। উহার নিকটেই মন্দিরে শ্রীজগন্নাথ দেব ও

শ্রীশ্রীনিতাইগৌর শ্রীমৃত্তি আছেন এবং কতকগুলি সমাধি আছে ৷ অন্নকুটে উৎসব হয়।

দাঁতনে খামলেখন মহাদেব আছেন। প্রস্তরের প্রকাণ্ড বণ্ড। ছুরুত্ত কালাপাহাড় ষণ্ডের ভান্ধিয়া দিয়াছিল। वृक्षरमत्वद्र मञ्ज धरे श्रारम हिन

যন্দির ও শ্রীচৈতন্ত মঠ আছে।

ও হিণ্ডোলা আছে।

দানঘাট—শ্রীগোবর্দ্ধনের উপরি

বিরাজমান এক্লিঞ্চ-কর্ত্তক গ্রাদান-সাধনের স্থান (ভক্তি° ৫।৬৬>—৬৮)। দানঘাটীতে শ্রীক্লফের উপবেশন-

স্থানের উপরে শ্রীমন্দির। তাহার দক্ষিণে গিরিরাজের উপরে দাদী-

রায়ের মন্দির। দাননিবর্ত্তনকু ও—— প্রীগিরিরাজের

প্রান্তবর্তী গোবিন্দ কুণ্ডের নিকটে দানকেলি-সম্পাদনের স্থান।

দানপর্বত-(মথুরায়) বরসানায়

শ্রীরাধার মন্দিরের নিকটে দানগড়। **मारमानत कूछ--(** मथूतांश) कामा-

বনের অন্তর্গত। দারানগর-বিজনীর হইতে ৮মাইল দুরে, ইহার আধ মাইল দুরে গঞ্জ-নামক স্থানে কাতিকী পূর্ণিমায় মেলা

বসে। দারানগরে বিছর-কুটী আছে। মহাভারতের যুদ্ধকালে - এহানে জীগণ শিবিরমধ্যে পাওবগণের ছিলেন। বিছুর কুটীরের দর্শনার্থ

শ্রাবণ মাদেও যাত্রী-স্মাগ্ম হয় ৷ কাত্তিকী শুক্লা গপ্তমী হইতেই এস্থানে

দশ কড়া কড়ি মারা শ্রীলঅভিরাম

<u>ভী,আচার্যপ্রভুর</u>

গঙ্গা-সৈকতে মেলা হয়। मात्रादकश्वत नमी-शनाकृत कृष्ण-নগরের নিকটবর্তী নদী। এন্থানে

পরীকা হয় ৷ **फिश** - मथुतात लाठावन, खटकत नीमात

গোপাল-কৰ্ত্তক

বাহিরে অবস্থিত। এস্থানে দাউজির মন্দির ও রূপসাগর অবস্থিত। দিগ্ৰগর-নদীয়া জেলায় ৷ এখানে

১৫৯১ শাকে নবদীপের রাজা বিছোৎসাহী রাঘব একটি দীঘি খনন

মাইল। এখানে

করেন ও রাঘবেশ্বর শিব প্রতিষ্ঠিত করেন। মন্দিরের লিপি এইরূপ-সোমনবেষ্চন্দ্রগণিতে TTO TE পুণ্যৈকত্বাকরো, ধীরশ্রীযুতরাঘবো দ্বিজমণিভূমিত্বজামগ্রণীঃ। নির্মায় স্ফরদুমি - নির্মলজন - প্রত্যোতিনীং দীঘিকাং. ভত্তীরে কৃতরম্যবেশানি শিবং দেবং সমস্থাপয়ৎ ॥' খঃ উনবিংশ শতকের শেষ प्रभटक এস্থানে প্রপ্রসিদ্ধ কীর্ত্তন-গায়ক শ্রীপ্রীরাধারমণ চরণ দাসজী জীহরি-নামে একটি বৃক্ষকে নাচাইয়াছিলেন। স্থানীয় লোক ঐ বৃক্ষকে 'কল্পবুক্' বলে এবং কামনাসিদ্ধির জন্ম মানত করিয়া থাকে ৷

দিনাজপুর — অত্তত্য কান্তনগরের শ্রীকান্তজির মন্দির অতিপ্রসিদ্ধ। কারুকার্য অতিস্থন্দর, সেবা-পরিপাটীও প্রশংসনীয়।

দিল্লী—বর্তমান ভারতের রাজধানী,
প্রাচীন ইন্দ্রপ্রস্থের নিকটবর্তী
[চৈ° ভা° আদি ১৩/১৬০]।
দীনারপুর—প্রীহটে, গ্রাম শতক,
ঠাকুর বাণীনাথের প্রীপাট। ইহারা
ভজবালের গোস্বামি-বংশ। বাণীনাথের শিদ্য জজ্ঞান দাস, ধর্মদাস
ও গঙ্গারাম ঘোষ। বাণীনাথের প্র অনস্ত ও রাজেন্দ্র, অনস্তের প্র ফলী। ঐ ভানে বাণীনাথের

রোপিত তিন শত বৎসরের প্রাচীন

একটি তেঁতুলগাছ আছে। এই

উৎসব হয়। উক্ত গঙ্গারাম ঘোষ

ইটা মহলের বাহ্মদেব ঘোষ-বংশীয়

তেঁতুলতলায় মাধী শুক্লা

অধিকারী।

দীর্ঘবিষ্ণু- মথুরাস্থিত দেবস্থান-

বিশ্রামঘাটের সন্ধিকটে; শ্রীগোরপদাঙ্কিত ভূমি (চৈ° চ° মধ্য
১৭।১৯১)।

তুর্বশন—(দর্ভশয়ন) শ্রীরামচন্দ্রের

যব্দির। মান্তরা জিলায় রামনাদ

ত্বশন-(দর্ভশরন) শ্রীরামচন্দ্রের
মন্দির। মান্ধরা জিলায় রামনাদ
হইতে সাত মাইল পূর্বে সমুদ্রের
ধারে। শ্রীগোরপদান্ধপূত (চৈ ° চ °
মধ্য ৯০১৯৮)। প্রবাদ-শ্রীরামচন্দ্র
রামনাদের রাজার উপর সেতৃরক্ষার
ভারাপণ করিয়াছিলেন। শ্রীরাম
সেতৃবন্ধনার্ধ বরুণদেবের সাহায্যপ্রার্থী হইয়া দর্ভ বা কুশ শ্যায়
শরন করিয়াছিলেন বলিয়া উহার
নাম হয়—দর্ভশয়ন। S. Ry
লাইনের শেষ রামনাদ ষ্টেশন।
সুলালি প্রগণা-শ্রীহটে; এই

লাহনের শেষ রামনাদ প্রেশন।

হলালি পরগণা— গ্রীহট্টে; এই
স্থানে মহাগ্রন্থর প্রিকর শ্রীল

মুরারি গুপ্ত জন্মগ্রহণ করেন, পরে
ইনি নবদ্বীপ-বাসী হয়েন।

দেউলিগ্রাম—(বাঁকুড়া) খ্রীনিবাস-শিষ্য শ্রীকৃষ্ণবল্লভ ঠাকুরের জন্মস্থান; বনবিষ্ণুপুরের অন্তর্গত, দারুকেশ্বর নদীর দক্ষিণ তীরে (ভক্তি ৭।১৩৪)। ২ বীরভূম জেলায় অজয়তীরে এই গ্রামে দেউলীশ্বর মন্দির আছে। ইহার নিকটে যে প্রস্তর খণ্ড পড়িয়া আছে. অত্তা প্রবাদ এই যে মধ্যে মধ্যে দেউলিতে আসিলে ঠাকুর লোচন ঐ প্রস্তার খণ্ডে বসিয়া শ্রী চৈতের মঞ্চল ক বিছেন। বচনা নিকটবর্তী কাকুটিয়া গ্রামে তাঁহার খণ্ডরালয় ছিল।

কেরান্য হিলা

কেরুড় – নবদীপ হইতে চারি কোশ

পশ্চিমে। পোঃ পুটশুড়ী, জেলা-—

বর্দ্ধমান। মস্তেশ্বর থানা হইতে তিন

মাইল। ভাগীরণী হইতে মৃদ্ধাপুরের

निक्ठे थि नहीं निया नाहन घाठे হইয়া স্কুটরা গ্রানের ঘাটতলা হইতে দেহত দেড় ক্রোশ। প্রীকেশব ভারতীর জন্মভূমি, আবির্ভাব ১৩৮০ শাকে: 'ভারতীর গোডে'-নামক পুষ্করিণীর পারে শান্তিকটীরে তাঁহার ভজন-স্থান। সন্ন্যাসের পরে জেলার খাটুন্দি গ্রামে বৰ্জমান আসেন। তথায় শ্রীগোপাল **গ্রিগোপীনাথে**র সেবা প্রকাশ করেন। উহা 'গ্রীকেশৰ ভারতীর শ্রীপার্ট' নামে খ্যাত হয়। খাটুন্দীর নিশাপতি-নামক টেষাপতি 13 ভ্রাতৃগয়কে ঐ সেবা প্রদান করেন। ভারতীর জ্যেষ্ঠ সহোদর বলভদের পুত্র গোপাল ইহার নিকট দীকা গ্রহণ করেন ও বন্ধচারী উপাধি পান। উহাকে ভারতী শ্রীগোপীনাথ ও পাঁচটি বালগোপাল মৃতি প্রদান করেন। গোপালের বংশধরগণ ঐ গ্রামে বাস করিতেছেন'। পরে কেশব ভারতী কাটোয়ায় আগমন করেন। কাটোয়ায় প্রীশ্রীমহাপ্রত্নর মন্দিরের পশ্চিম-দক্ষিণ কোণে ইঁহার সমাধি আছে।

নিমান আছে।

ক্রেড্রের উত্তর প্রাস্ত দিয়া
থড়োশ্বরী নদী প্রবাহিত হইয়া
নবদীপ ও কালনার মধ্যবর্তী
মূজাপুরের নিকট মিলিত হইয়াছে।
বর্ষাকালে জলপথে দেমুড়ে যাওয়া
যায়।

এই স্থানে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর শ্রীচৈতক্তভাগৰত রচনা করেন। তিনি দেমুড়ে শ্রীনিতাই-গৌর শ্রীবিগ্রহ স্থাপন করেন। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের মাতা ঠাকুরাণী

গ্রীশ্রীনারায়ণী দেবী এই স্থানে **এ** এ নিত্যানন্দ থাকিছেন। প্ৰভ দেমুড়ে 'ধরার পুন্ধরিণী'-নামক আম্র-বুক্ষের বাগানে আগমন করেন। ঐ স্থানের হরীতকীতলায় তিনি ভোজন ও বিশ্রাম করিয়াছিলেন। বর্ত্তমানে সে বৃক্ষ নাই। গ্রীবন্দাবন দাস প্রীরামহরি দাস নামে তাঁহার এক শিয়কে শ্রীনিতাইগোরের সেবা প্রদান করেন এবং অন্ত শিঘ্য শচী দাসকে গ্রীরাধাকান্তসেবা শচী দাস চাকটায় বাস করেন। এক শিঘা গোপীনাথকে আর গ্রীবৃন্দাবনচন্দ্রের সেবা প্রীগোপীনাথ বিভাগ্রামে বাস করেন। দেবীদাস-নামক শিখাকে খ্যামস্থলরের সেবা দেন। দেবীদাস সম্বরী গ্রামে বাস করেন।

দেমুডের উত্তর প্রান্তে দীনেশ্বর নামে প্রাচীন শিব আছেন।

वह श्रीभारि वह भूषि हिल। ৫০ বৎসর পূর্বে নাথু চক্রবর্তী-নামক শ্রীপাটের পূভারী ঐ সকল গ্রন্থ ১৬১ টাকায় নিকটবর্তী পাটুলীগ্রামের কিশোরী সামস্তকে বিক্রম করেন। (গৌরাঙ্গ-দেবক ১৩২০। শ্ৰাৰণ ৩২০ পৃ:)

মহাপ্রভুর হস্তাক্ষর—শ্রীথী-নিত্যানন্দ প্রভু তাঁহার প্রিয় শিব্য বালক শ্রীল বুন্দাবন দাস ঠাকুরের জন্ম শ্রীল গদাধর পণ্ডিতম্বারা একথানি গ্ৰীমন্তাগৰত গ্ৰন্থ লিখাইয়া লইয়া-ছিলেন। উহার কোনও কোনও পত্রের পার্ষে (মার্জিনে) মহাপ্রস্থর প্রীহন্তের লিখিত ২।৪টী শব্দার্থ লিখিত আছে উক্ত শ্ৰীগ্ৰন্থ দেমুড়

শ্রীপাটে রক্ষিত আছেন। এক পুঠা বরাহনগর গ্রন্থ-মন্দিরেও আছে। দেবকীকু গু-(মথুরায়) কাম্যবনের অন্তর্গত (ভক্তি ৫।৮৭৯)। দেবকুণ্ড-গয়াজিলায়, চাবনাশ্রম; চাবনেশ্বর শিব আছে। দেবগিরি (দৌলতাবাদ) মধ্যরেইল-ওয়ের দৌলতাবাদ ষ্টেশন হইতে ৪ মাইল। হেমাদ্রি এস্থানে বোপ-দেবের মন্ত্রী ছিলেন। দেবগ্রাম—মুশিদাবাদ (মতান্তরে নদীয়া জেলায়)। নলহাটি-আজিমগঞ্জ রেলে সাগরদীঘি ষ্টেশন र्टेए किছू मृत्त्र हित्तांना यां छि-গ্রামের নিকট দেবগ্রাম। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুরের আবির্ভাব-जृगि। দেবপল্লী—গ্রীধাম নবদীপের অম্বর্গত গোক্রমদীপে ও রুফ্তনগর হইতে তিন্মাইল নৈথ তে অবস্থিত 'দেপাড়া'। এইস্থানে সত্যযুগে গ্রীনৃসিংহ হিরণ্যকশিপুকে বধ করত করেন। **এীনুসিংছদেবের** ত্মপ্রাচীন মন্দির। গ্রীবিগ্রহ কষ্টিপাথরে খোদিত, চারিফুট উচ্চ। তাঁহার পদতলে প্রহলাদ পতিত ও অকে হিরণ্যকশিপু শায়িত। ছই হত্তে গদা ও চক্র, অপর ত্বই হস্ত হিরণ্য-কশিপুর বক্ষোবিদারণে নিযুক্ত। ইনি 'জাগ্ৰত' দেবতা বলিয়া স্থানীয় কিম্বদন্তী। পায়সাল ব্যতীত অগ্ৰ स्वा এখানে ভোগ হয় ना : खनानी

পায়সাল দ্বারা স্থানীয় শিভগণের

অরপ্রাশন হয়। নৃসিংহচতুর্দশীতে

বিশেষ পূজাদি হয় এবং তৎপর দিন

মেলা বদে।

দেব্যানী-পশ্চিম রেল্ডয়ের ফুলেরা জংসন হইতে ৫ মাইল দুরে 'সম্বরলেক' ষ্টেসন, তাহা হইতে ছই মাইল দেবযানী গ্রাম। সরোবরের পার্শ্বের দেবমন্দিরে শুক্রাচার্য ও দেবযানীর মৃত্তি আছে। বৈশাখী পূর্ণিমায় মেলা হয়। প্রবাদ-এখানে দৈতাগুরু শুক্রাচার্যের আশ্রম ছিল। এই সরোবরে স্নানকালে ভ্রমক্রমে শর্মিষ্ঠা দেব্যানীর বস্ত্র পরিয়া विवान करत्न (छ। ७।)। দেবপ্রয়াগ-ছবীকেশ হইতে ৪৪

দেবহাটা

মাইল, মোটরবাসযোগে যাওয়া যায় ৷ এখানে ভাগীরথী (গঙ্গোত্তরী হইতে আগতা) ও অলকাননার (বদরীনাথ হইতে আগতা) সঙ্গম। উপরে এরিঘুনাথ, আছ বিখেশর, গঙ্গাযমুনার মৃত্তি আছে। তিন পর্বত-গুঞাচল, নরসিংহাচল ও দশর্থাচল। ইহাকে প্রাচীন 'স্কুদর্শন ক্ষেত্ৰ' বলে। এস্থান হইতে একমাৰ্গ বদরীনাথে গিয়াছে,অন্ত মার্গ টিহরী ও ধরাত্র হইয়া গঙ্গোত্রী ও যমুনোত্রী পর্যস্ত গিয়াছে ৷

(मवनीर्वश्वान कू७--(मथूताम) বেছেজ গ্রামের চারি মাইল বায়ুকোণে। এ স্থানে ইন্দ্রের দৈক্ত প্রকাশ হয়। গোচারণবেশী খ্রী-কুষ্ণকে দেবগণ এখানে স্তুতি করেন। দেবস্থান-সম্ভবত: তাঞ্চোর জিলায়. শ্রীবিষ্ণুর অর্চাপীঠ, শ্রীগোরপদাঙ্কপুত স্থান (চৈ° চ° মধ্য ৯/৭৭)। কেছ কেহ ইহাকে 'তিকুমালা' 'তিরুপতিদেবস্থানম' বলিয়া নির্দেশ করেন। [ত্রিমল ডাইবা]।

দেবহাটা--২৪ পরগণা। সাতক্ষিরা

সাবভিভিসনের যমুনা ও ইচ্ছামতী নদীর বামতীরে গ্রীপাদ গোকুলা-নক্ষের শ্রীপাট। ১২ শত নেডাও ১৩ শত নেডীর সঙ্গভয়ে ঘাঁহারা প্লাইয়া যান, তাহাদের মধ্যে ইনিও একজন। গোকুলানন্দ পলাইয়া -প্রথমে যমুনা ইচ্ছামতী নদীর দক্ষিণ তীরে রামেশ্বরপুর গ্রামে কৈবর্ত্তদের বাটীতে আশ্রয় লন। এই স্থানে গোকুলানন্দের অলোকিক ক্ষমতায় বহুলোক আরুষ্ট হন: ঐ গ্রাম একণে নদীগর্ভে। পরে রামেশ্বরপুরের পরপারবর্তী দেবহাটায় গমন করেন ও ঐ शास्त्र क्रक्षिक्त क्रीधुती নামক জনৈক সাধুর ভবনে অবস্থিতি क्रांचित्र परत प्रशाह 'शांकूलानस्मत्र পাট'-নামে অভিহিত হয়। কৃষ্ণ-কিশোর চৌধুরীর বংশধরগণই উক্ত ুপাটের বর্ত্তমান সেবায়েত। শ্রীপাটে গোকুলানন্দের সমাধি, কাষ্ঠপাতকা ও আশাবাড়ি আছে। দেবমনিতে ্শীরাধাক্ষ বিগ্রহ ও শীশিলা আছেন। কাতিক মাসে একমান অবিরাম 'হরেক্ক মহামন্ত্র' কীর্ত্তন रय। हिन्तूम्मनमान मकलाई এई পাটবাড়ীকে ভক্তি করে ও মানত করে।

্ছিলেন। ঢাকাতে নবাব সরকারে ু মুন্সিগিরি কার্য করিতেন। তিনি धाननारत्र वसी वहेग्राष्ट्रितन। দেবী আঠাস—ব্রজে, প্রীকৃষ্ণ-ভগিনী একানংসা দেবীর গ্রাম। অইভুজা দেবী-এই গ্রাম 'আঠান' গ্রামের

এক মাইল পশ্চিমে অবস্থিত।

रिमर्ड वा मधिया—(वर्क्क्यान) ज्

গোকুলানন্দ পূর্বাশ্রমে কায়ং

শ্রীশ্রীগোডীয়-বৈষ্ণব-অভিধান (8) . व्यात तामकीवनपुत (ष्टेमन) रहेट जिन गारेन पिकाल। श्रीन গোপালদাসের সমাজ আছে ৷ মাকরী সপ্রমীতে উৎসব হয়। দৈবতগিরি—শ্রীগিরিরাজ। (मार्गाडिया-ननीया (जना, जानाचार्व হইতে ৮ কোশ। শ্রীনিত্যানন বিহারভূমি—(টৈ° ভা° অস্থ্য ৫।৭০৯), দিজ বলরামদাস ঠাকুরের শ্রীপাট। দোমনমন-ব্রজে নন্দগ্রামের অগ্নি কোণে অবস্থিত। মন্দিরে শ্রীনুসিংহ-দেবের মৃতি। একদা প্রীরাধা ও শ্রীকৃষ্ণ উভয়েই মান করিয়া মনে করিলেন যে তাঁহারা স্থাস্থীগণের অলক্ষ্যে এমন স্থানে লুকাইবেন, रान (कहरे काहारक अ विद्या ना পান: কিন্তু ঘটনাচক্রে এই স্থানেই ছইজনের চারি চক্ষুর মিলন হওয়াতে মান প্রশমন হয় এবং ঐভানের প্রতি বর দেন যে তত্ততা বৃক্ষলতাদি যুগলিত হইয়াই অঙ্কুরিত ও বুদ্ধিপ্রাপ্ত হইবে। অভাপি সেই স্থানে যুগলিত বৃক্ষবল্লরী দৃষ্টিগোচর হয়। স্থানীয় লোক এস্থানকে 'ছমিলবন' বলেন। দোহনীকুও-(মথুরায়) বরসানার নিকটবর্তী গোদোহন স্থান। দোবিড-বিন্ধ্যাচলের দক্ষিণে অব-ম্বিত। স্থাবিড, কর্ণাট, গুর্জর, মহারাই ও তৈলন্ধ এই পঞ্চবিধ দ্রাবিড। কলিঙ্গদেশের দক্ষিণ সীমা হইতে কুমারিকা পর্যস্ত বিস্তৃত দক্ষিণ ভারত। শ্রীনিত্যানন্দ-পদান্ধিত (চৈ° ভা° वाित काऽ७६) হাদশ জ্যোতির্লিঙ্গ-কাঠিয়াবাড়ে

(>) त्यामनाथ, और मत्व (२)

যল্লিকাজুন, উজ্জ্মিনীতে (৩)

মহাকাল, নর্মদাতটে (৪) ওঁকারেশ্বর বা অমরেশ্বর, উত্তরাখণ্ডে (৫) কেদারনাথ, ভীমা নদীর তটে (৬) ভীমশঙ্কর, বারাণদীতে (৭) বিশ্বনাথ, গোত্মী [গোদাবরীর] তটে (৮) ত্রাম্বকেশ্বর. সাঁওতাল পরগণায় জৈসিডি জংগনের ৩ মাইল দুরে (৯) বৈজনাথ, গোমতী দারকা হইতে বেট্বারকা যাইবার পথে (১০) নাগেশ্বর, গেতৃবন্ধে (১১) এবং মধা রেলওয়ে মনমাদ ষ্টেশন হইতে দৌলতাবাদ ষ্টেশন হইয়া ১২ মাইল দূরে (১২) মুক্টেশ্ব। (শিবপুরাণ ৩৮) दाएम वन-'वज्यख्य' महेवा। দাদশাদিত্য-শ্রীবন্দাবনস্থ বিশেষ। শ্রীকৃষ্ণ কালিয়নাগকে দমন করিয়া কালীয়হদে বহুক্ষণ অবস্থান-হেতু শীতার্ত্ত হইলে ঘাদশ আদিত্য উদিত হইয়া এস্থানে তাঁহাকে স্বস্থ করেন। অত্যুক্ত স্থান বলিয়া ইহাকে 'টিলা' বলে | শ্রীমদনমোহনের পুরাতন মন্দিরের পশ্চাদেশে— গ্রীপাদ সনাতন প্রীমন্মহাপ্রভুর জন্ম মঠ (ছোট কুঠরি) প্রস্তুত করিয়াছেন (টে° চ॰ অস্তা ১৩।৬৯—१०)। ষারকা-(বারাবতী) [অক্ষাংশ ২২। ১৪, जाचिमाः म ७৮।८৮] छव्वतारवेत অন্তর্গত কাঠিয়াবাড়ের মধ্যে বিখ্যাত তীর্থ। আমদাবাদ হইতে ২৩৫ মাইল দক্ষিণ-পশ্চিমে এবং বরোদা হইতে ২৭০ মাইল পশ্চিমে। বিগ্রহ-শ্রীরণছোড়জী। মূল প্রতিমা অপস্ত হইয়া গুজরাটের অন্তর্গত ডাকোরে যান, দিতীয় প্রতিমাও ঐ-ক্রপে বটদ্বীপ বা শঙ্খেড় দ্বীপে

প্রতিষ্ঠিত হইয়াছেন। এক্ষণে তৃতীয়

বিগ্ৰছ মন্দিরে বিরাজিত ! প্রথমতঃ

নামক স্থানে ছাপ-গ্রহণ, তৎপরে

বটম্বীপের রণছোডজির দর্শন করিতে

হয়। পুরবন্দরের ৩০ মাইল দক্ষিণে

সমুদ্র-গর্ভে প্রাচীন দ্বারকার অবস্থান

निर्मिष्ठे इয় । नामाखत--कृभखनी।

অর্মরা-

গোমতী নদীতে স্নান.

স্থদি সপ্তম্যাং গুরে।' লিখিত আছে।

শিবসিংহের রাজবাটি দ্বারভাঙ্গার

ঐ স্থানে বিত্যাপতিনাথ-নামে শিব

चाट्टन। याची शृशियात्र छे९ नव इत्र।

শ্রিস্বামিপাদ

'দ্বৈপায়নী

ইহা প্রীক্ষের রাজধানী। দারকা-মাহাত্ম্য দ্রষ্টব্য। শ্রীনিত্যানন্দ-পদাস্কপৃত (চৈ° ভা° আদি ২।১১৬)। ছারকাকুও-(মপুরায়) কাম্যবনের অন্তঃপ্রাতী। ষারভাঙ্গা—মধুবনী ষ্টেশন হইতে তুই ক্রোশ পশ্চিমে। ত্রিহুতের অন্তর্গত সৌরাট গ্রামে বিছাপতির পিতা গজপতি ঠাকুর কপিলেশ্বর শিবপূজা করিয়া বিভাপতিকে লাভ করেন। উক্ত শিব অত্যাপি বিভ্নমান আছেন। রাজা শিবসিংহ বিভা-পতিকে বিশফি গ্রাম দান করেন। ঐ দাম-পত্তে (তামশাসনে) লক্ষণ-'সম্বত ২৯৩ (১৪০০ খুঃ) শ্রাবণ ধনশিলা—ত্রজে, যাবটের ছই মাইল পূর্বে, শ্রীধনিষ্ঠা স্থীর গ্রাম।

নিকট বাগবতী নদীর তীরে গজরথ-**ঘারহাটা** বা **দ্বীপাগ্রাম**—(হুগলী) পুরে ছিল। তাঁহারই রাণীর নাম হরিপাল ষ্টেশন হইতে ছুই জোশ, —লছমীদেবী। শিবসিংহের পিতা অভিরামগোপালের শ্রীক্ষানন্দ অবপুতের-শ্রীপাট। — দেবীসিংহ। বিভাপতির বংশধর-दৈপায়নী (আর্ঘা)—বোঘাই প্রদেশে গণ এখন সৌরাট গ্রামে বাস করেন। গোকর্ণ ও সুপারকের নিকটবর্তী; বিশফিতে বিস্থাপতির ভিটার একটি শ্রীগোর-নিত্যানন্দ-পদান্ধিত হুড় আছে। বর্ত্তমানে সকল স্থান (চৈ° চ° মধ্য ৯।২৮০; চৈ° ভা° জঙ্গলময়। ঐ ভিটার ধারে কমলা আদি ৯।১৫০)। শ্রীভাগ° ১০।৭৯। নদী-নামে একটি নদী আছে ও বিষ্ঠাপতি যে শিব প্রতিষ্ঠা করিয়া-২০ শ্লোকের টীকায় बल्बन (य हेश श्राप्तत नाम नट्स, ছিলেন, তাহাও আছেন। মন্দির প্রত্যুত দ্বীপবাসিনী আর্যা বা পূজ্যা ভাঙ্গিয়া যাওয়ায় শিব মাটীর ঘরে আছেন। সিঁডি দিয়া দেবীর নির্দেশক। মতান্তরে পশ্চিম নামিয়া অন্ধকারময় কুপমধ্যে মৃত্তি দর্শন উপকৃলে মুম্বাইদ্বীপ 'মুম্বাদেবীর' করিতে হয়। বিভাপতি সাহিত নামামুদারে প্রসিদ্ধ। মুম্বাইদ্বীপের বাজিতপুরে দেহরক্ষা করেন। ঐ অধিষ্ঠাত্ৰী দেবীই ঐ স্থানে গঙ্গাদেবীর একটি ফুক্মধারা আর্ঘা'। ভিক্টোরিয়া ষ্টেসনের নিকট প্রাচীন মন্দির ছিল-এক্ষণে কিন্তু আছে। বিভাপতির সিদ্ধিলাভ স্থান—মৌ উহা কল্বাদেবী রোড ও আবদার রহমান দ্বীটের সঙ্গমস্থলে অবস্থিত। বাজিতপুর—জেলা দারভাঙ্গা, বাজিতপুর ষ্টেশন হইতে এক মাইল। বোম্বে ষ্টেগন। 'ধহুফোটি' তীর্থ অন্ততম। উহা রামেশ্বর হইতে ৬ ক্রোশ দক্ষিণ-পূর্বে এবং রামনাদের নিকট। ঐগৌর-

ধনুস্তীর্থ—(ধনুষোট) মণ্ডপম ও পম্ম দীপের মধ্যবর্তী সমুদ্রে কতকাংশ বালুকাময় ও কতকাংশ জলমগ্ন পথ। পশ্বমু দৈর্ঘ্যে ৫ ট্র ক্রোশ এবং প্রস্থে ৩ ক্রোশ। পদ্ম বন্দর হইতে ছই ক্রোশ উত্তরে শ্রীরামেশ্বর-মন্দির। এস্থানে ২৪টি তীর্থ আছে, তন্মধ্যে

নিত্যানন্দ-পদাঙ্কপুত (চৈ° চ° মধ্য ৯।२००, চৈ°ভা° আদি ৯।১৯৫)। প্রবাদ-শ্রীরামচক্র বিভীষণকে লঙ্কায় অভিষিক্ত করিয়া প্রত্যাবর্ত্তনকালে বিভীষণ প্রার্থনা করিয়াছিলেন যে শ্রীরামচক্স নিমিত সেতু তাঁহার ধন্তর

অগ্রভাগ ধারা বিভিন্ন হউক, নতুবা ভবিষ্যতে অন্ত রাজা আসিয়া লঙ্কা আক্রমণ করিবে। প্রার্থনামুসারে এরামচন্ত্র (লক্ষণ) ধছুকোটি দারা সেতু ভঙ্গ করেন—সেই জন্ম তাহা ধহন্তীর্থ বা ধহুফোট তীর্থ হইয়াছে। S. Ry ধমুকোটি ছেমন। ২ গুজরাট জিলায় 'ভৃগুতীর্থ' বা ব্রোচ্। B. B. & C. I Ry ब्रामा नाहरन

তীরবর্তী, বিশ্রামঘাটের উত্তরে ঘাট।

ব্রোচ্ ষ্টেসন।

ধর্মকু গু—(মথুরায়) কাম্যবনের

অন্তর্গত (ভক্তি ৫।৮৪২)।

ধলেশর— বাজপুর রোড্ ষ্টেশন

হইতে ত্ই মাইল পূর্বে। এখানে যে
প্রাচীন মহাপ্রভুর সেবা আছে, উহা

শ্রীল নরোত্তম ঠাকুরের প্রবর্তিত

ধলিয়া প্রবাদ শুনা যায়। জনৈক
প্রাচীন বৈহ্যব মহাল্মা বলেন যে

মহাপ্রস্থ ঐস্থানে গমন করিয়া-

ছিলেন।

ধবলগিরি—ভুবনেশর হইতে ছয়মাইল পূর্বদিকে অবস্থিত ক্ষুদ্র পাহাড়। দয়ানদীর তীরে অবস্থিত। দ্বিভদ্রার অপত্রংশ 'দয়া'—ইহার তীরে দ্বীচি মূনির আশ্রম ছিল বলিয়া প্রবাদ আছে। ইহার শিথরদেশে অশোকের অমুশাসন-স্তম্ভ বিরাজমান। ধাত্রীগ্রাম—বর্দ্ধমান জেলা। হাওড়া-

कारिंग्रा नाहरन शिक्वीश्राम छिन।

श्रीश्रीनिज्ञानम প্রভু शिक्षीश्रीम अञ्चनामक खाञ्चन क्ष्मिनात्रक नीक्षिण करतन। हिन पात भाक्ज ७ दिक्छन-विद्यसी ছिल्लन; পরে পরম বৈক্ষব हन এবং ঐ স্থানে বিষ্ণু-বিগ্রাহ প্রতিষ্ঠা করেন।

ধানকুড়িয়া — চল্লিশপরগণায়, কলিকাতা হইতে ২৭ মাইল, অত্ৰত্য গাইনবাবু ও বল্লভবাবুরা প্রসিদ্ধ ধনী। বিখ্যাত দানবীর ভাষাচরণ এখানকার অধিবাসী ছিলেন। অত্রত্য শ্রীমদনমোহনমন্দির দ্রপ্তব্য। ধামরাই-চাকা জেলায়. මුමු-যশোমাধবজ্ঞীউর চতুভুজ মৃতি। ঢাকা প্রেশন হইতে সাভার, তথা হইতে মটুর ধামরাই। न्दक

এখানকার রথযাতা প্রসিদ্ধ। এখানে একটি বিরাট কারুকার্যখচিত আছে; এই রথ ও যশোমাধৰ বিগ্রহ মাধবপুরের রাজা যশোপাল কর্ত্তক প্রতিষ্ঠিত বলিয়া হয় ধামরাইর ৬ মাইল উত্তর-স্থিত বর্ত্তমান গাজীবাড়ী গ্রাম পূর্বে মাধবপুর বলিয়া পরিচিত ছিল। প্রবাদ— <u>খেতহস্তিতে</u> যশোপাল আরোহণ করত ধানরাই গ্রামের এক উচ্চ চিবির সন্মুখে আসিলে তাঁহার হন্তী আর অগ্রদর হইতে চাহিল না। তখন রাজাজায় স্থানটি খনিত হইলে মাধবের মন্দির ও

মৃতিটী আবিষ্কৃত হয়। যশোপালের

নাম হইতে দেবতা যশোমাধৰ নামে

কথিত হন। শুনা যায় যে পুরীধামের প্রথম জগন্নাথমূত্তি নির্মিত হইয়া যে

কাষ্ঠটি অবশিষ্ট ছিল, তাহাদারাই

যশোমাধবের বিগ্রহ নির্মিত হইয়াছে।

এতদ্ব্যতীত এ গ্রামে আভাশক্তি,

বাস্থদেব ও রাধানাথ আছেন। চৈত্রী শুক্লাত্রয়োদশী ও তৎপর দিন মদনচতুর্দশী তিথিতে এস্থানে মদনোৎসব ও কামদেবের পূজা হয়। ধারা—ইন্দোর হইতে ১৩ মাইল দুরে মহু ষ্টেসন। ওখান হইতে ৩৩ মাইল ধারানগরী,মোটর বাস পাওয়া যায়। ইছা ইতিহাস-প্রসিদ্ধ রাজা ভোজের রাজধানী। এখনও প্রাচীন ধ্বংসাবশেষ দেখা যায়। প্রবাদ— গোৱখনাথের শিষা বাজা এইস্থানে গোপীচন্দও বাজস্থ করিয়াছেন। অত্তা জৈনমন্দিরে পার্শ্বনাথের স্বর্ণমৃত্তি আছে। ধারাপতন তীর্থ—(মথুরায়) যমুনার ধারেন্দা বাহাত্তরপুর—মেদিনীপুর
জেলায়। এদ, ই, রেলওয়ে খড়গপুর
ষ্টেশনের নিকটবর্তী স্থান। শ্রীল
ভামানন্দ প্রভুর শ্রীপাট। ঐস্থানে
তাঁহার আবির্ভাব হয়—১৪৫৫ শকে।
পিতা শ্রীকৃষ্ণ মণ্ডল স্থবর্ণরেখার তীরে
দণ্ডেশ্বর প্রামের নিকট অন্থ্রায় বাদ
করিতেন।
শ্রীলগ্ডামানন্দপ্রভু পরে নৃসিংহপুরে

পের খাঁ-নামক জনৈক মুসলমান
ভামানন্দের শিব্য হয়েন, পরে ইহার
নাম—শ্রীচৈতভা দাদ হয়। ধারেন্দানিবাসী হরি গোপও শ্রীভামানন্দ
প্রভুর শিব্য হয়েন।
ধারেন্দাতে শ্রীভামানন্দ - শিব্য

ধারেন্দাতে প্রীশ্রামানন্দ - শিষ্য
দরিয়া দামোদর ও নিমু গোস্থামীর
প্রীপাট। মেদিনীপুর দণ্ডেশ্বর গ্রামে
প্রীশ্রামানন্দ প্রভু প্রীশ্রামন্থন্দরের
প্রতিষ্ঠা করেন। বর্ত্তমানে শ্রীবিগ্রহ
সিংভূম জেলায় প্রীশ্রামন্থনরপুরে
আছেন।
এই স্থানে শ্রীর্থিকমঙ্গল-প্রণেতা

এই স্থানে শ্রারাসক্ষর্গল-প্রণে শ্রীগোপীবল্লভ দাসের বাড়ী। **ধীরসমীর** – (শ্রীবৃন্দাবনে) বংশীবট-সমীপস্থ-যমুনা তীরবর্তী স্থান। ধুলাউডা—(মথুরায়) কাম্যবনের নিকটে অবস্থিত (ভক্তি° ৫/৮৮৪) এস্থানে গাভীপদরেণতে আকাশ আচের হইয়াছিল। ধোয়াঘাট—— শ্রীশ্রীগদাধর প্রভুর শ্রীপাট। মুশিদাবাদ ভেলা।

ভরতপুরের > বু মাইল উত্তর-পূর্ব কোণে। ময়রাক্ষী নদীর শাথা কুয়ে নদীর উপর। এই স্থানে মহাপ্রস্থ সন্ন্যাসের পরে ভ্রমণ করিতে করিতে আগমন করিয়া শ্রীচরণ ধোত করিয়াছিলেন।

(ধায়ানিকুও-(মথুরায়) নন্দীশ্বরের ঈশান কোণে—-দধিপাক্ত ধৌত-জলের স্থান (ভক্তি ৫।৯৬২)। ধোলপুর-অাগরা হইতে ধোলপুর রেইলওয়ে ধৌলপুর প্টেদন হইতে তিন মাইল দুরে মুচুকুন্দ তীর্থ! श्रानीय প্রবাদ—ইহাই মুচুকুন্দের শয়ন-স্থান ও তাহার দৃষ্টিতে কাল-যবনের বিনাশ হয়। ধ্যানকুও—(মপুরায়) কাম্যবনে

শ্রীকৃষ্ণ কর্ত্তক শ্রীরাধা-ধ্যান-স্থান। **ধ্রুবভীর্থ**—মথুরায় অবস্থিত যমুনার ঘাট—গ্রুবের তপস্থা-স্থান। একানে পিতৃপক্ষে স্থান তর্পণাদি প্রশস্ত। অত্রত্য টিলার উপরে শ্রীঞ্বের মৃতি। নগরিয়া ঘাট গ্রীধাম নবদীপের প্রান্তবাহিনী গঙ্গার ঘাট। ইহা বারকোণা ঘাট ও গঙ্গানগরের মধ্বেজী (চৈ° ভা° মধ্য ২৩। ৩০০) মতিগ্রাম-হালিসহরের দক্ষিণ দিকে অবস্থিত 'খাস্বাটী'। এস্থানে এ-

বুন্দাবন দাস ঠাকুরের জন্ম হয়।

निषीया-नवशील। **নন্দগ্রাম**—মথুরার বায়ুকোণে অবস্থিত গ্রাম—শ্রীনন্দ ননীশ্বর রাজার রাজধানী। মন্দিরে—শ্রীকৃষ্ণ বলরাম, जुङ्गार्स्य <u>जीनन्त्ररमान्।</u> ['नन्तीयंत' দ্ৰপ্তব্য ী নন্দহাট——গ্রীবুন্দাবনের উত্তরে, যমুনার ঘাট। এস্থানে প্রীনস্থ

মহারাজ বরণচর-কর্তৃক হত হন। প্রীজীবগোস্বামির নির্জন বাস্থান। নন্দনকূপ-মথুরার নৈথতি কোণে প্রান্তবর্তী। স গৈতোয়া গ্রামের (ভক্তি ৫।১৪০৫) নন্দীশ্বর-মথুরায় অবস্থিত নন্দ্রাম

অতিমনোরম ৷ দৃশ্য প্রাকৃতিক পর্বতের উপরে বিরাট ম্কির. ব্রজেশ্বর ও ব্ৰজেশ্বরী, মধ্যদেশে এক্লিফবলরাম। মন্দিরের নন্দীশ্বর মহাদেব।

প্রতের নৈশ্বতি কোণে পাণিহারী

িচে° ম° শেষ ২।৩৩৬]। নন্দীশ্বরের

পূর্বদিকে শ্রীকৃষ্ণচরণচিহ্ন বিরাজমান। তাহার পূর্বদিকে গাভীর চরণচিহ্ন, তাহার ঈশান কোণে পর্বতের উপরে ময়ুরকুটী। জন্মাষ্টমী উপলক্ষে ভাত্রমাসে রুঞ্চপক্ষে নবমী পর্যন্ত এবং ফাল্পন মাসে হোরিকা

উপলক্ষে গুক্লা দশমীতে নন্দগ্রামে

বিশেষ কৌতুক ও মেলা হয়। ন্ত্যাপুর > —বা নবীনপুর (গোঁসাই-श्रुत), देममनिशिष्ट । त्यचना निषेत তীরে। এই স্থানে সপ্তগ্রাম হইতে মাধব মিশ্র আসিয়া বাস করেন। তিনি প্রথমে শাক্ত ছিলেন। ১৫০১ শকে 'চ'छोनीना' तहना करतन, शरत

देवक्षव इरम्रन।

ন্তাপুর^২—(বর্দ্ধান) কাটোয়ার উত্তর নবহট্ট বা নৈঠির নিকট এবং উদ্ধারণপুরের কাছে। একুষ্ণমঙ্গল-রচয়িত। শ্রীমাধবের শ্রীপাট। **নপাড়া**—কাটোয়া হইতে চারি ক্রোশ

পশ্চিমে; এস্থানে প্রীন্সহাপ্রভু সন্ন্যাসের পরে কিছুক্ষণ বিশ্রাম করিয়াছিলেন। ঠ স্থানকে 'বিশ্রামতলী' কছে। নয়ত্রিপদী—তিনেভেলী হইতে ১৭ মাইল দক্ষিণ-পূর্বে, বর্তুমান নাম-

আলোবর তিরুনগরী। এই নগরীর চতুর্দিকে নয়টা বিষ্ণুমন্দির আছে। পর্ব-উপলক্ষে ঐ নয়টি মন্দিরের তিরুপতি (বিষ্ণু) এখানে সমবেত হয়। এজ্ঞ 'নয় ডিরুপতি' বা 'ত্রিপদী' আখ্যা। S. Ry ব্রাঞ্চ লাইনে তিরুচেন্দর. ষ্টেশন---আলোবর তিরুনগরী। নরঘাট-(তমলুক) তমলুক সহর **इटें एक एक १५ व्याह्म मृ**द्व

নরঘাট। মহাপ্রভু সগণ নীলাচলে যাত্রার পথে ১৪৩১ শকে ছত্রভোগ নৌকাযোগে তমলুকে উপনীত হয়েন এবং উক্ত নরঘাটে দানিকত্ত ক প্রথম નહી হইয়াছিলেন। এই ঘটনার স্মরণার্থে খানীয় ভক্তগণ ঐস্থানে ফাল্লনী গোরপূর্ণিমা উপলক্ষে তিন সংকীর্ত্তন ও শোভাযাত্রায় নগর

পরিভ্রমণ করেন। নরনারায়ণাশ্রম-- বদরিকাশ্রম ; অলকানন্দা-তীরে ও তপ্নকুণ্ডের পার্শ্বদেশে অবস্থিত। শ্রীনিত্যানন পদান্ধিত (চৈ° ভা° আদি ৯।১৪১)। नद्री-अब्द जामदीत এক মাইল

পশ্চিমে। শ্রীবলদেবস্থল।

লরীসেমরী—(মধুরায়) ছত্রবনের

নিকটবর্ত্তী; পূর্বনাম—'শ্রামরী–

কিন্নরী,' এছানে শ্রীকৃষ্ণ শ্রামাস্থীবেশে বীণাবাদনে শ্রীরাধার মানভঞ্জন

করেন (ভক্তি° ৫।১২৭ °)।
নরেন্দ্র সরোবর — প্রীক্ষেত্রছিত
'শ্রীচন্দনপুকুর'। শ্রীমন্দিরের উত্তর-

পূর্বকোণে প্রায় এক মাইল দুরে অবস্থিত। দৈর্ঘ্যে ৮৭৩ ফিট ও প্রায়ে ৭৪৩ ফিট। প্রবাদ—খৃঃ ক্রয়েদশ শতাব্দীতে লাকপোসি নরেন্দ্র-নামক জনৈক রাজকর্মচারী ইহার প্রতিষ্ঠা করেন। মতান্তরে নরেন্দ্র ইন্দ্রহায় শ্রীপুরুষোত্তম-দেবের চন্দ্রনারার উদ্দেশ্যে এই সরোবর

চন্দন্যাত্রার একুশ দিন শ্রীজগন্নাথের
বিজয়মৃত্তি শ্রীশ্রীমদন্মোহনজীউ
নৌকা বিলাস করেন : শ্রীশ্রীগোরাঙ্গবিলাসের এবং শ্রীশ্রীগদাধর পণ্ডিত
গোস্বামীর শ্রীমদ্ভাগবতপাঠের স্থান ।
নর্মদা—অমরকণ্টক পর্বত হইতে
উৎপন্ন হইয়া কাম্বে উপসাগরে

নির্মাণ করাইয়াছেন। এই সরোবরে

পতিত নদীবিশেষ (ৈচ° চ° মধ্য ৯০০০)। মধ্যভারতের নিমার জিলায় নর্মদার দক্ষিণ তীরে 'ভঁকারেখর শিব' ও উত্তরতটে 'অমরেখর তীর্ধ' জব্দলপুর জিলায়

নর্মদার তীরে খাণগঙ্গা, নর্মদা ও সরস্বতীর সঙ্গমস্থল ত্রিবেণী প্রভৃতি তীর্যস্থান প্রসিদ্ধ। নব অরণ্য—দশুকারণ্য, সৈদ্ধবারণ্য,

প্জরারণ্য, নৈমিষারণ্য, কুরুজাঙ্গল, উৎপলাবর্ত্তকারণ্য, জমুমার্গ, হিমবদরণ্য ও অর্থারণ্য। নবখণ্ড - শিরোমণিতে : গোলাধ্যায়ে আছে ভারত, কিয়র

(কিম্পুক্ষ), হরি, কুক, হিরণার, রম্যক (রমণক), ইলাবৃত, ভদ্রাথ ও কেতুমাল—ইহারাই নবখণ্ড বা বর্ষ (জমুদ্বীপের নব বিভাগ)।

পর্বতদ্বরের মধ্যবন্তী প্রদেশকে 'খণ্ড' বা 'বর্ষ' বলে। নবগ্রাম³—(লাউড়, শ্রীহট্টে)

নব্যান — (লাভড়, আহটে)
ফুনামগঞ্জ সাবডিভিসনের অন্তর্গত।
শ্রীশ্রীঅধৈষত প্রভুর আবিভাব-ক্ষেত্র।

(অদৈতবিলাস পরিশিষ্টে) নবাব আলিবর্দিখাঁর শাসন-সময়ে লাউড়ের অধিপতি গোবিন্দসিংহ গুরুতর অপরাধে অভিযুক্ত হন। নবাবের

বিচারে শূলদণ্ডের আদেশে তিনি কারাক্রদ্ধ হন। তৎকালে গোবিন্দ-সিংহ-নামক গৌডদেশের জনৈক

একই গৃহে রুদ্ধ হন। নির্ধারিত দিনে লাউড়ীয় গোবিন্দের পরিবর্জে গৌড়ীয় গোবিন্দই দণ্ডিত হন।

পরে এই বিষম ভ্রান্তির কথা জানিয়া

কারারুদ্ধ হন। উভয় গোবিন্সই

গণ্য ভূমাধিকারীও দণ্ডিত

আলিবদি খাঁ লাউড়ীয় গোবিদের জাতিনাশ ও অর্থদণ্ড করেন। তদবধি লাউড়ীয় রাজবংশ মুসলমান

ও ঠাকুরমিয়া নামে খ্যাত হন।
মুসলমান হইয়াও ইহারা পূর্বপুরুষের
কীর্ত্তি বহুদিন রক্ষা করিয়াছেন।
রাজা গোবিন্দসিংহের পৌত্র নবাব

আদিপ্রর রজার রাজত্বকালে থাসিয়াদের অত্যাচারে প্রজাগণসহ সকলকে বালিয়াচঙ্গ-নামক স্থানে

ন্তন রাজবাটী নির্মাণ করত বসবাস করিতে হয়। খাসিয়াদের অত্যাচারে লাউড় লোকশৃগু হইয়া অরণ্যময় হইয়া যায়। শ্রীঅদৈতের জন্মভূমি

নবগ্রামও অরণ্যে পরিণত হয়। ভক্তগণ বহুকষ্টে ও অনুসন্ধানে বাহির করিয়া উহাতে একটি আখড়া স্থাপন

করিয়াছেন। ঐ স্থানে রেঙ্গুয়া নদী
প্রবাহিত। অগণ্য তুলদী-বৃক্ষবেষ্টিত
প্রীপ্রীঅধৈতপ্রভুর গৃহের ভগ্নাবশেষ,
একটি প্রাচীন মাধবীদতা-বেষ্টিত
আত্রবৃক্ষ এবং একটি পুন্ধরিণী

'লাউড়ের গড়'। At Nayagaon in Sunamganja an Akhra (আবড়া)

আছে। অধুনা এ খানের নাম-

has recently been constructed in honour of Adwaita, one of the Chaitanyafollowers (Assam District Gazetteer 11, Sylhet III. p.

নবগ্রাম²—বর্দ্ধমান। H. B. কর্ড
মশাগ্রাম ষ্টেশন হইতে ছই মাইল।

গ্রীঅইন্বতের শাখা প্রীভামদাস
আচার্যের শ্রীপাট। শ্রীশ্রীরাধাগোবিন্দ-সেবা। ভৈটা, পালসিট,

বিজুর, মাৎসর প্রভৃতি স্থানে বংশধর

গোস্বামিগণের বাস।
নবগ্রাম^৩—এজে, ডেরাবলী গ্রামের
নিকটবর্তী।

নবতীর্থ—(মথুরায়) যমুনার ঘাট (ভক্তি ৫।২৮৬)। বিশ্রাম ঘাটের উত্তরে অবস্থিত।

শ্রীনবদ্বীপ ধাম— [অক্ষাংশ ২৩।২৪, দ্রাঘিমাংশ ৮৮।২৪]।

'নিত্যানন্দাবৈত্ত চৈত্ত সমেকং,

তত্ত্বং নিত্যালঙ্কৃতং ব্রহ্মসূত্রৈঃ।

নিত্যৈ জিনিতায়া ভক্তিদেব্যা. ভাতং নিতো ধামি নিতাং ভজামং॥ 'ভূমিম্বর্গ নবদীপ পৃথিবী-মণ্ডলে'-জ্যানন্। 'সপ্রদীপমধ্যে সার নবদ্বীপ গ্রাম'-কুত্তিবাস। 'নবদ্বীপ হেন গ্রাম ত্রিভূবনে নাই'—(চে° ভা° আদি ২।৫৫)। গঙ্গার পূর্ব ও পশ্চিম পারে অবস্থিত নয়টি দ্বীপ। সর্বোর্দ্ধতম শ্রীগৌরধাম। ভূমির পরিমাণ किकिनिधिक 8ई वर्गमार्टेन। পূৰ্ব-কালে নেনরাজবংখাগণের অন্ততম রাজধানী নবদ্বীপ বঙ্গে সংস্কৃত শিক্ষার অমিতীয় কেন্দ্র বলিয়া পরিগণিত ছিল। বল্লাল সেনের রাজপ্রাসাদ[্] ছিল সিমুলিয়ায় (ব্রাহ্মণপুকুরে), সভাসদ্গণকে তিনি এই নবদীপেই বাসস্থান দিয়াছিলেন। তাৎকালীন বিখ্যাত মহামনস্বীবৃন্দ লক্ষ্মণ সেনের এই সেন-সভাসদ ছিলেন। রাজদের আমলে, বিশেষতঃ লক্ষণ-সেনের রাজ্যকালে এক্সঞ্গীলা-বিষয়ক রচনা সবিশেষ উৎকর্ষ লাভ করে। দক্ষণ সেন স্বয়ং, তাঁহার পুত্র ও আত্মীয়গণ কবিতা লিখিতেন, সভাসদগণ রুঞ্জীলা বর্ণনা করিভে উৎসাহিত হইতেন। সম্পাময়িক কবি উমাপতি ধর লক্ষণ সেনের পিতামহ বিজয় সেনের আমল হইতে তিন পুরুষ যাবৎ মহামন্ত্রী ছিলেন। উজ্জ্বনীল্মণিতে সমান্ত 'রত্নছায়া-

চ্ছুরিতজনধৌ শোকটি তাঁহারই

রচনা এবং ব্রজ্জলীলার সর্বোৎকৃষ্ঠতার

নির্ণায়ক। বৈত্যব পদাবলীর ভিত্তিও

লক্ষণ সেনের সময়ে তাঁহারই সভায় স্থাপিত হইয়াছিল। গীতগোবিন্দের পদাবলি তাঁহার আসর জমাইত-এ প্রবাদ অমুদ্দক নছে। ক্রমে ক্রমে নবদ্বীপের বিভাগোরব ভারতের ইতস্ততঃ ছড়াইয়া পড়ে এবং নবদীপ বিভা-চর্চার প্রধানতম কেন্দ্র হইয়া উঠে। স্থৃতি, স্থায় ও তন্ত্রশান্তে নব্দীপের প্রাধান্ত খুষ্টীয় উনবিংশ শতকের মধ্যভাগ পর্যন্ত অক্ষুণ্ণ ছিল। নবাক্তায়ের পাঠ-সমাপ্তি যে নবদীপেই হইত—এই প্রবাদের বহু সাক্ষ্য পাওয়া গিয়াছে। এক্ষণে সেই বিভাগোরৰ অন্তমিত হইলেও গ্রীমন্ মহাপ্রভুর আবির্ভাবভূমিরূপে দৰ্বতীৰ্থমূধ গ্ৰন্ধপে চিরকাল বিরাজমান থাকিবে। দ্বীপনয়টির অবস্থান-বর্ত্তমান গঙ্গাদেবীর পূর্বপারে চারিটি---১। অন্তর্দীপ—ইহার অন্তর্গত প্রাচীন মায়াপুর, ভারুইডাঙ্গা, গঙ্গাগোবিন্দ সিংছের (দেওয়ান व्याठीन मिनत এই श्वादन हिन) ইহার পরে নিদয়া ঘাট, মহাপ্রভু এই ঘাট পার হইয়া কাটোয়ায় যান। ২। সীমস্তদ্বীপ---বামুনপুকুর, সরভাঙ্গা, বলালদীঘি, সিমুলিয়া। অত্রত্য দ্রষ্টব্য-সীমস্তিনী দেবী। ৩। গোক্রম-দ্বীপ-- গাদিগাছা, স্থবর্ণবিহার, স্বরাপগঞ্জ। 8। মধাषीপ--- माकिना, পাन শিলা ও ভালুকাদি। গঙ্গার পশ্চিমপারে বা নবদ্বীপ সহরের দিকে-

৫। * কোলদীপ-কুলিয়া বা কোবলা, ভেঘরির দক্ষিণ ও সমুদ্র-গড়, চাঁপাহাটি। ৬। ঋতৃদ্বীপ---রাতুপুর (রাহত-পুর) ও বিভানগর। १। মোদক্রম দ্বীপ---মাউ-গাছি (মান্গাছি), মহৎপুর ও ব্ৰহ্মাণীতলা। ৮। জহ্নুদীপ - — ভারগর, পারুলিয়া ও অনুষ্ঠ। ৯। রুদ্রদ্বীপ-রাছপুর (রুদ্র ডাঙ্গা), শঙ্করপুর এবং পূর্বস্থলী। মহৎপুর বা মাভাপুর (বর্ত্তমান নাম মাধাইপুর)। কৃত্রদ্বীপে বেল-পুকুরে, শ্রীনীলাম্বর চক্রবন্তির বাড়ী ছিল, বান্ধণপুকুরে চাঁদকাজীর বাড়ী क्रिंग। নবদ্বীপের প্রাচীন স্থান->। ব্রাহ্মণপুকুর — গ্রামের উত্তরে সীমন্ত দেবীর পীঠন্থান আছে। এস্থানে বল্লালসেনের রাজপ্রাসাদ ছিল। বল্লালটীবি ও বল্লালদীঘি তাহারই সাক্ষ্য দিতেছে। † * ত্রীযুক্ত ফুলরানন্দ বিভাবিনোর ৩ৎ-প্রণীত 'শ্রীটেড ক্যদেব' এছে প্রমাণপ্রয়োগদহ

নির্ণয় করিয়াছেন যে বর্তমান নব্দীপ **শহরই কুলিয়া, কিন্ত 'নবদীণ-মহিমা'** 'নবখীপ-কাহিনী' এবং এীযুক্ত নলিনী-কান্ত ভট্টশালী-কর্তৃক বঙ্গশ্রী পত্রিকায় লিখিত 'নদীয়া-সমস্তা'তে বিক্ল মতই দপ্ত হইতেছে। এগোরের পার্ষদগণ— যাঁহার। শ্রীবৃন্দাবনের লুপ্ত স্থলগুলি উদ্ধার ক্রিয়াছেন—ভাহারা আসিয়া এই কার্যটি ক্রিলে সকল সন্দেহ নির্মন হইতে পারে। † In the village (Bamanpukur) there is a large mound

৩। মাজিদা-গ্রামের

হংগবাহন-বিলে প্রীহংসবাহন শিব

আছেন। চৈত্রী সংক্রান্তি-উপলক্ষে

তিন দিনের জন্ম তিনি উপরে

(দেবপল্লী) গ্রামে প্রাচীন শ্রীনৃসিংহ-

গ্রামের উত্তর দিকে। শ্রীবাম্বদেব

সার্বভৌম ও শ্রীগঙ্গাদাস পণ্ডিতের

ে। বিজানগর--দিশিণ

ব্রাহ্মণপাড়া বা ব্রাহ্মণ-

দক্ষিণে দেপাড়া

পাটি

এস্থানে ছিল।

উঠেন।

পুরা

8 |

দেব আছেন।

বাটী ছিল।

গ্রামের

আছে ৷

রাজত্বও

নিকট

শ্ৰীশ্ৰীগৌড়ীয়-বৈষ্ণব-অভিধান (৪) বর্ত্তমানে শ্রীল সারঙ্গ মুরারি প্রভুর

পূৰ্বদিক দিয়া

শ্ৰীপাটে সেবিত হইতেছেন।

৮। জান্নগরের

শ্ৰীনবদ্বীপধাম

বালকনাথ শিব—চারচাড়া পাড়ায়

(৬) পোড়া মা, পড়ুয়ার মা বা

বিদগ্ধজননী—পোডামাতলায়। (१)

(5%)

বাবাজীর

ভাগীরথী ছিল। ইহার উভরে মাম-ভবতারিণী—পোডামা গাছি (মোদক্রম দ্বীপ)। প্রবাদ আছে দেবী উপবিষ্টভাবে আছেন। (৮) যে এই জানগরে পুরাকালে জহ্নমুনি ওলা দেবী। (১) পাড়ার মা এক গণ্ডুবে গঙ্গা পান করিয়া-দেবী। (১০) আগমেশ্বরী (১১) ছিলেন। খঃ ১৮৪৬ অব্দে এস্থানে मक्रन्तरुधी। (>२) त्रिमना रमवी ! দশটি বৃহৎ মন্দির ও একশত টোল (১৩) ব্রহ্মাণীদেবী (মনসা, পোলের छिन । হাটের নিকট); (১৪) সীমন্তə। **সর্ভাঙ্গা—**—কাজীনগরের দেৰীর পীঠ—ব্রাহ্মণপুকুর। (১৫) উত্তরে (রাজাপুর বা সরক্ষেত্র)। সিদ্ধেশ্বরী—সমুদ্র-গড়; শ্রীশ্রজগরাথ-সেবা। সূরবংশীয় জীরামদীতা-রামদীতা পাড়ায়। রাজগণের বাস ছিল। কালাপাহাড (১৭) ঐারাধাবল্লভজীউ - রাধা-উৎপাত করিয়াছিল। বল্লভপাডায়। (১৮) ত্রীবৃন্দাবনচন্দ্র-১০। কাজির সমাধি--- গঙ্গা ও জীউ-প্রবাদ সার্বভৌম-সেবিত। **থড়িয়া নদীর সঙ্গ**ম হইতে প্রায় শ্রীনবদ্বীপনাথজীউ— — তিন মাইল উত্তরে বল্লালদীঘির ক্ষণনগরের রাজা গিরিশচন্দ্র স্বদেশে অনতিদূরে মৌলানা সিরাজুদ্দিনের গঙ্গাতীরে ভূগর্ভে একটি গোপাল-কবর আছে। এম্বানে প্রাচীন গুলঞ্চ বিগ্ৰহ প্ৰাপ্ত হন ও 'শ্ৰীনবদ্বীপনাথ' বৃক্টি অন্তাপি অতীতের সাকা নামকরণ করত নবদ্বীপে প্রতিষ্ঠা দিতেছে। করেন। এখন কিন্তু অদৃগ্য। ১১। মালঞ্চপাড়া—পারভাঙ্গার উত্তর দিকে। এই স্থানে গ্রীধাম নবদীপে সিদ্ধ মহাত্মগণের නිනි-সনাতন মিশ্রের**ু** বাড়ী ছिन्। সমাধি ও আশ্রম— প্রীবিষ্ণুপ্রিয়াদেবীর জন্মস্থান। ১। নবদীপ বড আখডায় শ্রীল ১২। খোলাবেচা শ্রীধরের বাডী সিদ্ধ তোতারামদাস (দ্বাদশগোপালের একতম)--গ্রীপ্রামস্থরভীউ— আশ্ৰম ৷ নবদ্বীপ তন্তবায়-পল্লীতে ইঁহার বাস তাঁহার সেবিত বিগ্রহ। क्रिन। ২। বড়াল ঘাটের উত্তর দিকে শ্রীনবদ্বীপের প্রাচীন বিগ্রহ:— শ্রীল বংশীদাস বাবাজী মহারাজের (১) বুড়াশিব হিন্দু স্থলের ধারে। আশ্ৰম ৷ (২) যোগনাথ ও পারডাঙ্গার শিব. ७। सोनी निष्ण माधूत मगाधि ৩) সিদ্ধেশ্বরী, (৪) এলানে শিব ---বনচারী বাগানে। —মণিপুর রাজবাটীর উত্তরে। (৫) 8। সিদ্ধ শ্রীল গৌরকিশোর দাস

७। শ্রীরামপুর-বিশ্রামতলায় (নবদ্বীপ হইতে পশ্চিমে) মহাপ্রভু বিশ্রাম করিতেন। শ্রীবিগ্রহ আছেন। ৭। মামগাছি - জারগরের উত্তরে, এ স্থানে তিনটি শ্রীপাট। (১) শ্রীলদারশমুরারি প্রভুর প্রীপাট— এখানে প্রীপ্রীরাধাগোপীনাথের সেবা আছেন। একটি প্রাচীন বকুল বুক আছে। (২) এমতী নারারণী দেবীর শ্রীপাট। (৩) শ্রীদবাম্বদেব দত্তের শ্রীপাট। দত্ত ঠাকুরের দেবিত **এ**প্রীরাধামদনগোপাল which is called Ballaldhibi and is believed to be all that is left of the palace of Ballal Sen, and near by is a tank which is called

Ballaldighi'. (Bengal District

Gazetteer, Nadia p 165).

वावाबीत गगाधि-भूर्वित्व চডায়।

সিদ্ধ প্রীচৈত্ত দাস বাবাজী মহারাজের সমাধি ও ভজন-কুটীর। মহাপ্রভুর মন্দির-সংলগ্ন।

७। जिक्क প্রীল জগনাথ দাস বাবাজী মহারাজের সমাধি ও ভজন-কুটীর-শীরতলা ঘাটের পূর্ব पिट्य ।

৭। সিদ্ধ ত্রীরাধারমণচরণ দাস বাবাজী মহারাজ ও প্রীগৌরহরি দাস বাবাজী মহারাজের সমাধি-শ্রীবাসাঙ্গন ঘাটের সংলগ্ন। ৮। কল্লাধারী বাবাজীর আশ্রম-বহু প্রাচীন।

৯। প্রীরাধাচরণ দাস বাবাজির সমাধি--- জীরাধারমণ বাগের পূর্ব मिद्य ।

মণিপুর রাজবাটী-নবদ্বীপের মণিপুর-বাসিগণ দক্ষিণপ্রান্তে। খ্রীগোডীয় বৈষ্ণব ও খ্রীলনরোত্তম ঠাকুর মহাশয়ের পরিবার। ১৭৯৯ খঃ মণিপুরের রাজা ভাগাচন্দ্র সিংহ বুদ্ধ বয়সে নবদ্বীপে বাস করিবার हेम्हात्र श्रीप्त कला 'नाहरताहेवीत' সহিত এথানে আসেন এবং তেঘরি পাডায় বাস্ভান নিৰ্মাণ প্রীগৌরমৃত্তি প্রতিষ্ঠা করেন তাঁহার নাম রাখেন—অমু-মহাপ্রভু। নবদ্বীপাধিপতি মহারাভ ক্লফচন্দ্র এই ভাগ্যচন্ত্রের পুত্র চৌরজিৎ সিংহের সহিত প্ৰীতিস্তত্তে আবদ্ধ হইয়া ১৮১৫ খুঃ তেঘরি মৌজায় ষোল বিঘা জমি অত্যন্ন বাধিক খাজনায় দেন এবং ঐ স্থানের নাম 'মণিপুর' রাখেন। লাইরোইবী শ্রেবী এবং তৎপরে ভদ্বংশ্রগণ এখন পূর্যক্ত সেবা চালাইতেছেন। চুড়াচাঁদের মহিধী ধনমঞ্জরী দেবী-কর্ত্তক ১৯৩৪ খঃ

অবর্ণময় মনিবে প্রীক্লফচন্তের সেবা প্রতিষ্ঠিত হইয়াছে। ১২২২ সালে নবদীপের মহারাজ গিরিশচন্দ্র-প্রদত্ত দলিলে জানা যায় যে মণিপুরের

মহারাজের বাসের নিমিত্ত তিনি গঙ্গাতীরে ছুই বিঘা জমি দান করিয়াছেন [নবদ্বীপ-মহিমা]। পোডামাতা (পড়ুয়ার মা বা

विषक्षकानी)— यटश्यंत विभातरमत

পুত্র বাস্থদেব (যিনি উত্তরকালে

সার্বভৌম-নামে পরিচিত) বালা-কালে লেখাপড়া শিখেন নাই: তাঁহার পিতা মুর্থ পুত্রের ভবিষ্যৎ চিন্তা করিয়া বিদেশে যাইবার কালে তাঁহার মাতাকে বলিয়া যান--'এমন পুত্রের মুখে ছাই দিতে হয়।' পতিবতা ব্যণী স্বামীৰ আদেশমত পুত্রের ভোজন-পাত্রের একপার্যে একমুষ্টি ভস্ম দিলে বাস্থদেব দ্বিজ্ঞাসা জানিলেন যে. তাঁহার পিতার আদেশেই এই ব্যাপার হইয়াছে। বাস্থদেব ভোজন না করিয়া গৃহত্যাগ করিলেন এবং নির্জন দথ্য বনভূমিমধ্যে ভাবনামগ্র-

বিসর্জনে প্রয়োজন নাই। তৃমি হইবে শ্রুতিধর —তোমার স্কল তুঃখ দূর এই দগ্ধবনে

প্রস্তরক্ষপে বিরাজ করিতেছি—তুমি

করিতে কৃতসংকল হইলেন। তথন

दिनवरां है है है है - 'वर्म। कीवन-

বসিয়া

জাহ্নবী-সলিলে

হইবে।

বসিয়া

জীবন

অবশেষে

বিসর্জন

আমি

গ্রাম মধ্যে লইয়া গিয়া আমার পূজার ব্যবস্থা কর'। বাহ্মদেব দৈববাণী खनिया वागगरश वहेब्क्यल के প্রস্তরখণ্ডের উপর ঘটস্থাপন করত प्तिवीत व्यर्गा कतिरामा हिन्हि নবন্ধীপের অধিষ্ঠাত্রী—'পোডামাতা'। ক্থিত হয় যে ক্লফ্রনগরের গিরিশচন্ত্র ১২৩২ সালে পোডামা-তলার ছই দিকে ছইটি মনির করিয়া উত্তরদিকের মন্দিরে ভব-তারিণী ও দক্ষিণদিকে ভবতারণ-নামক প্রকাণ্ড শিবলিঙ্গের প্রতিষ্ঠা করিয়াছেন। তাঁছার পূর্বপুরুষ রাঘ্ব-কর্ত্তক প্রতিষ্ঠিত গণেশমৃত্তি বহুদিন মত্তিকা-প্রোপিত মৃত্তিকা হইতে তুলিবার সময় গণেশের শুগুটি ভঙ্গ হয়, ভবতারিণী নেই ভগ্ন মৃত্তি হইতে খোদিতা ক্ষুপ্রপ্রস্থার-নির্মিতা উপবিষ্টা কালিকা-

মৃতি। রাঘবের পুত্র রুদ্র-কর্তৃক প্রতি-ষ্ঠিত রাঘবেশ্বর শিবও গঙ্গা-কুঞ্চিগত মন্দির-মধ্যে প্রোথিত হয়: তিনিই

আবার ভবতারণ-নামে ঐ স্থানে পুন: স্থাপিত হইগছেন। তন্ত্রপার-প্রণেতা ক্ষানন্দ আগমবাগীশ স্থানা-মৃত্তি ও উহার পূজাপদ্ধতি আবিষ্কার

করেন। তৎ-কর্ত্তৃক ঘটে পুঞ্জিতা

দেবী আগমেশ্বরীকে অন্তাবধি তথংশ্র-গণ ঘটেই পূজা করিতেছেন। প্রতি বর্ষে খ্যামাপুজায় প্রতি পাড়ায়

বিবিধ শক্তি-মৃত্তির অর্চনা উপলক্ষে লোক-সংঘট্ট হয়।

হবিসভা—অন্বিতীয় স্বার্ত্তপণ্ডিত

শ্রীব্রজনাথ বিভারত্ব শেষ বয়দে মহা-প্রভুর অপার্থিব ক্ষপার পোড়ামার

তুলায় নট্রাজ গৌরমূর্ত্তি

নবনিমিত মন্দিরে আনয়ন করেন।

শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর অন্তর্ধানের পর

শ্রীমন্ মহাপ্রভুর জন্ম-ভিটায় রাজা-

7496 করেন এবং তদবধি গৌডীয় বৈষ্ণব-মতের আমুগত্যে শ্রীচৈত্য মহা-প্রভুকে পূর্ণতম ভগবংস্বরূপ বলিয়া স্বীকার করত 'শ্রীচৈতভাচন্দ্রোদয়'-নামক গ্রন্থ লিখিয়াছেন। ১২৭৫ বঙ্গান্দে স্বচতুষ্ণাষ্ঠীতে হরিভক্তি-প্রদায়িনী সভাস্থাপন করত নাট্যা গৌরমৃত্তির প্রতিষ্ঠা করিয়াছিলেন। বড় আথডা--- দ্রাবিড়দেশীয় তোতারাম দাস বাবাজি মহোদয়-কত্ত ক পাণ্ডিত্ত্য ও ষ্ণাপিত। বৈরাগ্যে অতলনীয় এই মহাত্মা ম্যারশাস্ত্র অধ্যয়ন করিতে নবদীপে আসিয়াৰ্ছিলেন। পরে ভজনে প্রবৃত্ত হইয়া বুন্দাবনে যান। মহাপ্রভুর প্রাত্যহিক সেবার বিশুঝলা হইতেছে —এই মর্মে স্বপ্নাদেশ পাইয়া তিনি **শেবার তন্ত্রাবধান করিতে নবদ্বীপে** আসিয়া দশ-অখখ-তলায় আসন করিলেন। স্বসেবিত গিরিধারীও ভাঁহার সঙ্গেই ছিলেন। তখন রাজ্ঞ-বর্গের ভয়ে প্রীবিগ্রহকে লুকায়িত রাখিতে হইত। ঘটনাচক্রে রাজা ক্লফচন্ত্রের সহিত ঘনিষ্ঠ আলাপের ফলে রাজা ঠাকুরের আশ্রমের জন্ম ঐ গাছতলায় ছয় বিঘা নিম্বর জমি দান করেন। ইহা হইতে আখিডার পতন হয়। এস্থানে ঞীনিতাই-গৌর খামস্কর ß প্রতিষ্ঠিত আছেন। বলা বাহুল্য যে শ্রীরামদাস আতান্তিক বাবার প্রচেষ্ট্রায় ক্ষণ্ডনগরের মহারাজা চিনাডাঙ্গার প্রাস্তভাগে কিছু জমি দেবোত্তৰ কবিয়া দিলে তিনি তথায় মহাপ্রভুর মন্দির নির্মাণ করত মালঞ্চ পাড়া হইতে শ্রীগোরাঙ্গকে এই

বীরহামীর-কর্তৃক কৃষ্ণপ্রস্তর দারা যে মনিরে নির্মিত হইয়াছিল— তাহা কালক্রমে গঙ্গাগর্ভে নিমজ্জিত কালনায় হইলে সেবাইতগণ প্রীগৌরাঙ্গকে ঐ সমক্ষেত্ৰ মালঞ্পাড়ায় আনিয়াছিলেন। সেই মন্দিরের স্থানে চড়া পড়িলে দেওয়ান সহায়কায় গঙ্গাগোবিন্দ সিংহ বীরহাম্বীর-নিমিত মন্দিরের কয়েকখণ্ড প্রস্তার উদ্ধার পূর্বক ১১৯৯ বঙ্গাব্দে লাল পাথরের ৬০ ফুট উচ্চ এক মন্দির নির্মাণ অঙ্গরাগকালে করেন। সেবাইতগণ ঐ মন্দিরে মহাপ্রভুকে আনিতে অস্বীকার করিলে তাহাতে গন্ধাগোবিন্দ গ্রীগোবিন্দ-(गांशीनाथ-कृष्ण्ठम-गननाराहन- এई বিগ্রহ-চতুষ্টয় স্থাপন করেন। পরে ১২২৯ সাজে গজাগোবিন্দ-নির্মিত তদীয় মন্দিরটিও গঙ্গার কুঞ্চিতে গত হইলে সেই স্থানে চড়া পড়ে। ১২৭৯ সালে গঙ্গার ভাঙ্গনে সেই যন্দির নাকি বাহির হইয়াছিল এবং তাৎকালীন বহু লোক তাহা প্রত্যক্ষও করিয়াছিলেন। ঐ স্থানটি বর্ত্তমান মন্দিরে নবদ্বীপের এক মাইল দুরে বায়ুকোণে অৰস্থিত ছিল। বীরহাম্বীরের মন্দিরের একখণ্ড লম্বা পাথর মালঞ্পাডায় আনীত হইয়াছিল—উহা অগাবধি মহাপ্রভুর বর্ত্তমান নাট্যমন্দিরের পূর্বদিক্স্থিত কপাটের নিমে প্রাচীন মন্দিরের বিভ্যান আছে। প্রাচীন মন্দিরে বহুদিন সেবা হইলে পর ভাহারই ফলে পার্শ্বে নবনিমিত প্রশস্ত মন্দিরে গুরের অঙ্গন, শ্রীবাসাঙ্গন প্রভৃতি প্রাচীন শ্রীবিগ্রহ স্থানাস্তরিত হইয়াছেন। বহু

শ্রীধামেশ্বর শ্রীশ্রীগৌরাঙ্গ— শ্রীমন্মহাপ্রভুর প্রকটকালেই তদীয় শ্রীবিগ্রহ কয়েকস্থানে প্রকটিত ছইয়াছেন— তাহার বহু প্ৰমাণ মিলিয়াছে। (১) গৌরীদাসপণ্ডিত শ্রীনিত্যানন্দগৌরাঙ্গের শ্ৰীবিগ্ৰহদ্বয় প্রতিষ্ঠিত করেন। (২) শ্রীবংশীবদন ঠাকুরের প্রিগৌরবক্ষোবিলাসিনী শ্ৰীত্ৰীবিফুপ্ৰিয়াদেবী নবদীপে নিজ-গুছে এগোরমুর্ত্তি প্রতিষ্ঠা করেন। সেবাইতগণের মুখে শুনা যায় যে ঠ্র **শ্রীবিগ্রহের** পাদপীঠে '১৪৩৫ শক ও বংশীবদন' নাম খোদিত দেখা যায়। মুরারি-(৪।১৪।৮) এই গুপ্তের কডচায় হইয়াছে। মতই সম্থিত বিষ্ণুপ্রিয়া মহাপ্রভুর ঐ বিগ্রহ ও কাষ্ঠপাছকার সেবাদি করিতেন। সেই পাছকাই অভাপি সিংহাসনে স্থাপিত আছেন। দেবীর তদীয় ভ্ৰাতা যাদবাচাৰ্য সেবাধিকার প্রাপ্ত হন-তদ্বংশ্বগণই এক্ষণে সেবাইত হইয়াছেন। এই ঝুলনে, শ্রীপঞ্মীতে ও শ্রীগোরজয়স্তীতে বিশেষ উৎসবাদি সমারোহে অমুষ্ঠিত হয়। বৎসরে একদিন ধাম-পরিক্রমা উপদক্ষে শ্রীগোরাল-পাছকা নগরের পাড়াম পাডায় বিজয় করেন। শ্রীবাসাঙ্গন ও সোণার গৌরাঙ্গ — প্রীগৌরপাদরজোবিলাসিনী ভাগী-त्रथीत औरशोतत्रक नुर्श्वनावनुर्शत्नत ত্রীগোরজনাভিটা, ত্রীমুরারি-

এগোরবিহারভূমি

শ্রীনিতাই-গৌরবিগ্রহ অতিমনোরম।

মন্দির, ছোট আখড়া, বলদেবের

একণে লোকলোচনের অগোচরে থাকিয়া ঐতিহাসিক ও গবেষকগণের নিকটে বহু জটিল সমস্থার
উদ্ভাবন করিয়াছে। শ্রীবুন্দাবনের
লুপ্রলীলাম্বলীর প্রাকট্যকারী শ্রীগোরপার্যদগণ আসিয়া আবার যদি
শ্রীগোরবিহারভূমির যথায়ধ স্থানগুলি
নির্দেশ করেন—তবেই সকল ঘন্দের
অবসান ঘটে।

সিম্ক ভোতা বামদাস বাবার প্রশিব্য সহমনদাসজী পুরাণগঞ্জে রাধীকলুর পোতায় শ্রীবাসালন স্থাপন করিয়াছিলেন বলিয়া শুনা যায়। क्षेत्रान गकांशर्ष्ड शिला ১२१४ गारम বর্ত্তমান স্থানে শ্রীবাসাঙ্গন স্থাপিত হয়। ঐ লছমন দালের প্রশিব্য প্রীহরিদাস বাবাদী হইতে গ্রীবাসাঙ্গন শ্রীমন্নিত্যানন্দ-বংগ্র প্রথিতনামা শ্রীনবদ্বীপ চন্দ্র গোম্বামির সমর্পিত হয়: তবংশ্রগণই ইহার মালিক। এখানে ত্রীলক্ষীপ্রিয়া-বিষ্ণুপ্রিয়াসহ ত্রীগোরাক, भक्ष चर्, कीर्खन-म**ख** देवस्थव-मधनी. দশাবতার প্রভৃতি দৃশ্র। ধুলোটে. প্রীগোরজয়ন্তীতে, প্ৰথম **Crit**रन এখানে সমারোহ-সহকারে কীর্ত্তন মহোৎসব, নগর-পরিক্রমাদি অমুষ্ঠিত **প্রিবাসাল**নের নিকটেই হয় | গৌরাঙ্গ প্রতিষ্ঠিত প্রিসোণার আহেন।

সমাজবাড়ী—শ্রীশ্রীরাধারমণচরণ
দাস বাবাজী মহোদয় শ্রীবাসাক্ষরের
নিকটবর্ত্তী 'নসীবাবুর বৈঠকখানা'
ক্রেয় করত ১৩১২ সালে এই স্থলে
মঠ স্থাপন করেন। সমাজবাড়ীর
নামাস্কর-শ্রীরাধারমণবাগ। অত্রত্য

প্রীরাধাকান্তজিউর অষ্টকালীন সেবাদি এই মঠের একতম বৈশিষ্টা। নিতা এই মঠের কীর্ত্তন, পাঠাদিও व्यनग्रमारात्र वाकर्षण। श्रीमन्तवहील প্রীলগোবিন্দ দাস, প্রীমতী দলিতা দাসী, প্রীমৎ রামদাস বাবাজী প্রভৃতি এই মঠের প্রাণ-প্রতিষ্ঠাতা বিবাঞ কবিয়াছিলেন--'নিতাই গৌর রাথে খাম'-নামের মহামহিমা ভারতের সর্বত্র স্বতঃ ও করিয়াছেন— প্রচার নিবভিমান চুট্যা কিল্লপে বৈষ্ণৰ-নামত্রন্ধ - মহাপ্রসাদ - শ্রীহরি - গুরু প্রভৃতিতে বিশ্বাদী হইতে হয়-ইহারা তাহা খয়ং যাজন করিয়া শিখাইয়া গিয়াছেন। ফাল্লনী শুক্রা **শ্রীরাধারমণদেবের** দ্বিতীয়ায় অন্তর্গনভিথির উপলক্ষে এস্থানে নবরাত্রব্যাপী সংকীর্ত্তন-মহোৎসবাদি

গোবিন্দবাড়ী—মণিপুরী সাধু
ভুবনেশ্বর দেববর্ম। ১৩৩২ বঙ্গান্দে নবদীপ বাজারের উত্তর দিকে প্রীপ্রীরাধাগোবিন্দ-গৌরাঙ্গ-মন্দির প্রতিষ্ঠা
করেন। ইহাই সাধারণতঃ
'গোবিন্দবাড়ী' নামে কথিত হয়।
এই মন্দিরেও প্রত্যাহ পার্চ, কীর্জনাদি
সম্পাদিত হয়।

অফুষ্ঠিত হয়।

শ্রীরামসীতামন্দির——জনৈক রাজপুত ভাতশালাগ্রামে দারুময় শ্রীরাম-সীতা-লক্ষণ ও মহাবীরের মৃত্তি প্রতিষ্ঠা করত পরে নবদীপে রামসীতাপাড়ায় স্থানাস্তরিত করেন। এতদ্ব্যতীত ষড়্ডুজ মহাপ্রভুর

গোরাচাঁদের আখডা. আগড়া. ভজনকুটী প্রভৃতিও দ্ৰপ্তব্য। नवहीर यूनन, ताम ७ धृरनां । প্রভৃতিতে বহুষাত্রীর সমাগম হয়। রাস্যাত্রা——ইহা বৈষ্ণৰ একটি বিশেষ পর্ব। সম্প্রদায়ের শাক্ষপ্রধান নবচীপে বৈফবর্ষরের অভ্যাদয়ে গোঁড়া শাক্ত সম্প্রদায়ের প্রতিক্রিয়ার স্ত্রপাত মধ্যে যে হইয়াছিল, তাহাই পরে মুর্জ হইয়া বৈক্ষবগণের এই আনম্বোৎসবটি পণ্ড করিবার কার্যে প্রযুক্ত হইয়াছিল। রাসপুর্ণিমার তৎকালে শক্তিপূজার ঘটার ও তৎপরদিন শোভাযাতার সমারোছে বৈষ্ণবগণের গৃহনিজ্ঞমণ-ব্যাপারও অচল হইত। শুনা যায় যে মহারাজ রুঞ্চপ্রের সময় হইতে এই দীলা চলিতে থাকে এবং পট ভৎকালে একটাকা করিয়া বৃত্তি পাইত। আগেকার বিলুপ্তপ্রায় বিদেষভাৰ এক্ষণে বছপ্রকারের ও বিবিধ হইয়াছে। আকারের শক্তি-প্রতিমাবড বড রাস্তার ধারে পূর্ণিমা রজনীতে পৃত্তিত হন; বিকাল হইতে গভীর রাত্রি পর্যস্ত যাত্রীগণের সংঘট চলিতে থাকে। পরদিনে 'ভাসান' দেখিতেও ব্চলোকসমাগ্ম হয়।

ধুলোট—নবছীপের বিশেষ পর্ব।

১২৫০ বন্ধান্দ হইতে ইহার প্রবৃত্তি।

মাধবচক্র দত্ত-নামক জনৈক
কলিকাতাবাসী বিখ্যাত ধনী সর্বপ্রথমতঃ নবদ্বীপে গানমেলার
উল্যোক্তা। বড় আবড়ার সম্মুখবর্তী
নাট্যমন্দির ইহারই প্রতিপ্রিত—বড়

2626

প্রবাদ-এই ঘাটে মহর্ষি বাল্মীকি

আখড়াই গানমেলার আদিস্থান। শুনা যায় যে নগরকীর্ত্তনকালে মাধ্য বাবু ভক্তগণের উপর ছই হাতে नवत्रीरभत तबः (धृनि) वर्षण कतिराजन, এই घरेना इटेरा इं পর্বের নাম হয়—'ধুলোট' উৎসব। ঐ সময় বঙ্গদেশের বিভিন্ন কীর্জনীয়া-সম্প্রদায় নবদ্বীপে সমবেত হইয়া বিভিন্ন মন্দিরে চৌষ্টি রসের কীর্ত্তন করেন। মাঘী শুক্লা পঞ্চমী হইতে শ্রীবাসাঙ্গনে এবং তৎপরবর্ত্তী একাদশী হইতে প্রত্যেক মন্দিরে উহার আরম্ভ হইয়া ক্বঞ্পক্ষের চতুর্থীতে উহার শেষ হয়। তৎপরে সমবেত হইয়া কীর্ত্তনমণ্ডলীসহ নবদ্বীপ-পরিক্রমা ও সকলের অঙ্গে শ্রীধামের পবিত্র রজঃ নিক্ষেপ করা হয়। যে ধামে সাড়ে চারিশত বর্ষ পূর্বে গ্রীগোরাঙ্গ সপার্ধদে নুত্যকীর্ত্তন করিয়াছেন-যাহার প্রতি রজঃকণা তাঁহাদের চরণ-কমলস্পর্শে ধ্রাতি-ধন্ত হইয়াছে—সেই ধামের 'ধূলি-লুঠ' উৎসবটি নিতান্ত উপেক্ষ্য ঠাকুর মহাশয় ব্যাপার নহে। প্রার্থনা করিয়াছেন—'কবে ব্রজের ধূলায় ধূলর হবে অল'। এীধামের রজ:প্রাপ্তির আশায় বহু নরনারী ধামে আমরণ বাস করেন। **नवला विकुश्रात**—(ननीमा) शक्रात ধারে, প্রীবিফুদাসের প্রীপাট। ইঁহার পিতা-সদাশিব গুণাকর। দক্ষিণ রাঢ়ী কায়স্থ-কাশ্রপ গোত্র। বিষ্ণু-থাকিতেন। नीलांहरल শ্রীচরিতামতে (আদি ১০/১৫১)—

নির্লোম গঙ্গাদাস আর বিফুদাস।

এই সবের প্রভুসঙ্গে নীলাচলে বাস।

রাজা দমুজ্যর্দনের রাজা ছিল। এই স্থানে শ্রীল সনাতন গোস্বামী প্রভুর সংস্কৃত শাস্তাদির শিক্ষাগুরু বঙ্গের অন্বিতীয় পৌরাণিক শ্রীসর্বানন্দ সিদ্ধান্ত বাচম্পতি থাকিতেন। শ্রীল রূপসনাতনের পূর্ব পুরুষ শ্রীপদ্মনাভ এই স্থানে বাস করিয়া শ্রীপ্রজগন্ধাথ-প্রতিষ্ঠা ও রথযাতা শ্ৰীল সনাতন করিতেন। প্রভুর পিতাঠাকুর ত্রীকুমারদেব জ্ঞাতি-বিরোধ হেতু নৈহাটী ত্যাগ করিয়া বাকলাচন্দ্রদীপে বাস করেন। এই স্থানে 'নৈ'-নামে এক রাজা ছিলেন। খ্রীউদ্ধারণ দত্ত ঠাকুর তাঁহারই কর্মচারী ছিলেন। শ্ৰীল-নরোত্তম ঠাকুরের শিষ্য শ্রীশঙ্কর ভট্টের শ্রীপাট। এখানে শ্রীনিতাই-গৌর-দেবা আছে। দক্ষিণখণ্ড গ্রামের গোস্বামি-বংশীয়দের নিকট শ্রীপদ্মনাভ দীকা গ্রহণ করিয়াছিলেন। ইংগরাই প্রীলগনাতন প্রভুদের কুলগুরু। খ্রীলসনাত্রপ্রস্থ প্রেমভোগ গ্রামে ইংাদিগকে বিস্তর ব্রহ্মোত্তর ভূমি প্রদান করিয়াছিলেন। নবাগ্রাম-গ্রীরাধাকুণ্ডের নিকটবর্জী (ভক্তি° ধা৭৮৩)। নবাবগঞ্জ-কলিকাতা হইতে ২১৫ মাইল দূরে পূর্ববঙ্গরেলপথে চরকাই ষ্টেসন—তাহার ৭ মাইণ পূর্বে ধ্বংস করিতেছিলেন, তখন উদয়পুরের করতোয়ার পরিতাক্ত খাতের উপর নবাবগঞ্জ গ্রামে 'গীতাকোট', প্রাচীন শ্রীমন্ মাধবেক্তপুরী গোস্বামির इष्टेक्खृत। निक्टोरे 'ठर्भनघाठे';

গ্রীগ্রীগোডীয়-বৈফ্ব-অভিধান (৪)

নবহটু, নৈহাটী বা নৈটী—

এই গ্রামটি কাটোয়ার দেড ক্রোশ

উত্তরে। এই স্থানে স্বাধীন হিন্দু

স্থানতর্পণাদি কবিতেন এবং নিকটেই কোনও অজাতস্থানে তাঁহার আশ্রম ছিল। স্থানীয় লোকের মতে এই স্থানেই সীতার বনবাস হয়। বিশেষ বিশেষ পর্বে উত্তর বঙ্গের বছলোক অ্ঞাপি এই ঘাটে স্নান করেন ৷ नाकडीर्थ (वृनी ७), नागडीर्थ-মথুরায় অবস্থিত ভূতেখরের দক্ষিণে ও বিশ্রান্তির উত্তরে বিরাজমান। শ্রীগোরপদাঙ্কপুত (চৈ°ম° শেষ 21500)1 নাগরদেশ-দাক্ষিণাত্যে তাঞ্জোর इटेट > 8 मार्टन मिल्। বেলেডাঙ্গা. বেরিগ্রাম. স্থ্যাগর, চান্দুড়ে, মনসা-পোতা, পালপাড়া প্রভৃতি চৌদ্দ মৌদ্ধা পাঁচনগর প্রগণায় থাকায় উহাকে কেহ 'নাগরদেশ' বলেন। দাদশ-গোপাল পর্যায়ের পুরুষোত্মকে 'নাগর' আখ্যা দেওয়ার বোধ হয় এই তাৎপর্যই গৃহীত হইয়াছে। শ্রীসদাশিব কবিরাজের পুত্র শ্রী-পুরুষোত্তম ঠাকুর প্রথমতঃ বেলে-ডাঙ্গায় গ্রীপাট করেন, তৎপরে উহার ध्वःन इटेरन प्रथमानरत श्रीभाषे रहा, তাহাও গন্ধাগর্ভে গেলে চান্দুড়ে বোধখানায়) শ্রীপাট (মভান্তরে স্থাপিত হয়। নাথদার—উদয়পুর হইতে ১১ ক্রোশ উত্তর-পূর্ব কোণে বনাস্ নদীর দক্ষিণ কুলে অবস্থিত। যখন

আরদজেব মথুরার শ্রীবিগ্রহগণকে

রাণা রাজিসংহ ১৬৭১ খঃ অব্দে

প্রকটিত শ্রীগোপালজিউকে উদয়পুরে লইয়া যাইতে অন্নমতি ছিলেন। রাজিণিংহ মহাডম্বরে রথের উপরি শ্রীবিগ্রহকে স্থাপন উদয়পুর যাইতে যাইতে পথে 'সিয়ার'-নামক স্থানে বথচক্র মুত্তিকামধ্যে বসিয়া গেল। সেইস্থানে একটি ভুরমা মন্দির নির্মাণ করিয়া রাজসিংহ শ্রীগোপালকে স্থাপিত তত্ততা লোকেরা করেন | শ্রীগোপালকে 'শ্রীনাথজি' বলেন বলিয়া স্থানটিও উত্তরকালে 'নাথদার' আখ্যা লাভ করে। বল্লভ সম্প্রদায়ের সেবা-প্রমপবিত্র সদাচারের সহিত পূজা ভোগরাগাদি সম্পন্ন হয়। শ্রীক্ষেত্রের আনন্দবাজারের ন্থায় এস্থানেও প্রসাদ বিক্রয় হয়। লায়ার - (বীরভূম জেলা) A. K.

R. কীর্ণাহার প্রেশন হইতে ছুই ক্রোশ। শ্রীল চণ্ডীদাগের আবির্ভাব-ভূমি। (আবির্ভাব-->৩২৫ শকে) এই স্থান বীরভূম-কাটোয়া রাজ-পথের ধারে।

দর্শনীয়—(১) শ্রীবান্ডলী দেবী। (২) চণ্ডীদাসভিটা। (৩) রামী রজ্বিনীর কাপড়কাচা পাটা। উহা একণে প্রস্তরীভূত। একটি পুকুরের ইষ্টক-বেদীতে রক্ষিত। চণ্ডীদাদের ভিটার স্থান গভর্ণমেণ্ট-কর্ত্তক 'প্রাচীন স্মৃতিরক্ষা-আইনে' রন্দিত আছে। চণ্ডীদাদের বাড়ী বর্তুমান বাশুলীদেবীর বাড়ীর ঈশান কোণে ছিল। চণ্ডীদাসের আতার প্রতিবৎসর नाय-नकुल ठीकुत। মাথমাদে উৎসব হয় ৷ ছাতনায় (বাঁকুড়া) এক চণ্ডী-

দাসের লীলাস্থান আছে। এ বিষয়ে মতভেদও আছে। দ্বিজ চণ্ডীদাস. বড়ু চণ্ডীদাস ও তরুণীরমণ চণ্ডীদাস —এই তিন চণ্ডীদাসের নাম পাওয়া য†য়। মাভিগয়া --- যাজপুরের অন্তর্গত

বিরজাক্ষেত্র। শ্রীগোরাঙ্গপদাঙ্গপৃত

(চৈ° ভা° অন্ত্য ২।২৮৪)। প্রীঅবৈত

প্রভু এখানে পিতৃপিও দিয়াছিলেন ি অহৈতপ্ৰকাশ 외: 11 8120 কপিলসংহিতায় (৭।১৫—১৬) উক্ত হইয়াছে যে নাভিগয়ায় পিতৃপিও দান করিলে পিতৃলোকের সহিত পিওদানকারীরও শ্রীহরিপদ লভ্য হয়। নারজাবাদ – ত্রজে,মথুরার পাঁচ মাইল দক্ষিণে অবস্থিত। নারদ কুণ্ড-ত্রজে, কুত্রসরোবরের निक्छेवर्छी, ২ कामावत्न, ७ यावर्ष

[ङिक्कि ६।६०२, ५४२, २०४२]।

नाताश्च १७-- (यिनिगेशूरत S. E.

R. ছেশন। উহা একটা হিন্দুরাজ্য

ছিল। ধলেশ্বর শিবমন্দির আছে। বাহির হইতে নারায়ণগড়ে প্রবেশ-পথে একটা লোহ-কপাট ছিল। এ দরকার নাম 'যমত্বার বা ত্রনাণী ছয়ার'। উৎকলে বা পুরীধামে যাইতে হইলে ঐ দরজা যাইতে হইত, নতুবা ছইপার্শ্বে ব্যাঘ-ভলুক-পূর্ণ ভীষণ জঙ্গল ছিল। রাজার ছাড়পত্র লইয়া যাত্রীগণ যাইতে পারিত, নতুবা দরজা খোলা ছইত না। প্রবাদ—শ্রীচৈতগ্রদেব এইপথেই পুরী গিয়াছিলেন। তাৎকালীন রাজা কেশব সামস্ত তাঁহার অলোক-সামাগ্র রূপদর্শনে

মুগ্ধ হইয়া উাহার শরণ গ্রহণ করেন।

নারায়ণ পীঠ-শ্রীগাম নবদ্বীপের উপকণ্ঠে স্থিত, বৈকুণ্ঠপুরে অবস্থিত— এস্থানে নারদমুনি শ্রীনারায়ণের দর্শন লাভ করেন।

নিতাানন্দতলা

नाताम्राभूत - मथ्यात्मत निक्रवर्षी. এগ্রামে নুসিংহ ভার্ডীর ওরেদে দীতা ও শ্রীদেবীর আবির্ভাব হয়। এই ভগ্নীৰয়কে শ্ৰীভাৱৈতপ্ৰস্থ বিবাহ করেন (প্রেম ২৪ ।।

নালনা ---বিহার লাইট রেলওয়ে রাজগির কুণ্ড হইতে আট মাইল। এ স্থান বৌদ্ধ, জৈন ও হিন্দুগণের তীর্থ। বৌদ্ধযুগে নালনা একটি বিখ্যাত বিভাকেক্স ছিল। ধ্বংসস্ত,প-খননে প্রাপ্ত বহু দ্রব্য সংগ্রহালয়ে রক্ষিত আছে। **নাসিক তীর্থ**—বোঘাই হইতে ১১৭ মাইল: গোদাবরী তটে পঞ্চটী।

এ স্থানে বনবাসকালে জীরামচন্দ্র গ্রীলক্ষণ ও গ্রীসীতাদেবী সহ অবস্থান করেন। ইহা স্থর্পনথার নাসিকাছেদন-স্থান। বিষ্ণুচক্রে সতীর নাসিকা পতিত হইয়াছিল বলিয়া প্রাচীন পঞ্বটীরই নাসিক-নামের কল্পনা হইয়াছে। **শ্রীগৌরপদাঙ্কপূত** (ৈচ° চ° মধ্য ৯।৩১৭)।

निকুঞ্জবন—(সেবাকুঞ্জ) প্রীবৃন্দাবনে, তথায় ললিতাকুণ্ড আছে। প্রীরাধা-কুষ্ণের নিত্যবিহারস্থলী। এই বন হইতে গ্রীরাধাবল্লভজী প্রকট হন। শ্রীশ্রামানন্দ প্রভু এই বনে প্রভাহ ঝাড়ু সেবা করিতেন। নিত্যানন্দতলা—মুশিদাবাদ জেলার

অবস্থিত। শ্রীনিত্যানন্দপ্রভু রাচ্-দেশে ভ্রমণকালে এম্বানে কীর্ত্তনাদি

জেমোবাঘ-ভালার মধ্যে বণিকৃপাড়ায়

করিয়াছেন বলিয়া শুনা যায়। একটি

বেলঘর ষ্টেশন হইতে নিকটে।

মহাপ্রভুর ভক্ত কবি ক্লফরামের

অশ্বর্থ ও একটি বকুল বুক্ষ যুক্তভাবে অতীতের সাক্ষ্যস্বরূপে বিভয়ান ছিল। উহারা একণে অদৃগ্র। নিত্যানন্দপুর-ছগলীজেলায় সপ্ত-গ্রামের নিকট, প্রীপ্রিনিত্যানন্দ প্রস্থ শ্ৰীমতী ৰম্বধা দেবী ও শ্ৰীমতী জাহুবা দেবীকে বিবাহ করিয়া এই স্থানে কিছুদিন ছিলেন। একটি দেবালয় আছে। দেবালয়ের প্রীবিগ্রহ প্রীমন নিত্যানন্দপ্রভুর শিঘ্য শ্রীধর প্রতিষ্ঠা करतन। धीरत ७ वागीनाथ प्रहे ভাই স্থবৰ্ণবৃণিক ছিলেন। চট্টগ্ৰাম হইতে ৭ নৌকা বাণিজ্য দ্রব্য ভরিয়া সপ্রতাম বন্দরে আসেন। আইন্দা-নগরে ইহাদের বাস ছিল। এএী-নিত্যানন্দপ্রভুকে ইহারা স্বগৃহে লইয়া গিয়াছিলেন। শ্রীধর-প্রণীত শ্রীশ্রী-নিত্যানন্দ-পটল এবং বাণীনাথ-প্রণীত 'শ্ৰীনিত্যানন্দ-চৌত্ৰিশা' প্ৰভৃতি গ্ৰন্থ আছে বলিয়া শুনা যায়। निज्ञानम वर्षे—बत्ब, 'गुनात वरें' ८मथुन। নিধুপাড়া— (?) —— শ্রীঅভিরাম শাখা পুৰুবোত্তম গোপালের ব্রন্ধচারীর বাসস্থান। নিধুবন-ত্রঞ্জে, প্রীবৃন্দাবনের মধ্যবর্তী শ্রীরাধাকৃষ্ণের নিধুবন-স্থান। এস্থানে বিশাখাকুণ্ড আছে। এই বনে শ্রীবঙ্ক-বিহারীজি প্রকট হইয়াছেন। নিমগাঁও-স্থীপরার দেড় মাইল উত্তরে। গ্রীগরিরাজ-ধারণের পর এ স্থানে গোপগোপীগণ শ্রীরুম্ভকে নির্মঞ্চন করিয়াছেন। শ্রীনিম্বাদিতোর জন্মস্থান ৷ নিমতা—(২৪ পরগণা জিলায়)

জন্মস্থান। ইনি কামস্থকুলে জন্মগ্রহণ নিমতায় ইঁহার ভিটা करत्रन। वाट्या ३७४७ थुट्टीट्स 'तारामनन'. 'বিছামুন্দর' প্রভৃতি গ্রন্থ বাংলা ভাষায় করেন। 'কালিকামঞ্চল' গ্রন্থে এটিচত জদেবের বন্দনা আছে। নিমাই তীর্থের ঘাট——ছগলী জেলায়, বৈগুবাটী ষ্টেশন হইতে পূর্বদিকে গঙ্গার ঘাট। প্রীমন্মহাপ্রভূ সরাাসপরে এই গলার ঘাটে স্থান করিয়াছিলেন। দেই হইতে এই ঘাট 'নিমাই তীর্থ ঘাট'-নামে পুরীধাস श्रहेरज হয় | শ্রীজগন্নাথদেব এই ঘাটে বালা বন্ধক দিয়াছিলেন। কোন ব্রাহ্মণ বালক উপনয়নের পরে এই ঘাটে দণ্ডী ভাগাইয়া খান করেনা। লোকের বিখাস তাহা হইলে সেই বালক মহাপ্রভুর গ্রায় গৃহভ্যাগ করিবে। निर्विका। निर्म - एक श्रिनीय निक्रि পূর্বোত্তরে অবস্থিত। পারা-নদীর পশ্চিমে ও পাবনী-নদীর দক্ষিণে। বিন্ধ্য হইতে উৎপন্ন হইয়া 'চম্বলে' পড়িয়াছে। শ্রীগোর-নিত্যানন্দ-পদাঙ্কিত তট (টৈ° চ° ৯।৩১১ हे ভা° আদি 21260)1 নীপকুণ্ড--ত্রজে, পৈঠ গ্রামের নিকট-বর্ত্তী গোরীতীর্থে অবস্থিত (ভক্তি° e1602) 1 নীমগ্রাম-শ্রীরাধাকুণ্ডের অনতিদূরে নৈখত কোণে। मीनाइन, मीनाफि-इडिया अपराम

পুরীধামের পর্বত, ইহার উপরে শ্রীশ্রীজগরাপদেবের প্রকাণ্ড মন্দির বিরাজমান । সাধারণতঃ শ্ৰহা শ্রীক্ষেত্রমণ্ডলেরই প্রোতক। ২— (१) শ্রীল অভিরাম গোপালের শিষ্য জগন্নাথ দাসের বসভিস্থান। মুরপুর-ঢাকা, বিক্রমপুরের গ্রাম। শ্রীমন মহাপ্রভু শ্রীহট্ট-গমনকালে এস্থানে গমন করেন (প্রেম ২৪)। নুপকুগু—(বুলী ১৩) গোবর্দ্ধনের পূর্বদিকে, অত্রত্য কদম্বরাজের পূপ-নির্মিত হার পরিয়া সখীগণসহ শ্রীক্ষের বিহার হয়। নৃসিংহকুগু-(মধুরায়) কাম্যবনে অবস্থিত। নুসিংহপুর--(মেদিনীপুর জেলায়) অবস্থিতি প্রীল ভাগোনন প্রেড করিতেন। শিষ্য ভাঁহার শ্রীপুরুষোত্তম মিশ্রের শ্রীপাট। অত্রত্য উদ্দণ্ড রায়ের গৃহে ১৫৫২ শকাব্দে স্থান পূর্ণিমার শেষে প্রতিপত্তিথিতে শ্রীশ্রামানন প্রতু অপ্রকট হন। নেওছাক--(মথুরায়) বক্ধরার নিকটবর্ত্তী—শ্রীকৃষ্ণের ভোজন-বিলাস-স্থান [ভজি° ধা১২৮৮—৮৯)। নেতৃচ্ছাক—নামান্তর। নেয়াল্লিস পাড়া-- (মুর্শিদাবাদ) বুধুই পাড়া, সৈদাবাদে ভাগীরথীর অপর কুলে। এনিবাস আচার্য প্রভুর শ্রীবিগ্রহ শ্রীরাধামাধব এবং উহার ক্সা এহেমলতা ঠাকুরাণীর প্রীবংশীবদন বিরাজিত শ্রীবিগ্রহ ছिल्न। নৈমিষারণ্য--- (বর্তমান নাম--নিম্পার)। গোমতী নদীর বাম-

দিকে অবস্থিত। আট্রধ রোহিলাখণ্ড-

রেইলওয়ের নিম্পার ষ্টেশন হইতে অন্ন দুরে, সীতাপুর হইতে বিশ মাইল এবং লক্ষে হইতে ৪৫ মাইল উত্তর-পশ্চিম দিকে অবস্থিত। ৬০,০০০ ঋষি এস্থানে বাস করিতেন। মহর্ষি বেদব্যাস-কর্ত্তক বহু পুরাণ এছলে গিখিত হয়। খ্রীনিত্যানন-পদান্ধিত [চৈ° ভা° আদি ৯৷১২১]। প্রকাপতি বন্ধা এম্বানে ভূরিদক্ষিণ অশ্বমেধ যজ্ঞ করিয়াছেন। স্বায়ন্তব মনুও শতরপার সমাধি আছে। **শ্রীরামচন্ত্র** এস্থানে দশাখ্যেধ যজ্ঞাহন্ঠান করেন। ইহাতে তিনটি

তীর্থ-নৈমিষারণ্য, হত্যাহরণ কুণ্ড ও মিশ্রক তীর্থ (দেবতাগণের শ্মশান-কেত্ৰ)। **নৈহাটি**—ইপ্টার্ণ রেইলওয়ে সালার নিকট. কাটোয়ার ষ্টেশনের গ্রাম। একান হইতে নিকটবর্ত্তী গোস্বামির <u> একি বিরাজ</u> ভাষাসান ঝামটপুর অতি নিকটে (চৈ° চ° আদি ৫।১৮১)। 'নবহট্ট' দেখুন। ২ সম্ভবতঃ মেদিনীপুর জিলায়— প্রীশ্রামানন্দ-রসিকানন্দের লীলাম্বলী (র° ম° দক্ষিণ ১২।৩) নোয়াডিহি—– বীরভূম জেলায়, ময়ুরাক্ষী নদীর নিকটবর্তী। প্রীঞ্জব
গোস্বামির গোপাল বিগ্রহ জনৈক
দরিত্র ব্রাহ্মণ আনিয়া এই গ্রামের
প্রীনন্দহলাল ঘোষাল মহাশয়ের
বাড়ীতে রাথিয়াছিলেন। পরে ঐ
গোপাল ভাঞীরবনে যান।
'ভাঞীরবন' দেখুন।
নৌকড়ি গ্রাম—রাণাঘাটের এক
মাইল উত্তর-পর্ব বাচকোর বা

নাকড়ি থাম—রাণাঘাটের এক
মাইল উত্তর-পূর্ব বাচকোর বা
হালরের থালের উত্তর কূলে নোকড়ি
থাম। ঐ স্থানে প্রীপ্রীঅবৈত প্রভুর
দিতীয় বার বিবাহ হয়। (১৪৩৪ খৃঃ
অঃ) অবৈত-মলল গ্রন্থে বর্ণনা আছে।

N

পরপল্লী বা পাইকপাড়া (१)— সম্ভবতঃ মুর্শিদাবাদে। শ্রীনরোত্তম-শিষ্য শ্রীল নরসিংছ রায়ের বাসস্থান। পক্ষিতীর্থ—তিরাকাড়ি কুণ্ড। (The Kite Hill)-नात्य Secred পরিচিত, মাদ্রাজ হইতে ৩৫ मार्रेन। हिस्निन्पूरे क्श्मन रहेर्छ > गारेन पिक्न-शृर्द। दत्रननारेत्नत निकटिंटे घूटे भार्टन नीर्च ७ এक মাইল প্রস্থ জ্বলাশয় আছে। প্রীগৌর-পদান্ধপৃত (চৈ° চ° মধ্য না৭২)। নগরের মধ্যস্থানে বুছৎ শিবমন্দির ও একস্থানে শঙ্গতীর্থ নামে বৃহৎ সরোবর আছে। বেদাবন পর্বতে গিরিশীর্ষে বেদগিরীশ্বর শিব, পার্বতী ও পক্ষিতীর্থ। পাথরের সিঁডি দিয়া পৰ্বত-শৃঙ্গ পর্বতে উঠিতে হয়। হইতে বন্দগাগর (৮৯ মাইল দুরে)

ও মহাবলীপুরের 'Light house' দেখা যায়। ৫০০ ফিট উচ্চ। ঐ পর্বতগাত্তে লিখিত আছে— ১৬৮১ খঃ ৩রা জামুয়ারী জনৈক এই তীর্থে ওলন্দাজ ভ্রমণকারী আসিয়া পক্ষিদ্বয়ের ভোজন দেখিয়া-ছিলেন। প্রত্যহ তুইটি বাজপক্ষী ধাম আসিয়া বারাণসী **छ** इंड পক্ষিতীর্থে প্লান જ এন্থানে সেবায়েতের নিকট আহার প্রাপ্ত হইয়া তিনবার দেবালয় করত দেতুবন্ধ রামেশ্বরে গমন করে এবং তথা ছইতে আবার সন্ধার পূর্বে কাশীতে আদে বলিয়া প্রবাদ আছে। তাঁহারা পক্ষিরূপী 'হর-S. Ry bिक्न्याश्रुष्ठे পাৰ্বতী'। ষ্টেশন। বেদগিরি বেদাবনমের উপরে মন্দিরের বেদগিরীশ্বর শিবের

নিকটেই 'শাকামরা দেবীর' মনির আছে৷ [Ind. Ant. Vol. X. (1881] p. 1987 **পঞ্চকাশী**—বারাণসী, গুপ্তকাশী হইতে (কন্দ্রপ্রাগ কেদারনাথ যাইবার পথে), উত্তরকাশী (উত্তরা-খণ্ডে, যমুনোত্তরী হইয়া যাইতে হয়), দক্ষিণকাশী বা তেন্কাশী (দক্ষিণাপথে) এবং শিবকাশী (মাতুরা হইতে ২৭ মাইল বিরুধনগর, তথা হইতে ১৬ মাইল তেন্কাশী)। পঞ্চকুটি (রত্না ৭।৩৩)—বাঁকুড়ার গ্রাম। এই পথে শ্রীআচার্য প্রভু বনবিষ্ণুপুরের নিকটে গেলে গ্রন্থগাড়ী দস্মাগণ-কর্ত্তক অপহাত হয়। পঞ্চকট (পঞ্চকোট বা পাঁচেট) হইতে —পরেশনাথ পাহাড বর্দ্ধমানের নিকট পর্যস্ত পঞ্চকোট

ప్రస్థింఫ్

রাজ্য ছিল। S. E. R. রামকালানা ষ্টেশনের নিকট পর্বতের প্রাস্তভাগে রাজবংশের রাজধানী ছিল। বর্তমান রাজধানী—কাশীপুরে। ইংগারা রাজপুত ক্ষত্রিয়। প্রীচৈতক্সদেবের সময়ে রাজগণের নাম—ভাগ্যবান্ রাজা—

(৬৪) শ্রীনাথশেখর সিংছ—রাজা
বা বিফ্নারায়ণ শেখর সিংছ—
(১৪০২—১৪৪১ শক) দেবসেবায়
ইহার বহু দান আছে। বহু দেবালয়ও
আছে। (৬৫) হীরালাল বা
গণেশশেখর — (১৪৪২ —১৪৮৩)
(৬৬) জগমোহন শেখর বা গরুড়নারায়ণ—(১৪৮২—১৫১০) (৬৭)
হরিশ্চন্দ্র বা হরিনারায়ণ—(১৫১১
—১৫১৭) (৬৮) রামচন্দ্র—রঘুনাথ
—(১৫৫৮—১৫৫৯) (৬৯) বলভদ্র
বা গরুড়নারায়ণ—(১৫৬০—১৬২৬)

বরাকরের একটি মন্দিরে ১৩৮৩ শাক ৬২ সংখ্যক রাজা হরিশ্চন্দের পত্নী শ্রীমতী হরিপ্রিরাদেবীর নাম আছে। (Archæological Survey of India Vol VIII.)

স্থজাখার সময়ে

শেথর সিংছ

বিশ্বমান ছিলেন।

পঞ্চকোটের রাজা হরিনারায়ণ (৬৭ সংখ্যক রাজা) এবং নসি-পুরের রাজা নুসিংহ গজপতি শ্রীল রসিকমুরারির শিশ্য ছিলেন। শিখরভূম, নিয়ামতপুর হইতে দক্ষিণ-পশ্চিমে ৫ জোশ, গাঁওতাল পরগণায় পাচেট রাজ্যে। (শেখরভূম সেরগড়) [Sikharbhum or Shergarh... the mahai to which Raniganj belongs.] Blochmann's Geography and History of Bengal (১৬ পৃঃ) পঞ্চকোটের রাজা শ্রীরামোপাসক বৈষ্ণব ছিলেন। হরিনারায়ণ—শ্রীরঙ্গক্ষেত্রের ত্রিমল্ল ভটের পুত্রের নিকট দীক্ষা লইয়া-ছিলেন (ভক্তি ১।৩০৭ – ৮)।

এন্থানে শ্রীআচার্য প্রভুর শিষ্য শ্রীগোকুল কবীক্র বাস করিতেন [ভক্তি ২০।১৩৯]। পঞ্চ কেনার—কেনার নাধ, মধ্য-

মেশ্বর, তুঙ্গনাথ, কদ্রনাথ ও কল্লেশ্বর।

মহিষরপধারী শঙ্করের বিভিন্ন অঙ্গ

পঞ্চানে প্রতিষ্ঠিত হয়—এই জন্ত 'পঞ্চেদার' নামে খ্যাত হয়। প্রথম কেদার (কেদারনাথে) পৃষ্ঠভাগ, দিতীয় (মদমহেশ্বরে) নাভি, তৃতীয় (তৃঙ্গনাথে) বাহু, চতুর্থ (ক্যন্তনাথে) মুখ এবং পঞ্চম (কল্লেশ্বরে) জটা।

পঞ্চ শুভ শুভ কিনায়, ভ্রদ্বাজ-গোত্রীয় পাশ্চাত্য বৈদিক স্ত্যভাম উপাধ্যায়ের পূর্বনিবাস।

িপশুপতিনাথ নেপালে শির ।।

পঞ্চতীর্থ—বিশ্রান্তি, শৌকর, নৈমিষ,
প্ররাগ ও পুন্ধর। মতাস্তরে—পুন্ধর,
কুরুক্ষেত্র, গয়া, গল্পা ও প্রভান।
২ গ্রীক্ষেত্রে অবস্থিত চক্রতীর্থ,
বর্গদার, শ্বেত-গলা, মার্কণ্ডেয় ও
ইন্দ্রতায় সরোবর। মিতাস্তরে—

মার্কণ্ডেয়, খেতগঙ্গা, রোহিণীকুণ্ড, সমুদ্র ও ইন্দ্রছায়।] 'মার্কণ্ডেয়া-বটেহকুফে রোহিণেয়ে মহোদধৌ। ইন্দ্রছায়ে নরঃ স্নাদ্ধা পুনর্জন্ম ন বিছাতে॥'

উৎকলে পঞ্চ উপাসকের পঞ্চ-তীর্থ——(১) গণপতিতীর্থ বা

মহাবিনায়ক ক্ষেত্র। S. E. R. ধানমণ্ডল ষ্টেশন হইতে প্রায় পাঁচ মাইল দুরে পর্বতোপরি মন্দির। (২) সূৰ্যতীৰ্থ বা অৰ্কক্ষেত্ৰ— কোণার্ক। অত্রত্য ধ্বংসপ্রায় সূর্যমন্দির স্থাপত্য বিভার চরম আদর্শ। (৩) শক্তিতীর্থ বা বিরজাক্ষেত্র— याख्युदत वित्रकारमचीत मन्मित । (१) শিবতীর্থ বা ভুবনেশ্বর এবং (৫) বিষ্ণুতীর্থ বা পুৰুষোত্তমক্ষেত্ৰ (নীলাচল)। পূৰ্বোক্ত পঞ্চতীৰ্থ কিন্তু এই বিষ্ণৃতীর্থেরই অন্তর্গত। প্রথমাম--গ্রীবৈষ্ণবগ্রন্থে গোডীয় বৈষ্ণবগণের ৫টি ধাম যথা-

নবদ্বীপ ধামে প্রভুর জন্ম হয়।
কাটোয়া প্রভুর ধাম জানিবা মিশ্চয়॥
একচক্রা জন্মভূমি, খড়দহে বাস।
শ্রীনিত্যানন্দের ছই ধাম জানিবা
নির্যাস॥ শ্রীঅদৈত-ধাম শান্তিপুরে
হয়। এই পঞ্চধাম সবে জানিহ
নিশ্চয়॥ (পাটপর্যটন গ্রন্থ)
পঞ্চনদ—কাশীতে অবস্থিত নদীপঞ্চকরূপ তীর্ব। কাশীখণ্ডে (৫৯)
ইহার বর্ণনা আছে—ধর্মনদ হ্রদে ধূতপাপা, কিরণা, ভাগীরথী, যমুনা ও

(टेठ° ठ° मशु २८।८२)।

शिक्षनाथ— উত্তরাখণে বদরীনাথ,

মান্তাসে রঙ্গনাথ, নীলাচলে জগনাথ,

ঘারকার ঘারকানাথ এবং রাজস্থানে

শীনাথ বা গোবর্জননাথ।

হইরাছে। এগৌরপদান্ধিত ভূমি

সরস্বতীর সঙ্গমে পঞ্চনদ

পঞ্চপাণ্ডবকুণ্ড—(মথুরায়) কাম্যবনে অবস্থিত [ভক্তি° ৫।৮৪৩]। পঞ্চপাণ্ডব ঘাট--এজে, প্রশাম- কুণ্ডের উন্তরে ও মানসপাবন ঘাটের পূর্বে। এই ঘাটের উপরিস্থিত পাঁচটি বৃক্ষ শ্রীল দাস গোস্বামিকে পঞ্চ-পাশুব বলিয়া তাঁহাদের পরিচয় দিয়াছিলেন। এই ঘাটের উন্তরে শ্রীদাস গোস্বামির ও শ্রীকবিরাজ গোস্বামির কুঠরীর পূর্বদিকে একটি প্রাচীন ছোকরা বৃক্ষ শ্রীবিশ্বনাথ চক্রবর্তিকে কাশীবাসী ব্রাক্ষণ বলিয়া স্বপরিচয় দিয়াছিলেন।

প্রথবিচয় দিয়াছিলেন।
প্রথবিচী — দণ্ডকারণ্যের অন্তর্গত বন।
নাসিক নগর। ত্রাম্বকেশ্বর শিব।
এই স্থানে 'চার সম্প্রদারকী আখড়া'
নামে একটি মন্দির আছে। উহাতে
শ্রীমন্মহাপ্রম্বর বড় ছুজ বিগ্রহ সেবিত
হরেন। দোল-পূর্ণিমায় মহাপ্রম্বর
উৎসব হয়। এস্থানে শূর্পনথার
নাসাচ্ছেদ হয় এবং সভীর নাসিকা
(বিষ্ণুচক্রে খণ্ডিত হইয়া) পতিত
হয়। প্রতি বার বৎসরে যথন
বৃহস্পতি সিংহরাশিতে গমন করে,
তখন গোদাবরীতে কুস্তবোগ হইয়া
পাকে। Western Ry. বোম্বেকল্যাণ-ভূষাভাল - জংসন - লাইনে
ষ্টেশন—নাসিক রোড়।

পঞ্চ সরোবর—বিদ্দুসরোবর (সিদ্ধপুর), নারায়ণ সরোবর (কচ্ছদেশে),
পম্পা সরোবর (মছীশ্রে), পুরুর
(রাজস্থানে) এবং মানস-সরোবর
(তিব্বতে)।

পঞ্চসার—ঢাকা জিলায় বিক্রমপুরে
মৃন্সীগঞ্জের পশ্চিমে এবং ইজাকপুর
(যাহা বিক্রমাদিত্যের রাজধানী ও
বঙ্গদেশের মানমন্দির-স্থান বলিয়া
ক্ষিত হয়) ও রামপালের মধ্যবর্ত্তী

স্থান। শ্রীমন মহাপ্রভুর আদেশে শ্রীশ্রীগদাধর গোস্বামিপ্রভুর রাটীয় ব্রাহ্মণ শ্রীবল্লভ চৈতন্ত গোস্বামী রাঢ়দেশ হইতে পূর্বকে বৈঞ্বধর্ম-প্রচারে আদিয়া এই পঞ্চারে বাগস্থান করেন। ঠাকুর বল্লভের চারিপুতের মধ্যে কনিষ্ঠ রামরুঞ্চ শ্রীবন্দাবনে শ্রীপণ্ডিত গোস্বামির দন্তদমাজ ও প্রীগদাধর চৈতন্ত মৃতি স্থাপন করেন। প্রবাদ আছে যে আদিশুর কান্তকুজ হইতে ব্রাহ্মণ-পঞ্চককে আনিয়া তাঁহার রাজ্ধানী রামপালের সন্নিহিত পূর্বদিকে वामश्रान कतिया (पन, এইজন্ত मिटे স্থানই উত্তরকালে 'পঞ্চসার'-নামে ক্ষিত হয়। এই পঞ্চ ব্রাহ্মণের আশীর্বাদে সঞ্জীবিত গজারি রুক্টি এখনও সেইস্থানে বিরাজমান। মতাস্তবে পাঁচগাঁওকে কেছ কেছ পঞ্জান্ধণের আদিম বস্তি বলিলেও তাহা যুক্তিনহ হইতে পারে না, কেননা সংহিতামতে রাজধানীর পূর্বদিকে ব্রাহ্মণ-বদতি করিতে হয়; রামপাল হইতে ৪।৫ মাইল দক্ষিণে পাঁচগাঁও; এতদুর হইতে আসিয়া যজ্ঞ করাও ত যথেষ্ট অস্থ্রবিধাজনক; মুতরাং পঞ্সারই তাঁহাদের আদি বাসস্থান। পঞ্চসাবের উত্তরে ইচ্ছামতী নদীর তীরবর্তী টুমচরে ইতিহাস-প্রসিদ্ধ কাত্তিক বারুণীর মেলা বসিত-চীন, জাপান, বন্ধ ও ইউরোপ হইতে জাহাজ লইয়া বণিকগণ ঐস্থানে বাণিজ্য করিতে আসিত। কাত্তিক বারুণী হইতে চৈত্রবারুণী পর্যস্ত স্থায়ী এই মেলায়

লক্ষ লক্ষ যাত্রীর সমাগমে ঐ প্রদেশটি

মুখরিত হইত।

শ্রীমন মহাপ্রভু বিভাবিলাদের জন্ত পূর্ববঙ্গে আগিয়াছিলেন-ইহা ইতিহাস-প্রাসিদ্ধ ঘটনা। তদানীস্তন রাজ-পথ ধরিয়া তিনি পদ্মাপার হইয়া ভাগ্যকুলের দক্ষিণস্থ মুরপুরে (প্রেম ২৪) আসিয়া তত্রত্য বিগার প্রধান কেন্দ্র বিক্রমপুরে পদার্পণ করেন। তখন পঞ্চারে টোল ছিল বলিয়া স্থানীয় লোকমুখে জানা যায়। এই পঞ্চারে অবস্থান-কালে গ্রীগোরাঙ্গ কান্তিক বারুণী ধলেশ্বরী উপলক্ষে ব্ৰহ্মপুত্ৰ, ইচ্ছামতী প্রভৃতি সাতটি নদীর সঙ্গমে স্নান করেন এবং তদবধি ঐ স্থানটি প্রসিদ্ধতর হইয়া স্থানঘাট হইতে তুই মাইল পশ্চিম পর্যস্ত মেলাটি সংপ্রদারিত হয়। ঠাকুর বল্লভ চৈত্তের বংশধরগণ পঞ্চশার, বিনোদপুর, দেওভোগ, ইছাপুরা, বাসাইল প্রভৃতি স্থানে বাস করেন। ঠাকুর বল্লভচৈত্ত্য-সেবিত শ্রীরাধা-রমণবিগ্রহ স্বপ্লাদেশ দিয়া ভূগর্ভ হইতে প্ৰকাশিত হইয়াছেন। পঞ্চাঞ্চারা ভীর্থ-(শাতকণি বা মাণ্ডকণি) এই স্থানে ঋবির हे स পাঁচটী তপ্রাভ**্গে**র জগ্য অপ্সরাকে প্রেরণ করেন। উহাদের নাম-লভা, বুহুদা,সমীচী,সৌরভেয়ী বর্ণা। উহারা অভিশপ্ত হইয়া কুন্তীরব্ধপে দরোবরে বাদ করে। পরে শ্রীরামচন্দ্র মতাস্তরে অর্জুন ইহাদের শাপ বিমোচন করেন। তদবধি ঐ সরোবর তীর্থে পরিণত হয়। ২ ছোটনাগপুরের অন্তর্গত

উদয়পুর জিলায়। 🤏 শ্রীভাগবত-

মতে (১০1৭৯) দাক্ষিণাত্যে, 8 শ্রীধরস্বামিমতে মাদ্রাজ প্রদেশে ফাল্কন বা অনন্তপুরের নিকট এবং বেলারি হইতে ৫৬ মাইল দক্ষিণ-পূর্বে অবস্থিত।

পণাতীর্থ-গ্রিহট, স্থনামগঞ্জ দাব্-ভিভিন্ন লাউড় পরগণার একটা প্রস্তবণ। এই জলাশর শ্রীপ্রীঅদৈত প্রভু-কত্ত্র ক তীর্থরূপে পরিণত হইয়াছে। মধুকুঞা ত্রয়োদশী বা বারুণীতে এস্থানে স্নান্যাত্রার মেলা হয়। শ্রীঅবৈত-প্রাত্তর বরে ঐ সময়ে ঐস্তানে সর্বতীর্থের আবির্ভাব হয়। বারুণী ব্যতীত অন্ত সময়ে এই তীর্থে যাওয়ার স্থবিধা নাই।

শঙ্খধানি বা উলুধানি করিলে অথবা করতালি দিলে পর্বত হইতে তীব্র বেগে জলরাশি পতিত হয়। (অইম্ভ-প্রকাশ ২) [Assam District Gazetteers Vol. II. Sylhet p. 89. 7

পদ্মাবতী-গঙ্গার শাখানদী, গোয়ালন্দের নিকটে ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইয়া পরে মেঘনার বজোপসাগরে পতিত হইয়াছে। শ্রীগৌর-পনান্ধিত তট (হৈ° ভা° আদি ১৪(৫৮–৬৩)

পম্পা-সরোবর—তুগভদ্রা প্রাচীন নাম-পম্পা। ২ বিজয়-নগরের প্রাচীন রাজধানী হাম্পি-পম্পাতীর্থ-নামে প্রসিদ্ধ। গোমটি হায়দ্রাবাদের দিকে—অনাগুভির নিকটে তুঙ্গভদ্রার তীরবর্ত্তী সরোবর। ৪ ত্রিবাছুরের পল্পৈ নদী। পম্পা পশ্চিম কোণে শ্রী-সরোবরের

মহাপ্রভুর শ্রীচরণ-চিহ্ন আছে। পয়ঃগ্রাম-(মধুরায়) কোটবনের নিকটবর্তী। সখাগণসহ শ্রীক্ষের পয়ঃপানের স্থান। গ্রামের উত্তরে পয়ঃসরোবর এবং কদম্ব ও তমালবুক্ষ-শোভিত মনোরম কদমখণ্ডী। পয়স্থিনী --- মহীশূর - সীমানায়

পয় স্বিনী-তীরে মহাপ্রভু ব্রহ্মসংহিতা প্রাপ্ত হল (চৈ° চ° মধ্য ৯/২৩৭)। ত্রিবাছুর রাজ্যে পরলার নদী: ইহার তীরে তিরুবত্তর-নামক স্থানে আদি কেশবমৃত্তি বিরাজমান। [ভা° ১১।৫।৩৯]। S. Ry ত্রিবান্ত্রম্ লাইনে নগরকৈল ও ত্রিবান্তমের মধ্যবর্তীস্থানে তিরুবতর। ২ কুর্গ প্রদেশের সীমান্তে প্রবাহিতা, চন্দ্র-গিরি সহাদ্রি হইতে পশ্চিমাভিমুখে প্রবাহিত হইয়া কাসারগাড়ের নিকট পড়িয়াছে। ৩ আরব সাগরে পয়োফী नहीं, यानाचात्र जिनाय পোনানী। ইহার ১৫ ক্রোশ পূর্ব দিকে ওট্টাপলম নগর। ইহার কিছুদুরে 'ত্রিকোণগড়'-নামক স্থানে শঙ্কর-নারায়ণের মন্দির। (চৈ° চ° মধ্য ৯1২৪৩) S. Ry মাঙ্গালোর लाईरन ७ छो পलम् (है भन।

প্রোম্খী-দাক্ষিণাতো বিদ্বাপাদ পর্বতের দক্ষিণে প্রবাহিত। নদী। বর্ত্তমান নাম-পৃত্তি। ইহা পশ্চিম-বাহিনী হইয়া তাপ্তীর সহিত মিলিত হইয়াছে। শ্রীনিত্যানন্দ-পদান্ধিতা (रेठ° जा° चामि २।১৫०)।

পরব্যোম-প্রকৃতির পারে অবস্থিত শ্রীভগবদবতারগণের বসতিস্থান। যথা (চৈ° চ° আদি ৫।>৪-->৫)--'প্রকৃতির পারে 'পরব্যোম' নামে

ধাম। কৃষ্ণবিগ্ৰহ থৈছে বিভুত্বাদি-গুণবান ॥ সর্বগ, অনন্ত, বৈকুণ্ঠাদি ধাম। কৃষ্ণ, কৃষ্ণ-অবতারের তাহাঞি বিশ্রাম ॥ প্রমাদ্রা—(প্রমোদনা) डाक. দীগ হইতে বায়ু কোণে অবস্থিত; ব্রজম্বনরীগণসহ প্রীক্রফের প্রমোদ-স্থান ৷

পরশুরাম-ক্লেত্র-রত্বগিরি জিলায় চিপ্লুন গ্রাম হইতে এক মাইল দুরে পাহাড়ের উপরে অবস্থিত। গ্রামের মধ্যদেশে পরস্তরামের স্থব্দর মন্দির, তাহাতে ভার্গব রাম, পর্তু রাম ও কালারামের তিনটা মৃতি আছে। অক্ষ তৃতীয়ায় মেলা হয়। মন্দিরের রাস্তায় রেণুকার এক ছোট মন্দির আছে। পাহাডের উপরে দতাতেয়ের ক্ষুদ্র মন্দির।

প্রশো-(মথুরায়) বিজুয়ারীর নিকটবর্ত্তী গ্রাম। এ স্থানে প্রীক্ষ মধুরাযাতাকালে 'কালি পরশ্ব আসিব' বলিয়া শপথ করিয়াছেন।

পরাশোলি-গ্রীগোবর্দ্ধনের ইন্দ্রধ্বজ্বেদীর অগ্নিকোণে বাসস্ত त्रारमत शान (वृनी >०, छ ४।१)। পরিখম্—(পরখম্)— গ্রীবৃন্ধাবনের অনতিদুরে বংগবনের

অবস্থিত; এস্থানে চতুমুখ ব্ৰহ্মা শ্রীক্ষার পরীকা করেন। (ভক্তি 1 (80001)

পাশ্চমপাড়া-মুর্নিদাবাদ জেলায় তেলিয়া বুধরির পশ্চিম দিকে স্থিত — এগোবিন্দ কবিরাজের বাসস্থান। ২ হুগলী জেলায় আরামবাগ থানার অধীন। এীরাখালান্দ ঠাকুরের শ্রীপাট।

भर्मानी—बर्ष, भ्रत्यं रहेर इरें गारेन नाम्र्रात्मा, व्याष्ट्रय-विश्वान। रेहारक 'मर्भक्षनी' (मर्राभानी) वरन। भारेरकाफ़—नीत्रक्राः; हिमीनिक कर्मान विश्वाहित्मन। क्वा मिनानिनि रहेरक खाना यात्र य रेनि देवस्थव हित्मन व्यवः त्राप्रतम काँदात व्यवीन रहेशाहिन। कथिक खारह य भारेरकार्फ अश्य गांश्य हाता राभार्मित व्याप्त हाता राभार्मित व्याप्त हत्त्र। भारेशाम—(बर्ष) कृमी हहेरक भिक्रिय क ह्वनभाषाकीत निकरिं

পশ্চিমে ও চরণপাহাড়ীর নিকটে অবস্থিত। লুকাচুরিথেলার জ্রীরাধাকর্তৃক স্থীগণসহ শ্রীকৃষ্ণপ্রাপ্তিস্থান। (ভক্তি° ৫1>৪০৬, বুলী ২৪)। পাক্যালটি গ্রাম—মেদিনীপুরে

জাড়াগ্রামের নিকট, এখানে প্রীল অভিরাম ঠাকুরের শিষ্য গুল্ফনারায়ণের শ্রীপাট। 'পাকমাল্যাটিতে বাস গুল্ফ্যানারায়ণ'।

(অভিরামের শাখানির্ণর')।
পাটলগ্রাম—ব্রফে প্রীরাধাকুণ্ডের
বায়ুকোণে অবস্থিত, প্রীরাধার
সখীগণসহ পাটলপুপ্প-চয়নের স্থান।
পাটলা—(?) প্রীল অভিরামগোপালের শিষ্য লক্ষ্মীনারায়ণের
বাস্থান।

পাটুরিয়া—(ঢাকা জেলায়)
গোরালক হইতে ষ্টিমারে আরিচাঘাট
বা শিবালয়ে নামিয়া ে মাইল
দক্ষিণপূর্ব কোনে পাটুরিয়া গ্রাম।
গোরালক হইতে নৌকায় পাটুরিয়া
ঘাটে নামা যায়।
গোরালকের পূর্বপারে ইচ্ছামতী

ও অন্ত একটি নদী পদার সহিত
মিলিত হইয়াছে। হই স্থানের
মধ্যবর্তী স্থানের নাম পাটুরিয়া
গ্রাম। ঐ গ্রামে একটি প্রাচীন
শিবমন্দির আছে। প্রবাদ—মহাপ্রভু
পূর্ববঙ্গে ভ্রমণসময়ে গোয়ালন্দ পার

হইয়া ঐ গ্রামে আগমন করত কিছুদিন অবস্থান করেন এবং টোল খুলিয়া বিভাগান করেন। সেই স্থৃতি-উপলক্ষে ঐ স্থানে মাঘী পূর্ণিমার সময়ে পলা-ইচ্ছামতী-সঙ্গমে স্থান ও মেলা ছইয়া থাকে।
পাড়ল—(পাড়র) ব্রজে, নিমগাঁয়ের ছই মাইল উত্তরে স্থীসঙ্গে প্রিরাধার

গ্রাম' দেখুন)।

পাড়ালগ্রাম——(বর্দ্ধমানে) রায়
শশিশেখর বা চন্ত্রশেখরের শ্রীপাট।
ইংহারা পদকর্তা। শ্রীখণ্ডের শ্রীলরঘুনন্দনের শিষ্য।

পাণিগাঁও—এজে, মান সরোবরের

তুই মাইল দক্ষিণে, তুর্বাসা থাবির

পাটলপুষ্পতয়নের স্থান। ('পাটল-

গোপীগণ-হন্তে ভোজনন্থান।
পাণিহাটি—চিকাশপরগণা জেলায়
গোদপুর প্রেশন হইতে অনতিদ্রে
গঙ্গাতটে শ্রীরাঘব-ভবন। যে বটবুক্ষমূলে শ্রীবাসগোস্বামির দশুমহোৎসব
হইয়াছিল, তাহা অন্তাপি বিভ্যান।
শ্রীরাঘব-ভবনে মালতী ও মাধবী

হইয়াছিল, তাহা অত্যাপি বিভ্যান।
প্রীরাঘব-ভবনে মালতী ও মাধবী
কুঞ্জের নীচে প্রীরাঘবের পাতিতের
সমাজ আছে। 'শ্রীরাঘবের ঝালি',
দময়ন্তীর সেবা-প্রবণতা ইত্যাদি
আকর-এন্থে আস্বাভ। পাণিহাটীর
অম্ল্যানিধি শ্রীল অম্ল্যধন রায়ভট্ট
মহাশবের প্রীগোরাজ-ভবনে তৎ-

কর্ত্তক সংগৃহীত বহু বহু প্রাচীন

মুজা, লিপি, শ্বতিচিহ্ন, পুঁথি ইত্যাদি
সংগৃহীত হইয়া বরাহনগর পাটবাজীতে প্রদন্ত হইয়াছে। ২ (१)
প্রীল অভিরাম পোপালের শিশ্ব ঠাকুর
মোহনের প্রীপাট।
শাশুরপুর—(পত্রপুর) বোদাই
প্রদেশে ভীমানদীর তীরে শোলাপুর

পাণ্ডরপুর—(পণ্ডরপুর) বোম্বাই প্রদেশে ভীমানদীর তীরে শোলাপুর জিলার মহকুমা শোলাপুর নগর হইতে ৩৮ মাইল পশ্চিমে দ্বিভুজ নারায়ণ-মৃত্তি। প্রীবিঠোবাবিগ্রহ। ভক্ত পুণ্ডরীক এই ধামের প্রতিষ্ঠাতা। পঞ্চনশ শক-শতাকীতে এস্থানে তুকারাম-নামক বিখ্যাত বৈষ্ণব সাধু ছिলেন। এতদ্বাতীত নামদের, রাঁকাবাঁকা, নরহরি প্রভৃতি সাধুগণের বাসস্থান। এই স্থানে শ্রীশঙ্করারণ্যের নিদ্ধিপ্রাপ্তি হয়। জীগোরাঙ্গপাদপুত (रेठ° ठ° मधा अरुक्क-०००)। মধ্য রেইলওয়ের বোম্বে-পুণা-কুরদ-अयामी-बार्डे ज्वा नार्टेन। वाक्ष्नारेटन পাতারপুর ষ্টেশন।

পাওলেনা গুহাবলী--নাসিক হইতে

মোইল দক্ষিণ দিকে। পুরাতবামুসন্ধানকারীদিগের পক্ষে এই স্থান

অতীব প্রসিদ্ধ। তিনটী পর্বত কাটিয়া

চিক্ষণটি গুহা প্রস্তুত করা হইয়াছে।

উহারা ভিন্নভিন্ন সময়ে নির্মিত হয়।

অধিকাংশ গুহা বৌদ্ধদিগের রচিত।

গুহামধ্যে বুদ্ধদেব ও তাহার
জীবনের ঘটনাবলি দেখিতে পাওয়া

যায়। ২৪টা গুহার মধ্যে ২৭টা
লেখা (inscription) আছে,
ইহাদারা ভারতের অনেক ঐতি-

হাসিক ও ভৌগোলিক তথ্য জানিতে

পারা যায়। ঐ সকল লেখার মধ্যে

অশোকস্তন্তের লেখাটি সর্বপ্রাচীন।

ডাক্তার ভাণ্ডারকার-মতে খুঃ পূর্ব ১১০ বৰ্ষ পূৰ্ব হুইতে ৬০০ খৃঃ পৰ্যস্ত ঐ সকল গুহা নিমিত হইয়াছিল। নাসিকের নিকট তপোবন, গোবর্জন, গঙ্গাপুর প্রভৃতি অনেক দেখিবার আছে (প্রবাসী ৩।১১৬ গৃঃ)। পাণ্ডুয়া'--স্থবর্ণরেখা নদীর তীরে অবস্থিত গ্রাম। ইহা পাণ্ডবগণের বিশ্রাম স্থান (রিসিক পূর্ব ১৪।৪৫)। পাওয়া?—পেঁড়োর মন্দির ই, আর পাণ্ডুয়া ষ্টেশন হইতে এক মাইল। জেলা। **হিন্দু-কী**ত্তির छशनी ধ্বংশাবশেষ। জনৈক পাণ্ডু বা পাণ্ডব-নামক রাজার রাজ্য ছিল। দুরুত্ত মুসলমানগণ प्तिवमन्त्रितापि स्वश्म করিয়াছে। ঐ সব মালমসলায় একটি ১৩৬ ফিট উচ্চ মিনার হইয়াছে। উহার ১৬১ গিঁড়। হিন্দু কীর্তির বহু নিদর্শন রহিয়াছে। মিনারের সম্মুখে একটি হিন্দুমন্দির। উহা এখন 'বাইশ দরজা' নামে অভিহিত। বিগ্রহের আসনগুলি শৃত। অপরাপর মন্দির ও ভগ্ন দেব-বিগ্রহ দেখা যায়। আদিশুরের পুত্র ভূশুর মগধের রাজা ধর্মপাল-কর্ত্তক পরাজিত হইয়া রাচ্দেশে বাস করেন ও পুণ্ডু রাজধানী স্থাপন করেন। উহাই ছগলী জেলায় পাণ্ডুয়া বা পেঁড়ো।

পাণ্ডুরি বিশ্রামতলা— এমনুহাপ্রভু সন্মাস-গ্রহণের পর কাটোয়া চইতে শ্রীরন্দাবনে গমন-মানসে বাহির হইয়া বক্রেশ্বর ভীর্থের ৪ ক্রোশ দূর থাকিতে বুন্দাবনে গমন না করিয়া প্রত্যাবর্ত্তন করিতে থাকেন। যে স্থান হইতে প্রত্যাবর্ত্তন করেন,

তাহাকে 'পাণ্ডুরি বিশ্রামতলা' বলে। প্রভু ঐ ভাবে উপবেশন করিয়া-ছিলেন। উহা দিউডীর এক ক্রোশ দক্ষিণে, রায়পুর ও মল্লিকপুরের মধ্যে। সিউড়ি হইতে ছবরাজপুর ধারে। ঐ স্থানে বাদের রাস্তার পূর্বে মহাপ্রভুর সেবা ছিল এবং একটি প্রাচীন বিশ্ববৃক্ষ ছিল। পাণ্ডাদেশ-দান্দিণাত্যে কেরল ও চোলরাজ্যের মধাবর্তী প্রদেশ। ইহা

প্রাচীন দ্রাবিডের সর্বদক্ষিণাংশ; তিনেভেলি ও মাছুরা জেলা (N. L. De. p. 47) ত্রীগোর-পদাঙ্কপূত (रेठ° ठ° मशु ३।२>৮)। धरे श्रात्म শ্ৰীবিষ্ণুস্বামী আবিভূত হইয়াছিলেন। পাতড়া পর্বত—(চৈ° চ° ২০1১৬) রাজমহল পর্বতশ্রেণীর অন্তর্গত হইতে পারে। ('গড়িপা'

পাতা বা পাতুন গ্রাম— (বর্দ্ধান) দেমুড় হইতে এক পথ | ৰ্যাখেল বার-হারোয়া রেলে পাটুলি **ভেশ**ন হইতে দক্ষিণ-পশ্চিমে ৫ জোশ। বর্দ্ধমান কাটোয়া রেলের নিগণ ষ্টেশন হইতেও ৫ ক্রোশ পূর্বদিকে ইহা শ্রীঅভিরাম-শিষ্য বিহুর বা

যাদবেন্দু পণ্ডিতের শ্রীপাট। শ্রীশ্রী-

গোপীনাথ-জীউর সেবা। কাত্তিকী

(प्रथून)।

শুক্লা নবমী ও দশমীতে উৎসব। পাতাই হাঁট-(বৰ্দ্ধমান জেলায়) कारिंशांत पूरे गारेन मिन्दा, আকাই-হাট হইতে সামাগ্ত দুরে। ভক্তগণের বাস ছিল। প্রাচীন দেবীমন্দির আছে। একটি

পুষরিণী-খননকালে গঙ্গার

পাকা

ঘাট বাহির হইয়াছে, কিন্তু বর্ত্তমানে গঙ্গাদেবী বহুদূরে আছেন। পাত্রপাড়া--(মুর্শিদাবাদে) গোপাল-পুরের (१) নিকট। শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্য শ্রীবিপ্রদাসের শ্রীপাট। ইঁহারই ধান্তের গোলায় শ্রীশ্রী-গৌরাঙ্গ-বিগ্রহ প্রকট হয়েন, ধাঁহাকে প্রীল নরোত্তম লইয়া যান। পাদোদক ভীর্থ—- শ্রীগয়াধামে অবস্থিত। [চৈ° ভা° মধ্য ১।২৮, २৯.७8]। পানাগড়ি—তিনেভেলি নাগের কৈইল পানম কোট হইতে ১৯ गारेन नामासूती গ্রাম। এখানে তেনকাই বৈষ্ণবদিগের প্রধান তীর্থ

ও মঠ আছে। লাকামুরীর চৌদ মাইল দক্ষিণে পানাগড়। প্রাচীন গ্রীরামলিল আছেন। শিবমন্দিরে পূর্বে এখানে যে রামমৃত্তি ছিলেন, শৈবগণ তাঁহাকে 'রামেশ্বর' শিব বলিয়া পূজা করিয়া আসিতেছেন। একটি বিষ্ণু-মন্দিরও আছে। শ্রীমন্মহাপ্রভু এই পথে ক্সাকুমারিকা গিয়াছিলেন (চৈ° চ° মধ্য ৯।২২১)। পানাগডির দক্ষিণে 'অরমবলী' নামক গিরিপথ। পানানুরসিংহ—(পানাকল নুরসিংহ) কৃষ্ণা জেলার বেজওয়াদা সহরের

সাত মাইল দুরে গুণীুর জিলায় মঙ্গলগিরি ষ্টেশনের নিকটে। ৪৪৮ সিঁড়ি বাহিয়া মন্দিরে উঠিতে হয়। প্রবাদ-নৃসিংহ দেবকে সরবৎ ভোগ দিলে ইনি সরবতের অর্দ্ধেকের বেশী গ্রহণ করেন না। এগৌরপদাঙ্কপূত (ৈচ° চ° মধ্য ৯।৬৬)। এই মন্দিরে শ্রীক্লফের ব্যবস্থত

একটি শঙ্খ আছে। তাঞ্চোরের ভূতপূর্ব মহারাজা ঐ শঙ্খটীকে ঐ मन्तित्व श्रान कतिशाष्ट्रन। मार्फ-মাদে ঐথানে মেলা হয়। পানিহারি কুও—बङ, ननीश्रद क्षीकृष्य এই অবস্থিত। কুত্তের জলপান করিতেন (ভক্তি ধাণণঃ)। পাপনাশন—কুন্তকোণন্ সহর হইতে আট মাইল দক্ষিণ-পশ্চিমে তাজোর জিলায়। ২ তিনেভেলী জিলায় পালমকোটা-নগর হইতে ২৯ মাইল পাপনাখন-নামে পশ্চিমে আছে। এই স্থানে একটি মন্দিরের নিকট তাম্রপর্ণী নদী পাহাড় হইতে শ্মতলে পড়িয়াছে। (তিনেভেলী ম্যামুয়েল্)। এগোরপদাকপূত (১০° ь° यथा अ। чэ) S. Ry मनियाही-

পাপমোচন কুও—— শ্রীগিরিরাজ-সমীপবর্ত্তী [ভক্তি ৫।৬১৭]। পারতাঙ্গা——শ্রীধাম নবদ্বীপের

শিনকোটা লাইনে 'অম্বাসমুদ্রম্'

ষ্টেশন।

নিকটবর্ত্তী স্থান। বর্ত্তমান ব্রহ্ম-নগরের সমীপবর্ত্তী ক্ষেত্র (চৈ° ভা° মধ্য ২৩।৪৯৮)—অধুনা লুপ্ত।

পারল গলা——ব্রজে, যাবটের বায়ুকোণে অবস্থিত 'পিয়লকুণ্ড'; ইহার পশ্চিমতীরে প্রাচীন পারিজাত

বৃক্ষ আছে। প্রীরাধা স্বহস্তে ইহাকে বোপণ করিয়াছেন, ইহার ফুলে প্রীক্ষের মালা নির্মাণ হয়।

পারিকুদ—— চিল্কান্থদের পূর্বদিকে অবস্থিত দ্বীপপুঞ্জ। প্রবাদ--শ্রীগোরাঙ্গ আলালনাথ হইতে দাক্ষিণাত্যে গমনকালে এই স্থানে আসিয়া দিব্যোমাদ্বশতঃ যমুনাজ্ঞানে এই

হুদে ৰম্প দিয়াছিলেন। আবার
ক্রত হয় যে কালাপাহাড় যাজপুর
আক্রমণ করত মুকুন্দদেবকে নিহত
করিলে সেই সংবাদ পাইয়া
নীলাচলের শ্রীজগরাথের সেবকসজ্য
শ্রীদাক্রজাকেও এই পারিকুদ দ্বীপে
কিছুকাল গোপন করিয়া রক্ষা
করিয়াছিলেন।
পারালীরাা—— বর্তুমান নবনীপের

পারগণয়া— বত্তমান নবধাপের
পশ্চিমে পূর্বস্থলী থানার অধীন গ্রাম।
এস্থানে মহারাজ চক্তকেতুর
রাজধানী ছিল বলিয়া প্রবাদ আছে।
যবনাধিকারের পরে ইহা 'পিরল্যা'নামে অভিহিত হয়। জয়ানশ-কৃত
ৈতত্ত্যমঞ্চলে ইহার উল্লেখ আছে।

দাদশ গোপালের অন্ততম প্রীল
মহেশ পণ্ডিতের প্রীপাট। পুর্বে
এই প্রীপাট মশিপুরে ছিল, গলার
ভালনে পালপাড়ার উঠাইয়া আনা
হয়। বর্তুগানে শ্রীপাটের মন্দিরাদি
নাই বলিলেই হয়।শ্রীমহেশ পণ্ডিতের

পালপাড়া---(নদীয়া জেলায়)

সমাজের ভগাবশেষ আছে।
অগ্রহায়ণী ক্বফা ত্রয়োদশীতে
উৎসব হয়। প্রীল অমূল্যখন রায়
ভট্ট-প্রণীত 'দাদশ গোপাল' গ্রন্থে
বিস্তৃত বিবরণ আছে।

চাকদহ ষ্টেশন হইতে হুই মাইল।
এখানে মহেশ পণ্ডিতের পরিত্যক্ত
শ্রীপাটভূমির পার্শ্বেই একটি দেবতাবিহীন স্থন্দর কারুকার্যবিশিষ্ট বহু
প্রাচীন মন্দির আছে। উহা ৫ শত
বৎসরের প্রাচীন। মন্দিরগাত্তে
ছুইখানি প্রস্তর-ফলক ছিল। রাণাঘাটের স্বডিভিসনেল অফিসার
রামশঙ্কর সেন মহাশম উহাদিগকে

লইয়া গিয়াছেন। 'List of Ancient Monuments in the Presidency Division' গ্রন্থে ঐ মন্দিরের বিবরণ আছে। (নদীয়ার কাহিনী ৩৪৬ পৃঃ)।
পালিগ্রাম—বর্দ্ধমান জেলায়।
শ্রীযন্থ গান্থুলির শ্রীপাট। বংশধরগণ এই গ্রামে বাস করেন।

পালী—ব্রজে, কুঞ্জরার দেড় মাইল বায়ুকোণে; পালিকানায়ী যুপেখরীর বাসস্থান [ভক্তি ৫।৬১৩]। পাবন সরোবর—মথুরাম্থ নন্দগ্রামের নিকটবর্জী প্রীক্রফকেলিস্থান। [১৮° ম° শেষ ২।৩৩৮], এই সরোবর বিশাখার পিতা পাবন নির্মাণ

করাইয়াছেন। ইহার দক্ষিণ তটে

শ্রীসনাতন গোস্বামির ভজন-কুঠরী।

একবার শ্রীসনাতনপাদ শ্রীকৃষ্ণবিরহে তিনদিন অনশনে নিকটবর্তী
অরণ্যে পড়িয়া থাকিলে ব্রজ্বশিশুরূপে
শ্রীকৃষ্ণ আসিয়া তাঁহাকে ছয় দিয়া
যান এবং কুঠরীতে বাস করিতে
আজা করেন। তৎপরে ব্রজ্বাসিগণ
এই কুটার নির্মাণ করাইয়াছেন।
প্রাশকুড়া—মেদিনীপুর জিলার, S.
E. Ry ষ্টেশন। তমলুক যাইবার

পথের থারে। গ্রীরঘুনাথজীউর সেবা আছে। গ্রীমহাপ্রস্কুর বিগ্রহ আছে। প্রবাদ—মহাপ্রস্কু এই পথ দিয়া প্রীতে গিয়াছেন। আশ্বিনী বিজয়া দশমীতে গ্রীরঘুনাথের রথোৎসব হয়।

তত্রত্য স্তৃপথননে আবিদ্ধার হয় যে প্রস্তানিমিত মুতিগুলির অধিকাংশই খুঠীয় তৃতীয় বা চতুর্ব শতাকীয়

পাহাড়পুর'--রাজ্যাহী জেলার।

বলিয়া পুরাতত্ত্ববিভাগের কর্তৃপক্ষ নির্দেশ দিয়াছেন। একটি প্রস্তর-ফলকের একদিকে প্রীবলরামমৃতি, **শ্রীকৃষ্ণমূর্ত্তি** একদিকে আর মধ্যস্থলে প্রীরাধাকৃষ্ণমৃতি এবং আছে। আর একটি প্রীরাধারুক্ষের যুগল মৃতিতে দাঁড়াইবার ভাবও ভঙ্গী বিশেষ মনোহর, এইরূপ অন্তান্ত বহুমৃতি আবিষ্কৃত দেবদেবীরও হইরাছে: স্থতরাং শ্রীচৈতত্তদেবের আবির্ভাবের পূর্বেও যে বঙ্গদেশে শ্রীরাধা-সম্বলিত শ্রীক্ষের হইত-তাহা সপ্রমাণ হইল। পাহাড়পুর - বর্দ্ধমান জেলায়, শ্রীল পুরন্দর ও শঙ্কর পণ্ডিতের শ্রীপাট। পিছলদা—-মেদিনীপুর জিলায়। বর্ত্তমান তমলুক সহরের ১৪ মাইল দূরে নরঘাট। ঐস্থানে কংসাবতী নদীর শেষাংশ 'হল্দী' নাম লইয়া পূর্বমুখে প্রবাহিত। উহা পার इहेग्रा कूरे गारेन मिक्टल शिष्टन्ता নামক গণ্ডগ্রাম। ঐ স্থানের প্রাচীন শ্রীগোরমূতি পার্যবর্ত্তী কাসিমপুর গ্রামে পৃত্তিত হইতেছেন। এই পিছল্দা হইতে শ্রীগোরাস নৌকা-যোগে একদিন পাণিহাটীতে আসিয়া-ছिल्लन। (देठ° ठ° मश्र ১৬।১৫৯, 1 (66¢

মতাস্তরে হাওচা জেলার ভানপুর
থানার বাণেশ্বরপুর ইউনিয়নের
অন্তর্গত ঐ পিছলদা গ্রাম। তমলুকের
অপর পারে রূপনারায়ণের তীরে
১ই মাইল মধ্যে। ডি ব্যারোজের
প্রাচীন মানচিত্রে ঐ স্থানটি
'পিছোলটা'-নামে অন্ধিত।
পিছলিনী শিলা——(মধুরার)

কাম্যবনের অন্তর্গত চক্রসেন পর্বতে সথাগণসহ একুফের অবস্থিত, পিছলিখেলার স্থান। পিণ্ডারক—দারকা হইতে প্রায় ২০ गारेन पृत्र। যাত্রী সরোবরের তীরে শ্রাদ্ধ করেন এবং যে পিগু সরোবরের মধ্যে নিঃপেক্ষ করেন. তাহা জলে না ডুবিয়া ভাগিতে এস্থানে থাকে। কপালমো6ন শিব, মোটেশ্বর ও ব্রহ্মার মন্দির আছে। ক্থিত হয় যে এস্থানে মহবি ছবাশার আশ্রম ছিল,মহাভারত-যুদ্ধের পরে পাণ্ডবগণ এখানে আসিয়া মৃত বান্ধবগণের উদ্দেশ্যে শ্রাদ্ধ করেন। তাঁহারা একটি লৌহময় পিণ্ড প্রস্তুত করত জলে ছাড়িয়া দিলে তাহাও যখন ভাসিতে থাকে, তখন তাঁহারা বিখাস করিলেন যে পরলোকে বান্ধবগণও মুক্ত হইয়া-ছেন। ছবাশার বরেই এইরূপে পিণ্ড জলে ভাগে। পিপরা---পূর্বোত্তর রেইলওয়ে

পিপরা——পূর্বোত্তর রেইলওয়ে
মজফরপুর-নারকটিয়াগঞ্চ লাইনে
মজফরপুর হইতে ৩৭ মাইল দ্রে
পিপরা ষ্টেশন। নিকটে সীতাকুণ্ড,
প্রবাদ সীতাদেবী এই কুণ্ডে স্নান
করিয়াছেন।

পিয়ালকুণ্ড, পিয়াল-সরোবর,
পিরিপুকুর—বরণানার উত্তরে
অবস্থিত সরোবর। পিলুচয়নচ্ছলে
গ্রীরাধারুক্ষের মিলনস্থান।
পিয়ালো গ্রাম—— (মথুরায়)

পিয়াসো গ্রাম—— (মথুরায়)
বরসানার ঈশানকোণে অবস্থিত।
শ্রীকৃষ্ণ পিপাসার্ত্ত হইলে বলদেব
এখানে জল আনিয়া দিয়াছেন
(ভক্তি ৫)২০৬)।

পিলুখোর—(মথুরায়) বরসানার উত্তরে অবস্থিত পিয়াল সরোবর। পিলু-ফল্ভক্ষণের ছলে গ্রীরাধা-কুফের মিলন-স্থান (ভক্তি ৫।৯১৭)। পীতাম্বর—'চিদাম্বর' দেখুন। পীবনকু ও—ব্রজে যাবটান্ত:পাতী ভিক্তি ৫।১০৮৬ ।। পুছরি—ত্রজে, গোবিলকুণ্ডের দেড় মাইল দক্ষিণে গোবৰ্দ্ধনের প্রান্তবর্ত্তী স্থান। গ্রামের উত্তরে অপুসরা ও নবলকুত। কুতের ঈশান কোণে শ্রীনুসিংহমন্দির। কুণ্ডের শ্রীরাঘব পণ্ডিতের গোফা। গোফার সন্মুখে শ্রীকৃষ্ণের মুকুটচিছ । পশ্চিমে 'পুছরীকি লোটা'। তাহার এক মাইল খ্রামচাক-নামে পশ্চিমে মনোহর বন (বুলী ১৩)।

পুছরীর এক মাইল উত্তরে গিরি-রাজের উপরে শ্রীদাউজীর মন্দির। मिनात याहेवात পথে भुजातिनना দর্শন হয়, তাহার পরে শ্রীক্তঞ্জর সপ্তম বর্ষ বয়সের চরণ-চিহ্ন, তরিকটে ম্ব্রভি, ঐরাবত ও ঘোড়ার পদচিহ্ন দেখা যায়। মন্দিরের ভিতরে অঞ্জনশিলা আছে। প্রবাদ-এই মন্দিরের নিমদেশে দাঁড়াইয়া এক্স গোবর্জন ধারণ করিয়াছেন। মন্দিরের মধাভাগে একটি গভীর তাহাতে প্রবেশ করিতে কেহই সাহসী হয় না। এই মন্দিরের পার্শে আসিয়া ইন্দ্র স্বাপরাধ-মার্জনার জন্ম শীক্ষচরণে প্রণাম করিয়াছেন।

পুঁটশুড়ি—বর্দ্ধমান ব্যাণ্ডেল কাটোয়।
রেলে পূর্বস্থলী টেশন হুইতে ১২
মাইল পশ্চিমে। দেমুড় গ্রামের ২
মাইল পূর্বে। খ্রীগোপালদাসের

শ্রীপাট। বৈশাখী একাদশীতে আবির্জাব ও কোজাগরী পূর্ণিমাতে তিরোভাব উৎসব হয়। শ্রীশ্রী-গোপীনাপ বিগ্রহ-সেবা। প্রাঙ্গণে পূর্বদিকে শ্রীগোপাল দাসের সমাধি আছে। সম্ভবতঃ ইনি শ্রীচৈতক্ত-চরিতামৃতোক্ত নর্জক গোপাল ছিলেন।

পুটগুঁ ড়িতে রাজা অশোক হইর প্রতিষ্ঠিত প্রীগজকালী দেবী আছেন। পুঁটগুড়ির জমিদার বাবুদের হস্তে দেবসেবার ভার আছে। [গৌরাঙ্গ-শেবক ১৩২০ আখিন]।

পুটিয়া----শ্রীনিবাদাচার্য প্রভুর সস্তানগণ-কর্ত্তক প্রেরিত বৈষ্ণবদ্ধরের কপায় অত্ত্য রাজা রবীন্দ্রনারায়ণ देवस्ववंश्दर्भ आस्त्राचान् इहेश मानि-হাটীর আচার্যগণের আশ্রয়ে ভাগবত হু ইয়া চিলেন ভিক্তমাল ১৮]। এখানে একটি প্রাচীন ও প্রসিদ্ধ ভূমিদার বংশের বাস। এই বংশের পূর্বপুরুষ বৎসাচার্য যোড়শ খুষ্ট শতকের শেষ ভাগে নিকটবর্তী এক व्याप्य धर्मगाथनात्र निश्व हिलन: তাঁহার শাস্ত্রজান ও সাধুচরিত্রের কথা সর্বত্র প্রসিদ্ধ ছিল। মানসিংহ পাঠান স্বারগণকে দ্মন করিবার জন্ম এ অঞ্চলে আসেন. তখন তিনি বৎসাচার্যের সহিত শাক্ষাৎকরত তাঁহার সঙ্গগুণে মুগ্ধ হইয়া পাঠান জায়গীরদার লম্বর পার জমিদারী তাঁহাকে দিতে ইচ্ছা করিলে বংগাচার্য তাহা প্রত্যাখ্যান মানসিংহ তাঁহার পুত্র পীতাম্বরকে উহা অর্পণ করেন। এই জ্মিদারগণের প্রতিষ্ঠিত শিবসাগর-

নামক পৃষ্করিণীর তটে ভুবনেশ্বর
মহাদেবের বিরাট পঞ্চরত্ব মন্দির
আছে। গোবিন্দ সরোবরের ধারে
দোলমণ্ডপ এবং তাহার সম্মুখে
গোবিন্দজীউর কারুকার্য-খচিত ইপ্টক
মন্দির জ্রপ্টব্য। প্টিয়ার রাজক্তা
শচীদেবী শ্রীরাধাকুণ্ডে শ্রীহরিদাস
গোস্বামির আশ্রমে ভজন করেন ও
পরে পুরীতে গঙ্গামাতা মঠের
অধিবাসিনী হন। ['গঙ্গামাতা মঠ'
শব্দ জ্প্টব্য]।

পুণ্যভোয়া গলাদেবী——রামায়ণ বালকাণ্ড ৪০ সর্গে আছে—ভগবান্
শঙ্কর ভগীরথের তপস্থায় প্রসম হইয়া গলাকে স্বায় জটাটবী হইতে
বিন্দৃসরোবর অভিমুখে পরিত্যাগ করেন। তথা হইতে গলাদেবী
সপ্তথারে প্রবাহিত হয়েন। তাঁহার
হ্লাদিনী, পরনী ও নলিনী নামে
তিন স্রোত পূর্বদিকে, স্মচক্ষ্ সীতা
ও সিন্ধু নামে তিন স্রোত পশ্চিম
দিকে এবং অবশিষ্ট একটি স্রোত
ভগীরথের পশ্চাৎ পশ্চাৎ চলিয়া
সমুদ্রে পতিত হয়। ঐ স্রোতই
গলাবা ভাগীরথী। 'নলিনী—পন্মার
নামাস্তর'।

গঙ্গা নয়টি—'আছা গোদাবরী গঙ্গা, দিতীয়া চ পুন:পুনা। তৃতীয়া কথিতা বেণী, চতৃথী আহ্বী শ্রুতা॥ কাবেরী, গোমতী, রুঞা, ব্রাহ্মী, বৈতরণী তথা। বিষ্ণুপাদাগ্রসম্ভূতা নবধা ভূমি-সংস্থিতা॥

পুতরাকুও— নথুরার প্রীজন্মভূমির পার্ষে। ভাদ্রী কৃষ্ণা নবমীতে একুণ্ডে স্নান প্রশন্ত। ঐ তিথিতে দেবকী মাতা শ্রীকৃষ্ণের জন্মের পরে এই

কুণ্ডে বস্ত্ৰ ধৌত কবিয়াছিলেন। পুত্তে বা পুত্তের ঘাট——নদীয়ায়. ফুলিয়ার অনতিদুরে ভাগীরথীর <u>শীশীনিত্যানন্দপ্রভূ</u> তীরে। খানে ভক্ত মহেশ ও তাঁহার পদ্মী यन्माकिनीत्क উদ্ধার করেন। অধুনা शान मुख। शूनशूना नहीं-शावनात নিকটে প্রবাহিতা। প্রীমন্মহাপ্রত গয়ায় গ্যনকালে এই স্থানে আগমন

পুনপুনা নামে ছইটি নদী পূর্বে গলাতে গিয়া মিলিত ছইত। বর্ত্তমানে একটি আছে। যে নদী ফতেয়া সহরের নিকট গলাতে পড়িয়াছে, তাহার নাম ছোট পুনপুনা বা আদি পুনপুনা। অপরটি পাটনার দিকে আরও কিঞ্জিৎ উত্তরে গলায় মিশিয়াছিল, তাহাই বড় পুনপুনা।

করিয়াছিলেন।

[বায়ুপ্রাণ (১০৮) ও পলপ্রাণ ভ্ষেত্তিও (১১) পুনপুনার মাহাল্ম্য আছে]।

পুরুষোত্তম প্রভৃতি নামে পরিচিত: প্রীজগন্নাথদেবের স্থনাম-প্রসিদ্ধ লীলাভুমি। প্রীকৃষ্ণ এই ধামে 'দাক্রকা'-রূপে বিরাজমান। ইহার আকার শব্দসদৃশ বলিয়া ইহাকে বলে। উৎকল-খণ্ডে 'শঙ্খকেত্ৰ'ও (৩)৫২-৫৩ ও ৪)৫-৬) লিখিত আছে যে এই ক্ষেত্র –পাঁচ ক্রোপ পরিমিত। এই পাঁচ ক্রোশের মধ্যে আবার সমুদ্র-ভটবর্তী ছই ক্রোশ অতিপবিত্র। ঐ ক্ষেত্র স্থবর্ণ-বালুকা-সমাকীৰ্ণ ও নীলাচলে অশোভিত।

মঠ. (৪) টোটা গোপীনাথ, (৫)

শঙ্খাকৃতি ক্ষেত্রের মস্তকে পশ্চিম সীমা -- উহার অগ্রে নীলকণ্ঠ মহাদেব —এই ক্রোশটি স্মুহর্লভই বটে। স্বয়ং ভগবানু দারু ব্রন্ধের এই ক্ষেত্রটী শদ্রের উদর-পর্ম পাবন। ঐ ভাগটী সমুদ্র-জলে সংপ্লুত (নিমজ্জিত) হইরাছে। ইন্দ্রাম মহারাজই সর্বপ্রথম খ্রীনীলমাধ্বের আবিষ্ণর্তা। অনঙ্গভীমদেবের কালে রাজা শ্রীক্তের সর্বথা সোর্চব সাধিত হয়। বর্ত্তমানের মন্দিরটি তাঁছারই প্রেরণায় প্রীনীলকর্গ রাজগুরু মহাপাত্রের অধ্যক্ষতায় ৪০/৫০ লক্ষ মুদ্রাব্যয়ে হইয়াছিল। এতম্যতীত নিমিত শ্রীজগন্নাথের ভোগরাগ এবং যাত্রা-মহোৎসবাদির জন্মও তিনি বহু ভূমি দান করিয়াছেন। এীমন্মহাপ্রভুর সময়ে রাজা প্রতাপরুদ্র শাসনকর। ছিলেন। শ্রীমন্দিরের দ্বার চারিটী— পূর্বে সিংহদার, দক্ষিণে অশ্বদার, পশ্চিমে খঞ্জাদার ও উত্তরে হস্তিদার। মন্দিরের নিকটেই অক্ষয় বট। পার্শ্বে বিমলা, লক্ষ্মী, সরম্বতী প্রভৃতির भिनत । हर्जुिक चराश्य प्रवासी মহাপ্রদাদ-লোভে নিত্য বিরাজমান। গ্রীচেতন্তদেব পুরীতে অবস্থান করত এমন কি প্রীক্ষেত্রের, সমগ্ৰ ওড়দেশেরই মহাগৌরব বৃদ্ধি করিয়াছেন। গম্ভীরায় অবস্থানকালে ক্ষণে শ্রীরাধাভাবে 2570 বিভাবিত হইয়া যে সকল লীলামাধুরী প্রকট করিয়াছেন—তাহা প্রীচৈতন্ত-চরিতামত প্রভৃতি গ্রন্থেই দ্রষ্টবা, নিদিধ্যাসিতব্য। আস্বান্ত છ চান্দনী যাত্রা टेब्हार्छ 'বৈশাথে স্থাপম্যুদীরিতা। আবাঢ়ে রথযাত্রা

স্থাৎ প্রাবণে শয়নী তথা। ভারে দক্ষিণপাৰীয়া আশ্বিনে বামপাশ্বিকা। উত্থানী কাণ্ডিকে মাসি মার্গশীর্থকে। পৌষে পুর্যাভিষেকঃ স্থানাবে শাল্যাদনী তথা। ফাল্পনে দোলযাতা ভাচৈচতে মদনভঞ্জিকা'॥ শ্রীধামের উৎসব-যাত্রাদি-(>) জৈগ্ৰী পুৰিমায় মহাম্বান, (২) আষাটী শুক্রাদিতীয়াতে শ্রীরথযাত্রা. আঘাটী শুকা একাদশীতে শয়ন, (৪) প্রাবণী পূর্ণিমায় ঝুলন, ভান্তী শুক্রা একাদশীতে পার্শ্বপরিবর্ত্তন, (৬) কার্ত্তিকী শুক্লা একাদশীতে উত্থান, (৭) অগ্রহায়ণী শুক্লা ষষ্ঠীতে প্রাবরণোৎসব, (৮) পৌষী পূর্ণিমায় পুয়াভিষেক, (১) উত্তরায়ণ সংক্রান্তিতে মাঘোৎসব. (>•) काञ्जनी शृशियात्र हिट्सानन (১১) চৈত্রী শুকা দাদশীতে দমনকভঞ্জন ও (১২) বৈশাখী শুক্লা তৃতীয়া হইতে ২১ দিন যাবৎ চন্দন-পূর্বদিন যাত্রা। *শ্রীরথযাত্রার* প্রীগুণ্ডিচামার্জনলীলা প্রীগৌরাত্বগ-গণের অবশ্য কর্ত্তব্য, আস্বাঘ্য ও স্মরণীয়। শ্রীরথযাতাই সর্বপ্রধান উৎস্ব- এই সময় দিনের জন্ম শ্রীজগন্নাথদেব, প্রীবলদেব, শ্রীস্থভদা ও শ্রীস্থদর্শনসহ গুণিচা-মন্দিরে রথত্রয়ে আরোহণ করত গমন क्दब्र । नवम मित्न शूनवां वा इत्र । **मर्भनीय**— विভिन्न मञ्जानारयत वह মঠ থাকিলেও এম্বলে কেবল গোড়ীয় বৈষ্ণবগণের মঠদমূহ **१**ইতেছে] (>) खीळ गजा पवज्ञ गर्र, (২) শ্রীপুরীগোস্বামি-মঠ, নিকটে

তৎপ্রতিষ্ঠিত কুপ, (৩) কোটভোগ

শ্রীনারায়ণ ছাতা. (৬) শ্রীহরিদাস ঠাকুরের স্মাধিমঠ, (৭) বালিমঠ, (৮) নন্দিনী মঠ, (৯) সাতাসন, (>0) श्रीताधानाटमानत मर्ठ. (>>) শ্রীরাধাকান্তমঠ, গজীরা; (১২) নিদ্ধবকুল, (১৩) গঙ্গামাতা মঠ, (১৪) ঝাঁজপিঠা মঠ এবং (১৫) প্রীকুঞ্জমঠই সমধিক প্রসিদ্ধ। তীর্থ- পঞ্চতীর্থ (চক্রতীর্থ, স্বর্গদার, শ্বেতগঙ্গা, মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্রায় भटतावत), नटतन्त भटतावत, आर्थात নালা. শ্রীযমেশ্বর শিব, শ্রীলোকনাথ ত্রীকপালমোচন মহাদেব প্রভৃতি। * পুরী গোসাঞির কূপ—শ্রীক্ষেত্র-লোকনাথে ঘাইবার পথে ধামে. (50° ভা° অবস্থিত অন্ত্য ७१२७६--२६४)। পুরুণিয়া—বাকুড়া জেলায়, निष्णानम्-मञ्जानरमत श्रीभाषे। বুন্দাবনলীলামৃত ও গ্রীরসকলিকার রচয়িতা শ্রীপাদ নন্দকিশোর গোস্বামি-মহাশ্যের জনস্থান। ইঁহার পিতা কি পিতামহ লতার গাদি ত্যাগ শ্রীপাট করিয়া এখানে সন্দ পাইয়া বাদশাহী করেন। নন্দকিশোর স্থ প্রাচীন শ্রীপাদ প্রীশ্রীনিতাইগোর-বিগ্রহ্যুগলকে শ্রী-वसावतन नहेशा यान अवः भुन्नातवरहे স্থাপন করেন। পুরুষোত্তম-একেত্র বা পুরীধামের না যান্তর।

এই সব বিষয়ে বিস্তৃত বিবয়ণক্রিজ্ঞানায় শ্রীলম্পনানলবিজাবিনোদ-প্রশীত
'শ্রীক্ষেত্র' এছ ক্রষ্টব্য।

পুলহ-পৌলস্ত্যাশ্রম—(শালগ্রাম)
গণ্ডকী নদীর উদ্গমস্থানের নিকটবর্ত্তী—মধ্য তিব্বতের দক্ষিণ প্রান্তে
হিমালয় পর্বতের 'সপ্তগণ্ডকীরেঞ্জ'নামক পর্বতে অবস্থিত। শ্রীনিত্যানন্দ-পদাস্কপৃত (চৈ° ভা°
আদি ৯।১২৬)।

পুষ্ণরকুণ্ড—ব্রজে, কাম্যবনের অন্তর্গত।

পুষ্ণরতীর্থ—আজমীর হইতে ৬
মাইল দ্রবর্তী সারস্বত সরোবর।
সাবিত্রীর মন্দির, ব্রহ্মার মন্দির, বিষ্ণুর
মন্দির ও শিবমন্দির প্রভৃতি দৃশু।
জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠভেদে পুষ্ণর
তিনটি; জ্যেষ্ঠ পুষ্ণরের দেবতা ব্রহ্মা,
মধ্যের দেবতা বিষ্ণু ও কনিষ্ঠের
দেবতা কন্দ্র।

পূর্বছলী-নবদ্বীপের পশ্চিমে, বর্দ্ধমান (बनाय। थाठीन नाम-भक्षत्रपत्र। রাজা রঘুনাথ রায় এস্থানে শঙ্কর লিঙ্গ প্রতিষ্ঠা করিয়াছিলেন। মানসিংহ প্রথমতঃ পূর্বস্থলীতে আসিয়া গঙ্গা পার হইয়া নবদ্বীপে আসিয়াছিলেন। (ভারতচন্দ্র-রায়কৃত 'মানসিংহ')। পুথুদক-খানেশ্বর হইতে ৭ কোশ পশ্চিমে, সরস্বতীর তীরে অবস্থিত বর্ত্তমান 'পেহোবা'। বেণ-নন্দন পৃথ এস্থানে শত অখ্যেধ যজ্ঞের অমুষ্ঠান করেন ভি ১০।৭৮।১০ বৈষ্ণব-তোষণী। ঐনিত্যানন্দ-পদান্ধিত ভুমি (চৈ° ভা° আদি ১।১১৯)। পৃথীধর মহাদেব, সরস্বতী, স্বামি-কাত্তিক, চতুমুখ মহাদেব, ব্রহ্মযোনি প্রভৃতি দ্রষ্টব্য ।

পেঙ্গর্থ — খামীর ৪ মাইল অগ্নিকোণে অবস্থিত, ব্রঞ্জের উত্তর-পশ্চিম সীমাস্ত

গ্ৰাম।

পেশাই—এজে, করেলার দেড় মাইল
উত্তরে, প্রীক্তঞ্চ পিপাসার্ভ হইলে
এখানে বলরাম তাঁহার ভৃষ্ণা দূর
দূর করেন। মনোরম 'কদমখণ্ডী'
আছে।

আছে ৷ পৈঠগ্রাম—(পেটো) ব্রজে জীগিরি-রাজের নিকটবর্ত্তী, এখানে বাসস্ত-রাসে অন্তর্হিত হইয়া প্রীকৃষ্ণ চতুর্ভুজ আবিষ্কার করিয়া গোপী-**इ**ब्रेटन ७ সন্মুখে প্রকট শ্রীরাধা-রাণীর पर्यान प्रशे ভুজ দেহে প্রবেশ করিয়াছিল। কথিত আছে যে শ্রীকৃষ্ণ ইন্দ্রের উপদ্ৰব হইতে ব্ৰজ্বাসিগণকে রক্ষা করিবার জন্ম এন্থানে স্থাগণের স্হিত প্রাম্শক্রমে গোবর্দ্ধন্ধারণ করিতে ইচ্ছাপ্রকাশ করিলেন। স্থকোমল কুঞ্চের বিরাট পর্বতধারণ অসম্ভব বলিয়া এই কার্য হইতে বিরত হইতে বলিলে শ্ৰীরুঞ্চ কিন্তু তাহাতে সম্মত হইলেন না। তখন স্থাগ্ৰ সম্বপৃত্বিত কদমবৃক্ষটিকে দেখাইয়া বলিলেন-যদি তুমি এই বুক্ষটিকে ধরিয়া মুচড়াইতে পার, তবে তোমার কথায় আমাদের বিশ্বাস হইবে এবং আমরাও গোবর্দ্ধনধারণের অমুমতি দিব।' শ্রীকৃষ্ণ তথনই বৃক্ষটিকে মুচড়াইয়া দিলেন। তাহা দেখিয়া স্থাগণ শ্রীকৃষ্ণকে গোবর্দ্ধনধারণে সন্মতি দিয়া মলবেশ রচনা করত

কোমরে পেটিবদ্ধ করেন। তদবধি

সেই কদম্বকটি 'এঠাকদম্ব' নামে

পরিচিত হইল এবং স্থানটিও 'পেটো'

বলিয়া বিখ্যাত হইল। এই গ্রামের

বায়ুকোণে নারায়ণসরোবর ও তাহার তীরে শ্রীনারায়ণ ও এঠাকদম্ব দ্রষ্টব্য। (পুদরণা)—বাঁকুড়া পোকর্ণা জেলায় দামোদরের তীরে গুপ্তরাজ-সমসাময়িক চন্দ্রবর্মা-নামক পরাক্রান্ত রাজা ইহার অধিপতি ছিলেন। বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়ের খুষ্টীয় চতুর্থ-পঞ্চম শতকে সংস্কৃত ভাষায় লিপিতে তিনি আপনাকে 'চক্ৰম্বামী' (বিষ্ণুর) উপাসক-রূপে পরিচিত করিয়াছেন। 'চক্রস্থামিন: দাসা-গ্ৰেণাভিস্ঠঃ'। (পারবন্দর-(ভুদামা পুরী) পশ্চিম রেলওয়ে স্থরেন্ত্র নগর হইতে ভাব-নগর পর্যস্ত যে লাইন গিয়াছে. ভাষাতে ঘোলা প্রেসন হইতে পোর-বনরে পর্যন্ত আর এক লাইন **সমুদ্রত**টে ত্রই আছে। নগর। দারকা, বেরাওল এবং জেতলসর

হইতে জাহাজেও যাওয়া যায় ।
এখানে শ্রীকৃষ্ণ-মিত্র প্রিয় স্থদামার
জন্মস্থান।
প্রেণার্থ মাসী কুণ্ড—ত্রজে, নন্দগ্রামের
অন্তর্গত (ভক্তি° ৫।১৬৭)।

পোলত্যাশ্রম—('পুলহ-পোলত্যা-

শ্রম' দ্রষ্টব্য)। শ্রীনিত্যানন্দ-পদান্ধ-পৃত (চৈ° ভা° আদি ৯।১২৬)। প্যারিগঞ্জ—(বর্দ্ধমান) কালনার নিকটেই, প্রাচীন অনুয়া মূলুকের

লকটেং, প্রাচাপ এর্মা র্যুব্দর অন্তর্গত। শ্রীল নকুল ব্রহ্মচারীর শ্রীপাট। শ্রীনকুলে শ্রীগোরাল মহা-প্রভুর আবির্ভাব হইত।

শ্রীব্রহ্মচারীর সেবিত শ্রীশ্রী-গোপালজীউ আছেন। ইঁহার শিষাধারায় সক্ষোধদাস বাবাজী শ্রীনিতাইগোর-বিগ্রহ স্থাপন করেন। বাবাঞ্জির সমাধি আছে।

প্রতাপপুর—ময়্রভঞ্জের প্রাচীন রাজধানী হরিপুরের অনতিদুরে অবস্থিত।
শ্রীমন্মহাপ্রভুর শ্রীবৃন্দাবনে যাত্রাকালে রাজা প্রতাপরুক্ত প্রভুর
বিরহ-প্রশমনার্থ তাঁহারই আজ্ঞায়
যে নিম্বকান্ঠ-নির্মিত শ্রীমৃত্তি প্রতিষ্ঠা
করাইয়াছিলেন, তাহা অক্যাপি এই
স্থানে বিরাজমান।

প্রতাপরুজগড়—কটকে, গড়গড়িয়া ঘাটের দক্ষিণ-পশ্চিমে রাজা প্রতাপ রুদ্রের প্রাচীন ত্বর্গের ধ্বংসাবশেষ আছে।

প্রতিজ্যোতা সরস্বতী—সরস্বতী নদী অমলোমভাবে আসিতে আসিতে যেস্থানে প্রতিলোমে গমন করিয়াছে, কুরুক্ষেত্রের নিকটবর্তী স্থান। শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপৃত (চৈ° ভা° আদি ৯০১২১)।

প্রতীচী তীর্থ—(?) গ্রীনিত্যানন্দ পদাঙ্কপৃত (ভক্তি ৫।২৩০০)। প্রভাস—কাঠিয়াবাড়ে প্রাসিদ্ধ সোম নথেপত্তন। গ্রীনিত্যানন্দ-পদাঙ্কিত (চৈ° ভা° আদি ৯।১১৯)। অতি প্রাতন তীর্থ। রাজকোট ষ্টেশন হইতে ১৫০ নাইল। সোমনাথ শিবই প্রাসিদ্ধ। ['সোমনাথ' দ্বষ্টব্য] প্রমোদনা—ব্রজে পরমাদরা গ্রাম— দীগের অনতিদ্বে বায়ুকোণে। শ্রীকৃষ্ণ-কর্ত্বক অপুর্ববিলাসে গোপী-

প্রয়াগ--এলাহাবাদে গলা, বমুনা ও সরস্বতীর সঙ্গম; শ্রীগৌরনিত্যানন্দ-পদাস্কপৃত (চৈ° চ° মধ্য ১।২৪১, চৈ ভা° আদি ১।১০১)। ভার্ধরাজ:

গণের প্রমোদ-দান-স্থান।

এখানে কাম্যকূপে যে যে কামনা করিয়া প্রাণ পরিত্যাগ করিবে, তাহার কামনা সিদ্ধ হইবে এবং জাতিম্বর হইয়া সেই ব্যক্তির পূর্ব জন্মের কর্মাদি ম্মরণ হইবে। প্রিয়াগ মাহাম্ম্য দ্রাইব্য] এই কাম্যকূপের উপর কেলা হইয়াছে। উহার তীরে অক্ষয়বট। ছর্গাভ্যন্তরে অন্ধকারাচ্ছঃ ভূগর্ভমধ্যে অক্ষয়বট বিরাজিত। এই বৃক্ষটি খৃঃ চতুর্ব শতাব্দীতে বর্তমান ছিল বলিয়া হিউ এন্সঙ্গের বর্ণনায় দৃষ্ট হয়। এখানে প্রতি বার বৎসর পর পর কুন্তমেলা হয়। প্রতি মাঘমাসেও আবার একমাস স্থায়ী কল্পমেলা হয়।

প্রয়াগকুণ্ড—ব্রম্বে, কাম্যবনের অন্তর্গত (ভক্তি বাচবর)।

প্রয়াগঘাট— উৎকল-প্রবেশ-পণে
মহাপ্রস্থারী যাত্রাকালে ছত্রভোগ
ছইতে ঐ থানে গিয়াছিলেন (চৈ ভা অন্ত্য ২।১৪৮)। ২ মথুরার
অন্তর্গত যমুনার ঘাট-বিশেষ (চৈ ম শেষ ২।১০৭); ৩ প্রয়াগে
দশাশ্বমেধ-ঘাট।

প্রক্ষদন তীর্থ— শ্রীরুন্দাবনান্তর্গত

ঘাট। এই স্থানের নিকটবর্তী ঘাদ*

আদিত্য টিলায় ঘাদ* আদিত্য

যুগপৎ উদিত হইয়া কালীয় হ্রদে:
জলে নিমজ্জন-হেতু শীতার্ত্ত শ্রীকৃষ্ণকে
তাপ দেওয়ায় তদীয় দেহ-নিঃস্থত
ঘর্মজলে ইহার উৎপত্তি।

প্রহলাদকুও—ব্রঞ্জে কাম্যবনের
অন্তর্গত (ভক্তি এ৮৮২)।
প্রাচী সরস্বতী—কুরুক্টেত্রস্থিতা নদী
প্রতিযোতা। শ্রীনিত্যানন্দ-পদান্ধিতা
(১৮° ভা° আদি ১।১২১)।

প্রেতিগায়া—গয়ায় প্রেতশিলা-নামে প্রসিদ্ধ। শ্রীগৌর-পদাঙ্কপৃত (চৈ° ভা° আদি ১৭।৬৫—৬৬)।

প্রেমতলী—রাজসাহী জেলায় পদ্মানদীর তীরে, অন্তমবর্ষীয় শ্রীল
নরোত্তম ঠাকুর মহাশয়ের প্রেমপ্রাপ্তির স্থান। ইহার অনতিদ্রে—
শ্রীপাট খেতুর বিরাজমান।

প্রেমভাগ বা প্রমভাগ-বর্ত্তমান যশোহর জিলায়। চেঙ্গুটিয়া ষ্টেশনের নিকট। গ্রীসনাতন প্রভুকে হোসেন সা, ফতেহাবাদের অন্তর্গত ইউত্মফ-পুর ও চেঙ্গুটিয়া পরগণা প্রদান করিয়াছিলেন। বাক্লা চন্দ্রদীপের বাসভবন ধ্বংস হওয়ায় শ্রীল সনাতন প্রভু উক্ত প্রগণায় ভৈরব নদীর তীরে রাজপ্রাসাদসম আবাস নির্মাণ করিয়াছিলেন। উক্ল প্রাসাদের ভগ্নাবশেষ এখনও দেখা ভাণটি দীঘি. এখানে মঠবাড়ী. পাটবাড়ী, ফুলবাড়ী প্রভৃতি আছে। শ্রীল সনাতন প্রভুর কুলগুরুকে এই খানের বহু ভূমি দান করা হয়। কাটোয়ার অন্তর্গত দক্ষিণ খণ্ডে ঐ গুরুবংশের শ্রীনুসিংহানন্দ গোস্বামী ঠাকুর অভাপি এখানে শতাধিক বিঘা ব্রহ্মোন্তর ভোগ করেন।

শ্রীল সনাতন প্রভুর পিতা কুমার-দেব এইখানে বাস করিতেন। উহাদের মঠবাড়ীর প্রাচীন ইষ্টক-চিহ্ন আছে।

প্রেমবন্দর—দান্দিণাত্যে, চিন্দেলপুট জেলায় শ্রীভৃতপুরী বা প্রেমবন্দর গ্রামে শ্রীল রামাহজ স্বামী ১০১৭ খুষ্টাব্দে চৈত্রী শুক্লা পঞ্চমীতে বুহস্পতিবারে কর্কট লগ্নে মধ

সময়ে আবিভূতি হয়েন। পিতা —কেশব সোম্যাজি, মাতা—কান্তি- **প্রেমসরোবর**—ত্রজে,

(परी। ব্রসানার দেড় মাইল উত্তরে, শ্রীরাধারুফের প্রেমবৈচিত্য-ভাবের প্রকাশস্থান ।

ফ, ব, ভ

ফতেপুর-পোঃ গড়হরিপুর (মেদিনী-পুর) S. E. Ry. কন্টাই রোড হইতে । ৬ ক্রোশ। প্রীপ্রীগ্রামানন্দ প্রভুর শিষ্য-ভঞ্জন, নিরঞ্জন, পরাণ ও জীবন অধিকারীগণের প্রীপাট। ভট্টবান্ধণশ্রেণী। প্রোচীন ইহারা বিগ্রহ প্রীশ্রীরাধাগোবিন্দজীউ শ্রীশিলার সেবা আছেন। ইহার। कीर्जन ७ मृत्रश्र-वानत्न वित्यव नक ছিলেন, এজন্ত শ্রীশ্বামানন প্রস্তুর বিশেষ প্রিয়পাত্র ছিলেন। বংশধরগণ ঐ গ্রামেই বাস করেন। ফতেহাবাদ—বর্ত্তমান ফরিদপুরের পুরাতন নাম—ফতেহাবাদ। আইন-ই-আক্বরী গ্রন্থের মতে বিস্তৃত ফতেহাবাদ সরকার পূর্বকোণে সন্দীপ হইতে আরম্ভ করিয়া খালিফাতাবাদ, ইউসফপুর, রত্মলপুর অর্থাৎ খুলনা যশোহরের অধিকাং* করিয়াছিল। অধিকার ব্ৰাহ্মণ কুলতিলক কুমারদেব বৰ্তমান চেফুটিয়া প্রগণার অন্তর্গত গ্রেমভাগ (প্রভাগ) গ্রামে বাস করিতেন। চেঙ্গুটিয়া ষ্টেশন হইতে 'পমভাগ' এব মাইল পশ্চিমে অবস্থিত। (যশোহর খুলনার ইতিহাস-৩৫২ পুঃ)

ফরিদপুর গ্রাম—(নদীয়া) (ক) **শ্রী**নিবাসপ্রত্নর খালক ও শিষ চক্রবর্তী ও গ্রামানার <u>শ্রীরামচরণ</u> চক্রবর্ত্তী (ইহানের পিতা গোপাল

চক্রবর্ত্তী) প্রীপাট করেন। মতাস্তরে কাটোয়ার নিকট বাইগোন গ্রামে প্রীপাট।

(খ) শ্রীনরোত্তমঠাকুরের শিষ্য শ্রীমুকুটরায়ের শ্রীপাট। ফল্পতীর্থ-পদ্মাক্ষেত্রে ফज्जनही। গরুড় পুরাণ ও অগ্নিপুরাণমতে গয়াশিরই ফল্পতীর্থ। ২ মাদ্রাজে অনস্তপুর জিলায় অবস্থিত, নামান্তর —ফাস্কুন; বেলারী নগর হইতে ৫৬ মাইল দক্ষিণপূর্বে অনস্তপুরম্ গ্রামে শ্রীবিষ্ণু সাক্ষাৎ বাস করেন। উড়পীর নিকটবর্ত্তী স্থান, শ্রীগোর-পদান্ধিত ভূমি (চৈ° চ° মধ্য ৯৷২৭৮)। ফল্লনদী-গ্যাক্ষেত্রে প্রবাহিতা নদী

ব্রজে প্রীক্ষকের হোলিখেলার স্থান। कुलिय़ा-ननीया (बला। तानाचां হইতে ৪ ্ট কোশ দক্ষিণ-পশ্চিমে শান্তিপুর শাখা রেলে ফুলিয়া টেশন আছে। তাহা হইতে এক মাইল শ্রীল হরিদাস ঠাকুরের শ্রীপাট। এই স্থানে ভাষা-রামায়ণের রচনাকার প্রেসিদ্ধ ক্রতিবাস ওঝা ১৩৬২ শকে

২৯শে মাঘ শ্রীপঞ্চমী রবিবারে ইং

১৪৪০ খঃ ১১ই ফেব্রেয়ারী জন্মগ্রহণ

করেন। ক্বতিবাদের রচিত রামায়

সর্বপ্রথম শ্রীরামপুর মিশনযন্ত্রে ১৮০৩

খৃঃ মুদ্রিত হইয়াছিল। এই স্থানের

ফাগুতলা—(ভজি ৬।১৪৬—১৬৪)

[देठ° म° जामि वाव७]।

এক নাম---ফুল্লবাড়ী'।

শ্রীলহরিদাস ঠাকুরের পূর্বকালীন শ্বতিচিহ্ন বিলুপ্ত হইলে ৪৫ বৎসর পূর্বে যশোহর জেলায় চাঁচুড়ী পুড়াড়ী নিবাসী প্রীজগদানন্দ গোস্বামী বহু আশ্ৰম ও ভজনগুৱা পরিশ্রমে আবিদ্ধার করিয়া গুছাটিকে সংরক্ষণ করিয়াছিলেন। উহারই উত্তর দীমায় কত্তিবাদের বাস্তভিটা (নদীয়ার কথা ২> পঃ) খ্রীলহরিদাস ঠাকুরের ভজনস্থানে শ্রীরাধাক্ষণ বিগ্রহ স্থাপিত হইয়াছেন।

হেজ সাহেবের ১৬৮২ খুঃ ১৫ই অক্টোবরের ডাইরীতে আছে— ১৬৮২ খৃঃ ফুলিয়ার নিম্নে গঙ্গানদী হইত ৷ গ্রীমনাহাপ্রভু প্রবাহিত পরেই এস্থানে গমন সন্নাদের করিয়াছিলেন। (চৈ° ভা° অস্তা ১। >0>->02)1 বলগণ্ডী--প্রীক্ষেরধামে শ্রদ্ধাবালু ও

অর্দ্ধাসনী দেবীর মধ্যবতী স্থান। නිනි-রাখিয়া বলগণ্ডীতে বথ জগন্নাথদেব সর্বসাধারণের উত্তম উত্তম ভোগ অঙ্গীকার করেন বলদেব (দাউজী)—ব্রজের দক্ষিণ সীমান্ত গ্রাম, বান্দীর তিন মাইল

पिकरण: **औरनरप्तर-**श्चान, मनित्त —≗ীরেবতী ও শ্রীবলদেবজীউ।

ক্ষীরসাগর সরোবর আছে।

বলদেবকুগু--মথুরায় ও কাম্যবনে। বলরামপুর: (মেদিনীপুর জেলা) খড়াপুর থানার মধ্যে। শ্রীশ্রীশ্রামানন্দ नीनाश्चान । ताका প্রভুর শক্রিয় মহাপাত্র বলরামপুরের বিগ্রহ-দেবার বন্দোবস্ত করিয়া দেন। প্রীপ্রামানন প্রভুর শিষ্য যত্নাথের শ্রীপাট। বলিগ্রাম—(বর্দ্ধমান) অমুয়া: অংশ। প্রাচীন গ্রন্থে কালনার 'অমুয়া মুলুক' নাম দেখা যায়। এই শ্রীশ্রীলাস পণ্ডিতের শিষা প্রীক্ষরটোত ক্রাদেবের প্রীপাট। ইনি শ্রীল খ্যামানন্দ প্রভুর গুরু ছিলেন, কালনা প্রীপাটের বংশধারা ইঁহা হইতেই চলিয়া আদিতেছে। বলিহরপুর—(মেদিনীপুর) শ্রীল বক্রেশ্বর পণ্ডিতের শিষা-শাখাব প্রীপাট। শ্রীশ্রীগোবিন্দজীউর সেবা। বলিহারা (বারারা)—ব্রজে হাজরার এক মাইল নৈঋতি কোণে, এস্থানে গ্রীকৃষ্ণ স্থাদের সঙ্গে বরাহক্রীড়া করিতেন এবং এস্থান হইতে ব্রহ্মা গো-বৎসাদি হরণ করেন। वर्ष -- क्लिकाठा इटेट २৮ मार्टेन দুরবর্তী প্রাচীন গ্রাম বড়ুক্ষেত্র। অত্ৰতা জমিদার বস্থগণের প্রতিষ্ঠিত শ্রীশ্রামত্মনরজিউর মন্দিরের কারুকার্য প্রশংসনীয়। এই বংশীয় দেওয়ান নন্দকুমার বস্তু উনবিংশ-খুঃশতাব্দীর প্রথম পাদে প্রীবৃন্দাবনে প্রায় তিন লক্ষ টাকা শ্রীগোবিন্দ, গোপীনাথ ও মদন-মোহনের নৃতন মন্দির নির্মাণ করেন। বেট - দারকা---গোমতী-দারকা হইতে ২০ মাইল দূরে কচ্ছ উপ-সাগরে এক ক্ষুদ্র দ্বীপ। দ্বারকা

হইতে ১৮ মাইল ওখা ষ্টেসন—তাহা হইতে নৌকাযোগে যাওয়া যায়। দ্রষ্টব্য-শ্রীকৃষ্ণমোহন, প্রত্যায়-মন্দির, ত্রিবিক্রম রণছোডজীর মন্দির. (টিকমজীর) মন্দির প্রভৃতি। বোধখানা - অমৃতবাজার ডাকঘর, যশোহর জেলা। প্রীঠাকুর কানাইয়ের বংশধরগণের বাস। প্রীমন্মহাপ্রস্থ পূর্ববঙ্গমন সময়ে এইস্থানে পদার্পণ বলিয়া করিয়াছিলেন শ্রীলঠাকুর কানাই ১৪৫৩ শকে প্রথসাগরে জন্মগ্রহণ করেন। ত্মখসাগর ধ্বংসোন্মুখ হইলে তিনি শ্রীলসদাশিব কবিরাজের পূর্বপুরুষ যত্ত্ববিচন্দ্র-কর্ত্ত্বক প্রতিষ্ঠিত শ্রীশ্রী-প্রাণবন্নভজীউসহ ১৪৭৩ বোধখানায় গমন করেন। এখানে পঞ্চম দোলে বিশেষ উৎসব হয়। ঐ দিনে কদম বুকে ছইটি পুপ বিকশিত হয়। ঐ পুষ্প কর্ণে পরিয়া শ্রীবিগ্রহ দোলে উঠেন। মতান্তরে গ্রামে নীত বিগ্ৰহ চাঁহড়ে হইয়াছেন]। বোধিতীর্থ-মথুরাস্থ বিপ্রামঘাটের पिक्ष पिक यमुनात घारे विश्व । শ্রীগোরপদাঙ্কপৃত (চৈ° ম° শেষ 21550)1 ব্রহ্মকুণ্ড----- শ্রীবৃন্দাবনে অবস্থিত প্রসিদ্ধ তীর্থ। শ্রীগোরপদাঙ্কপুত (टेठ° ठ° मधु ३४।२১)। २ छी-গয়াধানে (চৈ° ভা° আদি ১৭।৩১)। ৩ যাজপুর হইতে বির্জাদেবীর মন্দিরে যাইতে ব্রন্ধার যজের মৃত-কুণ্ড বলিয়া নির্দিষ্ট সরোবর। ব্ৰহ্মগয়া- গ্যাধামে অবস্থিত। প্ৰী-চৈতন্ত্ৰ-পদান্ধিত (চৈ° ভা° আদি

29196)1 ব্রহ্মগিরি——মহীশুরের অন্তর্গত চিতলাক্রগ জিলায় অবস্থিত। ২ স্থানীয় আলালনাথের অপর নাম। প্রবাদ—সত্য যুগে ব্রহ্মা এইখানে বিষ্ণুর উপাদনা করিতেন নাম হইয়াছে। ৩ 'ব্রহ্মগিরি' বোম্বাই থেপিডেন্সীর নাসিক জিলার ত্রাম্বকের নিকট অবস্থিত পর্বত। এ পর্বতে গোদাবরীর উৎপত্তি হয়। শ্রীগৌর-পদাঙ্কপৃত (চৈ° চ° মধ্য 21059)1 ব্রহ্মতীর্থ—আজমীর ছইতে ছয় মাইল দুরবর্তী 'পুষ্কর' তীর্থ।

ব্ৰহ্মলোক—বৈকুণ্ঠ।

७१३२० 1

ব্রহ্মাণ্ডঘাট—গোকুলে যমুনা-নিকটে, এথানে শ্রীকৃষ্ণ মৃত্তিকা ভক্ষণ করিয়া স্বীয় জননীকে স্ববদনে বিশ্বস্থাণ্ড দেখাইয়াছেন।

নিত্যানন্দ-পদান্ধিত [চৈ° ভা' আদি

বান্ধণ পুষ্ণর—নবদীপের অন্তর্গত বামনপোখেরা গ্রাম (ভক্তি ২২।৩১২ —৩৪৫)

ভঞ্জভূম—(রাজগড়) শ্রীবৈগনাথ ভঞ্জ প্রভৃতির নিবাস। শ্রীরসিকানন্দ প্রভুর লীলাস্থান [র° ম° দক্ষিণ ১২।১৬]।

ভট্টবাটী—গোড়ে গঙ্গাতটে, রাম-কেলির নিকটবর্ডী গ্রাম—এধানে প্রীরূপসনাতন কর্ণাট দেশ হইতে ভট্টব্রাহ্মণদিগকে আনাইয়া বসতি করাইয়াছেন (ভক্তি ১০১০—১৫)। অধুনা লুপ্ত।

ভড়খোরক—ব্রজে, নন্দগ্রামের ারি মাইল পশ্চিমে, খ্রীনন্দমহারাজের

পশ্চিম গোশালা। ভদায়র—ত্রজে কোনাইর নিকটবর্ত্তী —ভদ্রা যথেশ্বরীর স্থান, ভাদার। ভদ্ধক-বালেশ্বর জিলায় অবস্থিত একটি প্রধান নগর। খ্রীগোরপদান্ধ-পুত (চৈ° চ° ম্ধ্য ১/১৪৯)। ভদপুর-বীরভূম জেলায়; লোহা-

পুর ষ্টেশন হইতে ছই মাইল। ব্রাহ্মণী নদীর তীরে, পূর্বে ইছা युर्निमानाम (कनात गरश বাজাবের দক্ষিণে প্রীপ্রীরাধাগোবিনা-আশ্রম এবং পূর্বাংশে বন্ধ্যোপাধ্যায় প্রতিষ্ঠিত শ্রীগোরহরির মন্দির। মহারাজ নন্দকুমার নিকটে আকালীপুরে গুছকালিকা মাতাও গৌরীশঙ্কর ১১৭৮ সালে ১১ই মাঘ রটন্তী চতুর্দশীতে প্রতিষ্ঠা করেন। মহারাজ নন্দকুমারের ১৭৭৫ খুঃ ১৬ই জুন ফাঁসি হয়। ইনি পরম বৈষ্ণব চিলেন ও শ্রীনিবাস আচার্য-বংশীয় মালিহাটির শ্রীল রাধামোহন ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করেন। শ্রীনিবাস আচার্য প্রভুর সেবিত স্পারিষদ মহাপ্রভুর একথানি চিত্র (যাহা আচার্য প্রভু পুরীধামের রাজার নিকট প্রাপ্ত হইয়াছিলেন) প্রীল রাধামোহন প্রভু মহারাজকে উপহার দেন। এখানি মুশিদাবাদ কুঞ্জঘাটার রাজবাটীতে অন্ত্ৰাপি আছেন। ভিকৌবিষা উহার প্রতিলিপি **प्याधिकान इरन तां करः शिरादा** উপহার দিয়াছেন।

ভদ্রবন-প্রবিদ্ধরণান্তর্গত প্রীকৃষ্ণ-কেলিকানন – যমুনার পূর্বতীরে। ভয়গ্রাম — ব্রঞ্জে, নন্দঘাটের নিকটবর্তী, এম্বানে বরুণচন্ন-কর্ত্তক হৃত হইয়া

শ্রীনন্দমহারাজ ও তৎগঙ্গীয় লোকগণ পাইয়াছিলেন (ভক্তি ৫। 1 (66-4626

ভরতপুর—মুর্শিদাবাদ জেলায়, কান্দি-মহকুমায়। ইষ্টার্ণ রেলপথে ব্যাতেল বারহারোয়া রেলে সালার ্ৰেশন হইতে আট মাইল।

খ্রীল গদাধর পণ্ডিত গোম্বামি-প্রাতৃপুত্র শ্রীনয়নানন্দের প্রভুর বা গুৰানন্দের শ্রীপাট এবং শ্রীল গদাধর প্রভুর ভ্রাতা বাণীনাথের গৃহাকারের দেবালয়। সাধারণ শ্রীশ্রীরাধাগোপীনাথজীউ তনাধো আছেন। ইনি শ্রীনয়নানন্দের স্থাপিত। ইহার পার্ষে 'মেয়োকুফ্র' নামক ক্ষুদ্রাকারের এক বিগ্রহ।

এ স্থানের গোস্বামিগণ শ্ৰীল গদাধর পণ্ডিতের ভাতা শ্রীবাণীনাথের প্রথম পুত্র শ্রীনয়নাননের বংশধর, বারেল শ্রেণী ও কাশ্রপ গোত্র উদয়নাচার্য ভাছড়ীর সন্তান।

ইহাকে শ্রীল গদাধর প্রভু গলদেশে

ধারণ করিতেন।

দেবমন্দিরে তেৱেট পাতায় লিখিত একটি প্রাচীন গীতা গ্রন্থ রক্ষিত আছে—উহার লেখক স্বয়ং প্রীল গদাধর গোস্বামি-প্রভূ। ও গ্রন্থে শ্রীশ্রীমহাপ্রভুর স্বহন্তলিখিত ১টি শ্লোক আছে। গ্রন্থের সন্মুথের পাতাখানির (ভক্তগণের মন্তক স্পর্শে) লেখাগুলি মুছিয়া গিয়াছে। শ্লোকটি এইরূপ---

ষ্ট্ৰশতানি সবিংশানি শ্লোকানামাছ কেশবঃ। অর্জুনঃ সপ্তপঞ্চাশৎ সপ্ত-ষ্ঠিঞ্চ সঞ্জয়ঃ। ধুতরাষ্ট্রঃ শ্লোকমেকং গীতায়া মানমুচ্যতে॥ অর্থাৎ সমুদয় গীতামধ্যে কেশবের ৬২০, অর্জুনের ৫৭, সঞ্জয়ের ৬৭ ও ধৃতরাষ্ট্রের ১টি শ্লোক আছে।

ভরতপুরবাসী ত্মররাজ-নামক करिनक धनी শ্রীগদাধর প্ৰভুকে বেলেটি হইতে ভরতপুরে আনয়ন করিয়া শ্রীগোপীনাথ সেবা প্রতিষ্ঠা প্ৰাৰ্থনায় করেন। <u>স্থররাজের</u> শ্রীগদাধর প্রভু নয়নানদকে শ্রীগোপী-নাথ-সেবা প্রদান করেন। প্রীনয়না-পুত্রের নাম-শ্রীবলভ; নন্দের ইঁহারই বংশধ্রগণ ভরতপুরের সেবায়েত গোস্বামী।

পুরী ধামে শ্রীগদাধর প্রান্থ একটি দস্ত পডিয়া যাইলে শ্রীনয়নানন উহা শীরন্দাবনে লইয়া স্মাহিত করেন. তদবধি উহাকে 'দন্তসমাজ' বলা হয়। পুরী এবং বুন্দাবনে শ্রীগদাধর প্রভুর গ্রীগোপীনাথ সেবা আছে।

ভরম্বাজটিলা—(ভক্তি ১২।৭৯৪— ৮০৮) নবদ্বীপের অন্তর্গত, গঙ্গার পূর্বতীরে অবস্থিত 'ভারুইভাঙ্গা'— একণে লুপ্ত।

ভবানীপুর—ভার্গবী নদীর তীরে; মহাপ্রত্ন পুরী হইতে গোডে আগমন-কালে প্রথমে এই গ্রামে আসিয়া-(रेह° ह° यथा ५७।२१)। অতি প্রাচীন গ্রাম, হাজার বৎসরের প্রাচীন একটি দেবমন্দির আছে। সাক্ষীগোপাল টেশন হইতে ভবানীপুর চারি মাইল।

ভবিষ্য বদরী—জোশীমঠের ৬ মাইল দূরে তপোবন, এখান হইতে তিন মাইল উপরে যে বিষ্ণুমন্দির আছে.

তাহাই 'ভবিশ্ববদরী'। মন্দিরের প্রার্থ-

বর্ত্তী বৃক্ষতলে এক শিলা দেখা যায়,

্ইহাকে দেখিতে শ্রীভগবানের অর্জ-মুক্তি বলিয়া মনে হয়। ভবিষ্যতে এই আকৃতি পূর্ণ হইবে এবং তখন হইতে বদরীনাথের যাত্রা বন্ধ হইয়া এখানেই দর্শন ঘটিবে ৷ ২৪ বর্ষ পরে পরে এখানে মেলা বসে। ভাগ কোলা—কাটোয়ার निकटंहे. কুলাই-গ্রামবাসী কংসারি ঘোষ যে তিন মৃত্তি শ্রীগোরবিগ্রহ নির্মাণ করত গ্রীসরকার ঠাকুরকে সমর্পণ করেন, তাঁহাদের মধ্যমটি এই স্থানে সেবিত হইতেন। সংপ্রতি এই বিগ্রহ শ্রীখণ্ডে আসিয়াছেন। ভালামোড়া—(হুগলী) হরিপাল ষ্টেশন ও তারকেশ্বর টেশন হইতে

ষ্টেশন ও তারকেশ্বর টেশন হইতে
ত্ই ক্রোশ, দামোদর নদের তীরে।
ইহা শ্রীঅভিরাম-শিষ্য রজনী পণ্ডিত,
মৃকুন্দরাম পণ্ডিত ও স্থন্দরানন্দ
পণ্ডিতের শ্রীপাট। শ্রীশ্রীমদনমোহনজ্ঞীউর সেবা।
শ্রীমৃকুন্দ পণ্ডিত সোনাতলি গ্রামে

শ্রীমুকুন্দ পণ্ডিত সোনাতলি প্রামে
শ্রীশ্রীশ্রামরায় বিগ্রহের সেবা
করিতেন, পরে রজনীপণ্ডিত উক্ত
শ্রীবিগ্রহকে নিকটবর্তী বাখরপুর গ্রামে
লইয়া গেলে মুকুন্দ পণ্ডিত উপরিউক্ত
শ্রীশ্রীমদনমোহনজীউর সেবা করিতে
থাকেন।
শ্রীশ্রন্দরানন্দের তিরোভাব—পৌষী

ক্ষমা ষষ্ঠা তিথিতে।
ভাজন যাট—নদীয়া E. Ry. শিবনিবাস বা মাজিদহ ষ্টেশন হইতে পাঁচ
মাইল। এই স্থানে প্রীপ্রীকানাই
ঠাকুরের বংশধর গোস্থামিগণ বাস
করেন। প্রীপ্রীরাধাবল্লভাদির সেবা।
এই ভাজনঘাটের উত্তরদিকে বিলের
ধারে যে বন ছিল, তাহা এক্ষণে

নালুপুর-নামক গ্রাম। ঐ বনের জনৈক সন্ন্যাসী মৃত্যুর পূর্বক্ষণে স্বসেবিত বিগ্রহকে ঐ বিলের জলে বিসজ্জন দেন। হরি আউলে নামক গোস্বামী তাহা প্রাপ্ত হইয়া সেবা করিতে থাকেন, কিন্ত শ্রীবিগ্রহটি ঠাকুর কানাই এর বংশীয় শ্রীনন্দরাম গোস্বামীকে প্রত্যাদেশ দিয়া তাঁহার ভাজনঘাটের গৃহে আসিলেন। হরি আউলে মহারাজ রুষ্ণচন্দ্র

বাষের দ্ববাবে অভিযোগ করত জনৈক রাজকর্মচারীর সহিত বিগ্রহ আনিতে গিয়া দেখিলেন যে শ্রীরাধা-বল্লভ এত ভারী হইয়াছেন যে তিনি যথাসাধা চেষ্টা করিয়াও উঠাইতে পারিলেন না. অথচ বুদ্ধ নন্দরাম প্রভু ছুর্বল হইলেও অনায়াদে উত্তোলন করিলেন। হরি আউলে কাঁদিতে কাঁদিতে চলিয়া রাজ কর্মচারী ফিবিয়<u>া</u> আসিয়া মহারাজের নিকট ঘটনাটি নিবেদন করিলে তিনি শ্রীনন্দরাম পুত্ৰ **শ্রীগৌরচন্ত্রকে** গোস্বামির ডাকাইয়া ত্রিশ বিঘা দেবোত্তর প্রদান করেন। তদবধি প্রীনন্দরাম-বংশ্যগণই ঐ সেবা চালাইতেছেন। বহুদিবস পরে আবার প্রত্যাদেশ পাইয়া শ্রীনন্দরাম গুতিষ্ঠা করেন। [প্রীকামুতত্তনির্ণয় 9 >--- ৮0 외:] ভাটকলাগাছী আম-বুচন প্রগণায়

অবস্থিত; সোণাই বা

তীরবর্ত্তী ভাটলী গ্রাম এবং অদুরে

কেরাগাছী গ্রাম এখনো আছে।

অমুমিত হয় যে জয়ানন্দ-বৰ্ণিত

ভাটকলাগাছী গ্রাম উপরোক্ত ছইটি

স্বর্ণনদীর

গ্রামের নামেই সঙ্কেতিত হইয়াছে।
কেলাগাছী গ্রাম বুচনগ্রাম হইতে
২ই ক্রোশ দুরে গোণাইতীরে
অবস্থিত আছে। পলীগ্রামে এখনো
কোন গ্রামের নির্দেশ করিতে হইলে
যুক্ত নাম ব্যবহৃত হয়—বেমন খানাকুল-কুঞ্চনগর, জিরাট—বলাগড়
ইত্যাদি। জয়ানন্দের মতে এই
ভাটকলাগাছী গ্রাম ঠাকুর হরিদাসের
আবির্ভাব-স্থান।
ভাপ্তাপোর — (ভাদাবলি) ব্রজে.

শ্রীনন্দমহারাজের ভাণ্ডারগৃহ ও
শ্রীকৃষ্ণের গোচারণ-স্থল (ভজি
১০০১—৯৬)।
ভাণ্ডারী—এজে, যমুনার তীরবর্তী
মুঞ্জাটবী গ্রাম (ভক্তি ১০৮৬)।
ভাণ্ডার বট—ভাণ্ডীর বনে স্থিত
অক্ষয়বট—এ স্থানে গোপবালকগণ
সহ শ্রীকৃষ্ণের গোচারণ ও মল্লক্রীভাদি

খদির বনের ঈশান কোণে অবস্থিত

প্রশিদ্ধ।

ভাণ্ডীরবন—— শ্রীব্রজমণ্ডলাস্তর্গত

শ্রীক্ষফ্রীড়াকানন; যমুনার পূর্বদিকে

অবস্থিত (মথুরা ৩৫৪)। অত্রত্য

ভাণ্ডীর কুও (অভিরাম কুও) ও

তাহার তীরে শ্রীদামচন্দ্র দর্শনীয়;

ভাণ্ডীর বনে বেগু কৃপ আছে। এই

স্থানে শ্রীকৃষ্ণ বংশীধ্বনি করত পাতাল

হইতে জল উঠাইয়া স্থাগণের তৃষ্ণা

দূর করিয়াছিলেন।

২ সিউড়ি হইতে উত্তরপূর্ব কোণে ছয় মাইল। ইহার উত্তরে ময়ুরাক্ষী নদী। সিউড়ি ছমকা মোটরে যাওয়া যায়। পল্লীমধ্যে শ্রী-গোপাল মন্দির। পঞ্চদশ শক-শতান্দীর শেষ ভাগে ধ্রুব গোস্বামি-নামক करेनक कामायनवानी मन्नामी >२ि

গোপালমূতি আনয়ন করেন ও পরে নোয়াডিহি গ্রামের নমত্বাব ঘোষালকে একটা বিগ্রহ প্রদান করিয়া

অন্তত্ত্র চলিয়া যান: বছদিন পরে রমানাথ ভাছড়ী মহাশয় গোপালের

শ্রীমন্দির করিয়া দেন। প্রবাদ— ইহা ঋষাশৃঞ্জ মুনির পিতা বিভাণ্ডক মুনির আশ্রম ছিল। রমানাথ ১৭৫৪

খঃ ভাণ্ডীরেশ্বর শিবমন্দির করিয়া দেন। একণে নন্দংখাবাল-বংশীয়গণই সেবায়েত আছেন। গোষ্ঠ, জন্মযাত্রা,

দোলযাত্রা প্রভৃতি পর্ব হয়। আরও ইহার বিস্তারিত বিবরণ বীরভূম-विवत्रा (১।১৪৬—১৫৫ पृः) म्हेरा।

দর্শনীয়:--(১) ভাগুীরেশ্ব (২) **গ্রীগোপালজী**উ (৩) কালী বা শ্রীবাধা ।

মন্দিরের উপব প্রবেশদারের ভাগের লিপি:--'রসান্ধি-যোড়শ-শাকসংখ্যকে শাস্ত্র-সম্মতে। রমানাথঃ

দ্বিদ্ধঃ কশ্চিৎ ভান্বড়ীকুলসন্তবঃ॥ ভাণ্ডীশ্বরং শিবং দৃষ্টা একান্তভক্তি-সংযুত:। তৎপ্রীত্যর্থে বিনির্মায় ইষ্টকময়-মন্দিরং॥ বিচিত্রং রচিতং

রুম্যং রজতাভং পরিষ্কৃতং। শিবার শান্তার ব্রহ্মণে প্রমাত্মন। যাচতে তৎপদে ভক্তিং মুক্তিং বা দেহি শঙ্কর॥'

বর্তমানে বর্জমানের রাজা এই গ্রামের তত্ত্বাবধায়ক। এ স্থানে নিত্য ছরিকীর্ত্তন হয়।

ভাতরোল—গ্রীবন্দাবনের দেড় মাইল पिकर्ण। এ স্থানে यक्ष्वपञ्चीतित निक्रे শ্রীকৃষ্ণবলরাম অর ভিক্ষা করেন। ভাদার-ত্রজে, এপকুরি ছই মাইল

অগ্নিকোণে, ভদ্রা ঘূপেশ্বরীর বাসস্থান। ভাদাবলি – ব্রজে, ভাণ্ডাগোর ক্রপ্তবা। ভাসুখোর—ব্রজে, গ্রীরাধাকুণ্ডে এবং বরসানার পূর্ব দিকে অবস্থিত। শ্রীবৃষভামু মহারাজের কুগু। ভারইডাঙ্গা—(ভরদ্বাজ টিলা) নব-

দীপের অন্তর্গত, অধুনা স্থান লুপ্ত (ভক্তি ১২।৭৯৪)। ভার্গবী, ভার্গী—পুরীর তিন ক্রোশ

উত্তরে প্রবাহিতা নদী: এক্ষণে ইহার নাম—দণ্ডভাঙ্গা (চৈ° চ° মধ্য (1)8>->00)1 এথানে নিত্যানন্দপ্রভু শ্রীমন **মহাপ্রভুর**

দণ্ডভঙ্গ করিয়াছিলেন [চৈ° ভা° অস্তা ২।২০০]। সন্নিহিত 'দাওসাহি' নামক পল্লীতে দণ্ডভালা নাথের মন্দির আছে। পূর্বে মন্দিরে শ্রীনিতাইগোরের মূর্ত্তি পূঞ্জিত হইতেন।

ভালকতীর্থ-প্রভাসের নিকটবর্তী ভালুপুর গ্রামে অবস্থিত। ভালকুও, পদ্মকুণ্ড পরস্পর পার্শ্ববর্তী সরোবর। এক পিপ্ললব্রক্ষের নীচে ভালেশ্বর শিব আছেন। এই বৃক্ষকে

'মোক্ষ-পিপ্লল' বলে। কথিত হয় যে

এই दूरकत नीटि नमानीन श्रीकृरकत

প্রীচরণে জরাব্যাধ বাণ মারিয়াছিল।

চরণবিদ্ধ করিয়া সেই বাণ ভালকুণ্ডে পতিত হইয়াছে। ভিটাদিয়া গ্রাম—ব্রহ্মপুত্র-তীরে। শ্রীপ্ররূপদামোদরের বৈমাত্র প্রতা

প্রীললন্দ্রীনাথ লাহিডীর শ্রীপাট। প্রবাদ-এই স্থানে শ্রীমন মহাপ্রভু পূৰ্ববঙ্গ-যাত্ৰাকালে গিয়াছিলেন।

ভীম গয়া—গয়াধানে. ব্ৰহ্মযোনি-পাহাডের উপরে স্থিত অভূত এখানে হাঁট গাড়িয়া বসিয়াছিলেন-এখনও তাঁহার বাম হাঁট্র চিহ্ন আছে। যাত্রীরাও এখানে হাঁট গাড়িয়া বসিয়া পিগুদান করেন। প্রীগোরপদাঙ্কপৃত (চৈ° ভা° আদি

গহারটিকে 'ভীমগয়া' বলে। ভীম

>9198) |

ভীমরথী বা ভীমা-দাকিণাতো কুষ্ণা নদীর সহিত মিলিতা 'ভীমবুখী' শ্রীগোরনিত্যানন্দ-পদান্ধপৃত তট (চৈ° চ° মধ্য ৯।৩০৩ : চৈ° ভা°

वानि ३। २२३)। ভীরু চতুমু খ-বজে, যেখানে বন্ধা বংশবালকাদি হরণ করত শ্রীক্লফের মহিমা অবগত হইয়া ভীত रुरेश्वाहित्नन—'(ठोगूरा'

নিকটবর্ত্তী (ব্রজবিলাস-স্তব ৯৭)।

ভুবনেশ্বর—উৎকলে স্বনাম-প্রসিদ্ধ

স্থান। শ্রীগোরপদান্ধপৃত ভূমি (১চ° চ° মধ্য ৫1১৪০, চৈ° ভা° অস্ত্য ২।৩০৭—৪০৩)। কেহ কেহ ইহাকে 'গুপ্রকাশী'ও বলে। 'বিন্দুসরোবর' শ্রীশিবের প্রিয় ও স্ষ্ট কুণ্ড। ইহার বিস্তারিত বিবৃতি 'স্বর্ণান্তি-মহোদয়'. 'একাত্রপুরাণ', 'সম্পুরাণ' প্রভৃতি গ্রন্থে দ্রষ্টব্য ।

তীরে

রাটীয় ভবদেব ভট্ট

বাস্থদেব বিগ্রহ আছেন। দশকর্ম-

অনস্তবাহ্নদেবের প্রতিষ্ঠাতা। অত্রত্য

শ্রীঅনন্ত-

বিন্দু সরোবরের

পদ্ধতিকার

চতুর্দশ্যাত্রা ও দ্বাদশ উপযাত্রাসম্পর্কে জ্ঞাতব্য বিষয়ের জন্ম শ্রীক্ষেত্র ৪৩৬— ৪৩৯ পৃষ্ঠা দ্রষ্টব্য। ভূঁইখালি গ্রাম-পাবনা, সাথিয়া পোষ্ট, শ্রীলবলরাম ঠাকুরের শ্রীপাট।

देंशत जानिजीनकान २१६६।६७ श्वः

চৌরাশি ক্রোশ ব্রজ্মগুল-পরিক্রমায়

বহির্গত হন এবং এস্থানে পুনরায়

মিলিত হইয়া যাত্রা শেষ করেন। ভূষণ বন-ত্রজে, রামখাটের নিকট। স্থাগণ এখানে এক্সিঞ্চকে পুপাভূষণ পরাইয়াছিলেন (ভক্তি ৫।১১৭৯)। ভেদো বা ভেত্নয়াগ্রাম—ব্যাণ্ডেল ষ্টেশন হইতে পশ্চিম দিকে এক मारेन पूरत रमवानय। देश धीन ঝড় ঠাকুরের খ্রীপাট—ভূত আক্না। প্রীপ্রীমদনগোপাল-সেবা। ভৈটা—ইপ্টাৰ্ণ রেলওয়ে পালসিট ষ্টেশন হইতে এক মাইল উত্তরে। শ্রীল খ্রামদাস আচার্যের শ্রীপাট। নবগ্রাম, মাৎসর, বিজুর প্রভৃতি গ্রামে বংশধরগণ আছেন। ভোগমাতাইল গ্রাম—পূর্ববঙ্গে, খ্রীলবলভদ্র প্রস্থুর শিষ্য (নাড়া) শ্ৰীশ্ৰীগোপীনাথ-সেবা

শ্রামানন্দ-প্রভুর শিয়া আনন্দানন্দের নিবাস। (Bhograi a large Fiscal Division at the mouth Subarnarekha, the situated partly in Balasore district and partly in the Hijili Division of Midnapur. (Hunter's Statistical Account III p. 18) ভোগবভী-পাতালের গঙ্গা (চৈ° ভা° অস্ত্যু ৩৷২৪৩) ৷ ভোজনটিলা——যজ্ঞ-পত্নীদের স্থান —'ভাতরোল'। ভোজনস্থলী-শ্রীবৃন্দাবনের নিকট-বর্তী যজ্ঞপত্নীদের স্থান-ভাতরোল এবং কাম্যবনের অন্তর্গত 'ভোজন-थानी' (वृनी ১৫)। ভোট—ভোটান দেশ (চৈচ মধ্য २०।४७)।

ভোগরাই-বালেশ্বর জেলায়, এ-

প্রতিষ্ঠিত করেন।

মকা-আরব দেশে, হজরৎ মহম্মদের জন্মস্থান, মুসলমানগণের মহাতীর্থ। [চৈ° চ° মধ্য ২০।১৩]। মগডোবা--ফরিদপুর জেলায়, নীলাম্বর চক্রবতির ভাতুপুত্র জগরাথ এস্থানে বাদ করিতেন। উত্তরকালে ইনিই মামুঠাকুর আখ্যা প্রাপ্ত হন এবং टिंगिरगाशीनाटथत (भवाधिकाती इन। মগধ-বিহার-প্রদেশ। মগধে চারি তীর্থই পুণ্যজনক,—গয়া, পুনপুন, চ্যবনাশ্রম (দেবকুণ্ড) এবং রাজগৃহ। মধেরা---(ভক্তি ৫।৭৯২--৭৯৩)

ব্ৰজে, বহুলাবন হইতে ছুই মাইল উত্তরে অবস্থিত। অক্রুর যখন গ্রীকৃষ্ণবলরামকে ব্রজ হইতে লইয়া যান, তখন এস্থানে এক্ষিবরহে ব্ৰজবাসিগণ মুচ্ছিত হন। মঙ্গলকোট—(বর্দ্ধমান লতার গাদির উদ্ভবস্থান। এগ্রামে শ্রীপ্রাঞ্চবামাতা গমন করিয়া ঐ স্থানের চন্দ্রমণ্ডলকে শিষ্য করেন। চন্দ্রমণ্ডল শ্রীগোপীজনবল্লভকে রথে চডাইয়া উৎসব করাইয়াছিলেন। গোপীজনবল্লভ রথে চড়িয়া যতদূর

গিয়াছিলেন. চন্দ্রমণ্ডল ততদুর উহাকে দান করেন। এইরূপে লতার গাদি হয়। মঙ্গলগ্রাম—শ্রীনিবাদ আচার্য প্রভুর কনিষ্ঠ পুত্র শ্রীল রাধাবল্লভ ঠাকুরের শ্রীপাট। (মণ্ডল গ্রাম) **মঙ্গলডিহি—**—বীরভূম জেলায়। সিউড়ী হইতে দক্ষিণ-পূর্বে দশ गारेल। অত্ত एत्रानित् थः २ स শতাকীর শক ক্ষণ সমাট্কনিষ-বংশীয় বাস্থদেবের একটি স্বর্ণমুদ্রা আছে। উহাতে এইরূপ গ্রীক লিপি

আছে—'PAONANO PAO BAZOANO KOPANO'

ঠাকুর পর্ণিগোপালের ইহা জনভূমি। ইনি পেনো বা পাছুয়া ঠাকুর-নামে পরিচিত। পান বিক্রয় করিয়া দেবসেবা করিতেন বলিয়া ঐ আখা। ইনি দ্বাদশ গোপালের অগতম শ্রীল স্থন্দরানন্দ ঠাকুরের শিষা। ধ্রুব গোস্থামি-নামক শ্রীব্রজের কামাবনবাসী জনৈক ভক্ত ইহাকে প্রীশামনাদ ও শ্রীবলদেব বিগ্রহ প্রদান করেন। এই স্থানের কবি জগদানন্দ 'ভাগ্মচন্দোদ্য়' গ্রন্থে ইহার বিবরণ করিয়াছেন। উহাতে পণিগোপাল বাহিকেও দিয়াছিলেন বলিয়া লিখিত আছে। কবি নয়নানন্দ-ক্বত প্রেয়োভক্তি-কুঞ্ভক্তিরসকদম্ব હ গ্রন্থেও ইঁহার বিষয়ে বর্ণনা আছে। শ্রীমদনগোপালেরও মঙ্গলডি হিতে শ্রীপাট আছে।

মণিকর্ণিকা--কাশীধামের প্রসিদ্ধ ভীর্থ। বিষ্ণু-কর্ণ হইতে, মতাস্তরে শিব-কৰ্ণ হইতে মণি পতিত হইয়া এ স্থানকে মণিকণিকা নাম দিয়াছে। অাবার কেহ কেহ বলেন—বিশেশর মুমুষ্ কাশীবাসীর কর্ণে তারক ব্রহ্ম রাম-নাম দিয়া ত্রাণ করেন বলিয়া এই তীর্থকে 'মণিকর্ণিকা' বলা হয়। কাশীখণ্ডে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য। শ্রীগোরপদাকপুত (চৈ° চ° মধ্য : ১৭/৮২)। ২ মথুরায়, কাম্যবনের অন্তর্গত (ভক্তি° ৫।৮৪৪)। প্রীবন্ধাবনে বংশীবটের সরিধানে · (ভক্তি° ৫।২৩৭৮)। ৪ মথুরায় িবিশ্রাম ঘাটের উত্তরে।

মণিপুর রাজ্য-A. B. Ry মণিপুর ষ্টেশন হইতে ১৩৪ মাইল দক্ষিণ-পূর্বদিকে। মণিপুরের রাজধানীর নাম-ইম্ফল। মোটর যাতায়াত করে। মণিপুর রোড (ডিমাপুর) হইতে এক মাইল মধ্যে ঘটোৎকচের রাজ্যের প্রাসাদের ভ্যাবশেষ দৃষ্ট হয়। ডিমাপুর হইতে ৯ মাইল পরে निष्णार्छ-नायक शास श्रुणिम काँछि, পাশ না থাকিলে মণিপুর প্রবেশ করা যায় না। ডিমাপুর হইতে ৬৬ মাইল মাও সহর। এখানে পাশ পরীক্ষা করে। ইহার পরেই মণিপুর রাজ্য আরম্ভ।

১৭১৪ খৃঃ মণিপুরে ৪৮নং পেমহৈবার রাজার পরে ভাগ্যচন্দ্র রাজা হয়েন। ইনি প্রীহট্ট ঢাকা দক্ষিণের মহাপ্রভুর পিতৃব্য-বংশীয় শ্রীমদ রামনারায়ণ মিশ্র শিরোমণির নিকট বৈষ্ণব দীকা গ্রহণ করেন। তদবধি মণিপুর রাজ্যে গৌড়ীয় বৈষ্ণবধর্ম প্রচারিত হয়।

মণিপুরে ভাগাচন্দ্র রাজার সেবিত গ্রীপ্রীগোবিন্দ আছেন। ইনি ইংগর রাণীর নামে ঢাকা দক্ষিণ দেবমন্দিরে ৫/ মণ ওজনের একটি ঘণ্টা দান করিয়াছেন: উহাতে ইহার এবং রাণীর নাম খোদিত আছে। পরিবার বৈফবধর্মে দীক্ষা পাইয়া শ্রীচৈতগুভাগবত ও চরিতামুতাদি গ্রন্থের বিশেষ ভক্ত ও অন্থরাগী হইয়া পড়িলেন। 'মণিপুরী মেয়েদের রাশনুত্য-নৃত্যকলার मण्यम् । এক্ষণে মণিপুর রাজ্য শ্রীঠাকুর মহাশয়ের পরিবারভুক্ত। মণ্ডলগ্রাম—(?) গ্রীআচার্যপ্রভুর পুত্র

শীরাধাবলভ ঠাকুরের বাসস্থান। **মতিকু ও**—ত্রজে, পাবন স্রোবরের শ্ৰীকৃষ্ণ-

উত্তরপশ্চিমে অবস্থিত। কর্ত্তক মক্তাচাদের স্থান। মৎস্তীর্থ-- মালাবারের 'মাছে' নগর। ২ ভিজাগাপটমের অন্তর্গত প্রভালুকের মধ্যে 'পাদেরু' হইতে ছয় মাইল উত্তর দিকে মটন গ্রামের নিকট 'মাচেক্ৰ' নদীর একটি অন্তত আবর্ত্তই মংশ্রতীর্থ। (ভিজাগাপটম গেজেটিয়ার)। প্রীগোরনিত্যানন্দ-পদান্ধিত (চৈ° চ° মধ্য ৯।২৪৪, हे छ। जामि २। १११। কৃত্যালা-নদীর কিঞ্চিদ্ধরে তিরু-পারাক্ষও মের প্রায় পাঁচ ক্রোশ পশ্চিমে পর্বতস্থিত মৎশুপূর্ণ ক্ষুদ্র হ্রদ।

S. Ry প্রেম--তিরুপারাঙ্কুও ম। মথ্রা-[অক্ষাংশ ২৭।২৮, দ্রাঘিমাংশ ৭৭।৪২] রামায়ণ-(উত্তর ৮৩)-মতে

ইহার নাম 'মধুরা', 'ইয়ং মধুপুরী রম্যা মধুরা দেব-নির্মিতা। হরিবংশে (৯৫) শক্রন্থই ইহার নির্মাতা। সমগ্র ব্ৰহ্মওল। মধু-নামক দৈত্যকভূক

রচিত পুরীই উত্তরকালে মধুপুরী বা মথুরা নাম ধারণ করে। মধুদৈতে র পুত্র লবণকে শত্রুত্ব বধ করিয়া ঐ

নগরে সর্বপ্রথম হিন্দুরাজধানী স্থাপন कर्तन--(वाचीकि - तामायन)।

বায়ুপুরাণমতে ইহার পরিমাণ-৪০ যোজন, আদিবারাহে ও পালে—বিশ

যোজন, ফান্দে—হাদশ যোজন। শ্রীকৃষ্ণের প্রপৌল্র বজনাভকে মথুরা-সমর্পণপূর্বক

মণ্ডলের রাজ্বভার যুধিষ্ঠির মহাপ্রস্থান করেন। ষোলটি দেবমূত্তি ব্ৰজমণ্ডলে প্ৰতিষ্ঠা

করেন।

দেবমূর্ত্তি——(>) প্রীরন্ধাবনে প্রীগোবিন্দ, (২) মথুরায় প্রীকেশব, (৩। গোবর্দ্ধনে প্রীহরিদেব এবং (৪) মহাবনে প্রীবলদেব [দাউজি]।

গোপালমূর্ত্তি—(>) প্রীরন্ধাবনে দাক্ষিগোপাল, (২) প্রীগোপীনাথ গোপাল, (৩) প্রীমদনগোপাল এবং (৪) প্রীনাথ গোপাল [গোবর্ধ নে]।

শিবলিঙ্গ—(১) শ্রীরন্দাবনে শ্রী-গোপেশ্বর, (২) মথুরায় শ্রীভূতেখর. (৩) গোবর্দ্ধনে শ্রীচক্রেশ্বর ও (৪) কাম্যবনে শ্রীকামেশ্বর।

দেবীমূর্ত্তি—(১) শ্রীর্ন্দাবনে শ্রীরন্দাদেবী, (২) মথুরায় মহাবিজ্ঞা,
(৩) বস্ত্রহরণঘাটে কাত্যায়নী এবং
(৪) সঙ্কেতে সঙ্কেতবাসিনী দেবী।
মথুরামগুলে প্রসিদ্ধ ঘাদশ বন—
শ্রীযমুনার পূর্বতীরে—(১) ভদ্রবন,
(২) ভাগ্ডীরবন, (৩) লোহবন,
(৪) বিল্পবন ও (৫) মহাবন এবং
পশ্চিম তীরে—(৬) ভালবন, (৭)
মধুবন, (৮) কুমুদ্বন, (৯) বহুলা-

খদিরবন ও (১২) শ্রীবৃন্দাবন।

মথুরার চবিশ ঘাট — বিশ্রাম
ঘাটের দক্ষিণে— অবিমৃক্ত, অধিরাচ,
গুহু, প্রয়াগ, কনখল, তিন্দুক, সুর্য,

বটস্বামী, গুব, ঋষি, মোক্ষ ও
কোটিতীর্থ (বন্ধ)।

वन, (১০) कामावन, (১১)

বিশ্রামঘাটের উন্তরে—মণিকণিকা, অসিকুণ্ড, সংযমন (স্বামী), ধারাপতন, নাগ, বৈকুণ্ঠ, ঘণ্টাভরণ, সোম (গোঘাট), রুঞ্চগঙ্গা, চক্রতীর্থ (সরস্বতী-সঙ্গম), দশাশ্বমেধ ও বিদ্বরাজ ঘাট।

মথুরার চারি দরজা—হুলি, ভরতপুর, দিগ্ ও বৃন্দাবন। মথুরার টিলা—গ্রুব, ঋষি, কলি, বলি, কংস, রজক, অম্বরীষ, হন্মান ও গতশ্রম টিলা।

মথুরার প্রসিদ্ধ বিগ্রহ—গ্রীকেশবদেব, গতশ্রম, দীর্ঘবিষ্ণু,
ভূতেশ্বর মহাদেব এবং শ্রীবরাহদেব।
মদনটের—শ্রীবৃন্দাবনে অবস্থিত
বরাহঘাট ও কালিদহের মধ্যবর্জী।
শ্রীসনাতনগোস্বামী প্রথমতঃ এখানে
বাস করিয়াছেন (ভক্ত ২।৪)।
মধুপুরী—'মধুরা' দ্রষ্ঠবা।

মধুবন — প্রীব্রজমণ্ডলাস্তর্গত। বর্ত্তমান
নাম — মহলী। মথুরার আড়াই মাইল
নৈথ্যতি-কোণে। গ্রামের পূর্বে
গুরুবিলা, গুবের তপস্থাস্থান। গ্রামের
নৈথ্যতিকাণে মধুকুণ্ড। শ্রীকৃষ্ণবলরামের গোচারণস্থল। এখানে
মধুপানে বলরাম মন্ত হইয়াছিলেন।
২ অণ্ডাল হইতে এক কোেশ।
শ্রীসনাতন গোস্বামির পরিবারগণের

মধুবনগড়— নৈমনসিংহ জেলা। এ
স্থানকে 'গুপ্ত বৃন্দাবন' বলে।
বৈফবদিগের একটি পবিত্র স্থান।
ষ্টিমার ষ্টেশন পোড়াবাড়ী হইতে ১০
মাইল টাঙ্গাইল, তথা হইতে উত্তরপূর্বে ২৪ মাইল, ৩ মাইল দূরে
সাগরদীঘি। এখানে স্থান, তর্পণ ও
দীপ দান করিতে হয়।

গুপ্ত বৃন্দাবনে শ্রীমদনমোহনজীউ, শ্রীশ্রামকুণ্ড, শ্রীরাধাকুণ্ড ও বংশীবট প্রভৃতি বৃন্দাবনের অমুরূপ আছে। বৃক্ষেতে চরণচিহ্ন দেখা যায়। অতীব আশ্চর্যজনক স্থান। ভাণ্ডীরবনাদি আছে। প্রাচীন অন্তুত বৃক্ষও আছে। বারুণীতে মেলা হয়। মধুসূদন কুণ্ড—মধুরায়, কামাবনে

াবুপূ**ণন কু**ণ্ড— শবুরার, কান্যবনে অবস্থিত (ভক্তি el৮৭৯); **২ ঐ** নন্দগ্রামে (ভক্তি el১০১e)। মধ্যদ্বীপা— নবদীপের অন্তর্গত, গঙ্গার পর্বজীবে 'মাজিদা' গ্রাম।

মধ্যদীপ— নবদ্বীপের অন্তর্গত, গলার
পূর্বতীরে 'মাজিদা' গ্রাম।
মনোহরসাহী- - — বর্দ্ধমান ও
মুশিদাবাদের অন্তর্গত পরগণাবিশেষ। শ্রীনিবাস আচার্য প্রভুর
লীলাভূমি— এই জন্ম তৎপ্রবর্ত্তিত
কীর্ত্তনকেও 'মনোহরসাহী' আখ্যা
দেওয়া হইয়াছে।

মত্ত্রেশ্বর নদ——ভারমণ্ড হারবারের নিকটে; শ্রীমন্মহাপ্রভু গৌড়ে আসিবার সময় নৌকাযোগে মন্ত্রেশর নদের উপর দিয়া পিছলদাতে উপস্থিত হয়েন। ঐ নদে জলদস্মাগণ লুঠতরাজ করিত। [১৮° ৮° মধ্য ২৬:১৯৯]

মন্দার পর্বত--ভাগলপুর জেলায়, ভাগলপুর প্রেশন হইতে মন্দার বৌদি পর্যন্ত বাস যাতায়াত করে। মন্দার হিল ষ্টেশনের গায়েতেই বৌদি গ্রাম। বর্ত্তমান ঐ গ্রামে বৃহৎ মন্দির-गर्धा श्रीशिभधूष्रतन चारहन। এই শ্রীমন্দির হইতে মন্দার পর্বতের পাদদেশ তিন মাইল। শ্রীমন্দিবে শ্রীশীনারায়ণ-বিগ্রহ। শ্রীনারায়ণের তুই পার্ষে শ্রীলক্ষ্মী ও শ্রীসরস্বতী দেবী। সংলগ্ন বামের मिन्दत बीबीनकी प्रती चाहन। জাতিধর্মবর্ণ-নির্বিশেষে সকলেই 🕮-এচরণযুগলে তু**লসী** <u> নারায়ণের</u>

প্রদান করিতে পারে। এই শ্রীমৃত্তিকে

<u> প্রীশ্রমহাপ্রতু গুণাগমন-কালে দর্শন</u>

করিয়া আনন্দে নৃত্য করিয়াছিলেন।
তখন শ্রীবিগ্রহ মন্দারের শীর্ধদেশের
মন্দিরে বিরাজ করিতেন। তুর্বপ্ত
মুসলমান-অত্যাচারের ভয়ে শ্রীবিগ্রহকে পর্বত হইতে নামাইয়া
পরে এই বোসিগ্রামে রাখা হয়।
তদবধি প্রস্থ ঐ স্থানেই আছেন।
এই স্থানে শ্রীশ্রীমহাপ্রস্থ জরলীলার
অভিনয় করিয়াছিলেন। মন্দার
পর্বতে উঠিবার সিঁড়ি আছে।
পর্বতগাত্রের সর্বত্রই ভয়্ম দেব-দেবীর
মূর্তি বিক্ষিপ্ত রহিয়াছে।

সারা মন্দিরটি বেষ্টন করিয়া চারি হস্ত প্রশস্ত খোদিত দাগ আছে. উহাকে 'অनञ्च नाग' वला मयून-মন্থনের চিহ্ন। মন্দিরে উঠিবার মধ্যপথে নৃসিংহ গুহার কিছু নিমে रेमिथनी ভाষায় বৃহৎ বৃহৎ অক্ষরে ৩।৪ লাইন খোদিত লিপি আছে। পাণ্ডারা বলেন এই পর্বতমধ্যে যে প্রচুর ধনরত্ব গোপনে রক্ষিত আছে. উহা তাহার বিবরণ-লিপি। মধাপথে একজন সন্নাসীর কুদ্র আশ্রম। এই স্থানে পর্বতগুহামধ্যে খোদিত बीनृगिःहमृछि। छश्मारश जालाक व्यानिया नर्मन क्तिए इया এই প্রীমৃতি গুহামধ্যে ছিলেন বলিয়া ছবু তগণ সন্ধান পায় নাই। পুরা কাল হইতেই ইনি আছেন।

সন্ন্যাসির আশ্রমের ১৪।১৫ হাত উচ্চে 'আকাশগলা'-নামক একটি কুদ্র জলাশয়। এখানে একটি প্রস্তুরের বৃহৎ শঙ্খ জলমধ্যে আছে। জলাশরে যাইবার সিঁড়ি আছে।

মন্দার পর্বতের শীর্ষে ছুইটি মন্দির। একটিতে ১২ অঙ্গুলি পরিমাণ যুগল চরণচিক্ত (মহাপ্রভুর);
অন্তটি জৈনদের। পর্বতের পাদদেশে
প্রাচীন ভগ্ন মন্দির, দোলমঞ্চ
প্রভৃতি দৃষ্ট হয়। পর্ব-উপলক্ষে
শ্রীমধুস্দন এই স্থানে আগমন
করেন। ঐ প্রাচীন শ্রীচরণমন্দিরের
সামান্ত দ্রে ৪৪৩ গোরাকে শ্রীযুত
ইন্দ্রনারায়ণ চন্দ্র দারা শ্রীমন্মহাপ্রভুর
শ্রীচরণযুক্ত একটি ক্ষুক্ত মন্দির
নির্মিত হইয়াছে।

ময়নাগড় (মেদিনীপুর জেলা) তমলুক হইতে नय गारेन। थुः নবম শতকে ধর্মপাল যখন গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত, সেই সময়ে ময়নাগড়ে কর্ণসেন রাজত করিছেন। বীরভূম জেলার অজয়গড়ের সামস্ত গোপরাজ সোম ঘোষের পুত্র ইছাই ঘোষ বিদ্রোহী হইয়া কর্ণসেনকে পরান্ত করেন। যুদ্ধে কর্ণসেনের ছয় পুত্র নিহত হইলে কর্ণসেনের পত্নীও পুত্র-শোকে প্রাণত্যাগ করেন। ইছাই ঘোষ ভবানীর বর-পুত্ৰ বলিয়া বিখ্যাত ছিলেন— তাঁহাকে নাশ করিতে কৃতসংকল্প কর্ণসেন -তখন গোডেশ্বর ধর্মপালের আশ্রর গ্রহণ করেন এবং তাঁহার খালিকা ধর্ম-উপাসিকা রঞ্জাবতীকে বিবাহ করেন। ধর্মঠাকুরের বরে রঞ্চাবতীর পুত্র লাউদেন ইছাই ঘোষকে যুদ্ধে নিহত করিয়া পিতার দ্বতরাজ্যের পুনরুদ্ধার করেন। ধর্ম-মলল কাব্যে লাউদেনের রাজত্ব-কাহিনী বৰ্ণিত হইয়াছে। এখানে লাউদেনের প্রতিষ্ঠিত ধর্মরাজ ও তাঁহার মন্দির আছে। এই ধর্মরাজ অনস্তক্ষপী বিষ্ণু বলিয়া পূজিত হইয়া আসিতেছেন। ঐতিহাসিকগণ
উহাকে 'বৌদ্ধ দেবতা' বলেন।
বর্তমানে ঠাকুর ময়নাগড় হইতে
বৃন্ধাবনচকে গমন করিয়াছেন।
ময়নাভাল——বীরভুম জেলায়।
খয়রাসোল প্রগণা। খয়রাসোল

হইতে হুই মাইল। ছ্বরাজপুর হইতে তিন ক্রোশ। পাণ্ডবেশ্বর ষ্টেশন হইতে দেড় ক্রোশ। ইহা শ্রীনৃসিংহ মিত্র ঠাকুরের শ্রীপাট। ইহারা প্রসিদ্ধ কীর্ত্তনীয়া

ও মৃদঙ্গ-বাদক। এ গোরাঙ্গ বিগ্রহ।
প্রীবিগ্রহ স্বীয় হন্তের বালা বন্ধক
দিয়া অতিথি-সেবা করিয়াছিলেন।
এখানে (বংসরে একদিন) মস্তর
ডাল ও সিদ্ধ চাউলের অরে প্রভুর
ভোগ হয়। মিত্র ঠাকুর মঙ্গল
ঠাকুরের শিশ্ব ছিলেন। নৃসিংহ
কাঁদরার নিকট রাজুড় গ্রামের
অধিবাসী ছিলেন। নৃসিংহের মাতার
মৃতবংসা-দোষ ছিল। মঙ্গল ঠাকুরের
চবিত তামুল খাইয়া গৌরগতপ্রাণ
নৃসিংহের জন্ম হয়। প্রীপ্রভুর
স্বপ্নাদেশে ইনি ময়নাডালে গিয়া

ময়নাপাড়া—মেদিনীপ্র জেলা।
পোঃ বেলদা। কণ্টাই রোড ঠেশন
হইতে দক্ষিণ দিকে পুরী রোডের
কাছে। এখানে প্রীনিতাইপৌর
বিগ্রহ আছেন। প্রবাদ—শ্রীমন্মহাপ্রস্থ
পুরী যাইবার পথে এই স্থানে
ভোজন করিয়াছিলেন। এখানের
সেবায়েত শাক্ত রাহ্মণ। শ্রীমন্মহাপ্রস্থ সময় হইতেই ঐ বংশধারা
চলিয়া আদিতেছে।

শ্রীগৌরবিগ্রহ প্রতিষ্ঠা করেন।

এখানে শ্রীবিগ্রহকে ভিজা অর

ভিধান (৪) মল্লিকাৰ্জ্বন

ভোগ দেওয়া হয়। পূর্ব হইতে এই প্রথা। এস্থান হইতে প্রভূ দাঁতনে গিয়াছিলেন।

াগরাছলেন।

ময়নামুড়ি—(বাঁকুড়া) শ্রীঅভিরামশিষ্য সত্যরাধবের শ্রীপাট।

শিষ্য সত্যরাঘবের শ্রীপাট। 'মহিনামুজিতে বাস সত্যরাঘব নাম'

—অভিরামের শাখা-নির্ণয়।

য়য়ৣয়কুটী—ত্রজে, বরসানায় গহলরবনের বায়ুকোণে পর্বতোপরি।

শ্রীবল্পভাচার্যের বৈঠক আছে।

ময়ুরপ্রাম (মরো)—মথুরা নগরীর

পশ্চিম দিকে অনতিদ্বে অবস্থিত।
 এস্থানে শ্রীকৃষ্ণ প্রিয়গণের সহিত

ময়ৢরনৃত্য দর্শন করেন ভিক্তি

ময়ুর্নৃত্য দশন করেন ভিত্তি ৫।৪৬৮---৪৭০)। সমসজ্জ্ব-১০১১ সক্ষেত্র ক্রিপ্রেয়

ময়ুরভঞ্জ— ১৪৯৭ শকান্দে বারিপদায় বৈগুনাথভঞ্জ 'বুড়াজগন্নাথের মন্দির' প্রতিষ্ঠা করেন। রসিকমঙ্গলে উক্ত আছে যে এই বৈগুনাথ ভঞ্জ সপরিবারে রসিকানন্দের শিষ্য হন।

স্পারবারে রাসকানন্দের। শব্য হন।
হরিহরপুরে 'রসিকরায়' প্রতিষ্ঠা—
রাধামোহন ও লক্ষ্মীনারায়ণের মন্দিরপ্রতিষ্ঠা—প্রতাপপুরের দধিবামন-

মন্দির—জগন্নাথ, দধিবামন ও মহাপ্রভূ—বৃন্দাবনপুরে গুণ্ডিচা মন্দির,
বড়শাইতে বাস্তদেব মূর্ত্তি ইত্যাদি
ইহাদের কীর্তি।

The chiefs

bhanja, Keonjhar and Nilgiri and Rajas of Sujamata and Patna and the Goswamins of Kesari and Kapti Matha in Puri, acknowledge the descedants of Rasikananda as their

Spiritual guide. [Mayur-

of Mayur-

bhanja Archaeological
Survey p cii.]

ময়ুরতঞ্জ প্রতাপপুর—মহারাজা প্রতাপক্ষ গজপতি প্রতাপপুরে শ্রীগৌরাঙ্গ বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া-

ছিলেন। শ্রীনগেন্দ্র নাথ বস্থ-রচিত ময়ুরভঞ্জের প্রত্নতন্ত্ব-গ্রন্থে চিত্রসহ বিস্তৃত বিবরণ আছে। উড়িষ্যার প্রায় প্রতি পদ্মীতেই

ভাড়ব্যার প্রায় প্রাত পদ্মাতেই শ্রীজগন্নাথ ও শ্রীদধিবামন বিগ্রহের সহিত শ্রীশ্রীমহাপ্রভুর শ্রীবিগ্রহ

সেবিত হয়। ময়ুরেশ্বর বা মোড়েশ্বর—বীরভ্য জেলায় একচজা হইতে তিন

ষ্টেশন হইতে ছয় মাইল। প্রীপ্রী-নিত্যানন্দ প্রভু অত্রত্য শিবের পূজা করিয়াছিলেন। কুগুলতলা—

ক্রোশ দক্ষিণ-পশ্চিমে। সাইথিয়া

শ্রীশ্রীনিত্যানন্দ প্রাত্ম প্রীয় কর্ণের কুণ্ডল এক সর্পবিবরে দিয়াছিলেন। এই স্থানে এক মন্দিরে উক্ত কুণ্ডল আছে। ঐ স্থানের কোটপুর-

নামক স্থানে বকাস্থরের সহিত ভীম-সেনের যুদ্ধ হয়। গ্রামের দক্ষিণে কুগুলীতলায় শ্রীগোরীদাস পণ্ডিতের জ্ঞাতিপুত্র মাধব বাস করিতেন। শ্রীশ্রীজাহ্যবামাতাকে ইনি নিজ

করাইরাছিলেন।
মৌডেখর নামে শিব আছে কতদূরে। যাঁরে পূজিয়াছে নিত্যানন্দহলধরে॥ [১৮° ভা° আদি ৯৮৫]

এখানে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর

গুহে লইয়া গিয়া অন্ন ভোজন

মাতৃলালয় ছিল। মরেগাঁ—(বা ময়্র গাঁ)—বালেশ্বর রেমুণা হইতে চারি মাইল বায়ু- প্রসিদ্ধ টীকাকার) শ্রীধরস্বামির জন্মস্থান বলিয়া প্রসিদ্ধ। বর্ত্তমানে
১৮শ পুরুষ বংশধর আছেন।
উহাদের উপাধি—'পতি', ব্রাহ্মণ।

মলয় পর্বজ- দান্দিণাত্যে কেরদ হইতে কুমারিকা অস্তরীপ পর্যস্ত ব্যাপ্ত গিরিমালা। ['অগস্ত্য দ্রষ্টব্য]। মল্লতীর্থ- রেবা নদীর তীরে অবস্থিত,

মহেশ্বরপুর ও প্রভাদের মধ্যবর্তী। শ্রীনিত্যানন্দ-পদান্ধিত (১৮° ভা°

प्यापि ३। २ ७ २)।

দক্ষিণ দিক্ (রসিক° পূর্ব ৩।২৭)।
মল্লারদেশ (মালাবার)—ইহার
উত্তরে দক্ষিণ কানারা, পূর্বে কুর্গ ও
মহীশূর, দক্ষিণে কোচিন ও পশ্চিমে
আরব সাগর। এই স্থানে ভট্টথারিগণের বাস, শ্রীগোরপদান্ধিত ভূমি
(চৈ° চ° মধ্য ৯।২২৪)।
মল্লারপুর—বীরভূম জেলার, এখানে
মল্লেশ্বর শিব আছেন। গ্রামের পূর্ব
দিকে শিবপাহাড়ী; কথিত হয় যে
দ্রৌপদীর বস্ত্র-হরণে অক্বতকার্য ও
ভীম-কর্ত্বক লাঞ্ছিত জয়দ্রথ এই

মল্লভূমি-মেদিনীপুর জেলার পশ্চিম-

মল্লিকার্জ্বন— (শ্রীনৈলম্) কর্ণুলের সত্তর মাইল দুরে রুঞানদীর দক্ষিণ তটে। বেষ্টিত প্রাচীরের কেন্দ্রস্থানে মল্লিকার্জ্জ্বন-নামক শ্রীশিবমন্দির। এই লিঙ্গ দ্বাদশ জ্যোতির্লিঞ্বের

পাছাডে সিদ্ধনাথ শিবের আরাধনা

অন্তহম, (কর্ণ ম্যানুয়েল্)। গ্রী-গৌরপদাঙ্কপৃত [ঠৈ° চ° ম ১।১৫]।

বালেশ্বর মতান্তরে ইহার নাম—মধ্যাৰ্জ্জ্ন ল বায়ু- [তিক্লভাদা-মারুডুর]-মাল্রাজ প্রেসি-

করিয়াছেন।

মহাস্থানগড়

ডেন্সীর তাঞ্জোর জেলায় অবস্থিত। কারুকার্য-খচিত বৃহৎ শিবমন্দিরে 'মহালিঙ্গ স্বামী' বিভ্যমান । মাঘ মাদে বিরাট রথযাতা হয়। মহা-প্রভু এন্থানে 'রামদাস শিব' দর্শন करतन [रेठ° ठ° मशा वाइहा মারকাপুর রোড রেলপ্টেশন হইতে ৫০ মাইল পথ খোর বন জন্মল যাইতে অতিক্রম করিয়া চালুক্য রাজবংশের বহু কীর্ত্তি এই স্থানে আছে। সাধু সন্ন্যাসীর জন্ত উহাদের নির্শ্বিত অনেক গুহা আছে। অনেক শিলালিপিও আছে। শিবাজী মহারাক ঐস্থানে গিয়াছিলেন ও বহু অর্থব্যয়ে সাধু সন্নাসীদের আহারাদির স্থবন্দোবস্ত করিয়া-ছিলেন।

মহৎপুর (বা মাতাপুর)—নবদ্বীপের অন্তর্গত বৰ্ত্তমান মাধাইতলা। [একডালা পরগণায়ও দ্বিতীয় মহৎপুর আছে ।। ভক্তিরত্নাকরে ১২।৭০২, 989-960 মহৎ-প্রসঙ্গ 909, দ্ৰন্থব্য।

गरानमी—मधार्थापरभंत নাগপুর-স্নিহিত স্থানে উৎপন্না ও ওড়িষ্যার মধ্য দিয়া প্রবাহিতা হইয়া বঙ্গোপ-সাগরে পতিতা নদী। ইহার তীরে কটক নগর অবস্থিত। শ্রীগোরপাদপুতা [চৈ° ভা° অস্তা २।७०२)।

মহাপ্রভুর উপবেশন ঘাট—ব্রজে, শ্রীগ্রামকুণ্ডের দক্ষিণ তীরে অবস্থিত। অত্রত্য ত্যাল-ত্লায় শ্রীমন্মহাপ্রভূ উপবেশন করত প্রীকুণ্ডম্বরের সন্ধান-স্বান কবিয়া ধান্তক্ষেত্রে ন্তব ও মহিমা কীৰ্ত্তন কুণ্ডদ্বমের

গ্রীদাসগোস্বামী করেন। পরে যথারীতি সংস্থারাদি কুগুন্বয়ের করেন। মহাবন-- এবজনওলান্তর্গত যমুনার পূর্বতীরে অবস্থিত বুহন্বন--- শ্রীকৃষ্ণ-বলরামের বালালীলার স্থান। অত্ততা বিশেষ দ্রপ্টবা—শ্রীনন্দমহারাজের দস্ত-ধাবনটিলা, তাহার নীচে গোপীগণের হাবেলী, পুতনামোক্ষণস্থান, শকট-ভঞ্জনস্থান, তুণাবর্ত্তবধস্থান, প্রীনন্দ-ভবনে দধিমহলস্থল, শ্রীক্বঞ্চের ষষ্ঠী-আশিখামা, ভামলালার পূজান্থন, মন্দির, শ্রীক্লফের নাড়ীছেদনস্থান, নন্দকুপ, যমলাজুন-ভঞ্জনস্থান উদুখল, ব্রজরাজের গোশালা গ্রভৃতি। মহাবিতা -- শ্রীমথুরাক্ষেত্রান্তর্বর্ত্তী প্রসিদ্ধ দেবীর স্থান। দেবীর নাম-মহাবিতা। নিকটেই-মহাবিতাকুও। মহাস্থানগড় বা পোগু,বৰ্দ্ধন – বগুড়া জেলার সদর ষ্টেশন হইতে ৮

মাইল দুরে করতোয়া নদীর তীরে। রাজসাহী সহর হইতে ৭৮ মাইল ঐতিহাসিকগণ প্রমাণ করিয়াছেন যে মহাস্থানগড়-প্রাচীন পুভ্ৰুবা পৌভ্ৰুৱাজ্যের রাজধানী পুগু বর্ধন বা পুগু নগর হইতে ঐতবেয় অভিন্ন। আরণ্যক. মহাভারত, হরিবংশ, ভাগবত, বিষ্ণুপুরাণ ও স্বন্দপুরাণ প্রভৃতিতে পুণ্ড ও পোণ্ড জ্বাতির উল্লেখ আছে। পৌণ্ড্রক বাস্থদেব শ্রীক্নঞ্চের প্ৰতিদ্বন্দ্বী হইয়া নিহত হন ৷ পোণ্ড্রদেশীগণ কুরুক্ষেত্রযুদ্ধে ছর্যোধনের পাওবগণের পকে করিয়াছিল ৷ বিরুদ্ধে সংগ্ৰাম স্বন্দপুরাণ-মতে পরশুরাম তপশ্চর্যার

উপযুক্ত অথচ ্চতুঃষষ্টিদোষ-বঞ্জিত এই স্থানে সিদ্ধ হন বলিয়া তিনি এই স্থানটিকে 'নহাস্থান' নাম দেন। চৈনিক পরিব্রাজক হিয়ুয়েনগাং কামরূপ হইতে পুঞ্.-করিয়া ইহাকে আগমন 'ক-লো-ভু' নামে উল্লেখ করিয়াছেন। তৎকালে ইহার পরিধি ছিল ৩০ লী বা ৫ মাইল। তিনি এখানে ২০টি বৌদ্ধদংঘারাম, একশত হিন্দু-মন্দির ও ছয় হাজার বৌদ্ধ শ্রমণকে দেখিয়া-ছিলেন। তত্ততা মন্দিরগুলির মধ্যে গোবিন্দ ও স্কন্দের মন্দির্ছ সর্বপ্রধান বুদ্ধদেব ব্যতীত তীর্থক্কর পার্শ্বনাথও ধর্মপ্রচারের জন্ত পুত বর্ধনে আসিয়াছিলেন। রাজ-তরঙ্গিণীতে উক্ত আছে যে খৃঃ অষ্টম শতকের শেষ দিকে কাশ্মীররাজ জয়াপীড় ছন্মবেশে এই নগরে আসিয়া তদানীস্তন রাজা জয়ত্তের কলা কল্যাণদেবীকে 13 স্বন্দমন্দিরের নৰ্ত্তকী কমলাকে বিবাহ করিয়া কাশ্মীরে প্রত্যাবৃত্ত হইয়া-ছিলেন। ত্রয়োদশ শতাকী পর্যস্ত মহাস্থানে হিন্দুরা প্রতিপত্তি বজায় রাখিয়াছিলেন। চতুদশ প্রারম্ভে মুসলমানগণ-কর্তৃক বিজ্ঞীত হয়। মহাস্থানের নিকটবর্তী গোকুল, বুন্দাবনপাড়া, মথুরা প্রভৃতি শ্রীক্বফের নামগুলি প্রতিপক্ষ পুণ্ডারাজ বাস্থদেবের সময় হইতেই যে প্রচলিত আছে, তাহা সহজেই অমুমেয়। ইহা পৌরাণিক যুগের তীর্থ। পোষ্মাদে অমাব্সা দিনে যদি সোমবার ও মূলানক্ষত্র পড়ে. তবে করতোয়ায় শীলাদেবীর ঘাটে

यान कतिरन जिनरकां है कून ऐकार হয়। এই স্থান পূর্বে মৌর্য-সাম্রাজ্যের অংশীভূত ছিল। একথানি শিলালিপি

আবিষ্কত হইয়াছে। নিকট এই মহাস্থানগডের

মরোডা গ্রামে 'রসকদম্ব' গ্রন্থ-প্রণেতা কবিবল্পভের

১৫২০ শকে ২০শে ফাল্তন প্রস্ত শেব হয়। কবির পিতার নাম-রাজবল্লভ, মাতা—বৈঞ্চবী দেবী ।' কবি

কবিবল্পভ প্রীচৈতক্সদেবের ভক্ত তিনি স্বীয় গ্রান্ত ছিলেন।

লিখিয়াছেন-'কলিযুগে চৈতন্ত স্রস অবতার।

নিজগণসঙ্গে কৈল প্রেমের প্রচার॥ কবির গুরুর নাম-ঠাকুর উদ্ধব দাস। বন্মালী-নামক জনৈক ভক্ত শ্রীবৃন্দাবনে ন্ত্রীত্রীরূপ-(यिनि

করিয়াছিলেন) হইতে শ্রবণ করিয়া 'রসকদম্ব' গ্রন্থ বা 'শ্রীকৃষ্ণসংহিতাতত্ত্ব' রচনা করেন।

স্নাত্রের নিক্ট রস্ত্রাদি শ্রবণ

রচিল সহস্রপদী পুস্তক স্থন্দর। দুই শতাধিক ছয় অযুত অক্ষর॥ মহিমপুর—(মূশিদাবাদে) ভাগীরথীর পূর্বপারে। মূশিদাবাদবাসী প্রসিদ্ধ জগৎ শেঠের বংশীয় হরফটাদ: ইনি জৈনধর্ম হইতে বৈষ্ণবংশ গ্রহণ করেন এবং স্বীয় বাসভবনে শ্রীশ্রীগোবিন্দ-বিগ্রহ প্রতিষ্ঠা করেন। ইঁহারা খেতাম্বর

জৈনসম্প্রদায়ী ছিলেন। নিবাস যোধপুরের অন্তর্গত নাগর মহিমপুরে বংশধরগণ প্রদেশে। বৰ্ত্তমান আছেন।

यहना-मूर्निनावादन, শ্রীগোবিন্দ চক্রবত্তির আদি বাসস্থান, ইনি

শ্রীআচার্যপ্রভুর শিষ্য (ভক্তি ১৪। 1 (06-06 মহেন্দ্ৰ শৈল—গঞ্জাম ও তিনেভেলী

ष्ट्रनागाभी भूर्वघाछ। २ जिताङ्गत রাজ্যে সহাদ্রির অংশবিশেষ। পর্বতপ্রান্তে ত্রিচিনগুড়ি নগর। ইইার

পশ্চিমে ত্রিবান্ধর রাজ্য। শ্রীপরশুরাম-**শ্রীগোরপদান্ধিত** ভূমি (চৈ° চ° মধ্য ১।১৯৯)।

মহেশগঞ্জ—নদীয়া জেলায় ভাগীরথী হইতে কিছু দুরে; শ্রীহিরণ্যজগদীশের राज़ै हिन।

মহেশগ্রাম——(?) শ্রীঅভিরাম গোপালের শিষ্য গোপাল দামের বাসস্থান। **मट्यां भूत** – वा हनमा मट्यां भूत,

শিবনিবাস) হইতে পুর্বদিকে ১৪ ঘাদশগোপাল-পর্যায়ের শ্রীল স্থন্দরানন্দ পণ্ডিতের (স্থদাম গোপালের) শ্রীপাট। বেত্রবতী

নদীর তীরে বাস্তভিটার চিহ্ন আছে।

যশোহর মাজিদহ ষ্টেশন (পূর্বনাম

ইহার প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধাবন্ত ও শ্রীশ্রীরাধারমণজীউ। ঐ সব বিগ্রহ সৈদাবাদের গোস্বামিরা লইয়া যান। পরে দারুময় বিগ্রহ প্রতিষ্ঠা করা হয়। অগ্রহায়ণী গোণী ক্লফা প্রতিপদে শ্রীষ্ণলরানন্দ ঠাকুরের তিরোভাব

উৎসব হইয়া থাকে। মহেশপুরের জমিদার বাবুরা শ্রীপাটের সেবায়েত। শ্রীপ্রন্দরানন্দ ঠাকুরের শিষ্য-বংশীয়গণ মঙ্গলডিছি

তথায়

শ্রীশ্রামটাদ সেবা আছেন। মাইনগর-কলিকাতা হইতে আট

গ্রামে বাস করিতেছেন।

দূরে-পুরন্দর বাঁর কোশ

(গোপীনাথ বস্তর) জন্মস্থান। তৎপুত্র কেশব খাঁ হুশেন শাহের 'ছত্র নাজির' ছিলেন বলিয়া 'ছত্রি'

নামে উল্লিখিত হইয়াছেন। পুরস্কর র্থা শেয়াখালার রাজাকে পরাঞ্চিত করত তথায় স্থনামে 'পুরস্কর গড়' প্রতিষ্ঠা ি সেয়াখালি করেন। দ্রষ্টব্য ।

মাউগাচি— - নবদ্বীপের অন্তর্গত মোদক্রমন্বীপ (ভক্তি ১২।৫৪৯)। ২ শ্রীসদাশিব ভট্টাচার্য এই স্থানে থাকিতেন। ইনি **শ্রীমন্মহাপ্রভুর** জন্মদিনে প্রীশ্রীশচীমাতার গৃহে গিয়া-ছিলেন। [বিষ্ণুপ্রিয়া পত্ৰিকা--e1>०१२२8 %:] ।

মাকড়কোল গ্রাম—S. E. Ry আদ্রা ষ্টেশন হইতে ২ মাইল উত্তরে. প্রীপ্রীশ্রামত্মনরজীউর মনির। প্রীদাস-শ্রীমথুরানন্দের পৌত্র গদাধরের সমাধি। মাঘী-পূর্ণিমায় উৎসব হয়। মাক্ডা-(?) গ্রীঅভিরামগোপাণের শাখা গোপীনাথ দাসের বাসস্থান।

মাজিদা--নবদীপের অন্তর্গত মধ্যদ্বীপ. বর্তুমানে গঙ্গার পূর্বতীরে অবস্থিত (চৈ° ভা° মধ্য ২৩।৪৯৮)। মাটীয়ারী বা মেটেরী—(নদীয়া) কাটোয়ার ছই ক্রোশ দক্ষিণে গঙ্গার পূর্বতীরে, ভাষায় রামায়ণ-রচয়িতা ভক্তবর রামমোহনের বাস ছিল। তাঁহার হস্তলিখিত রামায়ণখানি

বেলডাঙ্গার গোবিন্দজীবন হাজরা বাবুদের বাড়ীতে আছে। গ্রীরাম-সীতার মন্দির উক্ত রাম**মোহনের** প্রতিষ্ঠিত। শ্রীরামনবমীতে উৎসব হয়।

মাঠগ্রাম-এজে, প্রীবৃন্দাবনের উত্তর-দিকে অবস্থিত-[মুনামু বুহৎ পাত্ৰকে

ভেলার বিজুর, ভৈটা,

নৰগ্ৰাম.

ব্রজভাষায় 'মাঠ' বলে] দ্ধিমন্থনাদির

জন্ম এ ভানের 'মাঠ' প্রসিদ্ধ। গ্রীক্ষের গোচারণস্থল।

মাড়োগ্রাম——মানকরের নিকট

(বর্দ্ধান)। প্রীপাদ সনাতনপ্রভুর শিষা জীবন চক্রবর্তির সস্তান শ্রীল

ভাগৰত মানকর হইতে মাড়গাঁয় শ্রীনিত্যানন্দ-বগতি করেন। ২ শ্রীপাট।

বংশীয় গোস্বামিগণের প্রসিদ্ধ রামরদায়ন প্রভৃতি বহু বহু

<u> প্রীরঘ্নশ্ন</u> ভক্তিগ্রম্থ - প্রণেতা গোস্বামির জন্মস্থান। ১১৯৩ সালে

ইহার জনা ৷ অনেক পাণিহাটীতে থাকিতেন। পাটীহাটী

গঙ্গাতীরে থাকিয়া 'শ্রীরাধামাধবোদয়' গ্রন্থ বছন। করেন।

গ্রীপ্রীনিত্যানন্দ প্রত্নর

এগোপীজনবন্ধত <u> যাডোগ্রামে</u> আসিয়া বসতি করেন। মাণিক্যডিহি---নদীয়া জেলার

नीयानाय। ननीया, यूर्मिनाचान छ বর্দ্ধমান এই তিন জেলার সংযোগ-স্থলে মাণিক্যডিহি অবস্থিত। ইষ্টার্ণ

রেলের পলাসী ষ্টেশন হইতে ৫ माहेन এবং দেবগ্রাম छिनन इहेए ৭ মাইল দুরে। কাটোয়া হইতে ৮ মাইল দুরে। এই শ্রীপাটের

বিবরণ—চারভাঙ্গা কলেজের প্রফেশর ও প্রীপাটের আচার্য-বংশীয় শ্রীপাদ স্বৰীকেশ গোস্বামী বেদাস্তশান্ত্ৰী

জানাইতেছেন-এখানে পূর্বে বর্মন্-वः भीत्र कन्यान वर्गतनत तास्त्रानी

ছিল। মাণিক্যডিহি বা মাণিক্য দীপ; শ্রীলবিফুদাস আচার্যের পিতা শ্রীলমাধবেক আচার্য (?), বিষ্ণুদাস

একজন পদকর্ত্তা ছিলেন। বিগ্ৰহাদি---

श्रीश्रीनवनीरगा भानकी छ । > 1

বিষ্ণুদাস-স্থাপিত। ২। শ্রীশীরাধাবল্লভজীউ; তৎপুত্র

জয়ক্বঞ্চ দাস-কন্ত ক স্থাপিত। ৩। শ্রীরঘুনাথশিলা

বালগোপাল-হ্যমীকেশ প্রভু বলেন

य এই ছইটী মহাপ্রভুর গৃহদেবতা ছিলেন।

8। গ্রীনুসিংহ শিলা—ইনি গ্রীবাস পণ্ডিত-কর্ত্তক অর্চিত।

ইনি শ্রীমাধবেন্দ্র পুরী গোস্বামি-কৰ্ত্তক অচিতে।

বাবাজী-নামক জনৈক ভক্ত-কর্ত্তক অচিত হইতেন। গত ১২০৬ সাল হইতে মাণিক্যডিহির গোস্বামি-

প্রভূদের অচ নীয় হইয়াছেন। মাণিক্যহার-মুশিদাবাদ জেলায়, শ্রীমদনমোছন বিগ্রহ। বৈশাখী

মাতসরগ্রাম - বর্জমান প্রীশ্রীশ্রামদাস আচার্যের শ্রীপাট। শ্রীল খামদান শ্রীপ্রীঅবৈত প্রস্থর

প্রিয় শিষ্য ও প্রীশ্রীঅবৈত-তন্ম শ্রীখচ্যতানশের প্রিয় বন্ধু। মাতসর প্রামে ১৪১৪ শকে খ্রামদাসের জন্ম। পিতা শ্রীনারায়ণ সিদ্ধান্ত। রাটীশ্রেণী

গোতম-গোত্রীয়। ইনি শ্রীমোহন ঠাকুর বিগ্রহ প্রতিষ্ঠা করেন। উক্ত বিগ্রহ বর্দ্ধমান ভেলায় ভৈটাগ্রামে

পালসিট প্রভৃতি গ্রামে বাস করেন। মাতাপুর-নাধাইপুর (ভক্তি

>21903)1

মাধবপুর-চিকাশপরগণায়, মথুরাপুর রোড ষ্টেসন হইতে চারি মাইল দুরে নন্দার পুকুরের নিকটবর্তী। এইস্থানে চতুত্ব বিষ্ণুমৃত্তি 'সঙ্কেতমাধব' বিরাজমান।

মাধাইতলা—কাটোয়া হইতে দাঁই-হাট যাইবার পথে। কাটোয়ার শ্রীমহাপ্রভুর মন্দির হইতে এক এখানে শ্রীগোর-নিতাই

আছেন। প্রসিদ্ধ মাধাইর মধ্যে শ্রীমাধাইয়ের সমাধি-স্থান। শ্রীমহাপ্রস্থার বিগ্রহ ৪ মাস উক্ত মাধাইতলায় এবং B

বোলপুরের নিকট বাইরী গ্রামে সেবিত হইতেন। তথায় রাসের সময় উৎসব হয়। বাকী ৪ মাস বিশ্রামতলায় থাকিতেন।

আমদপুর কাটোয়া রেলে পাচন্দি

ষ্টেশন হইতে এক মাইল দুরে।

ডাক্ঘর কুসাই। এক্ষণে কিন্তু মাধাই-তলায় থাকেন, অক্সত্র যান না। মনোরম দেবা; নামকীর্ত্তন অহোরাত্র

মাধাইপুর (মহৎপুর)—বর্দ্ধমান

চলিতেছেন।

জেলা। নবদীপ ও পূর্বস্থলীর মধ্যবর্তী গঙ্গাতীরবর্তী গ্রাম। শ্রীনিতাই গৌর-সেবা (ভক্তিরত্নাকরে দ্বাদশ তরঙ্গে বিবরণ আছে)। পূর্ব মন্দির

ভাঙ্গিয়া স্থানান্তরে নৃতন মন্দির

হইয়াছে। মাধাইর **ঘাট**—নবদ্বীপান্তর্বতী, প্রীগোর-নিত্যানন্দের রূপাপ্রাপ্ত চুইটা

505

পৌত্র

৫। প্রীপ্রীলন্দ্রীনারায়ণ বিলা-

৬। শ্রীশ্রীগোপীনাথজীউ—ইনি

প্রাচীন বিগ্রহ। পূর্বে বামনদাস

পূর্ণিমায় শ্রীআচার্যপ্রভুর উৎসব হয়। জেলায় ৷

প্রভুর পুত্র ভয়কৃষ্ণ দাস। ইনি

আছেন। ইঁহার বংশধরগণ বর্দ্ধমান

20060

মাধাই স্বহন্তে এস্থানে গঙ্গাঘাট পরিকার করিতেন [চৈ° ভা° মধ্য ১৫।১৪]।

মাধুরীকু
- ব্রজে, আরিং হইতে দুই

মাইল অগ্নি-কোণে
- প্রীরূপ গোস্বামিপাদের শিব্য মাধুরীজির জন্মস্থান।

'মাধুরী-বাণী' অতিমধুর পদাবলী।

মাধুরীমোহনমন্দির আছে।

মানকর—ইটার্গ রেলপথে বর্দ্ধমানের
৪টি টেশন পরে। প্রীজীবন চক্রবর্তির
বাড়ী। ইনি শ্রীল সনাতন গোস্বামী
প্রভুর নিকট স্পর্শমণি প্রাপ্ত হন
ও অসার-বোধে যমুনাতে নিক্ষেপ
করেন। প্রবাদ—আকবর বাদসাহ
ঐ পরশ পাথর প্রাপ্তির জক্স হস্তির
পদে লোহ-শৃত্থাল পরাইয়া যমুনাতে
বহুদিন ধরিয়া থোঁজ করিয়াছিলেন;
কিন্তু প্রাপ্ত হন নাই। জীবনের
বংশধরগণ কাটমাগুরা গ্রামে বাস
করেন। মানকরের নিকট লতা
গ্রামে শ্রীল রামচক্র প্রভুর শ্রীপাট।*

গ্রীগদাধর পণ্ডিত গোস্বামির শাথা শ্রীঞ্চবানন্দের বংশীয় গোস্বামিগণের বাসস্থান।

মানকুশু—ব্রজে, কাম্যবনের অন্তর্গত, গ্রীকৃষ্ণকর্তৃক গ্রীরাধার মানভঞ্জন-স্থান (ভক্তি (৮৬৩)।

মা**নগড়**—ব্রঞে, বর্গানার অন্তর্গত মানগীলার স্থান ৷

মানপ্রত —ব্রজে, বরসানার অন্তর্গত
'মানগড়'।

भानञ्ज- এञ्चारन त्राका नृतिः हरम् শ্রীনিবাস আচার্যের প্রিয় ছিলেন। পদসমুদ্রে গ্বত—'ব্রজনন্দকি নন্দন নীলমণি' পদটি উঁহারই কত। মানস গঙ্গা—গোবর্জনগিরি-প্রান্ত-বাহিনী নদী, শ্রীক্লফকেলি-নিকেতন, শ্রীগোরাঙ্গ-পদাঞ্চিতা (চৈ° চ° মধ্য ১৮।৩২)। কথিত আছে যে একনা গোপ-গোপীগণ সহ প্রীনন্দমহারাজ গঙ্গাহ্বাবের যাতা ভোকা শীগিবিরাজের উপক্রপ করিতেছিলেন। ব্রজে সকল তীর্থ ই বিরাজ করে—এ কথা ব্রজবাসিগণকে জানাইবার শ্ৰীকৃষ্ণ জ্ঞ মনে মনে গঙ্গার স্মরণ করিলেই **মকরবাহিনী** গঙ্গাদেবী সকলেরই श्रदेशन । *শ্রীরুষে*র নয়নগোচর নির্দেশে সকলে গঙ্গায় আন করিলেন এবং তদবধি তাহা 'মানসীগঙ্গা' নামে খাত হইলেন। আবাঢ়ী (মুড়িয়া) পূর্ণিমায় ও কার্তিকী অমাবস্থায় (দীপাবদীতে) শ্রীগরিরাজ পরিক্রমা করত মানস গঙ্গায় স্নান করিতে লক্ষ লক্ষ নরনারীর সমাবেশ হয়। এই মানস গলার দক্ষিণ ও পশ্চিম দিকে গোবর্দ্ধন গ্রাম এবং উত্তর ও পূর্বতীরে ভল্লনান্দী বৈষ্ণবগণের উন্তর তীরে মহাদেব, সন্মুখে শ্রীসনাতন গোস্বামির ভজন-কুঠরী, তাহার পার্ষে শ্রী-বল্লভাচার্যের উপবেশন-স্থান। তাহার উত্তর দিকে শ্রীশ্রীনিত্যানন্দ গৌরাঙ্গের मिनत। शूर्व ध्यान কুৎরী পোকার উপদ্রবে শ্রীসনাতন প্রভূ অন্তত্ত যাইতে ইচ্ছা করিলে

ঐ চাকলেশ্ব

মহাদেব তাঁহাকে

আখাস দিয়া কুঠরীতে বাস করিতে বলেন—তদবধি ঐ ঘেরার উপদ্রবও নিবাকত হয়। মশার শ্রীসনাতন এস্থানে থাকাকালীন প্রতাহ গিরিরাজ পরিক্রমা করিতেন —একবার তাঁহাকে অভান্ত প্রান্ত-ক্লান্ত দেখিয়া শিশুবেশে শ্রীমদনমোহন স্বীয় উত্তরীয়ন্বারা বাতাস করিতে করিতে বলিলেন—'এই গোবর্দ্ধনের শিলায় শ্রীরুধের চরণচিহ্ন বিরাজ করিতেছে—– ইহার পরিক্রমাতে তোমার গিরিরাজ পরিক্রম হইবে: অন্ত হইতে তুমি ইহারই পরিক্রমা করিবে'-এই কথা বলিয়াই বালক অন্তহিত হইলে শ্রীসনাতন নয়নজলে অভিষিক্ত হইলেন এবং তদবধি উহারই পরিক্রমা করিতেন। শিলাখণ্ড এক্ষণে বুন্দাবনে রাধাদামোদর-মন্দিরে পূজিত হইতে-জয়পুরের রাধাদামোদর-मिन्दित्र अध्यक्षत्र भिना पृष्ठे ह्य । তত্ৰতা সেবায়েতগণ বলেন যে উহাই শ্রীসনাতন প্রভুকে শ্রীমদনমোহন দিয়াছেন। মানস গঙ্গার পুর্বাংশে যে গিরিরাজের অংশ पृष्ठे যুকুটচিহ্ন শ্রীক্বফের তাহাতে বিরাজমান। মানস-পাবন ঘাট—ব্ৰজে. এরাধা-পূৰ্বদিকৃস্থিত কুণ্ডের খানকুতের প্রসিদ্ধ ঘাট। এন্থলে পঞ্চ পাণ্ডব বৃক্ষরূপে অভাপি বর্ত্তমান। (ভক্তি

1 (000-000)

বহুলাবনে অবস্থিত.

বিহারীর মন্দির।

মান-সরোবর---্যমুনার ও এ-

তীরে মান-

বৃশাবনের পূর্বদিকে অবস্থিত।

 ^{*} মান করে নিদানের স্থপ্রিছ মাধব
 কর জন্মগ্রহণ করিয়াছিলেন এবং ইহা
 পক্ষধরের পক্ষ-শাত্তনকারী নব্যক্তারের জনক
 বঙ্গগৌরব রঘুনাথ শিরোমণির জন্মভূমি
 (মতান্তরে ই'হার জন্ম—শ্রীহট্টে)।

মামগাছि—रर्क्षगान (क्रनाय, नव-দ্বীপের পশ্চিমে। (ক) শ্রীল্সারক্ষমুরারি-প্রভুর

প্রীপাট। শ্রীপ্রীরাধাগোপীনাথের সেবা।

(খ) অনতিদুরে শ্রীলবাম্পদেব দত্ত-ঠাকুরের শ্রীপাট। শ্রীদত্ত ঠাকুরের সেবিত প্রীপ্রীরাধামদন-গোপালদেব এক্ষণে শ্রীলসারসমূরারি প্রস্তুর প্রীপাটে সেবিত হইতেছেন।

(१) श्रीमानिनीत्मवीत श्रीभारहे প্রীমীনিভাইগোর, প্রীরাধারুক, শ্রীবলদেব, শ্রীজগরাথ, শ্রীগোপাল ও ৫টি শিলা সেবিত ছইতেছেন। বর্ত্তমানে নবদীপধাম ষ্টেশনের পরে ভা গ্রার-টিকরী হল্ট নামে একটি flag-station হইয়াছে। ঐথানে নামিয়া ।।। মিনিটের পথ। এই শ্রীপাট জারগর গ্রামে অবস্থিত। শ্রীসারঙ্গ ঠাকুর যে মৃত বালককে জীবন দান করেন, উহার নাম--

মুরারিমোহন। বর্দ্ধমান জেলায়

नूप नाहेरन खन्नता छिनन हहेरा

তিন মাইল দুরে সরগ্রামে তাঁহার

বাড়ী ছিল। এপিটে ত্মপ্রাচীন বকুল

বৃক্ষ আছে। উহাকে 'বিশ্রামতলা' বলে ৷

व्यर्गशीर्ठ (देठ° ठ° मधा २०१२)१) নিকটবর্তী। হরিদ্বারের The vicinity of Gangadwara, which was the old name of Haridwara, shows that Mayura must be the present

ruined site of Mayapura at

the head of Ganges Canal.

[The Ancient Geography |

মায়াপুর—বৈভববিলাদ এছিরির

of India by Cunninghum p 402.] শ্রীনিত্যানন্দ-পদান্ধিত (চৈ° ভা° আদি ৯।১৯৬)।

২ শ্রীনবদ্বীপাস্তবর্তী (ভক্তি ৬। >0>, 6192, >2166, 60-69) শ্রীগোরস্করের জন্মহান। শ্রীবন্দা-

বনাভিন্ন মহাযোগপীঠ। मार्कट्यम मद्राचत-श्रीत्कवशास

महामिन्द्रित अर्फ मार्टेन छेखत-পশ্চিমে অবস্থিত। পঞ্চতীর্থের অন্তত্য। মার্কণ্ডেয় বট অদুখ্য হইয়াছে। **সরোবরে**র मिक्ट् মার্কণ্ডেয়েখরের মন্দির। ইহার চারি পার্শ্বে বহু দেব-দেবীর বিগ্ৰহ । নারদ, ব্রহ্ম, কপিল-সংহিতা

উৎকলথতে মাহাত্মা দ্রষ্টব্য [চৈ° ম° মধ্য ১৫।১৩৭ । প্রজয়কালে মার্কণ্ডেয় মূনি প্রলয়জলে ভাসিতে ভাসিতে পুরুষোত্তমে বটবুক্ষের সমীপবর্ত্তী একটি বালকের কঠে শুনিলেন—'মৎস্মীপে আস', বাণী কোণা হইতে আসিতেছে—এই

নারায়ণের দর্শন পাইয়া স্তব করিলে শ্রীনারায়ণ বলিলেন 'এই বটবুক্ষের উর্দ্ধদেশে পত্রপুটকে শায়িত বালকের

চিন্তা কবিতে কবিতে তিনি লক্ষী-

বিস্তত বদনে অবস্থান কর'। মার্কণ্ডেয় আজ্ঞামুসারে সেই বালকের মুখ-

মধ্যে প্রবিষ্ট হইয়া তাহাতে বিশ্ব-ব্ৰহ্মাণ্ড দেখিলেন এবং তথা হইতে

নিৰ্গত হইয়া পুৰুষোত্তমকে দৰ্শন করিলে শুনিলেন—'এই ক্ষেত্র নিত্য, প্রলয়কালেও ইহার বিনাশ নাই'।

তখন মুনি বটবুক্ষের বায়ুকোণে মার্কণ্ডেয় ঘাট নির্মাণ করত পুরুষো

ন্তমের আদেশে শ্রীশিবের আরাধনা

করেন। এখন এইস্থানে মার্কণ্ডেয়েশ্বর ও নীলকপেশ্বর বিরাজমান। চৈতী অশোকাইমীতে এখানে কালীয়দমন যাত্রা হয়।

भानकार्रा पखनारे— सिनीशूरतः িওড়িয়ায় ৩১টা দণ্ডপাট আছে:

(দণ্ডপাট-বিস্তৃত ভুখণ্ড-বিভাগ, জমিদারীর মত) । মালজাঠ্যা দণ্ডপাট কাঁথি, রামনগর, খাজুরী ও

ভগবানপুর-থানা লইয়া ব্যাপক ছিল। শ্রীল রামানন্দ রায়ের জ্যেষ্ঠভাতা শ্রীলগোপীনাথ পট্টনায়ক, মহারাজা

প্রতাপরুদ্র দেবের অধীনে এই দণ্ড-পাটের জমিদার বা শাসনকর্তা

হইয়াছিলেন (চৈ° চ° অন্ত্য ৯।১৮,

500)1

মালদহ - (গোডে) শ্রল অভিরাম গোপালের শিঘ্য মুরারি দাসের বাসস্থান। 'মালদহে মুরারি দাস করেন বস্তি' (অভিরামের শাখা-

বিণয়)। মালপুরা-মথুরায়, কারাগারে শ্রীবস্থদের ও দেবকীকে পাহারা দেওয়ার জন্ম মল্ল-গণের উপবেশন-স্থান।

মালিদিগ্রাম—(নদীয়া) শ্রীবিফুদাস আচার্যের প্রীপাট।

মালিনী—প্রীক্ষেত্রে

निम्नवर्जी 'मध्याया' नमीत थाता। हेरा প্রাচীন কালে গুণ্ডিচামণ্ডপ ও বড়দাণ্ডকে পৃথক করিয়া অবস্থিত

আঠারনালার

ছিল। বর্ত্তমানে চিহ্ন মাত্র নাই। মালিহাটি বা মেলেটী—মুর্শিদাবাদ

জেলা। বহরমপুর হইতে ১২ ক্রোশ দক্ষিণে। কাটোয়ার উন্তরে ভাগী-

র্থীর পশ্চিম তীরে। ভরতপুর

থানা। এই স্থানকে কেছ কেছ 'মেলেরি কাঁদরা'ও বলে।

শ্রীল শ্রীনিবাস আচার্যের বৃদ্ধ-প্রপৌত্র শ্রীলরাধামোহন ঠাকুরের শ্রীপাট। ইনি মহারাজ নন্দকুমারের

ও পুটিয়ার রাজা রবীক্রনারায়ণের গুরু ছিলেন। ইহার শিঘ্য—গোকুলা-নন্দ ও বৈফবদাস।

শ্রীরাধানোহন ঠাকুর পদকর্তা ছিলেন। ইনি জয়পুর রাজ্যের রাজা

জয়সিংহের সভা-পণ্ডিতগণকে পরাস্ত করিয়া স্বকীয়ামতের বিরুদ্ধে পরকীয়া মত স্থাপন করিয়াছিলেন। এ

বিষয়ে মুশিদকুলী থাঁর নিকট বিচার হয় [১১২৫ সালে ইং ১৭১৮ খৃঃ], ঐ বিচারের বিবরণমুক্ত ছইখানি

দলিল 'সাহিত্য পরিষৎ পত্রিকায়' ১৩৯৬ সালের ফাল্পনে ও ১৩০৮ ভাদ্র-সংখ্যায় প্রকাশিত হইয়াছে।

শ্রীরাধামোহন ঠাকুর বৈষ্ণব-কবিদের পদসংগ্রহ করিয়া 'পদামৃতসমুদ্র'
গ্রাপিত করেন। ইহার মধ্যে
৮৫২টি পদ আছে, তন্মধ্যে চারি
শতের অধিক উঁহারই রচিত। এই
সংগ্রহের পূর্বে আউল মনোহর দাস

'পাদসমুদ্র' গ্রন্থ প্রকাশ করেন।

শ্রীল রাধামোহন ঠাকুরের পরে
তদীয় শিষ্য গোকুলানন্দ সেন বা
বৈফাবদাস পদামৃতসমুদ্রকে অস্তর্ভুক্ত
করিয়া বৃহৎ গ্রন্থ 'পদকল্পভক্ত'

কাররা বৃহৎ । প্রচার করেন।

শ্রীরাধামোহন ঠাকুর তেজস্বী ছিলেন। একদা রাধামোহন ঠাকুরকে মহারাজ নন্ধকুমার স্বীয় ভদ্রপুরের বাটীতে লইয়া ঘাইতেছিলেন, পথিমধ্যে রাধামোহন এক দরিদ্র শিষ্যকে দর্শনজন্ম গমন করেন, এজন্ম রাজবাদীতে যাইতে বিলম্ব হয় ৷ সেজন

মহারাজা ক্ষা হন। প্রীরাধামোহন প্রস্থু তাহা জানিতে পারিয়া বলেন— 'আমার সকল শিশুই সমান—

প্তক্রর নিকট মহারাজ ও দীনদরিদ্রের পার্থক্য নাই। তুমি যখন ক্ষুণ্ণ হইয়াছ, তখন আর ভোমার বাটাতে

পদার্পণ করিব না।' তদবধি তিনি রাজবাটী পরিত্যাগ করেন। মালি-হাটিতে শ্রীরাধামোহন ঠাকুরের বসিবার আসন, গদি ও অতিথিশালা

দেবীর শিষ্য (১৫৩৭ খৃঃ) কর্ণানন্দ-গ্রন্থের প্রণেতা যত্নন্দন দাসেরও শ্রীপাট। মালিহাটির নিকট.

আছে ৷

শ্রীনিবাস-কলা হেমলতা

দক্ষিণখণ্ড গ্রামে শ্রীরাধামোহন ঠাকুরের ল্রাতা শ্রীযাদবেন্দ্র ঠাকুর বাস করিতেন, আর এক ল্রাতা

ভূবনমোহন মাণিক্যহারে (মুর্ণিদা-বাদে) বাস করিতেন। মালীপাড়া-হুগলী জেলা B. P. Ry. দারবাসিনী ষ্টেশন হইতে এককোশ;

E. Ry তালুণু ষ্টেশন হইতে তিন মাইল। শ্রীল খঞ্জ ভগবান্ আচার্বের শ্রীপাট। মালিপাড়া শ্রীমদনগোপাল-

মন্দিরে ষ্টাবর তৎপিতা কন্দর্পের নিকট হইতে যে বুড়ো মা দক্ষিণা কালীর যন্ত্র প্রাপ্ত হয়েন, তাহা ঐ মদনমোহন-মন্দিরে রক্ষিত আছেন। শ্রীশ্রীরাধাগোবিন্দ-সেবা—চৈত্র মাসে

উৎসব হয়।

মালীয়াড়ী (বাঁকুড়া)—মালীয়াড়ী

পরগণায় রমুনাথপুর, তামারগড়,

গোপালপুর। সোনামুখী হইতে উত্তর-

দামোদরের

পশ্চিমে

मिक्टन ।

ঐসব স্থানের উপর দিয়া শ্রীনিবাস আচার্য, শ্রীনরোত্তম ঠাকুর ও শ্রীশ্রামানন্দপ্রভু শ্রীরন্দাবন হইতে

গ্রন্থ লইরা আদেন এবং তামারগড়ে রাজা বীরহাম্বীরের অন্নচর দম্ব্যুগণ গ্রন্থ চুরি করেন।

মাল্যবান্—প্রপ্রবণ পর্বতের অনতি-দ্রে, বোদাই প্রেসিডেন্সির রত্নগিরি জেলায় অবস্থিত পর্বত (চৈ° ভা° আদি ১।৪৯)।

মাল্যহারী কুণ্ড—এজে, গ্রীরাধাকুণ্ডের নিকটে [মুক্তা-চরিতের
অপূর্ব কাহিনী দ্রষ্টব্য]। তত্ততা
মাধ্বীকুঞ্জে গ্রীরাধা স্থীগণের সহিত

মাহাতা—বর্দ্ধমান জিলায়। প্রীপদাধর পণ্ডিত প্রভুর শাখা-সন্তান ধ্রুবানন্দের বংশীয় গোস্বামিগণের বাস। ইহারা মূল গাদী অভিরামপুর হইতে উঠিয়া এস্থানে বসতি করিয়াছেন। প্রীগোবিন্দদেবের অপূর্ব

মুক্তাহার গাঁথেন।

সেবা। মাহিন্নতীপুর-ইন্দোর রাজ্যের অন্তর্গত, নৰ্মদা নদীর উত্তরে। नागाखत-চুनि মহেশ্বর ; পুর্বে গুজরাটের বোচ্জিলায় কার্ত্ত-বীর্যার্জ্জনের স্থান। প্রীগৌরনিত্যানন্দ-পদাঙ্কিত ভূমি (চৈ° চ° মধ্য ৯।৩১৯ চৈ° ভা° আদি ৯/১৫১) B. B. C. I. Ry আজমের-খাণ্ডোয়া

মাহেশ (হগলী)—সান্যাত্রা ও রথ্যাত্রা প্রসিদ্ধ। শ্রীল কমলাকর পিপ্পলাইএর ও শ্রীঞ্চবানন্দ ব্রহ্মচারীর শ্রীপাট। স্থ্যাময় বিপ্রের বাস ছিল। ইনি পিপ্পল্যের জাযাতা।

লাইনে—মৌ (Mhow) ষ্টেশন।

পদ্মীর নাম--বিদ্যানালা। ইহার কন্তা নারায়ণীদেবীকে বীরভদ্র প্রভুর করে সম্প্রদান করা হয়। মাহেশে বর্ত্তমানে 'বলন্দ্ৰী কটন মিল' যেখানে আছে. विशास शूर्व (मधन-वागान हिन। এ জনলে প্রীল বীরভদ্র প্রভু সাধন কলিকাতা ভামবাজার-করিতেন। নিবাসী দানবীর শ্রীকৃষ্ণরাম বত্ত মাহেশের ত্ববৃহৎ রথ করিয়া দেন এবং রথযাতার যাবতীয় বায় নির্বাহ করিতেন। ইনি ১৬৫৫ শকে ১৭৩৩ প্টাব্দে ১১ই পৌষ হগলী জেলার তড়াগ্রামে (তড়া-আঁটপুরে) জন্মগ্রহণ করেন। গয়াতে রামশিলা পাছাডে উঠিবার সিঁডি করিয়াছেন। নানা-স্থানে ইহার কীর্তি বিভয়ান। দানবীর নারায়ণটাদ মল্লিক মহোদয় ১৭৫৫ খ: यनिরাদির সংস্কার করিয়াছেন। মন্দিরের লিপি—'শুভমল্প শকান্দ— ১७१**१** ; নির্মাণকর্তা—শ্রীরামভদ্র लाम_ा'

শ্রীমন্দিরে শ্রীজগন্নাথ, বলরাম এবং
প্রভন্তাদেবী বিরাজিত আছেন।
লোহ-নির্মিত রথে রথযাতা হয়।
মাহেশের মন্দির হইতে এক পোয়া
মাইল অগ্রে জগন্নাথের গুণ্ডিচা
মন্দির। উহা দানবীর শ্রীনারায়ণ চাঁদ
মল্লিকের স্ত্রী শ্রীরঙ্গময়ী দাসী-কর্তৃক
২২৬৪ সালে নির্মিত হয়। ঐস্থানে
তিনি আবার শ্রীরাধারমণ বিগ্রহ
প্রতিষ্ঠা করিয়া শ্রীশ্রীজগন্নাগদেবকে
অর্পণ করিয়াছেন।

মিথিলা—চম্পারণ্য হইতে গণ্ডকীনদী পর্যন্ত বিস্তৃত প্রদেশ। ইহাতে জনকপ্র এবং অত্তত্য জানকীমন্দির, রামমন্দির, জনকমন্দির, রঙ্গভূমি, রত্বসাগর প্রভৃতি স্কুইব্য।

মির্জাপুর (?) শ্রীনবাসাচার্য-পরিবারভূক্ত গোপীমোহন দাসের বাসস্থান।
মুকডোবা—(মথডোবা) ফরিদপুর
জেলায়। শ্রীশ্রীনীলাম্বর চক্রবর্তির
লাতৃম্পুত্র শ্রীমামুঠাকুর বা শ্রীজগন্নাথ
আচার্যের আবির্ভাব-স্থান। ইনি
পরে টোটাগোপীনাথের অধিকারী
হয়েন।

गाम् ठीकृटतत शिवाधाता-गाम् ঠাকুর, রঘুনাথ, রামচন্দ্র, রাধাবল্লভ, कृष्डकीवन, शामचून्त्र, भास्त्रमृत, হরিনাথ, নবীনচন্ত্র, মতিলাল, দয়া-ময়ী (१), কুঞ্জবিহারী। খ্রীশচীমাতার কনিষ্ঠ সহোদর শ্রীমনাহাপ্রভুর মাতৃশ **এীবিষ্ণুদাসের** নিবাস। বিষ্ণুদাশের কন্তা শ্রীমতী সারদা-দেবীকে শ্রীগোপীনাথ কণ্ঠাভরণ বিবাহ করেন। গোপীনাথ-ক্বত শ্রীচৈত্যচরিত-নামে এক খানি বৰ্ত্তমানে ঐ সংশ্বত গ্রন্থ আছে। পদ্মাগর্ভে ধ্বংস হইয়াছে! এক্ষণে মুকডোবা হইতে ১২ মাইল দুরে ফুটিবাড়ী গ্রামে শ্রীবিগ্রহ রক্ষিত ফুটিবাড়ী---জেলা ফরিদপুর, পোঃ ব্রাহ্মণদি, থানা ভাঙ্গা। ফরিদপুর ষ্টেশন হইতে বাসে ভাঙ্গা হইয়া মাণিকদহে নামিয়া ২ মাইল পদব্রজ্বের পর ফুটবাড়ী। শ্রীবিগ্রহ বাহ্মদেব—বিষ্ণুমৃতি।

মুক্তাকুণ্ড—ব্রন্তে, বরগানার নিকটে, এস্থানে শ্রীরাধাদি গোপীগণ মুক্তার ক্ষেত করিয়াছিলেন।

মুক্তাপুর— মেদিনীপুর হইতে নীলাচল-পথে, এই গ্রামে প্রীরসিকা-নন্দ প্রভুর অবহেলনে অগ্নিদাহ ছইলে অধিপতি আগিয়া তাঁহার শরণগ্রহণ করিলে অগ্নি নির্বাপিত হয় (র° ম' উত্তর ৮।৮)।

মুখরাই——বজে, শ্রীরাধাকুণ্ডের দক্ষিণে——মুখরার বাসস্থান। কুষ্ণকুণ্ড ও বাগুশিলা দুষ্টব্য।

মুক্তের—(প্রকৃত নাম—মুদাগিরি)
মুদাল ঋষির আশ্রম ছিল। কেলার
পার্থে গলার প্রাচীন ঘাট। কষ্টহারিণীঘাটে ঋষি তপস্থা করিতেন।
শ্রীশ্রীরামসীতার ঐ ঘাটে চরণস্পর্শ
হইয়াছিল।

মুঙ্গেরের কেলাই কর্ণরাজার গড়
ছিল। সহর হইতে কিছুদ্রের
চণ্ডীস্থান আছে। চণ্ডীর মন্দিরে
কালভৈরব এবং অক্ত হুইটি মন্দিরে
অন্নপূর্ণাও পার্বতী দেবী আছেন।
কণ্ঠহারিণী ঘাটের উপরে দক্ষিণ
পার্শ্বে জগনাথদেবের মন্দির আছে।
উহার মধ্যপ্রকোঠে জগনাথ, বলরাম
ও অভ্জাদেবী আছেন। দক্ষিণ ও
বামভাগে ছুইটি প্রকোঠে শিবলিক্ষ
ছুইটি আছেন।
মুঞ্জাটবী—ব্রজে, ঈষিকাটবী দুইবা।

বর্জমান নাম—আরা প্রাম। (তর ১০।১৯।৪) দাবানল-পানের স্থান।
মুটিগঞ্জ—এলাহাবাদে। মুটিগঞ্জের পার্ষে কীডগঞ্জ নয়াবতীতে ভক্তবর প্রীল মাধব দাস বাবাজীর মাধো কুঞ্জ। মাধব দাস বাবাজী মহারাজ উনবিংশ খুষ্ট শতাকীতে জন্মগ্রহণ করেন। পরম ভক্ত, ইনি মহাপ্রাভ্যুর ধর্ম গুজুরাট প্রভৃতি স্থানে প্রচার

করিয়াছিলেন। ইনি দ্বাদশ গোপাল

বংশীয়। মাতৃকুল শ্রীভৈত্যদেবের

পণ্ডিতের

পর্যায়ের শ্রীল ধনঞ্জয়

পরিষদে.

পিতৃব্য-বংশীয় ছিলেন (?), পিতার ঠাকুর। নাম----শ্রীনিতাানন আসানসোলের নিকট মেজেডা (বাঁকডা জেলা) ইহার বাস ছিল (বঙ্গের বাহিরে বাঙ্গালী)। म्निगैर्यकु७--- ब्राब्स, दिनगीर्यत নিকটবর্তী। এস্থানে শ্রীক্ষঞপ্রাপ্তির জন্ম মুনিগণ তপন্তা করেন। **ग्रामिनावान**-ग्रामिनावान বিভিন্ন স্থান হইতে প্রাপ্ত প্রাচীন বিগ্রহমৃতি, প্রাচীন মুদ্রা, প্রাচীন ইষ্টক টালি এবং নবাবিষ্ণত শিলালিপি ও তামশাসনাদির কথা জিজাস1

শ্রীশ্রীরাঙ্গ সিংছ (জন্ম ১৬৯৯ খুঃ)
শ্রীশ্রীরাধাবক্সভ বিগ্রছ প্রতিষ্ঠা করিয়াছেন। দেওয়ান গঙ্গাগোবিন্দ সিংছ
(১৭৩৯—১৭৯৯) নবদ্বীপে
রামচন্দ্রপূরে শ্রীগোবিন্দ-গোপীনাথমদনমোহন প্রতিষ্ঠা করেন।
[Vide Territorial Aristocracy
of Bengal pp 6—7] শ্রীশ্রী-

কৃষ্ণচন্দ্র সিংহের (লালাবাবুর)

[১৭৭৫—১৮২১ খুঃ] ভক্তিময় ও

বৈরাগ্যপূর্ণ জীবনী সর্বজন-বিদিত—

र्होन धीवुमावत धीकुक्षहस्यामित

প্রতিষ্ঠা করিয়াছেন।

থাকিলে কলিকাতা বঙ্গীয় সাহিত্য

সোসাইটিতে দ্রপ্তবা *। কান্দীতে

যাত্রঘরে ও এসিয়াটিক

মুরুজ়া——মেদিনীপুরে, শ্রীগ্রামানন্দ প্রভুর বিহারভূমি [র° ম° দক্ষিণ ১২।৯]।

মূলতান—— গ্রীকবিরাজ গোস্থামির
শিষ্য মৃকুদের শ্রীপাট। মূলতানে
শ্রীশ্রীসনাতন গোস্থামির শিষ্য
পাঞ্জাবী রামদাস কপুর কর্তৃকি
শ্রীকুলাবনের অফুরূপ শ্রীশ্রীমদনমোহন
বিগ্রাহ ও মন্দির নির্মিত হইরাছিল।
রামদাস বহু পাঞ্জাবীকে মহাপ্রভুর
ধর্মে দীক্ষিত করেন।
মৃল্লকগ্রাম—বীরভ্যে, বোলপুরের

মুশুকগ্রাম—বীরভ্নে, বোলপুরের নিকটে। গ্রীধনঞ্জয় পণ্ডিতের (গ্রাভ্বংশু) শিষ্যবংশু গ্রীরামকানাই ঠাকুরের শ্রীপাট। মূক্রস্থান—মথুরা পুরীর বায়ুকোণে

শূর্রা প্রার বায়ুকোণে
কংস-কারাগারের নিকটবর্তী স্থান।
শ্রীবস্থদেবের ক্রোড়দেশে শ্রীক্রম্ব
প্রস্রাব করিলে শ্রীবস্থদেব তাঁহাকে
যে পাথরে নাবাইয়াছিলেন, তাহঃ
তৎকালে দ্রবীভূত হইয়া নিজ্পাত্রে
চিক্ত রাখিয়াছে (১৮° ম° শেষ
২০১২—১৫)।

মূলদারকা—পোরবন্দর হইতে ১৬
মাইল দ্রে বিসবাড়া গ্রাম। এক্সানে
রণছোড়জীর মন্দির আছে।

(মাধলা—চট্টগাম সহর হইতে হয়

মেখলা—চট্টগ্রাম সহর হইতে ছর ক্রোশ উভরে হাটহাজ্ঞারী থানার অন্তর্গত মেখলা গ্রাম।

এই স্থান প্রসিদ্ধ প্রীগোর-পরিকর
প্রীল প্রুরীক বিভানিধির প্রীপাট।
ইঁহার পিতৃদেবের নিবাস—ঢাকা
জেলার বাঘিয়া গ্রামে ছিল।
শ্রীবিভানিধি-সেবিত প্রীপ্রীরাধাগোবিক্লজীউ মনোহর মূর্তি—
পদ্মাসনের উপরে খড়ম-পায়ে

দাড়াইয়া নিভঙ্গঠা/ম আছেন। ১৪টি শ্রীশিলা আছেন। তন্মধ্যে বিত্যানিধি প্রভুর সেবিত শ্রীশিলাও व्याद्या। ज्ञन-मित्रिती तर्ष्ट कीर्ग। মেদিনীপুর-কংসাবতী নদীর তীরে অবস্থিত প্রাচীন শহর। রাজা প্রাণকরের পুত্র মেদিনী কর ইহার প্রতিষ্ঠা কবেন বলিয়া জনশ্রুতি আছে। মেদিনী-কোষ মেদিনীকর-ক্রত অভিধান। আইন-ই-আকবরীতে এই নগরের উল্লেখ মিলে। মুঘল-যগে এখানে একটি বৃহৎ সেনানিবাস ছিল। প্রবাদ—অত্ত্য গোপ-নামক কুত্রপাহাড়ে মহাভারতোক্ত বিরাট রাজার দক্ষিণ গোগৃহ ছিল। অত্রত্য জগরাথ-মন্দির, হতুমান্-মন্দির, ঘাদশ শিবালয়, রাসমঞ্ড ও তুর্গামন্দির প্রভৃতি প্রসিদ্ধ। জয়ানন্দের চৈতন্ত্র-মঙ্গলে উল্লেখ আছে যে শ্রীচৈতভাদেব ওড়িষ্যা যাওয়ার কালে মেদিনীপুরের কবিষাছিলেন ! গ্ৰন প্রতাপাদিত্যের পর বলভদ্র দাস হিজলীর মণ্ডলাধিকারী হইয়াছিলেন। গোপীজনবল্লভ দাসকত রসিকানন্দের জীবনীতে উল্লিখিত আছে—বলভদ্ৰ রাজরাভেশ্বরের মত জাকজমকে থাকিতেন। ইঁহার কন্তা ইচ্ছাদেবীকে রোহিণীনামক স্থানের অচ্যতানন্দের পুত্র রসিকানন্দ মুরারি রসিকানন্দ বিবাহ করেন । শিঘা হইয়া সমগ্র খামানদের উডিব্যামণ্ডলে **চৈত্**তগ্ৰহ্ম করেন। রিসিকানন্দ ১৫৯০ খুঃ হইতে ১৬৫২খঃ পর্যন্ত বিজ্ঞমান ছিলেন। (বুহৎবঞ্চ ১১০৬ পৃঃ)।

মেহেরান্—মথুরায়, ক্ষীরদাগর-

^{*} Vide—I. Handbook of the Sculptures in the museum of the Bangiya Sahitya Parishat by Monomohan Ganguli. 2. Descriptive list of Sculptures and Coins in the museum of the B. S. P. by Rakhaldas Banerjee.

গ্রামের পূর্বদিকে। যাবটের নিকটবর্ত্তী —অভিনন্দের গোশালা (ভ**ক্তি ।** ২০৬৮)। কেহ কেহ বলেন-এই গ্রামে শ্রীযশোদার পিত্রালয় ছিল। মৈশামুড়ি—(१) গ্রীল অভিরাম গোপালের শিষ্য সভারাঘ্য দাসের শ্রীপাট (অভিরামলীলামৃত)। মোককুণ্ড-শ্রীগিরিরাজের উপরি-বৰ্ত্তী তীৰ্থ (চৈ° ম° শেষ থা২৩৯)। মোকভীর্থ- কংস্থালি ঘাটের কিঞ্চিৎ দক্ষিণে মথুরান্থিত যমুনার ঘাট (চৈ° ग° শেব ২।১০৯)। মোকপ্রদ সপ্ততীর্থ—— অযোগা মপুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দারাবতী চৈব সপ্তৈতা মোক্ষ-দায়িকাঃ ॥ মায়াপুরী=গঙ্গোত্রী হইতে দোনা-শ্রম (ডেরাছন) পর্যস্ত বিস্থৃত ভূভাগ। গঙ্গাদারে (হরিদারে), প্রয়াগে,

ধারা (উজ্জয়িনীতে) এবং গোদাবরী-यात्र, त्कनना अञ्चातन श्रीवृत्कावनवात्र তটে প্রতি তিন বংসর অস্তর পর ঠাকুরের জননী নারায়ণী, শ্রীবাস্থদেব পর স্থানে কুন্তমেলা হয়। স্বন্ধপুরাণে দত্ত ও শ্রীসারঙ্গ মুরারির পাট আছে। (পুষরখণ্ডে) **নোরণা**—হর্যকুণ্ডের নামান্তর (ভক্তি রাশিতে মকর বৃহস্পতি এবং স্থা মিলিত হইলে 619be) 1 রবিবারে যদি পূর্ণিমা তিথি হয়, মোসস্থলি—বর্দ্ধনানে. দাইহাট তাহা হইলে প্রয়াগ ও হরিদারে इटेट इटे गारेन निकर्त। खीन 'পুক্রযোগ' 'পুষরযোগ' বুন্দাবন দাস ঠাকুরের শিষ্য শ্রীসনাতন হয়। উক্ত হইয়াছে—হুৰ্য ও দাদের গ্রীপাট ও সমাজ আছে। **গম্বদ্ধেও** বুহস্পতি সিংহরাশিতে মিলিত হইলে वन-वहना वन (कृ 5 মোহন যদি বৃহস্পতিবারে পূৰ্ণিমা হয়. । (०८।०। তবে গোদাবরীতে, সূর্য ও বুহস্পতি **ब्याहिमी कूछ**—वत्रमानात प्रक्रित পরমন্থকর লীলান্থান (বুলী ১৬) মেষরাশিতে থাকিয়া গোমবারে **মোড়েশ্বর**—বীরভূম কুষ্ণাষ্টমী তিথি পাইলে কাবেরীতে জেলায়। এবং শ্রাবণ মাসে বৃহস্পতি কিয়া <u> শে)ড়পুর</u> গ্রামে মৌড়েশ্বর শিব গোমবারে অমাবস্থা বা পূর্ণিমা হইলে আছেন। এই শিবই খ্রীনিত্যানন্দ-কৃষ্ণানদীতে 'পুষ্করযোগ' হয়। পূজিত কিনা নিশ্চিত হয় নাই। দ্বীপ-নবদ্বীপান্তর্গত অত্রত্য রাজা মুকুট রায়ের ক্যাই ্যাদক্তম

পন্মাৰতী।

=

'মাউগাছি'। ইহাকে 'মহাপাট' বলা

যকপুর-S. E. Ry. ষ্টেশন (মেদিনীপুরে) শ্রীরামচক্র থাঁনের বংশধর 'মহাশয়'-গণের বাস। এই ইনি খাঁন কায়ন্ত। রামচন্দ্র মহাপ্রভুকে নৌকাযোগে উড়িষ্যার সীমায় যাইবার স্থবন্দোবস্ত করিয়া-বেনাপোলের ছিলেন। রামচন্ত্র খাঁন ব্রাহ্মণ ও শাক্ত। যকপুরে মহাশয়গণের প্রতিষ্ঠিত যক্ষেশ্বর শিব ও গণেশজীউর মন্দির আছে। ঐ শিব ও গণেশের নামেই স্থানের নাম যকপুর ও চকগণেশপুর হইয়াছে। বর্গীর হাঙ্গামায় ছবু ত্রগণ মন্দিরের

প্রচুর ধনরত্ব ও বিগ্রহ ছইটি অপহরণ করিয়া লইয়া যায়। যকপুরের নিকটে মালঞ্চপুর গ্রামে ঐ বংশেরই এক শাখা গোবিন্দচন্দ্র রায়—৬৩৪ খৃঃ অব্দে ৬কালীমাতা ও মন্দির প্রতিষ্ঠা করেন। লক্ষণনাথ, যকপুর কাউপুর প্রভৃতি স্থানেই ঐ মহাশয়বংশের বাস। ইহারা সম্রাস্ত ধনী জমিদার। [অভিধান তৃতীয় খণ্ডে রামচন্দ্র থান' শক্ত দ্রেইবা]।

যভিপুরা— (নামাস্তর—গোপালপুরা)
গোবর্ধ নের প্রাস্তবন্তী গ্রাম—গ্রামের পুর্বভাগে শ্রীগিরিরাজের মুখারবিন্দ

বিরাজমান। কার্ত্তিকী শুক্লা প্রতিপদে
এখানে অরক্ট মহোৎসব হয়।
গ্রামের উত্তরে শ্রীনাথজীর গোশালার
ভগ্নাবশেষ চুইটি প্রাচীর বর্ত্তমান।
যত্ত্বপুরী—ঘারকা ও মথুরা।
যমভার্থ—শ্রীগোবর্দ্ধনের প্রান্তবর্তী,
ব্রহ্মকুণ্ডের দক্ষিণ পার্থে স্থিত (ভজ্জি
৫।৬৭৩)।
যমলাজুন ভার্থ—ব্রজে, মহাবনে
অবস্থিত (ভক্তি ৫।১৭৬০, ৬৮)।
যমুনা—উত্তর-পশ্চিম প্রদেশবাহিনী

নদী, এক্লিফক্রীড়ানিদান ও এগৌর-

নিত্যাননাবৈতাধ্য বিত তীর-নীর।

যমুনান্ত-গোবর্দ্ধনের ছই মাইল। পুর্বে, এীকৃষ্ণরামের विनामशान । यमूनाघां हर्ननीय ।

য়ুমুনোত্তরী—উত্তরাখণ্ডে অবস্থিত। হ্মবীকেশ হইতে তিন রাস্তায় যাওয়া হয়-ছাবীকেশ হইতে (১) দেব-প্রয়াগ ও টিহরী হইয়া, (২) নৱেন্দ্ৰনগর ও টিহুরী হুইয়া এবং (৩) দেরাত্বন ও মহরী হইয়া। জনীকেশ হইতে দেবপ্রয়াগ ৪৪মাইল মোটর বাসে যাওয়া যায়। জ্বীকেশ হইতে নরেন্দ্রনগর ১০ মাইল, তথা इटेट **हि**रती 8> याहेन—हिरती হইতে ধরাস্ ২৬ মাইল ভিলঙ্গনা নদীর কিনারে কিনারে যাইতে হয়। ধরাস্থ হইতে গঙ্গোত্তরী বা যমুনোত্তরী যাইতে হয়। ধরাস্থ হইতে গলানী ও খরদালী হইয়া যমুনোতরী ৪৫ মাইল পদরজে। সমুদ্রস্তর হইতে ফুট দশ হাজার উচ্চে যমুনোত্রী। এস্থানে শীতল ও গ্রম কুণ্ড আছে। কলিন্দ গিরির বছ উচ্চ প্রদেশ হইতে বহু ধারায় বিভক্ত হইয়া বরফ পাত হয়। কলিন্দাগিরি-জাতা বলিয়াই যমুনাকে 'কালিন্দী' বলে। স্থানটি অতিসংকীর্ণ, যমুনাজীর মন্দিরও ফুদ্র। প্রবাদ—মহর্ষি অসিত এস্থানে বাস করিতেন. তিনি প্রত্যহ গঙ্গাল্পান করিতে যাইতেন, ব্রদ্ধাবস্থায় তুর্ন পার্বতাপথে নিতা যাতায়াত কঠিন হইলে গলাজী ঋষির আশ্রম-পার্শ্বে ছোট ঝরণাক্সপে প্রকট হইয়াছিলেন. অভাপি ঐ ঝরণা আছে। হিমালয়ে গঙ্গা ও যমুনার ছুই ধারা এক হইয়া যাইত যদি মধ্যদেশে দণ্ডপর্বত না থাকিত।

কালিন্দীর উদগ্ম-স্থান এই যমুনোন্তরীর প্রাক্বতিক দৃশ্র অতি-এম্বান হইতে উত্তর মনোরম। কাশী হইয়া গঙ্গোত্তরী যাওয়া চলে। যমেশ্বর টোটা--- প্রীপুরুষোত্তম শ্রীমন্দিরের দক্ষিণ-পশ্চিম কোণে বালুকোপরি যমেশ্বর টোটা বা উভান। যমেশ্বর শিব জগরাথের খাজাঞ্চি বা হিনাব-রক্ষক. করিবার একদিন হিসাব নিকাশ <u>শ্রীজগন্নাথের</u> প্রতিভুরূপে শ্রীস্তদর্শন আগমন করেন। দিতীয়ায় ও জোগ্লী শীতলা ষ্ঠাতে উৎসব হয়। প্রাকার-বেষ্টিত মন্দিরে সিঁডি দিয়া নামিয়া শ্রীমন্দিরে যাইতে হয় ৷ নিকটেই শ্রীগদাধর পণ্ডিত গোস্বামি-সেবিত শ্রীশ্রীগোপীনাথ-क्रिप्टे। যশোডা—নদীয়া জেলা। চাকুদহের निकछ। है, जात চाकमह (हेमन। শ্রীল জগদীশ পণ্ডিত প্রভুর শ্রীপাট। বর্ত্তমান মন্দিরের নিকটেই পূর্বে গঙ্গা ছিলেন--একণে এক মাইল দুরে সরিয়া গিয়াছেন। প্রাচীন গঙ্গাতীরের যে বটবৃক্ষতলে

শ্রীল জগদীশ যে ছয়হস্ত-পরিমিত লম্বা দণ্ডবারা পুরী হইতে শ্রীজগরাপ কলেবর বহন করিয়া আনিতেছিলেন. ঐ যষ্টিটি অস্তাপি দেবমন্দিরে আছে।

জগদীশ পণ্ডিত শ্রীপুরীধাম হইতে

শ্রীশ্রিজগরাথ-কলেবর বহন করিয়া

আনিবার কালে বিশ্রাম করেন, ঐ

প্রাচীন বটবুক্ষ অভাপি বিভযান।

পরবর্ত্তীকালে শ্রীল সিদ্ধ ভগবান দাস

বাবাজী মহারাজ উহার তলে ভজন

করিতেন।

জগদীশ শ্রীজগরাথ ও শ্রীগোরাক্ষ-গোপাল-মৃত্তির প্রতিষ্ঠা করেন। স্থান্যাত্রায় এই স্থানে উৎসব হয়। পৌষী শুক্লা তৃতীয়াতে শ্রীল জগদীশ পণ্ডিতের তিরোভাব উৎসব হয় ৷ প্রীজগদীশের ল্রাতা শ্রীল মহেশ পণ্ডিত দ্বাদশগোপালের শ্রীপাট-পালপাডায়। এই স্থানে প্রাচীন কালে একটি বকুল বুক ছিল ৷ 'জগদীশ-চরিত্রবিজয়' নামক গ্ৰন্থ দ্ৰন্থবা।

٧ স্থানে চড়াধারী জেলায়। মাধবাচার্যের বংশধরগণের বাস। যশোদাকুণ্ড-ব্ৰজে, কাম্যবনে ও নন্দগ্রামে অবস্থিত (ভক্তি ৫।৮৪৮. ۵98) ۱

यदमाप्रज वा यादमाया-देगमनिश्ह

যশোহর ---(१) কামদেব নাগর বাস কবিতেন।

য**েশাহর** ^২--মহারাজা প্রতাপাদিত্যের

দেবীকে মানসিংহ যশোৱেশ্বরী অম্বরে লইয়া গিয়াছিলেন বলিয়া প্রবাদ শুনা যাইত, কিন্তু এক্ষণে জানা গিয়াছে অনুসন্ধানে মানসিংহ যে দেবীকে অম্বরে লইয়া যান, উহা কেদার রায়ের রাজধানী শ্রীপুরের অধিষ্ঠাত্রী যশোরেশ্বরী নহেন। প্রতাপাদিতাের यट्गाद्यभेती (नवी वर्खमात्न क्रेश्वती পুর গ্রামে আছেন। আরও জানা গিয়াছে যে প্রতাপাদিতোর প্রীলক্ষী-নারায়ণ ও রাজরাজেশ্বরী শিলাদ্বয়ের মধ্যে শ্রীশ্রীলক্ষীনারায়ণজীউ খুলনা জেলার মূলঘর গ্রামে বসস্তকুমার

রায়চৌধুরীর গৃহে এবং শ্রীশ্রীরাজ-

রাজেশ্বর শিলা হরিদপুর জেলায়

রঘুনাথপুর

কাজুলিয়া গ্রামের ৬ আনি জমিদার-বাবুদের গ্রহে আছেন। [সাহিত্য-পত্রিকা ১৩২৩, ২২৯ পৃঃ] যাজপুর-উৎকলে বৈতরণী নদীর তীরে বিরজাক্ষেত্রে নাভিগয়া তীর্থ। মন্দিরে আদিবরাহ, যজ্ঞবরাহ ও শ্বেত ত্রিমৃতি বরাহ—এই আছেন ৷ বৈতরণীর নাভিগয়া যাজপুরের মধ্যে। গয়াম্বরের নাভির উপর মন্দির। ঐস্থানে একটি কুপ আছে। ঐ কুপে পিণ্ডদান করিতে শ্রীগৌরপদান্ধপৃত (চৈ° ভা° অস্ত্য 21260)1 মহাভারত বনপর্বে (১৪৪৪-১৩), ব্রহ্মপুরাণে (৪২)১-১০), কপিলসংহিতায় (৭।২-১৬) ইহার মহিমা-বর্ণনা আছে। কিং-বদস্তী এই যে. উডিয়ার শৈবরাজ যয়াতিকেশরীর নামা**মুসা**রে হয়—'যযাতিপুর', নাম অপত্রষ্টে—যাযপুর। বস্তুতঃ বন্ধার যজ্ঞপুর হইতেই 'যজ্ঞপুর' বা যাজপুর আখ্যা হইয়াছে। স্থানীয় পূজারী-গণ বলেন যে রাজা যযাতিকেশরী **শ্রীবরাহদেবের** প্রাচীন यन्तित्र. নিৰ্মাণ ঘাট প্রভৃতি **मनाश्चर**गर করাইয়াছিলেন। পরে রঘজী ভৌসলা এই সকল সংস্থার করিয়া-

বৰ্ত্তমান

ব্রহ্মার যজ্ঞস্থল বলিয়া কথিত হয়।

মিকিব (বৈতরণী **এজগন্নাথে**র তীরে), **এ**বিরাহদেবের ম্বিদর. নাভিগয়া প্রভৃতি দ্রপ্টব্য। যাজিগ্রাম-বর্দ্ধমান জেলায়। কাটোয়া বর্ধমান লাইট রেলের ধারে কাটোয়া ষ্টেশন হইতে তুই মাইল শ্রীনিবাস আচার্য-প্রস্থুর দুরে। শ্রীপাট। শ্রীল শ্রীনিবাস প্রভু এই চক্রবতির গোপাল দাস ক্তা ইশ্বরী দেবী বা দ্রৌপদী প্রথম বিবাহ করেন। হইতে যাজিগ্ৰাম গোপাল দাস চাথুন্দির নিকট ফরিদপুর গ্রামে (মুশিদাবাদ জেলায়) বাস করেন। ইঁহার বংশধর এই স্থানে বর্ত্তমান। যাজিগ্রামে শ্রীশ্রীনিবাস-প্রভুর গ্রীগতিগোবিন্দ-অচিত প্রীপ্রীমদন-গোপাল, শ্রীশালগ্রাম এবং শ্রীশ্রী-নিবাসপ্রস্থ-রোপিত ছুইটি বৃক্ষ, নিত্য উপবেশনের জন্ম ছুইটি শিলাখণ্ড, ডাইল-ঢালা পুষরিণী, রাজা বীর-হাম্বীর-খনিত 'সিপাহী দিঘী' নামক বুহৎ পুষ্করিণী বিশ্বমান। গোষ্ঠাষ্টমীতে হয়। মহারাজা মণীন্ত্র-ठल नन्ती वाहाइत यन्त्रितानि निर्मान চারিধারে দিয়াছেন। ত্যাল বুক্ ! স্থানটি বডই মনোহর ৷ যাদবতীর্থ--প্রভাসতীর্থের নিকটবর্ত্তী

হিরণ্যানদীর তটে। পরস্পর যুদ্ধ করিতে করিতে এই ছানে যাদবগণ नष्ठे इन। যাযাবর স্থান-মথুরা-মণ্ডলের সীমান্ত श्रुल । যাবট (যাও) গ্রাম--ত্রজে নন্দগ্রামের ঈশানকোণে হুই মাইল দুরে অবস্থিত অভিমন্তার গৃহ। [ভক্তি ৫।১০৬৯] গ্রামের পশ্চিমে রাধাকান্ত মন্দির। পূর্বে কিশোরী মন্দির ও কিশোরীকুণ্ড তত্রত্য বৎসখোরে স্থবল-বেশে শ্রীরাধা শ্রীক্বঞ্চের সহিত মিলিত হইয়াছেন। বেরিয়া (কুলবুক্ষের) বনে প্রীকৃষ্ণ কোকিলের ভায় শব্দ করিয়া সক্ষেত করিয়াছেন। যুগিনদা গ্রাম-- (মুর্শিদাবাদ) কাশীমবাজার হইতে ৪ মাইল পূর্ব-দিকে। শ্রীশ্রীশ্রামরায় বিগ্রহের সেবা আছে ৷ যু**ধিন্তির গয়া**—গয়াধামে অবস্থিত, শ্রীগৌর-পদাঙ্কপৃত (চৈ° ভা° আদি >9162)1 যুধিষ্ঠির বেদী—নবদ্বীপের অন্তর্গত মহৎপুরে প্রাচীন কালে স্থিত উচ্চটিলা. অধুনা লুপ্ত (ভক্তি ১২।৭৪০)। যোগিয়া স্থান—ব্ৰজে, নন্দগ্রামের নিকটবর্তী, প্রীউদ্ধব

রউনি—রোহিণীনগর, প্রীরসিকানন রঘুনাথপুর - বাঁকুড়া জেলায় বন-অবস্থিত। বিষ্ণু**পু**রের নিকটে আবির্ভাবস্থান। (রিসিক: প্রভুর জেগায়—কোটালডি ২ মানভূম পূর্ব ৩।৪%)

'হরমুকুন্দপুরই'

গ্রামের নিকট। এই গ্রামে বছ প্রাচীন বটবুক্ষতলে মহাপ্রভু ঝারিখণ্ড হইতে কাশী যাওয়ার পথে বিশ্রাম করেন।

যোগকথা-প্রচারের

(।२०७४)।

মহারাজের

স্থান (ভক্তি

3208 এখনো উহা 'মহাপ্রভুর স্থান' বলিয়া বৈশাখী ্ অগ্যাবধি পবিচিত। সংক্রান্তিতে ঐস্থানে স্থানীয় লোকগণ প্রভুর সম্মানার্থে এক টাকা প্রণামী দেন, ভোগরাগ হয়। রমুনাথবাড়ী—মেদিনীপুর জেলায়। পাঁশকুড়া ষ্টেশন হইতে ২।৩ ক্রোশ। বাসে তমলুক যাইবার পথে, রাস্তার शास्त्र। এই श्राम ओओत्रपूनावष्ट्रीरे আছেন। এগোপাল-আশ্রম, এ-মন্মহাপ্রভুর বিগ্রহ ও বহু প্রাচীন পুথি আছে। আধিনী বিজয়া দশমীতে শ্রীশ্রীরঘুনাথের রথ-উৎসব হয় ৷ প্রীচৈতভাদেব এই পথ দিয়া পুরী গিয়াছিলেন। রক্তনাথ--'গ্রীরজন' দ্রপ্টব্য। ব্ৰহ্মপুর-কলিকাতা হইতে ২৫৭ মাইল এবং পার্বতীপুর জংসন হইতে ২৪ মাইল, ঘাঘট নদীর পূর্বতীরে অবস্থিত। প্রবাদ-এম্বানে কামরূপ-রাজ ভগদত্তের প্রমোদকানন ছিল বলিয়া ইহার নাম হয়---রঙ্গপুর। নিকটবর্ত্তী পায়রাবাঁধ আবার প্রগণার সম্পর্কেও উক্ত হয় যে পায়রামতীর উহা ভগদত্তের কন্সা সম্পত্তি ছিল। মতাস্তরে কিন্তু আসাম निकटन শিবসাগরের প্রদেশস্থ রংপুরই ভগদত্তের বিজ্ঞয়ান প্রমোদনগরী ছিল।

রণবাডী—ব্রজে, ছাতাইর তিন মাইল एकिन-পশ্চিমে, এञ্বানে স্থীগণসহ সহিত স্থাপণসূহ শ্রীরাধার শ্রীক্ষের রঙ্গযুদ্ধের অভিনয় হয়। সিদ্ধ কৃষ্ণদাস বাবাজি মহারাজের লীলা-সম্বরণস্থলী, পৌষী অমাবস্থায় বিশেষ উৎসব হয়।

র্ভনপুর-হাওচ়া নাগপুর লাইনে বিলাসপুর ষ্টেশন হইতে দশ মাইল দুরে ঘুটকু ষ্টেশন। ভাহা হইতে রতনপুর যাওয়। যায়। রতনপুর ছত্রিশগডের প্রাচীন রাজধানী। এই স্থানেই অতিথিরূপী শ্রীভগবানের সস্তোবের জন্ম রাজ। ময়ুরধ্বজ নিজের निष्कत्रे स्त्री ७ পুত्रशाता করাতে চিরাইয়াছিলেন এম্বানে বহু দেবদেবীর মন্দির আছে। রত্নকুও-অজে 'গোনেরার' নিকট-বৰ্তী। রমণকদীপ-জমুদ্বীপের উপদ্বীপ. কালিয়নাগের বাসস্থান। র্মণক বালু-মহাবনের অন্তর্গত যমুনাতীরস্থ বালুকাময় স্থান। এস্থলে শ্রীমননগোপাল গোপবালকগণের সহিত ক্রীড়া (ভক্তি করেন 612960)1

রয়ড়া—(বয়ড়া)—নবদ্বীপের পশ্চিমে পূর্বস্থলীর নিকটবর্তী গ্রাম। জয়ানন্দ-মতে এই স্থানে বিস্থাবাচস্পতির গৃহ ছিল। ইনি শার্বভৌমের প্রাতা। রয়ণী বা রোহিণী——মেদিনীপুর মৌভাণ্ডার জেলায়। অন্তর্গত। ত্মবর্ণরেখা ও দোলক नमीत गक्रमण्डल। ইহার নিকটে বারজীত নামক স্থানে শ্রীশ্রীরামসীতা বিশ্রাম করিয়াছিলেন। প্রীরসিকানন্দ প্রভুর শ্রীপাট। **এীরসিকের** নুপতি শিষ্যবৃন্দ যথা:---

>। ময়ুরভূঞ্জের রাজা—বৈগ্যনাথ

ভঞ্জ। ২। নৃসিংহপুরের রাজা--

ভূঞা উদয় দত্তরায়। ৩। পাঠানপূরের

রাজা---গজপতি। । পাঁচেটের রাজা—ছরিনারায়ণ। ৫। ময়নার রাজা—চন্দ্রভাম। 6 I ধারেন্দার রাজা——ভীম, শ্রীকর প্রভৃতি। ৭। ওডিয়ার তদানীন্তন শাসনকর্তা নবাব ইব্রাহিম খাঁর বাতৃপুত্র শ্রীল বসিকের আহম্মদ বেগও শিষাত্ব গ্রহণ করিয়াছিলেন। রসিয়া পর্বত—ত্রজে, বদ্রিনারায়ণের নিকটবর্তী (ভক্তি ধাদ২৮)। त्रटगात्र।--- मूर्निमानाम শ্রীগোবিন্দ, বাস্থদেব ও মাধব ঘোষের পিতামহ গোপাল ঘোষের জন্মস্থান। চক্রপাণি পিতা গোপালের कोनाठाती ছिल्न, किख त्रांशान ইহাতে ছঃখিত হইয়া কাটোয়ার চারি ক্রোশ পশ্চিমে কুলাই গ্রামে গোপালের করেন ৷ পুত্র—গোবিন্দ. বল্পভের ৰাম্মদেৰ ও মাধৰ [বীরভূমি ১া১১১ श्रृष्ट्री]। রহেলা—ব্রজে. <u>শ্রীনন্দমহারাজের</u> विनाम-खबन (छेन २२)। রাওল—(রাভেল)—ব্রজে, মহাবনে শ্রীরাধার আবির্ভাব-স্থান (ভক্তিভ

612420)1 রাকৌলী—ব্রজে, ডাভারে গ্রামের দেড মাইল নৈথাতি কোণে অবস্থিত। স্থদেবীর গ্রাম (মতান্তরে)। রাজগড়— —ভঞ্জনে, বৈল্পনাথভঞ্জ প্রভৃতির নিবাস। <u> প্রীর্গিকানন্দ</u> প্রভুর লীলান্থান। রি° ম° দক্ষিণ >21>6]1 বাজগিরি—মগধদেশস্থ পর্বত-বিশেষ।

তত্রতা তীর্থও এই নামে পরিচিত। জরাসন্ধ-প্রতিষ্ঠিত মণ্ধের প্রাচীন

রাজধানী। এীগৌর গ্যাগমনকালে এই স্থানে পদার্পণ করিয়াছেন। रेठ° ग° व्यापि १।६०)। वश्च नाम-রাজগৃহ বা গিরিব্রজপুর। কিউল জংশন হইতে জামুয়ান অথবা বক্তিয়ারপুর জংসন হইতে রাজগির কুও ষ্টেশনে নামিয়া যাইতে হয়। প্রীকৃষ্ণকর্ত্ব ক এম্বানে জরাসন্ধ নিহত হয়। জৈনধর্মের প্রতিষ্ঠাত। মহাবীর স্বামী ও ভগবান বৃদ্ধ এম্বানে किছ्रपिन हिल्लन। हिन्दू, टेब्हन,

বৌদ্ধ প্রভৃতির তীর্থ। রাজগ্রাম-মথুরার নিকট অবস্থিত যমুনা-তীরবর্ত্তী গ্রামবিশেষ। গ্রাম হইতে গোকুল দর্শন করিয়া মহাপ্রভু বিহবল হন (চৈ° ম° শেষ २। १२ । २ स्मिनी भूत (क्षमाय, শিষ্য খামানকপ্রভুর বলভদ্রের নিবাস। রাজবলহাট—(বর্দ্ধমান) ঝামট-

পুরের নিকট। এই ঝামটপুরে

প্রীষত্বনদন আচার্যের বাস। তাঁহার শ্রীমতী ও শ্রীনারায়ণীদেবী-নায়ী ছুই ক্যার সহিত প্রীল বীরভদ্র প্রভুর বিবাহ হইয়াছিল। മ বিষয়ে মতভেদ দেখা যায়। রাজমহল---ছোটনাগপুর - প্রভৃতি গিরিমালা (প্রেম ৫)। রাজা মানসিংহ ওড়িষ্যা বিজয় করত (১৫৯২ খঃ) প্রত্যাবর্ত্তন--কালে এস্থানে বাঙ্গালার রাজধানী স্থাপন করেন।

রাজমহেন্দ্রী--- (রাজমাহেন্দ্রবরম

বা পুরম্) দাক্ষিণাত্যে গোদাবরী

দক্ষিণ

গোদাবরী টেশনে নামিয়া যাইতে

ব্লেলপথে

জেলায় ৷

শ্রীশ্রীগৌড়ীয়-বৈষ্ণব-অভিধান (৪) গোদাৰৱীর উত্তব হয়। তীরে निक्ष्यंत भित्वत मन्दित। ইহার শশুখে একটি বিষ্ণুমন্দির আছে আর একটি মন্দিরও মার্কণ্ডেয় স্বামীর নামে রাজমহেন্দ্রীতে আছে ৷ গোদাবরীর তীরে ১২ বংসর অন্তর কুন্তের ভার মেলা হয়। উহার নাম পুকরম্। রাজমহেজীর অনতিদরে একটি পাহাডের গাতে সাতবাহন-বংশীয় রাজাদের শিলালিপি আছে। ঐ স্থানে গভপতি-বংশীয়েরা বহুদিন রাজত্ব করেন। ১৪৭০ খুঃ বাহমনী-স্থলতান দিতীয় মহম্মদ রাজমহেন্দ্রী জয় করে। উডিয়ার রাজারা পুনরায় উহা দখল করে। ১৫২২ খুঃ বিজয়নগরের বায় রাজমহেন্দ্রী করিয়া গঙ্গপতি বংশীয় বাজাকে ফিরাইয়া দেন। মহম্মদ ভোগলক রাজমহেন্দ্রীর প্রধান হিন্দু মন্দিরটি ভাঞ্চিয়া দিয়া মসজিদ করিয়াছিল। রাচেদেশ-বঙ্গের যে অংশের উত্তরে ও পূর্বে গঙ্গা, দক্ষিণে ওড়িয়া এবং পশ্চিমে দারুকেশ্বর, অধুনা বাঙ্গালার যে অংশ গঙ্গার পশ্চিমে অবস্থিত। বাচের প্রাচীন নাম-স্থন্ম, প্রাঠদেশ, বৌদ্ধযুগে রাঠ = রাঢ়। উত্তর রাঢ়--বর্দ্ধমান ও কালনার উত্তর দিকে অবস্থিত এবং উহার দক্ষিণ দিকের ভূথগুকে 'দক্ষিণ রাচ়' বলে। অতি প্রসিদ্ধ স্থান—(১) একচক্রা

(শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাক স্থান)

(২) বৰ্দ্ধমান জেলায় কুলীনগ্ৰাম

(এরামানন্দ বহু) (৩) প্রীখণ্ড

(শ্রীনরহরি, মুকুন্দ, চিরঞ্জীব প্রভৃতি)

(৪) অগ্রদ্বীপ (শ্রীগোবিন্দ ঘোষের

শ্রীপাট) ইত্যাদি L -রাণাপাড়া-কর্মান জেলায়, কুলীন গ্রামের নিকটবর্তী; শ্রীগ্রামদাসাচার্য-প্রকাশিত শ্রীরাধাগোবিন্দ বিগ্রহ। মনিবুটী নিমিত 3638 শকে হইয়াছে। রাণারণজিৎসিংগড বা গডবাডী —छशमी জেলায় আরামবাগ সাবভিভিসনে। কাছারী হইতে তুই মাইল পূর্বে বয়ড়া পরগণায়। 'শ্রীচৈতত্তপারিষদ - জন্মনিরূপণ', 'রসকদম্বতা' প্রভৃতি গ্রন্থের প্রণেতা গোরভক্ত শ্রীজয়কৃষ্ণ দাসের জন্মভূমি। ঐ সকল গ্রন্থ ২৬০/২৭০ বৎসর পূর্বে রচিত হইয়াছিল। রাণীহাটী—মেদিনীপুর জিলার পরগণা-বিশেষ। এ শ্রীশ্রামানন্দপ্রত্বর লীলাক্ষেত্র। তৎপ্রবৃতিত ত্বরুকেও এই কারণে 'রেণেটী' স্থর বলা হয়। রাভূপুর—নবদ্বীপান্তর্গত ঋতপুরের অপত্রংশ। 'ঋতুপুর' দ্রপ্টবা। রাত্বপুর-শ্রীনবদ্বীপান্তর্গত 'রুদ্রদ্বীপ'। রাধাকু ও — ব্রজের মুকুটমণি স্থান। এম্বানে শ্রীকৃষ্ণ অরিষ্টাম্মরকে বধ **এীবৃন্দাবনলীলামতে** করেন। म्हेरा। শ্রীগোডীয় মাহাত্মাদি মহাতীর্থ: শ্রীবুন্দাবনীয় বৈষ্ণবদের যাবতীয় ম ক্লিরাদি এম্বানেও বিগ্যান। অত্তা প্রাসিদ্ধ ঘাট— শ্রীগোবিন্দঘাট, মানসপাবনঘাট, পঞ্চ-পাগুবপাট, প্রীরাধাবলভঘাট, অষ্ট-স্থীর ঘাট, শ্রীমন্ মহাপ্রভুর উপবেশনঘাট, মদনমোহনঘাট, সলম-ঘাট, ঝুলনবটের ঘাট, এবং শ্রীমা জাহুবার ঘাট, গ্রাঘাট। সমাধিস্তান

— এরিখুনাথদাস গোস্বামী, এভুগর্ভ

গোস্বামী ও শ্রীকবিরাজ গোস্বামির
চিতাসমাজ একত্র এবং শ্রীকুণ্ডের
উত্তরতীরে শ্রীদাস গোস্বামির
পূপাসমাধি। শ্রীকুণ্ডের দক্ষিণে শ্রীল
রাজেন্দ্র গোস্বামির সমাধি। কার্তিকী
কফাষ্টমীর রাত্রিতে দ্বিপ্রহরে শ্রীরাধাকৃত্ত-প্রাকটা বলিয়া ঐ সময়ে
লক্ষলক লোক মান করেন। এতদ্বাতীত মৌড়িয়া পূর্ণিমা, প্রুষোভম
মাস ও নিয়মসেবা উপলক্ষেও বহুযাত্রীর সমাগম হয়।

শ্রীকুণ্ডের উৎপত্তি-কাহিনী ও সংস্থান-- একিফ ব্যর্পধারী অরিষ্ঠ অত্মরকে বধ করিবার পর গোপিকাগণ তাঁহাকে বুষঘাতী বলিয়া দোষারোপ করিলেন ও সর্বতীর্থে স্নানাম্ভেগোপী-গণের স্পর্শ করিতে পারা যাইবে বলিলেন। সর্বতীর্থ আবাহন করত শ্রীশ্রামকুত্ত প্রকট করিয়া স্নানাস্তে শ্রীকৃষ্ণ কৌতুকী হইয়া গোপীগণকে ধর্ম-কর্মাদি-বহিত বলিয়া পরিহাস করিলেন। শ্রীক্রফের এই পরিহাস-বাকা শ্রবণ করিয়া শ্রীমতী রাধারাণী এক মনোহর কুণ্ড করিতে ইচ্ছা করিলেন এবং শ্রামকুণ্ডের পশ্চিমে সংলগ্ন ভূমিতে অরিষ্টাস্থরের ক্ষুরাঘাত স্থীগণের হস্তদারা সমস্ত মৃত্তিকা উত্তোলন করিয়া ছই দণ্ডের মধ্যে এক দিব্য মনোহর সরোবর খনন করিলেন; এইরূপে শ্রীরাধাকুণ্ড প্রকট হইল। তখন প্রীকৃষ্ণ খ্যাম-কুণ্ডের তীর্থজন আনিয়া রাধাকুণ্ড পরিপূর্ণ করিতে বলিলে শ্রীমতী রাধিকা বলিলেন যে ভামকুণ্ডের গোবধপাতকযুক্ত জল রাধাকুণ্ডে আনিলে সব নিম্ফল হইবে এবং

তিনি স্থীগণের দারা মান্সগসার পবিত্র জল আনিয়া কুণ্ড পূর্ণ করিবেন। শ্রীক্লফের ইঙ্গিতে তখন হইতে তীর্থগণ উঠিয়া শ্রীরাধিকাকে ভক্তিসহকারে প্রণতি ও স্বতি করিতে লাগিল। তাহাদের চ ইয়া সঅষ্ঠ <u>শ্রী</u>বাধাবাণী তীর্থগণকে আসিতে আদেশ করিলে খ্যামকুণ্ডের ভিত্তি ভেদ করিয়া অতি সহিত ভীৰ্যজন সমস্ত রাধাকুণ্ডে প্রবেশ করিয়াকুণ্ড পরিপূর্ণ করিল। এই কুণ্ডে শ্রীক্ষের নিত্য জলকেলি হয় এবং ইহা শ্রীরাধার সমান প্রিয়তম। খ্যামকণ্ড অপেকা রাধাকুণ্ডের মহিমা অধিক। কুণ্ডদ্বের প্রকট-বার্ত্তা শ্রবণ কবিয়া ভগবতী পেৰিয়াসী প্রমানন্দিত হইয়া বুন্দাকে আহ্বান করিয়া কুণ্ডের চারিদিকে নানাবিধ বিচিত্র ও লতাদি রোপণ করিয়া স্থদজ্জিত করিতে বলিলেন। প্রীবন্দাদেবীও শ্রীরাধাক্ত ফের নিজের ইচ্চামত विनारमत জग्र कुरखंत ठातिनित्क নানা মণিমুক্তা-রত্নাদি খচিত ও সোপানাবলী নির্মাণ করিয়া চতুষ্পার্ঘে নানাপ্রকার বুক্সতা-পুষ্পাদিদারা মনোহর কুঞ্জ তৈয়ার করিলেন। ঘাটের ত্রইদিকে নানা-প্রকার মণি-বির্চিত ছত্রী নির্মাণ করিলেন ও তাহার নিকটে মনোহর কল্পক রোপণ করিলেন। বুকে শুক্সারি, কপোত, ময়ূর কোকিলাদি পক্ষিগণ অমুক্ষণ শব্দ করে। কুণ্ডে খেত, রক্ত. নীল ও পীত বৰ্ণ চতুৰ্বিধ পদ্ম পাইতেছে। এীকুণ্ডের উত্তর দিকে

জলের মধ্যে ধোলদল-পদ্ম তুল্য আকৃতিবিশিষ্ট 'অনঙ্গ-মণ্ডপ'-নামক নানাবিধর্ত্ত-খচিত এক মনোহর কুঞ্জ নির্মিত রহিয়াছে। **কুণ্ডে**র উত্তর দিকে তীর্গ হইতে জলোপরি কুঞ্জে যাতায়াত করিবার জ্বন্ত সেতুবন্ধ রহিয়াছে। সেই মগুপনধ্যে রত্ন পালম্ব, তত্বপরি চন্দ্রাতপ ও প্রীশ্রী-রাধা-গোবিন্দের বিলাসোপযোগী সন্তার রহিয়াছে। বিবিধ বিচিত্র শ্রীঅনজমঞ্জরী নিজজন সহ তথায় শ্রীশ্রীরাধাক্ষের নানাপ্রকার প্রেম সেবা করেন। এীকুণ্ডের অষ্টদিকে কুঞ্জ আছে। উত্তরে অষ্ট্রস্থীর ললিতানন্দ্র-নামক রাজপট্ট অনক-রঙ্গামুজকুঞ্জ আছে। ললিতার **সখী** কলাবতী ইহার সংস্কার করেন। অষ্টদলপদাক্বতি ললিতানন্দ কুঞ্জের অষ্ট দিকে অষ্ট কুঞ্জ—উত্তরে সিতাযুক্ত, বায়কোণে বসস্তম্পদ, পশ্চিমে হেমান্বজ, নৈখাতে প্রীপদ্মানির, দক্ষিণে অরুণামুজ, অগ্নিকোণে মদনান্দোলন, পূর্বে অসিতামুক্ত ও न्नेभारन याधवानसप-नायक বিচিত্র বিচিত্র কুঞ্জ আছে। তথায় এীঞী-রাধারুষ্ণ বিবিধভাবে বিলাস করেন। গ্রীকুণ্ডের ঈশানে বিশাখানন্দ-নামক মদন-ত্থদা চতুর্বর্প ক্লপ্ত আছে. তথায় বিশাখার স্থী মঞ্মুখী উহার সংস্থার করেন। পূর্বে স্থচিত্রানন্দ-নামক বিচিত্র-বর্ণ কুঞ্জ, তথায় চিত্রা গণসহ শ্রীরাধারুষ্ণের ত্বখ-সেবা অগ্নিকোণে ইন্দুলেখা-স্থদাখ্য খেতবর্ণ কুঞ্জ, তথায় ইন্দ্-লেখা গণসহ <u>শী</u>শীরাধাগোবিন্দের প্রেমদেবা করেন। দক্ষিণে চম্পকা-

नन्म-नामक श्वर्ग-वर्ग कुछ चाहि, এখানে চম্পকলতিকা গণসহ শ্রীযুগলের স্থথকরী সেবা করেন। নৈখতি গ্রামকুঞ্জ-নামক রঙ্গদেবী-শ্রাম-বর্ণ কুঞ্জ, স্থ্যপ্রদ এখানে রঙ্গদেবী গণসহ **শ্রীশ্রীরাধারু**ষ্ণের সেবা করেন। পশ্চিমে তুঙ্গবিছা-হুখদাখ্য অরুণবর্ণ কুঞ্জ, তথায় তুঞ্জ-বিভা গণসহ শ্রীনবযুবদ্বদ্বের প্রেম (मवा करतन। वाश्रु कारण श्रु एनवी-ত্থ্বদ-নামক হরিদ্বর্ণ কুঞ্জ, তথায় স্থদেবী গণসহ শ্রীশ্রীরাধাগোবিন্দের প্রীতি সেবা করেন। এই কুঞ্জে শ্রীযুগল্কিশোর পাশক থেলেন। এইরপে এই অষ্ট কুঞ্চে শ্রীরাধারুফ প্রত্যহ বিবিধ বিলাস করেন। এই সকল কুঞ্জের একটী বৈশিষ্ট্য এই যে শ্রীরাধাক্তফ যখন যেই কুঞ্জে গমন সেই কুঞ্জ-সম-করেন, তখন বর্ণ প্রাপ্ত হইয়া শ্রীরাধা, শ্রীকৃষ্ণ ও স্খীগণ সকলেই একরূপ একবেশ হইয়া যান। অহ্য কোন লোক <u> এরাধারুফকে</u> তথায় গেলেও চিনিতে পারে না। এরাধাকুণ্ডের পূর্বে শ্রীগ্রামকুণ্ডের উপরে শ্রীকুঞ্চের প্রিয়নর্ম স্থাগণেরও কুঞ্জ আছে।

রাধানগর—(মুর্শিদাবাদে) বুধুরির
নিকট। শ্রীল বংশীবদনের পৌত্র
রামচন্দ্র ঠাকুরের বাস ছিল। ২
মেদিনীপুরে, শ্রীশুসামানন্দ প্রভুর
লীলাক্ষেত্র। [র° ম° দক্ষিণ ১১।
৩০]। ও হুগলী জেলায় খানাকুল
কৃষ্ণনগরের নিকট। শ্রীল অভিরাম
ঠাকুরের ।শিয় যত্ব হালদারের

২ রামকেলিতে অবস্থিত (ভক্তি

١ (8 ه ١١ د

শ্রীপাট। ইঁহার সেবিত শ্রীবিগ্রহ বর্তমানে শ্রীল অভিরাম ঠাকুরের শ্ৰীপাটে সেবিত হইতেছেন। রাধানগরের সর্বাধিকারী মহাশয়-গণের পূর্ব-পুরুষগণের স্থাপিত এরাধা বল্লভজীউ ও শ্রীশালগ্রাম মাছেন। শ্রীল অভিরাম ঐ শিলাকে প্রণাম করেন, কিন্তু তাহাতে ঐ শিলা ভগ্ন না হইয়া শীতল হন। সেই হইতে উহার নাম 'শীতলানন্দ' হইয়াছে। রাধানগরে পূর্বে রত্নগর্ভ আগম-বাগীশ নামক একজন তান্ত্ৰিক সাধু ছিলেন। প্রান্তর-মধ্যে ত্রিকোণ গৃহে তাঁহার কালী ও পঞ্চমুগুী আসন এখনও আছে। এই রাধানগরে শ্রীরামমোহন

রায়ের জন্ম। ইঁহার জন্মস্থানে একটি তুলসীমঞ্চ আছে ও তাঁহাদের কুলদেবতা শ্রীশ্রীরাজরাজেশবের ভগ্ন দোলমঞ্জাছে। রাজা রাম্মোহন রাম্বের প্রপিতামহ পরম বৈষ্ণব ছিলেন। তাঁহার পিতৃদেবও ভক্তই ছিলেন। রামমোহন রায়ের মাতৃদেবী ফুলঠাকুরাণী শ্ৰীক্ষেত্ৰে প্রীজগন্নাথ মন্দিরের মার্জন করিতেন। বিষয়কর্ম দেখিবার সময় কুলদেবতা শ্রীরাধাগোবিন্দের সম্মুখে বশিয়া কার্য করিতেন। রাধাবাগ-জীবুন্দাবনের পূর্বদিকে যমুনাতীরে অবস্থিত।

ভিষেক-স্থান 'উমরাও'।
রাভেল—ব্রজে, লোহবনের দক্ষিণে,
্ষমুনাতীরবর্তী, শ্রীরাধার জন্মস্থান।
রামকুগু—ব্রজে দাঁথীগ্রামান্তর্বত

'রাম-তলাও'। ২ খানাকুল কৃষ্ণ-

রাধান্থলী—ব্রজে, শ্রীরাধার রাজ্যা-

নগরে শ্রীঅভিরাম ঠাকুর-কর্তৃক যেখানে শ্রীশ্রীগোপীনাথ মূর্ত্তি প্রকটিত হইমাছেন, সেই সরোবর।

হইয়াছেন, সেই সরোবর। तामदकली-गानगर জেলায়। মালদহ প্লেশনে নামিয়া সহর হইতে ২ ঠ জোশ দূরে। প্রাচীন গৌড়ের নিকট। রামকেলী তীর্থে পিয়াসবাডী ডাক বাংলার পশ্চিম দিয়া যাইতে হয়। ইহা গৌডের রাজধানী। বারবক সাহের সময়ে (১৪৬৮—৭৪ খৃঃ) শ্রীল সনাতন প্রভুর পিতামহ শ্রীমুকুন্দদেব রাজ-সরকারের উচ্চ কর্মচারী ছিলেন। বাক্লাচন্দ্রদীপে তাঁহার পুত্র কুমার-দেবের পরলোক গমন হইলে তিনি পোত্র প্রীব্ধপ-সনাতন প্রভৃতিকে রাজধানীর নিকটে উক্ত রামকেলিতে তাঁহার বাসভানে লইয়া আসেন। এই স্থানে শ্রীবল্লভ বা অমুপম প্রাপ্তর

অধৈত প্রভুর পূর্বপূরুষ শ্রীনৃসিংহ
ওঝাও এস্থানে বাস করিতেন।
রামকেলীর উত্তরভাগে সনাতন
দীঘি, উহার পশ্চিম ধারে শ্রীল
সনাতন প্রভুর আবাসবাটী ছিল।
এক্ষণে তাহাকে বড়বাড়ী বলে।
হোসেন সাহের সোণা মসন্ধিদের
উত্তর দিকে শ্রীরূপক্বত স্প্রপ্রাগরের
ইপ্রক-রচিত সোপানাবলি এখনও

পুত্র প্রীজীব প্রভুর জনা হয়। প্রীপ্রী-

রামকেলিতে শ্রীমন্মহাপ্রভু আগমন করিয়া যে স্থানে উপবেশন করিয়া-ছিলেন, সেস্থানে এখনও সেই তমাল

আছে। উহার পূর্ব দিকে এরিপের

আবাস ছিল। ঐ রূপসাগরের পশ্চিম

দিকে প্রীবল্লভ-প্রভুর বাডী ছিল।

বর্তুমানে তাহাকে 'খরখবি' বলে।

3000

ও কেলিকদম্ব বৃক্ষ আছে। বৃক্ষতলের উপরে উচ্চ বেদীতে প্রভুর

শ্রীচরণযুক্ত একখানি প্রস্তার আছে।
উহার পার্শে একটি মন্দিরে

উহার পার্ষে একটি মন্দিরে শ্রীনিতাইগোর এবং শ্রীঅদ্বৈত-প্রভুর শ্রীমৃতি আছেন।

প্রত্ব প্রামৃতি আছেন।
প্রীল সনাতন-প্রস্তুকে সেখ হবুনামক যে কারাধ্যক্ষ কারামৃত্ত করিয়া দিয়াছিলেন, তাঁহার আবাসবাটীর ভগাবশেষ গোড়ের একাংশে

হোসেনসাহের হিন্দু কর্মচারী—

>। কেশব বস্থ থাঁ—গোড়ের
কোতয়াল বা নগরপাল।

২। গোপীনাথ বস্থ, পুরন্দর থাঁ

ইলিংসহর গ্রামে আছে।

—উজির।

চিকিৎসক।

৩। শ্রীল সনাতন-প্রভু (দবির খাস)—প্রাইভেট সেক্রেটারী। ৪। শ্রীরূপ-প্রভু (সাকরমল্লিক) —রাজস্ববিভাগের কর্তা।

৫। শ্রীবল্লভ মল্লিক—ট"ক শালের
 অধ্যক্ষ।
 ৬। শ্রীমুকুক্দ কবিরাজ—রাজ-

গোড়ে হিন্দু-কীর্ত্তির চিহ্নাদি—
দেওয়ানী আদালতের উত্তরে
বাজার, ইহার উত্তরে মুটুক্ষেপার
আশ্রম।

>। পিয়াসবাড়ী দীঘি—এক

মাইল বেষ্টনয়ুক্ত। ডাকবাংলার ৮

মাইলের সন্নিকট।

২। ছোটসাগর দীঘি—হিন্দুর্গে খঃ ১৬শ শতাকীতে খনিত, ইহার নিকট ধনপতি সদাগর ও চাঁদ সদাগরের বাটী ছিল। ৩। পিয়াসবাড়ীর উত্তর-পশ্চিমে কিছু দূরে ভাগীরণীর **পুর্ব**পারে

শ্রীশ্রীগো দ্বীয়-বৈষ্ণব-অভিধান (৪)

ফুলবাড়ী-নামক স্থানে প্রাচীন স্বর্গের ভগ্নাবশেষ। ইহা বল্লাল সেন-ক্কৃত।

৪। এই ত্বর্গের ৪ মাইল দুরে উত্তর দিকে বল্লাল বাড়ী-নামক স্থানে ইংলিস বাজারের নিকট হিন্দুরাজত্ব-

হংলিস বাজারের নিকট হিন্দুরাজত্ব-কালের রাজপ্রাসাদের স্তৃপ আছে। এই স্থানে বড়সাগর দীঘি।

শাহলাপুরের গঙ্গান্ধানের প্রাচীন ঘাট ও বল্লাল বাড়ীর স্ত_{র্}প আছে। কাহারও মতে এই দীঘি বল্লালসেন-ক্বত এবং কাহারও মতে উহা লক্ষণ দেন ১১২৬ খঃ খনন করেন। উহা

ধ। সাগর দীঘির এক মাইল
 পশ্চিমে সাত্ত্ব্বাপুরের প্রাচীন
 গঙ্গাল্লানের ঘাট। ঘাটের উপরে
 বাজারের কাছে বৃহৎ বটবৃক্ষ।

তাহার অদূরে একটি শিবমন্দির।

এক মাইল দীর্ঘ ও অর্দ্ধমাইল প্রস্থ।

মুগলমানমুগে কোন হিন্দু গৌড়ের মধ্যে কোনস্থানে এই শিবলিঙ্গ-পূজা ভিন্ন আর কোনস্থানে পূজা ও ধর্ম কর্ম করিতে পারিত না। মুগলমান-গণের এই আদেশ ছিল।

৬। লোটন মসজিদ হইতে একজোশ দূরে বল্লালদীঘির কাছে মহদিপুরের খালের উপরে যে প্রাচীন সাঁকো আছে, তাহার প্রাস্কভাগে দ্বইটি শিলায় সংস্কৃত অক্ষরে কতক-গুলি ছত্র লিখিত আছে। উহা পাঠ

করা কইকর।

আছে। এই **স্থান 'দারবাসিনী**'

-নামে খ্যাত। ৮। পিয়াসবাড়ীর ডাকবাংলা

ছাড়াইয়া কিঞ্চিৎ দূরে দক্ষিণ দিকে গৌড়ের রামকেলি পল্লী। এই স্থানে বাঁধা রাস্তার দক্ষিণ

দিকে শ্রামকুণ্ড ও উহার উত্তরে রাধাকৃণ্ড-নামক ক্ষুদ্র পৃষ্করিণীদ্ম। রাধাকুণ্ডের পূর্ব দিকে সুরভীকুণ্ড ও সরকারী রাস্তার দক্ষিণে রঙ্গদেবীকুণ্ড

সরকারী রাস্তার দক্ষিণে রঙ্গদেবী কুণ্ড তাহার দক্ষিণ-পূর্বে ইন্দুরেখাকুণ্ড।

১। কেলিকদম্বতলা—পার্শস্থ ভূমি হইতে তিন হাত উচ্চ বেদী।
বেদীর মধ্যস্থলে প্রাচীন ত্মালরক

ও উহার ছই পাশে কেলিকদম্ব
বৃক্ষ। এই স্থানে শ্রীচৈতন্ত মহাপ্রভু
বিশ্রাম করিয়াছিলেন।
১০। বেদীর নিকটেই শ্রীসনাতন
গোস্বামি-প্রতিষ্ঠিত শ্রীশ্রীমদনমোহনমন্দির।

১১। উক্ত বেদী ছাড়াইয়া দক্ষিণ
দিকে যাইতে দক্ষিণে ললিতাকুণ্ড,
পরে বিশাখাকুণ্ড। ইহার দক্ষিণে
কিয়দুরে রূপসাগর দীঘি। ইহার
ঘাটের বাম পার্যে প্রস্তরফলকে
লিখিত আছে—সন ১২৮৬; ৩২
জৈষ্ঠ।

১২। উক্ত দীঘির পূর্বদিকে গেরদা-নামক স্থানে শ্রীরূপ গোস্বামি-প্রেন্থর বাটী ছিল। ১০। রামকেলিতে শ্রীসনাতন

একটি জলাশয় আছে।
১৪। ভাগীরথার প্রাচীন খাতের
পূর্বাংশে বাইশগজি দেওয়াল ও

গোস্বামি-কৃত স্নাত্নসাগ্র-নামে

ন্থর্গমধ্যে হাবল।বাস রাজপ্রাসাদ।
এক্ষণে ঐ স্থান ব্যাদ্ধ ও বন্ত শৃকরের
আবাসভূমি। এই রাজপ্রাসাদের
বাহিরে উত্তর-পূর্ব দিকে হোসেন
সার ও তৎপুত্র নসরৎ সার কবর
ছিল। উহাকে বাঙ্গালীকোট
বলে। বর্জমানে হোসেন সার

কবরের চিহ্নমাত্র নাই।

১৫। কদমরস্থলের বাটার
উঠানের উত্তরদিকে একটি গম্পুলবিশিষ্ট মগজিদের গর্জগৃহে মধ্যস্থানের
বেদীতে ক্রঞ্চবর্ণ মস্থান কষ্টি-পাধরের
নিমিত যুগল-পদাচহু আছে। উহার
পরিমাণ—১১ ইঞ্চি দ্বার্থ ও ৫ই ইঞ্চি
প্রস্থা, ৪ই ইঞ্চি স্থ্ল। মুসলমানগণ
ইহাকে মহম্মদের পদচিহ্ন বলিয়া
পূজা করেন এবং হিন্দুগণ ব্রী-

আছে (অমুবাদ):—

এই মসজিদ নসরৎ সাহ (হোসেন্

সার পুত্র) ৯৩। হিজরীতে (১৫৫০

খঃ) নির্মাণ করে।

গৌডে বাইশগজি প্রাচীরের

গৌরাঙ্গের পদচিহ্ন বলিয়া পূজা

করেন। ঐ মসজিদের মধ্যের ছারের

ললাটে কষ্টিপাথরের ফলকে লিখিত

গোড়ে বাহশগান্ধ প্রাচারের বাহিরে চিকা মসজিদ-নামক স্থান। উহাই শ্রীল হরিদাণ ঠাকুরের বন্দিশালা।

১৬। লোহাগড়া-নামক স্থানে স্থড়ঙ্গের মধ্যে পাতালচণ্ডী দেবী ছিলেন। বর্ত্তমানে বিগ্রহ নাই। স্থড়ঙ্গের চিহ্ন আছে। এই স্থান মহারাজপুর হইতে এক মাইল পশ্চিম দিকে।

১৭। বড় সাগরদীঘির **উত্ত**র পাড়ে অর্থথ _পদের কাণ্ডের মধ্যে একটি ৭া৮ হাত দীর্ঘ প্রস্তর প্রবিষ্ট আছে, উহার ছুই দিকে চন্দ্র ও হর্ঘ খোদিত। এই স্থানকে 'হরির ধাম' বলে।

১৮। এই হরির ধামের পশ্চিমে এক মাইল দূরে চণ্ডীপুরের পারে দারবাসিনী দুর্গাদেবী আছেন। অশ্বথরক্ষতলে করেকটি শিলাখণ্ড-

মধ্যে একটি শিলাচক্ত—ছুর্নাদেবী।
এখানে বৈশাখ মাসের শনি-মঙ্গলবারে
ছিন্দু মুগলমানে পূজা করেন।
১৯। রামনগর কাছারী বাডী

হইতে এক

জ্ হরাবাসিনী দেবীর স্থান আছে।
ইহা একটি মূলয় স্ত্রী-মূও। দেবীর
গৃহ মহানন্দা নদীর পশ্চিম পাড়ে।
২০। ইংলিশ বাজারের উত্তর

<u>কোৰা</u>

प्रक्रित

হইতে গয়েশপুর রোড বাহির হইরাছে। সামান্ত দুরে গয়েশপুর। এই গয়েশপুরে শ্রীকৃঞ্চৈতন্ত কেশব ছত্রীর গুহে পদার্পণ করিয়াছিলেন।

দিকের প্রান্তভাগে মনস্বামনা রোড

এম্বানে বীরভক্র প্রস্থর মধ্যম পুত্র শ্রীরামক্বফের গাদি আছে। এই গম্মেপুর গ্রামের আমবাগানে শ্রীল বীরভক্ত প্রস্তু কেশব ছত্রীর পুত্র দুর্লভ ছত্রীর আভিণ্য গ্রহণ করিয়া-

हिल्न। এই স্থানের নিকটেই

মনস্কামনা শিবের মন্দির।

২০। ঐ শিবমন্দির ছাড়াইয়া
কিছুনুরে রাজমহল রোডে বল্লাল
বাড়ী ও বল্লালগড়। এখানে সেন
বাজ্ঞানের রাজপ্রাসাদ ছিল। বল্লালের

রাজ্বকাল—১১৬৯ খৃঃ।

২২। পিরোজপুরের মিঞা গাহেবের আরবি দলিলে দেবনাগর

অক্ষরে লিখিত আছে — 'গো-ব্রাহ্মণ-প্রতিপালক প্রীল প্রীযুক্ত সনাতন দবির খাস' এবং কদম রস্থল দরগার দলিলে নাগরী অক্ষরে সনাতন প্রস্থার আছে—'প্রীসনাতন দবিরখাস।' রামগড়—কটকে, প্রীরামানন্দ রায়ের প্রাসাদস্থান বলিয়া জনশ্রুতি আছে। বর্তমানে চিহ্নও নাই।

হলায়ুধ ঠাকুরের নিবাস। এস্থানে

দেওয়ান গন্ধাগোবিন্দ সিংহ-কর্তৃ ক
১৮২১খঃ নির্মিত মন্দির ছিল।
রামনগর—দান্দিণাত্যে। প্রীমহাপ্রভুর ভক্ত শ্রীরাঘব পণ্ডিত
গোস্বামির জন্মস্থান। [ইনি পাণিহাটীর রাঘব পণ্ডিত হইতে ভিন্ন]।
গিরিগোবর্দ্ধনে ইনি যেস্থানে ভজন
করিতেন, তাহার নাম—'রাঘবের
গোফা'। ইনি 'শ্রীকৃষ্ণভক্তিরত্ব-

ছিল। তপন মিশ্র পরে কাশীবাসী হন। রামবট—নবদ্বীপে মাউগাছির অন্তর্গত, এক্ষণে স্থান লুগু (ভজি

রামপুর-পদাতীরে, এল রঘুনাথ

ভটের পিতা তপন মিশ্রের বাস

প্রকাশ' গ্রন্থ রচনা করেন।

২২।৫৯৩)। বনবাসকালে শ্রীরামচঞ্চ ইহার ছায়ায় বসিয়া সীতাকে ভাবি নবদ্বীপলীলা দেখাইয়াছেন। রামাই আনন্দকোল গ্রাম— উড়িখা, যাজপুরের নিকট। এই স্থানে

রায় রামানদের বংশধরগণের বাস।
শ্রাতা বাণীনাথের পৌত্র গোবিদ্য
কটকে রাজধানী করেন। তাহাত

কটকে রাজধানী করেন। তাহার পর বংশধরগণের কেহ কেহ বঙ্গদেশে বর্দ্ধান-অঞ্চলে গিয়া বাস করেন।

রানেশ্বর (সেতুবন্ধ)—[অকাংশ ৯৮, দ্রাঘিমাংশ ৭৯১১৮ ট্রীগৌর নিত্যানন্দ-পদাঙ্কপুত ভূমি (চৈ ° চ

নিত্যানন্দ-পদাস্কপৃত ভূমি (চৈ° চ°
মধ্য ১/১১৬, ৯/২০০; চৈ° ভা°
আদি ৯/১৯৫)। প্দ্ম্বন্দর হইছে
চারি মাইল উত্তরে রামেশ্বর মন্দির।
ধ্মুক্ষোটি তীর্প তত্রতা চব্বিশ তীর্থের
অক্তর্য, রামেশ্বর হইতে ১২ মাইল

দক্ষিণ-পূর্বে এবং S. R. line এর
শেষ প্রেসন রামনাদের নিকট—
রামেশ্বরম্ প্রেসন। দর্শনীয়—লক্ষণতীর্থ, সীতাতীর্থ, রামতীর্থ, রামেশ্বর
মন্দির প্রভৃতি। বিশেষ উৎসব—
শিবরাত্রি, বৈশাখীপূর্ণিমা, ক্রৈটো

পূর্ণিমা (রামলিঙ্গ-প্রতিষ্ঠোৎসব), আবাঢ়ী ক্লাষ্টমী হইতে প্রাবণী শুক্ল পর্যস্ত (বিবাহোৎসব), আধিনী শুক্লা প্রতিপৎ হইতে নবরাত্রোৎসব,

স্বন্ধজন্মোৎসব, অগ্রহায়ণী শুক্লা-বন্ধী হইতে পূর্ণিমা পর্যস্ত আর্দ্রা-দর্শনোৎসব। এতদ্বাতীত মকর-

সংক্রান্তি, চৈত্রী শুক্লা প্রতিপৎ, কার্ত্তিক মাদের ক্রন্তিকানক্ষত্রে, পৌষ-পূর্ণিমাতেও উৎসব হয়। প্রত্যেক মাদের ক্রন্তিকা নক্ষত্রের দিন রৌপ্য-

ময়ুরের বাহনে স্থবন্ধণ্যের শোভাযাত্রা. প্রত্যেক প্রদোষে শ্রীরামেশ্বরের উৎসব-মুর্তির ব্বভারোহণে তৃতীয়

প্রাকারের প্রদক্ষিণ এবং প্রতি

শুক্রবারে অম্বাদেবীর উৎস্বমৃতির যাত্রা বাহির হয়। রায়পুর—(মৃশিদাবাদে) গোয়াস

পরগণায়। শ্রীনিবাস আচার্যের শিষ্য শ্রীনরনারায়ণ চৌধুরীর শ্রীপাট, শ্রীশ্রী-গোবিন্দজীউর সেবা। রায়া—মধুরায়, এস্থানে শ্রীনন্দবাবার

রায়া—মধুরায়, এস্থানে আনন্দবাবার কোষাগার ছিল। রাল—ব্রফে, সটিঘরা হইতে পশ্চিমে অবস্থিত। গ্রামের পশ্চিমে শ্রীবলরাম কুগু—তৎপশ্চিমে শ্রীবলদেব।

রাসস্থলী—ব্রজে, গোবর্দ্ধনে এবং পরাসলী গ্রামে বসন্ত-রাস-স্থান (ভক্তি ৫।৬২৩, ১৬২৩—২৪)। রাসোলী—ব্রজে, চরণপাহাড়ী ও

কোটবনের মধ্যবর্তী, শারদীয় রাসলীলার স্থান। রিঠোর—ত্রজে, সঙ্কেতের দেড় মাইল পশ্চিমে, শ্রীচন্দ্রভাম্বর গ্রাম।

প্রীচন্তাবলীর জন্মস্থান।

কু জু নপুর-নদীয়া জেলায়। পাটুলী

প্রেশন হইতে পূর্বে তিন ক্রোশ।

গদার পরপারে। রাজা রুঞ্চদাসের প্ত্র শ্রীনবনী হোড়ের শ্রীপাট। রুঞ্চদাসের রাজ্য গঙ্গাতীরে বড়গাছিতে ছিল। উছাকে 'কালশিরা খাল' বলে। গীমস্ত

দীপের এক প্রান্তে এই রুকুনপুর।

हेश जीवनामव-जीर्वञान।

বলদেব প্রভু এই স্থানে আগমন করিয়াছিলেন। গর্গসংহিতায় ইহাকে 'রামতীর্থ' বলে। ফুকুনপুরে

প্রীপ্রীবন্ধথা-জাহ্নবা মাতার প্রীপাট। প্রীপ্রীনিত্যানন্দ প্রেন্থ বন্ধথা জাহ্নবাকে বিবাহ করিয়া কিছুদিন এখানে ছিলেন। তুনা যায়- ঐ প্রীপাটে প্রীশ্রীনিত্যানন্দ প্রভুর কার্চপাত্ক।
রক্ষিত আছে। শ্রীমন্ত ঠাকুরের
বাসস্থান।
২ মুর্শিদাবাদ জেলায়। বহরমপুর

হইতে পাটকাবাড়ী বাসে হরিহর-পাড়ার নামিয়া হুই মাইল দক্ষিণে। এথানে প্রীপ্রীবলরামন্ত্রীউর দেবা আছেন। ইহা কালনার প্রীল

আছেন। ইহা কালনার প্রীল স্থান্থ ক্রমান্ত্র প্রত্যান্তর প্রত্যান্তর ক্রমান্তর প্রত্যান্তর ক্রমান্তর ক্রমান্তর

কৃষ্ণধ্যান-স্থান। [চৈ° ম° শেষ থং৩৮]। কুজ্জ্বীপু—(রাত্বপুর) নবদীপান্তর্গত

অগ্যতম দ্বীপ।

কলপ্ৰেয়াগ—দেৰপ্ৰয়াগ হইতে
পদত্ৰজে ২০ মাইল শ্ৰীনগর। এখান
হইতে মোটরবাসযোগে কলপ্ৰয়াগ
যাওয়া যায়—২০ মাইল দূরে।

এম্বানে অলকাননা ও মন্বাকিনীর

সঙ্গম। এস্থান হইতে কেদারনাথ ও বদরীনাথের পূথক পূথক রাস্তা আছে। কেদারনাথে পদব্রজে, বদরীনাথে মোটরযোগেও যাওয়া যায়। দেবর্ষি নারদ সঙ্গীতবিতা-প্রাপ্তির জন্ম এস্থানে শঙ্করের আরাধনা করিরাচিলেন। ক্লপ্রপ্রয়াগ

বাস-ট্রেসন হইতে ২ মাইল দুরে

অলকানসার দক্ষিণতটে কোটেখর

যহাদেবের গোফা আছে।

ক্রপনারায়ণ—নাপদার হইতে ২৩

মাইল মোটরে যাওয়া যায়। এস্থানে

শ্রীরামচক্রই শ্রীক্রপনারায়ণ-নামে
প্রসিদ্ধ। বিশাল মন্দির। প্রাকালে

এমন্দিরে দেবা-নামে এক পরমভক্ত

शृकाती हिलन। ५ मनरम छनम-

পুরের মহারাণা শ্রীমন্দিরে নিত্য দর্শনে আসিতেন। পূজারী মহা-রাণাকে নিতাই প্রসাদী দিতেন-একবার মহারাজের আসিতে দেরী হইলে ঠাকুরের শয়ন र्रेया (गल। পূजाती मानां ि खग्रः পরিধান করিলেন, এমন সময় রাজা আসিলে নিজকণ্ঠ হইতে মালাটি উত্তারিত করিয়া রাণার গলে দিলেন. কিন্ত তাহার সঙ্গে একটি পক্কেশও ছিল। মহারাজা কুপিত হইয়া কারণ জিজ্ঞাসা করিলে পূজারী ভয়ে বলিয়া ফেলিলেন যে ঠাকুরের মাথার কেশ শুভা হইয়াছে। বিশায়ের বিষয়-পরদিন রাজা ঐ পূজারীর বাক্যের সত্যতা-নিধ্রিণের জন্ম আসিয়া দেখিলেন যে ঠাকুরজির মস্তকে শুত্রকেশই আছে, তাহাতেও সন্দেহ করিয়া তিনি একথানাকেশ টানিতেই কেশের মূলদেশে রক্তবিন্দু দেখা গেল। ভক্তবৎদল পূজারীজির লজা রক্ষা ত করিলেনই, পরস্ত ঐ রাত্রে মহারাণাকে স্বপ্নাদেশ হইল যে কোনও রাণাই সিংহাসনে বসিলে পরে আর শ্রীরূপনারায়ণজির দর্শন করিতে পারিবেন নাঃ সেই হইতে যুবরাজই কেবল ঠাকুরজির দর্শনে যান: রাজা হইলে আর দর্শন করেন না (ভক্ত ১৪।৯)।

রেপুকা—আগরার নিকটবর্তী, মথুরা

হইতে দশমাইল দূরবর্তী গ্রাম—

এস্থানে শ্রীপরশুরামের আবির্ভাব

হয়। শ্রীগৌর-পদাঙ্কপৃত স্থান (চৈ°

ম° শেষ ২।৪০)।

রেমুণা—বালেশ্বর টেশন হইতে তিন ক্রোশ গশ্চিমে। মহাপ্রস্থ তাঁহার গণ শ্রীপুরীতে গমনকালে করিয়া-এই স্থানে আগমন वीयनित वह श्राठीन कारमत, मिस्तित मर्था कृष्णश्रेष्ठत-নিমিত তিনটি শ্রীকৃষ্ণ-বিগ্রহ। गशासान शिराशीनाथकीछ। পাখে শ্রীমদনমোহন ও শ্রীবংশীধর বিগ্রহ। প্রবাদ—এই মৃত্তি চিত্রকৃট পর্বতে ছিলেন, পুরীর রাজা লাঙ্গুলা নুসিংহদেব 3008 শকাকায় **শেখান হইতে আনি**য়া রেমুণায় প্রতিষ্ঠা করেন। আরও প্রবাদ— শ্ৰীরামচন্দ্র দীতাদেবীসহ লক্ষা হইতে প্রত্যাবর্ত্তনকালে জানকী পুষ্পবতী হইলে চারিদিবস রেমুণায় অবস্থিতি করিয়াছিলেন। চতুর্থ দিবসে মাতার স্নানের জন্ম শ্রীরাম গুটী শর নিক্ষেপ করত পবিত্র বারির স্রোত স্থষ্টি করেন। যা জানকী তাহাতে অবগাহন করিয়াছিলেন। এলগ্র के नतीय नाम 'मश्रमदा' इया मिनत হইতে সামাভ দুরে একটি অতীব ক্ত ভোতকে সাধারণে সপ্তশরা নামে অভিহিত করিয়া থাকে।

প্রীতেও জগন্নাথ-মন্দিরে এক
ক্ষীরচোরা গোপীনাথ বিগ্রহ আছেন।
তাহার মূল বিগ্রহ রেমুণাতে।
রেমুণাতে একটি গ্রাম্যদেবী আছেন।
তাঁহার নাম—রামচণ্ডী। প্রবাদ—
শ্রীরামচন্দ্র ও গীতাদেবী এই দেবীকে
পূজা করিয়াছিলেন। শ্রীমাধবেক্স
প্রী এস্থানে দেহরক্ষা করেন—সমাধি
আছে।

রেয় 1পুর—মুর্শিদাবাদে ভাগীরপীর তীরে। জ্ঞাপুর সাবডিভিসন, শ্রীনরহরি চক্রবর্তীবা ঘনগ্রাম দাসের পিতা বিশ্বনাথ চক্রবর্তির শিষা ছিলেন। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তির শিষা জগন্নাথ বিপ্রের ও ইহার পুত্র ভক্তিরত্মাকর-গ্রন্থপ্রণেতা নরহরির শ্রীপাট।

রেবা—নর্মদা নদী। শ্রীনিত্যানন্দপদান্ধিতা (চৈ° ভা° আদি ৯।১৫১)।
অমরকন্টক পর্বত হইতে উৎপন্ন
হইন্না কাম্বে উপদাগরে পতিত
হইন্নাহে (ভা ৫।১৯।১৭)।

উহার কিছুদুরে একটি বাঁধান ঘাটযুক্ত পুষ্করিণীর ধারে একটী মন্দিরে গর্গেশ্বর-নামক শিবলিঙ্গ আছেন। উহাও প্রাচীন কালের। প্রবাদ--দ্বাপর যুগে বাণেশ্বরে (বর্তমান বালেখনে) বাণাম্বর-নামে এক রাজত করিতেন। উহার নাম—উষা। শ্রীকৃষ্ণপুত্র অনিক্রদ্ধ উষাকে হরণ করিয়াছিলেন। উষামেচ-নামক স্থানে উষার প্রাসাদ ছিল বলিয়া লোকে দেখাইয়া থাকে। বাণেশ্বর উড়িয়ার একটা জেলা ও মহকুমা, সমুদ্রতীর হইতে ৪ ক্রোশ দুরে। বাণাস্থর ৪টি শিবলিঙ্গ প্রতিষ্ঠা করিয়াছিলেন। রেমুণাতে গর্গেশ্বর, বালেশ্বর সহরে ঝাড়েশ্বর; বাণেশ্বর ও মণিনাগেশ্বর এ ছটা শিব বাণেশ্বর হইতে ৩।৪ ক্রোশ দুরে বিভিন্ন দিকে অবস্থিত। বাণাস্থর প্রত্যহ এই ৪টা নিবলিক পূজা করিতেন।

রোহিণী—(বা রয়ণিগ্রাম) মেদিনীপুর,
থানা গোপীবল্পভপুর। স্থবর্ণরেখা
ও দোলক নদীর সংযোগ-ভানে।
রোহিণী গ্রাম বর্তুমানে মৌভাণ্ডার
পরগণা ও ময়ুরভঞ্জ রাজার জমিদারী•

কোণার্ক দর্শন

রসিক্যুরারির) জন্মস্থান। রয়ণি

ভুক্ত। এই স্থানে শ্রীশ্রীশ্রামানন্দ হইতে ৪।৫ মাইল দূরে ধারেন্দা প্রভুর শিষ্য শ্রীল রিদিকানন্দের (বা গ্রাম। এই গ্রামে রিদিকমঙ্গল গ্রন্থ-রচয়িতা শ্রীগোপীবল্লভ দাসের

বাড়ী। রোহিণী কুণ্ড-ব্রজে, কাম্যবনের অন্তঃপাতী (ভক্তি লচ্চত)।

করত প্রত্যাবর্ত্তন

ধারে মুলুকগ্রামের নিকটে 'নলেপুর'।

গ্রাম। মুল্লকের কাছে সে 'ললিতপুর'

नाम॥' (टेंड° छ।° मश्र ५ ३। १२)।

সমীপে এক

'মধাপথে গঙ্গার

লক্ষ্মীকুণ্ড—ব্ৰঞ্জে, কাম্যবনে অবস্থিত (ভক্তি ।৮৮২)। नक्ष (ভা ৫।১৯) [গৌড़ीय-देवस्वर-অভিধানে প্রথমখণ্ডে ৬৬৬ পৃষ্ঠায় क्षष्टेवा।] লগমোহন কুও-ব্রঞ্জে, প্রীরাধা-কুণ্ডের এক মাইল পূর্বে। অত্রত্য নাম-শ্রীরাধাবাগ। প্রবাদ-এই কুণ্ডের পশ্চিম তীর হইতে শঙ্খচূড় শ্রীরাধাকে হরণ করত উত্তর দিকে যাইতেছিল। প্রীকৃষ্ণ শঙ্খচূড়কে বধ করিয়া তাহার মস্তক্মণি স্থমস্তক व्यानिष्ठा श्रीवनाम्यत्व राष्ट्र (मन, বলদেব উহা মধুমঙ্গলন্বারা প্রীরাধাকে সমর্পণ করেন। এই কুণ্ডের পশ্চিম দিকে একটি উচ্চ মৃত্তিকাস্তূপ আছে, তাহার উপরে ঘাসাদি হয় না। এই স্ত্রের উপরে এরাধা উপবেশন করিয়াছিলেন। কুণ্ডের পূর্বভাগস্থিত স্তুপের উপরে প্রীদাসগোস্বামিপাদ পূর্বে ভজন করিতেন, পরে শ্রীসনাতন <u> একুণ্ডতীরে</u> আদেশে ঝোপড়ায় থাকেন। ললাপুর-মথুরায়, বৈঠান হইতে বায়ুকোণে অবস্থিত।

ললিভপুর-নবদ্বীপ হইতে শান্তিপুরে

-याहेवात পथमत्था थे धाम, भन्नात

স্থানে জনৈক বামাচারী <u>শীমহাপ্রতু</u> গৃহে শ্রীনিত্যানন্দ প্রভু আগমন করিয়া-ছিলেন। ললিতাকুণ্ড—বজে, গ্রীরাধাকুণ্ডে, ২ কাম্যবনে অবস্থিত (ভক্তি ৫।৮৬২); 🗢 নন্দগ্রামে (ঐ ৫।৯৬৪)। 8 রামকেলিতে। লাকলবন্ধ--ঢাকা, ব্রহ্মপুত্রের প্রাচীন খাতের তীরে। ঐ তীর্থে পরশুরাম মাতৃহত্যা-জনিত এবং শ্রীবলদেব বৃদ্ধহত্যাজনিত দোষ হইতে মুক্ত হন। পঞ্চমী ঘাটে পঞ্চ পাণ্ডৰ স্নান অশোকাষ্ট্ৰমীতে করিয়াছিলেন। মেলা বলে। लाफ़िली कू १३--- ब्राब्स, यावरहे व्यवश्वित ললিতা-কর্ত্তক সম্বোপনে রাইকামুর মিলনস্থান। লালপুর-অজ, দইগাঁয়ের দেড় মাইল পশ্চিমে। লিয়াখিয়া-পুরী হইতে কোণার্ক যাইবার অবস্থিত প্রবাদ এই যে প্রীচৈতক্তদেব যখন

করেন, তখন কুশভদ্র। নদীর তীরে এক বৃদ্ধার নিকট হইতে (লিয়া) খই ভিক্ষা করিয়াছিলেন। তদমুসারে ঐ গ্রামের নাম হয়—'লিয়াখিয়া'। মতান্তবে ঐ স্থানের নাম—'নিয়াখিয়া' Sa place for bath and breakfast; Vide Bishan Swarup's Konarka, 1910, p. 2.] লুক্লুকানী—এজে, কাম্যবনে অবস্থিত 'মিচলীকুণ্ড'। নিবিড অন্ধকারময় স্থান। এম্বলে স্থীগণসহ মুদ্রিত করিয়া শ্রীরাধাকৃষ্ণ চক্ষু 'লুকোচুরি' খেলেন। नुर्यानी-मथुताय, कामार कतानात সখীর দ্বিতীয় উত্তরে—গ্রীললিতা বাসস্থান (ভক্তি ৫।১১৯৯)। লুমিনী--গোরখপুর - নোতনওয়া লাইনে নোতনওয়া ষ্টেসন হইতে ১০ মাইল দুরে। লুফিনী গৌতম-বুদ্ধের জনস্থান। এই স্থানের প্রাচীন বিহার নষ্ট হইয়াছে। কেবলমাত্র অশোকস্তম্ভটীই অতীতের সাক্ষ্যরূপে विताक्यान। এখানে একটি সমাধি-স্ত পে বুদ্ধমৃতি আছে। লোধনা—(বাঁকুড়া) S. E. R. **छिनन (जर्पारमान) इट्टिंड २** हे मार्टन দক্ষিণে। শ্রীশ্রীনিতাইগোর বিগ্রহ
ও শ্রীরাধাগোবিন্দের দেবা—
শ্রীনিবাসাচার্য-শাথার প্রতিষ্ঠিত।
লোহবন—শ্রীব্রজমণ্ডলম্ব বর্মুনাতীরবর্জী শ্রীক্বফলীলাম্বান। ইহা
লোহজজ্মাম্বর-কর্ত্ত্ব রক্ষিত ছিল।
(মথুরা ৩৫২)। শ্রীক্বফবলরামের
গোচারণম্বল।
বংশীটোটা—উৎকলে, মুরারি
মাহিতির বাসস্থান।

বংশীবট—বজে, প্রীবৃন্ধাবনে যমুনাতটে অবস্থিত নিত্যরাসস্থলী। রাসলীলার পূর্বে প্রীকৃষ্ণ এম্বানে দাঁড়াইয়া বংশীবাদন করিয়াছিলেন।
বিক্তিয়ার ঘাট—(নদীয়া জেলায়)

শান্তিপুর ও বয়ড়ার মধ্যবর্তী স্থান, গঙ্গার ঘাট। ঐ ঘাটে বক্তিয়ার নবদ্বীপ জয় করিতে ১১৯৮ খৃঃ পার হইয়াছিল (নদীয়া-কাহিনী)। মূলুক কাজী এই ঘাট হইতে শ্রীল ঠাকুর

राजा पर राज २२८७ प्यान ठारू । रित्रांगरक निया मध्यियान करत । तक्थता (जिन्ना)—बर्ष, यावजे-निकरि वकाष्ट्रत-वर्धत श्रान ।

বেকেশ্বর——বীরভূম জেলায়।
দ্বরাজপুর হইতে ৬ নাইল
উত্তরপূর্বে। সিউড়ী হইতে দক্ষিণপশ্চিমে ১৩ মাইল। ইহা
'গুপ্তকাশী'-নামে খ্যাত। অপ্টাবক্র
ঋষি এই স্থানে তপস্থা করিতেন।
উত্তরে বক্রেশ্বর নদ, দক্ষিণে পাপহরা
নদী। মন্দির-প্রাঙ্গণে শ্বেতগঙ্গা।
মন্দিরের বৃহৎ মৃত্তিটি অপ্টাবক্রের,

মন্দিরগাত্তে প্রস্তর-ফলক আছে। উহাতে '১৬৮৫ শঃলিবাহূন শকে বা

কুদ্রটি বক্রনাথ শিবের।

পুরাণে বক্রেখর-প্রসঙ্গ আছে।

১৭৬৩ খঃ রাজনগরের রাজমন্ত্রী নিৰ্মিত দর্পনারায়ণ-কর্ত্ত ক হয়' ইত্যাদি লিখিত আছে। মন্দিরের পূর্বদিকে আরও ছুইটি ফলক আছে। উহাতে হালবর্মা ও স্থার-নামক ভাতৃত্বয়ের নাম দেখা যায়। অন্ত দিকে ১৬৭৭ শালিবাহন (বা ১৭৫৫ খুঃ) অন্ধিত। অপর ফলকের লেখা অস্পষ্ঠ। মন্দির - ভিতরে দেবগম্বজের প্রবেশ-পথের উপরেই যে ফলক-লিপি আছে, তাহা আদৌ বুঝা যায় গ্রীযুক্ত নগেন্দ্রনাথ বত্ম

'সাত্তেটে' 'চন্দ্রসায়র' 'দামুসায়ের'নামক কয়েকটি পদ্মবনাকীর্ণ পুন্ধরিণী
আছে। শ্বেতগঙ্গার উত্তর তটের
উপরে মানগিরি গোঁসোই-নামক
জনৈক সাধুর সমাজ আছে। মন্দিরে
মহিষমদিনী—পিত্তলের দশভূজা.

প্রাচীন নছেন। প্রাচীন পাষাণমূতি

একটি পুষ্করিণীতে ছিল। বর্ত্তমানে

পাণ্ডাগণের গৃহে উহা আছেন

'নরসিংহ' শব্দটি উদ্ধার করিয়া-

ছিলেন।

(বীরভূম-কাহিনী)।
এই স্থানে সভীর জ্রযুণল
পতিত হয়। দেবীর নাম—মহিষমর্দিনী। ভৈরবের নাম—বক্রনাথ।
মূলমন্দিরের প*চাস্ভাগে এই স্থই
মন্দির। Hunter's Statistical Account of the
District of Birbhum p.

ভিসেম্বর মধ্যাহ্নকালে এই স্থানের উষ্ণতম কুণ্ডের উন্তাপ ১৬২° ছিল এবং শীতলকুণ্ডের ১২৮° ডিগ্রিও

342তে আছে-১৮৫০ খুঃ ২৮শে

ছারাস্থ বায়ুর ৭৭° ডিগ্রি ছিল; ঐ
সময়ে স্থানীয় নদীজলের উন্তাপ ৮৩°
ডিগ্রি ছিল। শ্রীনিত্যানন্দপদান্ধিত
(চৈ° ভা° আদি ৯।১০৬)।
বক্সার—(সিদ্ধাশ্রম) পূর্ব রেলওয়ের

নঝার — (। । রাজ্রন) পূব রেণওরের মোগলগরাই-পাটনা লাইনে প্টেশন। ষ্টেশন হইতে ৫ মাইল দূরে গঙ্গাতীরে শ্রীরামচন্দ্র ও অহল্যার পাধাণী মূর্তি আছে। বক্সারের নিকট ভৃগুমুনির আশ্রমঃ নিকটে চরিত্রবন্ননামক স্থানে

বিশ্বামিত্রের আশ্রম ছিল। জ্রীরানচন্দ্র তাড়কা বধ করিয়া এখানে আসিয়া বিশ্রাম করেন। সঙ্গমেশ্বর, সোমেশ্বর, সিদ্ধনাথ, চিত্ররথেশ্বর এবং 'রামেশ্বর' শিব আছেন।

বগড়ী—মেদিনীপুর জেলায় শীলাবতী
নদীর উপরেই। S E. Ry বগড়ী
রোড-নামক ষ্টেশন আছে।
এখানে শুশ্রীকৃষ্ণরায়জীর মন্দির
আছে। বগড়ীর প্রথম রাজা

গজপতি সিংহের মন্ত্রী রাজ্যধর রায়, শ্রীশ্রীকৃষ্ণরায়জীউর প্রতিষ্ঠা করেন। পরে রাজা রঘুনাথ সিংহ শ্রীরাধিকা মুতি ও মন্দির করেন। ষ্টেশন

হইতে ছই মাইল দুরে মন্দির। এই
মন্দির বছদিন হইতে এমনভাবে
আছে যে নদীগর্ভে যায় যায়।
পাগুবগণের অজ্ঞাতবাসকালে এই
স্থানে আগমন হইয়াছিল। 'একেডে'নামক স্থানকে প্রাচীন 'একচক্রা'
বলে। একেড়ে গ্রামের নিকট

ইহার পশ্চিমে আধ ক্রোশ দূরে গণগণি-নামক স্থান। ঐস্থানে বকান্তরের অস্থি আছে।

ভিকনগর, উহা প্রাচীন ভীমপুর।

শ্রীঅভিরাম গোস্বামী বগড়ীর এই

শ্রীবিগ্রহকে প্রণাম করিয়াছিলেন।

আরণাক

সংস্থার করাইতেছিলেন, শ্রীশ্রাম-

বঙ্গদেশ— এতরেয়

(২।১।১), ঐতরেয় ব্রাহ্মণ (৭।১৮), বৌধায়নধর্মস্থত্ত্ত্র (৯।১।৩০) 'বঙ্গান্ কলিকান্', অথর্ব সংহিতা (৫।২২।১৪) বৈদিক গ্রন্থে অঙ্গ, বঞ্জ, প্রভৃতি কলিঞ্ প্রভৃতি দেশের উল্লেখ পাওয়া যায়। পাণিনিস্তত্তে (৪।২।১৩৮) গহাদি-গণে অজ, বল ও মগধের উল্লেখ মিলে। রামায়ণে অযোধ্যা-কাণ্ডে (১০) অন্ন, বঙ্গু, মগধ প্রভৃতি উল্লিখিত। মহাভারত আদি পর্ব (১০৪), বিষ্ণুপুরাণ (৪।১৮) ও গরুড় পুরাণে (১৪৪) অঙ্গু, বঙ্গ, কলিঙ্গ, পুণ্ড, ও তুন্দা এই পঞ্চ প্রদেশের উল্লেখ পাওয়া যায়। অঙ্গ = বর্তমান ভাগলপুর প্রদেশ, বঙ্গ = বঙ্গদেশ, পূর্ববঞ্গ বা সমতট, কলিঙ্গ=যাজপুর অঞ্চল, সুন্ধ= বর্ত্তমান রাচ্চেশ এবং পুগু = মালদহ, গোডদেশ ইত্যাদি। বগুড়া জেলায় মহাস্থানগড়ে প্রাপ্ত প্রাকৃত ভাষায় রচিত মৌর্যুগে ব্রাহ্মী অক্ষরে উৎকীর্ণ খুষ্টপূর্ব তৃতীয় বাদ্বিতীয় শতকের অনুশাসনে 'পুডনগল' বা পুঞ্নগরের উল্লেখ আছে। মহাকবি কালিদাস রঘুর দিগ্বিজয়ে উল্লেখ করেন যে বলদেশীয় রাজগণ বহু রণতরি লইয়া রঘুর সহিত যুদ্ধ করিয়াছেন। খুষ্টপূর্ব চতুর্থ শতকে গ্রীক্ রাজদূত মেগা-স্থিনিস্ গঙ্গার পশ্চিমতটে 'গঙ্গারিডি' (গঙ্গারাচ়)-নামক বৃহৎ পরাক্রম-শালী জনপদের বর্ণনা দিয়াছেন। গঙ্গারিডি রাচদেশেরই নামান্তর। সিংহলের 'মহাবংশ'-গ্রন্থে আছে যে খুষ্টপূর্ব ষষ্ঠশতকেও 'রালর্ট্ট' বা রাঢ়-

দেশের সিংহপুরে বিজয়সিংহের পিতা সিংহবাত রাজত্ব করিতেন। জৈন-দিগের ত্বপ্রাচীন গ্রন্থ 'আয়ারঙ্গ-স্থতে' উল্লেখ আছে যে জৈন তীর্থন্ধর বর্দ্ধমান স্বামী 'লাচ়' (রাচু) দেশে বার বৎসর বাস করেন। পূর্ববঞ্চ ব্যতীত বাঙ্গালার অধিকাংশ ভূ-ভাগই এক কালে 'গৌড়'-নামে কথিত হইত। পাণিনিস্ত্র (৬।২।১০০) হইতে আর্গ্ড কৰত বাজালার কবিগণ—ভারতচন্দ্র, ग्रुक्तन, রবীদ্রনাথ—বাঙ্গালা দেশ বুঝাইতে 'গেড়' শব্দের প্রয়োগ করিয়াছেন। খুষ্টীয় সপ্তম শতাব্দীতে পরিব্রাজক হিউয়েনসাঙ্গের সময়ে বঙ্গদেশ সাতটি বিভাগে বিভক্ত ছিল— (১) কমলান্ধ—ত্রিপুরা, কুমিলা,

- কামরূপ ও আসাম।
 (২) চম্পা—বর্ত্তমান ভাগলপুর।
- (৩) তাম্রলিপ্ত—বঙ্গদেশের পশ্চিম-দক্ষিণে সাগর-তীরবর্তী (তমলুক)।
 - (৪) শ্রীক্ষেত্র—বর্ত্তমান শ্রীহট্ট।
 - (৫) সমতট--পূর্ববঙ্গ।
 - (৬) পুণ্ডু—বঙ্গের উত্তর বিভাগ।
- (৭) কর্ণস্থবর্ণ—— মুশিদাবাদের অন্তর্গত রাঙ্গামাটি, মতান্তরে—পশ্চিম বাঙ্গালা (বীরভূম, সিংহভূম এবং স্থবর্ণরেখার সমীপবর্তী স্থান)। বঙ্গবাটী—(१) গ্রীগদাধর পণ্ডিতের

শাখা ঐতিচতত্ত-দাসের ঐপাট।
[ৈচ° চ° আদি ১২।৮৫]।
বিদ্রুষ্ঠাত কুণ্ড—আরিট্গ্রামে
শীশামকণ্ডের মধ্যালাগে অরম্ভিত।

বজ্বনাভ কুণ্ড—আরিট্রগ্রামে শ্রীষ্ঠামকুণ্ডের মংগ্রভাগে অবস্থিত। শ্রীমন্ মহাপ্রভূ-কর্ত্তৃক শ্রীরাধাশ্ঠাম-কুণ্ডের তীর্থ-স্থল নিরূপিত হইলে শ্রীমদ্যাসগোস্থামী যথন কুণ্ডদুয়ের

কুণ্ডের চতুর্দিক্স্থিত বৃক্ষসমূহ স্বা তাঁহাকে স্বস্থ-পরিচয় ও কুতের সীমা নির্দেশ করিয়াছিলেন। নির্দেশান্ত্রযায়ী খামকুণ্ডের অপস্ত হইতে থাকিলে দেখা গেল যে শ্রীশ্রামম্মনরের দক্ষিণ চরণের আকৃতিবং খ্যামকুণ্ডের আক্বতিও পাওয়া যাইতেছে—ব্যাপার দেখিয়া গ্রীদাসগোস্থামী B গ্রীক বিরাজ গোস্বামিপ্রভৃতি আনন্দে অধীর হইলেন। কুগুযুগলের সীমানির্দেশ লইয়া অভাভ লোকগণের বাদবিতঙা হইতে থাকিলে কুণ্ডমধ্য হইতে শ্রীবজ্বনাভ-কৃত প্রায় পাঁচ হাজার বৎসরের প্রাচীন কুণ্ড প্রকট হইয়া সকলের সন্দেহ দূরীভূত করিল। বেশন করিয়া গালব্য মুনিকে সঞ্চে লইয়া যখন প্রপিতামহ প্রীক্ষের ব্ৰজ্ঞলীলাস্থলীর সংস্থারে হইয়াছিলেন, তখন তিনি 'আরিট' গ্রামে আসিয়া অরিষ্টান্থর বধের স্থলে স্বনামান্ত্রসারে যে কুণ্ড নিৰ্মাণ করাইয়াছেন, তাহাই ভামকুও-মধ্যবর্তী 'বজকুণ্ড'। বজেরা—ব্রুজে, কাম্যবনের ছুই মাইল পূর্বে প্রীরঙ্গদেবী ও শ্রীস্থদেবীর জন্ম-বটস্বামিজীর্থ-অজে, মথুরায় যমুনা-তীরস্থ ঘাট। এস্থানে সূর্য 'বটস্বামী'-

নামে খ্যাত।

নিকটবর্ত্তী গ্রাম।

বটেশ্বর (মথুরা ১৫০) মথুরান্তর্গত

ভীর্থ। ২ (ভক্ত ২।৪) মধুরা

জীবন চক্রবর্তী প্রতাবর্ত্তন করত

এস্থান হইতে

শ্রীদনাতন প্রভুর শিষ্য হইরাছেন।
বড়কোলা—মেদিনীপুরে, শ্রীশ্রামানক
প্রভুর লীলাস্থলী [র°ম° দক্ষিণ চা
৬৯]। বৈশাখী পূর্ণিমায় এস্থলে
শ্রীশ্রামানকপ্রভু পঞ্চম দোল উৎসব
করিরাছেন।

বড়গাছি বাহিরগাছি—ই. বা রেলপথের মুড়াগাছা প্টেশন হইতে ष्ट्रे गारेन। भानिशास्त्र निक्छ। ধর্মদহ গ্রামের পরপারে গুড়গুড়ে খালের ধারে। এখন ঐ খালকে 'কালশিরা' খাল বলে। নিত্যানন্দ প্রভুর বিহারভূমি (চৈ° ভা° অন্তা (19>0--9>>)। ইহার শালিগ্রামে শ্রীসূর্যদাস নিকটেই পণ্ডিতের বাড়ী। তাহার নিকটেই রুকুনপুর গ্রাম। বাহিরগাছিতে পূর্বে গঙ্গাদেবী ছিলেন। একণে কালশিরা খাল-নামে অভিহিত। এখানে শ্রীমকরধ্বজ সেন, স্ক্বকৃতি শ্রীরুঞ্চদাস এবং রাজা হরিহোড়ের পুত্র রাজা কৃষ্ণদাদের শ্রীপাট। কুষ্ণদাস প্রীপ্রীনিত্যানন্দ প্রভুর বিবাহের আয়োজন করিয়াছিলেন। বড় গোড়ীয়া ও ছোট গোড়ীয়া মুঠ-- শ্রীমনাহাপ্রভুর প্রেরণায় শ্রীকৃষ্ণদাস গুঞ্জামালী মল্লার দেশে বৈষ্ণৰ ধৰ্ম প্ৰচার ও এীমূতি প্ৰতিষ্ঠা করেন। ঐ গদি নিজ প্রাতুষ্পুত্র শ্রীযক্ত বনয়ারীচন্দ্রকে প্রদান করত নিজে গুলুরাট প্রদেশে গিয়া শ্রীমনাহাপ্রস্থার ধর্ম প্রচার ও শ্রীচৈতন্ত বিগ্রহ প্রতিষ্ঠা করেন। গুজরাটে তাঁহার গাদিই 'বড গৌডীয়া গাদি' নামে খ্যাত হয়।

ঐ সময়ে এীঅধৈত প্রভুর এক

শিষ্য শ্রীল চক্রপাণি গুঞ্জামালীর দহিত মিলিত হইয়া বৈষ্ণব ধর্ম প্রচার করিতে থাকেন। ঐ চক্রপাণি যে গাদি করেন, তাহার নাম— 'ছোট গৌড়ীয়া মঠ'।

ক্লফাদাস পরে পাঞ্জাবে গমন করিয়া প্রচার করিতে থাকেন এবং তথায় 'ওনয়া'-নামক স্থানে বাস্থান নিৰ্মাণ করিয়া শ্রীবিগ্রছ প্রতিষ্ঠা করত পাঞ্জাববাসিগণকে মহাপ্রভুর ধর্মে দীক্ষিত করেন। ঐ স্থানের জনার্দন-নামক জনৈক ভক্ত-বিপ্রকে শিষ্য করিয়া ঐ স্থানের গাদি অর্পণ করত উহাকে 'গোস্বামি' উপাধি দান করেন। পরে জনার্দন গোস্বামী-তাঁহার কনিষ্ঠ ভ্রাতা খ্রীল খ্রামজীউ গোস্বামিকে ঐ গাদি অর্পণ করিয়া गिन्नारमर्भ देवस्थव धर्म প্রচারের জন্ত গমন করেন। পূর্বোক্ত জনার্চন মহাপ্রেমি**ক** গোস্বামী ছিলেন। **গংকীর্ত**ন ধারা হিন্দু মুসলমান যাতাইয়া সকলকেই প্রেমে তুলিতেন। ভক্তমাল গ্রন্থে এই সব বিবরণ আছে। এইরূপে ভক্তবর ক্ষ্ণদাস গুঞ্জামালী এবং তাঁচার শিষা প্রশিশ্য দারা মলার, পাঞ্জাব, গুজরাট, সিন্ধু সরভ প্রভৃতি দেশে খ্রীচৈতন্ত মহাপ্রস্থর ধর্ম প্রচারিত হইয়াছিল। বড়গঞ্চা-শ্রীহট্টে অবস্থিত, শ্রীউপেন্ত মিশ্রের বসতিস্থান। প্রবাদ আছে যে মহাপ্রভু এই গ্রামে আসিয়া তদীয় পিতামহ উপেক্র মিশ্র ও তৎপত্নী কলাবতীর সহিত সাক্ষাৎ করেন (প্রেবি ২৪)। বড়গ্রাম-মেদিনীপুর জিলায়,

শীখামানন্দ প্রভুর শিষ্য চিন্তামণির

বাসস্থান।

বড়ডাঙ্গা—বর্দ্ধনান জেলায়, শ্রীপণ্ডের
নিকটবর্তী, শ্রীল নরহরি সরকার
ঠাকুরের ভজনস্থলী। প্রাচীনোক্তি—
প্রণয়তি বছবারং যত্র নামাভিরামে,
বিলসতি রুতনৃত্যঃ শ্রীমুকুন্দাঞ্চন্দা।
সকলপ্রথময়ঃ শ্রীপণ্ডতো দক্ষিণস্তাং,
প্রভবতি বড়ডাঙ্গা নামধেয়া ধরিত্রী।
সিদ্ধ চৈতন্ত দাস ও সিদ্ধ জগরাপদাস বাবা এখানে ভজনসাধন
করিতেন।
ক্রম্মার—(মনিদাবাদ) প্রাভিন্নপ্রস্থ

বডপেঠা

বড়নগর—(মুর্নিদাবাদ) আজিমগঞ্জ इहेट अक माहेल। तानी ज्वानीत বংশোদ্রব প্রীল বিশ্বনাথ বৈষ্ণব ধর্মে দীক্ষিত হন। পূর্বে শাক্ত ছিলেন। ইনি রাজসাহীর জমিদার নারায়ণের <u>জীবিগ্রাহ</u> গ্রীশ্রীমদন-গোপালজীউর সেবার বলোবন্ত করেন। শ্রীমদনমোহন-মন্দিরে মহা-লন্মী ও হয়গ্রীব বিগ্রহ আছেন। মুশিদাবাদমধ্যে উক্ত মদনমোহনজীউ একটা বিশেষ দর্শনীয় প্রীবিগ্রহ। বড়পেটা-কামরূপ জেলার মহকুমা। ইহা আসাম-দেশীয় মহাপুক্ষিয়া-বৈষ্ণৰ সম্প্ৰদায়ের প্ৰধান কেন্দ্ৰ। শঙ্করদেব ও তৎশিঘা মাধবদেব—এই প্রবর্ত্তক। সংগ্রদায়ের \$885 খুঃ অসমীয়া কায়স্ত-বংশে শঙ্কর তাৎকালীন জন্মগ্রহণ করেন। তান্ত্ৰিক কামরূপে অভিচারের বীভৎসতা নিবারণকল্পে তিনি বৈষ্ণব-প্রচার করেন। ভাগবতোক্ত বিশুদ্ধভক্তিসাধন

नाम-गःकीर्जनहे अहे धर्मत श्रामन

অঙ্গ। ইংহাদের দেবালয়ে প্রায়শঃ

কোনও বিগ্রহ নাই: সকলে সমধেত

হইয়া নামকীর্ত্তন করেন। এই দেবালয়গুলিকে তাঁহারা নামঘর. কীর্ত্তন্তর বা সত্র বলেন। অসমীয়াগণ শঙ্করকে 'মহাপুরুষ' বলেন বলিয়া তৎপ্রবর্ত্তিত ধর্মও 'মহাপুরুষিয়া' নামে ক্ষিত হয়। অসমীয়া ভাষা শঙ্কর দেবের নিকট বিশেষভাবে ঋণী। এই দেশের বৈষ্ণবগণ স্বস্থাদায়ের বিশিষ্ট ব্যক্তিগণের আবির্ভাব ও তিরোভাবে সত্ৰসমূহে কীৰ্ত্তন-মহোৎসব করেন। বডপেটার প্রধান সত্তে একটি কীর্ত্তনঘর আছে, তাহার পার্থে ভোজ্বরে কোলিয়া ঠাকুর ও দোলগোবিন নামে ছইটি মৃতি এবং শঙ্কর ও মাধব দেবের পুঁথি, কেশ ও পদচিহ্নাদি স্যত্নে রক্ষিত হইয়াছে।

বড় বলরামপুর—মেদিনীপুরে, শ্রীশ্রামানন প্রভুর খণ্ডর জগরাথের বাস্থান।

বড় বেলুন—বর্দ্ধমান জেলায় B. K. Ry. ভাতার ষ্টেশন হইতে দেড় ক্রোশ পূর্বে দেমুড় গ্রামের নিকটবর্ত্তী, শ্রীঅনস্থ পুরীর শ্রীপাট।

বড় বেলুনের ছয় ক্রোশ ঈশান
কোণে দেমুড় গ্রাম—শ্রীল রুন্দাবন
ঠাকুরের শ্রীপাট। পুরী গোস্বামী
বড় বেলুনে কিছুদিন ছিলেন। বাঁধা
টিলা আছে। শ্রীশ্রীবাধাগোবিন্দের
সেবা। সেবায়েত—অধিকারীবংশীয়গণ।

২ খেলুনে শিবাই পণ্ডিতের শ্রীপাট।

বড়ানী মাধবপুর— চবিবল পরগণায়, মথুরাপুর রোড্ ষ্টেশন হইতে প্রায় ৪ মাইল পুর্বদক্ষিণকোণে অবস্থিত।

অত্রত্য চক্রতীর্থ, ত্রিপুরাম্বন্দরী, বদরিকানাথ ও সক্ষেত্যাধৰ প্রভৃতি বদরিকানাথের দ্রপ্রবা । প্রাচীন নাম—'অমুলিঙ্গ'। চক্রতীর্থ-সম্বন্ধে অত্রত্য প্রবাদ এই যে শিবের সহিত গঙ্গার মিলন-কালে জলস্রোতের গৰ্জন স্তব্ধ চইলে ভগীৱথ সন্দিগ্ধ চিত্তে পুনঃ পুনঃ শঙ্খধ্বনি করিতে থাকিলে গঙ্গা স্বকরম্বিত জ্যোতির্ময় চক্র উত্তোলন করিয়া তাঁহাকে দেখান বলিয়া ঐস্থানও 'চক্রতীর্থ'-নামে প্রসিদ্ধ হয়। চৈত্রী শুক্রা প্রতিপদে ঐ ব্যাপার সংঘটিত হয় বলিয়া উহাকে 'নন্দা'ও ৰলা হয়, কেননা প্রতিপত্তিথিকে জ্যোতিযশাস্তে নন্দা বলে। ঐ দিনে যদি শুক্রবার পড়ে. তবে নন্দায়ান উপলক্ষে এখানে ১৫।২০ হাজার যাত্রীর সমাগম হয়। বৎসকৃপ-মথুরায়, হোলিদরজার বাহিরে অবস্থিত।

বংসবন—(বচগাঁও) ব্রজে, পেটোর তিন মাইল দক্ষিণে, ব্রহ্মাকর্ত্ত্ব বংস-হরণের স্থান। কনক্সাগর, সহস্র-কুণ্ডাদি ছয়টি কুণ্ড। মাথন-চোর ও বংসবিহারীর মন্দির।

বদনগঞ্জ বা লাটহরিগঞ্জ—হগলি জেলায়। বনবিষ্ণুপুরের ১২ কোশ দুরে আউলিয়া মনোহর চৈতত্তের প্রীপাট। ইনি বিষ্ণুপুরের রাজা বীরহাদীরের গ্রন্থ-ভাণ্ডারী ছিলেন। ইনি দীর্ঘজীবী ছিলেন। ঐ স্থানে রঘুনাথ-নামক জনৈক ভক্ত ইহার সমাধি নির্মাণ করিয়া দেন।
বদরিকাশ্রেম—যুক্তপ্রদেশে গারো-

মালের অন্তর্গত বদ্রীনাথ—শ্রীনগর

হইতে প্রায় ৫৫ মাইল উত্তর-পূর্ব

কোণে অবস্থিত। (Asiatic Researches, Vol. XI. article X.)

বদরিনারায়ণ—ত্রজে, 'আদিবজীনাথ' দেখুন।

বদরীনাথ-ভ্যাকেশ হইতে ১৬৮ মাইল এবং কেদারনাথ হইতে ১০২ মাইল। অত্ত্য অলকাননায় মান করা যায় না, তপ্তকুণ্ডে মান কবিয়া মন্দিরে যাইতে শ্রীবদরীনাথের মৃত্তি শালগ্রাম হইতে প্রস্তুত ধ্যানমগ্ন ও চতুতুজ-বিশিষ্ঠ। ক্ষিত হয় যে স্ব-প্রথমতঃ এই মূর্ত্তি দেবগণ-কর্ত্তক অলকানন্দার নারদকুও হইতে প্রকট করিয়া স্থাপিত হয় এবং দেব্যি নার্দ্র উহার প্রধান অর্চক হন। বৌদ্ধযুগে বৌদ্ধগণ ঐ মুর্ত্তিকে বুদ্ধমূতি মনে করিয়া পূজা করিতে থাকে: শঙ্করাচার্য বৌদ্ধ-গণকে পরাস্ত করিলে উহারা তিকাতে পলায়ন-কালে মৃতিটীকে অলকাননায় নিক্ষেপ করে। শঙ্করাচার্য যোগবলে অবস্থান নির্ণয় অলকানন্দা হইতে বাহির করিয়া ঐ মন্দিরে পুনঃ প্রতিষ্ঠাপিত করেন। তৃতীয়বার তত্রত্য পূজারী যাত্রী না পাইয়া এবং খাত্ত-দ্রব্যের অভাবে ঐ মৃতিকে তপ্ত কুণ্ডে নিকেপ করিয়া অন্তত্ত চলিয়া যায়। ঐসমধ্যে পাত্তকেশ্বরে জনৈক ব্যক্তিতে ঘণ্টাকর্ণের আবেশ হয় এবং তিনি বলেন যে শ্রীনারায়ণের মৃত্তি তপ্তকুণ্ডে হইয়াছেন। এইবারে গ্রীসম্প্রদায়ী জনৈক আচার্য তপ্তকুণ্ড হইতে উহাকে বাহির করিয়া প্রতিষ্ঠিত করেন। বদরীনাথের

দক্ষিণে কুবেরের মৃত্তি, সম্মুখে উদ্ধব-মৃত্তি এবং বদরীনাথের বিজয়-বিগ্রহ বিরাজমান। এই বিজয়বিগ্রহট শীতকালে জোশীমঠে সেবিত হন। উদ্ধবজীর পাশেই চরণ-পাত্রকা। বামদিকে নরনারায়ণের মৃত্তি, সমীপে শ্রী ও ভূদেবী। মুখ্য মন্দিরের বাহিরেই শঙ্করাচার্যের গাদী আছে। দ্রপ্টবা— তপ্তকুণ্ড ও তরিমে পঞ্চশিলা; অলকানন্দার কিনারে কপালযোচন তীর্থ: অত্রি অনস্থ্যাতীর্থ, মানাগ্রামে অলকানন্ধার অপর তটে নর-नातांग्रां माठा मुखिरम्यीत मन्मित, িভাক্রী শুক্লা দাদশীতে এস্থানে মেলা হয়, নর্নারায়ণ ঐ তিথিতে মাতৃ-**मर्गरन** चारमन] मर्पथ, चर्गार्दाह्न, চরণ-পাত্নকা, উর্বশীকুও প্রভৃতি। বনছারিপ্রাম — ব্রজের উত্তর-গীমান্ত গ্রাম।

বনবিষ্ণুপুর-বাঁকুড়া জেলায়, রাজা वीत शांचीरतत ताज्यांनी - श्रीनिवाम আচার্য প্রভুর লীলানিকেতন। সপ্তদশ ও অষ্টাদশ খুঃশতালীতে বাংলা সমাজে বনবিষ্ণুপুরের রাজবংশ একটা নৃতন জীবন ও প্রেরণা আনিয়া-ছিলেন—এই নাট্যশালার প্রধান নায়ক রাজা বীরহামীর নূতন জীবন পাইয়া বঙ্গের সামাজিক জীবনেও একটা নৃতন জীবনের প্রেরণা দিয়াছিলেন। বনবিষ্ণুপুরকে কেন্দ্র করিয়া ছই শতাব্দী কাল বঙ্গের শিল্প, সাহিত্য ও সমাজ নৃতন ভাবে গড়িয়া উঠিয়াছিল (বৃহৎবন্ধ ১১০৮ পুঃ)।প্রেমবিলাস ও ভক্তিরত্নাকরে রাজা বীরহামীরের গ্রন্থচুরি, জীবন পরিবর্ত্তন, পদাবলী-রচনা ইত্যাদি

ज्रष्टेरा। ১१७६ थुः त्राब्रधानी छ তৎमन्निकरि ७७०ि मन्तित हिल। रेशामत অনেকগুলিই বীরহামীর ও তাঁহার বংশধরদিগের দারা গত ৩৫০ বৎসরের মধ্যে রচিত। মহা-প্রভুর ধর্ম মাধুর্যের সেরা। প্রেম ও অমুরাগপূর্ণ ধর্ম সাধারণকে শিল্পকলায় করিয়াছিল—দেই প্রেরণায় যে কি অফল ফলিয়াছিল, তাহা মন্দিরগুলি पिथितिहै खेठीयमान इहेर्द। (छे ১১১২ शृ:), वीब्रहाधीत देवकव धर्म গ্রহণ করিয়া যে সকল উন্নতি করিয়াছিলেন, তাহা রাজশ্রীর কুণ্ডলে নৃতন মুল্যবান্ মণিমুক্তা সংলগ্ন कतिया नियाष्ट्रिन । त्रह९नम् १६२-৭৫৬ পৃষ্ঠায় তৎসম্বন্ধে সবিস্তার আলোচনা করা হইয়াছে। বীর-হাম্বীরের সময় হইতে চৈতগুসিংহের (১৭৪৮-১৮০২) রাজত্বকাল পর্যস্ত विकृश्वत ताक्षांनी देवकव প্রচারের প্রধান কেন্দ্রস্বরূপ হইয়াছিল। রাজা গোপালসিংহ (১৭১২ খঃ) স্বরাজ্যে প্রত্যেক প্রজাকে প্রতিদিন নির্দিষ্ট সংখ্যক নাম জপ করিতে বাধ্য করিয়া-ছিলেন। বনবিষ্ণুপুরের নিম্নলিখিত মন্দিরগুলি প্রশিদ্ধ->। শ্রামরায়ের পঞ্চরত্র মন্দির, (১৬৪৬ খুঃ) ২। জ्याफ् वाश्या मिसत (১৬৫৫ थुः) ৩। কালাচাঁদের মন্দির (ঐ) ৪। লালজির মন্দির (১৬৫৮ খু:)— ৫। यूत्रनीरमाश्रमत मन्त्रित (১७६३ थुः) ७। मननर्गाभान मन्तित (व), १। यपनर्याद्यस्य (১७৯८ थुः)। —সর্বাপেকা উল্লেখযোগ্য বিখ্যাত

प्रवापन कामान->२कू हे ६३ हेकि मीर्घ, मूथ >> हे हिकि ও ভিতর >8 दे ইঞ্চি। বর্গীর আক্রমণ-কালে স্বয়ং शिक्ष मनगामतन অগ্নিসংযোগ করিয়া মহারাষ্ট্রীয়দিগকে তাডাইয়।-ছিলেন ['বিষ্ণুপুর' দ্রপ্টবা]। বয়ড়া গ্রাম-শান্তিপুরের পরপারে। এই স্থানে প্রীবাম্বদেব সার্বভৌম ও তাহার কনিষ্ঠ ভ্রাতা রত্নাকর বিজ্ঞা-বাচপ্রতির আদি निवाम ছिल। পরে ইঁহারা নবদীপের পাশ্ব-বতী বিস্থানগৱে বাস করেন। শ্রীমন মহাপ্রতু বিভাবাচপ্পতির গৃহে বয়ড়াতে গমন করিয়াছিলেন (জয়ানন্দের চৈ° ম° ১৪০ পৃ:)। বরাহক্ষেত্র—বৈতরণীর তটে যাজপুর গ্রামে শ্রীযজ্ঞবরাহ ও বিরজাদেবীর স্থান। ব্ৰহ্মা এখানে দশাখ্যেথ যজ্ঞ कतियाहित्नन यनिया अवः अ यख्ड श्टेराक्टे यख्यवताह व्यक्ते हन विवा ঐ ক্ষেত্রকে বরাহক্ষেত্র বলে। **বরাহদশন - হ্রদ—**ব্রঞ্জের যাযাবর, শৌকরী গ্রাম। (ভক্তি ।। ১২৮) আদিবরাহের আবির্ভাব-স্থান। বরাহনগর——(চক্ষিশ ছেলায়) পূর্বকালে বরাহ-নামক জনৈক সিদ্ধ পুরুষ এ স্থানে বাস করিতেন বলিয়া ইহাকে বরাহনগর বলা হয়। কাহারও মতে এই বরাহ মহারাজ বিক্রমাদিত্যের সভা-পণ্ডিত নবরত্বের একতম। এই গ্রামে পর্ত্তনীজগণ, ওলন্দাজগণ ও পরে ইংরাজগণ বাণিজ্যাভিপ্রায়ে বসবাস করত প্রাসাদ, বিচারালয় ইত্যাদি নির্মাণ করিয়াছিলেন। শ্রীবিষ্ণুপ্রিয়া-পত্রিকায় (414)

প্রকাশ যে কলিকাতা বাগবাজারনিবাসী ভক্তবর শ্রীকালীপ্রসাদ চক্রবর্ত্তী ও পরাণ চক্রবর্তী-নামক ছুই
লাতার প্রতি আদেশ হয়—'দি
পুদ্ধরিণীর পুর্বদিকে শ্রীভাগবতাচার্যের
পাট আছে। তথার তোমরা গমন
কর এবং যে স্থানের মৃত্তিকা খনন
করিতে সাপ বাহির হইবে, তাহাই
আচার্যের সমাধি বলিয়া জানিবে।
তথার মন্দিরাদি নির্মাণ করিয়া দিবে
এবং আগামী মাদী পূর্ণিমার দিনে
শ্রীশ্রীগোরনিত্যানন্দের প্রতিষ্ঠা করত

মারাৎসব করিবে।' এই আদেশের

ফলেই এই লুপ্ত ত্রীপাটটী উদ্ধার

পাইয়াছে। ত্রীল ভাগবভাচার্য প্রভুর ত্রীপাট হইতে কলিকাতা শ্যামবাজার দক্ষিণেশ্ব বাসে যাইতে হয় ৷ শ্রীগৌর-পদাঙ্কিত [চৈ° ভা° অস্তা শ্ৰীল ভাগবতাচার্যের 61220] বংশধরগণের বাসগ্রাম—ঘোড়ানাশা পোঃ চন্দুনি, জেলা বর্দ্ধমান। উহা ১৩৩৪।৪ঠা চৈত্র ১৯২৮।১৭ ফেব্রেয়ারী শনিবারে স্থনামধন্ত প্রীধৃক্ত রামদাস বাবাজী মহারাজের হস্তে আর্দে। বরাহর—ত্রজে, প্রীরুশাঘন হইতে বায়ুকোণে কিছু দূরে অবস্থিত-বরাহরূপে একুফের খেলান্থান। বরুণ তীর্থ-গিরিরাজের প্রান্তবর্তী ব্রহ্মকুণ্ডের পশ্চিমে অবস্থিত। वरतानी—बद्ध रेनवाड़ी अर्विपत्क

বর্ষাণ—(বরসানা)--ব্রজে শ্রীবৃষভামু

অবস্থিত।

নন্দগ্রামের

Ø

অতি মনোরম।

মহারাজের রাজধানী.

অবস্থিত।

मक्तिए

প্রাকৃতিক দুখ

গোপীগণ সাক্রিখোরে **इ**हेर्ट দ্ধি লুঠন করিয়াছেন। ভাদী শুক্লা ত্রয়োদশীতে এস্থানে দধি-नुर्धननीला ७ वृज़ीनीला रहा। विनाम-গড—শ্রীরাধাক্ষের বিহারস্থল। দানগডে প্রীক্ষ প্রীরাধার নিকট দান যাচ্ঞা করিয়াছিলেন। গহরর বনের বায়ুকোণে পর্বতের উপর ময়রকৃতী—এস্থানে <u> প্রীরাধারুফকে</u> বেষ্টন করত ময়ুরসমূহ পুচ্ছ বিস্তার-ক্রমে নৃত্য করিয়াছিল। মানগড়ে শ্রীরাধা শ্রীক্ষের প্রতি মান করিয়া-ছিলেন। ঐস্থানে মানমন্দির আছে। মানগড়ের উত্তরে জয়পুর রাজার মন্দির, তত্ত্তরে শ্রীজীর পর্ম স্থন্দর मिनत। मन्तित श्रहेर्ण नीटा याई-বার পথে শ্রীরাধার পিতামহ মহী-ভাক মহারাজের মন্দির দেখা যায়। বর্ষাণগ্রামের উত্তরাংশে প্রীকীতিদা মাতা ও শ্রীবৃষভান্ধ-বাবাসহ শ্রীদাম ও অষ্ট্ৰস্থীৰ মন্দিৰ। গ্রামের পশ্চিমে মুক্তাকুও বা রতনকুণ্ড-শ্রীক্বফের সঙ্গে বিরোধ করিয়া শ্রীমতী এখানে মুক্তার চাস করিয়াছিলেন। এগ্রামে ফারুনী শুক্লা অষ্টমী ও নবমীতে হোরঙ্গালীলা হয় এবং ভাদ্রী হইতে পূর্ণিমা শ্রীজির জনাতিথি উপলক্ষে উৎসবাদি সম্পন্ন হয় | বলাগড় – ব্যাণ্ডেল হইতে ১৬ মাইল দূরে। অত্রতা শ্রীরাধাগোবিন্দ মন্দির দ্ৰপ্তব্য । গঙ্গামাতা-বংগ্য গোস্বামি-গণের বাস। স্থার আশুতোষ মুখোপাধ্যায়ের পৈতৃক নিবাস ছিল এই বলাগড়ে। বল্লভপুর-ছগলি, জীরামপুর ষ্টেশন হইতে এক মাইল। শ্রীল কাশীখর ও রুদ্র পণ্ডিতের শ্রীপাট i তাঁহার সেবিত প্রীশ্রীরাধাবল্লভজীউ, অনস্ত-দেব, নারায়ণ, প্রীধর ও বাণলিক শিব ছুইটি আছেন। একিদ্ৰ পণ্ডিত <u> প্রীরন্দাবনে</u> শ্রীক্লফবিগ্রহ ও মঠ করিয়াছিলেন। পূর্বে রথযাত্রায় হইতে **শ্রীজগন্নাথ**জিউ মাহেশ শ্রীরাধাবল্লভ - মন্দিরে বল্লভপুরে আসিতেন, ১২৬২ সাল হইতে সেবাইতগণের মনোমালিন্ডে এখন আরু আসেন না। বল্লভপুরে মন্দিরের লিপিতে আছে:—'১৬৮৬ শকে নারায়ণচাঁদ মল্লিক ঐ মন্দির নির্মাণ করিয়াছেন'। 'A list of Ancient Monuments of Bengal' গ্রন্থে প্রীরাধা-বল্লভজীর কথা আছে। শ্রীরাধা-বল্লভজীর মন্দির পূর্বে গঙ্গার ধারেই উহা এখন ও বল্লভপুর

জলের কলের সীমার মধ্যে দৃষ্ট হয়।

ঐ মন্দিরের ভিতর-গাত্তে একথানি
প্রস্তার - ফলকে আছে:—This
building was occupied by
the Missonary Henry Martin
1806.

বল্লভপুরে গলার ধারে ১২৪৫
সালে কলিকাতার আনন্দময়ীদেবী
শ্রীপ্রীরাধাবল্লভজীর নামে একটি
ঘাট করিয়া দিয়াছেন। ঐ ঘাটের

খেয়াঘাটের উত্তরে এবং শ্রীরামপুর

সামান্ত পশ্চিমে ১২৫১ সালে ৩০শে মাঘ মতিলাল মল্লিক মহাশয় শ্রীশ্রী-রাধাবল্লভঞ্জীর একটি রাসমঞ্চ নির্মাণ করিয়া দিয়াছেন। রথযাত্রায়

শীরাধাবলভের

যতিটা

উৎসব।

ভাশ্বর্যশিল্পের স্থন্দর নিদর্শন।
বসভী—এজে, শ্রীরাধাকুণ্ডের পূর্বদিকে
অবস্থিত—শ্রীর্বভামু রাজার পূর্বনিবাসস্থল।
বসস্তপুর——মেদিনীপুর জিলায়,

বসপ্ত পুর—— যোগনাপুর ভিলায়, শ্রীরসিকানন্দের বিহারভূমি (র° ম°দক্ষিণ ১০৷২)।

বছলাবন (বাটী)—গ্রীব্রজমণ্ডলান্তর্গত, গাতোঞার চারি মাইল উত্তরে শ্রীকৃঞ্জীলাম্পদ ভূমি। গ্রামের উত্তরে বহুলাকুণ্ড। দক্ষিণ তীরে বহুলাগাভীর স্থান। গ্রামের প্রদিকে বলুরামকুণ্ড।

বা**ইগোন গ্রাম**-কাটোরার নিকটে, গ্রীনিবাসাচার্যের শিঘ্য ও খ্যালক রামচরণ চক্রবন্তির নিবাসস্থান।

বাকরপুর----(হগলি) গ্রীরন্ধনী পণ্ডিতের গ্রীপাট।

वाकला हस्प्रधीश— पूर्वकारण भावना,
ঢाका क्रिलात क्रिलाश्म, क्रितिन्त्र ও
वाश्रत्रक हस्प्रधीरित व्यक्षर्गठ हिल ।
वाक्ला वहिष्म शूर्वहे निष्मिर्श्व
शिव्राह्म । क्रिश्विष्म अर्थणानिवृद्धिनामक श्रह्म प्राप्त हेशत भूव गीमा
मधूमणी, भिक्टम हेशमणी निष्मी,
पिकर्म वाक्ला श्रम्म । व्याक्वरत्र
गमस्य वाक्ला श्रम्म । व्याक्वरत्र
गमस्य वाक्ला श्रम्म । व्याक्वरत्र
गमस्य वाक्ला श्रम्म । श्रीत्रामभूत,
श्रीत्रामभूत, श्रीत्रामभूत,

দমুজমর্দন-বংশীর রাজ্ঞাদের বাস ছিল। এই স্থানে শ্রীসনাতনপ্রভূর পিতৃদেব নৈহাটি গ্রাম হইতে আসিয়া বাস করেন। এই স্থানেই শ্রীসনাতন (শ্রীঅমর) প্রভূত্ব (১৩৮৬ শকে)

भारकामभूत ও देमिनभूत এই ठाति

महात्न উहा विज्रक हिन।

শ্রীসন্তোষ বা শ্রীরূপ প্রান্তু (১৩৯২ শকে) ও বল্লভ বা অমুপম (১৩৯৫ শকে) জন্মগ্রহণ করেন।

শ্রীলচন্দ্রশেষর আচার্যের এই দ্বীপে
বাস ছিল। তিনি শ্রীশ্রীনর্ত্তকগোপাল-সেবা প্রকাশ করেন।
বাগ সাঁচড়া গ্রাম—নদীয়া জেলায়,
শান্তিপুর হইতে তিন ক্রোশ উত্তরপশ্চিমে। চাঁদরায়ের প্রতিষ্ঠিত
১৫৮৭ শকের শিবমন্দির আছে। ঐ
চাঁদরায়কে অনেকেই ১২ ভুঁইয়ার
মধ্যে শ্রীপুরের চাঁদরায় বলিয়া নির্দেশ
করেন। মন্দিরের ইপ্তক-লিপিতে
আছে—শাকে বারমতক্ষবাশহরিণাঞ্জে—নান্ধিতে শঙ্করং, সংস্থাপ্যাশু মুদ্য

-লোলধ্বজ্ঞং, তৎপাদেরিত-ধীরধীরবিরতং খ্রী-চাঁদরায়ো দদৌ।
বাগনাপাড়া—বর্দ্ধমান জেলায়।
ইষ্টার্ণ রেলওয়ে বারহারোয়া লুপ
লাইনে কালনার পরের ষ্টেশন
বাগনাপাড়া। খ্রীবংশীবদন ও
খ্রীরামাই ঠাকুরের খ্রীপাট। ১৫১৩
শকাব্দে রামাই গোসাইর কালে
নির্মিত খ্রীঞ্জিফবলদেব খ্রীবিগ্রহের
খ্রীমন্দির অতীব মনোহর। মাঘ

श्रशकत-कत - की त्राप्तनी त्राप्तम ।

ত रिय लोशिमर मूमा ख्खनमा-निनीन

প্রাচীন বকুল বৃক্ষ আছে। ফুলদোল হেরাপঞ্চমী, গোষ্ঠান্টমী প্রভৃতি অত্তত্য পর্ব। হেরাপঞ্চমীতে কানাই

বলাই নগর-ভ্রমণে বাহির হন।

মাদে উৎসব হয়। যমুনা ও একটি

ত্রীবংশীবদনের পিতা ছকড়ি
চটোপাধ্যায় নবদীপের নিকট
পাটুলী-গ্রামে বাস করিতেন।
নবদীপে প্রাণবন্ধত প্রীপ্রীমহাপ্রভুর

শ্রীবিগ্রহ ইনিই নির্মাণ করেন।
শুনা যায় উক্ত শ্রীবিগ্রহের পদতলে
বংশীবদনের নাম অঙ্কিত আছে।
কুলিয়াপাহাড়পুরে শ্রীবংশীবদনের
জন্ম। পরে তিনি বিশ্বগ্রামে বাস
করিতেন।

বংশীবদনের পুত্র রামাই বা রামচন্দ্র
গোস্বানী ব্রজধামে প্রকল্পন তীর্পে
একটি শ্রীরামক্বফ বিগ্রহ প্রাপ্ত হয়েন
এবং তাঁহাকে লইয়া বাগনাপাড়ার
জঙ্গল কাটিয়া স্থাপন করেন। উহার
তিরোভাব—১৫০৬ শাকের মাধী
কৃষ্ণাতৃতীয়া।

বংশীবদন বিল্বগ্রামে প্রীগোরাল স্তাপন করিয়াছিলেন। শ্রীবন্দাবনে শ্রীরামাই পণ্ডিতের গাদি বলিয়া একটি মন্দির আছে। ঐ স্থানে শ্রীরাধামুরলীধরজীউ আছেন। উহা ১২৯৪ সালে ১৪ই বৈশাথে প্রতিষ্ঠিত হয়েন। গ্রামে প্রবেশ করিতেই বাজারপাড়া ও শ্রীকৃষ্ণ-বলদেবের বাড়ী। দ্বিতীয় গৃহে শ্রীমতীরাধা ও রেবতী দেবী ৷ প্রবেশদারের নিকট শ্রীগোপেশ্বর মহাদেব। তৃতীয় গৃহে—জগরাথ। वागानदकाला--((वखनदकाला) মাইল কাটোয়ার এক পশ্চিমে অজয় নদের নিকটে। অমুরাগ-শ্রীরামশরণ চটবাজের শ্রীপাট। ২ পণ্ডিতগদাধরের প্রশিষ্য যনোহর দাসের জন্মস্থান। বাজনা—ব্রজে, বলিহারার এক মাইল

বাজনা—ত্রজে, বালহারার এক মাইল নৈপত কোণে; দেড় মাইল পশ্চিমস্থ পাসোলিতে অঘাস্থর-বধ হইলে এখানে দেবগণ বাগ্যধ্বনি করেন। বাণগড়—দিনাজপুরে, অস্কুররাজ

এই नদीष्ठरात शिलन-ञ्चान चिल्रा

বাণের ছর্গ বলিয়া প্রবাদ। বাণপুর-S. E. Ry আমদা রোড ষ্টেশন হইতে উণ্টাদিকে हे মাইল দূরে। ঐ গ্রামে শ্রীল গ্রামানন্দ প্রভুর প্রবাদ-ঐথানে বিগ্ৰহ আছে। তাঁহার সমাধিও আছে। এই স্থানে শীরদিকানন্দ প্রভু দুষ্ট যবনরাজ আহম্মদ বেগকে ও গজপতি নুসিংহ-দেবকে রূপা করেন [র° ম° পশ্চিম २।६--७৮]। २ वांगताङात ८५× শোণিতপুর। গাড়োয়াল প্রদেশে মন্দাকিনী-তটে অবস্থিত (চৈ° ভা° मधा २०।৮৫)। বাণী প্রাম -- কিশোরগঞ্জ, মৈমনসিংহে। শ্রীনরোত্তম-ঠাকুরের শিষ্য দিথিজয়ী পণ্ডিত রূপনারায়ণ গোস্বামির

বাদাই——(বাদগ্রাম) ব্রজে,
প্রীহরিবংশ গোস্বামির জন্মস্থান।
বান্তাশিলা (বাজনশিলা) ব্রজে,
সাতোঞা গ্রামের নিকটবর্তী পর্বত
(ভক্তি (১১৪০৫)।

বংশধরগণের নিবাস I

वान्ती-बष्ड, कुख्यूत्त्र ष्ट्रे गार्टन অগ্নিকোণে, বান্দীকুণ্ড ও তাহার পূর্বতীরে আনন্দীবন্দী দেবী দর্শনীয়। বাবলা-(নদীয়া) শান্তিপুর সহর হইতে উত্তরে হুই মাইল। শান্তিপুর ষ্টেশন হইতে এক মাইল। প্রীপ্রী-অধৈত প্রভুর ভজন-স্থান বলিয়া ক্থিত। ঠাকুর হরিদাসও এথানে থাকিতেন। কুলপঞ্জিকায় বাবলার নাম আছে। পূর্বে যে এপাটের **मिश्रार्थ** शकारमवी প্ৰবাহিত হুইতেন, তাহার স্পষ্ট চিহ্ন দেখা যায়। এখন ঐ খাত ধাগ্যক্ষেত্র

ঐস্থানের মৃত্তিকা খনন-

হইয়াছে।

সময়ে প্রাচীন কালের মহোৎসবের মুৎপাত্রাদি বাহির হইয়াছিল। শুনা যায়--বাবলাতে শাস্তমুনি থাকিতেন। তাঁহার নিকট অদৈত প্রভু বাল্যে ১২ বৎসর বয়:ক্রম-কালে বেদান্ত ও শ্রীমন্তাগবত অধ্যয়ন করিয়াছিলেন। দেবালয়ে শ্রীঅবৈত-বিগ্রহ, শ্রীরামচন্দ্র ও এরাধাক্ষ-বিগ্রহ। সামান্ত দূরে আর একটি বেদী আছে: প্ৰবাদ— এ স্থানে অবৈত প্রস্তু ও হরিদাস ঠাকুর বসিয়া ভগবৎ-প্রসঙ্গ করিতেন। বামনপৌখেরা—(ভক্তি ১২।৩০৯— ৩৪৫) নবদ্বীপে মধ্যদ্বীপের অন্তর্গত বাহ্মণ-পুষর। বাহ্মণের তপস্থায় প্রীত হইয়া পুন্ধরতীর্থের আবির্ভাব-ভূমি। বারকোণাঘাট—(চৈ° ভা° ২৩।৩০০) শ্রীধাম নবদ্বীপে প্রাচীন গঙ্গাতটে মাধাইর ঘাটের পরবর্তী

(চৈ° ম° শেষ ৩।৫১)। वात्रणी-छाका, नातायगगरञ्जत अधीन. মেঘনা নদীর পশ্চিম তীরে। এই স্থানে ভক্তবর শ্রীল লোকনাথ ব্রহ্ম-চারী ১২৭০ সালে প্রথমতঃ আগমন करतन। ১২৯৭ সালে ১৯শে জোর্চ বয়:ক্রমে দেহরকা কাটোয়া মাধাইতলার নিকটে এই সম্প্রদায়ের আশ্রম আছে। বারাণসী--শ্রীকাশীধাম-শ্রীবিশ্বেশ্বর-मिनत, दिनीमाधवकी छे. छानवाशी, অন্নপূৰ্ণা, মণিকণিকা, দশাশ্বমেধ. হরিশ্চন্তের ঘাট, প্রীতপন মিখের ভিটা প্রভৃতি দৃশ্য। বরণা ও শদি—

ঘাট, এক্ষণে লুপ্ত। এই ঘাটের

নিকটে শ্রীল শুক্লাম্বর ব্রহ্মচারীর গৃহ

ছিল। এীমনাহাপ্রভুর গৃহসমীপবর্তী

বারাণদী নাম।
বারায়িত গ্রাম—মেদিনীপুর জিলায়
রয়ণীর নিকটবর্তী গ্রাম; এ স্থানে
দাশরথি রাম শ্রীরামেশ্বর শিব প্রতিষ্ঠা
করেন (ভক্তি ১৫।২৩—২৪)
(বারাজীত—র° ম° পূর্ব ৩।৩০)।
বারায়া—ব্রজে, বলিহারার নামান্তর।
বারিপদা—ময়ুরভঞ্জ জেলায়। ১৪৯৭
শকাকে বৈজনাথ ভঞ্জ এ স্থানে বুড়া

ইনি শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্য।
বাক্রইপুর—চিক্ষিশপরগণা জেলায়,
ভাষমগুহারবার রেলপথে বাক্রইপুর
ঠেশন হইতে নিকটবর্তী পল্লীতে শ্রীল
অনস্ত আচার্যের শ্রীপাট।

জগন্নাথের' মন্দির প্রতিষ্ঠা করেন।

বা**ছোঁ লী**—বজে, পয়গ্রামের চারি মাইল বায়ু কোণে, শ্রীক্ষের রাস-লীলার স্থল।

বালসাথাম—(রাধানগর) রামপুরহাট ষ্টেশন হইতে ৫ জোশ পূর্বে।
শ্রীমীনকেতন রামদাসের শ্রীপাট,
শ্রীকৃষ্ণ-বলরাম-সেবা। এখানে শ্রীমীনকেতনের সমাজ আছে।
বালহারা—বজে উনাইগ্রামের নিকট-

বালহার।—এজে ডনাহগ্রানের নিকট-বর্ত্তী—এখানে চতুর্মূপ ব্রহ্মা বৎস-বালকাদি হরণ করেন। বালাণ্ডা—কলিকাতা হইতে প্রায়

এগারক্রোশ দ্বে দেগন্ধার নিকটবর্তী প্রাচীন স্থান। মুসলমান অধিকারের পূর্বে ইছা নিম্নবঙ্গের 'বালবলভী' রাজ্যের রাজধানী ছিল। ছরিবর্ম-দেবের মন্ত্রী প্রসিদ্ধ নিবন্ধকার

ভবদেব ভট্ট বালাগুরি শাসনকর্ত্তা ছিলেন। তিনি এজক্সই 'বালবলগী-ভুজন্ব' উপাধি পাইমাছিলেন। **বালি**—হগলী সহরের যধ্যে। ঐ স্থানে শ্রীজগমোহন দজের গ্রহে ঠাকুর **এ**উদ্ধারণ প্রভুর দত্ত দারুময় প্রতিমৃত্তি প্রতিষ্ঠিত আছেন। বর্তমানে উহা হুগলী বড়ালপাড়া গৃহে সেবিত মদনমোহন দত্তের হইতেছেন। ঐ দারুময়ী বিগ্রহের চিত্ৰ 'বঙ্গভাষা ও সাহিত্য' মুদ্রিত হইয়াছে। এই মদনমোহন দত্ত প্রীউদ্ধারণ দত্ত ঠাকুরের বংশধর। অত্রত্য কল্যাণেশ্বর শিব অনাদিলিক ও 'জাগ্রত' দেবতা বলিয়া প্রসিদ্ধ। **বালিঘাটা—**মুশিদাবাদ জঙ্গীপুরের নিকট। এখানে ভক্ত সৈয়দ মতুজা জন্মগ্রহণ করেন ও ৮০ বর্ষ বয়ঃক্রমকালে দেহরক্ষা করেন। প্রতীর নিকট ছাপঘাটিতে ইঁহার সমাধি আছে। ইনি মুসলমান ফকির হইলেও বৈষ্ণৰ ধর্মের প্রতি ইঁহার প্রগাঢ় ভক্তি ছিল। শ্রীরাধাকৃষ্ণ-লীলাবিষয়ক স্থব্দর প্রদর পদ রচনা করিয়াছিলেন—

'দৈয়দ মতু জা ভণে, কামুর চরণে, নিবেদন শুন হরি। সকল ছাড়িয়া, রহিন্ত তুয়া পায়ে, জীবন মরণ ভরি॥' (পদকল্পতক চতুর্ব শাখা)

পদক্ষতক চতুব শাষা)
ভঙ্গীপুরে ইহার বংশধরগণ
আছেন।

বালি হৈত্ত প্রপাড়া—(জেলা হুগলী)
উত্তরপাড়ার দক্ষিণে। E. Ry বালি
টেশন হইতে হপ্তার বাজার দিয়া
পূর্বমূথে চৈতক্তপাড়া। প্রীচৈতক্ত
মহাপ্রেভু সন্ন্যাস লইয়া পুরী যাইবার
সময়ে গলার পশ্চিম তীরে তীরে গমন
করিতে করিতে বৈল্পবাটী নিমাইভীর্থের ঘাটে স্বস্থানের পর চাতরা

কোরগর প্রভৃতি হইয়া বালিগ্রামে জনৈক ভক্ত কায়স্থ-গৃহে অবস্থান করিয়াছিলেন। শ্রীযুক্ত অমৃতলাল ঘোষ মহাশয়দের পূর্বপুরুষ যথন বালিতে চৈত্রপাড়ায় বাস করিতেন, সেই সময়েই শ্রীমন্মহাপ্রভুর শুভাগমন হইয়াছিল। বর্তুমানে কোন নিদর্শন नार्छ । বাঁশদহ – জলেখরের নিকটবর্তী বাঁশদা বা বাঁশধা। প্রিগোরনিত্যানক-পদাঙ্গপূত (চৈ° ভা° অস্ত্য ২।২৬৪)। **এরিসিকানন্দ প্রভুর জীবনমহোৎসবের** স্থান (র°ম°উত্তর ১৬।১৪)। वारमोलि——(वारमामी) ললাপুরের নিকটবর্তী, এস্থানে শ্রী-ক্ষের স্থবাসে জগতের ধৈর্য নাশ হয় (ভজ্জি ৫।১৪১৪)। বসস্তকালে প্রীরাধাগোবিনের হোরীক্রীডাম্বল। বাহাত্তরপুর—(মুর্শিদাবাদে) বুধুরীর নিকট। শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য বংশীবদন চক্রবর্ত্তী ও শ্রামদাস চক্রবর্ত্তী ঠাকুরের শ্রীপাট। ইঁহারা এই স্থান হইতে বুধুরিতে, পরে আমিনাবাজারে গিয়া বাস করেন। ত্রীত্রীগোপীরমণজীউর সেবা। এই খামদাদের কন্তার সহিত

এই শ্রামদাদের কন্সার সহিত জাহ্নবা মাতার আত্মীয় বড়ু কৃষ্ণ-দাদের বিবাহ হয়। জাহ্নবা মাতাই উচ্চোগী হইয়া এই বিবাহ দিয়াছিলেন।

বিক্তমপুর—(চাকা) ঢাকা জিলার প্রসিদ্ধ স্থান। বারভূঞার মধ্যে রাজা টাদরায় ও কেদার রায়ের বাসস্থান। ইঁহারা শাক্ত ছিলেন। পরে শ্রীল নরোত্তম ঠাকুরের শিষ্য হন। শ্রীপুরে রাজধানী করেন। পদাবতীর তীরে

রাজবাড়ীর মঠ—ইহাদেরই কীতি। ইহাদের মাতৃদেবীর চিতাভস্মের উপরই ঐ মঠ। মুন্সীগঞ্জ হইতে তিন মাইল পশ্চিমে বিক্রমপুরের প্রাচীন রাজধানী রামপাল অবস্থিত। প্রবাদ —পালবংখ্য নুপতি রামপালের নামান্ত্রগারে স্থানের নামও রামপাল হইয়াছে। বিক্রমপুরে যে পালরাজ-গণের আধিপত্যবিস্তার হইয়াছিল— তাহার সাক্ষাম্বরূপে তত্ততা বিভিন্ন স্থানে প্রাপ্ত পাল্যুগের বহু শিল্প দ্রব্য, প্রস্তরমৃত্তি ও মৃন্তাস্কর্য পাওয়া গিয়াছে। সেনবংশীয় নুপতি বল্লাল সেনের সীতাহাটি তামফলকে 'স শ্রীবিক্রমপুর--সমাবাসিত-শ্রীমজ্জয়স্কন্ধাবারাৎ' এইরূপ লিখিত ঐতিহাসিকগণের কেছ আছে। কেহ মনে করেন যে এই শ্রীবিক্রমপুর বর্তমান রামপাল অভিন। বিক্রমপুরের বহু গ্রামে বৌদ্ধ ও হিন্দু দেবদেবীর মৃত্তি আবিষ্কৃত হইয়াছে। বহুকাল ধরিয়া সংস্কৃত চর্চা ও জোতিষের আলোচনার বিক্রমপুর প্রসিদ্ধ ছিল। আধুনিক দেশবন্ধ চিত্তরজ্ঞন দাশ, বিচারপতি স্থার চন্দ্রমাধব ঘোষ, বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্র বত্ম খ্যাতনামা মনীষীগণ এই বিক্রমপুরের লোক। শুনা যায় যে বিক্রমসেন-নামক সেনবংশীয় রাজাই বিক্রমপুর প্রতিষ্ঠা করেন। বাংলার শেষ হিন্দুরাজবংশ রামপালে বহুকাল করিয়াছেন। এস্থানে রাজত্ব বৌদ্ধর্মাবলম্বী রাজা চন্দ্ৰবংশ্য শ্রীচন্দ্রদেবের তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। 'লঘুভারত' গ্রন্থমতে

মহারাজ লক্ষণদেন রামপালে জন্মগ্রহণ করেন। এস্থানে বল্লাল-राष्ट्री (ब्ह्रान्टग्टनत त्राष्ट्रथानाम), বলালদীঘি, রামপালদীঘি প্রভৃতি বর্তুমান। রামপালের নিক্টবর্তী ধামদগ্রামে একখানি সোণার পুঁথি পাওয়া গিয়াছিল. ইহাতে ২৪টি পাতা এবং প্রত্যেক পাতাই ৩০ তোলা ওজনের। কেহ কেহ বলেন যে নালানা মহাবিহারের অধাক শীলভদ্র রামপালে জন্মগ্রহণ করেন। দক্ষিণ-পশ্চিম কোণে রামপালের প্রসিদ্ধ বজ্রোগিনী গ্রাম—ইহা ২৭টি পাড়ায় বিভক্ত, প্রতিটি পাড়া থেন এক একটা গ্রাম। ঐতিহাসিক-গণ বলেন যে এই গ্রামে স্থপ্রসিদ্ধ বৌদ্ধাচার্য দীপন্ধর প্রীজ্ঞান অতীশের জন্ম হয়। মহারাজ নয়পাল তাঁহাকে বিক্রমশীলা মহাবিহারের স্বাধ্যক্ষ-পদে বরণ করেন। রামপালের দেড় মাইল দূরে রঘুরামপুর গ্রামে চাঁদরায় ও কেদার রায়ের পূর্বে রঘুরাম ছিলেন। বিক্রমপুরের রায় রাজা বহু প্রাচীন কীতিলোপ করিয়া পদ্মা 'কীৰ্তিনাশা' যথাৰ্থতঃ নাম পাইয়াছে।

১। কেদার রায় ও চাঁদরায়ের
বিপ্রহের মধ্যে শ্রীস্থবনেশ্বরী মৃত্তি—
বর্ত্তমানে নদীয়া জেলার কালীগঞ্জের
অধীন লাখুরিয়া গ্রামে শ্রীষুক্ত
ষষ্ঠাদাস মুখোপাধ্যায়ের বাটতে
আছেন। ঐ দেবীর পদতলে লিখিত
আছে—শ্রীকেদার রায়।

২। শ্রীশিলা মূর্ত্তি—মানসিংছ
১৬০৪ খৃঃ যুদ্ধ জয় করিয়া ইহাকে
জয়পুরের অম্বরে লইয়া যান।

৩। শ্রীকালীমাতা বিক্রমপুরে আছেন।

 ৪। শ্রীছিন্নমন্তা দেবীর কোন সন্ধান পাওয়া যায় না।

বিদ্বরাজ তীর্থ— নপুরার যমুনাতীর-স্থিত বিশ্রাম ঘাটের উত্তর দিকের ঘাট (ভক্তি ১।৩০৯—১০)। এঘাটে অষ্টমী, দশমী ও চতুর্দশীতে স্নান

করত শ্রীগণেশের দর্শন বিধেয়।
বিছোর—ব্রঞে, বৈঠানের বায়ুকোণে
অবস্থিত (ভক্তি এ১৪০৯)। সধীগণের সহিত শ্রীরাধিকা এম্বানে
শ্রীক্ষয়ের সহিত বিলাস করেন। গৃহে

আস্কুকের নাহত বিসাধ করেন। সূত্র যাইবার কালে কিন্তু উভয়ই বিচ্ছেদ-হেতু অত্যম্ভ কাতর হইয়াছিলেন।

তলভদ্ৰা

বিজয়নগর —দাক্ষিণাত্যে

নদীর তটে অবস্থিত (হাম্পি)
বিজ্ঞানগর—বেলারি হইতে ৩৬ মাইল
উত্তর-পশ্চিম কোণে। ২ মালবরাজ্যে সিন্ধু ও পারানদীর সঙ্গমন্থলে
অবস্থিত—কবি ভবভূতির জনমন্থান।
৩ গোদাবরীতটে বর্তমান রাজমহেল্রী। 'বিজ্ঞানগর' দেখ। ঞ্রী-

৯৷১৯৫) এবং রাজ। প্রতাপরুদ্রের যুদ্ধরসন্থান (চৈ° ভা° অস্ত্য ৩২৭০)। বিজুয়ারী—ত্রজে, খদিরবনের পশ্চিমে,

নিত্যানন্দ-পদাঞ্চপুত (চৈ°ভা° আদি

শ্রীকৃষ্ণবলরামের মধুরাযাত্রাকালে অক্রের রথে আরোহণের স্থান। মধুরা-প্রয়াণে শ্রীকৃষ্ণ রথে আরোহণ

করিলে গোপীগণ এম্বলে বিদ্যুৎপুঞ্জের

ভার মৃছিতাবস্থায় পড়িয়াছিলেন বলিয়া স্থানের নাম হয়—বিহুদ্বারি

বা বিজো-আরি।

বিজোলী—ভাগুরিবনের পূর্বসংলগ্ধ-গ্রাম। ইহার নামাস্তর—ছাহেরী। ভাণ্ডীরবনে খেলার পর শ্রীকৃঞ্বলরাম স্থাগণস্হ এখানে ছায়ায় বসিয়া ভোজন করিয়াছেন।

বিদর্ভনগর—বেরার, খান্দেশ, নিজাম রাজ্যের ও মধ্যপ্রদেশের কতকাংশই বিদর্ভ। প্রধান সহর—কুণ্ডিননগর ও ভোজকটপুর। 'বিদর্ভনগর' বলিতে কুণ্ডিননগরই বোদ্ধব্য। ভীম্মকের রাজধানী, ভীম্মক-দ্বহিতা কৃক্মিণীর সহিত শ্রীকৃষ্ণের বিবাহ হয় (ভা ১০০৫০,৫৪ অধ্যায়)।

বিভানগর - না বিভাপুর (পোর বন্দর নত্ত্র্মান নাম) শ্রীরামানন্দ রায়ের সময়ে ইহা রাজধানী ছিল। গোদাবরীর দক্ষিণ তটে গোদাবরী নদীর সাগর-সঙ্গমে অর্থাৎ কোটদেশে ছিল। ঐ প্রদেশ তৎকালে 'রাজমহন্দ্রী' নামে খ্যাত ছিল। কাহারও মতে বিভানগর গোদাবরীর উত্তর-পারস্থিত রাজমহেন্দ্রী হইতে পূর্বদক্ষিণ ২০৷২৫ মাইল দ্রে। শ্রীপৌরাঙ্গপদাঙ্কপৃত স্থান [ৈচ ° চ ° মধ্য ৮৷৩০০]।

ইখা বিজয়নগর, ভিজিয়ানগর্ম ভিজিয়ানাগ্রাম नरह: भी-প্রতাপক্ষদ্রদেবের অনন্তবর্মন অমু-শাসন হইতে জানা যায় যে তাঁহার পিতা পুরুষোত্তমদেব কর্ণাট দেশের রাজধানী বিচ্যানগর আক্রমণ করত কণাটরাজ नुगिःश्टक পরাজিত সেই বিভানগর বিস্থানগরীই বিজয়নগরের প্রাচীন **ছিল** | [Sources Vijoynagar History by Prof. S. Krishnaswami Ayyangar, University of Madras, 1919

pp 106, 170.] M. S. M. Ry ওয়ালটিয়ার মাজাজ লাইনে রাজ-মহেন্দ্রীর পরে গোদাবরী ও তৎপরে 'কভুর' ষ্টেশন। এই ষ্টেশনটি গোদাবরীর পশ্চিম তীরে। কছুরে গোপদতীর্থে মহাপ্রভু স্নান করিয়া রায় রামানন্দৈর সহিত মিলিত হুইয়াছিলেন। গোষ্পদতীর্থের উপরে অগ্যাপি শ্রীহনুমদ্বিগ্রহ বিস্তমান। আছে বে পুরাকালে জনৈক রাজা 'রাজমহেন্দ্র'-নামে পুণ্যতোয়া গোদাবরীর তীরে তাঁহার ব্রাজধানী স্থাপন করিয়া উহাকে দ্বিতীয় কাশীক্ষেত্রে পরিণত করিবার हेकाय (कार्तिनिक প্রতিষ্ঠা করিয়া-ছিলেন। অন্তাপি 'কোটিলিঙ্গতীর্থ' নামে প্রসিদ্ধ। বিস্তানগর^২—বর্দ্ধমান **हाँ भारा है । इंग्लिस** है सारे हैं प्राप्त । শ্রীবাম্বদেব সার্বভৌমের ইনি এল মহেশ্বর বিশারদের পুত। শ্রীগঙ্গাদাস পণ্ডিতের ट्रोनराति हिन-श्रीयशाश्र देशावरे টোলে কলাপ ব্যাকরণ পড়িতেন। বিভাপুর-দান্দিণাত্যে বিভানগর-

প্রীরামানন্দ রায়ের বসতি-স্থান। বিদ্যাঘারি—(বিজোয়ারী) ব্রজে, নস্প্রামের অগ্নিকোণে অবস্থিত গ্রাম

বিশুপুর-(?) শ্রীল অভিরাম-গোপালের শিষ্য রামক্বঞ্চ দাসের গ্রীপাট।

(ভক্তি ৫।১১৭৭, ৮৬)।

वितामश्रत-एका किनाव। রাঘবপণ্ডিত-বংশের <u>a</u>-বাস। গোপীনাথ ও প্রীকানাইবলাই-সেবা। निना-बाजनाजमत, नमीजनाइन. শ্রীশ্রীধর শ্রীবংশীবদন। এবং গোয়ালন হইতে আরিচা বা শিবালয়ে নামিয়া চারি ক্রোশ উত্তরপূর্ব কোণে বিনোদপুর।

ঐ বিনোদপুরের অন্তর্গত বিষম-একটি প্রাচীন বিষ্ণুমন্দির আছে। উহা 'মঠবাডী' নামে খ্যাত। পূৰ্বে ঐ স্থানে একটি দীৰ্ঘিক। ছিল। ঐ দীর্ঘিকার পূর্বদক্ষিণ কোণে উক্ত মঠবাড়ী-নামক মন্দির। পূর্বে **अ** भर्छत काष्ट्र पिया शरमध्ती नही প্ৰবাহিত হইত।

প্রবাদ—সেন বংশের এক ভক্ত রাজা স্বীয় শ্রীবিগ্রহকে সঙ্গে मुक রাথিয়া নিজ রাজ্বাপাট দৰ্শন করিতেন। তিনি বিনোদপুরে যখন আহিতেন, তথন ঐ মন্দিরে খ্রী-বিগ্ৰহকে রক্ষা করিয়া করিতেন। বিগ্রহের প্রস্তরাসনটি অন্তাপি আছে।

বিন্দুসরোবর-কর্দম ঋষির আশ্রম. গুর্জর দেশে সিদ্ধপুরে অবস্থিত (ভা ১০।৭৮।১৯ তোষণী)। এীপ্রী নিত্যানন্দ-পদান্ধিত (চৈ° ভা° আদি ৯।১:৯)। ২ ছুবনেশ্বরের মন্দির-পার্শ্বরতী কুও। তীরে প্ৰকাণ্ড শ্রীঅনস্তবাম্রদেব বিরাজমান। ইহাতে গ্রীমদনমোহন ও গ্রীঅনম্ববাম্বদেবের চৰানযাত্ৰা. ভলকেলি ইভাাদি সম্পাদিত হয়। শ্রীগৌরপদান্ধিত (टेंड° ड° मधा थाऽ८०, ऽ७।३३)। প্রকাশ-বিবরণ—ভূবনেশ্বরী শন্তুর মুখে বারাণসী হইতেও একাত্রক মাহাত্ম্যাতিশয় ক্ষনিয়া বনের গোপালিনী মৃতিতে তথায় বিচর করিতেন। একদা 'ক্নন্তি' ও 'বাস'

নামক ছুই অন্ধর-সেই বনে সেই लाभानिनीत त्रीमर्थ-पर्भरन चाक्रष्टे হয়। মহাদেবের মুখে তিনি সেই অম্বরহয়ের আমুপুর্বিক ইতিহাস এবং के छूटे डार्ट (पनीत्रहे वशा विन ' অবগত হইয়া পদদলনে উহাদিগকে বিনাশ করিয়া ভূঞার্ত্ত অবস্থায় নিম্রিতা হন। মহাদেব দেবীর তৃষ্ণা নিবারণজন্ম ত্রিশুলাগ্রঘারা যে বাপী নির্মাণ করে, তাহার নাম হয়-'শন্ধরবাপী'। আবার ভুবনেশ্বরীর ইচ্ছাক্রমে তিনি তথায় একটি নিত্য প্রতিষ্ঠিত জলাশয় প্রকাশের জন্ত নিখিল তীর্থের আবাহন ও জলাশর-প্রতিষ্ঠায় যজ্ঞ-কার্যে ব্রহ্মাকে আনয়ন করিবার উদ্দেশ্তে বৃষভকে নিযুক্ত করিলেন। আহুত ব্রহ্মা দেবগণ-সহ তথার আসিলেন। বুষভ মন্দা-তীৰ্থকে কিনী প্রভৃতি যাবতীয় করিয়া আনিলেন। ভূবনেশ্বর ত্রিশূলাঘাতে পাষাণ বিদীর্ণ করত বলিলেন—'আমি এম্বানে হ্রদ নির্মাণ করিব, তোমরা বিশ্ববিশ্ব করিয়া এই স্থানে গলিত হও'। हरेल जनार्षन. আদেশ পালন ব্ৰহ্মাদি এবং সপরিকর দেবগণ মহাদেব তাহাতে गानटम প্লান তিনি করিলেন। আবার বর দিলেন—শঙ্করবাপীতে স্নান করিলে শিব-সারূপ্য এবং বিন্দুসরোবরে স্নানে শিব-সালোক্য লাভ হইবে। বিদ্যাচল- প্রীযোগমায় (परी। এই দেবী কংসের হাত হইতে

উৎক্ষিপ্ত হয়েন। পর্বতের উপরে

অপর বিদ্ধাবাসিনী দেবী আছেন।

অষ্টভুজা—দেওয়ালে গাঁপা।

গঙ্গাঘাট হইতে অনতিদূরে সিংহ-বাহিনী চতুত্বজা, যোড়শবর্ষা ও কন্মাকৃতি।

বিপাশা—পঞ্চাবের পঞ্চনদের অন্ততমা
নদী (Beas)। শতক্রের সহিত
মিলিত হইরাছে। শ্রীনিত্যানন্দপদান্ধিতা (চৈ° ভা° আদি ৯।১২৯)।
বিপ্রশাসন—উৎকল দেশে ব্রাহ্মণপল্লীর নাম (চৈ° চ° মধ্য ১৩।১৯৪)।
বিমলকুণ্ড—ব্রজে, কাম্যবনস্থিত বৃহৎ
সরোবর (ভক্তি ৫।৮৪৫)।

বিরজা—কারণার্ণবিস্থিত নদী (ৈচ° চ° আদি ৫।৫১, মধ্যে ১৫।১৭৫)।

২ উৎকলে যাজপুর-মধ্যবর্তী ক্ষেত্র (ৈচ° ম° মধ্য ১৫।৭৫)। কপিল-সংহিতায় (৭।২—১৬) বিরজাক্ষেত্রের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। এস্থলে বিরজাদেবীর দর্শনে জীবের রজোগুণ দ্রীভৃত হয়। পুরাকালে ব্রদ্ধা পৃষ্টিরক্ষার্থ এই স্থনির্মল বিরজ্ঞাপ্রদ্বের প্রকাশ করিয়াছেন।

বিরাট—রংপুর জেলায় গোবিন্দগঞ্জ থানায় অবস্থিত। মহাভারতের বিরাট রাজার বাড়ী বলিয়া কথিত। বিলছু কুণ্ড—শ্রীগিরিরাজের প্রাস্ত-বর্তী যতিপুরার দেড় মাইল উত্তর পশ্চিমে। এই কুণ্ডে শ্রীশ্রীহরিদেব প্রকট হইয়াছিলেন।

বিলাস পর্বত—ব্রজে, বরসানার অবস্থিত 'বিলাস-গড়'। এ স্থানে মনোরম হিণ্ডোলা, রাসমণ্ডল ও বিলাস-মন্দির আছে (ভক্তি ৫।৮৯৪)। বিঅগ্রাম—(নদীরা) এই স্থানে শ্রীল বংশীবদন ঠাকুর শ্রীশ্রীপ্রামান-বিগ্রহ স্থাপন করেন এবং শ্রীধাম নবদ্বীপেও ইনি শ্রীশ্রীপ্রাণবল্পতবিগ্রহ স্থাপন

করিয়াছিলেন।

বিঅপক্ষ গ্রাম—নবদ্বীপান্তর্গত বেল-পৌথৈরা (ভক্তি ১২।৭৭২—৭৯২) খ্রীনীলাম্বর চক্রবর্ত্তির বাসভূমি। বিঅবন—ত্রজে, শ্রীবৃন্দাবনের উত্তর-

দিকে যমূনাপারে। বিশাখা কুণ্ড--জীরাধাকুণ্ডের সন্নিহিত,

২ কাম্যবনে, ওনন্দগ্রামে। বিশালা—(ভা°১-।৭৮।১০) বৈঞ্চব-

বিশাল।—(ভা ১ গণ চা১০) বেঞ্চব-তোৰণীমতে—অবস্তী; ২ গরস্বতী-তীরবর্তী বিশাল-নামা তীর্ব, ৩ বদরিকাশ্রম। শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপৃত (চৈ° ভা° আদি ২।১২০)।

বিশ্রামঘাট—মধুরার, যমুনার তীর-বর্তী স্থনামগুদিদ্ধ তীর্থ। নিকটেই গতশ্রম শ্রীবিগ্রহ।

বিশ্রামতলা—ভরতপুর হইতে ছুই
মাইল উত্তরে। মুর্শিদাবাদ জেলায়।
স্থানটি 'ধোপাহাট'-নামক গ্রামমধ্যে
কুয়ে নদীর তীরে। গলা পূজা বা
দশহরার দিনে মেলা হয়। শ্রীমহাপ্রান্থ
সন্ন্যাসের পরে রাঢ়দেশে ভ্রমণকালে ঐ স্থানে বিশ্রাম করিয়াভিলেন।

বিশ্রামতলী—কুলাই গ্রামের নিকট,
বর্জমান জেলায়। অজয়ের ধারে।
কৈচর প্রেমন হইতে হুই ক্রোল।
মহাপ্রভু এখানে বিশ্রাম করিয়াছিলেন। একটি প্রাচীন বৃক্ষতলে
বেদী আছে।

বিশ্রামতীর্থ—(বিশ্রান্তিঘাট) মধুরা-স্থিত প্রসিদ্ধ ঘাট, কংসাম্পর-বংধর পর শ্রীকৃষ্ণ এখানে বিশ্রাম করিয়া-ছিলেন (ভক্তি ৫।১০৬)।

বিশ্বগ্রাম—(?) শ্রীল অভিরাম গোপালের শাখা ঠাকুর বলরামের বসতিস্থান।

ভেরাম ষ্টেশন।

মন্দির নির্মিত হয়।

বিষ্ণুকাঞ্চী—কঞ্জিভেরাম্ বা শিবকাঞ্চী হইতে পাঁচ মাইল। শ্রীবরদরাজ বিষ্ণু ও অনস্তদরোবর আছে।
শ্রীগোরনিত্যানন্দ-পদান্ধিত (চৈ ° চ °
মধ্য ৯৬৯, চৈ ° ভা ° আদি ৯।১১৮)।
বৈশাখ মাসে রুক্ষা চতুর্থীতে শ্রীবরদরাজের ভোগমৃত্তি রবে আরোহণ
করিয়া নগর প্রদক্ষিণ করেন।
S. Ry. মাদ্রাজ হইতে চিন্দেলপুট, তথা হইতে ব্রাঞ্চ লাইনে কঞ্জি-

বিষ্ণুপুর'—(বাঁকুড়া জেলায়) *।

শ্রীল শ্রীনিবাস আচার্য প্রভুর লীলানিকেতন এবং প্রথম বিশ্রাম-স্থান।
পরলোকগত রাধিকানাথ গোস্বামির
বাটীর নিকট প্রাচীন অশ্বখ-বৃক্ষতলে
বিশ্রাম করিয়াছিলেন। ঐখানে
একটি ভগ্ন মন্দির আছে। রাজা
দ্বর্জন্ব সিংহের সময়ে শ্রীশ্রীমদনমোহন-

শুনা যায় বিষ্ণুপুরের মূন্ময়ী দেবীই
আদি প্রাচীন ঠাকুর; বিষ্ণুপুরের
রাজবাটী-সংলগ্ন যে মূন্ময়ী দেবী
আছেন, ঐ স্থানটি প্রাচীন বটে,
কিন্তু এক্ষণে প্রাচীন মূন্ময়ী দেবী
নাই। ২৫।৩০ বংসর পূর্বে এক
পাগলিনী মূন্ময়ী দেবীকে চুরি করিয়া
লইয়া গিয়া জললে ফেলিয়া দেয়।
তংপরে কাদাকুলি গ্রামের রামরূপ
ভট্টাচার্য দেবীকে কুড়াইয়া লালবাঁধের উপর রক্ষা করেন—সর্ব-

^{*} বিষ্ণুপ্রের বিস্তৃত বিবরণ অভয় মল্লিক-কৃত:—1. History of the Vishnupur Raj. 2. Annals of the Bankura District.

মঙ্গলারপে ৷

विकृशूत शराम भागात निकरि অখিল কবিয়াজের বাড়ীতে খ্রীনিবাস আচার্য প্রভুর কার্চপাত্রকা আছে। শ্রীয়ত্বনাথ সরকার-কর্ত্তক বিলাত হইতে সংগৃহীত 'বহারি-স্থান' নামক হস্তলিখিত ফারগী পুস্তকে (৬ পঠায়) লিখিত আছে-১৬০৮ थृष्टोत्क जाराक्षीत्वत त्राज्यकाल বঙ্গের ত্মবাদার ইসলাম খাঁ-কর্ত্তক প্রেরিত সেখ কামালের নিকট (বিষ্ণুপুররাজ) বীরহামীর মুঘল-বগুতা স্বীকার করেন। রাজা বীর-हांशीत कानिकी वाँरधत निकार শ্রীরাধারমণজীর মন্দিরে ও তাহার নিকট একটি নিভূত কুঞ্জে ভক্ত-সঙ্গে ইষ্ট-গোষ্ঠী করিতেন।

রাজা বীরহাম্বীরের সভাতে যিনি
ভাগবত-পাঠক ছিলেন, পরে শ্রীনিবাস-প্রভুর শিঘ্য হয়েন—তাঁহার
নাম পণ্ডিত ব্যাস চক্রবর্তী। বর্তমানে
তাঁহার বংশধর শ্রীল অনস্তলাল
চক্রবর্তী বিষ্ণুপুর সহরের মধ্যে হাজরা
পাড়ায় বাস করেন।

J. H. Marshal সাহেব-ক্বত
Archæological Survey
Reports গ্রন্থে বিষ্ণুপুরের ১১টি
মন্দিরের এইরূপ বিবরণ আছে:—
১৬২২ খৃঃ শ্রীমন্নেখর-মন্দির (রাজা
বীরসিংহ)। ১৬৪০ খৃঃ শ্রীকামরার,
১৬৫৫ খৃঃ জোড় বাললা বা রুফ্ডরার,
এবং ১৬৫৬ খৃঃ শ্রীকালাচাদের মন্দির
(রঘুনাথসিংহ)। ১৬৫৮ খৃঃ শ্রীলালজীর
মন্দির, (রাজা বীরসিংহ)। ১৬৬৫
খৃঃ শ্রীমদনগোপাল-মন্দির (রাণী
শ্রীর্মণী চুড়াখিন বা চারুমনি)।

১৬৬৫ খৃঃ প্রীমুরলীমোহন-মন্দির
(প্রস্তর্গলিপিতে চাক্রমণির নাম
আছে)। ১৬৯৪ খৃঃ প্রীমদনমোহনমন্দির (স্কুর্জার সিংহ)। ১৭২৬ খৃঃ
জোড়মন্দির (গোপাল সিংহ)।
১৭২৯ খৃঃ প্রীরাধাগোবিন্দ মন্দির
(কৃষ্ণসিংহ – গোপাল সিংহের পুত্র)।
১৭৩৭ খৃঃ প্রীরাধামাধ্ব (রাণী চাক্রমণি)। ১৭৫৮ খৃঃ প্রীরাধাশ্যম
(চৈতক্ত সিংহ)।*

এই বংশের সর্বপ্রথম রাজা আদি
মল হইতে মল্লাক্ গণনা করা হয়।
উহা খৃষ্টাক্ ৬৯৫ হইতে আরক
হইয়াছে। এই মল্লাক্ষের প্রথম মাস
ভাদ্রমাসের শুক্রা ছাদশী তিথি
হইতে আরম্ভ হয়। ঐ দিনে
বিষ্ণুপ্রের রাজগণ ইন্দ্রদেবের পূজা
করিয়া থাকেন। প্রথম বৈষ্ণব রাজা
বীর হান্ধীর আদি মল হইতে ৪৮
সংখ্যক রাজা ধারী মল্লের পূত্র।

ताखा वीत शाषीत श्रीनिवागागर्ष প্রভূর নিকট দীক্ষা গ্রহণ করেন।
শ্রীল প্রীজীবগোস্বামী প্রভূ ইহাকে
'প্রীচৈতন্ত দাস' আখ্যা দেন। বীর
शাषीরের মহিষীর নাম প্রীমতী
স্থলক্ষণা দেবী। ইঁহার ছাই পুত্র।
প্রথম ধাড়ীহাম্বীর, দ্বিতীয়—রঘুনাথ
সিংহ। বীরহাম্বীর বিষ্ণুপুরে
শ্রীকালাচাঁদ বিগ্রহ প্রতিষ্ঠা করেন।
ক উৎসবে প্রীনিবাস আচার্য প্রস্কু
উপস্থিত ছিলেন। প্রীপ্রীকালাচাঁদ
মন্দির রাজার ২য় পুত্র রঘুনাথ সিংহ
নির্মাণ করেন।

কথিত আছে – বিষ্ণুপুরের প্রধান

বিগ্রহ বীরহামীর কর্তৃক আনীত হন।

এক্ষণে ঐ প্রীপ্রীমদনমোহনজীউ বিষ্ণুপুরে নাই। ইনি কলিকাতা বাগবাজারে পরলোকগত গোকুল মিত্রের
ভবনে বিরাজ করিতেছেন। ইহার
কারণ 'বিষ্ণুপুর ইতিহাসে' বিবৃত
আছে।

উপরোক্ত শ্রীবিগ্রহ ও মন্দির ভিন্ন
বিষ্ণুপুরের চারি দিকেই বহু দেবদেবী-মন্দির দৃষ্ট হয়। অনেক
মন্দিরে দেবতা এখন নাই। রাজ্ঞবাটীর নিকটেই মুমায়ী দেবীর মন্দিরের অতি
নিকটে————শ্রীশ্রীরাধাখ্যাম-মন্দির।
উহার প্রস্তরফলকে ১৬৮০ শক
লিখিত আছে। ঐ মন্দিরে ছুই
যুগল নিতাই-পৌর বিগ্রহ আছেন।
মূল শ্রীবিগ্রহ শ্রীরাধাখ্যামই আছেন
এবং অস্তান্ত মন্দির হুইতে এই
স্থানে শ্রীবিগ্রহগণকে আনিয়া রাখা
হুইয়াছে।

প্রাচীনকালের ধাতৃ - নির্মিত ক্ষুদ্রাকারের একটি অপ্টাদশভূজা ত্র্গা-মৃত্তি আছেন।

ইহা ভিন্ন প্রাচীন গৈট, ছর্পের
গড়খাই, ছর্পের উপরে ছুইটি কামান
এবং 'দলমাদল কামান'। দলমাদল
কামান ৮৮০ হাত লম্বা, মুখের বেড়
৬৯০ হাত, গাত্রে ফারসী লেখার
আছে যে ইহার নির্মাণ-ব্যন্ন এক লক্ষ্
শাঁচিশ হাজার টাকা। পূর্বে ইহা
মাটীতে পড়িরাছিল। ১৯১৯ সালে
Bengal Government একটা উচ্চ
প্রস্তর বেদী করিয়া তাহাতে রক্ষা
করিয়াছেন। লাল বাঁধ, প্রোকা
বাঁধ, কৃঞ্বাঁধ ভিন্ন যমুনা বাঁধ,

শ্বরপদ মলিক-ফুত ইংরাজী
 কিন্দুপুররাজা গ্রন্থের ১০৫ পৃঃ।

2266

कानिको वाँभ প্রভৃতি १। । है तुहर বাঁধ আছে।

গুমগড়ের বিষয়ে প্রবাদ—উহাতে অপরাধীগণকে নিক্ষেপ করা হইত। ইহা গোলাকার খুব উচ্চ। উপরের মুখ খোলা, উহা ভিন্ন ভিতরে প্রবেশ করিতে বা বাহিরে আসিতে আর কোন পথ নাই।

প্রীপ্রীরাসমঞ্চ—ইহার ১০৮টি দরজা। পূর্বে নগরের যাবতীয় বিগ্রহ রাসের এখানে সময় আগমন

করিতেন। বিষ্ণুপুর—(১) রাজা বীরহামীরের

(२) धीनिवान-भिद्य ब्राम पारमब. (৩) প্রসাদ দাস কবিপতির, (৪) গোকুল দাস মহান্তের, (৫) বলবী কবিপতির এবং (৬) ব্যাসাচার্যের শ্রীপাট।

यूर्निपकुनी थाँ वन्नदम्भदक ১৩ চাকলায় বিভক্ত করেন। তন্মধ্যে বিষ্ণুপুর জমিদারী বর্দ্ধমান চাকলার অন্তর্গত ছিল। মুসলমান-বিজয়ের বহুপূৰ্ব হুইতে বিষ্ণুপুরের রাজারা স্বাধীন অধীশ্বর ছিলেন। মোঘল ও পাঠানেরা ইহাদের স্বাধীনতা হরণ করিতে পারে নাই। রাজবংশের আদি পুরুষ রঘুনাথ বা चापि मञ्ज मूगणमान चिथकाट इत्र তিনশত বৰ্ষ পূৰ্বে বিভয়ান ছিলেন। ৰীরহামীরের দিতীয় পুত্র রঘুনাথ হইতে ইহাদের 'সিংহ' উপাধি হয়। আক্বরের স্ময়ে বিষ্ণুপুরের রাজ-

পণ যোঘল বশুতা স্বীকার করিয়া <u> শামান্তরপ</u> নজরানা দিতেন। মূশিদকুলীর সময়ে রাজা ছর্জন সিংহের সহিত একটি বন্দোবন্ত হয়।

कमिन ১১১२ मार्ज (वा ১৭०१ খুঃ) প্রথমে খাল্যা সেরেন্ডায় না লিখিত হইয়াছিল। পরে তুর্জন সিংহের পুত্র গোপাল সিংহের সময়ে নৃতন বন্দোবস্ত হইয়া বিষ্ণুপুর ও এই সেরপুর কুদ্র পরগণার ১,২৯,৮০৩১ টাকা জমা ধার্য হয়। আকবর-সময়ে তোভরমল ১৫৮২ খঃ সমস্ত বঙ্গরাজ্যকে ১৯ সরকার প্রগণায় বিভাগ করেন এবং বড বড দেশগুলিকে 'সরকার' ছোট ছোট দেশগুলিকে পরগণা বা মহাল' নামে অভিহিত করেন। তোডরমলের সরকার মাদারুণমধ্যে বিষ্ণুপুরের নাম আছে। মাদারুণে করিয়া ১৬টা ও জ্মা ২৩৫০৮৫ টাকা ছিল। বিষ্ণুপুর্ব — শ্রীনারায়ণ দাস বিতা-পুত্রের বা**চম্পতি**র শ্ৰীপাট। (और है) কুরুয়া গ্রাম। বনভাগ প্রপণায় রতাবতী নদীর তীরে। (ইহা বাঁকুড়া জেলার—বিষ্ণুপুর शूर्व बाइएनरम निकन কৰ্গ্ৰামে छिन। ইহার বাস পুত্র—বৈষ্ণৰ রাম্ন ও নারায়ণের মনোহর রায়। বৈষ্ণব রায় বিষ্ণুপুরে ও প্রীকালাচাঁদ প্রীপাট করেন

অক্তাপি আছে। মনোহর রায় শ্রীহট্টের কুফয়াতে বাস করেন ও শ্রীশ্রীরাধাগোবিন্দ-সেবা প্রকাশ করেন। ইহাদের বংশধরপণ শ্রীহাটের দশ এগারটা গ্রামে এক্ষণে বাস করিতেছেন। বিষ্ণুপ্রয়াগ—উত্তরা খণ্ডে, জোশী-

ইঁহার স্বহস্ত-রোপিত বকুল বুক্ষটি

স্থাপন

করেন।

বিগ্রহের সেবা

मर्ठ रहेट जिन गारेन पूरत। বিষ্ণুগঙ্গা ও অলকাননার স্বম। विकृपन्तित्र चाह्य। अञ्चात्न नात्रन ভগবদারাধনা করিয়াছেন। বিসফী গ্রাম—(ত্রিছতে) বিভাপতির জনস্থান। কামতোল প্টেশন হইতে যাইতে হয়। বিহার বন-রাম্বাটের দেভ মাইল

নৈথতি কোণে: স্থাগণসূহ প্রী-ক্ষের বিবিধ বিহারের স্থান। ২ बालिब निक्रेंबर्जी। ७ वनावत्न, পরিক্রমার রাস্তায় রাধাকৃপ আছে: এম্বানে যাত্রীরা উহার নিকটে রাধে

রাধে বা রাধেখাম নাম করেন। বিহারিয়া প্রাম (নদীয়া)—ফুলিয়ার নিকট। এত্রীনিত্যানন্পপ্রভু স্থানে বিহার করত পতিত উদ্ধার করিতেন।

বিহবল কুণ্ড—ব্রঞ্জে, কাম্যবনে অবস্থিত। এম্বানে শ্রীরাধা শ্রীক্লফের হইয়াছিলেন মুরলীগানে বিহবল (ভক্তি° (।৮৬०)।

বী**ণাজুরী—চট্টগ্রা**ম রাউজ্বান থানায়। মেখলা হইতে তিন ক্রোশ দুরে। এই স্থানে গৌরভক্ত শ্রীল জগচন্ত চৌধুরী গোত্থামী জন্মগ্রহণ করেন। কোয়েপাড়া গ্রামে তাঁহার সমাধি আছে। গৌণকাত্তিকী ক্লঞা নবমীতে তিরোভাব উৎসব হয়। ইনি বর্মা আকিয়াবে 'শ্রীগোরামভাণ্ডার'-নামক একটা প্রতিষ্ঠান করেন এবং মহা-প্রভুর ধর্ম ঐ দেশে প্রচার করেন। বী**রচন্দ্রপুর**—বীরভূম জিলায়, 'এক-

বীরভুম (গ্রাম ?)—গ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য শ্রীভগবান কবিরাজের

চক্রাধাম' (১১) ভ্রন্থব্য।

শ্রীপাট। ইহার প্রাতার নাম—
শ্রীরপ-কবিরাজ এবং প্রের নাম নিমু
কবিরাজ।
বীরলোক—খানাকুল ক্লনগরের
নামান্তর (१) [ভক্তি° ৪।৯৭, ১৩০]
বুচ্ন—পূর্বে যশোহর বর্ত্তমান খুলনা
জেলা, সাতক্ষীরা সাব্ভিভিসনের
অন্তর্গত বুচন প্রগণা-সধ্যে বুচন
গ্রাম। বেনাপোল হইতে তিন
ক্রোশ উত্তরে, খুলনা হইতে সাত-

শীরার খীমারে যাইতে হয়। हैश औशिहतिमाग ঠাকুরের জনাতুমি। ভিটার চিহ্ন উচ্চ ভূমি আছে। কাহারো মতে হরিদাস ঠাকুর ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। পিতার নাম স্থমতি ও মাতার নাম গোরী। শৈশবে পিতামাতার দেহ-ত্যাগ হয়। নিরাশ্রয় শিশু হরিদাস ঠাকুর ঐ স্থানের হালিমপুরে খাঁ সাহেবদের গ্রহে পালিত হন। বুঢ়ন হইতে ২ই ক্রোশ দুরে সালাই (স্বর্ণ) নদীর অপরপারে হালিমপুর গ্রাম। বুদ্ধতীর্থ-মথুরাস্থিত যমুনার ঘাট। टेकांक्र এकाल्मीवर्ग এकारन ফলাধিকা হয়৷ ৱাবণ এঘাটে তপস্থা করিয়াছিলেন বলিয়া এই ঘাট 'রাবণকুটী' বলিয়া প্রসিদ্ধ।

বৃধ্ইপাড়া— মুশিনাবাদ জেলায়।
প্রাচীন বৃধুইপাড়া গঙ্গাগর্ভে গত
হইলে নেয়াল্লিসপাড়ায় স্থানান্তরিত
হয়। সৈনাবাদের অপর পারে—
ভাগীরথীর পশ্চিম তীরে।

শ্রীল শ্রীনিবাস আচার্যপ্রভূর জ্যেষ্ঠা ক্যা শ্রীমতী হেমলতাদেবীর সহিত এই গ্রামের শ্রীরামক্বফ চট্টরাজের পুত্র শ্রীগোপীজনবল্লতের বিবাহ হয়! বুধুইপাড়ায় শ্রীরাধানাধব-বিগ্রহ
আছেন। শ্রীল বংশীবদনজীউ আচার্য
প্রভুর দেবিত ছিলেন। বর্তমানে
যাহা আছেন, তাহা প্রতিক্রপ বিগ্রহ।
জনৈক পূজারীর হস্তে মূল বিগ্রহ ভগ্ন
হয়। রামস্থন্দর মুন্দি শ্রীমন্দির
করিয়া দেন। ১০০৪ সালের ভূমিকম্পে উহা ভগ্ন হয়।

শ্রীমতী হেমলতা দেবীর শিশ্ব শ্রীমত্বনন্দন দাসের শ্রীপাট বুধুইপাড়া। ইনি বহু বৈষ্ণবগ্রস্থের ভাষামুবাদক ছিলেন।

এই স্থানে আচার্যপ্রস্থার কনির্চ পুত্র গতিগোবিন্দ প্রভুর ২য় ও ৩য় পুত্র শ্রীরাধামাধব ও শ্রীস্থবলচন্দ্র বাস করিতেন।

বুধুরী—মুর্শিদাবাদ জেলা। ইহাকে
বুধোড় এবং তেলিয়াবুধরীও বলে।
ভগবান্গোলা ষ্টেশন হইতে দক্ষিণপশ্চিমে এক মাইল।

প্রীলরামচন্দ্র কবিরাজ ও প্রীলগোবিন্দ কবিরাজের প্রীপাট। ইহার
মাতামহ প্রীদামোদর কবিরাজ।
রাজসাহী জেলার থেতুরির নিকট
কুমারনগরে বাস ছিল।

বুধুরী প্রীপাটের মালিক ছিলেন প্রীযহনাথ সেন কবিরাজ ঠাকুর। গোবিন্দ কবিরাজের প্রীগোপাল বিগ্রহ এবং গোবিন্দের অধস্তন পৌত্র ঘন-শাম ও হরিদাস-স্থাপিত সহাপ্রস্থার হুই বিগ্রহ আছেন এবং আচার্যপ্রস্থান কর্ম্বক উৎসর্গী-কৃত প্রীগ্রায়কুণ্ড ও প্রীরাধাকুণ্ড আছে।

বুধুরীতে প্রীবংশীদাসের প্রতা খ্যামদাসের কম্মা হেমলতা দেবীর্ সহিত শ্রীশ্রীজাহ্নবামাতা নিজ পিতৃ- বংশের বড়ু গঞ্চাদাসের বিবাহ
দিয়াছিলেন ও খ্যামদাসকে শ্রীখ্যামরায়ের সেবা দিয়াছিলেন। এই
শ্রীপাটে শ্রীগোবিন্দ কবিরাজের
স্থাপিত শ্রীশ্রীগোপাল বিগ্রহ এবং
তৎপুত্র-কর্তৃক স্থাপিত শ্রীনিতাইগৌরাল বিগ্রহ আছেন। প্রাচীন
শ্রীপাট হইতে বর্তুমানে কিছুদ্রে
নৃতন শ্রীপাট হইয়াছে। প্রাচীন
শ্রীপাট জঙ্গলাকীর্ব।

বুধুরীতে শ্রীনিবাস-শিষ্য রবিরায়
পূজারীর ও গোপীরমণের এবং
শ্রামানন্দ প্রভুর শিষা বলরাম
কবিপতির শ্রীপাট। শ্রীরামচন্দ্রের
তিরোভাব—কার্ত্তিকী ক্ষাষ্টমী
(গৌণী)। শ্রীগোবিন্দ কবিরাজের
তিরোভাব—আশ্বিনী শুক্লা প্রতিপং।
বুরঙ্গা—বা বড়গঙ্গা, শ্রীহট্টে। কবিচন্দ্র
যন্থনাথ আচার্য ও শ্রীজীব পণ্ডিতের
শ্রীপাট। মহাপ্রভুর পূর্বক্ষশ্রমণের
শেষ সীমা।

বুদ্ধকাশী—(বুদ্ধাচলম্) দক্ষিণ আর্কট জিলায় তেলার নদীর অগ্রতম উপনদী মণিমুখের তটে অবস্থিত (দক্ষিণ আর্কট ম্যান্সয়েল্)। কাহারও কালহস্তিপুরই বুদ্ধকাশী: শ্রীগোরপদাঙ্কপুত (চৈ° চ° ৯।০৮)। প্রবাদ-এই পৃথিবীর আদি পর্বত বলিয়া উহাকে বুদ্ধগিরি বা বুদ্ধাচল বলে ৷ Ry ত্রিচিনোপল্লী লাইনে বৃদ্ধাচলম্।

বৃদ্ধকোল—চিলেলপুট জেলায়
মহাবলীপুরম্বা সপ্ত মন্দিরের অন্তর্গত
বলীপীঠম্ হইতে এক মাইল দক্ষিণে।
মন্দিরমধ্যে বরাহদেবের উপর

শেষনাগ

ধরিয়া আছেন। ছত্ৰ

প্রস্তরে নির্মিত। একটি ম।কার শ্রীগৌরপদাঙ্কপুত (চৈ° চ° মধ্য

৯।৭২)। চিঙ্গেলপুট প্টেশন ছইতে মহাবলীপুরম প্রায় বিশ মাইল। ২ দক্ষিণ আর্কট জিলায় মাদ্রাজের গ্রীমৃঞ্চম্-নামক স্থানে ভূবরাহদেবের মন্দির। এস্থানে পূর্বে শ্বেতবরাহ-

মৃতি ছিলেন—এক্ষণে কিন্ত ক্লঞ্বরাহ युक्ति विख्यान। S. Ry চিদাधतम् ষ্টেশন হইতে প্রায় ১২ ক্রোশ।

ত্রীরন্দাবন—স্থান্দ মধুরাথতে আছে

—'বুন্দাবনং স্থগহনং বিশালং বিস্তৃতং वह। मूनीनायां यां शृर्वः वश्रुवा-সম্বিতম'॥ মপুরা হইতে সাত মাইল ঈশান কোণে অবস্থিত স্থনাম-প্রসিদ্ধ প্রীকৃষ্ণলীলানিকেতন। যসুনার পশ্চিম তীরে। ইহা দাদশ বনের অন্তর্গত হইলেও ইহাতে দ্বাদশটি

অটলবন—বুন্দাবনের (>) দক্ষিণে। ভাতরোলে ভোজন করিয়া এখানে আগমন করিলে স্থাগণ জিজাসা শ্রীকৃষ্ণকে ভোজন-সম্বন্ধে করেন; তত্ত্তরে তিনি আনন্দে

উপবন আছে ৷ যথা—

'অটল' হইয়াছে বলায় স্থানের নাম —অটলবন। (২) কোবারি বন-অটলবনের

वाश्रु (कार्ण, अथारन श्रिक्त नावानन-কুণ্ড।

(৩) বিহারবন—কোবারিকনের নৈথ তকোণে, এখানে 'রাধাকুপ' আছে।

(৪) গোচারণবন—বিহারবনের পশ্চিমে, প্রাচীন যমুনাতীরে। এম্বানে

বিরাজমান। গৌতম-বংহাহদেব মুনির আশ্রমও এথানে ছিল।

(৫) কালীয়দমন বন—গোচারণ বনের উত্তরে কালিয়মর্দনের স্থান। (৬) গোপালবন—কালীদহের

উত্তরে । (৭) নিকুঞ্জবন—(দেবাকুঞ্জ)

শ্রীরাধাক্ষরে নিতাবিহারস্থান। এখানে ললিতাকুণ্ড আছে। নিধুবন — নিকুঞ্জবনের

উত্তরে অবস্থিত। বিশাধাকুণ্ড আছে। (a) <u>त्राथावात्र</u>—वृक्षावत्तत क्रेभान-

কোণে, যমুনাতীরে। (১০) ঝুলন্বন--রাধাবাগের निकर्ग।

(১১) গৃহবর বন — ঝুলন বনের निकर्त, এ श्वारनहे भागिषा । (১২) পপড বন--গহরর বনের

তথায় আদিবদরীঘাট বিরাজমান। প্রীকৃষ্ণ এখানে গোপী-

আদিবদরীনাথ प्रभंग গণকে করাইয়াছেন।

(১) বরাহঘাট---দক্ষিণ-পশ্চিম কোণে, প্রাচীন যমুনাতীরে। নিকটে ও শ্রীগৌতম মুনির

গ্রীবন্দাবনের প্রসিদ্ধ ঘাট—

কালীয়দমন ঘাট-(2) কালিদহ।

আশ্রম।

(৩) গোপালঘাট—কালিদহের উত্তরে। শ্রীনন্দযশোদার উপবেশন-

(৪) ব্ৰঘাট (ঘাদশাদিত্য ঘাট) —গোপাল ঘাটের উত্তরে। টিলার উপরে শ্রীমদনমোহনের থোচীন মব্দির।

স্থান।

যুগল হাট-শুর্ঘটের (¢) উত্তরে। নিকটে যুগলবিহারীর প্রাচীন মন্দির।

(৬) বিহারঘাট-মুগল ঘাটের উত্তরে, নিকটে যুগলবিহারীর মন্দির।

(৭) আন্ধার ঘাট— যুগল ঘাটের উত্তরে-লুকলুকানি থেলার স্থান।

(৮) আমলী ঘাট---আনার चार्टित উত্তরে-श्रीक्रकनीनाकामीन

অতিপ্রাচীন আমলী বৃক্ষ, শ্রীমন্-

মহাপ্রভু-কর্ম্বক অধ্যুষিত স্থান। (৯) শিঙ্গার ঘাট-শৃঙ্গারবটে,

শ্রীমন্ নিত্যানন্দ প্রাত্তর বিহারভূমি। শ্রীকৃষ্ণকর্ত্তক শ্রীরাধার বেশরচনা-

(>) গোবিন্দ ঘাট-শিশার বটের উত্তরে—রাসমগুলে অন্তর্হিত শ্রীকৃষ্ণ এখানে গোপিকাদের **সন্মুখী**ন

(>>) চীরঘাট---গোবিন্দ বাটের নিকটে—বস্তুছরণ-স্থান। কেশি **দৈত্য-**বধান্তে শ্রীকৃষ্ণ এই ঘাটে বসিয়া বিশ্রাম করিয়াছেন বলিয়া ইহাকে 'চেইনঘাটও' বলে।

(১২) ভ্রমর ঘাট—চীর ঘাটের উত্তরে—শ্রীরাধাগোবিন্দের **নোরভে অতিমন্ত ভ্রমরগণ এথানে** উডিয়াছিল।

কেশিঘাট—কেশি-(00) দৈতাবধের স্থান।

(১৪) ধীরসমীর—বুন্দাবনের উত্তরে। গ্রীরাধাগোবিন্দের **সেবার** জ্ঞ্য এখানে স্থগন্ধি স্থশীতল মৃত্যুশ

मगीत्र व्यवाशिक श्री शाहिल।

় (১৫) রাধাবাগ—বৃন্ধাবনের ঈশান কোণে।

(১৬) পাণিঘাট— রুশাবনের পূর্বদিকে, এ স্থান দিয়া গোপীগণ জ্রীক্তমেন্তর নির্দেশে বযুনা পার হুইয়া

আক্তম্পের নির্দেশে যমুনা পার হইয়া ত্র্বাশাকে ভোজন করাইয়াছেন।

(১৭) আদিবজী ঘাট—পাণি-ঘাটের দক্ষিণে।

(>৮) রাজঘাট—বুন্দাবনের দক্ষিণ-পূর্ব কোণে প্রাচীন যমুনা-তীরে। প্রীকৃষ্ণ নাবিক হইয়া প্রী-রাধাকে যমুনা পার করিয়াছিলেন।

শ্রীবৃন্দাবনের প্রসিদ্ধ কুণ্ড—
(১) দাবানল কুণ্ড, (২)

ললিতাকুও [নিকুঞ্জ বনের নৈখতি

কোণে] (৩) বিশাখাকুণ্ড [নিধুবনে],
(৪) ব্রহ্মকুণ্ড—গোবিন্দ মন্দিরের
বায়কোণে (৫) গজরাজ-কুণ্ড
[শ্রীরঙ্গনাথজিউর মন্দিরে] এবং (৬)
গোবিন্দ-কুণ্ড [বুন্দাবনের পূর্বভাগে]।

কেছ কেছ বলেন এই গোবিন্দকুণ্ডেই শ্রীগোবিন্দজী প্রকট হইয়াছেন।

শ্রীবৃন্দাবনের প্রসিদ্ধ বিগ্রহ—
(>) শ্রীরাধাগোবিন্দ—শ্রীপ্রী-

ক্সপগোস্বামি-কর্ত্ক প্রকটিত—
বর্ত্তমানে জয়পুরে; (২) সাক্ষি
গোপাল—ছোট বিপ্র ও বড় বিপ্রের
সাক্ষ্যদান-নিমিত শ্রীজগন্নাথধামের
নিকটবর্ত্তী সত্যবাদী গ্রামে; (৩)
গোপীনাথ— শ্রীমধুপণ্ডিত-কর্ত্ব
প্রকটিত—বর্ত্তমানে জয়পুরে; (৪)
শ্রীমদনমোহন—শ্রীসনাতনগোস্বামি
পাদকত্বি সেবিত, বর্ত্তমানে
করোলীতে; (৫) শ্রীরাধারমণ—
শ্রীদগোপাল ভট্টগোস্বামি কর্ত্বক-

প্রকটিত; (৬) শ্রীরাধাবিনোদ—
শ্রীল লোকনাথ গোস্বামি-কর্তৃক
প্রকটিত—বর্ত্তমানে জয়পুরে (৭)
শ্রীরাধামাধব—শ্রীজয়দেব - কর্তৃক
দেবিত, বর্ত্তমানে জয়পুর ঘাটিতে;
(৮) শ্রীরাধাদামোদর—শ্রীশ্রী-

জীবপ্রভু-কর্তৃক দেবিত, বর্ত্তমানে জয়পুরে; (১) শ্রীরাধাবল্লভ—

শ্রীহরিবংশগোস্বামি-কর্ত্ত ক প্রকটিত:

(>) শ্রীবস্কবিহারী—শ্রীহরিদাস-গোস্বামি-কর্ত্বক প্রকটিত। (>>)

শ্রীশ্রামস্থলর—গ্রীশ্রামানন্দ - প্রস্তু-কর্ত্ত্ব দেবিত। (১২) শ্রীগোকুলা-

নন্দ—গ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর-কর্তৃ ক সেবিত। (১৩)

গুপ্ত-সেবিত—বনখণ্ডী মহাদেবের সন্মধে ৷ এই বিগ্রহের পাদদেশে

শ্রীনিত্যানন্দ গোরাঙ্গ-শ্রীমন্মুরারি

'দান মুরারি গুপু' খোদিত আছে। এই শ্রীমৃতি বীরভূম জিলায় ঘোড়া-

ভাঙ্গা পারুলিয়া এবং কালীপুর কড্যা গ্রামন্বয়ের মধ্যবর্তী স্থানে মৃত্তিকা-

গর্ভ হইতে আবিষ্কৃত হইয়া সিউড়িতে সেবিত হইতেছিলেন, পরে শ্রীবৃন্ধা-

বনে বিজয় করিয়াছেন।

প্রসিদ্ধ প্রসিদ্ধ সমাজ:—

(১) শ্রীসনাতন গোস্বামিপাদের সমাজ—দ্বাদশাদিত্য টিলার নীচে।

(২, ৩) প্রীরূপগোস্বামী ও প্রী-জীবগোস্বামিপাদের—প্রীরাধাদামো-দর-মন্দিরে।

(৪) গ্রীগোপালভট্ট গোস্বামিপাদের

— শ্রীরাধারমণ মন্দিরের পার্ষে।

(৫) শ্রীলোকনাথ প্রভুর ও (৬)শ্রীনরোত্তম প্রভুর—শ্রীগোকুলানন্দে।

(१) শ্রীমধুপণ্ডিতের—শ্রীগোপী-নাধ-মন্দিরের পার্ম্বে।

(৮) শ্রীরঘুনাথ ভট্ট প্রস্থর—

প্রীগোবিন্দমন্দিরের ঈশান কোণে চৌবটি মহান্তের সমাজবাদীতে।
(৯, ১০) প্রীনিবাস আচার্য ও

প্রীরামচন্দ্র প্রভূর—ধীরসমীরে।

(>>) শ্রীশ্রামানন্দ প্রভুর—জ্রী-শ্রামস্থন্দর-মন্দিরে।

(১২) প্রীপ্রবোধানন্দ সরস্বতীর— কালিদতে।

(১৩) গ্রীগদাধর পণ্ডিত গোস্বামি-পাদের দস্তসমাজ—কেশিঘাটে।

্রিশ্রীগদাধরপ্রভুর প্রকটকালে তাঁহার একটি ভগ্ন দস্ত তাঁহার প্রাত্

পুত্র শ্রীনয়নানন্দ প্রভু শ্রীরন্দাবনে লইয়া গিয়া প্রোথিত করিয়া সমাজ দেন। তদবধি উহা 'দক্ষসমাজ'

নামে অভিহিত হইয়া আসিতেছে।

(১৪) শ্রীহরিবংশ স্বামিজীর— শ্রীরাধাবল্লভ মন্দিরের পার্শ্বে!

(১৫) শ্রীহরিদাস স্বামিজির— শ্রীবঙ্কবিহারী মন্দিরের পার্থে।

(১৬) শ্রীগোরীদাস পণ্ডিতের—

ধীরসমীরে।
(১৭) এতদ্যতীত চৌষটি
মহান্তের সমাজবাদীতে আরো বহু
সমাধি আছে।

শ্রীবৃন্দাবনের প্রসিদ্ধ বট—

১। অদৈতবট—— শ্রীঅদৈতপ্রত্ব যমুনাতীরে এই বৃক্ষতলে শ্রীক্ষের আরাধনা করিতেন। ঐ বৃক্ষদর্শনে সর্ব পাপক্ষয় হয়। শুনা যায়— প্রাচীন বৃক্ষ যমুনা-গর্ভে গেলে তাহার শাখা রোপণ করা হইয়াছে। শ্রীসদনগোপাল-প্রাকটা স্থান।

২। বংশীবট-- যমুনাতীরে অবস্থিত।

শীবন্দাবন

৩। শঙ্গারবট---- শ্রীকৃষ্ণকর্তৃক <u> এরাধারাণীর</u> বেশ-রচনার স্থান। <u> প্রীপ্রীনিত্যানশপ্রতু</u> এই छ| रन করিতেন। উত্তরকালে অবস্থান গোস্বামি-মহোদয় প্রীলনন্দ কিশোর পুরু ণিয়া বাঁকুড়া জিলার শ্রীপাট হইতে বাদশাহী ছাড়পত্র পাইয়া <u>শ্রীশ্রীনিতাইগৌর</u> লইয়া বিগ্ৰহ এস্থানে যান ৷ এক্প তাঁহার বংশধরগণ বাস্তব্য করিতেছেন I

<u>জীবনযাত্রা—ভাদ্রী</u> ক্ষণ দাদশীতে পরিক্রমার্থী বৈষ্ণব মথুরার নিকটবর্ত্তী ভূতেশ্ব মহাদেবের করিবেন। প্রথম নিকটে বাস দিনে মধুবন, তালবন ও কুমুদবন হইয়া মধুবনে বিশ্রাম। দ্বিতীয় দিনে শান্তম কুও হইয়া বহুলা বন; তৃতীয় দিনে শ্রীরাধাকুও; চতুর্থ দিনে শ্রীগোর্হ্মন-পরিক্রমা: পঞ্চম দিনে—লাঠাবন (দিগ্); **पिरन** आपितछी इष्टेश कामानन: দিনে— কাম্যবন-পরিক্রমা, সপ্তম অষ্টম দিনে বর্ষাণ; নবম দিনে— নন্দগ্রাম, খদিরবন ও যাবট; দশ্ম দিনে—চরণপাহাড়ী হইয়া শেষশায়ী. একাদশ দিনে--সেরগড় (খেলনবন): ভাদশ হইয়া নৰ্দঘাট; ত্ৰয়োদশ দিনে— ভদ্রবন, ভাণ্ডীরবন, বেলবন ও মান-সরোবর হইয়া পানিগাঁও;চতুর্দ্ধনা খ্রীদাউজি; পঞ্চদশ দিনে—মহাবন,

গোকুল, রাভেল হইয়া ভূতেশ্ব। কদাচিৎ এই নিয়মের ব্যত্যয়ও হয়। বুন্দাবনে আকবর বাদশাহ---<u>এ</u>বিদাবনের আকবর নাম 'ফকিরাবাদ' রাখেন। প্রবাদ-আকবরের স্বেচ্ছাক্রমে তাঁহার চক্ষু বাঁধিয়া তাহাকে নিধুবনে যাওয়া হইয়াছিল, তাহাতে তিনি <u> প্রীবন্দাবন</u> পারেন যে মহাধাম। আকবর শ্রীজীব গোস্বামি-পাদের সহিত সাক্ষাৎ সাক্ষাতের সন ১৫৭৩ খুঃ। [Vide Growse's Mathura p. 123]

ঐসময়ে আক্বরের সঙ্গে যে স্ব হিন্দুরাজা থাকিতেন,তাঁহারা বুন্দাবনে মন্দির নির্মাণ করিবার ইচ্ছা প্রকাশ করিলেই বাদশাহ তৎক্ষণাৎ অমুমতি দিয়াছেন। পাঠান আমলে স্থলতানের বিনা হুকুমে হিন্দুরা মন্দির নির্মাণ করিতে পারিতেন না, সে আদেশঙ সহজে পাওয়া যাইত না, কিছ আকবরের সমদশিতায় অচিরে হিন্দু ও মুঘল স্থাপত্যে বন্দাবনের শোভা সম্পত্তি বন্ধিত দ্বি গুণ আমুমানিক ১৫৭০ খঃ হইয়াছিল। **এীমদনমোহনের** গুণানন্দ সর্বাচে মশির নির্মাণ করেন, তৎপরে রাভা বায় সিংহ শ্রীগোপীনাথের মন্দির, অম্বরাধিপতি মানসিংহ (১৫৯০খঃ) শ্রীগোবিন্দ-জীর মন্দির এবং চৌহানবংশ্র রাজা লোনকরণ (১৬২৭ খঃ) যুগল-কিশোরের মন্দির করাইয়াছেন। আকবর ব্রজ্মগুলে জীব্ছত্যা-

নিবারণের জন্ম ১০১৪

कात्रगान वा निरम्धाळा निशाहित्नन.

হিজরীতে

উহাতে বৃক্ষাদি পর্যন্ত ছেদনের নিষেধ ছিল। (Hindu Review Igl3 p. 339-340) ব্যভামুপুর—'বরসানার' নামান্তর।

বেড়োখোর—ব্রজে, বৈঠানগ্রামের নিকটবর্ত্তী খদির বনের অন্তর্গত কুঞ্জ (ভক্তি ৫।১৩৯০)।

বেণুকুপ——গ্রীবৃন্দাবনে চৌষ**টী** মহান্ডের সমাজের নিকটে অব্ভিত (ভক্তি ৫।৩৭৫২—৫৫)। এম্বানে প্রীকৃষ্ণ পৃথিবীর দিকে মুরলীর মুখ রাখিয়া ধ্বনি করিলেই পাতাল হইতে জল উঠিয়াছিল।

বেগ্রপুর-পুরীজেলায়; আলালনাথ যাইবার পথের দক্ষিণে বেপ্রপুরে শ্রীরামানন্দ রায়ের শ্রীপাট। এখান হইতে আলালনাথ এক মাইল পথ। **বেগাতীর্থ—** হায়দ্রাবাদরাজ্যে **কুষ্ণা** ও বেথানদীর সঙ্গসম্বল। শ্রীনিত্যানন্দ-পদাঙ্কিত (চৈ° ভা° আদি ৯।১২৯)। বৈতাপনি—'ভূতপণ্ডি', ত্রিবাঙ্কর-রাজ্যে, নগরকৈলের উত্তরে, তোবল-পূর্বে শ্রীমন্দিরে তালুকের মধ্যে। প্রামবিগ্রহ ছিলেন, পরে 'রামেশ্বর' বা 'ভূতনাথ শিবলিঙ্গ' নামে পুজিত হইতেছেন। এীগৌরপদাঙ্কপূত (১৮° 5° यशु ३।२२७)।

বেতাল— ব্ৰহ্মপুত্ৰতীরবর্তী এগার-সিন্দুর দেশে এবটি গ্ৰাম-শ্রীহটের পথে শ্রীগোরাঙ্গ এ স্থানে বিজয় করেন (প্রেম—२৪)।

বেভিলা—(ঢাকা) শ্রীলনরোত্তম-**শ্রীগঙ্গানারায়ণ** চক্রবন্তির শিষ্যগণ বাস করেন।

বেতৃলা-(१) শ্রীল নরোত্মঠাকুরের প্রশিষ্য ও শ্রীরামন্ত্রফাচার্যের শিষ্য

পশ্চিম-

শ্রীরাধাক্ষ চক্রবর্ত্তির বাসস্থান निर्द्धा २२ ।। বেদকুণ্ড-(ভক্তি ৫৮৭৭) কাম্য-

বেদকুণ্ড

বনন্তিত সুরোবর। বেদাবন—তাঞ্জোর জিলায় তিক তরাইপ্লণ্ডি তালুকের দক্ষিণ-পূৰ্ব-কোণে এবং পয়েণ্ট কলিমিয়ারের পাঁচ মাইল উত্তরে (তাঞ্চোর গেজেটিয়ার')। **গ্রীগোরপদাঙ্কপুত** (ठेठ° ठ° मध्य २११४)। दवनात्रवा

অবস্থিত। ষ্মপ্রাচীন শিব-মন্দির , বিরাজমান। S. Ry বাঞ্চ লাইনে মায়াভরম্ও তৎপরে আগ-खियां यथानी नार्रेत एन वाशियाय। **বেনাপুর**—কুলীনগ্রামের কিয়দ্দুরে।

যাগর

সঙ্গমে

निनीत

মূলীয়ার

দক্ষিণ-পশ্চিমে। (১৮৪২ খৃঃ) বৃহৎ ভাগবতামুতের ভাষায় অনুবাদক ভক্তবর শ্রীলজয়গোবিন্দ দাসের জনাভূমি। ঐ স্থানে শ্রীশ্রীশ্রামত্বদর-জীউর সেবা।

দেবীপুর ষ্টেশন হইতে এক ক্রোশ

বেনাপোল——(যশোহর) থলনা লাইনে বনগ্রাম ষ্টেশনের পরেই বেনাপোল। এলহরিদাস ঠাকুর এই স্থানে নিতা তিন লক্ষ নাম জপ করিতেন। এই স্থানেই তিনি শাক্তবর রামচক্র খানের

যে বেখ্যা তাঁহাকে পথভ্ৰষ্ট করিতে আসিয়াছিল, তাহাকে হরিনাম দিয়া উদ্ধার করেন। এইরিদাস ঠাকুরের অবস্থিতির সান্ধিরূপে একটি চিবি

চিহ্ন আছে। এ স্থানকে 'হীরা বেশার জাঙ্গাল' বলে। বেনাপোল

রামচন্দ্র খানেরও জনস্থান। অন্তাপি পরিখা-বেষ্টিত ভগ্ন সৌধের চিহ্ন

আছে। (চৈ°চ° অন্ত্য তা৯৮—১৪২)। বৈকৃপ্তীর্থ—মথুরায়, বিশ্রামঘাটের বেলগা--বর্দ্ধমান জেলা। শ্রীখণ্ড

হইতে তিন মাইল পশ্চিমে। শ্রীম্ববদ্ধি মিশ্রের শ্রীপাট। इंनि मशी। গুণচূড়া এখানে

শ্ৰীশ্ৰীনিতাইবিগ্ৰহ আছেন।

বেলগ্রাম—(বর্দ্ধমান) কাটোয়ার निक्छे। প্রীনিত্যানন্দ-পরিকর-গণের শ্রীবলরামজীর সেবা। বারুণীতে উৎসব।

(বলপুকুর--(বিল্বপ্ষরিণী) গ্রী-চক্রবজিব নীলাম্বব ৰসতিস্থান। প্রাচীন গঙ্গার গুডগুডে খালের উত্তর ভীরে।

বেলবন ব্রজে, যমুনার পারে। শ্রীক্ষের গোচারণ-স্থান। এখানে লক্ষী তপস্তা করেন।

বেলিটিগ্রাম—চট্টগ্রাম, প্রীশ্রীগদাধর পণ্ডিত প্রভুর পিতৃদেব শ্রীলমাধব মিশ্রের জন্মতান। ইহার নাম শ্রীরক্সাবতী দেবী। শ্রীমাধব-মিশ্র ও শ্রীপুণ্ডরীক বিচ্চানিধি উভয়ে বন্ধ ছিলেন। কেহ কেহ বলেন—ইঁহারা হুই জনই

মাধবেন্দ্র পরী গোস্বামির শিষ্য। বেলুন-বৰ্দ্ধমান জেলায়, শ্ৰীশিবাই পঞ্চিত্র শ্রীপাট।

বেলেগ্রাম বা বালিয়া - (মুশিদা-वान) माগরদিঘী थाना। E. Ry গদাইপুর ঔেশন হইতে ৩।৪ মাইল शृद्ध। इंहा वकी दिवस्व श्रीभाषे। বেহেজ—অজে, গাঠুলির চারি মাইল পশ্চিমে: এ স্থানে ইন্দ্র স্থরভির

সাহায়ে প্রীক্ষের নিকট অপরাধ ক্ষমাপণের জন্ম গিয়াছিলেন।

বৈকৃষ্ঠ-গোলোকের নামান্তর।

উত্তরে যমুনাতীরস্থিত ঘাট। বৈকৃষ্ঠপুর—শ্রীনবদ্বীপের

দিকে অবস্থিত গ্রাম।

देवें ही-हशनी জেলায়. প্রীবল্পত গোস্বামির শ্রীপাট। চৈত্রী দশ্মীতে তাঁহার ভিরোধান-উৎসব

ত্য । বৈঠানপ্রাম—ব্রজে, নন্দীখর হইতে উত্তরদিকে। বড় ও ছোট বৈঠান তুইটি পৃথক্ গ্রাম। নিকটেই 'চরণ পাহাডী'। বডবৈঠানে প্রীকৃষ্ণবল-

কুন্তলকুণ্ড আছে, শ্রীকৃষ্ণ এখানে স্থাগণসূহ কেশ-বিভাস করেন I **বৈতর্গী**—কেঁওঝোর করদ রাজ্যে

গোনাসা-নামক প্রতশ্বে উৎপন্ন

রামের বৈঠকগৃহ। ছোট বৈঠানে

বঙ্গোপসাগরে মিলিত হইয়াছে। ইহার তীরেই প্রিসদ্ধ যাজপুর গ্রাম। মহাপ্রভু বৈতরণীর দশাশ্বমেধ ঘাটে স্থান করিয়া

শ্রীবরাহদেবের দর্শন করিয়াছিলেন। ব্রহ্মা এ স্থানে অখ্যেধ যক্ত করিয়া-

ছিলেন বলিয়া ইহা অতিপবিত্র তীর্থ। বৈজ্ঞনাথ- ত্বমকা জেলার অন্তর্গত দেওঘর মহকুমার অধীন। জৈসিডি

হইতে লাইনে। ব্ৰাঞ্চ শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপূত (চৈ° ভা°

আদি ৯।১০৬)।

মন্দির পূর্বমুখী। দারদেশের বামভাগের প্রস্তরফলকে আছে— ১৫১৭ শকে (১৫৯৬ খৃঃ) গিরিডির মল রাজা-কতৃকি নির্মিত। ইহা ৫১ পীঠের অন্তর্গত। দেবীর হৃদয়

পতিত হয়। দেবী জয়তুর্গা, ভৈরব বৈল্পনাথ।

১৯৬২

এতদ্ভিন্ন বহু দেবদেবীর মন্দির ও প্রস্তর-ফলক আছে। ২১টি অভিরিক্ত শিবমন্দির আছে।

১। কালী (১৭০০ সম্বতের লিপি), ২। অন্নপূর্ণা, ৩। মৃত্রকূপ (রাবদ-খোদিত), ৪। লক্ষীনারায়ণ, ৫। আনন্দভৈরব, ৫। রামলক্ষণ-জানকী, ৭। নীলকণ্ঠ, ৮। পার্বতী, ৯। বগলা, ১০। স্থা (বাংলা অক্ষরে লিপি আছে), ১১। সরস্বতী, ১২। কালভৈরব এবং ১৩। সন্ধ্যাদেবী প্রভৃতির মন্দির।

দর্শনায় ঃ— >। বৈখনাথের মন্দির-সমূহ। ২। হারাম-চুরির মন্দির। ৩। তপোবনের গহবরাদি। ৪। নন্দন পাহাড়।

তপোবন—শ্লকুন্ত-নামে একটি কুপ আছে ও একটি পাহাড়ে ছইটি লিপির এক ছত্র লেখা—শ্রীদেবনারায়ণ পাল। অপর-টির ছই ছত্র পাঠ করা যায় না।

হারলাঝুরি—বৈজনাথের উত্তরপূর্বে। এখানে কতকগুলি প্রাচীন
মূর্ত্তি আছে। উহার মধ্যে ছুইটির
আঙ্গে এক যোগির নাম খোদিত
আছে। রাবণ এই স্থানে ব্রাহ্মণরূপী
বিষ্ণুর হস্তে শিবলিক্ষ অর্পণ করিয়াছিলেন।

বৈশ্ববাটী—হাওড়া-বর্দ্ধমান লাইনে বৈশ্ববাটী প্রেশন। এস্থানে নিমাই-তীর্থের ঘাট প্রেসিদ্ধ। ভদ্রকালীর মন্দির আছে।

বৈষ্ণৰগোসাঞি প্রীপাট ——
(মেদিশীপুর)—রাণীচক ষ্টামার ঘাট
ছইতে এক ক্রোশ পশ্চিমে বাঁধের

উপর দিয়া খঞ্জাভগবান্পুর, তথা হইতে ডাকাতেমালার পুকুর তথা হইতে ঐ স্থান। শ্রীল যত্ত্বনন্ধন আচার্যের শ্রীপাট (१)।

আচানের শ্রাপান (१)।
বোড়ো—বর্দ্ধনান জেলায়। বি ডি
রেলের রায়নার নিকট। তারকেশ্বর
হইতে ছোট রেলে জামালপুর, তথা
হইতে দামোদর-পারে ২ই জোশ
দুরে বোড়ো প্রাচীন মন্দির।

শ্রীশ্রীবলদেবজীউ দীর্ঘাকার, ১৪টি হস্ত ও ১৪টি সর্পফণাযুক্ত। একটি ফণা ভয়। প্রবাদ—ইহা বস্থ রামানন্দের প্রতিষ্ঠিত। অক্ষয়তৃতীয়া, অনস্তচতুর্দশী, মাকরী সংক্রাস্তি ও মাদী শুক্লা সপ্রমী প্রভৃতি অত্রত্য বিশিষ্ট পর্ব। অক্ষয়তৃতীয়ার দিনে সমবেত রাম্মণগণ গলাজনে বিগ্রহকে অভিষেক করেন। তৎপরে মন্দির বন্ধ হয় এবং অল্পরাগ হইয়া চতুর্দশীতে দর্শন খোলা হয়। মকরসংক্রাস্তিতে হুই বেলায় নাকি ৫২ ভোগ দানের রীতি আছে।

দর্শনীয়।
বোরাকুলি বা বোরাখেলো—
'(মুর্শিদাবাদ, গোয়াদের নিকট)
পাতিবোনা ষ্টীমারঘাট ঠেশন হইতে
চারি মাইল। লালগোলা ষ্টীমারঘাট
হইতে গোদাগাড়ী, তৎপরে
প্রেমতলি (শ্রীল নরোভ্মঠাকুরের
দীলাস্থলী) তৎপরে পাতিবোনা

সীমান্ত গ্রাম, অত্রত্য শ্রীদাউজি


উত্তর-পশ্চিম

বোনছারি—ব্রজের

এই স্থানে শ্রীনিবাস আচার্যের গৃহিণী শ্রীমতী ঈশ্বরী দেবীর শিয় রাজবল্লভ চক্রবর্ত্তির শ্রীপাট এবং

পদ্মার পশ্চিম পারে।

শ্রীনিবাসশিয়া গোবিন্দ চক্রবর্তির খ্রীপ্রীরাধাবিনোদজীউর প্রীপাট। সেবা-প্রতিষ্ঠাকালে প্রীবীরভদ্র প্রস্থ উপস্থিত ছিলেন। বর্ত্তমানে **শ্রীবিগ্রহ** জিয়াগঞ্জ ভাটপাড়ায় আছেন। ব্যাসাশ্রম—গরস্বতী নদীর পশ্চিম-তটে 'শ্যাপ্রাস. শ্রীভাগবতাধি-বেশনের প্রথম স্থান। প্রীনিত্যানন্দ-পদাঙ্কপৃত (১চ° ভা° আদি ৯।১৪২)। ব্যেক্ষটান্তি—– নেলোর পার্বতা তীর্থস্থান। বোষ্টেশ্বর বা বৈকুঠেখর মহাদেবের নামান্ত্রগারে নাম——ব্যেকটান্তি, বোষ্টাচল। পর্বত্যালার বিভিন্ন স্থানে জলপ্রপাত ও কুণ্ড আছে— তন্মধ্যে স্বামিতীর্থ, আকাশগলা, পাণ্ডবতীর্থ, পাপনাশিনী প্রভৃতি সপ্ততীর্থ প্রসিদ্ধ। শ্রীরামামুভাচার্য এই স্থানে শ্রীবিষ্ণুর আরাধনা করেন। M. S. M. Ry ষ্টেশন ভেক্টগিরি। তিরুপতি ইষ্ট হইতে পঞ্চম ষ্টেশন। তিরুপতি বালাজী (বেছটেশ্বর স্বামী) এখানকার মুখ্য দর্শনীয়। তিন বার দর্শন হয়---(১) বিশ্বরূপ-দর্শন প্রভাতে, (২) মধ্যাফে ও (৩) রাত্রিতে; মন্দিরের সমুখে স্বর্ণমণ্ডিত ন্তম্ভ আছে: তাহার সামনে 'তিরুমহ মণ্ডপম' (সভামণ্ডপ), দ্বারে ভাষ-বিজয়ের মৃতি আছে। জগমোহন হইতে মন্দিরের ভিতরে চতুর্থ দার পার হইলে পঞ্ম দারে বালাজীর পূৰ্বাভিমুখী খামল মৃতি, শভাচক-গদাপদ্বধারী। ছই পার্শ্বে 🕮 ও ভদেবী, প্রীবালাজীর বিগ্রহে একস্থলে আঘাতের চিহ্ন আছে। প্রবাদ— একভক্ত প্রতাহ নী স্থান হইতে



ভগবানের দ্বগ্ধ আনিতেন। ভক্ত বুদ্ধ হইলে যাতায়াতের কণ্ট দেখিয়া ভক্তবৎসল ভগবান সাধারণ মহুষ্য-বেশে নীরবে গোছগ্বপান করিতে যাইতেন। গাভীর ত্রন্ধ নাই দেখিয়া ভক্তটী নীরবে দাঁডাইয়া দেখিলেন যে এক ব্যক্তি ছগ্ধ পান করিতেছে। তাহাকে চোর মনে ক্রিয়া ভক্তটি দণ্ডাঘাত ক্রিলেই প্রস্থ প্রকট হইয়া ভাহাকে দর্শন কবিলেন আশ্বস্ত দশুঘাতটি স্ববিগ্রহে রাখিয়া দিলেন। এখানে মধ্যাহ্ন দর্শনের কালে সকল যাত্ৰীই অন্ন-প্রসাদ বিনামূল্যে পাইতে পারেন, পরে প্রসাদ বিক্রয়ও হয়।

ব্রজ্ব শণ্ডল — মথুরা জেলার অন্তর্গত শুবৃন্দাবনাদি চৌরাশি-ক্রোশ-ব্যাপ্ত স্থান। শ্রীকৃষ্ণের বিবিধ লীলাক্ষেত্র বলিয়া বৈষ্ণব সম্প্রদায়ের মহাতীর্থ। তত্রত্য দ্বাদশ বন, যথা—(১) শ্রীবৃন্দাবন, (২) মধুবন, (৩) তাল, (8) কুমুদ, (৫) বছলা, (৬) কাম্য,
(৭) খদির, (৮) ভদ্রে, (৯) ভাঞীর,
(১০) বেল, (১১) লৌহ ও (১২)
মহাবন।
দ্বাদশ উপবন, যথা—(১) রাল,
(২) রাধাকুণ্ড, (৩) বন্দীনারায়ণ,
(৪) বর্ষাণ, (৫) সঙ্কেত, (৬) নন্দীশ্বর,
(৭) যাবট, (৮) কোকিলা, (৯) কোট,
(১০) খেলন, (১১) মাঠ ও (১২)
দাউজি [বিক্রম বন]।

বিদরিকাশ্রম], (২) কাম্যবনে সেতৃবন্ধকুণ্ড [রামেশ্বর ধাম], (৩) কুশীতে [দারকাধাম] এবং (৪) শ্রীনাউজিতে [জগরাপধাম]। গিরিত্রয়—(১) গোবর্দ্ধন, (২) বর্ধাণ ও (৩) নন্দীশ্বর। সপ্ত সরোবর—(১) বহুলাবনে মানস-সরোবর, (২) কুপ্রম সরোবর, (৪) পেঠোগ্রামে চক্রসরোবর, (৪)

চারি ধাম, যথা—(>) আদিবদ্রী

(৪) পেঠোগ্রামে চক্রসরোবর, (৪) নারায়ণ সরোবর, (৫) প্রেম-সরোবর, (৬) পাবনসরোবর ও (৭) যমুনার

প্রপারে—মান-সংবাবর।

শঙ্খনগর

অষ্ট বট—(১) বংশীবট, (২)

শুঙ্গারবট, (৩) সঙ্কেতবট, (৪) নন্দবট,

(৫) যাবট [কিশোরীবট], (৬)

অক্ষয় বট, (৭) ভাণ্ডীর বট এবং (৮) অবৈতবট।

ব্ৰজনণ্ডলে গজা - —(১) কৃষ্ণগলা,
(২) শ্ৰামকুণ্ডে পাতাল গলা, (৩)

यानमगन्ना, (8) रखीनातात्रात् चल्का

গঙ্গা, (৫) জাবটে পারল গঙ্গা, (৬)

কুণীতে গোমতী গঙ্গা । ব্র**জরাজপুর—**পোঃ ভেছয়া**সোল**

(বাঁকুড়া), বাঁকুড়া হইতে খাতড়ার মটরে ভেলোসোল, তথা ১ইতে দেড

महरा एकारनाना, क्या १२८७ (५६) मारेन পूर्वितिक खब्बताक भूत । क्रीनान शनाधन - स्मार्थन । क्रीन

শ্রীদাসগদাধর-সেবাশ্রম। **শ্রীদ** গদাধর দাসপ্রভূর পৌত্র মধুরানন্দ গোস্বামি-প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধাশ্রাম-

ত্মশ্বর ও ললিতাজীউ আছেন। শ্রীগদাধর-বংশ আছে। ব্রাত্ত-

দ্বিতীয়ায় উৎসব হয়। [মাকড়কোল গ্রাম' দেখুন]।

361

শকটা গ্রাম—ত্রজে, শকটারোছণের স্থান।
শকরোয়া—ত্রজে, জনাইর আড়াই মাইল পূর্বে, ইন্দ্রম্থান।
শক্তিবি—ত্রজে, অনুকৃট গ্রামের নিকটে ইন্দ্র-নির্মিত কুগু (গোবিন্দ-কুগু)।
শক্তিবান—(একরোয়া) গোবর্জনের

নিকটে অবস্থিত, ত্রজে বৃষ্টিকারী ইন্দ্রের জীতিখান।

শব্ধক্তে - প্রীক্ষেত্রের আকার শব্ধ-সদৃশ বলিয়া ইহাকে 'শব্ধক্ষেত্র' বলে।

শব্ধনার - সপ্তপ্রামের ৭টী গ্রামের মধ্যে ইহাও একটি; মগরার নিকট সরস্বতী নদীর তীরে। প্রীস রঘুনাথ দাসের জ্ঞাতিখুড়া প্রীল কালিদাশের প্রীপাট। অধুনা অরণো পরিণত। ইহার গেবিত বিগ্রহ প্রীরাধাগোবিন্দদেব (জিবেণী) হাঁসপাতালের নিকট মতিলাল চট্টোপাধ্যায়ের বাড়ীতে নীত হন। তৎপরে তিনি বা তাঁহার স্ত্রী ঐ শ্রীবিগ্রহকে জিবেণী ঘাটের পাঙা-ঠাকুরকে দিয়াছেন। শন্ধু আ — গ্রীকেত্রে আঠারনালার। নিমবর্তী নদী। শঙ্গোদ্ধার—বেট-দারকার গ্রীক্ষণমহল

ানারবজা নগা।

শাজান্ধার—বেট-দারকার প্রীকৃষ্ণমহল

হইতে আধ মাইল দূরে এই তীর্থ।

শক্ষাসরোবর ও শক্ষানারায়ণের মন্দির।

কথিত আছে যে এইস্থানে প্রীকৃষ্ণ

শক্ষাস্থরকে বধ করেন। শক্ষা
নারায়ণের মৃতিতে দশাবতার অঙ্কিত

আছেন।

আছেন। শারডাঙ্গা—নবদীপের অন্তর্বর্তী দীমস্ত দীপে অবস্থিত। অত্রত্য শ্রীজগন্নাথ মন্দির দ্রষ্টব্য।

শাকরীখোর—মণুরামগুলে বরসানায় অবন্থিত, ছই পর্বতের মধ্যবর্ত্তী সংকীর্ণ রাস্তা। ভালী গুক্লা ত্রো-দশীতে এখানে 'দ্ধিলুঠনলীলা' এবং 'বুড়ীলীলা' হয়।

भैं। दिनाशा - द्या ।
भैं। दिनाशा - द्या ।
भौं। दिनाशा - द्या निया निया निया ।
भांचि - व्यक्त , मार्शादतत क्षेत्र भारेन ।
केंक्टर्स, मध्य क्ष्म दिन । [वृनी ।

শান্তমুকুণ্ড—মথুরার আড়াই মাইল পন্চিমে। শান্তম্ব রাজার পুত্র-কামনার স্থারাধনার স্থল। কুণ্ডের মধ্যস্থলে স্থামন্দির, তথায় শ্রীবিহারী-জীউ বিরাজমান। ভাদ্রী ষ্ঠাতে ও রবিবারে সপ্তমী তিথিতে এ কুণ্ডে স্থানে ফ্লাধিক্য হয়।

শান্তিনগর—নদীয়া জেলায় শান্তিপুর —শ্রীঅবৈতালয় [চৈ° ম° শেষ ৩া৫৭]।

শান্তিপুর—[অক্ষাংশ ২৩।১৫, দ্রাঘিনাংশ ৮৮।২৯] নদীয়া জেলায়।

E. Ry. Ranaghat Junction
হইতে রেলপথে শান্তিপুর প্রেশন.

সহর—এক ক্রোশ দূরে। শ্রীঅদৈত-প্রাভূ, শ্রীহর্ষ ও গোপালাচার্বের শ্রীপাট।

১। এই বংশের প্রীরাঘবেক্ত প্রভূ শান্তিপুরের বড় বাড়ীর আদি পুরুষ। এই বাড়ীতে প্রীঅহৈত প্রভূর প্রীনৃসিংছ শিলা ও শ্রীমদনগোপাল আছেন। ২। ঘনগ্রাম প্রভূ—মধ্য বাড়ীর

৩। রামেশ্বর প্রভু—ছোট বাড়ীর অদৈত-পৌত্র (বলরামের পুত্র) শ্রীমথুরেশ গোস্বামী শ্রীসীতানাথ-সেবা প্রতিষ্ঠিত করেন। উহাকে 'ছোট গোঁদাইয়ের বা সীতানাথের খাড়ী' বলে। বলরাম মিশ্র প্রভুর অন্তত্য বংশধর প্রীদেবকীনন্দন প্রভু হইতে 'আতাবলিয়া বাড়ী' ও मूकूमानम इट्रेंट 'পाগनावाड़ी' বলিয়া খ্যাত। খ্রীশ্রীঅধ্বৈত প্রভুর সেবিত শ্রীনুসিংহচক্র শিলা এবং গ্রীগ্রীরাধামদনগোপালের আলেখা একখানি ছিলেন। চিত্ৰপটখানি অতীব জীৰ্ণ ও বিসৰ্জনোপযোগী হইলে প্রভুর পুত্র-পৌত্রগণ তৎস্থলে শ্রীশ্রীমদনগোপাল বিগ্রহ শাস্তিপুরে স্থাপন করেন। উহা গ্রীল গ্রীকৃষ্ণ মিশ্রের বংশীয়গণের শ্রীঅদৈত প্রভুর সেবায় আছেন। প্রপিতামহ শ্রীল নরসিংহ মিশ্র ১২৯১ শকে শান্তিপুরে বাস করেন। বহু পূর্বে শান্তিপুরের উত্তর, দক্ষিণ ও পূৰ্বদিকে প্ৰবাহিত গঙ্গাদেবী হইতেন।

>। শান্তিপুরে দর্শনীয়ঃ— জলেশ্বর মহাদেবের মন্দির, ২। শ্রীগ্যামচাঁদ-মন্দির, ৩। পঞ্চরত্ন মন্দির, ৪। গ্রীকালাচাঁদ মন্দির ও । এীগোকুলচাঁদ মন্দির, ইহা নদীয়ার রাজা রামক্বঞ্বের মাতা-কর্ত্তক ১৭৪০ শকে নির্মিত হয়। বহুপূর্বে শান্তিপুর তন্ত্রপ্রধান দেশ ছিল। প্রচণ্ডদেব নামে এক রাজ। ছিলেন। শ্রীঅদৈত প্রভুর হইতে ঐ স্থানে বৈষ্ণব ধর্মের অস্থ্যুদয় হয়। শান্তিপুর বাজার ছাড়াইয়া শ্রীবিজয়ক্ষ গোস্বামির জন্মস্থান। শান্তিপুরের রাস্যাতা (ভাঙ্গা রাস) প্রসিদ্ধ উৎসব। এই স্থানে মহারাজা মণীক্রচন্দ্র নন্দী-কর্তু ক গোড়ীয়-বৈষ্ণব-मिलनी विजावे जादि रहेश हिल। উড়িয়া গোস্বামী-বংশের এখানে বাস আছে। ইঁহারা শ্রীবক্রেশ্বর পণ্ডিতের ধারা-শ্রীগোপালগুরুর वित्नंघ भर्व--ताम, त्नान, तथ, शामा-পূজা, সরস্বতীপূজা এবং শ্রীঅদৈত-

শেষের দিনে শোভাষাত্রা বা ভাঙ্গারাদ দর্শনীয়।
শালিগ্রাম—(নদীয়া জিলায়) বাহিরগাছির নিকট। ধর্মনহের উত্তর-পূর্ব
কোণে প্রীস্র্যনাদ পণ্ডিত, প্রীপৌরীদাস পণ্ডিত ও কংসারি মিশ্র
প্রভৃতির আবির্ভাব-স্থান। প্রীস্থ্যনাদ
পণ্ডিত—ঘোষাল পদবী, বাৎস্য
গোত্র। এই স্থানে কংসারি মিশ্রের
জ্ঞাতিগণ বাস করেন।
শাবলগ্রাম—(?) প্রীনন্দাই পণ্ডিতের

সমধিক আড়ম্বরে উদ্যাপিত হয়।

জন্মোৎসব।

রাস্যাত্রাই কিন্তু

শিকারীপাড়া—(ঢাকা) নবাব-গঞ্জের অন্তর্গত। প্রীশ্রীননীলাল বিগ্রহ। এই প্রীবিগ্রহ কামতাপুরের

বাস |

রাজা নীলাম্বরের সেবিত ছিলেন।
নীলাম্বর মহাপ্রান্থর সমগামারিক এবং
তাঁহার ভক্তঃ দৈকজমে হোদেন
সাহা কর্তৃক তিনি বন্দী হন ও রাজ্য
ধ্বংগ হইয়া যায়। ঐ সময়ে
শ্রীবিগ্রহকে অরণ্যমধ্যে লুকাইয়া রাখা
হইয়াছিল। প্রসিদ্ধ ডাকাত ভবানী
পাঠক অরণ্যমধ্য হইতে উক্ত
বিগ্রহকে উদ্ধার করেন ও সেবা
করিতে থাকেন। ভবানী পাঠক
অস্তিম সময়ে উক্ত বিগ্রহকে শিকারী
পাড়ার ঘোষ বাবুদের হস্তে প্রদান
করিয়া যান। তদবধি শ্রীবিগ্রহ ঐ
স্থানে পেবিত হইতেতেন।

শিশরভূমি—বর্দ্ধনন জেলার শেব-প্রান্তে—বরাকর নদীর তটবর্তী প্রদেশ।
শিশুরকোণ—বর্দ্ধনান জেলায়।

E. Ry বৈচি প্টেশনের ৩৪ ক্রোশ
পূর্ব দিকে। প্রীল অবৈতপরিবার
প্রীমোহনানন্দ আচার্যের প্রীপাট।
ইনি প্রীঅবৈতশিয় প্রীল গ্রামদাস
আচার্যের ব্রাতা ছিলেন। প্রাচীন
শ্রীবিগ্রহ শ্রীশ্রীরাধাবল্লভন্ধীউ। শ্রীমতী

নাই। দোল-পূর্ণিমাতে উৎসব হয়। প্রাচীন কালের একটি তমালবৃক্ষ আছে। ঐ গ্রামে তান্ত্রিকদের তিনটি পঞ্চমুণ্ডি আসন আছে।

শিক্ষারবট—ত্রন্ধে, তিলোয়ারের তুই

মাইল উত্তরে। এম্বানে স্থাগণ
শ্রীকৃষ্ণকে শৃক্ষার করেন এবং শ্রীকৃষ্ণও
বহন্তে শ্রীরাধার বেশ রচনা করেন।
ব্রন্ধের সীমান্ত গ্রাম। ২ শ্রীবৃন্ধারনে
প্রাচীন যমুনার তীরে। এম্বানে
শ্রীনন্দকিশোর গোস্বামি-দেবিত
শ্রীনিত্যানন্দগৌবাক্ষ বিগ্রহ আছেন।

भिथी— छेब्ब विनी छिनन हरेए । एक महिन प्तवर्जी नहीं। तृह म्याजित । निःहतानिए व्यवज्ञानकाल हेहाए । विन्त नह घाउँ । धान-महिन व्याह । धान-महिन व्याह ।

শিমুলিয়া—নবদীপান্তর্গত সীমন্তরীপ (চৈ° ভা° মধ্য ২৩৩০০)। শিয়ারো—ব্রজে, চীরঘাটের নামান্তর।

শিয়ালী—তিদম্বনের নিকট স্থবিখ্যাত
শীমুক্ষম্ মন্দির। তথায় শ্রীভূবরাহ
বিগ্রহ আছেন। তিদম্বন্ম তালুকের
অন্তর্গত দক্ষিণ আর্কট জেলায়
শিয়ালী সন্নিকটে শ্রীভূবরাহদেবই

বিরাজমান।

नगत। माखाक श्रेटि ১৬৪ मारेन मृदत। তাঞ্চোর श्रेटि ८৮ मारेन উত্তর-পূর্বে। শিবমন্দির ও সরোবর আছে। প্রীগৌর-পদাঙ্কপৃত (১৮° ৮° মধ্য ৯।৭৪)। S. Ry. প্রেশন— শিয়ালী।

শিবকাঞ্চী—(কঞ্জিভেরাম্) 'দক্ষিণ

২ শিয়ালী—তাঞ্জোর জিলায় ক্ষুদ্র

কাশী'-নামে খাত। এসানে অসংখা শিবলিঙ্গ আছে। তন্মধাে একাম্বর কৈলাস নাথের মন্দির অতীব প্রাচীন। খ্রীগৌর-নিত্যানক্ষ-পদাঙ্ক-পুড (চৈ° চ° মধা ৯।৬৮, চৈ° ভা° আদি ৯।১১৮)। এস্থানে কামান্দী দেবী আছেন। প্রবাদ একদা পার্বতী দেবী কৌতুকৰণতঃ মহাদেবের চক্ষু আবৃত করিলে বিশ্ববন্ধাণ্ড অন্ধকারাবৃত হয়; তজ্ঞ মহা-দেবের আদেশে দেবী শিব-কাঞ্চীতে মন্দির প্রাঙ্গণে তৎস্থা করিতেছেন। দ্রষ্টব্য-সর্বতীর্থসরোবর, একাম্রেশ্বর, কাসাঞ্চীদেবী. বামন-মন্দির ও

হুব্রহ্মণ্য-মন্দির।

শিবক্ষেত্র—তাঞ্জোরে 'শিবগঙ্গা'সরোবর বা স্থানীয় বৃহৎ 'বৃহদীশ্বশিবমন্দির'। প্রীগোরপদাঙ্কপূত (১চ°
চ° মধ্য ১০০৮)। ২ তাজোর সহরের
নিকটে তিরুভেটরে 'অচলেশ্বর মহাদেবের' মন্দির আছে। S. Ry.
ভাজোর। ও তিনেভেলী নগরের

তাত্রপর্ণী নদীর তীরে 'বংশেশ্বর'
শিবের মন্দির।
শিবায়া – গয়াধামে তীর্থবিশেষ,
শ্রীগোরাঙ্গপদাঙ্কপৃত (চৈ ° ভা ° আদি
১৭।৭৫)।
শিবনিবাস – নদীয়া জেলা। সাধক-

প্রবর জাফর খাঁর সমানি আছে।

ইনি শিবনিবাসে থাকিয়া পুরীর
মন্দিরের অগ্নিকাণ্ড নির্বাপিত করিয়াছিলেন। এই স্থানে রাজা রুষ্ণচন্দ্র
ছুইটি শিবমন্দির ও একটি রামসীভার মন্দির করেন। প্রথম
শিবমন্দিরে ১৬৭৬ শক, দ্বিতীয় শিবমন্দিরে ১৬৮৪ শক এবং রামেশ্বরমন্দিরে ১৬৮২ শক লিখিত আছে।
শিবলোক— কৈলাস (চৈ° ভা°
মধ্য° ২০া২৪৫)।
শিবাখোর — শ্রীরাধাকুণ্ডের পশ্চিমভাগে অবস্থিত। কথিত আছে
শিবাখোরে একটি শুগালীর মৃত্যু

শবদাহস্থান হইয়াছে।
শী—ব্রজে, পরশোর উত্তর দিকে
অবস্থিত গ্রাম (ভক্তি ৫।১১৯১—
১৬)। মথুরা-প্রয়াণে শ্রীকৃষ্ণ গোপীগণের অবস্থাদর্শনে অধীর হইয়া
'শীঘ্র' আসিব এ কথা এগানেই

হইলে স্থান-প্রভাবে শ্রীরাধার স্থীত্ব-

লাভ করে; তদবধি উহা শ্রীকুণ্ডের

আছে।

প্রান।

বারংবার বলিয়াছিলেন।

শীতলগ্রাম — পূর্ব নাম — সিদ্ধলগ্রাম।
বর্দ্ধমান কাটোয়া লাইট রেলে কৈচর
ষ্টেশন হইতে এক নাইল উত্তর-পূর্ব
কোণে। কাটোয়া হইতে ৯ মাইল।
থানা—মঙ্গলকোট।

দাদশগোপাল পর্যায়ের একতম প্রীল ধনপ্রয় পণ্ডিতের শ্রীপাট। ইনি পূर्वणीनाम वक्षमाम हिल्लन। ठर्छ-গ্রামের পাডগ্রামে ১৩০৬ শকে চৈত্রী শুক্রা পঞ্চমীতে ধনঞ্জয় পণ্ডিতের আবির্ভাব। পিতার নাম-শ্রীপতি वटमााशाशः गाठा-कानिमी (पर्वी. পत्नीत नाम-हतिथिया। हिन মহাপ্রভূকে যথাসর্বস্থ দান করিয়া ভাও হাতে লইয়াছিলেন। ইনি বৈষ্ণবধর্মপ্রচারের জন্ম নানাম্বান ভ্রমণ আসিয়া করত উক্ত শীতল-গ্রামে প্রী শীনিতাইগোরাঙ্গ গোপীনাথবিগ্রহ স্থাপন করেন। শীতদগ্রামের সেবায়েতগণ जूनभी मक दिशाहेशा वर्णन-छहाहे শ্রীধনঞ্জর পণ্ডিতের সমাধি।

আবার মেমারি ষ্টেশনের নিকট
সাঁচড়াপাঁচড়া গ্রামে ও জলন্দিগ্রামে
ইনি সেবা প্রতিষ্ঠা করিয়াছিলেন,
এজন্ত ঐ স্থানকেও শ্রীধনঞ্জয় পণ্ডিতের
শ্রীপাট বলে। শীতলগ্রামে প্রতি
বৎসর ১৪ই মাঘ উৎসব হয়।
কাঞ্চকুজ হইতে আগত পঞ্চ গ্রাদ্ধণের
অন্ততম বেদগর্ভের পুত্র বশিষ্ঠ এই
গ্রামখানি আদিশ্রের নিকট হইতে
গ্রাপ্ত হন। এই বংশেই প্রসিদ্ধ
তবদেব ভট্টের জন্ম হয়। ইহার
বংশধরগণ এই স্থানে গোষ্ঠাপতি
চৌধুরী-নামে খ্যাত।

তুবনেশ্বর মন্দিরের শিলালিপিতে।
এই গ্রামের নামাদি লিখিত আছে।
উক্ত চৌধুরী-বংশীয়গণই ধনপ্পর
পণ্ডিতের শ্রীপাটের সেবায়েত।
[শ্রীঅমূলাধন রায়ভট্ট-প্রণীত 'ঘাদশ
গোপাল' গ্রন্থে বিস্তৃত বিবরণ আছে]।
শীভলাকুণ্ড—ব্রজে, বর্গানার অন্তর্গত
গহ্বরবনের নিকটে।
শীলাবতী— মেদিনীপুর জিলায়
প্রবাহিতা নদী, ইহার তীরে 'বগড়া'
ও 'গড়বেতা'-নামে ছইটি শ্রীপাট

শুকতলাউ—(শুকতাল বা শুকর-তল)—হরিদার হইতে প্রায় ৪০

মাইল দক্ষিণপুর্বে, হস্তিনাপুর হইতে

० भारेन উতরে, विख्यानीत हरेए প্রায় ৮।১০ মাইল এবং মঞ্চফর্নগর হইতে ১০ মাইল দুরে গঙ্গাতটে অবস্থিত। এস্থানে শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিৎকে শ্রীমদ ভাগবত করাইয়াছেন। শুক্তলায় এক টিলার উপরে প্রাচীন বটবুক আছে. তাহাকে 'ব্ৰহ্মচারীবট' বলে, ক্থিত আছে যে ঐ বটবুশতলেই অধিবেশন হইরাছিল। এম্বানে প্রীপ্তকদেবের জাষ্ঠী শুক্রা চরণচিহ্ন আছে। দশমীতে ও কাত্তিকী পূর্ণিমায় এম্বানে মেলা বলে। শৃষ্ণবেরপুর - এলাহাবাদ হইতে ১৮ মাইল উত্তর-পশ্চিমে গঙ্গাতীরবন্তী

বর্ত্তমান শ্রীনগর। গুহক চণ্ডালের

শুক্তারবট--- এবুন্দাবনে যমুনাতীরে,

শ্রীকৃষ্ণকর্ত্তক শ্রীরাধার বেশবিকাসের

গ্রামের

উত্তরে

ভা° আদি ১।১২৩]।

তিলোয়ার

শৃকেরিমঠ——মহীশূরের অন্তৰ্গত শিমোগা জিলায় এই মঠ অবস্থিত। তুঙ্গভদ্রা নদীর বামতটে এবং হরিহরপুরের সাত মাইল দক্ষিণে অবস্থিত। প্রকৃত নাম—ঋষ্যশুঙ্গণিরি বা শুঙ্গবের পুরী। এস্থানে দাক্ষিণাত্য-প্রধান শঙ্করাচার্যের এই মঠে 'সরস্বতী.' 'ভারতী' ও 'পুরী'—এই ত্রিবিধ একদণ্ড সন্মাস গ্রহণ করিতে হয়। শ্রীগৌর-পদাঙ্কপৃত স্থান (টৈ° চ° म्या व्याप्त व्याप्त विश्व (M. S. M. Ry ষ্টেশন টারিকিয়ার বা শিমোগা। শেয়াখালা---হগলি জেলায়: গোবিন্দ বস্থ (গন্ধব্বর খাঁ) ও গোপীনাথ বহুর (পুরন্দর খার) নিবাস। ইহারা হোসেন শাহার উচ্চ রাজকর্মচারী ছিলেন। অত্তত উত্তরবাহিনী দেবীর মনিবরটি গোপীনাথ-কর্ত্তক নিৰ্মিত বলিয়া প্রসিদ্ধি আছে। ইহার প্রাচীন নাম —শিবাকেত্র। **्रम्यमाग्री**—बद्यत छेखत शीमाय-স্থান—শ্রীগোরপদান্ধপৃত (১৫° 5° मधा ১৮।७৪)। ञनस्यामाशी শ্রীক্ষকের ক্রীড়াস্থান-প্রামের পূর্বে ক্ষীরসাগর। শোণ---[হাজারিবাগ ও ছোট নাগপুরস্থ পর্বত] মগধ দেশ হইতে হইয়া সহিত নি:স্ত গঙ্গার দানাপুরের অতি নিকটে **মিলিত** নদ। ইহার অভ নাম--'মাগধী'। শ্রীনিত্যানন্দ-পদাঙ্কপৃত (চৈং ভা°

व्यक्ति २।२२१)। এই नम् मठीव

নিত্মদেশ পতিত হয়; দেবী--

नाम ছिन-अद्यादनरी। तमहे भद्य आ

नर्मा ७ टेज्रव—छक्तरमन। ७> পীঠের অন্তর্যা

শোণিতপুর——মধ্য রেইলওয়ে সোহাগপুর ষ্টেসনের পাৰ্খবৰ্তী। শ্রীনুসিংহদেবের অতিপ্রাচীন মন্দির। প্রবাদ-এখানে বাণাস্তরের রাজধানী ছিল। অনিকন্ধ বাণাস্থরের কলা উষাকে বিবাহ করেন। শোকরা বটেশ্বর—(ভক্তি ৫)১২৫)

মধুরামওলের সীমান্ত স্থান। শামকণ্ড---বজে আরিটুগ্রামে

অরিষ্টাস্থর-বধের স্থান এবং অন্তত্ত বছ। ২ রামকেলিতে (ভক্তি 16.8)1

শ্যামচাক-গিরিরাজের তট হইতে এক মাইল পশ্চিমে অবস্থিত মনোরম ৰন। এখানে শ্বামকুগু আছে। **এবলভাচার্যত** যুগলকিশোরের श्रिय यूनन-नीनात श्रान। निकटि 'ছুগক্ষিশিলা' (ভব্তি ৫।৬৫২)।

শামবী---ত্রজে, ছাতাইর চারি মাইল অগ্নিকোণে; যুপেশ্বরী শ্রামলার গৃহ। প্রীরাধার ছর্জয় মান হইলে श्रामानशीद्यम श्रीकृष्ण मारनाभनम করেন।

शामती किसती—बद्ध 'नतीरमती' গ্রাম দেখুন।

भागञ्चनत्रभूत-(यिननीभूत खिनाव, শ্রীরসিকানন্দ প্রভুর দিতীয় পুত্র শ্রীক্লফগতি এখানে বাস করিতেন। ইছার বংশধরগণের বাস।

खबावानि-छीत्करत मानिनी नहीत দৈকভভূমি। কথিত আছে যে নরসিংহদেব খুঃ ত্রয়োদশ শতাকীতে (শুজাুআ) আঠারনালা বাধাইয়াছিলেন। তাঁহার মহিবীর

नमीत এकि धाता छिन-मानिनो। উহা বছদাও ও গুলিচামনিবকে পুথক করিয়াছিল, বর্ত্তমানে লুগু। তজ্জন্ম পূর্বে ৬টি রথ প্রস্তুত হইত এবং উত্তর পার্মে ৩টি ও দক্ষিণ পাৰ্শ্বে ৩টি রথে রথযাত্রা হইত। यानिनी नमीत छेलत সেতু নির্মাণ করত গুণিচামগুপের নিক্টস্থ ভূমিকে রপচালনের উপযোগী कत्रिग्राष्ट्रित्वन वित्रा थे नहीत्र গৈকত 'শ্ৰন্ধাবালি' নামে খ্যাত হয়। শ্রাবন্তী--পূর্বোত্তর রেইলওয়ের (গারথপুর-গোণ্ডা লাইনে বলরামপুর ষ্টেশন হইতে ১২ মাইল পশ্চিমে অরম্বিত। প্রাচীন কোশলদেশের রাজধানী। যুবনাখের পুত্র প্রাবস্ত এই পুরীর নির্মাতা (ভা ৯।৬।২১)। শ্রীরামপুত্র লবও এখানে রাজত্ব করিয়াছেন। জৈন ও বৌদ্ধগণের कीर्थ। 🗐কু ও—ত্রজে, রাধাকুণ্ডের নামান্তর। **এখণ্ড** (বৰ্দ্ধমান)—বৰ্দ্ধমান কাটোয়া রেলের শ্রীখণ্ড ষ্টেশন হইতে শ্রীপাট मारेन। रेरा औद्यीनत्रहति ঠাকুরের প্রীপাট। প্রীনরহরি ঠাকুর, এীমুকুন্দ ঠাকুর, এীরঘুনন্দন, চিরঞ্জীব, ञ्चलाहन. नाट्यान्द কবিরাজ, রামচন্দ্র কবিরাজ, গোবিন্দ কবিরাজ, বলরাম দাস, রতিকাস্ত, রামগোপাল পীতাম্বর দাস, শচীনন্দন,

অগদানন্দ প্রভৃতি শ্রীখণ্ডের প্রাচীন

বৈষ্ণব। শ্রীনরহরি সরকার ঠাকুরের

তত্ৰতা

দিবসত্রয়ব্যাপী

(অগ্রহায়ণী

বডডাঙ্গার

বিরাট

বির**হোৎসবে**

দ্বাদশীতে)

মাঠে

মেলাও লোক-স্মাগ্মাদি হইয়া <u>শ্রীরঘুনন্দন</u> ঠাকরের থাকে। তিরোভাব—শ্রাবণী শুক্লা চতুৰ্থী। ১৫৯৭ শকাবে লিখিত মহামহো-পাধ্যায় ভরত মল্লিকের 'চন্দ্রপ্রভায়' আছে-

শ্রীপত্ত নাম নগরী রাচে বঙ্গেয় বিশ্রুতা ৷ সর্বেবামের বৈজ্ঞানমো-শ্রমো যত্র বিষ্ণতে ॥ যত্র গোষ্ঠীভূতা বৈতা যঃ খণ্ডোহভূদ ভিষক্প্রিয়:। বিশেষতঃ কুলীনানাং সর্বেষামেব 'নরহরিশাখানিণয়ে'---ক্ষিতি নবখণ্ড মধ্যে খণ্ড মহাস্থান। সর্বত্র সৌরভ যার মলয়জ-স্মান॥

मर्ननोयु---(>) मध्युकतिनी. (२) শ্রীনরহরি সরকার ঠাকুরের গৃহ ও আসন; (৩) বড়ডাঙ্গার ভজনম্বলী,

- (৪) ত্রীগোপীনাথ, (৫) ত্রীগোরাঙ্গ,
- (৬) শ্রীবিষ্ণুপ্রিয়া—শ্রীপরঘুনন্দনের পুত্র ঠাকুর কানাই-কর্ত্তক স্থাপিত,
- (৭) খ্রামরার, (৮) মননগোপাল ও
- (৯) ভূতনাথ মহাদেব—-গ্রাম্য-দেবতা ইত্যাদি।

ব্রীজংহ——মেদিনীপুরে (?) জ্রী-রুসিকানন্দ-শিষ্য রামদাস ও তৎপুত্র দীনভামদাসের জন্মস্থান। বি° ম° পশ্চিম ১৪।৭০ ী।

এরসম——(এএরসনাথজী) <u>ত্রিচিনোপল্লী</u> জিলায়-প্রসিদ্ধ তীর্থসান। কুন্তকোণম হইতে ৪।৫ ক্রোশ পশ্চিমে। ভারতে সর্বাপেক্ষা বৃহৎ মন্দির। ইহার সাত প্রাকার।

শ্রীরঙ্গমের সাত্টী প্রাচীন রাস্তার নাম-ধর্মের পথ: রাজমহেক্তের পথ; কুলশেখরের পথ; আলি নাড়নের পথ; তিরুবিক্রমের পথ; মাড়মাড়িগাই সের তিরুবিড়ি গ এবং অড়ই য়াবল ইন্দানের পথ।

শ্রীরামাত্মজের শিঘা—কুরেশ, ইহার পুত্র রামপিল্লাই; তৎপুত্র বাগ বিজয়ভট্ট : ৩ৎপুত্র বেদব্যাসভট্ট (স্থদর্শনাচার্য)। এই স্থদর্শনাচার্যের সময়ে মুসলমানগণ রঙ্গনাথ-মন্দির আক্রমণ করে এবং বার হান্তার ্ শ্রীবৈঞ্চবকে হত্যা করে। ঐ সময়ে **শ্রীরঙ্গ**নাথজী উকে তিকপতিতে স্থানান্তরিত করা হয়। গোপ্রণাচার্য সিংহরক্ষে আনয়ন করেন ও তিন বৎসর এস্থানে শ্রীবিগ্রহ বিরাজ করিয়া ২২৯৩ শকে পুনরায় শীরঙ্গক্ষেত্রে প্রতিষ্ঠিত হইয়াছেন। রঙ্গনাথ-মন্দিরের প্রাচীরের পূর্ব-গাত্রে বেদাস্তদেশিক-রচিত একটি শ্লোক আচে---

আনীয় নীলশৃঙ্গন্ত্যতি-রচিত-জগদঙ্গনাদঞ্জনাদ্রে: শ্রেণ্যামারাধ্য কঞ্চিৎ সময়ম্থ নিহত্যোক্ষম্কাং-স্তল্পান। লন্দী-লাগামুভাভাাং সহ নিজনগরে স্থাপয়ন্ রঙ্গনাপং, িসমার্থাং স্পর্ধাং পুনরকৃত যশো দৰ্পণে। গোপ্পণার্য: ॥ বিশ্বেশং রুপরাজং ব্যভগিরিতটাৎ গোপ্লণঃ त्कोगितरता, नीषा चाः बाखशानीः নিজবল-নিহতোৎসিক্ততোলুম্বদৈয়ঃ। কৃত্বা প্রীরঙ্গভূমিং কৃত্যুগ-সহিতাং তম্ভ লক্ষী-মহীভ্যাং, সংস্থাপ্যান্তাং স্রোজোম্ভব ইব কুরুতে সাধৃচ্যাং সপর্যাম। [অনুভাষা]

শ্রীগৌর-নিত্যানন-পদান্ধিত ভূমি [১৮° ৮° মধ্য ৯।৭৯, ১৮° ভা° আদি ৯।১৩৭]

শেষণ্য্যাশায়ী গ্রামবর্ণ শ্রীনারায়ণই

প্রীরঙ্গনাথ। নিকটে প্রীলক্ষা ও
বিভাষণ; প্রাপ্তদেবীও আছেন।
পৌষা ক্ষা প্রতিপৎ তিথি হইতে
একাদশা পর্যন্ত এক্ষেত্রে মহোৎসব হয়
ইহাকে 'বৈকুণ্ঠ একাদশা' বলে।
ঐদিনে প্রীরঙ্গনাথের বৈকুণ্ঠদার খোলা
হয়। প্রীভগনানের উৎসব-মূর্তি
বৈকুণ্ঠদার দিয়া বাহিরে আসেন।
যাত্রীগণ এই দার দিয়া বাহিরে
আসেন।

কথিত আছে যে শ্রীনারায়ণ ব্ৰহ্মাকে দিয়াছিলেন: বৈবস্বত মহুর পুত্র ইক্ষাকু কঠোর তপস্থার ব্রহ্মাকে প্রসন্ন করত মন্দির-সহিত প্রীরক্ষজির মৃত্তি প্রাপ্ত হন। তদৰ্ধি <u>শ্রীবঙ্গ</u>নাথ অযোগায় হইয়া ইক াকবংগ্ৰ বিরাজমান নরপতিগণ-কর্ত্তক সেৰিত হইতে-ছিলেন। ত্ৰেত|ষুগে চোলরাজ মহারাজ দশরথ-কর্ত্তক নিমন্ত্ৰিত হইয়া অখনেধ যজ্ঞে সমবেত হন—তখন তিনি ঐ শ্রীরঙ্গনাথের মৃতি দর্শন করত এতই আরুষ্ট হন যে তিনি পরে স্বস্থানে প্রত্যাবৃত্ত হইয়া শীরঙ্গজিকে প্রাপ্ত হইবার জন্ম কঠোর তপস্তা করেন, কিন্তু ঋষিগণ বলিলেন ঐস্থানে যে শ্রীরঙ্গনাথ স্বয়ংই আসিবেন: এই কথায় ধর্মবর্মা তপস্থায় নিবত হন। এদিকে আবার লঙ্কা-বিজয়ের পরে প্রীরামচন্দ্র রাজ্যাভিষেকের কালে স্থাীবাদি ভক্ষগণকে স্বাভীষ্ট বর দান করিতে বিভীষণ শ্রীরঙ্গনাথকে থাকিলে প্রার্থনা করিলে শ্রীরানচন্দ্র তাঁহাকে বিভীষণ লঙ্কায় দিয়াছিলেন। লইয়া সেই বিগ্রহের স্থাপন করিতে ইচ্ছা করত যাত্রা কারলেন বটে, কিন্তু কাবেরী ছাপে চল্তপুষ্ণরিণীর তটে সেই মন্দির ও প্রীরঙ্গনাথকে স্থাপন করত নিতাকর্মে প্রবন্ত रहेलन। प्रवर्गात हेम्हा श्रीमृष्टि ঐস্থানে বিশ্বস্তর হইলেন এবং বিভীষণকে বলিলেন—'পুরাকালে ধর্মবর্মা কঠোর তপস্থা করিতে থাকিলে ঝবিগণ তাঁহাকে আখাস দিয়া বলিয়াছিলেন যে রঙ্গনাথ এইস্থানে বিজয় করিবেন। অতএব আমি তাঁহাদের বাকারকার্থ এস্থানেই থাকিব, তুমি এস্থানেই আসিয়া আমার দর্শন পাইবে।' বিভীষণ প্রতাহ দর্শনে আসিতেন, একবার তিনি দর্শনোৎকণ্ঠায় স্বেগে রথ চালাইলে এক ব্রাহ্মণ র্থের ধার্কায় পঞ্জ প্রাপ্ত হন, তাহাতে ভত্রত্য ব্রাহ্মণগণ অমর বিভীষণকে মারিতে না পারিয়া ভুগর্ভে বন্দী করিয়া রাখেন। শ্রীনারন-মুখে এগংবাদ পাইয়া সেই স্থানে আসিয়া বিভীষণের অপরাধ মাগিয়া নিজেই দণ্ড ভোগ করিতে প্রস্তুত হইলে ব্রাহ্মণগণ বিভীষণকে ছাডিয়া দিলেন —তদবধি বিভীষণও অলক্ষারূপে শ্রীরঙ্গজির দর্শনে আগিতে থাকেন। **এরামপুর**—(মুশিদাবাদ জেলায়·) ডাক ভগীরথপুর। এই স্থানে ৪৫ বৎসর পূর্বে গ্রীপাট গোয়াসের প্রীল বলরাম কবিরাজের শ্রীবিগ্রাহ রক্ষিত হইয়াছে। গোয়াদের দেবমন্দির ध्वःम इरेशा जन्नल পतिপूर्व। ত্রীবিগ্রহ—ত্রীত্রীগোকুলচন্দ্র শ্রীমতী, শালগ্রাম শিলা ও গিরিধারী। ২-হগলী জেলায়। গ্রীমনহাপ্রত্ন

র্'জ

শ্বেত-নামক

ত্রেতায়গে

সন্ন্যাশের পরে পুরী-যাত্রায় বৈছ্যবাটী
নিমাইতীর্থের ঘাট হইতে প্রাচীন
শ্রীকানাইলাল বিগ্রহের মন্দিরে
শ্রীকানাইলাল বিগ্রহ, শ্রীজগন্নাথ ও
শ্রীনিতাইগোর আছেন।

শ্রীবন—শ্রীযমুনার পূর্বতীরস্থিত বিশ্ববন। শ্রীলক্ষীর তপস্থাস্থান ও শ্রীগোরপদান্ত-পুত ভূমি (১৮° ৮° মধ্য ১৮।৬৭)।

শ্রীবৈকুণ্ঠ—আলোয়ার তিরুনগরী
হইতে চারি মাইল উত্তরে এবং
তিনেভেলী হইতে যোল মাইল
দক্ষিণ-পূর্বে ভামপর্নী নদীর বাম
তটে অবস্থিত নগর। শিল্প-নৈপুণ্যযুক্ত মন্দিরে শ্রীবিফুবিগ্রহ বিগ্রমান।
S. Ry রাঞ্চ লাইনে তিনেভেলিতিরুবন্দর; ষ্টেসন—শ্রীবৈকুণ্ঠম্।
শ্রীবৈল—(প্রীপর্বত, Parwattam)
Sriparvata was the name of
the Nallamalur range,

মলিকার্জ্ন শিবের মন্দির, একারপ্তা দেবী বিরাজমানা। কৃষ্ণানদীর দক্ষিণতটে কর্ণুল রাজ্যের দক্ষিণ-পশ্চিম প্রান্তে ধরণীকোট হইতে ১০২ মাইল পশ্চিম-দক্ষিণ-কোণে এবং কর্ণুল হইতে ৮২ মাইল পূর্ব-দক্ষিণ কোণে অবস্থিত।

সাউদার্গ রেইলওয়ে ক্বফা-ট্রেশন

হইতে ৫০ মাইল। ২ মলয়

পর্বতের উত্তর অংশ বা শৃঙ্গবিশেষ।

শ্রীগৌরনিত্যানন্দ-পদাঙ্কপৃত (চৈ°চ°

মধ্য ৯০০৫, চৈ° ভা° আদি

১০০০)।

M. S. M. Ry বেজোয়াডা—
ভণ্টাকাল লাইন, ষ্টেশন—মারকাপুর
রোড। ষ্টেশন হইতে শ্রীশৈল ২৫
ক্রোশ।

শ্রীহট — আসামের নিক্টবর্তী জিলা, বহু বহু বৈঞ্চবের শ্রীপাটের জন্ম প্রসিদ্ধ । দিব্যসিংহ-নামক ব্রাহ্মণ রাজা লাউড়ে রাজত্ব করিতেছিলেন (চতুর্দশ শকশতান্দীর শেষভাগে)। ইহার মন্ত্রী কুবের পশুত 'দত্তক-চন্দ্রিকা' গ্রন্থপ্রপেতা। দিব্যসিংহ উত্তরকালে অহৈতপ্রভুর নিক্ট দীক্ষিত হইয়া কৃষ্ণদাস'-নাম গ্রহণে 'বিষ্ণুভক্তিরভাবনীর' প্রারে অন্ধ্রাদ করেন।

শেতগঙ্গা—পুরীর শ্রীমন্দিরের
সন্নিকটে দক্ষিণ দিকে অবস্থিত কুণ্ড।
চারিদিকে মর্মর-প্রস্তারে সিঁড়িগুলি
বাধান। উহার দক্ষিণেই গঙ্গামাতামঠ'। উৎকলখণ্ডে বর্ণনা আছে যে

শ্রীজগন্নাথের পর্মভক্ত ছিলেন, তিনি ইন্দ্ৰত্নাম-প্ৰবৃত্তিত প্ৰণালীতে প্ৰত্যহ ভোগবাগের ব্যবস্থা করিতেন। একদিন প্রাতঃকালে শ্রীজগরাপের সন্মুখে দেবপ্রদত্ত সহস্র সহস্র ভোগ-রাশি দেখিয়া চিন্তা করিলেন যে দিব্য উপহারদারা দেবগণ আরাধনা করেন, সামাভা মন্ত্যলোক কি প্রকারে তাঁহাকে সম্ভষ্ট করিবে ! তথ্ন তিনি দারদেশে অবস্থান করত আবার প্রত্যক্ষ করিলেন যে শ্রীলক্ষী-দেবী সেই রাজপ্রদত্ত ভোগ পরিবেষণ করিতেছেন এবং শ্ৰীজগন্নাথ সপরিকর তাহা তৃপ্তিসহকারে ভোজন দেখিয়া করিতেছেন। বাপার রাজা কৃতকৃতার্থ হইলেন। ব**হুকাল** তিনি থাকিয়া একদা আদেশ পাইলেন যে শ্রীজগরাথ অক্ষরবট ও সাগরের মধ্যবর্তী মুক্তিক্ষেত্রে আদি অবতার মৎশুদেবের সন্মুখে 'খেত-মাধ্ব' নামে বিখ্যাত হইবেন। নামানুসারে এই শ্বেতমাধবের

A 77

ষষ্ঠী ঘরা (ষঠিকরা)—শ্রীবৃন্দাবন হইতে দক্ষিণ দিকে অবস্থিত। যমলার্জুন-ভঞ্জনের পর শ্রীব্রজরাজ মহাবন ত্যাণ করিয়া এস্থানে কয়েক

বৎসর বসতি করিয়াছিলেন। গ্রামের পূর্বদিকে 'গরুড়গোবিন্দ'। গরুড়-রূপী শ্রীদামের পৃষ্ঠে নারায়ণরূপী শ্রীকৃষ্ণ অবস্থান করেন (ভক্তি ৫।৪৪৪)

সংযমন তীর্থ—মপুরায় यমুনাতীরবন্তী ঘাট। নামান্তর—স্বামীঘাট.
বস্থদেবঘাট। কারাগার হইতে
মৃক্তিলাভ করিয়া বস্থদেব এখানে

দীর্ঘিকার নাম হয়—'শ্বেতগঙ্গা'।

(देड° ड° खामि (: 59)।

শ্বেতদ্বীপ-শ্রীবৃন্দাবনের নামাস্তর

শান করিয়াছিলেন।

সকরোলী— শ্রীবৃন্দাবনের উত্তরে ভাত্তীরবনের পার্থবর্তী, যমুনাভীরবর্তী গো-সকলনস্থান (ভক্তি ধাঃ৮০৮)। সধীক্ষলী (স্থীপুরা)—ত্রকে, মানস-গঙ্গার উত্তরে, শ্রীচন্দ্রাবলীর স্থান।

গঙ্গার উত্তরে, গ্রীচন্দ্রাবলীর স্থান।
সক্ষর্মণ কুণ্ড—ত্রজে বহুলাবনে, ২
গোবর্দ্ধনের প্রান্থবর্তী। পরাসদি
গ্রামের নৈশ্বতিকোণে।

সক্ষেত—ত্রজে, বরসানার উত্তরে অবস্থিত স্থান। সংকতবিহারীজির মন্দির আছে। শ্রীগোরের উপবেশনস্থান ও শ্রীগোপাল ভট্টের ভজ্জনস্থান। সক্ষমকুণ্ড—ত্রজে,খদিরবনের নিকটে। সক্ষমঘাট—শ্রীরাধাগ্রামকুণ্ডের সন্ধিস্থাল অবস্থিত। জল-মধ্যে উভন্নকুণ্ডে যাতারাতের জন্ত সিঁড়িগুলির মধ্যে সঙ্কীর্ণ স্থাড়ক আছে। তত্রত্যে প্রাচীন ত্যালবৃক্টি 'অগস্থ্য ধ্বি' বলিয়া স্থানীয় প্রবাদ।

সট্টীকর (উস ১৯) বস্তীবরা দ্রষ্টব্য।
সভ্যভামাপুর—ভ্বনেশ্বের তিন
মাইল পশ্চিমে ভার্গবী নদীর-তীরে,
উড়িব্যা ট্রাঙ্করোড বা জগরাপ
রোডের পার্শ্বেপ্রী জেলার অন্তর্গত
বালিআতা থানার অবস্থিত।
এখানে শ্রীসভ্যভামাদেবীর প্রস্তরমন্ত্রী
মতি বিরাজ্যানা।

এই গ্রামেই শ্রীরপ্রেগাস্বামী সত্যভামা দেবীর স্বপ্নাদেশ প্রাপ্ত হয়েন (১৮° ৮° অস্তা ১৪০)!

২ কটক জেলায় জানকাদেইপুরের নিকটবন্তী গ্রাম।

সভ্যবাদী—শাক্ষীগোপাল দ্রপ্টব্য।
সনেরা—ত্রজে, বজেরার ছই মাইল
পূর্বে; চম্পকলতার জন্মস্থান। এম্বানে

শ্রীরাধা মহাদেওকে স্বর্ণহার পরাইয়া-ভিলেন।

ত্রী ত্রীগোড়ীয়-বৈষ্ণব-অভিধান (৪)

সনোরথ—শ্রীবৃদ্ধাবনের অতি নিকটে সৌভরি মৃনির ওপস্থাস্থান (ভক্তি ধা২০০০)।

সন্তনকুণ্ড — —ব্রন্ডে, কাম্যবনে অবস্থিত।

সপোলী—(মধুরার) অঘাত্মর-বধের স্থান 'অঘবন'।

সপ্তশ্ববিখাট—নবদীপের অন্তর্গত
মধ্যদীপের নিকটে।

সপ্তক্ষেত্র—কুফক্ষেত্র, হরিহরক্ষেত্র (সোনপুর), প্রভাসক্ষেত্র, রেণ্কাক্ষেত্র, (উন্তরপ্রদেশ), ভৃত্তক্ষেত্র (ভক্ষ্ণ), পুরুষোন্তম (পুরী) এবং শৃকরক্ষেত্র (সোরো)।

সপ্তর্গন্ধা——ভাগীরখী, বৃদ্ধগন্ধা, কালিন্দী, সরস্বতী, কাবেরী, নর্মদা ও বেণী।

